# নব জ্ঞান-ভারতী

শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায়

জেনারেল প্রিণ্টার্স য়্যাণ্ড পাব্লিশার্স প্রাইভেট লিমিটেড
১১৯, ধর্মতলা স্ট্রীট : কলিকাতা-১৩

প্র কা শ ক : শ্রীসুরেশচন্দ্র দাস, এম-এ
জেনারেল প্রিণ্টার্স য়্যাণ্ড পাব্লিশার্স প্রাইভেট
লিমিটেড্‌—১১৯, ধর্মতলা স্ট্রীট, কলিকাতা

কুড়ি টাকা
জানুয়ারী ১৯৫৮

জেনারেল প্রিণ্টার্স য়্যাণ্ড পাব্লিশার্স প্রাইভেট
লিমিটেডের মুদ্রণ-বিভাগে [অবিনাশ প্রেস—১১৯, ধর্মতলা
স্ট্রীট, কলিকাতা] শ্রীসুরেশচন্দ্র দাস, এম-এ কর্তৃক মুদ্রিত

# নিবেদন

প্রায় বিশ বৎসর পূর্বে 'জ্ঞান-ভারতী'র জন্য ভৌগোলিক অভিধান সংগ্রহ করিয়াছিলাম। দুর্ভাগ্যবশত 'জ্ঞান-ভারতী'র সাধারণ অংশের মুদ্রণকার্য সমাপ্ত হয় নাই এবং ভৌগোলিক অংশের জন্য যে বিশেষ খণ্ড প্রকাশনের ইচ্ছা ছিল, তাহা অপূর্ণ থাকিয়া যায়।

বৎসর কয়েক পূর্বে জেনারেল প্রিণ্টার্স য়্যাণ্ড পাব্লিশার্স প্রাইভেট লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর কলিকাতার সান্ধ্য দৈনিক 'দি ফ্রি-ল্যান্স'-এর সম্পাদক শ্রীসুরেশচন্দ্র দাস মহাশয় স্বতপ্রবৃত্ত হইয়া আমার সঙ্গে ন্যাশনাল লাইব্রেরীতে পরিচিত হন এবং 'জ্ঞান-ভারতী' প্রকাশনের জন্য ঔৎসুক্য প্রকাশ করেন। তাঁহার সহিত পরিচিত হইবার পর আমি দেখিলাম তিনি সুশিক্ষিত লোক; কেবলমাত্র ব্যবসায়ী নহেন। শ্রীযুক্ত দাস মহাশয়ের গৃহে তাঁহার গ্রন্থ-বিলাস দেখিয়া বুঝিলাম যে তিনি কেন 'জ্ঞান-ভারতী' মুদ্রণে কৃতসংকল্প হইয়াছেন। তাঁহারই একান্ত ইচ্ছায় এই কার্যে পুনর্প্রবৃত্ত হইলাম। কিন্তু পুরাতন ফাইল নামাইয়া দেখি দুনিয়ার অনেক বদল হইয়া গিয়াছে। প্রাক্‌ যুদ্ধপর্বের দুনিয়া ও আজকের দুনিয়ার ভেদ বিশ বৎসর কালের ব্যবধান হইতে অনেক বেশি। এই কয় বৎসরের মধ্যে পৃথিবীর মানচিত্রের বর্ণবিন্যাসে যুগান্তর হইয়া গিয়াছে; মানচিত্রের সুপরিচিত লাল, সবুজ, হরিদ্রা, বেগুনী রঙের রাজ্য সাম্রাজ্যের অনেক রদবদল হইয়া গিয়াছে। বুঝিলাম সেই বহুসহস্র চিরকুট ( কার্ডস্লিপ্‌ ) কোনো কাজে লাগিবে না। তখন নামসূচী দেখিয়া পুনরায় গ্রন্থ আরম্ভ করিলাম।

একথা বলা নিষ্প্রয়োজন যে একা-হাতে এরূপ ধরনের কার্য গ্রহণ করা দুঃসাহসিকতা; দুঃসাহসিকতার স্তুতি-নিন্দা দুইই সমভাবে আমার একারই প্রাপ্য। এই শ্রেণীর গ্রন্থের একান্ত অভাব অনুভব করিয়াই এই সংকলন কার্যে প্রবৃত্ত হইয়াছিলাম। সৌভাগ্যক্রমে বিশ্বভারতীর প্রাক্তন ছাত্র শ্রীপৃথ্বীন্দ্রনাথ চক্রবর্তী, এম. এ.-কে ছয় মাসের জন্য এই কার্যে সহায়তা করিবার জন্য পাওয়ায় আমার শ্রমের কিঞ্চিৎ লাঘব হয়। সুরেশবাবু আমার এই সহায়কের ব্যয় নির্বাহ করেন; এছাড়া কতকগুলি গ্রন্থও তিনি ক্রয় করিয়া দেন—সে গ্রন্থগুলি না পাইলে বহু তথ্য অসম্পূর্ণ থাকিয়া যাইত।

এই গ্রন্থমধ্যে পৃথিবীর বিশিষ্ট দেশ, নদী, হ্রদ, পর্বত, নগর, ঐতিহাসিক স্থান সন্নিবেশিত হইয়াছে; যে সব নাম ইতিহাস পড়িতে পড়িতে পাওয়া যায় অথচ নূতন নূতন রাজনৈতিক বিপ্লবের কারণে সেইসব নামের বদল হইয়া গিয়াছে, তাহাদের আর আধুনিক মানচিত্রে খুঁজিয়া পাওয়া যায় না; এই শ্রেণীর কতকগুলি নাম দিবার চেষ্টা করিয়াছি। প্রাচীন জগতের দেশ ও নগরাদি সনাক্ত করা কঠিন; সেজন্য বাছিয়া বাছিয়া বিশিষ্ট স্থানগুলির নাম দিয়াছি। বিশেষভাবে ভারতের যে ছয় শতাধিক দেশীয় রাজ্যের পৃথক অস্তিত্ব ও ইতিহাস ছিল, তাহারা এখন লুপ্ত; কিন্তু তাহারা কোন রাজ্যে কিভাবে আছে তাহা বিবৃত হইয়াছে।

এই গ্রন্থ সম্পাদন কালে একটি বিষয়ের প্রতি আমি বিশেষ দৃষ্টি রাখিয়াছি; বঙ্গদেশ—কি পশ্চিমবঙ্গ কি পূর্ববঙ্গ বা পূর্বপাকিস্তান—বিস্তারিতভাবেই দিয়াছি। পূর্ববঙ্গ ক্রমেই আমাদের নিকট অপরিচিত হইয়া আসিতেছে; রাজনৈতিক দিক হইতে ইহারা দুইটি পৃথক স্টেট্ নিশ্চয়ই, কিন্তু সংস্কৃতির দিক হইতে ইহাদের যে একসত্তা তাহা অবিসম্বাদী সত্য। কিন্তু একথা ভুলিলে চলিবে না যে, পৃথিবীর মধ্যে বাংলাদেশই একমাত্র দেশ, যেখানে হিন্দু-মুসলমান এযাবৎকাল একই ভাষা ও একই লিপি ব্যবহার করিয়া আসিতেছে। ভারতের সর্বত্র মুসলমানদের সহিত স্থানীয় হিন্দুদের বিরোধের

একটি কারণ আরবী বা তথাকথিত উর্দু লিপি লইয়া। বাংলাদেশে সে সমস্যার উদ্‌ভব হয় নাই এবং পূর্বপাকিস্তানে উর্দুকে রাষ্ট্রভাষা করিতে গিয়া সরকারকে কী বাধার সম্মুখীন হইতে হইয়াছিল, তাহা ইতিহাসের ঘটনা হইয়া রহিয়াছে। সেই জন্য পূর্ববঙ্গ সম্বন্ধে এমন সকল তথ্য দিয়াছি, যাহা বাঙালীর সাংস্কৃতিক জীবনের অঙ্গ, যে সম্বন্ধে জ্ঞান জাতীয়জীবনে অপরিহার্য। একথা বলাই বাহুল্য যে, এই গ্রন্থমধ্যে সকল তথ্য সন্নিবেশ করা সম্ভব নহে। তবে বঙ্গদেশের জেলা, মহকুমা, থানা, শহর, নদী, তীর্থস্থান, শিল্পস্থান, ঐতিহাসিক স্থান প্রভৃতি যথাসাধ্য দিবার চেষ্টা করিয়াছি। বহু অনুসন্ধানেও পূর্বপাকিস্তানের তথ্য কিছুই পাই নাই; সেজন্য তথাকার তথ্য সম্বন্ধে পূর্বেকার সেন্সাস ও গেজেটিয়ারের উপর নির্ভর করিতে হইয়াছে।

বাংলার বাহিরের স্থানগুলির বানান বা উচ্চারণ সম্বন্ধে সমস্যা বড়ই জটিল। হিন্দী ভাষাভাষী স্থানের হিন্দী বানান অবশ্যগ্রাহ্য; কিন্তু হিন্দীতে বাংলাদেশের স্থানের যে বানান প্রদত্ত হইয়াছে, তাহা গ্রহণ করা অসম্ভব। কোনো বাঙালী 'বর্দবান' লিখিবে না বা বলিবে না। শিয়ালদহকে সিয়ালদহ করিলেও বাঙালী আপত্তি করিবে। অ-হিন্দী স্থানের নাম লিখনপদ্ধতি সরকারী-হিন্দী রেলওয়ে টাইম টেবিলে বা সারণীতে অনুসৃত হইয়াছে, তাহাকে গ্রহণ করা ছাড়া উপায় নাই। কিন্তু সেই বানানকে চরম বলিয়া স্বীকার করিবার কোনো যুক্তিসংগত কারণ খুঁজিয়া পাইলাম না; কারণ নানাস্থানের হিন্দী-ভাষীদের নিজস্ব রীতি অনুসারে বানান সৃষ্ট হইয়াছে। ফলে তাহাদের মধ্যেও বানানের সমতা দেখা যায় না। আশা করি অচিরেই ভারতের বিভিন্ন স্থানের নামমালার সুনির্দিষ্ট বানান স্থিরীকৃত হইবে।

আমি এই গ্রন্থমধ্যে যে রীতি অনুসরণের চেষ্টা করিয়াছি তাহা এইরূপ। স্থানীয় লোকে তাহাদের মুদ্রিত গ্রন্থাদিতে স্থানসমূহের যে বানান সাধারণত লিখিয়া থাকেন, তাহাকে আদর্শ করিয়াছি; সেইজন্য ইংরেজি 'এলাহাবাদ' স্থলে গ্রন্থমধ্যে 'ইলাহাবাদ' লেখা হইয়াছে। হিন্দীতে 'পীলীভীত' লেখা হয় ইংরেজি বানানের অনুকরণ করিতে গেলে হইত 'পিল্‌ভিত'; ইংরেজি হইতে অনুলিপি করিতে গিয়া সেইরূপ বহু দুর্ঘটনা ঘটিয়াছে। তবে হিন্দীতে 'অ' 'ব' প্রভৃতির উচ্চারণ বাংলা হইতে পৃথক। সেসব ক্ষেত্রে নিরুপায় হইয়া বাংলা পদ্ধতি অনুসরণ করিয়াছি। ইংরেজি ও বিদেশী নাম ইংরেজি ধরনের রাখা হইয়াছে; তবে অ-ইংরেজি নামের দেশীয় উচ্চারণ ও নাম দিবার চেষ্টা করিয়াছি, কিন্তু সর্বত্র সমতা রক্ষা করিয়া চলিতে পারি নাই।

এই গ্রন্থ প্রণয়নে বহু গ্রন্থের প্রয়োজন হইয়াছে; তাহার অনেকগুলি বিশ্বভারতী গ্রন্থাগার হইতে ও অবশিষ্ট আমার ব্যক্তিগত গ্রন্থ-সংগ্রহ হইতে পাইয়াছি। এছাড়া USIS হইতে তিনখানি মূল্যবান গ্রন্থ উপহার পাওয়ায় আমার সবিশেষ উপকার হইয়াছে; এই গ্রন্থগুলি হইতেছে Webster-এর Geographical Dictionary, Information Please (1956) এবং Lincoln Library of Information (1956).

ওয়েবস্টারের ভৌগোলিক কোষের ভূমিকা পাঠ করিয়া দেখি যে, মেরিয়াম কোম্পানীর বহু বিশিষ্ট ও বিদ্বান কর্মচারী মিলিতভাবে এই কার্য করিয়াছেন; তাঁহাদের নাম ও পরিচয় প্রদত্ত হইয়াছে। ইহা অপেক্ষাও বিরাট কোষ হইতেছে লিপিনকটের ভূগোল-অভিধান। ভারতের এত তথ্য ইহাতে প্রদত্ত হইয়াছে যে দেখিয়া বিস্মিত হইতে হয়। পুস্তকব্যবসায়ীরা কিভাবে অর্থব্যয় করিয়া পণ্ডিতদের যৌথ সহায়তায় বিপুল গ্রন্থ প্রণয়ন করেন, গ্রন্থ দুইটি তাহারই দৃষ্টান্ত।

যাহা হউক, এই গ্রন্থ প্রণয়নে যাহাদের নিকট হইতে সহায়তা পাইয়াছি তাঁহাদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হইতেছেন শ্রীঅশোক মিত্র। ইনি বাংলাদেশের সেন্সাস বা আদমসুমারী গ্রন্থ সম্পাদনে যে পাণ্ডিত্য ও কৃতিত্ব দেখাইয়াছেন তাহা অতীব প্রশংসনীয়। তাঁহার সুপারিশে সরকারী সেন্সাস অপিস হইতে বঙ্গদেশের Handbookগুলি পাইয়াছিলাম। সেগুলি দীর্ঘকাল রাখিয়া তথ্যাদি সংগ্রহ করিয়া লই। রেলওয়ে বিভাগের শ্রীঅমিয়কুমার বসু মহাশয় ভারতের যাবতীয় রেলওয়ে টাইম টেব্‌ল পাঠাইয়া আমাকে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। আগ্রার শ্রীপ্রভাতকুমার

চট্টোপাধ্যায় মহাশয় হিন্দীতে নিখিল ভারতীয় রেলওয়ে সারণী দুই খণ্ড পাঠাইয়া আমার বিশেষ উপকার করিয়াছিলেন ; এই গ্রন্থের অস্তিত্ব আমার অজ্ঞাত ছিল। আমার ভ্রাতুষ্পুত্র শ্রীমোহনকুমার মুখোপাধ্যায় ( রাজস্থানের আই. এ. এস. ) রাজস্থানের সেন্সাস খণ্ডগুলি ও রাজস্থানের বিরাট মানচিত্র পাঠাইয়া দেন। বোম্বাই-এর আমাদের পুরাতন ছাত্র শ্রীইন্দুভূষণ পালিত বোম্বাই-এর সেন্সাস খণ্ডগুলি আমাকে উপহার পাঠান। আমার পুত্রেরা বেঙ্গল ও ইনডিয়ার সেন্সাস, 'আমার দেশ' প্রভৃতি গ্রন্থ দিয়া এই কার্যে সহযোগিতা করিয়াছেন। ন্যাশনাল লাইব্রেরীর চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় মহাশয় দেশীয় রাজাদের তালিকা সরকারী রিপোর্ট হইতে টাইপ করাইয়া পাঠাইয়া দেন। তজ্জন্য আমি ন্যাশনাল লাইব্রেরীর নিকট কৃতজ্ঞ। আর একজন ব্যক্তির নাম বিশেষভাবে উল্লেখযোগ্য ; তিনি নীরব কর্মী বিনয় দত্ত ; 'দি ফ্রী-ল্যান্স' অপিসে তাঁহার সঙ্গে পরিচয়। তিনি নানাভাবে সাহায্য করিয়া আমাকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন।

এই শ্রেণীর গ্রন্থ একাকী করিতে গেলে ভুল-ত্রুটি অনিবার্য ; সেগুলি সহৃদয় পাঠকগণ আমাকে জানাইলে সুখী হইব ; এবং যদি কখনো জীবিতকালে দ্বিতীয় সংস্করণ করিবার সুযোগ ও সৌভাগ্য মেলে, তবে তাঁহাদের সহযোগিতা কৃতজ্ঞচিত্তে স্মরণ ও স্বীকার করিব।

কয়েকটি স্থানের নাম অনবধানতা বশত বাদ পড়িয়া গিয়াছে ; কয়েকটি নূতন দেশের নূতন নাম হইয়াছে। ১৯৫৬ সালের নবেম্বর হইতে ভারতে রাজ্য পুনর্গঠিত হওয়ায় কয়েকটি রাজ্যের সীমানার অনেক রদবদল হইয়া যায়। গ্রন্থের প্রায় অর্ধেক মুদ্রিত হইবার পর এই পুনর্গঠন ঘোষিত হয় ; সেইজন্য প্রথমদিকে বোম্বাই, সৌরাষ্ট্র, মধ্য প্রদেশ, মধ্য ভারত, বিন্ধ্যপ্রদেশ, অন্ধ্র, মদ্রাজ প্রভৃতি রাজ্যের জেলা প্রভৃতির অবস্থান পূর্বের ন্যায়ই আছে ; শেষার্ধে পরিবর্তনগুলি যথাযথ ভাবে লিপিবদ্ধ হইয়াছে।

ভুবননগর
বোলপুর
৭ই আগস্ট
১৯৫৭

প্রভাতকুমার মুখোপাধ্যায়

# প্রকাশকের নিবেদন

বাংলা দেশে তথা ভারতবর্ষে শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায় মহাশয়ের নাম সুপরিচিত। একখানি প্রামাণিক রবীন্দ্র-জীবনী রচনা করিয়া তিনি দেশবাসীর কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। বিশ্বভারতীর প্রাক্তন গ্রন্থাগারিক জ্ঞান-ভারতীর এই একনিষ্ঠ সাধক বৃদ্ধ বয়সেও নিষ্ঠাবান ছাত্রের ন্যায় অধ্যয়নেই অধিক সময় অতিবাহিত করেন।

'নব জ্ঞান-ভারতী' প্রভাতকুমারের পরিণত বয়সের পূর্ণ অভিজ্ঞতা ও পাণ্ডিত্যের পরিচয় বহন করিতেছে। বাংলা ভাষায় এইরূপ পুস্তক এই প্রথম রচিত ও প্রকাশিত হইল। আশা করি, সহৃদয় পাঠক-বর্গ ইহার যথাযোগ্য সমাদর প্রদর্শন করিয়া আমাদের প্রচেষ্টা সাফল্যমণ্ডিত করিবেন। বর্তমানে মুদ্রণব্যয়, কাগজের মূল্য এবং বাঁধাইবার খরচ অত্যধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও আমরা এই বিরাট গ্রন্থের মূল্য যথাসম্ভব কম রাখিতে প্রয়াস পাইয়াছি।

আমাদের মুদ্রণ বিভাগ অন্যান্য কাজে জড়িত থাকায় এই গ্রন্থের ১ হইতে ৭৭ ফর্মা পর্যন্ত কলিকাতার অন্যতম প্রসিদ্ধ মুদ্রণালয়, ৭৬, বহুবাজার স্ট্রীটের 'সাধনা প্রেস প্রাইভেট লিমিটেড্' কর্তৃক মুদ্রিত হইয়াছে। সাধনা প্রেসের সুনিপুণ কর্মিগণের ও সুযোগ্য-পরিচালক শ্রীযুক্ত দেবদাস নাথ, এম-এ, এল-এল-বি মহাশয়ের এবং আমার পরম স্নেহভাজন শ্রীযুক্ত অখিলচন্দ্র ভৌমিকের অক্লান্ত সহযোগিতায় এই বিরাট গ্রন্থ এত অল্প সময়ে মুদ্রণ সম্ভব হইয়াছে। ইঁহাদিগকে আমার আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। যাঁহার অদম্য উৎসাহ ও অকুণ্ঠ সহযোগিতা আমাকে প্রকাশন ব্যবসায়ে অনুপ্রাণিত করিয়াছে, আমার সেই পরম সুহৃদ জ্ঞান-তাপস শ্রীবিনয় দত্তকে কৃতজ্ঞতা জানাইবার ভাষা আমার নাই।

শ্রীসুরেশচন্দ্র দাস

# সংক্ষেপ

অকারণে যাহাতে পৃষ্ঠা-সংখ্যা না বাড়িয়া যায়, তজ্জন্য কতকগুলি ইংরেজি ও বাংলা শব্দ সংক্ষিপ্ত করিয়া ব্যবহার করা হইয়াছে। পাঠকগণের সুবিধার জন্য তাহার একটি তালিকা নিম্নে দেওয়া হইল। এই তালিকাটি যথাসম্ভব সম্পূর্ণ ভাবেই দেওয়া হইল।

আ.—আয়তন
ই.—ইঞ্চি
ইং – ইংরেজি
ইন্ডা.—ইন্ডাস্ট্রিয়াল
ইন্ডি.—ইন্ডিয়ান
ইন্টর—ইন্টরমিডিয়েট
ইউনা.—ইউনাইটেড
ঈ. ই.—ঈস্ট ইন্ডিয়ান
ঈ. বে.—ঈস্ট বেঙ্গল
উ.—উত্তর
কো. অপ.—কো-অপারেটিভ
কি. ও.—কিলো ওয়াট
কি. মি.—কিলো মিটার
খ্রী.—খ্রীষ্টাব্দ
খ্রী. অঃ—খ্রীষ্ট অব্দ
খ্রীঃ পূঃ—খ্রীষ্ট পূর্বাব্দ
ঘ.—ঘণ্টা
ঘ., ঘন.—ঘনত্ব
জন.—জনসংখ্যা
জং.—জংশন
জে.—জেলা
টা.—টাকা
টেলি.—টেলিগ্রাম অপিস
ডি.—ডিস্ট্রিক্ট
তু.—তুলনা
তহ.—তহশিল
দ.—দক্ষিণ
দ্রঃ—দ্রষ্টব্য
ন্যাশঃ—ন্যাশনাল
প.—পশ্চিম
পূ.—পূর্ব
পাক.—পাকিস্তান
পোঃ—পোস্টাপিস
পাঃ—পাউণ্ড
পে. অ.—পে অপিস
ফু.—ফুট
ব. ফু.—বর্গ ফুট
ব মা—বর্গ মাইল
ব্যা.—ব্যাংক
বি. দ্র.—বিশেষ দ্রষ্টব্য
ব্রি.—ব্রিটিশ
ব্র. গেজ—ব্রড গেজ
মহ.—মহকুমা
মা—মাইল
মি.—মিনিট, মিলিয়ন
মি. গেজ—মিটার গেজ
মার্কিন—আমেরিকা যুক্তরাষ্ট্র
ম্যা.—ম্যালেরিয়া
মিউনি.—মিউনিসিপ্যালিটি
রে.—রেলপথ
রেজি. অপিস—রেজিস্ট্রারি অপিস
লেজি.—লেজিসলেটিভ
হা.—হাজার
সী.—সীমান্ত প্রদেশ
সোবিয়েত—সোবিয়েত রাশিয়া
স্টে.—স্টেশন
সে.—সেকেণ্ড
সম.—সমবায়
সো.—সোশালিস্ট, সোবিয়েত

ইহা ছাড়াও পুস্তকের কলেবর বৃদ্ধির ভয়ে মাঝে মাঝে স্থানের নাম সংক্ষেপিত করা হইয়াছে।

# সংযোজন ও সংশোধন

## অ

**অম্বুগুল :** ( দ্র. অঙগুল ) পৃ ৪

**অজমের :** ১৯৫৬ নবেম্বর হইতে রাজস্থানের জেলা। পৃ. ৫।

**অন্ধ্ররাজ্যের আয়তন :** ১,১০,২৫০ ব মা, জন. ৩.৩২ কোটি। নূতন ৯টি জেলা যুক্ত হইয়াছে। রাজধানী—হায়দরাবাদ। পৃ. ৮ ; ৪৮৫।

**অম্বিকা-কালনা :** ( দ্র. কালনা ) পৃ. ৯।

**অরখন ( Orkhan ) নদী :** সাইবেরিয়ার দক্ষিণে। পৃ ১১১।

**অরিকামেড পুনশ্চ আরিকামেড়ু** ( পৃ ৪৬ )—একই নাম দুইবার হইয়াছে। পৃ. ১২।

**অসরফপুর ( Asrafpur ) :** ( দ্র. দৌলতকান্দি )।

**অহোবিলম :** নরসিংহ মন্দির ৬৪ স্তম্ভের দ্বারা শোভিত। শ্রীচৈতন্য এখানে আসেন। পৃ. ২০।

## আ

**আইরিয়ান ( Irian ) :** নিউগিনী দ্বীপের পশ্চিমাংশ। পৃ. ৩৫০। ইন্দোনেশিয়া দাবী করিতেছে।

**আঁতুল :** প্রাচীন সরস্বতী নদীর তীরে। হিজলী অঞ্চল হইতে খাল-পথে ১৫০৯-এ শ্রীচৈতন্য পুরী গিয়াছিলেন। পৃ. ৩১।

**আদৈর ( Adyar ) :** মদ্রাজের নিকট থিওজফিক্যাল সোসাইটির কর্মকেন্দ্র। পৃ. ৩০।

**আবু রোড :** ১৯৫৬ নবেম্বর হইতে রাজস্থান রাজ্যভুক্ত। পৃ. ৩১।

**আমিনদীবি ( Amin Dibi ) দ্বীপ :** লাক্ষাদ্বীপের দক্ষিণে ১৪টি দ্বীপ ; ৯টি জনশূন্য। অধিবাসীরা মোপলা মালায়ালামভাষী। দ. কানাড়ার প্রশাসন অন্তর্গত ছিল। ১৯৫৬ নবেম্বর হইতে কেরল রাজ্যভুক্ত।

## ই

**ইলামবাজার :** আয়তন ১০০ ব মা, ঘনত্ব ৪৮২। পৃ. ৭৩।

**ইসলামাবাদ :** ( দ্র. অনন্তনাগ মার্তণ্ড ) পৃ. ৭৫।

## উ

**উইলিংডন ব্রিজ :** বর্তমান নাম বিবেকানন্দ সেতু। পৃ ৭৮।

## এ

**এভারেস্ট :** ১৯৫৩, মে ২৯—তেনজিং নোরকে ও হিলারি শিখরে উঠেন। পৃ. ৮৭।

## ও

**ওহিন্দ ( Ohind ) :** ( দ্র. উদভাণ্ডপুর ) পৃ. ৮২।

**ওরাই ( Orai ) :** উ. প্রদেশ ; জালাউন জেলার প্রধান শহর।

## ক

**কিষণগঞ্জ :** ১৯৫৬ নবেম্বরে পশ্চিমবঙ্গের মধ্যে যে অংশ আসে তাহার আয়তন ৭৬২ বর্গমাইল। জন ২.৮০ লক্ষ। পৃ. ১৪৩।

**কিষণগড় :** রাজস্থান, অজমের জেলার মহকুমা ( জয়পুরের কাছে )। পৃ. ১৪৩।

**কুমারিকা :** মদ্রাজ হইতে তিরুনেলবল্লী হইয়া ( ৪৪৫ মা ) ৬২ মা রেলপথে। কেরল রাজ্যান্তর্গত। বৃহৎ মন্দির। ৯৫০ অব্দের শিলালেখ। পৃ. ১৪৮।

**কুমিল্লা :** রামময় স্থানে রামমালা হইবে। পৃ. ১৪৯।

**কেঁউনঝর ;** কেন্দুঝার, কেন্দগাছ, বিড়ির পাতা হয়। পৃ. ১৫৫।

**কেরল :** ত্রিবাঙ্কুড়-কোচীন রাজ্য ও মালাবার জেলা লইয়া ১৯৫৬ নবেম্বরে নূতন স্টেট গঠিত হয়। ত্রিবা-কোচীনের ৫ তালুক তামিল-ভাষী সংখ্যাগুরুত্ব হেতু মদ্রাজ রাজ্যভুক্ত হইয়াছে। দক্ষিণ কানাড়া জেলার কাসারগোড তালুক ও আমিনদীবি দ্বীপ কেরল-ভুক্ত। আ. ১৪,৯৮০ ব মা ; জন. ১.৩৬ কোটি।

**কোকনাডা, কাকিনাডা :** পৃ. ১১৪, ১৫৯।

**কোনার্ক :** ( দ্র. কোনারক ) [ কোনার্ক শুদ্ধ ] পৃ. ১৬৩।

## খ

**খোজক গিরিপথ :** কোয়েটা ও চমন এর মধ্যে। চমন হইতে ৯ মাইল পূর্বে। পৃ. ১৮২

## ঘ

**ঘানা (Ghana) :** আফ্রিকা; গোল্ড কোস্ট্ উপনিবেশের দেশী নাম। ১৯৫৬, মার্চ ৬ হইতে ঘানা স্বাধীন দেশ। রাষ্ট্র-পরিষদের সদস্য।

## চ

**চত্রপুর, ছত্রপুর :** একই স্থান দুইবার লিখিত। পৃ. ২১৪, ২৩৫

## জ

**জয়পুর :** ১৯৫৬ নবেম্বরের পর ইহা বিভাগ নহে ; এখন অজমের বিভাগের জেলা। জয়পুরের মহারাজা এখন আর রাজপ্রমুখ নাই।

**জিয়ারট :** বলুচিস্থান। পৃ. ১০০

**জেচুয়ান** স্থানে হইবে সে-চোয়ান (Sze chwan) ; পৃ ২২৯।

**জোগ্যকর্তা (Jogjakerta) :** ( দ্র. যোগ্যকর্তা ) পৃ. ৫৬৮।

## ঝ

**ঝরিয়া (Jharia):** বিহার; মানভূম-ধানবাদ জেলার শহর; দামোদর নদীর নিকট; ধানবাদ-পাথরডিহি শাখা রেলপথে ৫ মা; কলিকাতা হইতে ১৭৩ মা। জন. ২৬, ৪৮৫। ঝরিয়া কয়লা মণ্ডলের শহর; কয়লা অঞ্চল প্রায় ১৭০ ব মা; অনুমান ২৫, ৫৬০ মিলিয়ন টন কয়লা মজুত আছে। ভারতের মোট উৎখাত কয়লার ৫০ শতাংশ ঝরিয়ার। ইণ্টার কলেজ—আর্টস ও সায়েন্স।

**ঝাঁঝা:** পূর্বনাম নওয়াডি। পৃ. ২৬৪

## ট

**টিনেভেলি:** (দ্র. তিরুনেলবেলী)।

## ত

**তিরুবন্দরম (Trivandrum):** মূল শব্দ তিরুবানন্দপুরম্। পৃ. ২৯৬।

**তোকালৌ (Tokalau):** ইউনিয়ন দ্বীপপুঞ্জের নাম (পৃ ৫৫)। পৃ. ৩০৩।

## দ

**দণ্ডকারণ্য:** মধ্য প্রদেশের কিয়দংশ দ. নাম দিয়া পূর্ববঙ্গীয় উদ্বাস্তু উপনিবেশ হইতেছে। পৃ. ৩১১

## ধ

**ধামইর হাট:** পৃ. ৩২৯ খ; ধামোইর হাট; ইহা রাজসাহী নওগাঁর থানা। শেষোক্তটি ভুল। পৃ ৩২৯ ক

## ন

**নওয়াডি:** ঝাঁঝার পূর্বনাম।

**নগরকোট:** মামুদ কর্তৃক লুণ্ঠিত। (১০০৮-০৯ অব্দ)। পৃ. ৩৩৩।

**নঙ্গোল:** হিমাচল প্রদেশের জেলা বিলাসপুরের শহর।

**নেতারহাট (Netarhat):** বিহার, রাঁচি জেলার গ্রাম। রাঁচি হইতে ১২০ মা। ব্রিটিশ যুগে গবর্নরের ভ্রমণ ও শিকারের স্থান ছিল। হিন্দী পাব্লিক স্কুল।

## প

**পত্নীতলা, পাটনীটোলা:** ইহা বগুড়ার অন্তর্গত নহে; রাজসাহী নওগাঁভুক্ত।

**পারস্য:** পৃ ৩৮১ খ; ১০ ম পংক্তি পার্থিয়ান হইবে।

**পারস্য:** পৃ. ৩৮২ ক; ৫ ম পংক্তি আরসিকিদি হইবে।

## ব

**বরকাকানা (Barkakana):** পূ. রেলওয়ে অন্তর্গত জং. স্টে.; বিহার; হাজারিবাগ জেলা।

**বিমারাম (Bimaran):** (দ্র. জলালাবাদ) পৃ. ২৪৫।

**বুলেলঙ (Belelong):** বালিদ্বীপের রাজধানী (পৃ. ৪৪৮ খ); অন্যত্র (১০ খ) সিংগরাজ রাজধানী বলা হইয়াছে। বু. বন্দর।

**বোমডিলা (Bomdila):** নে ফা. কামেং সী. বিভাগের শহর। পৃ. ১২৭।

**বোরীবলী (Borivli):** বোম্বাই। পৃ. ১০২।

## ভ

**ভুজ (Bhuj):** কচ্ছের রাজধানী। পৃ. ১০১

**ভবানী পাটনা:** (দ্র. পাটনাগড়, ওড়িশা)।

**ভারতের রাজ্যসমূহ** (পৃ. ৪৮৫ খ) তালিকায় বর্তমান স্থানে পূর্বের ও পূর্বের স্থানে বর্তমান হইবে।

## ম

**মনহালি (Manahali) তাম্রশাসন:** (দ্র. তপন) পৃ. ২৮৪।

## হ

**হিম্মতনগর:** ইদর রাজ্যের রাজধানী। পৃ. ৬৩

# যে সকল গ্রন্থের সাহায্য লইয়াছি তাহার তালিকা


Akhil Bharatiya Railway Samaya Sarani (Hindi)—2 Parts, April 1956.

An Encyclopaedia of World History. Ed. by William L. Langer.—Houghton Mifflin, Boston.

B. C. Law, Historical Geography of Ancient India, Paris (1954),

Bengal Census Report and Table, A. Mitra, I.C.S.

Brown, Percey: Indian Architecture (Hindi).

Brown, Percey: Indian Architecture (Muslim), Taraporewala, Bombay.

Chamber's Encyclopaedia, 16 Vols.

Census of India—1951, D. A. Gopalswami.

Census of Bombay, Mr. J. B. Bowman, I.C.S.

Census of Bihar, Shri Ranchor Prasad, I.C.S

Census of Rajasthan, Shri Yamuna Lal Dashora.

Census of Orissa, Shri M. Ahmed of Orissa Civil Service

Census of Assam, Shri R. B. Vaghaiwalla, I.C.S.

Columbia Lippincott, Gazetteer of the World.

Cunningham's Geography of Ancient India: Calcutta University.

Diringer, D.: The Alphabet Hutchinson, 1949, Ed.

Everyman's Dictionary of Dates (Revised Ed.) Ed. by Arnold Baker & Dent, 1954.

Everyman's Encyclopaedia (12 Vols.)

Handbook of Districts of W. Bengal, Ed. by A. Mitra, I.C.S. (all the volumes).

Hindusthan Year Book (Several years), Ed. by S. C. Sarkar, Calcutta.

Imperial Gazetteer of India, 26 Vols, Oxford, 1907-31.

Indian Year Book, (1955).

Information Please, Almanac, 1956, Dan Golenpaul Associates. The Mac. Comp. N. York.

Lincoln Library of Essential Information. Frontier Press, New York, 1939.

McCrindle's Ancient India.

Murray—Hand-book of India, Murray & Co.

Newman's Indian Bradshaw (Time Table).

Nundalal Dey, Geographical Dictionary of ancient and mediaeval India. Luzac, 1927,

Piggot, Prehistoric India. Pelican,

Postal and Telegraph guide, Part II. 26th year, June, 1952.

Rowland, B.: Art and Architecture of India.

Statesmans Year Book—1954.

Times of India Directory and Year Book—1954-55.

Thacker's Indian Directory—1953-54.

Webester's Geographical Dictionary, G. & C. Marriam Company, 1954.

Whitakers Almanac—1955.

আশুতোষ দেব—নূতন বাঙ্গালা অভিধান, ২য় সংস্করণ, ১৩৬১।

জ্ঞানেন্দ্রমোহন দাস—বাঙ্গালা ভাষার অভিধান, ইণ্ডিয়ান পাব্লিশিং হাউস, কলিকাতা।

নীহাররঞ্জন রায়—বাঙালীর ইতিহাস।

প্রবোধচন্দ্র বাগ্‌চি—ভারত ও মধ্যএশিয়া, বিশ্বভারতী।
ভারত ও ইন্দোচীন „
ভারত ও চীন „

প্রভাতকুমার মুখোপাধ্যায়, ভারত-পরিচয় ২য় সং, বরদা এজেন্সি।

প্রভাতকুমার মুখোপাধ্যায়, বঙ্গ-পরিচয় ২য় খণ্ড, হৃষীকেশ সিরিজ, কলিকাতা।

বাংলায় ভ্রমণ ২য় খণ্ড: অমিয় বসু সংকলিত—পূর্ববঙ্গ রেলপথ প্রচার বিভাগ হইতে প্রকাশিত, ১৯৪০ [এই গ্রন্থে অখণ্ড বঙ্গের ইতিহাস প্রভৃতি সম্বন্ধে একটি অতি প্রয়োজনীয় গ্রন্থ-তালিকা প্রদত্ত হইয়াছে]।

বিমলকুমার দত্ত—ভারতের শিল্প, আদিপর্ব, ইণ্ডিয়ান পাব্‌লিসিটি সোসাইটি, কলিকাতা, ১৩৫৯।

সুবলচন্দ্র মিত্র—বাঙ্গালা অভিধান।

হরিদাস দাস—শ্রীশ্রী গৌড়ীয় বৈষ্ণবতীর্থ বা শ্রীপাট বিবরণী।

# নবজ্ঞান-ভারতী

## ভৌগোলিক

**অইহোল** (Aihole) **:** বোম্বাই, বিজাপুর জেলার গ্রাম; চালুক্য রাজাদের সময়ে (৬-৭ শতক) বিখ্যাত স্থান, বাদামির নিকট। ৫০-৬০টি প্রাচীন মন্দিরের মধ্যে দুর্গা মন্দির সমধিক খ্যাত; দুর্গপ্রাকারে অবস্থিত বলিয়া উহা ঐ নামে অভিহিত, আসলে উহা জৈন মন্দির। মেগুতি মন্দিরে ২য় পুলকেশীর (৬৩৪) একখানি শিলালিপি হইতে বহু ঐতিহাসিক তথ্য পাওয়া গিয়াছে। শোলাপুর-হুবলি রেলপথের বাগালকোট (১২৫ মা) হইতে অইহোল যাওয়া যায়।

**অউনরিহার** (Aunrihar) **:** উত্তর প্রদেশ, গাজীপুর জেলার শহর; গঙ্গার উত্তরে কাটিহার-ইলাহাবাদ মি. লাইনের স্টেশন (৩০৮ মা); ছাপরা ১০৬ মা, কাশী ২২ মা। এখান হইতে জৌনপুর পর্যন্ত শাখা রেল ৩৭ মা। কাশী হইতে অউন হইয়া ভাটিনি (১০১) ও তথা হইতে গোরখপুর (৪৯) রেলপথে যুক্ত।

**অউরঙ্গাবাদ** (Aurangabad) **:** হায়দরাবাদ রাজ্যের জেলা; ৬২১২ ব মা; উ—পূর্বখানদেশ (বোম্বাই); পূ—বুলদানা (মধ্যপ্রদেশ); দ—গোদাবরী নদী; প—নাসিক জেলা। জন. ১১·৯৬ লক্ষ। অধিকাংশ হিন্দু (৮৫%) ও মারাঠীভাষী (৮০%)। জেলার কিয়দংশ পার্বত্য; সেই পর্বতে ইলোরার গুহামন্দির ও অজনটা গুহাগুলি অবস্থিত। অন্ধ্র, চালুক্য ও রাষ্ট্রকূটদের যাদব বংশীয় রাজাদের রাজধানী দেবগিরি (দ্র) এই জেলায়। এইখানে মহম্মদ তুঘলক দৌলতাবাদ (দ্র) নামে রাজধানী স্থাপন করেন; দৌলতাবাদ দুর্গ অউ: ক্যান্টনমেন্ট শহর হইতে ৭ মাইল দূরে অবস্থিত। অউ: শহর স্থাপন করেন মালিক অম্বর (১৬১০); তখন নাম ছিল ফতেনগর। ১৬৫৩ অউরঙজেব দাক্ষিণাত্যের সুবাদার হইয়া এখানে আসেন; তখন হইতে শহরের নামকরণ হয় অউরঙ্গাবাদ। অউরঙজেব জীবনের শেষ ২০ বৎসর এই শহরে কাটান; এইখানে তাঁহার মৃত্যু হয়। তাঁহার সমাধি ইলোরা ও দৌলতাবাদের মধ্যে এক আড়ম্বরশূন্য স্থানে মুক্ত আকাশের তলে অবস্থিত। ... ... ... শহরের জন. ৬৬, ৩৩৩। মানমদ জং হইতে ৭০ মা ও হায়দরাবাদ ৩১৫ মা, অজনটা ৬০ মা ও ইলোরা ৩২ মা দূরে। এই শহরে সাড়ে ছয় লক্ষ টাকা ব্যয় করিয়া বিবি মৌসলিয়াম নামে একটি অট্টালিকা তাজমহলের প্রতিরূপ হিসাবে নির্মিত হইয়াছিল। উহা ক্যান্টনমেন্ট হইতে ২ মা দূরে। শহরের দুইটি অংশ; সাধারণ অংশ হইতে ক্যান্টনমেন্ট ক্রোশাধিক দূরে অবস্থিত। কয়েকটি ব্যাংক; হায়দা. স্টেট; সেনট্রাল; ব্যাংক অব্ অউ:; অউ: সমবায় কেন্দ্রীয়।

**অউন্ধ** (Aundh) **:** ভূতপূর্ব মহারাষ্ট্র করদ রাজ্য। ১৯৪৮ মার্চ-এ ভারতভুক্ত হয়। বর্তমানে বোম্বাই রাজ্যের দ: সাতারা জেলার অন্তর্গত। স্টেটের আ. ৫০১ ব মা। জন. ৭৬, ৬০০ ('৩১)। রাজস্ব ৪·৪৪ লক্ষ। ভারত সরকারকে কোনো কর দিতে হইত না। এখানকার রাজা ভাণ্ডারকার রিসার্চ ইনস্টিটিউট হইতে প্রকাশিত 'মহাভারত' প্রকাশনের জন্য বহু অর্থ দিয়াছিলেন। ইঁহার প্রবর্তিত 'সূর্য নমস্কার' ব্যায়াম সুপরিচিত। রাজ্য ভারতভুক্ত হইবার পর রাজা বার্ষিক ৭৫,২১২ টাকা ভাতা পান। ... শহরে রেলপথ নাই; পুনা-হুবলি রেলপথের কোরগাঁও (৮৪ মা) হইতে পূর্বদিকে শহর অবস্থিত। শহরের জন. ৪৬৫৪। এখানে ব্যাংক অব্ অউন্ধ।

**অক্কা, অক্রে** (Acre) **:** ইস্রাএল-এর বন্দর। ক্রুজেদ যুগের বিখ্যাত স্থান। ১৫১৭ হইতে ১৯১৮ পর্যন্ত তুর্কীদের অধীন ছিল। জন. ১৪ হাজার।

**অক্কাদ** (Akkad) **:** প্রাচীন বাবিলন বা বস্কের

( বর্তমান ইরাক ) নগরী ; পরে একটি প্রদেশের নাম। মাটি খুঁড়িয়া প্রাপ্ত মাটির শীলমোহর ও মাটির লেখ-ফলক হইতে জানা যায় এদেশের রাজাকে 'অক্কাদ ও সুমের-এর রাজা' বলিত। অক্কাদীরা প্রচীন সুমেরীয়দের সভ্যতা আয়ত্ত করিয়া লয়। ইহাদের বিখ্যাত সম্রাট সবকুন (Saragon)। প্রায় খ্রী. পূ. ২৪৫০–২২৭০ পর্যন্ত অক্কাদ সাম্রাজ্য প্রবল ছিল।

**অকবরনগর** (Akbarnagar) : ( ১ ) রাজমহলের ( দ্র ) অন্য নাম। মানসিংহ বাংলা জয়ের সময় এইখানে রাজধানী করেন। জাহাঙ্গীর কর্তৃক নামকরণ। ( ২ ) মুর্শিদকুলি খাঁ ১৭২২ এ বাংলা দেশকে যে ১৩টি চাকলায় বিভক্ত করেন, তাহার মধ্যে দক্ষিণ বাংলার সুন্দরবন চাকলার নাম দেন অকবরনগর।

**অকবরপুর** (Akbarpur) : উত্তর প্রদেশ, ফৈজাবাদ জেলার তালুক ও শহর ; মুঘলসরাই-লখনউ লুপ লাইনের জং স্টেশন ( ৯৪ মা ) ; কলিকাতা হইতে ৫০৫ মা। এইখান হইতে ঘর্ঘরা তীর পর্যন্ত রেল আছে। পো. টেলি।

**অকলকোট** (Akalkot) : বোম্বাই, সোলাপুর জেলার তালুক। পূর্বতন করদ রাজ্য। উত্তর-পূর্বে হায়দরাবাদ রাজ্য। ১৮৪৯ এ ডালহৌসির সময়ে সাতারা রাজ্য ব্রিটিশ রাজ্যভুক্ত হইলে অঃ পৃথক করদরাজ্যরূপে পরিগণিত হয়। রাজা মহারাষ্ট্রীয় ভোঁসলে পরিবারের লোক। রাজ্যের আয়তন ছিল ৪৯৮ ব মা। জন প্রায় ১ লক্ষ। রাজস্ব গড়ে ছিল ৭½ লক্ষ টাকা ; ভারত সরকারকে কর দিতে হইত ১৪,৫৯২ টাকা। রাজ্য ভারতভুক্ত হইবার পর রাজা বার্ষিক ৭৩,৭৮৩ টাকা ভাতা পান। শহর—অঃ রোড স্টেশন ( বোম্বাই ৩০৫ মা ) হইতে ৭ মা দূরে অবস্থিত। জন. ১৮,১১২। এখানে স্টেট ব্যাংকের অফিস। পো. টেলি।

**অকলণ্ড** (Auckland) : নিউজীলণ্ড রাজ্যের বৃহত্তম নগর ও প্রধান বন্দর। ১৮৪২-এ নি. জী ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্গত হয়। ১৮৪৫-৬৫ পর্যন্ত অক রাজধানী ছিল। বহু শিল্পের কেন্দ্র। বিশ্ববিদ্যালয়। জন. ৩,৬১,৬০০।

**অকলাজ** (Aklaj) : বোম্বাই, সোলাপুর জেলার মিউনি. শহর। জন. ২০,২৯২। বোম্বাই স্টেট কো-অপ. ব্যাংক। পো. টেলি।

**অকা পর্বত** (The Akka Hills) : আসামের উঃ-পূঃ সীমান্তবর্তী পর্বতমালা, অকা নামক পার্বত্যজাতির বাসভূমি। দ্র-নে-ফা।

**অকোট** (Akot) : মধ্যপ্রদেশ, অকোলা জেলার তালুক ও শহর ; রেল স্টেশন নাই। অকোলা হইতে মোটর পথ ২৮ মা। জেলার উত্তরে পর্বতের উপর নরনালা দুর্গ এখান হইতে ১৫ মা। জন ২৪,২৫৫। লক্ষ্মী ব্যাংক। পো. টেলি।

**অকোলা** (Akola) : মধ্যপ্রদেশ, বেরার বিভাগের জেলা। উত্তরে সাতপুরা পর্বত। পূর্ণা নদী। বৃষ্টি ৩৫″। তুলার চাষ প্রধান। অধিবাসীরা মারাঠা। আ. ৫২১৯ ব মা। জন. ৫১ লক্ষ। শহর—তুলা ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। জন. ৮৯,৬৯৬। ৬টি বড় ব্যাংক, স্টেট, ইলাহাবাদ, সেণ্ট্রাল, লক্ষ্মী, নিউ সিটিজেন ও পঞ্জাব ন্যাশনাল। অকোলা বোম্বাই হইতে ৩৮৩ মা পূর্বে ; কলিকাতা ১২২০ মা।

**অক্ষয়বট** (Akshayavat) : হিন্দুদের তীর্থ। ইলাহাবাদ-দুর্গের মধ্যে একটি প্রাচীন বট বৃক্ষ। হিন্দুদের বিশ্বাস এই বৃক্ষ অমর। কালিদাসের রঘুবংশে ( ১৩শ সর্গ ) এই বটের উল্লেখ আছে।

**অক্সফোর্ড** (Oxford) : ইংলণ্ডের বিখ্যাত বিদ্যাকেন্দ্র ও শহর। লণ্ডন হইতে ৫৫ মা উত্তরে। জন ১·০৭ লক্ষ। গ্রন্থপ্রকাশ এখানকার বড় ব্যবসায়। বর্তমানে অন্যান্য শিল্পকেন্দ্র গড়িয়া উঠিতেছে। ১০ শতক হইতে এই নগর ইংরেজ ইতিহাসের সঙ্গে নানাভাবে যুক্ত এবং ধর্মীয় বিদ্যা ও আন্দোলনের কেন্দ্ররূপে খ্যাত।

**অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়** (Oxford University) : মধ্যযুগে খ্রীস্টান সন্ন্যাসীর মঠগুলি কালে বিদ্যার কেন্দ্র হইয়া উঠে। প্রথম কলেজ বেলিয়ল (Balliol) ১২৬২ অব্দে স্থপিত হয়। বহু শতাব্দী কলেজগুলিতে কেবল মাত্র খ্রীস্টান ধর্মীয় শিক্ষা দেওয়া হইত। বর্তমানে বহু বিষয় ও ভাষা শিক্ষার ও গবেষণার কেন্দ্ররূপে খ্যাত। বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম বিভিন্ন কলেজের অধ্যাপক ও গ্রাজুয়েট ছাত্রগণের দ্বারা মিলিতভাবে

পরিচালিত হয়। আন্‌ডার-গ্রাজুয়েটদের কোনো ভোটাধিকার নাই। প্রত্যেক রেজিস্টার্ড গ্রাজুয়েট হাউস অব্‌ কন্‌ভোকেশনের সদস্য। বিশ্ববিদ্যালয়ের কার্যকরী সভাকে বলে হা. অব্‌ কন্‌গ্রিগেশন। বিশ্ববিদ্যালয়ের চান্‌সেলর, কলেজের কর্মকর্তাগণ ও অক্সফোর্ড বাসিন্দা গ্রাজুয়েটগণ এই সভার সভ্য। ১৯২০-এ নারীরা এই বিশ্ববিদ্যালয়ে প্রবেশাধিকার পায়। প্রত্যেক কলেজের (২৪টি) পৃথক বাড়ি, লাইব্রেরী। কতকগুলি বাড়ি মধ্যযুগীয় স্থাপত্যের শ্রেষ্ঠ নিদর্শন।...বোড্‌লীন (Bodlien) লাইব্রেরী ১৬০২-এ প্রতিষ্ঠিত। এখানে ১২.৫০ লক্ষ গ্রন্থ ও ৪০ হাজার পুঁথি (সংস্কৃতাদি সমেত) আছে।...র‍্যাড্‌ক্লিফ লাইব্রেরী ও বীক্ষণাগার বিখ্যাত।...গবেষণার জন্য কলেজ হইতে বহু বৃত্তি প্রদত্ত হয়।

**অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের কলেজ :** য়ুনিভার্সিটি (University) ১২৪৯। বেলিয়ল (Balliol) ১২৬২। সেণ্ট্‌ এডমণ্ড হল (St. Edmond Hall) ১২৬৯। মার্টন (Merton) ১২৬৪। এক্সিটার (Exeter) ১৩১৪। অরিয়েল (Oriel) ১৩২৬। কুইন্‌স্‌ (Queen's) ১৩৪০। নিউ কলেজ ১৩৮৬। লিন্‌কল্‌ন (Lincoln) ১৪২৭। অল্‌সোলস্‌ (১৪৩৭)। মড্‌লেন (Magdlen) ১৪৫৬। ব্রাসেনোস (Brasenose) ১৫০৯। কর্পাস খ্রীস্টি (Corpus Christi) ১৫১৬। খ্রাইস্ট চার্চ (Christ Church) ১৫৩২। ট্রিনিটি (Trinity) ১৫৫৪। সেণ্ট জন্‌স (St. John's) ১৫৫৫। জিসাস্‌ (Jesus) ১৫৭১। ওয়াড্‌হাম (Wadham) ১৬২৩। পেমব্রোক (Pembroke) ১৬২৪। ওরচেষ্টার (Worchester) ১৭১৪। কেব্‌ল (Keble) ১৮৭০। হার্টফোর্ড (Hertford) ১৮৭৪। সেণ্ট পিটার্স হল (St. Peter's Hall) ১৯২৯। সেণ্ট অ্যান্‌টনিস কলেজ (St. Antony's College) ১৯৫০।

**অক্সাস নদী** (Oxus : Amu dariya) **:** মধ্য এশিয়ার নদী আমুদরিয়ার প্রাচীন গ্রীক নাম ; প্রাচীন ভারতীয় সাহিত্যে 'বক্ষু' [illegible] উল্লিখিত। নদীর উভয় তীরে বৌদ্ধধর্ম প্রসারের অনেক কীর্তি দেখা যায়। এককালে এই নদী পারসিক সাম্রাজ্যভুক্ত ছিল। আমুদরিয়া পামীর মালভূমে উঠিয়া সোবিয়েত রিপাব্‌লিকের তুর্কমানিস্থান ও উজ্‌বেকিস্থানের মধ্য দিয়া প্রবাহিত হইয়া আরল হ্রদে পড়িতেছে। উৎপত্তিস্থল হইতে বহু দূর পর্যন্ত ইহা আফগানিস্থানের উত্তর সীমান্ত। দৈর্ঘ্য ১৪৫০ মা। এই গভীর নদী হইতে খাল কাটিয়া উত্তর সোবিয়েতে জল সেচনের ব্যবস্থা হইয়াছে। প্রচুর পরিমাণে তুলার চাষ হইতেছে। নদীর উপর বিরাট রেলওয়ে সেতু নির্মিত হইয়াছে।

**অগর** (Agar) **:** মধ্যভারত রাজ্যের সাজাপুর জেলার শহর। উজ্জয়িনী জং হইতে শাখা রেলপথে অগর শেষ স্টেশন ৬৩ মা। জন. ১০,৩০০। **সমবায় ব্যাংক।**

**অগস্ত্যমলয়** (Agastya Mulaya) **:** তিরুবাঙ্কুর-কোচীন রাজ্যের পর্বত শিখর ; ৬২০০ ফুট। অগস্ত্যমুনির নামানুসারে পর্বত।

**অগ্রদ্বীপ** (Agradvipa) **:** বর্ধমান জেলা, কাটোয়া মহ. গঙ্গার চড়ায় নবদ্বীপের নিকট গ্রাম। গোপীনাথ ঠাকুরের উৎসব উপলক্ষ্যে পক্ষকালব্যাপী মেলা হয়। শ্রীচৈতন্যের পার্ষদ গোবিন্দ ঘোষ এই বিগ্রহের প্রতিষ্ঠাতা; চৈতন্যদেব ইহার প্রতিষ্ঠাতা বলিয়াও কিংবদন্তী আছে। কলিকাতা-বাণ্ডেল-বরহরোয়া লাইনের স্টেশন (৮২ মা)। জন. ৩,১৮০। পল্লীস্বাস্থ্যকেন্দ্র ; ডাকঘর। ...কর্তাভজা সম্প্রদায়ের অনুরূপ সাহেবধনী নামে সম্প্রদায়ের উৎসব চৈত্রমাসে অনুষ্ঠিত হয়।

**অঙ্কলেশ্বর** (Ankleshwar, Anklesvar) **:** বোম্বাই, বরোচ জেলার শহর ; নর্মদা নদীর বামতটে সুরাট-আহমদাবাদ রেলপথের স্টেশন (৩১ মা)। এখান হইতে একটি ছোট রেললাইন রাজপিপলা পর্যন্ত (৪১ মা) গিয়াছে। জন. ১৬,২৭৫। একটি সমবায় ব্যাংক। পো. টেলি।

**অঙ্কোলা** (Ankola) **:** বোম্বাই উত্তর-কানাড়া জেলার তহশীল ও শহর। কারোয়ারের দক্ষিণে অবস্থিত, রেলপথ নাই। জন. ১৩,৩৩১। এখানে কানাড়া ইনডা. ব্যাংকের ও ব্যাঃ অব সিটিজেন্‌সের শাখা। পো. টেলি।

**অঙ্গ** (Anga) **:** প্রাচীন ভারতের রাজ্য ; বৌদ্ধযুগে বিখ্যাত ষোড়শ জনপদের অন্যতম। বর্তমান বিহারের

ভাগলপুর জেলা বলিয়া লোকবিশ্বাস। ...দশরথের মিত্র লোমপাদ এখানকার রাজা ছিলেন। মহাভারতে আছে দুর্যোধন কর্ণকে অঙ্গদেশের রাজা করিয়া দেন। রাজধানী ছিল চম্পা।

**অঙ্গুল, আঙ্গুল** (Angul): ওড়িশা রাজ্যের জেলা, বর্তমানে ঢেন্‌কানল জেলার মাজিস্‌ট্রেটের তত্ত্বাবধানে আছে। ইতিপূর্বে কটক জেলার মহকুমা এবং তৎপূর্বে করদরাজ্য মহলের মধ্যস্থিত পৃথক জেলা ছিল; ১৮৯১-এ এই জেলা গঠিত হইয়াছিল। ওড়িশার এই অংশ ১৮৪৭-এ ব্রিটিশ অধীনে আসে। বাসিন্দারা ওড়িয়া-ভাষী খন্দ। ...কটক-সম্বলপুর শড়ক ঢেনকানল, অ. হইয়া গিয়াছে। অ. মহ. র আ. ৯০২ ব মা; জন. ১,৯০,৪৩২। ৫ থানা। অ. থানার জন. ৮৩,৬৩৭। শহরের জন. ৩৮১২। কেন্দ্রীয় সমবায় ব্যাংক। পো. টেলি।

**অচলগড়** (Achalgarh): রাজস্থান, আবুপর্বতের সন্নিকটস্থ আবু (দ্র) স্টেশন হইতে ৬ মা দূরে গ্রাম; ৪৬৮৮ ফুট উচ্চ। এখানে আদিনাথের উদ্দেশ্যে জৈনমন্দির আছে। অচলেশ্বর শিবমন্দির ১৪১২ অব্দে নির্মিত। নিকটে আরও কয়েকটি প্রাচীন মন্দির আছে।

**অচলপুর** (Achalpur): পূর্বনাম ইলিচপুর। মধ্যপ্রদেশ, বেরার বিভাগের অমরাবতী জেলার সদর শহর। তুলা ও কাঠের ব্যবসায়ের জন্য প্রসিদ্ধ। কলিকাতা-বোম্বাই রেলপথের মূর্তাজাপুর জং (৮৩৭) হইতে শাখা লাইনের স্টেশন (৪৮)। জন. ৫০,৭১৪। এখানে স্টেট ও লক্ষ্মী ব্যাংকের শাখা আছে। ...বাহমনী সাম্রাজ্যের পতনের সময় বেরারের শাসনকর্তা ইমাদ-উল-মুলক (ধর্মান্তরিত হিন্দু) ইলিচপুরে স্বাধীন রাজ্য স্থাপন করেন; এই বংশের ৪ জন রাজা ও তুফান খান নামে এক সাহসিক এখানে ৯০ বৎসর রাজত্ব করেন (১৪৮৪—১৫৭৪)। শেষ বৎসরে এই রাজ্য আহমদনগর কর্তৃক অধিকৃত হয়।

**অজন্‌টা, অজিনঠা, অজন্তা** (Ajanta): হায়দরাবাদ, অউরঙ্গাবাদ জেলার গ্রাম। কলিকাতা-বোম্বাই লাইনের মানমদ (১১৭৯ মা) জং হইতে সেকেন্দারাবাদ যাইবার রেলপথের (মিটার) উপর অউরঙ্গাবাদ (৭০ মা) স্টেশন হইতে মোটর পথে ৬০ মা। জালগাঁও স্টেশন হইতে দক্ষিণে মোটরপথে ফর্দাপুর ডাকবাংলো হইয়া অজন্‌টা ৩৮½ মা মাত্র।

অজন্‌টা পর্বত পশ্চিমঘাটের একটি শাখা-পর্বত। বর্তমানে এই পর্বত অরণ্যসংকুল। কিন্তু এককালে উহার নিকট বহু জনপদ রাজপথ ছিল। তখন ঐ পর্বত গাত্রে কয়েকটি খোদিত গুহা নির্মিত হয়। খ্রীস্টপূর্ব ২য় শতক হইতে খ্রীস্টীয় ৭ম শতাব্দী পর্যন্ত নয়শত বৎসরের মধ্যে গুহাগুলি খোদিত ও অভ্যন্তর চিত্রশোভিত হয়। অজন্‌টা উত্তর ও দক্ষিণাত্যে যাওয়া-আসার পথের ধারে অবস্থিত; রাষ্ট্রকূট, চালুক্যাদি রাজ্য লোপ পাইলে এই সব পথ অব্যবহার্য হয়। ক্রমে লোকে অজন্‌টার অস্তিত্বই ভুলিয়া যায়। ইংরেজ আমলে ১৮১৭ অব্দে ইহা প্রথম আবিষ্কৃত হয়। ১৮৪৩-এ প্রথম বিবরণ লোকে জানিতে পারে। দুই-বার চিত্রগুলির অনুলিপি প্রস্তুত হয়; কিন্তু লন্‌ডনের ক্রিস্‌টাল প্যালেস ও কেন্‌সিংটন প্যালেস দগ্ধ হওয়ায় অনুলিপিগুলি নষ্ট হয়। শেষবারে কতকগুলি রক্ষা পায়; সেইগুলি গ্রিফীথ্‌স সম্পাদন করিয়া প্রকাশ করেন। বিংশ শতাব্দীতে লেডি হেরিংহাম চিত্রগুলির অনুলিপি করিয়া প্রকাশ করিয়াছিলেন। নিজাম সর-কারের চেষ্টায় পুনরায় সমস্ত ছবি প্রকাশিত হইয়াছে। ...গুহারসংখ্যা ৩৯টি। সকল গুহা একই স্তরে অবস্থিত নহে। গুহাগুলির তিনটি ভাগ; যথা—'ঘরমুখ' বা গুহার বারান্দা, উপাশ্রয়-গৃহ (Hall) এবং গর্ভগৃহ। একটি গুহার কথা সংক্ষেপে নির্দেশ করা যাইতেছে। বারান্দা—দীর্ঘ ৬৪´ ফুট; প্রস্থ ৯'-৬"; ১৩'-৬"; দুই প্রান্তে দুইটি কুঠরি। মধ্যস্থলে কারুকার্য শোভাযুক্ত দ্বার দিয়া উপাশ্রয়-গৃহে যাইতে হয়। সেই ঘরটি দৈর্ঘ্য ও প্রস্থে ৬৪´ ফুট করিয়া; ২০টি স্তম্ভের উপর ছাদ। গর্ভগৃহ আরও অভ্যন্তরে; উহা ২০'×২০'। ঘরের স্তম্ভ, প্রাচীর, ছাদ সমস্ত চিত্রিত। এইভাবে সমস্ত গুহাগুলি সজ্জিত।

অজন্‌টার প্রাচীরচিত্র আঁকিবার জন্য জমি কাদা, গোবর, তুষ ও আরও কয়েকটি অজ্ঞাত পদার্থ দ্বারা

প্রস্তুত। ...চিত্রাঙ্কনে শিল্পীরা অসাধারণ প্রতিভা দেখাইয়াছেন। গুহাভ্যন্তরে চিত্রাঙ্কন পদ্ধতি ভারতবর্ষ হইতে মধ্য-এসিয়া, চীন, তিব্বত প্রভৃতি দেশে যায়। এখনো তিব্বতে এই পদ্ধতি আছে। গুহার অভ্যন্তর অন্ধকার; কিন্তু দরজাগুলি এমনভাবে নির্মিত যে দিনের আলো সব সময়ে ছবির উপর আলোক-পাত করে। বোধ হয় প্রাচীনকালে চকচকে ইসপাতের দ্বারাও রৌদ্র-নিক্ষেপের ব্যবস্থা ছিল। বর্তমানে বিজলিবাতির ব্যবস্থা আছে। টাকা দিলে ডাইনামো চালাইয়া আলো করা হয়।

**অজমের** (Ajmer): রাজস্থানের মধ্যভাগে একটি রাজ্য। আরাবল্লী পর্বতমালা রাজ্যের অংশ দিয়া গিয়াছে। আ. ২৪১৭ ব মা। জন. ৬·৯৩ লক্ষ ('৫১)। ঘনত্ব ২৮৭; শতকরা ৬০ ভাগ লোক কৃষিজীবী। পূর্বে অজমের মেরবারা নামে প্রদেশ চীফ কমিশনরের দ্বারা শাসিত হইত; বর্তমানে ভারত সরকারের 'সি' শ্রেণীর রাজ্য। অঃ রাজ্যে ব্যবস্থাপক সভায় ৩০ সদস্য। লোকসভায় ২ ও রাষ্ট্রসভায় ১ সদস্য প্রেরিত হয়। ১৯৫৩-৫৪-এ রাজস্ব ১,৮৮,৭৬ হা.। শিল্প, কৃষি সবই অনুন্নত। ৪ কাপড়ের কল আছে। দেশে বৃষ্টিপাত মাত্র ২০″। তাহাও সর্বদা সময়মতো হয় না।...১১ শতকে চৌহান রাজপুতরা উপনিবেশ করে। পৃথ্বীরাজ এখানকার রাজা। ১২ শতকের শেষ ভাগে মঃ ঘোরী কর্তৃক অধিকৃত হয়। মুঘলদের পতনের পর এই দেশ কখনো রাজপুত কখনো মারাঠাদের হাতে যায় ও আসে। ১৮১৮ পিণ্ডারী যুদ্ধের অবসানে সিন্ধিয়া এই দেশ ইংরেজকে সমর্পণ করিতে বাধ্য হন।

**অজমের** (Ajmer): অজমের রাজ্যের প্রধান শহর। জন. ১·৯৭ লক্ষ ('৫১)। ১২৩৫ এ সুফীসাধক সেলিম চিস্তি এখানে দেহ ত্যাগ করেন; ভারতে এই স্থান মুসলমানদের সর্বশ্রেষ্ঠ তীর্থ; বহুলক্ষ যাত্রী প্রতি বৎসর এখানে আসে। জাহাঙ্গীর এইখানে স্যার টমাস রো (Roe)-কে দর্শন দেন। শাহাজাহান নগরীর উপকণ্ঠে সুন্দর একটি কৃত্রিম হ্রদ, শ্বেত পাথর দিয়া বাঁধানো ঘাট প্রভৃতি নির্মাণ করিয়াছিলেন। ... এখানে রাজপুত্রদের পড়িবার জন্য মেয়ো কলেজ ছিল; এখন তাহা সাধারণ বিদ্যালয়। রেলওয়ের বড় ওয়ার্কশপ। ... অজমের হইতে পুষ্করতীর্থ ৭ মা। কলিকাতা হইতে আগ্রায় বদল করিয়া অ. ১০১৬ মা। দিল্লী ২৩৪ মা। ... এখানে কয়েকটি ব্যাংক; স্টেট, সেণ্ট্রাল, হিন্দ, পঞ্জাব ন্যাশ., ইউনাইটেড্ কমার্স।

**অজয়গড়** (Ajaigarh): বিন্ধ্য প্রদেশের অন্তর্গত; পান্না জেলার অন্তর্ভুক্ত তালুক। পূর্বতন বুন্দেলখণ্ডের করদ রাজ্য, আ. ৮০২ ব মা। জন. ৯৬ হা (৪১)। অধিবাসীরা অধিকাংশই হিন্দু ও বুন্দেলী-হিন্দীভাষী। রাজারা রাজপুত। ১৭৩১ ছত্রশাল তাঁহার রাজ্য তিন ভাগ করিয়া ৩য় পুত্র জগতরাজকে অজয়গড় দান করেন। ১৮০৯ ইংরেজের সহিত রাজনৈতিক সম্বন্ধ স্থাপিত হয়। রাজা ১১ তোপের সম্মান পাইতেন; রাজ্যের আয় ছিল প্রায় সাড়ে তিনলক্ষ টাকা; ভারত সরকারকে ৭০১৩ টাকা কর দিতে হয়। রাজ্য ভারতভুক্ত হইলে (১৯৪৮ এপ্রিল) রাজাকে ৭৪,১০০ টাকা ভাতা দেওয়া হয়। ...অ. শহর পান্না-কালিঞ্জরের মধ্যে অবস্থিত।

**অজয় নদ** (Ajaya river): পশ্চিমবঙ্গের পার্বত্য নদী। হাজারিবাগ জেলায় উঠিয়া সাঁওতাল পরগণা, বীরভূম-বর্ধমানের মধ্য দিয়া কাটোয়ার নিকট ভাগীরথীতে পড়িয়াছে। নদীর উপর তিনটি রেলসেতু আছে; অনুডাল-সাঁইথিয়া রেলপথে পাণ্ডবেশ্বরের নিকট, বোলপুর-ভেদিয়ার মধ্যে ও কাটোয়ার নিকট। কিন্তু যানবাহনের সেতু নাই। বোলপুর হইতে ১২ মা ও পানাগড় হইতে ১৪ মা দূরে ইলামবাজারের নিকট নূতন সেতুর নির্মাণ কার্য শেষ হইলে কলিকাতা হইতে বিহার অঞ্চলে যাতায়াত সহজ হইবে। অজয় তীরস্থ কেন্দুলী, রায়পুর, সুপুর, ইলামবাজার প্রভৃতি গণ্ডগ্রাম পশ্চিমবঙ্গে বিখ্যাত ছিল। বর্ষাকালে প্রলয়ঙ্করী বন্যা হয়, অন্য সময়ে হাঁটিয়া পার হওয়া যায়।

**অজরিস্তান** (Ajaristan, Adzharian Autonomous Republic): জর্জিয়া সোভিএট সোসিয়ালিস্ট রিপাবলিকের অন্তর্গত প্রদেশ। রাজধানী বাতুম (Batoumi)। (দ্র. ——)

**অটাওয়া** (Ottawa) : কানাডা রাজ্যের রাজধানী ; অন্টারিও প্রদেশে অটাওয়া নদীর ( দৈর্ঘ্য ৬৫৮ মা ) তীরে অবস্থিত। পূর্বে এইখানে অটাওয়া নামে রেড্ ইন্ডিয়ান উপজাতির গ্রাম ছিল ; ১৮০০ প্রথম ইউরোপীয় উপনিবেশ। ১৮২৯ কর্নেল বাই শহর পত্তন করেন। ১৮৫৪ হইতে অ. নাম প্রচলিত। ১৮৬৭ হইতে কানাডার রাজধানী। বহু প্রকার শিল্প ও ব্যবসায়ের কেন্দ্র। জন. ২.০২ লক্ষ ('৫১)। ( দ্র. অটাওয়া কনফারেন্স—সাধারণ অংশ )।

**অট্টহাস** (Attahasa) : হিন্দুদের ৫১ পীঠের অন্যতম। তিনটি স্থান আদি পীঠ বলিয়া দাবী করে—(১) বীরভূম-লাবপুর গ্রামে দেবী ফুল্লরা, ভৈরব বিশ্বেশ। এখানে শিবা ভোগ বা শিয়ালকে ভোগ দেওয়া হয়। (২) বর্ধমান-কাটোয়ার কেতুগ্রাম ; ব—কা. ছোট রেলের পাটুন্দি স্টে. হইতে যাইতে হয়। (৩) কেতুগ্রাম হইতে এক মা দূরে বনের মধ্যে একটি স্থানে শিবা ভোগ হয়।

**অথনী** (Athni): বোম্বাই রাজ্য ; বেলগাঁও জেলার তালুক ও শহর। মফঃস্বলের মধ্যে ইহা ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। নিকটে রেলপথ নাই। জন. ১৭.০৮৯। এখানে ৪টি ব্যাংক ; বেলগাঁও, ইউনিয়ন ব্যাংক অব বিজাপুর-সোলাপুর ও ২টি সমবায় ব্যাংক। পো. টেলি।

**অথিরমপুঝা** (Atheirampuzha) : তিরুবাঙ্কুর-কোচীন রাজ্যের শহর। জন. ২০ হা.। ৩ ব্যাংক ; ক্যাথলিক, স্ত্রী ইনডিয়া, কোট্টয়ম। পো।

**অদুতুরাই** (Aduturai-thurai) : মাদ্রাজ, তাঞ্জোর জেলা, কুম্ভকোনম তহশীলের শহর ; ধনুষ্কোটি লাইনের স্টেশন ( ১৮৭ মা ) ; কুম্ভ. হইতে ৭ মা। জন. ৭৩৭৮। সিটী ফরওয়ার্ড ও কুম্ভকোনমের কমনওএলথ ব্যাংক শাখা। পো. টেলি।

**অনজনগাঁও, অঞ্জনগাঁও** : (Anjangaon) মধ্যপ্রদেশ বেরার বিভাগের অমরাবতী জে ; মিউনি. শহর, শাম্বুর নদী তীরে অবস্থিত। ২য় মারাঠা যুদ্ধের পর দৌলত-রাও সিন্ধিয়ার সহিত এখানে ইংরেজ জেনারেল আর্থার ওয়েলেসলির সন্ধিপত্র সহি হয় (১৮০৩, ডিসেম্বর ৩০)। ...কলিকাতা-বোম্বাই রেলপথে মুর্তাজাপুর ( ৮৩৭ মা ) জং হইতে ইলিচপুর শাখার স্টে. ( ২২ মা )।

**অনজনেরী, অঞ্জনেরী** (Anjaneri) : বোম্বাই ; নাসিক জেলার ৪২৯৫ ফুট উচ্চ পর্বত। পর্বতের উপরে ও পাদদেশে প্রাচীন হিন্দু ও জৈন মন্দির আছে। অনেক-গুলি দেবগিরির যাদব রাজাদের ( ১১৫০—১৩০৮ ) সময়ে নির্মিত। নাসিক ৮ মা।

**অনজি দ্বীপ** (Anji) : বোম্বাই রাজ্যের উঃ কানাড়া জেলার তীর হইতে ৫ মা দূরে পোর্তুগীজদের অধীন দ্বীপ। গোআর দ্বীপান্তরিত অপরাধী-নিবাস। পোতা-শ্রয় নির্মাণের জন্য আরবরা বিজয়নগরের নিকট হইতে অধিকার করে ; পরে পোর্তুগীজদের হাতে আসে ( ১৫০৫ )। ভৌগোলিক টলেমি (Ptolemy) ২ শতকে এই দ্বীপের বৈশিষ্ট্য সম্বন্ধে বলিয়াছিলেন। ১৩৪২-এ ইবন বাতুতা (দ্র) এখানে অসেন।

**অনঝা** (Anjha) : বোম্বাই ; মেহসানা জেলার শহর। মে. হইতে ১৩ মা। জন. ১৫,৩৭৬। বরোদা ব্যাংক। পো. Unjha।

**অনটারিও** (Ontario): কানাডার প্রদেশ। আ. ৪,১২,৫৮২ ব মা। জন. ৪৬ লক্ষ। প্রধান নগর টোরানটো (Toranto)। এই প্রদেশে কা. র রাজধানী অটাওয়া অবস্থিত। বহু প্রকার খনিজ ( স্বর্ণ, নিকেল ) ধন-সম্পদ আছে। নায়াগ্রা জলপ্রপাত ও অন্যান্য নদী হইতে উৎপন্ন জল-বিদ্যুৎ সাহায্যে নানা শিল্প ও কারখানা চলিতেছে। এখানে ৭ বিশ্ববিদ্যালয় ছাড়া বহু শিক্ষা-প্রতিষ্ঠান আছে।

**অনডাল** (Ondal) : বর্ধমান জেলা, আসানসোল মহ. র থানা ও শহর। থানার আ. ৭১ ব মা, জন. ৮৬ হা. ; ঘনঃ ১২০৫। এই থানায় ত্রিশ বৎসরে ৪৩·৩% জন. বৃদ্ধি হইয়াছে। এই অঞ্চলে বহু কয়লার খনি আছে। শহর, দামোদরের নিকট, পূর্ব-রেলওয়ের জংশন ; বিস্তৃত কয়লার খনি অঞ্চলের কেন্দ্র। রেলের বড় কর্মশালা, সিমেন্ট ও চীনামাটির বাসন প্রস্তুত, বিদ্যুৎ সম্বন্ধীয় ইন্জীনিয়ারিং কারখানা, ভাটি খানা ( ডিস্টিলারি )।... আ. ১.৩ ব মা। জন. ৪,২৮৮। কলিকাতা হইতে ১১৩ মা। অ.—সাঁইথিয়া রেলপথের (৪৬ মা) উপর উখড়া, পাণ্ডবেশ্বর, দুবরাজপুর ও সিউড়ী অবস্থিত। অ. হইতে আর একটি শাখা-রেল রানীগঞ্জের

কয়লা-ক্ষেত্রের ইকড়া জং হইয়া গৌরাঙ্গদি (২৪ মা) ও ইকড়া হইতে সীতারামপুর (২২ মা) গিয়াছে। অন্ডালে ১টি উচ্চ বিদ্যালয় আছে।

**অনতিয়োক** (Antioch, Antakiya) **:** সীরিয়া রাজ্যের শহর; অরন্তস (Orontes) নদীর তীরে আলেপ্পো হইতে ৬০ মা দূরে অবস্থিত। আলেকজাণ্ডর-এর সেনাপতি সেলেউকোস (Seleukos) তাঁহার পিতা অনতিয়োকসের নামে এই নগর পত্তন করেন খ্রী. পূ. ৩০০। কালে এই নগর সৌন্দর্যে, ঐশ্বর্যে ও শক্তিতে রোমের প্রতিদ্বন্দ্বী হইয়া উঠে।... অশোকের সময় এইখানে বৌদ্ধ ভিক্ষুরা আসিয়াছিলেন। পরবর্তী যুগে খ্রীস্টধর্ম প্রচারের বিশিষ্ট কেন্দ্র হয়; 'খ্রিস্টান' শব্দ সর্ব প্রথম এখানকার খ্রিস্ট অনুচরদের সম্বন্ধে প্রযুক্ত হয়। পারস্য সম্রাট খশরু (খ্রী. অ ৫৩৮) এই নগরী ধ্বংস করেন। কিন্তু রোমান সম্রাট জস্টিনিয়ান (৭ শতক) পুনরায় নির্মাণ করিয়া নাম দেন থিওপোলিস (দেবপুরী)। ৬৫৮-এ আরবদের দ্বারা অধিকৃত হয়। ...১১৬৮ খ্রীস্টানদের একটি রাজ্য স্থাপিত হয়। এখনো এই নগর সীরিয়ান খ্রিস্টানদের মোহান্ত-নিবাস। জন. ৩০ হা.।

**অনন্তগুম্ফা** (Ananta Gumpha) **:** ওড়িশা রাজ্যের কটক জেলার গিরিগুহা। গুহাদ্বারে গজলক্ষ্মী বা কমলে কামিনী, সূর্যমূর্তি, হস্তী, প্রভৃতি খোদিত। আনুমানিক খ্রী. পূ ২য় শতকে নির্মিত।

**অনন্তনাগ** (Anantanag) **:** কাশ্মীর রাজ্যের প্রাচীন রাজধানী; বর্তমান নাম ইসলামাবাদ; ঝিলাম নদীর তীরে অবস্থিত শহর, জন. ১৪ হা। কাশ্মীর রাজ্যের জেলা; শ্রীনগর এই জেলার মধ্যে অবস্থিত। জম্মু-কাশ্মীর ব্যাংক ও অ. কেন্দ্রীয় সমবায় ব্যাংক।

**অনন্তপুর** (Anantapur) **:** অন্ধ্র রাজ্যের জেলা। উত্তরে কুরনুল ও পূঃ এবং দঃ মহীশূর রাজ্য। আঃ ৬৭১৮ ব মা। জন ১৪ ৮৪ লক্ষ (৫১)। ৯ তালুক। ভাষা তেলেগু ও কানাড়ী। বৃষ্টি ২২″ মাত্র; প্রধান উৎপন্ন চীনাবাদাম।...শহর। গুন্টকুল জং হইতে ৪৩ মা। বিজয়নগরের রাজার মন্ত্রী চিক্কাপ্পা উদয়ীর পত্নী অনন্তার নামানুসারে স্থাপিত নগরী (১৩৬৪)। ...১৫৬৫ তালিকোট্টা যুদ্ধের পর বিজয়নগরের রাজা তিরুমল রায় এইখানে ৩০৫৮ ফুট উচ্চ পাহাড়ের উপর দুর্গ-প্রাসাদ নির্মাণ করিয়া বাস করেন। ... এখান হইতে ১৫-২০ ক্রোশ দূরে প্রাগৈতিহাসিক যুগের মানুষের বহু চিহ্ন পাওয়া যায়। জন. প্রায় ৩২ হা.। ব্যাংক **:** অন্ধ্র, কানাড়া ইনড্রাস্ট্রি, স্টেট; রায়লসীমা।

**অনাকপল্লী** (Anakapalli) **:** অন্ধ্র রাজ্য, বিশাখাপটম জেলার তহশীল ও শহর। শ. ওয়ালটেয়র জং হইতে দুই মাইল দূরে। ..জন. ৪০,১২৭। অন্ধ্র ও স্টেট ব্যাংক। পো. টেলি। বৌদ্ধযুগের ধ্বংসাবশেষ আছে।

**অনুপগড়** (Anupgarh) **:** রাজস্থান। গঙ্গানগর জেলার মিউনি শহর **:** জন. ১৬১২। বিকানীরের মহারাজা অনুপ সিংহের নামানুসারে এই আধুনিক শহর হইয়াছে।...সুরতগড় জং (দ্র) হইতে মিটার রেলপথের শেষ স্টেশন (৩৫)। এই স্থানের উত্তর দিয়া প্রাচীন সরস্বতীর লুপ্ত ধারা ঘগ্গর নদীর খাদ আছে। বর্ষার সময় ক্ষীণ ধারা এই পর্যন্ত আসে।

**অনুপনগর** (Anupnagar)**:** বর্ধমান জেলা **:** আসানসোল মহকুমার অন্তর্গত শিল্প-নগর। এখানে জে. কে. (জুগ্গীলাল কমলাপত সিংহানিয়া) আলুমিনিয়ম কারখানা আছে। (দ্র. জে. কে. নগর)

**অনুপপুর** (Anuppur) **:** বিন্ধ্যপ্রদেশের রেবা জেলার শহর। শোন নদী অনতিদূর হইতে উঠিয়া শহরের নিকট দিয়া প্রবাহিত। কাটনি-বিলাসপুর রেলপথের জং ষ্টেশন (১০৪ মা) এখান হইতে চিরমিরি (Chirmiri) পর্যন্ত শাখা রেল (৫৪ মা) আছে। . .জন. ৩৬৫১। এখানে ব্যাংক অব্ বাঘেলখণ্ড।

**অনুমকোণ্ড** (Anumakonda) **:** অনুমাকুণ্ডপত্তম, ওয়রঙ্গল রাজাদের প্রাচীন রাজধানী। ১১৩০-১৩২৩ পর্যন্ত কাকতীয়রা রাজত্ব করে। গোদাবরী নদীর তীরে, হায়দরাবাদ হইতে ৪০ মা উত্তর-পূর্বে। টলেমির করংকোলা বলিয়া অনুমিত।

**অনুরাধাপুর** (Anuradhapur) **:** সিংহলের উত্তর-মধ্য প্রদেশের জেলা। আঃ ৪,০০৮ ব মা। জন. ১,৩৯,৫৩৪। এখানে ধানের চাষ খুবই বিস্তৃত। সিংহলের প্রাচীন নগরী। টলেমি বর্তৃক অনুরোগ্রমম্ বলিয়া উল্লিখিত। কিংবদন্তী অনুরাধ নামে বিজয় সিংহের জনৈক অনুচর

এই নগরীর পত্তন করেন। এখানে এককালে প্রাসাদ, অট্টালিকা, বৌদ্ধ বিহারাদি ছিল। ১৬ মা দীর্ঘ ও প্রস্থে স্থান জুড়িয়া ধ্বংসাবশেষ রহিয়াছে। এখানকার অভয়গিরি মহাবিহার বৌদ্ধ বিদ্যার জন্য খ্যাত ছিল। সিংহল সরকারের প্রত্নতত্ত্ব বিভাগ অতি যত্নে জীর্ণোদ্ধার করিতেছেন। ... কলম্বো হইতে রেলপথে ১২৭ মা।

**অন্তর মঙ্গোলিয়া** (Inner Mongolia) : দ্রঃ মঙ্গোলিয়া।

**অন্ত্রি** (Antri) : মধ্যভারত; গবালিয়র রাজ্যের গির্দ জেলার শহর। ইহার নিকট পুন্নিয়ার যুদ্ধে (১৮১৩ ডিসেম্বর) মারাঠারা ইংরেজ সেনাপতি গ্রে-র নিকট পরাভূত হন।

**অন্ধ্র** (Andhra) : অন্ধ্র প্রাচীন দেশ; ঐতরেয় ব্রাহ্মণে এই দেশের উল্লেখ আছে। মেগাস্থিনীসের লুপ্ত ভারত বর্ণনা গ্রন্থ হইতে রোমান লেখক প্লীনি ইহার কথা জানিতে পারেন। মৌর্যদের সহিত অন্ধ্রদের সম্বন্ধ স্পষ্ট নহে। তবে মৌর্য ও কলিঙ্গের পতনের পর অন্ধ্ররা মধ্যভারতে প্রবল হইয়া পশ্চিমে নাসিক পর্যন্ত সাম্রাজ্য বিস্তার করে। এখানকার শাতবাহন রাজবংশের ৩০ জন রাজা পুরাণ মতে সাড়ে চারি শত বৎসর রাজত্ব করে (২২০ খ্রী. পূ. ২৪০ খ্রী. অ.)। ২য় শতকে ইহারা পশ্চিম ভারতের পহ্লব ও শক-ক্ষত্রপদের সহিত যুদ্ধে জয়লাভ করিয়াছিল বলিয়া মনে হয়। কিন্তু এই শতক হইতে অধঃপতন সুরু হয় এবং পশ্চিমাংশে অন্ধ্রভৃত্য নামে পরিবার স্বাধীন হইয়া রাজত্ব করে। শাতবাহনরা ক্ষত্রিয় রাজপুতদের দ্বারা নিশ্চিহ্ন হয়। অন্ধ্রদের স্থাপত্য কীর্তি অমরাবতী রাজধানী ধান্যকটকের নিকট ছিল। অন্যান্য নগরী প্রতিষ্ঠান, বৈজয়ন্তী প্রভৃতি।

**অন্ধ্ররাজ্য** (Andhra State) : ভারতের অন্যতম রাজ্য। ১৯৫৩ অক্টোবর হইতে মাদ্রাজ রাজ্য হইতে পৃথক স্টেটরূপে গঠিত। অন্ধ্রবাসীরা তেলেগু ভাষাভাষী এবং ১৯১৩ হইতে তামিলদের হইতে পৃথক হইয়া নূতন প্রদেশ গড়িবার জন্য আন্দোলন করিয়া আসিতেছিল। ভারত স্বাধীন হইবার পর এই আন্দোলন তীব্রতর হয় এবং তজ্জন্য সত্যাগ্রহ, অনশন, মৃত্যুবরণ, দাঙ্গা প্রভৃতিও হয় ও অবশেষে ১১ জিলা লইয়া নূতন স্টেট গঠিত হয়। আয়তন ৬৭,০০০ বর্গ মাঃ; জন. ২,১২,৮২,০০০ (৫১)। অন্ধ্রর দীর্ঘ সমুদ্রতট আছে; খনিজ ও বনসম্পদ প্রচুর। ৭৫% লোক কৃষিজীবী। গোদাবরী ও কৃষ্ণানদী হইতে বহু খাল কাটা হওয়ায় চাষের সুবিধা আছে। তুঙ্গভদ্রা প্রভৃতি নদী বাঁধিয়া জল-বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হইতেছে। রাজ্যের রাজস্ব ২০·১৭ কোটি টাকা, ব্যয় ২২·৮০ কোটি ('৫৪)। রাজধানী বর্তমানে করনুল। রাজধানী কোথায় হইবে তাহা লইয়া অত্যন্ত মতভেদ ছিল। লোক-বিশ্বাস যে এককালে হায়দরাবাদ রাজ্য ভাষানুযায়ী বিচ্ছিন্ন করা হইলে পূর্ব-হায়দরাবাদ রাজ্য অন্ধ্রের অন্তর্গত হইবে এবং হায়দরাবাদ মহানগরীই অখণ্ড অন্ধ্রের রাজধানী হইতে পারিবে। নূতন রাজ্য পুনর্গঠন পরিকল্পনা মতে হায়দরাবাদের তেলেঙ্গনা অংশ অন্ধ্রের সহিত যুক্ত হইবে। হা. রাজধানী হইবে বলিয়া জানা যাইতেছে। অন্ধ্রের জিলাগুলির নাম :— অনন্তপুর, চিত্তুর, কুড্ডাপ্পা, গোদাবরী পূর্ব, গোদাবরী পশ্চিম, গুনটুর, কৃষ্ণা, করনুল, নিল্লোর, শ্রীককুলম, বিশাখাপত্তন। ... বিশাখাপত্তন বঙ্গোপসাগরের সর্বশ্রেষ্ঠ বন্দর; এখানে জাহাজ তৈয়ারি হইতেছে। ওয়লটেয়ার (Waltair)-এ অন্ধ্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র ও স্বাস্থ্যনিবাস। চিত্তুর জেলায় শ্রীবেংকটেশ্বর বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছে (১৯৫৪) (দ্রঃ তিরুপতি)।

**অন্ধ্র বিশ্ববিদ্যালয়** (Andhra University) : অন্ধ্র রাজ্যের ওয়ালটেয়ার (Waltair) শহরে ১৯২৬-এ প্রতিষ্ঠিত হয়। ৩ য়ুনিভার্সিটি কলেজ, ৩১ অনুমোদিত কলেজ, ১১০ প্রাচ্যবিদ্যার কলেজ লইয়া ইহা গঠিত।

**অন্নিগিরি** (Annigiri) : বোম্বাই, ধারবার জেলার শহর। শস্য ও তুলার বাজার। বিজয়ওয়াডা (Bejwada)—বেলারি—হুবলি রেলপথের উপর স্টেশন। হুবলি হইতে ১৮ মা। কলিকাতা ১১৭১ মা। কলচুরি অধিপতি বিজ্জল পশ্চিম-চালুক্যদের রাজ্য ধ্বংস করিয়া এখানে রাজধানী স্থাপন করেন (১১৬১)। এখানকার

অমৃতেশ্বরের ১৬ স্তম্ভের বিরাট মন্দির বিখ্যাত। ...জন. প্রায় ৯ হা। সেন্ট্রাল ব্যাংকের পে অফিস ও কেন্দ্রীয় সমবায় ব্যাংক।

**অন্‌হিল্‌ওয়ারা** ( Anhilwara ) : পত্তন, নগর, পুর, অন্‌হিল্লাটক, বাটক অন্‌হিল প্রভৃতি বহু নামে খ্যাত। প্রাচীন নগরী। গুজরাতের সমুদ্রতীবস্থ বল্লভী-রাজবংশের পতনের পর সৌরাষ্ট্রপতি যশোরাজ ও তৎপুত্র বৎসরাজ ( ৭৪৬ ) এই নগরী স্থাপন করেন। ১৫ শতক পর্যন্ত অ: গুজরাতের শ্রেষ্ঠ নগরী ছিল। এখানে দেড়শতের উপর শিলালিপি আবিষ্কৃত হইয়াছে; মধ্যযুগের ইতিহাস রচনায় সেগুলি অমূল্য উপকরণ। স্থানের বর্তমান নাম নাহরওয়ালা বা পাটন (Naharwala)।

**অপরান্তক** ( Aparantaka ) : কোঙকন ও মালাবারের প্রাচীন নাম। টলেমির আরিআকে (Ariake) বলিয়া মনে হয়। প্রাচীন বন্দর সুপারক বর্তমানে সুপার বেসিনের নিকট অবস্থিত স্থান।

**অপোর্টো** (Oporto) : পোর্তুগলের অন্যতম বন্দর; ডুরো নদীর মোহনায় অতলান্তিক মহাসাগরতীরে অবস্থিত। 'পোর্টওয়াইন' নামে মদ্য এই বন্দর হইতে চালান হইত। ...জন. ২'৬২ লক্ষ।

**অফ্‌সর—জফরপুর** (Afsar-Jafarpur) : বিহার; গয়া জেলার গ্রাম। গুপ্ত যুগের প্রস্তর নির্মিত বিখ্যাত বরাহমূর্তি, শিলালিপি ও ঐ যুগের মন্দির এই গ্রামে আবিষ্কৃত হইয়াছে।

**অব্‌খশিয়া** (Abkhazia) : জর্জিয়া সোভিএট সো: রিপাবলিকের অন্তর্গত প্রদেশ। এই অঞ্চল ১৮০৯-এ রুশের অধীন হয়; ১৮৬৪ পর্যন্ত অত্যন্ত অশান্তিপূর্ণ ইতিহাস। কৃষ্ণসাগর তীরে সুখুম ( Sukhumi ) প্রধান শহর। গ্রীক পৌরাণিক-কাহিনী মতে জাসন ( Jasan ) স্বর্ণের সন্ধানে ( Golden Fleece ) যে কল্‌চিস (Colchis) দেশে গিয়াছিলেন, তাহা এই স্থান। কারণ স্থানীয় লোকে এখানো সলোম মেষচর্ম পার্বত্য নদীজলে রাখিয়া স্বর্ণচুর সংগ্রহ করে।

**অবনী** (Abani) : মহীশূর রাজ্যের কোলার জেলার গ্রাম ও তীর্থস্থান। দক্ষিণ ভারতের গয়া বলিয়া প্রসিদ্ধ। ইহা শাস্ত্রের অবন্তিকা ক্ষেত্র ও স্মার্তগুরুদের স্থান। এখানে রামচন্দ্রের উদ্দেশে বহু মন্দির আছে; মাঘ মাসে রামলিঙ্গেশ্বরের বড় মেলা হয়। পো.।

**অবনীগড্ডা** (Avanigadda) : অন্ধ্ররাজ্যের কৃষ্ণা জেলার শহর; ব্যবসায়ের কেন্দ্র। স্টেট ব্যাংকের পে-অপিস। পো.।

**অবন্তী** ( Avanti ) : মালবের প্রাচীন নাম। রাজধানী উজ্জয়িনী। প্রাচীনতর যুগের রাজধানী ছিল মাহিষ্মতী। ৭—৮ শতক হইতে এই ভূভাগ মালব নামে পরিচিত; বোধহয় মল্ল জাতির নাম হইতে মালব নামের উৎপত্তি। ...বৌদ্ধ সাহিত্যে উল্লিখিত ষোড়শ জনপদের অন্যতম অবন্তী। বুদ্ধের সময়ে অবন্তীরাজ পজ্জোত (প্রদ্যোত) উজ্জয়িনীতে রাজত্ব করিতেন। অবন্তী রাজ্যে বহু খ্যাতনামা বৌদ্ধ ভিক্ষু ছিলেন। কাহারও কাহারও মতে বৌদ্ধ গ্রন্থাদি যে পালিভাষায় লিখিত তাহা মাগধী-প্রাকৃত নহে, তাহা অবন্তী উজ্জয়িনীর প্রাকৃত।

**অবনাশী** ( Avanashi ) : মদ্রাজ রাজ্য; কোয়াম্বটর জেলার শহর। সালেম-কো. রেলপথের মধ্যে তিরুপুর স্টেশনের উত্তরে অবস্থিত। জন. ৮ হা। (দ্র. তিরুপুর)। তিরুপুর মীনাক্ষী সুন্দর ব্যাংক। পো. টেলি.।

**অমরকণ্টক** ( Amarakantaka ) : কালিদাসের মেঘদূত বর্ণিত আম্রকূট বলিয়া অনুমিত। বিন্ধ্য প্রদেশের দক্ষিণ প্রান্তে অবস্থিত। রেবা রাজ্যের মৈকাল পর্বতের উপর ক্ষুদ্র গ্রাম ( ৩৫০০ফুট )। এখানে বহু প্রাচীন মন্দির আছে। এই পর্বতের কপিলধারা হইতে নর্মদা নদীর উৎপত্তি। বিলাসপুর-কাটনি রেলপথে সহদোল ( ১২০ মা ) হইতে ২৫ মা।

**অমরকোট ( উমরকোট )** ( Amarkot ) : পশ্চিম পাকিস্তান; সিন্ধু প্রদেশ; পারকর জেলার থর তালুকের ক্ষুদ্র শহর। ১৫৪২-এ নির্বাসিত পলায়নপর মুঘল বাদশাহ হুমায়ুনের পুত্র অকবর এইখানে জন্মগ্রহণ করেন। জনশ্রুতি সুমরা জাতির উমর নামে এক ব্যক্তি এই নগর স্থাপন করেন। পূর্বে যোধপুরের অন্তর্গত ছিল; পরে তালপুরের মীরদের দখলে আসে। তাহাদের হাত হইতে সিন্ধু জয়ের সময় ইংরেজদের খাস দখলে আসিয়াছিল। মিউনি. শহর ( ১৮৬০ ); জন. ৫ হা।

**অমরনগর** ( Amarnagar. Thana Devli ) : সৌরাষ্ট্র রাজ্যের অন্তর্গত, পূর্বতন কাঠিয়াবাড়ের করদ রাজ্য। রাজ্যভারতভুক্ত হইলে রাজাকে ১,০০,০০০ টা. ভাতা দেওয়া হয়।

**অমরনাথ** ( Amarnath ) : কাশ্মীরের উত্তরে হিন্দুতীর্থ। শ্রীনগর হইতে অমরনাথের পথে ২৫টি হিন্দুতীর্থ আছে। অঃ জনমানবহীন স্থান। ১৭,৩০৭ ফুট উচ্চ ভগবতী পর্বতমালার এক গুহার মধ্যে শিবের তুষার-লিঙ্গ আছে ; শুক্লপক্ষে উহার বৃদ্ধি ও কৃষ্ণপক্ষে ক্ষয় হয়। বৎসরে শ্রাবণ মাসে মাত্র তীর্থযাত্রীরা দল বাঁধিয়া দুর্গম পথ অতিক্রম করিয়া এই স্থানে যাইতে পারে।

**অমরপুর** (Amarpur) : ত্রিপুরা রাজ্যের বিভাগ। আ. ৫২৭ ব. মা। জন. ২১,৬০২ ; ঘনত্ব ৪১ ।...শহর রাজ্যের পূর্বদিকে পার্বত্য চট্টগ্রাম জেলার (পাকিস্তান) নিকট অবস্থিত।

**অমরপুরা** (Amarpura) : বর্মা রাজ্যের মান্দালয় জেলার শহর, ইরাবতী তীরে অবস্থিত। রাজা বোদপিও (বুদ্ধপ্রিয়) এই স্থানে রাজধানী স্থাপন করেন (১৭৮৩)। ১৮২২ রাজা বজ্জিদ (বজ্রোদয়) আভায় নূতন রাজধানী নির্মাণ করিলে অমরপুরা নিষ্প্রভ হইয়া যায়। পুনরায় ১৮৩৭-৫৯ রাজধানী ছিল। এখানে বহু বৌদ্ধ মন্দির আছে ; তন্মধ্যে পতোডয়াজির ক্যাঙ্ বা মন্দির বিখ্যাত। এই মন্দিরে রাজা বোধপিও (১৭৭৬—১৮১৯) বর্মার নানাস্থান হইতে সংগৃহীত শিলা ও তাম্রলেখ রক্ষা করেন। এককালে রেশমের কাপড়ের জন্য এই স্থানের খ্যাতি ছিল।

**অমরাবতী** (Amaravati) : অন্ধ্র রাজ্যের গুন্টুর জেলার কৃষ্ণা নদীতীরস্থ গ্রাম। নিকটে প্রাচীন অন্ধ্র-রাজাদের রাজধানী ধরণীকোট্ট বা ধন্নকোট ; বিজয়-ওয়াডা হইতে ১৮ মা. দূরে। এখানে একটি বৌদ্ধ স্তূপ ছিল। এই স্তূপের স্থাপত্য শিল্পরীতি বিশুদ্ধ ভারতীয়, গ্রীক বা বৈদেশিক প্রভাব নিরপেক্ষ সৃষ্টি। এখন উহা প্রায় নিশ্চিহ্ন ; তবে ভাস্কর্যাদি ব্রিটিশ মিউজিয়াম, কলিকাতা ও মাদ্রাজের যাদুঘরে দেখা যায়। স্তূপের চতুষ্পার্শ্বস্থ রেলিং ১৭০ অব্দে এবং স্তূপ তাহারও পূর্বে নির্মিত হয়। উহা বোধ হয় ১০০ ফুট উচ্চ ছিল ; তলদেশে ১৭২ ফুট। ১২ শতকে উড়িষ্যার রাজা সূর্যদেব এখানে নগর নির্মাণ করেন।

**অমরাবতী** (Amaravati) : মধ্যপ্রদেশ রাজ্যের বেরার বিভাগের জেলা। পূর্বে বরদা নদী। জেলার গড় উচ্চতা ৮০০ ফুট ; বারিপাত ৩০"। জোয়ার গম, তুলা, কৃষি-জাত প্রধান উৎপন্ন। আ. ৪৬১১ ব. মা। জন. ১০, ৩১,১৬০। এই দেশ প্রাচীন বিদর্ভ বলিয়া অনুমিত। ...শহর তুলা ব্যবসায়ের জন্য খ্যাত। নাগপুর-বোম্বাই রেলপথের বদনেরা (১০৮ মা) জং হইতে শাখা লাইনের শেষ স্টেশন (৬ মা)। জন. ১,০২,৮০৬। এখানে ৮টি ব্যাংক আছে ; তন্মধ্যে মহারাষ্ট্র, নাগপুর সেন্ট্রাল, স্টেট, লক্ষ্মী, নিউ সিটিজেন উল্লেখযোগ্য।

**অমরাবতী** (Amaravati) : হিন্দু শাস্ত্রমতে স্বর্গের অপর নাম। সুমেরু পর্বতের উপর অধিষ্ঠিত। ইন্দ্রাদি সকল দেবতারই বাসভূমি। শিব ও তাঁহার পরিবার-পরিজনের আবাসস্থল হিমালয়ের কৈলাস পর্বত। গ্রীকদের অলিম্পিয়াও দেবভূমি।

**অমলনের** (Amalner) : বোম্বাই রাজ্য ; পূর্বখান্দেশ জেলার শহর, তাপ্তি নদীর নিকট। তুলার বাজার ও কাপড়ের কল। কলিকাতা-ভুসবাল-সুরাট রেলপথের স্টে. ৯৭ মা। এখানে প্রতাপ শেঠ নামে এক মিল-মালিক ভারতীয় দর্শন ও অধ্যয়ন অধ্যাপনার জন্য একটি বিদ্যায়তন স্থাপন করিয়াছেন (Indian Institute of Philosophy)। ... বৈশাখ মাসে সখারাম ভাবা নামে এক সাধুর স্মরণে বড় মেলা হয়। জন. ৪৪, ৬৮৬। ...স্টেট ব্যাংক।

**অমলপুরম্** (Amalapuram) : অন্ধ্ররাজ্য ; পূর্ব গোদাবরী জেলার তালুক ও শহর। গোদাবরী নদীর বদ্বীপে অবস্থিত ব্যবসায়ের কেন্দ্র। জন. ২১,১৭৭। অন্ধ্র ব্যাংক শাখা ও স্টেট ব্যাংক পে-অপিস। রাজমহেন্দ্রী হইতে জলপথে যাওয়া-আসা চলে।

**অম্লা** (Amla): মধ্যপ্রদেশ ; বৈতুল জেলার শহর ; নাগপুর-ইতারসি রেলপথের জং স্টেশন (১০৬ মা)। এখান হইতে পরাসিয়া (দ্র) পর্যন্ত শাখা রেল (৫৪ মা) আছে।

**অমৃত বাজার** ( Amrita Bazar ) : পূর্ব পাকিস্তান ; যশোহর জেলার সদর মহকুমার গ্রাম। ঝিকরগাছা

রেল স্টেশন হইতে ৪ মা. উত্তরে। শিশির কুমার ঘোষ প্রভৃতি যুবকরা অঃ পত্রিকা নামে বাংলা কাগজ এইখান হইতে বাহির করেন। ( দ্র. সাধারণ অংশ )

**অমৃতসর** (Amritasar) : পূর্ব পঞ্জাব রাজ্য ; জলন্ধর বিভাগের জেলা ;—পাকিস্তান, উ—গুরুদাসপুর, পূ—পেপসু ও বিপাসা নদী। রাবি, বিপাসা ও বহু সেচ-খাল থাকায় কৃষিই প্রধান উপজীবিকা ; বারিপাত ২২" মাত্র। আঃ ১৫৭৪ ব মা ; জন. ১৩,৬৭,০৪০।

**অমৃতসর** : নগর ; রাবি ও বিপাশা নদীর মধ্যে এক সরোবরকে কেন্দ্র করিয়া গড়িয়া উঠিয়াছে। কলিকাতা-পেশবার রেলপথের উপর স্টেশন ( ১১৭৩ মা )। বোম্বাই ১১৩৯ মা। জন. ৩,৬৩,০৪০। শিখগুরু রামদাস এক সরোবর তীরে ধর্মসাধনার আখড়া স্থাপন করেন ; বাদশাহ আকবর শাহ শিখদিগকে ৫০০ বিঘা জমি নিষ্কর দান করেন ; পরে গুরু অর্জুন সেই সরোবর তীরে মন্দির নির্মাণ করেন ; সেই মন্দিরকে সাধারণত Golden Temple বলা হয়। মন্দিরে 'গ্রন্থ সাহেব' হইতে অখণ্ড পাঠ ও ভজনাদি হয়। এই মন্দিরকে কেন্দ্র করিয়া অমৃতসর শহর হইয়া উঠে। ১৯৪৭-এ পাকিস্তান প্রতিষ্ঠিত হইলে তথাকার হিন্দু ও শিখরা ভারতে আসে এবং এখানে বহুসংখ্যক লোক উপনিবেশ স্থাপন করে। উদ্‌বাস্তু পঞ্জাবী শিখদের সংখ্যা বৃদ্ধি এবং তাহাদের বিবিধ শিল্পপ্রতিষ্ঠান স্থাপিত হওয়ায় এখানকার ব্যাংকিং কাজ বাড়িয়াছে। ফলে এখানে ২১টি ব্যাংকের অফিস আছে। কয়েকটি ব্যাংকের হেড অফিস এই নগরেই।

**অম্ব** (Amb) : প. পাকিস্তান—উ.-প. সী. প্রদেশের অন্তর্গত ক্ষুদ্র দেশীয় রাজ্য, হাজরা জেলার মধ্যে অবস্থিত। প্রধান শহর দারবন্দ।

**অম্বর, আমবের** (Amber) : রাজস্থান অন্তর্গত জয়পুর রাজ্যের পুরাতন রাজধানী ; জয়পুর হইতে ৭ মা, পাহাড়ের উপর। মীনা নামে এক উপজাতি এই স্থানের আদিম বাসিন্দা ; পরে রাজপুতরা আসিয়া দখল করে। ১৭ শতকে রাজা মানসিংহ যশোহর হইতে কালীপ্রতিমা লুণ্ঠন করিয়া লইয়া গিয়া অম্বর প্রাসাদ-মন্দিরে প্রতিষ্ঠিত করেন। ১৭২৮-এ অম্বর পরিত্যক্ত ও জয়পুর নূতন রাজধানী হয়। প্রাসাদাদি সমস্তই মুসলমান যুগের স্থাপত্য আদর্শে নির্মিত। বর্তমানে অম্বর জয়পুর জেলার মহকুমা ও তহশীল। মহকুমার আঃ ৯৭০ ব মা ; জন. ২,৩৭,২৬২ • ঘনতা ২৪৫। মিউনি. শহরের জন. ৬৪০৭।

**অম্বরগাঁও** (Ambergaon) : বোম্বাই ; থানা জেলার বন্দর ও শহর। বো-সুরাট রেলপথের অম্বরগাঁও রোড স্টেশন ( ৮৭ মা ) হইতে পশ্চিমে। জন. ৬৩৪৭। পীপলস্ ব্যাংক।

**অম্বরনাথ** (Ambarnath) : বোম্বাই রাজ্যের শহর। বোম্বাই-কল্যাণ-মদ্রাজ রেলপথের স্টে.। বোঃ হইতে ৩৮ মা। শিল্পশহর। জন. ২১,৫০০। কল্যাণ পীপলস্ কো-অপ. ব্যাংকের শাখা আছে। শহর হইতে এক মা. দূরে ৯ শতকের মধ্যভাগের এক মন্দির বিদ্যমান। ইহার স্থাপত্য বিশুদ্ধ হিন্দু বাস্তুবিদ্যাসম্মত। মন্দিরের ছাদ ৪টি কারুকার্য করা স্তম্ভের উপর আছে ; প্রাচীর গাত্রে পক্ষী, সিংহ, হস্তী খোদিত ; মধ্যস্থলে শিবমূর্তি।

**অম্বলিয়ারা, অমলিয়ারা** (Ambaliara, Amalyara) : বোম্বাই-এর পূর্বতন মহীকণ্ঠের করদরাজ্য। স্থানীয় রাজা বড়োদাকে কর দিতেন। বর্তমানে বোম্বাই পঞ্চমহল জেলার গোধরা তালুক অন্তর্গত স্থান। দেশ ভারতভুক্ত হইলে রাজা ২৬,০০০ টাকা বার্ষিক ভাতা পান।

**অম্বালা** (Ambala, Umbala) : পূর্ব পঞ্জাবের বিভাগ, জেলা ও শহর। বিভাগের অন্তর্গত জেলাঃ (১) অম্বালা, (২) হিসার, (৩) রোহতক, (৪) গুরগাঁও, (৫) করনাল, ও (৬) সিমলা। —জেলা। —উ. শতদ্রু নদী, দ.—করনাল জেলা ও যমুনা নদী। আ. ২৬২১ ব মা ; জন. ৯,৪৩,৭৩৪। জেলার কিয়দংশ পার্বত্য—শিবালিক পর্বতের পাদদেশে অবস্থিত ; বারিপাত ২৮"। জ্বাঠরা এদেশে প্রবল। — শহর। সাগরতল হইতে ১০৪০ ফুট উচ্চে। ব্যবসায় ও শিল্পের কেন্দ্র। সৈন্য ছাউনি আছে। দিল্লী ১২৩ মা, বোম্বাই ৯৮৮ মা। জন. ১,৫২,০২২। এখানে ৭টি ব্যাংকের মধ্যে উল্লেখযোগ্য ৫টি : ইলাহাবাদ, সেন্ট্রাল, স্টেট, পঞ্জাব-সিন্ধু, পঞ্জাব ন্যাশনাল।

**অম্বালাপুঝা** (Ambalapuzha) : তিরু-কোচীন রাজ্যের শহর। জন. ১৩,৪২১। ২টি ব্যাংক-শাখা আছে।

**অম্বাসমুদ্রম** (Ambasamudram) : মদ্রাজ রাজ্যের তিন্নেভেলী জেলার শহর, তিরুবঙ্কুর রাজ্য সীমান্তে অবস্থিত। তিন্নেভেলী হইতে রেলপথে ২২ মা; নিকটে পাপনাশ (দ্র) জলপ্রপাত ও তীর্থস্থান। অম্বাসমুদ্রমের জন. ২০,৫৬৮। এখানে ইনডো. কমার্স, পাণ্ডিয়ান ও সাউথ ইনডিয়ান ব্যাংকের শাখা এবং সেন্ট্রাল ব্যা.-এর পে-অপিস আছে।

**অম্বুর** (Ambur) : মদ্রাজ রাজ্য; উত্তর আর্কট জেলার শহর, মদ্রাজ-বঙ্গলুর ব্রডগেজ রেলপথের স্টেশন (১১৩ মা), পালার নদীতীরে অবস্থিত। জন. ৪০,৫০১। ইন্ডো-কমার্স ও সালেম ব্যাংক।

**অয়ুথিয়া** (Ayuthia) : সিয়াম বা থাই প্রদেশের প্রাচীন রাজধানী; ১৩৫২ ভারতের 'অযোধ্যা' নামের অনুকরণে স্থাপিত। ১৭৬৭ বর্মীদের দ্বারা প্রায় ধ্বংস হয়।

**অযোধ্যা** (Ajodhya) : অযোধ্যা বা আউধ নামে কোনো রাজনৈতিক প্রদেশ এখন নাই। উত্তর প্রদেশ স্টেটের লখনৌ ও ফৈজাবাদ বিভাগের ১২টি জেলা লইয়া ভূভাগকে পূর্বে 'আউধ' বলা হইত। মুঘলযুগে 'আউধ' নামে একটি সুবা ছিল। ১৮ শতকে লখনৌ 'আউধ' নবাবদের রাজধানী হয়। ১৮৫৬-তে শেষ নবাবকে রাজ্যচ্যুত করিয়া ডালহৌসি 'আউধ' ব্রিটিশ রাজ্যভুক্ত করেন; একজন চীফ কমিশনরকে শাসন-কার্যে নিযুক্ত করেন। ১৮৬১ আগ্রা প্রদেশের সহিত উহা যুক্ত হয়। ১৯০১-এ উত্তর-পশ্চিম প্রদেশের নূতন নাম হয় 'ইউনাইটেড্ প্রভিন্সেস অব্ আউধ এন্ড আগ্রা'। ১৯৩৫-এ 'আউধ' নাম বাদ দিয়া কেবল ইউ-পি-হয়। এখন 'উত্তর প্রদেশের' অন্তর্গত।

**অযোধ্যা** (Ajodhya) : উত্তর প্রদেশ; ফৈজাবাদ জিলার ঘর্ঘরা নদীতীরস্থ শহর। মুসলমান যুগে 'আউধ' শাসনকেন্দ্র ছিল। ১৮ শতকে নবাবদের রাজধানী ছিল। কিন্তু ১৭৬৫তে ফৈজাবাদে রাজধানী উঠিয়া গেলে 'আউধ' নিষ্প্রভ হইয়া যায়। ... রামায়ণ বর্ণিত অযোধ্যা নগরীর কোন চিহ্ন নাই; তবুও হিন্দুরা এই স্থানকে তীর্থ জ্ঞান করে। ...কলিকাতা হইতে ৫৩৮ মা।

**অররাজ** (Araraj) : বিহার; চম্পারন জেলার মোতিহারী মহকুমার এলাকার গ্রাম। এখানে অশোকের ৩৬ ফুট উচ্চ খোদিত স্তম্ভ আছে। স্তম্ভের নিচেকার বেড় ৪১'৮" ও উপরের বেড় ৩৭' ৯"।

**অরিওপেগাস্** (Areopagus) : গ্রীসের রাজধানী আথেন্সের শৈল; এইখানে নগরবৃদ্ধেরা রাজনৈতিক বিষয় আলোচনার জন্য সমবেত হইতেন বলিয়া এই সভাকে অঃ বলিত। সাধু পল্ এইস্থানে খ্রীষ্টের বাণী প্রচার করেন।

**অড়িকামেড়ু** (Arikamedu) : মদ্রাজ রাজ্য; পন্দিচেরির নিকটস্থ এইস্থানে প্রাচীনকালের রোমান বাণিজ্যের নিদর্শন পাওয়া গিয়াছে।

**অরিগন** (Oregon) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট; কালিফোর্নিয়া ও ওয়াশিংটন স্টেটের মধ্যে প্রশান্ত মহাসাগর তীরে অবস্থিত। ১৮৫৯-এ ইউনিয়নভুক্ত হয়। স্টেটের ৩০০ মা. উপকূল অত্যন্ত খাড়া ও পার্বত্য। কাস্‌কেড্ পর্বতমালার বন সম্পদ প্রচুর। খনিজের মধ্যে পারদ, ক্রোমাইট ও অ্যান্টিমনি উল্লেখযোগ্য। ...আঃ ৯৬,৯৮১ ব মা। জন. ১৫.২১ লক্ষ। রাজধানী, সালেম (Salem)। ...সংবিধান মতে ভোটারদের নিজ উদ্যোগ গ্রহণ (Initiative) ও Referendum করিবার অধিকার আছে।

**অরিযাবা** (Orizaba or Citialtepeti) : মেক্সিকো রাজ্যের আগ্নেয় পর্বত। উচ্চতম শিখর ১৮,৩০০ ফুট। ১৫৬৬তে শেষ অগ্ন্যুৎপাত হয়।

**অরিনোকো** (Orinoco) : দঃ আমেরিকার নদী; সিএরা পারিমা পর্বত হইতে উঠিয়া ভেনেজুএলা রাজ্যের মধ্য দিয়া গিয়া অতলান্তিক মহাসাগরে পড়িয়াছে। দৈর্ঘ্য প্রায় ১৫০০ মা। বহু নদী মিলিত হইয়া বিশাল অববাহিকা ও নদীর মোহনায় বহুভাগে বিভক্ত হইয়া বৃহৎ বদ্বীপ হইয়াছে। তীর অরণ্যময়। নদী ও শাখা নদীগুলি বহু শত মাইল নাব্য।

**অরুণ** (Arun) : নেপালের নদী; এভারেস্ট ও কাঞ্চন-জঙ্ঘার মধ্যে প্রবাহিত বেগবতী স্রোতস্বতী। ২০

মাইলে ৪৫০০ ফুট নামিয়াছে। সমতলে আসিবার পূর্বে পূর্বদিক হইতে তামার ও পশ্চিম হইতে শোনকোশী আসিয়া মিলিত হইয়াছে। এইখানে মৈসুমী বৃষ্টি প্রচুর পরিমাণে হয়। এই বিশাল জলধারা বিহারের কোশী দিয়া প্রবাহিত হইয়া প্রতি বৎসর প্রলয় সৃষ্টি করিতেছে।

**অরুণাচল** (Arunachal): কাছাড় জেলার শিলচর শহরের নিকটবর্তী এক পাহাড়ের উপর ঠাকুর দয়ানন্দ (দ্র.) প্রতিষ্ঠিত আশ্রম ও অঃ মিশনের কেন্দ্র। পরে দেওঘরের নিকট 'লীলাশ্রম' নামে একটি সাধন ক্ষেত্র নির্মিত হয়।

**অরুপ্পুকোট্টা** (Aruppukottah): মদ্রাজ রাজ্য; রামনাথপুরম জেলার তালুক ও শহর। মাদুরাই-এর দক্ষিণে বিরুধুনগর ও রামনাদের মধ্যে অবস্থিত। ব্যবসায়ের কেন্দ্র। জন. ৪৮,৬৫০। পাণ্ড্য ও কেন্দ্রীয় সমবায় ব্যাংক আছে।

**অরেন্‌জ ফ্রী স্টেট** (Orange Free State; Oranje-Vrystaat): দঃ আফ্রিকা ইউনিয়নের একটি প্রদেশ। উ—ট্রান্সভাল, দ ও প—কেপ কলোনি, পূ—নাটাল। আ. ৪০,৮৬৬ ব মা। জন. শেতাঙ্গ ২,২৭,৬৫২; অসিতকায় ৭,৯০,৪৩০। মোট ১০·১৮ লক্ষ ('৫১)। ...১৮১০—২৪-এর মধ্যে কয়েকদল ওলন্দাজ চাষী (Boer) এখানে উপনিবেশ গড়ে। ১৮৪৮ এতদঞ্চলে ব্রিটিশ আধিপত্য সুরু হয়। ১৮৫৬ বুঅররা অঃ ফ্রী স্টেট নামে রিপাবলিক গঠন করে। বুঅর যুদ্ধে ট্রান্সভালের সহিত যোগ দিয়া (১৮৯৯—১৯০১) ইহারা পরাভূত হয়, তখন দেশের নাম হয় অঃ রিভার কলোনী। ১৯০৭-এ দায়িত্বপূর্ণ স্বরাজ লাভ করে ও ১৯১০ ৩১ মে দঃ আফ্রিকার ইউনিয়নের প্রদেশরূপে গৃহীত হয়; তদবধি অঃ ফ্রীঃ স্টেট নামে পুনরায় পরিচিত।...প্রাদেশিক শাসনকর্তাকে অ্যাডমিনিস্ট্রেটর বলে। পাঁচ বৎসরের জন্য নির্বাচিত ২৫ সদস্যের কাউন্সিল হইতে ৫ জন লইয়া কর্মসমিতি আছে।...রাজধানী ব্লুমফনটেইন (Bloemfonteine)। অরেন্‌জ ফ্রী স্টেট রাজ্যের মোট আয় ৪৬,৩৬,৩৬১ পাঃ ('৫১)। ঐ বৎসরে শিক্ষার জন্য ব্যয় হয় ২৩,৯০,১৯১ পাঃ।

**অরকনে** (Orkney Islands): স্কটলন্ডের উত্তর উপকূলের ৬ মা উত্তরে ৯০টি দ্বীপের সমষ্টি; ইহার ২৯টি মাত্র দ্বীপে লোক বসতি আছে। ৮৭৫—১২৩১ পর্যন্ত দ্বীপগুলি নর্সদের অধীন ছিল; ১৪৬৮ হইতে স্কটলনডের অন্তর্গত; এখন একটি কাউনটি। উপজীবিকা—কৃষি ও মৎস্য-ব্যবসায়। দ্বীপগুলির মিলিত আয়তন ৩৭৫·৫ ব মা। ১৯১১ অব্দে জনসংখ্যা ছিল ২৫,৮৯৬ কমিয়া ১৯৫৩-এ ২০,৯৫৫ হইয়াছিল। রাজধানী কির্কওয়াল (Kirkwall)।

**অর্‌জরুম** (Erzurum, Erz-rum, Arzerum): তুর্কী রিপাব্‌লিকের প্রদেশ ও শহর। পারস্য ও ইউরোপের মধ্যে বাণিজ্য পথের উপর অবস্থিত বলিয়া বহুকাল হইতে জনপূর্ণ ছিল। অধিবাসীরা আর্মেনিয়ান; ১৮৯৫ ও ১৯১৫এ তুর্কীরা খ্রিষ্টান আর্মেনিয়ানদের হত্যা করে। ... জন. ৫৫ হা।

**অর্‌মুজ** (Ormuz): (১) পারস্য ও ওমন উপসাগরের মধ্যে প্রণালী। (২) ইরানের একটি দ্বীপ। ৪ শতক হইতে পারসিক, আরব ও ভারতীয়দের বাণিজ্য-কেন্দ্র। ১৫১৫ পোর্তুগীজদের দ্বারা অধিকৃত হয়; ১৬২২ পারসিকরা ইংরেজের সাহায্যে এই দ্বীপ উদ্ধার করে। বর্তমানের বাণিজ্য উল্লেখযোগ্য নহে।

**অর্‌বি** (Arvi): মধ্যপ্রদেশ; ওয়র্ধা জেলার শহর; ওয়ার্ধা হইতে ১৯ মা পশ্চিমে পুলগাঁ জং (কলিকাতা হইতে ৭৭১ মা) হইতে নির্গত শাখা রেলপথের শেষ স্টেশন অর্বি (২২ মা)। ব্যবসায়ের কেন্দ্র। জন. ১৮,২২৩। নাগপুর ব্যাংকের শাখা ও স্টেট ব্যাংকের পে-অফিস।

**অর্‌লেআঁ, অর্লেআন্স** (Orleans): ফ্রান্সের লোয়ার (Loire) নদীতীরের শহর। ১৪২৮-২৯-এ ইংরেজরা অঃ অবরোধ করে। জোয়ান অব্‌ আর্ক-এর (দ্র) চেষ্টায় ইংরেজকে অবরোধ উঠাইতে হয়। ... বিশ্ববিদ্যালয় ১৩০৯-এ প্রতিষ্ঠিত। জন. ৬৩ হা।

**অর্‌সিকেরে** (Arsikere) মহীশূর রাজ্য; হাসান জেলার উত্তরাংশে অবস্থিত শহর। ১২ শতকে ২য় বল্লালের সময়ে নির্মিত একটি অতি সুদৃশ্য মন্দির আছে। মহীশূরের প্রাচীন রাজধানী চেন্নরায়পটনম্‌ ৩২ মা দক্ষিণে। (দ্র. শ্রবণবেলগোলা) ইহা বোম্বাই-মদ্রাজ

রেলপথের স্টেশন ও জংশন। বোম্বাই ৬৪২ মা. ও মদ্রাজ ৩২৫ মা.। অঃ হইতে মহীশূর নগর পর্যন্ত রেলপথ আছে (১০৩ মা.) ... জন. ১৪,৩৯০। মহীশূর ব্যাংক ও কানাড়া ইনডাস্ট্রি. ব্যাংকের শাখা—অপিস আছে।

**অল্ওয়ার, অল্বার** (Alwar) : পূর্বতন রাজস্থানের করদ রাজ্য। আঃ ৩১৫৮ ব মা। রাজস্ব ৪০ লক্ষ। ... বর্তমানে অলওয়ার রাজস্থানের জেলা, পূর্ব-রাজস্থান সমজম অঞ্চলে অবস্থিত। আ. ৩,২৪৫ ব মা। জন. ৮·৬২ লক্ষ। গ্রাম, ১৮১৭, শ. ১১। ঘনতা ২৬৬। ... অলঃ শহর (জন. ৫৮ হা) দিল্লী হইতে ৯৮ মা রেলপথে। রাজপ্রাসাদ অতি মনোরম; প্রাসাদ গ্রন্থাগারে পারসিক গুলিস্তাঁর একখানি কপি আছে, উহা করাইতে ১·৩০ লক্ষ টাকা ব্যয়িত হয় বলিয়া শোনা যায়। অলওয়ার ও জয়পুরের রাজাদের একই পূর্বপুরুষ। ইতিহাসে নাম রাখিবার মতো কোনো ঘটনা নাই। ১৮০৩ ইংরেজের সহিত মিত্রতা সূত্রে আবদ্ধ হয়। ব্রিটিশকে কোনো কর দিতে হইত না। মহারাজা ১৫ তোপের সম্মান পাইতেন। ভারতের মুক্তি আন্দোলনের সহিত সহানুভূতি থাকার অপরাধে ১৯৩৩-এ মহারাজ গদিচ্যুত হন; সেই হইতে সেখানে প্রধান মন্ত্রীই দেশ শাসন করিতেন। ... ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইবার পর রাজা ৫,২০,০০০ টাকা বার্ষিক ভাতা পান। ...এখানে ৪ ব্যাংক আছে; জয়পুর, স্টেট, পঞ্জাব ন্যাশঃ, ইউনাঃ কমার্স।

**অল্ওয়ে** (Alwaye) : তিরুবঙ্কুর-কোচীন রাজ্যের শহর। প্রবাদ অলওয়ে নদীতীরে শঙ্করাচার্যের জন্মভূমি ছিল। তজ্জন্য শিবরাত্রির দিন মেলা হয়। কোচিন হইতে ১৭ মা উত্তরে রেলপথের উপর এই শহর। জন. ১৬,৩৫৪। এখানে দুষ্প্রাপ্য মৃত্তিকা (Rare Earth) সম্বন্ধে গবেষণাগার ও ফ্যাক্টরী স্থাপিত হইয়াছে (১৯৫২ এপ্রিল)। ভারত ও তিরু-কোচিন সরকারের পৃষ্ঠপোষকতায় এক কোম্পানী গঠিত হইয়া এই কাজ করিতেছে। বোম্বাই-এর নিকট ট্রম্বয়ে ইহাদের একটি শাখা খোলা হইয়াছে। এখানে ১৪টি ব্যাংক।

**অলকানন্দা** (Alakananda) : গঙ্গা নদীর উত্তরাংশের নাম। হিমালয়ের বিষ্ণুগঙ্গা ও সরস্বতী-গঙ্গার মিলিত জলধারা। গরবালের রাজধানী শ্রীনগর অ. র উপর অবস্থিত।

**অল্জয়াইর** (Algiers) **আল্ঝিয়ের** : অল্জিরিয়ার রাজধানী ও ভূমধ্যসাগর তীরস্থ বন্দর; ফরাসী বন্দর মার্সেল্স হইতে ৫০০ মা। ফঃ গভর্ণর-জেনারেলের বাসস্থান ও নৌ-ঘাঁটি। রোমান, প্রাচীন খ্রীষ্টান ও আরবদের বহু স্থাপত্যকীর্তি নগরীর নিকটে আছে। জন. ৩,১৫,২১০ ('৪৮)।

**'জিরিয়া** (Algeria) : উঃ আফ্রিকার ভূমধ্যসাগর তীরস্থ ফরাসী রাষ্ট্রের অন্তর্গত দেশ। এইখানে প্রাচীন নিউমিডিয়া রাজ্য ছিল; পরে ফিনিক উপনিবেশ ও কার্থেজ সাম্রাজ্যের অন্তর্গত হয়। রোমানরা ৪৬ খ্রী. পূ. এই অঞ্চল জয় করে ও প্রায় পাঁচশত বৎসর নিজ অধিকারে রাখে। রোঃ সাম্রাজ্যের পতনের পর ভান্ডাল (Vandal) নামে জারমেনীয় উপজাতি দ্বারা অধিকৃত হয়। ৭০০ খ্রী. অ. আরবরা জয় করিয়া ইসলাম ধর্ম ও আরবী ভাষা ও সংস্কৃতি প্রবর্তন করে। নানা রাজবংশের উত্থান-পতনের পর ১৬ শতকে ওথমান তুর্কীরা উত্তর আফ্রিকার প্রভুত্ব পাইয়া ১৯ শতক পর্যন্ত সেখানে কায়েম থাকে। তুর্কী শক্তি দুর্বল হইয়া পড়িলে এই দেশের সমুদ্র উপকূল জলদস্যুদের ঘাঁটিতে পরিণত হয়। এই জলদস্যুদের উৎপাত দূর করিতে গিয়া ধীরে ধীরে ফরাসীরা এই দেশের শাসনকর্তা হইয়া দাঁড়ায়।...১৮৪৮-এ অলঃ সরকারীভাবে ফ্রান্সের খাস কলোনী হয়। বিংশ শতকে অল্জিরিয়ানদিগকে ফরাসী নাগরিকের সম-অধিকার দিবার প্রস্তাব পেশ হয়; কিন্তু ব্যাপকভাবে ঐ প্রস্তাব জনতা কর্তৃক অনুমোদিত হয় নাই। ২য় মহাযুদ্ধের পর ১৯৪৭ হইতে অধিবাসীদিগকে নানাভাবে আয়ত্তে রাখিবার চেষ্টা চলিতেছে, কিন্তু জাতীয়তাবাদী অল্জিরিয়ানরা ফরাসী শাসন-নিরপেক্ষ পরিপূর্ণ স্বাধীনতাই চাহে।...দেশের আ. ৮,৪৭,০০০ ব মা। জন. ৮৬·৮১ লক্ষ ('৪৮)। ইহার মধ্যে ৮·৫৫ লক্ষ

ফরাসী ও অন্যান্য য়ুরোপীয় ১'৩৩ লক্ষ। অবশিষ্ট আরব ও বার্বার জাতীয় লোক। উত্তরাংশ কৃষি-প্রধান। আটলাস পর্বতে নানাবিধ খনিজ আছে।

**অলতা** (Alta) : বোম্বাই, কোলাহপুর হইতে ১২ মা দূরের গ্রাম ; এখানে লিঙ্গায়েত শৈবদের মন্দির আছে। প্রবাদ অউরঙ্গজেব 'অলমপ্রভু' মন্দিরে একটি জলচৌকী উপহার দেন। পূর্বে ভক্তরা এখানে স্বেচ্ছায় জীবন্ত সমাধি হইতেন। নিকটস্থ বৌদ্ধ ও জৈন গুহামন্দির এখন হিন্দু মন্দিরে পরিণত হইয়াছে।

**অলবরুস** (Elbrus) : সোভিয়েত জর্জিয়া রাজ্যের ককেসাস পর্বতের শিখর, ১৮,৪৬৬ ফুট উচ্চ।

**অল্‌বুর্জ** ( Elburz ) : ইরানের উত্তরে পর্বতমালা ; হিন্দুকুশ পর্বতের একাংশ। ইহার পূর্বদিক দিয়া রেলপথ কাস্পিয়ান হ্রদের তীরে বন্দরশাহ পর্যন্ত গিয়াছে। এই পর্বতের একটি শৃঙ্গ দেমবেন্দ ( Demavend ) ১৮,৬০০ ফুট উচ্চ।

**অলান্‌, অলন্‌ড** (Aaland, Aland) : ফিন্‌ল্যন্‌ডের দ্বীপ ; ফিনিশ ভাষায় Ahvenanmaa। বোথনিয়া উপ-সাগরের প্রবেশ মুখে বাল্‌টিক সাগরের (৩০০) দ্বীপ-পুঞ্জের সাধারণ নাম। জন ২৭ হা। বাসিন্দার অধিকাংশই সুইড্‌, কারণ ১৮০৯—১৯১৮ পর্যন্ত দ্বীপ-গুলি সুইডেনের অন্তর্গত ছিল। ১৯১৮-এ লোকমত গৃহীত হইলে তাহারা সুইডেনের মধ্যে যাইতে চায় ; কিন্তু লীগ্‌ অব্‌ নেশনস্‌ কয়েক বৎসর নিজেদের হেপাজতে রাখিয়া ফিন্‌ল্যন্‌ডকে অর্পণ করেন (১৯২৩)।

**অলিম্পিয়া** ( Olympia ) : প্রাচীন গ্রীসের পীঠস্থান। দঃ গ্রীসের পেলোপনেসাস উপদ্বীপের গ্রাম। খ্রী. পূ ৭৭৬ হইতে খ্রী. অ. ৩৯৩ পর্যন্ত সহস্র বৎসর ধরিয়া প্রতি চারি বৎসর অন্তর এখানে গ্রীকদের ক্রীড়া ও শারীরিক কসরতের অনুষ্ঠান প্রতিযোগিতা হইয়াছিল। ভাল ভাল নাটক অভিনয় হইত। বিজয়ীরা জলপাই-এর পাতার মুকুট মাত্র পুরস্কার পাইত ; তবে যে নগর বিজয়ী হইত, নানাভাবে সম্মানিত হইত। ( দ্রঃ অলিম্পিক ক্রীড়া—সাধারণ )।

**অশান্টি** ( Ashanti ) : পঃ আফ্রিকার গোল্ডকোস্ট বা স্বর্ণ উপকূল রাজ্যের আদিম নিগ্রো বাসিন্দাদের দেশ। ১৮০৭-১১ ইংরেজরা বাণিজ্য শুরু করে। ১৮৭৪ নিগ্রোদের রাজধানী কুমাশি ইংরেজ বণিকরা দগ্ধ করিয়া দখল করে। ১৮৯৬-ইংরেজ এই দেশের 'রক্ষক' ও ১৯০১-এ অধিপতি হয়। স্বর্ণ, রবার, কোকো প্রভৃতি বহুবিধ খনিজ ও বনজ সম্পদ পূর্ণ এই দেশ। ( দ্রঃ গোল্ড কোস্ট )। চীফ রিজিয়নাল অফিসার গোঃ কোঃ গবর্নরের অধীনে শাসন করেন। দেশের আ ২৪,৩৭৯ ব মা। জন. ৮,২৩,৬৭২ ( অন-আফ্রিকান ১১৮৭ ) (৪৮)। কুমাশি ( জন. ৭৮ হা ) প্রধান শহর।

**অশিক্নী** ( Ashikni ) : বৈদিক নদী। গ্রীকদের আকেসিনেস ( Akesines )। বর্তমান নাম চন্দ্রভাগা বা চেনাব।

**অশ্মক** (Asmaka) : বৌদ্ধ গ্রন্থের অস্মক। গোদাবরী ও নর্মদা নদীর মধ্যস্থিত প্রাচীন ভারতের দেশ ; রাজধানী প্রতিষ্ঠান বা পোত্তন বা পোতনি। …এই নামে একজাতি প্রাচীনকালে উত্তর-পশ্চিম ভারতে বাস করিত।

**অষ্ট** (Ashta), **অষ্টি** : (১) বোম্বাই, সাতারা জেলার ভীমা নদীতীরস্থ শহর। জন. ১০ হা। ১৮১৮ ফেব্রু ২০ এখানে পেশবা বাজিরাও-র সৈন্য ও ইংরেজের সহিত যুদ্ধ হয়। (২) ভূপালের শহর। জন. ৫৬৪০।

**অষ্টগ্রাম** (Astagram) : পূ. পাকিস্তান, ময়মনসিংহ জে. কিশোরগঞ্জ মহ.র থানা ; আ. ৯২ ব মা। মেঘনা তীরের গ্রাম, ডাকঘর। হিন্দুপ্রধান না হইলেও এককালে হিন্দুদের প্রাধান্য ছিল।

**অস্‌কা** (Aska) **অসিকা** (Asika) : ওড়িশা রাজ্য. গঞ্জাম জে. বরহমপুর মহকুমার শহর। জন. ৬,৩৭১। কে. সমবায় ব্যাংক। পো. ও টেলি।

**অসি** (Asi) : কাশীর দক্ষিণ দিকের ক্ষুদ্র নদী। বরুণা ও অসি নদীর সঙ্গমে বারাণসি নগর।

**অসিয়া** (Osia) : রাজস্থান ; জোধপুর হইতে ৩২ মা. উ-পশ্চিমে গ্রাম। ৪ শত বৎসর পূর্বে জৈন ও হিন্দুদের বিশিষ্ট নগর ছিল। এখানে অনেকগুলি মন্দির আছে ; প্রত্যেকটির পরিকল্পনা পৃথক ; ইহাই এগুলির বৈশিষ্ট্য। আকারে ক্ষুদ্র হইলেও হরিহর মন্দিরের নির্মাণ-কুশলতা অপূর্ব বলিয়া স্বীকৃত।

সূর্য মন্দিরও প্রশংসিত। তবে এখানকার শ্রেষ্ঠ স্থাপত্য মহাবীর মন্দির, জৈন কীর্তি। অসিয়ার স্থাপত্য ও ভাস্কর্য সম্বন্ধে বিস্তারিত আলোচনা হইয়াছে।

**অসির** (Asir): আরাবিয়ার অন্যতম রাজ্য। আ. ২৫ হা. ব. মা। জন ১০ লক্ষ। হেজাজ ও ইয়েমেন মধ্যে উপকূলস্থিত দেশ। ১৯৩০-এ ইবনে সাউদিকে রাজা বলিয়া স্বীকার করিয়া লইয়াছে। রাজধানী সাবিয়া (Sabiya)।

**অসিরগড়, অসীরগড়** (Asirgarh): মধ্যপ্রদেশ, নিমার জেলায় সাতপুরা পাহাড়ে হাজার ফুট উচ্চে একটি বিচ্ছিন্ন শৈলের উপর অবস্থিত দুর্গ; বোম্বাই-ইটরসি রেলপথের চাঁদনী স্টে:.(৩২২) হইতে ৭ মা ও বুরহানপুর হইতে ১২ মা. দূরে। কিংবদন্তী এই দুর্গ হৈহয় রাজাদের দ্বারা নির্মিত। অহমদনগরের পতনের পর খানদেশের দুর্ভেদ্য অসিরগড় দুর্গ আকবরের হস্তগত হয় (১৬০১)। আসাই-যুদ্ধে (১৮০৩) মারাঠারা পরাজিত হইলে এই দুর্গ ওয়েলেস্‌লি দখল করেন; পরে প্রত্যার্পিত হয় ও পুনরায় ১৮১৯-এ অধিকৃত হয়। ১৯০৪ পর্যন্ত এখানে সৈন্য ছাউনি ছিল।

**অসীরিয়া** (Assyria): পশ্চিম এসিয়ার প্রাচীন লুপ্ত রাজ্য। তাইগ্রিস নদী তীরস্থ অসুর নামে নগরকে কেন্দ্র করিয়া সাম্রাজ্য গড়িয়া উঠে। অধিবাসীরা সেমেটিক জাতীয়। খ্রী. পূ. ২৫০০ এই জাতির উল্লেখ পাওয়া যায়। তবে তখন তাহারা বাবিলুদের অধীন; খ্রী পূ ১৪০০ ইহারা স্বাধীন হয় এবং কিছু-কাল বাবিলুদের উপর প্রভুত্ব করে। প্রায় ৮০০ বৎসর অসুরীয়েরা প্রতিবেশী জাতিসমূহ ও সুদূরের হিটাইটদের দেশ অধিকার করিয়া প্রবল ছিল। ইহাদের শাসন অত্যন্ত কঠোর; যুদ্ধের সময় নর-হত্যায় ইহারা অপার আনন্দ পাইত; শিলালেখে রাজারা কত সহস্র নরহত্যা করিয়াছিলেন, তাহার সংখ্যা সগর্বে লিপিবদ্ধ করিতেন। খ্রী. পূ. ৭০০ ইহাদের চরম উন্নতির পর্ব; ফিলিস্তান, সীরিয়া, আনাতোলিয়ার বহুল অংশ সাম্রাজ্যভুক্ত হয়। অসুর-আ-উদ্দিন (Essarhaddon) মিশর জয় করেন। ইহার পরেই সাম্রাজ্যের অধঃপতনের সূত্রপাত। এই পর্বে একজন সম্রাটের নাম উল্লেখযোগ্য; তিনি অসুরবানিপাল। ইনি রাজধানী নিনেভায় বিরাট গ্রন্থালয় স্থাপন করেন। প্রাচীনকালের ভাষার ব্যাকরণ, শব্দতালিকা, অনুবাদ প্রভৃতি সংগৃহীত হয়। এই লাইব্রেরীর পুস্তক পাতলা ইটের উপর খোদিত। কিন্তু অসুরবানিপালের সময় হইতে রাজ্য দুর্বল হইয়া পড়ে; মিশর স্বাধীন হয়। অতঃপর প্রতিবেশী রাজ্য মীড় ও পরে পারসিকরা প্রবল হইয়া অসীরিয়া রাজ্য গ্রাস করে। অঃ সম্বন্ধে যাবতীয় জ্ঞান প্রত্নতত্ত্বের উপর প্রতিষ্ঠিত। সমস্তই মৃত্তিকা খনন করিয়া পাওয়া গিয়াছে,—প্রাসাদ, মন্দির, কবর গৃহ, শিলালেখ, স্থাপত্য, ভাস্কর্যাদি। বোটা (Botta) চেসনি, লেয়ার্ড, স্মিথ, রসম প্রভৃতি বহু প্রত্নতত্ত্ববিদের চেষ্টায় লুপ্তলিপির পাঠোদ্ধার ও তাহার অর্থবোধ হইয়াছে। অসুরিয়রা প্রাচীন জগতের শ্রেষ্ঠ ইমারত নির্মাতা। ইহাদের শিলালেখ পদ্ধতি পারসিকরা ও পারসিকদের নিকট হইতে ভারতীয়রা শিক্ষা করে। ভাস্কর্যের মধ্যে সিংহ অঙ্কনে ও তক্ষণে ইহারা তুলনাহীন।

**অসুয়ান** (Aswan, Assuan): মিশরের দক্ষিণে নীল নদতীরস্থ শহর; নিকটে গ্রানাইট্ পাথরের খনি ও প্রাচীনস্থাপত্য কীর্তি আছে। এইখানে ১৯০২-এ নীলের বন্যার জল ধরিয়া রাখিবার জন্য বৃহৎ বাঁধ নির্মিত হয়। দেড় মাইল দীর্ঘ বাঁধে ১৮০টি লোহার স্লুইস বা দ্বার আছে। ২৪২ কোটি ঘন মিটর জল ধরে; ইহার সাহায্যে মিশরের তুলার চাষ চলে। ১৯১২ ও ১৯৩২-এ বাঁধের খাড়াই বেশি করা হয়। বর্তমানে ১১৬ ফু. উচ্চ জলবিদ্যুত উৎপাদন ব্যবস্থা হইতেছে। এই বাঁধের ইঞ্জিনীয়ার ছিলেন স্যার উইলিয়ম্ উইলকক্‌স্।

**অস্‌টেন্‌ড** (Ostend ; Ostende): বেল্‌জিয়ামের সমুদ্র-তীরস্থ বন্দর। ইংলন্ডের উপকূল হইতে ৬০ মা। জন. ৫২ হা ('৫২)।

**অস্‌টারলিট্‌স**: (দ্রঃ আউসটারলিৎজ।)

**অস্ট্রিয়া** ( Austria : Die Republik Osterreich ) : মধ্য ইউরোপের রাজ্য। বর্তমানে ইহার আকার অতি ক্ষুদ্র; আল্‌প্‌স পর্বতের শাখাপ্রশাখায় দেশ পূর্ণ বলিয়া কৃষিযোগ্য ভূমি নিতান্ত কম্। প্রধান নদী দানিয়ুবের উপত্যকাভূমে কৃষি হয়। খনিজ সম্পদ অল্প নহে, তবে কয়লা বা পেট্রোল না থাকায় জল-বিদ্যুৎ সাহায্যে শিল্পাদি চালাইতে হয়। রাজধানী ভিয়েনায় ( Vienna ) রাজ্যের এক-চতুর্থাংশ লোক বাস করে ( সাড়ে সতের লক্ষ )। রাজ্যের ৪ বিশ্ববিদ্যালয় বিচিত্র জ্ঞানবিজ্ঞান চর্চার জন্য খ্যাত। মধ্যযুগে দানিয়ুব নদীতীরে পবিত্র রোমান সাম্রাজ্য রক্ষার জন্য সীমান্তে (mark) এক দুর্গ নির্মিত হয়; ১১৫৬-তে ঐ দুর্গ-নগরীর রক্ষণাবেক্ষণ ভার এক ডিউকের উপর অর্পিত হয়। ১২৮২ ভিয়েনার ডিউকের জমিদারী বিবাহসূত্রযোগে হাপসবুর্গ পরিবারের হাতে আসে। এই পরিবারের রাজারা ১৯১৮ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। ইতিমধ্যে ১৫১৯ হপসবুর্গ বংশের ডিউক ৫ম চার্লস পবিত্র রোমান সাম্রাজ্যের সম্রাট পদে নির্বাচিত হওয়ায় ১৭-১৮ শতক অস্ট্রিয়া ও পবিত্র রোমান সাম্রাজ্য প্রতিশব্দ বাচক ছিল। ১৮০৪-এ অস্ট্রিয়ার ডিউক অস্ট্রিয়ার সম্রাট উপাধি গ্রহণ করিলেন। কিন্তু ১৮০৬-এ নেপোলিয়ান পঃ রোঃ সাঃ ভাঙ্গিয়া দেওয়ায় অস্ট্রিয়ার রোমান সম্রাট পদ লোপ পাইল। তবে তাঁহার নূতন অস্ট্রিয়ান সম্রাট পদ থাকিয়া গেল; সেই পদ ১৯১৮ প্রথম মহাযুদ্ধের পর রিপাব্‌লিক স্থাপিত হওয়া পর্যন্ত হাপসবুর্গ পরিবারে বর্তায়।

প্রথম মহাযুদ্ধের পূর্বে ( ১৯১৪ ) অস্ট্রিয়া বলিতে বিশাল রাজ্য বুঝাইত; ১৪ জাতি ও উপজাতি এই সাম্রাজ্য মধ্যে বাস করিত। আ. ছিল ১,১৫,৫৩৩ ব মা; জন. ৩ কোটি। তখন হাঙগেরি অস্ট্রিয়ার সহিত যুক্ত ছিল এবং সমগ্র রাজ্যকে অস্ট্রিয়া-হাঙগেরি বলা হইত। বর্তমান যুগোস্লাবিয়ার অংশ, সমগ্র চেকোস্লোভাকিয়া, আলবেনিয়া সবই এই সাম্রাজ্যের অন্তর্গত ছিল। প্রথম মহাযুদ্ধের অন্যতম কারণ অস্ট্রিয়ান যুবরাজের হত্যা ( ১৯১৪, ২৮ জুন )। চারি বৎসর যুদ্ধের পর জারমানি ও অস্ট্রিয়া পরাজিত হয়। ভার্সাই সন্ধি অনুসারে অস্ট্রিয়ান সাম্রাজ্য ভাঙিয়া দেওয়া হইল। রাজ্য হ্রাস পাইয়া হইল মাত্র ৩৪,০৬৪ ব মা। জন. হইল ৭০ লক্ষ ( ৩ কোটির স্থলে )।

অস্ট্রিয়ান সম্রাট ফ্রান্সিস জোসেফ ( ১৮৪৮-১৯১৬ )-এর মৃত্যুর পর শেষ সম্রাট ১৯১৮ নভেম্বর যুদ্ধ বিরতির সঙ্গে সঙ্গে রাজপদ ত্যাগ করিয়াছিলেন। বিদেশে হাপসবুর্গ পরিবারের শেষ রাজার মৃত্যু হয় ( ১৯২২ )।...রিপাব্‌লিক শাসন তন্ত্র ভিয়েনায় প্রতিষ্ঠিত হইল। সংবিধান মতে প্রেসিডেন্ট ৬ বৎসরের জন্য নির্বাচিত হন। ২টি ব্যবস্থাপক সভা। নিম্ন পরিষদে ( নাশন্যাল রাট্ ) ১৬৫ সদস্য প্রাপ্তবয়স্ক সকল নর-নারীর ভোট দ্বারা ৫ বৎসরের জন্য নির্বাচিত। উচ্চতর পরিষদ ৯ প্রদেশের নিজ নিজ ডীট্ (Diet) বা শাসন পরিষদ হইতে মনোনীত সদস্য দ্বারা গঠিত (৫০)। এই সভা ( বুন্দেস রাট্ ) পরামর্শ দাতা মাত্র। প্রেসিডেন্ট মন্ত্রিমণ্ডল মনোনয়ন করেন।...দ্বিতীয় মহা-যুদ্ধের পূর্বে হিট্‌লার জারমানি ও অস্ট্রিয়ার অর্থনৈতিক পার্থক্য লোপ করিয়া দেন।...১৯৩৮, মার্চ ১১, জারমান নাৎসি সৈন্য ভিয়েনা দখল করে; দেশের নাম বদলাইয়া Ostmark রাখে। যুদ্ধান্তে ( ১৯৪৫ ) ইংরেজ, ফরাসী, মার্কিন ও রুশ অঃ-কে চারিটি ভাগ করিয়া শাসন করিতে থাকে। ১৯৪৯-এ পুরাতন রিপাব্‌লিক শাসনতন্ত্র পুনঃপ্রবর্তিত হয়।

অস্ট্রিয়ার জারমানরা বেশির ভাগ রোমান কাথলিক খ্রীষ্টান। নাৎসি শাসন আমলে ইহুদীরা প্রায় নিশ্চিহ্ন হইয়া যায়। নাৎসি দখলের সময় অনাৎসি সাহিত্য, অ-নাৎসি ভাবদ্যোতক গ্রন্থাদি বিদ্যালয়ে অধ্যাপনা নিষিদ্ধ হয়। আবার যুদ্ধান্তে নাৎসি লেখক, অধ্যাপক দেশ হইতে বিতাড়িত হইল। নূতন চারি জাতির কর্তাদের সময়ে তাহাদের মতানুসারে নূতন ধরনের শিক্ষা-ব্যবস্থা, পাঠ্যতালিকা প্রবর্তিত হইয়াছিল। ...শিক্ষা ও উচ্চতর জ্ঞানালোচনায় অস্ট্রিয়ানরা বরাবরই অগ্রসর। বিশ্ববিদ্যালয় ভিয়েনা ( ১৩৬৫ ), গ্রাৎজ ( ১৫৮৬ ), ইন্‌সব্রুক ( ১৬৭২ )।... অস্ট্রিয়া শিল্প প্রধান দেশ। ৩,২৮,০০০ ক্ষুদ্র-বৃহৎ শিল্প-

প্রতিষ্ঠানে ২০ লক্ষ শ্রমিক কাজ করিত। রাজ্যের প্রধান শিল্পকেন্দ্রের স্থূলাংশ সোভিয়েত দখলীভাগে পড়িয়াছিল।...১৯৫৫-এ. অস্ট্রিয়া হইতে সমস্ত বিদেশী শক্তি অপসারণের ব্যবস্থা হয়।

**অস্ট্রিয়া-হাঙগেরি** ( Austria-Hungary ) : অস্ট্রো প্রুশিয়ান যুদ্ধে ( ১৮৬৬ ) অস্ট্রিয়ার পরাজয়ের পর যে সন্ধি হয়, তাহার ফলে হাঙগেরিকে আত্মকর্তৃত্ব দিতে অঃ সম্রাট বাধ্য হন। ১৮৬৭ জুন মাসে বুডাপেস্টে সম্রাট সম্রাজ্ঞীর অভিষেক হয়; সেখানে ইহারা হাঙগেরির রাজা-রানীরূপে ঘোষিত হন। ১৮৬৭ হইতে ১৯১৮ পর্যন্ত অ—হ. যুগ্ম নামে সর্বদা উল্লেখিত হইত। আ. ২·৬১ লক্ষ ব মা। জন. ৫ কোটি।

**অস্ট্রেলিয়া** (Australia) : দঃ গোলার্ধে প্রশান্ত মহাসাগরস্থিত ব্রিটিশ কমনওয়েল্‌থের অন্তর্গত দ্বীপরাজ্য। নিরক্ষ রেখার দক্ষিণে (austral) অবস্থিত বলিয়া নাম অঃ। ইহার আয়তন টাস্‌মেনিয়া দ্বীপ সমেত ২৯,৭৪,৫৮১ ব মা। ভারত-পাকিস্তানের প্রায় দ্বিগুণ। এই দ্বীপরাজ্যের উপকূলভাগ ১২,২১০ মা। উ—দ ইহা ১৯৭১ মা ও প—প ২৪০০ মা। ...উপকূলের উত্তর পূর্বাংশে অগভীর সমুদ্রে গ্রেট ব্যারিয়ার রীফ্ (Great Barrier Reef) নামে ১,২০০ মা দীর্ঘ প্রবালপ্রাচীর উপকূলের প্রায় ৬০ মা দূরে সমান্তরালভাবে আছে। ...দেশের মধ্য দিয়া মকরক্রান্তি রেখা গিয়াছে। এখানে ২১ মার্চ হইতে শরৎকাল, ২১ জুন হইতে শীতকাল, ২২ সেপ্টেম্বর হইতে বসন্তকাল ও ২২ ডিসেম্বর হইতে গ্রীষ্মকাল আরম্ভ। এখানকার জলবায়ু সাধারণত শুষ্ক; তবে উত্তরাংশে প্রচুর বারিপাত হয়।...অরণ্যজাত সম্পদ ইউকালিপ্‌টাস্ ও রুগাম বৃক্ষ বিখ্যাত। এ ছাড়া বহুবিধ গাছ আছে, যাহা কেবল এখানেই জন্মে। বর্তমানে বিদেশ হইতে আনীত বহুবিধ বৃক্ষ, উদ্ভিদের চাষ হইতেছে। আর্দ্র উচ্চ বনভূমির দক্ষিণে বহুদূর পর্যন্ত তৃণভূমি। পশ্চিমেও বিস্তৃত তৃণভূমি আছে। মধ্য ও পশ্চিমভাগে মরুভূমি। দক্ষিণাংশে গম, যব প্রভৃতি নানাবিধ ফসলের চাষ হয়। প্রচুর শস্য ও ফল রপ্তানি হয়

...অ.-র জীবজন্তু অদ্ভুত রকমের। পৃথিবীর অন্যত্র সে সব প্রাণী দেখা যায় না। কাংগারু, ওপোসাম ওয়ামব্যাট, ডিংগো, প্লাটিপাস প্রভৃতি। লায়ার (lyre), কাকতুয়া, টিয়া এই দেশের বিশেষ পাখী। ঘোড়া, গরু, শূকর আমদানি করিয়া চাষ হইয়াছে। এখন গব্য সামগ্রী ও মাংস উৎপাদনে অঃ অন্যতম প্রধান দেশ। খনিজের মধ্যে স্বর্ণ বিখ্যাত। তাম্র, কয়লা, ম্যাঙ্গানিস প্রভৃতি খনিজও প্রচুর। ১৯৫৩-এ পেট্রোলিয়ামের খোঁজ পওয়া গিয়াছে।

...১৭ শতকের পূর্ব পর্যন্ত অঃ অস্তিত্ব অজ্ঞাত ছিল। ওলন্দাজরা ইহার প্রথম নামকরণ করে নিউ হলান্ড। ১৭৭০ ক্যাপ্টেন কুক অ.-র উপকূল আবিষ্কার করেন। ১৭৮৮ ইংরেজ ( কন্‌ভিক্ট ) অপরাধীদের দ্বারা প্রথম উপনিবেশ স্থাপিত হয়। ১৯ শতকে স্বর্ণখনি আবিষ্কৃত হওয়ায় দলে দলে লোক আসিয়া বসতি আরম্ভ করে ( ১৮৫১ )। অ.-র আদিম বাসিন্দারা অত্যন্ত বর্বর অবস্থায় ছিল; পাশ্চাত্যদের সংস্পর্শে ও উৎপীড়নে তাহারা টাস্‌মেনিয়া দ্বীপে নিশ্চিহ্ন হইয়াছে; অ.-তে মাত্র ৪৬ হাজারে দাঁড়াইয়াছে ('৪৭)। শ্বেতাঙ্গ ও অন্যান্য জন-সংখ্যা ৮৯ ('৫৩)। ...অস্ট্রেলিয়ান কমনওয়েল্‌থ ৭টি আদি উপনিবেশ ও অঃ রাজধানী-রাজ্য লইয়া গঠিত। ( ১ ) কুইনস্‌ল্যান্ড, ( ২ ) নিউ সাউথ ওয়েল্‌স, ( ৩ ) ভিক্টোরিয়া, ( ৪ ) সাউথ অঃ, ( ৫ ) ওয়েষ্ট অঃ, ( ৬ ) টাস্‌মেনিয়া দ্বীপ, ( ৭ ) নর্দার্ন টেরিটরি ও ( ৮ ) ক্যাপিটল টেরিটরি, যাহার মধ্যে রাজধানী ক্যানবেরা ( দ্র ) অবস্থিত। নঃ টেরিটরি ও ক্যাঃ টেরিটরি কেন্দ্রীয় গবর্নমেন্টের খাস তত্ত্বাবধানে শাসিত। অপর স্টেটগুলি শাসন বিষয়ে বহুল পরিমাণে স্বাধীন। প্রাদেশিক সরকারের এত স্বাধীনতা আর কোনো ফেডারেল গবর্নমেন্টের নাই। ১৯০১ পহেলা জানু অঃ কমনওয়েল্‌থ পত্তন হয়। ...গবর্নর-জেনারেল ব্রিটিশ রাজা বা রাজ্ঞীর দ্বারা নিযুক্ত ও তাঁহার নিকট দায়ী। ১৯৩০ হইতে এখানে গবর্নর-জেনারেল অস্ট্রেলিয়ান। ইংরেজ গবর্নর-জেনারেল আসে না। শাসন সুবিধার জন্য পার্লামেন্টে ২ কোঠা আছে;

সিনেট (৬০) ও হাউস অব্ রিপ্রেজেন্টেটিভ (১২৩) বা প্রতিনিধি সভা। মন্ত্রিপরিষদে ২০ জন সদস্য।

প্রথম মহাযুদ্ধে (১৯১৪-১৮) অঃ ইউরোপে ৩'২৯ লক্ষ সৈন্য পাঠাইয়াছিল; তন্মধ্যে ৬০.হ. নিখোঁজ হয়; তখনকার যাট লক্ষ জনসংখ্যায় এই মৃত্যুহার অত্যন্ত বেশি।...দ্বিতীয় মহাযুদ্ধে (১৯৩৯-৪৫) অঃ যোগ দেয়। প্রথমে সর্বত্র সৈন্য পাঠায়; কিন্তু প্রশান্ত মহাসাগরে জাপান দ্বীপের পর দ্বীপ ও এশিয়ার বহু দেশ জয় করিতে থাকিলে অঃ গবর্নমেণ্ট দেশরক্ষা ও পূর্ব সাগর রক্ষার বিশেষ ভার গ্রহণ করে। ...যুদ্ধের সময়-নানাবিধ শিল্পে মন দিতে হয়। যুদ্ধান্তে অঃ কৃষি-জাত শস্য ও গব্য জাতীয় খাদ্য উৎপাদনে অভাবনীয় উন্নতি করিয়াছে।...পশম সরবরাহে পৃথিবীতে তাহার শ্রেষ্ঠ স্থান। ২,০০০ টন মাখন ও ৪৫,০০০ টন চীজ্ সে রপ্তানি করে। ...দেড় কোটি একর জমিতে গম উৎপন্ন হয়; দেশের জন্য ইহার সামান্য অংশ লাগে; বেশির ভাগ রপ্তানি হয়।

...অঃ রাজস্ব ৯৮৬,৭৫৭,০০০ অঃ পাউণ্ড (অঃ পাউণ্ড ১২৫=১০০ ব্রিটিশ পা.)।...শিক্ষায়, সাহিত্যে, গবেষণায় অঃ অগ্রসর হইতেছে।...অঃ কমনওয়েল্থের তত্ত্বাবধানে নিম্নলিখিত দ্বীপ ও দেশগুলি আছে: পাপুআ, নিউগিনী, নরফোক দ্বীপ, নৌরুদ্বীপ ও আণ্টার্টিক মহাদেশ। এখানকার শাসনকর্তারা অ.-কে শ্বেতাঙ্গদের দেশ করিয়া রাখিয়াছেন; এশিয়ান বা আফ্রিকানরা নাগরিক অধিকার পায় না।

**অস্লো** (Oslo): নরওয়ের রাজধানী। ১৯২৫-এর পূর্বে নগরীর নাম ছিল ক্রিস্টিয়ানা; ১৬২৪ ডেনিশ রাজা ৪র্থ ক্রিস্টিয়ান কর্তৃক স্থাপিত; তখন নরওয়ে ডেনমার্কের সহিত যুক্ত এক রাজ্য ছিল। ২টি বিশ্ববিদ্যালয়; ম্যুজিয়াম। বহু শিল্পের কেন্দ্র। জন. ৪'৩৪ লক্ষ ('৫০)।

**অহমদ্গড়** (Ahmadgarh): পেপসু রাজ্যের শহর। লুধিয়ানা-ধুরি জংশনের মধ্যে স্টেঃ (১৬ মা); মালের কোটলা (দ্র) এখান হইতে ১২ মা দক্ষিণে। জন. ৬,২৫৮। পাতিয়ালা ব্যাংক, স্টেট ও পাঞ্জাব ন্যাশ. ব্যা. পো-অফিস।

**অহমদ্নগর** (Ahmadnagar): বোম্বাই রাজ্যের মারাঠিভাষীদের জিলা; হায়দারাবাদ রাজ্যের উত্তর-পূর্ব দিকে অবস্থিত। অনির্দিষ্ট বৃষ্টিপাতের (২৪") জন্য উর্বরা দেশ হওয়া সত্ত্বেও শস্যাভাব হয়। আ. ৬,৬০২ ব মা। জন. ১৪'১০ লক্ষ। ...এই দেশ প্রাচীন যুগে চালুক্য, রাষ্ট্রকূট, কালচুরি প্রভৃতিদের রাজ্যান্তর্গত ছিল; দেবগিরির যাদব-বংশের নিকট হইতে মুসলমানরা অধিকার করে। ১৪৯০-এ নিজামশাহী বংশ স্বাধীন রাজ্য স্থাপন করে। জুনার-এর শাসক মালিক আহমদ শাহ বাহমনিরাজ মামুদকে যেস্থানে পরাভূত করেন সেইখানে দুর্গ ও নগর নির্মাণ করিয়া অহমদনগর নাম দেন। অকবর শাহ চাঁদ সুলতানাকে পরাজিত করিয়া এই রাজ্য মুঘল সাম্রাজ্যভুক্ত করেন (১৬০০)। শাহজাহানের সময় এই রাজ্যের পৃথক অস্তিত্ব লুপ্ত হয়। মারাঠাদের দমন করিবার জন্য অউরঙ্গজেব এই নগরীতে বাস করেন (১৬৮৩-১৭০৭)। এইখানে তাঁহার মৃত্যু হয়। ১৭৫৯ এ মারাঠারা ও ১৮১৭-এ ইংরেজ এই নগরের মালিক হয়। ব্রিটিশ যুগে অঃ দুর্গে জবহরলাল নেহেরু প্রমুখ বহু ভারতীয় নেতা আবদ্ধ ছিলেন।

**অহমদ্নগর** (Ahmadnagar): বোম্বাই রাজ্যের শহর। মানমদ-ধোন্দ রেলপথের স্টেশন। উপকণ্ঠে ভিনগড় (Bhingar)-এ সৈন্য ছাউনি আছে। বর্তমানে মিলিটারি শিক্ষাকেন্দ্র—The Armoured Camps Centre and School। ...জন. ১,০৫,২৭৫। এখানে কয়েকটি ব্যাংক—স্টেট, সেন্ট্রাল, দেবকরন, নিউ সিটিজেন প্রভৃতি।

**অহমদ্পুর** (Ahmadpur): বীরভূম জেলার সিউরী সদর মহ. র সাইথিয়া থানার গ্রাম। পূর্ব-রেলপথের (লুপ লাইন) স্টেশন কলিকাতা হইতে ১১৯ মা। কাটোয়া (৩৩ মা) পর্যন্ত লাইট রেলপথ ও সিউরী পর্যন্ত মোটর পথ আছে। ধান চাউলের ব্যবসার কেন্দ্র। কয়েকটি ধানের কল আছে। ... সমাজ উন্নয়ন পরিকল্পনার কেন্দ্র। প্রাথমিক ও উচ্চ বিদ্যায়তন, ডিস্পেন্সারি, ডাকঘর। জন. ২১১৮।

৩৬৫৬

**অহমদাবাদ** (Ahmadabad) : বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের জেলা। পশ্চিমে ও দক্ষিণে সৌরাষ্ট্র। অধিবাসীরা প্রধানত গুজরাটি হিন্দু, মুসলমানের সংখ্যা লক্ষাধিক মাত্র। আ. ৩৫২৯ ব মা। জন. ১৬·৮৫ লক্ষ। দেশ সমতল ; সবরমতী ছাড়া নদী নাই। কচ্ছের দিকে সমুদ্রতীরে লবণ তৈয়ারি হয়। তুলা, চীনাবাদাম কৃষিজাত সম্পদ।

**অহমদাবাদ** (Ahmadabad) : বোম্বাই রাজ্যের নগর। গুজরাটি শিক্ষা, সংস্কৃতির কেন্দ্র। সবরমতী নদীর তীরে। রেলপথে বোম্বাই হইতে ৩০৬ মা, কলিকাতা ১২৯৯ মা। বিশিষ্ট রেল জংশন, বিমান-বন্দর ও ব্যবসায় শিল্পে পশ্চিম ভারতে বোম্বাই-এর পরেই এই নগরের স্থান। সকল প্রকার কলকারখানার সংখ্যা ১৫০, তন্মধ্যে কাপড়ের ও সুতার কল ৬৪টি। প্রথম কাপড়কল স্থাপিত হয় ১৮৬১-তে। বয়নশিল্প বিষয়ক গবেষণা কেন্দ্র ; গুজরাট বিশ্ববিদ্যালয় (১৯৫০) এই খানে অবস্থিত। ...মধ্যযুগের মুসলমান আমলের বহু মস্‌জিদ ও কবরগৃহ আছে ; কতকগুলি স্থাপত্য-সৌন্দর্য ও কারুতার জন্য বিশেষভাবে খ্যাত। আধুনিক কালে নির্মিত ধনীদের বহু অট্টালিকা আছে। স্থানীয় মিউনিসিপাল গ্রন্থাগার অতিশয় সমৃদ্ধ। এই নগর গুজরাটি সাহিত্য প্রচারের কেন্দ্র ; বহু পত্রিকা, মুদ্রাযন্ত্র, প্রকাশন কোম্পানি আছে। ... সবরমতী নদীর অপর পারে এক সময়ে মহাত্মা গান্ধীর আশ্রম ও কর্মকেন্দ্র ছিল ; পরে উহা হরিজন সেবক সঙ্ঘের কেন্দ্র হয়। মিউনিসিপালিটি ১৮৫৭তে স্থাপিত। জন. ৭,৯৩,৮১৩। এখানে অনেকগুলি ব্যাংকের অপিস : স্টেট, ইলাহাবাদ, বড়োদা, বিকানীর, জয়পুর, সেণ্ট্রাল, দেবকরন, গাডোডিয়া, হিন্দ, হিন্দু-কমার্স, হিন্দু-মার্কেণ্ট., জোধপুর কমার্স, পঞ্জাব ন্যাশ., ইউনিয়ন, ইউনা-কমার্স। এছাড়া মজদুর সহকারী ব্যাংক।

**অহিচ্ছত্র** (Ahichatra) : প্রাচীন ভারতে উত্তর-পঞ্চালের রাজধানী ; উত্তর প্রদেশের রোহিলখণ্ড জেলায় বরৈলি হইতে ২০ মা পশ্চিমে অ. দুর্গের ভগ্নাবশেষ দেখা যায় বলিয়া লোকবিশ্বাস। মহাভারতে ইহা ছত্রবতী, অহিক্ষেত্র ও শিলালেখে অধিচ্ছত্র নামে পরিচিত। প্রবাদ দ্রোণাচার্য পঞ্চালরাজ দ্রুপদকে পরাভূত করিয়া রাজ্য দ্বিখণ্ডিত করেন ও গঙ্গার উত্তরাংশ বা উত্তর পঞ্চাল নিজের জন্য রাখেন। ইহাই অহিছত্র।

**অহোবিলম্‌** (Ahobilam) : অন্ধ্ররাজ্যের করনুল জেলার গ্রাম। এখানকার প্রাচীন মন্দিরে রামায়ণের আখ্যান খোদিত আছে।

**আইওয়া** (Iowa) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; মিসৌরী-মিসিসিপি নদীদ্বয়ের অববাহিকার সমতল ভূমির মধ্যে অবস্থিত ; কৃষিপ্রধান স্টেট হইলেও খনিজের মধ্যে কয়লা, জিপসাম, চুনা-পাথর প্রভৃতি পাওয়া যায়। ১৭৭৮ ইউরোপীয়দের প্রথম উপনিবেশ ১৮৪৪ যুক্তরাষ্ট্রভুক্ত। আ. ৫৬,২৯০ ব মা। জন.; ২৬·২১ লক্ষ ('৫০)। ঘনতা ৪৪। জনশিক্ষায় এই স্টেট খুবই অগ্রসর। আঃ রেড্‌ ইন্‌ডিয়ান শব্দ, অর্থ 'নিদ্রিত গৃহ' অথবা 'এইতো সেই স্থান'।

**আইজল** (Aijal) : আসামের লুসাই পার্বত্য জেলার মহকুমা ও সদর শহর ; শিলচর হইতে ১১১ মা. দুর্গম পথ ; শিঃ হইতে নৌকাযোগে ধলেশ্বরী নদী দিয়া ১৫ দিনে যাওয়া যাইত ; পথে আটটি বিশ্রাম স্থান আছে। পাহাড়ের পাদদেশে সাইবং পর্যন্ত নৌকায় আসিয়া অবশিষ্ট পথ গোযানে যাইতে হয়। এখন মোটর পথ হইয়াছে ৭৬ মা।

**আইট** ( Ait ) : উত্তর প্রদেশ ; জলৌন জেলার কঞ্চা তহশীলের শহর। কানপুর-ঝাঁসি রেলপথের জং ( ৮৩ মা ) ; এখান হইতে কঞ্চ ৯ মা শাখা রেলপথ।

**আইবেরিয়ান উপদ্বীপ** (Iberian peninsula) : স্পেন ও পোর্তুগলের মিলিত নাম। এই উপদ্বীপের পশ্চিম ও দক্ষিণ উপকূলে সংকীর্ণ বনভূমি এবং মধ্যস্থলে মেসেটা (meseta) বা মালভূমি। ইহার উত্তরে পীরেনীজ ও ক্যাণ্টাব্রিয়ান পর্বতশ্রেণী, দক্ষিণে সিয়ের নেভাডা ও সিং মরেনা পর্বত। এবরো (Ebro : লাতিন Iberus জাতি ) নদীর ধারে যে আদিম জাতি বাস করিত, তাহার নামানুসারে উপদ্বীপের নাম।

**আইভরি কোস্ট** (La cote d'ivoire : Ivory coast):

ফরাসী পশ্চিম আফ্রিকার কলোনী। লাইবেরিয়া ও গোল্ড কোস্ট দেশদ্বয়ের মধ্যস্থলে অতলান্তিক মহাসাগরকূলে অবস্থিত। ১৮৪২-এ অধিকৃত হইলেও ১৮৮২-র পূর্বে কলোনী সৃষ্টি হয় নাই। ১৯৩৩ হইতে আবিজান (Abidjan) রাজধানী। জন. ৫৬ হা.। মূল্যবান বনজ ও খনিজ সম্পদ পর্যাপ্ত। বন্দর আবিজান হইতে রেলপথ বহুদূর গিয়াছে; এছাড়া দেশের মধ্যে ভাল মোটর পথও আছে। দ্র. আপার ভল্টা।

**আইরিশ ফ্রী স্টেট:** দ্র. আয়ার, আয়ারলন্ড।

**আইরিশ সাগর** (Irish Sea): আয়ারলন্ড ও গ্রেট ব্রিটেনের মধ্যে অবস্থিত সাগর। নর্থ চ্যানেল ও সেন্ট জর্জেস চ্যানেল দিয়া অতলান্তিকের সহিত যুক্ত।

**আইল অব্ ওয়াইট** (Isle of Wight): ইংলন্ডের দক্ষিণে একটি দ্বীপ। দ্র. ওয়াইট দ্বীপ।

**আইল অব্ মান** (Isle of Man): ইংলন্ডের পশ্চিমের দ্বীপ। দ্র. মান দ্বীপ।

**আইশবাগ** (Aishbagh): লখনউ সিটী ও লঃ জংশন স্টেশন দ্বয়ের মধ্যে জংশনের নাম। ইহা মিটার গেজ লাইনের স্টেশন।

**আইস্‌লন্ড** (Iceland): উত্তর অতলান্তিক মহাসাগরে আর্কটিক বৃত্তের উপর অবস্থিত দ্বীপ; গ্রীনলন্ড হইতে ২০০ মা দূরে। নিকটবর্তী কতকগুলি দ্বীপ সমেত আয়তন—৩৯,৭০৯ ব মা; জন. প্রায় ১,৫০,০০০। রাজধানী রাইকিয়াভিক (Reykjavik) (জন. ৫৮,৭৬১)। নবম শতকে নর্সরা (Norse) এই স্থানে উপনিবেশ স্থাপন করে। ১৩৮১ নরওয়ে ও আইস্‌লন্ড ডেনমার্কের অধীন হয়। ১৮১৪ নরওয়ে স্বাধীনতা লাভ করে; কিন্তু ১৯১৮ পর্যন্ত আইস্‌লন্ড ডেনদের অধীন থাকে। ১ম মহাযুদ্ধের পরে আঃ কার্যত স্বাধীন হইলেও ডেনমার্কের রাজাকে স্বীকার করিতে হইত। ২য় মহাযুদ্ধের সময় ডেনমার্ক জারমানদের দ্বারা আক্রান্ত ও অধিকৃত হইলে ইংরেজ সৈন্যবাহিনী আঃ অধিকার করে। ১৯৪২-এ এই দ্বীপ রক্ষার ভার গ্রহণ করে মার্কিনরা। তৎসত্ত্বেও দ্বীপবাসীরা যুদ্ধে কোনো পক্ষভুক্ত হইতে অস্বীকার করে। ১৯৪৪, ১৭ জুন জনমতবলে আঃ স্বাধীনতা ঘোষণা করে। এখানকার লোকসভার নাম Althing; ইহা দুই কোঠায় বিভক্ত, যথাক্রমে ১৭ ও ৩৫ জন সদস্য। রাষ্ট্রপতি ৪ বৎসরের জন্য অলথিঙ দ্বারা নির্বাচিত হন। শিক্ষায় ইহারা খুবই অগ্রসর, নিরক্ষরতা এখানে অজ্ঞাত। ৭ হইতে ১৫ বৎসরের শিশুদের শিক্ষা আবশ্যিক। জনবিরল দেশে ভ্রাম্যমান বিদ্যালয় চলাফেরা করে। উচ্চশিক্ষার জন্য এত বেশি বৃত্তি আছে যে ছাত্ররা প্রায় বিনাবেতনে শিক্ষা পায়। এখানে মাথা পিছু যত বই, সংবাদপত্র প্রকাশিত হয়, পৃথিবীর কোনো দেশে তাহা হয় না। আইস্‌লন্ডিক ভাষা ডানিশ ভাষা হইতে পৃথক, তবে লোকে ডানিশ ভাষা বোঝে।

রাজধানী ছাড়া আর বড় শহর বেশি নাই। দেশ আগ্নেয়পর্বতময়, হেকলা (৪৭৪৭ ফুঃ উচ্চ) বিখ্যাত। কতকগুলি উষ্ণপ্রস্রবন বা গাইসার (দ্র) দর্শনীয়। এই বৃহৎ দ্বীপের প্রায় ৯৩% তুষার ও হিমশৈল-দ্বারা আবৃত; মাত্র ৭% উর্বর ও সমতল ভূমিতে লোকে বাস করে। গাল্ফস্ট্রীম বা উষ্ণস্রোত নিকট দিয়া যাওয়ায় দ্বীপটির জলবায়ু ও তাপাদি অনেকটা দক্ষিণ কানাডার মত। গড় তাপ ৩৯·৪°; জানুয়ারিতে ৩০·৪°; জুলাই-এ ৫১·৬° হয়। অধিবাসীদের অধিকাংশই মাছের ব্যবসা করে। রপ্তানির ৯৮% মাছ বা মৎস্যজাত দ্রব্যাদি। এই দেশে কোনো রেলপথ নাই; মোটর গাড়ির চলন হইয়াছে।

আইস্‌লন্ডের সাহিত্য—বিশেষ ভাবে 'সাগা' (Saga) নামে কাব্য — পৃথিবীর সাহিত্য-দরবারে উচ্চস্থান পাইয়াছে। কবিরা মধ্যযুগের কাহিনীকে আধুনিকভাবে লিখিয়া যে কৃতিত্ব দেখাইয়াছেন তাহা প্রশংসনীয়। 'সাগা'-সাহিত্য ছাড়াও উপন্যাসাদি লিখিত হইয়াছে।

আইস্‌লন্ড ১৯৪৬ হইতে জাতিসংঘের সদস্য এবং নর্থ-আট্‌লান্টিক-ট্রিটি-অর্গানাইজেশনের (NATO) সদস্য।

**আউক্‌জবুর্গ** (Augsburg): জারমানি; বাভেরিয়ার শহর। মিউনিক হইতে ৩৭ মা। রোমান সম্রাট

অগস্টাস-এর সময় নির্মিত। মধ্যযুগে ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র ; মার্টিন লুথার এইখান হইতে তাঁহার ধর্মমত ঘোষণা করেন (Confession of Augsburg)। ...১৬৮৬ ফ্রান্সের রাজা ১৪শ লুই-এর বিরুদ্ধে লীগ অব্ আঃ গঠিত হয়। ১৮০৬ পর্যন্ত ফ্রী সিটি ছিল। এই বৎসর বাভেরিয়াকে প্রদত্ত হয়। জন. ১,৮৪,০০০।

**আউট্শাহী** (Outshahi) : ঢাকা জেলার মুন্সীগঞ্জ মহ. র টংগিবাড়ি থানার অন্তর্গত প্রাচীন গ্রাম। এখানে মঠ, পুরাতন দীঘি ও প্রাচীন মূর্তি আছে। স্থানীয় জমিদার বাড়িতে পালযুগের বিষ্ণুআদি ৬টি মূর্তি আছে। নৃত্যপরায়ণ গণেশমূর্তি পরম রমণীয়।

**আউধ-তিরহুত রেলওয়ে** (Oudh—Tirhut Railway—OTR) : উত্তর ভারতের রেলপথ ; দৈর্ঘ্য ৩৫০১ মা। মিটর গেজ। মূলধন—৩৭·২৬ কোটি। মোট আয় ১২·৩৫ কোটি। নেট আয় ৩১·২১ লক্ষ যাত্রীসংখ্যা ৮২৫,৩৯,০০০। ... ১৯৫২ হইতে এই রেলপথ নর্দার্ন বা উত্তর রেলপথের অন্তর্গত।

**আউধ-রোহিলখণ্ড রেলওয়ে** ( Oudh-Rohilkhand Railway ) : মোগলসরাই হইতে শুরু করিয়া বানারস, লখনৌ, নিমসার, বরেলী, শাহজাহানপুর, মোরাদাবাদ হইয়া হরিদ্বার, সাহারানপুর পর্যন্ত রেলপথের নাম। ১৮৯৯ সালে এই রেলপথ ভারত সরকার নিজ তত্ত্বাবধানে আনেন। ১৯২৫-এ ঈস্ট ইন্ডিয়া রেলপথ সরকারের খাস পরিচালনাধীন আসিবার পর জুলাই হইতে আ-রো-রেলকে ইহার সহিত মিলিত করিয়া দেওয়া হয়। ভারত স্বাধীন হইবার পর রেলপথের যে নূতন এলাকা ভাগ করা হইয়াছে তাহার পূর্ব পর্যন্ত ঈ.ই. রেল বলিতে আ-রো-রে সমেত রেলপথ বুঝাইত। বর্তমানে ইহা নানা রেল পরিমণ্ডলের অন্তর্ভুক্ত।

**আউরাইয়া** ( Auraiya ) : উত্তরপ্রদেশ ; ইটাবা জেলার তহশীল, থানা ও শহর। যমুনা খাল প্রবাহিত। শহরের জন. ১৩,৩১৮। ব্যবসায়ের কেন্দ্র। ৩টি ব্যাংকের পে-অপিস : ইলাহাবাদ, সেন্ট্রাল ও স্টেট।

**আউস্গ্রাম** (Ausgram): বর্ধমান জেলার সদর মহকুমার থানা ও গ্রাম। থানা অজয়ের দক্ষিণে। আ. ২৩১ ব মা। জন. ৯০,৬৩২। ঘ ৩৯১। গুসকরা সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত প্রধান অঞ্চল।......গ্রাম গুসকরা ( লুপলাইন ৭৯ মা ) স্টেশন হইতে ৫ মা পশ্চিমে, পান্নাগড়-গুসকরা রাস্তার উপর অবস্থিত। উচ্চ বিদ্যালয়, ডাক-ঘর, টেলি.। গ্রামের জন. ৫,৪২৩।

**আউস্টারলিৎজ্** ( Austerlitz ) : চেকোস্লোভাকিয়ার মোরেবিয়া (Moravia) প্রদেশের শহর ; বর্তমান নাম Slavkov। এইখানে ১৮৪৫, ডিসেম্বর ২, নেপোলিয়ন রুশ ও অস্ট্রিয়ার মিলিত সৈন্যবাহিনীকে পরাভূত করেন। এই যুদ্ধকে battle of the three emperors বলে। মিত্রশক্তির ৩০ হা ও ফরাসীদের ৭ হা সৈন্য হতাহত হয়। ইহার কয়েকদিন পর ( ২৬ ডিসেম্বর ) প্রেস্বুর্গের ( Pressburg ) সন্ধিতে মধ্য-ইউরোপের অনেক স্থানের মালিকানার অদল বদল হয়।

**আওনালা** ( Aonala ) : উত্তর প্রদেশ ; বরেলী জেলার শহর ; ব. হইতে আলিগড় রেলপথের স্টেশন (১৭ মা), কলিকাতা হইতে আলিগড় হইয়া ৭৭১ মা। ব্যবসায়ের কেন্দ্র। এখানে রহিলা-সর্দার আলিমহম্মদের দুর্গ ও কবর আছে। চিনি সাফাই কারখানা ; স্টেট ব্যাংকের পে-অপিস। জন. ১৬,৮০০।

**আওয়া এস্টেট** (Awa Estate) : উত্তর প্রদেশের এটা, আলিগড়, মৈনপুরী, আগরা ও মথুরা জেলায় ২৬৫ ব মা বিস্তৃত এক জমিদারী। ১৮ শতকে জলেশ্বরের শাসকের বৈশ্যরূপে আসিয়া চতুর্ভুজ নামে এক ব্যক্তি বিশেষ প্রতিপত্তিশালী হয়। কালে ইহার বংশধরেরা জমিদারী সংগ্রহ করে। মারাঠাদের অনুগ্রহে আওয়া দুর্গ নির্মিত হয়। ১৮০৩ লর্ড লেককে সাহায্য করায় জমিদারিতে ইহারা পাকা হইয়া বসেন। প্রধান শহর জলেশ্বর। জমিদারীর আয় ছিল ৭·৩০ লক্ষ টাকা, রাজকর ৩·৩০ লক্ষ। বর্তমানে জমিদারী-বিলোপ আইন বলে এই এস্টেট নাই। আওয়া গড় শহরের জন. ২,৫৯৩।

**আক্রা** ( Accra ) : আফ্রিকা ; গোল্ড কোস্ট রাজ্যের রাজধানী ও বন্দর ; এখান হইতে রেলপথ কুমাসি পর্যন্ত গিয়াছে। হস্তীদন্ত, স্বর্ণচুর প্রভৃতি রপ্তানি হয়। জন. ১·৩৬ লক্ষ ( '৪৮ )। আন্তর্জাতিক বিমান

বন্দর। ...নিকটে কাফীরদের বিখ্যাত বিদ্যা-প্রতিষ্ঠান আচিমোতা ( Achimota )।

**আক্রোপোলিস** ( Acropolis ) : 'উচ্চতম নগর' বা দুর্গ। আথেনসের দুর্গ ১৫০ ফুট উচ্চ; ১১৫০ ফুট দীর্ঘ ও ৫০০ ফুট প্রস্থ। এখানে প্রাচীন আথেনসের মন্দিরাদি নির্মিত হয়। এই সব মন্দিরের শ্রেষ্ঠ ভাস্কর্য ও স্থাপত্য নিদর্শনসমূহ লর্ড এল্‌গিন ১৮১৬-এ এখান হইতে লইয়া গিয়া লনডনের ব্রিটিশ মিউজিয়ামে রাখেন। সেগুলি Elgin marbles নামে খ্যাত।

**আকাডিয়া** (Acadia) : নোভো স্কোটিয়ার ( দ্র ) ফরাসী নাম; ১৭১৩ পর্যন্ত এই নাম ব্যবহৃত হইয়াছিল। নো-স্কো-র বিশ্ববিদ্যালয় আকাডিয়া বিঃ নামে খ্যাত।

**আকাবা** ( Akabah ) : জর্দন রাজ্যের পোতাশ্রয় ও উপসাগর; লোহিত সাগরের উ-পূর্ব কোণে। জর্দনের ইহা একমাত্র নির্গম পথ ও বন্দর।

**আকিয়াব** ( Akyab ) : বর্মা রাজ্য, আরাকান বিভাগের বঙ্গোপসাগর তীরস্থ জিলা। পশ্চিম দিক ব্যতীত তিনদিকে পর্বত; আরাকান য়োমের ( পর্বত ) মধ্য দিয়া বর্মা যাইবার গিরিপথ আছে। বারিপাত ১৮০"-২০০"। ঝটিকাপ্রবল দেশ। আ. ৫১৩৬ ব মা। জন. ৫·৭৩ লক্ষ। ঘনতা ১১২। অধিবাসীরা বৌদ্ধ 'মগ' ও মুসলমান। জনতার ভাষা আরাকানী, বর্মী ও বাংলা।...১ম বর্মা যুদ্ধের পর ১৮২৬-এ ইংরেজ অধিকারে আসে। (দ্র. আরাকান)। ...শহরের জন. ৩৮ হা। চট্টগ্রাম হইতে সমুদ্রপথে ১৭০ মা। চাউল রপ্তানির কেন্দ্র। ...বিমান বন্দর।

**আকেসিনেস** ( Akesines ) : বৈদিক নদী অশিক্নী ( দ্র )।

**আকোনকাগুআ** ( Aconcagua ) : দঃ আমেরিকার আন্দিজ পর্বতের উ-পঃ গোলার্ধের সর্বোচ্চ শৃঙ্গ (২২,৮৩৫ ফু.); চিলি ও আরজেনটাইনের মধ্য সীমায় অবস্থিত। ইহা মৃত আগ্নেয়গিরি।

**আখেন** (Aachen) : ফরাসী নাম আয়লা শাপেল (Aix-la-chappelle)। বর্তমানে পঃ জারমেনির নর্থ-রাইন-ওয়েস্টফেলিয়া প্রদেশের (Land Nordrhein-Westfalen) শহর। জন. ১·৩০ লক্ষ ( '৫০ )। নগর রোমান-দের দ্বারা স্থাপিত। শার্লামান ( ৭৪২-৮১৪ )-এর জন্মস্থান, রাজধানী ও সমাধিস্থান। 'পবিত্র রোমান সম্রাটদের' ৩২ জন জারমান সম্রাট এইখানে অভিষিক্ত হন। ১৭৪৮ আয়লা শাপেলের সন্ধিতে অনেক আন্তর্জাতিক সমস্যার সমাধান হয়। ... আখেন বহুবিধ যন্ত্রপাতি ও শিল্পের কেন্দ্র।

**আখাউরা** ( Akhaura ) : পূ-পাকিস্তান; ত্রিপুরা জেলা; ব্রাহ্মণবেরিয়া মহ. ও থানার গ্রাম; ঈ. বে. রেলের ( পূর্বে A. B. Rly.) জংশন। এখান হইতে রেলপথ আশুগঞ্জে ( ১৮ মা ) মেঘনা নদী পার হইয়া ভৈরব বাজার দিয়া ঢাকা-নারায়ণগঞ্জ ও ময়মনসিংহ-জগন্নাথগঞ্জ পর্যন্ত গিয়াছে। ইহার ৬ মা পূর্বে ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলা।

**আগরপাড়া** ( Agarpara ) : ২৪ পরগণার মিউনি. শহর; বহু কলকারখানার কেন্দ্র। শিয়ালদহ হইতে ৯ মা। স্টেশনের নিকট তারা পুকুরের পীরের আস্তানা, পহেলা মাঘ হইতে বড় মেলা হয়। ( দ্র. পানিহাটি )

**আগরতলা** (Agartala) : ত্রিপুরা রাজ্যের (দ্র) রাজধানী। আখাউরা হইতে ৬ মা দূরে অবস্থিত। বর্তমানে পাকিস্থানের মধ্য দিয়া যাওয়া-আসা অত্যন্ত বাধাগ্রস্ত। আসামের করিমগঞ্জ হইতে আঃ পর্যন্ত রাজপথ নির্মিত হইয়াছে। কলিকাতা (১৯৬ মা ) ও গৌহাটি (১৫৫ মা.) হইতে বিমানপোত নিয়মিত চলাচল করে। ১৯৪৭-এর পর হইতে জন সংখ্যা বাড়িয়াছে। ১৯৩১-এ জন. ছিল ৯,৫৮০। ১৯৫১-এ ৪২,৫৯৫। পূর্বে স্কুল ছিল; এখন সেখানে ডিগ্রী কলেজ হইয়াছে। ত্রিপুরা 'সি' শ্রেণীর রাজ্যের প্রধান শহর; চীফ কমিশনরের অফিস এখানে। ত্রিপুরা মহারাজদের প্রাসাদ প্রভৃতি সরকারী কাজে ব্যবহৃত হইতেছে। ব্যাংক—ইউনা., ইউনা. কমার্স।

**আগরা** ( Agra city ) : উত্তর প্রদেশের নগর। যমুনা নদীর দক্ষিণতটে অবস্থিত। কলিকাতা ৭৯৪ মা; দিল্লী ১২৩ মা। জন. ১·৯০ লক্ষ।...মুসলমান যুগে লোদিরা ও পরে বাবর ও হুমায়ুন এখানে রাজধানী স্থাপন করেন। অকবর শাহ ১৫৬৬-এ দুর্গ পত্তন করেন ও আগরার নিকট ফতেপুর শিক্রীতে (দ্র) নূতন রাজধানী নির্মাণ করেন। শাহজাহান নানা স্থাপত্য দ্বারা

আগরাকে সুন্দরতর করেন। দুর্গমধ্যের বহু ইমারত ব্যতীত তাঁহার অতুল কীর্তি তাজমহল। নুরজাহানের পিতার সমাধি-সৌধ ইত্‌মদ্‌দৌল্লার স্থাপত্য বিশেষভাবে উল্লেখ যোগ্য। মুঘলদের পতনের পর এই নগরী মারাঠা ও পরে জাঠদের হাতে পড়ে। জাঠরা আগরা হইতে একটি বিশাল দরজা ভরতপুরে লইয়া যায়; এছাড়া একটি পাথরের অট্টালিকার প্রত্যেকখানি পাথর খসাইয়া ভরতপুরের পুরাতন রাজধানী ডীগ-এ লইয়া পুনর্গঠন করিয়াছিল; তাহা এখনো আছে।...১৮০৩-এ মারাঠাদের পরাভূত করিয়া ইংরেজ আগরা ও এতদঞ্চল অধিকার করে। ১৮৫০-এ খ্রীষ্টান মিশনারি সোসাইটি এখানে প্রথম আসে। ১৮৬০-এ মিউনিসিপালিটি হয়। আগরা বিশ্ববিদ্যালয়, রাধাসোয়ামি শিক্ষায়তন, রাজপুত কলেজ প্রভৃতি শিক্ষা-প্রতিষ্ঠান বিখ্যাত। নানা ব্যবসায়ের কেন্দ্র বলিয়া এখানে অনেকগুলি ব্যাংকের অপিস আছে যেমন স্টেট, ইলাহাবাদ, বিকানীর, জয়পুর, সেণ্ট্রাল, হিন্দু. কমার্স, ন্যাশনাল, পঞ্জাব ন্যাশ., ইউনা. কমার্স; এ ছাড়া রাধাসোয়ামি সম্প্রদায়ের নিজস্ব দুইটি ব্যা. আছে। এই সম্প্রদায়ের কেন্দ্র দয়ালবাগ।

আগরা বহুবিধ শিল্পের জন্য প্রসিদ্ধ; পাথর ও পিতলের খেলনা, জুতা, কার্পেট, কম্বল, সতরঞ্চ, পিতল-কাঁসার তৈজসপত্র, সুতী ও পশমের কাপড়; সঃ তৈলের কল; কাঁচের সামগ্রী; সাফাই চামড়া প্রভৃতি। সিয়ালকোট পাকিস্তানের মধ্যে পড়ায় সেখানকার বহু হিন্দু ও শিখ এখানে আসিয়া খেলার সরঞ্জাম তৈয়ারির কারখানা করিয়াছে।

**আগরা জেলা** (Agra district): উত্তর প্রদেশের জেলা। দক্ষিণে রাজস্থান ও মধ্যভারত। পশ্চিমে রাজস্থান অন্তর্গত ভরপুর রাজ্য। পশ্চিমে মরুভূমি থাকায় জেলার আবহাওয়া রুক্ষ ও সেই জন্য তাপের হ্রাস বৃদ্ধি হয়; শীত তীব্র ও গ্রীষ্ম প্রখর। যমুনা, বাণগঙ্গা, চম্বল প্রভৃতি নদী। জেলাটির ৭ তহশীল বা মহকুমা। আ. ১৮৫৩ ব মা। জন. ১৫,০১১,৩৯৩।

**আগরা প্রদেশ** (Agra Province): উত্তর ও পূর্ব ভারতের অধিকাংশ ঈস্ট ইন্‌ডিয়া কোম্পানির আয়ত্তে আসিবার পর সমস্ত ভূভাগই বেঙ্গল প্রেসিডেন্সি তথা ভারতের রাজধানী কলিকাতা হইতে গবর্নর-জেনারেল কর্তৃক শাসিত হইত। আগরা প্রদেশ পৃথক করিয়া ১৮৩৬ হইতে একজন লেঃ গবর্নরকে নিযুক্ত করা হয়। ১৮৬১ আউধ যুক্ত করিয়া উত্তর-পশ্চিম প্রদেশ (N. W. Provinces) গঠিত হয়। ১৯০১-এ প্রদেশের নাম হয় আউধ ও আগ্রার যুক্ত প্রদেশ (United Provinces of Oudh and Agra)। ১৯৩৫ হইতে আউধ ও আগরা বাদ দিয়া কেবল যুক্ত প্রদেশ অভিহিত হয়। বর্তমানে উত্তর প্রদেশ (U. P)।

**আগরা বিভাগ** (Agra Division): উত্তর প্রদেশ রাজ্যের ১০টি বিভাগের অন্যতম। ৫ জেলা: আগরা, আলিগড়, মথুরা, মৈনপুরী, এটা। মিরাট ও আগরা বিভাগের জন্য একজন কমিশনর নিযুক্ত আছেন। জন. ৬০·৭৫ লক্ষ।

**আগরা বিশ্ববিদ্যালয়** (Agra University): ১৯২৭-এ প্রতিষ্ঠিত। উত্তর প্রদেশের আলিগড় মুসলীম, কাশী হিন্দু, লখনৌ, ইলাহাবাদ বিশ্ববিদ্যালয়গুলি স্থানিক ও আবাসিক; সেইজন্য আবাসিক এলাকার বাহিরের কলেজগুলিকে আগরা বি-বি-র সহিত যুক্ত বা অ্যাফিলিয়েট করার ব্যবস্থা আছে। অজমের, ভূপাল, মধ্যভারত, বিন্ধ্য প্রদেশ ও উত্তর প্রদেশের কলেজগুলি এই বিশ্ববিদ্যালয়ের অধীন। মোট ৬৩ কলেজ।

**আগরাম** (Agram): যুগোস্লাভিয়ার অন্তর্গত হার্জোগোভিনার রাজধানী। অপর নাম জাগরেব (Zagreb)।

**আগাদির** (Agadir): ভূমধ্যসাগর তীরস্থ মরক্কোর বন্দর। মরক্কোতে ফ্রান্সের প্রভাব ও প্রতিপত্তি বৃদ্ধি পাইতে দেখিয়া একদল জারমান ধনিক সুলতানের নিকট হইতে মঃ র মধ্যে নানা প্রকার সুবিধা-সুযোগের ব্যবস্থা করে। ইহা ফরাসী স্বার্থের পরিপন্থী হওয়ায় তাহারা নানাভাবে বাধা বিপত্তি সৃষ্টি করিতে থাকে। তখন জারমান গবর্নমেণ্ট পানথার নামে গানবোট পাঠাইয়া দিলে (১৯১১ জুলাই) একটি ইউরোপীয় যুদ্ধ ঘনাইয়া উঠে। কোন প্রকারে তখনকার মতো সংঘর্ষ বন্ধ হয়। ১৯৩০-এ আগাদির সর্ব জাতির মুক্ত বন্দর (free port) বলিয়া সাব্যস্ত হয়।

**আগুলহাস** ( Agulhas Current ) : সমুদ্রস্রোত ; মাদাগাস্কার দ্বীপের উত্তর ও মোজাম্বিক প্রণালীর ভিতর দিয়া এই স্রোত আফ্রিকার দ: উপকূল দিয়া প্রবাহিত।

**আঙকরা** (Angora ; Ankara ; Ancyra) : তুর্কীর রাজধানী। এশিয়া মাইনরের আংকরা নদীতীরে। ইস্তাম্বুল-সিরিয়া-আরব-পারস্য যাওয়া-আসার পথের উপর অবস্থিত। ইস্তাম্বুল হইতে ২১০ মা। এই নগরীর ভৌগোলিক অবস্থান-বৈশিষ্ট্য রোমানরা জানিত; তাহাদের মন্দির অট্টালিকাদির ভগ্নাবশেষ এখানে দেখা যায়। ... ১৯২০ এ কামাল আতাতুর্ক ইস্তাম্বুল হইতে এইখানে রাজধানী পরিবর্তন করিয়া আনেন।...... আঙকরা প্রদেশে রৌপ্য, তাম্র, প্রভৃতির খনি ও উষ্ণ প্রস্রবণ আছে।......জন. ২,৮৬,৭৮১ ('৫০)। বিশ্ব-বিদ্যালয়, ম্যুজিয়াম প্রভৃতি।

**আঙকোর থোম** (Angkor Thom) : ইন্দো-চীনের কাম্বোডিয়া বা কম্বোজ রাজ্যের প্রাচীন নগরী। খ্রীষ্টীয় ১ম শতক হইতে ভারতীয়রা কম্বোজ ও নিকটবর্তী দেশে উপনিবেশ স্থাপন করে। ৮ শতক পর্যন্ত ইতিহাস অস্পষ্ট। ৯ শতক হইতে খোদিত সংস্কৃত শিলালিপি এই দেশে পাওয়া গিয়াছে। জয়বর্মা নামে রাজা মেকং নদীর উপত্যকায় আঙকোর থোম রাজধানী স্থাপন করেন। রাজধানী পূর্ব-পশ্চিমে ১০ হা ফুট দীর্ঘ ; পুরী প্রাকার দৈর্ঘ্যে সাড়ে সাত মাইল। প্রাকার ২২ ফুট উচ্চ, চতুষ্পার্শ্বস্থ পরিখার প্রস্থ ৩০০ ফুট। আঙকোর 'নগর' শব্দের অপভ্রংশ রূপ।

**আঙকোরবট** (Angkorvat) : আঙকোর থোমের নিকট আংকোরবট নামে বিরাট মন্দির আছে। ইহা বহুকাল অরণ্যমধ্যে লুক্কায়িত ছিল। গত শতকের শেষ ভাগে ফরাসীরা তাহার উদ্ধার করে। ১২ শতকে কম্বোজরাজ ধরণীবর্মা কর্তৃক মন্দিরটি আরম্ভ হইয়া পরবর্তী রাজা ২য় সূর্যবর্মার সময় শেষ হয়। মন্দিরের চারি পাশের প্রাকারটি দৈর্ঘ্যে ১১০০ গজ, প্রস্থে ১০৮০ গজ এবং চারিদিক ২১৬ গজ বিস্তৃত পরিখা দ্বারা বেষ্টিত। মন্দির প্রবেশের গোপুরম বা দ্বার দ: ভারতের গোপুরমের ন্যায়। মন্দিরটি দেখিতে অনেকটা জাভার বরবুদরের ন্যায়। মন্দির-গাত্রে রামায়ণ ও মহাভারতের কাহিনী উৎকীর্ণ আছে। 'বট' শব্দের অর্থ মন্দির।



**আঙগারা** (Angara) : সোবিয়েত পূর্ব-সাইবেরিয়ার নদী; ইহা বৈকাল হ্রদ হইতে নির্গত হইয়া ইনিসি নদীতে পড়িতেছে ( ১৩০০ মাইল )। ইহার তীরস্থ ইরকুৎস্ক (Irkutsk)। নগরের নিকট বিরাট জল বিদ্যুৎকেন্দ্র স্থাপিত হইতেছে ; ইহা সমগ্র সো: দেশের তৃতীয় বৃহত্তম তড়িৎ-উৎপাদন কেন্দ্র হইবে। অসত্রোভনয় দ্বীপ এবং দক্ষিণতীরে বাঁধের উচ্চতা হইবে ২০ মিটার এবং আঙগারার প্রবাহিকা ১২৫০ মিটার হইতে সুরু করিয়া ১৭০ মিটারে দাঁড় করানো হইয়াছে। ইহার কাজ ১৯৫৪-তে সুরু হয়, '৫৬ তে প্রথম জেনারেটর-ইউনিট চালু হইবে। ইহার কাজ সম্পূর্ণ হইলে পূর্ব-সাইবেরিয়ার গুরু শিল্প-গঠন ও উন্নয়নের এক শক্তিশালী ভিত্তি প্রতিষ্ঠিত হইবে।

**আঙগোলা** (Angola) : পোর্তুগীজ পশ্চিম আফ্রিকা। অতলান্তিক মহাসাগরের তীরে প্রায় ১০০০ মা উপকূল। ফরাসী কংগো, বেলজিয়ান কংগো ও দক্ষিণ আফ্রিকা প্রভৃতি দেশের সীমানা নানা সময়ের চুক্তি-পত্র দ্বারা স্থিরীকৃত হইয়াছে। ... ১৪৮২-এ পোর্তুগীজরা কংগো অঞ্চল আবিষ্কার করে ও ১৪৯১-এ প্রথম উপনিবেশিকরা আসে। রাজধানী লুআন্ডা (Luanda) ১৫৭৫-এ স্থাপিত হয়। ...আ. ৪৮১,৩৫১ ব মা। জন. ৪১,৪৫, ২৬৬ ('৫০)। অধিবাসীরা বান্টুজাতীয়। ... কফি, ভুট্টা, চিনি, পাম্-তৈল ও শাঁস প্রধান উৎপন্ন সামগ্রী। দেশে মূল্যবান হীরক সম্পদ আছে। বেঙগুয়েলা বন্দর হইতে রেলপথ কংগো ও রোডেশিয়ার মধ্য দিয়া পোর্তুগীজ পূর্ব আফ্রিকা বা মোজাম্বিক রাজ্যে বিরা বন্দর (ভারত-মহাসাগর) পর্যন্ত গিয়াছে। নূতন রাজধানী নোভা লিসবোআ এই রেলপথের উপর।

**আঙগ্রা** (Angra ; Angra do Heroismo) : আজোর্স দ্বীপের রাজধানী ও বন্দর। জন. ১১ হা। উপসাগরের নাম 'বীরসাগর' (Bay of Heroism)।

**আঙলো-ইজিপ্সিয়ান সুদান** (Anglo-Egyptian Sudan) : দ্র সুদান।

**আচনেরা** (Achnera) : উত্তর প্রদেশ ; আগরা জেলার

থানা ও শহর। আগরা হইতে ১৭ মা দূরে মিটার গেজের রেল পথের জংশন ; এখান হইতে একটি শাখা লাইন মথুরা হইয়া কানপুর, অপর শাখা ভরতপুর (৩৪মা) হইয়া বান্দিকুই গিয়াছে (৯৪মা)। ১৮ শতকে জাঠদের সুদৃঢ় ঘাঁটি ছিল।

**আচিবল** (Achibal) : কাশ্মীরের গ্রাম। ইসলামাবাদ হইতে ৭ মা বন্ধুর পথ। জলপ্রপাত, সুদৃশ্য বন ও জহাঙ্গীরের প্রমোদকানন। আচিবল হইতে ১৩ মা দূরে বেরিনাগ (৬১০০ ফুট উচ্চ) বিতস্তা নদীর উৎপত্তি স্থল।

**আচিমোতা** (Achimota) : আফ্রিকার গোল্ড কোস্ট কলোনীর শহর। আক্রার ৬ মা উত্তরে। এখানে আফ্রিকানদের জন্য অনেকগুলি শিক্ষায়তন আছে। প্রিন্স অব ওয়েল্‌স কলেজ, য়ুনিভার্সিটি কলেজ প্রভৃতি। দুই শতের উপর ছাত্র-ছাত্রী য়ুনিভার্সিটি কলেজে অধ্যয়ন করে।

**আজভ** (Azov) : সোবিয়েত রুশিয়ার দক্ষিণস্থিত উপসাগর ; কৃষ্ণ সাগরের সহিত সংকীর্ণ প্রণালীর দ্বারা যুক্ত। রুশিয়ার ডন্ (Don) নদী আজভ সাগরে পড়িতেছে। ক্রিমিয়া উপদ্বীপ এই উপসাগরের দক্ষিণে।

**আজভ** (Azov) : সোঃ রুশের রসটভ জেলার একটি শহর (২৭,৫০০)। ১২ শতকে স্থাপিত। ১৭৬৯-এ রুশিয়ার দখলে আসে।

**আজমগড়** (Azamgarh) : উত্তর প্রদেশের গোরখপুর বিভাগের জেলা। আ. ২১৪৭ ব মা। জন. ২১'০২ লক্ষ। জেলার পশ্চিমে অযোধ্যা ও জৌনপুর। নদী তমসা, সরযূ। সিকন্দর লোদি দুর্গ নির্মাণ করিয়া স্থানের নাম দেন সিকন্দরপুর। ১৭ শতকে এক রাজপুত মুসলমান হইয়া আজম খাঁ নাম লয় ও এই স্থানের নাম আঃ রাখে। শহরের নিকট আজম খাঁর ভাঙ্গা কেল্লা দেখা যায়।

...শহর। কলিকাতা হইতে ফৈজাবাদ লুপ লাইনের সাহাগঞ্জ (৪৮৫ মা) জং হইতে বালিয়া লাইনের উপর (৩৫ মা) স্টেশন। মিউনি. (১৮৮৪)। জন. ২৬,৬৩২। ব্যাংক : স্টেট, কেন্দ্রীয় সমবায়।

**আজমীর** : (অজমের দ্র.)

**আজাদ কাশ্মীর** (Azad Kashmir) : ১৯৪৭, ১৫ আগষ্ট ভারত স্বাধীন হইলে কাশ্মীর সমস্যা দেখা দিল ; সংখ্যাগুরু মুসলীমরা হিন্দু ডোগ্‌রা রাজাদের কোন দিনই পছন্দ করিত না ; ইহাদের একাংশ রাওয়াল-পিণ্ডীতে ১৯৪৭, ৬ অক্টোবর এক সভা করিয়া ঘোষণা করে যে রাজাকে সিংহাসন হইতে তাহারা গদিচ্যুত করিল। ২৬ অক্টোবর কাশ্মীর ভারতভুক্ত হইলে কাশ্মীররাজ সেখ আবদুল্লাকে নূতন শাসন ব্যবস্থার প্রধান মন্ত্রী পদে নিযুক্ত করিলেন। সেই সময় হইতে পশ্চিমের কাশ্মীরীরা এই ব্যবস্থার বিরোধিতা সুরু করে ও পাকিস্তানীদের গোপন সহায়তায় কাশ্মীর আক্রমণ করে। কাশ্মীর রাজ্য ভারতভুক্ত হওয়ায় ভারত সরকার সৈন্য প্রেরণ ও সংযুক্ত রাষ্ট্রের নিকট মীমাংসার জন্য আবেদন প্রেরণ করেন। যুদ্ধ বিরতি ঘোষিত হইলে দেখা গেল যে কাশ্মীরের পশ্চিমাংশ পুঞ্চ ও মীরপুর জেলায় আজাদ কাশ্মীর গবর্নমেণ্ট প্রতিষ্ঠিত হইয়াছে। ১৯৪৯ হইতে '৫৫-এর মধ্যে এখানকার শাসন ব্যবস্থার বহুপরিবর্তন হইয়াছে। পাকিস্তান সরকার এখন ইহার নিয়ামক।...অর্থনৈতিক ও সাংস্কৃতিক দিক হইতে পাক-পঞ্জাবের সহিত ইহাদের যোগ ঘনিষ্ট।

**আজারবৈজান** (Ajerbaijan) : সোভিয়েত ইউনিয়ন-ভুক্ত রিপাবলিক ; কাস্‌পিয়ান হ্রদের পশ্চিমে ও পারস্যের উত্তরে পার্বত্য দেশ ; পারসিক, কুর্দ, সিরী-য়ান, আরমেনিয়ান প্রভৃতি জাতির বাস। জাফরান, তামাক, তুলা, তাম্র, শীশক, গন্ধক, নানাবিধ মর্মর প্রস্তর রপ্তানি হয়। কিন্তু দেশের আসল সম্পদ পেট্রোলিয়াম ; অসংখ্য ডেরিক বা পাম্প বাকু (Baku) নগরী ও চারিপার্শ্বে আছে।...প্রথম মহাযুদ্ধের অবসানে অধি-বাসিরা স্বাধীনতা ঘোষণা করে (১৯১৮)। ১৯২০ এপ্রিলে ইহারা পার-ককেসীয় ফেডারেল সোঃ রিপাব-লিক ভুক্ত হয়। ১৯৩৬-এ নূতন সংবিধান প্রবর্তিত হইলে আজারবৈজানীরা পুরাপুরি সোঃ অধিকার লাভ করিল।...এদেশের অন্য প্রধান সম্পদ তুলা। তুলার চাষেও অভাবনীয় উন্নতির হেতু পেট্রোঃর গাদ হইতে অতি উৎকৃষ্ট রাসায়নিক সার প্রস্তুত করিয়া তাহা প্রচুর

পরিমাণে জমিতে দেওয়া হইতেছে। বাকু হইতে বাটুম পর্যন্ত দুইটি পেট্রোঃ পাইপ গিয়াছে ; বাটুমে তৈলাদি নিষ্কাষিত হয়। চা, লেবু-জাতীয় গাছের আবাদ হইতেছে। লোকে শিক্ষায় অতিশয় অগ্রসর। বাকু বিশ্ববিদ্যালয়, আঃ বিজ্ঞান মন্দির, মেডিকেল কলেজ প্রভৃতি উল্লেখযোগ্য জ্ঞানকেন্দ্র। দেশের আ. ৩৩,৪৬০ ব মা; জন. ৩২'১০ লক্ষ। রাজধানী বাকু (জন. ৮,০৯,০০০)।

**আজিমগঞ্জ** (Azimganj) : মুর্শিদাবাদ জেলার লালবাগ মহ. র জিয়াগঞ্জ থানার অন্তর্গত শহর। জিয়াগঞ্জ-আজিমগঞ্জ একটি ম্যুনিসিপালিটি (১৮৮৪)। জন. ১৯,১৪৮। ভাগীরথী গঙ্গার পশ্চিম-তীরে আঃ ও পূর্ব-তীরে জিয়াগঞ্জ। মুর্শিদাবাদ নবাবদের স্বর্ণময় যুগে উভয় স্থানেই উত্তর-ভারত হইতে বহু জৈন ব্যবসায়ী আসিয়া বাস করেন। তাহাদের বংশধর সিংগী, নাহার, নাহাটা প্রভৃতি সমৃদ্ধ পরিবার। কলিকাতা হইতে বাণ্ডেল-বারহারা রেলপথে ১৩৫ মা। লুপ লাইনের সহিত নলহাটি হইতে শাখা লাইনের দ্বারা যুক্ত (২৮ মা)।

**আঁজু** (Anjou) : ফ্রান্সের প্রদেশ। লোয়ার (Loire) নদীর তীরে। এই প্রদেশের এক ডিউক ২য় হেনরি রূপে ইংলন্ডের রাজা হন (১১৫৪)। এই বংশ ইতিহাসে আন্জেভিয়ান বা প্লান্টেজেনেট নামে পরিচিত।

**আজোর্স** (Azores) : অতলান্তিক মহাসাগরে ইউরোপের উপকূল হইতে ৯০০ মা দূরে পোর্তুগীজদের দ্বীপাবলী। তিনটি গুচ্ছে নয়টি দ্বীপের সাধারণ নাম আজোর্স। দ্বীপগুলি ৪০০ মা ছড়াইয়া আছে। আ. ৯২২ ব মা ; জন. ৩'১৭ লক্ষ ('৫০)। ১৩৩১-৫৭ পোর্তুগীজদের দ্বারা আবিষ্কৃত ও ধীরে ধীরে উপনিবেশিত। বর্তমানে বাসিন্দার অধিকাংশই পোর্তুগীজ। রাজধানী আঙগ্রা-দো-হেরোইসমো (Angra-do-Heroismo)।

**আঝাঁকুর** (Agincourt, Azincourt) : ফ্রান্সের বুলোঞ (Boulogne) শহরের নিকটস্থ গ্রাম ; সমুদ্র তীর হইতে ২০ মা। এইখানে ১৪১৫ অক্টো. ২৫ তারিখে ইংলন্ডের রাজা ৫ম হেনরী ফ্রান্সের রাজাকে যুদ্ধে পরাভূত করেন।

**আটওয়ারী** (Atwari) : পাক-দিনাজপুর জে. সদর মহ.র থানা ; আ. ৮১ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর। এই স্থান বিহারের পূর্ণিয়া জেলার সীমান্তে অবস্থিত।

**আটঘরিয়া** (Atgharia) : পাবনা জে. সদর মহ.র থানা ; আ. ৭১ ব মা। গ্রাম, ডাকঘর।

**আটপাড়া** (Atpara) : ময়মনসিংহ জেঃ নেত্রকোনা মহ.র থানা। আ. ৭২ ব মা।...গ্রাম, নে.-র দক্ষিণে।

**আটলান্টা** (Atlanta) : মার্কিন যুক্তরাষ্ট্রের জর্জিয়ার রাজধানী। শিল্প ও ব্যবসায়ের কেন্দ্র। জন. ৩'৩১ লক্ষ।

**আটলান্টিক মহাসাগর, অতলান্তিক** (Atlantic Ocean) : ইউরোফ্রিকা ও আমেরিকা বেষ্টিত মহাসাগর, উত্তরে আর্কটিক ও দক্ষিণে আন্টার্টিক মহাসাগর। উ—দ লম্বা ৮৫০০ মা ; পূ—প ব্রাজিল হইতে গিয়েনা ৪৫০০ মা। আয়তন প্রায় ৩ কোটি বর্গ মাইল। প্রশান্ত মহাসাগর হইতে আয়তনে অর্ধেক হইলেও, পৃথিবীর উপর যতখানি বৃষ্টি পড়ে তাহার অর্ধেক ভাগ নদী বহিয়া আটলান্টিকে আসে। তথাচ প্রশান্ত হইতে এই মহাসাগরের জল অধিক লবণাক্ত। ...গভীরতা গড়ে ২,২০০ ফ্যাদম বা ২-৩ মা। সমুদ্র তলে একটি পর্বতশ্রেণী আছে তাহার উপর দিয়া ইউরোমেরিকার টেলিগ্রাফ কেবল গিয়াছে। ...ইউরোপের পশ্চিমে সাগর জলে বহুপ্রকার শৈবাল জন্মে ; ইহাকে সারাগোসা সাগর বলে। কলম্বাস কর্তৃক আমেরিকা আবিষ্কারের পর হইতে পৃথিবীর ইতিহাসের ভারকেন্দ্র ভূমধ্যসাগর হইতে আটলান্টিকে স্থানান্তরিত হইয়াছে। ... ১৬২০-এ মে ফ্লাওয়ার জাহাজ ১০৬ দিনে ও ১৮১৯-এ সাভানা নামে পাল-তোলা স্টীমার ২৬ দিনে সমুদ্র পার হয়। ১৮৪০ হইতে স্টীমার সার্ভিস চালু হয়, তখন ১৫ দিন লাগিত। ১৯১০-এ লুসিটানিয়া ও মরেটানিয়া ৪ দিন ১০ ঘণ্টায় ; ১৯৩৪-এ ফরাসী জাহাজ নর্মান্ডি ৪ দিন ৩ ঘণ্টায় ; ১৯৩৮-এ কুইন মেরী ৩ দিন ২১ ঘ: ৪৮ মি ও ফিরতি পথে ৩ দিন ২০ ঘ ৪২ মিনিটে পার হয়। ১৯১৯-এ প্রথম এরোপ্লেন (Scaplane) আটঃ পার হয়। সেই বৎসর আলকক ও ব্রাউন ১৫ ঘ: ৫৭ মিঃ এরোপ্লেনে সাগর পার হইয়া ১০ হাজার পাঃ পুরস্কার লাভ

করেন। ১৯২৭-এ কর্নেল লিন্‌ডবার্গ একখানি মনো-প্লেনে নিউইয়র্ক হইতে প্যারিস—৩৭০০ মা ৩৩ ঘ. ৫০ মি: পার হন। ইহার পর বহু সাহসিক বিমানে আ: পার হইয়াছেন। এখন বহু বিমান সার্ভিস চলিতেছে।

**আটলান্টিক চার্টার** ( Atlantic Charter ) : দ্বিতীয় মহাযুদ্ধের সময় ১৯৪১, ১৪ অগস্ট আটলান্টিক মহাসাগরের উপর জাহাজে ব্রিটিশ প্রধান মন্ত্রী উইন্‌স্টন চার্চিল্ল ও মার্কিন প্রেসিডেণ্ট রুজভেল্টের সাক্ষাৎ হয়। মার্কিনরা তখনো মহাযুদ্ধে লিপ্ত হয় নাই। এই মোলাকাতের ফলে তাঁহারা যে আটটি মূল সূত্র রচনা করেন তাহারই উপর ভিত্তি করিয়া ভবিষ্যতে U. N. O-র চার্টার লিখিত হয়। ইহাতে ঘোষিত হয় যে : (১) কেহ রাজ্যবৃদ্ধি করিবে না। (২) জনমত না লইয়া কোনো দেশের পরিবর্তন সাধিত হইবে না। (৩) সকল জাতির পক্ষে নিজনিজ শাসন প্রণালী বাছিয়া লইবার অধিকার থাকিবে। (৪) পৃথিবীতে বাণিজ্যাদি করিবার অধিকার বিজেতা ও পরাজিতের সমভাবেই থাকিবে। শ্রমিকদের উন্নততর জীবনযাত্রা যাপন, নাৎসি জারমানদের পরাজয়ের পর শান্তি স্থাপন প্রভৃতি আরও চারিটি মত ব্যক্ত হয়।

**আটলান্টিস** ( Atlantis ) : প্রাচীন গ্রীকদের বিশ্বাস যে অতলান্তিক মহাসাগরে আ: নামে দ্বীপ ছিল, দেবতাদের অভিশাপে উহা জলমগ্ন হয়। অনেকেরই মত উহা কাল্পনিক দ্বীপ মাত্র। কাহারও মতে আজোর্স, মতান্তরে কানারি দ্বীপপুঞ্জ। এখনও এই দ্বীপ সম্বন্ধে লোকের কৌতূহল নিবৃত্ত হয় নাই। সংস্কৃত পুরাণাদির 'অতল' নামে দ্বীপের সহিত তুলনীয়।

**আটলাস** ( Atlas ) : আফ্রিকার উত্তরস্থিত পর্বতমালা, স্থানীয় নাম 'বার্বার অদ্রার' ( অদ্রি )। কতকগুলি সমান্তরাল ও ভাঁজযুক্ত পর্বত শ্রেণীর দ্বারা গঠিত ; প্রকৃতপক্ষে এগুলি ইউরোপের পর্বতমালার প্রসারিত শাখা প্রশাখা। মরোক্কো হইতে টিউনিস পর্যন্ত প্রায় ১৫০০ মা. দীর্ঘ। উপত্যকাগুলি উর্বর ; পর্বতগাত্র বনময় ; নদীগুলি খরস্রোতা। প্রচুর আলফা তৃণ জন্মে ; উহা কাগজের মণ্ড (pulp) ও মেষ খাদ্য রূপে ব্যবহৃত হয়। আটলাসের অরণ্যে এককালে হাতী ছিল ; জলবায়ুর পরিবর্তনে সে দেশ এখন রুক্ষ হইয়া গিয়াছে। এই পর্বতমালার উত্তরস্থিত 'টেল্' ভূমিতে দ: ইউরোপীয় শস্য ও ফলাদির চাষ হয়, যেমন গম, যব, কমলা, আঙ্গুর, ডুমুর প্রভৃতি।

**আটোক** ( Attock ) : প: পাকিস্তান ; পঞ্জাব প্রদেশের রওয়ালপিণ্ডি বিভাগের জেলা। আ. ৪১৭৮ ব মা। জন. ৭'২৩ লক্ষ। অধিকাংশই মুসলমান। প্রধান নদী সিন্ধু। বারিপাত ২৫"। ৪ তহশীল। প্রধান শহর কাম্বেলপুর।

**আটোক শহর ও দুর্গ** : সিন্ধু ও কাবুল নদীর সঙ্গমে অবস্থিত। এইখানে আলেকজেন্দার সিন্ধু নদ পার হইয়াছিলেন। অকবর শাহ দুর্গ নির্মাণ করিয়া আটোক নাম দেন। ব্রিটিশ যুগের প্রথম দিকে নৌ-সেতু ছিল ; পরে বিরাট লৌহ সেতু সিন্ধুর উপর নির্মিত হয় ( ১৮৮৫ ) ; উপরে রেলসেতু, নিচে যানবাহনের পথ। আ. ব. নিকটে পেট্রোলিয়াম খনি আবিষ্কৃত হইয়াছে। …কলিকাতা হইতে ১৫০৫ মা ; বোম্বাই ১৫৪১ মা ; করাচি ৮৮২ মা।

**আঠগড়** ( Athgarh ) : ওড়িশার পূর্বতন করদ রাজ্য। এখন কটক জেলার অন্তর্গত। মহানদী দক্ষিণ দিকে প্রবাহিত। এই রাজ্যের আ. ১৬ ব মা। ১৯২ গ্রাম। জন. ৫৫ হা। রাজস্ব ৫০ হা ; কর ২৮০০৲। রাজা করণ জাতীয় ; পূর্বকালে পুরীর রাজার মন্ত্রী ছিলেন। ১৯৪৯-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩৬,১০০ টাকা ভাতা দেওয়া হয়। আ. শহর কটকের ১৫ মা উত্তর-পশ্চিমে।

**আঠমল্লিক** ( Athmallik ) : ওড়িশার পূর্বতন করদ রাজ্য। বর্তমানে ঢেংকানাল জেলার অন্তর্গত। কটক হইতে মহানদী দিয়া প্রায় একশত মা. যাইতে হয়। আ. ৭২৩ ব মা। গ্রাম ৪৬০। জন. ৭২ হা। বারিপাত ৫১" – ৮২"। ১৮০৪ পর্যন্ত এই রাজ্য বাউদ রাজ্যের করদ ছিল ; ১৮৯৪ পৃথক রাজ্য হয়। রাজস্ব ৭১ হা ; কর ৪৮০৲। ১৯৪৯-এ ভারতভুক্ত হইবার পর রাজা ৪৮,৫০০৲ টাকা বার্ষিক ভাতা পাইতেছেন।

**আঠারনালা** ( Atharanala ) : পুরী যাইতে যে হাঁটা পথ ছিল, তাহার উপর আঠারটি নালা ছিল ; এখনো কয়েকটি আছে।

**আঠারবাড়ি** (Atharabari) : পূঃ পাকিস্তান; ময়মনসিংহ জে. সদর মহকুমা, ঈশ্বরগঞ্জ থানার গ্রাম। প্রাচীন জমিদার পরিবারের বাসস্থান ছিল। ঈ-বে রেল ভৈরব-বাজার শাখার স্টেশন। গ্রাম ময়মনসিংহ হইতে ১৮ মা।

**আড্‌মিরাল্‌টি** ( Admiralty Is ) : প্রশান্ত মহাসাগরে নিউগিনীর উ-পূর্বে ৪০টি দ্বীপের সমষ্টি। আ. ৮০০ ব মা। জন. ১৪,৪২০। অধিবাসীরা পাপুয়ান জাতীয়। প্রধান শহর লোরেনগাউ ( Lorengau )।

১৬১৬ ওলন্দাজদের দ্বারা এই দ্বীপপুঞ্জ আবিষ্কৃত। ১৮৮৫ জারমানরা দ্বীপগুলি অধিকার করিয়া বিসমার্ক দ্বীপপুঞ্জের ( দ্র ) অন্তর্গত করে। ১ম মহাযুদ্ধের পর ( ১৯১৯ ) অস্ট্রেলিয়ার শাসনাধীন।…নারিকেল চাষ, সমুদ্র হইতে মুক্তা তোলা প্রভৃতি অধিবাসীদের প্রধান উপজীবিকা।

**আড়াই দিন কা ঝোপড়া** ( Arai dinka Jhopra ) : দিল্লীর উপকণ্ঠে কুতব-উদ্দীন আইবাক নির্মিত মস্‌জিদ ; ইলতুতমিস্ শ্বেত পাথরের সূক্ষ্ম কারুকার্য করা ঝরকা বা পরদা এখানে দিয়াছিলেন ; তাহা এখনো আছে। এই মস্‌জিদ আড়াই দিনে নির্মিত হইয়াছিল বলিয়া যে প্রবাদ আছে তাহা অমূলক। মারাঠাদের সময়ে আড়াই দিন ধরিয়া একটি মেলা বসিত বলিয়া বোধ হয় এই নাম।

**আড়াইহাজার** (Araihazar) : ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহ. র থানা ; আ. ৫৮ ব মা। গ্রাম, ডাকঘর।

**আড়িচা** ( Aricha ) : ঢাকা জেলার মানিকগঞ্জ মহকুমার গ্রাম ও নদী-বন্দর। পদ্মা ও ব্রহ্মপুত্র-যমুনার সঙ্গম-স্থলের নিকট অবস্থিত স্টীমার স্টেশন। আড়িচার উত্তরস্থিত তেওতা গ্রামের জমিদারগণ এককালে প্রসিদ্ধ ছিলেন।

**আড়িয়াল খাঁ** ( Arial Khan ) : পূঃ পাকিস্তানের নদী ; ফরিদপুর শহরের কিছু দূরে পদ্মা হইতে ভাঙ্গিয়া জেলার মধ্য দিয়া প্রবাহিত ; দুই ভাগে বিভক্ত হইয়া পুনরায় ইলশা বা তেঁতুলিয়াতে মিলিত হইয়াছে।

**আডিলেড্** (Adelaide) : সাউথ অস্ট্রেলিয়া প্রদেশের রাজধানী। টোরেন্স নদীর উপর সমুদ্র হইতে ৮ মা অভ্যন্তরে। ইংলন্ডের রাজা ৪র্থ উইলিয়ামের পত্নীর নামানুসারে শহরের নামকরণ। জন. ৪·৫৯ লক্ষ ( '৫২ )। বিশ্ববিদ্যালয় ( ১৮৭৪ )।

**আতুর** (Attur) : মদ্রাজ রাজ্য ; সালেম জেলার তহশীল ও শহর। ম.-তিরুচিরুপলী রেলপথের বৃদ্ধাচলম জং (১৩৩ মা ) হইতে পশ্চিমে সালেম রেলপথে আতুর স্টেশন (৫২ মা ) ; সালেম ৩৫ মা। ১৭৬৮ ইংরেজ দখল করে। এখানকার কড়ি রমনের মন্দির বিখ্যাত তীর্থ। জন. প্রায় ২৩ হা। স্টেট ও সালেম ব্যাঃ ; এবং সালেম শ্রীরামস্বামী ব্যা-র শাখা আছে।

**আত্রাই, আত্রেয়ী** (Atrai) : পূ-পাকিস্তান ; রাজশাহী জে. নওগাঁ মহকুমার গ্রাম। ঈ. বে. রেলে, আত্রাইঘাট স্টেশন (১৭৯ মা ) হইতে যাইতে হয়।

**আত্রাই নদী** (Atrai River) : উত্তর বঙ্গের বিশিষ্ট নদী। ১৭৮৭ পর্যন্ত তিস্তা নদীর জল আত্রাই-এর খদ দিয়া গঙ্গায় আসিত। এই বৎসর তিস্তার বন্যায় উঃ বঙ্গের ভূ-প্রকৃতির ভীষণ পরিবর্তন হয় এবং তিস্তার খদ ও মোহনার বহু অদল বদল হইয়া যায়। বর্তমানে আত্রাই জলপাইগুড়ির করতোয়া নদী হইতে ভাঙিয়া দিনাজপুর ও রাজশাহীর মধ্য দিয়া আসিয়া যমুনায় পড়িতেছে। নিম্নাংশের নাম বড়াল নদী। প্রায় প্রতি বৎসর এই নদীতে বান আসে।

**আথাবাস্‌কা** ( Athabaska ) : কানাডার নদী (৭৬৫ মা) ; রকী পর্বত হইতে উঠিয়া আ. হ্রদ (২৩০ মা. দীর্ঘ, ১৪-৩০ মা. প্রস্থ)-এর মধ্য দিয়া প্রবাহিত হইয়া মাকেনজি নদীর জলধারার সহিত মিশিয়াছে।

**আথেনস্** (Athens), **আথেনাই** (Athenai) : গ্রীসের রাজধানী ; পিরাস বন্দর সমেত জনসংখ্যা ১৩·১৫ লক্ষ।…প্রাচীন গ্রীসের বিশিষ্ট নগরী। আথেনীয়গণ পৃথিবীতে সর্বপ্রথম রিপাবলিক শাসন-তন্ত্র প্রবর্তন ও ডিমক্রেসির পরীক্ষা করেন। স্থাপত্য ভাস্কর্যের বহু নিদর্শনপূর্ণ এই নগরীর মধ্যে পার্থিনন নামে বিশাল মন্দির শিল্পশোভায় অতুলনীয় ছিল। ১৬৮৭ তুর্কীদের বারুদশালার বিস্ফোরণের ফলে ইহার

অধিকাংশ ধ্বংস হয়। নগরীর বন্দর পিরাস, ৪½ মা. রেলপথের দ্বারা যুক্ত। পূর্বকালে এই পথ প্রাচীরদ্বারা সুরক্ষিত ছিল। আ. বিশ্ববিদ্যালয়ে বাইরনের নামে যে অধ্যাপক নিযুক্ত হয়, তাহার ব্যয় ব্রিটিশ গবর্নমেণ্ট বহন করেন।...

**আদন্, এডেন্** ( Aden ) : লোহিত সাগর ও আরব সাগরের প্রবেশপথে আরব দেশের দঃ পঃ কোণে পার্বত্য মালভূমি, সংকীর্ণ যোজকের দ্বারা আরাবিয়ার সহিত যুক্ত। ইহা ইংরেজদের বন্দর ও ব্রিটিশ কলোনি। সামুদ্র-লবণ তৈয়ারির বিরাট কারখানা। ...আ. ৭৫ ব মা। জন. ৯৬ হা। ...রোমানরা খ্রী. পূ. ২৪ এই স্থান দখল করে ও নাম দেয় আতানি ( Attane )। ১৬ শতকে পোর্তুগীজদের দ্বারা আবিষ্কৃত। ১৫৩৮-এ তুর্কীদের দ্বারা বিজিত। ১৭৩০ আরব শেখরা ইহার মালিক হয়। ১৮৩৯ ইংরেজদের অধিকারে আসে। ১৮৩৭-এ একখানি ইংরেজ জাহাজ আরব উপকূলে ধ্বংস হয়; স্থানীয় আরবরা নাবিকদের উপর অত্যাচার করিয়াছে এই অজুহাতে ক্ষতিপূরণ বাবদ আদন্ শেখের নিকট হইতে আদায় করা হয়। প্রায় একশত বৎসর বোম্বাই সরকারের অধীন ছিল (১৯৩২)। ঐ বৎসর ভারতের বড়লাটের অধীন চীফ কমিশনারের উপর শাসনভার ন্যস্ত হয়। ১৯৩৭ হইতে বৃটিশ কলোনিয়ল অপিসের তত্ত্বাবধানে যায় ও ব্রিটিশ কলোনি বলিয়া ঘোষিত হয়। ১৯৪৭-এ ব্যবস্থাপক সভা প্রবর্তিত হইয়াছে। গবর্নর এই সভার প্রেসিডেণ্ট। ...আদনে নিয়মিত ৫ আন্তর্জাতিক বিমান সার্ভিস।

**আদন্, সংরক্ষিত** ( The Aden Protectorate ) : আদন্ বন্দরের পার্শ্বে ১'১২ লক্ষ ব মা স্থান লইয়া আশ্রিত ব্রিটিশ রাজ্য। জন. প্রায় ৬'৫০ লক্ষ। এখানকার শেখরা ব্রিঃ গবর্নমেণ্টের সহিত মিত্রতা সূত্রে আবদ্ধ। পশ্চিম আশ্রিতাংশে ১৯ জন শেখ; পূর্বাঞ্চলে হাদ্রামৌত (দ্র), কুয়াইত (দ্র) প্রভৃতি অপেক্ষাকৃত বড় কয়েকটি স্টেট আছে। এই আশ্রিত রাজ্যগুলি আদনের গবর্নর ও জঙ্গীলাটের অধীন। ...এছাড়া কুরিয়া মুরিয়া দ্বীপপুঞ্জ ও কামারন দ্বীপ আদন হইতে শাসিত হয়।

**আদমদীঘি** ( Adamdighi ) : পূঃ পাকিস্থান; বগুড়া জেলার থানা ও শহর। সান্তাহার-বগুড়া-ফুলছড়ি রেল-শাখার স্টেসন; কলিকাতা হইতে ১৭৮ মা। এই স্থানে বাবা আদম নামে এক সাধক ফকির বাস করিতেন; রানী ভবানী ইহাকে খুবই শ্রদ্ধা করিতেন ও এক দীঘি খনন করাইয়া ফকিরের নামে উৎসর্গ করেন। এই দীঘি ও বাবা আদমের নাম হইতে গ্রামটির নাম। এই থানার অন্তর্গত ছাতিন বা ছাতিয়ান গ্রাম রানী ভবানীর জন্মস্থান।

**আদম শিখর** ( Adam's peak ) : সিংহলের পর্বত (৭,৩৬০ ফুট)। মুসলমানরা মনে করে আদি মানব আদম স্বর্গ হইতে আসিয়া এখানে বাস করে। বৌদ্ধরা বলে ইহার উপর বুদ্ধের পদচিহ্ন আছে। সিংহলী ভাষায় এই পর্বতের নাম শ্রীপদস্থানায়া ও সমনালিয়।

**আদম সেতু** ( Adam's bridge ) : দ্র. সেতুবন্ধ। ভারত ও সিংহলের মধ্যে প্রবাল দ্বীপমালা সমুদ্র হইতে উঠিয়া প্রবাল পর্বতে পরিণত হইয়াছে। পাকপ্রণালীও মান্নার উপসাগরের মধ্যে অবস্থিত।

**আদরা, আদ্রা** ( Adra ) : বিহার; মানভূম (পুরুলিয়া) জেলার শহর। আসানসোল—সিনি রেলপথের বড় জং (২৬ মা)। আদরা হইতে বাঁকুড়া হইয়া এক লাইন খড়গপুর গিয়াছে; আর একটি লাইন উ.-পশ্চিমে গোমো গিয়াছে। কলিকাতা ১৭৬ মা। বড় রেল কলোনি; তজ্জন্য স্কুল, ক্লাব প্রভৃতি আছে। জন. ১০,৫৭৭।

**আদিনা** (Adina) : মালদহ জেলার গ্রাম; কাটিহার-সিঙ্গাবাদ লাইনের স্টেশন (৪১ মা)। কলিকাতা ২১৪ মা। এখানকার মস্জিদ অতি বিখ্যাত। গৌড় হইতে প্রায় ২০ মা. দূরে পাণ্ডুয়ার অন্তর্গত। গৌড়েশ্বর সিকন্দর শাহ (১৩৬৮) কর্তৃক নির্মিত। এত বড় মস্জিদ ভারতবর্ষে অন্য কোন স্থানে নাই; দৈর্ঘ্যে ৫০০ ফুট ও প্রস্থে ৩০০ ফুট, উচ্চতায় ৬০ ফুট। পণ্ডিত-দের মতে ইহা বৌদ্ধ স্তূপ ভাঙ্গিয়া, ও উহার সরঞ্জাম লইয়া নির্মিত হইয়াছে। লোকপ্রবাদ 'আদিনাথ' হইতে আদিনা হইয়াছে। মস্জিদের ধ্বংসাবশেষ মধ্যে বহু দেব-দেবী ও হিন্দু স্থাপত্যের উপকরণ পাওয়া যায়।

**আদিনাথ তীর্থ** (Adinath) : চট্টগ্রাম জেলার মহেশখালি দ্বীপের পাহাড়ের উপর ( ৬৯ ধাপ সিঁড়ি ) হিন্দু তীর্থ। শক্তি অষ্টভুজা। হিন্দু-মন্দিরের নিকট একটি সুন্দর বৌদ্ধ-মন্দির আছে। সমুদ্র শান্ত থাকিলে কক্সবাজার হইতে নৌকায় যাওয়া যায়। চট্টগ্রাম হইতে স্টীমার মহেশখালি যায়। চট্টগ্রাম ৭৫ মা।

**আদিলাবাদ** (Adilabad) : হায়দরাবাদ রাজ্যের উত্তরাংশে অবস্থিত জেলা। আ. ৭২৯৪ ব. মা। জন. ৯,০১, ১৬৯ ('৫১)। উত্তর ও পূর্বে পেনগঙ্গা নদী মধ্যপ্রদেশ রাজ্য সীমান্তে প্রবাহিত। দ. গোদাবরী নদী; প. নন্দার জেলা। আ. জেলা ১০ তালুকে বিভক্ত। —শহর। হা. রাজ্যের উত্তরতম জেলার সদর; জন. ১৭,১৪৫। মানমদ-সেকেন্দারাবাদ মি. রেলপথের মুড়খেড ( Mudkhed ) ( ২৩১ মা ) জং হইতে শাখা রেলপথের শেষ স্টেশন ( ১০১ মা )। হা.-নাগপুর সড়ক শহর দিয়া গিয়াছে।

**আদিসপ্তগ্রাম** (Adisaptagram) : হাওড়া হইতে ২৭ মা. দূরে বাণ্ডেল ও মগরার মধ্যে স্টেশন। পূর্বে এই স্টেশনের নাম ছিল ত্রিশবিঘা ( দ্র. সপ্তগ্রাম )। স্টেশনের নিকট প্রাচীন সপ্তগ্রামের ধ্বংসাবশেষ রহিয়াছে।

**আদুর** (Adoor) : তিরু-কোচীন রাজ্যের শহর। জন. ১৩, ৭৪৫। আ. ব্যাংকের অপিস, স্বদেশী ও তিরুবঙ্কুর ফরওয়ার্ড ব্যা. শাখা।

**আঁদুল, আন্দুল** (Andul) : হাওড়া জেলার সাঁকরাইল থানার গ্রাম। দ. রেল ( পূর্বের B. N. Ry. ) হাওড়া হইতে ৮ মা। আন্দুল রাজবাড়ি এক কালে বিখ্যাত ছিল; লর্ড ক্লাইভের দেওয়ান রামলোচন রায় এই বংশের প্রতিষ্ঠাতা। রামলোচনের পুত্র দিল্লীশ্বরের নিকট হইতে 'রাজা' উপাধি পান। বর্তমান জমিদারগণ দৌহিত্র বংশীয়। ...প্রাচীন মন্দির দর্শনীয়। জন. ৫, ৪২৪। স্কুল, হাসপাতাল, ডাকঘর।

**আদোনি** (Adoni) : অন্ধ্র রাজ্য; কুরনুল জেলার শহর। ওয়াডি-গুনটুকুল রেলপথের স্টেশন ( ১১১ মা ); রায়চুর ৪৪ মা। দাক্ষিণাত্যের অন্যতম প্রধান তুলার বাজার। কিংবদন্তী তিন হাজার বৎসর পূর্বে এই নগরের পত্তন হয়। তালিকোটার যুদ্ধের পর ( ১৫৬৫ ) এই স্থান বিজাপুরের সুলতানের আয়ত্তে আসে। ১৬৯০-এ অউরঙ্গজেব কর্তৃক অধিকৃত হয়; ১৭৪০-হইতে আসফজা নিজামউলমুলকের রাজ্যভুক্ত। ১৭৮৬ টিপু সুলতান কর্তৃক অধিকৃত। ১৭৯৯ কয়েকটি স্থানের বিনিময়ে ইংরেজরা আদোনি লাভ করে। এখানে মুসলমান আমলের কয়েকটি সুন্দর মসজিদ ও কবর-গৃহ আছে। জন. ৫৩, ৫০৮। ব্যাংক : কানাড়া ইনডাস্ট্রি, সেন্ট্রাল, স্টেট।

**আদ্দিস আবাবা** ( Addis Ababa ) : ইথিওপিয়ার রাজধানী। প্রায় ৮ হা. ফুট উচ্চ মালভূমির উপর অবস্থিত। ১৮৮৫ সম্রাট মেনলেক এইখানে প্রাসাদ নির্মাণ করেন। জিবুতি হইতে ৫০০ মা রেলপথ। ৫০ বৎসর পূর্বে মেনেলিক কলিকাতা কর্পোরেশনের নিকট কয়েক জন ভারতীয় ইন্‌জিন ড্রাইভার চাহিয়া পত্র দেন। কেহ গিয়াছিল কিনা জানি না। রাজধানীর কাছে বিমান বন্দর আছে। জন ২ লক্ষ ( '৪৭ )।

**আড্রিয়াতিক সাগর** (Adriatic Sea) : ভূমধ্যসাগরের অগভীর উপসাগর। রোমান বন্দর আদ্রিয়া (Adria) হইতে উপসাগরের নাম। উত্তর ও পশ্চিমে ইতালি, পূর্বে যুগোস্লাভিয়া ও আলবেনিয়া। আ. ৫০ হা. ব মা। ইতালির বন্দর—ব্রিন্দিসি, ভেনিস, ত্রিএস্তে (আংশিক) ও পোলা। যুগোস্লাভিয়ার বন্দর—ত্রিএস্তে (আংশিক), রাগুসা ও কত্তারো। আলবেনিয়ার বন্দর—আবলোন (Avlona)। ভেনিস্‌কে মধ্যযুগে আড্রিয়াতিকের রানী বলিত।

**আড্রিয়ানোপল** (Adrianople) : ইউরোপীয় তুর্কীর নগর। তুর্কী-এদির্নে (Edirne) বুলগেরিয়ান Odrin। রোমান সম্রাট হাড্রিয়ান ( ১১৭-৩৮ ) থ্রেসিয়ান শহর উস্‌কোদামাকে পুনর্নির্মাণ করেন ও তদনুযায়ী হাড্রিয়ানপুরী নাম হয়। ১৩৬১ তুর্কীরা এই স্থান অধিকার করে। বর্তমানে রেশম, গোলাপ-আতর, আফিম, মদ, তামাকের ব্যবসায় কেন্দ্র। জন. ২,২১,১২৫।

**আনন্দ** (Anand) : বোম্বাই; কয়রা জেলার তালুক ও শহর। বো-বড়োদা-বিরামগ্রাম ব্রড গেজ রেল-

পথের স্টে (২৬৬ মা), বড়োদা ২২ মা, অহমদাবাদ ৪০ মা। এখান হইতে কাম্বে পর্যন্ত রেলপথ (৩৩ মা) আছে। ভারত সরকার কর্তৃক এখানে তামাক গবেষণাগার স্থাপিত হইয়াছে। স্থানীয় মাখনের কারখানা বিখ্যাত। জন. ২৫,৭৬৭। ব্যাংক—দেবকরণ লালজী।

**আনন্দপুর** (Anandapur): ওড়িশা; কেওনঝাড় জে. র মহকুমা। জন. ১,৬৩,৭১৯।

**আনাতোলিয়া** (Anatolia): এশিয়া মাইনরের গ্রীক নাম, অর্থ পূর্বদিক। বর্তমান তুর্কী রিপাবলিক। (দ্র তুর্কি)।

**আনেগুন্ডী** (Anagundi): হায়দরাবাদ রাজ্যের রায়চুর জেলার দক্ষিণে কৃষ্ণা নদী তীরের শহর। ইহার নিকটে বিজয়নগরের রাজধানী ছিল (১৪-১৫ শতক)।

**আনামলয় পর্বত** (Anaimalai Hills): তিরু-কোচীনের উত্তরের পাহাড়; ইহার উত্তরে সমতল ভূমি এবং তদুত্তরে নীলগিরি পর্বতমালার শাখা। এই সমতল ভূমির মধ্য দিয়া মদ্রাজের দিক হইতে রেলপথ আসিয়া পশ্চিম উপকূলে মঙ্গলুর ও কোচীন পর্যন্ত গিয়াছে। এই সমতলভূমে ওলাবক্কোট-পালঘাট হইতে ৩০ মা. দূরে আনামলয় রোড স্টেশন ও তথা হইতে আ. শহর। এতদঞ্চলে কফি প্রভৃতি উৎপন্ন হয়; এবং পর্বত হইতে দড়িপথে মালপত্র যাওয়া-আসা করে। জন. ৮,১৬৯। আ. ইউনিয়ন ব্যাংক।

**আনোয়ার** (Anwar): চট্টগ্রাম জেলার সদর মহ-র থানা। আ. ৬১ ব মা। গ্রাম।

**আন্টাইলিস** (Antiles): বাহামস (Bahamas) দ্বীপ ছাড়া পশ্চিম ইন্‌ডিস্ (W. Indies) দ্বীপপুঞ্জের সমষ্টিগত নাম। (১) বৃহত্তর আনঃ বলিতে বুঝায় কিউবা (Cuba), জামাইকা, হাইতি, পোর্টোরিকো। (২) ক্ষুদ্র আনঃ দুইভাগে বিভক্ত: লীওয়ার্ড ও উইন্‌ড-ওয়ার্ড দ্বীপবর্গ। আন্টিগুয়া, ডোমিনিকা, গ্রানাদা, গুয়াদালুপ, মার্তিনিক, সেন্টভিন্‌সেন্ট, টোবাগো, ট্রিনিদাদ লইয়া ক্ষুদ্র আনঃ বর্গ গঠিত।

**আন্টওয়ার্প** (Antwerp, Anvers): বেলজিয়ামের নগর ও বন্দর। শেল্‌ডে (Schelde) নদীর উপর। জাহাজ নির্মাণ, তৈল নিষ্কাষণ, প্রভৃতি বিচিত্র শিল্প প্রতিষ্ঠানের কেন্দ্র। মধ্যযুগ হইতে শিল্প বাণিজ্যের জন্য বিখ্যাত। মধ্যে নিষ্প্রভ হইয়া যায়। বেলজিয়াম স্বাধীন রাজ্য (১৮৩০) হইবার পর হইতে উন্নতি হইয়াছে। জন. ২·৬১ লক্ষ ('৫৯)।

**আন্টার্কটিকা** (Antarctica): দক্ষিণ মেরুর চতুষ্পার্শ্বস্থ প্রায়-চিরতুষারাবৃত সুবৃহৎ মহাদেশ। দ. মেরু হইতে ২৩½ ডিগ্রী পর্যন্ত ইহার সীমানা। আ. প্রায় ৫০ লক্ষ ব মা, এশিয়ার সমান। উপকূলভাগের মানচিত্র প্রায় প্রস্তুত হইয়া আসিয়াছে। মহাদেশের মধ্যভাগের সম্বন্ধে জ্ঞান অত্যন্ত অল্প; তবে বিমান যোগে লোকে দেশের অবস্থা দেখিয়াছে। ... এখানকার মালিক বহু জাতি। আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া নিউজীলন্ড প্রধান দাবীদার; ব্রিটিশ, মার্কিন, নরওয়েজানদের এলাকা আছে; অস্ট্রেলিয়ার দাবী ২৪·৭২ লক্ষ ব মা. র উপর। তিমি শিকারের কয়েকটি আস্তানা পত্তন হইয়াছে। (অভিযান সম্পর্কে—দ্র. কুমেরু)

**আন্তানা-নারিবো** (Antananarivo, Tananarivo): মাদাগাস্কার (দ্র) দ্বীপের রাজধানী, পূর্বকালে হোবা (Hova) রাজাদের নগরী ছিল। তামাতাবে বন্দর হইতে রেলপথ আছে। জন. ১·৬৫ লক্ষ।

**আন্তিগুআ** (Antigua): ব্রিটিশ পঃ ইন্‌ডিজ (দ্র) দ্বীপাবলীর অন্তর্গত লীওয়ার্ড দ্বীপপুঞ্জের ৪টি প্রদেশের অন্যতম। বারমুডা ও রেডোণ্ডা দ্বীপদ্বয় আনতি. শাসন বিভাগের অন্তর্ভুক্ত। লেজিঃ কাউন্‌সিল প্রভৃতি আছে। আ. ১০৮ ব মা; জন. ৪১ হা ('৫২)। প্রধান শহর সেন্টজন্‌স (১০ হাজার) লীওয়ার্ড শাসন বিভাগেরও কেন্দ্র। ইক্ষু ও তুলা প্রধান উৎপন্ন দ্রব্য।

**আন্দামান** (Andaman Islands): বঙ্গোপসাগরের মধ্যে ৫টি বড় ও প্রায় ২০০টি ছোট দ্বীপের সমষ্টিগত নাম। আ. ৩২১৫ ব মা; জন. ৩০,৯৭১ ('৫১; আদিবাসিন্দা ছাড়া)। বৃহত্তম দ্বীপ ২১৯ মা দীর্ঘ, ৩২ মা প্রস্থ। পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ বনসম্পদ এই দ্বীপগুলিতে আছে। আদিবাসিন্দারা বনে বাস করে ও সহজে সভ্য জনতার নিকট আসিতে চাহে না। ভাষা নিগ্রো ভাষা উদ্ভব।—সিপাহী বিদ্রোহের পর

বিদ্রোহীদের বন্দী করিয়া এই দ্বীপে পাঠানো হয় (১৮৫৮)। সেই হইতে ১৯৪২ পর্যন্ত ইহা কয়েদী নির্বাসন রূপে ব্যবহৃত হইত। নির্বাসিত কয়েদীদের মধ্যে একদল দণ্ডকাল শেষ হইলে স্বদেশে না যাইয়া এইখানেই বসবাস করিত। এইভাবে এখানকার জনসংখ্যা বৃদ্ধি পাইয়াছে। দ্বিতীয় মহাযুদ্ধের সময় এই দ্বীপগুলি জাপানীদের অধিকারভুক্ত ছিল (১৯৪২, মার্চ ২৩—১৯৪৫ অক্টো ৫)। ১৯৪৭-এ ভারত স্বাধীন হইলে এই দ্বীপে বাংলা দেশ হইতে উদ্‌বাস্তু প্রেরণের ব্যবস্থা হয়। প্রধান শহর ও বন্দর পোর্ট ব্লেয়ার, এখান হইতে কলিকাতা ৭৮০ মা; মদ্রাজ ৭৪০ মা। বর্তমানে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ভারত ইউনিয়নের 'ঘ' শ্রেণীর রাজ্য। চীফ কমিশনার ও ৫ জন পরামর্শদাতা লইয়া শাসনব্যবস্থা। আন্দামানে ১৯৪৯ হইতে '৫৫ জুন পর্যন্ত পূর্ব বাংলার মোট ১১৫৪টি হিন্দু উদ্‌বাস্তু পরিবার (জন. ৪,৫০৩) বসতি স্থাপন করিয়াছে। আরও পরিবারের যাওয়ার কথা।

**আন্দালুসিআ** (Andalusia): স্পেনের বৃহত্তম অংশের নাম—প্রায় ⅙ অংশ। জনসংখ্যা সমগ্র দেশের এক-পঞ্চমাংশ। মুর বা আরব মুসলমানদের বহু স্থাপত্য-কীর্তি দেশের নানা স্থানে দেখা যায়। 'অল্ আন্দালুস' আরবী নাম। কাদিজ, সেভাইল, জিবরলটার এই প্রদেশে অবস্থিত।

**আন্দিজ** (Andes): দঃ আমেরিকার পর্বত। পানামা যোজক মণ্ডল হইতে দক্ষিণে হর্ন অন্তরীপ পর্যন্ত (৪০০০ মা) সমগ্র পশ্চিম উপকূল ব্যাপিয়া এই পর্বত-মালা অবস্থিত। এই পর্বতশ্রেণীর মধ্যে বিস্তীর্ণ মাল-ভূমি ও নদী-উপত্যকা আছে; বলিভিয়া রাজ্যে ইহার বিস্তার ৪০০ মা। ইহার দুইটি সমান্তরাল পর্বতশ্রেণীর মধ্যে উত্তরে ইকোয়েডর দেশে ইকো. মালভূমি এবং মধ্যভাগে বলিভিয়া দেশে বঃ বা টিটিকাকা মালভূমি। এই মালভূমিতে টিটিকাকা হ্রদ (দ্র.)। ইকোয়েডরে ১৫ হাজার ফুটের উপর ১৮টি পর্বত-শৃঙ্গ ও বহু আগ্নেয়গিরি আছে। স্বর্ণ, রৌপ্য, তাম্র, লৌহ, মাঙ্গানিস, রাঙ্গ, পারদ প্রভৃতি খনিজপূর্ণ পর্বত। পেরু ও বলিভিয়ার রৌপ্যখনি বিখ্যাত। ... এই পর্বতের উপর দিয়া দুইটি মাত্র রেলপথ (১১ হা ফুট ও ১৪ হা ফুট উচ্চ) প্রশান্ত মহাসাগরের বন্দর হইতে দেশ-মধ্যে প্রবেশ করিয়াছে।

**আন্দিজের পর্বতশিখর**—আকোনকাগুয়া (Aconca-gua) ২৩, ০০০ ফুট। সোরাটা (Sorata) ২১, ৪১০। ইল্লিমনি (Illimani) ২১, ০৩০। চিম্বোরাজো (Chim-borazo) ২০, ৫০০। কটোপাক্সি (Cotopaxi) ১৯,৬০০।

**আন্দোরা** (Andora): ফ্রান্স ও স্পেনের সীমান্তে পীরিনীজ পর্বতের উপত্যকায় (৩০০০ ফু) অবস্থিত ক্ষুদ্র অর্ধ-স্বাধীন রাজ্য। রাজ্যের চারিদিকে দশ হাজার ফুট উচ্চ পর্বতশৃঙ্গ। রাজ্যের আ. ১৭৫ ব মা; ১৭ মা দীর্ঘ ও ১৮ মা প্রস্থ। ছয়টি গ্রাম লইয়া রাজ্য। জনসংখ্যা ৫, ২০০। প্রধান শহর আন্দোরার জনসংখ্যা মাত্র ৬০০। এই রাজ্য স্পেনকে বাৎসরিক ৪০ পাউণ্ড কর দেয়। পশুপালন প্রধানতম জীবিকা; তবে আসল উপজীবিকা ফ্রান্স ও স্পেনের মধ্যে নিষিদ্ধ মালপত্র গোপনে চালান দেওয়া। ২৪ জন সদস্যের এক কাউন্সিলের উপর দেশের পরিচালনার ভার। এখানকার ভাষা ক্যাটালান (Catalan) স্পেনীশ উপভাষা। পৃথক স্ট্যাম্প আছে।

**আন্নাম** (Annam): ফরাসী হিন্দু-চীনের (Indo-China) অন্তর্গত টংকিং ও কোচিন-চীনের মধ্যবর্তী প্রদেশ বা মধ্য ভিয়েৎ-নাম (Viet-Nam)। উপকূল ব্যতীত দেশ পার্বত্য। আদিম অধিবাসীরা অতীতে চীন দেশের দক্ষিণ হইতে আন্নামে আসিয়া বাস করে। প্রায় সহস্র বৎসর এইসব দেশ চীন সাম্রাজ্যের অন্তর্গত ছিল। চীনের তাঙ্ বংশের পতনের পর ৯৬৮-তে আন্নামীরা স্বাধীন হয়। প্রায় ৪০০ বৎসর পরে চীনের মিঙ্ সম্রাটগণের দৃষ্টি পুনরায় আন্নামের উপর পড়ে। বিশ বৎসর চীনাদের অধীন থাকিয়া ১৪২৮-এ নূতন রাজ বংশ স্বাধীনতা লাভ করে। এই বংশই ১৮ শতকের শেষ পর্যন্ত রাজত্ব করে। ইতিমধ্যে ফরাসীরা বাণিজ্য করিবার জন্য হিন্দু-চীনে আসে। এদিকে ১৬ শতকে অন্তর্বিপ্লবের ফলে এক রাজা হু-এ-তে রাজধানী স্থাপন করিয়াছিলেন; সেই বিতাড়িত

রাজবংশের এক রাজাকে ফরাসীরা সাহায্য করিল। এইভাবে ফরাসী প্রভাব ও প্রতিপত্তির সূত্রপাত। …খ্রীষ্টান মিশনারীদের চেষ্টায় চীনা অক্ষরের পরিবর্তে রোমান হরপ প্রবর্তিত হয় এবং এখন সেই লিপিই সার্বজনিক। ফলে চীনের সহিত তাহাদের নাড়ীর যোগ ছিন্ন হইয়া গিয়াছে। … দ্বিতীয় মহাযুদ্ধের সময় জাপান এই দ-পূর্ব এশিয়া অধিকার করে। তখন আন্নাম, কাম্বোডিয়া প্রভৃতি দেশ স্বাধীনতা ঘোষণা করিয়াছিল। যুদ্ধশেষে জাপানীরা আত্মসমর্পণ করিলে ব্রিটিশ ও চীনা সৈন্য হিন্দু-চীন দখল করিয়া ফরাসীদের হস্তে সমর্পণ করে ( ১৯৪৬ মার্চ ) শেষ রাজা বাও-দাই ১৯২৬-এ সিংহাসন লাভ করেন। জাপানী-দখলের সময় রাজা যুদ্ধান্তে পদত্যাগ করেন। পুনরায় ১৯৪৯ জুলাই হইতে রাজা হন। ১৯৫৫ হইতে ফ্রান্সে অবস্থান কালে তাঁহাকে রাজ্যচ্যুত করা হয়। আ. ৫৭, ০০০ ব মা। জন. ৬৭, ৫১, ৪৬২ ( '৫২ )। ( দ্র ভিয়েৎ নাম, ভিয়েৎ-মিং, লাও, কাম্বোডিয়া )।

**আন্নামালয় নগর** ( Annamalainagar ) : মদ্রাজ রাজ্য ; দক্ষিণ আর্কট জেলার চিদাম্বরম শহরের উপকণ্ঠে অবস্থিত শহর। দ্র. চিদাম্বরম।

এই নগরে আন্নামালয় আবাসিক বিশ্ববিদ্যালয় অবস্থিত। রাজা আন্নামালয় চেট্টিয়ারের অর্থানুকুল্যে ১৯২৯-এ স্থাপিত হয়। ১৯টি বিভাগ ( Departments )।

**আন্‌হাল্‌ট** ( Anhalt ) : জারমানির ক্ষুদ্র রাজ্য ছিল। ১৯১৯ হইতে জা. রিপাবলিকের অন্যতম স্টেট। ২য় মহাযুদ্ধের পূর্বে ১৯৩৯-এ আ. ৮৯৩ ব মা ; জন. ৪'৩৭ লক্ষ। যুদ্ধের পর ১৯৪৫ হইতে সোবিয়েত এলাকার স্যাক্‌সনি প্রদেশের অন্তর্গত। পৃথক অস্তিত্ব নাই। প্রধান শহর, দেসাউ (Dessau)। দেশটি এল্‌বে নদীর উভয়পার্শ্বস্থ সমৃদ্ধ বনভূমি মধ্যে অবস্থিত।

**আন্‌-হোয়াই** ( Anhwei ) : চীন জনতন্ত্রের প্রদেশ ; নানকিঙ-এর পশ্চিমে। আ. ৫৪, ৩১৯ ব মা। জন. ২'৪৪ কোটি ( '৫২ )। রাজধানী হোফাই (Hofei)। প্রদেশের মধ্যে ইয়াং-সি নদী প্রবাহিত। চা ও ধান্য প্রধান উৎপন্ন দ্রব্য।

**আপার ভল্‌টা** ( Upper Volta : Haute Volta) : ফরাসী পশ্চিম আফ্রিকার কলোনী। আয়তন ১, ২০, ৮০০ ব মা। জন প্রায় ৩ লক্ষ। রাজধানী উয়াডুগু (Ouadougou)। এই কলোনীর শাসনব্যবস্থা ও সীমান্তের বহু রদবদল হইয়াছে। ১৯৪৮ সালে নূতন ভাবে গঠিত হয়। ( দ্র ফরাসী পশ্চিম আফ্রিকা )

**আপালাচিয়ান** (Appalachians) : মার্কিন রাষ্ট্রের পূর্বদিকস্থ পর্বতশ্রেণী, কিয়দংশ আলিগানি (Alleghany) নামে পরিচিত। কয়লা, লৌহ, পেট্রোলিয়াম, স্বাভাবিক গ্যাস প্রচুর পরিমাণে পাওয়া যায়।

**আপেনাইন্‌স** (Appenines) : ইতালির মধ্যস্থিত পর্বত-শ্রেণী ; দৈর্ঘ্য ৮০০ মা। প্রস্থ ৭০-৮০ মা। উচ্চতা গড়ে ৪০০০ ফুট। সর্বোচ্চ শিখর মন্টকর্নোর ৯,৫৮৬ ফুট। অনেকগুলি গিরিসঙ্কট দিয়া রাজপথ ও রেলওয়ে আছে। এই পর্বতকে ইতালির মেরুদণ্ড বলা হয়।

**আপোলো বন্দর** (Apollo Bandar) : বোম্বাই নগরীর একটি বন্দর ঘাটের নাম।

**আফগানিস্তান** (Afghanistan) : ভারতের উ.-পশ্চিমে স্বাধীন রাজ্য। প্রাচীন নাম 'আরিয়ানা'। উত্তরে সোবিয়েত দেশ (প্রথম সীমান্ত নির্ধারণ ১৮৬৬-৬৭, পরে ১৮৯৩-১৮৯৪ ), পশ্চিমে ইরান ( সীমা নির্ধা. ১৮৫৭, ১৯০৪)। দক্ষিণে বলুচিস্তান ( সীমা নির্ধা. ১৮৯৬-'৯৭ ), উ. পূ.-সীমান্ত প্রদেশ ( সীমা নির্ধারণ ১৮৯৫ )। পামির চুক্তি দ্বারা ( ১৮৯৫ ) উ—পূর্বাংশের সীমানা কিয়ৎপরিমাণে নির্ধারিত হয়। সোবিয়েত-আফগান সীমানা পুনরায় ১৯৪৮-এ নির্ধারিত হয়। ভারত-আফগণ সীমানা ( বর্তমানে পাকিস্তান ) ডুরান্ড ( Durand ) চুক্তি ( ১৮৯৩ ) দ্বারা স্থিরীকৃত। এই সীমায় পামির হইতে গোমাল গিরিসংকট পর্যন্ত মোল্লাপ্রভাবিত বহু পাঠান উপজাতির বসবাস। আ. ২,৭০,০০০ ব মা. (আনু)। জন. ১-১'২ কোটি। আফ. ৩৫% ; তাজিক ২১% ; মঙ্গোলীয় ৮'৫% ; অন্যান্য ৩৫'৫% । ঘনতা ৪৪ । মুদ্রা আফগানী টাকা। ধর্ম মুসলমান ( সুন্নি ৯০% ; শিয়া ১০% )। ভাষা পশতু ( রাষ্ট্রভাষা ) ও পারসি। দেশ পার্বত্য ও অনুর্বর। জলবায়ু কোথাও উষ্ণ, কোথাও তীব্র

শীত। দেশের তিন-চতুর্থাংশ হিন্দুকুশ পর্বতমালার অন্তর্গত (৪,০০০ ফুটের উর্ধ্বে)। অক্‌সাস, হেলমন্দ ও কাবুল নদী এই পর্বত হইতে নির্গত। ভারতে প্রবেশের পথ খাইবার গিরিসংকট কাবুল নদীর উপত্যকা দিয়া আসিয়াছে (দ্র)। প্রধান শহর ও রাজধানীঃ কাবুল (২,০৬,০০০), কান্দাহার (৭৭,০০০) হিরাট (৭৬,০০০)।

প্রাচীনকালে আফঃ ভারতের অন্তর্গত দেশ ছিল। বহু বৌদ্ধকীর্তি ইতস্তত আবিষ্কৃত হইয়াছে। বৈদিক নদী কুভা (বর্তমান কাবুল)। প্রাচীন গান্ধার ও উদ্যান দেশ। হিন্দুশাহী বংশীয় রাজাদের রাজ্য। ৯ম শতকে তুর্কীদের দ্বারা শাহীরাজ্য অধিকৃত হয়। গজনী, ঘোর প্রভৃতি এই দেশের মধ্যে অবস্থিত; উহারা পরে প্রবল হইয়া ভারত আক্রমণ করে। ইহার পর এদেশ কখনো স্বাধীন, কখনো ভারতীয় মুসলমান বাদশাহদের, কখনো পারস্যের শাহ-র অধীন হয়। নিজস্ব কোনো ইতিহাস ছিল না।

নাদির শাহের মৃত্যুর পর অহমদশাহ দুরানী ১৭৪৭-এ আফগানিস্তানে স্বাধীন রাজ্য স্থাপন করেন। এইখান হইতে আ. র ইতিহাসের সূত্রপাত। আহমদ-শাহ ১৭৬১-তে মারাঠাদের পাণিপথে পরাভূত করেন। ১৯ শতকে আফঃ ব্রিটিশ প্রভাবে আসে। তার পূর্বে দুইবার আফগানদের সহিত যুদ্ধ হইয়া যায়। অনেক পরিবর্তনের পর ১৮৮০ অব্দে ব্রিটিশ সরকার আবদুর রহমান খানকে আফঃ-এর আমীর হিসাবে স্বীকার করেন। রহমান খানের রাজত্বকালে দেশ শান্তিতে থাকে; তিনি ডাক, পুলিশ, অর্থ, বাণিজ্য, সৈন্য বিভাগাদির বহু সংস্কার করেন; বিবাদকামী দুর্দান্ত উপজাতিসমূহকে শাসন করিয়া কাবুলে শক্তিশালী কেন্দ্রীয় সরকার গঠন করেন। ১৯০১-এ রহমানের পুত্র হবিবুল্লা আমীর হন এবং ১ম বিশ্বযুদ্ধে নিরপেক্ষ থাকেন। ২০ ফেব্রুয়ারি ১৯১৯-এ হবিবুল্লা নিহত হন। দ্বিতীয় পুত্র নাসরুল্লা সাময়িক ভাবে সিংহাসন অধিকার করেন। কিন্তু সঙ্গে সঙ্গে ৩য় পুত্র আমানুল্লা নিজেকে রাজা বলিয়া ঘোষণা করিলেন। এই সময় ৩য় আফগান-যুদ্ধ হয়। ইহার পরে ৮ অগস্ট, ১৯১৯-এ এক সন্ধির ফলে আফঃ আনুষ্ঠানিকভাবে ব্রিটিশ-নিয়ন্ত্রণমুক্ত হয়। ২২ নভেম্বর, ১৯২১-এ ব্রিটিশের সঙ্গে এক চুক্তির ফলে আফঃ সত্যকারের স্বাধীনতা লাভ করে। ২য় মহাযুদ্ধে ইহারা যোগ দেয় নাই। ১৯৪৬-এ আফঃ জাতিসংঘের (U N.O.) সদস্য হয়। ১৯৪৭-এ পাকিস্তান গঠিত হইলে ইহার সহিত আফঃ-র নানাভাবের মনোমালিন্য চলিতেছে। ১৯৫৬ হইতে সোবিয়েতের সহিত মিত্রতা গাঢ় হইতেছে।

১৯৩১ (৩১ অক্টো.)-এর সংবিধানবলে ৪৩ জন মনোনীত সদস্যর একটি সিনেট, ১১১ জন নির্বাচিত সদস্যর একটি জাতীয় পরিষদ ও জরুরী অবস্থার জন্য একটি মহা-সম্মেলনী (লোএ জিরগা) গঠিত হয়। শাসনক্ষমতা মন্ত্রিপরিষদের হাতে। আফঃ আইন ইসলামী শরীয়াৎ ও উপজাতীয় আচার রীতির উপর প্রতিষ্ঠিত।

দেশের মাত্র এক-পঞ্চমাংশ জমি আবাদযোগ্য। কোনো কোনো স্থানে জলসেচের ব্যবস্থা আছে। বছরে দুইটি শস্য হয়। বাদাম, রেড়ি-বীজ, তামাক, শব্জী ও ফল প্রধান উৎপন্ন। প্রধান খাদ্য গম ও ভেড়ার মাংস। গাধা, উট, গোরু আছে। প্রধান রপ্তানি দ্রব্য: ভেড়ার চামড়া, পশম, কম্বল, কার্পেট ও শুকনা ফল। বহির্বাণিজ্য প্রধানত পাকিস্তানের মধ্য দিয়া চলাচল হয়। পশমের বদলে সোবিয়েতের কাছ হইতে নিত্য-ব্যবহার্য দ্রব্য পায়। আফঃ এ রেলপথ বা নাব্য নদী নাই। প্রায় ৬ হাজার মা মোটর পথ আছে। প্রতিবেশী রাষ্ট্রসমূহের সঙ্গে মোটরপথে যোগাযোগ। খনিজ: ক্রোমাইট, কয়লা, স্বর্ণ, লৌহচূর, তাম্র, রৌপ্য, তৈল। উৎকৃষ্ট কাষ্ঠ পাওয়া যায়। কিন্তু বনজ ও খনিজ দ্রব্যসমূহকে এখনো কাজে লাগানো হইতেছে না। শিক্ষা নামে-মাত্র আবশ্যিক। প্রাথমিক স্কুল দেশের অভ্যন্তরে আছে। কিন্তু মাধ্যমিক স্কুল কেবল প্রাদেশিক রাজধানীগুলিতে ও কাবুলে আছে। মাত্র ৪২৫ স্কুলে ১ লক্ষ ছাত্র পড়ে (১৯৪৮)। কাবুলে একটি বিশ্ববিদ্যালয় আছে। রাজ্য ৭টি প্রদেশে বিভক্ত।

**আফ্রিকা** (Africa): পূর্ব গোলার্ধের মহাদেশ; এশিয়ার দ-পশ্চিমে ও ইউরোপের দক্ষিণে অবস্থিত। নিরক্ষ রেখা

মহাদেশের মধ্যভাগ দিয়া গিয়াছে। পূর্বে সিনাই উপদ্বীপ দিয়া এশিয়ার সহিত যুক্ত ছিল; ১৮৬৯-এ সুয়েজখাল কাটা হওয়ায় এশিয়ার সহিত বিচ্ছিন্ন। তবে এই বিচ্ছিন্ন অংশ মিশরের অন্তর্গত দেশ। উত্তরে ভূমধ্যসাগর, জিবরালটার প্রণালী মাত্র ৮ মাঃ. প্রশস্ত। প্রাগৈতিহাসিক যুগে ইউরোপের সহিত জিবরালটার ও টিউনিস-সিসিলি দিয়া ইতালি যুক্ত ছিল। তখন ভূমধ্যসাগর দুইটি হ্রদের মতো ছিল। ...আয়তনে আঃ মহাদেশসমূহের মধ্যে দ্বিতীয়; এশিয়ার ⅔ অংশ; ইউরোপের ৩ গুণ; ভারতের ৬ গুণ বৃহৎ। আ. ১'১৫ কোটি ব মা। তটরেখা অল্প। সাগর উপসাগর দেশ-মধ্যে প্রবেশ করে নাই। তুলনীয়—ইউরোপের তটরেখা ২৩,০০০ মা; অফ্রিকার মাত্র ১৯,০০০ মা। জন সংখ্যা ১৬ কোটি মাত্র। ঘনবসতি বর্গ মাইলে ১৪ জন, ইউরোপে ১৩০ জন। ...আদিম বাসিন্দা নিগ্রো, বান্টু, হটেন্‌টট্‌ প্রভৃতি।

আফ্রিকার ভূমধ্যসাগর তীরস্থ উত্তরাংশ প্রাচীনকালে মিশর, কার্থেজ, নিউমিডিয়া নামে পরিচিত; পরে এই অংশ গ্রীক ও রোমানদের সভ্যতার কেন্দ্র হয়। ৮ শতকে আরবদের অধিকারভুক্ত হয় ও আরবী ভাষা ও ইসলাম ধর্ম প্রচলিত হয়। ১৫ শতকে পোর্তুগীজরা সমুদ্রপথ দিয়া আফ্রিকার উপকূলে উপনিবেশ স্থাপন ও দাস সংগ্রহ ব্যবসা প্রবর্তন করে। ডাচ্‌রা ১৭ শতকে দঃ আফ্রিকায় উপনিবেশ গড়ে (১৬৫০)। প্রায় চারিশত বৎসর আফ্রিকা ছিল দাস সংগ্রহের দেশ। ... ১৯ শতকের প্রথমভাগ হইতে ইউরোপীয় পর্যটকগণ এই দেশের অভ্যন্তর আবিষ্কারে বিশেষ মনোযোগ দেন। মঙ্গো পার্ক, ক্রস, লিভিংস্টোন, স্ট্যান্‌লি, বার্টন প্রভৃতির নাম এই আবিষ্কারের ইতিহাসের সহিত যুক্ত। ৪১৯ শতকের মধ্যে ইথিওপিয়া ও লিবারিয়া ছাড়া সমস্ত মহাদেশ কোনো-না-কোনো ইউরোপীও শক্তির তাঁবে আসিয়া যায়। ব্রিটিশ আধিপত্য মিশর হইতে কেপ কলোনী পর্যন্ত ব্যপ্ত হইয়াছিল। বেলজিয়াম, ফ্রান্স, ইতালি, স্পেন, জারমানি, পোর্তুগল সকলেই সাম্রাজ্য পত্তন করে।

**আফ্রিকার দেশ :** ব্রিটিশ :—বসুতোল্যান্‌ড (রক্ষিত); বেচুয়ানাল্যান্‌ড (রক্ষিত); গ্যামবিয়া; গোল্‌ড কোস্‌ট (অশান্টি, নর্থ টেরিটরিস্‌ ও পশ্চিম টোগোল্যান্‌ড-ম্যানডেট); কেনিয়া; মরিশাস; নাইজেরিয়া; ন্যাসাল্যান্‌ড। রোডেশিয়া উঃ ও দঃ; সেণ্টহেলেনা (আসেন্‌শন, ট্রিস্টান দ কুন্‌হা); সিকিলিস; সিয়েরা লিওন; সোমালিল্যান্‌ড; সোয়াজিল্যান্‌ড; ট্যাংগানিকা; উগন্‌ডা; জাঞ্জিবার (পেম্বা); কামারুন (ম্যানডেট)।

ফরাসী :—আলজিরিয়া; কামারুন-ম্যানডেট; ফঃ নিরক্ষরৈখিক অঞ্চল (চাড্‌, গাবুন, মধ্য কংগো, উবাংগিশারি); ফঃ পশ্চিম আফ্রিকা (দাহোমি, গিনী, সুদান, আইভরি কোস্‌ট, মরিটনিয়া, নাইজার, সেনেগাল, পূর্ব টোগোল্যান্‌ড); মাদাগাস্কার; ফঃ মরক্কো রিইউনিয়ন; সোমালিল্যান্‌ড, টিউনিসিয়া।

পোর্তুগীজ :—আংগোলা, কেপ্‌ ভার্দ দ্বীপ, মোজাম্বিক, পোঃ গিনী; সেণ্টথোম ও প্রিন্‌সিপে।

স্পেনীশ :—মরোক্কো, গিনী, প্রেসিদিওস (সিউটা), মেলিনা, সাহারা।

বেলজিয়ান :—কংগো।

ইতালিয়ান :—সোমালিল্যান্‌ড।

রিপাবলিক :—মিশর, লিবেরিয়া।

ডোমিনিয়ন :—ইউয়িন অব্‌ সাউথ আফ্রিকা।

ব্রিটিশ মিশরীয় যৌথশাসন :—সুদান।

স্বাধীন রাজ্য :—ইথিওপিয়া, লিবিয়া।

ম্যানডেট :—দঃ-পঃ আফ্রিকা; পঃ টোগোল্যান্‌ড। ফঃ কামারুন, ব্রিঃ কামারুন, রুআণ্ডি-উরুণ্ডি (বেলজিয়ান ম্যানডেট)।

আন্তর্জাতিক—মরক্কো।

**আবদুলপুর** (Abdulpur) : প্‌ : পাকিস্তান; রাজসাহী জেলার নাটোর মহকুমার গ্রাম। কলিকাতা হইতে ১৩৬ মা.। এখান হইতে একটি রেলশাখা নন্দনগাছি, সরদারোড্‌, রাজসাহী, খেতুররোড্‌ প্রভৃতি হইয়া আমনুরা পর্যন্ত গিয়াছে।

**আবাইদস** (Abydos) : প্রাচীন মিশরের নগর। ১৮১৭-এ এখানে এক ভগ্ন মন্দিরের গাত্রে প্রাচীন মিশরীয়

রাজবংশের খোদিত তালিকা আবিষ্কৃত হওয়ায় ঐতিহাসিকদের পক্ষে মিশরের ইতিহাস রচনায় সুবিধা হয়। সেগুলি ফারোয়া সে-টির (খ্রী. পূ. ১৩১২—১২৯২) আদেশে পাথরে খোদাই হয়।…আবাইদস কাইরো হইতে ৩৫০ মা দক্ষিণে নীলনদ তীরে।

**আবাদন** (Abadan) : ইরান্ (পারস্যে)-এর নদী শত-অল-আরবের তীরস্থিত নগর। আংলো-পারসিক পেট্রোলিয়াম কোম্পানির তৈল সাফাই কারখানা। আবাদনের তৈলখনি ও কারখানা পারস্যের সরকারী সম্পত্তি করিবার জন্য আন্দোলনের ফলে প্রধান মন্ত্রী মোসাদ্দিকের উত্থান ও পতন হয়।—পারস্যের দক্ষিণে প্রায় একলক্ষ বর্গ মাইল স্থান Anglo Iranian Oil Company নামে ব্রিটিশ কোম্পানী (১৯৯৩ অব্দ পর্যন্ত) ইজারা গ্রহণ করে। ১৯৪৬-এর পূর্ব পর্যন্ত প্রায় ২০০ মিলিয়ন মেট্রিক টন তৈল নিষ্কাষিত হয়। ১৯৫০-এ ৩৫ মি. টন উৎপন্ন হয়। ১৯৫১ অক্টোবর মাসে পারস্যের সহিত মতভেদ হওয়ায় কাজ বন্ধ হয়। বর্তমানে নূতন ব্যবস্থায় কাজ সুরু হইয়াছে।

**আবাদী** (Avadi) : মদ্রাজ; চিংলিপুট জেলার শহর। মদ্রাজ হইতে পশ্চিমে স্টেশন (১৪ মা)। এখানে ১৯৫৫-এ কন্‌গ্রেসের বার্ষিক অধিবেশন হয়। শ্রীধেবর সভাপতি। ভবিষ্যতে ভারতের রাষ্ট্রনীতি সমাজতান্ত্রিক মতবাদের উপর প্রতিষ্ঠিত হইবে, এই সিদ্ধান্ত এখানে গৃহীত হয়।

**আবারডীন** (Aberdeen) : স্কটলন্ডের নগর; উত্তর সাগরের (নর্থ সী) একটি খাড়ির উপর অবস্থিত। এডিন্‌বরা হইতে ১৩০ মা। বহুবিধ শিল্পের কেন্দ্র; বৃহৎ পোতাশ্রয়। বিশ্ববিদ্যালয় (১৪৯৪ খ্রী. অ.)। জন. ১·৮০ লক্ষ।

**আবিসিনিয়া** : আরবরা ইথিওপিয়ার অধিবাসীকে হাব্‌সি (habash, habeshi) বলিত; উহার অর্থ 'মিশ্র' জাতি। পোর্তুগীজরা হাবেসি শব্দকে 'আবিসি' উচ্চারণ করে। সেই হইতে ইউরোপে 'আবিসি' নামের প্রচার। ইথিওপিয়ানরা এই নাম ব্যবহার করে না (দ্র. ইথিওপিয়া)

**আবুকীর** (Abuqir, Aboukir) : মিশরের গ্রাম ও ভূমধ্যসাগরের এক উপসাগর। এই স্থানে প্রাচীন গ্রীক ও রোমান যুগের স্থাপত্য কীর্তির ধ্বংসাবশেষ দেখা যায়। এই সাগরে ইংরেজ-নৌ-সেনাপতি নেল্‌সন ফরাসীদিগকে পরাজিত করেন (১৭৯৪)। ১৮০১-এ ফরাসীদের বাধাদান সত্ত্বেও ইংরেজরা এইখানে অবতরণ করে ও ফরাসীদের মিশর ত্যাগ করিতে বাধ্য করে।

**আবু রোড্** (Abu Road) : বোম্বাইরাজ্য; বনসকণ্ঠ জেলার তালুক ও শহর। আরাবল্লী পর্বতমালার মধ্যে প্রায় ১৫ মা ব্যবধানের একটি উপত্যকা দিয়া দিল্লী-অজমের-কান্দলা রেলপথ গিয়াছে। আবু রোড স্টেশন এই রেলের উপর (বোম্বাই ৪২১ মা)। কলিকাতা হইতে টুন্‌ডলা-আগরা-বান্দিকুই পথে (১২০৫ মা) তিনবার গাড়ি বদল করিতে হয়। দিল্লী পথে একবার মাত্র বদল (১৩১৯ মা)। জন. ১৬,৯৮৩। ব্যাংক—পঞ্জাব ন্যাশ.। আবু রোড স্টেশন হইতে। আবু পর্বত (Mount Abu) ১৭ মা দূরে। এই পর্বতের মালভূমির (১৪ মা দীর্ঘ ও ৪ মা প্রস্থ) উচ্চতা ৩,৫০০ হইতে ৫,৬০০ ফুট। স্টেশন হইতে একটি পথ আধুনিক শহর ও অপর একটি পথ জৈন মন্দির দিলওয়ারায় (Dilwara) গিয়াছে। আবু পর্বতের এই মালভূমির উপর ব্রিটিশ যুগে রাজাপুতনার পোলিটিক্যাল রেসিডেন্টের গ্রীষ্মাবাস ছিল। এখানে একটি বিশাল জলাশয় আছে। দেশীয় রাজাদের প্রাসাদ, ক্লাব, হোটেল, ক্রীড়াঙ্গণ প্রভৃতি বিচিত্র প্রতিষ্ঠান শোভিত এই নগর। বর্তমানে নিখিল ভারতীয় পুলিশ সার্ভিসের শিক্ষাকেন্দ্র। … অপরাংশে জৈন মন্দির দিলওয়ারা; প্রাচীনতম মন্দিরটি ১০৩১-এ রাজা ভীমদেবের মন্ত্রী বিমলের দ্বারা নির্মিত। অপরটি তেজপাল ও বাস্তুপাল নামে দুই ভ্রাতার কীর্তি (১২৩০)। এই ভ্রাতৃযুগল সৌরাষ্ট্রের গিরনারেও তিনটি মন্দির নির্মাণ করেন। … দিলওয়ারা মন্দির ২২তম তীর্থঙ্কর নেমিনাথের উদ্দেশ্যে নির্মিত। মন্দিরের পাথরের কারুকার্য বিস্ময়কর সূক্ষ্ম; এত বেশী কারুকার্য যে শিল্পরসিকদের চক্ষুকে পীড়িত করে।

**আবোটাবাদ** (Abbotabad) : পঃ পাকিস্তান; উ-প-সী-

প্রদেশ; হাজরা জেলার শহর। বিশিষ্ট সামরিক ঘাঁটি। লাহোর—পেশোয়ার রেলপথের তক্ষশিলা জং (২০০ মা) হইতে হাভেলিয়ান (১৫ মা) হইতে মোটর পথে আ. যাইতে হয়। প্রথম ডেঃ কমিশনার জেমস্ আবোট এই নগরীর পত্তন করেন (১৮৫৩)। জন. ২৭,৪২৪।

**আবোর** (Abor Hills): আসামে উ-পূ-সীমান্ত এজেন্সির (NEFA) জেলা। লখিমপুর জেলার উত্তরে ও মিরি পর্বতের পূর্বে পার্বত্য অরণ্যসঙ্কুল দেশ। দিহং নদী প্রবাহিত। আবোর ছাড়াও অন্য বহু তিব্বতী-বর্মী উপজাতির বাসভূমি। বহুবার ইংরেজদের সহিত আবোরদের খণ্ড যুদ্ধ হইয়াছে; ১৯১১-তে উইলিয়ামসন নামে একজন চিকিৎসক নিহত হইলে শেষ অভিযান প্রেরিত হয়। জন সংখ্যা ১০,৭৬১। (দ্র. নে-ফা)

**আবোহর** ( Abohar ): পূঃ পঞ্জাব; ফিরোজপুর জেলার শহর। ভাটিন্ডা জং হইতে ৪৬ মা পশ্চিমে, পঃ পাকিস্তান সীমান্ত ১৭ মা দূরে। জন. ২৫,৪১৬। ব্যাংক—স্টেট, প. ন্যাশন্যাল।

**আভনপুর** ( Abhanpur ): মধ্যপ্রদেশ; রায়পুর জে.র শহর ও রেলজংশন। রায়পুর (কলিকাতা হইতে ৫০৫ মা) হইতে সরু রেলপথ আভনপুর (৫৩৩); তথা হইতে শাখা রেল রাজিম পর্যন্ত (৫৪৩ মা)। আ. হইতে আর এক শাখা জেলার অন্যতম তালুক ও শহর ধামতরী পর্যন্ত (৫৬০ মা)।

**আভা** ( Ava : বর্মী-Inva ): বর্মার প্রাচীন নগর। সগাইং জেলায় ইরাবতী নদীতীরে মান্দালয় হইতে ১০ মা দ-প. অবস্থিত। ১৪ শতকে রাজা থাডো-মিন্‌পিয়া কর্তৃক স্থাপিত। ১৭৫২ তালায়িং (Talaings) নামে উপজাতির লোকে ধ্বংস করে। রাজা আলংপয়া তালায়িংদের শাসন করিলেন বটে, কিন্তু আভার পরিবর্তে শোএবো (Shwebo)-তে রাজধানী স্থানান্তরিত করিলেন। তাঁহার পুত্র (১৭৬৬—৮০) আভাতে ফিরিয়া আসেন। পরে রাজা বোধপিয় অমরপুরা নির্মাণ করিবার পর হইতে আভা নিষ্প্রভ হইয়া যায়। মাঝে আর একবার রাজধানী হয়। অতঃপর ১৮৩৭-এ শেষবারের মতো পরিত্যক্ত হয়। এখন সামান্য গ্রাম।

**আভিভিঞিয়ন** ( Avignon ): ফ্রান্সের বাণিজ্য-শহর ও শিক্ষাকেন্দ্র; রোন্ নদীর উপর অবস্থিত। জন. ৬০,০০০। ১৩০৯-৭৮ পর্যন্ত বিরোধী পোপ্‌দের বাসস্থান। ১৭৯৭ পর্যন্ত এই শহর পোপ্‌দের সম্পত্তি ছিল। ইতালিয়ান কবি পেত্রার্ক এখানে বাস করিতেন।

**আভীর** ( Abhir ): গুজরাটের দক্ষিণে নদীমোহনায় প্রাচীন দেশ; গ্রীক্‌দের আবেরিয়া। বাইবেলের ওফির ( Ophir ) নামে যে প্রাচ্য দেশের কথা আছে, কেহ কেহ মনে করেন উহা আভীর; অন্যমতে সৌবীর।

**আমডাঙ্গা** ( Amdanga ): ২৪ পরগণা জেলা; বারাসাত মহ.র থানা; আ. ৫৪ ব মা। জন. ৪০,৮৩৮; ঘনতা ৭৬২।

**আমতলী** (Amtoli): বাখরগঞ্জ জেলার পটুয়াখালি মহ.র থানা। আ. ৩৪৯ ব মা। গ্রাম; ডাক ও রেজি. অপিস (১৮৯৫)। বুড়ীশ্বরী নদীতীরে। পটুয়াখালি হইতে আমতলী স্টীমার সার্ভিস (৩২ মা) আছে।

**আমতা** ( Amta ): হাওড়া জেলা; উলুবেড়িয়া মহ.র থানা ও গ্রাম। হা-আমতা লাইট রেলওয়ের শেষ স্টেশন (২৭ মা)। দামোদর নদীতীরে অবস্থিত; এককালে নদীপথে বাণিজ্য চলিত। উচ্চ বিদ্যা., ও প্রাথ-বিদ্যা. (৩টি), হাসপাতাল, রেজি. অফিস (১৮৭৪), ডাকঘর আছে। জন. ৬৫৩৪। —থানার আ. ১৪১ ব মা। জন. ২,৩০,২৫৪। ঘ ১,৬৩২।

**আমনুরা** ( Amnura ): পূর্ব পাকিস্তান; রাজসাহী জেলার অন্তর্গত গ্রাম। পূর্বে মালদহ জেলার মধ্যে ছিল। ঈ. বি. রেলওয়ের ঈশ্বরদি জং হইতে রেলপথ আঃ পর্যন্ত। এখানে মিটার গেজ লাইনে বদল করিয়া মালদহ, কাটিহার যাওয়া যাইত। কলিকাতা হইতে ১৮৪ মা।

**আমবোয়না** ( Amboyna ): ইন্দোনেশিয়ার অন্তর্গত মলাক্কা দ্বীপাবলীর অন্যতম দ্বীপ। আ. ৩১৪ ব মা। জন. ৬৬,৮২১। ১৫১২-তে পোর্তুগীজদের দ্বারা আবিষ্কৃত। ওলন্দাজদের অধিকারে আসে ১৬০৯-এ। দ্বীপের ইংরেজ বণিকরা ওলন্দাজদের বিরুদ্ধে ষড়যন্ত্র

করিতে থাকিলে, কর্তৃপক্ষ কয়েকজন ইংরেজকে শাস্তি দেন। ইতিহাসে এই ঘটনাটি ইংরেজরা Massacre of Amboyna নামে অতিরঞ্জিতভাবে লিপিবদ্ধ করিয়া রাখিয়াছেন।

**আম্মান** ( Amman ) : জরদন ( Jordon ) রাজ্যের রাজধানী। জন. প্রায় ২ লক্ষ। বৈরুত দামাস্‌কাস হইয়া যে রেলপথ জরদনের মধ্যদিয়া গিয়াছে আম্মান তাহার উপর অবস্থিত। বিমানবন্দর।

**আময়** ( Amoy ) : চীন জনতন্ত্রের ফু-কিয়েন প্রদেশের বন্দর ও ডক্। ১৬৬১ ইংরেজের প্রথম বাণিজ্যকেন্দ্র। ইঙ্গ-চীনা যুদ্ধের পর নানকিং সন্ধি অনুসারে ( ১৮৪২ ) যে পাঁচটি বন্দর বিদেশীদের কাছে উন্মুক্ত করিয়া দিতে চীনারা বাধ্য হয় ( Treaty port ) তাহাদের অন্যতম। জন. ৪ লক্ষ।

**আমরেলি** ( Amreli ) : পূর্বতন বড়োদা রাজ্যের জেলা। এখন বোম্বাই রাজ্যের অন্তর্গত। অথচ উহা কাথিবাড বা বর্তমান সৌরাষ্ট্র রাজ্যের মধ্যে অবস্থিত। তাহাও এক চকে নহে ; বহু টুকরা অংশ বিচ্ছিন্ন ভাবে ছড়াইয়া আছে। এই অংশগুলি সৌরাষ্ট্রভুক্ত করিবার সুপারিশ করা হইয়াছে। ওখা বন্দর, দ্বারকা পশ্চিম আঃর মধ্যে। জেলার আ. ১,৬৩৪ ব মা। জন. ৩,১৭,২০৩। রাজস্ব ১০·৬৫ লক্ষ টাকা। এই জেলায় বহু গ্রন্থাগার ও পাঠাগার আছে। এই সব সাহজিরাও গায়কাবাড়ের সময় স্থাপিত। —আমরেলি শহর সৌরাষ্ট্রের মধ্যে অবস্থিত। জন. ২৭,৮২৬। ব্যাংক—বড়োদা, দেবকরণ ও কেন্দ্রীয় সমবায় ব্যাংক।

**আমরোহা** ( Amroha ) : উত্তর প্রদেশ ; মোরাদাবাদ জেলার তহশীল ও শহর। মোঃ-দিল্লীর মধ্যে অবস্থিত ( ১৯ মা )। এই অঞ্চলে বিবিধ শস্যের বহু ব্যবসায় কেন্দ্র আছে। জন. প্রায় ৬০ হা। পঞ্জাব ন্যাশ. ব্যাংক, স্টেট ব্যাংকের পে-অফিস ও বরেলী ব্যাংকের শাখা আছে।

**আমলেখগঞ্জ** (Amlekhganj) : নেপাল-তরাই-এ রেল স্টেশন; রকসৌল হইতে ছোট রেলপথে ২৫ মা। এই স্থান বসবাসের শহর হইতে ব্যবসায়ের বাজার হিসাবে অধিক সুপরিচিত। এখান হইতে ভীমফেডি পর্যন্ত মোটর পথ ; তারপর মহাভারত লেখ নামে পাহাড় ( ৮,৫০০ ফুট ) চড়াই-উতরাই করিয়া কাঠমাণ্ডুর উপত্যকা পাওয়া যায়।

**আমাজন** ( Amazon ) : দ : আমেরিকার নদী। দৈর্ঘ্য প্রায় ৪ হা মা। পৃথিবীর মধ্যে একা-নদী এত দীর্ঘ আর নাই। প্রশান্ত মহাসাগরের একশত মাইলের মধ্যে আন্দিজ পর্বতে উঠিয়া ব্রাজিলের গভীর অরণ্যময় দেশের মধ্য দিয়া প্রবাহিত। পেরু, বলিবিয়া, ইকোএ-দর, ভেনেজুয়েলা ও ব্রাজিল লইয়া অববাহিকার আয়তন প্রায় ২৩·৬৮ লক্ষ ব মা। অতলান্তিকে মোহনার নিকট ইহা ১৫০ মা প্রশস্ত। এই নদীতে ২৩০০ মা জলপথে বড় স্টীমার চলাচল করে। শাখা-উপশাখা লইয়া প্রায় ৩০ হা. মা নাব্য। জোয়ার জল ৫০০ মা. ভিতরে আসে। নিরক্ষীয় দেশে প্রচুর বৃষ্টি হয় বলিয়' জলপ্রবাহ সারা বৎসর সমান থাকে। আমাজনের মত এত জল আর কোনো নদী দিয়া প্রবাহিত হয় না।

**আমিনগাঁও** (Amingaon) : আসাম ; কামরূপ জে. র শহর। উত্তর-পূর্ব রেলপথের ( N. E Ry ) কাটিহার লাইনের স্টেশন, ব্রহ্মপুত্র নদের উত্তর তীরে অবস্থিত। এখানে স্টীমারে পার হইয়া পাণ্ডু স্টেশন হইতে আসাম যাইবার রেলপথ। পাণ্ডু হইতে মোটর যোগে শিলং যাইতে হয়। পূর্বে কলিকাতা হইতে পার্বতীপুরে বদল করিয়া মিটার গেজ লাইনে যাইতে হইত ( ৪৪৯ মা )। দেশ বিভাগের ফলে এই সহজ রাস্তা এখন অচল। এখন কলিকাতা হইতে লুপ লাইন দিয়া সকরিগলিতে গঙ্গা পার হইয়া মনিহারি ঘাট স্টেশন হইতে কাটিহার-শিলিগুড়ি হইয়া আমিনগাঁও যাইতে হয় ( ৬৩৫ মা )।

**আমিয়ান** ( Amiens ) : ফ্রান্সের নগর; সোম্ (Somme) নদীর তীরে। এখানকার চার্চ-এর (১২২০ – ৮৮ নির্মিত) স্থাপত্য-সৌন্দর্য বিখ্যাত। ১৮০২-এ এইখানে নেপোলিওনের সহিত হল্যান্ড, স্পেন ও ইংলন্ডের সন্ধিপত্র স্বাক্ষরিত হয়। এই সন্ধির সর্তানুসারে ইংরেজকে তাহাদের অধিকৃত স্থান প্রত্যার্পণ করিতে হয়। ফরাসী সৈন্য ইতালি ও সিসিলি ত্যাগ করে ; মিশর, যেখানে ইংরেজ ও ফরাসীরা যুদ্ধে ব্যাপৃত ছিল,

তাহা তুর্কীর হস্তগত হয়। পোর্তুগল ও আইওনিয় দ্বীপপুঞ্জ স্বাধীনতা লাভ করে।...জন. ৮৫ হা।

**আমুদরিয়া** ( Amu Darya ) : তুর্কী ভাষায় ইহার অর্থ 'নদী মাতা' ( আমু = মা )। দ্র অক্সাস।

**আমুর** (Amur) : পূর্ব এশিয়ার নদী ; চীনা নাম হাইলুঙ কিয়াং। শাখা নদী সমেত দৈর্ঘ্য প্রায় ৩০০০ মা। পৃথিবীর মধ্যে দীর্ঘতম আন্তর্জাতিক নদী ( আরগুন ও উস্সুরি শাখা-নদী সমেত), সোবিয়েত রুশ ও চীন জনরাজ্যের সীমান্ত নির্দেশক। ইহা সাখালিন দ্বীপের কাছে প্রশান্ত মহাসাগরে পড়িতেছে ; এখানে নদী অগভীর তুষারাবৃত বলিয়া অব্যবহার্য। তুষার গলিয়া গেলে বহুদূর নাব্য। ট্রান্স-সাইবেরিয়ান রেলপথের সেতু ইহার উপর দিয়া গিয়াছে।

**আমেরিকা** (America) : পশ্চিম গোলার্ধের দুইটি মহাদেশের সাধারণ নাম। ১৪৯২-এ কলম্বাস নিকটস্থ দ্বীপগুলি আবিষ্কার করিয়া ভাবিয়াছিলেন যে ভারতের বা ইন্ডিয়ার কাছাকাছি পৌঁছিয়াছেন। পরে এই ভুল ভাঙিলে এই দ্বীপগুলি ওয়েস্ট ইন্ডিস্ নামে এবং আদিম অধিবাসী 'ইন্ডিয়ান নামে পরিচিত হয়। আমেরিগো ভেস্‌পুচি ১৪৯৯-এ এই মহাদেশের ব্রাজিলে প্রথম পদার্পণ করেন। তিনি ফিরিয়া গিয়া নূতন দেশের বর্ণনা প্রকাশ করেন ; লোকে খানিকটা কৌতুকে খানিকটা অবিশ্বাসে বলিতে আরম্ভ করে 'আমেরিগো'র দেশ ; ক্রমে 'আমেরিকা' শব্দ প্রচলিত হয়। ...আর্কটিক মণ্ডল হইতে হর্ন অন্তরীপ পর্যন্ত দৈর্ঘ্য ৭০০০ মা; আ. ১,৫৭,০৫,০০০ ব মা; জন. ৩২'০৮ কোটি। ১৬ শতক হইতে ইউরোপীয়দের উপনিবেশ আরম্ভ হয় এবং চারিশত বৎসরের মধ্যে দুই মহাদেশ সম্পূর্ণভাবে ইউরোপীয়দের ভাষা, সভ্যতা ও সংস্কৃতি গ্রহণ করিয়া বৃহত্তর ইউরোপ হইয়াছে। ব্রাজিল রাজ্য পোর্তুগীজ-ভাষী, কানাডা (আংশিক ফরাসী ভাষী), ও মার্কিন যুক্তরাষ্ট্র ইংরেজিভাষী, অবশিষ্ট সমস্ত রাজ্যগুলির ভাষা স্পেনীশ। ইতিহাস মতে আমেরিকা ১৪৯২-এ কলম্বাস কর্তৃক আবিষ্কৃত; কিন্তু ১০ শতকে স্কান্দানেভিয়ার নাবিকরা উঃ আ-র কোনো কোনো অংশে পৌঁছিয়াছিল বলিয়া জানা যাইতেছে। ১২৬৬ ডেনমার্কের নাবিকরা গ্রীনলান্ডে উপনিবেশ স্থাপন করে। ১২৬৮ ডেনিশ খ্রীষ্টীয় প্রচারকগণ নিউফাউন্ডলন্ডে গিয়াছিলেন। কলম্বাস যখন পশ্চিম সাগর পার হইয়া ভারতে আসিবার কল্পনা করিতেছিলেন, তখন এই ইতিহাস অজ্ঞাত ছিল।

**আমোদর** (Amodar) : মেদিনীপুর জেলার নদী; বাঁকুড়া জেলায় উৎপত্তি। গড় মন্দারণ এই নদীতীরে অবস্থিত ছিল। পার্বত্য নদীর ন্যায় ক্ষুদ্র ও খরস্রোতা ; খাতের তলদেশ কঙ্করময়।

**আমস্‌টারডাম্** (Amsterdam) : নেদারলন্ড্‌স ( হলান্‌নড্ )-এর বন্দর ও বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র। দুইটি খাল কাটা হওয়ায় (১৮২৫, ১৮৭৬) বড় বড় জাহাজ বন্দরে আসিতে পারে।...১৬ শতকে স্পেনীশ আধিপত্যের অবসানে ও বিশেষভাবে ডাচ্ ঈ. ই. কো. গঠিত (১৬০২) হইবার পর হইতে এই বন্দরের উন্নতি আরম্ভ হয়। ১৮০৮ নেপোলিয়ন ইহাকে নেদার-র রাজধানী করেন। ... বর্তমানে বহু শিল্পের কেন্দ্র ; হীরক কাটাই, চিনি সাফাই, সিগারেট তৈরির জন্য বিখ্যাত ; জাহাজ নির্মিত হয়। জন. ৮'৪৫ লক্ষ।

**আমহার্স্ট** (Amherst) : বর্মা রাজ্যের টেনাসেরিম বিভাগের জেলা ; সিয়াম রাজ্য ও মার্তাবান উপসাগর দ্বারা বেষ্টিত। পূঃ ও দঃ অংশ পার্বত্য। অধিবাসীরা বেশির ভাগ তালায়িং বা মন ( Mons ) জাতীয়। ... ভারতের বড়লাট লর্ড আমহার্স্টের সময় এই অঞ্চল অধিকৃত হয় (১৮২৬) বলিয়া তাঁহার নামানুসারে জেলার নামকরণ হয়। মৌলমিনের ৩০ মা দ-পশ্চিমে সাল্‌বিন ( Salween ) নদীর মুখে আঃ নামে ক্ষুদ্র গ্রাম ও বন্দর আছে। জেলার আ. ৭৪১০ ব মা। জন. ৫'১৪ লক্ষ ('৪১)। প্রধান শহর মৌলমিন।

**আয়াচ্চো** (Ajaccio) : ভূমধ্যসাগরের কর্সিকা দ্বীপের শহর ও পোতাশ্রয়। নেপোলিয়ন বোনাপার্টির জন্মস্থান। জন. ২৭,৫৩৬।

**আয়্যামপেট** (Ayyampet) : মদ্রাজ রাজ্য ; তাঞ্জোর জেলার শহর ; মদ্রাজ-তিরুচিরুপল্লী রেলপথের স্টেশন (২০৭ মা)। ব্যবসায়ের কেন্দ্র ; জন. ৯,৩৬৬। এখানে কুম্ভোকনম ব্যাংক ও মার্চেন্ট্‌স ব্যাংকের শাখা আছে।

**আয়ার** (Eire) : অতলান্তিক মহাসাগরে গ্রেট-ব্রিটেনের পশ্চিমে আয়ারলন্ড-দ্বীপের দক্ষিণাংশ; ইহার পূর্ব-নাম আইরিশ-ফ্রী-স্টেট। জলাশয়াদি বাদ দিয়া আ. ২৬,৬০০ ব মা; জন. ২৯,৬০,৫৯৩ (১৯৫১)। ঘনত্ব ১১২। ...আয়ার সম্পূর্ণ ভাবে স্বাধীন গণরাজ্য। দেশ ৪টি প্রদেশে বিভক্ত। রাষ্ট্রপতি জনমত দ্বারা ৭ বৎসরের জন্য নির্বাচিত হন। প্রতিনিধিসভার সুপারিশে রাষ্ট্রপতি তাঁহার প্রধান মন্ত্রীকে মনোনীত করেন। আয়ারের লোকসভার নাম Oireachtas; ইহার দুইটি কোঠা—প্রতিনিধি সভা (Dail Eireann) ও সিনেট (Seanad Eireann); প্রথমটির ১৪৭ ও দ্বিতীয়টির ৬০ সদস্য। মন্ত্রিপরিষদ ৫ হইতে ১২ জন সদস্য লইয়া গঠিত। পূর্বে ব্রিটিশরাজের প্রতিনিধি (গবর্নর) থাকিত, এখন উহা রদ হইয়া গিয়াছে।

আয়ারের সরকারী ভাষা 'গেইলিক' ও ইংরেজি। ক্যাথলিক-ধর্ম প্রধান; কিন্তু ধর্ম ব্যাপারে সরকার নিরপেক্ষ এবং কোন ধর্ম-প্রতিষ্ঠানে সরকার অর্থ সাহায্য করে না। প্রাথমিক শিক্ষা অবৈতনিক। ডাবলিন বিশ্ববিদ্যালয় ১৫৯১-এ প্রতিষ্ঠিত। আয়ার কৃষিপ্রধান দেশ হইলেও নিত্যব্যবহার্য দ্রব্যাদি দেশ-মধ্যে প্রস্তুত করিবার জন্য আইরিশরা সচেষ্ট। আন্ত-র্জাতিক আকাশবিহারে শানন (Shannon) বিমান-ঘাঁটির বিশিষ্ট স্থান আছে।

আয়ার-এর ভাষা (আইরিশ) ইংরেজি হইতে সম্পূর্ণ পৃথক। ভাষাকে কেলটিক বা গেইলিক বলে। এই ভাষায় অতি প্রাচীনকাল হইতে চারণগণ গাথা রচনা করিতেন। চারণদের শিক্ষা ৮।১০ বৎসরে হইত। প্রাচীনতম পুঁথি ৮ম শতকের; কিন্তু ইহার পূর্বের পুঁথি নষ্ট হইয়া গিয়াছে বলিয়া প্রাচীন লেখকরাও দুঃখ করিয়াছেন। মধ্যযুগের আখ্যায়িকা রোমাঞ্চকর—গোধন হরণ, যুদ্ধ, প্রেম, বিদেশযাত্রা প্রভৃতি বিষয়ে কাব্য রচিত হইত। কিন্তু নাট্য নাই। নরমানদের উৎপাতে সাহিত্যে মন্দা পড়ে। তারপর ১৪ শতক হইতে সাহিত্য-রচনা আবার সুরু হয় ও এই সময় হইতে পারিবারিক ইতিহাস ও কুলপঞ্জী রাখিবার রীতি দেখা দেয়; উহা বংশানুক্রমিক প্রথা হইয়া দাঁড়ায়। ইংরেজদের অধীনে থাকিবার কালে এই সাহিত্য লোপ করার অনেক চেষ্টা হয়; কিন্তু শেষ পর্যন্ত ইহা টিকিয়া ছিল। ১৯ শতক হইতে ও বিশেষভাবে ২০ শতক হইতে প্রাচীন ভাষা ও সাহিত্যের প্রতি কবি ও সাহিত্যিকদের দৃষ্টি গিয়াছে। বর্তমানে গেইলিক প্রধান রাষ্ট্রভাষা।

**আয়ারলন্ড** (Ireland) : গ্রেট-ব্রিটেনের পশ্চিমস্থিত সুবৃহৎ দ্বীপ; অতলান্তিক মহাসাগরের মধ্যে অবস্থিত। এই দ্বীপের ইতিহাসের তিনটি পর্যায়—আয়ারলন্ড, আইরিশ-ফ্রী-স্টেট ও আয়ার (Eire)।

আয়ারলন্ডের আদি-বাসিন্দারা কেলটিক জাতীয়, ইহাদের ভাষা ছিল গেইলিক। এই দ্বীপ কখনো রোমান-সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয় নাই। ব্রিটেনে খ্রীষ্টান ধর্ম প্রচারিত হইবার পূর্বেই অধিবাসীরা প্রাচীন ড্রুইদ ধর্ম ত্যাগ করিয়া খ্রীষ্টান ধর্ম গ্রহণ করিয়াছিল (৪৩২)। তখন এই দ্বীপে পাঁচটি পৃথক রাজ্য ছিল এবং সকলের উপরে ছিলেন এক রাজা; তাঁহার রাজধানী ছিল তারা (Tara)। এখানে ইউরোপীয় ফিউডলতন্ত্র বা সামন্ততন্ত্র, রোমান ক্যাথলিক ধর্ম ও পোপের আধিপত্য কখনো প্রতিষ্ঠিত হয় নাই। ১১৭২-এ ইংলন্ডের রাজা ২য় হেনরি এই দ্বীপ জয় করেন ও পোপের আধিপত্য এখানে কায়েম করেন। ৮ম হেনরির সময় ক্যাথলিক আইরিশদের উপর খুবই নির্যাতন হয়। আইরিশদের জমিজমা কাড়িয়া ইংরেজ প্রোটেস্ট্যান্ট ঔপনিবেশিকদের দান করা হয়। রানী এলিজাবেথ, ১ম জেমস, ১ম চার্লস এবং রিচার্ড ক্রমওয়েলের সময় অত্যাচার সমভাবে চলে। ইহাদের সময় আইরিশ ভাষা উচ্ছেদ করিবার জন্য ইংরেজি ভাষা প্রচলিত করা হয়। পাঠশালায় পর্যন্ত গেইলিক ভাষা পঠন-পাঠন নিষিদ্ধ হয়; এমন কি স্কুলের মধ্যে কেহ ইংরেজি ছাড়া নিজ মাতৃভাষা ব্যবহার করিলে ভীষণ শাস্তি পাইত। ক্যাথলিক বলিয়া লোকে চাকুরি পাইত না, জমিদার হইতে পারিত না; ব্যবসাবাণিজ্য সম্বন্ধেও বহু বাধা নিষেধ ছিল। ১৮ শতকের মাঝামাঝি সময় হইতে আইনের কঠোরতা কিছু শিথিল হয়। কিন্তু ফরাসী বিপ্লবের পর হইতে

ইংরেজের অত্যাচার ও আইরিশদের স্বাধীনতা লাভের জন্য প্রচেষ্টা দুইই সমভাবে তীব্র হইয়া উঠিল। ১৮০০ অব্দে আইরিশ প্রতিনিধিদের ব্রিটিশ পার্লামেন্টে আহ্বান করা হয় এবং এই বৎসর The United Kingdom of Great Britain and Ireland গঠিত হয়। ১৯ শতক ধরিয়া ইংরেজদের বিরুদ্ধে আইরিশ জাতীয়তাবাদীরা নানাভাবে আন্দোলন চালাইতে থাকে। ইংলন্ডের প্রধান মন্ত্রী গ্লাড্‌স্টোন আইরিশ-দিগকে হোমরুল ( Homerule ) দিবার জন্য তিনবার ব্রিটিশ পার্লামেন্টে বিল আনয়ন করিয়া অকৃতকার্য হন; কারণ আয়ারলন্ডের উত্তরাংশের আলস্‌টার প্রদেশের প্রতাপশালী ইংরেজ জমিদাররা ইহার বিরোধী ছিল। অতঃপর ১৯১৪ সালে হোমরুল দিবার কথা উঠিল; কিন্তু ১ম মহাযুদ্ধ আরম্ভ হওয়ায় এই প্রস্তাব স্থগিত করা হয়। মহাযুদ্ধের সময় স্বাধীনতা সংগ্রাম তীব্র আকার ধারণ করে। অবশেষে মহা-যুদ্ধের শেষে ১৯২১ ডিসেম্বর মাসে আইরিশদের সহিত সন্ধি হইল ও আইরিশ-ফ্রী-স্টেট নামে রাষ্ট্র গঠিত হইল; কিন্তু সঙ্গে সঙ্গে আলস্‌টার প্রদেশকে নর্থ-আয়ারলন্ড নাম দিয়া ইংরেজের খাস সাম্রাজ্য অন্তর্গত করিয়া রাখা হইল। আঃ-ফ্রী-স্টেটের রাজধানী হইল বেল্‌ফাস্ট ও উত্তর আয়ারলন্ডের রাজধানী হইল ডাবলিন।

রিপাবলিকানরা এই রাষ্ট্রচ্ছেদ মানিয়া লয় নাই; এখনো ইহার বিরুদ্ধে আন্দোলন চলিতেছে। নূতন সংবিধানে কেলটিক ভাষায় রাষ্ট্রের নাম হয় Saorastat Eireann। আর্থার গ্রিফিথ্‌স এই নব গঠিত রাষ্ট্রের নেতারূপে ইংরেজের সহিত সহযোগিতা করিয়া রিপাব-লিকানদের দমন করিয়া রাখেন। গ্রিফিথ্‌সের মৃত্যুর পর কস্‌গ্রীভ ১৯২২ ডিসেম্বরে নেতৃত্ব গ্রহণ করিয়া দশ বৎসর শাসন করেন। রিপাবলিকানরা এই সরকারের সহিত সহযোগিতা করেন নাই। অবশেষে ডি-ভ্যালেরা উগ্রপন্থিদের সহিত বিচ্ছিন্ন হইয়া আসিয়া রিপাবলি-কানদের নেতারূপে আইরিশ ব্যবস্থাপক সভা বা Dail-এ প্রবেশ করিয়া বিরোধীদের নায়করূপে কাজ করিতে লাগিলেন। ১৯৩২-এর সাধারণ নির্বাচনে এই দল জয়ী হইল এবং ডি-ভ্যালেরা প্রধান মন্ত্রী হইলেন। তিনি প্রথমেই রাষ্ট্রকর্মচারীদের পক্ষে ইংরেজ রাজার প্রতি আনুগত্য-সূচক শপথ গ্রহণ প্রথা রদ করিয়া দিলেন। ইহার নেতৃত্বে ১৯৩৭-এ নূতন সংবিধান গৃহীত হয় ও রাষ্ট্রের নাম Eire বলিয়া ঘোষিত হয়। ২য় মহাযুদ্ধের সময় আয়ার কোনো পক্ষে যোগ দেয় নাই। ডি ভ্যালেরা ১৯৪৮ ফেব্রুয়ারি মাসের নির্বাচনে পরাভূত হন। কস্‌টেলো নূতন কোয়ালিশন মন্ত্রিপরিষদ্ গঠন করেন। অতঃপর ১৯৪৯, ১৭ এপ্রিল ব্রিটিশের সহিত সকল প্রকার সম্বন্ধ ছিন্ন করিয়া আয়ারলন্ড আপনাকে নূতন রিপাবলিক বলিয়া ঘোষণা করিল।

**আয়িরুর** (Ayiroor): তিরুবঙ্কুর-কোচীন রাজ্যের শহর; জন ১৭ হা। তিরু-ফরওয়ার্ড ব্যাংকের শাখা।

**আরকট, উত্তর** (North Arcot): মদ্রাজ রাজ্যের জেলা ও শহর। জেলা মহীশূর রাজ্যের সংলগ্ন। আ. ৪৯৫৪ ব মা; জন. ২৮,৬০,০০০। পালার ও পেন্নার প্রধান নদী। বারিপাত ৩৮″। পূর্বঘাট পর্বত-মালা জেলার পূর্বাংশ দিয়া গিয়াছে। অধিবাসী তামিল-ভাষী। পল্লব ও তৎপরবর্তী হিন্দুরাজবংশের বহু মন্দিরাদি আছে। কর্ণাট যুদ্ধের ( দ্র. সাধারণ ) সময় আরকট বিখ্যাত স্থান।

—শহর, পালার নদীতীরে। মদ্রাজ হইতে ৬৫ মা। ১৭১৬ হইতে কর্ণাটক নবাবদের রাজধানী ছিল। ১৭৫১ হইতে ১৮০১, এই পঞ্চাশ বৎসর ফরাসী, ইংরেজ ও হায়দার আলীর মধ্যে বহুবার হাত ফেরাফেরি হইয়াছিল। অবশেষে টিপুর মৃত্যুর পর ইংরেজের হস্তগত হয় ( ১৮০১ )।

**আরকট, দক্ষিণ** ( South Arcot ): মদ্রাজ রাজ্যের জেলা; বঙ্গোপসাগর তীরে। আ. ৪৮৭৩ ব মা; জন. ২৭,৬০,০০০। অধিবাসীরা তামিল। নদী—পেন্নার, জিনজি, কোলেরুন। এখানকার প্রধান শহর কুদ্দালোর বন্দরে ইংরেজ বণিকদের কুঠি নির্মিত ( ১৬৮২ ) ও ফোর্ট সেন্ট ডেভিড নামে দুর্গনগরী নির্মিত ( ১৬৯০ ) হয়। পণ্ডিচেরী এই জেলা সংলগ্ন। চিনাবাদাম, ইক্ষুর চাষ প্রচুর। বাদাম তৈল, চিনি প্রভৃতির কারখানা আছে।

**আর্কটিক মহাসাগর** (The Arctic Ocean) : উত্তর মেরুর মহাসমুদ্র—পঞ্চমহাসমুদ্রের অন্যতম। ডেভিস প্রভৃতি প্রণালীর মধ্য দিয়া অতলান্তিক ও বেরিং প্রণালী হইয়া প্রশান্ত মহাসাগরে যাওয়া যায়। আ. ৫০-৬০ লক্ষ ব মা। সমুদ্রের গভীরতা ৩,০০০ ফ্যাদম পর্যন্ত মাপা হইয়াছে। অনুমান সমুদ্রতল বন্ধুর ও পার্বত্য। উ. মেরুবিন্দু হইতে ২৩½° ডিগ্রী বৃত্তরেখা বেষ্টিত মণ্ডলকে আর্কটিক ম. বলে। এই মণ্ডলের মধ্যে গ্রীন্‌লন্‌ড, নভোজিমলা প্রভৃতি দ্বীপ, সোবিয়েতের সাইবেরিয়ার অংশ পড়ে। ল্যাপ, সামোয়াদ, এস্‌কিমো প্রভৃতি যাযাবর জাতি ; তিমি, সীল, সিন্ধুঘোটক, শ্বেত ভল্লুক, বল্‌গা হরিণ, মাস্ক-অক্স প্রভৃতি প্রাণীর বাস। এশিয়া, ইউরোপ ও উঃ আমেরিকার অনেকগুলি নদী এই মহাসাগরে পড়িতেছে। জলের লবণতা অন্যান্য সাগরজল হইতে ৩০% কম।

**আরকান্‌স্‌** (Arkansas) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৬৫৮ উপনিবেশ। ১৮১৯ স্টেট গঠিত। ১৮৩৬ যুক্তরাষ্ট্র-ভুক্ত। মার্কিন গৃহযুদ্ধের সময় এই স্টেট দক্ষিণী-বিদ্রোহীদের সহিত যোগদান করে (১৮৬১)। ১৮৬৮ পুনঃ প্রবেশ করে। ১৮৭৪ সংবিধান রচিত হয়। আ. ৫৩,১০৪ ব মা। জন. ১৯'০৯ লক্ষ ('৫০)। (নিগ্রো ৪'২৭ লক্ষ)। রাজধানী লিটল্‌ রক। মার্কিনের ৯০% বক্সাইট মৃত্তিকা (আলুমিনিয়ামের উপাদান) এই স্টেটে পাওয়া যায়। এখানে ৪৭ উষ্ণ প্রস্রবণ (Hot Spring) আছে। ...আঃ রেড্‌ ইন্‌ডিয়ান উপজাতির নাম। ...আঃ নদীতে রয়েল গর্জ (Royal Gorge) উচ্চতম ঝুলানো ব্রিজ ১০৫৩ ফুট।

**আরকোনম** (Arkonam) : মদ্রাজ; উ. আরকট জেলার তহশীল ও শহর। মদ্রাজ-বোম্বাই রেলপথে মদ্রাজ হইতে পশ্চিমে ৪৩ মা দূরে। বোম্বাই ৭৫১ মা। জন. ২৩,০৩২।

**আরখাঞ্জেল, আরখানগেল্‌স্‌ক্‌** (Archangel, Archangelsk) : সোবিয়েত রুশের উত্তরে শ্বেত উপসাগরে ডুইনা (Duina) নদীমুখের বন্দর। মস্কো হইতে ৭০০ মা। ১৬ শতকে ইংরেজরা এইখানে প্রথম বাণিজ্য করিতে আসে। মে হইতে নভেম্বর পর্যন্ত বন্দর তুষারশূন্য থাকে। জাহাজ নির্মাণের বিরাট কেন্দ্র ; প্রায় ৭০ হা লোক কারখানায় কাজ করে। ...জন. ২'৮২ লক্ষ। ...দ্বিতীয় মহাযুদ্ধের সময় এই বন্দর মারফত যুদ্ধোপকরণ মিত্র পক্ষীয়ের নিকট হইতে রুশিয়ায় পৌঁছাইত।

**আরগস্‌** (Argos) : গ্রীসের নগর। প্রাচীন গ্রীসের রাষ্ট্র নগরী ; প্রাক্‌-ঐতিহাসিক যুগের বিশাল স্থাপত্যাদির ধ্বংসাবশেষ এখানে আছে।

**আরগাঁও** (Argaon) : মধ্যপ্রদেশ ; বেরার বিভাগ ; অকোলা জেলার গ্রাম। ১৮০৩, নভেম্বর ২৯, রঘুজী ভোসলার সৈন্য ওয়েলেস্‌লির নিকট পরাভূত হয়।

**আরজেণ্টিনা** (Republica Argentina) : দ. আমেরিকার ফেডারেল রিপাবলিক রাষ্ট্র। পশ্চিমে আন্‌দিজ পর্বতের কর্ডিলেরা (Cordillera) চিলি রাষ্ট্র হইতে ইহাকে পৃথক করিতেছে। প্রধান নদী লা-প্লাটা, পারনো ইত্যাদি। আ. ১০'৮০ লক্ষ ব মা। জন. ১'৮৩ কো. ('৫৩)। অধিবাসীদের মধ্যে অধিকাংশই স্পেনীশ-ভাষী ; অন্যান্য ইউরোপীয় বাসিন্দার মধ্যে ইতালীয়ান বেশী। আদিম রেড্‌ ইন্‌ডিয়ান উপজাতিসমূহ হ্রাস পাইয়া ২০—৩০ হাজারে মাত্র দাঁড়াইয়াছে। ... রাজধানী বুয়নস্‌ আয়ারস্‌ পৃথিবীর শ্রেষ্ঠ নগরীর অন্যতম। জন. ৩৩'৪৪ লক্ষ ('৫১)। কৃষি, পশুপালন প্রধানতম জীবিকা। প্রচুর গম ও মাংস রপ্তানি হয়। একা গ্রেট ব্রিটেন ১'৬১ কোটি পাউণ্ড মূল্যের মাংস আমদানি করে। ...১৪ প্রদেশ ও ১০ টেরিটরি লইয়া ফেডারেল রাষ্ট্র। রাষ্ট্র সংবিধান মার্কিন আদর্শে রচিত। কোনো রাষ্ট্রধর্ম না থাকিলেও ক্যাথলিক খ্রীষ্টানরা স্টেট সহায়তা পায়। ১৫১৬ স্পেনীশ নাবিক ডিয়াজ দ সোলিস্‌ (Solis) কর্তৃক এই দেশ আবিষ্কৃত ও ১৫৩৬-এ বুয়নস্‌ আয়রস্‌ স্থাপিত হয়। প্রায় সাড়ে তিন শত বৎসর এই দেশ স্পেনের কলোনী ছিল। স্পেন নেপোলিয়ন কর্তৃক অধিকৃত হইলে ১৮১০-এ লোকে বিদ্রোহী হয় ; ১৮১৬-এ স্বাধীন হইলেও ১৮৫৩ পর্যন্ত অরাজকতা চলে। তাহার পর রাজ্যে শান্তি আসে।...দ্বিতীয় মহাযুদ্ধের সময় আ. নিরপেক্ষ থাকে ; কিন্তু দ. গোলার্ধ রক্ষা করিবার জন্য তাহাকে ব্যবস্থা

করিতে হয়। এই সময়ে গবর্নমেন্টের অনেক পরিবর্তন হয়। ১৯৪৬-এ সৈন্য বিভাগের কর্নেল জুয়ান দ পেরোন (Peron) প্রেসিডেন্ট হন ; ইনি প্রায় ডিক্‌টেটরের ন্যায় দেশ শাসন করিতেন। ইহার পত্নী ইভা পেরন স্বভাব-মাধুর্যে জাতির মনোহরণ করিয়াছেন ; তাঁহার মৃত্যুর পর তিনি দেবীর ন্যায় শ্রদ্ধাঞ্জলি পাইয়াছেন। ১৯৫৬-এ পেরোনের বিরুদ্ধে বিদ্রোহ হয় ; এখন তিনি বিতাড়িত।

শিক্ষা অবৈতনিক ও ৬ হইতে ১৪ বৎসর পর্যন্ত আবশ্যিক। বিশ্ববিদ্যালয়ের মধ্যে করদোভা (১৬১৩), বুয়েনস্ আয়রস (১৮২১), ইভাপেরন (১৮৯৭), উল্লেখযোগ্য।

**আরদেন** (Ardennes) : ফ্রান্স ও বেলজিয়মের সীমান্তে পার্বত্য অরণ্যময় স্থান। ...ফ্রান্সের একটি জেলা।

**আরনাকুলম** (Ernkulam) : তিরু-কোচীন রাজ্য ; তিরুচুর জেলার শহর। জন. ৬৩ হা। ... ইউনিয়নের পূর্বে কোচীন রাজ্যের রাজধানী ছিল। কোচীন বন্দর হইতে ৫ মা। মদ্রাজ-মঙ্গলুর লাইনের শোরান্নুর জং (২৬৬ মা) হইতে কোচীন হারবার পর্যন্ত রেলপথের স্টেশন (৪৫ মা)। বহুপ্রকার শিল্পের ও ব্যবসার কেন্দ্র। ২৮টি ব্যাংক। অধিকাংশই দক্ষিণী বা স্থানিক ; সেন্ট্রাল ব্যা. শাখা।

**আরনী** (Arani) : মদ্রাজ ; উত্তর আরকট জেলার শহর। ১৭৫১ ক্লাইভ চাঁদসাহেব ও ফরাসীদের সৈন্যদিগকে পরাভূত করে। ১৭৮২ আয়ারকূট টিপু সুলতান ও ফরাসীদের পরাজিত করেন। ...দ. রেলপথের গুডুড় (মদ্রাজ হইতে উত্তরে ৮৬ মা) জং হইতে বিল্লপুরম রেলপথে আরনী রোড স্টেশনের (১৫১ মা) পূর্বদিকে আ. শহর। জন. ২৪,৪৮২। লক্ষ্মীবিলাস ব্যাংক।

**আরব সাগর** (Arabian Sea) : ভারত, পাকিস্তান, ইরান ও আফ্রিকার মধ্যস্থিত ভারত মহাসাগরের অন্তর্ভুক্ত সাগর। আফ্রিকা ও কুমারিকা অন্তরীপের ব্যবধান ১৮০০ মা। গড় গভীরতা ১৫০০ ফ্যাদম। পারস্য সাগরের সহিত অরমুজ প্রণালী (Ormuz) দ্বারা ও লোহিত সাগরের সহিত আদনের নিকটবর্তী বাবেল মণ্ডপ প্রণালীর দ্বারা যুক্ত। অস্ট্রেলেশিয়া, সুদূর প্রাচ্য, ইন্দোনেশিয়া, ভারত ও পাকিস্তানের সহিত ইউরোপের বাণিজ্য এই সাগর দিয়া গতায়াত করে।

**আরবেলা** (Arbela) : প্রাচীন অসীরিয়া দেশের অরবইলু বা চারিদেবতার নগর। বর্তমানে ইরাকের গ্রাম অরাবিল, মোসাল হইতে ৪০ মা। এখানে খ্রী. পূ. ৩৩১ পারস্য-সম্রাট ৩য় দরায়ুস আলেকজেন্দারের নিকট পরাভূত হন।

**আরমেনিয়া** (Armenia) : আ: ভাষায় হয়স্তান বা হয়খ ; প্রাচীন নাম উররধু বা আরারত। তুর্কী ও পারস্যের সংলগ্ন। সোবিয়েত রিপাবলিকের অন্তর্গত ; মালভূমি ও উপত্যকাপূর্ণ দেশ। আ. ১১,৫০০ ব মা। জন. ১৩৪৫ লক্ষ। আমরানীরা খ্রী. পূ. ৬ শতকে স্বাধীন ছিল। পরে পারসিক ও রোমানদের অধীন হয়। ৩য় শতকে অধিবাসীরা খ্রীষ্টান ধর্ম গ্রহণ করে। মধ্যযুগের অবসানে আরমেনিয়া দেশ তুর্কী ও পারসিকরা ভাগাভাগি করিয়া লয়। ১৯ শতকে রুশিয়া অবশিষ্টাংশ দখল করে। সুতরাং ইহারা তিনটি রাজ্যের বাসিন্দা। ১৯১৮ এখানে নূতন রিপাবলিক প্রতিষ্ঠিত ও ১৯২০ নভেম্বরে উহা সোবিয়েত অন্তর্গত হয়। ১৯২২-৩৬ পর্যন্ত আ: পার-ককেসীয় সোবিয়েত রিপাবলিকের মধ্যে থাকে। ১৯৩৬ হইতে সোবিয়েতের পৃথক্ স্টেট। সোবিয়েত আমলে দেশের অভাবনীয় উন্নতি হইয়াছে। বহুশত স্কুল, কয়েকটি বিজ্ঞান আকাদমি, সংগীতালয়, সংগ্রহালয় প্রভৃতি স্থাপিত হইয়াছে। কৃষি যৌথভাবেই নিষ্পন্ন হয়। জলসেচের খাল বহু শত মাইল হওয়ায় চাষের উন্নতি হইতেছে। বহুবিধ খনিজ সম্পদ থাকায় ধীরে ধীরে নানাপ্রকার শিল্প প্রতিষ্ঠান গঠিত হইতেছে। জলবিদ্যুৎ কারখানা প্রসারের সহিত শিল্প ব্যাপকতর হইতেছে। ...রাজধানী এরিভান (Erivan)।

**আরমেনিগঞ্জ,—টোলা** (Armenigunj) : বাংলাদেশের কলিকাতা, ঢাকা, মুর্শিদাবাদ প্রভৃতি স্থানে আরমেনিদের এই নামে বহু পল্লী আছে ; এককালে আরমেনিরা (Armenian) এখানে বাস করিত।

**আরল হ্রদ** (Aral Sea) : মধ্য-এশিয়ার সোবিয়েত

রিপাবলিক কাজাকস্থানের হ্রদ। হ্রদ ৩০০ মা দীর্ঘ ও ১৭০ মা প্রস্থ; আ. ২৬ হা. ব মা। হ্রদ অগভীর ও ক্রমশই মরু-বালু ও সিরদরিয়া ও আমুদরিয়া আনীত মৃত্তিকা দ্বারা ভরাট হইতেছে! সোবিয়েত সরকার সাইবেরিয়ার উত্তরসাগরগামী নদীর জল খাল কাটিয়া এখানে আনিবার পরিকল্পনা করিতেছে।

**আরা** (Arrah) : বিহার; শাহাবাদ জেলার সদর মহকুমার প্রধান শহর। কলিকাতা হইতে ৩৬১ মা; পাটনা হইতে ৩৭ মা পশ্চিমে অবস্থিত। এখান হইতে সাসারাম পর্যন্ত ছোট রেলপথ (৬১ মা) আছে। শোন নদের খালের (নির্মিত ১৮৬৯) উপর শহর। ... শহরের জন. ৬৪,২০৫। মিউনি—(১৮৬৫)। ব্যাংক ৪টি: বিহার, সেণ্ট্রাল, স্টেট, প. ন্যাশনাল। ... ১৮৫৭ স্বাধীনতা যুদ্ধে কুমার সিংহ এতদঞ্চলের নেতৃত্ব করেন; আরায় দেশী সিপাহীদের সহিত ইংরেজদের বহু খণ্ড যুদ্ধ হয়।

**আরাকান বিভাগ** (Arakan Division): বর্মার আটটি বিভাগের অন্যতম। আকিয়াব, আরাকান, চৌকপু, সানডোএ—এই ৪ জেলা লইয়া গঠিত। আ. ১৪,১৯৪ ব মা; জন. ১১,৫২,৭৩৩ ('৪১)।

**আরাকান জেলা** (Arakan Hill Tracts): বর্মার পূর্বতন জেলা; লুসাই পাহাড় ও পার্বত্য চট্টগ্রাম জেলা দ্বারা বেষ্টিত। পর্বত ও উপত্যকায় বাঁশবন। হাতী, গণ্ডার, বাঘ বনে থাকে। বহু অর্ধ-সভ্য জাতির বাস। লোকে বর্মীর উপভাষা বা আরাকানী ভাষা বলে।

১৭৮২ বর্মীরা আরাকান জয় করে। তৎপূর্বে এখানে মুসলমানরা রাজত্ব করিত। সেই রাজাদের আমলে বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা হয়। দৌলত কাজী ও আলাওল এখানকার বিখ্যাত কবি। এই যুগে পোর্তুগীজ জলদস্যুরা খুবই উপদ্রব করে। ১৮২৬-এ ১ম বর্মা-যুদ্ধের পর এই অঞ্চল ইংরেজের হস্তগত হয়। আ. ৩,২২৮ ব মা; জন. ৩৪ হা. ('৪১)। অধিবাসিদের ৮০%, চিন, বর্মী মাত্র ১০%। ১৯৪৭-এর নূতন সংবিধানে আ. জেলাকে চিন পার্বত্য বিভাগ (Chin Hills) ভুক্ত করা হইয়াছে।

**আরাকান য়োমা** (Arakan Yoma): বর্মা ও পূর্ব পাকিস্তানের মধ্যে উ-দ-বিস্তৃত পর্বতমালার সাধারণ নাম। দক্ষিণ বর্মা হইতে এই পর্বতমালা আরাকান জেলাকে পৃথক করিয়া রাখিয়াছে। গিরিপথ দিয়া মিনবু ও প্রোম জেলায় যাওয়া যায়।

**আরাগন** (Aragon): স্পেন রাজ্যের একটি বিভাগ। জন. ১০·৫৮ লক্ষ, প্রধান শহর—সারাগোসা। ১১ শতকে এখানে স্বাধীন রাজ্য গঠিত হয়; কালে এই রাজবংশ মুসলমান মুরদের নিকট হইতে বহু স্থান উদ্ধার করিয়া সুবৃহৎ রাজ্য গড়িয়া তোলে। ১৪৬৯ আরাগনের রাজপুত্র ফার্দিনান্দের সহিত কাস্টাইল-রাজকন্যা ইসাবেলার বিবাহ হইলে উভয় দেশ মিলিত হয় ও সেই হইতে আধুনিক স্পেনীয় ইতিহাসের আরম্ভ। ফার্দিনান্দ-ইসাবেলার রাজত্বকালে কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন।

**আরাবিয়া** (Arabia) : এশিয়ার দ-প. ভাগে বিশাল উপদ্বীপ ভূখণ্ডের সাধারণ নাম। উত্তরে ইরাক ও জর্দন রাজ্য, অন্য তিন দিকে সমুদ্র। আরবের জলবায়ু অতিশয় শুষ্ক ও উষ্ণ। প্রাকৃতিক দিক হইতে ইহা আফ্রিকার বৃহত্তর সাহারা মরুভূমির অংশ স্বরূপ, মধ্যে মাত্র লোহিত সাগরের সংকীর্ণ জলভাগ ও নীল নদ উপত্যকার ব্যবধান। এই উপদ্বীপে নদী বা হ্রদ নাই। পারস্যোপসাগর ও লোহিত সাগর তীরে কিছু বৃষ্টিপাত হয়, অন্যত্র প্রায় বৃষ্টিশূন্য। মাঝে মাঝে মরূদ্যানে গম, যব, ভুট্টা প্রভৃতি খাদ্যশস্য উৎপন্ন হয়। প্রচুর খেজুর, কফী রপ্তানি হয়। আরবী ঘোড়া জগদ্বিখ্যাত। গাধা, উট, ভেড়া, ছাগল গৃহপালিত পশু। উটই প্রধান বাহন; তবে এখন মোটর গাড়ি, এরোপ্লেন প্রচুর ব্যবহৃত হইতেছে। বৈরুত হইতে দামাস্কাস হইয়া মদিনা পর্যন্ত রেলপথ আছে। জেদ্দা প্রধান বন্দর। কিন্তু আরাবিয়ার মধ্যে গাড়ি চলাচল হয় না। এখান হইতে মোটর পথে মক্কাশরিফে যাওয়া যায়। এই পথে প্রতিবৎসর বহু সহস্র হজযাত্রী আসে।

৭ শতকে ইসলাম ধর্ম প্রচারের পর হইতে আরাবিয়া ইতিহাসে খ্যাত। হজরত মহম্মদের জন্মস্থান মক্কা,

মদিনায় তাঁহার মৃত্যু হয় ( ৬৩২ খ্রী. অ. )। একশত বৎসরের মধ্যে আরবরা পূর্বে সিন্ধু নদ তীর ও পশ্চিমে স্পেন পর্যন্ত ইসলাম ধর্ম, আরবী ভাষা ও সংস্কৃতি প্রচার করে। খলিফাদের প্রথম রাজধানী মদিনা, পরে দামাস্কাস ও বোগদাদ। ১৩ শতকে আরাবিয়াতে তুর্কীরা প্রবল হয় ও ১৬ শতকে এই দেশ তুর্কীদের সাম্রাজ্য অন্তর্গত হয় (১৫১৮-৩৯)। প্রায় চারিশত বৎসর তুর্কীর অধীন থাকিয়া প্রথম মহাযুদ্ধের সময় (১৯১৪-১৮) ইহারা ইংরেজদের সহায়তায় তুর্কীর বন্ধন ছিন্ন করে। কিন্তু সমগ্র আরাবিয়াতে কোনো একটি সার্বভৌম রাজ্য সৃষ্টি হইতে পারে নাই। বহু স্বাধীন পৃথক রাষ্ট্র গড়িয়া উঠে ; যেমন, হেজাজ, নেজ্‌দ্, ওমন, কুয়াইত, ইয়েমেন প্রভৃতি। বর্তমানে অধিকাংশ দেশ সাউদি-আরাবিয়ার (দ্র) অন্তর্গত হইলেও অনেকগুলি স্বাধীন বা আধা-স্বাধীন রাজ্য রহিয়াছে।

**আরাবিয়ার রাজনৈতিক অংশ ঃ—**

| | বর্গমাইল | জন সংখ্যা (আন্দাজ) |
|---|---|---|
| সাউদি-আরাবিয়া (রাজা) | ৫·৯৭ লক্ষ | ৬০ লক্ষ |
| ইয়েমেন ( রাজা ) | ৩১ হা | ১৬ লক্ষ |
| + ওমান-মাস্কাট (সুলতান) | ৬৫ হা | ৮.৩০ লক্ষ |
| + কুয়াইত (Kuwait) ( সুলতান শাসিত ) | ৯ হা | ১.২০ লক্ষ |
| +কাতার (Qatar) ( শেখ শাসিত ) | ৪ হা | ১৬ হা |
| +বাহারিন ( সুলতান ) | ২১৩ | ১.২৫ লক্ষ |
| +ক্রশিয়ল কোস্ট্ (Trucial coast-এ অনেকগুলি ছোট ছোট শেখ-সর্দার আছে ) | ১৬ হা | ১.০৫ লক্ষ |
| আদেন ( বৃটিশ ) | ৮০ | ৮০,৮৭৬ (১৯৪৬) |
| আদেন প্রোটেক্টোরেট | ১·১২ লক্ষ | ৬·৫০ লক্ষ। |

+ ক্রসচিহ্নিত দেশগুলি বৃটিশ প্রোটেক্টোরেট।

**আরামবাগ** (Arambag) : হুগলী জেলার মহকুমা ও শহর। মহকুমার আ. ৪১২ ব মা ; জন. ৩,৭০,৪১৬। ৩টি থানা—আরাম., পুড়শুরা, খানাকুল। —আরাম. থানার আ. ১১৫ ব মা। জন. ১৫,১৭২। শহর দারকেশ্বর নদীতীরে ; পূর্ব নাম জাহানাবাদ। স্থানীয় মিঞাদের বাগানের নাম হইতে ১৯০০ সালে আঃ নূতন নামকরণ হয়। বর্ধমান-মেদিনীপুর বাদশাহী সড়কের উপর অবস্থিত ; মানসিংহ এখানে বর্ষা যাপন করেন (১৫৯০)। হাওড়া-চাঁপাডাঙা লাইট রেলওয়ের চাঁঃ হইতে ১৩ মা পথ। পূর্বে এই মহঃ অত্যন্ত অস্বাস্থ্যকর ও বর্ষাকালে প্রায় অগম্য ছিল। এখন ভালো মোটরপথ হইয়াছে। রেজি-অপিস (১৮৬৫) ; মিউনি. (১৮৮৬) ; কলেজ আছে। জন. ৯১,৪৬০।

**আরারাট** (Ararat) : আরমেনিয়ার চিরতুষারাবৃত পর্বত; ইহার দুইটি চূড়া ( ১২,৮৪০ ও ১৭,১১২ ফু )। ইউফ্রাতেস নদীর উৎস। গোঁড়া খ্রীষ্টানদের বিশ্বাস যে এই পর্বত-চূড়ায় নুয়া (Noah) তাঁহার নৌকা নোঙর করেন।

**আরা-সাসারাম লাইট রেলওয়ে** (Arrah-Sasaram Light Railway) : আরা হইতে সাসারাম ৬৫ মা. ২'-৬" গেজ রেলপথ। মার্টিন বার্ন কোম্পানির দ্বারা পরিচালিত ও শাহাবাদ জেলা বোর্ড কর্তৃক সাহায্য-প্রাপ্ত।

**আরিকামেডু** (Arikamedu) : পন্দিচেরি বা পুডুচেরির ( নব নগর ) ২ মা. দক্ষিণে জিংগী বা বরাহ নদীর মোহনায় বঙ্গোপসাগর তীরে প্রাচীনকালে একটি বন্দর ছিল। ১৯৪৫-এ এস্থানে প্রত্নতত্ত্ববিভাগ খননকার্য আরম্ভ করিয়া ভারতের বহির্বাণিজ্যের ইতিহাসের একটি পরিচ্ছেদ উদ্ধার করিয়াছেন। খ্রী. পূ. ১ম শতক হইতে ২০০ খ্রী. অ. পর্যন্ত এই পর্বে রোমানদের সহিত বাণিজ্য সম্বন্ধর ভূরি প্রমাণ এইস্থানে পাওয়া গিয়াছে।

**আরিজোনা** (Arizona) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; প্রথম উপনিবেশ ১৭৩২। স্টেট গঠিত ১৮৬৩। যুক্ত-রাষ্ট্র ভুক্ত ১৯১২। এই রাষ্ট্রের সংবিধান অনুসারে শাসনভার প্রত্যক্ষভাবে জনতার উপর নির্ভরশীল। অযোগ্য সিনেটরকে তাহারা কার্যকাল ফুরাইবার পূর্বে বরখাস্ত করিতে পারে। ইহা ৪৮তম স্টেট। আ. ১,১৩,৯০৯ ব মা। জন. ৭.৫০ লক্ষ ('৫০)। রাজধানী ফিনিক্স (Phoenix) ১.০৬ লক্ষ। দেশ শুষ্ক। তামা সীসা, সোনা, রূপা, দস্তা প্রভৃতি খনিজ পাওয়া যায়। আঃ রেড্ ইন্‌ডিয়ান শব্দ—অর্থ 'অফুরন্ত ঝরণা'।

**আরুর** (Aroor): তিরু-কোচীন রাজ্যর শহর। জন. ১১,৩২৯। ব্যাংক অব্ ডেকান শাখা।

**আরোর** (Arore): সিন্ধু প্রদেশে রোহরির নিকট গ্রাম। ইহা আলেকজেন্দার স্থাপিত নগরসমূহের অন্যতম বলিয়া অনুমিত। ৬৪০-এ হিয়েনৎ সাঙ সিন্ধুদেশের এই রাজধানীতে এক শূদ্র রাজাকে রাজত্ব করিতে দেখেন। পরে চাচ নামে এক ব্রাহ্মণ রাজা হন। সিন্ধু নদের খাত বদল হইলে এই নগর নিষ্প্রভ হইয়া যায় (৯৬২)।

**আর্যাবর্ত** (Aryavarta): প্রাচীন ভারতের ভৌগোলিক অংশ; হিমালয় ও বিন্ধ্য পর্বতের মধ্যবর্তী ভূখণ্ড। পূর্বে বঙ্গোপসাগর ও পশ্চিমে আরব সাগর। ইহার দক্ষিণে দাক্ষিণাত্য।

**আলটামিরা** (Altamira): উত্তর স্পেনের গ্রাম। এখানকার একটি পর্বত গুহায় আদিম মানুষের প্রাচীনতম প্রাচীরচিত্র আবিষ্কৃত হয় (১৮৭৯)। বাইসন, হরিণ প্রভৃতির রঙিন ছবি প্রায় ৬০০০ বৎসর পূর্বে অঙ্কিত বলিয়া অনুমান।

**আলতাই** (Altai) **পর্বত**: সাইবেরিয়া ও মংগোলিয়ার পর্বতমালা; প্রায় ৫০ হা ব মা বিস্তৃত। এই পর্বতে বহুবিধ খনিজ আছে; উপত্যকাসমূহ উর্বর। সর্বোচ্চ শিখর ১৫ হা ফুট।

**আলতিন তাঘ** (Altyn Tagh): পামীর গ্রন্থি (Pamir Knot) হইতে হিমালয় প্রভৃতি যে চারিটি পর্বতমালা বিস্তৃত হইয়াছে, আঃ তাহার অন্যতম। ইহার উত্তরে চীন জানরজ্যের সিং কিয়াং প্রদেশ ও তারিম নদীর অববাহিকা। উচ্চতম শিখর ১৭,০০০ ফুট।

**আল্‌পস পর্বত** (The Alps): ইউরোপের পর্বতমালা; ফ্রান্স, জারমানি, অস্ট্রিয়া, ইতালি ও সুইসদেশের মধ্যে বিস্তারিত। দীর্ঘ ৬০০ মা; প্রস্থে ৫০— ১০০ মা। আ. ৮০ হা ব মা। মঁ ব্লা (Mont Blanc) ১৫,৭৮০ ফু, ইয়ুঙ ফ্রাউ (Jung Frau) ১৩,৬৭০ ফু, মাটেরহর্ন ১৪,৭৭৫ ফু, ফিনস্টারহর্ন ১৪,০২০ ফু, উচ্চ শিখর। সেন্ট বার্নাড গিরিপথ মধ্য ইউরোপ হইতে ইতালি আসিবার জন্য বহু শত বৎসর ব্যবহৃত হইতেছে। বর্তমান যুগে পর্বত ভেদ করিয়া কয়েকটি সুড়ঙ্গ পথ (Tunnel) খোদিত হওয়ায় রেলগাড়ি যাতায়তের সুবিধা হইয়াছে। মঁ সেনিস টানেল ৭½ মা. (১৮৭১ নির্মিত); সিমপ্লন ১২¼ মা (১৯০৬); গোথার্ড ৯¼ মা (১৮৮২)। ব্রেনার-এর ২৭টি টানেল নির্মাণে ইনজিনীয়ারিং কৌশলের পরাকাষ্ঠা প্রকাশ পাইয়াছে। পর্বত আরোহনের জন্য বিশেষ ক্লাব আছে।

**আলবানি** (Albany): মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক স্টেটের রাজধানী। জন. ১.৩৪ লক্ষ ('৫০)।

**আলবারট নায়নজা** (Albert Nyanza): মধ্য-পূর্ব আফ্রিকার হ্রদ, উগানডা ও বেলজিয়ান কংগো রাজ্যের মধ্যভাগে। নীল নদী ইহার মধ্য দিয়া প্রবাহিত। ১৮৬৪ স্যামুয়েল বেকার কর্তৃক এই হ্রদ আবিষ্কৃত হয়। ইহা ১০০ মা দীর্ঘ ও ২২ মা প্রস্থ। আ. ১৬৫০ ব মা।

**আলবারট এডোয়ারড্ নায়নজা** (Albert Edward Nyanza): মধ্য আফ্রিকার হ্রদ; ৫০ মা দীর্ঘ ও ৩০ মা প্রস্থ। ১৮৮৯-এ আমেরিকান পর্যটক স্ট্যান্‌লি কর্তৃক আবিষ্কৃত।

**আলবারটা** (Alberta): কানাডা রাষ্ট্রের প্রদেশ। উঃ আমেরিকার তিনটি বড় নদী প্রবাহিত। আ. ২·৫৫ লক্ষ ব মা। জন. ৯.৪০ লক্ষ ('৫১)। রাজধানী —এড্‌মন্‌টন্।—কয়লা, পেট্রোলিয়াম (২০০০ ডেরিক বা খনি), ও অতি উৎকৃষ্ট স্বাভাবিক গ্যাস প্রচুর পরিমাণে পাওয়া যায়। বনসম্পদ অফুরন্ত। কৃষির জমি বহু বিস্তৃত।

**আল্‌বেনিয়া** (Albania): দেশীয় নাম ইশ্‌কিপনিয়া (Shqipniya) ইউরোপের বল্‌কান উপদ্বীপের রিপাবলিক; রাজ্যের পশ্চিমদিক পার্বত্য, কৃষি বা বাসোপযোগী স্থান অল্প। মেষপালন প্রধান জীবিকা। আ. ১০,৬৩২ ব মা। জন. ১১·৫০ লক্ষ। মুসলমান ৬৬%; গ্রীক্ খ্রীষ্টান ২১%। গেগ্ (৪১%) ও তোসক (৩৫%) প্রধান উপভাষা। ১৪৭৮—১৯১২ পর্যন্ত এই দেশ তুর্কীর অধীন ছিল। ঐ বৎসর স্বাধীন হইলেও ১৯১৭-এ ইতালি জোর করিয়া অধিকার করে। ১৯১৯-এ এসাদ পাশা বিদ্রোহী হইয়া তিরানা (Tirana)-তে রাজধানী স্থাপন করেন। ১৯২০-এ লীগ অব্ নেশনস্ সভ্যশ্রেণীভুক্ত

রাজ্য বলিয়া আল: গৃহীত হয়। ১৯২৫-২৮ রিপাবলিক শাসনতন্ত্র চলে। ১৯২৮-এ আহমদ বেগ জোগ (King Zog) রাজা হন। দ্বিতীয় মহাযুদ্ধের শেষভাগে (১৯৪৪) আল্‌বেনিয়ান জাতীয়তাবাদীরা প্রজাতান্ত্রিক শাসন প্রবর্তন করে। যুগোস্লাভিয়া ও সোবিয়েত রুশের সহিত ইহাদের গভীর প্রীতি ছিল। ক্রমে যুগো: ও সোবিয়েতের মধ্যে মনান্তর উপস্থিত হইলে আল্‌বেনিয়া সোভিয়েতের দিকেই ঝুঁকিয়া পড়ে। ১৯৪৬-এ মার্কিন রাষ্ট্রের সহিত রাজনৈতিক সম্বন্ধ ছিন্ন করায়, ইহারা U. N.-এর সদস্য প্রার্থী হইলে মার্কিনী সদস্যগণ 'নাকোচ' (veto) করেন। —রাজধানী তিরানা (৩০ হা); স্কুটারি প্রধান নগর; ভালেনা (Valena) প্রধান আদ্রিয়াতিক বন্দর। এখানকার খনিজ সম্পদ মূল্যবান। পেট্রোলিয়াম, তাম্র, সামুদ্র লবণ, বিটুমেন প্রভৃতির কাজ চলিতেছে। পেট্রো: উত্তরোত্তর বাড়িতেছে। পঞ্চবার্ষিকী প্ল্যান (১৯৫১-৫৫) মতে কাজ ভাল চলিতেছে বলিয়া প্রকাশ। শিক্ষায় খুবই পশ্চাদ-পদ দেশ ছিল, এখন প্রতি বৎসর সহস্রাধিক করিয়া ছাত্র সোভিয়েত রুশে পাঠাইয়া শিক্ষিত করিয়া আনা

**আলমডাঙা** (Alamdanga): পূর্ব পাক কুষ্টিয়া জে.র চুয়াডাঙা মহ-র থানা। আ. ১৩২ ব মা। গ্রাম, ডাক-ঘর। কলিকাতা হইতে ৯৪ মা। মাথাভাঙ্গা নদী আ: স্টেশনের প্রায় ৫ মা পশ্চিমে দুইভাগে বিভক্ত হইয়াছে। গ্রাম হইতে ৪ মা উ-পূর্বে গোস্বামী দুর্গাপুর নামক গ্রামে ১৬৭৪ অব্দের একটি মন্দির আছে।

**আল্‌মা আতা** (Alma Ata): সোবিয়েত কাজাকিস্তানের রাজধানী। ইলি (Ili) নদীর উপত্যকায় অবস্থিত, পার-সাইবেরিয়ান রেলপথের সহিত যুক্ত। বিমান বন্দর। অল্প কয়েক বৎসরের মধ্যে মধ্যএশিয়ার এই স্বল্পজ্ঞাত স্থান শিক্ষায় শিল্পে যে কী উন্নত হইয়াছে তাহা ভারতীয় প্রত্যক্ষদর্শীদের লেখা হইতে জানা যায়। (দ্র কাজাকিস্তান)

**আলমোড়া** (Almora): উত্তর প্রদেশের কুমায়ুন বিভাগের জেলা। আ. ৫৪১৯ ব মা। জন. ৭.৭৩ লক্ষ ('৫১)। উ— তিব্বত, পূ— নেপাল; দ— নৈনীতাল, প— গড়বাল। জেলার অধিকাংশই হিমালয়ের অন্তর্ভুক্ত। নন্দাদেবী পর্বত (২৫, ৬৬১ ফুট) এই জেলায়। বার্ষিক বৃষ্টি ৪০"—৮০" ১০ শতকে রাজপুত ক্ষত্রিয়রা এইস্থানে রাজ্য স্থাপন করে। মুসলমানরা এই দেশ কখনো জয় করিতে পারে নাই। ১৭৯০-এ নেপালের গুর্খারা অধিকার করে। নেপাল যুদ্ধের পর কুমায়ুন ও গড়বাল ইংরেজরা লাভ করে (১৮১৫)। আল: সেই সময়ে ইংরেজদে হস্তগত হয়।

**আলমোড়া** (Almora): আলমোড়া জেলার সদর সহর। উচ্চতা ৫,৫০০ ফুট। বৃষ্টিপাত ৪৫.৫"। তিব্বত ও নেপালের সহিত বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র। স্বাস্থ্য-নিবাস। কাঠগোদাম (দ্র) অথবা নৈনীতাল হইতে রানীক্ষেত হইয়া যাওয়া যায় (৫১ মা)। এখানে ফলের বাগিচা বিলাতের ডিভনসায়ারের ডার্টিংটন ট্রাস্ট হইতে স্থাপিত হইয়াছে। আল: হইতে রামগড় (দ্র) ২০ মা। ...জন. ১২,১১৬। ...নৈনীতাল ব্যাংক ও উ-প্র. সমবায় ব্যাংক আছে। অন্য বড় ব্যাংক নাই।

**আল্‌সাস্-লরেন্‌** (Alsace Lorraine): **এল্‌সাস-লোত্রিঙেন্‌** (Elsass-Lothringen): ফ্রান্‌সের পূর্ব-সীমান্তের প্রদেশ। রাইন নদী প্রবাহিত। খনিজ ও বনজ সম্পদ অশেষ; লরেন প্রদেশে লৌহ, কয়লা, লবণ, ইমারতের পাথর; আলসেসে অফুরন্ত পটাস পাওয়া যায়। আলসেসের আ. ৩২০২ ব মা। জন. ১৬.২০ লক্ষ। লরেনের আ. ৯১৫০ ব মা। জন. ১৭.৮৬ লক্ষ। মধ্যযুগে আল্‌সাস্‌ জারমানির অন্তর্গত দেশ ছিল। ১৬৪৮-এ ওয়েস্টফেলিয়ার (মুনস্টার) সন্ধি অনুসারে আ-এর কিয়দংশ ফ্রান্সের ভাগে পড়ে। ১৬৯৭-এ চতুর্দশ লুই আরও কিছুটা অধিকার করেন। ফ্রাংকো-প্রুশিয়ান যুদ্ধে ফরাসীরা পরাভূত হইলে সমগ্র আল্‌সাস লরেন জারমানি দখল করে (১৮৭১)। চল্লিশ বৎসর পরে ১ম মহাযুদ্ধে জারমানি পরাভূত হইলে এবার সমগ্র দেশ ফ্রান্‌স পাইল (১৯১৯)। দ্বিতীয় মহাযুদ্ধের সময় এই প্রদেশ ভীষণভাবে বিধ্বস্ত হয়। আ: এর রাজধানী স্ট্রাস্‌বুর্গ। মেৎজ, নান্‌সি —লরেনের বিশিষ্ট নগরী।

**আলস্টার** (Ulster): বা নর্দার্ণ আয়ারলন্ড।

আয়ারলন্‌ডের অপর নাম; গ্রেট ব্রিটেনের সহিত যুক্ত। এখানকার ইংরেজ অধিবাসীরা আয়ারের শত্রু এবং অখণ্ড আয়ারলন্‌ড পরিকল্পনার বিরোধী। আ. ৫২৩৮ ব মা। জন. ১৩.৯০ লক্ষ ('৫০)। ... ১৯২১ হইতে আল্‌স্টারের পৃথক পার্লামেণ্ট স্থাপিত (সিনেটে ২৫; হাউস অব্ কমন্সে ৫২) হইয়াছে। ব্রিটিশ পার্লামেণ্টের নির্দেশে অধিকাংশ কার্য নিয়ন্ত্রিত হয়। ব্রি. পা'এ ১২ সদস্য প্ররিত হয়। ...রাজধানী বেলফাস্ট (৪,৪৩,৬৭০)। বিশ্ববিদ্যালয় (১৮৪৯)। ...কৃষিই প্রধান উপজীবিকা। (দ্র. আয়ারলন্‌ড)

**আলানমিয়ো** (Allanmyo): বর্মা; থেতমিয়ো জেলার শহর; ইরাবতী নদীর পূর্বদিকে থেতমিয়ো শহরের বিপরীতে প্রোম শহরের ৩৫ মা উত্তরে অবস্থিত। জন. ১২, ৫১১। ১৮৫৩-এ আলান (Grant Allan) নামে ইংরেজ উ. ও দ. বর্মার সীমানা এইখানে নির্দেশ করিয়া দেন বলিয়া তাঁহার নামানুসারে শহরের নাম।

**আলাবামা** (Alabama): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৭০২ প্রথম উপনিবেশ। ১৮১৭ যুক্তরাষ্ট্রভুক্ত। মার্কিন গৃহযুদ্ধের সময় দক্ষিণী বিদ্রোহী দলভুক্ত হয় (১৮৬১)। ১৮৬৮ পুনরায় যুক্তরাষ্ট্রের অন্তর্গত হয়। আ. ৫১, ৬০৯ ব মা। জন. ৩০. ৬১ লক্ষ ('৫০)। জনতার একতৃতীয়াংশ (১০ লক্ষ) নিগ্রো। এই স্টেটে বুকার ওয়াশিংটন স্থাপিত টাসকীগি (Tuskegee) বিশ্ববিদ্যালয়। ... তুলার চাষ প্রধান। রাজধানী মণ্টগোমারি (Montgomery)। জন. ১, ০৬,৫২৫। আলাবামা শব্দের অর্থ 'উত্তম দেশ' (রেড্ ইন্‌ডিয়ান)।

**'আলাবামা' জাহাজ** (The Alabama): মার্কিন যুক্তরাষ্ট্রের গৃহবিবাদের সময় (১৮৬১-৬২) গভর্নমেণ্টের জন্য আলাবামা নামে একখানি জাহাজ ইংলন্‌ডের ডকে নির্মিত হইতেছিল। ইংরেজরা উত্তরের মাঃ সরকারকে বিব্রত করিবার জন্য ইচ্ছা করিয়া ঐ জাহাজখানি দক্ষিণী বিদ্রোহীদের হস্তে অর্পণ করে। এই জাহাজ মার্কিনী গভর্নমেণ্টের জাহাজের ও বাণিজ্যের প্রচুর ক্ষতি করে। এই ব্যাপার লইয়া ইংরেজের সঙ্গে মার্কিনদের প্রায় যুদ্ধের উপক্রম হয়। তখন সালিসী হয় ও ইংলন্‌ড মার্কিন সরকারকে ক্ষতিপূরণ বাবদ ৩,২৩০,০০০ পাঃ দিতে বাধ্য হয়।

**আলাস্‌কা** (Alaska): উত্তর আমেরিকার উ-প. কোণে কানাডার পশ্চিমে অবস্থিত মার্কিন যুক্তরাষ্ট্রের টেরিটরি। এশিয়ার সাইবেরিয়া হইতে বেরিং প্রণালী দ্বারা ('৫৫ মা) বিভক্ত; উত্তরে আর্কটিক ও পশ্চিমে প্রশান্ত মহাসাগর। শীতপ্রধান পার্বত্য দেশ; আবহাওয়া অত্যন্ত আর্দ্র। নদী ইয়ুকন (Yukon)। বহু জলন্ত আগ্নেয়গিরি ও উষ্ণজলোৎস। বনভূমি বিস্তর। মুস্ (Moose), কারিবু, ভোঁদড়, সীল, নেকড়ে বাঘ, ভল্লুক, বীভার, আরমাইন, সাদা শেয়াল, মিন্‌ক প্রভৃতি প্রাণীর বাসভূমি। বল্‌গা হরিণ সাইবেরিয়া হইতে আমদানি করা হয়, এখন অসংখ্য। এই দেশের আবিষ্কারক রুশীয়রা (১৭৪১)। ১৮৬৭-এ তাহারা ৭২ লক্ষ ডলার মূল্য পাইয়া এই দেশ মার্কিনদের বিক্রয় করিয়া দেয়। স্বর্ণখনি আবিষ্কৃত হওয়ায় মূল্যের বহুগুণিত টাকা কয়েক বৎসরের মধ্যে উস্থল হইয়া যায়। দ্বিতীয় মহাযুদ্ধের সময় কানাডার পশ্চিম দিয়া মিলিটারি রাস্তা নির্মিত হয়। এখন মিলিটারি বড় ঘাটি।

আয়তন ৫,৮৬,৪০০ ব মা (জলস্থল সমেত)। জন. ১.৬০ লক্ষ ('৫৩)। শ্বেতাঙ্গ ছাড়া রেড্ ইন্‌ডিয়ান, এস্কিমো প্রভৃতি জাতির লোক আছে। বন্দর ও রাজধানী জুনো (Juneau)। বসন্ত ও গ্রীষ্মে ৯০—১৪০ দিন কৃষিকার্য চলে। স্বর্ণ খনি ছাড়া প্রাকৃতিক গ্যাস পাওয়া গিয়াছে।

**আলিগড়** (Aligarh), **অলীগড়**: উত্তর প্রদেশ; আগরা বিভাগের জেলা। দ. মথুরা, প. যমুনা নদী। আ. ১৯৫২ ব মা। জন. ১৫'৪৩ লক্ষ। বৃষ্টি ২৬"। জেলায় প্রচুর আখের চাষ হয়; তজ্জন্য চিনির কারখানা স্থাপিত হইয়াছে। ...৫ তহশীল।

**আলিগড়** (Aligarh): উত্তর প্রদেশ রাজ্যের শহর। জন ১,৪১,৬১৮। কুতবউদ্দীন আইবাক কর্তৃক রাজপুতদের কেল্লা অধিকৃত হইবার পর হইতে এখানে মুসলীম প্রাধান্যের আরম্ভ। তখন নাম ছিল কোইন; পরে মুসলমান শাসনকর্তাদের নামানুসারে

মহম্মদনগর, সাবিত নগর হয়। ১৭১৭ জাঠরা দখল করিয়া নাম দেয় রামগড়। পরে নজফ খাঁ অধিকার করিয়া নাম দেন আলিগড় (১৭৫০)। মারাঠাদের নির্মিত অজেয় দুর্গ (১৭৮৪) লর্ড লেক ১৮০৩-এ দখল করেন। সেই হইতে এই অঞ্চল ব্রিটিশ অধিকারভুক্ত। ... আলিগড় বড় জংশন স্টেশন; বিশ বৎসরের মধ্যে জনসংখ্যা প্রায় দ্বিগুণ ও ব্যবসায় বাণিজ্য বহুগুণিত হইয়াছে, তজ্জন্য এখানে ৪টি বড় ব্যাংকের অপিস আছে: স্টেট, ইলাহাবাদ, সেণ্ট্রাল, পঞ্জাব ন্যাশনাল। ... আলিগড় কলিকাতা হইতে ৮১৬ মা দিল্লী ৭৯ মা। এখান হইতে চন্দৌসী রেলপথ আছে (৬১ মা)। এখানে চাবি-তালার প্রায় ১০০টি ছোটবড় কারখানা আছে। আলিগড়ের মাখন বলিয়া যাহা বাজারে বিক্রয় হয়, তাহার সহিত এই আলিগড়ের কোনো সম্বন্ধ নাই।

**আলিগড় মুস্লীম বিশ্ববিদ্যালয়** (Aligarh Muslim University): ১৯২০ সালে প্রতিষ্ঠিত। আবাসিক বিশ্ববিদ্যালয়। মস্‌জিদের চারিদিকে ১৫ মা স্থান বিশ্ববিদ্যালয়ের এলাকা। ইস্‌লামিক বিষয়, উর্দু, পারসি, আরাবিক ভাষা ও সাহিত্য চর্চা ছাড়া আধুনিক বহুবিধ বিদ্যাশিক্ষার ব্যবস্থা আছে। আলিগড় শহরের অন্যান্য কলেজগুলি আগরা বিশ্ববিদ্যালয়ের সহিত যুক্ত।

**আলিগানি** (Alleghany): উ. আমেরিকা; যুক্তরাষ্ট্রের পূর্বদিকে আপালাচিয়ান পর্বতমালার সমান্তরালে বিস্তারিত পর্বতশ্রেণী। ... বহু জাতীয় খনিজ সম্পদ-পূর্ণ পর্বতমালা।

**আলিনগর** (Alinagar): আলিপুরের পুরাতন নাম। সিরাজউদ্দৌলা কলিকাতায় ইংরেজদের আক্রমণের সময় এইখানে ছাউনি করেন; বীরভূমের রাজপুত্র আলিনকী খাঁ অন্যতম সৈন্যাধ্যক্ষ ছিলেন। প্রবাদ এই আলিনকী খাঁ হইতে আলিনগরের নাম। কলিকাতা ইংরেজরা পুনরুদ্ধার করিয়া (১৭৫৬) এইস্থানে নবাবের সহিত সন্ধি করে। এই সন্ধি অনুসারে ইংরেজ ঈ. ই. কোম্পানি পুনরায় কলিকাতায় দুর্গ নির্মাণের ও টাকশালায় নবাবের নামে সিক্কা টাকা মুদ্রিত করিবার অনুমতি লাভ করে; এবং নবাব কলিকাতা লুণ্ঠনের জন্য খেসারত দিতে রাজী হন।

**আলিপুর** (Alipur): চব্বিশ-পরগনা জেলার সদর মহকুমা, থানা ও সদর শহর। মহকুমার মধ্যে টালিগঞ্জ, রাজপুর, সাউথ সাবারবান, জয়নগর, বারুইপুর ও বজবজ শহর। থানা ১১টি। মহ.র আ. ১,১০৬ ব মা; জন. ১৫,১৩,১৪৮। —শহর কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত। এখানে হাওয়া ঘর, ন্যাশনাল লাইব্রেরী, জেলার আদালত, আলিপুর প্রেসিডেন্সি জেল, চিড়িয়াখানা, ছোটলাটের (পরে বড়লাটের) প্রাসাদ বেলভেডিয়ার; এখন সেখানে ভারত-সরকারের ন্যাশনাল লাইব্রেরী। ... আলিপুরের জনসংখ্যা কলিকাতার সঙ্গে ধরা হয়।

**আলিপুর-দুয়ার** (Alipur Duars): প. বঙ্গ.; জলপাইগুড়ি জেলার মহ., থানা ও শহর। মহকুমার আ. ১,০৭৮ ব মা। জন. ৩,৬৮,৩৯৬। ঘ. ৩৪২।—থানার আ. ২১০ ব মা; জন. ১,১৯,০৩৮। ঘ. ৪৪১।... —শহর, কাটিহার-আমিনগাঁও রেলপথের স্টেশন (২২৬ মা)। কালজানি নদীর তীরে; আসাম ট্রাংক রোড এখান দিয়া গিয়াছে। এখান হইতে রেলপথ কোচবিহার (১৬ মা) হইয়া গীতালদহ (৩৯ মা) পর্যন্ত গিয়াছে। ...জন. ২৪,৮৮৬। (দ্র. দুয়ার্স)

**আলিপুরা** (Alipura): বিন্ধ্য প্রদেশ রাজ্যের ওরচার অন্তর্গত স্থান। পূর্বে বুন্দেলখণ্ডের ক্ষুদ্র করদ রাজ্য ছিল। আ. ৭৩ ব মা। জন. ১৭,৭৩৫ ঝাঁসি-মানিকপুর রেলপথের রানীপুর স্টেশনের দ.-পূর্বে অবস্থিত শহর। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২৮,১১০ টা. ভাতা দেওয়া হয়।

**আলিরাজপুর** (Alirajpur): মালব এজেন্সির করদ রাজ্য। দ. নর্মদা নদী। আ. ৮৪৯ ব মা। জন. ১,১২,৭৫৪। দেশ অনুর্বর; বৃষ্টি ৩৫"। ১৯৪৮ জুন রাজ্য ভারত-সরকারভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৯৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়। মধ্যভারত ইউনিয়নের শহর।

**আলিওয়াল** (Aliwal): পঞ্জাব; লুধিয়ানা জেলার জগরাঁও তহশীলের শতদ্রু নদীতীরস্থ গ্রাম; লুধিয়ানার ১৬ মা পশ্চিমে। শিখরা ১৮৪৬ জানু. শতদ্রু পার হইয়া এই স্থান অধিকার করে। ২৬ জানু

ব্রিটিশ সেনাপতি সার হেনরি স্মিথের নিকট যুদ্ধে তাহারা পরাভূত হয়। শতদ্রুর পূর্বতীরস্থ দেশ ইংরাজ অধিকারভুক্ত হয়।

**আলুশিয়ান** (Aleutian Islands) : প্রশান্ত মহাসাগরের দ্বীপালি; আলাস্‌কা ও কামচাটকা-( সাইবেরিয়া )-র মধ্যে প্রায় ১২,০০০ মা বিস্তৃত। অধিকাংশ দ্বীপই পার্বত্য; কয়েকটিতে জ্বলন্ত আগ্নেয়গিরি এখনো আছে। তিমি, সীল প্রভৃতি সংগ্রহের জন্য লোকে বাস করে। জন. ১০০০। এই দ্বীপগুলি মার্কিন যুক্তরাষ্ট্র আলাস্‌কা কিনিবার সময় রুশিয়ার নিকট হইতে পাইয়াছিল ( ১৮৬৭ )। মার্কিনী সামরিক ঘাঁটি হিসাবে গুরুত্ব-পূর্ণ স্থান।

**আলেকজান্দ্রিয়া** (Alexandria) : আরবী ইস্‌কান্দারিয়া; মিশরের নগর ও প্রধান বন্দর। ভূমধ্যসাগর ও মারোতিস হ্রদের মধ্যে অবস্থিত, কাইরোর সহিত রেলপথের দ্বারা ও নীল নদের সহিত খালের দ্বারা যুক্ত। মকিদান রাজ আলেকজেন্দার কর্তৃক স্থাপিত ( খ্রী. পূ. ৪ শতক )। গ্রীক টলেমি রাজ বংশের শাসনকালে আলেক. ছিল রাজধানী ও পৃথিবীর শ্রেষ্ঠ নগরী। প্রায় সহস্র বৎসর ( খ্রী. পূ. ৩৪১—খ্রী. অ. ৬৩২-৬৪১ ) জ্ঞান বিজ্ঞানের প্রধান কেন্দ্র। বন্দরের আলোকস্তম্ভ প্রাচীন জগতে বিখ্যাত ছিল। এখানকার দুইটি প্রস্তরস্তম্ভে একটি নিউইয়র্কে, অপরটি লন্‌ডনে রক্ষিত; সেগুলি 'ক্লিওপেট্রাস নীড্‌ল' নামে পরিচিত। প্রাচীন গ্রন্থাগারে ৭ লক্ষ পাপাইরাস পুঁথি ছিল। জ্ঞান-মন্দির বা ম্যুজিয়াম ও সেরাপিনের মন্দির ছিল বিশিষ্ট প্রতিষ্ঠান। আঃ প্রাচীন খ্রীষ্টধর্মের কেন্দ্র হয়। আঃ র বিশাল গ্রন্থাগার কিভাবে ও কাহাদের দ্বারা ধ্বংসিত হয়, তাহা লইয়া মতভেদ আছে।

আরবদের আক্রমণের পর ( ৬৪১ খ্রী. অ. ) হইতে নগরীর দ্রুত পতন আরম্ভ হয়। ১৫১৭ তুর্কীদের দ্বারা অধিকৃত। ১৯ শতকে বন্দর হিসাবে আবার প্রাচীন গৌরব লাভ করে। ১৮৮২-তে আরবী পাশার বিদ্রোহের সময় ইংরেজরা সমুদ্র হইতে গোলা ছুড়িয়া নগর ধ্বংস করে। ...বর্তমানে জন. প্রায় ১০ লক্ষ।

**আলেপ্পো** (Aleppo) : আরবী হালেব; সীরিয়ার বৃহত্তম নগর। সমুদ্রপথ আবিষ্কারের পূর্বে ভারতীয় ও প্রাচ্য পণ্য সরবরাহ ও বণ্টনের বড় কেন্দ্র। বর্তমানে মিশর, তুর্কী ও ইরাকের রেলওয়ে কেন্দ্র; জনসংখ্যা প্রায় ৩ লক্ষ। ...১৮৮২ ভূমিকম্পে প্রায় ২০ হা লোক মারা যায়।

**আল্লেপী** ( Allepey ) : তিরুবঙ্কুর-কোচীন রাজ্যের দ্বিতীয় বন্দর; কুইলন হইতে ৫০ মা ও কোচীন হইতে ৩৫ মা। রাজা রামবর্মা ওলন্দাজদের বন্দর পোরকড়-এর একচেটিয়াত্ব নষ্ট করিবার জন্য ১৮ শতকে এই বন্দর নির্মাণ করেন। পোতাশ্রয়ের প্রবেশমুখে আলোক-স্তম্ভ আছে। ...নারিকেল ও নাঃ কাতা ( দড়ি ), নাঃ ম্যাটিং, এলাইচ, দারুচিনি, আদা, মরিচ প্রভৃতি রপ্তানি হয়। বড় ব্যবসায়ের কেন্দ্র; জন. ১,১৬,২৭৮। এখানে নানা শ্রেণীর ৩০টি ব্যাংক কাজ করিতেছে : সেন্ট্রাল, স্টেট, কানাড়া, কানাড়া ইন্‌ডাস, ইন্‌ডিয়ান, ইন্‌ডি.-ওভারসীজ; ইন্‌ডো-মার্কেন্টাইল, পলাই প্রভৃতি।

**আশ্‌খাবাদ** (Ashkhabad) : তুর্কোমানিস্তান সোবিয়েত রিপাবলিকের রাজধানী; পূর্ব নাম Poltoratsk। কারাকুম মরুভূমের মরূদ্যানে ট্রান্স-কাস্পিয়ান রেলপথের উপর ১৮৮৩ সালে স্থাপিত। ১৯৪৮-এর ভূমিকম্পে বিশেষ ক্ষতি হয়। এখানে কাপড়ের কল, মাংসের কারবার আছে। জন. ১৯২৬-এ ছিল ৫২ হা; ১৯৩৬-এ ৫.৫০ লক্ষ।

**আশাশুনি** ( Asasuni ) : পূর্ব পাক; খুলনা জেলার সাতক্ষিরা মহ. র থানা; আ. ১৫৮ ব মা। নদীবহুল স্থান। গ্রাম, ডাকঘর।

**আশুগঞ্জ** ( Ashuganj) : পূ. পাকিস্থান; ত্রিপুরা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার অন্তর্গত মেঘনা নদীর বন্দর ও বাজার। ঈ. বি. রেলওয়ের আখাউড়া জং হইতে ১৮ মা। আঃ-র অপর পারে ভৈরববাজার; পূর্বে স্টীমার যোগে যাত্রী ও মালগাড়ি পারাপার করা হইত। ১৯৩৭-এ ৩৬ লক্ষ টাকা ব্যয়ে মেঘনার উপর সেতু নির্মিত হয়; ইহার নাম ষষ্ঠ জর্জ সেতু। দৈর্ঘ্য ২৯৪৭ ফুট। ভারতের অন্যতম প্রধান রেলওয়ে সেতু। রেলগাড়ি এই পথে চট্টগ্রাম হইতে সরাসরি ময়মনসিংহ, জগন্নাথগঞ্জ, ঢাকা ও নারায়ণগঞ্জ পর্যন্ত আসিতে পারে। কলিকাতা হইতে ৩৪৬ মা।

**আস্ত্রাখান** (Astrakhan): সোবিয়েত রুশিয়ার দক্ষিণী শহর। ভল্‌গা নদীর বামতীরে কাস্পিয়ান হ্রদের বন্দর, তবে সাগরতীর হইতে ৪০ মা অভ্যন্তরে অবস্থিত। এই অঞ্চল সমুদ্রসমতল হইতে ৭০ ফুট নিচু। মস্কৌ এখান হইতে ৮০০ মা উ.-পশ্চিমে। ইউরোপ ও এশিয়ার জলপথের বাণিজ্য-কেন্দ্র। বিশ্ববিদ্যালয় ১৯১৯-এ স্থাপিত। জন. প্রায় ৩ লক্ষ।

**আস্‌মারা** (Asmara): ইরিত্রিয়া (Eritrea)-র রাজধানী; ৭,৮০০ ফুট উচ্চ মালভূমির উপর অবস্থিত লোহিত সাগর তীরস্থ বন্দর মাসাওয়া (Masawa) হইতে রেলপথে ৪০ মা। সেখান হইতেও দেশের ভিতরে রেলপথ গিয়াছে। জন. ১,২৩,০০০। বিমান বন্দর।

**আসাই** (Assaye): হায়দরাবাদ স্টেটের অউরংগাবাদ জেলার গ্রাম। ওয়েলেস্‌লি এইস্থানে সিন্ধিয়া ও ভোঁসলের সম্মিলিত মারাঠা সৈন্যদের পরাজিত করেন (১৮০৩, সেপ. ২৩)। মানমদ হইতে জালনা স্টেশন (১১৭ মা); সেখান হইতে উত্তরে ৩০ মা।

**আসানসোল** (Asansol): বর্ধমান জেলার মহকুমা। ১৯০৬-এ মহকুমা গঠিত হয়, তৎপূর্বে রানীগঞ্জ মহকুমা কেন্দ্র ছিল। আ. ৬২৪ ব মা; জন. ৭,৬৯,২৬৫। ঘনতা ১,২৩৩। বর্ধমানের এই অংশের ভূপ্রকৃতি গাঙ্গেয় বঙ্গ হইতে সম্পূর্ণ পৃথক; ভূমি শুষ্ক প্রস্তরময়, তরঙ্গায়িত, অনুর্বর, পার্বত্য নদী প্রবাহিত। পঃ বঙ্গের খনি ও শিল্পাঞ্চল। ...মহকুমায় ১০ থানা; ৫১৭ গ্রাম; ৫ শহর।...থানার নাম :—আসানসোল, কুলটি, বরবানী, সালনপুর, রানীগঞ্জ, জামুরিয়া, অনডাল, ফরিদপুর, হীরাপুর ও কাঁকসা।—অসানসোল থানার আ. ৩১ ব মা; জন. ১,১৩,৪৮৫। ঘনতা ৩,৭৬২। আঃ শহর ৪১৪ ফুট উচ্চ মালভূমির উপর। বৃষ্টি ৫৬"। পূর্ব রেলপথের স্টেশন ১৩২ মা। শেরশাহ সড়কের উপর অবস্থিত। বর্ধমান হইতে ৬৫ মা। শহর নূতন হইলেও অপরিচ্ছন্ন। মিউনি. ১৮৯৬। গ্রান্ড কর্ড লাইন খোলার পর হইতে এই স্থানের গুরুত্ব বৃদ্ধি পাইয়াছে। পূর্ব রেলের বহু অপিস অবস্থিত। কয়লা ব্যবসায়ের কেন্দ্র। মহকুমার আদালত; এখানে সবজজ কোর্ট আছে, যাহা সাধারণত মহকুমায় থাকে না।...স্কুল, কলেজ, মেয়েদের কলেজ। টেলিফোন, ব্যাংক, বিজলী।... নিকটে বহু শিল্পনগরী যেমন, কুলটি, বার্নপুর, হীরাপুর প্রভৃতি। এখানে কয়েকটি ব্যাংক আছে: সেণ্ট্রাল, স্টেট, ইউনাইটেড, ও ইউনা-কমার্স, কেন্দ্রীয় সমবায় ব্যাংকের হেড অপিস।

**আসাম** (Assam): ভারতের 'ক' শ্রেণীর রাজ্য। ব্রহ্মপুত্র অববাহিকায় অহোমদের বাসস্থান, অসমিয়া ভাষাভাষীদের দেশ। ইহার উত্তরে হিমালয়, পূর্বে অরণ্যপূর্ণ পাতকোই নাগা, লুশাই প্রভৃতি পর্বতমালা। এই রাজ্যের উত্তরাংশে ব্রহ্মপুত্র উপত্যকা; দক্ষিণে সুরমা নদী উপত্যকা ও মধ্যস্থলে গারো-খাসিয়া-জয়ন্তিয়া পাহাড়ের মালভূমি। এছাড়া উত্তর-পূর্ব কোণে বা নর্থ-ঈস্টার্ন ফ্রন্টিয়ার এজেন্সি (NEFA) অঞ্চলে বহু পার্বত্য উপজাতির বাস।—রাজনৈতিক দিক হইতে আসামের অবস্থান অতি গুরুত্বপূর্ণ। উত্তরে ভুটান, তিব্বত ও চীন, পূর্বে বর্মা ও পশ্চিমে পঃ বঙ্গের সঙ্কীর্ণ অংশ ও পূর্ব-পাকিস্তান কর্তৃক পশ্চিমে ও দক্ষিণে বেষ্টিত। আসামের বর্তমান আ. ৮৭,০১২ ব মা (NEFA-র প্রায় ৩৩,০০০ ব মা ধরিয়া)। পার্টিশনের পূর্বে ছিল নে-ফা বাদে ৬১,৪৬১ ব মা। জন. ৯১,২৯,৪৪২('৫১); ইহার মধ্যে উপজাতীয় জন. ১৭·৩৬ লক্ষ।...হিন্দু ২৯·৪৮ লক্ষ, মুসলমান ১৭·১০ লক্ষ। অসমিয়াভাষী ৪০%। বাংলাভাষী ২৪%। অন্যান্য উপজাতীয় ভাষাভাষী ৩৬%। উদ্‌বাস্তু ২,৭৬,৮২৪। আসাম উপত্যকা উর্বর। বৃষ্টিপাত "৫০-২৫৮"। খাসিয়া পাহাড়ের চেরাপুঞ্জিতে পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা অধিক বৃষ্টি হয় (৫৬৯")।...লক্ষ্মীপুর জেলায় পেট্রোলিয়াম খনি ও অন্যত্র কয়লার খনি আছে। ১৯৫২-৫৩ —পেট্রোঃ ৬ কোঃ গ্যালন, কয়লা ৩·২৫লক্ষ টন, চুন ১.৮৬ লক্ষ টন উৎপন্ন হয়। চুনা পাথরের প্রধান আকর খাসিয়া জয়ন্তিয়া পাহাড়। আসামের বৃহত্তর এলাকায় পেট্রো.-র সন্ধান পাওয়া গিয়াছে। ভারতের আর কোনো দেশে আসামের মত গভীর জঙ্গল নাই, প্রায় ৩০ হা ব মা। রিজার্ভ বন ৬৩৫০ ব মা। শিমুল

গাছ অসংখ্য ; দেশলাই-এর কারখানায় ইহার কাঠ ব্যবহৃত হয়। কৃষিজাত ব্যবসায়িক ফসল পাট ও চা। ১০০০-এর উপর চা-বাগিচায় বৎসরে প্রায় ৩৬ কোটি পাউন্ড চা ও তামাক, তুলা, ধান্য, তৈলবীজ উৎপন্ন হয়। গৃহশিল্পের মধ্যে রেশমের এণ্ডি, মুগা প্রভৃতি বিখ্যাত।

জেলা : গোয়ালপাড়া ( ধুবড়ি ) ; কামরূপ ( গৌহাটি ) ; গারো পাহাড় ( তুরা ) ; দরং ( তেজপুর ) ; নওগাঁ ; শিবসাগর (জোরহাট) ; লখীমপুর (ডিব্রুগড়) ; নাগা পাহাড় ( কোহিমা ) ; কাছাড় ( শিলচর ) ; খাশি-জয়ন্তিয়া পাহাড় ( শিলং ) ; লুশাই পাহাড় ( আইজল ) ; উত্তর কাছাড়—মিকির পাহাড় ( দিফু )। নে-ফা ( NEFA )-র অন্তর্গত : ৬টি অঞ্চল ( দ্র. নে-ফা )। আসামের রাজধানী শিলং। বিশ্ববিদ্যালয়—গৌহাটিতে। মিউনি. শহর ১৪। জেলা বোর্ড ১৫। গ্রাম ২৫,৩২৭।

ব্যবস্থাপক সভায় ১০৮ সদস্য। লোকসভায় প্রেরিত সদস্য ১২ ; রাজ্য সভায় ৬।

আসাম—ইতিহাস : প্রাচীনকালের প্রাগ্‌জ্যোতিষপুর ও কামরূপ রাজ্য। ১৩ শতকে মোংগলীয় উপজাতি অহোমরা ব্রহ্মপুত্র উপত্যকা অধিকার করে। সেই হইতে দেশের নাম অহোম বা আসাম। ১৫ শতকে চুহম্‌ফা হিন্দু হন ; চুচেংফা হিন্দুধর্ম রাজধর্মরূপে গ্রহণ করেন ( ১৬১১-৪৯ )। ইহারা বাঙালি বৈষ্ণব গোস্বামীদের দ্বারা দীক্ষিত হন ; রাজা চুচুম্‌না বা জয়ধ্বজের সময় অউরংজেবের সেনাপতি মীর জুম্‌লা খাঁ বৃথাই আসাম অক্রমণ করেন। এই দেশ কখনো মুসলমানের অধীন হয় নাই। ১৮ শতকের শেষভাগে অন্তর্বিপ্লবের সালিশী করিতে আসেন বর্মার রাজা ও তিনি দখল করিয়া বসেন। বর্মীরা অহোমদের প্রতি অকথ্য অত্যাচার করে। ১৮২৪ বর্মার রাজা ইংরেজের সহিত যুদ্ধে পরাভূত হইলে ১৮২৬ ইয়ানডুবু-র সন্ধি অনুসারে আসাম দেশ ইংরেজ লাভ করে।

সুরমা উপত্যকার শ্রীহট্ট ও উত্তর বঙ্গের গোয়ালপাড়া জেলা দুইটি ১৭৬৫-তে বাংলা, বিহার, ওড়িশার দেওয়ানী অন্তর্গত অংশরূপে ঈ. ই. কোম্পানীর আয়ত্তে আসে। ১৮৩০-এ কাছাড় অধিকৃত হয়। এই সমস্ত জেলা ও অধিকৃত স্থানগুলি বঙ্গ প্রেসিডেন্সির অন্তর্গত ছিল। ১৮৭৪-এ আসাম পৃথক প্রদেশ হয়। সেই সময়ে সিলেট ও কাছাড় ঐ প্রদেশের অন্তর্গত করা হয়। ১৯০৫-এ আসাম ও পূর্ববঙ্গ ( ঢাকা, রাজসাহী ও চট্টগ্রাম বিভাগ ) পৃথক প্রদেশ করিয়া লে: গবর্নরের অধীনে দেওয়া হয় ; ইতিপূর্বে আসামের শাসককে বলিত চীফ কমিশনর। ঢাকা রাজধানী ও শিলং শৈলাবাস হয়। ১৯১২-এ বঙ্গচ্ছেদ রদ হইলে আসাম পুনরায় পৃথক প্রদেশ হয়। ১৯২১-এ ভারত শাসন সংস্কারের ফলে এখানে গভর্নর পদের সৃষ্টি হয়। তখন ব্যবস্থাপক সভা ( ৫৮ সদস্য ) ও অধ্যক্ষ সভা গঠিত হয়। ১৯৩৫-এর শাসন সংস্কারের ফলে এখানে ২ পরিষদ মঞ্জুর হয়—লেজি. অ্যাসেমব্লি ( ১০৮ সদস্য ) ও লেজি. কাউন্সিল ( ২১-২২ )।

১৯৪৭, ১৫ আগষ্ট ভারত স্বাধীন হইলে পূর্ব পাকিস্তান পৃথক রাজ্য হয়। তখন সিলেট জেলার অধিকাংশ পাকিস্তানের মধ্যে পড়ে। আসামের কোনো সমুদ্র-উপকূল নাই ; প. বঙ্গের সংকীর্ণ স্থান দিয়া (মনিহারী-কাটিহার-শিলিগুড়ি-আমিনগাঁও) যে রেলপথ গিয়াছে তাহাই এই রাজ্যের আগম নিগমের একমাত্র পথ ; অবশ্য বিমান পথ আছে।...

১৯৫৪-৫৫-এর আয় ১৬.৮৮ কোটি টাকা। ব্যয় ১৮.৮৪ কোটি।

**আসাম-বেঙ্গল-রেলওয়ে** (Asam Bengal Railway) : ১৮৮৫-এ ঢাকা বিভাগে রেল চলাচল আরম্ভ হয়। মনিপুর বিদ্রোহের পর ১৮৯১-এ ভারত সরকার আ. রেল-কোম্পানি নামে একটি ব্রিটিশ কোম্পানিকে অর্থ সাহায্য দিয়া রেলপথ নির্মাণের ব্যবস্থা করেন। আসামের পার্বত্য অঞ্চলে রেলপথ খুলিতে কোম্পানিকে প্রচুর অর্থ ব্যয় ও কষ্ট স্বীকার করিতে হয় ; পথে বহু সুড়ঙ্গ খুঁড়িতে ১১ বৎসর লাগে।...১৯০৪, ১৬ ফেব্রুয়ারি লর্ড কর্জন চট্টগ্রাম শহরে এই রেলপথের উদ্বোধন উৎসব করেন।...সমগ্র রেলপথ ১২০৬ মা., রেল স্টেশন ৩১৫। বর্তমানে এইসব রেলপথের দক্ষিণাংশ পাকিস্তানের ভাগে পড়িয়াছে।

**আসিসি** (Assissi) : ইতালির শহর। সাধু ফ্রান্সিস-এর মঠ ও সমাধিক্ষেত্র।

**আসুনসিওন** (Asuncion) : দ. আমেরিকার পারাগুয়ে রিপাবলিকের রাজধানী; পারাগুয়ে নদীর বন্দর। বিশ্ববিদ্যালয় আছে। জন. ২·০৭ লক্ষ।

**আহমদপুর-কাটোয়া রেলওয়ে** (Ahmadpur-Katwa Railway) : লুপ লাইনের আহমদপুর হইতে ব্যান্ডেল-বারহারোয়া লাইনের কাটোয়া পর্যন্ত ৩২ মা রেলপথ। গেজ ২'-৬"। ম্যাকলিওড কোম্পানি কর্তৃক পরিচালিত।

**ইউকন** (Yukon) : কানাডার টেরিটরি বা প্রদেশ; পশ্চিমে আলাস্‌কা। ইউকন নামে নদী এই প্রদেশে উঠিয়া আলাস্‌কার মধ্য দিয়া প্রবাহিত। ১৯৭৯ মা দীর্ঘ; বহুদূর নাব্য। ক্লোনডাইক (Klondike) নদীতে স্বর্ণচূর আবিষ্কৃত হইলে (১৮৯৮) এই স্থানে লোকবসতি আরম্ভ হয়। রূপা, সীসা, তামা, কয়লার খনি আছে। ... আ. ২০৭, ০৭৬ ব মা। জন. প্রায় ১০ হা। রাজধানী—হোয়াইট হর্স (White Horse)। কানাডা হইতে আলাস্‌কায় যে রাজপথ গিয়াছে তাহার প্রায় ৬০০ মা ইউকনের মধ্যে পড়ে।

**ইউক্রেইন** (Ukraine, Ukrainska Radyanska Sotsialistichna Respublika) : সোবিয়েত রুশের দক্ষিণ-পশ্চিমাংশের স্বাধীন সোবিয়েত রিপাবলিক। ইহার উত্তরে সোবিয়েত শ্বেত রুশিয়া; দ—কৃষ্ণ সাগর ও বুলগেরিয়া; প—পোলন্‌ড, চেকোস্লোভাকিয়া, হাংগেরি, রুমানিয়া। আ. ২, ২৫, ০০০ ব মা; জন. ৪, ২৯, ০০, ০০০ ('৫৪); ৮০% ইউক্রেনী। রাজধানী—কিএফ (Kiev); ইহা সোবিয়েত দেশের প্রাচীনতম নগরী। পূর্বে খারকোফ (Kharkov) রাজধানী ছিল। ওডেসা (Odessa) প্রধান বন্দর।

ইউক্রেইন শব্দের অর্থ 'সীমান্তে'। এই উর্বর দেশ ১৪ শতকে লিথুনিয়ানরা অধিকার করে। বহুকাল রুশ, অস্ট্রিয়া ও তুর্কী ইহার উপর আধিপত্য করিবার জন্য সংগ্রাম করে। ১৭৯৩-এ ইউক. রুশিয়ার অধীন হয়। রুশের সম্রাটরা ইউক্রেনীভাষী লোকদের রুশীকরণের জন্য নানাভাবে অত্যাচার করেন; কিন্তু লোকে চিরদিন বাধা দিয়া আসে। সেইজন্য সোবিয়েত রুশের অন্তর্গত হইতে ইহাদের প্রথম দিকে আপত্তি ছিল। ২য় মহাযুদ্ধের সময় হিটলার ভাবিয়াছিলেন ইউক্রেইনে পূর্বকালের রুশ-বিদ্বেষ জাগাইয়া সহজে এই দেশ জয় করিবেন। কিন্তু তাহা ব্যর্থ হয়। প্রথম মহাযুদ্ধের সময় ১৯১৭ ইউক. রিপাবলিকরূপে গঠিত হয়; ১৯২০ সোবিয়েত যুক্তরাষ্ট্রে যোগ দেয়। বর্তমানে ইউক. রাষ্ট্রসংঘের (U. N.) সদস্য (১৯৪৫)।

পৃথিবীর শ্রেষ্ঠ কৃষিভূমিগুলির অন্যতম এই দেশে প্রচুর খাদ্যশস্য উৎপন্ন হয় বলিয়া যুগে যুগে এই দেশের প্রতি শত্রুর দৃষ্টি পড়িয়াছে। ইউক. পৃথিবীর শস্য-ভাণ্ডার নামে খ্যাত। গ্রাম-অঞ্চলে ২৫০টি ট্রাকটর কেন্দ্র হইতে ট্রাকটর ও কৃষিযন্ত্রাদি সরবরাহ করা হয়। বিদ্যুৎশক্তি গ্রামে গ্রামে সরবরাহ হইতেছে। শিল্পেও এই রাষ্ট্র যথেষ্ট উন্নত। কয়লা, ম্যাঙ্গানিজ, পারদ, লৌহ, লবণ প্রভৃতি এখানে পাওয়া যায়। জলবিদ্যুৎ প্রচুর উৎপন্ন হওয়ায় বহুবিধ শিল্পের কেন্দ্র হইয়াছে। সোবিয়েত ইউনিয়নের মোট কাঁচা লোহার ৬১·৬%, ইসপাতের ৪৭·৩% ও লৌহচুরের ৬৩·৩% এখানে উৎপন্ন হয়। ২য় মহাযুদ্ধের সময় জারমানরা শিল্পনগর ও কারখানাগুলির সর্বনাশ করে; যুদ্ধের পর এইগুলি দ্রুত পুনর্নির্মিত হইয়াছে।

অধিবাসীরা নানা ধর্মে বিশ্বাসী, খ্রীষ্টীয় চার্চের নানা শাখার সদস্য। ইউক. ভাষায় নূতন সাহিত্য সৃষ্টি হইতেছে। শিক্ষাব্যবস্থা খুবই উন্নত। ৩০ হাজার সর্বশ্রেণীর বিদ্যায়তন, ১৪৪টি উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান ও কিএফ, ওডেসা ও খারকফে বিশ্ববিদ্যালয় আছে। ১০০টি মেডিকেল প্রতিষ্ঠান ও বিদ্যায়তন এবং ৪৮০টি বিজ্ঞান-গবেষণার প্রতিষ্ঠান আছে। ইউক্রেইন বিজ্ঞান মন্দির (Academy of Sciences) ১৯২০ অব্দে স্থাপিত।

**ইউকাটান** (Yucatan) : উ. আমেরিকার উপদ্বীপ; মেক্‌সিকো রাজ্যের অংশ। সমগ্র উপদ্বীপ আয়তনে প্রায় ৫৫ হা ব মা। প্রাচীনময় সভ্যতার ধ্বংসা-বশেষ বহুস্থানে বিক্ষিপ্তভাবে দেখা যায়।

**ইউগান্‌ডা** ( Uganda ) : মধ্য আফ্রিকার ব্রিটিশ আশ্রিত দেশ। ১৮৯০ এখানে ব্রিটিশদের অভ্যুদয় হয় ; ইম্‌পিরিয়াল ব্রিঃ ঈস্ট আফ্রিকা কোম্পানি কিছু-কাল শাসনকার্য চালায়। অতঃপর এই অঞ্চল ( ১৮৯৪ ) ব্রিঃ প্রোটেকটোরেট হয়। উ—অ্যাংলো মিশরীয় সুদান ; পূ—কেনিয়া কলোনী। ইউগান্‌ডায় প্রবেশ করিতে হইলে কেনিয়ার মধ্য দিয়া আসিতে হয়। এ দেশের সমুদ্রতট নাই। প্রধান নদী নীল ; বহু হ্রদপূর্ণ মালভূমি। দক্ষিণাংশ বনময়। উর্বরাংশে তুলা, কফি, চা, ইক্ষু, তামাক উৎপন্ন হয়। ...আ. ৯৩,৯৮১ ব মা ( জল ভাগ ১৩,৬৮৯ ব মা সমেত )। জন. প্রায় ৫০ লক্ষ। ইহার মধ্যে বান্টু জাতীয় প্রায় ২৫ লক্ষ। ভারতীয় আছে প্রায় ৩৪ হা। শ্বেতাঙ্গ মাত্র ৩,৫০০। শিল্পোন্নতি করিবার জন্য ১৯৫২-এ Uganda Development Corporation, ৫০ লক্ষ পাউণ্ড মূলধন লইয়া গঠিত হইয়াছে।

এই দেশের বাণিজ্য চলে প্রধানত গ্রেট ব্রিটেন ও ভারতের সহিত। ভারতে প্রচুর পরিমাণে তুলা আমদানি হয়। কফি, তুলা-বীজ, চা, চামড়া, ছাল প্রভৃতি রপ্তানি সামগ্রী। ...শাসনকার্য ব্রিটিশ শাসকদের হাতে থাকিলেও উপজাতীয় সমাজবৃদ্ধদের উপর অনেকখানি দায়িত্ব আছে। ...ব্যবস্থাপক সভায় আফ্রিকান প্রতিনিধি আছেন। সরকারী আদালত ও বড় আদালতে দেশীয় বিচারের বিরুদ্ধে আপীল শুনানির ব্যবস্থা আছে। ...ইউগান্‌ডা প্রদেশের দেশীয় সর্দার বা 'কাবাকা'কে হিস্‌ হাইনেস বলা হয়। ...রাজধানী—এন্‌টেবে ( Entebbe ) ; প্রধান শহর—কম্‌পলা ( Kampala )।

**ইউট্রেখ্‌ট** ( Utrecht ) : নেদারলন্‌ডের শহর। মধ্য-যুগে বিশিষ্ট ব্যবসায়ের কেন্দ্র ; ১৩৩৬-এ বিশ্ববিদ্যালয় স্থাপিত। ...জন. ২.৪২ লক্ষ ( '৫৪ )।

—সন্ধি ( ১৭১৬, এপ্রিল ১১ )। ফ্রান্সের পক্ষ হইতে স্পেনীশ সিংহাসনের দাবী লইয়া যুদ্ধের ( War of Spanis succession ) অবসানে এই শহরে সন্ধি হয়। —স্থির হয় যে, ফরাসী রাজা ১৪শ লুই-এর পৌত্র স্পেনের রাজা হইবেন বটে, কিন্তু স্পেন ও ফ্রান্স একরাজ্য হইবে না। ...বেলজিয়াম ও ইতালির কিয়দংশ করিয়া অস্ট্রিয়া সম্রাটের ভাগে পড়িল। জিবরাল্টর, নিউফাউন্‌ড্‌লন্‌ড ও নোভো স্কোটিয়া ইংরেজরা লাভ করিল। স্পেনীশ আমেরিকায় বৎসরে মাল বোঝাই একটি জাহাজ পাঠাইবার অনুমতি ইংরেজ পাইল।

**ইউনাইটেড্‌ কিংডাম** ( United Kingdom of Great Britain and Ireland ) : ইংলন্‌ড, ওয়েল্‌স, স্কটলন্‌ড ও আয়ারলন্‌ড-এর যুক্তরাজ্যের নাম। ১৭০৭ ইংলন্‌ড ও স্কটলন্‌ডে এক পার্লামেন্ট হয় এবং ১৮০১-এ আয়ারলন্‌ড এই পার্লামেন্টের অন্তর্ভুক্ত হয়। ...১৯২২-এ. আইরিশ ফ্রী স্টেট গঠিত হইলে যুক্তরাজ্যের নাম হয় U. K. of G. B. and North Ireland.

**ইউনাইটেড্‌ স্টেটস্‌ অব্‌ আমেরিকা** (United States of America) : দ্র. মার্কিন যুক্তরাষ্ট্র।

**ইউনাইটেড্‌ প্রভিন্সেস অব্‌ আউধ এন্‌ড আগ্রা** (United Province of Oudh and Agra) : দ্র. যুক্ত প্রদেশ ; উত্তর প্রদেশ।

**ইউনিয়ন অব্‌ সাউথ আফ্রিকা** (Union of South Africa) : দ্র. দক্ষিণ আফ্রিকা।

**ইউনিয়ন অব্‌ সোবিয়েত সোসিয়ালিস্ট রিপাব-লিকস্‌** (USSR) : দ্র. সোবিয়েত দেশ।

**ইউনান** (Yunan) : চীন জনরাষ্ট্রের দক্ষিণ সীমান্তস্থিত প্রদেশ। আ. ১.৫৪ লক্ষ ব মা ; জন. ১.১০ কোটি। দেশ পার্বত্য, বহু হ্রদ পূর্ণ ; ইয়াঙৎসি, মেকঙ, সলউইন নদীর উৎপত্তিস্থল। বহুবিধ খনিজ সম্পদে সমৃদ্ধ দেশ। বর্মা, ফরাসী, ইন্দোচীন বা উত্তর ভিয়েৎ-নামের সহিত দীর্ঘকালের যোগ। রাজধানী—কুনমিঙ।

**ইউনিয়ন দ্বীপপুঞ্জ** (Union Islands) : প্রশান্ত মহাসাগরের তোকালো (Tokalau) দ্বীপের অপর নাম। নিউজীলন্‌ড কর্তৃক শাসিত। জন. ১৫৩৪।

**ইউফ্রাটিজ** (Euphrates) : পশ্চিম-দক্ষিণ এশিয়ার বৃহত্তম নদী ( ১৮০০ মা )। আনাতোলিয়ার পার্বত্য প্রদেশে উঠিয়া সীরিয়া ও ইরাকের মধ্য দিয়া প্রবাহিত। কুরনা নামক স্থানে তাইগ্রিস নদীর

সহিত মিলিত হইয়া শৎ-আল্-আরব নামে পারস্য উপসাগরে পড়িয়াছে। তুষার গলিয়া বান আসে। নদীর দুই তীরে প্রাচীন বাবিলনিয়া, অসীরিয়ার বহু নগরীর ধ্বংসস্তূপ দেখা যায়।

**ইউবিয়া** (Eubca) : ভূমধ্যসাগরের অন্তর্গত ঈজান উপসাগরের বৃহত্তম দ্বীপ। আ. ১৪৬০ ব মা। জন. ১'৫৪ লক্ষ। ১৮৩০-এ স্বাধীন গ্রীসের অন্তর্ভুক্ত হয়।

**ইউরাল** (Ural Mts) : সোবিয়েত রুশের মধ্যে উ.-দ.-এ বিস্তৃত পর্বত (১৬৫০ মা)। ইউরোপ ও এশিয়ার তথাকথিত সীমান্তে অবস্থিত ; গড় উচ্চতা ১২০০-১৫০০ ফুট, সর্বোচ্চ উচ্চতা ৫৫০০ ফুট। সেইজন্য সাইবেরিয়ায় যাওয়া-আসার বাধা সামান্য। মূল্যবান বন ও খনিজ (স্বর্ণ, প্লাটিনাম, তাম্র, লৌহ, লবণ) পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায় বলিয়া এই অঞ্চলে সোবিয়েতের বহু বৃহৎ শিল্পকেন্দ্র স্থাপিত হইয়াছে। …কয়লা এ অঞ্চলে কম ; কারখানাগুলির জন্য কয়লা আসে সাইবেরিয়ার দক্ষিণে কুজনেৎস্‌ক (Kuznetsk) অঞ্চল হইতে। কয়লা আনিয়া সেইসব মালগাড়ি লৌহচুর লইয়া যায় কুঃ এ বিরাট লৌহ ও ইস্পাত কারখানায়। ইউরালের পূর্বদিকে Sverd lovsk, Chelyabinsk এবং দক্ষিণে Magnitogorsk প্রভৃতি বিরাট শিল্প-নগরী হইয়াছে। সোবিয়েত রাষ্ট্রের প্রয়োজনীয় কলকব্জা, যন্ত্রপাতি, ট্রাকটর প্রভৃতি নির্মিত হইতেছে।

**ইউরাল নদী** (Ural river) : সোবিয়েত রুশের নদী (১৪০০ মা)। ইউরাল পর্বত হইতে উঠিয়া কাস্পিয়ান হ্রদে পড়িয়াছে। এই নদীর তীরে প্রচুর উৎকৃষ্ট লৌহচুর পাওয়া যায়। ম্যাগনিটো-গরস্ক (চুম্বকগড়) শহরের লৌহ কারখানা বিরাট। ইউরাল নদী বাঁধিয়া যে বড় জলাশয় হইয়াছে, তাহা হইতে কারখানাগুলিতে জল সরবরাহ করা হয়।

**ইউরেশিয়া** (Eurasia) : ইউরোপ ও এশিয়ার যুগ্ম নাম। প্রাকৃতিক ভূগোলের দিক হইতে ইউরোপের ও এশিয়ার উত্তরাংশের মধ্যে কোনো প্রভেদ নাই।

**ইউরোপ** (Europe) : পূর্ব গোলার্ধের মহাদেশ ও অস্ট্রেলিয়া ছাড়া পৃথিবীর ক্ষুদ্রতম মহাদেশ। কিন্তু জ্ঞানে বিজ্ঞানে পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ ; ইউরোপীয় ভাষাসমূহ পৃথিবীর সর্বত্র বিস্তার লাভ করিয়াছে ; ইহাদের সাহিত্য, শাসন-পদ্ধতি সকলের অনুকরণের বিষয়। মহাদেশের আ. ৩৭ লক্ষ ব মা, বর্তমান ভারতের তিন গুণের কিছু বেশি। জনসংখ্যা (সোবিয়েত বাদে) প্রায় ৩৯'৫০ কোটি। তটরেখা অতিশয় বক্র, প্রায় ২৬,০০০ মা। কোনো মহাদেশে এত দীর্ঘ তটরেখা নাই। মহাদেশের অধিকাংশই নাতিশীতোষ্ণ মণ্ডল অন্তর্গত। মরুভূমি নাই ; বৃষ্টি প্রচুর ও নদীগুলি বৎসরের অধিকাংশ সময়েই নাব্য।

**ইউরোপের ভাষা** : এই মহাদেশের অধিকাংশ ভাষাই আর্য-ভাষাজাত। আদিম আর্য-ভাষার দৃষ্টান্ত : (১) কেল্‌টিক ভাষাবর্গ—এই ভাষা প্রায় লুপ্ত তবে ওয়েল্‌স, মানদ্বীপ, স্কটলন্‌ডের পার্বত্যাংশে ও ফ্রান্‌সের ব্রিটানি প্রদেশে কিছু অবশিষ্ট আছে। আয়ারলন্‌ডে কেল্‌টিক বা গেইলিক ভাষা পুনরুদ্ধারের চেষ্টা চলিতেছে। (২) টিউটনিক ভাষাবর্গের মধ্যে পড়ে জারমান, ইংরেজি, ডাচ্‌ ও ফ্লেমিশ ; স্কন্দনেবিয়ান বা নরওয়েজিয়ান, ডেনিশ, সুইডিস ও আইলন্‌ডিক। (৩) স্লাভনিক ভাষাবর্গের অন্তর্গত রুশ, পোলিশ, লিথুনিয়ান, লেটস, ওএনড্‌স (Wends), চেক, যুগোস্লাবিয়ান বা সার্বিয়ান, বুলগেরিয়ান, ইউক্রেনিয়ান প্রভৃতি। (৪) রোমানিক বা লাতিন ভাষাজাত—ইতালীয়ান, ফরাসী, স্পেনীশ, পোর্তুগীজ, ওয়ালেশিয়ান, রুমানীয়ান, গ্রীক।

অন-আর্য ভাষা-বর্গ : হাংগেরির মাজিয়ার ভাষা, ফিন্‌ ভাষা, পীরিনিসের বাস্ক ভাষা, বলকানের তুর্কী-ভাষা।

**ইউরোপের দেশ** : প্রথম মহাযুদ্ধের পূর্বে (১৯১৪) এই দেশ ছিল : (১) গ্রেটব্রিটেন ও আয়ারলন্‌ড, (২) ফ্রান্‌স, (৩) জারমানি, (৪) হলন্‌ড, (৫) বেলজিয়াম, (৬) ডেনমার্ক, (৭) নরওয়ে, (৮) সুইডেন, (৯) লাক্‌সেমবুর্গ, (১০) রুশিয়া, (১১) রুমেনিয়া, (১২) বুলগেরিয়া, (১৩) সার্বিয়া, (১৪) মন্টিনিগ্রো, (১৫) অস্‌ট্রিয়া-হাংগেরি, (১৬) তুর্কী সাম্রাজ্য, (১৭) গ্রীস, (১৮) ইতালি, (১৯) স্পেন, (২০) পোর্তুগল, (২১) সুইট্‌জারলন্‌ড।

দ্বিতীয় মহাযুদ্ধের পূর্বে ১৯৩৯-এ : (ক) রাজতন্ত্র

শাসন—( ১ ) আলবেনিয়া, ( ২ ) বেলজিয়াম, ( ৩ ) বুলগেরিয়া, ( ৪ ) ডেনমার্ক, ( ৫ ) গ্রেট ব্রিটেন, ( ৬ ) হাংগেরি, ( ৭ ) আইস্‌লন্‌ড, ( ৮ ) ইতালি, ( ৯ ) হলন্‌ড, ( ১০ ) নরওয়ে, ( ১১ ) সুইডেন, ( ১২ ) রুমানিয়া, ( ১৩ ) যুগোস্লাভিয়া, ( ১৪ ) লাক্‌সেমবুর্গ, ( ১৫ ) লিখেনস্টাইন ; (খ) প্রজাতন্ত্র শাসন— ( ১৬ ) সুইট্‌জারলন্‌ড, ( ১৭ ) জারমানি, ( ১৮ ) অস্‌ট্রিয়া, ( ১৯ ) চেকোস্লোভাকিয়া, ( ২০ ) ফিন্‌লন্‌ড, ( ২১ ) স্‌থেনিয়া, ( ২২ ) লাটাভিয়া, ( ২৩ ) লিথুনিয়া, ( ২৪ ) পোলন্‌ড, ( ২৫ ) সোবিয়েত রুশ, ( ২৬ ) স্পেন, (২৭) পোর্তুগল, ( ২৮ ) তুর্কী, ( ২৯ ) আইরিশ ফ্রী স্টেট, ( ৩০ ) ডানৎসিগ, ( ৩১ ) ভাটিকান, ( ৩২ ) ফ্রান্‌স, ( ৩৩ ) সান মারিনো, ( ৩৪) আন্‌ডোরা, ( ৩৫ ) গ্রীস।

দ্বিতীয় মহাযুদ্ধের পর ১৯৪৬-এ : উপরের তালিকার মধ্যে জারমানির ২টি ভাগ পূর্ব ( সোভিয়েত ) ও পশ্চিম। লাটভিয়া, এস্‌থোনিয়া, লিথুনিয়া সোবিয়েত রুশের অন্তর্গত।...

ইউরোপের রাষ্ট্রগুলি NATO ( নর্থ-আট্‌লান্টিক-ট্রিটি অরগানিজেশন ) ও সোবিয়েত পক্ষের মধ্যে প্রায় বিভক্ত হইয়া গিয়াছে। ইউরোপের NATO অন্তর্গত দেশ—বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্‌স, আইস্‌লন্‌ড, ইতালি, লাক্‌সেমবুর্গ, নেদারলন্‌ডস, নরওয়ে, পোর্তুগল, গ্রেট ব্রিটেন ( ১৯৪৯, এপ্রিল ৪ ), গ্রীস, তুর্কী ( ১৯৫২ ), স্পেন।

**ইওনিআ** ( Ionia ): গ্রীক বা হেলেনীয়দের য়োন (Ion) নামে এক উপজাতি পশ্চিম এশিয়া বা তুর্কীর পশ্চিমে সমুদ্রতীরে বাস করিত; তাহারা যে দেশে বাস করিত, তাহা য়োনিআ বা ইওনিয়া নামে গ্রীক ইতিহাসে খ্যাত। ভারতে Ion শব্দ 'যবন' ও ইওনিয়ান (Ionian) শব্দ যুনানি হইয়াছে।

**ইংরেজ বাজার** (English Bazar): মালদহ জেলার থানা। আ. ১৮ ব মা। জন. ১৭,৮৭২ ; ঘনতা ৯৫৪। —শহর; মহানন্দার তীরে; অপর পারে মালদহ স্টেশন, বর্তমানে ইংরেজ বাজারকেই মালদহ বলে। ইংরেজ বাজারের জন. ৩০,৬৬৩। বহরমপুর হইতে ফরাক্কার পথে ৬৫ মা

বর্তমানে রাজমহলে গঙ্গা পার হইয়া মানিকচক হইতে মোটর বাসে ইং. বা. বা মালদহে যাইতে হয় ( দ্র. মালদহ )। ঈ. ই. কোম্পানির লোকে এখানে ১৭৭০-এ কুঠি নির্মাণ করে; তার পূর্ব হইতেই রেশমের বড় আড়ং ছিল।

**ইংলন্‌ড** ( Kingdom of England ) : পশ্চিম ইউরোপের দ্বীপ। উত্তরে স্কটলন্‌ড, দক্ষিণে ইংলিশ চ্যানেল, পূর্বে উত্তর সাগর, পশ্চিমে ওয়েল্‌স ও অতলান্তিক মহাসাগর। ইহা গ্রেট বিটেনের দক্ষিণভাগ। উত্তর-দক্ষিণে ৪৩০ মা লম্বা, পূ-পশ্চিমে ৩৬০ মা প্রস্থ। উপকূল ১৬০০ মা। দেশ নদী-বহুল। মোহনাগুলি বিস্তৃত, বন্দরের অনুকূল। লন্‌ডন, লিভারপুল, ব্রিস্টল, হাল, নিউকাস্‌ল, সাদামটন, প্লিমাউথ প্রধান বন্দর। দেশে কয়লা, লোহা, সীসা, জিপসাম, ফায়ার-ক্লে, খড়ি, লবণ প্রভৃতি পাওয়া যায়। শিল্প কেন্দ্রগুলি উত্তরে। আ. ৫০,৩৩৭ বমা ; জন. ৪,১১,৪৭,৯৩৮ ('৫১)। রাজধানী—লন্‌ডন। লন্‌ডন পৃথিবীর বৃহত্তম নগর ; জন. ৮৩,৪৬,০০০ ('৫১)।

**ইংলন্‌ড—ওয়েল্‌সের জনসংখ্যা :—**

১৮০১-এ ছিল ৮৮,৯২,৫৩৬ ( ঘনতা ১৫২ ), ১৮৫১-এ ১,৭৯,২৭,৬০৯ ( ঘ. ৩০৭ ), ১৯০১-এ ৩,২৫,২৭,৮৪৪ (ঘ. ৫৫৮), ১৯৫১-এ ৪,৩৭,৪৪,৯২৪ ( ঘ. ৭৫০ )

**ইংলন্‌ডের বিশ্ববিদ্যালয় :—**

১২ বিশ্ববিদ্যালয়—অক্সফোর্ড ও কেমব্রিজ মধ্যযুগে প্রতিষ্ঠিত; অপর ১০টির মধ্যে ৪টি ১৯ শতকে ও ৬টি ২০ শতকে স্থাপিত। ডারহাম ( ১৮৩১ ); লন্‌ডন ( ১৮৩৬ ); মানচেস্টার (১৮৮০); বার্মিংহাম (১৯০০); লিভারপুল ( ১৯০৩ ); লীড্‌স ( ১৯০৪ ); শেফীল্‌ড ( ১৯০৮ ); ব্রিস্টল ( ১৯০৯ ); রীডিং ( ১৯২৬ ); নটিংহাম ( ১৯৪৮ )।

**ইংলন্‌ড হইতে বিমান পথে দূরত্ব** ( মাইল ) :—

| | |
|---|---|
| নিউইয়র্ক—৩০০০ মাইল | কেপটাউন—৭৯০৪ মাইল |
| মসকৌ—১৬০০ " | সিঙাপুর—৮৩৯৩ " |
| করাচি—৪১৪০ " | ডারবিন—১০৭২৬ " |
| কলিকাতা—৬৩৮৬ " | কাইরো—২৪২০ " |

রেঙ্গুন—৭০৪১ মাইল।

**ইংলন্ডের ইতিহাস :** রোমানদের ব্রিটেন জয়ের পূর্ব পর্যন্ত অধিবাসীরা বর্বর ছিল। প্রায় চারি শত বৎসর রোমানদের সংস্পর্শে আসিয়া ইহারা সভ্য হয়, কিন্তু নির্বীর্য হইয়া পড়ে। রোমানরা দেশ ত্যাগ করিলে (খ্রী. ৪১০) উত্তর হইতে পিক্‌ট্‌স, স্কট ও সাগর পার হইতে জারমান জাতীয় আংগেল্‌স, স্যাকসন্‌ ও জুটরা দলে দলে আসিয়া উপনিবেশ স্থাপন করিতে সুরু করিলে অধিবাসীরা প্রতিরোধ করিতে পারে নাই। এই আংগেল্‌স ও সাকসনরা ৮৭১-১০১৬ পর্যন্ত রাজত্ব করে। আংলো-সাকসন্‌ ভাষা ও সাহিত্যের সূত্রপাত এই সময় হইতে। ডেনদের রাজা কান্যুটের (১০১৭-৩৫) সময় সমগ্র দেশ একরাট শাসনে আসে। কিন্তু স্যাকসন্‌ রাজা এডোআর্ড-(১০৪২-৬৬)-এর সময় ফরাসী দেশের সামন্ত নরপতি নরমান্‌ডির ডিউক উইলিয়াম ইংলন্‌ড আক্রমণ করিয়া দখল করেন (১০৬৬)। এই সময় সামন্তপ্রথা ইংলন্‌ডে প্রবর্তিত হয় (১০৭০)। নরমান রাজারা ১০৬৬ হইতে ১১৫৪ পর্যন্ত রাজত্ব করেন। এই সময় হইতে ইংরেজি ভাষার মধ্যে ফরাসী ভাষা প্রবেশ করিতে সুরু করে। ইহার পর প্লানটেজেনেট বংশের রাজাদের সময় (১১৫৪-১৩৯৯) ফরাসীদের সঙ্গে একশত বৎসর ধরিয়া যুদ্ধ চলে। বিবাহাদি সূত্রে ইংলন্‌ডের রাজা ৩য় এডোআর্ড ফ্রান্‌স দেশ দাবী করেন (১৩৪৬)। কিন্তু ফরাসীরা তাহা মানিল না। দাবীও টিকিল না। এই সময়ে ইংরেজি সাহিত্যের লেখকদের আবির্ভাব হয়। ৩য় এডোআর্ডের সময় (১৩২৭-৭৭) ইংরেজ কবি চসার (মৃত্যু ১৪০০) তাঁহার বিখ্যাত কাব্য-কাহিনী লেখেন। অতঃপর ল্যাংকেস্‌টার ও ইঅর্ক পরিবারের রাজারা রাজত্ব করেন; তাঁহাদের ঘরোয়া যুদ্ধের ফলে ইংলন্‌ডের বহু বুনিয়াদি ঘর ধ্বংস পায়। এই গৃহযুদ্ধের অবসানের সঙ্গে জমিদারদের মেরুদণ্ড ভাঙিয়া গেল। শেষ যুদ্ধে (১৪৮৫) যিনি বিজয়ী হইয়া রাজা হইলেন তিনি ইতিহাসে ট্যুডর বংশীয় ৭ম হেনরি। ইংলন্‌ডের উন্নতির সূচনা ইহার সময় (১৪৮৫-১৫০৯) হইতে। এই সময়ে ইউরোপে পোপের বিরুদ্ধে লুথার (১৪৮৩-১৫৪৬) প্রমুখ সংস্কারকগণ আন্দোলন করিতেছিলেন, তাহার তরঙ্গ ইংলন্‌ডে আসিয়া পৌঁছায়। রাজা ৮ম হেনরি (১৫০৯-৪৭) নিজ স্বার্থসিদ্ধির জন্য পোপের আধিপত্য অস্বীকার করেন। সাধু-সন্ন্যাসীদের মঠগুলিকে বাজেয়াপ্ত করিয়া একদিকে যেমন বহু ধনদৌলত তাঁহার লাভ হইল, তেমনি মধ্যযুগীয় এই পাদরি-সন্ন্যাসী যুগের ক্ষমতা লুপ্ত হইল (১৫৩৪)। এই সময় হইতে প্রোটেস্‌টান্টরা প্রবল হইতে থাকে। তাই বলিয়া পোপপন্থীরাও নিতান্ত দুর্বল হইয়া পড়ে নাই। এলিজাবেথের সময় (১৫৫৮-১৬০৩) ইংলন্‌ডের গৌরবময় যুগ। স্পেনের রাজা ২য় ফিলিপের বিশাল নৌবাহিনী (আর্মাডা) ইংলন্‌ড আক্রমণ করিলে তাহা সম্পূর্ণভাবে ধ্বংস হয় (১৫৮৮)। ফলে অতলান্তিক মহাসাগরে স্পেনের একচেটিয়া বাণিজ্য ও প্রভুত্বশক্তির অবসান ঘটিল। ইংরেজরা আমেরিকায় উপনিবেশাদি অনেকটা নির্বিঘ্নে স্থাপন করিতে সমর্থ হইল। এলিজাবেথযুগ সাহিত্যেরও স্বর্ণময় যুগ। শেকস্‌পীয়র (১৫৬৪-১৬১৬) এই যুগের শ্রেষ্ঠ কবি ও নাট্যকার। এলিজাবেথ কুমারী রানী ছিলেন; তাঁহার মৃত্যুর পর সিংহাসন বর্তাইল স্কটলন্‌ডের রাজবংশের উপর। ইতিপূর্বে দীর্ঘকাল স্কট ও ইংরেজের দ্বন্দ্ব চলিয়াছিল। এতদিন পরে স্কট-রাজ ৬ষ্ঠ জেম্‌স ইংলন্‌ডের ১ম জেম্‌স রূপে রাজত্ব করিতে আসিলেন (১৬০৪)। কিন্তু এই স্টুআর্ট পরিবারের লোকেরা অত্যন্ত একগুঁয়ে, ক্ষমতাপ্রিয় বলিয়া অচিরেই পার্লামেন্টের সঙ্গে তাঁহাদের বিরোধ বাধিল। ১ম জেম্‌স কোনো রকমে কাটাইয়া ছিলেন। ইহার সময়ের উল্লেখযোগ্য ঘটনা হইতেছে একদল পণ্ডিত বাইবেল ইংরেজিতে তর্জমা করেন (১৬১১); তাহা এখনো চলিতেছে। জেম্‌সপুত্র ১ম চার্লস পার্লামেন্টের সহিত এমনই দুর্ব্যবহার সুরু করিলেন যে শেষকালে লোকে বিদ্রোহী হইয়া তাঁহার শিরশ্ছেদ করে (১৬৪৯)। শিল্প-ব্যবসায় ও বাণিজ্যের উন্নতি হওয়ায় মধ্যবিত্ত শ্রেণী তখন সমাজে প্রবল হইয়াছে। জমিদারের যুগের অবসান হইয়া গিয়াছে। এই নূতন মধ্যবিত্তরা গোঁড়া খ্রীষ্টান, পোপের আধিপত্য মানে না, ধর্মে রাজার শাসনও সহ্য করে

না। ইহারা তখন পার্লামেন্টে সংখ্যা গরিষ্ঠ। এই দলের নেতা অলিভার ক্রমওএল (জ. ১৫৯৯—মৃ. ১৬৫৮) লর্ড প্রোটেকটর রূপে দশ বৎসর ব্রিটিশ দ্বীপপুঞ্জের শাসন পরিচালনা করেন; তাঁহার সময়ে ক্যাথলিক আইরিশদের উপর অকথ্য অত্যাচার হয়। কিন্তু তাঁহার মৃত্যুর পর যে অরাজকতা দেখা দিল, তাহাতে লোকে উত্যক্ত হইয়া চার্লসের পুত্রকে আহ্বান করিয়া আনিল (১৬৬০)। কিন্তু স্টুআর্টদের রক্তের মধ্যে ছিল স্বেচ্ছাচার। চার্লসের ভ্রাতা ২য় জেম্‌স (১৬৮৫-৮৮) রাজা হইয়া যেসব কাণ্ড করিতে লাগিলেন, লোকে আর তাঁহাকে বরদাস্ত করিতে পারিল না; তাঁহাকে তাড়াইয়া তাঁহার কন্যা ও তাঁহার স্বামী ওলন্দাজ উইলিয়ামকে আহ্বান করিয়া আনিল (১৬৮৮)। নূতন রানীর (Anne) সময় (১৭০২-১৪) স্কটলন্‌ড ও ইংলন্‌ডে এক শাসনব্যবস্থা হইল (১৭০৭)। নিঃসন্তান আনির মৃত্যুর পর রাজবংশের ওয়ারিশ কেহ না থাকায় রাজসিংহাসনে আসিলেন দূরসম্পর্কীয় জারমান কুমার ১ম জর্জ (১৭১৪)। জর্জ ইংরেজি জানিতেন না, ফলে সমস্ত রাজকর্ম গিয়া বর্তাইল প্রধান মন্ত্রীর উপর। ওয়ালপোল (১৭১৫) হইতে প্রধান মন্ত্রী ও মন্ত্রিপরিষদের শাসন ক্ষমতার সূত্রপাত। ১৮ শতকে ইংরেজ ঔপনিবেশিকরা উত্তর আমেরিকায় ও ইংরেজ বণিকরা ভারতে কায়েম হয়। কিন্তু ৩য় জর্জের (১৭৬০-১৮২০) দূরদৃষ্টির অভাবে আমেরিকার ১৩টি কলোনি ব্রিটিশদের তাঁবে থাকিতে অনিচ্ছুক হইয়া বিদ্রোহী হয় (১৭৭৫-৮৩) ও বিচ্ছিন্ন হইয়া যুক্তরাষ্ট্র গড়িল; তাহা আজিকার শক্তিশালী মার্কিন যুক্তরাষ্ট্র, বর্তমানে ইংরেজের পরম বন্ধু ও সহায়। ইংরেজ আমেরিকা হারাইল, কিন্তু পাইল ভারতবর্ষ। ইহার পর কয়েক বৎসর খুবই উদ্বেগের মধ্যে কাটে। ফরাসি বিপ্লব (১৭৮৯) ও নেপোলিয়নের দৌরাত্ম্য পর্ব সুরু হয়। নেপোলিয়নের সঙ্গে যুদ্ধে ইংরেজকে জড়াইয়া পড়িতে হয় ও শেষ পর্যন্ত ইংরেজ সেনাপতি ওএলিংটনই নেপোলিয়নকে যুদ্ধে পরাজিত করিয়া তাঁহাকে এক দ্বীপে বন্দী করিয়া রাখেন (১৮১৫)। এই নেপোলনীয় যুদ্ধের পূর্বেই ইংলন্‌ডে শিল্পবিপ্লব (১৮ শতক) দেখা দেয়। বহুপ্রকার যন্ত্রপাতি আবিষ্কৃত হওয়ায় প্রচুর শিল্পজাত সামগ্রী সস্তায় প্রস্তুত হইতে থাকে। দেশে আর্থিক যুগান্তর আসে। ভারত অধিকারের ফলে তাহার শিল্পজাত দ্রব্যের বাজার সহজেই পাওয়া গেল।

১৯ শতককে ভকটোরিয়ান যুগ বলা হয়। মহারানী ভিকটোরিয়া বহু বৎসর (১৮৩৭-১৯০১) রাজত্ব করেন। ইহার সময়ে ক্রিমিয়ান যুদ্ধ (১৮৫৩-৫৬), ভারতের স্বাধীনতা সমর (১৮৫৭) উল্লেখযোগ্য। তাঁহার রাজত্বের শেষ ভাগে দক্ষিণ আফ্রিকার বুঅরদের সহিত যে যুদ্ধ হয় তাহা ব্রিটিশ স্বার্থপরতার চূড়ান্ত দৃষ্টান্ত। কিন্তু ইংরেজ বুদ্ধিমান জাতি; অল্পকালের মধ্যে আফ্রিকার ঔপনিবেশিকদিগকে স্বরাজ দিয়া, বুঅরদের তাহাদের সহিত মিলাইয়া দিয়া সেখানে একটি শক্তিশালী রাষ্ট্রশক্তি গড়িয়া তুলিল। ৭ম এডোআর্ডের সময় (১৯০১—১০) আপাতদৃষ্টিতে শান্তিপূর্ণ; কিন্তু ইঁহারই সময়ে ভারতে জাতীয় আন্দোলনের সূত্রপাত হয় (১৯০৫)। এডোআর্ডের তিরোধানের চারি বৎসরের মধ্যে ১ম মহাযুদ্ধ (১৯১৪-১৮) বাধিল জারমানের সঙ্গে। যুদ্ধে বহু লোক ও ধন ক্ষয় হইলেও মিত্রপক্ষ বিজয়ী হয়। কিন্তু যুদ্ধান্তে বেকার-সমস্যা, শ্রমিক-সমস্যা শাসকদিগের পক্ষে খুবই উদ্বেগে কারণ হয়। শ্রমিক দল (Labour Party) শাসনভার পাইল (১৯২৪)। কিন্তু প্রতিরোধীদের উপদ্রবে অবশেষে শাসন শক্তি রক্ষা করা সম্ভব হইল না। ১৯২৯-এ আর একবার লেবার মন্ত্রী শাসনভার পাইল; কিন্তু বিশ্বব্যাপী বাজার মন্দায় শাসন-কার্য অচল হইয়া উঠিল (১৯৩১)। তখন বাধ্য হইয়া শ্রমিক দলের প্রধান মন্ত্রী ম্যাকডোনাল্‌ড মিলিত মন্ত্রিপরিষদ গঠন করেন। ইতিমধ্যে মধ্যইউরোপে হিটলার প্রবল হইয়া উঠিয়াছেন। প্রধান মন্ত্রী চেম্বারলেন তোষণনীতি দ্বারা ভাবিলেন হিটলার খুশী হইবে (১৯৩৪); কিন্তু তাহা হইল না। দ্বিতীয় মহাযুদ্ধ আরম্ভ হইল (১৯৩৯। এই যুদ্ধে ইংলন্‌ড খুবই কষ্ট পায়। বহু লক্ষ লোক নানাভাবে হতাহত হয়। আকাশযান হইতে নিক্ষিপ্ত বোমা হইতে বহু স্থান চূর্ণিত হয়। অবশেষে চার্চিল প্রধান মন্ত্রী হইয়া আসিলে (১৯৪০) যুদ্ধের গতি

ফিরিয়া গেল। জারমান ও তাহার মিত্ররা পরাভব মানিল ( ১৯৪৫ )। জারমানের উপর যে চারি জাতি খবরদারি করিতে পায়, ব্রিটিশ তাহার অন্যতম। এই যুদ্ধ শেষের দুই বৎসরের মধ্যে শ্রমিক প্রধান মন্ত্রী এটলি ( ১৯৪৫—৫১ ) বর্মা ও ভারতকে স্বাধীনতা দিয়া দিলেন ( ৪৭ ); তবে ভারতকে দ্বিখণ্ডিত করিয়া পাকিস্তান সৃষ্টি করিয়া গেলেন। বর্তমান পার্লামেণ্টে পুনরায় রক্ষনশীল দল জয় লাভ করিয়াছে ( '৫১ )। ১৯৫৫-এর নির্বাচনে তাহারা আবার জয়ী হইয়াছে। এখন প্রধান মন্ত্রী আন্থনি ইডেন; চার্চিল কিছুকাল পূর্বে অবসর গ্রহণ করিয়াছেন। ( দ্র. কমনওয়েল্থ )

**ইংলিশ চানেল** ( English Channel ) : ইংলন্ড ও ফ্রান্সের মধ্যস্থিত সমুদ্র; অতলান্তিক মহাসাগরের অংশ। ডোভার বন্দর হইতে ফ্রান্সের ক্যালে (Calais) ২১ মা। ১৯০৯ জুলাই-এ ফরাসী বৈমানিক ব্লেরোয়া (Blcroit) এরোপ্লেনে প্রথম সাগর পার হইয়া 'ডেলি-মেল' পত্রিকা প্রদত্ত সহস্র পাউণ্ড পুরস্কার লাভ করেন।

ইং. চ্যা. সাঁতরাইয়া পার হইবার প্রথম চেষ্টা হয় ১৮৭৫-এ। ২৪-২৫ অগস্ট ক্যাথারেন ম্যাথু ওয়েব ( Webb ) প্রথম পার হন। ১৯১১, সেপ. ৫।৬ উ. ট. বার্জেস (Burgess) ষোল বারের বার অতিক্রম করেন। ১৯৫০, ২২ অগস্ট মিশরীয় সৈন্য বিভাগের হাসান আবদল রহিম ১৯ মা. সাগর ১০ ঘ. ৫০ মি.-এ পার হন। মেয়ে সাতারু আমেরিকান ফ্লো. চ্যাডবিক (Chadwick) ১৩ ঘ. ২০ মি.-এ পার হন।

**ইকড়া** (Ikrah) : আসানসোল মহ.র কয়লা অঞ্চলের গ্রাম। অন্ডাল জং (১১৮ মা) হইতে উ-প গৌরাঙ্গডি লাইনের জং (১২৮); এখান হইতে লাইন সীতারাম-পুরে (১৩৭) গিয়া মিশিয়াছে।

**ইকোয়াটোরিয়াল আফ্রিকা, ফরাসী** (Equatorial Africa, French) : আফ্রিকার অতলান্তিক মহা-সাগরের তীরে কামারুন্স ও বেলজিয়ান কংগো দেশের মধ্যে অবস্থিত ফরাসী কলোনি। ১৯৪৬-এর নূতন ব্যবস্থা মতে গবর্নর-জেনারেলের পদ সৃষ্ট হইয়াছে; তাঁহার রাজধানী ব্রাজাভিল (Brazzaville)। ৪টি প্রদেশ এই রাজ্যের অন্তর্গত—গাবুন ( লিব্রেভিল Libreville ), মধ্য-কংগো ( পোঁয়াতে-নোয়ার Pointe-Noire ), উবংগি-শরী ( বাঙগুই ), চাড্ ( ফোর্টলামি )। প্রত্যেক প্রদেশ একজন গবর্নরের শাসনাধীন।... ফ্রান্সের ন্যাশনাল অ্যাসেমব্লিতে এখান হইতে ৭ জন সদস্য, কাউন্সিল অব্ রিপাব্লিকে ৮ জন, ফ্রেঞ্চ ইউনিয়নের সভায় ৭ জন সদস্য প্রতিনিধি যান।... আ. ৯.৭৮ লক্ষ ব মা। জন. ৪৪'১৩ লক্ষ ( '৫২ )। বর্গ মাইলে গড়ে ২ জনের কম লোকের বাস।

**ইগাতপুরী** ( Igatpuri ) : বোম্বাই রাজ্য; নাসিক জেলার তালুক। শহর ও সৈন্য ছাউনী। বোম্বাই হইতে ৮৫ মা। এখান হইতে বোম্বাই পর্যন্ত বৈদ্যুতিক শক্তি বলে ট্রেন চলে। জন. ৮১৭৩।

**ইঙ্গ মিশরীয় সুদান** (Anglo Egyptian Sudan) : দ্র. সুদান।

**ইচলকরনজি** ( Ichalkaranji ) : বোম্বাই; কোলহাপুর জে. শহর; জন. ২৭,৪২৩। কোল. হইতে ১৭ মা পূর্বে। এখানকার তাঁতের শাড়ি বিখ্যাত। ব্যবসায়ের কেন্দ্র। ব্যাংক—সাংলি, নিউ সিটিজেন; স্থানিক ও জেলার সমবায় ব্যাংক।

**ইছাপুর** (Ichhapur) : ২৪ পরগণা জেলার বারাকপুর মহ.র নোয়াপাড়া থানার শহর। কলিকাতার শিয়ালদহ স্টেশন হইতে ১৭ মা উত্তরে। সরকারী অর্ডনান্স বা অস্ত্র নির্মাণ কারখানা ১৯০৫-এ স্থাপিত। পর বৎসর এখানে প্রথম রাইফেল তৈয়ারি হয়। মহাযুদ্ধের সময় এবং ভারত স্বাধীন হইবার পর এই কারখানার খুব উন্নতি হইয়াছে। এই স্থানকে Ichhapur Defence State বলা হয়। ...জন. ১৪,৬০০ [ উদ্বাস্তু ৪,৮৫৮ ]। এই শিল্পনগরে হাজার করা পুরুষে ৫৭৮ নারী মাত্র। —ইছাপুর-নবাবগঞ্জ এলাকার জন. ২৩,১৬৪।

**ইছাপুরম** (Ichhapuram) : অন্ধ্ররাজ্য; শ্রীকাকুলম নূতন জেলার শহর, ওড়িশা সীমান্তের নিকট। কলিকাতা হইতে ৩৯০ মা, বহরমপুর হইতে ১৫ মা; জন. ১১,৩৭৯। অন্ধ্র ব্যাংক।

**ইছামতী** ( Ichhamati ) : (১) নদীয়া জেলার কিষণ-

গঞ্জের দক্ষিণে মাথাভাঙ্গা নদী হইতে ভাঙিয়া বাহির হইয়াছে ; বনগাঁ মহকুমা, ২৪ পরগণা ও খুলনা জেলা হইয়া রায়মঙ্গল খাড়ি দিয়া সমুদ্রে পড়িয়াছে। ইহার উত্তরাংশ অনেক মজিয়া গিয়াছে। (২) ঢাকা জেলায় যমুনা হইতে বাহির হইয়া ঘুরিয়া ধলেশ্বরীতে পড়িতেছে।

**ইজিপ্‌ট** ( Egypt ) : দ্র. মিশর.

**ইজিয়ান** ( Aegean ) : ভূমধ্যসাগরের অন্তর্গত গ্রীস ও এশিয়া মাইনরের মধ্যের সাগরাংশকে ইজিয়ান সাগর বলা হয়। ইজিনা নামে দ্বীপ আছে।

প্রাচীন গ্রীসের প্রাগৈতিহাসিক যুগের সভ্যতাকে ই. সভ্যতা বলা হয়। প্রাক্‌-হেলেনিক ক্রীট (Crete) দ্বীপবাসীদের ইতিহাসকে কেন্দ্র করিয়া এই সভ্যতা গড়িয়া উঠিয়াছিল। দ্র. ক্রীট।

**ইটওয়ারি** ( Itwari ) : মধ্যপ্রদেশ ; নাগপুরের তিন মা পূর্বের জংশন স্টেশন। কলিকাতা হইতে ৭০১ মা। এখান হইতে মিটার রেলপথ একদিকে ( উত্তরে) নৈনপুর জং ( ১৮০ মা ) ও দক্ষিণে নাগবীর ( ৬৭ মা ) হইয়া গোনডিয়া ( ৮২ মা ) গিয়াছে।

**ইটন** ( Eton ) : ইংলন্ডের বাকিংহামশায়ারের শহর ; লন্ডন হইতে ২২ মা দূরে টেম্‌স নদীতীরে। জন. ৩২৫০। এখানকার পাবলিক স্কুল ১৪৪০ অব্দে প্রতিষ্ঠিত। বিখ্যাত ইংরেজি গ্রন্থ টম্‌ ব্রাউন্‌স স্কুল ডেজ এই স্কুলের চিত্র। বইখানি বাংলায় অনূদিত হইয়াছে।

**ইটনা** ( Itna ) : ময়মনসিংহ জে.র কিশোরগঞ্জ মহ.র থানা। আ. ১৪৭ ব মা। গ্রাম, ডাকঘর। বোলাই নদীতীরে।

**ইট্রুরিয়া** (Etruria) : প্রাচীন ইতালির ইট্রুস্কান্‌দের দেশ, বর্তমানের অপভ্রংশ রূপ টাস্‌কানি, ইতালির অন্যতম প্রদেশ। রোমান বা লাতিন সভ্যতার উদ্‌ভবের পূর্বে ইতালিতে ইট্রুস্কাগণ নামে সুসভ্য জাতি বাস করিত। রোমান্‌ সংস্কৃতির বহু জিনিস ইহাদের নিকট হইতে প্রাপ্ত। ভাস্কর্যশোভিত কবরসৌধ ও চিত্রিত মৃৎভাণ্ড হইতে উহাদের সৌন্দর্যপ্রিয়তার আভাস পাওয়া যায়। রোমান অভ্যুদয়ের পূর্বে পশ্চিম ইতালিতে ইহাদের বহু রাষ্ট্রনগরী ছিল। ...বহু লেখ আবিষ্কৃত হইয়াছে, সেগুলি রোমান লিপিতে লিখিত, কিন্তু তাহার ভাষা অজ্ঞাত বলিয়া লিপিগুলি অবোধ্য।

**ইটাওয়া** ( Etawah ) : উত্তর প্রদেশ ; ইলাহাবাদ বিভাগের জেলা ; পূ—কানপুর, প—মধ্যভারত ইউনিয়ন। আ. ১৬৮৯ ব মা। জন. ৯.৭০ লক্ষ। ৪ তালুক : ইটাওয়া, ভরথানা, বিধুনা, আউরিয়া। ...সদর শহরের জন. ৬০ হা। ...কলিকাতা—কালকা রেলপথের স্টে. ( ৭১৮ মা )। বহুবিধ শস্য, তৈলবীজ, ঘৃতাদির বাজার। ব্যাংক : ইলাহাবাদ, সেন্‌ট্রাল, স্টেট, প. ন্যাশনাল, সমবায়।

**ইটারসি** ( Itarsi ) : মধ্যপ্রদেশ ; হোসাঙ্গাবাদ জেলার শহর। ইলাহাবাদ-ভুসওয়াল রেলপথের স্টেশন ( ৩৬৭ মা )। দিল্লী-মদ্রাজ রেলপথ ভোপাল-ইটারসি-নাগপুর হইয়া গিয়াছে। দিল্লী এখান হইতে ৪৯৩ মা। ব্যাংক : স্টেট, প.-ন্যাশনাল, সমবায়। জন. ২৪,৮০০। সেগুন, শাল ও খয়ের গাছের গভীর অরণ্য।

**ইটাহার** ( Itahar ) : প. দিনাজপুর জে.র রায়গঞ্জ মহ.র থানা। আ. ১৬৫ ব মা। জন ৮১ হা। ঘনতা ৫৪৭। ...রায়গঞ্জ হইতে মালদহ আসিতে বড় রাস্তার উপর ইটাহার গ্রাম। ডাকঘর।

**ইডাপডি** ( Idappadi ) : মদ্রাজ রাজ্য ; সালেম জে.র শহর। জন. ২৩,৪৪০। ব্যাংক : স্টেট, শ্রীঅঙ্গল পরমেশ্বরী।

**ইতমাদপুর** ( Etmadpur, Etimadpur, Atamadpur ) : উত্তর প্রদেশ ; আগরা জে.র শহর ; টুন্‌ডলা হইতে ২ মা দূরে আগরা-টুন্‌ডলা রেলপথের স্টেশন। জন ৬,১০০। সেন্‌ট্রাল ব্যাংক।

**ইতালী** (Repubblica Italiana) : দক্ষিণ ইউরোপের রাষ্ট্র। উত্তরে অস্‌ট্রিয়া, সুইট্জারলন্ড, অন্য তিন দিকে ভূমধ্যসাগর। আ. ১,৩১,০০০ ব মা ; জন. ৪,৭১,৪০,০৫২ ( '৫১ )। ইতালীর উত্তরভাগে আল্‌পস পর্বতমালা, মধভাগে আপেনাইন পর্বত। ইতালীর মূল উপদ্বীপ ছাড়া সিসিলি, সার্দিনিয়া, এল্‌বা এবং আরও প্রায় ৭০টি দ্বীপ রাষ্ট্রের অন্তর্গত। আড্রিয়াতিক তীরস্থ ত্রিএস্ত (Trieste) ও ফিউম অঞ্চল অস্‌ট্রিয়ার নিকট হইতে ১ম মহাযুদ্ধের পর আদায় হয় ; কিন্তু পরে যুগোস্লাভিয়াকে ফিরাইয়া দিতে হয়। বিংশ

শতকে ইতালী বিপুল কলোনিয়াল সাম্রাজ্যরূপে গড়িয়া উঠিয়াছিল। ইজান দ্বীপপুঞ্জ ছাড়া উ. আফ্রিকায় ত্রিপোলিতানিয়া, সিরিনাইকা; পূ. আফ্রিকায় ইরিত্রিয়া ও ইথিওপিয়া (সাময়িকভাবে) সাম্রাজ্যভুক্ত হয়। ১৯৩৮-এ আলবানিয়া অধিকার করিলে আদ্রিয়াতিক সাগরের অপর পারেও সাম্রাজ্য বিস্তৃত হয়। কিন্তু ২য় মহাযুদ্ধের ফলে প্রায় সমস্তই ইতালীকে হারাইতে হইয়াছে।

১৯ শতকের মধ্যভাগ পর্যন্ত ইতালী বলিয়া দেশ ছিল, কিন্তু কোন রাষ্ট্র ছিল না। রোমের পতনের পর, রোমান সাম্রাজ্যর অপরাপর অংশের ন্যায় ইতালী বর্বরদের দ্বারা আক্রান্ত ও উপনিবেশিত হয়। ৮০০-তে ইহা শার্লমেনের পবিত্র রোমান সাম্রাজ্যের অংশ হয় এবং ১৮০৬-এ নেপোলিয়ান কর্তৃক পশ্চিম রোমান সাম্রাজ্য ভাঙিয়া দেওয়া পর্যন্ত ইহা উহার অন্তর্গত ছিল। কিন্তু আসলে ইহা অসংখ্য ক্ষুদ্র অর্ধ-স্বাধীন স্টেটে বিভক্ত ছিল। ইহাদের মধ্যে ভেনিস, জেনোয়া ছিল সাধারণতন্ত্র; পোপের দেবত্র রাজ্য ছিল মধ্য ইতালীর বারোআনি। রাজনৈতিক অশান্তি সত্বেও ইতালী ছিল রেনেসাঁস-যুগে সাহিত্য, আর্ট প্রভৃতি অনুশীলনের কেন্দ্র। এইসব অগণিত রাজ্যের মধ্যে সাভয় দেশের কাউন্ট ধীরে ধীরে সার্দিনিয়ার রাজা হন (১৭২০)। ১৯ শতকে এইখানকার রাজা ইতালীকে একরাজ্য করিবার জন্য আন্দোলন স্থরু করেন। এই আন্দোলনের ভাবপ্রাণ দান করেন ম্যাত্‌সিনি (দ্র); গ্যারিবল্‌ডি ছিলেন সেনাপতি ও রাজমন্ত্রী কাভুর (Cavour) ছিলেন কূটনীতিজ্ঞ। অস্‌ট্রিয়াকে যুদ্ধে হারাইয়া ১৮৬১-তে সার্দিনিয়ার রাজা ভিকটর ইমানুএল ইতালীর রাজা হইলেন। ১৮৭১-তে পোপের রাজ্য রাষ্ট্রের অংশ হওয়ায় সমগ্র ইতালী সংঘবদ্ধ ও রোম ইতালীর রাজধানী হইল। কেবল পোপের রাজধানী ভাতিকান (দ্র.) পৃথক থাকিল। ...১ম মহাযুদ্ধের সময় ইতালী জারমানী ও অস্‌ট্রিয়ার সহিত তাহার মিতালি ত্যাগ করিয়া ইংরেজ-ফরাসীদের পক্ষ লইয়া যুদ্ধ করে। যুদ্ধের পর ইতালীর আর্থিক দুর্গতি চরমে উঠে; নানা মতবাদ দেখা দেয়। সেই সময় ফ্যাসিস্ত্‌ দলের অভ্যুত্থান হয়। মুসোলিনি ১৯২২ অক্টোবর মাসে তাঁহার দলবল লইয়া রোমের নিকট উপস্থিত হইলে রাজা ভিকটর ইমানুএল তাঁহাকে চ্যান্‌সেলার পদে বরণ করিলেন। মুসোলিনির শাসনকালে ইতালী শিল্পে-সাহিত্যে-কলায় বাণিজ্যে যথেষ্ট উন্নতি লাভ করে। কিন্তু রাজ্য জয়ের লোভ তাঁহার ধ্বংসের কারণ হইল। ১৯৩৫-এ মুসোলিনীর প্ররোচনায় ইতালী সরকার ইথিওপিয়া অধিকার করে। তাহাতে ব্রিটিশ ও ফরাসীরা অসন্তুষ্ট হইলেও কেহ বিরোধিতা করিতে সাহসী হয় নাই। ১৯৩৭-এ ইতালী জারমান-জাপানীদের অ্যান্টি-কোমিনটার্ণ দলভুক্ত হয় ও লীগ-অব-নেশনসের সদস্য-পদ ত্যাগ করে। ১৯৩৯-এ ইতালী পুরাপুরিভাবে জারমানীর সহিত সামরিক মৈত্রীবদ্ধ হয়; তাহার পূর্বেই আলবেনিয়া দখল করিয়াছিল। ১৯৪০, ১০ জুন ইতালী ফরাসীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়া ২য় মহাযুদ্ধে সরাসরি নামিয়া পড়ে। কিন্তু যুদ্ধে পরাভূত হইতে থাকিলে দেশমধ্যে বিপ্লব দেখা দিল। ১৯৪৩, ২৫ জুলাই মুসোলিনিকে তাড়াইয়া নূতন সরকার প্রতিষ্ঠিত হয়। যুদ্ধের শেষদিকে লোকে মুসোলিনিকে ধরিয়া গুলি করিয়া হত্যা করে। ১৯৪৬, ২ জুন ইতালীয়রা রিপাবলিক ঘোষণা করে। ১৯৪৭-এ নূতন সংবিধান রচিত হয়। ইতালীয় সিনেটে ৩৪৩ সদস্যর মধ্যে ২৩৭ জন নির্বাচিত; মুসোলিনির বিরুদ্ধবাদী বলিয়া যাহারা কারারুদ্ধ ছিল তাহাদের মধ্য হইতে ১০৬ জনকে প্রতিনিধিরূপে সিনেটে আজীবন সদস্যরূপে গ্রহণ করা হইল।

১৯৪৭-এ সেপ্‌টেম্বরের সন্ধি অনুসারে ইতালী ইথিওপিয়া-ইরিত্রিয়ার অধিকার হারাইল; লিবিয়া স্বাধীন হইল। সমর সম্ভার সংকুচিত করা হইল।

প্রাকৃতিক সম্পদের মধ্যে পারদ উৎপাদনে ইতালী পৃথিবীর মধ্যে সেরা; গন্ধকও প্রচুর উৎপন্ন হয়। প্রাক-যুদ্ধের শিল্প-বাণিজ্য মহাযুদ্ধে বহুল পরিমাণে নষ্ট হইলেও বর্তমান সরকার পুনরায় আভ্যন্তরীন উন্নতির দিকে দৃষ্টি দিতেছে। শিক্ষা বিষয়ে দেশে উন্নতি হইয়াছে। ৬-১৪ বৎসর পর্যন্ত বালক-

বালিকার শিক্ষা আবশ্যিক। ২২টি বিশ্ববিদ্যালয় আছে। রোম বিশ্ব. ১৩০৩-এ, নেপল্স ১২২৪-এ প্রতিষ্ঠিত। রাজধানী রোম (Rome); জন. ১৬,৭৮,৬৬৪ ('৫১)।

**ইথিওপিয়া** (Ethiopia; Yeitiopia): আফ্রিকার পূর্ব-দিকে অবস্থিত স্বাধীন রাজ্য। উত্তরে ফরাসী ও ব্রিটিশ সোমালিলন্ড; পশ্চিমে সুদান। আ. ৩,৯৫,০০০ ব মা। জন. ১'৬০ কোটি ('৫৩)। নদী অনেক, বৃষ্টিও প্রচুর; দেশ উর্বর। কৃষিজাত কফি ও বন্য কফি প্রচুর। রাজধানী আদ্দিস-আবাবা (৩.৫০ লক্ষ) রেলপথে ফরাসী সোমালিলন্ডের জিবুতি বন্দর হইতে ১৮৬ মা। ইথিওপীয়রা মিশ্র হামেটিক মহাজাতির অন্তর্গত। ভাষা আমহারিক (Amharic)। ৪ শতকে মিশর হইতে খ্রীষ্টান ধর্ম এদেশে প্রবেশ করে। ১৯ শতকের মধ্যভাগে এই দেশ এক রাজার অধীন হয়। এই সময়ে ইংরেজের সহিত বিবাদ হয় ও তাহারা ইথিওপিয়ার রাজধানী ধ্বংস করে। ১৮৮৯-এ শোআ (Shoa) জাতির সর্দার মেনেলিক রাজা হন। ১৮৯৬-এ ইতালীয়রা লোহিত সাগরের দিক হইতে দেশমধ্যে প্রবেশের চেষ্টা করে, কিন্তু পরাভূত হয়। কয়েক বৎসরের মধ্যে ইতালী, ফ্রান্স ও ইংলন্ড ইথি.র সমুদ্র উপকূলস্থ সোমালি দেশ জয় ও ভাগাভাগি করিয়া লইল। সকলে আশ্বাস দেয় যে আর তাহারা অগ্রসর হইবে না। কয়েক বৎসর গৃহবিবাদের পর ১৯১৭-এ রাসতফেরি রাজ্যের অছি হন। ইনি রেলপথ নির্মাণ ও ইউরোপীয় সভ্যতার কিছু কিছু উপকরণ প্রবর্তনের চেষ্টা করেন। ১৯২৩-এ ইথি. লীগ অব্ নেশনসের সদস্য হয়। ১৯৩০-এ রাসতফেরি হাইলে সালেসি উপাধি গ্রহণ করিয়া সম্রাট হন। ... ১৯৩৫-এ মুসোলিনি ইথি. আক্রমণ ও দখল করে (১৯৩৬)। ...দ্বিতীয় মহাযুদ্ধের পর ১৯৪৬ এ সম্রাট দেশে ফেরেন। ইতালীয় ইরিত্রিয়া ই. কে প্রদত্ত হইয়াছে (১৯৫০)।

**ইদপুর, ইন্দপুর** (Idpur; Indpur): বাঁকুড়া জে.র সদর মহ.র থানা। আ. ১১৬ ব মা; জন. ৬৩,০৬৯। ঘনতা ৫৪৪। ... বাঁকুড়ার দ.-পশ্চিমে গ্রাম, ডাকঘর।

**ইদিলপুর** (Edilpur): বাখরগঞ্জ জে.র ইদিলপুর পরগণা পুরাতন 'সরকার বাক্‌লা'র চারিটি পরগণার অন্যতম। মেঘনার সন্নিকটস্থ বদরটুনি থানার ২-৩ মা পশ্চিমে নয়াভাঙানী নদীর উপর আবুপুর বা ইদিলপুর। এখানকার কোন গ্রামে লক্ষ্মণদেবের পুত্র কেশবদেবের তাম্রশাসন পাওয়া গিয়াছে; উহা ১১৩৬ অব্দে উৎকীর্ণ। জেলার দক্ষিণে চণ্ডভণ্ড নামে আদিম জাতির অত্যাচার দমন করিবার জন্য ঈশ্বরদেব শর্মা নামে ব্রাহ্মণকে তিনটি গ্রাম দানের উল্লেখ আছে। ... চন্দ্রবংশীয় শ্রীচন্দ্রদেবের আর একখানি তাম্রশাসনও নিকটে পাওয়া গিয়াছে।

**ইদর** (Idar): বর্তমানে বোম্বাই রাজ্যের সবরকণ্ঠ জেলার তালুক; পূর্বে কাথিয়াবারের করদ রাজ্য। আ. ১৬৬৮ ব মা। জন. ৩০৭,৮০০ ('৪১)। রাজস্ব প্রায় ২০ লক্ষ টাকা। কতকগুলি সর্দার ও সামন্তদের নিকট হইতেও ৫২,৪২৭ টাকা পাওয়া যাইত; বড়োদারাজ মারফত ইংরেজ সরকারকে বার্ষিক ৩০,৩৪০৲ টাকা দিতে হইত। ইদরের মহারাজা ১৫ তোপ সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে ৩,২৮,০০০ টাকা বার্ষিক ভাতা পান। ১৮ শতকে মারবাড় হইতে রাঠোর বংশীয় ক্ষত্রিয় আনন্দ ও রামসিংহ একদল অনুচর সহ এইখানে আসিয়া রাজ্য পত্তন করেন। রাজধানীর নাম ছিল হিম্মতনগর। ... ইদর শহর অহমদাবাদ হইতে পশ্চিমে ৭৪ মা। হিম্মত. হইতে উত্তরে ১৭ মা। জন. ৬৫৫০।

**ইদাহো** (Idaho): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৮৪২-এ প্রথম উপনিবেশ। ১৮৬০-এ স্বর্ণখনি আবিষ্কৃত হওয়ার পর লোক বসতির সূত্রপাত। ১৮৯০-এ যুক্তরাষ্ট্র অন্তর্গত স্টেট হয়। আ. ৮৩,৫৫৭ ব মা। জন. ৫'৮৮ লক্ষ ('৫০)। বর্গ মাইলে ৫'৩ জন লোকের বাস। জল-সেচনের উপর কৃষির নির্ভর। স্বর্ণ, রৌপ্য, দস্তা প্রভৃতি খনিজ পাওয়া যায়। ... রাজধানী বোইস (Boise) (৩৪,৩৯৩)। ...ইদাহো রেড্ ইন্ডিয়ান শব্দ, অর্থ 'পর্বতরত্ন'।

**ইন্ডিয়া** (India): ইন্ডিয়া শব্দ ইউরোপীয়দের দ্বারা প্রযুক্ত হয়। ... সিন্ধু নদকে পারসিকরা 'হিন্দু' উচ্চারণ করিত; গ্রীকরা হিন্দুকে 'ইন্ডো' করিল। ভারত সম্বন্ধে বই-এর নাম ইন্ডিকা। হুয়েনৎ সাঙ চীন

ভাষায় ভারতকে 'ইন-তো' বলেন ; তিনি সব কথাই সংস্কৃতজ্ঞ করিতে চেষ্টা করিতেন ; তাই ইন্‌তো শব্দ সংস্কৃত 'ইন্দু' শব্দ হইতে অভিন্ন বলিলেন ; ইন্দু চন্দ্রের নাম ; চন্দ্রবংশীয় রাজারা 'ইন্দু' বংশীয়।

আমেরিকা আবিষ্কার হইলে প্রথমে লোকে ভাবিয়াছিল, তাহারা ভারত বা ইন্‌ডিয়ার কাছাকাছি দ্বীপে পৌঁছিয়াছে সেইজন্য দ্বীপবাসীদের ইন্‌ডিয়ান বলে। সেই ভুল ভাঙ্গিলেও আমেরিকার আদিমদিগকে লোকে রেড্ ইন্‌ডিয়ান, তাহাদের ভাষা ইন্‌ডিয়ান বলিতে লাগিল। আমেরিকার দ্বীপগুলিকে ওয়েস্ট ইন্‌ডিস ও ভারতের নিকটস্থ দ্বীপগুলিকে ঈস্ট ইন্‌ডিস নামে পৃথক করা হয়। ... মুসলমান লেখকরা এ দেশকে হিন্দুস্থান বলিত। ... ইংরেজরা ইন্‌ডিয়ান এম্পায়ার, ফরাসী l'Inde, ডাচ্‌রা তাহাদের দ্বীপরাজ্যকে Netherland indische বলিত। (দ্র. ভারত)

**ইন্‌ডিয়ানা** (Indiana) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৭৩২-৩৩ প্রথম উপনিবেশ ; ১৮১৬ যুক্তরাষ্ট্রভুক্ত। আ. ৩৬,২৯১ ব মা। জন. প্রায় ৪০ লক্ষ ('৫০)। ঘনতা ৯০। কৃষিপ্রধান দেশ হইলেও খনিজ সম্পদ নগণ্য নহে ; কয়লা, পেট্রো., প্রাকৃতিক গ্যাস, লৌহ প্রভৃতি পাওয়া যায়। অসংখ্য প্রকার শিল্পজাত সামগ্রীর কারখানা আছে। রাজধানী ইন্‌ডিয়ানা পোলিস্ (৪·৩৮ লক্ষ)।

**ইন্দপুর** (Indapur) : বোম্বাই ; পুনা জে.র তালুক ও শহর। জন. ৪৯৮১। সমবায় ব্যাংক। পো. টেলি।

**ইন্দরা** (Indara) : উত্তরপ্রদেশ ; আজমগড় জে.র শহর ; তমসা নদীর তীরে ; এখানে কাশী-অউনরিহারা-ভাটনি রেলপথ ও বলিয়া-ইন্দর (৩৮ মা)-ডোহরিঘাট (২৭ মা) রেলপথের জংশন হইয়াছে। পো।

**ইন্দাস** (Indas) : বাঁকুড়া জে.র বিষ্ণুপুর মহ.র থানা। আ. ১১৬ ব মা ; জন. ৫১,১৭৫। ঘ. ৫২০। এখানে বহু মুসলমানের বাস। শহর—বাঁকুড়া—দামোদর ছোট রেলপথের স্টেশন ; ৪ মা। মল্লরাজগণের সময়ে ইহা ইন্দ্রহাস নামে পরিচিত ছিল। ... থানা, পো., উচ্চ বিদ্যালয়, সাব-রেজি., অপিস আছে। জন. ৮,৫৩৫।

**ইন্দী** (Indi) : বোম্বাই ; বিজাপুর জে.র তালুক ও শহর। হোৎগি—গদগ লাইনের ইন্দীরোড স্টেশন (২৭ মা) হইতে পূর্বদিকে অবস্থিত। জন. ৮১৬৯। বিদ্যা. সমবায় ব্যাঙ্ক ; পো. টেলি।

**ইন্দো-চীন** (Indo-China) : দ.-পূর্ব এশিয়ার ফরাসী অধিকৃত দেশ। উ—চীন ; উ.-প—বর্মা ; প—থাইলন্ড ; দ—চীন-সাগর। আ. ২,৮৬,০০০ ব মা ; জন. ২,৭০,৩০,০০০ ('৪৯)।

১৬ শতকে পোর্তুগীজ বণিক ও খ্রীষ্টধর্ম প্রচারকরা এখানে আসিলে প্রতীচ্যের সঙ্গে ইন্দো-চীনের প্রথম সাক্ষাৎ ঘটে। ১৭৮৭ হইতে ফরাসী প্রভাব বিস্তার করে। ১৯ শতকে আন্-নাম-সম্রাটকে সিংহাসন ফিরিয়া পাইতে সহায়তা করিলে ফরাসীরা জাঁকিয়া বসে এবং এই শতকের শেষ ভাগে সমগ্র ইন্দো-চীন তাহাদের করতলগত হয়। ২য় মহাযুদ্ধের পূর্ব পর্যন্ত ইন্দো-চীন ফেডোরেশন বলিতে বুঝাইত কোচিন-চীন উপনিবেশ, লাওস, কম্বোডিয়া, টংকিং, আন্-নাম প্রোটেক্টরেটসমূহ ও চীনের কাছ হইতে ইজারা-প্রাপ্ত (১৮৯৮) কোআং-চৌ-ওআন (Kwang-Chow-wan) বিশেষ টেরিটোরি। কোআং-চৌ-ওআন যুদ্ধ শেষে '৪৫-এ চীন ফিরিয়া পায়। ফেডারেশন অন্তর্ভুক্ত এই অঞ্চলগুলিতে দেশীয় নরপতিগণ শাসনকর্তা থাকিলেও ফরাসী রেসিডেন্ট সমস্ত বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিতেন, দেশের প্রকৃত মালিক ফরাসীরাই।

মহাযুদ্ধের সময় '৪০, সেপ্টম্বর হইতে ফরাসীদের দুর্বলতার সুযোগ লইয়া জাপান ইন্দো-চীনকে অন্যতম প্রধান যুদ্ধঘাঁটি হিসাবে ব্যবহার করে। এই সময় সিয়ামও ইন্দো-চীন আক্রমণ করিতে থাকে। তখন কম্বোডিয়া ও লাওসের কম্বোজীয় ও লাওসীয় বসতিযুক্ত অঞ্চল সিয়ামের সহিত অন্তর্ভুক্ত করিতে জাপান সম্মত হয় (মার্চ, '৪১)। যুদ্ধ শেষ না হইতেই ইতিমধ্যে দেশের সর্বত্র জাতীয় মুক্তি-আন্দোলন প্রসার লাভ করে।

১৯৪৫ মার্চের মধ্যে ইন্দো-চীনে ফরাসী একাধিপত্য সম্পূর্ণ ভাবে লুপ্ত হয় এবং জাপান ইন্দো.র স্বাধীনতা ঘোষণা করে। এই সময় টংকিং, আন্-নাম

ও কোচিন-চীনার মুক্তি আন্দোলনকারীরা এক মিলিত সরকার গঠন করে। এই তিনটি দেশের মিলিত নাম ভিয়েৎ-নাম। জাপান নূতন ভিয়েৎ-নাম সরকারকে স্বীকার করিল (অগস্ট, '৪৫)। ভিয়েৎ-নাম সরকার দেশকে রিপাবলিক বলিয়া ঘোষণা করিয়া আন্-নাম সম্রাটকে সিংহাসনচ্যুত এবং হানোয় (Hanoi)-এ রাজধানী স্থাপন করে। '৪৫ সেপ্টম্বর জাপানের পরাজয় ঘটিলে ইন্দো-চীনে ব্রিটিশ ও চীনা সৈন্য প্রবেশ করে। ফরাসীরা মাত্র কোচিন-চীনায় নিজদিগকে পুন প্রতিষ্ঠিত করিতে সমর্থ হয়।

যুদ্ধ শেষ হইবার পূর্বেই ফরাসীরা ঘোষণা করিয়াছিল যে, ইন্দো-চীনে ৫টি রাষ্ট্র (কোচিন-চীন, আন্-নাম, টংকিং, লাওস ও কম্বোডিয়া) লইয়া একটি ফেডারেল ইউনিয়ন (ফরাসী ইউনিয়নের অন্তর্গত) গঠিত হইবে এবং রাষ্ট্র ৫টি একজন ফরাসী গবর্নর-জেনারেলের অধীনে সীমিত-স্বায়ত্ত শাসন ভোগ করিবে। এই মতলব যুদ্ধ শেষে ভিয়েৎ-নামের বিরোধিতার ফলে ব্যর্থ হয়। '৪৬ মার্চে ভিয়েৎ-নামের রাষ্ট্রপতি ডক্টর হো-চি-মিনের সঙ্গে ফরাসীদের এক চুক্তি হইলে ইন্দো-চীন মোটামুটিভাবে শান্ত হয়। কিন্তু ১৯ ডিসেম্বর হইতে দেশের মধ্যে গৃহযুদ্ধ সুরু হয়। ১৯৪৭-এ ফরাসীরা ভিয়েৎ-নামের অনেক অংশ দখল করিতে সমর্থ হইল। টংকিং, আন্-নাম ও কোচিন-চীনের ফরাসী-তাঁবের লোকদের লইয়া এক পুতুল সরকার গঠন করিল। এক চুক্তির ফলে ভিয়েৎ-নামের এই অংশ ফ. ইউনিয়নের অন্তর্ভুক্ত হয়। '৪৯-এ ৮ মার্চ, ফরাসীরা গদীচ্যুত বাও-দাই-এর সঙ্গে আর এক চুক্তি সম্পাদন করিল। ১৪ জুন, ভিয়েৎ-নাম আভ্যন্তরিক ব্যাপারে স্বাধীন ও বাও-দাই রাষ্ট্রপ্রধান বলিয়া ঘোষিত হইল। লাওস (১৯ জুলাই) ও কম্বোডিয়া (৮ নভেম্বর) ফরাসীদের সঙ্গে দুই চুক্তির ফলে 'স্বাধীনতা' পাইল।

ইহার ফলে ইন্দো-চীন কার্যত দুই অংশে বিভক্ত হইয়া গেল। এক অংশ হো-চি-মিনের ভিয়েৎ-নাম জনরাজ-তন্ত্র; অন্য অংশ ফরাসী ইউনিয়নভুক্ত ভিয়েৎ-মিন, লাওস ও কম্বোডিয়া। একজন ফ. হাই-কমিশনার ৩ জন কমিশনারের সাহায্যে ইহাদের মধ্যে যোগাযোগ রক্ষা করেন।

১৯৫০-এ ভি. জনরাজ-তন্ত্রের মুক্তিফৌজ সমগ্র ভিয়েৎ-নামের অধিকাংশ স্থান ফরাসী কবলমুক্ত করে। লাওস ও কম্বোডিয়ার মধ্যেও মুক্তি-আন্দোলন নূতন করিয়া সুরু হইল। ইহার ফলে ইন্দো-চীনে দারুণ অশান্তি দেখা দিলে জেনেভা-সম্মেলনে ('৫৪ এপ্রিল-মে-জুন) ১৯ রাষ্ট্রের উপস্থিতিতে ইন্দো.র ভাগ্য নির্ধারিত হয়। ইহার ফলে ভিয়েৎ-নামের উত্তরাংশ মুক্তিফৌজের দখলে যায়; দক্ষিণাংশ বাওদাই-র করতলে থাকে। লাওস (রাজধানী ভিএন-তিএন Vientiane; জন. ২০,০০০), কম্বোডিয়া (রাজ. নম-পেন, Phnom-Penh; জন. ২,৬০,০০০) অখণ্ড থাকে। উ. ভিয়েৎ-নামের রাজধানী হানোয় (জন. ২,৭৪,০০০); দ. ভিএৎ-নামের রাজ. সায়গন (Saigon; জন. ১৫ লক্ষ)। (দ্র. লাওস, ভিয়েৎ-নাম, কম্বোডিয়া।)

ভৌগোলিক দিক হইতে দেশ ৩ ভাগে বিভক্ত: (১) উত্তরে টংকিং অঞ্চল, (২) পূর্বে পার্বত্য আন্-নাম অঞ্চল, (৩) দক্ষিণের মেকং-বিধৌত সমভূমি। মৌসুমি বায়ু-প্রভাবের ফলে প্রচুর বৃষ্টিপাত হয়। জলবায়ু উষ্ণ ও আর্দ্র। প্রধান উৎপন্ন-দ্রব্য: ধান, রেশম, মশলা, কার্পাস, রবার, লোনামাছ প্রভৃতি। খনিজ: টিন, দস্তা।

ইন্দো-চীনের ৮৫ শতাংশ লোক পূর্ব ও দ.- পূ. উপকূল ভাগে বাস করে। ইহাদের ভাষা আন্-নামী। কম্বোডিয়ার ভাষা কম্বোজীয়। লাওসের জনসংখ্যা কম; ভাষা থাই, ইন্দোনেশিয়ান (ভাষা) ও চীনা।

**ইন্দোনেশিয়া** (Republik Indonesia): এশিয়ার দ.-পূর্ব কোণে অবস্থিত ওলন্দাজদের ভূতপূর্ব অধিকৃত দ্বীপাবলীর নেদারলন্ডিশে ইন্ডি-এর বর্তমান নাম রিপাবলিক ইন্দোনেশিয়া। ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগরের মধ্যে এই দ্বীপগুলি বহু মাইল জুড়িয়া বিস্তৃত—আমেরিকার উপকূল হইতে হাওয়াই দ্বীপ পর্যন্ত যতটা স্থান জুড়িয়া আছে এই দ্বীপগুলি

তত্দূর বিস্তৃত অর্থাৎ ২০০০ মা-র বেশি—দ্রাঘিমা ৯৫° হইতে ১৪১° পূর্বে বিস্তৃত।

ইন্দোনেশিয়ার অন্তর্গত দ্বীপ : যবদ্বীপ ও মাদুরা, সুমাত্রা, রিওউও-লিংগ দ্বীপপুঞ্জ, বাঁক্কা ও বিল্লিতোন, বোর্নিও দ্বীপাংশ, সেলিবিস, মলাক্কা দ্বীপাবলী, তিমোর দ্বীপাংশ, বলি ও লম্বক। মোট আয়. ৭,৩৫,০০০ ব মা। জন. প্রায় ৮ কোটি। (দ্র. পৃথক নামগুলি)।

১৩ শতক পর্যন্ত এই দ্বীপগুলি ভারতের সহিত নানা ভাবে যুক্ত ও সেখানে হিন্দু ও বৌদ্ধ ধর্ম প্রচলিত ছিল। ১৪ শতকে মালয় উপদ্বীপ হইতে আরব বণিকরা এখানে ইসলাম ধর্ম প্রচারে প্রবৃত্ত হয়; এবং ১৫ শতকের মধ্যে এই সকল দ্বীপ (বলিদ্বীপ ছাড়া) মুসলমান হইয়া যায়। ১৬ শতকে পোর্তুগীজ বণিকরা এই অঞ্চলে মশলাপাতির সন্ধানে আসে; কিন্তু ১৫৯৫ এ ওলন্দাজ বণিকদের দ্বারা তাহারা বিতাড়িত হয়। সেই হইতে ২০ শতকের মধ্যভাগ পর্যন্ত এই দ্বীপাবলী ওলান্দাজ-দের অধীন ছিল; মাঝে নেপোলিয়ন যখন হলন্ড দখল করেন, সেই সময় কয়েক বৎসর (১৮১১-১৬) এই অঞ্চল ব্রিটিশদের দ্বারা শাসিত হয়। ওলন্দাজরা ১৮৭০-এ রাজনৈতিক ও অর্থনৈতিক কিছু কিছু সংস্কার করে বটে; তবে আসলে এইসব দ্বীপ ছিল ওলন্দাজদের জমিদারি, কলোনিয়াল সাম্রাজ্য।

প্রথম মহাযুদ্ধের পর ১৯২২-এ এই দ্বীপগুলি নেদারলন্ডস রাজ্যের অংশরূপে পরিগণিত হয়। ...২য় মহাযুদ্ধের সময় ১৯৪২-এ জাপানীরা এই দ্বীপগুলি দখল করে। ১৯৪৫-এ জাপানীদের পরাজয় ও আত্মসমর্পণের সময় ইন্দোনেশিয়ান রিপাবলিক নাম দিয়া রাজ্য গঠন চেষ্টা দেখা দিল। ইহার নেতা আহমদ সুকর্ণ (Sukarno)। সেই হইতে ডাচদের সহিত ইন্দোনেশীয়দের সংগ্রাম চলে; বহু টালবাহানার পর ১৯৪৯, ডিসেম্বর ২৭-এ ডাচ্‌রা সরকারীভাবে ই.র স্বাধীনতা দান করে। ১৯৫০, অগস্ট ১৫ই ই.র নূতন রিপাবলিক শাসনতন্ত্র প্রবর্তিত হইয়াছে। ... ইউনিয়নের ১০ রাজ্য, প্রত্যেক রাজ্যের উপর প্রচুর আত্মশাসন ক্ষমতা ন্যস্ত। ইউনিয়নে মালয়, পলিনেশীয় প্রভৃতি বহু উপজাতির (১৩৭) বাস; ভাষা ও উপভাষাও অনেক; রাষ্ট্রভাষা জাবানী বা 'ভাসা' (Bhasa Indonesian)। ইহা রোমান লিপিতে লিখিত হয়। ... বাসিন্দার ৭০ ভাগ কৃষিজীবী। ২য় মহাযুদ্ধের পূর্বে পৃথিবীর মোট নারিকেল শাঁসের শতকরা ৩১ ভাগ, রবারের ৩৭, মরিচের ৮৩ এবং বেশিরভাগ কুইনাইন সরবরাহ হইত। যুদ্ধের সময় ও স্বাধীনতা সংগ্রাম পর্বে বহু ক্ষতি হয়; এখন পুনরায় পুনর্গঠনের চেষ্টা চলিতেছে। চাউল, চা, কফি, তামাক প্রচুর উৎপন্ন হয়। খনিজ সম্পদে এই রাজ্য সমৃদ্ধ; পেট্রোলিয়াম, টিন, কয়লা, বক্সাইট প্রধান; এছাড়া অন্যান্য খনিজ আছে। প্রাথমিক শিক্ষা ব্যাপারে ইহারা অগ্রসর ছিল, কিন্তু উচ্চতর জ্ঞানবিজ্ঞানে খুবই পশ্চাৎপদ ছিল; এখন জাকার্তা, বানদুঙে উচ্চতর শিক্ষাদানের বিদ্যালয় হইয়াছে। সুমাত্রার পদঙ শহরে ১৯৫০-এ পঞ্চশীল বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছে। ... রাজধানী জাকার্তা (পূর্ব যবদ্বীপে অবস্থিত নাম বাতাবিয়া Batavia)। যবদ্বীপের সুরবায়া প্রধান বন্দর, নৌবিভাগের কেন্দ্র; সেমারং অন্য বন্দর। পশ্চিম যবদ্বীপে বানদুঙ (জন. ১·৬৭ লক্ষ) প্রধান বাণিজ্য কেন্দ্র। এইখানে ১৯৫৫ এপ্রিল মাসে আফ্রিকান-এশিয়ান (Afrosian) কন্‌ফারেন্স হয়। অন্য শহর সুরকর্তা (১·৬৫ লক্ষ)। সুমাত্রার প্রধান শহর—পালেমবঙ, মেদান, পদঙ। সেলিবিসের শহর—মাকাসার, মেনাদো। বোর্নিও অংশের শহর বানজেরমাসিন, বালিকপাপন, পেনেতিয়ানক। মলক্কার শহর—তেরনাতে। বলিদ্বীপের সিংগরাজা। তিমোরের কুপং। ... এই দ্বীপের রাজপথ খুব ভাল (প্রায় ৪৫ হা)। রেলপথ ৪৬২০ মা। .. এই দ্বীপময় রাজ্যের জলবায়ু নিরক্ষীয় ও মৌসুমী। বৃষ্টিপাত গড়ে ১০০" তবে কোনো কোনো স্থানে অনেক বেশি। দ্বীপগুলি পার্বত্য ও আগ্নেয়; ভূমিকম্প প্রায়ই হয়। বহু জীবন্ত আগ্নেয়গিরি আছে; সুমাত্রায় ৯০টি। বোর্নিও অরণ্যময়।

ইউনিয়নে ১০ রাষ্ট্র। ব্যবস্থাপক সভায় ২৩২ সদস্য। ইহারা বহু দলে বিভক্ত; তজ্জন্য মাঝে মাঝে গভর্নমেন্টের কাজ ব্যাহত হয়। আহমদ সুকর্ণ

সভাপতি। চীন ও ভারতের সহিত এই রিপাবলিক ঘনিষ্ঠভাবে যুক্ত।

**ইন্‌দোর, ইন্দৌর** (Indore) : মধ্য ভারত ইউনিয়নের রাজ্য ; ১৯৪৮-এ ভারতভুক্ত হয়। • ব্রিটিশ যুগের করদরাজ্য। রাজস্থানের দক্ষিণে অবস্থিত রাজস্থানী হিন্দীভাষীদের দেশ। এই অঞ্চল ১৮ শতকে মারাঠাদের হস্তগত হয়। মলহররাও হোলকার নামে পেশোয়ার সেনাপতি ১৭৩২-এ রাজপুতানা-সমেত এই ভূখণ্ড জায়গীর স্বরূপ লাভ করেন। মলহররাও-এর মৃত্যুর পর তাঁহার পত্নী অহল্যাবাঈ (দ্র.) অতি যোগ্যতার সহিত রাজ্য শাসন করেন। অ.র মৃত্যুর পর (১৭৯৫) রাজ্যমধ্যে অরাজকতা দেখা দেয় ; ৩য় মারাঠা যুদ্ধের সময় ইন্দোর দরবার পেশোয়ার পক্ষে মহিদপুরে যুদ্ধ করিয়া ইংরেজদের নিকট পরাভূত হন। ইতিপূর্বে নাবালক রাজার বিমাতা তুলসীবাঈ ইংরেজের প্রতি পক্ষপাতিত্ব দেখাইলে হোলকারী সৈন্যগণ তাহাকে হত্যা করিয়াছিল। মন্দাসর-এর সন্ধি (১৮১৮ জানু. ৮) মতে রাজপুতানা হোলকারকে ছাড়িয়া দিতে হয় এবং ইংরেজের করদ রাজ্যরূপে বশ্যতা স্বীকার করিতে হয়। দীর্ঘকাল রাজ্যমধ্যে অশান্তি চলে। ১৮৯৯-এ ব্রিটিশ রেসিডেণ্ট মোতায়েন করা হয়। তুকাজিরাও ১৯০৩-এ বালককালে রাজ্য লাভ করেন। বাওলা হত্যাকাণ্ডে লিপ্ত থাকার অপরাধ প্রমাণিত হইলে তিনি গদিচ্যুত হন ও তাঁহার পুত্র যশোবন্তরাও রাজা হন। ... ভারত স্বাধীন হইবার পর ইন্দোর মধ্যভারত ইউনিয়নভুক্ত হয়। হোলকার যশোবন্ত রাও ইউনিয়নের উপ-রাজপ্রমুখ। ... রাজ্যের আ. ৯৯,০৩৪ ব মা। জন. ১৫·১৪ লক্ষ ('৪১)। রাজ্যের আয় ছিল ১·২৫ কোটি টাকা। এই দেশে তুলার প্রচুর চাষ হয় ও অনেকগুলি কাপড়ের কল ইন্দোর শহরে ও অন্যত্র আছে। রাজ্যে বহু স্কুল ও কলেজ (দ্র. মধ্যভারত ইউনিয়ন)। ... ইন্দোর ভারতভুক্ত হইবার পর হোলকার ব্যক্তিগতভাবে ১৫ লক্ষ টাকা বার্ষিক ভাতারূপে পান। হোলকার ১৯ তোপের সম্মান পাইতেন।

**ইন্‌দোর** (Indore) : মধ্যভারত ইউনিয়নের অন্যতম রাজধানী ; অপর রাজধানী গবালিয়র। বোম্বাই ৪৪০ মা। কলিকাতা-ইলাহাবাদ-খানডোয়া জং (৯৮৮ মা) অজমের মি. লাইনের উপর স্টেশন (৮৭ মা) ... এখানে হোলকার কলেজ ও বহু শিক্ষা-প্রতিষ্ঠান আছে। ... অনেকগুলি কপেড়ের কল। রাজপ্রাসাদ ও ধনীদের বহু অট্টালিকা শোভিত নগরী। প্রাথমিক শিক্ষা আবশ্যিক ও অবৈতনিক। জন. ৩,১০,৮৫৯। ব্যাংক : বিকানীর, জয়পুর, সেন্‌ট্রাল, স্টেট, প. ন্যাশনাল, ইউনা. কমার্স ; ইন্দোর ব্যাংকের প্রধান অপিস ও ৩ শাখা ; এবং অন্যান্য সমবায় ব্যাঙ্ক।

(Indraprastha) : ইন্দ্রপৎ। প্রাচীন ভারতের নগরী। পূর্বে এখানে খাণ্ডব বন ছিল ; উহা দগ্ধ করিয়া অর্জুন ময়দানবের সাহায্যে যুধিষ্ঠিরের জন্য রাজধানী নির্মাণ করেন। মহাভারতে আছে যে ময় কুবেরের প্রাচীন নগরী হইতে প্রস্তরাদি আনাইয়া নগরী গড়েন। বর্তমানে দিল্লীর উপকণ্ঠে ইন্দ্রপৎ নামে স্থান আছে, উহা পুরাণকিল্লা নামেও পরিচিত। হুমায়ুন কর্তৃক নির্মিত ; এই কিল্লার মধ্যে কিতাবখানা হইতে নামিতে গিয়া হুমায়ুন পড়িয়া যান ও তাঁহার মৃত্যু হয়। ... বর্তমানে এই কিল্লার মধ্যে উদ্‌বাস্তুদের কলোনী হইয়াছে।

**ইন্‌সিন** (Insein) : বর্মার পেগু বিভাগের জিলা ; আ. ১৯০৩ ব মা। জন. ৩৮৭,৩৪৫ ('৪১)। শহর, রেঙ্গুন হইতে ৮ মা। এখানকার জেলে ভারতের রাজনৈতিক নেতাদের কেহ কেহ বন্দী ছিলেন। অতি বৃহৎ জেলখানা।

**ইনানজঙ্** (Yenanjang) : বর্মার মাগোয়ে জেলার শহর ; ইরাবতী নদীর বাম তটে রেঙ্গুন হইতে ৪৫৮ মা। পেট্রোলিয়াম আবিষ্কৃত হওয়ায় এখানে বিরাট শিল্পকেন্দ্রিক শহর গড়িয়া উঠিয়াছিল। নদীর মধ্যেও বাঁধ দিয়া তৈলকূপ খাত হইয়াছে। ইনান. হইতে রেঙ্গুনের দক্ষিণে সিরিয়াম-এর কারখানায় পরিশ্রুত হইবার জন্য ২৫০ মা পাইপ দিয়া পেট্রো. আনীত হয়। জন. ১২ হা। •

**ইনিসি** (Yenisei) : সাইবেরিয়ার • প্রধান নদী

(২২২০ মা), মঙ্গোলিয়ায় উঠিয়া উত্তরবাহিনী; আরকটিক মহাসাগরে পড়িতেছে। মোহনার নিকট ৩০-৭০ মা প্রশস্ত। এই গভীর ও প্রশস্ত নদী বহু শত মাইল নাব্য। বৎসরে ১২৫-১৪০ দিন তুষারমুক্ত ও সহজনাব্য থাকে; সেই সময়ে সমুদ্রগামী জাহাজ ভিতরে আসিতে পারে। ইহার উপনদী আঙ্গারা (Angara) বৈকাল হ্রদ হইতে প্রচুর জল বহিয়া আনে। (দ্র. আঙগারা)।

**ইভাপেরন** (Eva Peron): দ্র. লা প্লাটা।

**ইম্ফাল** (Imphal): মনিপুর রাজ্যের রাজধানী। পাকিস্তান হইবার পূর্বে কলিকাতা-গোয়ালন্দ-চাঁদপুর-লামডিং-মনিপুর রোড্ স্টেশন (৫২০ মা) হইতে মোটর পথে ১৩৪ মা। এখন কাটিহার-আমিনগাঁও-পাণ্ডু ঘুরিয়া যাইতে হয় (৮০০ মা)। বিমান পথে কলিকাতা হইতে ৫২৭ মা। জন. ১,৩১,৪৭০। কলেজ। মনিপুরী সাহিত্য প্রচারের কেন্দ্র। মনিপুর স্টেট ব্যাংকের অপিস। (দ্র. মনিপুর)।

**ইয়র্ক** (York): ইংলন্ডের কাউন্টি ও নগর। এখানে রোমান যুগের ধ্বংসাবশেষ আছে। এখানকার খ্রীষ্টীয় মন্দির (১১৫৪-১৪৭২) শ্রেষ্ঠ স্থাপত্যের অন্যতম নিদর্শন। এখানে আর্কবিশপ আছেন।...বহু শিল্পের কেন্দ্র। জন. ১·০৫ লক্ষ।

**ইয়াং-সি-কিয়াং** (Yang-tse-kiang): চীনদেশের দীর্ঘতম নদী (৩৫০০ মা); তিব্বতের নিকট উঠিয়া ইউনান প্রদেশের মধ্য দিয়া বিচিত্র গতিতে বহু ঘুরিয়া প্রশান্তমহাসাগরে পড়িয়াছে। ইচাং (১৭২৬ মা) পর্যন্ত নাব্য; হান্‌কৌ (৭০০ মা) পর্যন্ত সমুদ্রগামী স্টীমার আসিতে পারে; খাল দিয়া উত্তরের হোয়াং-হো নদীর সহিত যুক্ত। এই নদীর উপর চুংকিং, হানকৌ, নানকিং অবস্থিত। ...ইয়াংসি-অববাহিকা (আ. ৭½ লক্ষ ব মা) অতিশয় উর্বর। চীনের অর্ধেক লোক এখানেই বাস করে।

**ইয়াকুৎস্‌ক** (Yakutsk): ই. রিপাবলিকের রাজধানী, লেনা নদী তীরে। মসকৌ হইতে ৩০০০ মা দ.-পূর্বে। জন. ৫২ হা। ১৬৩২ অব্দে কলোনী পত্তন হয়। পূর্বে ইহা নির্বাসন কেন্দ্র ছিল।

**ইয়াকুৎস্‌ক রিপাবলিক** (Yakutsk Autonomous Soviet Socialist Republic): আরকটিক মহাসাগর পর্যন্ত বিস্তৃত সাইবেরিয়ার দেশ; মোট সোবিয়েত রাষ্ট্রের এক-সপ্তমাংশ স্থান। শিকার ও স্বর্ণ সন্ধান প্রধান উপজীবিকা। লেনা অববাহিকায় রৌপ্য, সীসক ও কয়লার সন্ধান মিলিয়াছে। লবণ ও পেট্রোলিয়ামের কাজ চলিতেছে। রেল লাইন ছিল না, সম্প্রতি লেনা অঞ্চলে রেল হইয়াছে। রাজধানী ইয়াকুৎসক হইতে বিমানযোগে নানাস্থানে যাওয়া আসা চলে। ...রুশ বিপ্লবের পূর্বে এখানকার অর্ধ-যাযাবর জাতির মধ্যে কোনো প্রকার শিক্ষার ব্যবস্থা ছিল না। এখন ৫০০ এর উপর নানারূপ বিদ্যালয়ে প্রায় ৫০ হা ছাত্র-ছাত্রী পড়িতেছে। কৃষি বিদ্যালয়, আরোগ্য নিকেতন প্রভৃতি খোলা হইয়াছে। ...বল্গা হরিণ পালন, গোরু ও অশ্বের উন্নততর প্রজননের ব্যবস্থা হইয়াছে। পৃথিবীর শীতমেরু ভেরখোয়ানস্কে টিন খনির কাজ হইতেছে।

আ. ১১,৮২,৩০০ ব মা। জন. ৪·৫০ লক্ষ।

**ইয়াদগিরি** (Yadgiri): হায়দরাবাদ রাজ্য; গুলবার্গা জে.র তালুক ও শহর; ভীমা নদীর তীরে। ওয়াডি (বোম্বাই ৩৭৬) হইতে ২৫ মা দক্ষিণে। জন. ২২,০৫২। ব্যাঙ্ক: কমার্স, সেন্‌ট্রাল, হায়দা, স্টেট।

**ইয়ানদাবু** (Yandabu): বর্মার মান্দালয় নগরীর ৪০ মা পশ্চিমে ইরাবতী নদীর দক্ষিণ তীরের শহর। প্রথম বর্মা যুদ্ধের পর ইংরেজ ও বর্মারাজের মধ্যে এইখানে সন্ধি পত্র স্বাক্ষরিত হয় (১৮২৬, ফেব্রুয়ারি ২৬)। এই সন্ধির শর্তানুসারে আরাকান, তেনাসেরিম ও আসাম ইংরেজের অধীন হয়।

**ইয়ানন** (Yanan, Yanam): ভারতবর্ষে বঙ্গোপসাগর তীরে, গোদাবরী নদীর মোহনার নিকট ক্ষুদ্র শহর, ফরাসীদের অধিকারে ছিল। ১৯৫৪ ফরাসীরা ভারত ত্যাগ করিয়া গেলে ইয়ানন ভারতভুক্ত হইয়াছে। আ. ৫·৫ ব মা। জন ৫,৮৫২। বর্তমানে ইহা পণ্ডিচেরি রাজ্যের ('গ' শ্রেণী) অন্তর্গত।

**ইয়াব্‌লোনই** (Yablonoi): সাইবেরিয়ার পর্বতমালা; উত্তর-পূর্ব দিকে প্রসারিত হইয়া স্টানোবাই-এর

সহিত মিশিয়াছে আমুর ও লেনা অববাহিকাদ্বয়ের মধ্যে অবস্থিত।

**ইয়ামেথিন** ( Yamethin ): বর্মার মান্দালয় বিভাগের জেলা। আ. ৪২০১ ব মা। জন. ৪·৬৩ লক্ষ ( '৪১ )। বারিপাত ৩৮″। জেলার বড় শহর পিন্‌মানা ( Pyinmana )। ইয়ামেথিন শহর রেঙ্গুন-মান্দালয় রেলপথে ২৭৫ মা উত্তরে। জন. প্রায় ১০ হা।

**ইয়ারখন্দ** ( Yarkhand ): বর্তমান নাম Soche। চীন জনরাজ্যের সিং-কিয়াং প্রদেশের শহর; মরুনদী তারিমের শাখানদীর তীরে অবস্থিত, বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র। খোটান হইতে ১৭০ মা উ.-পশ্চিমে; জন. ৬০ হা। অধিকাংশই মুসলমান তুর্কী। ...প্রাচীন চীন হইতে রেশম চালানের পথের উপর এই নগরী প্রতিষ্ঠিত হয়। ক্রমে আবহাওয়ার পরিবর্তনের ফলে বালুকারাশি দ্বারা পথ নষ্ট হইয়া যায়; তখন রেশম-পথ অন্যদিকে যায়। সেই হইতে অধঃপতনের সূত্রপাত। এখন নগণ্য শহর। ...প্রাচীন কালে ইয়ারখন্দ একটি ক্ষুদ্র শক্তিশালী রাজ্য ছিল; চীনা ইতিহাসে সো-চিউ বা চো-চিউ-ক নামে উল্লিখিত; আসল নাম চোক্কুক। বৌদ্ধ ধর্ম ও ভারতীয় সংস্কৃতির কেন্দ্র ছিল।

**ইয়াল্‌টা** (Yalta): কৃষ্ণসাগর তীরে ক্রিমিয়ার দক্ষিণে স্বাস্থ্য নিবাস ও স্নানের বিখ্যাত ঘাট। জন. ২৮,৮৩৮। এইখানে দ্বিতীয় মহাযুদ্ধের শেষভাগে ( ১৯৪৫ ফেব্রুয়ারী ) ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্ট রুজভেল্ট ও সোবিয়েতের মার্শাল স্তালিন মিলিত হইয়া যুদ্ধোত্তর ব্যবস্থা সম্বন্ধে শলা-পরামর্শ করেন। স্থির হয় এপ্রিল মাসে সান্‌ফ্রান্‌সিস্‌কোতে United Nations-র সম্মেলন বসিবে এবং সেখানে নূতন প্রতিষ্ঠান গঠনের বিস্তারিত আলোচনা হইবে। জারমানির উপর-যে চারিজাতি খবরদারি করিবে তাহার ব্যবস্থা ইয়াল্‌টার সভায় স্থিরীকৃত হয়।

**ইয়ালু** (Yalu): কোরিয়া ও মাঞ্চুরিয়ার সীমান্তে প্রবাহিত নদী। এই অঞ্চলে চীন জনরাজ্যের বহু শিল্প প্রতিষ্ঠান আছে। এখানকার বৃহত্তম জলবিদ্যুৎ কারখানা ইয়ালু বাঁধিয়া নির্মিত। কোরিয়ার যুদ্ধের সময় মার্কিন বোমারু বিমান এই কারখানার উপর হানা দেয়।

**ইয়েওলা** (Yeola): বোম্বাই; নাসিক জে.র তালুক ও শহর; মানমদ-ধোনদ রেলপথের স্টে. ( ১৮ মা )। জন. ২১,১৭৮। বো. স্টে. সমবায় ব্যাঙ্ক।

**ইয়েমেন** (Yemen): আরাবিয়ার স্বাধীন রাজ্য। পার্বত্য মালভূমি। নাতিশীতোষ্ণ দেশ; বৃষ্টিপাতে উর্বর। অন্যান্য স্থানের তুলনায় এখানে লোকবসতি ঘন। এখানকার মোকা-কফি বিখ্যাত। ...আ. ৭৫,০০০ ব মা। জন. ৪৫ লক্ষ ( '৫৩ )। রাজধানী সানা (Sana) আটটি দ্বারযুক্ত প্রাচীর বেষ্টিত শহর। জন. সংখ্যা ৫০-৬০ হা। বন্দর হোদ্দাইদা। ...এখানকার শাসনকর্তা স্বাধীন ইমাম। ইনি শিয়া সম্প্রদায়ের অন্তর্গত জাইদি (Zeidi) শাখার গুরু বা ইমাম। ১৯১৮-এ তুর্কীদের অধীনতা হইতে মুক্ত হইয়া স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করেন। ১৯৪৮-এ ইমাম নিহত হইলে সামরিক বিপ্লবের পর ইমাম ইয়াহ্‌য়া রাজা হন।

**ইয়েল বিশ্ববিদ্যালয়** (Yale University): মার্কিন যুক্তরাষ্ট্রের কনেক্‌টিকাট স্টেটের নিউ-হাভেন শহরে ইয়েল বিশ্ববিদ্যালয় অবস্থিত। ইলিহু ইয়েল ( ১৬৪৮-১৭২১ ) দীর্ঘকাল ভারত ঈ. ই. কোম্পানির চাকুরি করেন ও প্রভূত ধন লইয়া আমেরিকায় ফিরিয়া যান। তাঁহার প্রদত্ত অর্থে বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ( ১৭০১ )। বর্তমানে আমেরিকার অন্যতম শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়। ছাত্র সংখ্যা ৭,৫৫৫; অধ্যাপকাদি ১,৭১৬। গ্রন্থাগারে পুস্তকাদির সংখ্যা প্রায় ৪০ লক্ষ।

**ইয়েলোস্‌টোন পার্ক** (Yellowstone Park): মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াইমিং-স্টেটের প্রায় ৩,৩৫০ বর্গ মাইল স্থান জুড়িয়া এই জাতীয় পার্ক সংরক্ষিত। গভীর খাদ, জলপ্রপাত, উষ্ণ-উৎস, গাইসার, কর্দম-উদ্‌গারী আগ্নেয়গিরি প্রভৃতি আছে। ই. নদীর গ্রান্ড ক্যানিয়ান বা খাদ কোনো কোনো স্থানে এক মাইল খাড়া—সেইখান দিয়া নদী প্রবাহিত। গভীর অরণ্যে বহু শত বৎসরের গাছ জীবিত। বহু জাতীয় জীবজন্তু স্বচ্ছন্দে বিচরণ করে। সাত হাজার ফুট উচ্চে ৩০০ ফুট গভীর এক হ্রদ আছে। পার্কের মধ্যে মোটরগাড়ি

যাইবার সুন্দর পথ। ১৮৭২-এ ই. পার্ক জাতীয় সম্পত্তি বলিয়া ঘোষিত। প্রতি বৎসর বহু সহস্র পর্যটক এখানে আসে।

**ইয়োকোহামা** ( Yokohama ) : জাপানের শহর; হোন্‌শু দ্বীপে অবস্থিত। টোকিও হইতে ১৮ মা। পোতাশ্রয় ও বহির্বাণিজ্যের কেন্দ্র। ১৯২৩ সেপ্‌টেম্বর ভূমিকম্পে নগরের ভীষণ ক্ষতি হয়। জন. ৯'৫১ লক্ষ ('৫১)।

**ইয়োতমাল,** যবতমাল (Yeotmal) : মধ্যপ্রদেশ রাজ্যের বেরার বিভাগের জেলা ও শহর। জেলার দক্ষিণে হায়দরাবাদ রাজ্য। সহ্যাদ্রি বা অজণ্টা পর্বত জেলার মধ্য দিয়া গিয়াছে। পূর্বদিকে বরদা ( ওয়াধা Wardha ) নদী। বৃষ্টি ৪২"। আ. ৫২১৯ ব মা। জন. ৯'৩২ লক্ষ। শহরের জন. প্রায় ৩৬ হা। কলিকাতা-নাগপুর-বোম্বাই রেলপথের মূর্তাজাপুর জং ( ৮৩৭ মা ) হইতে শাখা লাইনে ইয়োতমল ৭০ মা। ব্যাংক : নাগপুর, লক্ষ্মী, নিউ সিটিজেন, প. ন্যাশন্যাল, স্টেট ও সমবায়।

**ইয়োসেমাইট** ( Yosemite ) : মার্কিন যুক্তরাষ্ট্রের কালিফোর্নিয়া স্টেটের জাতীয় পার্ক। ১১৮৩ ব মা স্থান বিস্তারিত। এখানকার উপত্যকা ও জলপ্রপাতগুলির দৃশ্য অতি মনোরম।

**ইরকুৎস্‌ক** ( Irkutsk ) : সোবিয়েত পূর্ব-সাইবেরিয়ার দেশ; বহুবিধ খনিজের মধ্যে লৌহ ও কয়লার সম্পদ এখানে এত পর্যাপ্ত যে, কর্তৃপক্ষ আশা করেন এখানে ইস্পাতের ভাল কারখানা হইতে পারিবে। এরোপ্লেন, এরো-ইন্‌জিন, মেশিনটুল, রাসায়নিক কারখানাসমূহের দ্রুত উন্নতি হইতেছে। ... কৃষিক্ষেত্র ক্রমশই বাড়িতেছে। ইরকুৎস্‌ক শহর পার-সাইবেরিয়ান রেলের উপর বৈকাল হ্রদ হইতে ৪০ মা দূরে। বিমান পথে বহুস্থানের সহিত যুক্ত। জন. ২'৫০ লক্ষ।

**ইরতিশ** (Irtish) : সাইবেরিয়ার ওব নদীর করদনদী; অলতাই পর্বতে উৎপত্তি। দৈর্ঘ্য ২৬০০ মা-এর প্রায় দুই হাজার মা বৎসরে নয় মাস নাব্য। ওমাস্‌ক শহরের নিকট পার-সাইবেরিয়ান রেলপথ ইরতিশ নদীর সেতুর উপর দিয়া গিয়াছে।

**ইরাক** (Iraq) : পশ্চিম এশিয়ার স্বাধীন আরব রাজ্য। ইউফ্রাতিস ও তাইগ্রিস নদীর দোয়াব; প্রাচীনযুগের বাবিলনীয়া, অসীরিয়া প্রভৃতি রাজ্যের ধ্বংসচিহ্ন বিদ্যমান।৭-১৩ শতক পর্যন্ত আরব খলিফাদের অন্তর্গত রাজ্য; ১২৫৮ পর্যন্ত বোগদাদ রাজধানী ছিল। ঐ বৎসর মঙ্গোল সর্দার হলাগু খাঁর হস্তে নগরী বিধ্বস্ত হয়। তারপর কয়েক শতাব্দী তুর্কী, ইরানীদের দ্বন্দ্বের মধ্যে ইরাকীদের জীবন কাটে। ১৬৩৮-এ ওথমানী তুর্কীদের দ্বারা এইদেশ অধিকৃত হয়। প্রায় তিনশত বৎসর পরে ১৯১৯-এ ইরাকীরা স্বাধীনতা লাভ করে। ভার্সাই সন্ধিতে ইরাক ইংরেজদের আশ্রিত দেশ ( ম্যানডেটরি ) বলিয়া সাব্যস্ত হয়। ১৯২১-এ হেজাজের রাজা ফয়জল ইরাকের রাজা হন। ১৯৩২-এ ব্রিটিশ ম্যান্‌ডেট রদ হয় ও ইরাক সম্পূর্ণ স্বাধীন রাষ্ট্ররূপে পরিগণিত হয়। এই বৎসর ইরাক লীগ অব্‌ নেশনসের সদস্যপদ লাভ করে। ২য় মহাযুদ্ধের সময় ইরাকের প্রধান মন্ত্রী রসিদ আলি জারমান শক্তিচক্রের পক্ষ সমর্থনের চেষ্টা করায় ১৯৪১-এ ব্রিটিশ সৈন্যবাহিনী তাহা ব্যর্থ করিয়া দেয়। যুদ্ধান্তে ইরাক ১৯৪৫-এ U.N.O-র সদস্য হয়। ইরাক আরব লীগ্‌ প্রতিষ্ঠার উৎসাহী সদস্য। ... ইরাকের রাজা ( ২য় ) ফয়জল ( জ. ১৯৩৫ ) জর্দনের রাজার নিকট-আত্মীয়।

১৯২৪-এ শাসন পদ্ধতি স্থিরীকৃত হয়। সংহত রাজতন্ত্র ও দায়িত্বপূর্ণ শাসন ব্যবস্থার আদর্শে সংবিধান রচিত। ব্যবস্থাপক সভার 'মজলিস অল্‌ নবাবে' ১৪১ জন ও 'মজলিস অল্‌ আমান' (Senate)-এ প্রথম সভার এক-চতুর্থাংশ সদস্য ৮ বৎসরের জন্য মনোনীত। সংবিধান কয়েকবার সংশোধিত হইয়াছে। ... আ. ১,৭৭,১৪৮ ব মা। জন. ৪৮'১৬ লক্ষ ('৪৭)। ইহার মধ্যে ৭৫% আরব, ১৫% কুর্দ। শিয়া সম্প্রদায়ের মুসলমান ৬০%। ভাষা আরবী।...রাজধানী বোগদাদ। বসোরা বন্দর হইতে বোগ. পর্যন্ত রেলপথ আছে (৩৫৭ মা)। বিমান ঘাঁটি।...পেট্রোলিয়াম এখানকার প্রধান সম্পদ। কয়েকটি ব্রিটিশ কোম্পানি এই তৈল উত্তোলন করে। ইরাকের খনি হইতে তৈল উঠাইয়া পাইপ যোগে ভূমধ্যসাগর তীরস্থ ইসরেইলের হাইফা

ও লেবাননের ত্রিপোলি বন্দরে লইয়া যাওয়া হয়। সেখান হইতে রপ্তানি হয়। ১৯৫২-তে ১০৮৮ কোটি মেট্রিক টন পেট্রো. উৎপন্ন হয়।......ইরাকী খেজুর সুখাদ্য ও পুষ্টিকর; প্রচুর রপ্তানি হয়।

**ইরান (Iran):** ইরান পাশ্চাত্য দেশে ও গ্রন্থাদিতে পারস্য নামে উল্লিখিত। এশিয়ার স্বাধীন মুসলীম রাজ্য। আ. ৬.২৮ লক্ষ ব ম। জন. আন্দাজ ১.৪০-১.৯০ কোটি। দেশের উত্তরে এলবুর্জ পর্বত এবং দক্ষিণে উপকূলের নিকট দিয়া জাগ্রোস পর্বত। দেশের অধিকাংশ উষর মালভূমি ও মধ্যভাগ লবণ-মরু। পারস্য উপসাগরের নিকটবর্তী স্থান শুষ্ক; কিন্তু এই অঞ্চল পেট্রোলিয়াম তৈল খনির জন্য বিশেষভাবে উন্নত হইয়াছে। পেট্রোল-উৎপাদনে ইরানের স্থান পৃথিবীতে চতুর্থ। লৌহ, কয়লা, তাম্র প্রভৃতি খনিজ আছে, তবে কাজ বেশি হয় নাই। উৎপন্ন দ্রব্যের মধ্যে রেশম, তামাক, শুষ্ক ফল, চর্ম এবং পশুলোম প্রধান। শিল্প ও বাণিজ্যিক সামগ্রীর মধ্যে কার্পেট, গালিচা, ফেল্ট, মুক্তা ও নীলকান্তমনি বিখ্যাত। রাজধানী তেহেরান (Teheran)। দ্বিতীয় মহাযুদ্ধের সময় পারস্য উপসাগর হইতে কাস্পিয়ান হ্রদ পর্যন্ত রেলপথ নির্মিত হয়। তৈল বিশোধন কেন্দ্র আবাদন ও রাজধানী তেহেরান হইতে নিয়মিত বিমান-পোত ভারতে ও পাকিস্তানে আসা-যাওয়া করে।

পারস্যের আধুনিক যুগের ইতিহাসের আরম্ভ বিংশ শতকের আরম্ভ হইতে। ১৮ শতক প্রতিষ্ঠিত কাজার বংশ ১৭৩৭ হইতে রাজত্ব করেছিল। ইহাদের যথেচ্ছাচারী শাসন অসহ্য হইলে রাজ-বিরোধী আন্দোলন দেখা দিল (১৯০৫)। ১৯০৬-এ শাহ মুজাফ্‌ফরউদ্দীন নিয়মতান্ত্রিক রাজ্য শাসনের জন্য সংবিধান বা কনস্টিটিউশন প্রস্তুত করিয়া দিলেন। কিন্তু উত্তরে রুশ ও দক্ষিণে ব্রিটিশের উপদ্রবে পারসিক মজলিশ (পার্লামেন্ট)-এর সকল প্রকার সংস্কার প্রচেষ্টা ব্যর্থ হয়। প্রথম মহাযুদ্ধের (১৯১৪-১৮) পর সোবিয়েত-রুশ তাহাদের পুরাতন দাবী-দাওয়া সমস্ত নাকচ করিয়া ইরানের সহিত সন্ধি করে (১৯২১) এই সময়ে সেনাপতি রেজা খান রাষ্ট্রনীতিতে সর্বেসর্বা হন। লোকে ১৯২৫, ডিসেম্বর ১৩, রেজা খানকে বাজোব 'শাহ' বলিয়া ঘোষণা করে; কাজার বংশীয় শাহ ইতিপূর্বে দেশ হইতে পলায়ন করিয়া ইউরোপে আশ্রয় লইয়াছিলেন। রেজা শাহের সময়ে (১৯২৫-৪১) পারস্যের নানা দিকে উন্নতি হয়। ...২য় মহা-যুদ্ধ আরম্ভ হইলে পারস্য নিরপেক্ষ ছিল। কিন্তু ১৯৪১, জুন মাসে জারমানির নাৎসি বাহিনী সোবিয়েত রুশ আক্রমণ করায় পরিবেশের সম্পূর্ণ পরিবর্তন হইয়া গেল। এই সময়ে বহু জারমান পারস্য সরকারের কর্মে লিপ্ত ছিল। তাহাদের বরখাস্ত করা সম্বন্ধে মতভেদ দেখা দিলে সোবিয়েত ও ব্রিটিশ সৈন্য পারস্যে প্রবেশ করিয়া রেজা খানকে সিংহাসন ত্যাগ করিতে বাধ্য করিল। মিত্রশক্তি রেজা খানের পুত্রকে 'শাহ' পদ দান করিয়া পারস্যকে শক্তিচক্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিতে বাধ্য করিল। তেহেরানে রুশ, ইংরেজ ও মার্কিন রাষ্ট্র-নেতারা মিলিত হন (১৯৪৩ নভেম্বর ২৮-১ ডিসেম্বর)। পারস্যের মধ্য দিয়া রুশকে সাহায্য করিবার জন্য যুদ্ধের রসদপত্র সরবরাহের ব্যবস্থা হইল। এই যুদ্ধ-সরঞ্জাম সময়মত নিয়ত ধারায় পারস্যের মধ্য দিয়া কাস্পিয়ান হ্রদের তীর পর্যন্ত প্রেরিত হওয়ায় সোবিয়েতের পক্ষে নাৎসিদের সহিত যুদ্ধ চালনা সহজসাধ্য হয়। যুদ্ধান্তে ব্রিটিশ সৈন্য পারস্য ত্যাগ করে। সোবিয়েত সৈন্যবাহিনী ১৯৪৬-এর পূর্বে এই রাজ্য ত্যাগ করে নাই। এই সময়ের মধ্যে 'তুদে' বা কম্যুনিষ্ট দল দেশে গঠিত হইয়াছিল। ...১৯৪৯, ফেব্রু. ৪) তুদে দলের এক যুবক ইরানের শাহকে হত্যার চেষ্টা করিলে ঐ দলকে বে-আইনী ঘোষণা করা হয়।

১৯৫১, মার্চ মাসে ইরান মজলিশ পারস্যের পেট্রোল খনি রাষ্ট্রায়িত করিবার প্রস্তাব গ্রহণ করে। আংলো-ইরানীয় অয়েল কোম্পানী ব্রিটিশদের; উহা রাষ্ট্রায়িত হওয়ায় ইংরেজেরা সালিশী চাহিল, হেগের অন্তর্জাতিক বিচারালয়ে অভিযোগ করিল। কিন্তু প্রধান মন্ত্রী ডাঃ মোসাদ্দেক কোনো প্রকার আপোষ করিলেন না। মোসাদ্দেক শাহর ক্ষমতা খর্ব করিবার জন্য চেষ্টা করিয়াছিলেন। হঠাৎ মোসাদ্দেক

বরখাস্ত হইলেন ও শাহের আদেশে জেনারেল জাহেদি প্রধান মন্ত্রী নিযুক্ত হইলেন। এমনকি মোসাদ্দেক দেশদ্রোহী বলিয়া তাঁহার বিচার হইল। এখন আবাদানের তৈল শোধন কারখানা খুলিয়াছে ও ব্রিটিশ সরকারের সহিত রাষ্ট্রসম্বন্ধ পুনঃপ্রতিষ্ঠ হইয়াছে (১৯৫৪, অগস্ট)।

ইরানের মুসলমানরা শিয়া সম্প্রদায়ভুক্ত ; কুর্দরা সুন্নি। বাহাই ধর্মী প্রায় ১০ লক্ষ। ইহাদের উপর ইরানী মুসলিমরা অমানুষিক অত্যাচার করে। পার্সি ধর্মী মাত্র ১৪,০০০ এখনো ইরানে বাস করে।...শিক্ষা অধুনিকভাবে প্রদত্ত হইতেছে। তেহেরানে বালিকাদের জন্য ফরাসীদের স্কুল আছে। তেহেরান ও তাব্রিজে বিশ্ববিদ্যালয়। ইস্পাহান, মেসেদ, সিরাজে ইউনিভার্সিটি কলেজ আছে।

**ইরান্দোল** (Erandol): বোম্বাই রাজ্য ; পূর্ব খানদেশ জে.র তালুক ও শহর ; সুরাট-ভুসাবল রেলপথের ই. রোড স্টেশনের (১৭৬ মা) দক্ষিণে অবস্থিত ; ভুসাবল হইতে পূর্বে ৩৬ মা। জন. ১৫,০৪২। সমবায় ব্যাংক।

**ইরাবতী** (Irawadi): (১) বর্মা দেশের নদী (১৩০০ মা)। মান্দালয়, আভা, পাগান, প্রোম (শ্রীক্ষেত্র) প্রভৃতি প্রাচীন নগরগুলি এই নদীর তীরে অবস্থিত। উত্তর বর্মায় সাগাইঙ-এর কাছে একমাত্র সেতু ১৯৩৪-এ নির্মিত হয়। জাপানীদের আক্রমণের সময়ে উহা ধ্বংস হয়। চা'উ, ইনানজং প্রভৃতি পেট্রোলিয়াম খনিকেন্দ্র এই নদীতীরে। মোহনা হইতে ভামো (৯০০ মা) পর্যন্ত নাব্য।

—(২) পঞ্জাবের সিন্ধু নদের উপনদী, রাবির নাম। (দ্র. সিন্ধুনদ)

**ইরি** (Erie): উ. আমেরিকার হ্রদ। ২৬০ মা দীর্ঘ, ৬০ মা প্রস্থ। নায়াগ্রা নদী ইহা ইহতে বাহির হইয়া অন্টারিও হ্রদে যাইবার পথে নায়াগ্রা প্রপাত (দ্র.)। হাডসন নদী হইতে ইরি হ্রদ পর্যন্ত ৩৬১ মা দীর্ঘ খাল নির্মিত হওয়ায় জলপথে আন্তর্বাণিজ্যের প্রসার হইয়াছে।

**ইরিত্রিয়া** (Eritria): ইতালীর ভূতপূর্ব কলোনি। লোহিতসাগরের উপকূলে (৬৭০ মা), সুদান ও ইথিওপিয়ার সংলগ্ন দেশ। আ. ৪৮,৩৫০ ব মা। জন. প্রায় ১০ লক্ষ। ১৮৭০-এ ইতালীয়রা স্থানীয় কোনো সুলতানের নিকট ইহতে আসাব (Assab) নামে সমুদ্রতীরস্থ বন্দর ক্রয় করিয়াছিল। ১৮৮৫-অব্দে ব্রিটিশদের সহিত পরামর্শ করিয়া তাহারা এই দেশ অধিকার করে। ১৮৮৯-এ কলোনি বলিয়া ঘোষিত ও পর বৎসর ইরিত্রিয়া নামাকরণ হয়। মহাযুদ্ধে ইতালীর পরাজয়ের পর রাষ্ট্র সংঘ (U. N.)-র নির্দেশে ব্রিটিশ শাসনাধীনে থাকে। পরে চুক্তি অনুসারে ইথিওপিয়ার অন্তর্গত হইয়াছে (১৯৫০ ডিসেম্বর)।

**ইরিনজলকুড** (Irinjalakuda): তিরু-কোচীন রাজ্যের শহর, ব্যবসায়ের কেন্দ্র ; বড় ৭টি ব্যাংক আছে। জন. প্রায় ২০ হা। অরনাকুলম হইতে ২৫ মা উত্তরে।

**ইরোদ** (Erode): মদ্রাজ রাজ্য ; কোয়াম্বটুর জে.র তহশীল ও মি. শহর। মদ্র.- মঙ্গলুর রেলপথের জং স্টেশন (২৪৫ মা) ; এখান হইতে শাখা-রেল তিরু-চিরপল্লী (৮৮ মা) পর্যন্ত গিয়াছে ; কোচীন, কালিকট প্রভৃতি বন্দরে যাইবার এই পথ। শহরের নিকটে কাবেরী নদী ; কাবেরীর শাখা ভবানী নদীতে বাঁধ দিয়া জলাশয় করা হইয়াছে (দ্র. ভবানী)। ভবানী শহর ৯ মা উত্তরে। ইরোদের জন. ৫৭,৫২৭। ৯টি ব্যাংক: স্টেট, কানাড়া, ইন্ডিয়ান, ইন্ডো-কমার্স, কারুর বৈশ্য, সেনট্রাল।

**ইলকাল** (Ilkal): বোম্বাই ; বিজাপুর জে.র হুংগুণ্ড (Hungund) তালুকের শহর ও ব্যবসায়ের কেন্দ্র। বাগাল-কোট স্টেশন হইতে মোটর পথে মালপ্রভা নদী পার হইয়া হুংগুণ্ড হইয়া ইলকালে পৌঁছাইতে হয়। জন. ২০,৭৪৭। বিজা. সমবায়, বিজা.-সোলাপুর ইউনিয়ন ব্যাংক।

**ইলাম** (Elam): পারস্যের দক্ষিণস্থিত প্রাচীন দেশ ; পার্বত্য হইলেও কারুন (Karun) নদী ধৌত অংশ উর্বর ছিল। এখানে সুসা প্রভৃতি প্রসিদ্ধ নগরীর ধ্বংসাবশেষ আছে। অসুরীয়রা এই দেশ অধিকার ও ধ্বংস করে (খ্রী পূ. ৬৪০)। ইলামীয় ভাষা প্রতিবেশী ভাষাবর্গ হইতে পৃথক ; বাবিলনীয় তীরাক্ষর লিপিতে লিখিত হইত।

**ইলামবাজার** (Ilambazar) : বীরভূম জেলা ; সিউড়ী মহকুমার থানা ও গ্রাম। অজয় নদীর তীরে। বোলপুর হইতে ১২ মা। এখানে অজয়ের উপর কনক্রীটের সেতু নির্মিত হইতেছে। পানাগড় হইতে ই. পর্যন্ত পথের সংস্কার ও অজয়ের উপর সেতু নির্মাণ কার্য শেষ হইয়া গেলে এই স্থানের উন্নতি হইবে। এক সময়ে এই গ্রাম সমৃদ্ধ ছিল ; নীলচাষ ও গালার খেলনার জন্য বিখ্যাত ছিল। এই সময়ের নির্মিত কয়েকটি মন্দির আছে। …থানার জনসংখ্যা ৪৮,২৮৯। বিশ বৎসরে মাত্র ১.৬% বৃদ্ধি। ঘ. ৪৮।—গ্রামের জন. ৮২০। এখানে হাসপাতাল, ডিস্‌পে., প্রাথমিক স্কুল, হাইস্কুল, ডাকঘর আছে। বোলপুর হইতে উত্তম পাকা রাস্তা ইলাম. হইয়া সিউড়ী পর্যন্ত গিয়াছে (৪২ মা)।

**ইলাহাবাদ** (Allahabad): উত্তরপ্রদেশ রাজ্যের জেলা ; উ.—প্রতাপগড় ; পূ.—জৌনপুর ও মীর্জাপুর ; দ.—বিন্ধ্যপ্রদেশ ; প.—বাঁদা ও ফতেপুর জেলা। এই জেলার মধ্য দিয়া গঙ্গা ও যমুনা প্রবাহিত, সঙ্গমস্থলে প্রাচীন প্রয়াগতীর্থ ও আধুনিক ইলাহাবাদ নগর। সমতল উর্বরভূমি ; বৃষ্টিপাত ৩৮"। আ. ৩৮৫২ ব মা। জন ২০.৪৮ লক্ষ।…৮ তহশীল। ইলাহাবাদ নগর হইতে জেলার নামকরণ। ১৫৭৫-এ বাদশাহ আকবর শাহ গঙ্গা-যমুনার সঙ্গমস্থলের সামরিক গুরুত্ব বিবেচনা করিয়া সেখানে এক কেল্লা নির্মাণ করেন ও কালে উহা এক সুবার কেন্দ্র হয়। ১৭৪৭-এ অযোধ্যার নবাব এই অঞ্চলের মালিক হন। বক্সারের যুদ্ধের পর ইলাহাবাদ ও কারা জেলাদ্বয় ইংরেজরা নবাবের নিকট হইতে আদায় করিয়া বাদশাহ শাহ আলমকে দান করে। ও. হেস্‌টিংস কিছুকাল পরে শাহ আলমের নিকট হইতে জেলাদ্বয় কাড়িয়া লইয়া ৫০ লক্ষ টাকায় অযোধ্যার নবাবকে বিক্রয় করেন। কিন্তু সে-ব্যবস্থা স্থায়ী হইল না ও ১৮০১-এ ইংরেজ এ অঞ্চল স্থায়ীভাবে অধিকার করিয়া বসে। ১৮৩৪-এ উত্তর-পশ্চিম প্রদেশ গঠিত হইলে ই. রাজধানী হয়। পরে লখনউ সরকারীভাবে রাজধানী হইলেও হাইকোর্ট, বিশ্ববিদ্যালয় (১৮৮৬) প্রভৃতি ই.-এ থাকিয়া যায়।

**ইলাহাবাদ** : উত্তর প্রদেশের প্রধান নগর। উ. প্র.র হাইকোর্ট এখানে অবস্থিত। কলিকাতা-কালকা রেলপথের জং স্টেশন (৫০৫ মা) ; শের শাহ সড়ক (Grand Trank Rd) নগরের মধ্য দিয়া গিয়াছে। • ই. জংশন হইতে রেলপথ জবলপুর, ইতারসি হইয়া ভুসাবলে কলিকাতা-বোম্বাই রেলপথের সহিত মিলিত হইয়াছে।…এখান হইতে উত্তরে লখনউ প্রভৃতি স্থানে যাইবার রেল আছে ; কানপুর-কাটিহার মিটার লাইন এখান দিয়া গিয়াছে।

বিশ্ববিদ্যালয় ১৮৮৬ প্রতিষ্ঠিত ; ১৯২১ হইতে নূতনভাবে গঠিত হইয়া আবাসিক ; ১০ বর্গ মাইলের মধ্যে ৩ কলেজ বিশ্ববিদ্যালয়ের অঙ্গরূপে স্বীকৃত।… হিন্দী প্রচারের বিশেষ কেন্দ্র ; হিন্দী সাহিত্য সম্মেলন বিরাট প্রতিষ্ঠান। প্রকাশন কার্যে এই নগর অগ্রণী। লীডার, অমৃতবাজার পত্রিকা (ইংরেজি দৈনিক) ; হিন্দী, উর্দু বহু কাগজ।…..জন. ৩, ৩২, ২৯৫। এখানে ৫টি প্রধান ব্যাংকের অপিস আছে : স্টেট, সেন্ট্রাল, ইলাহাবাদ, পঞ্জাব ন্যাশনাল, ইউনাইটেড, ইউনা. কমার্স।

**ইলাহাবাদ বিভাগ** (Allahabad Division) : উত্তর প্রদেশ রাজ্যের বিভাগ। অন্তর্গত জিলা : ইলাহাবাদ, ফরক্কাবাদ, কানপুর, ফতেপুর, এটোয়া। দশহাজারের উপর গ্রাম, ৫১ টি শহর (জন. ৬৯.৬০ লক্ষ)।

**ইলিচপুর** : বর্তমান নাম অচলপুর (দ্র.)।

**ইলিনয়স** (Illinois) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৬৭৩ ফরাসীদের দ্বারা আবিষ্কৃত। ১৮১৮ ইউনিয়ন অন্তর্গত হয়। আ. ৫৬,৪০০ ব মা। জন. ৮৭.১৩ লক্ষ ('৫০)। এই স্টেটে বহুবিধ সামগ্রী প্রস্তুতের পর্যাপ্ত কাচামাল ও শিল্প প্রতিষ্ঠান বা কারখানা (১৫০০) আছে। পৃথিবীর মধ্যে বৃহত্তম আয়ুধাগার (arsanel) এই স্টেটের এক দ্বীপে সজ্জিত। কৃষিপ্রধান দেশ হইলেও কয়লার পুঁজিতে তৃতীয় স্টেট। স্প্রিংফীল্ড রাজধানী ; এখানে লিংকনের সমাধিসৌধ আছে। শিকাগো (দ্র.) প্রধান শহর। ইলিনয়স বিশ্ববিদ্যালয়ে সহস্রাধিক অধ্যাপক ও ১৫ হাজারের উপর ছাত্র।

**ইলোরা, এলোরা, এল্লরা** ( Ellora ) : হায়দরাবাদ রাজ্যের অউরঙ্গাবাদ শহর হইতে ১৫ মা দূরে পর্বত-খোদিত গুহামন্দির। মন্দিরগুলির মধ্যে ১৭ হিন্দু, ১২ বৌদ্ধ ও ৫ জৈন। হিন্দুমন্দিরে মহিষমর্দিনী, অক্ষক্রীড়ারত শিব-পার্বতী, নরকপাল শোভিত ভৈরব" প্রভৃতির ভাস্কর্য অতি মনোরম। একটি মন্দিরের নাম কৈলাস; সেটি রাষ্ট্রকূটদের সময়ে খোদিত। বৌদ্ধ গুহাগুলি প্রাচীনতম (৩৫০—৭৫০)। খোদিত অংশের প্রসার প্রায় এক মাইল দীর্ঘ।......ইলোরা স্টেশন, কলিকাতা-বোম্বাই রেলপথের মানমদ জং (১১৭৯ মা) হইতে শাখা লাইনে ৫৫ মা।

**ইস্তাম্বুল** ( Istanbul ) : কনস্টান্টিনোপলের তুর্কী নাম। ১৪৫৩ হইতে ১৯২৪ পর্যন্ত তুর্কীর রাজধানী। কৃষ্ণসাগরের প্রবেশ পথে অবস্থিত বলিয়া প্রাচীনকাল হইতে নগরীর সামরিক বৈশিষ্ট্য সকলের দ্বারা স্বীকৃত হইয়া আসিতেছে। তুর্কীদের দ্বারা অধিকৃত হইবার পর কনস্টান্টিনোপলের বিখ্যাত সেন্টসোফিয়ার চার্চ মসজিদে পরিণত হয়। ১৯২৪-এ রাজধানী আঙ্কারায় স্থানান্তরিত হইলেও তুর্কীর বহির্বাণিজ্যর শতকরা ৬০ ভাগ ইসতা.র মধ্য দিয়া গতায়াত করে। জন. ১০ লক্ষের উপর। (দ্র. কনস্টান্টিনোপল)।

**ইস্পাহান** ( Ispahan ) : [অস্পস্তান, অশ্বস্থান] ইরানের নগর। তেহারন হইতে ২০০ মা দক্ষিণে। শাহ আব্বাস (১৫৩৩—১৬২৮)-এর সময় এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ নগরী। এখানকার গালিচা, কার্পেট বিখ্যাত। জন ১·৯২ লক্ষ ('৫০)। বিমান বন্দর। বাণিজ্য কেন্দ্র।

**ইস্রায়েল** ( Israel, Yisrael ) : এশিয়া মহাদেশের পশ্চিম প্রান্তে ভূমধ্যসাগরের পূর্বদিকে অবস্থিত রিপাবলিক। ইহার উত্তরে সীরিয়া,; পূর্বে জর্দনরাজ্য, দক্ষিণে মিশরের সিনাই প্রদেশ। আ. ৮,০৫০ ব মা। ফিলিস্তান ( Palestine ) বলিতে যে-দেশ বুঝায় তাহার মূল আয়তন ছিল ১০,৪৩৯ ব মা। ইহার কিয়দংশ কাড়িয়া জর্দন ও মিশরের অন্তর্গত হইয়াছে। ইস্রায়েলের জন. ১৬,৭৬,০০০ ('৫৪); ইহার মধ্যে ১৪-৮৮,০০০ ইহুদী। গত ত্রিশ বৎসরের মধ্যে বিদেশাগত ইহুদী হইতে সংখ্যা বৃদ্ধি হইয়াছে। ১৯১২-এ ফিলিস্তানে ৭,৫২,০০০ লোকের মধ্যে ইহুদী ছিল মাত্র ৮৩,৭০০। ইহুদী-আরব সংঘর্ষের ফলে ১৯৪৮—৪৯-এ প্রায় ৬ লক্ষ আরবীয় মুসলমান ইসরায়েল ত্যাগ করিয়া অন্যত্র গিয়া বাস করিতে বাধ্য হয়। রাষ্ট্রের সরকারী ভাষা হীবরু; তবে আরবী ভাষা বহুল পরিমাণে ব্যবহৃত হয়। আরবরা সকল কাজ-কর্ম আরবী ভাষায় করিতে পারে; এমনকি রাষ্ট্র সভায় ( Knesset ) আরবীতে বক্তৃতাদি করিতে পারে; তাহার দ্রুত তর্জমার ব্যবস্থা আছে।

এখানকার পার্লামেন্টকে Knesset Israel বলে; সদস্যসংখ্যা ১২০; প্রেসিডেন্ট ও প্রধান মন্ত্রী ক্যাবিনেটের সাহায্যে শাসনকার্য পরিচালনা করেন।

রাজধানী জেরুসালেম ( Jerusalem ; ১,৪৩,৫০০ ); ইহার কিয়দংশ জর্দন-অন্তর্গত। প্রধান শহর ও বন্দর তেল আবিব (Tel-aviv ; ৩,৫৪,০০০)।

বহু যুগ হইতে ফিলিস্তান (দ্র.) ইহুদীদের বাস-ভূমি। বাইবেলের অধিকাংশ কাহিনী এই স্থানের মাটির সহিত জড়িত। ইহুদীদের গৌরবময় যুগের অবসানে অসীরিয়া, বাবিলনীয়া ও পারস্য-দ্বারা পরে পরে অধিকৃত হয়। আলেকজেনদার ও তৎপরবর্তী গ্রীক বা হেলেনিকদের অধীনে ইহারা দীর্ঘকাল থাকে। সেই সময়ে গ্রীক ভাষা ও সংস্কৃতি লোকে আয়ত্ত করে। খ্রী. পূ ৬৫-অব্দে রোমানরা এই দেশ জয় করে ও ৬০০ বৎসর তাহাদের শাসনাধীনে ইহুদীরা বাস করে। রোমান শাসন পর্বের অবসানে আরবরা এতদঞ্চলের মালিক হয় (৬৩৪)। অতঃপর প্রায় ৪০০ বৎসর পরে পবিত্র জেরুসালেম নগর উদ্ধারের জন্য ইউরোপীয় খ্রীষ্টানের দল মুসলীম তুর্কদের সহিত দীর্ঘকাল ব্যাপী যে যুদ্ধে ব্যাপৃত থাকে, ইতিহাসে তাহা ক্রুজেদ নামে খ্যাত। ক্রুজেদের অধিকাংশ ঘটনার ক্ষেত্র ফিলিস্তান বা ইস্রায়েল। অতঃপর এই সব অঞ্চল ওসমানলি তুর্কদের অধীন হয়; এবং ১৯১৭ পর্যন্ত তুর্কীরাই এখানে প্রভুত্ব করে। প্রথম মহাযুদ্ধের সময় তুর্কী-জারমানদের মিলিত সৈন্যবাহিনী ইংরেজ-সেনাপতির নিকট পরাভূত হইলে ব্রিটিশরা

কার্যত এখানে মালিকানা করিবার অধিকার লাভ করে। সরকারী ভাবে ১৯২৩-এ তাহারা ফিলিস্তানের ম্যানডেট শাসনভার পায়। তখন স্থির হয় যে ২৫ বৎসর পরে ম্যানডেট-পর্ব শেষ হইবে।• ...ইতিমধ্যে মহাযুদ্ধের সময় (১৯১৭, নভেম্বর) ইংরেজরা ঘোষণা করিয়াছিল যে (Balfour Declaration) ফিলিস্তান ইহুদীদের ভাবী রাষ্ট্র। আরবরা এই ঘোষনার বিরুদ্ধে অভিযান সুরু করে। ইংরেজরা এই যুদ্ধের সময় একই সঙ্গে আরবদিগকে তোষণ করিবার জন্য তাহাদের জাতীয়তাবোধ উদ্বুদ্ধ করিতেছিল এবং তাহাদের দেশের মধ্যে ইহুদীরা আসিয়া বাস করিবে বলিয়া সুপারিশও করিতেছিল।

এদিকে ১৯৩২ হইতে জারমানি ও মধ্য ইউরোপে হিটলার ও তাঁহার নাৎসিদলের ইহুদীপীড়ন অভিযান সুরু হয়। ফলে, ইহুদীরা দেশত্যাগ করিয়া ফিলিস্তানে আশ্রয় লইতে লাগিল। আরবরা এই উপনিবেশের ঘোর বিরোধী; প্রায়ই উভয় সম্প্রদায়ের মধ্যে দাঙ্গা হইতে লাগিল। ইংরেজ ২য় মহাযুদ্ধ বাঁধিবার কয়েক মাস পূর্বে ১৯৩৯, মে মাসে ফিলিস্তানে ইহুদী রাজ্য সংগঠনের পক্ষে মত দিল। ...২য় মহাযুদ্ধের সময় আরব-ইহুদীদের কোনো পক্ষই যুদ্ধের জন্য ভাগাভাগি বা রক্তারক্তিতে মন দিতে পারে নাই। কিন্তু যুদ্ধ শেষে ১৯৪৬ হইতে উভয় সম্প্রদায় গুণ্ডামি, গুপ্তহত্যা ও মারামারিতে প্রবৃত্ত হইল। ...এদিকে পূর্বের চুক্তিমতে ২৫ বৎসর পর ব্রিটিশরা ম্যানডেট-দায়িত্ব ত্যাগ করিয়া ১৯৪৮, মে মাসে সৈন্য-বাহিনী সরাইয়া লইয়া গেল। ইহুদীরা ইস্রায়েলে স্বাধীন রাষ্ট্র ঘোষণা করিল।

ইস্রায়েলের এই রাষ্ট্র সংস্থাপনাকে কোনো মুসলীম স্টেটই সুনজরে দেখিল না। জর্দনের সঙ্গে তো ফিলিস্তানের ভাগাভাগি হইয়া গিয়াছে। এবার মিশরও ইহুদীদের বিরুদ্ধে গেল। ফলে রাষ্ট্রসংঘের নিকট সমস্যা পেশ হইল। তাহারা শান্তির জন্য নানা প্রকার উপায়-উদ্ভাবন করিল; কিন্তু কোনোটাই উভয় পক্ষের মনোমত হয় না। অবশেষে রাষ্ট্রসংঘ প্রায় জোর করিয়া সাময়িকভাবে উভয় পক্ষকে যুদ্ধে প্রতিনিবৃত্ত হইতে বাধ্য করিয়াছে। এখন এই বিবাদ দাঁড়াইয়াছে প্রধানত মিশর ও ইস্রায়েলের মধ্যে। এমনকি বলা যাইতে পারে এক পক্ষে ইস্রায়েল একা, অন্যদিকে আরব-লীগ। এই লীগের চাপে বানদুং-এ (যব দ্বীপ) ১৯৫৫ এপ্রিলে যে আফ্রো-এশিয়ান সম্মেলন হয়, তাহাতে ইস্. নিমন্ত্রিত হয় নাই, অথচ ইহারাও এশিয়ান এবং জগতের সর্বত্র নিপীড়িত।

ইস্রায়েলের প্রধান উপজীবিকা কৃষি। ফল, সবজি, গম, যব, তিল প্রভৃতি বহুবিধ খাদ্যফসল ছাড়া তামাক লেবু প্রভৃতি রপ্তানির জন্য এই দেশ উৎপন্ন করিতেছে। শিল্প দ্রুত উন্নতি লাভ করিতেছে। শিক্ষায় ও উন্নততম স্বাস্থ্যবান জীবনযাত্রায় ইহারা অগ্রসর। উচ্চ শিক্ষার জন্য জেরুসালেমে হীবরু বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছে।

**ইসাখেল** (Isakhel): পাক-পঞ্জাব; মিয়ানওয়ালী জে.র তহশীল ও শহর, সিন্ধুনদের পশ্চিমে অবস্থিত। দাউদখেল-বান্নু (১৩৮) রেলপথের স্টেশন (৫০ মা)। মিয়ান. হইতে ১৫ মা. উ.-পশ্চিমে। জন. ৭,৯৩১।

**ইসস** (Issus): প্রাচীন এশিয়া মাইনরের বন্দর। ভূমধ্য-সাগরের খাড়ির ভিতর অবস্থিত। এইখানে আলেক-জেন্দার পারাসিকদের যুদ্ধে পরাভূত করেন (৩৩৩ খ্রী. পূ.)।

**ঈশ্বরদি** (Isvardi): পূ. পাকিস্তান; পাবনা জেলার শহর; পদ্মাতীরে সারাঘাটের ২ মা দ.-পূর্বে। কলিকাতা-হলদিবাড়ি রেলপথের স্টেশন (১২৫ মা)। এই জংশন হইতে সিরাজগঞ্জ লাইন ব্রহ্মপুত্র তীর পর্যন্ত গিয়াছে। পাবনা মোটরযোগে যাইতে হয় (১৮ মা)।

**ঈশ্বরগঞ্জ** (Isvarganj): পূ. পাক; ময়মনসিংহ জে.র সদর মহ.র থানা, গ্রাম, ডাকঘর; রেজি.-অফিস (১৯১১)। ময়.-ভৈরব বাজার রেলওয়ের স্টেশন (২৮ মা)। থানার আ. ২০২ ব মা।

**ঈশ্বরপুরী** (Isvarapuri): পূ. পাক.; খুলনা জে.র গ্রাম। সাতক্ষীরা হইতে ৪০ মা দক্ষিণে যমুনা ও ইছামতীর

সঙ্গমস্থলের নিকট ঈশ্বরপুরী গ্রাম হইতেছে প্রাচীন যশোহর; প্রতাপাদিত্যের রাজধানী। ৮-১০ মা দক্ষিণে উক্ত নদীদ্বয়ের সঙ্গমস্থলে ধুমঘাট নামে নূতন নগরী স্থাপন করিয়া প্রতাপাদিত্য তাঁহার অভিষেক সম্পন্ন করেন। জঙ্গলের মধ্যে তীরকাটি নামক স্থানে ধুমঘাটের ধ্বংসাবশেষ অবস্থিত। ঈশ্বরপুরী হইতে ধুমঘাট পর্যন্ত সমস্ত অঞ্চলই সেকালে যশোহর নামে পরিচিত ছিল।

**ঈস্ট আফ্রিকা** ( East Africa ): এই নামে কোনো রাজ্য বা দেশ নাই। তবে কেনিয়া, টাংগানিকা প্রভৃতি ভূখণ্ডকে এই সাধারণ নামে অভিহিত করা হয়। পূর্বতন জারমান ঈ. আ.র উত্তরে ছিল ব্রিটিশ ঈ. আফ্রিকা ও দক্ষিণে ছিল মোজাম্বিক। এখানে ১৮৮৪-এ জারমানদের আধিপত্য আরম্ভ হয়। ১৯১৪-এ ১ম মহাযুদ্ধের সময় ইংরেজরা সে দেশ দখল করে।

**ঈস্ট ইন্‌ডিয়ান রেলওয়ে** (East Indian Railway): সংক্ষেপে ঈ-আই-আর (E I R)। ১৮৫৪, ১৫ অগস্ট ঈ. ইন্. রেলওয়ে কোম্পানি নামে একটি ব্যবসায়ীসঙ্ঘ হাওড়া হইতে হুগলি পর্যন্ত ২৩ মা রেলপথ খোলে। ১৮৫৫-এ রানীগঞ্জ পর্যন্ত রেল যায়। ১৮৬৩ এই রেলপথ আসানসোলের নিকটবর্তী সিয়ারসোল পর্যন্ত যায়। ক্রমশ এই পথ আগাইয়া চলে। এদিকে উত্তর ভারতে যাইবার জন্য থানা হইতে লুপলাইন ১৮৫৯-৬০-র মধ্যে নির্মিত হয়। ১৯২৫-এ ভারত সরকার কোম্পানির নিকট হইতে এই রেলপথের ভার গ্রহণ করেন, কোম্পানির আমল শেষ হইল। এই বৎসরে আউধ-রোহিলাখণ্ড রেলওয়ে ( নির্মিত ১৮৯৯ ) ভারত সরকারের খাস তত্ত্বাবধানে আসে ও ঈ-আই-রেলের সহিত মিশাইয়া এক কর্তৃত্বাধীনে আনা হয়। ১৯৫০-এ ঈ.-আই-রেলপথ ছিল ৪৪১০ মা। মোট মূল ধন ১৯৮ কোটি ৫৪ লক্ষ টাকা। মোট আয় ৬০ কোটি, মোট ব্যয় ৪১·৭৭ কোটি; নিট লাভ ২২·০৯ কোটি টাকা। ইন্‌জিন ২০৮৩। যাত্রীগাড়ি ৫৫০৭। মাল-গাড়ি ৬৫,১৬৮। যাত্রী ২০·২১ কোটি। মালপত্র ৩·৩১ কোটি টন। কর্মী ২,১০,৪০৪। বর্তমানে এ নাম নাই। দ্র. ঈস্টার্ন রেলওয়ে।

**ঈস্ট ইন্‌ডিস** (East Indies): কলম্বাস আমেরিকার নিকটস্থ দ্বীপাবলী আবিষ্কার করিয়া প্রথমে ভাবিয়া-ছিলেন যে সেগুলি ভারতীয় দ্বীপপুঞ্জ। সেইহেতু দ্বীপপুঞ্জ Indies ও লাল আদিম মানুষকে Red-Indian বলা হয়। পরে ভুল ভাঙিলেও আমেরিকার দ্বীপগুলিকে পশ্চিম বা ওয়েস্ট ইন্‌ডিস ও ভারতের নিকটস্থ দ্বীপপুঞ্জকে পূর্ব বা ঈস্ট ইন্‌ডিস নাম প্রদত্ত হয়। ঈ. ই. বলিতে ভারতবর্ষ, ইন্‌দোচীন, মালয়, ইন্‌দোনেশিয়ান দ্বীপপুঞ্জ প্রভৃতি সমগ্রভাবে বুঝাইত।

**ঈস্টার দ্বীপ** (Easter Islands): প্রশান্ত মহাসাগরের মধ্যস্থিত চিলি রিপাবলিকের (Chile) অধিকারভুক্ত দ্বীপ; চিলি-উপকূল হইতে ২৩০৯ মা দূরে অবস্থিত। আ. ৫০ ব মা। এখানে আদিম যুগের প্রস্তর স্তম্ভে মনুষ্যাদির মূর্তি খোদাই আছে। কতকগুলি কাঠের পাটায় অজ্ঞাত লিপিতে (?) লেখা পুঁথি (?) আবিষ্কৃত হইয়াছে; কোনো কোনো পণ্ডিত মহেঞ্জোদড়োর লিপির সহিত মিল পাইয়াছেন; তবে তাহা সর্ববাদী-ভাবে গৃহীত হয় নাই।

**ঈস্টার্ন বেঙ্গল রেলওয়ে** (Eastern Bengal Railway): বাংলা দেশের মধ্যে রেলপথের নাম। এখন পশ্চিম বঙ্গের এই রেল অংশ ( ব্রড্‌গেজ্ ) ঈস্টার্ন রেলওয়ের অন্তর্গত। পূর্ব পাকিস্তানের রেল-পথের নাম হইয়াছে ঈ-বে-রেলওয়ে। ... ১৮৬২ অব্দে কলিকাতা শিয়ালদহ হইতে কুষ্টিয়া পর্যন্ত ১১১ মা রেলপথ নির্মিত হয়। ঢাকা যাইবার জন্য কুষ্টিয়াতে সেতু নির্মাণের প্রস্তাব হয়; কিন্তু পদ্মা সরিয়া গেলে এই পরিকল্পনা পরিত্যক্ত হয়। ১৮৬২-৬৩ ক্যানিং, ১৮৭১ গোয়ালন্দ ও ১৮৮৪ ডায়মন্‌ড হারবার পর্যন্ত রেলপথ খোলা হয়। ১৮৮৪ এই রেলওয়ে ভারত সরকারের হাতে আসে; তখন নাম হয় ঈ-বে-স্টেট-রেলওয়ে (EBSR)। ১৯১৫ স্টেট শব্দ উঠাইয়া দেওয়া হয়। ঐ বৎসর পদ্মার উপর সাড়া ব্রীজ নির্মিত হয়। ১৯৩৮-এ ঈ. বি. আর-এর রেলপথ ছিল ১৭১৭ মা। ( ব্রড্‌গেজ )। উত্তর বঙ্গে ১৩৪৩ মা মিটার গেজ ও সরু রেলপথ ৪০ মা। যাত্রী সংখ্যা ৪ কোটির উপর।

**ঈস্টার্ন বেঙ্গল রেলওয়ে** (Eastern Bengal Ry): ১৯৪০-এ ভারত বিভাগের পর এই রেলপথের অনেক পরিবর্তন হইয়াছে। কলিকাতা (শিয়ালদহ) হইতে শিলিগুড়ি পর্যন্ত যে ব্রড-গেজ লাইন ছিল, তাহার দর্শনা স্টেশন পর্যন্ত প্রথম ৬৯ মা এখন ভারতীয় পূর্ব-রেলপথের (E. Ry) মধ্যে পড়িয়াছে। দর্শনার পরবর্তী স্টে. বানপুর (পাক) হইতে চিলহাটি (হলদিবাড়ি [ভারত]-র আগের স্টেশন) পর্যন্ত ২২৫ মা ঈ. বি. রেল বা পাকিস্তান রেলের অন্তর্গত। হলদিবাড়ি হইতে শিলিগুড়ি পর্যন্ত অংশ নর্থ-ঈস্টার্ন রেলের মধ্যে গিয়াছে। ৪ হা এখন মিটার গেজ। কলিকাতা হইতে বনগাঁ পূর্ব-রেলপথ এবং বাকি ব্রডগেজ পথ ও আসাম-রেলপথের অংশ পূর্ব পাকিস্তানের মধ্যে ঈ. বি. রেলওয়ে নামে পরিচিত। প্রধান অফিস— চট্টগ্রাম।

**ঈস্টার্ন রেলওয়ে** (Eastern Railway): ভারত স্বাধীন হইবার পর ভারতীয় রেলপথগুলিকে নূতনভাবে বিভক্ত করা হইয়াছে; ৭টি আঞ্চলিক-মণ্ডল (Zone) এর মধ্যে ঈ. রেলওয়ে অন্যতম। ইহার অফিস কলিকাতা (এসপ্লানেড্ ম্যানশনস)। বিভাগীয় মণ্ডল :—কলিকাতা (খড়গপুর ও খুরদা ডিস্ট্রিক্ট ২টি), শিয়ালদহ, হাওড়া, দানাপুর, ধানবাদ, আসানসোল। নিম্নের রাজ্যগুলির মধ্যে এই রেলওয়ে আছে :— প. বঙ্গ, বিহার, বিন্ধ্য-প্রদেশ, মধ্যপ্রদেশ ও উত্তর প্রদেশ। ১৯৫৫-এ ঈ. রেলওয়ে মণ্ডল ভাগ করিয়া দক্ষিণ-পূর্ব রেলওয়ে মণ্ডল সৃষ্টি করা হইয়াছে। (দ্র. দক্ষিণ-পূর্ব রেলপথ)।

**ঈস্টার্ন পঞ্জাব রেলওয়ে** (Eastern Punjab Railway): পূর্বের নর্থ-ওয়েস্টার্ন রেলওয়ে ১৯৪৭-এ পাকিস্তানের সহিত ভাগাভাগি হইলে পূর্ব পঞ্জাবের রেলপথের এই নূতন নাম হয়। রেলপথের দৈর্ঘ্য ১৮৮৭ মা (সরু রেল ১২৭ মা)। ১৯৫২ হইতে এই রেল অংশ নর্দার্ন রেলওয়ে জোন অন্তর্গত।

**ঈস্টার্ন স্টেটস এজেন্সি** (Eastern States Agency): ১৯৩৩, এপ্রিল হইতে বিহার-ওড়িশার ২৬টি ও মধ্যপ্রদেশের ১৪টি করদরাজ্যের শাসন-তদারকের ভার গবর্নর-জেনারেলের প্রতিনিধির (agent) উপর ন্যস্ত হয়। এজেন্টের কেন্দ্রীয় অফিস রাঁচিতে ছিল। ইহার অধীন দুই জন পোলিটিক্যাল এজেন্ট :—একজন ওড়িশার রাজ্যগুলির তত্ত্বাবধায়ক, তাঁহার অফিস ছিল সম্বলপুরে; দ্বিতীয়জন মধ্যপ্রদেশের রাজ্যগুলির ভারপ্রাপ্ত, তাঁহার অফিস রায়পুরে (ম. প্র.); পরে ত্রিপুরা ও কোচবিহার ইহার সহিত যোগ করিয়া দেওয়া হয় এবং এজেন্টের অফিস কলিকাতায় স্থানান্তরিত করা হয়। আয়তন ৫৯,৬৮০ ব মা; জন. ১,৬৮,৬৭,০০০ ('৪১)। মোট দেয় কর ছিল ৩,৩৫,৫৪৯ টাকা। ঈস্টার্ন স্টেটস এজেন্সির অন্তর্গত করদ রাজ্যের নাম :— এগুলির মধ্যে ২৪টি ওড়িশার, ২টি বিহারের অন্তর্গত হইয়াছে :— ওড়িশার অন্তর্গত —আঠগড়, আঠমল্লিক, বামরা, বরম্বা, বাউদ, বোনাই, দশপাল্লা, ঢেংকানাল, গাংপুর, হিন্দোল, কালাহাণ্ডী, কেওনঝাড়, খন্দপাড়া, খরসোয়ান, নরসিংহপুর, নয়াগড়, নীলগিরি, পাললহারা, পাটনা, রায়রাখোল, রামপুর, শোনপুর, তালচের, টিগিরিয়া, ময়ূরভঞ্জ। মোট আ. ২৭,৬৭১ ব মা। জন. ৫০·৩৯ লক্ষ। ২৩টি রাজ্যের আয় ছিল ৯৮·৭৪ লক্ষ টাকা; ময়ূরভঞ্জের আয় ছিল ৪৬·৮৭ লক্ষ টাকা। বিহার অন্তর্গত :— সেরাই-কেল্লা, খরসোয়ান (১৯৪৮ মে)। (পৃথক নাম দ্রষ্টব্য)। আ. ৬২৩ ব মা; জন. ২·০৫ লক্ষ। আয় ৬·৪৫ লক্ষ টাকা। ঈস্টার্ণ স্টেটস এজেন্সির অন্তর্গত এই ১৪টি করদরাজ্য মধ্যপ্রদেশ ভুক্ত হইয়াছে : —বস্তার, চাংভাকর, ছুইখাদন, জশপুর, কাঁকর, কওয়ার্ধা, খয়রগড়, কোরিয়া, নন্দগাঁও, রায়গড়, শক্তি, সরণগড়, সুরগুজা ও উদয়পুর। (পৃথক নাম দ্র.)। আ. ছিল ৩১,৫৭৮ ব মা; জন. ২৮·২০ লক্ষ; আয় ৮৮·০৬ লক্ষ টাকা।

**উইন্ডওয়ার্ড দ্বীপপুঞ্জ** (Windward Island): ব্রিটিশ পশ্চিম ইন্ডিস অন্তর্গত দ্বীপাবলীর সাধারণ নাম। ডোমিনিকা, গ্রেনাডা, সেন্ট ভিন্সেন্ট, সেন্ট লুসিয়া লইয়া গঠিত কলোনী। প্রত্যেক দ্বীপের পৃথক অ্যাডমিনিস্ট্রেটর ও ব্যবস্থাপক সভা আছে। এই চারিটি কলোনীর গভর্নর তথা জঙ্গীলাট গ্রেনাডা দ্বীপে বাস করেন। সকল কলোনীর একটি সাধারণ আপীল আদালত। আ. ৮২১ ব মা।

জন. ২.৫২ লক্ষ। অধিবাসীরা বেশির ভাগ নিগ্রো ও মুলেটো বা সঙ্কর বর্ণ; শ্বেতকায় ২ শতাংশ মাত্র। কোকো, ইক্ষু, নারিকেলের চাষ হয়। সেণ্ট ভিন্‌সেণ্ট দ্বীপ পৃথিবীর আরারুট খাদ্য সরবরাহ করে।

**উইন্‌ডসর কাসেল** ( Windsor Castle ): ইংলন্ডের রাজাদের প্রাচীন প্রাসাদ। ১১ শতকে ১ম উইলিয়ম ( নর্মানডির ডিউক ) এই প্রাসাদের পত্তন করেন। বর্তমান প্রাসাদ শুরু হয় ১৪ শতকে। পরে রানী এলিজাবেথ, ২য় চার্লস, ৩য় জর্জ প্রাসাদে অনেক ঘর-বাড়ি যোগ করেন। ...১৯৩৬ এ ৮ম এডোআর্ড রাজপদ ত্যাগ করিলে তাঁহাকে ডিউক অব উইন্‌ডসর উপাধি দেওয়া হয়।

**উইন্‌ডহক** ( Windhock ): দক্ষিণ-পশ্চিম আফ্রিকার (দ্র.) রাজধানী ; ইহা দেশের মধ্যভাগে ( ৫,৫০০ ফুট উচ্চ ) অবস্থিত। জন. ১৩,০০০।

**উইনিপেগ** ( Winnipeg ) : কানাডার মনিটোবা ( Manitoba ) স্টেটের রাজধানী, পূর্ব নাম ফোর্ট প্যারি। জন. ২.৩৫ লক্ষ। বিশ্ববিদ্যালয়।

**উইলিংডন ব্রিজ** ( Willingdon Bridge ): হুগলি ভাগীরথী নদীর উপর কলিকাতার ৫ মা উত্তরে বালি স্টেশনের কাছে সেতু; ইহাই বঙ্গদেশের মধ্যে একমাত্র গঙ্গা সেতু যাহার উপর দিয়া রেলগাড়ি, অন্য যানবাহন ও পদচারী যাইতে পারে। হুগলির জুবিলি ব্রিজ কেবল-মাত্র রেলের জন্য ; কলিকাতার গঙ্গা পুল ট্রাক ও অন্যান্য যানবাহন ও পদচারীর জন্য। এই সেতুর উপর রেলপথ ও যানবাহনের জন্য পৃথক পথ আছে। সাতটি স্তম্ভ ৩৫০ফুট অন্তর। ৩ কোটি ৫৯ লক্ষ টাকা ব্যয়িত হয়। তৎকালীন বড়লাট লর্ড উইলিংডন কর্তৃক উন্মোচিত হয় ( ১৯৩১ )। বর্তমানে শিয়ালদহ হইতে অনেক ট্রেন এই সেতু দিয়া উত্তর ভারতে যাওয়া-আসা করে। ...ইহার লৌকিক নাম 'বালি ব্রিজ।' ইহার পূর্ব পারে দক্ষিণেশ্বর।

**উইস্‌কন্‌সিন্‌** ( Wisconsin ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৭৬০ প্রথম উপনিবেশ। ১৮৪৮ যুক্তরাষ্ট্র-ভুক্ত হয়। আ. ৫৬,১৫৪ ব মা। জন. ৩৪.৩৫ লক্ষ। অধিবাসীদের মধ্যে জারমান, পোল্‌, নরওয়িজান প্রভৃতির সংখ্যা বেশি। স্টেট কৃষিজাত উৎপন্নে ও খনিজ সম্পদে সমৃদ্ধ। ইহাকে American Dairy-land বলা হয়। বহু শিল্পের কেন্দ্র। রাজধানী ম্যাডিসন। বৃহত্তম নগরী ও শিল্পকেন্দ্র মিলবৌকি ( Milwaukee )। ...উইস্‌কন্‌সিন্‌ রেড্‌ইন্‌ডিয়ান শব্দ, অর্থ বেগবতী নদী। এখানকার স্টেট-ধনভাণ্ডার হইতে অন্ধ, বৃদ্ধ, অসহায় শিশুদের সাহায্য দান বিষয়ে আইন আছে। শ্রমিকদের সহায়তা সম্বন্ধে আইন প্রণয়নে এই স্টেটই অগ্রণী। উইস. বিশ্ব-বিদ্যালয় প্রসিদ্ধ প্রতিষ্ঠান।

**উখড়া** ( Ukhra ) : বর্ধমান জেলা ; আন্‌ডাল থানার কয়লা অঞ্চলের গ্রাম। জন. ৪,২৪৭। ডাকঘর, ডিস্‌পেন্‌সারি, পাঠশালা ; উ. বিদ্যালয় ১৮৫৯-এ প্রতিষ্ঠিত।

**উখিয়া** (Ukhia) : পূ. পাক.; চট্টগ্রাম জেলার কক্সবাজার মহ.র থানা ; আ. ৯৮ ব মা ; গ্রাম, ডাকঘর। বর্মা সীমান্তের নিকট।

**উগর খেড়** (Ugar Khed) : বোম্বাই ; সাংগলি ( দ. সাতারা ) জেলার শহর, মিরাজ হইতে রেলপথে ১৭ মা দক্ষিণে। জন. ৬,৫৮৯। সাংগলি ব্যাংক।

**উজ্‌বেকিস্তান** (Uzbekistan : Uz. Soviet Socialist Repuplic) : মধ্যএশিয়ার বোখারা, খিভা, খারেজম, প্রভৃতি দেশ লইয়া এই সোবিয়েত রাষ্ট্র গঠিত। পূর্বে এখানে রুশ সাম্রাজ্যের অন্তর্গত বহু ক্ষুদ্র মুসলীম রাজ্য ছিল। ১৯২৪-এ সোবিয়েত শাসন প্রবর্তিত হয়। আ. ১,৫৮,৫০০ ব মা। জন. ৬৩ লক্ষ ( '৩৯ )। রাজধানী তাসখন্দ (Tashkent)। ... বহু খাল কাটা হওয়ায় জলসেচন সাহায্যে চাষের জমি ও ফসল বাড়িতেছে। যৌথকৃষি (Collective farming) প্রথা চালু হইয়াছে। সোবিয়েত রাষ্ট্রের শতকরা ৬০ ভাগ তুলা, ৫০ ভাগ চাউল, ৬০ ভাগ পশুখাদ্য শস্য এই দেশে উৎপন্ন হয়। এক প্রকার ধান ৮০-৯০ দিনে ( পূর্বে যেখানে ১৩০-৪০ দিন লাগিত ) ফলে ; এখন সেইসব স্থানে ২ বার ফসল জন্মে। জলবিদ্যুৎ শক্তি সাহায্যে ফার্টিলাইজার বা রাসায়নিক সার প্রচুর পরিমাণে

তৈয়ারি হইতেছে ; এই সার তুলার ক্ষেতে ব্যবহৃত হয়। ...শিক্ষা বিষয়ে অভাবনীয় উন্নতি হইয়াছে ; ১৯৫১-তে এখানে ৫০০০ প্রাথমিক শিক্ষালয় ( ১২.৬৫ লক্ষ ছাত্র ), ৩৬ উচ্চ বিদ্যালয়, ১০০ টেক্‌নিক্যাল স্কুল, ১১ সংগীত বিদ্যালয়। আরোগ্য নিকেতন, মাতৃসদন, শিশু হাসপাতাল অনেকগুলি।...সাহিত্য, সংগীত, অভিনয়ে নূতন প্রাণ আসিয়াছে।

**উজানি** (Ujani) : শ্রীমন্ত সওদাগরের জন্মস্থান বলিয়া কিংবদন্তী। বর্ধমান-কাটোয়া লাইট রেলের নেগুন স্টেশন ( ২০ মা ) হইতে নূতন হাটহ ইয়া কোগ্রাম। কোগ্রামই উজানি। এই স্থানে কয়েকটি পীঠ আছে। প্রবাদ উজানিতে সতীর কনুই পড়িয়াছিল, দেবীর নাম সর্বমঙ্গলা। ভৈরব কপিলাম্বর। কবি কুমুদরঞ্জন মল্লিক এই গ্রামের লোক।

**উজ্জয়িনী** (Ujjain) : পূর্বতন গোয়ালিয়র রাজ্যের অন্তর্গত হইলেও উহা মালব (দ্র.) উপত্যকায় অবস্থিত শহর। গ্রীকরা Ozene বলিয়া উল্লেখ করিয়াছে। প্রবাদ বিক্রমাদিত্যের রাজধানী আধুনিক উ.র নিকটে ছিল।...হিন্দু ভূগোলের আদি দ্রাঘিমা উ. দিয়া কল্পিত ; উত্তর কর্কটক্রান্তি রেখা এই নগরের নিকটে পড়ে। জয়পুরের রাজা জয়সিংহ ( ১৬৯৯-১৭৪৩ ) এখানে মানমন্দির নির্মাণ করেন।...উত্তর ভারত হইতে ভৃগুকচ্ছ বা দ্বারকা যাইতে হইলে উজ্জয়িনীর মধ্য দিয়া পথ ; সেইজন্য রাজনৈতিক ও অর্থনৈতিক দিক হইতে এই নগরীর বৈশিষ্ট্য।...বর্তমান মধ্য-ভারতের জেলা ও শহর। মাধব নগর ও সৈন্যদের ছাউনি এলাকা সমেত শহরের জন. ১,২৯,৮১৭। দিল্লী-মথুরা-বোম্বাই রেলপথের নাগোদা জং ( ৪৩১ মা ) হইতে ৩৪ মা। বোম্বাই ৪৬৪ মা। ভূপাল ১১৪ মা। ইন্দোর ৪০ মা। উ. বড় জংশন। এখানে ইন্দোর, সেন্‌ট্রাল, স্টেট, প. ন্যাশনাল, ইউনা. কমার্স, ও সমবায় ব্যাংক। উ. শিল্পের কেন্দ্র ; হিন্দুতীর্থ ; বারো বৎসর অন্তর কুম্ভমেলা হয়।

**উঝানি** (Ujhani) : উত্তর প্রদেশ রাজ্য ; বদাউন জে.র শহর ; মথুরা-কাশগঞ্জ (৬৪)-কাঠগোদাম (১৩০) রেল শাখার স্টেশন। বরেলী ৩৫ মা দূরে। জন. ১৪,১৬৩। সেন্‌ট্রাল, স্টেট, বরেলী কর্পো. ব্যাংক। শস্যের বাজার।

**উটকামণ্ড** (Ootacamond, Ooty) : মদ্রাজ রাজ্যের নীলগিরি জেলার পার্বত্য শহর ( ৭২৩০ ফুট )। মদ্রাজ গবর্ণমেন্টের গ্রীষ্মাবাস ও দ. ভারতের অভিজাত ধনীদের বিলাসপুরী। ১৮১৯-এ স্থানটি আবিষ্কৃত হয়। পর্বত অঞ্চলে সিন্‌কোনা, চা ও কফির চাষ আছে। পাইকরা জলবিদ্যুৎ সরবরাহের বাঁধ (Hydel) এখান হইতে ১৮ মা দূরে। ...মদ্রাজ-কোয়াম্বতুর-মেত্তুপলৈয়াম (Mettupalaiyam) জং ( ৩২৬ মা ) হইতে নীলগিরি মিটার রেলে উটি (Ooty) ৯১ মা। জন. ৪১,৪১৪। এখানে নেড়ুগাডি, তিরু.-ফরওয়ার্ড, স্টেট, নীলগিরি সমবায়, শ্রী কৃষ্ণবিলাস ব্যাংক আছে।

**উটাহ্** (Utah) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৭৭৬ আবিষ্কৃত। ১৮৪৭-এ মরমন (Mormon) সম্প্রদায়ের লোকে উপনিবেশ করে। ইহাদের মধ্যে বহুবিবাহ প্রথা প্রচলিত থাকায় ১৮৯৬-এর পূর্বে এই স্টেট যুক্তরাষ্ট্র ভুক্ত হইতে পারে নাই। আ. ৮৪,৯৯৬ ব মা। জন. ৬.৮৯ লক্ষ। রাজধানী সল্ট লেক সিটি।...বহুবিধ খনিজ সম্পদে সমৃদ্ধ দেশ ; ইউরেনিয়াম অন্যতম। কোলোরেডো নদীর গভীর খদ্ ( ক্যানিয়ন ) দেখিতে বহু পর্যটক আসে। এখানকার পর্বতমালার শিলাস্তর, ক্যানিয়ন প্রভৃতি ভূতাত্ত্বিকদের বিশেষ গবেষণার বিষয়। স্টেটের লবণহ্রদের লবণতা সমুদ্রজল হইতে ৬ গুণ অধিক।

**উড়িষ্যা** : ( দ্র. ওড়িশা )।

**উৎকল** ( Utkala ) : কলিঙ্গের উত্তরস্থিত উৎ-কলিঙ্গ শব্দের সংক্ষিপ্ত রূপ। ওড়িশা বা উড়িষ্যার অপর নাম।

**উত্তমাশা অন্তরীপ** ( Cape of Good Hope ) : দ. আফ্রিকার অন্তরীপ কেপ্ অব্ গুড হোপের অনুবাদ। পূর্বে ইহার নাম ছিল কেপ অব্ স্টর্মস ( Cape of Storms )।

**উত্তর আমেরিকা** ( North America ) : পশ্চিম গোলার্ধের আমেরিকার উত্তরাংশকে নর্থ বা উ. আ. বলে। কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র ও মেক্সিকো, এবং মধ্য আমেরিকার অনেকগুলি ক্ষুদ্র রিপাবলিক লইয়া এই মহাদেশ। উ.-প. কোণে বেরিং প্রণালীর অপর

পারে এশিয়ার সোবিয়েত রাজ্য। মহাদেশের আয়তন ৮২,১৩,০০০ ব মা। জন. ১৯,৮০,০০,০০০। ক্ষেত্রফলে অখণ্ড ভারতের প্রায় ৪½ গুণ, জনসংখ্যা অর্ধেক। উ.-দক্ষিণে ৬০০০ মা; পূ-পশ্চিমে ৩,৩০০ মা; কিন্তু পানামা যোজকের নিকট মাত্র ৪০ মা। ... হিমমণ্ডল হইতে গ্রীষ্ম মণ্ডল ব্যাপ্ত। ... আদিম অধিবাসী— উত্তরাংশে এস্কিমো, অন্যত্র রেড্ ইন্ডিয়ানের অসংখ্য উপজাতি। ১৬ শতক হইতে ইউরোপীয় উপনিবেশ আরম্ভ হয়। ফরাসী, ইংরেজ ও স্পেনীশরাই প্রধান। স্থানীয় লোকে শ্বেতকায়দের বশ্যতা না মানায় ১৬ শতক হইতে বহু সহস্র আফ্রিকান নিগ্রো ক্রীতদাস আমদানি করিয়া চাষবাস চালু করিতে হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের শতকরা ১০ জন নিগ্রো বংশোদ্ভব। মেক্সিকোয় মুলেটো (স্পেনীশ-ইন্ডিয়ান) বর্ণ সঙ্কর বহু। —মধ্য আমেরিকা (সেন্ট্রাল আমেরিকা) পৃথক ভাবে দ্রষ্টব্য।

**উত্তর কাশী** (Uttar Kashi): হিমালয়ের মধ্যে হিন্দুদের তীর্থ। ত্রিযুগী নারায়ণ হইতে ৮০।৮৫ মাইল ভাটমারী হইয়া যাইতে হয়। এখানে কাশীর (বারাণসীর) মত সমস্ত ঘাট ও মন্দিরাদি আছে। হিন্দুদের এইখানে শ্রাদ্ধাদি ও পিণ্ডদান করিতে হয়। পথ ঘাট দুর্গম, যাত্রীরা ইচ্ছা করিলে পদব্রজে যাইতে পারে। এই ভাটমারী হইতে গঙ্গোত্তরী ও যমুনোত্তরী যাইতে হয়।

**উত্তর কুরু** (Uttar Kuru): পৌরাণিক ভূগোলের নব (৯টি) 'বর্ষ' বা মহাদেশের অন্যতম জম্বুদ্বীপের অন্তর্গত দেশ। দেবগণের প্রিয় আবাস ভূমি বলিয়া কথিত; কাহারও মতে বর্তমান 'ইরান'।

**উত্তর কোশল** (Uttar Koshal): প্রাচীন ভারতের দেশ; অযোধ্যার উত্তরাংশ, সরযূ নদীর উত্তর তীরস্থ প্রদেশ; শ্রাবস্তী রাজধানী; পূর্বতন বলরামপুর স্টেটের নিকটবর্তী। (দ্র. কোশল, মহাকোশল)

**উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ** N.-W. Frontier Provinces): প. পাকিস্তানের প্রদেশ; আফগানিস্তানের পূর্ব-সীমান্তে, পঞ্জাব ও কাশ্মীরের পশ্চিমে, প্রদেশের পূর্ব-সীমান্তে বরাবর পর্যন্ত সিন্ধু নদ প্রবাহিত, উত্তরদিকে হাজরা, মধ্যভাগে পেশাওয়ার, মরদান, কোহাট ও বান্নু এবং দক্ষিণদিকে ডেরা-ইসমাইল খাঁ —এই ছয়টি জেলা। এই জেলাগুলির পশ্চিমে আফগান সীমান্ত পর্যন্ত উপজাতীয় মণ্ডল।

এই প্রদেশ ১৯০১-এ গঠিত হয়। পূর্বে পঞ্জাবের অন্তর্গত ছিল। ১৯৪৭ অগস্টে পাকিস্তানভুক্ত হয়। ১৯৫১-তে জনসংখ্যা ৩২,৩৯,০০০। উপজাতীয় মণ্ডল সমেত ৫৭ লক্ষ। আয়তন ৩৯,০০০ ব মা। অধিবাসীরা অধিকাংশই পাঠান (পখ্তুন) মুসলমান। ইহারা বহু উপজাতিতে বিভক্ত। —ভাষা পশ্তু। খালের সুব্যবস্থা হওয়ায় অর্ধ-যাযাবর পার্বত্য উপজাতির দল কৃষিজীবী হইয়াছে। জলবিদ্যুৎ সরবরাহ বহু স্থানে হইতেছে। ...রাজধানী পেশাওয়ার। কলিকাতা হইতে পে. পর্যন্ত গ্রান্ড ট্রাংক রোড বা শেরশাহ সড়ক জামরুদ পর্যন্ত বাড়ানো হইয়াছিল। কলিকাতা হইতে পে. মেল ও তথা হইতে খাইবার গিরিপথের মুখ পর্যন্ত রেলপথ গিয়াছে। ...প্রদেশের ব্যবস্থাপক সভায় ৮৫ সদস্য। ১৯৫২-৫৩-এর রাজস্ব ৪·৯৬ কোটি টাকা। ব্যয় ৪·৩৫ কোটি। পুলিশ ব্যয় ১·০২ কোটি। শিক্ষায় অনগ্রসর দেশ; মাত্র ৭·৮% (১৯৫১); অক্ষর জ্ঞান সামান্য। শিক্ষাখাতে ৮৫ লক্ষ ধার্য হইয়াছে।

**উত্তর-পশ্চিম সীমান্ত এজেন্সি ও উপজাতীয় মণ্ডল** (N.-W. Frontier Agency & Tribal area): ১৯৪৭-এ পাকিস্তান অন্তর্গত হয়। ৪ টি করদ রাজ্য— অম্ব, চিত্রল, দির ও সোয়াৎ (Swat)। মালকন্দ, মোহমন্দ, খাইবার, কুরাম ও উ. এবং দ. ওয়াজিরস্থান —এই ৬টি পোলিটিক্যাল এজেন্সি। বহু উপজাতির বাস, যেমন ওয়াজির, আফ্রিদি, মোহমন্দ, মাহ্সুদ, ইউসুফজাই, জাকাখেল প্রভৃতি। ...এই অঞ্চলের আ. মাত্র ৪০ লক্ষ টাকা; পাকিস্তান সরকারের ব্যয় হয় ৮·৫৪ কোটি টাকা ('৫২)। ইহার মধ্যে সীমান্ত পাহারার জন্যই ৪·৩৮ কোটি ব্যয়িত হয়। ... জনসংখ্যা ২৫ লক্ষ। শিক্ষায় অনগ্রসর দেশ। বর্তমানে শিক্ষা প্রসারের চেষ্টা হইতেছে।

**উত্তরপাড়া** (Uttarapara): হুগলি জে; শ্রীরামপুর মহ.র থানা ও শহর। থানার আ. ১১ ব মা; জন. ৬৫,৭২৬; ঘনতা ৫,৮৬৮।

—শহর। কলিকাতার ৬ মা উ., ভাগীরথী তীরে। উইলিংডন বা বালি ব্রিজ নির্মিত হইবার পর হইতে এতদঞ্চল কলিকাতার আবাসিক উপকণ্ঠ হইয়াছে। কলেজ, বড় গ্রন্থাগার ও বহুবিধ প্রতিষ্ঠানের কেন্দ্র।… রাসায়নিক কারখানা, হাড়গুড়ার কল, মোটর মেরামতীর কারখানা, ইট-খোলা প্রভৃতি।…জন. ১৭,১২৬। উদ্বাস্তু ২,৫১৩। এখানকার জমিদার মুখুজ্জে বংশীয়রা এককালে বাংলার সমাজে খ্যাত ছিলেন। ইউনা. ব্যাংক অব্ ইন্ডিয়া।

**উত্তর-পূর্ব-রেলপথ** (North-Eastern Railway): ভারতের রেল পথের যে ৭টি zone বা পরিমণ্ডল সৃষ্টি হইয়াছে—উ.-পূ.-রে. তাহার অন্যতম। পূর্বের আউধ-রোহিলখণ্ড (O. T. Ry.), আসাম, দার্জিলিং-হিমালয়ান ও তেজপুর-বালিপাড়া রেল পথগুলি এই পরিমণ্ডলের অন্তর্গত। প্রধান অফিস গোরখপুর। বিভাগীয় কেন্দ্র:— লখনৌ (ডিস্ট্রিক্ট—ইজাতনগর, গোন্ডা, ফতেগড়); মুজঃফরপুর (ডি.—বনারস, শোনপুর, সমস্তিপুর); পান্ডু (ডি.—কাটিহার, লামডিং, ডিব্রুগড়)। এই রেলপথ উ. প্রদেশ, বিহার, প বঙ্গ ও আসামে বিস্তৃত। মোট রেলপথ ৪৭৭৮ মা। ইহার মধ্যে মি. গেজ ৪৭০৬ মা। ছোট রেল ৭২ মা। হলদিবাড়ি হইতে দক্ষিণে ব্রড গেজ ২'৭৫ মা। … মূলধন ৮৪'৫০ কোটি টাকা। মোট আয় ২৭'৯৬ কোটি। ঘাটতি ১'১৪ কোটি (১৯৫২-৫৩)। … কর্মচারী ১,০৮,৮৬৮।

**উত্তর-পূর্ব-সীমান্ত এজেন্সি** (NEFA: North-Eastern Frontier Agency): আসাম রাজ্যের উত্তর-পূর্ব সীমান্তে যেসব উপজাতি (tribes) বাস করে, তাহাদের শাসনব্যবস্থা ভারত সরকারের প্রত্যক্ষাধীন; আসাম গবর্নর একজন উপদেষ্টার সহায়তা লইয়া ভারত রাষ্ট্রপতি বা প্রেসিডেন্টের এজেন্টরূপে কার্য করেন; আসাম সরকারের সহিত শাসন ব্যাপারে কোনো সম্বন্ধ নাই। এই এজেন্সি-রাজ্য উত্তর-পূর্বে তিব্বত, চীন ও বর্মার সহিত সংলগ্ন বলিয়া রাজনৈতিক ও সামরিক দিক হইতে ইহার অবস্থান খুবই গুরুত্বপূর্ণ। খনিজ ও বনজ সম্পদে পার্বত্য অঞ্চল পূর্ণ। ব্রহ্মপুত্র ও উহার উপনদীসমূহে বন্যা আসিলে খুবই ক্ষতি করে।

এজেন্সির অন্তর্ভুক্ত দেশগুলি:—মিশ্‌মি পাহাড়—আ. ৭৪৩২ ব মা। জন. ৬০ হা। প্রধান শহর তেজু (Tezu)। আবোর পাহাড়— আ. ৭৯৫৭। জন. ১'৮৪ লক্ষ। প্র. শ. আলং (Along)। তিরাপ সীমান্ত খণ্ড—আ. ১,৯৯৭ ব মা। জন. ৬০০০। প্র. শ. মার্গেরিঠা। সে-ল-সাব এজেন্সি - প্র. শ. বম্‌দিলা (Bomdilla)। নাগা উপজাতীয় অঞ্চল—আ. ২৮,১১৫ ব মা। জন. ৭২ হা। প্র. শ. তুএন সাঙ্ (TuenSang)। সুবনসিরি অঞ্চল; কামেং সীমান্ত বিভাগ; সিয়াং সী. বি.; লোহিত সী. বি. বা বালিপাড়া সীমান্ত অঞ্চল—আ. ১১,৪১৬ ব মা। জন. ২'৩৮ লক্ষ। উ.-পূ.-সী.-এজেন্সির আ. ৩৪ হা ব মা। ভারতের পূর্ব-সীমান্তের অনুন্নত উপজাতিসমূহের শাসন ও উন্নয়নের জন্য ভারত সরকারের সংবিধানে বিশেষ ব্যবস্থা করা হইয়াছে। প্রথম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় ৩ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব ছিল; পথ ঘাট নির্মাণ ও পরিবহন ব্যবস্থা ছিল প্রথম কর্তব্য। …সীমান্তে বহু উপজাতির বাস:— সে-ল সাব-এজেন্সির মধ্যে-মোংপা, শের-ডুকপিউ, খোয়া, মিজু, দফলা ও অকা। সুবনসিরি অঞ্চলে—দফলা; তিরাপ অঞ্চলে মিজু, দিগারু, পদম্, খোম্‌তি, সিংফো, কাচিন, তাংসা, বিনচৌ, হাওয়া ও নোক্‌তে; আবোর পর্বতে—পদম্, মিনুয়োং, গালোং, বোকার, বোরি, পৈলিবু, তাগিন, মোংপা; নাগা পর্বত অঞ্চলে—সাংতাম, চাং, য়িম্‌চুনার, কোলিয়াক, ফোম ও সেমা।

এই অঞ্চলে খ্রীষ্টান পাদরীদের প্রচেষ্টায় বহুল পরিমাণে শিক্ষা ও সভ্যতা প্রচার লাভ করিয়াছে। এখানকার বহু জাতি উপজাতির মধ্যে নাগারাই অগ্রণী; পৃথক রাজ্য গঠন করিবার জন্য ইহারাই ব্যাকুল।

**উত্তর প্রদেশ** (Uttara Pradesa): পূর্ব নাম যুক্ত-প্রদেশ। ইহার উত্তরে নেপাল রাজ্য, পশ্চিমে পঞ্জাব ও রাজস্থান, দক্ষিণে মধ্যভারত ও পূর্বে বিহার রাজ্য। আয়তন ১'২২ লক্ষ ব মা। জন. ৬'৩২ কোটি ('৫১)।

[ রাশিয়া, চীন, মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান, ইন্দোনেশিয়া ও জারমানি ( অগণ্ড ) ছাড়া আর কোনো রাষ্ট্রে উ. প্র.র সমান জনসংখ্যা নাই ] ... ভূপ্রকৃতি হিসাবে রাজ্যের ৩ ভাগ : উত্তরে—হিমালয়ের পাদমূলে পার্বত্য অঞ্চল ; মধ্যভাগে—গঙ্গা-যমুনার অববাহিকা ও দক্ষিণে—মধ্যভারতের পার্বত্য অঞ্চল। উত্তরাংশে বিশ হাজার ফুটের উচ্চ অনেকগুলি পর্বতশৃঙ্গ আছে, যেমন, নন্দাদেবী, বদ্রিনাথ, কামেট, ত্রিশূল, কেদারনাথ প্রভৃতি। মধ্যাংশ নদীধৌত পাললিক মৃত্তিকায় উর্বর ও জলসেচের জন্য বহু খাল থাকায় নানাবিধ শস্য পর্যাপ্ত পরিমাণে উৎপন্ন হয়। এত নদী-বহুল দেশ ভারতের আর কোনো রাজ্য নহে। গঙ্গা, যমুনা, রামগঙ্গা, গোমতী, ঘর্ঘরা প্রভৃতি নদী ও উপনদী। এই নদী-মাতৃক দেশাংশের দক্ষিণে মধ্যভারত হইতে বিস্তারিত শুষ্ক মালভূমির অনুর্বর অংশ। গম, ইক্ষু, জওয়ার, বজরা, ভুট্টা প্রভৃতি খাদ্য শস্য উৎপাদনে এই রাজ্য শ্রেষ্ঠ। ভারতের অধিকাংশ চিনির কল এখানে। সরিষা ও তৈল প্রচুর। তুলা, চা ও পাট চাষ হইতেছে। বহু অনাবাদী স্থান কৃষির আয়ত্তে আনীত হইতেছে। উ. প্রদেশের ন্যায় এত নগরী ভারতের অন্যকোনো রাজ্যে নাই। পশমী দ্রব্য, সুতির কাপড়, চামড়ার সামগ্রী, ধাতুনির্মিত দ্রব্য, সতরনজি, দিয়াশলাই, গোলাপজল, আতর প্রভৃতি সুগন্ধী, কাগজ, পাথরের বাসনাদি, কাঁচ ইত্যাদি এই প্রদেশে প্রস্তুত হয়।

এই রাজ্য ১০টি বিভাগে বিভক্ত :—মিরাট (৫ জেলা), আগরা ( ৫ ), রোহিলখণ্ড ( ৭ ), ইলাহাবাদ ( ৫ ), ঝাঁসি ( ৪ ), বনারস ( ৫ ), গোরখপুর ( ৪ ), কুমায়ুন (৪), লখনৌ ( ৬ ), ফৈজাবাদ ( ৬ )। মোট জেলা ৪৮টি। রাজ্যের আয় ৬০ কোটি টাকা। রামপুর, বনারস, ডেহরি-গাড়োয়াল দেশীয় রাজ্য এই রাজ্যভুক্ত জেলা। যে ৩৭টি করদ রাজ্য লইয়া বিন্ধ্যপ্রদেশ (দ্র.) গঠিত হয় ( জানু. ১৯৫১ ), তাহা হইতে ১০টি উ. প্রদেশভুক্ত হইয়াছে। রাজধানী—লখনৌ ( জন. প্রায় ৫ লক্ষ )। লখনৌ, কাশী, আলিগড় ও ইলাহাবাদ বিশ্ববিদ্যালয় আবাসিক ও স্থানিক। আগরা বিশ্ব.র অধীনে ৪০ কলেজ। রুরকি ইনজিনিয়ারিং কলেজ এখন বিশ্ববিদ্যালয়। হিন্দীর মাধ্যমে শিক্ষা-প্রচারের বিশেষ চেষ্টা চলিতেছে। জনশিক্ষার বিরাট ব্যবস্থা হইয়াছে।

**উত্তর মহাসাগর** (Arctic Ocean) : উ. মেরুবিন্দু হইতে ২৩½ ডিগ্রি বৃত্তরেখা বেষ্টিত মণ্ডলের বিশাল জলভাগের নাম। দ্র. আরকটিক মহাসাগর।

**উত্তর রেলওয়ে** (Northern Railway) : ভারতের ৭টি রেল পরিমণ্ডল (Zone)-এর অন্যতম। পূর্বের ঈস্ট ইন্ডিয়ান রেলওয়ের কিয়দংশ ( পূর্বতন আউধ-রোহিলখণ্ড রেলপথ সমেত ), রাজস্থানের বিকানীর, জোধপুর প্রভৃতি রাজ্যের স্টেট রেলওয়েগুলি লইয়া গঠিত হয়। প্রধান অপিস—দিল্লী ( New Delhi )। ৭ ডিভিসন—দিল্লী, ফিরোজপুর, মোরাদাবাদ লখনৌ, ইলাহাবাদ, বিকানীর; জোধপুর। ... পূর্ব পঞ্জাব, পে-প সু, দিল্লী, হিমাচল প্রদেশ, রাজস্থান ও উত্তর প্রদেশে এই রেলপথ বিস্তৃত। মোট রেলপথ ৬০৪৪ মা ( ব্র. গে. ৩৯০৬ মা। মি. গেজ ২,০১০ মা। ছোট রেল ১১৮ মা )। মূলধন ১৩৫'১৮ কো.।

**উত্তর সাগর** (North Sea) : গ্রেট ব্রিটেন, ডেনমার্ক, নরওয়ে, জারমানি ও নেদারলন্ডস-এর মধ্যে অতলান্তিক মহাসাগরের অংশ। মৎস্যের জন্য বিখ্যাত। এই অগভীর সাগর অতি পূর্বকালে আদৌ ছিল না; তখন ইউরোপের স্থলভাগের সহিত গ্রেট ব্রিটেন যুক্ত ছিল।...বাল্‌টিক সাগর হইতে উত্তর সাগরে আসিবার জন্য জারমানরা কীল খাল কাটিয়াছে।

**উদগীর** (Udgir) : হায়দরাবাদ রাজ্য; বিদর জে.র তালুক ও শহর; সেকন্দরাবাদ জং হইতে বিকরবাদ ( ৫০ মা ) হইয়া পুরলি-বৈজনাথ রেলপথে উদগীর স্টে. ( ১০৮ মা ); জন. ১৬,৫৩২। হা. স্টেট ও সরস্বতী ব্যাংক। ... উদগীর দুর্গ ১৬৩৬-এ শাহজাহান কর্তৃক অধিকৃত হয়। ১৭৬০ অব্দে এখানে মারাঠাদের সহিত ইংরেজের যুদ্ধ ও সন্ধি হয়।

**উদভাণ্ডপুর** ( Udbhandapur ) : উ.-পশ্চিম ভারতের শাহিবংশীয় জয়পাল প্রমুখ রাজাদের রাজধানী; বর্তমান উন্দ বা ওহিন্দ; পঞ্জাবের আটোক শহরের নিকটে সিন্ধুনদ তীরে। ...কোনো কোনো পণ্ডিতের

মতে আলেকজেন্দার এই ওহিন্দের নিকট নৌসেতু নির্মাণ করিয়া পুরু রাজাকে আক্রমণ করেন।

**উদামলপেট** ( Udamalpet ) : মদ্রাজ রাজ্য ; কোয়াম্বতুর জে.র. তালুক ও শহর ; ডিনডিগল-কোয়াম্ব. রেলপথের স্টেশন ( ৫৭ মা )। জন. ২৩,৩৬৬। এখানে সেনট্রাল ও কাক্ষর হিন্দু ব্যাংক আছে।

**উদয়গিরি** ( Udayagiri ) : মধ্যভারতে ভিলসার ২ মা উ.-পশ্চিমে ক্ষুদ্র গ্রামের নিকট পাহাড়-কাটা মন্দির ( Rock-cut )। ...ভিলসা হইতে ৪ মা দূরে বেত্তোয়া ও বেশ নদীর মধ্যে এক শৈলে ২০টি গুহা। গুহা-মধ্যে বহু ভাস্কর্য ও শিলালেখ আছে।

**উদয়গিরি, খণ্ডগিরি** ( Udayagiri ) : ওড়িশার পুরী জেলার পর্বত। পাহাড়-খোদা অনেকগুলি গুহা এখানে আছে। গুহার মধ্যে ভাস্কর্যের নিদর্শনগুলি অপরূপ। অনুমান খ্রী. পূ. ৩ শতকে এইগুলি ও খণ্ডগিরির গুহাগুলি খোদিত হয়। গুহামধ্যে জৈন সাধুরা বাস করিতেন বলিয়া মনে হয়। হাতি গুম্ফা ( দ্র. ) গুহায় খারবেল নামে রাজার শিলালেখ আছে। পাহাড়গুলি ভুবনেশ্বরের নিকটে। ( দ্র. খণ্ডগিরি )

**উদয়পুর** (Udaipur) : ত্রিপুরা রাজ্যের বিভাগ। আ. ২৪৬ ব মা। জন. ৫৮,৪৭৭। ঘনতা ২৩৮। ...শহর রাজ্যের মধ্যস্থলে পর্বত অধিত্যকায়, গোমতী তীরে অবস্থিত। ইহা ত্রিপুরার প্রাচীন রাজধানী।

**উদয়পুর** (Udaipur) : পূর্বতন ছত্রিশগড় স্টেটসের করদ রাজ্য। আ. ১০৫৫ ব মা ; জন. ১,১৮,৩৩১ ('৪১)। বর্তমানে মধ্যপ্রদেশের রায়গড় জেলার অন্তর্ভুক্ত। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ৫০,০০০ টাকা ভাতা পান। প্রধান শহর ধর্মজয়গড়।

**উদয়পুর** (Udaipur) : পূর্বতন রাজপুতানা এজেন্সির মেবার রাজ্যর রাজধানী। রানা প্রতাপসিংহের পিতা উদয় সিংহের সময় চিতোর নগর মুঘলরা অধিকার করিলে, তিনি এই নগর পত্তন করেন ( ১৫৬৮ )। নগর প্রাচীর বেষ্টিত ; রাজপ্রাসাদ শ্বেত মর্মর নির্মিত ; অবস্থান, পরিবেশ ও গঠন সৌষ্টব মিলিয়া প্রাসাদটি অপরূপ সুন্দর। নগরের উপকণ্ঠে পিচোলা হ্রদ। রাজস্থান ইউনিয়ন গঠিত হইলে উদয়পুরের মহারানা প্রথম রাজপ্রমুখ মনোনীত হন। ১৯৫৫ জুলাই মাসে তাঁহার মৃত্যু হয়।

( Udaipur ) : রাজস্থানের পার্বত্য বিভাগের জেলা। বনস প্রভৃতি নদী প্রবাহিত। বহু প্রাচীন কীর্তি বিদ্যমান। আ. ৬,৯৫৮ ব মা। জন. ১১,৯১,২৩২। গ্রাম ২৯৮৮ ; শ. ১২। রাজস্থানের মেবার রাজ্যের অংশ ; অপরাংশ চিতোরগড় জেলা। ( দ্র. মেবার )

উদয়পুর শহরের জন. ৮৯,৬২৩। চিতোরগড় জং হইতে ৬৯ মা। এখানে রাজস্থান ব্যাংক, জয়পুর, প. ন্যাশানল, রাজ. সমবায় ব্যাংক আছে।

**উদয়নালা, উধুনালা** (Udainala) : বিহার ; সাঁওতাল-পরগণার রাজমহল হইতে তিন ক্রোশ দক্ষিণে গ্রাম ও নালা। ১৭৬৩-তে যুদ্ধে বাংলার নবাব মীর কাসেম-আলি খাঁ ইংরেজ সেনাপতি মেজর অ্যাডামের নিকট এখানে পরাভূত হন।

**উদিপি** ( Udipi ) : মদ্রাজ রাজ্য ; দক্ষিণ কানাড়া জে.র তালুক ও শহর ; মালাবার উপকূলের নিকট অবস্থিত। কানাড়ীদের অন্যতম শ্রেষ্ঠ তীর্থস্থান। ব্যবসায়ের কেন্দ্র। জন. ২০,৪৩১। এখানে কানাড়া, কানাড়া ইনডাস্ট্রিজ প্রভৃতি ১০টি ব্যাংক অছে।

**উদ্যান** ( Udyana ) : হিন্দুকুশ হইতে চিত্রাল পর্যন্ত সোয়াৎ নদীতীরস্থ প্রাচীন ভূখণ্ডের নাম। প্রাচীনকালের বহু বৌদ্ধ স্থাপত্য-কীর্তির ধ্বংসাবশেষ দেখা যায়। বৌদ্ধ সাহিত্যে উদ্যান দেশের উল্লেখ আছে। রাজধানী ছিল মঙ্গল।

**উধামপুর** ( Udhampur ) : কাশ্মীররাজ্য ; তহশীল ও শহর ; চম্বা রাজ্যের ৪ মা পশ্চিমে চেনাব নদীর তীরে। জন. প্রায় ৭ হা। জম্মু-কাশ্মীর স্টেট ব্যাংক।

**উন** ( Wun ) : ইয়োতমাল জে.র শহর ; ওয়ার্ধা-কাজিপেট রেলপথের মাজরি জং ( ৫৩ মা ) হইতে শাখা-রেলের স্টে. ( ১ মা )। জন. ১৪,৬৭২। নাগপুর স্টেট ব্যাংক ও ; ইয়ো. সমবায় ব্যাংক।

**উনাও** (Unao) : উত্তর প্রদেশ ; লখনৌ বিভাগের জেলা। উ. হারদোই জেলা। দ. গঙ্গা নদী। আ. ১,৭৮২ ব মা। জন. ১০·৬৭ লক্ষ ('৫১)। * বৃষ্টি ৩৫"। উনাও, সাফিপুর, পুরবা ও হাসানগঞ্জ ৪টি তালুক।

—শহর। জন.২৫,২৪০। কলিকাতা হইতে ৬৪৪ মা; লখনৌ-কানপুর—লুপ লাইনের উপর অবস্থিত। উ.-পূ. রেলপথের কানপুর কাটিহার লাইনের জংশন। কানপুর ১১ মা; লখনৌ ৩৪ মা। ব্যাংক: হিন্দু কমার্স, উনাও কমার্স ও টাউন কো-অপ. ব্যাংক।

**উবঙগি-শারি** (Ubangi-Shari): ফরাসী নিরক্ষীয় আফ্রিকার (Equatorial Africa) অন্যতম কলোনি। উবঙগি ও শারি নামে দুই নদী হইতে প্রদেশের নাম। আ. ২,৬৩,৩৬৩ ব মা। জন. আফ্রিকান ১০.৭৭ লক্ষ ('৫২); শ্বেতকায় ৪,৫৩৪ মাত্র। রাজধানী বাংগুই (Bangui)। দ্র. ইকোয়াটোরিয়েল আফ্রিকা।

**উবা** (Uva): সিংহলের মধ্যভাগে অবস্থিত প্রদেশ। বাদুল্লা (Badulla) জেলা নামেও খ্যাত। আ. ৩,২৭৭ ব মা। জন. ৩,৭২,২৩৮। প্রধান শহর বাদুল্লার জন. ১৩,৩৮৭। এই জেলায় ৮৪,৮৫০ একর জমিতে চা, ১৯,৪৬৩ একর জমিতে রবার ও ১,৪৭৯ একরে নারিকেল হয়।

**উমরকোট**: দ্র. অমরকোট।

**উমানন্দ পাহাড়** (Umananda): ব্রহ্মপুত্র নদের শৈল দ্বীপ; গৌহাটি হইতে নৌকায় এখানে যাওয়া যায়। এখানকার নদীতে প্রবল স্রোত ও প্রায়ই নৌকাডুবি হয়। পাহাড়ের উপর কামাখ্যা দেবীর ভৈরব বা রক্ষক উমানন্দের মন্দির।

**উমরখেড** (Umarkhed): মধ্যপ্রদেশ; অকোলা জে.র শহর। এখানে একটি প্রাচীন মন্দির আছে। জন. ১০,৬০০। লক্ষ্মী ব্যাংক।

**উমরেথ** (Umreth): বোম্বাই; খয়রা জে.র শহর; আনন্দ-গোধরা রেলপথের স্টে. (১৪ মা)। বড়োদা হইতে ৫৮ মা। জন. ১৮,৬৭০। সমবায় ব্যাংক।

**উমরের** (Umrer): মধ্যপ্রদেশ; নাগপুর জে.র তালুক ও শহর। কলিকাতা-নাগপুর (৭০৩)-চান্দা রেলপথের স্টে. (৭৩৭ মা)। জন. ১৯,৩৬১।

**উমারিয়া** (Umaria): বিন্ধ্যপ্রদেশের শহর; জন ৮,১৭৫। কলিকাতা-বিলাসপুর (৪৪৬)-কাটনি রেলপথের স্টে. (৬০৭ মা)। কয়লার খনি। বাঘেলখণ্ড ব্যাংক।

**উমেটা** (Umeta): বোম্বাই; পাণ্ডু মেবাস এজেন্সির করদ রাজ্য। আ. ২৪ ব মা। বড়োদাকে কর দিতে হইত। ...রাজাকে ১৯,২০০ টাকা ভাতা দেওয়া হয়।

**উর** (Ur): প্রাচীন সুমেরীয়দের নগর। ইউফ্রাতিস নদীতীরে, বর্তমান মুঘীর (Mugheir)-এর নিকট মাটি খুঁড়িয়া প্রাচীনকালের বহু কীর্তি আবিষ্কৃত হইয়াছে। খ্রী. পূ. ২৩০০-অব্দে নির্মিত চন্দ্র মন্দির ও বহু অট্টালিকা, কবরগৃহ পাওয়া গিয়াছে। Wolley নামে ইংরেজ প্রত্নতাত্ত্বিক এক বিশাল সমাধি-মন্দির খনন করিয়া পাইয়াছেন। সেখানে বহু সুসজ্জিত দাসদাসী, অনুচর রাজকবরে সহমৃত হইয়াছিল বলিয়া অনুমান করা হয়। সে যুগের বহু শিল্প নিদর্শন এই কবরের মধ্যে পাওয়া গিয়াছে।

**উরগা** (Urga): মংগোলীয় জনরাজতন্ত্রের রাজধানী। ১৯২৪ সোবিয়েত রুশ আশ্রিত হইবার পর উরগার নূতন নাম হইয়াছে উলান বাতোর (Ulan Bator) (দ্র.)। পূর্বে একমাত্র চীনের সহিত বাণিজ্য চলিত, এখন সাইবেরিয়ার ভিতর দিয়া সোবিয়েত রুশের সহিত বাণিজ্য চলে। চীনের সীমান্ত নগর কালগান্ হইতে উরগা ১১৬০ মা., মোটরে ৪।৫ দিন লাগে। এখন বিমান সার্ভিস চলিতেছে। পার-সাইবেরিয়ান রেলের চিটা (Chita) হইতে উরগা পর্যন্ত রেলপথ খোলা হইয়াছে এবং পেকিং হইতে নির্মাণের পরিকল্পনা গৃহীত হইয়াছে।

**উরগাঁও** (Oorgaum): মহীশূর রাজ্য; কোলার জেলার শহর। বঙ্গরপেট হইতে শাখা লাইনে ৭ মা। জন. ১,৬০,০০০। মহীশূর ব্যাংক।

**উরটেমবের্গ-বাদেন** (Wurttemberg-Baden): ২য় মহাযুদ্ধের পর ১৯৪৫-এ গঠিত জারমানির প্রদেশ। রাজধানী: স্টুটগার্ট (Stuttgart)। হাইডেলবের্গের বিখ্যাত বিশ্ববিদ্যালয় এই প্রদেশে। এই প্রদেশ ১৯৫০-এ বাদেন-উরটেমবের্গ প্রদেশভুক্ত হইয়াছে। এই অংশ মার্কিনী তাঁবে ছিল।

**উরটেমবুর্গ-হোহেনজোলের্ণ** (Wurttemberg-Hohenzollern): ২য় মহাযুদ্ধের পর ১৯৪৫-এ জারমানির প্রদেশ। রাজধানী টুবিঙগেন

(Tubingen)। এখানকার বিশ্ববিদ্যালয় বিখ্যাত। এই প্রদেশও ১৯৫০-এ বাদেন-উরটেমবের্গ প্রদেশভুক্ত হইয়াছে। এই অংশ ফরাসী তাঁবে ছিল।

**উরটেমবের্গ** (Wurttemberg): জারমানির পূর্বতন রাজ্য। ...১৮০৫-এ নেপোলিওনকে সহায়তা করার জন্য স্থানীয় জমিদার রাজা উপাধি লাভ করেন। ১৮০৯—১৩ রাজ্য বৃদ্ধি পায়। ১৮১৩ জারমানদের সহিত যোগ দেন ও নেপোলনীয় যুদ্ধের অবসানে ভাগ-বাঁটোয়ারার সময় কিছু রাজ্য বৃদ্ধি পায়। ...প্রথম মহাযুদ্ধের পর রাষ্ট্রবিপ্লবে এখানে রিপাবলিক শাসন প্রবর্তিত হয় (১৯১৯)। নাৎসি কর্তৃত্বের সময় রিপাবলিক উঠিয়া গিয়া সামান্য প্রদেশমাত্র হয়। রাজধানী ছিল স্টুটগার্ট। ...২য় মহাযুদ্ধের পর এই প্রদেশের কিয়দংশ করিয়া ফরাসী ও মার্কিন আওতায় গিয়াছিল ও এখন প. জারমানির বাদেন-উ. প্রদেশভুক্ত।

**উরাই** (Orai): উত্তর প্রদেশ; জালৌন জে.র তহশীল ও শহর। লখনউ-কানপুর-ঝাঁসি ব্রড্. রেলপথের স্টেশন; কানপুর হইতে ৬৭ মা। জন. ২১,২৫৮। ইলাহাবাদ, স্টেট ব্যাংক।

**উরি** (Uri): সুইট্‌জারলন্‌ডের কানটন বা জেলা। লুসার্ন (Lucerne) হ্রদের চতুর্দিকে ইহার বিস্তার। আ. ৪১৫ ব মা; জন. ২৭,৩০২ ('৪১)। রাজধানী: আল্‌ট্‌ডর্ফ (Altdorf)। অধিবাসীদের ভাষা জারমান; ধর্ম রোমান কাথলিক। ত্রয়োদশ শতকের উইলিয়ম টেল (Tell) সম্পর্কে বহু পুরাকথা ও কিংবদন্তী এই অঞ্চলের সহিত জড়িত।

**উরুগুয়ে** (Uruguay): দ. আমেরিকার ক্ষুদ্রতম রিপাবলিক। পূর্বে ও দক্ষিণে অতলান্তিক মহাসাগর; উত্তরে ব্রাজিল। পূর্ব নাম লা বান্দা ওরিয়াস্তাল (La Banda Oriental)। আ. ৭২,১৮০ মা। জন. প্রায় ৩০ লক্ষ। ...বৃক্ষশূন্য তৃণময় সমতল দেশ; রাও নিগ্রো, উরুগুয়ে ও লা প্লাটা নদী প্রবাহিত। ...সমস্ত দেশটি যেন পশুচারণ ক্ষেত্র; মেষ, গো-পালন প্রধান উপজীবিকা। মাংস, চর্বি, পশম, চামড়া রপ্তানি হয়। বৃষ্টি পর্যাপ্ত বলিয়া কৃষিকার্য ভাল হয়। ...রাজধানী মন্টিভিডো (৮ লক্ষ)। ...আদিম বাসিন্দা রেড্ ইন্‌ডিয়ান। ১৫১৫-অব্দে প্রথম ইউরোপীয়রা আসিলেও ১৬০৩-এর পূর্বে কলোনি হয় নাই। স্পেনীশ ও পোর্তুগীজদের মধ্যে এই দেশ লইয়া বিবাদ চলে। ১৭২৬—১৮১৪ পর্যন্ত স্পেনীশ সাম্রাজ্যভুক্ত ছিল। ১৮২৮-এ স্বাধীন হইয়া ১৮৩০-এ রিপাবলিক গঠিত হয়। ...১৯৫২-তে নূতন সংবিধান গৃহীত হয়। ডিক্টেটরি প্রথা যাহাতে না-হইতে পারে তজ্জন্য কনস্টিটিউশনে বিস্তৃত ব্যবস্থা আছে। সকল দিক দিয়া এই ক্ষুদ্র রিপাবলিক উন্নতি করিতেছে। বৃদ্ধদের পেন্‌শন, মাতৃ-মঙ্গল ব্যবস্থা, শিশু-সদন স্থাপন, সার্বজনিক ও অবৈতনিক শিক্ষা প্রভৃতি প্রচেষ্টা চলিতেছে। মন্টিভিডো বিশ্ববিদ্যালয় (১৮৪৯)-এ প্রায় ৯ হাজার ছাত্র-ছাত্রী। ...রেলপথ ১৮২৮ মা। রাজপথ ৫০০০ মা।

১৯৫২-তে রাজস্ব ৪২·৮৬ কোটি পেসোস (Pesos) (পে.=প্রায় ৩ শিলং)। ২য় মহাযুদ্ধের সময়ে ও পরে বহু প্রকার শিল্প প্রতিষ্ঠিত হইয়াছে।

**উরুবিল্ব** (Uruvilva): গয়ার নিকটবর্তী বৌদ্ধযুগের প্রসিদ্ধ স্থান। প্রবাদ সিদ্ধার্থ গৌতম বুদ্ধত্বলাভের পূর্বে বহুকাল এইখানে তপস্যা করেন।

**উরুমচি** (Urumchi): বর্তমান নাম তি-হুয়া (Ti-Hua)। চীন জনরাজ্যের সিংকিয়াং প্রদেশের রাজধানী। তিয়েন-শান পর্বতের উপত্যকায় বৌদ্ধযুগের বহু মঠ ও সঙ্ঘারামের ধ্বংসাবশেষ বিদ্যমান। অট্টালিকায় অতি সুন্দর প্রাচীর-চিত্র ছিল। মংগোলিয়া ও চীন হইতে মধ্য এশিয়ায় যাইবার পথে এই নগরী গড়িয়া উঠে।

**উলা** (Ula): দ্র. বীরনগর।

**উলান বাতোর** (Ulan Bator): মংগোলিয়ান জনরাজতন্ত্রের (Bughut Nairamdakh Mongol arat Ulus) রাজধানী। পূর্ব নাম উরগা (দ্র.)। জন. প্রায় ১ লক্ষ। বিশ্ববিদ্যালয়ে সহস্রাধিক ছাত্র। অধ্যাপক ৭০; তাহার মধ্যে অর্ধেক রুশীয়ান।

**উলার** (Wular Lake): কাশ্মীরের সুস্বাদু জলের হ্রদ; প্রায় ৫১৮০ ফুট উচ্চে অবস্থিত। বিতস্তা (Beas) নদী বিস্তারিত হইয়া এই হ্রদ গঠিত। সাধারণত আ. ১২

ব মা; বন্যার সময় ১০০ ব মা হয়। প্রাকৃতিক শোভা দেখিবার জন্য বহু শত পর্যটক এখানে আসেন।

**উলিপুর, অলিপুর** (Ulipur): পূ. পাক.; রঙ্গপুর জে.র কুড়িগ্রাম মহ.র থানা। আ. ১৯৮ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর। থানা তিস্তা ও ধরলা নদীর মধ্যে।

**উলিয়ানফ্স্ক** (Ulyanovsk): সোবিয়েত রুশের শহর; পূর্ব নাম সিমব্রিস্ক (Simbrisk), V. I. Ulyanov বা লেনিনের জন্মস্থান (১৮৭০)। লেনিনের বাড়ি এখন জাতীয় সংগ্রহালয়।

**উলুবেড়িয়া** (Ulubaria): হাওড়া জেল.র মহ. ও গঙ্গাতীরস্থ শহর। এখান হইতে মেদিনীপুর খাল ও ওড়িশা ট্রাংক রোড বাহির হইয়াছে। শহরের নিকট কাপড়ের ও পাটের অনেকগুলি কল আছে। স্কুল, কলেজ, টেলিফোন। জন. ১২,৭৭৫। —মহ.র আ. ৩৮৬ ব মা; জন. ৬,৮২,৯১৭; ঘ. ১,৭৬৯। —থানার আ. ৭৬ ব মা; জন. ১,৫৮,৫৮৭। ঘনতা ২০৮৭।

**উল্লাপাড়া** (Ullapara): পূ. পাক.; পাবনা জে.র সিরাজগঞ্জ মহ.র থানা ও পাটের ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। ঈশ্বরদি-সিরাজগঞ্জ রেলপথের স্টেশন (৩৬ মা)। করতোয়া নদীর উপর অবস্থিত; এইখান হইতে নৌকায় সাহাজাদপুর (দ্র.) যাওয়া যায়। কলিকাতা হইতে রেলপথে ১৭৯ মা। বাজার, ডাকঘর, রেজি. অপিস (১৮৮৩)

**ঋষ্যমূক** (Rishyamuk): রামায়ণ বর্ণিত দ. ভারতের পর্বত। এখানে মতঙ্গ মুনির আশ্রম ছিল। সুগ্রীব বালীর ভয়ে এই পর্বতে বাস করিয়াছিলেন। সীতা হরণের পর রামচন্দ্রের সহিত এইখানে সুগ্রীবের সাক্ষাৎ হয়। ···পূর্বঘাট ও নীলগিরি পর্বতশ্রেণীর মধ্যস্থিত পর্বত; ইহা পম্পা-সরোবর ও কাবেরী নদীর উৎপত্তিস্থল।

**ঋষ্যশৃঙ্গ আশ্রম** (Rishyasringa): বিহার; ভাগলপুর জেলা, মাধীপুরা মহ.র অন্তর্গত সিংহেশ্বরে লোক-প্রবাদ অনুসারে এই আশ্রম ছিল। শৃঙ্গেশ্বর শিব প্রতিষ্ঠিত। মোকামা ঘাট হইতে সিমরিয়া ঘাটে আসিয়া রেলযোগে রঘুপুর স্টেশন হইতে ২৪ মা. পথ।

**একচক্রা** (Ekachakra): (১) মহাভারত-উল্লিখিত স্থান। বিহারের আরা শহর বলিয়া অনেকের অনুমান। (২) বীরভূম জেলার মল্লারপুর স্টেশনের নিকট প্রাচীন গ্রাম। নিত্যানন্দ প্রভুর পিতৃগৃহ। (দ্র. বীরচন্দ্রপুর)।

**একবাটানা** (Ecbatana): ইরানের অন্তর্গত বর্তমান হামাদান শহর। বাবিলনীয় ভাষায় অগমতনু, প্রাচীন পারসিক ভাষায় হঙ্গমতান। মীড় দেশের রাজধানী ও পরে পারসিক শাহানশাহদের গ্রীষ্মাবাস। ··· হামাদান ইরানের বড় বাজার; জনসংখ্যা ১·০৪ লক্ষ।

**একোয়াদর** (Ecuador): দ. আমেরিকার রিপাবলিক। নিরক্ষরেখা (Equator) দেশের মধ্য দিয়া গিয়াছে বলিয়া ঐ নাম। কিন্তু উচ্চ মালদেশে অবস্থিত বলিয়া জলবায়ু নাতিশীতোষ্ণ এবং প্রীতিপদ। এই রাষ্ট্র কোলোম্বিয়া ও পেরুরাজ্যের মধ্যে প্রশান্ত মহাসাগর তীরে অবস্থিত; তটভূমি ৫০০০ মা। আন্দিস পর্বত মালদেশের মধ্য দিয়া গিয়াছে। এই পর্বতের ২০ হা ফুট উচ্চ অনেকগুলি শিখর (কটাপাক্সি, আর্টিসানা, চিম্বারাজো) এই রাজ্যের মধ্যে আছে। অরণ্য সম্পদ প্রচুর। পশুচর উপত্যকা অনেক। কোকো, কফী, রবার, সিংকোনার চাষ হয়। খনিজ বহুবিধ। আ. ২·৭৬ লক্ষ ব মা। জন. ৩০·৭৬ লক্ষ। শ্বেতাঙ্গ মাত্র ১০%। রেড্ ইন্ডিয়ান ৩৮%, সঙ্করবর্ণ ৪১%। রাজধানী কুইটো (Quito) ৯ হা. ফুট উচ্চে অবস্থিত। প্রশান্ত মহাসাগর তীরের বন্দর গুয়াকুইল হইতে রেল-পথ আছে। ··· রাষ্ট্রভাষা স্পেনীশ।

১৫২৬-এ স্পেনীশ সাহসিক পিজারো এই অঞ্চল দখল করেন ও সেই হইতে ১৮২২ পর্যন্ত স্পেনীশরা শাসন করে। বহু স্থানিক পরিবর্তনের পর ১৮৩১-এ এখানে রিপাবলিক শাসনতন্ত্র মার্কিন-আদর্শে প্রবর্তিত হয়। কিন্তু সেই অবধি একশত বৎসরের মধ্যে গড়ে দুই বৎসরের অধিক কাল কোনো প্রেসিডেন্ট শান্তিতে শাসনকার্য চালাইতে পারেন নাই। ... শিক্ষায়, শিল্পে দেশ অনগ্রসর। এখনো ৬০% লোক নিরক্ষর।

**এগরা** (Egra) : মেদিনীপুর জে.র কাঁথি মহ.র থানা। আ. ১৫৬ ব মা। জন. ১,১১,৭১৬। ঘনত্ব ৭১৮।—গ্রাম—কাঁথির রাস্তার উপর। অন্যান্য রাস্তাও এগরা দিয়া গিয়াছে।

**এট্না** ( Etna ) [ লাতিন Aetna ; গ্রীক্ আয়ত্না Aitna ] : সিসিলি দ্বীপের আগ্নেয়গিরি। উচ্চতা ১০,৮৬৫ ফুট। খ্রী. পূ. ৪৭৬ হইতে এপর্যন্ত ৮০ বার অগ্ন্যুৎপাত হইয়াছে। ১৯২৩ ও ১৯২৮-এর উৎপাতে বিশেষ ক্ষতি হয়।

**এটা** (Etah) : উত্তর প্রদেশ ; আগরা বিভাগের জেলা ; উ.—গঙ্গা, দ.—মৈনপুরি জেলা। আ. ১,৭২২ ব মা। জন. ১১,২৪,৩৫১ ( '৫১ )। গঙ্গা-উপত্যকায় অবস্থিত, কৃষি-প্রধান দেশ। কালিগঙ্গা, গঙ্গাখাল প্রবাহিত। কাশগঞ্জ এই জেলার প্রধান ব্যবসার কেন্দ্র। সদর শহর কাশ. হইতে ২০ মা। ৪টি তালুক : এটা, কাশগঞ্জ, আলিগঞ্জ, জলেশ্বর ( জলেসর )। শহর—জন. ১৮,২১৪। রে. স্টেশন নাই। সেন্ট্রাল ব্যাংক।

**এটাওয়া** (Etawah) : দ্র. ইটাবা।

**এডাথুআ** ( Edathua ) : তিরু কোচীন ; তিরুবঙকুরের কুইলন জে.র শহর। জন. ৩,১৫০। ডেকান, ক্যাথলিক, স্বদেশী ব্যাংক প্রভৃতি।

**এডাপল্লী** ( Edapally ) : তিরু-কোচীন ; কোচীনের তিরুচুর জেলার শহর ; জন. ১,০৯৩। তিরু. ফরওয়ার্ড ব্যাংক।

**এডিনবরা** (Edinburgh) : স্কটলন্ডের রাজধানী, মিড্-লোথিয়ান কাউন্টির অন্তর্গত। অসংখ্য প্রতিষ্ঠান ; বিদ্যাকেন্দ্র, আর্টগ্যালারি প্রভৃতি। হাম্বার নদীর উত্তর-স্থিত নর্থ-হাম্ব্রিয়ান ( Northhumbrian )—রাজা এডুইন (Eduin) ৬২৬-এ এই নগর পত্তন করেন। জন. ৪·৬৭ লক্ষ। বহু শিল্পের কেন্দ্র। বিশ্ববিদ্যালয় ১৫৮২-অব্দে ষষ্ঠ জেমস কর্তৃক প্রতিষ্ঠিত।

**এডিস্টোন** (Eddystone) : ইংলন্ডের দক্ষিণ উপকূলের আলোকস্তম্ভ ( lighthouse )। ১৭০০-অব্দে প্রথম নির্মিত। দুইবার অগ্নিতে নষ্ট হয়। ১৮৮০ প্লিমাউথের নিকট সরাইয়া নূতন করিয়া নির্মিত হয়। সাড়ে ১৭ মা দূর হইতে আলো দেখা যায়।

**এড়ুমেলি** ( Erumeli ) : তিরু-কোচীন ; কোট্টয়ম জে.র শহর। জন. ৯,৪৭২। কমনওয়েলথ, ওরিয়েন্ট, সেন্ট্রাল ব্যাংক।

**এডেন** (Aden) : দ্র. আদন

**এদির্নে** (Edirne) : দ্র. আদ্রিয়ানোপোল

**এপিরাস** ( Epirus ) : বলকান উপদ্বীপের পশ্চিমস্থিত প্রাচীন গ্রীসের রাজ্য। বর্তমান দ. আলবেনিয়ার অংশ। এখানকার রাজা পিরহাস ( Pyrrhus ), মকিদান-রাজ আলেকজেন্দারের আদর্শে বিশ্ব-জয়ের সংকল্প গ্রহণ করিয়া রোমানদের রাজ্য আক্রমণ করেন ( ২৯৫ খ্রী. পূ. )। পরে রোমানরা এপিরাশ আক্রমণ করিয়া এপিরটদিগকে সম্পূর্ণভাবে ধ্বংস করিয়া দেয় ( ১৬৮ খ্রী. পূ. )

**এবরো** ( Ebro river ) : স্পেনের নদী ( ৪৬৫ মা )। উত্তরে পর্বত্যাঞ্চলে উঠিয়া ভূমধ্যসাগরে পড়িয়াছে। সারাগোসা, টোলিডো শহর এই নদীতীরে।

**এভারেস্ট গিরিশৃঙ্গ** (Mount Everest) : হিমালয়ের পর্বতশৃঙ্গ ; নেপালের মধ্যে প্রায় তিব্বত সীমানায় অবস্থিত। দেশী নাম চোমাকংকরা। তিব্বত নাম কাংরু-রুম্‌পো-ছিন্ ( অতি-পবিত্র তুষার )। উচ্চতা ২৯,০০২ ফুট। এই পর্বতের নিকট মিল-রেবা ( Milarepa ) নামে ধর্ম-গুরুর সাধনক্ষেত্র ছিল। ১৮৪১-এ ভারত সরকারের ত্রিকোণমিতিক জরিপ বিভাগের অধ্যক্ষ এভারেস্টের নামানুসারে নামকরণ হয়। ইহার গাণিতিক জরিপ করেন ঐ অপিসের কমপিউটোর রাধানাথ সিকদার। এভারেস্টের উপরে উঠিবার জন্য বহুকাল হইতে চেষ্টা চলিতেছিল। ১৯২১-এ প্রথম প্রচেষ্টা হয়। ১৯২২-এ তিব্বতের দিক হইতে নর্টন, সমরভিল, ম্যালোরি অক্সিজেনের সাহায্যে ২৬,৮০০ ফুট উঠিয়াছিলেন। পরে ক্রসের দল ২৭,২০০ ফুট উঠেন। ১৯২৪-এ নর্টনের নেতৃত্বে যে-দল যায় তাহারা ২৮,১৩০ ফুট উঠিয়াছিলেন। কয়েকজন আরও কিছু উপরে উঠেন। কিন্তু তাহাদের খোঁজ পাওয়া যায় নাই ; পর্বতের কোথাও তাহাদের মৃত্যু হয়। ১৯৩৭-এ অভিযাত্রীদের অনেকেই মারা পড়েন। ১৯৫২-এ হিলারির নেতৃত্বে

তেনজিন নরকোয়ে নামক শেরপা প্রথম চূড়ায় উঠেন।

**এরনাকুলাম :** দ্র. আরনাকুলাম্।

**এরান ( Eran ) :** মধ্য প্রদেশ ; সাগর জেলার প্রাচীন স্থান। সীমান্তে অবস্থিত ; এখানে ৫ শতক হইতে ১১ শতক পর্যন্ত হিন্দু-সভ্যতার নানা স্তরের ধ্বংসাবশেষ হইতে শিলালেখাদি পাওয়া গিয়াছে। নিকটে গিরাস-পুর, ভিল্‌সা প্রভৃতি প্রচীন স্থান।

**এরিভান** (Erivan) **:** আরমেনিয়া সোবিয়েত রিপাব-লিকের রাজধানী। ১৮২৮-এ তুর্কী কর্তৃক রুশকে প্রদত্ত হয়। জন. ৩ লক্ষ। বহু শিল্পের কেন্দ্র। পাবলিক গ্রন্থাগারে ৩০ লক্ষ গ্রন্থ ও পুঁথি। বিশ্ব-বিদ্যালয় ; মিউজিয়াম ও গবেষণাগার।

**এরোন্নাবোআস্** (Eronnaboas) **:** সংস্কৃত হিরণ্যবাহু ; শোন নদীর গ্রীক নাম।

**এলবা** (Elba) **:** ভূমধ্য-সাগরের দ্বীপ ; ইতালির জেলা। আ. ৯০ ব মা। জন. ৩০ হা। এই দ্বীপে নেপোলিওন ১৮১৪ মে হইতে ১৮১৫ ফেব্রুয়ারি পর্যন্ত নয় মাস নির্বাসনে বাস করেন। ইতালির ৯০ শতাংশ লৌহচূর এই দ্বীপে পাওয়া যায়। প্রাচীনকাল হইতে এই স্থানের খনিতে কাজ হইতেছে।

**এলবে** (Elbe) **:** ইউরোপের নদী (৭২৫ মা) ; বোহেমিয়ার পার্বত্য অঞ্চলে উঠিয়া জারমানির মধ্য দিয়া কীল খালের মুখে নর্থ সী বা উত্তর সাগরে পড়িতেছে। নদী প্রায় ৫০০ মা নাব্য। হামবুর্গ ইহার বিস্তৃত মোহনার নিকট বিখ্যাত বন্দর। নাব্য খালের দ্বারা ওয়েসার, রাইন নদীর সহিত যুক্ত।

**এলসিনোর** (Elsinore) **:** ডেনমার্কের বন্দর Helsin-gor জীলনড দ্বীপে অবস্থিত। বাল্‌টিক উপসাগরে প্রবেশের সঙ্কীর্ণ প্রণালীর উপর প্রথম বন্দর। অপর পারে সুইডেনের হেলসিংবোর্গ। বহু শিল্পের কেন্দ্র। জন. ১৮,৯৩০ ('৪৮)। ১৯২১-এ আন্তর্জাতিক মৈত্রী স্থাপনের উদ্দেশ্যে এখানে ইন্টারন্যাশনাল পীপল্‌স কলেজ প্রতিষ্ঠিত হয়। হ্যামলেট কাহিনীর স্থান।

**এলাহাবাদ :** দ্র. ইলাহাবাদ।

**এলা শাপল** (Aixlachapple) **:** দ্র. আখেন (Achen)।

**এলিফান্টা** (Elephanta) **:** বোম্বাই নগর হইতে ৬ মা দূরে কোলাবা জেলায় একটি দ্বীপ। দেশীয় নাম ঘরপুরি ; এখানে প্রস্তর নির্মিত হস্তী ছিল, তদ্দৃষ্টে পোতুর্গীজরা এলিফেন্টা নাম দেয়। দ্বীপের আ. ৪½ ব মা। দ্বীপের এক পর্বতে ৮-৯ শতকের খোদাই গুহামন্দির আছে। মন্দির ১৩০ ফুট প্রস্থে ও দৈর্ঘ্যে। মধ্যের প্রকোষ্ঠ ৯১ ফুট, ছয় সারি স্তম্ভের উপর ছাদ। গর্ভগৃহে প্রায় ১৮ ফুট উচ্চ শিবমূর্তি ; শিবের মস্তকের বেড় ২২ ফুট ! দ্বারে ১২।১৩ ফুট পাথরের দ্বারপাল। ছয়টি গুহা-মন্দিরের মধ্যে চারিটি ভালভাবে এখনো আছে। শিবরাত্রির সময় মেলা হয়। দ্বীপে শ পাঁচ লোক স্থায়ীভাবে বাস করে।

**এলোর, এলুরু** (Ellore, Elluru Eluru) **:** অন্ধ্র রাজ্য ; পশ্চিম গোদাবরী জে.র তালুক ও মিউনি. শহর ও জেলার সদর ; ব্যবসায়ের কেন্দ্র। ওয়ালটেয়ার হইতে ১৮০ মা। মদ্রাজ ৩০৫ মা দূরে। জন. ৮৭,০৬০ ('৫১)। এখানে অন্ধ্র, স্টেট, সেন্‌ট্রাল, বিজয় কমার্স প্রভৃতি ব্যাংক আছে। পাট কল, পশমের কার্পেট, চর্ম-পরিশোধন (tannery) শিল্প। কৃষ্ণা ও গোদাবরী খাল এই স্থানে মিশিয়াছে।

**এশিয়া** (Asia) **:** পৃথিবীর বৃহত্তম মহাদেশ। আ. ১·৭০ কোটি ব মা। পৃথিবীর সমগ্র স্থল ভাগের ⅓ অংশ, ইউ-রোপের প্রায় ৪½ গুণ, আফ্রিকার ১½ গুণ, উ. আমেরি-কার ২½ গুণ, দ. আমেরিকার ২½ গুণ ও অস্‌ট্রেলিয়ার ৬ গুণ বৃহৎ। ভৌগোলিক দিক হইতে ইউরোপকে এশিয়ার বর্ধিতাংশ বলা যাইতে পারে ; কারণ প্রশান্ত মহাসাগর হইতে অতলান্তিক পর্যন্ত সাইবেরিয়া, রুশিয়া জারমানি, ফ্রান্‌সের মধ্য দিয়া একটি সমতল ভূমি চলিয়া গিয়াছে—প্রাকৃতিক বাধা সামান্য। ...এশিয়ার উত্তরে আরকটিক মহাসাগর ; উত্তর মেরুবিন্দু ১৪° ডিগ্রী দূরে। এশিয়া দক্ষিণে নিরক্ষ-রেখার (Equator) দশ ডিগ্রী দক্ষিণ দিয়া গিয়াছে। উত্তর-পূর্ব কোণে উত্তর আমে-রিকা পর্যন্ত বিস্তৃত। মাত্র ৩৬ মা দূরে। পশ্চিমে ভূমধ্যসাগর ইউরোপ ও আফ্রিকাকে সংযুক্ত করিতেছে। এশিয়া আফ্রিকার সহিত সুয়েজ যোজক দ্বারা যুক্ত ছিল; আদনের নিকট আফ্রিকার দূরত্ব সামান্য। দক্ষিণ-পূর্ব কোণে দ্বীপাবলীর মধ্য দিয়া অস্‌ট্রেলিয়া যুক্ত। এশিয়ার

দক্ষিণে ভারত মহাসাগরে সিংহল দ্বীপের অবস্থান রাজনৈতিক দিক হইতে গুরুত্বপূর্ণ। ...এশিয়ার তটরেখা ৩৬,০০০ মা, প্রতি ৪৭৩ বর্গমাইলে ১ মা তটরেখা। ...নানাদিক হইতে এশিয়ার বৈশিষ্ট্য আছে। বৃহত্তম পর্বত হিমালয়; উচ্চতম শিখর এভারেস্ট। বৃহত্তম হিমবাহ বিআফো, বলতোর, হিস্পার, কারাকোরাম পর্বতের মধ্যে বহমান। ...গোবি, পারস্য ও আরাবিয়ার মরুভূমি সাহারাতুল্য। .. সকল প্রকার জলবায়ু এখানে; অতি-বৃষ্টিতে চেরাপুঞ্জী, অনাবৃষ্টিতে বেলুচিস্থান, অতিশীতে ভেরখোয়নস্ক (—৬৫°), অতিতাপে জাকোবাবাদ (১২৭°) বিখ্যাত। গভীরতম সাগর জাপানের পূর্বদিকে (৯ মা); ডেড্ সী সমুদ্রতল হইতে নিচু। উচ্চতম মালভূমি পামীর, উচ্চতম মালদেশ তিব্বত। ...সকল ধর্মের আদিভূমি এশিয়া। হিন্দু, বৌদ্ধ, জৈন, কনফুসীয়, খ্রীষ্টান, ইসলাম, ইহুদী ও অসংখ্য অবলুপ্ত মত। সকল প্রকার লিপির জন্ম এই মহাদেশে; —বহু ও বিচিত্র ভাষাভাষী লোকের বাস। ...রাজনৈতিক দিক হইতে এশিয়ার ইতিহাস বৈচিত্রময়। বিংশ শতকের প্রায় মধ্য-ভাগ পর্যন্ত এশিয়ার অধিকাংশ দেশ ইউরোপীয় বা আমেরিকানদের অধীন বা তাঁবে বা আওতায় ছিল। জবরদস্ত স্বাধীন দেশ ছিল জাপান। এখন সে আমেরিকার তাঁবেদার রাজ্য। ব্রিটিশরা ভারত, বর্মা ত্যাগ করিয়াছে; ফরাসীরা ও ডাচরা ছাড়িয়াছে; পোর্তুগাল এখনো আছে। ...চীন জনরাজতন্ত্র, ভারত রিপাবলিক, বর্মা রিপাবলিক, ইন্দোনেশিয়া রিপাবলিক। পশ্চিমের মুসলিম রাজ্যগুলি সুদৃঢ় হইয়াছে। তুর্কীর রাজধানী এখন এশিয়ায়; উত্তর ও মধ্য এশিয়ায় সোবিয়েত কায়েম হওয়ায় পাশ্চাত্য জাতিরা সুখী নহে। চীন সোবিয়েত পক্ষীয় ও ভারত নিরপেক্ষ হওয়ায় পাশ্চাত্য জাতিসমূহের মনোক্ষোভ বাড়িতেছে। সংক্ষেপতঃ এশিয়ায় নূতন প্রাণ-শক্তি দেখা দিয়াছে।

**এশিয়ার স্বাধীন রাজ্য :—**

আফগানিস্থান; আরাবিয়া; বর্মা; সিংহল; ইন্দো-চীন বা ভিয়েৎনাম; ইন্দোনেশিয়া; ভারত; পাকিস্তান (ব্রি. ডোমিনিয়ন); ইরাক; ইস্রায়েল; জাপান; জর্দন; কোরিয়া; চীন জনরাষ্ট্র; লেবানন; নেপাল; ইরান (পারস্য); ফিলিপাইন; সীরিয়া; থাই প্রদেশ (সিয়াম); তুর্কী; সোবিয়েত দেশপুঞ্জ।

**এশিয়া-মাইনর** (Asia Minor): পশ্চিম এশিয়ার উপদ্বীপ ও পার্বত্য মালভূমি। উ.—কৃষ্ণ সাগর; প. ও দক্ষিণে ভূমধ্য সাগর। পূ.—কুর্দিস্তান। তুর্কীরাজ্যের আনাতোলিয়া-অন্তর্গত এশিয়া মাইনর নাম এখন অপ্রচলিত। হিটাইট, লিডিয়ান, মীড়-পারসিক, গ্রীক, রোমানদের ইতিহাসের সহিত এই স্থানের ইতিহাস জড়িত। ১৪১৩ অব্দে ওসমানলি তুর্করা এই দেশ জয় করে। তদবধি তাহারাই মালিক ছিল। ১৯২৪-এ তুর্কীদের রাজধানী ইস্তানবুল হইতে আংকারায় স্থানান্তরিত হইয়া আসে। দ্র. তুর্কী

**এস্তোনিয়া** (Estonia : Eestivabarik): সোবিয়েত রাশিয়ার বালটিক সাগর তীরস্থ অরণ্যময়, নদ ও হ্রদপূর্ণ কৃষিপ্রধান সমতল ভূমি; আ. ১৮,৩৫৩ ব মা। জন. ১১·৩১ লক্ষ। রাজধানী ও বন্দর তালিন (Tallin) পূর্ব নাম রেভাল (Reval)। কাঠ, কাগজমণ্ড (পাল্প), দুগ্ধজাত সামগ্রী রপ্তানি হয়।...অধিবাসীরা ফিন্ জাতীয়, এস্থ ভাষাভাষী। ১৩ শতকে ডেনরা এই দেশ অধিকার করে, তারপর বহু ভাগ্য-বিপর্যয়ের পর ১৭২১-এ রুশের সম্রাট পিটার এইসব ভূখণ্ড সুইডেনের নিকট হইতে আদায় করে। প্রায় দুইশত বৎসর পরে রুশ বিপ্লবের সময় ১৯১৭-এ ইহারা স্বাধীন হয়; ১৯২০-এ সোবিয়েত রুশ ইহাদের স্বাধীনতা মানিয়া লয়। মধ্য ইউরোপে হিটলারের আদর্শে ১৯৩৪-এ এখানেও ডিক্টেটরী শাসন আসিয়া যায়। ১৯৩৬-এর নূতন সংবিধানে একছত্র শাসন অনুমোদিত ও সকল প্রকার উপদলীয় সংগঠন প্রথা নিষিদ্ধ হয়। ১৯৪০ হইতে এস্. সোবিয়েতের অন্তর্ভুক্ত দেশ।

এস্তোনিয়া, লিভোনিয়া ও সোবিয়েত রাজ্যের মধ্যে প্রায় ১১ লক্ষ লোক এস্থ ভাষা বলে। ১৬ শতক হইতে এই ভাষায় সাহিত্য রচিত হয়।...এই ভাষা উরাল ভাষা বর্গের ফিন্নো-উগ্রিয়ান উপভাষা সমূহের অন্যতম।

**এসেনশান** ( Ascension ) : দ. অতলান্তিক মহাসাগরের আগ্নেয়জ ক্ষুদ্র দ্বীপ। আ. ৩৪ ব মা। জন. ১৬৮ মাত্র। সেণ্টহেলেনা দ্বীপ হইতে ৭০০ মা দূরে হইলেও, ইংরাজেরা যখন নেপোলিওনকে সেখানে বন্দী করিয়া রাখে, সেই সময়ে ( ১৮১১ ) এসে. দ্বীপও তাহারা দখল করে।

**ওকলাহোমা** (Oklahoma) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। আ. ৭০,০৫৭ ব মা। জন. ২২'৩৩ লক্ষ। ('৫০)। প্রায় ৯৩ হা আদিম ইন্ডিয়ান বাসিন্দা। ১৮৩৪-১৮৮৯ পর্যন্ত এই অঞ্চল রে. ই.দের বাসের জন্য 'রিজার্ভ' রাখা ছিল। শেষ বৎসরে ২২ এপ্রিলে সাধারণ স্টেটরূপে ঘোষিত হইলে সেই এক দিনেই ৫০ হাজার শ্বেতাঙ্গ এখানে প্রবেশ করিয়া উপনিবেশ গড়ে। …১৯০৭-এ যুক্তরাষ্ট্রভুক্ত হয়। কৃষি ও পশু পালন উপজীবিকা। পেট্রোলিয়াম আবিষ্কৃত হইয়াছে। ও. নগরের কাছাকাছি ২০০০-এর উপর তৈল কূপ বা ডেরিক আছে, এমনকি সভাগৃহ বা কাপিটোলের প্রাঙ্গণেও ডেরিক আছে। রাজধানী ওকলাহোমা (২,৪৩,৫০৪)।

**ওকারা** ( Okara ) : পাক-পাঞ্জাব; মন্টগোমারি জে.র তহশীল ও শহর; লাহোর-খানেওয়াল-করাচি ( ৭৫৫ ) রেলপথের স্টে. ৮১ মা। মন্ট. হইতে ২৩ মা.। বারি দোয়াব খাল অঞ্চলের মধ্যে এই তহশীল অবস্থিত।

**ওকিনাওয়া** ( Okinawa ) : প্রশান্ত মহাসাগরে লুনচু বা রিউ-কিউ দ্বীপপুঞ্জের দ্বীপ। ৬৭ মা দীর্ঘ ও ২ হইতে ৯ মা প্রস্থ। টোকিও-র দক্ষিণে অবস্থিত; দূরত্ব ৪০০ মাইলের কম। চীন উপকূল হইতে ৩৬৭ মা। ফরমোসা দ্বীপ নিকটে। ২য় মহাযুদ্ধের সময় জাপানীদের হাত হইতে এই দ্বীপ উদ্ধার করিতে ১২,২৫০ মার্কিনী সৈন্য হতাহত হয়। এখানকার ( ২২ জুন, ১৯৪৫-এর ) যুদ্ধের পর মহাযুদ্ধ শীঘ্রই সমাপ্ত হয়। এই দ্বীপ বর্তমানে অত্যন্ত সুদৃঢ় ও রণসম্ভারে পূর্ণ। আমেরিকা ফরমোসার পক্ষে ইহাকে সামরিক ঘাঁটিরূপে প্রস্তুত করিয়াছে।

**ওখা** ( Okha ) : কাঠিয়াবাড়-এর উ.-প. সমুদ্রতীরের বন্দর। ইহা বোম্বাই রাজ্য অন্তর্গত আমরেলি জেলার মধ্যে; পূর্বে বড়োদা রাজ্যের অংশ ছিল বলিয়া ওখামণ্ডল তালুক বোম্বাই রাজ্যের অংশ। গায়কবাড়দের শাসনকালে এই বন্দরের খুব উন্নতি হয়। সমুদ্রগামী জাহাজ ভিড়িতে পারে; কয়লা, তৈল ও জল সরবরাহের ব্যবস্থা আছে। দিল্লী ও মধ্য ভারতের সহিত রেলপথ দ্বারা যুক্ত। প্রাচীনকালের বন্দর দ্বারকা ১৮ মা দক্ষিণে। …বোম্বাই হইতে বীরমগাঁও-এ বদল করিয়া রাজকোট, জামনগর হইয়া ওখা ৬১৫ মা। —শহরের জন. ৬,১১৬। এখানে বড়োদা ব্যাংক আছে।

**ওঙ্কারেশ্বর** ( Onkareswar ) : হিন্দুদের তীর্থস্থান। মধ্য-প্রদেশে বিন্ধ্যগিরিশ্রেণীর মধ্যে অবস্থিত। খান্ডোয়া জং ( দ্র. ) হইতে আজমের লাইনে ওঙ্কারেশ্বর রোড স্টেশন ( ৩৮ মা ); সেখান হইতে ৭ মা পশ্চিমে নর্মদা নদীতীরে পর্বতোপরি মন্দির।

**ওঙ্গোলে** ( Ongole ) : অন্ধ্র রাজ্য; গুনটুর জে.র তালুক ও শহর। বিজয়বাড়া-মদ্রাজ রেলপথের স্টে. (৮৬ মা); কলিকাতা হইতে ৮৫০ মা। জন. ২২,৭৯১। অন্ধ্র ব্যাংক।

**ওডার** ( Oder river ) : মধ্য-ইউরোপের নদী; কার্পেথিয়ানের পশ্চিমাংশে উঠিয়া পোলন্ড ও পূর্ব জারমানির সীমান্ত নদীরূপে প্রবাহিত। ভিস্‌টুলা প্রভৃতি নদীর সহিত খাল দ্বারা যুক্ত।

**ওড়িশা** (Orissa) : ভারতের 'ক' শ্রেণীর রাজ্য। উত্তরে বিহার ও মধ্যপ্রদেশ; প.—মধ্যপ্রদেশ; দ.—অন্ধ্র ও বঙ্গোপসাগর; পূ.—পশ্চিমবঙ্গ। আ. ৬০,১৩৬ ব মা; জন. ১,৪৬,৪৫,৯৪৮। রাজধানী ভুবনেশ্বর। প্রধান শহর কটক ( Cuttack )।

১৯৩৬-এ ওড়িশা প্রথম পৃথক প্রদেশরূপে গঠিত হয়। ১৯৪৭-এর পর চারি পাশের ছোট-বড় ২৬টি দেশীয় রাজ্য ওড়িশার অন্তর্ভুক্ত হয়। কিন্তু পরে অধিবাসীদের ইচ্ছার বিরুদ্ধে খরসোয়ান ও সেরায়কেলা রাজ্য দুইটিকে বিহারের অন্তর্ভুক্ত করা হয়। ইতিপূর্বে মদ্রাজ প্রদেশ হইতে গনজাম জেলা ও মধ্যপ্রদেশ হইতে সম্বলপুর ও রায়পুরের কিয়দংশ আসিয়াছিল। বর্তমানে ওড়িয়ারা মেদিনীপুরের কিয়দংশ দাবী

করিতেছে। পূর্বে ওড়িশার ৭টি জেলা ছিল ; এখন ১৩ জেলা ও ৪১ মহকুমা। পূর্বে আ. ৩২,৬৮১ ব মা ছিল।

প্রাচীন ওড্র শব্দ হইতে ওড়িয়া ও ওড়িশা হইয়াছে। কিংবদন্তীমূলক ইতিহাস অতি প্রাচীন। অশোকের সময় এদেশে বৌদ্ধধর্ম প্রচার লাভ করে। ধৌলি-পর্বত গাত্রে কলিঙ্গ বিজয়-কাহিনী বিবৃত আছে। তাঁহার রাজধানী তোশলি ভুবনেশ্বরের নিকটে ছিল। অশোকের পর বৌদ্ধধর্ম সর্বত্র নিষ্প্রভ হইয়া যায়। খারবেল নামে কলিঙ্গরাজ জৈন ধর্মাবলম্বী ছিলেন এবং খণ্ডগিরি পর্বতে হাতিগুম্ফা গুহায় তিনি তাঁহার ইতিহাস লিপিবদ্ধ করিয়া যান। কালে হিন্দুধর্মের অভ্যুত্থানের ফলে পুরী বৈষ্ণবদের ও ভুবনেশ্বর শৈবদের ধর্মকেন্দ্র হয়। এসব স্থানের মন্দিরাদি ওড়িয়া রাজাদের গৌরবময় যুগে নির্মিত।

ঐতিহাসিক যুগে কেশরী রাজবংশ (৪৭৪-১১৩২) ও তৎপরে গঙ্গা বংশীয়রা (১১৩২-১৫৩৪) রাজত্ব করেন। এই গঙ্গা বংশীয় রাজাদের সময় পুরীর জগন্নাথ মন্দির ও কোনারকের মন্দির নির্মিত হয়। এই সময়ে চৈতন্য-মহাপ্রভু পুরী গিয়া দীর্ঘকাল বাস করেন ও তাঁহার পার্ষদগণ সেখানে বৈষ্ণব ধর্ম প্রচার করেন।

বাংলাদেশ হইতে পাঠানরা ওড়িশা আক্রমণ ও জয় করে (১৫৬৭-৬৮)। ইহার পর বাদশাহ আকবর কর্তৃক ওড়িশা বিজিত হইয়া মুঘল-সাম্রাজ্যভুক্ত হয় (১৫৭৪)। অষ্টাদশ শতকের মধ্যভাগে মারাঠারা বঙ্গদেশ আক্রমণ করিতে আসে ও ওড়িশা জয় করিয়া বঙ্গদেশ লুণ্ঠন করিবার জন্য ঐ স্থানকে কেন্দ্র করে (১৭৪২-১৭৫১-এ)। বাংলার নবাব আলিবর্দী খাঁ মারাঠাদিগকে ওড়িশা ছাড়িয়া দেন। সেই হইতে ১৮০৩ পর্যন্ত ঐ দেশের অধিকাংশ মারাঠাদের শাসনাধীন থাকে। ১৭৬৫-তে দিল্লী-বাদশাহের নিকট হইতে ইস্ট-ইন্ডিয়া কোম্পানি বঙ্গ, বিহার ও ওড়িশার 'দেওয়ানী' প্রাপ্ত হয় ; কিন্তু ইংরেজরা ১৮০৩-এর আগে সমগ্র দেশ অধিকার করিতে পারে নাই। ঐ বৎসরে কটক, পুরী প্রভৃতি ইংরেজের দখলে আসে। ওড়িশা বাংলা প্রেসিডেন্সির সহিত ১৯১২ পর্যন্ত যুক্ত ছিল ; তখন ও.র তিনটি জেলা : বালেশ্বর, কটক ও পুরী। ১৯১২-৩৬ পর্যন্ত, বিহার-ওড়িশা এক প্রদেশ-ভুক্ত ছিল।

ওড়িশার ভাষা ওড়িয়া, লিপি পৃথক। এখানকার সংস্কৃতি ও সাহিত্য প্রাচীন। বৈষ্ণব ধর্মের ইতিহাসের সহিত ওড়িশার বহুস্থান ঘনিষ্টভাবে যুক্ত। পুরীতে প্রতি বৎসর বহু লক্ষ হিন্দু রথযাত্রার সময়ে আসে। স্থাপত্য শিল্পে ভারত-ইতিহাসে ওড়িয়াদের সুনির্দিষ্ট স্থান আছে। কোনারক ও ভুবনেশ্বরের মন্দিরগুলি ভারত-শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন। এখানকার বয়নশিল্প ও কাংস্যশিল্প বিখ্যাত।

বর্তমানে ওড়িশা সরকার কেন্দ্রের সহায়তায় অনেকগুলি শিল্প-প্রতিষ্ঠান খুলিয়াছে ; বিশেষভাবে উল্লেখযোগ্য রাউরকেলার লৌহ-ইস্পাত কারখানা। মহানদীর বন্যা-নিয়ন্ত্রন, জল-সেচন ও জল-বিদ্যুৎ উৎপাদনের জন্য হীরাকুড বাঁধ নির্মিত হইতেছে। ওড়িশা কৃষিপ্রধান দেশ। বৃষ্টি গড়ে ৫৭"। ধান, পাট, ইক্ষু, তৈলবীজ, জোয়ার, ভুট্টা, কফী, তামাক, তুলা প্রভৃতি উৎপন্ন হয়। চিল্কা হ্রদে প্রচুর মাছ পাওয়া যায়। দেশের উত্তর ও পশ্চিমাংশ বনভূমি (১২,৯৬৫ ব মা) ; ইহা হইতে ভালো আয় হয়। দেশের প্রচুর খনিজ সম্পদ রহিয়াছে। সমগ্র ভারতের ৬০% লৌহ এখান হইতে সংগৃহীত হয়। কেওনঝাড়, ময়ূরভঞ্জ ও বোনাই অঞ্চলে লৌহ আকর রহিয়াছে। তালচের ওড়িশার সর্ববৃহৎ কয়লা-অঞ্চল। কোরাপুট ও রায়পুর অঞ্চলে ম্যাঙ্গানিজ পাওয়া যায়।

ওড়িশার জেলা (১৩) : কটক, পুরী, বালেশ্বর, গনজাম, কোরাপুট, ময়ূরভঞ্জ, ফুলবনী, ঢেনকানল, সুন্দরগড়, সম্বলপুর, কালাহাণ্ডি, কেওনঝাড়, বোলাঙ্গির-পাটনা। ২৪টি করদ রাজ্য এই জেলাগুলির অন্তর্ভুক্ত। ১৯৪৯, অগস্টের মধ্যে সমস্ত রাজ্যই ওড়িশাভুক্ত হয়।

১৯৪৮, জুলাই হইতে ওড়িশার হাইকোর্ট স্থাপিত হইয়াছে। ব্যবস্থাপক সভা এখানে একটি (Assembly)। উৎকল বিশ্ববিদ্যালয়ে (১৯৪৩) এখন বহু বিষয় শিক্ষাদানের ব্যবস্থা হইয়াছে। অনুন্নত আদি-বাসীদের শিক্ষা, স্বাস্থ্য ও শিল্পাদি উন্নয়নের জন্য গবর্নমেন্ট বিশেষশিল্প-কমিটি করিয়াছেন (১৯৫০)।

**ওড়িশার করদমহল** (Orissa Feudatory States): ওড়িশার ২৬টি করদরাজ্য লইয়া এজেন্সি। সম্বলপুরে পোলিটিক্যাল এজেন্ট থাকিতেন। আ. ২৮,৬৬৪ ব মা। জন. ৪০·৪৩ লক্ষ। রাজাদের মোট রাজস্ব ১৫·৩৭ লক্ষ টাকা। মোট কর দিতে হইত ৯৬,৪৪৯ টাকা।...বর্তমানে করদরাজ্যগুলি ওড়িশার জেলার মধ্যে; দুইটি বিহার রাজ্যমধ্যে গিয়াছে। (দ্র. ইসটার্ণ স্টেট্‌স্ এজেন্সি)।

ওড়িশার করদরাজ্য—(১৯৪৮, ১ জানু. ভারতভুক্ত): আঠগড়, আঠমালিক, কেওনঝাড়, কালাহাণ্ডি, খন্দপাড়া, গাংপুর, টিগিরিয়া, ঢেন্‌কানল, তালচের, দশপাল্লা, নয়াগড়, নরসিংহপুর, নীলগিরি, পাটনা, পাললহরা, বউদ, বরম্বা, বামরা, বোনাই, রেরখোলা, রামপুর, শোনপুর, হিন্দোল।

ময়ূরভঞ্জ—ভারতভুক্ত জানু. ১, ১৯৪৯।

সেরায়কেলা ও খরসোয়ান মে ১৮·১,৯৪৮ বিহার-রাজ্যভুক্ত।

**ওডেসা** (Odessa): সোবিয়েত ইউক্রেনের জেলা ও বন্দর; কৃষ্ণসাগর তীরে; বহু শিল্পের কেন্দ্র। জন. ৬·০৫ লক্ষ।

**ওদন্তীপুর, উদন্তপুর** (Odantipur): পালরাজগণের সময়ে মগধের বিখ্যাত বিহার। রাজা গোপাল (৮ শতক) এই বিহারের প্রতিষ্ঠাতা বলিয়া কিংবদন্তী এবং বর্তমান বিহার শহরের নিকট, অন্যমতে মুঙ্গের জেলায় ছিল বলিয়া মনে করা হয়।

**ওন্দা, ওণ্ডা** (Onda): বাঁকুড়া জেলার সদর মহ.র থানা ও গ্রাম। থানার জন. ৮৪,৮২০। ঘনতা ৪৩৭।—হাওড়া-খড়গপুর-বাঁকুড়া লাইনের স্টেশন ওন্দাগ্রাম (১৩৪ মা)। মোটর পথের উপর গ্রাম।

**ওপোর্টো** (Oporto): দ্র. অপর্টো।

**ওফির** (Ophir): পুরাতন বাইবেলের (OT) উল্লিখিত স্থান। সেখান হইতে ময়ূর, চন্দন প্রভৃতি ইহুদীরাজ্যে আসিত। স্থানটি অনির্দিষ্ট। কেহ কেহ মনে করেন ভারতের সৌবীররাজ্য; অন্যেরা বলেন আরাবিয়ার কোনো অংশ।

**ওব, ওবি** (Ob, Obi): প. সাইবেরিয়ার নদী (২৫০০ মা)। অলতাই পর্বতে উঠিয়া বহু শাখানদীর সহিত মিলিত হইয়া আরকটিক মহাসাগরে পড়িতেছে। নভেম্বর হইতে জুন পর্যন্ত বরফাবৃত থাকে। অন্য সময়ে শাখানদী সমেত প্রায় ১৫,০০০ মা নাব্য। মোহনার দিকে বালি জমে ও প্লাবিত অঞ্চল হইতে গাছপালা ভাসিয়া জমা হয়; ঐ অংশ নাব্য নহে।

**ওবেরাউমমেরগাউ** (Oberaummergau): জারমানির বাভেরিয়ার গ্রাম। মিউনিক হইতে ৪৫ মা বিদ্যুৎ-রেলের দ্বারা যুক্ত। ১৬৩৩-এ প্লেগের সময় গ্রামবাসীরা প্রতিজ্ঞা করে যে দশ বৎসর অন্তর যীশুখ্রীষ্টের জীবনী যাত্রাভিনয় করিবে। ইহাকে 'প্যাশান প্লে' বলে। সেই হইতে এই অভিনয় হইয়া আসিতেছে। ঐ সময়ে পৃথিবীর নানাস্থান হইতে লোকে এই উৎসব দেখিতে আসে। অভিনয় জারমান ভাষায় হয়।

**ওমন** (Oman): আরাবিয়া উপদ্বীপের অন্যতম স্বাধীন রাজ্য। পারস্য সাগরের উপকূল প্রায় সহস্র মা.। আ. ৬৫,০০০ ব মা। জন. প্রায় ৮·৩০ লক্ষ। অধিবাসীরা আরব ও নিগ্রো-আরব বর্ণসঙ্কর। রাজধানী মস্‌কট। ... মুক্তা সংগ্রহ, খেজুর রপ্তানি প্রধান উপজীবিকা। রাজ্যের আয় ৬১৭ লক্ষ টাকা। ওমন রাষ্ট্রসঙ্ঘের (U N O) সদস্য। ১৯৫১-এ ব্রিটিশদের সহিত মৈত্রীবন্ধন সন্ধি হয়।

**ওমস্ক** (Omsk): সোবিয়েত রুশের একটি এলাকা। সাইবেরিয়ার বড় শহর। ইরতিশ-ওব নদীদ্বয়ের সঙ্গমস্থলে পার-সাইবেরিয়ান রেলপথের উপর অবস্থিত। এখান হইতে শাখারেল উরালী শিল্পকেন্দ্র স্বেরদলোভস্ক (Sverdlovsk) পর্যন্ত গিয়াছে। সোবিয়েত পর্বে ওমস্ক শিল্প ও বাণিজ্যের বিশিষ্ট স্থান হইয়া উঠিয়াছে। জন. ২·৮১ লক্ষ। .. এখানে দস্তয়েবস্কি (Dostoyvsky) নির্বাসনে বাস করেন।

**ওমহা** (Omaha): মার্কিন যুক্তরাষ্ট্র; নেব্রাস্কা স্টেটের প্রধান নগর, মিসৌরি নদীতীরে। বিরাট রেলওয়ে জংশন। বহু শিল্পের কেন্দ্র। জন. ২·৪৭ লক্ষ।

**ওয়াই** (Wai): বোম্বাই; উ. সাতারা জে.র তালুক ও শহর। জন. ১৬ হা। ... পুনা-বঙ্গলুর রেলপথের স্টে. ওয়াথার (Wathar) ৬৯ মা; সেখান হইতে

ওয়াই মোটর পথে (২১ মা); কৃষ্ণা নদীর তীরে; নদীতীরে বহু দেবমন্দির ও স্নানের ঘাট। বহু পৌরাণিক কাহিনী এইস্থানের সহিত জড়িত; পাণ্ডবরা অজ্ঞাত বাসকালে এখানে ছিলেন বলিয়া লোকবিশ্বাস। একটি হঠাৎ-খাড়া পাহাড়ের উপর দুর্গকে পাণ্ডবগড় বলে। বোম্বাই স্টে. সমবায় ব্যাংক।

**ওয়াইট দ্বীপ** (Isle of Wight): ইংলন্ডের দক্ষিণে দ্বীপ; পোর্টসমাউথ প্রভৃতি বন্দর হইতে যাওয়া-আসা চলে। অবকাশ রঞ্জনের জন্য পর্যটকের ভিড় হয়। আ. ১৪৭ ব মা। জন. ৯৬ হা। শাসন বিষয়ে হাম্পশায়ার জেলার সহিত যুক্ত।

**ওয়াইমঙ** (Wymong): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৮৩৪-এ প্রথম উপনিবেশ। ১৮৯০-এ ইউনিয়নভুক্ত। ইয়োলোস্টোন পার্ক (দ্র.) এই স্টেটের প্রধান দর্শনীয় স্থান। ... আ. ৯৭,৯১৪ ব মা। জন. ২·৯০ লক্ষ। বিটুমিনী কয়লা সম্পদে এই স্টেট অদ্বিতীয়। ... রাজধানী শিআন (Cheyenne)

**ওয়াজিরাবাদ** (Wazirabad): পাক-পঞ্জাব; গুজরনওয়ালা জেলার তহশীল ও সদর শহর। বাদশাহ শাহজহান-এর সময় ওয়াজির খাঁ কর্তৃক স্থাপিত; শিখদের রাজা রণজিৎ সিংহের সময় নূতনভাবে পত্তন ও প্রাচীর দ্বারা বেষ্টিত হয়। এখানকার ছুরি, ছোরা, গুপ্তি প্রভৃতি প্রসিদ্ধ। উত্তরে চেনাব নদীর উপর রেলওয়ে সেতু ১৮৭৬-এ নির্মিত হয়; ১৯২২-এ যানবাহন চলাচলের সেতু নির্মিত হইলে কলিকাতা হইতে পেশাওয়ার পর্যন্ত শেরশাহ সড়ক করিয়া সোজা (শোন নদী ছাড়া) যাওয়া যাইত। জন. ২৭,০৭৯।

**ওয়াজিরিস্তান** (Waziristan): প. পাকিস্তান; উ.-প. সীমান্ত প্রদেশের উপজাতীয় মণ্ডল ও আফগানিস্তানের মধ্যস্থিত পার্বত্য দেশ। আ. ৫২১৪ ব মা; জন. ২·৬৪ লক্ষ। ওয়াজির নামে পাঠান উপজাতির বাস। ইহারা দুর্ধর্ষ ও যুদ্ধপ্রিয়। ব্রিটিশদের সহিত প্রায়ই খণ্ডযুদ্ধ চলিত। পাকিস্তান সরকার নানাভাবে উন্নতির চেষ্টা করিতেছেন।

**ওয়াটারলু** (Waterloo): (১) বেলজিয়ামের গ্রাম; ব্রাসেল্‌স্‌ হইতে ১১ মা. দূরে। ১৮১৫, ১৫ জুন নেপোলিওন এইখানে ব্রিটিশ সেনাপতি ডিউক অব্‌ ওয়েলিংটন ও প্রুশিয়ান্‌ সেনাপতি ব্লুখারের নিকট পরাভূত হন। ... (২) লন্ডন নগরের একটি রেল স্টেশনের নাম।

**ওয়াডি** (Wadi): হায়দরাবাদ রাজ্য; গুলবর্গা জে.র শহর ও বোম্বাই-মদ্রাজ ব্রড্‌ রেলপথের জং (৩৭৬ মা); মাদ্রাজ ৪১৮ মা। এখান হইতে একটি শাখারেল হায়দরাবাদ-কাজিপেট হইয়া বিজয়বাডা পর্যন্ত গিয়াছে (৩৩৮ মা)।

**ওয়াধওয়ান** (Wadhwan): সৌরাষ্ট্রের জলওয়াড বিভাগের জেলা। কাথিয়াবাড়ের করদরাজ্য; আ. ২৪৩ ব মা; জন. ৪৩ হা। রাজার উপাধি ঠাকুর সাহেব; ইনি ৯ তোপের সম্মানাধিকারী ছিলেন। বার্ষিক ভাতা ১,৪২,০০০ টাকা পান। ওয়াধওয়ান (বধবান) বোম্বাই হইতে ৩৮৬ মা। ওয়াধ. জং বর্তমানে সুরেন্দ্রনগর নামে পরিচিত। সেখান হইতে ৪ মা দক্ষিণে ওয়াধ. সিটীস্টেশন। শহরে রাজপুত জায়গীরদার ও জমিদারদের পুত্রদের জন্য স্কুল ছিল, অজমেরের রাজকুমার কলেজের ক্ষুদ্র ও দীনতর সংস্করণ। ... : প্রবন্ধচিন্তামণি জৈনগ্রন্থের লেখক মেরুতুঙ্গ আচার্যের জন্মস্থান। গ্রন্থ ১৩০৫—৬ অব্দে রচিত।

**ওয়ানকানের** (Wankaner): কাঠিয়াবাড়ের পূর্বতন করদ রাজ্য। আ. ৪১৭ ব মা; জন. ৫৫ হা। মহারানা রাজাসাহেব ১৪ তোপ পাইতেন; রাজ্য ভারতভুক্ত হইলে (১৯৪৮) রাজাকে ১,৮০,০০০ টা. ভাতা দেওয়া হয়। ... বর্তমানে উহা সৌরাষ্ট্র রাজ্যভুক্ত। ... শহর বিরামগাম হইতে ৮৮ মা; রাজকোট ২৫ মা দূরে। জন. ১৬,৭৬৯। সৌ. স্টেট ব্যাংক; ওয়ান. ব্যাংক ও সমবায় ব্যাংক।

**ওয়ারঙ্গল** (Warangal): হায়দরাবাদের জেলা। আ. ৭৯৪৪ ব মা; জন. প্রায় ১২ লক্ষ। ... জেলায় বাঁশ, সেগুন, আবলুশ প্রভৃতির গভীর অরণ্য; সিঙ্গরানী কয়লা মণ্ডল; লৌহ আকর, গ্রানাইট, অভ্র; মার্বেল পাথর প্রভৃতি আছে। ওয়ারঙ্গল ও নলগোন্ডা জেলা দুইটির সাধারণ লোক অতি দরিদ্র; তাহারা ব্যবসায়ীদের দ্বারা দীর্ঘকাল উৎপীড়িত ও

লুন্ঠিত হইয়াছিল। বর্তমানে ভারত সরকার হায়দ.র তার লওয়ায় লোকেদের কিছু উন্নতি হইয়াছে।

ওয়ারঙ্গল শহর—হিন্দুযুগে কাকতীয় রাজগণের রাজধানী ছিল; ইহা বিজয়বাডা হইতে রেলে ১৩০ মা। জন. ১,৩০,০৮০। সেন্ট্রাল, হায়দ. স্টেট ব্যাংক ও সমবায় ব্যাংক।

ওয়ারঙ্গলের কাকতীয় বংশ—কাকতীয় রাজাদের রাজধানী প্রথমে ছিল অন্ধ্রদেশের মধ্যে অনুমকোণ্ডম; পরে ওয়ারঙ্গল। এই বংশের প্রোলরাজ কল্যাণের চালুক্য রাজাদের দুর্বলতার সুযোগ গ্রহণ করিয়া স্বাধীন হন। ইহার পৌত্র গণপতি (১১৯৯-১২৬০); তাঁহার কন্যা রানী রুদ্রাম্বা (১২৬০-৯১) যোগ্যতার সঙ্গে রাজ্যশাসন করেন। মার্কোপোলো তাঁহার ভ্রমণ বিবরণীতে ইহার ভূয়সী প্রশংসা করিয়াছেন। রুদ্রাম্বার দৌহিত্র প্রতাপরুদ্র আলাদ্দীন খিলজির সেনাপতি মালিক কাফুর কর্তৃক পরাভূত হন। ওয়ারঙ্গলের হিন্দুযুগের ইতিহাস এখানেই শেষ (১৩০৮)।

**ওয়ারোরা, বরোরা** (Warora): মধ্যপ্রদেশ; চান্দা জেলার শহর; ওয়ার্ধা-কাজিপেট রেলপথের স্টে. (৪৫ মা)। জন. ১১,৫১৭। নাগপুর ব্যাংক, স্টেট ব্যাংক।

**ওয়ার্ধা** (Wardha): (১) মধ্যপ্রদেশের নাগপুর বিভাগের জেলা। আ. ২,৪২৮ ব মা। জন. ৫,৩৮,৯০৩। তুলা প্রচুর উৎপন্ন হয়।

(২) সদর শহর (প্রায় ৪০ হা)। হাওড়া-নাগপুর-বোম্বাই রেলপথের স্টেশন (৭৫২ মা), বোম্বাই ৪৭২ মা। তুলার বড় বাজার আছে। বহু শিক্ষা প্রতিষ্ঠান শহরে ও শহরতলীতে আছে। 'সেবাগ্রাম' (দ্র.) ১২ মা। মহাত্মা গান্ধী এখানে কিছুকাল বাস করেন। বুনিয়াদি শিক্ষা প্রথা এইস্থানে পরিকল্পিত হয় বলিয়া উহার অপর নাম ওয়ার্ধা শিক্ষা পরিকল্পনা। নাগপুর ব্যাংক, স্টেট, লক্ষ্মী, প. ন্যাশনাল ব্যাংক শাখা।

**ওয়ার্স** (Warsaw, Warszawa): পোলন্ডের রাজধানী; ভিস্টুলা নদীতীরে। ১৯৩৯ সেপ্টেম্বর মাসে জারমানি ও সোভিয়েত রুশ কয়েক দিনের ব্যবধানে পো. আক্রমণ করে ও ওয়ার্স নগর ধ্বংসস্তূপে পরিণত করে। যুদ্ধের পূর্বে জনসংখ্যা ছিল প্রায় ১২ লক্ষ। যুদ্ধ শেষ হইবার চারি বৎসর পরে জনসংখ্যা দাঁড়াইয়াছিল ৬ লক্ষ মাত্র। ধীরে ধীরে পুরাতন গৌরব ফিরিয়া আসিয়াছে। এখন সেখানে বহু শিল্প প্রতিষ্ঠান ও কারখানায় বিচিত্র রকমের মাল প্রস্তুত হইতেছে। বিশ্ববিদ্যালয়ে (স্থা. ১৮৬১) বর্তমানে প্রায় ১০ হাজার ছাত্র।

**ওয়ার্সলো** (Wroclow) **ভ্রোস্লো**: জারমান Breslau; পোলন্ডের অন্তর্গত শহর। ১৯৪৫ পর্যন্ত জারমানির স্যাক্সনি রাজ্যের রাজধানী ছিল। দ্র. ব্রিসলো।

**ওয়ালচাঁদনগর** (Walchandnagar): বোম্বাই রাজ্য; পুনা জেলার শহর। ধোনদ হইতে ছোট রেলপথের শেষ স্টে. বারমতি (২৭ মা) হইতে ১৬ মা দ.-পূর্বে কালাম্ব গ্রামের নিকট ওয়ালচাঁদনগর; পুনা হইতে ৭৫ মা। জন. ৫,৬৪০। দেবকরণ লালজী ব্যাংক আছে। এখানকার চিনির কল বিখ্যাত।

**ওয়ালটেয়ার** (Waltair): বাল্টেয়র অন্ধ্ররাজ্যের বিশাখাপট্টম হইতে ২ মা-এর মধ্যে সমুদ্রতীরস্থ শহর ও স্বাস্থ্যনিবাস। অন্ধ্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র। কলিকাতা ৫৪৭ মা।

**ওয়ালেস রেখা** (Wallace line): পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জের পশ্চিমাংশের দ্বীপগুলির জীবজন্তু ও উদ্ভিদের সহিত এশিয়ার জীবজন্তু ও গাছপালার সাদৃশ্য আছে; কিন্তু পূর্বাংশের দ্বীপগুলির প্রাণীজগতের সহিত ঘনিষ্ট সম্বন্ধ অস্ট্রেলিয়ার। জীবতত্ত্ববিদ্ ওয়ালেস (A. R. Wallace, ১৮২৩-১৯১৩) এই দুই অংশের মধ্যে একটি সীমারেখা নির্দ্দিষ্ট করিয়াছিলেন; এই কল্পিত রেখা বলি ও লম্বক দ্বীপ এবং সেলিবিস ও মলাক্কা দ্বীপপুঞ্জের মধ্য দিয়া প্রসারিত।

**ওয়াশিংটন** (Washington): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট; প্রশান্ত মহাসাগর তীরে। ১৮১১ প্রথম উপনিবেশ; ১৮৮৯ ইউনিয়নভুক্ত। আ. ৬৮,১৯২ ব মা। জন. ২৩·৭৮ লক্ষ। রাজধানী অলিম্পিয়া। সর্বশ্রেষ্ঠ নগর ও বন্দর সিএটল (Seatle)। বনজ-সম্পদ প্রচুর। ফলের চাষ বিখ্যাত। সুবৃহৎ গ্রান্ড কুলি বাঁধ (Grand

Coulee Dam) বাঁধিয়া জলবিদ্যুৎ উৎপন্ন হয়; মাথা পিছু এতো বিজলি পৃথিবীর আর কেনো স্টেটের লোক পায় না। ...অ্যাটম বোমা তৈয়ার করিবার পূর্ণাঙ্গ কারখানা এই স্টেটে আছে।

**ওয়াশিংটন** (Washington, D. C.): মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানী; কোলাম্বিয়া ডিস্ট্রিক্ট-মধ্যে। অতি সুন্দরভাবে পরিকল্পিত নগর। ১৭৯০-এ যুক্তরাষ্ট্র সরকারের কেন্দ্রীয় দপ্তরখানা এইখানে প্রতিষ্ঠিত হয়। সরকারী রাষ্ট্রসভা বা কাপিটোল, হোআইট হাউস বা প্রেসিডেন্টের প্রাসাদ, কন্‌গ্রেস লাইব্রেরী, বিশ্ববিদ্যালয়, স্মিথসোনিয়ান ইনস্টিটিউশন প্রভৃতি বহু বিদ্যা-প্রতিষ্ঠান, ওয়াশিংটন ও লিংকলনের স্মৃতিস্তম্ভ প্রভৃতি আছে। আ. ৬৮ ব মা। জন. ৮'০২ লক্ষ। প্রেসিডেন্টের প্রাসাদকে হোআইট হাউস বলে। ১৮১২-এ ইংরেজের সঙ্গে যুদ্ধের সময় প্রাসাদ সাদা রঙ করা হয়, সেই হইতে এই নাম। কাপিটোল বা রাষ্ট্রগৃহ ৭৫১"×৩৫০" ফুট। প্রাসাদে ৪৩১টি ঘর আছে।

**ওয়াশীম** (Washim, Bashim): মধ্যপ্রদেশ; অকোলা জে.র তালুক ও শহর। জন. ১৮,৭৬৩। এখানে লক্ষ্মী ব্যা. আছে। স্টেশন নাই।

**ওয়েডমুর** (Wedmore): ইংলন্‌ডের সামারসেটশায়ারের গ্রাম। এইখানে ৮৭৮ অব্দে রাজা আল্‌ফ্রেডের সহিত ডেন্‌ সর্দার গথ্‌রামের সন্ধি হয়। তদনুসারে ওয়ালটিং স্ট্রীটের উত্তরাংশ ডেন্‌দের ছাড়িয়া দেওয়া হয়।

**ওয়েম্‌ব্লি** (Wembly): লন্‌ডনের শহরতলী। এখানে ১৯২৪-২৫-এ ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্গত দেশসমূহের প্রদর্শনী হইয়াছিল। স্টেডিয়াম বা ক্রীড়াপ্রাঙ্গণের গ্যালারিতে ১,২৫,০০০ দর্শক বসিতে পারিত।

**ওয়েল্‌স্‌** (Wales): গ্রেটব্রিটেনের অন্তর্গত দেশ। আ. ৭,৪৬৬ ব মা। জন. ২৫'৯৭ লক্ষ ('৫০)। ১৩ কাউন্টি বা জেলা। ...অধিবাসীরা কেল্‌টিক। ৫ শতকে রোমানরা ব্রিটেন ছাড়িয়া চলিয়া গেলে কনেদ্দা গ্লেডিগ (Wledig) দ. স্কটলন্‌ড হইতে ওয়েল্‌সে আসিয়া রাজ্য স্থাপন করে। ইউরোপ ভূখণ্ড হইতে অ্যাংগেল, স্যাক্সন প্রভৃতি জাতির লোক ব্রিটেনদের উপর হানা দিলে লোকে ওয়েল্‌সের অরণ্যময় পার্বত্য-দেশে আশ্রয় লইয়াছিল। ক্রমে লিলুয়েন (Llywelyn) রাজবংশ প্রবল হয় (১১১৪-১২৩৯)। এই বংশের এক রাজাকে পরাজিত করিয়া ইংলন্‌ডের রাজা ১ম এডোআর্ড ১২৮৪-এ ওয়েল্‌স দখল করেন ও তাঁহার পুত্রকে প্রিন্স অব্‌ ওয়েল্‌স ঘোষণা করেন। সেই হইতে ইংলন্‌ডের রাজার জ্যেষ্ঠ পুত্র প্রিন্স অব্‌ ওয়েল্‌স নামে পরিচিত হইয়া আসিতেছেন। ১৫৩৬-এ এ দেশে ইংলন্‌ডের আইন-কানুন সবই প্রবর্তিত হয়। সেই হইতে ওয়েল্‌স হইতে ব্রিটিশ পার্লামেন্টে সদস্য প্রেরণের ব্যবস্থা হয়। ...এখানকার কেল্‌টিক ভাষায় লোক-সাহিত্য আছে। ...ওয়েল্‌সের বিশ্ব-বিদ্যালয়ের (১৯০৩) কৃষি কলেজ সুবিদিত প্রতিষ্ঠান।

**ওয়েলিংটন** (Wellington): নিউজীলন্‌ডের রাজধানী উত্তর দ্বীপের পোতাশ্রয়। জন ১'৮৯ লক্ষ। এখানে বিশ্ববিদ্যালয় আছে।

**ওয়েলেসলি প্রদেশ** (Province Wellesley): মালয় উপদ্বীপ; পেনাঙ দ্বীপের অপর পারে সমুদ্র-উপকূলে সংকীর্ণ প্রদেশ (১১ মা প্রস্থ×৩১ মা দীর্ঘ)। পেনাঙ সমেত আ. ৪০০ ব মা। জন. ৫,০৪,৫০০। প্রধান শহর জর্জটাউন (২'১৭ লক্ষ)।

**ওয়েসার** (Wesser): জারমানির নদী (৩১০ মা); ব্রোমেন নগরের পার্শ্ব দিয়া গিয়া উত্তর সাগরে পড়িতেছে।

**ওয়েস্ট আফ্রিকা** (West Africa): দ্র. পশ্চিম আফ্রিকা।

**ওয়েস্ট ইন্‌ডিস** (West Indies): দ্র. পশ্চিম ইন্‌ডিস দ্বীপপুঞ্জ।

**ওয়েস্টফেলিয়া** (Westphalia): শব্দের অর্থ 'পশ্চিম সমতল'। হলন্‌ডের সংলগ্ন বহু নদীধৌত জারমানির প্রদেশ। দ্বাদশ শতকে এই স্থান জারমানির ডিউকের বিশাল জমিদারীর অন্তর্গত ছিল। ১১৮০ অব্দে এইস্থান কোলোনের আর্চবিশপের দেবত্র সম্পত্তি হয় এবং ১৮০৩ পর্যন্ত তাঁহাদের গোমস্তাদের দ্বারা শাসিত হয়। ঐ বৎসর হেস (Hesse) ও প্রুশিয়া পশ্চিমী সমতলটি ভাগাভাগি করিয়া লয়। ইতিমধ্যে নেপোলিওন তাঁহার ভ্রাতা জেরোমকে ১৮০৭-এ

ওয়েস্টফেলিয়ার রাজা করিয়া দিলেন। এই রাজ্য ১৮১৩ পর্যন্ত ছিল। তারপর হেস তাহার অংশ ১৮১৫-তে প্রুশিয়াকে দিয়া দিল। সেই হইতে উহা প্রুশিয়ার বিভাগ মাত্র। ২য় মহাযুদ্ধের পর ব্রিটিশ পরিমণ্ডল (zone)-মধ্যে উত্তর-রাইন ও ওয়েস্টফেলিয়া নামে প্রদেশ গঠিত হইয়াছে। এই প্রদেশের রাজধানী Dusseldorf। আয়তন ১৩,১০২ ব মা। জন. ১·৩২ কোটি। এখানে কোলোন, বন্ ও ম্যুনস্টার বিশ্ববিদ্যালয় আছে। ড্যুসেল ডোর্ফের চিকিৎসা আকাদেমী বিখ্যাত প্রতিষ্ঠান।

**ওয়েস্ট ভার্জিনিয়া** (West Virginia): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট; ভার্জিনিয়া স্টেটের পশ্চিমে অবস্থিত। ১৮৬১-তে গৃহযুদ্ধের সময় ভার্জিনিয়ার পশ্চিমাংশ কেন্দ্রীয় গবর্নমেন্টের বিরুদ্ধে যুদ্ধ করে নাই ও বিদ্রোহী ভার্জিনিয়া হইতে পৃথক হইয়া নূতন স্টেট গঠন করে (১৮৬৩)। এই রাষ্ট্রের খনিজ ঐশ্বর্যের মধ্যে কয়লা প্রধান। যুক্তরাষ্ট্রের সমস্ত কয়লার খাদ বন্ধ করিয়া দিলেও প. ভার্জিনিয়ার খাদের কয়লা ২৫০ বৎসর দেশের কাজ চালাইতে পারিবে। স্বভাবিক গ্যাস পাওয়া যায়। ... আ. ২৪,১৮১ ব মা; জন. ২০ লক্ষ। ... নিগ্রো ১·১৫ লক্ষ। এখানে শ্বেতাঙ্গ ও নিগ্রোদের জন্য পৃথক শিক্ষা প্রতিষ্ঠান; এবং আইনমতে পৃথক প্রতিষ্ঠান রাখিতে ইহারা বাধ্য।

**ওয়েস্টমিনিস্টার** (Westminister): লন্ডন মহানগরের ২৮ পাড়ার (borough) অন্যতম। এইখানে পার্লামেন্ট সভাগৃহ, বিখ্যাত ওয়েস্ট অ্যাবে (abbey), রাজভবন বাকিংহাম প্যালেস, সরকারী দপ্তরখানা প্রভৃতি আছে। সেন্ট পিটারের মঠের (minister) পশ্চিমে (west) বলিয়া এই বরোর নাম ও. মি.। প্রবাদ ৭ম শতকে এক আংলো-স্যাক্সন রাজা এইস্থানে এক চার্চ নির্মাণ করেন। পরে অনেক রাজাই ইহার কিছু কিছু উন্নতি সাধন করেন। ১৫ শতকে ৭ম হেনরী কর্তক এখানে চ্যাপেল বা পারিবারিক উপাসনা মন্দির নির্মিত হয়। এই ধর্মমন্দিরের স্থপতি ছিলেন বিখ্যাত ক্রিসটোফার রেন (Wren)। এই চার্চ ব্রিটিশ রাজাদের অভিষেক স্থান ও কবরস্থান। ইংলন্ডের বিশিষ্ট কবিরাও এখানে কবরিত হন। একটি অংশ প্রধান কবি ও সাহিত্যিকদের জন্য নির্দিষ্ট (Poets' Corner)।

এই চার্চের প্রধানকে ডীন (Dean) বলে। ৮ম হেনরী ক্যাথলিকদের চার্চ-সম্পত্তি ও অ্যাবে (abbey) বা মঠগুলি বাজেয়াপ্ত করিয়া abbot পদ বাতিল ও Dean পদ সৃষ্টি করেন।

**ওয়েস্টমিনিস্টার স্ট্যাটিউট** (Statute of Westminister): ১৯৩১-এ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত ডোমিনিয়নগুলির অনুরোধে ব্রি. পার্লামেন্টে এই আইন পাশ হয় যে, অতঃপর ডোমিনিয়নের নিজ নিজ পার্লামেন্টে যে সব আইন পাশ বা প্রস্তাব গৃহীত হইবে তাহা ভবিষ্যতে ব্রি. পার্লা. অনুমোদন সাপেক্ষ থাকিবে না। দ. আফ্রিকা ও আইরিশ ফ্রী স্টেটে তখন হইতেই এই স্ট্যা. বলবৎ হয়। ... কানাডা, অস্ট্রেলিয়ান নিউজীলন্ড প্রভৃতি রাষ্ট্রে পরে প্রবর্তিত হয়।

১৮৮৭ অব্দে মহারানী ভিক্টোরিয়ার রাজত্বের পঞ্চাশ বৎসর পূর্ণ হইলে যে জুবিলি উৎসব লন্ডনে অনুষ্ঠিত হয়, সেখানে সাম্রাজ্যের নানা স্থান হইতে মন্ত্রীরা আমন্ত্রিত হইয়া আসেন। তাহার পর বহুবার এই কন্ফারেন্স আহুত হয়। তখন উহাকে কলোনিয়াল কন্. বলা হইত। ১৯০৭ হইতে নাম হয় ইম্পিরিয়াল কন্.। ১৯৩১-এ ইম্পিরিয়াল ও এম্পায়ার শব্দ বদলাইয়া 'কমনওয়েলথ অব্ নেশনস' (দ্র.) ব্যবহৃত হইল; সেই বৎসর ওয়েস্ট. স্ট্যাটিউট ঘোষিত হয়। "autonomous communities within the British Empire, equal in status, in no way subordinate one to another, but united by a common allegiance to the Crown and freely associated as members of the British Commonwealth of Nations."

**ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া** (Western Australia): অস্ট্রেলিয়া রাষ্ট্রের পশ্চিমাংশস্থ বিশাল স্টেট; আ. ৯,৭৫,৯২০ ব মা। জন. ৬,৩৩,৫৩১ ('৫৩)। অধিকাংশ স্থান জনশূন্য, উপকূলাংশে মাত্র জনবসতি। ১৮৫০-৬৮ পর্যন্ত অপরাধী নির্বাসনভূমি ছিল। ১৮৯০ পর্যন্ত

জনসংখ্যা ছিল ১০ হা ; ১৮৯২-এ স্বর্ণখনি আবিষ্কৃত হওয়ায় লোকসংখ্যা দ্রুত বাড়িতে থাকে। ... গম, ফল, পশম, মাংস রপ্তানি হয়। ১৯৩১-এ এখানে অস্. কমনওয়েল্থ হইতে পৃথক হইবার আন্দোলন হয় ; কিন্তু তাহা সফল হয় নাই। ... রাজধানী পার্থ (Perth ; জন. ৩,৮৫,০০০)।

**ওয়েস্টার্ন ইণ্ডিয়ান স্টেটস্ এজেন্সি** (Western Indian States Agency) : কাঠিয়াবাড় পূর্ব-এজেন্সি, কাঠিয়াবাড় পশ্চিম এজেন্সি, ও সবরকণ্ঠ এজেন্সি লইয়া গঠিত রাজনৈতিক একক। গবর্নর-জেনারেলের প্রতিনিধি বা এজেন্ট রাজকোটে বাস করিতেন। সমগ্রের আ. ছিল ২৯,৮৯১ ব মা; জনসংখ্যা ছিল ৪২·৬০ লক্ষ। বর্তমানে এই নাম অচলিত। কাঠিয়াবাড় এজেন্সিদ্বয় সৌরাষ্ট্র ইউনিয়ন ও সবরকণ্ঠ এজেন্সি বোম্বাই রাজ্যের অন্তর্গত হইয়াছে (১৯৪৮)

**ওয়েস্টার্ন রেলওয়ে** (Western Railway) : ভারত রেলওয়ে জোনের অন্যতম। পূর্বের বোম্বাই-বড়োদা-মধ্যভারত রেল (BB&CI Ry.), সৌরাষ্ট্র রেল (S. Ry.), সিন্ধিয়া রেল, গায়কোবাড়-বরোদা স্টেট রেল, রাজস্থান রেলওয়েগুলি (জোধপুর, মেবার, প্রভৃতি) ও কচ্ছ রেল—এই জোনের অন্তর্গত। ... প্রধান অপিস বোম্বাই, চার্চগেট। জোনের ৩ ডিভিশন ; বোম্বাই (ডিস্ট্রিক্ট— বোম্বাই, প্রতাপনগর, বলসহর, অহমদাবাদ, রাতলাম, কোটা) ; অজমের (ডিস্ট্রিক্ট—মেহসানা, বান্দিকুই, জয়পুর, মাউ, আবুরোড়, উদয়পুর, গান্ধিগ্রাম) ; গোনড়া (ডিস্ট্রিক্ট—জামনগর, জুনাগড়, ভাবনগর)। মোট রেলপথ—৫,৫৭৬ মা। (ব্রডগেজ গ. ১,২৬১ মা ; মি. গে. ৩,৫৩৮ মা। ছোট রেল ৭৭৭ মা)। মূলধন ১০০·৩০ কোটি টাকা। মোট আয় ৪১·৫০ কো ; মোট ব্যয় ২৭·৬০ কোটি ; নেট আয় ১৩·৯০ কোটি টাকা। ... কর্মচারী ১·১১ লক্ষ।

**ওরচা** (Orcha) : বিন্ধ্যপ্রদেশ ইউনিয়নের অন্তর্গত রাজ্য (১৯৪৮)। পূর্বে মধ্যভারতের করদ রাজ্য ছিল। আ. ১,৯৯৯ ব মা। জন. ৩,৬৩,৪০৫। রাজস্ব ছিল ১০ লক্ষ। ... রাজধানী—ওরচা ঝাঁসি হইতে ৭ মা। রাজা হিন্দী ভাষা ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। ওরচার রাজারা মুঘল যুগে যমুনা হইতে নর্মদা ও চম্বল হইতে তমসা পর্যন্ত রাজ্য বিস্তার করেন। সেলিম (পরে জাহাঙ্গীর)-এর প্ররোচনায় ওরচার রাজা বীরসিংহ দেব অকবরের প্রিয় অমাত্য ও সখা আবুল-ফজলকে হত্যা করেন। সেই অপরাধে অকবর ওরচা ধ্বংস করেন। ... শতাব্দী পরে রাজা ছত্রশাল মারাঠাদের সহায়তায় নিজ রাজ্য ও শক্তি বৃদ্ধি করেন ; পুরস্কার স্বরূপ রাজ্যের একতৃতীয়াংশ তিনি মারাঠাদের দান করেন (১৭৩২)। মারাঠা সেনাপতি ঝাঁসিতে রাজধানী স্থাপন করেন। দশ বৎসর পরে সামান্য ছুতায় মারাঠারা ওরচা আক্রমণ করিয়া দেশের অধিকাংশ নিজ রাজ্য ঝাঁসির অন্তর্গত করেন (১৭৪২)। ঝাঁসি ১৮০৫ পর্যন্ত পেশবার সাম্রাজ্য-মধ্যে ছিল। ১৮৫৩ লর্ড ডালহৌসি দেশীয় রাজাদের পক্ষে দত্তকপুত্র গ্রহণ প্রথা বন্ধ করিয়া দিলে গঙ্গাধর রাও-এর বিধবা লক্ষ্মীবাঈ (ঝাঁসির রানী) সিপাহী বিদ্রোহে নেতৃত্ব গ্রহণ করেন। ... (দ্র. ঝাঁসি) ওরচার মহারাজা ব্রিটিশ আমলে ১৫ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে তিনি বার্ষিক ১,৮৫,০০০ টাকা ভাতা পান।

**ওলডেনবুর্গ** (Oldenburg) : জারমানির প্রদেশাংশ ; পূর্বে জারমানির রিপাবলিক (১৯১৮—৪৬)। ১১৮০ হইতে নানা পরিবর্তনের মধ্য দিয়া এখানকার শাসক বংশ ১৮২৯ এ গ্রানড ডিউক হন। এই বংশের বহু রাজকুমার ডেনমার্ক, সুইডেন ও রুশিয়ার রাজবংশ স্থাপয়িতা। .. ২য় মহাযুদ্ধের পর ১৯৪৬ হইতে লোয়ার স্যাক্সনি (Nieder-sachsen) প্রদেশের অন্তর্গত হইয়া গিয়াছে, স্টেটের পৃথক অস্তিত্ব নাই। ... নগরের জনসংখ্যা ১·২৩ লক্ষ।

**ওলাবকোট** (Olavakkot) : মদ্রাজ ; মালাবার জে.র শহর ; মদ্রাজ-মঙ্গলুর রেলপথের স্টেশন (৩৩৩ মা.)। এখান হইতে রেলপথে পালঘাট ৩ মা (দ্র.)। ১৭৬৬ অব্দে হায়দার আলি এখানে দুর্গ নির্মাণ করেন ; ১৭৯০-এ ইংরেজরা দখল করে। দুর্গ প্রাচীর, পরিখাদি এখনো আছে। (দ্র. পালঘাট)

**ওশিয়ানিয়া** (Oceanea) : এশিয়ার দ.-প.-এ প্রশান্ত

মহাসাগরে অবস্থিত অস্ট্রেলিয়া, নিউজীলন্‌ড, নিউ-গিনী দ্বীপ, এবং সলোমন, ফিজি প্রভৃতি দ্বীপপুঞ্জ লইয়া ( ভূ ও জল ভাগ লইয়া ) ওশিয়ানিয়া বা অস্ট্রেলেশিয়া মহাদেশ গঠিত। আ. ৩২ লক্ষ ব মা; জন. ১'২৪ কোটি।

**ওসমানাবাদ** ( Osmanabad ): হায়দরাবাদ রাজ্যের জেলা, তালুক ও শহর। জেলার আ. ৩,৫২৬ ব মা। জন. ৮,০৫,২৮৯ ('৫১)। প্রাচীন নাম ধারাশিব; এখানে ৫-৭ শতকের নির্মিত জৈন ও হিন্দু গুহা আছে। এখান হইতে ১৪ মা দূরে তুলজাভবানী ( দুর্গা ) মন্দিরে ভারতের নানাস্থান হইতে তীর্থযাত্রী আসে। ... ওসমানাবাদ সোলাপুর হইতে ৪৩ মা উত্তরে। তবে কুরডুয়াডি জং হইতে বড়সি ( Barsi ) সরু রেল-পথের কলম্ব রোড স্টে. ( ৫৫ মা ) হইতে যাওয়া যায়। ...জন. ১৫,৫১০। এখানে হায়দ. স্টেট ও ওস. সমবায় ব্যাংক আছে।

**ওসাকা** ( Osaka ): জাপানের বন্দর। পৃথিবীর মধ্যে ৯ম ও এশিয়ার মধ্যে ৩য় মহানগরী। এখানে ৭ হাজারের উপর নানা শিল্পের কারখানা ছিল। জাপানের আয়ুধাগার; বিশিষ্ট বিশ্ববিদ্যালয়। বহু শিন্‌তো ও বৌদ্ধমন্দিরপূর্ণ। যুদ্ধের পূর্বে জনসংখ্যা ২৬ লক্ষ ছিল। ১৯৫৩-এ ২২'৪১ লক্ষ।

**ওহাইও** ( Ohio ): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৭৮৮-তে প্রথম উপনিবেশ। ১৮০৩-এ ইউনিয়নভুক্ত। আ. ৪১,২২২ ব মা। জন. ৭৯'৪৬ লক্ষ। রাজধানী কোলম্বাস (Columbus)। বৃহত্তম নগর ক্লেভলন্‌ড ( Cleveland ), সিনসিনাটি ( Cincinnati )। স্টেটে কয়লা, পেট্রোলিয়াম, লৌহ প্রচুর। বহু শিল্পের কেন্দ্র। পৃথিবীর মধ্যে ক্লেভলন্‌ড লৌহ-চুর ( Iron ores ) আমদানি-রপ্তানির সেরা স্থান। ...কৃষি ও গো-পালনেও এই স্টেট অগ্রণী। ...স্টেটের আয় ৬৬২ মিলিয়ন ডলার ('৫০)

**ঔরঙ্গাবাদ**: ( দ্র. অউরঙ্গবাদ )

**কওয়ার্ধা, কবর্ধা** ( Kawardha ): পূর্বতন ছত্রিশগড় স্টেট্‌স এজেন্সির করদ রাজ্য ; আ. ৭৯৪ ব মা ; জন. ৭৭,২৮৪। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ৬৩,৮০০ ভাতা পান।...বর্তমানে মধ্যপ্রদেশ রাজ্যের দুর্গ ( Drug ) জেলার শহর, জন. ৬,২১০। ডাক, তার। কও. ব্যা. ও রায়পুর সমবায় ব্যাংক।

**ককেসাস** ( Caucasus, Kavkas, Kavkasioni ): রুশ সোবিয়েতের অন্তর্গত কৃষ্ণসাগর ও কাস্পিয়ান হ্রদের মধ্যস্থিত যে ভূভাগ এশিয়া ও ইউরোপের মধ্যে যোজকরূপে বিদ্যমান তাহার সাধারণ ভৌগোলিক নাম। ইহার ৩ ভাগ। উত্তরাংশে রুশ-সোবিয়েতের অন্তর্গত ৫টি অটোনোমাস সোবিয়েত। মধ্যভাগ ও পার-ককেসাস অঞ্চলে জর্জিয়া, আর্মেনিয়া, আজারবৈজান, সোবিয়েত রিপাবলিক ও আরও ৭টি আত্ম-শাসিত রিপাবলিক আছে ; ইহাদের মধ্যে দাঘেস্থান বৃহত্তম। এই মধ্যভাগে যথার্থ ককেসাস পর্বত অবস্থিত। উহার দক্ষিণে পার-ককেসাস বা ট্রান্স-ককেসাস মণ্ডল। উহা প্রায় ১০০০ মা দীর্ঘ; প্রস্থে ৬০-১৪০ মা। এই পর্বতমালার মধ্যে অসংখ্য উপজাতির বাস। ইহার মধ্যে কসাকরা সমধিক খ্যাত। পার-ককেসাস অঞ্চলে তুর্কী, মঙ্গোল ও আর্য-মহাজাতির বহু উপজাতির বাস। সমগ্র জনসংখ্যার ৩১ শতাংশ জর্জিয়ান ও ২৩ আর্মেনিয়ান।

রুশীয় সম্রাটগণ ধীরে ধীরে এই অঞ্চলে অগ্রসর হন ; ও ১৮০৪ অব্দে জর্জিয়ান রাস্তা পর্বতের মধ্যে দিয়া নির্মিত হইলে সমগ্র দেশ জয় করা সহজ হয়। এখন ককেসাসের মধ্য দিয়া কয়েকটি সামরিক রাস্তা হইয়াছে ; সেগুলি ৭-৯ হাজার ফুট উচ্চ গিরি-সঙ্কট দিয়া গিয়াছে। দশটি গিরিশৃঙ্গ মঁব্লা হইতে উচ্চ, উচ্চতম শিখর এলবুর্জ ১৮,৪০৫ ফুট। রেলপথ পর্বতের পশ্চিম ও পূর্ব প্রান্ত দিয়া ট্রান্স-ককেসীয় মণ্ডলে আসিয়াছে। ককেসাস পর্বত ও পার-ককেসাস মণ্ডলে বহু প্রকার খনিজ ও পেট্রোলিয়ম আছে। ( দ্র. বাকু )

**কক্সবাজার** ( Cox Bazar ): পূর্ব পাকিস্তানের চট্টগ্রাম জেলার মহকুমা, থানা। শহর সমুদ্রের তীরে অবস্থিত, চট্টগ্রাম হইতে স্টীমারে যাইতে হয়। বর্মা সীমান্ত ২৫ মা দূরে। ...এখানকার সাগর সৈকত অতি মনোরম। অনেকগুলি সুদৃশ্য বৌদ্ধ ক্যাঙ বা মন্দির আছে। ডাকঘর, তার, রেজি, অপিস ( ১৮৬৪ ) ও অন্যান্য সরকারী সকলপ্রকার অপিস আছে। ...১৭৯৭-৯৮-এ ৩০।৪০ হাজার আরাকানী চট্টগ্রাম জেলায় প্রবেশ করে। ক্যাপ্টেন কক্স নামে ইংরেজ অফিসার ইহাদের বসবাসের ব্যবস্থাদি করিবার জন্য নিযুক্ত হন। যেস্থানে আরাকানীরা উপনিবেশ করে, তাহা পরে কক্সবাজার নামে খ্যাত হয়। জন. ৫,৯৪৫।

**কঙ্কনহল্লী** (Kankanhalli): মহীশূর রাজ্যের তুমকুর জেলার শহর। জন. ১২,৪১৬। বৈশ্য মার্কেন্টাইল ব্যাংক। ডাক, তার।

**কঙ্কালী** ( Kankali ): ৫১ পীঠের অন্যতম। ইস্টার্ন রেলপথ ( লুপ ) বোলপুর ( ৯২ মা ) হইতে উত্তরে ৪ মা দূরে কোপাই নদীতীরে। চৈত্র-সংক্রান্তিতে মেলা হয়। হিন্দুদের মহাশ্মশান। অধিষ্ঠাত্রী দেবী বা ভৈরবী বেদগর্ভা, ভৈরব রুরু।

**কঙ্গুদেশ** ( Kongudesa ): মন্দ্রাজের কোয়াম্বতুর ও সালেম জেলার প্রাচীন নাম।

**কঙ্গো** ( Congo ): মধ্য-আফ্রিকার কঙ্গো নদীর অববাহিকার ভূভাগের সাধারণ নাম। রাজনৈতিক দিক হইতে দুই ভাগে বিভক্ত ; ফরাসী ও বেলজিয়ান। ফরাসীদের অধিকৃত কঙ্গো ফরাসী ইকুইটোরিএল নিরক্ষীয় আফ্রিকার অন্তর্গত। বেলজিয়াম অধিকৃত অঞ্চল কঙ্গো-বেলজিয়ান ( দ্র. ) নামে পরিচিত।

**কঙ্গো নদী** ( Congo river ): আফ্রিকার বৃহত্তম নদী ( ৩০০০ মা দীর্ঘ )। নায়সা হ্রদের পশ্চিমাংশে নির্গত হইয়া কয়েকটি হ্রদের মধ্য দিয়া প্রবাহিত হইয়া এই নদী অতলান্তিক মহাসাগরে পড়িয়াছে। বহু উপনদী আসিয়া মিশিয়াছে। কঙ্গো অববাহিকার আয়তন প্রায় ১৫ লক্ষ ব মা ( অর্থাৎ আফ্রিকার ১।৭ অংশ )। দ. আমেরিকার আমাজোন নদীর অববাহিকা ছাড়া আর কোনো নদীর অব. এত বিস্তৃত নহে। এত জলরাশি আর কোনো নদী দিয়া প্রবাহিত হয় না। নিরক্ষীয় অঞ্চলে নদী দুইটি জল-প্রপাতের পর হইতে মাত্র এক হাজার মাইল সহজ

-নাব্য। তাহার পর সমুদ্রের দিকে নদী ধাপে ধাপে নামিয়াছে; সেখানে ভীষণ খর স্রোত বলিয়া নৌকা চালানো যায় না। মোহনার নিকট নদী প্রায় ১০ মা প্রশস্ত।

**কঙ্গো, বেলজিয়ান** ( Belgian Congo ): আফ্রিকার বেলজিয়াম অধিকৃত কঙ্গো-অববাহিকার অরণ্যময় দেশ। আ. ৯,০৯,৬৫৪ ব মা; দেশীয় লোকের জন. ১,২০,২৬,১৫৯ ('৫২); ইউরোপীয় প্রায় ৮৬,৬৮৮। নিগ্রোস্তব বান্টু, সুদানী, বামন (পিগমী) প্রভৃতি জাতির বাস। ৪টি ভাষা প্রচলিত। ...১৪৮৪-তে পোর্তুগীজরা কঙ্গো নদীর মোহনা ও ১৮৬৭-তে লিভিংস্টোন ঐ দেশের অভ্যন্তরভাগ আবিষ্কার করেন। ১৮৭৭-তে স্ট্যান্‌লির (১৮৪১-১৯০৪) আবিষ্কারের রিপোর্ট দেখিয়া বেলজিয়ামের রাজা ২য় লিওপোল্ড কঙ্গোর প্রতি আকৃষ্ট হন। রাজার নিজ টাকায় স্ট্যানলি (১৮৮০-৮৪) পুনরায় কঙ্গো যান ও সর্দারদের সহিত সন্ধি করিয়া নদীতীরে ২০টি ঘাঁটি স্থাপন করেন। জারমানরা (১৮৮৫) বার্লিন কনফারেন্সে কঙ্গোকে ২য় লিওপোল্ড-এর জমিদারী বলিয়া স্বীকার করে। অতঃপর ১৮৮৯-এ লিওপোল্ড কঙ্গো দেশ বেলজিয়াম সরকারকে দান করেন এবং ১৯০৮-এ সরকারীভাবে উহা গৃহীত হয়। রবার প্রধান বনজ সম্পদ। রবার সংগ্রহের জন্য বেলজিয়ান বণিকরা দেশীয় লোকদের উপর যে বর্বর অত্যাচার করে, তাহা অকথ্য। পৃথিবীময় উহা লইয়া আলোচনা হইলে কতকগুলি সংস্কার সাধিত হয়।

বেলজিয়ান উপনিবেশ-মন্ত্রী দপ্তরের অধীনে কঙ্গোর শাসন ব্যবস্থা পরিচালিত হয়।

৬টি প্রদেশে রাজ্য বিভক্ত, এবং প্রত্যেক প্রদেশের জন্য গবর্নর ও প্রাদেশিক পরামর্শদাতা সভা আছে। গবর্নর-জেনারেল সরকারী ঔপনিবেশিক কাউন্সিলের (১৪) সভাপতি। পরামর্শদাতা সভা তাঁহাকে সহায়তা করে; তবে সমস্ত বিধি-বিধানের কর্তা বেলজিয়ান রাজা; গ.-জে.-এর মারফত তিনি আইন ঘোষণা করেন। ...রুআন্ডি ( Ruandai ) ও উরুনডি ( Urundi ) পূর্বে জারমানদের ছিল; এখন কঙ্গোর ম্যান্ডেট-শাসনাধীন। ...কেপটাউন হইতে রেলপথ দ্বারা যুক্ত। ৩,৬৭১ মা রেলপথ দেশের অভ্যন্তরে আছে। মোটরপথ ৭৬,৯৫০ মা। প্রধান খনিজ: তাম্র, ইউরেনিয়াম, রেডিয়াম। মার্কিন যুক্তরাষ্ট্রকে ইউরেনিয়াম বিক্রয় করিয়া বেলজিয়াম বর্তমানে ইউরোপের মধ্যে সমৃদ্ধিশালী দেশ হইয়া উঠিয়াছে। কসাই নদীর উপত্যকা পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ হীরক আকর। পাম-তৈল, তুলা, কোকো প্রধান উৎপন্ন দ্রব্য। এককালে রবারের চাষ প্রসিদ্ধ ছিল, এখনো ২ লক্ষ টনের কম উৎপন্ন হয়। ...প্রসিদ্ধ বন্দর—মাতাদি ( Matadi ; ৫৫,১৪৬ ); রাজধানী- লিওপোল্ডভিল ( Leopoldville ; জন. ২৮৩,৯৪৯ ; ইউরোপীয় ১৫,৪০৭ )। খ্রীষ্টান মিশনারীরা ( ৭,৬১৬ ) ধর্মপ্রচার ও শিক্ষাদান করেন। খ্রীষ্টান প্রায় ৩৬ লক্ষ; মুসলমান ৭০ হা।

**কংসাই, কংস, কংসাবতী নদী** ( Kansai ): গারো পাহাড় হইতে উঠিয়া মেঘনা নদীতে পড়িয়াছে। ময়মনসিংহ জেলার উত্তরে পূর্ব-দক্ষিণ বাহিনী হইয়া বোলাই নদী নামেও পরিচিত।

**কচ** ( Kach ): ৬,৩৫৭ ফুট উচ্চ মালভূমির উপর বলুচিস্তানের পার্বত্য শহর; সিবি হইতে ১১০ মা। এখান হইতে জিআরাট পর্যন্ত ৩৩ মা ভাল মোটর পথ আছে।

**কচুয়া** ( Kachua ): পূ.-পাকিস্তান; বাখরগঞ্জ জেলার পটুয়াখালি মহ.র বৌফাল থানার গ্রাম। মেঘনার শাখা তেঁতুলিয়া নদীর তীরে বরিশাল পটুয়াখালি স্টীমার পথে বাগা বন্দর হইতে ১০ মা দূরে অবস্থিত। ...দনুজমর্দনদেব-বংশীয় চন্দ্রদ্বীপ-রাজগণের আদি বাসস্থান। এখান হইতে পরে মাধবপাশায় রাজধানী স্থানান্তরিত করা হয়। পরিবর্তনের কারণ কোনো মতে নদীর ভাঙন; অন্য মতে মগ ও ৫° জলদস্যুদের

**কচুয়া** ( Kachua ): (১) পূ. পাক.; ত্রিপুরা জেলার চাঁদপুর মহ.র থানা; আ. ৯০ ব মা; গ্রাম। (২) খুলনা জে.র বাগেরহাট মহ.র থানা; আ. ৬৫ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অফিস (১৮৬২); নদীর পূর্বপারে ফিরোজপুর থানা।

**কচ্ছ** ( Cutch, Kutch ) : ভারতের গ-শ্রেণীর রাজ্য ( ১৯৪৮ জুন হইতে ভারতভুক্ত )। আ. ১৬,৭২৪ ব মা ; জন. ৫,৬৭,৮২৫ ( '৫১ )। উত্তরে সিন্ধু ( পাকিস্তান ), পশ্চিমে ভারত মহাসাগর, দক্ষিণে সৌরাষ্ট্র। রাজ্যের চারদিকে লবণ-জলের বিল ( রান Runn )। দেশের মধ্যে চাষ ভাল হয়। খনিজ : জিপসাম, চুনাপাথর, মার্বেল, ফিটকিরি প্রভৃতি। এখানকার বন্য গর্দভ বিখ্যাত। ... রাজধানী ভুজ ( Bhuj ) ১৫৪৯-এ স্থাপিত। কান্দলা নূতন বন্দর (দ্র.)। ...কচ্ছীরা স্বভাব-বণিক ; ৬০ লক্ষ কচ্ছী ভারতের প্রধান প্রধান শহরে ও ১০,০০০-এর উপর বিদেশে ব্যবসায় রত। ভারতভুক্ত হইবার পর হইতে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি প্রভৃতির ব্যাপক ব্যবস্থা হইতেছে। পূর্বে কচ্ছ একটি করদরাজ্য ছিল। রাজা হিন্দু, উপাধি 'রাও'; আহারাদি সম্বন্ধে বিচারহীন, পালাক্রমে মসজিদ ও মন্দিরে যান। ১৪ শতকে সিন্ধু হইতে 'সম্ম' রাজপুত বংশীয়রা এদেশ অধিকার করে। ইহাদিগকে 'জদেজা' বলে। ১৮১৫-অব্দে ব্রিটিশদের সহিত সন্ধি হয়। 'রাও' রাজ্যে সর্বেসর্বা হইলেও দেশটি অনেকগুলি সামন্ত রাজ্যে বা 'ভায়াতে' বিভক্ত ছিল। এই সামন্ত বা ভায়াতের সংখ্যা ১৩৭ ; ইহারা রাজাকে সর্বদা সাহায্য ও নিজ নিজ পরগণা শাসন করিত। এখন সে সমস্ত ধীরে ধীরে রদ হইয়া যাইতেছে। ব্রিটিশ গবর্নমেণ্টকে কচ্ছ সরকার বাৎসরিক ৮২,২৫৭৲ কর দিত। বর্তমানে রাজ্য ভারতভুক্ত হওয়ায় ভারত সরকার রাজাকে ৮ লক্ষ টাকা ভাতা দেন। দেশের ভাষা—কচ্ছী ; সিন্ধী ও গুজরাতীর মিশ্রনে উৎপন্ন।

**কচ্ছ স্টেট রেলওয়ে** (Cutch State Railway) : কচ্ছ স্টেট কর্তৃক পরিচালিত রেলপথ ; দৈর্ঘ্য ৭২ মা ; গেজ ২'—৬"। কান্দলা হইতে ভুজ পর্যন্ত (৬১ মা)। অঞ্জার হইতে টুনা পর্যন্ত শাখা লাইন ১২ মা। বর্তমানে ওয়েস্টার্ণ বা পশ্চিম রেল অঞ্চলের অন্তর্গত ( ১৯৫১ )।

**কজঙ্গল** ( Kajangal ) **কয়ঙ্গল, কজাঙ্গল** : প্রাচীন বঙ্গের দেশ ; সে দেশের তিনভাগ জঙ্গল, একভাগ গ্রাম ও জনপদ ; অধিকাংশ ভূমি উষর ; স্বল্পমাত্র ভূমি উর্বর ; কোথাও কোথাও লৌহ আকর ছিল। ইহা বীরভূম-সাঁওতাল পরগণার উত্তরাংশ বলিয়া অনুমিত হয়। কাঁকজোল গ্রাম বর্তমান রাজমহলের নিকট। হয়েনৎসাঙের সময় এখানে ৩০ বিহার ও স্থবিরবাদী প্রায় ২০০০ ভিক্ষু বাস করিত।

'**কটক** (Cuttack) : ওড়িশা রাজ্যের জেলা। মহানদী, ব্রাহ্মণী প্রধান নদী। বার্ষিক বৃষ্টি ৬০"। উত্তরে কেওনঝার ও বালেশ্বর, পূর্বে বঙ্গোপসাগর। এই জেলার সহিত আঠগড়, বরম্বা, নরসিংহপুর ও টিগিরিয়া করদরাজ্যগুলি অন্তর্ভুক্ত হওয়ায় জেলার আয়তনের বৃদ্ধি হইয়াছে। পূর্বে আ. ছিল ৩,৬৩৩ ব মা এখন ৪,২১০ ব মা। ...জন. ২৫'২৯ লক্ষ ( '৫১ )। প্রধান ভাষা ওড়িয়া ছাড়া বাঙলা, হিন্দী, তেলেগু ভাষাভাষী লোক বহু। কটক জেলার মধ্যে ৪টি মহকুমা—কটক সদর, জাজপুর, কেন্দ্রাপাড়া ও আঠগড়। কটক মহ.র আ. ১,৫৬২ ব মা। জন. ১১,৭১,৭৫১। মহকুমার অন্তর্গত ১৪টি থানা।

কটক শহর ওড়িশা প্রদেশের পূর্বতন রাজধানী ; মহানদী তীরে ; কলিকাতা হইতে রেলপথে ২৫৪ মা। বহু শিল্প প্রতিষ্ঠানের কেন্দ্র। সোনারূপার জরির কাজ, জুতা, কাঁসার বাসনপত্র প্রভৃতি কুটির শিল্পের জন্য খ্যাত। রাভেনশ কলেজ ( Raven-shaw ) ১৮৪১-এ স্থাপিত। এখানে উৎকল বিশ্ববিদ্যালয় ( ১৯৪৩ ) অবস্থিত। শ্রীরামচন্দ্র ভঞ্জ মেডিক্যাল স্কুল ( ১৮৮৫ ) বর্তমানে মে. কলেজ ( ১৯৪৪ )। শহরের জন. ১,০২,৫০০ ; ১৯৪১ হইতে ৩১'৯% বৃদ্ধি। এখানে ৭টি ব্যাংক : স্টেট, পঞ্জাব ন্যাশনাল, ইউনাইটেড, ইউনাইটেড কমার্স, ও. রাষ্ট্র সমবায় ব্যা. কটক সমবায় ও কটক ব্যাংক।

**কটাক্ষ** (Kataksha), **কটাস** (Katas) : হিন্দুদের উপপীঠ তীর্থ। লোকবিশ্বাস সতীর বাম চক্ষু এইখানে পড়িয়াছিল। পাক-পঞ্জাবের লবণ পর্বতের মধ্যে প্রায় ২০০০ ফুট উচ্চ স্থানে অবস্থিত। লাহোর-লালমুসা ( ৪৯ ) জং হইতে পিণ্ড-দাদন খান ( ৫৭ মা ) হইতে ১৫ মা সড়ক। নিকটে আরও কয়েকটি তীর্থ আছে। কটাক্ষে চৈত্র-সংক্রান্তিতে মেলা হইত।

**কডয়নল্লুর** (Kadayanallur) : মদ্রাজ ; তিরুনেলভেলী,

জেলার ভেনকাশী তালুকের শহর; মাহুরাই বিরুদুনগর-কুইলন রেলপথের স্টে. (১৩ মা)। জন. ৩৮,১৩১। সেন্ট্রাল ইউনাইটেড ব্যাংকের শাখা আছে।

**কতার** (Qatar) : পূর্ব আরাবিয়ার উপদ্বীপ; পারস্য উপসাগর তীরে স্বাধীন সেখ (সায়েখ)-দের রাজ্য ১৯১৬ হইতে ব্রিটিশ আশ্রিত। দেশ শিলাময় মরুভূমি; সমুদ্রে মুক্তা উত্তোলন প্রধান শিল্প ও ব্যবসায় ১৯৩৯-এ পেট্রোলিয়াম আবিষ্কৃত হওয়ায় ইহাই এখন দেশের প্রধান শিল্প হইয়াছে। আ. ৪,০০০ ব-মা জন. প্রায় ২০ হা।

**কথা** (Katha) : বর্মার উত্তরাংশে সগাইঙ বিভাগের জেলা। আ. ৭,২৯৩ ব মা; জন. প্রায় ৩ লক্ষ বৃষ্টিপাত ৫৮"। পার্বত্য অঞ্চলে মূল্যবান বনসম্পদ পর্যাপ্ত। মোগোকের মানিক্য-খনি, পিনলেবু কয়লার খনি প্রভৃতি এই জেলার ঐশ্বর্য। মান্দালয়-মিটিনা রেলপথ, ইরাবতী নদী জেলার মধ্য দিয়া গিয়াছে।... কথা শহর, ইরাবতী নদীতীরে; রেঙ্গুন হইতে রেলপথে ৬০৭ মা।

**কনকর্ড** (Concord) : ১ মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্প-শায়ার স্টেটের রাজধানী। জন. ২৮ হা।

(২) ম্যাসাচুসেট্‌সের ছোট শহর। থরো (Thorean) নামে মার্কিন লেখকের জন্মস্থান। এমার্সনের জীবনের সহিত এই শহর যুক্ত।

**কনখল** (Kankhal) : উত্তর প্রদেশ; সাহারনপুর জেলার শহর। জন. ১৩,৪৮১। প. ন্যাশনাল ব্যাংক। হরিদ্বারের এক ক্রোশ দক্ষিণে, গঙ্গা ত্রিধারায় এখানে মিলিত হইয়াছে। লোকবিশ্বাস এখানে দক্ষরাজের রাজধানী ছিল। দক্ষেশ্বর শিবলিঙ্গের পূজা হইয়া থাকে। নিকটে গুরুকুলের আশ্রম বা বিশ্ববিদ্যালয়।

**কন্‌সেপ্‌সিয়ন** (Conecapcion) : দ. আমেরিকা; চিলি রাজ্যের শহর; নিকটে বৃহত্তম কয়লা অঞ্চল ও ইস্পাত কারখানা। প্রশান্ত মহাসাগরের বন্দর তালকাহুআনো (Talcahuano) এখান হইতে ৯ মা পশ্চিমে। বিশ্ব-বিদ্যালয়। জন. ১ লক্ষ।

**কন্‌স্টান্‌টা** (Constanta) : তুর্কী রুমানিয়া; প্রাচীন কন্‌স্টান্‌টিয়া। রুমানিয়ার কৃষ্ণসাগর তীরস্থ বন্দর; পেট্রোলিয়ম ও শস্য রপ্তানির জন্য খ্যাত। জন. ৮০ হা।

**কন্‌স্টান্‌টিনোপল** (Constantinople) : তুর্কী সাম্রাজ্যের পূর্বতন রাজধানী; এশিয়া ও ইউরোপের মধ্যে প্রণালীর উপর অবস্থিত। সম্রাট কন্‌স্টান্‌টাইন এইস্থানে রোমানসাম্রাজ্যের রাজধানী স্থানান্তরিত করিয়া প্রাচীন বৈজয়ন্তীয়াম নামের স্থলে কন্‌স্টান্‌টি-নোপল নাম রাখেন (৩৩০ খ্রী. অ.)। ৩৩০-১৪৫৩ পর্যন্ত গ্রীক বৈজয়ন্তীয়াম সাম্রাজ্যের রাজধানী। ১৪৫৩-অব্দে ওসমানলি (Ottoman) তুর্কীদের দ্বারা অধিকৃত হয় ও সেই হইতে ১৯২৪ পর্যন্ত তাহাদের রাজধানী ছিল। ১৯২৩-এ নগরীর নাম হয় ইস্তানবুল (দ্র.)। জন. ১০ লক্ষ ('৫০)। গ্রীকযুগের বহু সৌধ ও চার্চ তুর্কীদের দ্বারা হারেম ও মসজিদে পরিণত হইয়াছিল।

**কনহেরি** (কৃষ্ণগিরি) (Kanheri) : বোম্বাই-এর উত্তরে সালসিত্তি দ্বীপে বৌদ্ধদের পার্বত্য গুহামন্দির। এখানে প্রায় ১০৯টি গুহা আছে; কিন্তু সকলগুলি বিখ্যাত নহে। বোধহয় কোনো সময়ে বহু শত বৌদ্ধ এখানে আসিয়া উপনিবেশ স্থাপন করে। সর্ব প্রথম চৈত্য-গুহা অন্ধ্র রাজাদের দ্বারা নির্মিত (১৭৩ খ্রী. অ.)। ৩ নং গুহা কারলীর অনুকরণে উৎকীর্ণ; এই গুহাগৃহ ৮৬´×৪০´। ৩৪টি স্তম্ভ বেষ্টিত ১৬´ উচ্চ চৈত্য মধ্যস্থলে। বারান্দার শেষে ২১´ উচ্চ বুদ্ধমূর্তি। দ্বারের নিকট কয়েকটি কারুকার্য সমন্বিত স্তম্ভ আছে। বোম্বাই-এর নিকটবর্তী বোরীবলী (১৬ মা) স্টেশন হইতে ৫ মা দূরে এই গুহাগুলি।

**কনিকা** (Kanika) : ওড়িশার ভূতপূর্ব বড় জমিদারী। কটক জেলায় মহানদীর মোহনার কাছে শহর। ডাক ও তারঘর কনিকা-রাজবাটি নামে পরিচিত।

**কনেক্টিকাট** (Connecticut) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। আ. ৫,০৯৯ ব মা; জন. ২০,০৭,২৮০। শব্দটি রেড ইন্‌ডিয়ান, অর্থ 'দীর্ঘ নদী'। ১৬৩৫-তে প্রথম ইংরেজ উপনিবেশ হয়। ইংরেজের বিরুদ্ধে যে ১৩টি উপনিবেশ বিদ্রোহী হয় তাহাদের অন্যতম। রাজধানী হার্টফোর্ড (১,৭৭,৩৯৭); নিউ হাভেন (১,৬৪,৪৪৩) বন্দর। তিনটি বিশ্ববিদ্যালয় আছে।

**কনৌজ** (Kanauj) : উত্তর প্রদেশের ফরাকাবাদ জেলার শহর ও তালুক। আগরা-লখনৌ মিটার রেলপথের স্টেশন ; কানপুর হইতে ৫১ মা। প্রাচীন নাম কন্যাকুব্জ বা কান্যকুব্জ। মৌখরী বংশের রাজধানী (৬—৭ শতক)। গ্রহবর্মার মৃত্যুর পর ইহা পুষ্যভূতি বংশীয় হর্ষবর্ধনের রাজধানী হয়। ১২ শতকের শেষে এখানকার শেষ রাজা জয়চন্দ্র মো: ঘোরী কর্তৃক পরাজিত ও নিহত হন। রাজধানীর প্রাচীন ধ্বংসস্তূপ বহদূর জুড়িয়া দেখা যায়। লোকমতে জৌনপুরের ইব্রাহিম সাহের মসজিদ 'সীতা কি রসুই' নামক অট্টালিকা হিন্দু প্রাসাদ ভাঙিয়া নির্মিত (১৪০০)। … কনৌজ হইতে পঞ্চ ব্রাহ্মণ বঙ্গদেশে আসেন বলিয়া প্রবাদ ; তাঁহাদেরই বংশধরগণ বাংলা দেশের চৌদ্দ-আনি ব্রাহ্মণের পূর্ব পুরুষ বলিয়া লোকবিশ্বাস। উত্তর ভারতেও 'কনৌজিয়া' নামে এক শ্রেণীর ব্রাহ্মণ আছে।

**কন্যাকুমারিকা** : দ্র. কুমারিকা

**কপাটভঞ্জ** (Kapadvanj) : বোম্বাই ; কয়রা জেলার তালুক ও শহর ; বাণিজ্যের কেন্দ্র নদিআদ হইতে ২৮ মা। এখানে বিজলী, ফোন প্রভৃতি আছে। জন. ২২,৩১৯। বড়োদা ব্যা. ; কয়রা সমবায় ব্যা.।

**কপিলবাস্তু** (Kapilvastu) : গৌতম বুদ্ধের পিতৃভূমি। এই স্থান নেপাল তরাই-এর অন্তর্গত। গোরখপুর-গোন্ডা রেলপথের উসকা-বাজার (৪০ মা) স্টেশন হইতে উত্তরে। লুম্বিনি, যেখানে গৌতমের জন্ম হয় সে স্থান, কপিলাবাস্তু হইতে ১০ মাইল পূর্বে ও ভগবানপুর হইতে ২ মা উত্তরে। লুম্বিনীর নাম এখন রুমিণদি, সেখানে অশোকের স্তম্ভলিপি আছে। প্রত্নতত্ত্ববিভাগের পূর্ণচন্দ্র মুখোপাধ্যায় কপিলবাস্তু আবিষ্কার করেন। (দ্র. পিপরাওয়া, পদেরিয়া)। বুদ্ধদেবের ২৫০০ বৎসর জন্মোৎসব উপলক্ষ্যে এখানে যাইবার জন্য ভাল রাস্তা ও ঐ স্থানে যাত্রীনিবাসাদি নির্মিত হইয়াছে।

**কপিলাশ্রম** (Kapilasrama) : ভাগীরথী যেখানে সমুদ্রে গিয়া মিশিয়াছে সেখানে 'সাগর' নামে দ্বীপে ক. আ.। পৌষ সংক্রান্তিতে সেখানে 'সাগরের মেলা' হয়।

**কপিলী** (Kapili river) : আসাম ; মিকির পাহাড়ে উঠিয়া সমতল ভূমি দিয়া ব্রহ্মপুত্রে পড়িতেছে।

**কপিসা, কপিশা** (Kapisa) : প্রাচীন ভারতের রাজ্য ও নগর। বর্তমানে আফগানিস্থানের বেগরাম (Begram) নামে গ্রাম (দ্র.)। কপিসা গান্ধার রাজ্যের রাজধানী ; কুভা (কাবুল) নদীতীরে অবস্থিত। … এই স্থান চীনাদের ভূগোলে কিপিন ; পাণিনী 'কাপিশী' বলিয়া উক্ত। পরযুগে কুশান রাজাদের গ্রীষ্মকালীন রাজধানী। হুয়েনৎসাঙের গ্রন্থে (৭ম শতক) কপিসার বহু স্তূপ, সঙ্ঘারাম প্রভৃতির বিস্তারিত বর্ণনা পাওয়া যায়। বাণিজ্য ও ব্যবসায়ের এই বিশিষ্ট কেন্দ্রে সর্বদেশের বিচিত্র সামগ্রী পাওয়া যাইত। … বুদ্ধের বহু মূর্তি আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে কতকগুলিতে রোমান-এশিয়ার পামিরা (Palmyra) নগরের ভাস্কর্যপ্রভাব আছে বলিয়া অনুমান করা হয়।

**কপিস্থল** (Kapisthal) : কিংবদন্তী যুধিষ্ঠির এই নগরীর স্থাপয়িতা। গ্রীক ঐতিহাসিক Arrian-এর Kouvistholoi ; অলবিরুনীর Kavital ; বর্তমান পূর্ব পঞ্জাবের করনাল জেলার কয়থল (Kaithal)। উহা কুরুক্ষেত্র-নরওয়ানা লাইনের স্টেশন (৩০ মা)।

**কপূরতলা** (Kapurtala) : পে-প-সু রাজ্যের জেলা ও সদর শহর। পূর্বতন পঞ্জাবভুক্ত করদ রাজ্য। জলন্ধর জেলার মধ্যে ৩টি রাজ্যখণ্ড (enclaves) ছিল। আ. ৬৪৫ ব মা ; জন. ৩.১৮ লক্ষ ('৪১)। রাজারা রাজপুত শিখ, জসলমীরের রাজপুত রাণা কর্পূরের বংশধর। রাজ্যে ১৯১৬-এ ব্যবস্থাপক সভা গঠিত হয়। রাজ্যের আয় ছিল ৩৬ লক্ষ টাকা। রাজা ১৩ তোপ সম্মান পাইতেন রাজ্য ভারতভুক্ত হইলে (২০ আগস্ট, ১৯৪৮) রাজা বার্ষিক ২,৭০,০০০ টা. ভাতা পান। রাজ্যের প্রাথমিক শিক্ষা অবৈতনিক ছিল।

—শহর ; জন. ২৬,৯৪৭ ('৫১)। লাহোর ৬৫ মা। 'রণধীর কলেজ'। পাতিয়ালা, প. ন্যাশনাল ব্যাংক ; স্টেট ও সমবায় ব্যাংক।

**কপোতাক্ষ** (Kapotaksa), **কবতাক্ষ** : পূর্ব পাকিস্তান ; যশোহর জেলার নদী, ভৈরব হইতে নির্গত। এককালে ইহা যশোহর-খুলনার একটি প্রধান নদী ছিল ; কিন্তু ভৈরব মজিয়া যাওয়াতে ইহারও ক্ষতি হইয়াছে,

ত্রিমোহনী পর্যন্ত এখন মজা। দক্ষিণে কোটচাঁদপুর পর্যন্ত নাব্য মাত্র। ইহার তীরে মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান সাগরদাঁড়ি গ্রাম।

**কভনো** (Kovno) : দ্র. কাউনস।

**কভেন্ট্রি** ( Coventry ) : ইংলন্ডের নগর ও শিল্পকেন্দ্র। মোটর, রেডিওযন্ত্র, সাইকেল, সেলাইকল, ঘড়ি, কৃত্রিম রেশম, রঙ, আকাশযান ও বিবিধ ইঞ্জিনীয়ারিং কারখানার জন্য খ্যাত। জন. ২.৫৮ লক্ষ। ২য় মহাযুদ্ধে জারমান রোমারু বিমানের দ্বারা ভীষণভাবে বিধ্বস্ত হয়। পূর্ব গৌরবে প্রায় প্রতিষ্ঠ হইয়াছে।

**কমলপুর** ( Kamalpur ) : ত্রিপুরা রাজ্যের বিভাগ। আ. ২৪০ ব মা। জন. ৩ ,৩৭২। ঘনতা ১২৭। ... কমলপুর শহরের নিকট বিমান বন্দর আছে; আগরতলা হইতে আকাশপথে ৩৯ মা। কলিকাতা হইতে ইম্ফালের পথে বিমান এখানে থামে; ২ ঘণ্টায় পৌঁছান যায়।

**কমলাসাগর** (Kamalasagar) : পূ.-পাক; ত্রিপুরা জে.র ব্রাহ্মণবাড়িয়া মহ.র গ্রাম; আখাউড়া জং-এর দক্ষিণে স্টেশনের নিকট একটি অনুর্ধ পর্বতের উপর কস্‌বা কালীবাড়ি প্রাচীন দেবস্থান। ক. নামে পুরাতন দীঘি আছে। ...বর্তমানে স্টেশনের নাম কস্‌বা ( দ্র.)।

**কম্বুজ** ( Kambuja )-তথা **ফুনান** ( Funan ) : বৃহত্তর ভারতের দেশ; মেনাম ও মেকং নদীর মধ্যবর্তী ভূভাগকে চীনারা ফু-নান বলিত। লোকপ্রবাদ কৌণ্ডিণ্য নামে এক ব্রাহ্মণ ভারত হইতে আসিয়া এক নাগকুমারীকে বিবাহ ও রাজবংশ স্থাপন করেন। অন্য মতে ইন্দ্রপ্রস্থ হইতে আদিত্যবংশের ( সূর্য ) এক রাজা এখানকার রাজবংশের স্থাপয়িতা। ফুনানের আধিপত্য ২য়-৬ষ্ঠ শতক পর্যন্ত ছিল। চীনা ঐতিহাসিক বলেন যে, এক সময়ে সহস্রাধিক ব্রাহ্মণ ভারত হইতে আসিয়া স্থানীয় লোকদের কন্যা বিবাহ করে। ভারতীয় শাস্ত্রগ্রন্থ তাহারা পাঠ করিত। ফুনানের রাজারা চীন ও ভারতে দূত পাঠাইতেন। ইহার পর যথার্থ কম্বুজ দেশ বা কম্বোডিয়ার অভ্যুদয়।

**কম্বুজ; কম্বোজ** ( Kambuja ) : বর্তমান প্রদেশ থাই ( সিয়াম ) রাজ্যের উপত্যকায় প্রাচীনকালে ভারত হইতে ঔপনিবেশিকরা গিয়া বাস করে। ভারতের উ.-প. অঞ্চলে কম্বোজ নামে দেশ ছিল; সেখানকার লোকই ইন্দোচীনে গিয়াছিল বলিয়া অনুমান করা হয়। ...ইহারা কম্বোজ রাজ্যের স্থাপয়িতা। শ্রুতবর্মণ প্রথম রাজা; ইনি বোধ হয় ফুনানের অধীনে ছিলেন। ইহার পুত্র শ্রেষ্ঠবর্মণ স্বাধীন হইয়া শ্রেষ্ঠপুরে রাজধানী স্থাপন করেন। ...কালে কম্বুজ এতদঞ্চলে শ্রেষ্ঠ রাজ্য হয়। ... এই বংশের প্রসিদ্ধ রাজা জয়বর্মণ ( ২য় ); ইনি বহু নগর ও অবশেষে আংকোর নগরে রাজধানী গড়েন। ইহার পুত্র জয়বর্মণ ( ৩য় ) পরাক্রমশালী রাজা ছিলেন। ...প্রায় ২০০ বৎসর কম্বুজ ইন্দোচীনের শ্রেষ্ঠ সাম্রাজ্য ছিল। আংকোর থোম আদি ইহাদের অতুল কীর্তি। ( দ্র. কাম্বোডিয়া )।

**কম্পিল** : ( দ্র. কাম্পিল )।

**কয়থল** ( Kaithal ) : প্রাচীন কপিস্থল ( দ্র. )। পূ. পঞ্জাব; করনাল জেলার শহর; থানেশ্বর-নরওয়ানা রেলপথের স্টেশন ( ৩১ মা ); দিল্লী ১০৭ মা। শহর একটি হ্রদ বা বাঁধের ধারে অবস্থিত। হ্রদের তীরে প্রাচীন দুর্গাদির ভগ্নস্তূপ আছে। মুসলমান যুগে স্থানটির বৈশিষ্ট্য ছিল। ১৭৬৭-এ শিখ সর্দারদের হস্তগত ও ১৮৪৩-এ ব্রিটিশ রাজ্যভুক্ত হয়। ... জন.২৫,৭৩২। ব্যাংক : সেন্ট্রাল, স্টেট; প. ন্যাশনাল ও সমবায়।

**কয়রা** ( Kaira ) : বোম্বাই রাজ্যের জেলা ও সদর শহর। পূর্বের করদ রাজ্য কাম্বে, বালাসিনর, ঘোড়াসার এবং বড়োদার এক অংশ এই জেলার সঙ্গে যুক্ত হইয়াছে ( জুন, ১৯৪৮ )। ফলে জেলার সীমা পাঁচমহল জেলা ও কাম্বে উপসাগর পর্যন্ত বিস্তৃত হইয়াছে। পূর্বে আ. ছিল ১,৬১৭ ব মা এখন আয়তন ২,৫৪২ ব মা। জন. ১৬.১২ লক্ষ ( '৫১ )। অধিবাসী গুজরাতী ভাষী। বৃষ্টি ৩৯"। ১৯১৮-এ এই জেলায় গান্ধীজি কৃষক আন্দোলন পরিচালনা করেন। ...শহর ( জন. ৭,৭১৪ ) অহমদাবাদ হইতে ৩১ মা দ.-পশ্চিমে। অন্যান্য শহর নাদিয়াদ, পেটলার্ড, কাম্বে, আনন্দ প্রভৃতি।

**কয়রানা** ( Kairana ) : উত্তর প্রদেশ; মুজফ্‌ফরনগর জেলার তহসীল ও শহর। জন. ২৩,১৬৩।

**কয়েলপাট্টি** ( Koilpatti ) : দ্র. কোবিলপট্টি।

**করকাল** ( Karkal ) : মদ্রাজ ; দ. কানাড়া জে.র তালুক ও শহর। শহরের জন. ১৩,৮৭৩। বাণিজ্য কেন্দ্র। কানাড়া, কা. ইনডাস্ট্রি, কর্ণাটক ও বৈশ্য ব্যাংক। এখানে এক প্রস্তরের জৈন মূর্তি ও ১০ মা দক্ষিণে মুদবিদরী গ্রামে বহু জৈন স্থাপত্যের ধ্বংসাবশেষ রহিয়াছে।

**করগালী** ( Kargali ) : বিহার ; হাজারিবাগ জে.র শহর। জন. ১৭,৬৩৪। অন্য নাম রুকনী। আদরা-গোমো লাইনের স্টে. ( ৯ মা )।

**করজন** ( Karjan ) : বোম্বাই ; বড়োদা জেলার তালুক ও শহর। জন. ৬,৩১৫। বড়োদা ব্যাংক।

**করজাত** (Karjat) : বোম্বাই ; কোলাবা জে.র তালুক ও শহর ; বো.-পুণা রেলপথের স্টে. (৬২ মা ) ; এখান হইতে খোপোলি পর্যন্ত রেলশাখা ( ৯ মা ) আছে। পশ্চিমঘাট পাহাড়ের গিরিপথ ভোরঘাট (দ্র. ) করজাত হইতে ১ মা পরে আরম্ভ হইয়াছে। এই পর্যন্ত রেলপথ ১৮৫৬-তে নির্মিত হয়। পাহাড়ের উপর রেল ১৮৬৩-তে শেষ হয়। ...জন. ৪,৪৩৭। বো. স্টেট কো.-অপ. ব্যা.।

**করটিয়া** (Karatiya) : পূ. পাকিস্তান; ময়মনসিংহ জেলার টাঙ্গাইল শহরের ৬ মা পূর্বে একটি প্রাচীন বর্দ্ধিষ্ট গ্রাম ; পালি বংশীয় প্রসিদ্ধ মুসলমান জমিদার পরিবারের বাসস্থান। এখানে একটি কলেজ আছে।

**করতারপুর** (Kartarpur) : পূ. পঞ্জাব ; জলন্ধর জে.র শহর ; রেলপথে দিল্লী হইতে ২১৮ মা, অমৃতসর ৪৫ মা। জ. ১১,২২০। প. ন্যাশনাল ব্যাংক।

**করতোয়া** (Karatoya) : উত্তর বঙ্গের সর্বপ্রধান নদী। এই নদীর ইতিহাস সুপ্রাচীন এবং ইহার তীর্থ মাহাত্ম্য বহুখ্যাত। পুণ্ড্রবর্ধনের রাজধানী (বর্তমান মহাস্থানগড়, বগুড়া) এই নদীর উপর অবস্থিত ছিল। ... ভোটান-সীমান্তের উত্তরে হিমালয় হইতে উৎসারিত হইয়া নানা উপনদীর জলধারা লইয়া দার্জিলিং-জলপাইগুড়ি জেলার ভিতর দিয়া বাঙলা দেশে প্রবেশ করিয়াছে। জলপাইগুড়ি, রঙপুর বগুড়া ও পাবনা জেলায় প্রবাহিত হইয়া ইছামতীর সহিত মিলিয়াছে। উত্তরতম প্রবাহে ইহার নাম দিস্তাং বা তিস্তা। এই তিস্তার জলধারা তিনটি খাত দিয়া প্রবাহিত হইত : করতোয়া, আত্রাই ও পুনর্ভবা। এখন তিস্তা নিজ খাতে চলিতেছে ; অন্য সব নদীগুলি শীর্ণ হইয়া পড়িয়াছে।

**করদোভা** (Cordova) : স্পেনের শহর ; গুয়াদলকুইভার নদীর উপর। জন. ১·৬৫ লক্ষ। অনুমান কার্থেজীয়দের দ্বারা স্থাপিত। রোমানরা খ্রী. পূ. ১৫২-তে এখানে কলোনী করে। ৫৭২-অব্দে বর্বর গথদের দ্বারা অধিকৃত হয়। ৮-১৩ শতক পর্যন্ত মুসলমানদের শ্রেষ্ঠ নগরী ও পশ্চিমা খলিফাদের রাজধানী। এই নগরীর প্রাসাদ মসজিদাদির স্থাপত্য ওবিদ্যায়তন সৌন্দর্য পশ্চিম জগতে বিখ্যাত ছিল। নানাদেশ হইতে বিদ্যার্থীরা এখানকার বিদ্যালয়ে অধ্যয়ন করিতে আসিত। ১২২৬-এ ফার্দিনান্দ ৩য় কর্তৃক অধিকৃত ও স্বাধীন স্পেন-অন্তর্গত হয়। ১২৩৬-এ বৃহত্তম মসজিদটি খ্রীষ্টানদের চার্চে পরিণত করা হয়। ইহার স্থাপত্যকৌশল এখনো বিস্ময় উৎপাদন করে।

**করনজা** (Karanja) : মধ্যপ্রদেশ ; অকোলা জেলার শহর ; মুরতাজাপুর-ইয়োতমাল ছোট রেলপথের স্টে. ( ২১ মা )। জন. ২২ হা। তুলার ব্যবসায়ের কেন্দ্র। ব্যাংক : লক্ষ্মী, নিউ সিটিজেন, স্টেট।

**করনজিয়া** (Karanjia) : ওড়িশা ; ময়ূরভঞ্জ জেলার শহর। জন. ৪,৮৫৪। কলিকাতা-বারিপদা হইয়া মধ্যপ্রদেশে যে রাজপথ গিয়াছে, তাহার উপর অবস্থিত।

**করনপুর** (Karanpur) : (১) রাজস্থান ; গঙ্গানগর জে.র মিউনি. শহর। জন. ৮,৩৮৫। বিকানীর ব্যাংক। আগ্রা-বান্দিকুই রেলপথের স্টেশন ( ৭৭ মা )।

(২) বিহার ; হাজারিবাগ জেলার বিখ্যাত কয়লার আকর। পোঃ আরগাদা (Argada) ; বরকাকানা স্টেশন হইতে যাইতে হয়।

**করনাক** (Karnak) : মিশরের গ্রাম ; বর্তমান লকসর। প্রাচীন মিশরের আমোন-দেবতার মন্দিরের জন্য এই স্থানের খ্যাতি। এই মন্দির মিশরের ও পৃথিবীর বৃহত্তম দেবালয়। ইহা ১২০০ ফুট দীর্ঘ।

দ্বাদশ বংশীয় ( খ্রী. পূ. ২০০০-১৭৮৮ ) ফারোয়াদের সময় আরব্ধ ও ক্রমান্বয়ে সংযোগ ও সংস্কার চলে টলেমিদের ( খ্রী. পূ. ৪ শতক ) সময় পর্যন্ত। স্তম্ভগাত্রে অসংখ্য চিত্র ও কাহিনী অঙ্কিত ও খোদিত আছে।

**করনাল** (Karnal) : পূ. পঞ্জাব-রাজ্যের অম্বালা বিভাগের জেলা; পূর্ব সীমান্তে যমুনা প্রবাহিত। উত্তরে অম্বালা ও পাতিয়ালা জেলা। আ. ৩,১৫৬ ব মা জন. ১০,৮০,০০০ ('৫১)। হিন্দু ৭০%। অধিবাসী হিন্দী ও পাঞ্জাবী ভাষী। ৪ তহশীলে বিভক্ত—করনাল থানেশ্বর, কয়থল, পানিপথ।

**করনাল** (Karnal) : করনাল জে.র সদর শহর; দিল্লী-অম্বালা রেলপথের ( ৭৬ মা ) স্টেশন; ৮ মা-র মধ্যে কুরুক্ষেত্র। প্রবাদ কর্ণ এই নগরের প্রতিষ্ঠাতা। নগর উচ্চ প্রাচীর দ্বারা বেষ্টিত। ১৭৩৯এ নাদির শাহ দিল্লীর ২০ হাজার সৈন্যকে এইখানে দুই ঘণ্টার মধ্যে হত্যা করেন। ... বর্তমানে এখানে বিরাট উদ্‌বাস্তু কলোনী ও বহু শিল্প গড়িয়া উঠিয়াছে; জন. ৫৭,৯০৬। ভারত সরকার এখানে গোশালা স্থাপন করিয়াছেন। ব্যাংক : স্টেট, প ন্যাশনাল, প.-সিন্ধু, সেনট্রাল, সমবায়।

**করমণ্ডল উপকূল** (Coromandal Coast) : মদ্রাজের পূর্বস্থ বঙ্গোপসাগরের উপকূল। চোড় (Cora) নামে জাতি এই স্থানে বাস করিত বলিয়া এই নাম (চোল= কোর মণ্ডল)।

**করমালা** ( Karmala ) : বোম্বাই; সোলাপুর জে.র তালুক ও শহর। সিনা নদীর অপর পারে হায়দরাবাদের ওসমানাবাদ জেলা। এখানে রেল নাই; বো.-পুণা-গুনটকল ব্রড্ লাইনের স্টেশন জেউর ( ২১৩ মা ) হইতে উত্তরে। জন. ৮,২০৬। সোলা· সমবায় ব্যাংক।

**করাইকুডি** ( Karaikudi ) : মদ্রাজ রাজ্য; রামনাথপুরম জেলার তিরুপত্তুর তহশীলের শহর। মদ্রাজ-তিরুচিরাপল্লী-ধনুষ্কোটি রেলপথের স্টেশন ( ৩০১ মা )। তিরু. হইতে দক্ষিণে ৫৪ মা। ... এইখানে সেনট্রাল ইলেকট্রো-কেমিক্যাল রিসার্চ ইনস্টিটিউট ১৯৫৩, জানু ২৬ স্থাপিত হইয়াছে। জন. ৩৭,৮৬৭।

এখানে ৮টি নানা শ্রেণীর ব্যাংকের মধ্যে ইউনা. কমার্স ও ইন্ডিয়ান ব্যাংক উল্লেখযোগ্য। দ. ভারতের চেট্টি সমাজের প্রধান কেন্দ্র।

**করাচি** ( Karachi ) : পূর্বে সিন্ধু প্রদেশের রাজধানী ছিল। ১৯৪৮, জুলাই-এ সিন্ধু হইতে পৃথক করিয়া ফেডারেল স্টেটের রাজধানী ঘোষিত হয়। ইহার আ. ৮১২ ব মা; জন. প্রায় ১২ লক্ষ। মূল নগরের আ. ৭১ ব মা. জন. ১১'১৮ লক্ষ। ১৮৪৩-এ এই শহর ছিল ২৪ একর জমির উপর; জন. ছিল প্রায় ১২ হা। বর্তমানে পাকিস্তানের বিশিষ্ট সমুদ্র বন্দর; পশ্চিম পাকিস্তান ও আফগানিস্তানের বহির্বাণিজ্যের একমাত্র বন্দর। করাচির বিমান বন্দর এশিয়ার সর্বশ্রেষ্ঠ; এখানকার চলাচলের ব্যাবস্থা অতি আধুনিক বিজ্ঞানসম্মত। এই বিমান বন্দরে এ পর্যন্ত খুব কম দুর্ঘটনা ঘটিয়াছে। এইখানে পূর্ব এশিয়া ও অস্ট্রেলিয়া গমনাগমনের সকল বিমানপোত নামে।

বোম্বাই, লাহোর, কোয়েটা, দিল্লী প্রভৃতি বহু স্থানে বিমান যোগে যাওয়া যায়। করাচি বড় রেল স্টেশন : লাহোর ৭৫৭ মা; পেশাওয়ার ১০৪৫ মা· কোয়েটা ৫৬৭ মা; দিল্লী ৯০৭ মা; বোম্বাই ৯৮৫ মা। বিমানপথে বো. ৬৪৭ মা. ...পার্টিশনের পূর্বে হিন্দু সিন্ধীরা এইখানকার ধনীশ্রেষ্ঠ বণিক ছিল। অধিকাংশ হিন্দু নগর ত্যাগ করিলে সেখানে ৬-৭ লক্ষ ভারতীয় মুসলমান আশ্রয় লইয়া বিচিত্র সমস্যা সৃষ্টি করিয়াছে। ...সিন্ধী ও পার্শি সম্প্রদায়ের বহু প্রতিষ্ঠান ছিল; সিন্ধুর বিশ্ববিদ্যালয় এখানে অবস্থিত।

করাচিতে অনেগুলি ব্যাংক : কাবুলের আফগান ন্যাশন্যাল; ব্যা. অব্ চায়না; সেন্ট্রাল চার্টার্ড; ঈস্টার্ন ( লণ্ডন ); গ্রিন্‌ডলেস্; হবীব; স্টেট ব্যাংক অব্ ইন্ডিয়া; লয়েড্‌স; মার্কেন্টাইল; প. ন্যাশনাল; নেদারলন্‌ডস; ইউনাইটেড কমার্শিয়াল প্রভৃতি।

**করাচির ইতিহাস** : ১৭২৯-এ কলাত রাজ্যের একদল সিন্ধী হিন্দু ব্যবসায়ী সিন্ধুতীরের 'কলাচি'তে আসিয়া উপনিবেশ গড়ে। কলাচি শব্দের অর্থ বালিয়াড়ির দেশ। কালে এই স্থান সিন্ধুর কালহোরা ও পরে কলাত-এর খান সর্দারদের এলাকাভুক্ত হয়। আরও পরে তালপুরের

মীরগণের আয়ত্তে আসে, তখন হায়দরাবাদ হইতে উহা শাসিত হইত। ১৯ শতকের গোড়া হইতে ইংরেজের দৃষ্টি পড়ে এই নগরের উপর। আফগানদের সহিত যুদ্ধ করিবার জন্য ইংরেজরা সিন্ধু দেশের মধ্যে সৈন্য মোতায়েন করে ও জলপথে আসিয়া করাচি দখল করে। আফগান যুদ্ধের অবসানেও ইংরেজ করাচি ত্যাগ করে নাই। সিন্ধু বিজয়ের পর ১৮৪৩ হইতে সিন্ধু দেশ বোম্বাই প্রেসিডেন্সির অন্তর্গত হয় ও ১৯৩৬ পর্যন্ত বোম্বাই-এর বিভাগ ছিল। ১৯৩৬-এ সিন্ধু পৃথক প্রদেশ হয় ও করাচি তথাকার রাজধানী হয়। অতঃপর ১৯৪৭ হইতে পাকিস্তানের রাজধানী। দুইশত বৎসরের উপর সিন্ধী বণিকদের অখণ্ড প্রতাপ ছিল। ...৪০০ মাইল দূরবর্তী বলুচিস্তানের সুই (Sui) নামক স্থান হইতে করাচি পর্যন্ত একটি গ্যাস লাইন (৬ ইঞ্চি চওড়া) খুলিবার পরিকল্পনা হইতেছে। এই স্বাভাবিক গ্যাস সরবরাহ বাৎসরিক ১৬ লক্ষ টন কয়লার মূল্যের সমান হইবে।

**করাড** (Karad) **:** বোম্বাই ; উ. সাতারা জেলার তালুক ও শহর ; কৃষ্ণার উপনদী তীরে অবস্থিত। শহরে মারাঠাদের কয়েকটি শিক্ষা ও সেবা প্রতিষ্ঠান আছে। ভড়কামকর দাতব্য হাসপাতাল বিখ্যাত। শহরের নিকটে ইনজিনীয়ারিং ও কাঁচের কারখানা আছে। ... পুণা-হুবলি রেলপথের স্টে. ১১৪ মা। জন. ২৫,১২১। এখানে ৭ ব্যাংকের মধ্যে কানাড়া ইন্‌ডাস্ট্রি, সাংলি ব্যাংক উল্লেখযোগ্য।

**করিধা, করিধ্যা, কোডেভ** ( Karidha ) **:** বীরভূম জেলা ; সদর মহ.র গ্রাম ; সিউরী হইতে ১ মা পশ্চিমে। তসরের ও সুতার কাপড়, বাপ্তা প্রভৃতি প্রস্তুত হয়। এখানে বহু তাঁতির বাস। জন. ৩,৭৪০ ('৫১)।

**করিমগঞ্জ** ( Karimganj ) **:** আসাম রাজ্যের কাছাড় জেলার মহকুমা ; শহর ও বিখ্যাত বাণিজ্য কেন্দ্র ; কুশিয়ারা নদীর তীরে পূর্ব পাকিস্তান সীমান্তে রেল স্টেশন হইতে ৭ মা দূরে অবস্থিত। করিমগঞ্জ মহকুমার মধ্যে ৪টি থানা। পাথরকাঁদি থানার কিয়দংশের মালিকানা লইয়া পাকিস্তানের সহিত বিবাদ হইয়াছিল। ...মহকুমার আ. ৭০৯ ব মা ; জন. ৩,৭৮,৩২৪ ; ঘনতা ৫৩৪। বঙ্গচ্ছেদের পূর্বে করিমগঞ্জ শহর শ্রীহট্ট জেলার মধ্যে ছিল। পার্টিশনের পর এখানে বহু সহস্র হিন্দু বাঙালী উদ্‌বাস্তু শ্রীহট্ট জেলার নানা অংশ হইতে শহরে ও শহরতলীতে আসিয়া বাস করিতেছে। আসামের মধ্যে অবস্থিত হইলেও ইহা সম্পূর্ণ বাঙালী শহর। ... রেলপথে চট্টগ্রাম ২৩৯ মা। কলিকাতা হইতে এখন সেখানে যাইবার খুবই অসুবিধা ; মনিহারী-পাণ্ডু হইয়া ৮৩৭ মা। তবে কলিকাতা হইতে বিমানপথে শিলচর (৩২৬ মা) ও কৈলা-শহর হইয়া অল্প সময়ে এখানে যাওয়া যায়। ...করিমগঞ্জ জং হইতে দুর্লভছড়া হইয়া কলকলিঘাট পর্যন্ত (২২ মা) শাখা রেল আছে ; সেখানে বহু চা বাগিচা। শিলচর হইতে করিমগঞ্জ হইয়া মহীশাসন পর্যন্ত রেলশাখা ৩৮ মা ; পূ. পাকিস্তানের কুলাউরা হইতে লাটু (২৭ মা) ও তথা হইতে করিমগঞ্জ ৭ মা। ...সুন্দরবন ডেস্‌প্যাচ স্টীমার ৭ দিনে করিমগঞ্জ পৌঁছিত (৬৩৬ মা)। ...জন. ১১,০১৮। এখানে স্কুল ও ডিগ্রী কলেজ আছে। ব্যাংক **:** ইউনা ব্যাংক, আসাম কো-অপ্., আপেক্স ব্যাংক।

**করিমগঞ্জ** ( Karimganj ) **:** ময়মনসিংহ জে.র কিশোরগঞ্জ মহ.র থানা ; আ. ৭৫ ব মা। ...গ্রাম, ডাকঘর। ...কিশোরগঞ্জ হইতে রাস্তা ও নদীপথ আছে।

**করিমনগর** ( Karimnagar ) **:** হায়দরাবাদ রাজ্যের সর্বাপেক্ষা জনবহুল জেলা। জন. ১৫,৮১,৩১৯। ৮ তালুক। ...শহরের জন. ২৩,৮৪৯। গোদাবরীর উপনদী মানের নদীর তীরে ; রেলপথ নাই। হা. স্টেট ব্যাংক ও সমবায় ব্যাংক।

**করিমপুর** ( Karimpur ) **:** নদীয়া জেলার কৃষ্ণনগর মহ.র উত্তরতম থানা ; ইহার পূর্বে পূ. পাকিস্তানের কুষ্টিয়া জেলা। থানার আ. ১৭৪ ব মা। জন. ৮৭,৬৮৫। ঘনতা ৫০৫। —গ্রাম, জলঙ্গী নদীর দক্ষিণে অবস্থিত। পূর্বে মেহেরপুর মহ.র অন্তর্গত থানা ছিল। মেহেরপুর পূর্ব পাকিস্তানভুক্ত হইয়াছে। কেবল এই থানা পশ্চিম বঙ্গের মধ্যে আছে।

**করূষ দেশ** ( Karusha ) **:** দুইটি দেশ প্রাচীন ভারতে করূষ নামে ছিল। একটি কাশীর দক্ষিণে বর্তমান রেওয়া ; অপরটি বিহারের সাহাবাদ জেলা।

**করেরা** (Karera) : মধ্যভারত ; শিবপুরী জেলার পূর্বতন গবালিয়র রাজ্যের শহর। জন. ৪,৫৭৮। সমবায় ব্যাংক।

**করেলি** ( Kareli ) : মধ্য প্রদেশ ; হোসাঙ্গাবাদ জে.র নরসিংহপুর মহকুমার এক শহর ; জন. ৪,৪১৩। স্টেট ব্যাংক। —ইলাহাবাদ-ইতরসি রেলপথের স্টেশন ( ২৮৭ মা )।

**করৌলি** (Karauli) : পূর্বতন রাজপুতনার করদ রাজ্য ; পার্বত্য বনময় দেশ। লৌহচূর পাওয়া যায়। আ. ১,২২৭ ব মা ; জন. ১,৫২,৪১৩। ভাষা হিন্দী, রাজধানী করৌলি, জয়পুর হইতে দ.-পূর্বে ৭০ মা। রাজা ২৭ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইবার পর তিনি বাৎসরিক ১·০৫ লক্ষ টাকা ভাতা পান। ... বর্তমানে রাজস্থানের অর্গন্তত জেলা হইবার পূর্বে কিছু-দিনের জন্য মৎস্য ইউনিয়নের অন্তর্গত ছিল। বর্তমানে রাজস্থান রাজ্যের সওয়াই-মাধোপুর জেলার মহকুমা, আ. ১,১৯১ ব মা। জন. ১,৬০,৬৭১। ...করৌলি মিউনি. শহর। জন. ১৯,১৪৮। ঢোলপুর জং হইতে শাখা লাইন দিয়া যাওয়া যায়। স্টেশন নাই।

**কর্ক** ( Cork ) : গেইলিক শব্দ Corcaig, জলাভূমি। আয়ারলন্ডের পোতাশ্রয় ও বন্দর। রাষ্ট্রের ২য় বৃহত্তম নগরী ; বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র। ইংরেজের দ্বারা আয়ার-লন্ড অধিকৃত হইবার পর সার ওয়াণ্টার র‍্যালে ও কবি এডমন্ড স্পেন্সরকে এইখানে বহু বিস্তৃত জমিদারি প্রদত্ত হয় ( ১৫৯৮ )। ইহার কিয়দংশ রিচার্ড বয়েল ( Boyle ) ক্রয় করিয়া ইংরেজ ঔপনিবেশিক বসান। আইরিশ স্বাধীনতাকামী বীর টেরেন্স ম্যাকসুইনি ( MacSwiney, ১৮৭৯-১৯২০) কর্ক শহরের লর্ড মেয়র, এইখানে ইংরেজের বন্দীশালায় অনশনে ( ৭১ দিন ) প্রাণত্যাগ করেন। জন. ৭৫ হাজার ( '৪৬ )। বহু শিল্পের কেন্দ্র।

**কর্জন-রেখা** ( Curzon line ) : প্রথম মহাযুদ্ধের পর পোলন্ড ও রুশিয়ার মধ্যে ভাষা ও জাতিগত পার্থক্য অনুসারে একটি সীমান্ত রেখা অঙ্কিত হয়। এই ব্যবস্থা করিবার জন্য লর্ড কর্জন নিযুক্ত হন। কিন্তু ২য় মহা-যুদ্ধের অবসানে তেহারেন বৈঠকের পূর্বে ( ১৯৪৫ ) ইহা কার্যকরী হয় নাই।

**কর্ডিলেরা** (Cordilleras) : উত্তর আমেরিকার পশ্চিম-দিকস্থ পর্বতমালাকে কর্ডিলেরা ( =শৃঙ্খল ) বলে। বেরিং প্রণালী হইতে পানামা পর্যন্ত এই পর্বত প্রসারিত। রকি ( দ্র. ) পর্বত ইহার মেরুদণ্ড-স্বরূপ। স্থানে স্থানে ১ হাজার মাইল পর্যন্ত বিস্তৃত এবং উচ্চতা ৩ মাইলের অধিক।

**কর্নওয়াল** (Cornwall) : ইংলন্ডের একটি জেলা (County)। আ. ১,৩৫৭ ব মা ; জন ৩·২৭ লক্ষ। রাঙ (tin) প্রভৃতি ধাতুর জন্য খ্যাত ছিল। প্রাচীন ব্রিটেনের বহু কীর্তি আছে। প্রাচীন ব্রিটন ভাষা গত শতাব্দী পর্যন্ত জীবিত ছিল। এই ভাষায় পুনরায় গ্রন্থাদি লিখিত হইতেছে ; এমনকি বাইবেলের কিয়দংশ কর্নিশ ভাষায় অনূদিত হইয়াছে।

**কর্ণগড়** (Karnagarh) : মেদিনীপুর জেলার কালীবাড়ি থানার জঙ্গলের মধ্যে প্রস্তরের এক বৃহৎ মন্দির আছে। উহা পালযুগের কর্ণসেন নামে সামন্ত রাজার দ্বারা নির্মিত হয় ( দ্র. কর্ণসেন )। লোকে বলে দাতা কর্ণের গড়।

**কর্ণপ্রয়াগ তীর্থ** (Karnaprayag) : উত্তর প্রদেশে হিমালয়ের মধ্যস্থিত গঢ়বাল জেলার অলকানন্দা ও পিণ্ডার নদীর সঙ্গমস্থলে অবস্থিত। কর্ণের জীবনের সহিত সংশ্লিষ্ট বলিয়া লোকবিশ্বাস। ইহার ১৩ মা উপরে যেখানে অলকানন্দার সহিত নন্দগঙ্গা মিলিত হইয়াছে তাহার নাম নন্দপ্রয়াগ ; ইহা হিন্দুদের তীর্থস্থান।

**কর্ণফুলি** (Karnaphuli) : পূর্ব পাকিস্তানের নদী ; লুসাই পর্বতে উৎপত্তি। সেখানে নাম Kynsa-khyang। পার্বত্য চট্টগ্রামের মধ্য দিয়া প্রবাহিত ; এইখানে নদীর পাড় খুব খাড়া, স্রোত প্রবল। রাঙ্গামাটি ও চট্টগ্রাম শহরের দক্ষিণ দিয়া প্রবাহিত হইয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। দৈর্ঘ্য ১৭০ মা। অনেকগুলি উপনদী মিশিয়াছে। পাকিস্তান সরকার এই নদীতে জলবিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা করিতেছেন। এই নদীতীরে চট্টগ্রামের বিরাট বন্দর ও পোতাশ্রয়। নদীর উপর দিয়া রেলসেতু আছে। পার্বত্য চট্টগ্রামের বাঁশ হইতে কাগজ তৈয়ারির কল কর্ণফুলীর

তীরে নির্মিত হইয়াছে প্রায় ৩০ হাঃ টন কাগজ প্রস্তুত হইবে।

**কর্ণসুবর্ণ** (Karnasuvarna) : ৭ম শতকে বঙ্গের রাজা শশাঙ্ক-নরেন্দ্র গুপ্তর রাজ্য। কর্ণসুবর্ণ নামে রাজধানী গঙ্গার পশ্চিম তীরে ছিল। 'কাণসোনা' নামে একটি স্থান মুর্শিদাবাদ জেলায় আছে। সেখানে প্রাচীন স্তূপাদির চিহ্নও পাওয়া গিয়াছে। হুয়েনৎসাঙ এই নগরীর বর্ণনা দিয়াছেন। তাঁহার বর্ণিত রক্তমৃত্তিকা-বিহার এইখানে ছিল বলিয়া অনুমান। প্রত্নতত্ত্ববিভাগ হইতে এখানে খননকার্য করা হইয়াছিল; যেসব বৌদ্ধমূর্তি পাওয়া গিয়াছে, তাহার সহিত পাহাড়পুরের মাটির মূর্তির আশ্চর্য মিল দেখা যায়। স্তূপের অধিকাংশ লোকে ইষ্টক সন্ধানে নষ্ট করিয়াছে। মুর্শিদাবাদের রাঙামাটি নামক স্থান কর্ণসুবর্ণ বলিয়া সনাক্ত করা হয়; অন্যমতে মানভূম জেলায় অবস্থিত।

**কর্ণাট, কন্নড়, কনড়** (Karnata, Kannada, Kanada) : দ. ভারতের মাদুরাই জে.র অংশ; অপর নাম কুন্তল দেশ। মহীশূর রাজ্যকে কর্ণাটক বলে। বিজয়নগর রাজ্যকে কর্ণাট বলা হইত।

**কর্ণাট** (Karnata) : বাংলার বিখ্যাত সেন রাজবংশীয়রা কর্ণাট ক্ষত্রিয় নামে খ্যাত। ১১ শতকে কর্ণাটদেশ-বাসী চালুক্য রাজা বাঙলা-বিহারে একাধিক সময় অভিযান পাঠান। এইসব অভিযানের সঙ্গে যেসব সৈন্য সামন্ত আসে তাহাদের একদল তিরুহুত ও নেপালে 'কর্ণাটক' রাজবংশ ও রাঢ়ে-বঙ্গে 'কর্ণাট ক্ষত্রিয়' রাজবংশ প্রতিষ্ঠা করেন। বিজয় সেন, সামন্ত সেন, বল্লালসেন, লক্ষ্মণসেনাদি এই বংশের লোক।

**কর্ণাটক** (Carnatic) : মদ্রাজ রাজ্যের করমণ্ডল বা পূর্ব উপকূলস্থিত ভূভাগ। প্রাচীন চোড়-পল্লব-তামিল-দের দেশ। ১৩ শতক হইতে মুসলমানদের অধীন হয়। মুঘল সাম্রাজ্যের পতনের সময় এখানকার শাসনকর্তারা কার্যত স্বাধীন হন, যদিও নামে দক্ষিণাপথের প্রতিনিধি নিজাম-উল-মূলকের অধীন ছিলেন। ১৭৪৪-এ কর্ণাটের নবাব পরিবারে কলহ আরম্ভ হইলে নিজাম, আনোয়ার-উদ্দীন নামে আপনার এক অনুচরকে নাবালক নবাবের অভিভাবক নিযুক্ত করেন। এই হইতে দক্ষিণ ভারতে গোলমালের সৃষ্টি। ফরাসী ও ইংরেজরা এইখানে প্রথম আপনাদের মধ্যে যুদ্ধ আরম্ভ করে। ১ম কর্ণাটযুদ্ধ ১৭৪৫-৪৮; ইউরোপে আয়লাশ্যাপেলের সন্ধি হইলে যুদ্ধ থামে। ২য় কর্ণাটযুদ্ধ ১৭৪৯-এ পুনরায় বাঁধে। ইহাতে নিজামের বংশধরগণ, কর্ণাটের নবাব ও দাবীদারদের লইয়া খুব জটিল সমস্যার উদ্ভব হয়; ইংরেজ ও ফরাসী বিরুদ্ধ দাবীদারদের পক্ষ সমর্থন করে। ১৭৫৪-তে সন্ধি হয়। এই যুদ্ধে রবার্ট ক্লাইভ ১৭৫২-এ কর্ণাটের রাজধানী আরকট অধিকার করেন। ১৮০১-এ ওয়েলেস্‌লি কর্ণাটের নবাবকে টিপুর সহিত ষড়যন্ত্রে লিপ্ত সন্দেহে রাজ্যচ্যুত করেন। কর্ণাটক নামে কোন দেশ এখন নাই।

**কর্দলা, কুর্দালা** ( Kurdala ) : বোম্বাই; অহমদনগর জে.র গ্রাম; অহ. হইতে দ.-পূর্বে। এখানে ১৭৯৫-এ নিজামের সহিত মারাঠাদের যুদ্ধে নিজাম পরাভূত হন। নানা ফড়নবীশ তখন মারাঠাদের নেতা; গবর্নর-জেনারেল স্যর জন শোর উদাসীন নীতি অবলম্বন করিয়া নিজামকে সাহায্য করেন নাই। পরাজিত নিজাম অর্ধেক রাজ্য মারাঠা-দের নিকট ছাড়িয়া দিতে বাধ্য হন। এই স্থান বর্তমান অহমদনগর জেলা।

**কর্মাটাড়** (Karmatar) : বিহার; সাঁওতাল পরগণার জামতাড়া মহকুমার ক্ষুদ্র শহর। কলিকাতা হইতে রেলে ১৬০ মা। বিদ্যাসাগর মহাশয় বহুদিন এখানে বাস করিয়াছিলেন। এখানকার কয়েকটি পুষ্প উদ্যান হইতে নিয়মিতভাবে কলিকাতায় বিক্রয়ের জন্য ফুল প্রেরিত হয়। ...চিত্তরঞ্জন লোকোমোটিভ ইন্‌জিন কারখানা ২০ মা পশ্চিমে।

**কর্সিকা** ( Corsica, Corse ) : ইতালির নিকটবর্তী সার্দিনিয়ার উত্তরে, ভূমধ্যসাগরের দ্বীপ। ১৩১২-১৭৬৮ পর্যন্ত জেনোয়ার অধীন ও তাহার পূর্বে অনেকের অধীন ছিল। ১৭৬৮-অব্দে ফরাসীর অধিকারে আসে ও এখনো ফ্রান্সের প্রদেশ। আ. ৩,৩৬৭ ব মা; জন. ২,৬৮,০০০। রাজধানী আয়াচো ( Ajaccio ) নেপোলিওনের জন্মস্থান (১৭৬৮)। অধিবাসী

ইতালীয়ান-ভাষী। দ্বীপ মূল্যবান আরণ্য ও খনিজ সম্পদপূর্ণ: সীসা, তামা, আনটিমনি, মারবেল পাথর। জলপাই ও লেবুর চাষ কৃষি সম্বল।

**কলমা কন্দা** ( Kalma Kanda ): ময়মনসিংহ জে.র নেত্রকোনা মহ.র থানা; আ. ১৬০ ব মা। ... গ্রাম· সুসঙ্গের পূর্বদিকে শ্রীহট্ট জেলার প্রায় সীমান্তে অবস্থিত। ডাকঘর।

**কলাঘাটগি** ( Kalaghatgi ): বোম্বাই; উ. কানাড়া জে.র শহর; হুবলীর সহিত সড়ক দ্বারা যুক্ত। জন. ৫,২১০। কর্ণাটক সমবায় ব্যাংক।

**কলাকোপা** ( Kalakopa ): পূ. পাক.; ঢাকা জেলার নবাবগঞ্জ থানার গ্রাম। নবরত্ন-মন্দির, ক্ষেপারানীর ও বলাই বাউলের আখড়া বাউল সম্প্রদায়ের বিখ্যাত স্থান ছিল। মাটির জিনিস, বিশেষভাবে বড় -তেলের মটকা তৈয়ারির জন্য খ্যাত; ৪০ মণ তেল ধরিতে পারে এমন মটকাও তৈয়ারি হইত।

**কলারোয়া** ( Kalaroa ): খুলনা জে.র সাতক্ষীরা মহ.র থানা। আ. ৮০ ব মা; গ্রাম, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭৪ )। সা. হইতে সড়ক আছে।

**কলিকাতা** (Calcutta): পশ্চিম বঙ্গের রাজধানী ও ভারতের বৃহত্তম নগর। শহর অতি আধুনিক। ১৬৯০-এ জব চার্নক ইহার পত্তন করেন। কলিকাতার প্রাচীনতম অধিবাসী শেঠ ও বসাকরা; পূর্ব হইতেই ইহারা এখানে বসতি স্থাপন করিয়াছিল। উত্তম বন্দর এবং অবস্থানিক বৈশিষ্ট্য ( strategic) হেতু এই স্থান ইংরেজদিগকে আকর্ষণ করে। সমুদ্র এখান হইতে মাত্র ৮০ মাইল দূরে। ইংরেজরা কলিকাতা, সুতানটি ও গোবিন্দপুর সংলগ্ন ৩৮টি মৌজার সত্ব ফরমানের ( ১৭১৭ ) বলে পাইলে শহরের উন্নতি হইতে থাকে। ইহার পূর্বেই ১৬৯৬-এ একটি ফ্যাকটরি ও ১৬৯৭-১৭০০-এর মধ্যে একটি দুর্গ ( ফোর্ট উইলিয়াম ) নির্মিত হয়। ১৭৩৭-এর ভীষণ ঝড় ও ভূমিকম্পের ফলে শহর বিশেষ ক্ষতিগ্রস্ত হয়। ইহার ৫ বৎসর পর মারাঠারা কলিকাতা আক্রমণ করিলে শহরের চতুর্দিকে খাল কাটা সুরু হয়। মারাঠা খাল এখন সার্কুলার রোড।

কলিকাতা নামের উৎপত্তি সম্বন্ধে নানা মত। কেহ বলেন কালীঘাট বা কালীক্ষেত্র হইতে কলিকাতা নাম হইয়াছে; কেহ বলেন—কলি-চুণের ব্যবসায়ের স্থান হইতে ( কলি-চুণ, কাত-স্থান ); আবার কেহ বলেন কোলকোট্ট ( কোল=বন্দর, কোট্ট=দুর্গ ) হইতে। দ. ভারতের অনেকগুলি বন্দরের অনুরূপ নাম।

পলাশীর যুদ্ধের পর কলিকাতার সত্যকার উন্নতি সুরু হয়। ১৭৭২-এ কলি. বাংলার ও ১৭৭৩ অব্দে ভারতের রাজধানী হয়। মুর্শিদাবাদ হইতে খলসা (exchequer ) স্থানান্তরিত হইয়া আসিলে কলিকাতা বাংলা-বিহার-ওড়িশার রাজস্ব আদায়ের কেন্দ্র হইল।

১৮১৩ পর্যন্ত ঈস্ট ইন্ডিয়া কোং ভারতের একচেটিয়া ব্যবসায়ের অধিকারী ছিল। ইহার পর হইতে সকল ইংরেজ এই অধিকার পাইলে কলিকাতা শহর-হিসাবে দ্রুত প্রসার লাভ করিতে থাকে।

ফোর্ট উইলিয়ম কলেজ ( ১৮০০ ) কলিকাতার প্রথম কলেজ, শ্বেতাঙ্গ যুবক সিভিলিয়ানদের শিক্ষার জন্য উহা স্থাপিত হয়।

১৮১৭-এ হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়। ১৮৫৭-এ কলি. বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। ১৮৭০ পোর্ট-কমিশনার্স বিভাগ স্থাপিত হইলে বন্দরের উন্নতি হয়। ১৯১২ কলিকাতা হইতে দিল্লীতে ভারতের রাজধানী স্থানান্তরিত হয়। ঐ বৎসরেই নগরের উন্নতির জন্য কলিকাতা-ইম্প্রুভমেন্ট-ট্রাস্ট গঠিত হয়। ট্রাস্টের চেষ্টায় ঢাকুরিয়া হ্রদ বা Lake ও বহু আবাসিক বাড়ি, পার্ক তৈয়ারি হইয়াছে।

বর্তমানে কলিকাতা বলিতে তিনটি অর্থ বুঝায়। (১) ফোর্ট উইলিয়াম্ দুর্গের ছয় মাইলের মধ্যে ৫টি নগর—( কলিকাতা, হাওড়া, টালিগঞ্জ, গার্ডেনরীচ ও সাউথ-সুবার্বণ এবং সংলগ্ন শহর (বালী, দমদম, দক্ষিণ-দমদম, উত্তর-দমদম ও বরানগর) কলিকাতা অঞ্চল। ইহার আয়তন ৮৫'২ ব মা; জন. ৩৫, ৭৩, ২৫৩। প. বাংলার শহরবাসীদের ৮৫.১% এখানে বাস করে। (২) কলিকাতা শিল্পাঞ্চল (Cal. Industrial Region) বা বৃহত্তর কলিকাতা বলিতে কলিকাতা, হাওড়া, বালী, বজবজ, সাউথ- সুবার্বণ, গার্ডেনরীচ, টালিগঞ্জ, বাটানগর প্রভৃতি ১৫টি মিউনিসিপ্যাল শহর, একটি

সেনানিবাস, ব্যারাকপুর মহকুমার একটি শহর এবং হুগলি জেলায় দশটি শহরকে বুঝায়। ইহাদের মিলিত আয়তন ১৬৪ ব মা; জন. ৪৬, ২৭, ৯৮০; ঘনতা ২৮,৬৩১। (৩) কলিকাতা নগর (Cal. City) বলিতে কলিকাতা জেলা বুঝায়; ইহার তিন দিকে ২৪ পরগণা জেলা; পশ্চিমে হুগলি নদী। আ. ৩২·৩২ ব মা; জন. ২৫, ৪৮, ৬৭৭; ঘনতা ৭৮, ৮৫৮; জনসংখ্যার ৫৪·৫% বহিরাগত; হাজার পুরুষে নারী ৫৭০।

১৯৪৭-এর পর হইতে কলিকাতায় অতিজনতা বৃদ্ধি পায়। ১৯৫১ হইতে ইহা আরও বৃদ্ধি পাইয়াছে। নগরে বস্তির সংখ্যা ৩,৬১৫টি; ২১,৫৫৬ বস্তিঘর (hut); এবং ১, ৫৫, ৬২৪ বাসকক্ষ; এইখানে ৬, ১৭, ৩৭৪ জন লোক বাস করে ('৫১)। কলিকাতার এক চতুর্থাংশ লোকই বস্তিবাসী; ইহাদের মধ্যে ১৮·২৫ উদ্বাস্তু। সমগ্র নগরে বাসকক্ষ ৭, ১০, ৫৭১টি; জন সংখ্যা ২৫, ৪৮, ৬৭৭। ৬, ৮৫, ১৪৬ জন পারিবারিক জীবন যাপন করে না। অবশিষ্ট জনসংখ্যা ৩, ৫০, ৯১৬টি পরিবারে বিভক্ত। গড়ে প্রতি বাসকক্ষে ৩·৬ জন লোক বাস করে।

কলিকাতা ভারতের বৃহত্তম নগর ও বন্দর; সমুদ্র-পথ, বিমানপথ, রেলপথ ও সড়কের দ্বারা বহির্জগতের ও ভারতের বিভিন্ন অঞ্চলের সহিত যুক্ত। জাহাজ যাতায়াতের জন্য ড্রেজার যন্ত্র দ্বারা হুগলী নদীর বালুচর কাটিয়া ও সরাইয়া নদীখাত সর্বদাই গভীর রাখিতে হয়। ভারতের রপ্তানি বাণিজ্যের প্রায় অর্ধেক কলিকাতা বন্দর দিয়া যায়। সমগ্র পূর্ব ভারত কলি. বন্দরের পশ্চাদভূমি (হিন্টারলন্ড)। বিহার ও ওড়িশার গালা, তৈলবীজ, ম্যাঙ্গানিজ, লৌহ; আসামের চা, তুলা ও তৈলবীজ; প.-বাংলার পাট, চট, চা ও চামড়া এই বন্দর দিয়া বিদেশে রপ্তানি হয়। কলিকাতার উপকণ্ঠে খিদিরপুরের পোতাশ্রয় কিং জর্জ ডক পৃথিবীর অন্যতম বৃহৎ ডক বলিয়া পরিগণিত। কলির বিমানঘাঁটি দমদম (দ্র.)।

কলিকাতায় বিচিত্র শিক্ষা প্রতিষ্ঠান আছে। গ্রন্থ প্রকাশন, রাসায়নিক দ্রব্য, কাঁচ, কাগজ, রঙ, সিগারেট, সাবান, চীনামাটির বাসন, চামড়া, চট, সিমেণ্ট ও রবারের দ্রব্যাদি, দিয়াশলাই, হোসিয়ারি শিল্প, বৈদ্যুতিক যন্ত্রপাতি, রেলের কর্মশালা, লৌহপিণ্ড হইতে লৌহ ও ইস্পাতের দ্রব্য প্রস্তুত কারখানা, বয়ন শিল্প প্রভৃতি। এখানে ভারতের ও পাকিস্তানের প্রধান প্রধান ব্যাংক, রিজার্ভ ব্যাংক, স্টেট ব্যাংক, প্রাদেশিক সমবায় ব্যাংক, প্রাইভেট ব্যাংক, ও বহু বিদেশী ব্যাংকের অপিস আছে।

**কলিকাতা বিশ্ববিদ্যালয়** (Calcutta University): কলিকাতা বিশ্ববিদ্যালয় ১৮৫৭-এ স্থাপিত হয়। গোড়ার দিকে সমগ্র উত্তর ভারত, পূর্ব-ভারত ও বর্মাদেশ এই বিশ্ববিদ্যালয়ের এলাকাভুক্ত ছিল। ১৯৪৭ পর্যন্ত অবিভক্ত বাংলা, আসাম, ত্রিপুরা ইহার অন্তর্গত ছিল। বাংলা বিভক্ত হইলে ও আসামে গৌহাটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইলে কলি. বিশ্ব.র এলাকা প বঙ্গ ও ত্রিপুরার মধ্যে সীমায়িত হয়। বিশ্ববিদ্যালয়ের পঠন বিভাগ ৩৬টি, অনুমোদিত সর্বশ্রেণীর কলেজ ১০৪টি।

**কলিঙ্গ** (Kalinga): প্রাচীন ভারতের দেশ। বর্তমানে ওড়িশার অংশ। অশোকের পূর্বে সেখানে পরাক্রম-শালী রাজ্য ছিল। অশোক বহু কষ্টে এই রাজ্য জয় করেন। বর্তমান ভুবনেশ্বরের নিকট অশোকের রাজধানী ছিল তোসলি। তাঁহার দুইখানি শিলালেখ এখানে আছে (দ্র. ধোলি)। মৌর্য সাম্রাজ্য পতনের পর খারবেল নামে রাজা (খ্রী. পূ. ২ শ.) স্বাধীন হইয়া সাম্রাজ্য স্থাপন করেন। প্লিনীর (২ শতকের লাতিন লেখক) গ্রন্থে উত্তরকলিঙ্গের উল্লেখ আছে। হুয়েনৎসাঙ (৭ শ.) কলিঙ্গ ভ্রমণকালে রাজধানী কলিঙ্গনগরের উল্লেখ করিয়াছেন। ৭৫০-এ চালুক্যরা এই দেশ জয় ও রাজমহেন্দ্রীতে রাজধানী প্রতিষ্ঠিত করে। কলিঙ্গ হইতে ঔপনিবেশিকরা জাভাদ্বীপে গিয়া বাস করে।

**কলিঞ্জগ্রাম** (Kalinjagram): পূ. পাকিস্তান; বগুড়া জেলার গ্রাম। কলিকাতা-তিলকপুর রেল স্টেশনের (১৭৯ মা) দেড় মাইল উত্তরে রায়কালী গ্রামে কুশান বংশীয় বাসুদেবের একটি স্বর্ণমুদ্রা পাওয়া গিয়াছে। মুদ্রার রাজ্যকাল ৬৫ শকাব্দ; গ্রীক ও পহ্লবী

লিপিতে নাম খোদিত। মুদ্রার একদিকে চতুর্মুখ মহাদেব ও অপর দিকে দণ্ডায়মান রাজমূর্তি।

**কলুতর** ( Kalutara ): সিংহলের পশ্চিম প্রদেশের জেলা; কোলোম্বো জে.র দক্ষিণে, সমুদ্রতীরে। আ. ২২৪ ব মা। জন. ৪,৫৬,৫৭২। ঘনতা ৭৩২। জেলা সমৃদ্ধ; রবার চাষই প্রধান কৃষিশিল্প; ১,০৮,১৭৬ একর ভূমিতে রবার উৎপন্ন হয়। ধান, নারিকেল ও চায়ের চাষ হয়; এখানে প্লামবেগো খনিজ আছে। এই জেলার প্রধান শহর কলুতরের জন. ১৮,৬৬৫। কোলোম্বো হইতে রেলপথে ২৬ মা।

**কলোরাডো** (Colorado): মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যস্থলে অবস্থিত স্টেট। আ ১,০৪,২৪৭ ব.মা। জন. ১৩,২৫,০৮৯ ('৫০)। ১৮৫৮ প্রথম উপনিবেশ; ১৮৬১ টেরিটোরি সংগঠিত; ১৮৭৬ যুক্তরাষ্ট্রভুক্ত। পার্বত্য দেশ। স্বর্ণ, রৌপ্য, সীসা, দস্তা, লৌহ, তাম্র, কয়লা, পেট্রোলিয়াম, অভ্র, টাঙস্টেন ও সুপ্রচুর ইউরেনিয়াম পাওয়া যায়। বিস্তৃত অরণ্য ভূমি রক্ষিত। বহু উষ্ণ কুণ্ড আছে। এই স্টেট সর্বোচ্চ মালভূমিতে অবস্থিত। পৃথিবীর সর্বোচ্চ মোটরপথ ও সর্বোচ্চ ঝুলানো ব্রীজ এই স্টেটে। কো শব্দটি স্পেনিশ, অর্থ 'লোহিত বর্ণ'। রাজধানী ডেনবার ( Denvar; ৪,১৫,৭৮৭ )

**কলোরাডো গিরিখাত** ( Canyon of Colorado ): মার্কিন যুক্তরাষ্ট্রের কলোরাডো, উটা ও আরিজোনা স্টেটের মধ্য দিয়া কলোরাডো নদী প্রবাহিত। আরিজোনার মধ্যে মহা-গিরিখাত (Grand Canyon) সৃষ্ট হইয়াছে। এই নদী ৮—১০ মা বিস্তৃত; কোনো কোনো স্থলে অতি সংকীর্ণ; প্রায় ৬,০০০ ফুট গভীর ও ২০০ মাইলের অধিক লম্বা একটি গিরিখাতে এই নদী প্রবাহিত। বহু শত পর্যটক এই কানিয়নের শোভা দেখিতে আসে।

**কল্পারম্বা** ( Kalparamba ): তিরু-কোচীন রাজ্যের শহর; জন. ১৭,৮৮২। ক্যাথলিক প্যারিশ ব্যাংক।

**কল্যাণ, কল্যাণী** (Kalyan,—i): হায়দরাবাদ রাজ্য; বিদরের ৩৬ মা উ-পশ্চিমে গ্রাম। পশ্চিম-চালুক্য বংশীয় আহবমল্ল বা সোমেশ্বর এই নগরী স্থাপন করেন (১১ শতক) ও মান্যখেট (বা মানখেট) হইতে রাজধানী এই খানে স্থানান্তরিত করেন। (দ্র. বিদর)।

**কল্যাণ** ( Kalyan ): বোম্বাই রাজ্যের থানা জেলার তহশীল ও শহর; বোম্বাই হইতে রেলে ৩৪ মা দূরে বড় জং। প্রাচীন শহরে অবস্থানিক বৈশিষ্ট্যহেতু দুর্গাদি নির্মিত হইয়াছিল। ১৮৬৫ এখানকার রেলপথ নির্মিত হয়; কোংকনের সমতল হইতে পশ্চিমঘাট পর্বতের গিরিপথ থালঘাট (Thalghat) দিয়া রেলপথ ইগাতপুরী পর্যন্ত আসিয়াছে। জন. ৫৮,৯০০। এখানে ৭ ব্যাংক: মহারাষ্ট্র, কানাড়া, জোধপুর, কমার্স, বনথিয়া, প্রভৃতি।

শহরের দুই মা দূরে উল্লাস নদীতীরে উদ্‌বাস্তুদের বাসের জন্য উল্লাসনগর নামে নূতন শহরে ৯০ হাজার লোকের উপযুক্ত ব্যবস্থা হইয়াছে। এ ছাড়া এই জেলায় আরও ৪টি স্থানে উদ্‌বাস্তু পল্লী স্থাপিত হইয়াছে। তাহার মধ্যে মুলন্দ (দ্র.) অন্যতম।

**কল্যাণী** (Kalyani): ২৪ পরগণা জেলা; বারাকপুর মহ.র বিজপুর থানার শহর। গঙ্গার তীরে। ২য় মহাযুদ্ধের সময় এখানে রুজভেল্ট টাউন নামে সামরিক শহর স্থাপিত হয়। যুদ্ধান্তে সেই পরিত্যক্ত স্থানে ১৯৫৪-এ কংগ্রেসের অধিবেশন ও প্রদর্শনী হয়। কলিকাতা হইতে ৩০ মাইল উত্তরে; কাঁচরাপাড়ার পরের স্টেশন। রেলপথ, সড়ক ও গঙ্গার নদীপথে কলিকাতার সহিত যুক্ত। কলিকাতার জনতা ও শিল্প বিকেন্দ্রীকরণের উদ্দেশ্যে এখানে নয়া-শহর পত্তনের পরিকল্পনা হইয়াছে। দশ হাজার একর জমির উপর সুবিন্যস্ত শহর নির্মিত হইতেছে। রেডিও নির্মাণের সরকারী কারখানা প্রতিষ্ঠিত হইতেছে।

**কসবা** (Kasba, Quasba): পূ. পাক.; ত্রিপুরা জে.র ব্রাহ্মণবাড়িয়া মহ.র থানা। আ. ১১৪ ব মা। গ্রাম, ডাকঘর। চট্টগ্রাম-আখাউরা রেলপথের স্টেশন; কুমিল্লার ২০ মা উত্তরে। এখানকার পূর্ব নাম ছিল কমলাসাগর।

**কসবা-উচাই** (Kasba-Uchai) পূ. পাকিস্তান; বগুড়া জেলার পাঁচবিবি স্টেশন ( কলিকাতা হইতে ২০১ মা) হইতে উ-পূর্বে কসবা-উচাই প্রভৃতি কয়েকটি গ্রামে প্রাচীন ধ্বংসাবশেষ দেখা যায়। পাল রাজাদের সময়ের বৌদ্ধস্তূপের ধ্বংসাবশেষ বলিয়া অনুমিত হয়।

**কসারগড়** (Kasaragod) : মদ্রাজ ; দ. কানাড়া জেলার তালুক ও শহর। মঙ্গলুর হইতে ২৯ মা দক্ষিণে সমুদ্র-তীরস্থ স্টেশন। জন. ২২,৭৫১। কানাড়া, কা. ইনডাস্ট্রি ও অন্যান্য দক্ষিণী ব্যাংক আছে।

**কসৌলি** ( Kasauli ) : পূর্ব পঞ্জাব ; অম্বলা জেলার ক্যান্টনমেন্ট শহর ( ৬,৩২২ ফুট উচ্চ )। কালকা-সিমলা রেলপথের পাশে কালকা হইতে ২২ মা মোটর পথ। এখানে পাস্তুর ইন্‌স্টিটুট ( দ্র ) আছে। পূর্বে পাগলা কুকুর-শেয়ালে কামড়াইলে লোকে ঐখানে যাইত ; এবং গবর্নমেন্ট সমস্ত খরচ বহন করিতেন।··· জন. ২,৮০৫। পাতিয়ালা ব্যাংক।

**কস্‌টারিকা** ( Costa Rica ) : মধ্য আমেরিকার দক্ষিণ-দিকস্থ রিপাবলিক। প —প্রশান্ত মহাসাগর, পূ.—অতলান্তিক, উ.—নিকারাগুয়া, দ.—পানামা। আ. ২৩,০০০ ব মা ; জন ৮·৫১ লক্ষ। ভাষা স্পেনীশ। কর্ডিলেরা পর্বতমালা দেশের মধ্য দিয়া গিয়াছে ; বহু আগ্নেয়গিরি আছে। ভূকম্পন প্রায়ই হয়। বৃষ্টি প্রচুর। ১৯৪৯-এর নূতন সংবিধান অনুসারে ব্যবস্থাপক-সভায় একটি কোঠা ( ৪৫ সভ্য )। সভাপতি ৭ জন সেক্রেটারির দ্বারা কাজ চালান। শিক্ষাবিষয়ে মধ্য আমেরিকার এই রাষ্ট্র খুবই অগ্রসর। কৃষিপ্রধান দেশ। কফি, কলা প্রধান রপ্তানি দ্রব্য।

১৪৯৩-এ কলম্বাস কর্তৃক আবিষ্কৃত। ১৫৩০-১৮২১ পর্যন্ত কস্‌টারিকা স্পেনীশ আমেরিকার অন্তর্ভুক্ত ছিল। ১৮২১-এ কসটা. স্বাধীনতাযুদ্ধে যোগ দেয়। ১৮২৪-৩৯ পর্যন্ত মধ্য-আমেরিকা যুক্তরাষ্ট্রের অন্তর্ভুক্ত ছিল। ১৮৪৪-এ রিপাবলিক গঠিত হয়। বর্তমানে প্রায় ৪০০ মা রেলপথ ও উত্তম বিমান সার্বিস আছে। রাজধানী সানজোস (Sanjose, ১,১১,৮২০)। বন্দর—লিমন ( ২৩,৩৩৭ ), পুণ্টারেনাস ( ৩১,০৭৪ )। স্ট্যাম্প ১৮৬২-এ প্রবর্তিত।

**কস্তুরবাগ্রাম** (Kasturabagram) : মধ্যভারত ; ইন্দোর জেলার গ্রাম ও ডাকঘর ; ই. শহর হইতে ৫ মা। এখানে ৫০০ একর জমি লইয়া কস্তুরবা গান্ধী জাতীয় স্মারক নিধির (K. G. National Memorial Trust) পক্ষ হইতে প্রতিষ্ঠানটি খোলা হইয়াছে। ১৯৪৪ অব্দে এই ট্রাস্টে ১·২৮ কোটি টাকা সংগৃহীত হয় ; এই অর্থ হইতে ২৫০টি বুনিয়াদি, আগ-বুনিয়াদি, পার-বুনিয়াদি বিদ্যালয়, শিল্পকেন্দ্র, মাতৃমঙ্গলালয়, কুষ্ঠ সেবানিকেতন প্রভৃতি চলিতেছে।

***কহলগাঁও** ( Clogong ) : বিহার ; ভাগলপুর জেলার সদর মহ.র থানা ও শহর। প্রাচীন চম্পা ( দ্র. ) নগরী বলিয়া অনুমান করা হয়। গঙ্গা নদীর দৃশ্য অতি মনোরম। দ্বীপে শৈলমন্দির আছে। শহর ব্যবসায়ের কেন্দ্র ও পূর্বরেলের লুপ-লাইনের স্টেশন। কলিকাতা ২৪৬ মা। সেনট্রাল ও স্টেট ব্যাংকের পে-অ. আছে। জন. ৭,৫১৫। থানার আ. ১১২ ব মা ; জন. ৯১,৪৮৩।

**কাইকরম** ( Kaikaram ) : অন্ধ্র ; প. গোদাবরী জেলার শহর ; ওয়ালটেয়ার হইতে ১৬২ মা। জন. ৬ হা। স্টেট ব্যাংক।

**কাইকোস** ( Caicos or the Keys ) : দ্বীপগুলি ১৬ শতকের গোড়ায় আবিষ্কৃত হয়। ১৬৭৮ বারমুডা হইতে উপনিবিষ্ট। মার্কিন স্বাধীনতা সমরের সময় ব্রিটিশ রাজভক্তের দল এখানে আসিয়া বাস করে ( ১৭৭৫ )। ১৮৭৩ হইতে ব্রি. ক্রাউন কলোনী ও জামাইকার তত্ত্বাবধানে শাসিত। ( দ্র. তুর্কস্‌ ও কাইকোস )।

**কাইজার উইলহেল্‌ম কেনাল** ( Kaiser Wilhelm Canal ) : কীল খালের নাম। দ্র. কীল (Kiel)।

**কাইফেঙ** ( Kaifeng ) : চীন ; হোনান প্রদেশের প্রধান শহর ; হোয়াঙ-হো নদীর বামতটে ও রেল-পথের উপর অবস্থিত। প্রাকৃতিক অবস্থানের গুরুত্ব থাকায় ১০ম শতকে উত্তর সুঙ সম্রাটদের রাজধানী স্থাপিত হয়। এক সময়ে ইহুদীদের বড় উপনিবেশ ছিল। জন. ৪,৫০,০০০।

**কাইমন দ্বীপপুঞ্জ** ( Caymon Is. ) : ব্রিটিশ ওয়েস্ট ইন্‌ডিস অন্তর্গত কারীব সাগরে জামাইকার অধীনস্থ ৩টি দ্বীপ ; জামাইকার ২০০ মা উ.-পশ্চিমে অবস্থিত। আ. ৯৩ ব মা ; জন ৭,৬৫০ ( '৫৩ )। কলম্বাস-কর্তৃক ১৫০৩-এ আবিষ্কৃত। সমুদ্রে কচ্ছপ ও মৎস্য

ধরা প্রধান উপজীবিকা। ১৯০০-এ প্রথম স্ট্যাম্প বাহির হয়। রাজধানী জর্জটাউন।

**কাইরো** ( Cairo ) : মিশরের ( Egypt ) রাজধানী ; নীল নদীর তীরে। পোর্ট সৈয়দ হইতে রেল পথে ১৪৮ মা। এখানকার আন্তর্জাতিক বিমানঘাঁটি বিরাট। 'কাইরো' শব্দটি ইতালীয় উচ্চারণ ; আরবী 'অল কাহিরা'। নগরটি ১০ শতকে আরব সেনাপতি গবহার কর্তৃক প্রতিষ্ঠিত। এখানকার প্রত্নতত্ত্ব-মিউজিয়ামে প্রচীন মিশরের বহু জিনিস আছে। মুসলিম বিশ্ববিদ্যালয় 'অল অজহর' ধর্মীয় শিক্ষার কেন্দ্র রূপে খ্যাত। ফুয়াদ বিশ্ববিদ্যালয় ( স্থা. ১৯২৫ ) আধুনিক যুগের শিক্ষায়তন। এখান হইতে মিশরের পিরামিড বেশী দূরে নয়। আরবদের সময়ে নির্মিত 'আমুর' মসজিদ বিখ্যাত ( স্থা. ৬৪৩ )। নগরের জন. ২১,০০,৪৮৬। ১৯৪৩, ডিসেম্বর ১লা কাইরোতে চীন, গ্রেট-ব্রিটেন ও মার্কিনী রাষ্ট্রনীতিজ্ঞরা মিলিত হইয়া কোরিয়া ও ফরমোসার ভবিষ্যৎ সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করেন ( Cairo declaration )।

**কাউখালি** (Kowkhali) : বাখরগঞ্জ জেলা ; পিরোজপুর মহ.র থানা ; আ. ৪০ ব মা ; গ্রাম ডাকঘর। খুলনা-বরিশাল স্টীমার পথের ঘাট-স্টেশন ( ৭৪ মা )। বরিশাল ৩০ মা। ঢাকা একদিনের পথ।

**কাউখালি** ( Kaukhali ) : মেদিনীপুর ; হিজলীর প্রায় ১২ মা উ.-পূর্বে গ্রাম। ১৮১০ সালে এখানে অলোক-স্তম্ভ ( লাইট হাউস ) নির্মিত হয়। ৪-৫ মা উত্তরে রসুলপুর নদীর পূর্বতটে ব্রিটিশের আদিযুগের বিখ্যাত বন্দর খাজুরী।

**কাউনস, কভনো** ( Kaunas, Kovno ) : লিথুনিয়ার শহর ; দুই মহাযুদ্ধের মধ্যে স্বাধীন লি.র রাজধানী ছিল। ১১ শতকে দুই নদীর সঙ্গমে স্থাপিত। লি.র বর্তমান রাজধানী ভিলনা হইতে ৬০ মা। কা.র জন. ১·৫৪ লক্ষ। অধিবাসীদের মধ্যে ইহুদীর সংখ্যাধিক্য।

**কাউনিয়া** ( Kaunia ) : পূ. পাকিস্তান ; রঙপুর জেলার সদর মহকুমার থানা। আ. ৫১ ব মা। শহর তিস্তা নদীর তীরে অবস্থিত। ইহার অপর পারে তিস্তা জংশন। পার্বতীপুর-আমিনগাঁও রেলপথের জংশন ( ৩৪ মা )। এখান হইতে রেলপথ বোনারপাড়া হইয়া সান্তাহারের সহিত যুক্ত ( ৯৬ মা )। রঙপুরের ১১ মা পূর্বে। কলিকাতা হইতে সান্তাহার হইয়া ২৭০ মা।

**কাকদ্বীপ** (Kakadvip) : ২৪-পরগনা জেলা ; ডায়মণ্ড-হারবার মহ.র থানা। আ. ২৪৬ ব মা ; জন. ৯৭,৮১৯। ঘনতা ৩৯৮। ......কাকদ্বীপ গ্রাম (জন ১, ৬৭৭), এখানে স্কুল, হাসপাতাল, ডিস্‌পেনসারি, ডাকঘর প্রভৃতি আছে। স্টীমারে কলিকাতা হইতে ৭২ মা। ডায়মণ্ডহারবার হইতে মোটর বাসের পথ আছে। এখান হইতে সাগর দ্বীপে মেলায় যাওয়া যায়।

**কাকরাপাড়া** ( Kakrapara Weir and Canals Project ) : বোম্বাই ; তাপ্তি উপত্যকার জল সেচন পরিকল্পনা। সুরাট-এর ৫০ মা উপরে শিলাময় স্থানে কাকরাপাড়া বাঁধ নির্মিত হইয়াছে ( জুন, '৫৩ )। ইহা হইতে সুরাট জেলার ৬,৫২,০০০ একর জমি সেচ পাইবে। বাঁধের উচ্চতা ১০১ ফুট ; ভিত্তি হইতে ১৪০"।

**কাঁকসা** (Kanksa) : বর্ধমান জেলা ; আসানসোল মহ.র থানা। আ. ১০৯ ব মা। জন. ৫০,১৯১। ঘনতা ৪৬১। গ্রামের জন. ২,৭০৪। গোপভূম অঞ্চলের বহু কিংবদন্তীমূলক ইতিহাস জড়িত প্রাচীন গ্রাম। ...গ্রামে ডিস্‌পে., উ. বিদ্যালয়, প্রা. বি. আছে। ডাকঘর—পানাগড় এই কাঁকসা থানার অন্তর্গত।

**কাকিনা** (Kakina) : পূ. পাক. ; রঙপুর জেলার গ্রাম ; তিস্তা নদীর বামদিকে ; ঈ. বি. রেলের স্টেশন। লালমনির হাট জং হইতে পূর্বদিকে ১৪ মা। কাকিনার প্রাচীন জমিদার বংশ দান ও বিদ্যানুরাগের জন্য খ্যাত ছিল। ইহা পূর্বে কোচ রাজ্যের ছয়টি বিভাগের অন্যতম ছিল। কাকিনার রাজবাটি দেখিতে খুব সুন্দর।

**কাঁকিনাড়া, কাঁকনাড়া** ( Kakinara ) : ২৪-পরগনা জেলার গঙ্গাতীরস্থ শহর ; ভাটপাড়া মিউনি.র অন্তর্ভুক্ত। রেলে কলিকাতা ২২ মা। গঙ্গার ধারে বহু চটকল ও কারখানা আছে। ( দ্র. ভাটপাড়া )।

**কাকিনাডা, কোকনদ** ( Kakinada, Coconada ) : অন্ধ্ররাজ্য ; পূ. গোদাবরী জে-র মহকুমা, শহর ও বন্দর। বিশাখাপাটন ৮০ মা। মদ্রাজ ২৭০ মা।

কলিকাতা-মদ্রাজ লাইনের সামলকোট (৩৯২ মা) হইতে শাখা-লাইনে ১০ মা। বন্দরে প্রায় ৩½ কোটি টাকার রপ্তানি-আমদানির বাণিজ্য চলে। রেড়িবীজ ও তৈল, তুলা, খৈল প্রভৃতি প্রধান রপ্তানি সামগ্রী। ১৯২৩-এ কংগ্রেসের অধিবেশন হয়; সভাপতি ছিল মোহম্মদ আলী। জন. ১,০০,০৪৫। এখানে ৭ ব্যাংক: অন্ধ্র, ভারতলক্ষ্মী, স্টেট, ইন্‌ডিয়ান, সেনট্রাল, কো. রাধাসোয়ামি ও সমবায়।

**কাঁকে (Kanke):** বিহার; রাঁচি শহর হইতে দশ মা দূরে এই গ্রামের নিকট বিখ্যাত উন্মাদ আশ্রম (Mental Hospital) অবস্থিত। ভারতের বৃহত্তম হাসপাতাল।

**কাঁকের (Kanker):** মধ্যপ্রদেশ; বস্তার জেলার তালুক ও শহর। মহানদীর উৎপত্তি এই অঞ্চলে। পূর্বে ঈ. স্টেটস এজেন্‌সির করদরাজ্য ছিল। রাজ্যের আয়তন ছিল ১৪১৩ ব মা; জন. ১·০৫ লক্ষ। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ৬৮ হাজার টাকা ভাতা পান।

—শহর (৫,১৭৩) রায়পুর (৫১৭ মা)—ধমতারি শাখা লাইনের শেষ স্টেশন হইতে মোটরপথে যাইতে হয়। রায়পুর সমবায় ব্যাংক।

**কাকোরি (Kakori):** উত্তর প্রদেশ; লখনৌ জেলার শহর; রেলে লখনৌ ৯ মা। স্থানটি কাকোরি মামলার (দ্র.) জন্য বিখ্যাত।

**কাগ্রাম (Kagram), কঙ্কগ্রামভুক্তি:** বর্ধমান জেলার কাটোয়া মহকুমার মধ্যে সালার গ্রামের ৩ মাইল পূর্ব-দিকের গ্রাম। অজয় নদের ও ভাগীরথীর মধ্যবর্তী ভূভাগ। প্রাচীনকালে কঙ্কগ্রামভুক্তি নামে অভিহিত ছিল। হুয়েনৎসাঙ বর্ণিত 'কাজঙ্গল' বলিয়া অনুমিত। তিনি এ অঞ্চলে বহু হিন্দু মন্দির ও বৌদ্ধ বিহার দেখিয়াছিলেন।

**কাংড়া (Kangra):** পূর্বপঞ্জাব; জলন্ধর বিভাগের জেলা। আ. ৯,৮৭৬ ব মা। জন ৯·৩৬ লক্ষ ('৫১)। উত্তর-পশ্চিমে হিমাচল প্রদেশ ও গুরুদাসপুর জেলা; উত্তর-পূর্বে তিব্বতসংলগ্ন হিমালয় পর্বতমালা। প্রধান শহর ধরমশালা (৬,১০০ ফুট উচ্চ স্থানে); অমৃতসর হইতে ১০০ মা, কলিকাতা হইতে জলন্ধর হইয়া ১,৭২৯ মা। পার্বত্য অঞ্চলে, কুলু উপত্যকায় বহু রকমের ফলের চাষ হয়।

শহর—জন. ৪,৯২৮। পাঠানকোট হইতে রেলপথে ৫৯ মা। পূর্বে হিন্দুরাজাদের রাজধানী ছিল। পুরাতন শহর ১৯০৫-এর ভূমিকম্পে ধ্বংস হয়। কংড়াদেবীর মন্দির হিন্দুদের তীর্থস্থান। হিন্দুরাজাদের আমলে এখানে একটি বিশেষ চিত্রাঙ্কন পদ্ধতি জাগে। কাংড়ার চিত্র রাজস্থানী চিত্রকলার ন্যায় সূক্ষ্ম ও স্নিগ্ধ। কাংড়ার ছবিগুলির মধ্যে রঙের দিকে অতিরিক্ত উজ্জ্বলতার ভাব এবং মানুষের ছবির সঙ্গে প্রাকৃতিক দৃশ্যের সমাবেশের চেষ্টা দেখা যায়। প. ন্যাশনাল ব্যাংক; হিমালয় ব্যাংক।

**কাংগাৎরা (Kangaztra):** তিরু-কোচীন রাজ্যের শহর; জন. ১৬,১০২।

**কাং-তিং (Kang-Ting):** চীনের সি-কাঙ প্রদেশের শহর; পূর্ব নাম তাৎ-সিএন-লু (tatsienlu); লদাক হইতে কাশগড়ের বাণিজ্যপথে অবস্থিত (৮,৫০০ ফু.) ব্যবসায়ের কেন্দ্র। জন. ২০ হা।

**কাঁচড়াপাড়া (Kanchrapara):** ২৪-পরগণা জেলা; বারাকপুর মহ.র শহর। জন. ৫৬,৬৬৮; উদ্‌বাস্তু ২০,৫২৬। ঈস্টার্ন রেলের কারখানা ও রেলকলোনী। শিয়ালদহ হইতে ২৮ মা। নিকটে একটি নূতন যক্ষ্মা হাসপাতাল স্থাপিত হইয়াছে। এখানে টেরিটোরিয়াল সৈন্য-শিবির অবস্থিত। ...নিকটে ঘোষপাড়ায় (দ্র.) বড় মেলা বসে। প্রচীন নাম কাঞ্চনপল্লী। বহু বৈষ্ণব ভক্তের নিবাসস্থল; কবি কর্ণ পুরের জন্মস্থান। ঈশ্বর-চন্দ্র গুপ্ত কাঁচড়াপাড়া নিবাসী ছিলেন।

**কাঁচড়াপাড়া উপনিবেশ (Kanchrapara Development Area, rural colony):** নদীয়া জেলার চাকদহ থানার উদ্‌বাস্তু পল্লী। জন. ১২,০১৯।

**কাচীন স্টেট (Kachin State):** বর্মা ইউনিয়ন রাষ্ট্রের অন্তর্গত স্টেট; আ. ৩৩,৮৮১ ব মা; জন. ৪,২৭,৬২৫ ('৪১)। উত্তর বর্মায় চীন ও আসামের সংলগ্ন দেশ। দেশ পার্বত্য; জেড্ (Jade), অ্যাম্বার (Aumber) প্রভৃতি খনিজ আছে। মিচিনা, ভামো, পুতাও

প্রভৃতি শহর এই স্টেটের মধ্যে। ...৮ শতকে পূর্ব-তিব্বত হইতে এই তিব্বতী-মঙ্গোলীয় উপজাতি উত্তর বর্মায় উপনিবেশ স্থাপন করে। মিচিনা ও ভামো জেলা দুইটি লইয়া ১৯৪৮-এ এই রাষ্ট্র গঠিত হয়।

**কাচোয়া** (Kachwa): উত্তর প্রদেশ; মির্জাপুর জেলার শহর। গঙ্গার বামতটে; কাশী-প্রয়াগ মি. রেল পথে কাচোয়া রোড্ স্টে. (২০ মা) হইতে দক্ষিণে। জন. ৪,৭৪৪। ন্যাশ. ব্যা. কর্পোরেশনের অপিস।

**কাছাড়** (Cachar): আসাম রাজ্যের জেলা; পূ.-মনিপুর রাজ্য; প.—ত্রিপুরা রাজ্য ও সিলেট (পূ. পাক) জেলা; উত্তরে মিকির-উ. কাছাড় সংযুক্ত জেলা। কাছাড়ের পূর্বতন মহকুমা 'উত্তর কাছাড় পর্বত' অংশ এই জেলা হইতে পৃথক করিয়া 'সংযুক্ত মিকির ও উ. কাছাড় পর্বত' (United Mikir and North Cachar Hills District) জেলা ১৯৫১ সালে গঠিত হইয়াছে। পূর্বে জে.র আ. ছিল ৩,৮৬২ ব মা; বর্তমানে ২, ৬৯২ ব মা। জন. ১১, ১৫, ৮৬৫। হিন্দু ৬·৭৭ লক্ষ; মুসলমান ৪·৩০ লক্ষ।......১৯৪৭-এর পর ৪০-৫০ হাজার হিন্দু এই জেলায় প্রবেশ করিয়া বসবাস করিতেছে।

জেলার মহকুমা:—সদর শিলচর, হাইলাকান্দি ও করিমগঞ্জ; থানা ১২। সদর শহর শিলচর। জেলার বারিপাত ১৫০"; বহু চা-বাগিচা আছে। ......অধিবাসীরা তিব্বত-মঙ্গোলীয় জাতি; দেশের প্রাচীন নাম হৈড়ম্ব; স্থানীয় রাজারা ভীম-হিড়িম্বার পুত্র ঘটোৎকচের বংশোদ্ভব বলিয়া আত্মপরিচয় দিতেন। ইহাদের আদি রাজধানী ছিল পার্বত্য-অংশে ডিমাপুর নামক স্থানে; পরে মাইবং ও শেষে শিলচরের ১০ মাইল উত্তরে খাসপুরে স্থাপিত হয়। এখানকার রাজাদের সহিত ত্রিপুরা রাজপরিবারের বিবাহাদি সম্বন্ধ হইত। ১৮ শতকের শেষভাগে বাঙালী ব্রাহ্মণদের সংস্পর্শে আসিয়া লোকে হিন্দুভাবাপন্ন ও বাঙ্লাভাষী। রাজবংশ ক্ষত্রিয় বলিয়া স্বীকৃত। ... কাছাড়ের শেষ হিন্দু রাজা গোবিন্দচন্দ্র; অহোম ও বর্মার রাজাদের অত্যাচারে উৎক্ষিপ্ত হইয়া ইনি ইংরেজদের আশ্রয় গ্রহণ করেন। ১৮২৬-এ আসাম ইংরেজ সরকারের হস্তগত হইলে গোবিন্দচন্দ্র কাছাড়ের রাজা হন। কিন্তু ইহার সেনাপতি উত্তরাংশে পৃথক স্বাধীন রাজ্য স্থাপন করেন। ১৮৩০-এ উত্তর কাছাড়ের রাজা তুলারামের মৃত্যু হইলে, সমগ্রদেশ ইংরেজের খাস অধীন হয়। কাছাড় লুসাই-যুদ্ধের কেন্দ্র ছিল।

**কাজাকস্তান** (Kazakh Soviet Socialist Republic): সোবিয়েত ইউনিয়নের অন্যতম রিপাবলিক; আয়তনে সোবিয়েত রিপাবলিকানগুলির মধ্যে দ্বিতীয়। মধ্য এশিয়ার কাস্পিয়ান ও আরল হ্রদ জুড়িয়া এই রাষ্ট্র। আ. ১০·৭২ লক্ষ ব মা; জন. ৬১,৪৬,০০০। অর্ধেক কাজাক, অবশিষ্ট রুশ। পার-সাইবেরিয়া রেলপথের সহিত রেলের দ্বারা যুক্ত। এখানে বহুবিধ খনিজ আছে। প্রচুর কয়লা ও লৌহচুর পাওয়া গিয়াছে এবং বিচিত্র কারখানার কাজ আরম্ভ হইয়াছে। কৃষির ব্যাপক ব্যবস্থা হওয়ায় প্রচুর গম ও অন্যান্য খাদ্যশস্য রপ্তানি হয়। তুলা, বীটচিনি, ধান্যাদি উৎপন্ন হয়। জনকল্যাণকর বহু ইন্‌জিনীয়ারিং পরিকল্পনা কার্যকরী হওয়ায় দেশের আমূল পরিবর্তন হইয়াছে। রাজধানী আলমা-আতা (জন. ২,৩০,৫০০)।

**কাজান** (Kazan): সোবিয়েত রুশের অন্তর্গত তাতার অটোনমাস সো. রিপাবলিকের নগর; ভল্‌গা নদীর নিকটে। ১৩ শতকে মঙ্গোলরা (Khanate) কাজান-এ রাজধানী স্থাপন করে; বহুকাল এইখান হইতে তাতাররা মস্কৌ শাসন করে। ১৫৫২-এ জার ইভান এই নগর অধিকার করেন। ১৯ শতকে এই নগর রুশীয় সংস্কৃতি ও জ্ঞানবিজ্ঞানের বিশিষ্ট কেন্দ্র হয়। টলস্টয় ও লেনিন এইখানে শিক্ষালাভ করেন। বর্তমানে কাজান শহর পার্শ্ববর্তী অঞ্চলের রাষ্ট্রীয় খামার ও যৌথ খামারের উৎপন্ন ফসল প্রভৃতি সংগ্রহের কেন্দ্র; তাছাড়া বহু শিল্প-প্রতিষ্ঠান স্থাপিত হইয়াছে। জন. ৪ লক্ষ।

**কাজি-কসবা** Kazi Kasba): ঢাকার বিক্রমপুর অন্তর্গত রামপালের উত্তরদিকে কাজি-কসবা গ্রামের দুর্গাবাড়ি নামক স্থানে বাবা আদমের মসজিদ ভগ্নাবস্থায় আছে।

শিলালেখ মতে ১৪৮৩ অব্দে ইহা সুলতান জলালউদ্দীন ফতে শাহের রাজত্বকালে মালিক কাফুর কর্তৃক নির্মিত হয়। ইহা ঢাকা জেলার প্রাচীনতম মসজিদ।

**কাজিপুর** (Kazipur): পাবনা জে.র সিরাজগঞ্জ মহ.র থানা। আ. ১৩২ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর। ব্রহ্মপুত্র, যমুনা পূর্বে প্রবাহিত।

**কাজিপেট** (Kazipet): হায়দরাবাদ রাজ্যের বরঙ্গল (Warangal) জেলার শহর। বিজয়ওয়াড়া হইতে হায়দরাবাদ যাইতে রেলপথের জংশন। হায়দারাবাদ ৮২ মা; কলিকাতা হইতে ৯৪১ মা। এখান হইতে একটি রেল লাইন উত্তরে গিয়া ওয়ার্ধা জংশনে মিলিত হইয়াছে। কাজিপেটের নিকটবর্তী বহু স্থানে চালুক্য রাজাদের স্থাপত্যকীর্তির ধ্বংসাবশেষ দেখা যায়। ইহার মধ্যে বরঙ্গল-রাজ প্রতাপরুদ্রের অর্ধসমাপ্ত রুদ্র মন্দিরের (? ১১১৩) স্থাপত্য ও কারুকার্য দৃষ্টি আকর্ষণ করে।

**কাজোড়া** (Kajora): বর্ধমান জেলা; আসানসোল মহ.র অনুডাল থানার গ্রাম; কয়লার খনির জন্য খ্যাত। জনসংখ্যা ১১,৫৯১। ডাক ও তার। অনুডাল-সাঁইথিয়া রেলপথের ২য় স্টেশন। কলিকাতা হইতে ১২০ মা।

**কাঞ্চনজঙ্ঘা** (Kangchenjunga, Kanchenjunga): সিকিমের মধ্যস্থিত হিমালয়ের পাঁচটি শৃঙ্গযুক্ত শিখরের নাম। পৃথিবীর তৃতীয় উচ্চতম গিরিশৃঙ্গ। এভারেস্ট ও নেপাল হইতে ৭৫ মা দূরে। দার্জিলিঙ হইতে পর্বত-শৃঙ্গ দেখা যায়। উচ্চতা—২৮,১৪৬ ফুট। ১৯৩০-এ একটি আন্তর্জাতিক পর্বতারোহী দল (৪র্থ অভিযান) শৃঙ্গের ২৪,৩৪৪ ফুট পর্যন্ত উঠিতে সক্ষম হয়। পঞ্চম অভিযান ১৯৩১-এ গিয়াছিল; কিন্তু ব্যর্থ হয়।

**কাঞ্চননগর** (Kanchannagar): বর্ধমান শহরের দ-প. উপকণ্ঠে অবস্থিত গ্রাম; ছুরি, কাঁচি প্রভৃতি তৈয়ারির জন্য প্রসিদ্ধ স্থান। ডাকঘর।

**কাঞ্জিরপল্লী** (Kanjirapalli): তিরু-কোচীন রাজ্যের শহর; জন. ৮,৩৬২। ৫টি ব্যাংক আছে।

**কাঞ্চী** (Kanchi): দ. ভারতের প্রাচীন দেশ। পূর্বে এখানে কুরাম্বর ভূমি নামে বন ছিল। খ্রী. পূ. ২য় শতকে পতঞ্জলি তাঁহার ভাষ্যে কাঞ্চীর উল্লেখ করিয়াছেন। কাঞ্চীনগর পল্লবদের রাজধানী ছিল। ১১ শতকে চোলদের দ্বারা অধিকৃত হয়। দ. ভারতের ইতিহাসের সহিত স্থানীয় ইতিহাস জড়িত। এই কাঞ্চী নগর হিন্দু, বৌদ্ধ ও জৈনদের সংস্কৃতির বিশিষ্ট কেন্দ্র ছিল।

**কাঞ্চীপুরম** (Conjevorum, Kanchipuram): মদ্রাজ; চিংগলিপুট (চেংগলপেট) জেলার তালুক ও শহর; পালার নদীর তীরে। মদ্রাজ-বোম্বাই রেল-পথের অরকোনম জং (৪৩ মা) হইতে চেংগলপেট মিটার রেলে ১৮ মা। এই শহরে বহু মন্দির, আধুনিক অট্টালিকা ও কারখানা গৃহ আছে। বয়নশিল্পের জন্য এই স্থান খ্যাত। জনসংখ্যার ২৫% লোক বয়নশিল্পে নিযুক্ত। জন. ৮৫,০৪৩। ৬ ব্যাংক: ইন্ডিয়ান, ইন্ডো-কমার্স, স্টেট প্রভৃতি।

পল্লব রাজাদের রাজধানী (৬-৯ শতক); ৪০ মা দূরে মোহনার উপর মামল্লপুর ছিল বন্দর। পল্লবরাজ নরসিংহ বর্মণ (৬৪০-৬৮) ও তাঁহার পরবর্তী রাজাদের সময়ে এখানে বহু প্রাসাদ ও মন্দির নির্মিত হয়। এইসব মন্দিরের মধ্যে কৈলাসনাথ মন্দির (৭০০), বৈকুণ্ঠ-পেরুমল মন্দির (৭১৯-২০) সমধিক খ্যাত। এখানে প্রায় এক সহস্র মন্দির ও ১০,০০০ শিবলিঙ্গ আছে। তন্মধ্যে ১৮টি মন্দির বিখ্যাত। ইহা হিন্দুদের অন্যতম তীর্থস্থান, লোকে ইহাকে দক্ষিণের 'কাশী' বলে।

**কাটত্তুরুত্তি** (Kaduthruthy): তিরু-কোচীন রাজ্যের শহর; জন. ৩২,৫৬৫। ওরিএণ্টাল ইউ. ব্যাংক।

**কাটনি** (Katni): মধ্য প্রদেশ; জবলপুর জেলার শহর। ইলাহাবাদ-ভুসওয়াল রেলপথের বড় জং (১৬৭ মা)। এখান হইতে একটি রেলপথ বীণা হইয়া কোটা (১৮৮ মা); অপরটি বিলাসপুর (১৯৮ মা) পর্যন্ত গিয়াছে। কলিকাতা ৬৬৮ মা। কাটনির কাছে চুনা পাহাড় হইতে প্রচুর চুন প্রস্তুত হয়। জন. ৩৩,৮৮৪। স্টেট, প. ন্যাশনাল ব্যা.। কাটনির পুরাতন নাম মুরওয়ারা (Murwara) পুনরায় ব্যবহৃত হইতেছে।

**কাটাখাল** (Katakhal): আসাম; কাছাড় জেলার

গ্রাম ও রেল জংশন। বদরপুর-লালাঘাট শাখা রেলপথের (৩৩ মা) স্টেশন (৭ মা) ও জংশন। কাটাখাল হইতে একটি শাখা লাইন কাছাড় জেলার মহকুমা হাইলাকান্দি হইয়া লালাঘাট পর্যন্ত গিয়াছে (২৪ মা)।

**কাটামি** (Katami) : আলাস্কার আগ্নেয়গিরি ; ১৯১২-এ ইহার উপরি ভাগ অগ্ন্যুৎপাতে উড়িয়া যায় ; এমন উদ্গীরণ বহুকাল হয় নাই। মার্কিন যুক্তরাষ্ট্র কাটামি ন্যাশ. মনুমেণ্ট নামে ১৭০০ ব মা স্থান সংরক্ষিত (রিজার্ভেশন) এলাকায় পরিণত করিয়াছেন। এইখানে বহু সহস্র ফাটল হইতে নিয়ত ধূম উঠে বলিয়া এই অঞ্চলকে Valley of Ten Thousand Smokes বলে।

**কাটালোনিয়া** ( Catalonia, Cataluna ) : স্পেনের পুরাতন প্রদেশ ; বর্তমানে কয়েকটি প্রদেশে বিভক্ত। কাটালান ভাষার স্পেনীশভাষা হইতে ফ্রান্সের প্রভেন্সাল উপ-ভাষার সহিত ঘনিষ্টতা অধিক। ইহাদের সাহিত্য, ইতিহাস ও সংস্কৃতি পৃথক। ফ্রাংকোর ডিক্টেটরী আমলে কাটালান ভাষা আন্দোলন বন্ধ হইয়াছে। প্রথম মহাযুদ্ধের পর ১৯১৯-এর শান্তি বৈঠকে ইহারা পৃথক রাজ্যরূপে পরিগণিত হইবার দাবী জানায়। কিন্তু তাহা গ্রাহ্য হয় নাই। ১৯৩২-এ প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হইলে কাটালানরা প্রভূত স্বায়ত্ব শাসন অধিকার লাভ করিয়াছিল। ...এই প্রদেশ শিল্প ও কারখানার কেন্দ্র বলিয়া ইহাকে স্পেনের ল্যাংকাশায়ার বলা হয়। আ. ১২,৪০০ ব মা। জন ২৮ লক্ষ।

**কাটিহার** ( Katihar ) : বিহার ; পূর্ণিয়া জেলার শহর ও বড় রেল জংশন। এখান হইতে পাঁচটি রেলপথ গিয়াছে। (১) কাটিহার-পার্বতীপুর ৮৮ মা, (২) পশ্চিমে কানপুর পর্যন্ত ৫৩০ মা, (৩) কা.-যোগবানি ৬৬ মা, (৪) গোদাগাড়ি ১০৬ মা, ও (৫) মনিহারী ঘাট ১৮ মা। বর্তমানে কাটিহার-শিলিগুড়ি হইয়া বহু দুর্গম পথ অতিক্রম করিয়া নূতন রেলপথ আমিনগাঁও গিয়াছে। কলিকাতা হইতে উত্তরবঙ্গ ও আসাম যাইবার এই একমাত্র রেলপথ। মনিহারী-কাটিহার-পার্বতীপুর লাইনে প.-দিনাজপুরের রাধিকাপুর পর্যন্ত (৬৩ মা) ও গোদাগাড়ি লাইনের সিংহবাদ (৬৯ মা) পর্যন্ত রেল ভারতভুক্ত এলাকায়, তারপর পূর্বপাকিস্তান। বর্তমানে কাটিহার-শিলিগুড়ি-আমিনগাঁও রেলপথ ৩৭৪ মা। পূর্বে কা.-পার্বতীপুর-আমিনগাঁও ছিল ৩০৯ মা। রেল কলোনী সমেত জন. ৪২,৩৬৬। সেন্ট্রাল ব্যাংক ও স্টেট ব্যাংক।

**কাটুর** ( Kattur ) : তিরু-কোচীন রাজ্যের শহর ; জন. ৪,৪৮৪। একটি ব্যাংক আছে।

**কাটেগাট** ( Kattegat ) : নর্থ সী ( অতলান্তিক মহাসাগর ) হইতে বাল্টিক উপসাগরে প্রবেশের মুখে স্কাগাররক প্রণালীর পরে ডেনমার্ক ও সুইডেনের মধ্যের অংশ ; ৪০-৮০ মা দীর্ঘ। কা. হইতে সাউন্ড নামে সংকীর্ণ প্রণালী দিয়া বাল্টিকে যাইতে হয়।

**কাটোয়া** ( Katwa ) : বর্ধমান জে.র মহকুমা। আ. ৪০৯ ব মা। জন. ৩,১৪,৫১৪ ; ঘনতা ৭৬৯ ; গ্রাম ৩৬৮। থানা ৩ : কাটোয়া, মঙ্গলকোট ও কেতুগ্রাম। —থানা ; আ. ১৩১ ব মা ; জন. ১,২৮,১৯৩। ঘনতা ৯৭৬ ; গ্রাম ১২৩। থানায় ৭ উচ্চ বিদ্যালয়। —শহর ; জেলার সদর। গঙ্গা ও অজয় নদের সঙ্গম স্থলে অবস্থিত ; কলিকাতা-ব্যান্ডেল-বারহারোয়া রেলপথের স্টে. (৯০ মা)। অহমদপুর-কাটোয়া-বর্ধমান সরু রেলপথ (৩৩ মা করিয়া) আছে। অজয়ের উপর সেতু দিয়া রেলপথ। বর্ধমান হইতে মোটরবাস চলাচল করে (৩৩ মা)। এককালে এই নদী-বন্দর প. বঙ্গের আমদানি-রপ্তানির বিশিষ্ট কেন্দ্র ছিল। জন. ১৫,৫৩৩। ২ উচ্চ বিদ্যালয়, ২ ইণ্টার. কলেজ (১৯৪৮)। স্টেট ব্যাংক, রেজি. অপিস (১৮৬৪)। অবস্থানিক বৈশিষ্ট্য হেতু মুসলমানযুগে এই স্থানে এক দুর্গ নির্মিত হয়। আলিবর্দী খান ১৭৪২-এ মারাঠাদের এইস্থানে পরাভূত করেন। পলাশীর পথে ক্লাইভ এই দুর্গ দখল করেন। এখানে মুর্শিদ কুলি খাঁর নির্মিত বড় মসজিদ আছে।

**কাটোল** (Katol) : মধ্যপ্রদেশ ; নাগপুর জেলার তালুক ও শহর। ওয়ার্ধা নদীতীরে ; নাগপুর-ইতরসি রেলপথের স্টে. (৩৮ মা)। জন. ১২,৮৫১। নাগপুর সেন্ট্রাল কো অপ. ব্যাংক।

**কাঠগোদাম** ( Kathgodam ) : উত্তর প্রদেশ ; নৈনি-

তাল জে.র শহর। বরেলী জং হইতে মিটর গেজ লাইনে ৬৬ মা ; কাশগঞ্জ-কাঠগোদাম লাইনের ( ১৩০ মা ) শেষ স্টেশন। কলিকাতা হইতে ব্রড গেজ লাইনে বরেলী গিয়া ( ৭৫৫ মা ) গাড়ি বদল করিতে হয়। কাটিহার-লক্ষ্ণৌ মিটর গেজ লাইন ও তথা হইতে বরেলী পর্যন্ত মি গেজ লাইনে কাঠ. যাওয়া যায়।...এখান হইতে আলমোড়া, রানিখেত, নৈনিতাল প্রভৃতি স্থানে যাইবার মোটর পথ আছে।

**কাঠমান্ডু** ( Kathamandu ): নেপালের রাজধানী ; বাঘমতি নদীতীরে সমতল ভূমিতে অবস্থিত। ৮ শতকে রাজা গুণকামদেব কর্তৃক নগর পত্তন হয় বলিয়া কিংবদন্তী। বহু হিন্দু মন্দিরের মধ্যে পশুপতিনাথের মন্দির হিন্দুদের বিশেষ তীর্থ। প্রতি বৎসর বহু সহস্র যাত্রী শিবরাত্রির সময় এখানে যায়। তখন পাশ লইতে হয় না, অন্য সময় হয়। রকসৌল ( দ্র. ) হইতে নেপাল সরকারের রেলপথে অমলেকগঞ্জ পর্যন্ত গিয়া মোটর-পথে ভীমফেড়ি ; তারপর পাহাড় হাঁটিয়া বা ঘোড়ায় বা ডাণ্ডি করিয়া উঠিতে হয় ; পাহাড় উৎরাইয়া পুনরায় সমতলক্ষেত্র। বর্তমানে ভীমফেড়ি হইতে কাঠমান্ডু মোটর পথ নির্মিত হইয়াছে। পর্বতশিখর হইতে তারপথ ( cable-way ) দিয়া মালপত্র কাঠমান্ডুতে নীত হয়। তারপথ ১৪ মা লম্বা ; জলবিদ্যুৎ শক্তি বলে ইহার কাজ হয়। কাঠমান্ডুর রাজপ্রাসাদ, রাজ-কলেজ, দপ্তরখানা ও গ্রন্থাগার দর্শনীয়।...পাটনা হইতে কা. পর্যন্ত বিমান-সার্বিস আছে (১১৫ মা)। জন. প্রায় ১ লক্ষ।

**কাঁঠালপাড়া** ( Kanthalpara ): নৈহাটি শহরের ( ২৪-পরগণা জেলা ) একটি পাড়া ; বঙ্কিমচন্দ্র চট্টো-পাধ্যায়ের জন্মস্থান। বঙ্কিমচন্দ্রের বাসগৃহ সযত্নে রক্ষিত হইতেছে। দ্র. নৈহাটি।

**কাঁঠালিয়া** ( Kanthalia ): বাখরগঞ্জ জে.র পিরোজপুর মহ.র থানা ; আ. ৫৫ ব মা ; গ্রাম বিষখালি নদীর তীরে। ঝালকাটি-বড়গুনা স্টীমার পথে ( ২৩ মা ) ঘাট-স্টেশন।

**কাঠিয়ারা** ( Kathiwara ): মধ্যভারতের পূর্বতন করদ রাজ্য। মধ্যভারত ইউনিয়নের পশ্চিম সীমান্তে বোম্বাই-এর পঞ্চমহল জেলার নিকট অবস্থিত। আ. ৬৮ ব মা। জন. ৬,৬৮৯। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩২,০০০ টাকা ভাতা দেওয়া হয়।

**কাঠিয়াদি** ( Kathiadi ): ময়মনসিংহ জে.র কিশোর-গঞ্জ মহ.র থানা ; আ. ৮৫ ব মা।...গ্রাম, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৯৩ )।

**কাডডাম** ( Kaddam R ): হায়দরাবাদের গোদাবরীর উপনদী ; ইহার উপর বাঁধ দিয়া জলাধার নির্মিত হইবে ; এখান হইতে ৯০ মা খাল কাটা হইলে ২,২৭,০০০ একর জমি জলসেচ পাইবে। মোট ব্যয় হইবে ৮,৪০,০০,০০০৲। ইহা গোদাবরী-পরিকল্পনার অন্তর্গত।

**কাতরাসগড়** ( Katrasgarh ): বিহার ; মানভূম ( ধানবাদ ) জেলার কয়লা অঞ্চলের শহর। ধানবাদ-চন্দ্রপুরী রেলপথের স্টেশন ( ৯ মা )। কলিকাতা হইতে ১৭৭ মা। জন. ৩,৯৬০। বিহার ব্যাংক।

**কাঁথি** (Kanthi, Contai): মেদিনীপুর জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র আ. ৯১২ ব মা। জন. ৭,৩৯,৮৪১। ঘনতা ৮১২। গ্রাম ও মৌজার সংখ্যা ১,৭৭৪। মহকুমায় ৬টি থানা : কাঁথি, খেজুরী, ভগবান-পুর, পটাশপুর, রামনগর ও এগরা। ... কাঁথি থানার আ. ১৯৬ ব মা। জন. ১২,৭৩৮ ; ঘনতা ৯৭৩। গ্রামের সংখ্যা ৫৫৪। ... শহর বলিয়াড়ির উপর অবস্থিত। এখানে স্কুল, ব্রাহ্মবালিকা বিদ্যালয়, কলেজ, গ্রন্থাগার আছে ; শহর নানা দিক হইতে প্রগতিশীল। ১৯৪২ আগস্ট আন্দোলনের সময় স্থানীয় ম্যাজিস্ট্রেট ও পুলিশের অকথ্য অত্যাচার কাহিনী ইতিহাসের অন্তর্ভুক্ত ঘটনা। সেই সময়ে সমুদ্র-তুফানে শহরের খুবই ক্ষতি করে ; বহু লোক মারা পড়ে। কাঁথির নিকট লবণের কারখানা ও এতদঞ্চলের কাজু বাদাম বিখ্যাত। কলিকাতা-খড়গপুর ( ৭২ মা ) অথবা কাঁথিরোড্ স্টেশন বা বেলদা ( ৯৪ মা ) হইতে ভাল সড়ক কাঁথি পর্যন্ত গিয়াছে ; বেলদা হইতে ৪০ মা। এখান হইতে সমুদ্রতীর ৪-৫ মা মাত্র। ... শহরের জন. সংখ্যা ১২,৭৩৮। বিশ বৎসর পূর্বে ( ১৯৩১ ) ছিল

৫,২৫৯। সমুদ্রতীরস্থ দীঘা ( দ্র. ) এখান হইতে যাওয়া যায়।

**কাঠিয়াবাড়** ( Kathiawar ) : বোম্বাই রাজ্যের পশ্চিমে কাম্বে ( খংভাত ) ও কচ্ছ উপসাগরের মধ্যে উপদ্বীপ। বর্তমানে সৌরাষ্ট্র রাজ্যর অন্তর্ভুক্ত। আ. ২০/২১ হাজার ব মা। দীর্ঘ ২২০ মা, প্রস্থ ১৬৫ মা। এই দেশ ক্ষুদ্র ক্ষুদ্র আগ্নেয়গিরিজাত দ্বীপ ভরাট হইয়া গঠিত; ক্ষুদ্র শৈল অবিন্যস্তভাবে দেশময় দেখা যায়। সমুদ্র উপকূল প্রায় ৬০০ মা। কয়েকটি বন্দর বিখ্যাত। লোকভাষা গুজরাতী। প্রায় ৪৫০টি রাজ্য ৮৫০টি টুকরায় বিভক্ত থাকায় রাজাদের মধ্যে নিজ নিজ রাজ্যকে সমৃদ্ধ করিবার চেষ্টা দেখা গিয়াছিল। সেইজন্য এই দেশে নিজ নিজ রাজার যত রেলপথ ( মিটর ) আছে, তাহা অন্য কোনো প্রদেশে ছিল না। ১৮০৭ হইতে ইংরেজদের সহিত রাজনৈতিক সম্বন্ধের সূত্রপাত। ১৮৬৩ অব্দে এখানকার দেশীয় রাজ্যগুলিকে ৭টি শ্রেণীতে বিভক্ত করা হয়। পরে এই শ্রেণীবিভাগ না থাকিলেও ক্ষমতা ও সম্মানাদি বিষয়ে সে সময়ে যে সকল সিদ্ধান্ত গৃহীত হইয়াছিল, তাহার বদল হয় নাই। দ্বারকা, প্রভাস, সোমনাথ এইখানে অবস্থিত। ( দ্র. সৌরাষ্ট্র )।

**কাথে** ( Kathay ) : প্রাচীন চীনদেশের বৈদেশিক নাম ; মধ্যযুগের মার্কো পোলো প্রভৃতি ইউরোপীয় ভ্রমণকারীদের দ্বারা ব্যবহৃত। মঙ্গোলদের খিতান নামে উপজাতি হইতে খিতাই ও তাহা হইতে কাথে শব্দের উৎপত্তি।

**কাডি** ( Kadi ) : বোম্বাই ; মেহসানা জে.র তালুক ও শহর। তালুকের আ. ৩২০ ব মা ; জন. ১২৩,১৪৭ ; ঘনতা ৩৮৫। কালোল-কাটোসন রেলশাখার স্টে. ( ১২ মা)। জন. ২০,৩৭৩। এখানে কাপড়ের কল আছে। বড়োদা ব্যাংক।

**কাঁদি, কান্দি** (Kandi) : মুর্শিদাবাদ জেলার মহকুমা, থানা ও শহর। মহকুমার আ. ৪৫৪ ব মা ; জন. ৩,৪৫,৬৮১। ঘনতা ৭৬১। —থানার আ. ৯২ ব মা জন. ৭১,৪৩৬ ; ঘনতা ৭৭৬। —সদর শহর রেলস্টেশনের উপর অবস্থিত নহে। সাঁইথিয়া ( লুপ লাইন ) হইতে কাঁদি পর্যন্ত পাকা পীচ-সড়ক আছে। অপরদিকে খাগড়াঘাট স্টে. ( কলিকাতা ১২৬ মা ) হইতে দ.-পশ্চিমে ১৬ মা দূরে ময়ূরাক্ষী নদীতীরে অবস্থিত। উভয় দিক্ হইতে বাস-সার্বিস আছে। এককালে কাঁদি বিশিষ্ট গ্রাম ছিল। স্কুল, ইণ্টার. কলেজ ( ১৯৫০ )। ডাক ; তার। স্টেট ব্যা শাখা। জন. ১৫,২২০। ... কাঁদির নিকট জেমো রামেন্দ্রসুন্দর ত্রিবেদির জন্মস্থান।

কাঁদির জমিদার বংশ এককালে বিখ্যাত ছিলেন। ওয়ারেন হেস্টিংসের দেওয়ান গঙ্গাগোবিন্দ সিংহ হইতে ইহাদের সমৃদ্ধির সূত্রপাত। কাঁদি ইহার জন্মস্থান ; ইহার পৌত্র কৃষ্ণচন্দ্র বাংলা দেশে লালাবাবু নামে খ্যাত ; ইনি সংসার ত্যাগ করিয়া বৃন্দাবনে গিয়া বাস করেন। ইহাদের কুলদেবতা রাধাবল্লভের ভোগের জন্য এককালে দৈনিক ৫০০ টাকা ব্যয়িত হইত বলিয়া কিংবদন্তী। এই বংশের এক শাখা পাইকপাড়ার জমিদার।

**কাদিজ** (Cadiz) : স্পেনের অতলান্তিক তীরস্থ নগর ; পৃথিবীর অন্যতম প্রাচীন বন্দর, ফিনিকদের দ্বারা প্রতিষ্ঠিত 'গদ্দিস' বা দুর্গ প্রচলিত। রোমানরা 'গাদেস' (Gades) বলিত। আমেরিকা আবিষ্কারের পর এই বন্দরের বৈশিষ্ট ও প্রতিপত্তি বাড়ে। স্পেনিশ আর্মাডার বহু জাহাজ ড্রেক এই বন্দরে দগ্ধ করিয়া দেন ( ১৫৮৭ )। বহু পরিবর্তনের পর ১৮২৮ হইতে স্পেনের খাস শাসনাধীন হইয়াছে। জন. ৯৮,৭৫৪ ( '৫১ )।

**কাদিয়ান** (Qadian) : পূ. পঞ্জাব ; গুরুদাসপুর জেলার শহর। ইহা অহমদিয়া ( মুসলীম ) ধর্মসম্প্রদায়ের পীঠস্থান। এই মুসলমানরা 'কাদিয়ানী' বলিয়া অভিহিত হয়। বতাল স্টে. হইতে ১২ মা। এই অঞ্চলে বহু খাল আছে। ... জন. ১১,৫৩১। প. ন্যাশ. ব্যাংক।

**কাদিরি** (Kadiri) : অন্ধ্র ; কুড্ডাপ্পা জে.র শহর ; গুণ্টকল-ধর্মপুরম-পাকালা রেলপথের স্টে. ( ১০৫ মা ) শেষাচলম শৈলমালা নিকটে। জন ৭,৬৮৩। বৈশ্য ব্যাংক।

**কাদুর** (Kadur) : দ্র. চিকমগলূর, মহীশূর স্টেটে জেলার অপর নাম। এখানে কফির চাষ আছে।

**কান্টন** (Canton) : চীনের কোআঙ-টুঙ প্রদেশের

প্রধান নগর ও বন্দর, সিংকিয়াং বা কানটন নদীর মোহনার ৯০ মা অভ্যন্তরে অবস্থিত। কিছুকাল দ. চীনের রাজধানী ছিল। বিশিষ্ট শিক্ষাকেন্দ্র; জন. ১৪·১৬ লক্ষ (১৯৭১)। জনসংখ্যায় পেকিং-এর পরেই কানটন। ১৫১৭ পোর্তুগলের রাজা এখানে বাণিজ্য করিবার অনুমতি লাভ করেন। ১৬৩৪ ইংরেজরা প্রথম উপস্থিত হয়। ১৯৩৮-১৯৪৫ পর্যন্ত জাপানের দখলে ছিল। ১৯৪৯-এ বর্তমান চীন সরকারের অধিকারে আসে।

**কান্‌ডি** (Kandy) **:** সিংহলের মধ্য প্রদেশের জেলা; জেলার অধিকাংশ ১-৩ হাজার ফুট উচ্চ মালভূমি। আ. ৯১৩ ব মা। জন. ৭,১১,৪৫০। ঘনতা ৭৭৯। বাগানে ৩৪% লোকের বাস। এই জেলায় ভারতীয় তামিলের সংখ্যা ছিল দুই লক্ষের উপর ২৯·১%।

—কান্‌ডি শহরের দেশীয় নাম মহাম্নুবর; কোলোম্বো হইতে উ.-পূর্বে ৭৫ মা দূরে অবস্থিত। ইহা সিংহলের স্বাধীন রাজাদের শেষ রাজধানী (১৮১৫)। এখানে বুদ্ধ দন্তের উপর স্তূপাদি নির্মিত হওয়ায় ইহা বৌদ্ধ জগতের আকর্ষণের স্থান। … কান্‌ডি লোকনৃত্য বিখ্যাত।

**কানপুর** (Cawnpore, Kanpur) **:** উত্তর প্রদেশের জেলা (ইলাহাবাদ বিভাগ); গঙ্গা-যমুনার দোয়াব মধ্যে অবস্থিত। আ. ২,৩৭২ ব মা; জন. ১৯·৪০ লক্ষ ('৫১)। বৃষ্টি ৩৪"।

—সদর শহর। কলিকাতা-দিল্লী রেলপথের বিরাট জং (দিল্লী ২৭০ মা; কলি. ৬৮৪ মা)। কানপুর (আনোয়ারগঞ্জ) স্টেশন হইতে পূর্বতন আউধ-তিরহুত রেলওয়ে (মিটার) লখনৌ, বরবাঁকি, গোরখপুর, ছাপরা, শোনপুর হইয়া কাটিহার পর্যন্ত আছে (৫৩০ মা.)।

কানপুর উত্তর প্রদেশের সর্বশ্রেষ্ঠ শিল্প নগরী। বয়ন ও চর্ম শিল্পের বিশিষ্ট স্থান। রাসায়নিক নানাপ্রকার শিল্প, সরকারী অর্ডিন্যান্স ফ্যাক্টরী আছে। জন. ৭,০৫,৩৮৩। শিল্পনগরীতে হাজারকরা পুরুষের মধ্যে মাত্র ৬৯৯ জন নারী।

এখানে সাধারণ স্কুল কলেজ ছাড়া কয়েকটি বিশেষ প্রতিষ্ঠান আছে: হারকোর্ট বাট্‌লার টেকনোলজিকাল ইনস্টিটিউট; ইনস্টি. অব্ সুগার (Sugar) টেকনোলজি; গবর্মেন্ট সেন্‌ট্রাল টেক্‌স্টাইল ইন্‌স্টিটিউট; কৃষি কলেজ (১৮৯৩); ডি-এ-ভি কলেজ (১৯১৯); ডি-এস-এস-ডি. কলেজ (১৯২১)। এই নগরে নানা শ্রেণীর ২২টি ব্যাংক আছে: ইলাহাবাদ ব্যাংক (২), বড়োদা, বিহার, বিকানীর, সেন্‌ট্রাল (২), চার্টার্ড ব্যা. অব ইন্‌ডিয়া, হিন্দুস্থান কমার্স (৭), স্টেট (২), পঞ্জাব ন্যাশনাল (৭), ইউনাইটেড ব্যা. অব ইন্‌ডিয়া, ইউনা. কমার্স প্রভৃতি; রিজার্ভ ব্যাংকের অন্যতম অপিস।

অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ইংরেজের নিকট বকসার ও কোড়ার যুদ্ধে (১৭৬৪-৬৫) পরাভূত হইবার পর, ইংরেজকে কানপুরে ও ফতেগড়ে দুর্গ নির্মাণের অনুমতি দেন। তখন কানপুর যমুনাতীরের নগণ্য গ্রাম। ১৭৭৮-এ সৈন্য ছাউনি স্থাপিত হয়। ১৮০১-এ গঙ্গা-যমুনার দোয়াব ইংরেজের করায়ত্ত হইলে এই স্থানের উন্নতি হইতে আরম্ভ করে। সিপাহী বিদ্রোহের বিশিষ্ট কেন্দ্ররূপে ইতিহাস খ্যাত।

**কানবেরা** (Canbera) **:** ১৯১০, জানুয়ারি ২০ হইতে সরকারীভাবে অস্ট্রেলিয়ান কমনওএলথের রাজধানী; সিডনী হইতে রেলে ২০০ মা। ১৯১১-এ নিউ সাউথ ওয়েল্‌স রাষ্ট্রের অভ্যন্তরে ৯১০ ব মা স্থান রাজধানীর জন্য লইয়া একটি টেরিটোরি গঠিত হয়; ১৯১৭-এ জেরভিস উপসাগরের নিকট ২৮ ব মা স্থান ইহার সহিত যুক্ত হয়। এখানে কমনওএলথ অফিস, পার্লামেন্ট, বিশ্ববিদ্যালয় ইত্যাদি আছে। নগরের জন. ২৩,৬১৭ ('৫১), সমগ্র টেরিটোরির জন. ৩০,৯৪৩ ('৫৩)।

**কান্‌সাস** (Kansas) **:** মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৭২৭এ-প্রথম উপনিবেশ; ১৮৫৪-এ ইহা কোলোরাডোর অংশ রূপে টেরিটোরি, ১৮৬১-তে যুক্তরাষ্ট্রভুক্ত। আ. ৮২,২৭৬ ব মা; জন. ১৯·০৫ ল. (১৯৫১)। রাজধানী টোপেকা (Topeka: জন. ৭৮,৭৯১)। বৃষ্টি কম, তবু কৃষিই প্রধান উপজীবিকা। কান্‌সাস সর্বোচ্চ গম উৎপাদনের অঞ্চল। খনিজ সম্পদ কয়লা ও

পেট্রোলিয়াম প্রধান। মাংস-প্যাকিং ও রপ্তানির ব্যবসায়ে শিকাগোর পরেই স্থান। কান্‌সাস রেড ইণ্ডিয়ান শব্দ; অর্থ 'দক্ষিণে বাতাসের মানুষ'।

**কান-সু** (Kan-Su): চীনের পার্বত্য প্রদেশ সিং-কিয়াং প্রদেশের উত্তরে ও পূর্বে অবস্থিত। আ. ১,৫১,১৬১ ব মা; জন. ৬৮ লক্ষ (১৯৪৭)। নিঙ-সিয়া (Ning-sia) নামে প্রদেশ ১৯৫৪ হইতে কান-সুর মধ্যে আসিয়াছে। হোআঙ-হো নদী-ধৌত দেশ; মূল্যবান অরণ্য সম্পদ। খনিজ সম্পদ সোনা, পারদ, পেট্রোলিয়াম, কয়লা। পূর্বে চীনাদেরই বাস ছিল; কিন্তু প্রাকৃতিক আবহাওয়া পরিবর্তনের ফলে ক্রমশই লোকে অন্যত্র সরিয়া যাইতেছে। এই স্টেটে মুসলমান চীনাদের সংখ্যা অধিক। রাজধানী লান-চৌ (Lan-chow)। প্রদেশ ১১ জেলায় বিভক্ত। এই দেশের মধ্য দিয়া প্রাচীনকালের রেশম রপ্তানির রাস্তা (Silk route) ছিল। প্রাচীন রাজধানী চাঙ-গান (Changan) হইতে পশ্চিমে লান-চৌ হইয়া এই পথ ছিল, এবং তিব্বত যাইতে এই পথই ব্যবহৃত হইত।

**কানহনগড়** (Kanhangad): মদ্রাজ; দ. কানাড়া জে.র কসারগোড় তালুকের শহর; মঙ্গলুর হইতে ৪৩ মা দক্ষিণে সমুদ্রতীরে অবস্থিত। জন. ১৯,৩০৫। কানাড়া ইন্ডাস্ট্রি প্রভৃতি স্থানীয় ব্যাংক।

**কানহেরি** (Cave Temples of Kanheri or Kennery): বোম্বাই নগরের উত্তরে সালসিটি দ্বীপের মধ্যস্থলে একটি পর্বতের পার্শ্বদেশে বৌদ্ধ ভিক্ষুকদের বাসের জন্য ১০৯টি খোদিত গুহা আছে। এগুলি ২য় হইতে ৯ম শতকের মধ্যে নির্মিত। একটি বৃহৎ চৈত্য মধ্যস্থলে আছে; উহা বোধহয় ১০-১১ শতকে খোদিত পণ্ডিতদের অনুমান উহা ধর্মশালা ছিল; উহা ৭৩'×৩২'; দীর্ঘ দিকে পাথরের আসন এবং পাশে কতকগুলি কুঠরী। আর একটি বিহার ৪০'×৪৫'। এককালে বহু ভিক্ষু এখানে বাস করিতেন। ...বোম্বাই হইতে উত্তরে বোরীবলী (Borivli) স্টেশন (১১ মা) হইতে ৫ মা দূরে এই গুহা মন্দির অবস্থিত। ...কয়েকটি গুহা ও চৈত্যের স্থাপত্যকলা পুঙ্খানুপুঙ্খ দেখিবার মতো।

**কানাডা** (Canada): উত্তর আমেরিকার ব্রিটিশ কমনওএলথ-ভুক্ত ডোমিনিয়ন; আলাস্কা বাদে উ. আমেরিকা মহাদেশের সমগ্র উত্তরাংশই কানাডা রাজ্য। আ. ৩৮,৪৫,৭৭৪ ব মা (স্থল ৩৫,৭৭,১৬৩ ব মা; জল ২,৬৮,৬১১ ব মা); জন. আনু. ১,৪৭,৮১,০০০ ('৫৩)। দেশ নদী-হ্রদবহুল, সমতল। পশ্চিমাংশ পার্বত্য। কানাডা রেড ইন্ডিয়ান শব্দ, অর্থ-'কুটির'। ইংরেজ নাবিক জন ক্যাবট ১৪৯৭-এ দেশটি আবিষ্কার করেন। ১৫২৫-এ ফরাসীরা প্রথম এই দেশ নিজেদের বলিয়া দাবী করে ও কালে New France নামে অভিহিত হয়। ১৮ শতকে ফরাসী ও ইংরেজের মধ্যে কলোনীর অধিকার লইয়া যুদ্ধ বাধে এবং ১৭১৩-এ উট্রেকেটর সন্ধির ফলে নোভোস্কোটিয়া দ্বীপ ইংরেজ হস্তগত করে। সপ্তবর্ষব্যাপী (১৭৫৬-৬৩) যুদ্ধের অবসানে পরাজিত ফরাসীদের নিকট হইতে কানাডা ইংরেজের হাতে যায়। আমেরিকান বিদ্রোহের ফলে বহু রাজভক্ত ইংরেজ যুক্তরাষ্ট্র (U.S.A.) ত্যাগ করিয়া কানাডায় গিয়া বাস করে। অধিবাসীদের মধ্যে ফরাসীদের সংখ্যা বেশি থাকায় শাসন ও বিচার লইয়া বহুকাল এদেশে অশান্তি চলে। ১৯ শতকের গোড়া হইতে কানাডা-বাসীদের মধ্যেও স্বায়ত্ত-শাসন লাভের ইচ্ছা দেখা দিল। ইংরাজ-ফরাসীদের মধ্যে দাঙ্গাও বাধিতে থাকে, শাসকের বিরুদ্ধে বিদ্রোহও দেখা দেয়। অবশেষে পার্লামেন্ট লর্ড ডারহামকে পাঠাইলেন। তাঁহার রিপোর্ট (১৮৩৭) বহুল পরিমাণে সমস্যা পূরণ করে। ইহার ৩০ বৎসর পরে চারিটি প্রদেশ লইয়া স্বায়ত্ত-শাসন-মূলক কানাডা-ডোমিনিয়ন গঠিত হয় (১৮৬৭)। পরে আরও ৬টি প্রদেশ যুক্ত হয়। ১৯৩১-এ ওএস্টমিনস্টার স্ট্যাটিউট (Westminster Statute) অনুসারে কানাডা ব্রিটিশদের সহিত সমানাধিকার লাভ করে। দুই বিশ্বযুদ্ধকালেই কানাডা ব্রিটিশ পক্ষকে সাহায্য করে। বর্তমানে কানাডার ১০টি স্টেট ও ২টি টেরিটোরি। শাসনকর্তা গবর্নর-জেনারেল প্রধান মন্ত্রীর পরামর্শে চলেন। পার্লামেন্টে ২টি কামরা; সিনেট (১০২ সদস্য) ও হাউস অব কমন্স (২৬২ সদস্য)। জনসংখ্যা অনুপাতে সদস্য-সংখ্যা নিরূপিত

হয়। প্রধান মন্ত্রী তাঁহার দলের দ্বারা চালিত হন। প্রতি প্রদেশে ছোট লাট ও আইন-সভা আছে।

কৃষিজাত উৎপন্ন দ্রব্য—গম, ওট, বার্লি, রাই। পশুপালন অন্যতম উপজীবিকা। দুগ্ধজাত দ্রব্য প্রচুর প্রস্তুত হয়। কাষ্ঠ-মণ্ড (Pulp) ও কাগজ প্রস্তুতে পৃথিবীর ২য় দেশ। খনিজ—নিকেল (পৃথিবীর ৮০%), প্লাটিনাম, আসবেস্টস্ সম্পদে পৃথিবীর প্রথম; স্বর্ণ, দস্তা, এলুমিনিয়াম সম্পদে দ্বিতীয়; তামা এবং সীসায় চতুর্থ। ইহা ছাড়া কয়লা, রেডিয়াম, ইউরেনিয়াম, রূপা প্রভৃতি আছে। অশেষ জলবিদ্যুৎ শক্তি থাকায় রাজ্যে অসংখ্য কল-কারখানা বসিয়াছে; ফলে বিদেশে রপ্তানি ব্যবসায় ক্রমেই বাড়িতেছে। অতি উত্তম রেল-ইন্জিন প্রস্তুত হইতেছে ও ভারতে অনেকগুলি আমদানি হইয়াছে। মোটর গাড়ি রপ্তানি হয়। রাজধানী অটোওয়া ( Ottawa, জন. ২,০২,০৪৫ ); অন্যান্য নগর মনট্রিল ( Montreal, জন. ১০,২১,৫২০ ); টরোণ্টো ( Toronto, ৬,৭৫,৭৫৪ )।

কানাডা-র প্রদেশ ও টেরিটোরিগুলির নাম: আলবার্টা, ব্রিটিশ কলম্বিআ, মানিটোবা, নিউ ব্রানসউইক, নিউ ফাউন্ডলন্ড, নোভাস্কোটিআ; অনটারিও, প্রিন্স এডোয়ার্ড দ্বীপ, কুইবেক, সাসকাচেবান। টেরিটোরি: নর্থ-ওয়েস্ট টেরিটোরিস, ইউকন ( পৃথক ভাবে উল্লিখিত হইয়াছে )।

কানাডায় ১৮টি বিশ্ববিদ্যালয়; ৬টি স্টেট চালিত, ১২টি স্বাধীন।

**কানাড়া** ( Kanara ): দ. ভারতের কোঙ্কন উপকূলের ভূভাগ; পশ্চিমঘাট বা সহ্যাদ্রি এই দেশের মধ্য দিয়া গিয়াছে। প্রধানত কানাড়ী ভাষা-ভাষী দেশ হইলেও মারাঠী, মালায়ালম, কোঙ্কনী, টুলু প্রভৃতি ভাষা-ভাষী অধিবাসীও বহু।

উত্তর কানাড়া—বোম্বাই রাজ্যের জেলা; পোর্তুগীজ গোয়ার দক্ষিণে। আ. ৩,৯১১ ব মা; জন. ৫'১৮ লক্ষ ( '৫১ )। প্রধান শহর ও বন্দর: কারোয়ার ( দ্র. )।

দক্ষিণ কানাড়া—মদ্রাজ রাজ্যের জেলা। উত্তরে বোম্বাই-এর কানাড়া জেলা; দক্ষিণে মালাবার; পূর্বে মহীশূর ও কুর্গ; পশ্চিমে আরব সাগর। আ. ৪,৮৮১ ব মা; জন. ১৭'৪০ লক্ষ ( '৫১ )। প্রধান শহর ও বন্দর: মঙ্গলুর ( দ্র. )। উভয় জেলা রাজ্যপুনর্গঠন কমিশনের সুপারিশ মতে নূতন কর্ণাটক রাজ্য-ভুক্ত হইতেছে।

**কানানুর** ( Cannanore ): মদ্রাজ রাজ্যের মালাবার জেলার চিরক্কল তালুকের সদর শহর ও আরব সাগর তীরস্থ বন্দর। এককালে এখানে মোপলাদের প্রভুত্ব ছিল। পরে যথাক্রমে পোর্তুগীজ ও ওলন্দাজ-দের বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র হয়। টিপু সুলতানের নিকট হইতে ১৭৯০-এ যুদ্ধ করিয়া ইংরেজরা এখানকার দুর্গ দখল করে। ১৭৯০ হইতে ব্রিটিশ রাজ্যভুক্ত।

বন্দর হইতে মরিচ, কাঠ, শস্য ও নারিকেল রপ্তানি হয়। উপকূল-বাণিজ্য প্রায় কোটি টাকার হয়। মদ্রাজ-মঙ্গলুর রেলপথে ৪৬৯ মা। জন. ৪২,৪৩১। ব্যাংক: কানাড়া, কা. ইনডাস্ট্রি; স্টেট, ইন্ডিয়ান, ইন. ওভারসীজ, জয়লক্ষ্মী, সেনট্রাল, সমবায়।

**কানারি** ( Canary or Fortunate Islands স্পেনীশ Islas Canarias ): উ.-প. আফ্রিকার উপকূল হইতে ৬০ মা দূরে অতলান্তিক মহাসাগর মধ্যস্থিত দ্বীপপুঞ্জ। মোট আ. ২,৮০৭ ব মা। দ্বীপগুলি আগ্নেয় ও পার্বত্য; তেনেরিফ গিরিশৃঙ্গ ১২,১৮০ ফুট উচ্চ। এককালে এখানকার মদ্য প্রসিদ্ধ ছিল। কিন্তু পোকায় দ্রাক্ষা এমন নষ্ট করে যে, এই শিল্প একেবারে ধ্বংস হইয়া যায়। এখানকার এক জাতীয় পাখী সর্বত্র 'কানারি' নামে প্রসিদ্ধ। দ. আফ্রিকাগামী জাহাজ এখানকার বন্দরে থামে। ...জন, ৮,১৮,০০০। ১৪৯৫ হইতে দ্বীপগুলি স্পেনীশদের দ্বারা অধিকৃত।

**কানিয়া** (Canea গ্রীক Khania): ক্রীট দ্বীপের রাজধানী ও বন্দর। জন. ২৭ হাজার।

**কান্তনগর** ( Kantanagar ): পূ. পাকিস্তান; দিনাজ-পুর জে.র ঠাকুরগাঁ মহ.র গ্রাম; দিনাজপুরের রাজা কান্তজী ঠাকুরের নামে রাধাকৃষ্ণ মন্দির এইখানে স্থাপন করেন ( ১৭১৪-২২ )। বাংলার স্থাপত্য শিল্পের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। রাসের সময় মেলা হয়। রামায়ণ

ও মহাভারতের কাহিনীর এবং অন্যান্য বিষয়ের পোড়ামাটির অসংখ্য মূর্তি (টেরাকোটা) আছে।

**কান্দলা** (Kandla), **কন্ডোলা**: কচ্ছ উপসাগরের মধ্যে স্বাভাবিক পোতাশ্রয়; ১৯৩১-এ বন্দর খোলা হয়। করাচী পাকিস্তান অন্তর্গত হওয়ায় ভারত সরকার আরব সাগর-তীরে একটি ভাল বন্দর নির্মাণ করিবার প্রয়োজন অনুভব করেন ও অবশেষে কান্দলা নির্বাচিত হয়। সেখানে বিরাট ব্যবস্থা হইতেছে। ১৯৫০ হইতে কার্য আরম্ভ হইয়াছে। কান্দলা হইতে ডীসা পর্যন্ত নূতন রেলপথ খোলা হওয়ায় এখন কা. বন্দর হইতে পালনপুর জং হইয়া (১৯৩ মা) সরাসরি মাড়োয়াড়, অজমের হইয়া দিল্লী পৌঁছানো যায়। দিল্লী কা. হইতে ৬১১ মা। ... কচ্ছের রাজধানী ভুজ (Bhuj) রেলপথে ৪১ মা।

**কান্দাহার** (Kandahar): আফগানিস্থানের শহর; কাবুল ২৮০ মা উ.-পূর্বে, ৩,৫০০ ফুট উচ্চ মালভূমিতে অবস্থিত। বোলন গিরিপথ দিয়া যাওয়া-আসা সহজ; বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র, সুদৃঢ় দুর্গ দ্বারা বেষ্টিত। এই কান্দাহার প্রাচীন গান্ধার নহে, গা. অনেক উত্তরে। আলেকজেন্দার কর্তৃক প্রতিষ্ঠিত আলেকজেন্দ্রিয়া নামে শহর হইতে ইস্‌কন্দার (সেকন্দর) ও তাহা হইতে কান্দাহার শব্দ হইয়াছে। বর্তমান কান্দাহার আহমদ শাহ দুরানী কর্তৃক ১৭৪৭-এ স্থাপিত। ১৮৩৯ ও ১৮৭৯-এ ব্রিটিশ সৈন্য কর্তৃক আফগান যুদ্ধে (দ্র.) অধিকৃত। জন ৭৭,০০০। কান্দাহার হইতে বলুচিস্তানের চামন পর্যন্ত রাজপথ আছে।

**কান্যকুব্জ**: দ্র. কনৌজ।

**কাপটিপাদ** (Kaptipada): ওড়িশা; ময়ূরভঞ্জ জে.র মহকুমা। আ. ৪১৮ ব মা; জন. ১,৪৫,১৪২। থানা ৩—উদল, সরাত, খুণ্টা।

**কাপরি** (Capri): ইতালির নেপলস উপসাগরে প্রবেশমুখে ক্ষুদ্র পাহাড়ী-দ্বীপ; পাহাড়ের মধ্যে প্রাকৃতিক গুহা আছে; তন্মধ্যে একটি নীল গুহা (Grotta azurra) নামে খ্যাত; ইহা ১১৮′ দীর্ঘ, ৯৮′ প্রস্থ ও ৪০′ উচ্চ। ইহার মধ্যে Stalactites বা জমাট চুন ঝাড়ের ন্যায় গুহার ছাদ হইতে ঝুলিতেছে; সমুদ্রের নীলাভা এই শ্বেত চুনের ঝাড়ের উপর পড়িয়া নীল দেখায়। ...প্রতি বৎসর বহু সহস্র ভ্রমণবিলাসী এখানে আসেন। ...রোমান যুগের প্রাসাদ, স্নানাগার, আলোকস্তম্ভ প্রভৃতির ধ্বংসাবশের শেষ দেখা যায়। ...জন. ৭ হা।

**কাপাসিয়া** (Kapasia): ঢাকা জে.র সদর মহ.র থানা; আ. ১৩৯ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর; রেজি. অপিস কালিগঞ্জে।

**কাবালি** (Kavali): অন্ধ্র; নেল্লুর জে.র তালুক ও শহর। ওয়ালটের হইতে ৩৪৪ মা; মদ্রাজ ১৪৪ মা। জন. ১৫,৪৭৩। ভারত লক্ষ্মী ব্যাংক।

**কাবুল** (Kabul): আফগানিস্থানের রাজধানী। কাবুল নদীর সমতল ক্ষেত্রে অবস্থিত হইলেও ৬,৯০০ ফুট উচ্চে। পঞ্জাব ও মধ্য এশিয়ার বাণিজ্য পথে খাইবার গিরিপথের সম্মুখে অবস্থিত। বৈদিক সাহিত্যের 'কুভা' ও বর্তমান কাবুল নদী অভিন্ন। গ্রীকরা ইহাকে Kophen (কোফেন) বা Kophes (কোফেস) বলিয়া জানিত। তুর্কযুগে কাবুলের নাম বিশেষভাবে পাওয়া যায় না। ১৫০৪-২৬ কাবুল বাবরের রাজধানী। ইহার পর মুঘল ও পারস্যের ইতিহাসের সহিত কাবুলের ইতিহাস যুক্ত। ১৭৭৪-এ কাবুল আফ.র রাজধানী হয়। ১৮৩৯-এ ব্রিটিশরা দখল করে; ১৮৪১-এ ব্রিটিশসৈন্য নিহত ও কাবুল হস্তচ্যুত হয়; ১৮৭৯-এ ব্রিটিশ রাজদূত ক্যাভানগনেরি এখানে নিহত হইলে ২য় আফগান সমর সুরু হয়। কাবুল হইতে অনেকগুলি রাজপথ আছে। কাবুল-পেশওয়ার মোটরপথ ১৯০ মা। কাবুল-কান্দাহার-চামন পথ ৩৮০ মা। কাবুল প্রদেশের জন. ২৮·১৮ লক্ষ ও কাবুল শহরের জন. ২,০৬,২০০। ১৯৩২-এ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।

**কাবেরী** (Cauvery river): দ. ভারতের নদী; কুর্গের ব্রহ্মগিরি হইতে উঠিয়া মহীশূর ও মদ্রাজের মধ্য দিয়া বঙ্গোপসাগরে পড়িতেছে (৪৭৫ মা)। ইহাকে দক্ষিণের গঙ্গা বলা হয়। নদী নাব্য নহে। প্রাচীন কাল হইতে নদীতে বাঁধ দিয়া কৃষিক্ষেত্রে জলসেচনের ব্যবস্থা প্রবর্তিত। খ্রী. ২ শতকের একটি

বাঁধ ১০৬০ ফুট দীর্ঘ। ব্রিটিশ যুগে ১৮৩৮-এ কোলেরুন বাঁধ (২২৫০') নির্মিত হইয়াছিল। কাবেরী জলপ্রপাত বাঁধিয়া শিবসুন্দরমে জলবিদ্যুৎ স্টেশন স্থাপিত হইয়াছে। এখান হইতে বিদ্যুৎ শক্তি কোলার স্বর্ণখনি, মহীশূর, বঙ্গলুর প্রভৃতি ২৬৪টি জনপদে সরবরাহ হয়। কাবেরি জলপ্রপাত ৩২০ ফুট উচ্চ। নদীতে আরও কয়েকটি বাঁধ দেওয়া হইয়াছে। কৃষ্ণরাজসাগর বাঁধ ৯৬'; চামরাজসাগর ১৩৪'; মেটুর ১১৫'; মুকরটি ১৭৬' উচ্চ; সকল বাঁধই পাকা গাঁথাই বা ঢালাই। …কাবেরী নদীর মধ্যে কয়েকটি দ্বীপ আছে, সেগুলি হিন্দুদের পবিত্র তীর্থ: শ্রীরঙ্গপট্টম, শিবসুন্দরম্ ও শ্রীরঙ্গম।

**কাবেরি-পট্টম** (Kaveripattam): মদ্রাস; সালেম জে.র শহর; পেনার নদীতীরে অবস্থিত। দ. রেলপথের (S. Ry) স্টেশন, মদ্রাজ হইতে জোলার পৌর জং হইয়া ২৪২ মা। ১৭৬৬-তে হায়দার আলির নিকট হইতে ব্রিটিশদের দ্বারা অধিকৃত। জন. ৮,২০৭। সালেম ব্যাংকের শাখা। ঈরোড জং ৩ মা দূরে।

**কাবেরিপাক** (Kaveripak): মদ্রাজের গ্রাম। এখানে চাঁদা সাহেব ও ফরাসীরা রবার্ট ক্লাইভ কর্তৃক যুদ্ধে পরাভূত হয় (১৭৬৮)।

**কাঁব্রে, কামব্রে** (Cambray, ফ্লেমীশ Kameruk): ফ্রান্সের উ.-পূর্বে অবস্থিত শহর; এখানকার লিনেন সুতীর কাপড় অতি বিখ্যাত। সেই হইতে ইংরেজি Cambric শব্দ প্রচলিত; ইহার অর্থ 'সূক্ষ্ম শ্বেত লিনেন'। … উভয় মহাযুদ্ধের সময় শহর বিধ্বস্ত হয়। … জন. ২৬ হা।

**কামচাট্কা** (Kamchatka): সাইবেরিয়ার উ.-পূ.-এ উপদ্বীপ। আ. প্রায় এক লক্ষ ব মা; প্রায় ৭৫০ মা দীর্ঘ; দ.-পশ্চিমে ওখটক সাগর ও উ.-পূর্বে বেরিং সাগর। সোবিয়েত রুশিয়ার দূরপ্রাচ্য রিজিয়নের (F. E. R) অন্তর্গত। মোরোস্কো নামে কসাক সর্দার ১৬৯০-এ এই দেশ আবিষ্কার করেন। ১৬৯৭ হইতে রুশীয়দের দ্বারা অধিকৃত। দেশ পার্বত্য, তুন্দ্রা ও বনময়। দূরপ্রাচ্যের উচ্চতম গিরিশৃঙ্গ এই উপদ্বীপে; দেশে তীব্র শীত। বহু উষ্ণ প্রস্রবন ও আগ্নেয়গিরি দেশে আছে; (Kluchev) ক্লুচেব (উচ্চ ১৬,০০০ ফুট) ছাড়া আরও ১৬টি জীবন্ত আগ্নেয়গিরি ও প্রায় ৫০টি আগ্নেয়গিরিশৃঙ্গ আছে। পর্বত খনিজ ও অরণ্য মূল্যবান বৃক্ষপূর্ণ। লোমশ পশুচর্ম বনে সংগৃহীত হয়। বলগা-হরিণ পালন, মৎস্য ব্যবসায় ও শীকারের জন্য এই উপদ্বীপবাসীরা প্রসিদ্ধ। প্রচুর সামন্ মাছ পাওয়া যায় বলিয়া এই দেশকে সামন্ মাছের দেশ বলা হয়। আনু.জন. ৩৫,০০০। রাজধানী পেত্রোপাব্লব্স্ক (Petropavlovsk)। এই অঞ্চলে পৃথক সোবিয়েত রিপাবলিক গঠনের প্রস্তাব হইয়াছে।

**কামটী** (Kamptee, Kamthi): মধ্যপ্রদেশ; নাগপুর জে.র শহর; নাগপুর হইতে ৮ মা উত্তর-পূর্বে তুলার বাজার। জন. ৩১,৩০০।

**কামতাপুর** (Kamtapur): কোচবিহার রাজ্যের অন্তর্গত প্রাচীন রাজধানী। কোচবিহারের অন্তর্গত দিনহাটা (দ্র.) হইতে ১০ মা পশ্চিমে ধরলা নদীর তীরে গোসানিমারি গ্রামে প্রাচীন কামতা রাজ্যের রাজধানী কামতাপুরের ধ্বংসাবশেষ দৃষ্ট হয়। কামতারাজ্য প্রাচীন প্রাগ্‌জ্যোতিষপুর বা কামরূপের অংশ ছিল। ১৫ শতকে খোলবংশীয় নীলধ্বজ কামতা রাজ্যের স্থাপয়িতা।

**কামতা রাজৌলী** (Kamta Rajauli): বিন্ধ্য প্রদেশের অন্তর্ভুক্ত; পূর্বতন মধ্য ভারত এজেন্সির অন্যতম চৌবে জায়গীর; ও করদ রাজ্য; আ. ১৩ ব মা। জন. ১,১৪১। শহর হিন্দুদের তীর্থস্থান। … রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫,০০০৲ টাকা ভাতা দেওয়া হয়।

**কামরূপ** (Kamrup): আসাম রাজ্যের জেলা। উত্তরে ভুটান, পশ্চিমে গোয়ালপাড়া, পূর্বে দরং; দক্ষিণাংশ দিয়া ব্রহ্মপুত্র প্রবাহিত ও তাহার দক্ষিণে খাসিয়া-জয়ন্তিয়া জেলা। জেলায় ২ মহকুমা: গৌহাটি ও বরপেটা। সদর শহর গৌহাটি। …প্রাচীনকালে উ. বঙ্গের ও বর্তমান আসামের কিয়দংশ লইয়া কামরূপ নামে এক হিন্দুরাজ্য ছিল। ইহার রাজধানী ছিল প্রাগ্‌জ্যোতিষপুর। পুরাণমতে খ্রী. পূ. ২৭০০-এ নরক নামে অসুর এই অঞ্চলের রাজা ছিলেন। নরক, উ. বঙ্গের বাণঅসুর ও মগধের জরাসন্ধ

সমসাময়িক ছিলেন। ভগদত্ত মহাভারতের যুদ্ধের সময় এখানকার রাজা।

জেলার আ. ৩,৮৪৯ ব মা। জন. ১৪, ৯০, ৩৯২। ১৯০১-এ ছিল ৫'৯০ লক্ষ। হিন্দু ১০, ৩৯, ৪৬২; মুসলমান ৪, ৩৬, ৪৯৫। জেলার প্রধান উৎপন্ন দ্রব্য : চাউল, সরিষা ও চা। কুটিরশিল্প : রেশম।

ঐতিহাসিক যুগে আসিয়া ৪র্থ শতকে সমুদ্রগুপ্তর সমসাময়িক সমুদ্রবর্মণের নাম পাই। ইহার পর মহাসেন গুপ্ত লৌহিত্যা তীরে সুস্থিতবর্মণকে পরাভূত করেন। সুস্থিতবর্মণের পুত্র ভাস্করবর্মণ শশাঙ্কের ভয়ে হর্ষবর্ধনের সহিত মিত্রতা স্থাপন করেন। শশাঙ্কের মৃত্যুর পর তিনি বঙ্গদেশ জয় করেন ও কর্ণসুবর্ণে শিলালেখ উৎকীর্ণ করেন। হুয়েনৎ-সাঙ্ ইহার রাজধানীতে আসেন। ৬৫০-র কাছাকাছি এই রাজবংশ লোপ পায় ও সালস্তম্ভ রাজা হন; এবং তাঁহার বংশধরদের পরে প্রালম্ভ বংশ ১১ শতকের আরম্ভ পর্যন্ত রাজত্ব করে; ত্যাগ সিংহ শেষ রাজা। ইহার পর ব্রহ্মপাল নির্বাচিত হন; রত্নপাল, ইন্দ্রপাল পর পর রাজা হন। এই সময় তুর্কীরা তিব্বত আক্রমণ করিতে আসে ও মহম্মদ ইবন্ বখ্তিয়ার (১২০৫) কামরূপে সসৈন্যে ধ্বংস হন। মুসলমানরা কখনো আসাম জয় করিতে পারে নাই। ১৭ শতকে মীর-জুমলার অভিযানও ব্যর্থ হয়। ইতিমধ্যে ব্রহ্মপাল বংশ ১৩ শতকে অহোমদের (Ahom) দ্বারা উচ্ছেদিত হইয়াছিল (দ্র. আসাম)। কামরূপের রাজাদের বহু শিলালেখ পাওয়া গিয়াছে।

**কামা নদী** (Kama river): সোবিয়েত রুশের পূর্ব-মধ্যভাগের নদী; ভল্গা নদীতে আসিয়া মিশিয়াছে। মলোটোভ শহর (পূর্ব নাম পার্ম Perm) ইহার উপর অবস্থিত। উ. ভিনা (Dvina) নদীর সহিত খাল দ্বারা যুক্ত। নদীপথে পরিবাহন চলে। এতদঅঞ্চল তাম্রখনির জন্য খ্যাত।

**কামাকুরা** (Kamakura): জাপানের শহর ও বন্দর; ইওকোহামার ১০ মা দক্ষিণে; প্রাচীন যুগের রাজধানী। এখানে বুদ্ধের (Dai Butsu) ব্রোঞ্জ নির্মিত বিরাট মূর্তি আছে (উচ্চ ৪২" ৬"; পাদপীট ৯৭)। টোকিও রাজধানীরূপে অভ্যুদয়ের পূর্বে এখানকার জন. ছিল ১০ লক্ষ; বর্তমানে ৪৭ হা।

**কামাখ্যা** (Kamakhya): আসাম; কামরূপ জের. গৌহাটি শহরের নিকট ব্রহ্মপুত্র তীরে হিন্দুর তীর্থস্থান। পাহাড়ের উপর কামাখ্যার মন্দির; ৫১ পীঠের অন্যতম। জানুয়ারি, অগস্ট ও সেপ্টেম্বর মাসে ৩টি মেলা হয়। তান্ত্রিক উপাসকদের বিশেষ তীর্থ।

**কামাখ্যানগর** (Kamakhyanagar): ওড়িশা; ঢেনকানল জেলার মহকুমা; জন. ১, ৭৬, ৫৬৩। আ. ৮৬৫ ব মা। ৩ থানা। কা. থানার আ. ৪৩২ ব মা; জন ৭৭, ৫০৯। গ্রাম ২৩৭।

**কামারকুণ্ডু** (Kamarkundu): হুগলি জেলার শ্রীরামপুর মহকুমার সিংগুর থানার গ্রাম। ঈ.-রেলওয়ে ও বর্ধমান কর্ড লাইন ও সেওড়াফুলি-তারকেশ্বর লাইনের জংশন। কলিকাতা (হাওড়া) হইতে ২০ মা।

**কামারখণ্ড** (Kamarkhanda): পূ. পাক; পাবনা জে. র সিরাজগঞ্জ মহর থানা; আ. ৩৫ ব মা। গ্রাম, ডাকঘর।

**কামারখালি** (Kamarkhali): পূ. পাকিস্তান; ফরিদপুর জেলার সদর মহকুমার গ্রাম; মধুখালি (দ্র.) জংশন হইতে পশ্চিমে ৭ মা দূরে চন্দনা ও গড়াই নদীর সঙ্গমস্থলে কামারখালি ঘাট স্টেশন। এই অঞ্চল বাণিজ্যপ্রধান স্থান।

**কামারপুকুর** (Kamarpukur): হুগলি জেলার আরাম-বাগ মহকুমার গোঘাট থানার গ্রাম; প্রায় বাঁকুড়া সীমান্তে অবস্থিত। আরামবাগ-বিষ্ণুপুর সড়কের দক্ষিণে এই গ্রাম রামকৃষ্ণপরমহংস দেবের জন্মস্থান। ডাকঘর, ডিস্পেন্সরি, পাঠশালা। জন. ৮৪৫।

**কামারহাটী** (Kamarhati): কলিকাতার উপকণ্ঠে শহরতলী; বারাকপুর মহ.র বরাহনগর থানার অন্তর্গত। মিউনি. শিল্প-শহর। কলিকাতার ৭ মা উ., গঙ্গাতীরে; পাট ও কার্পাস বয়নশিল্পের কল; রবারের দ্রব্যাদি, চীনামাটির বাসনপত্র, রং, চামড়া প্রভৃতির কারখানা। আ. ৪'০৪ ব মা। জন. ৭৭,২৫১।

ঘনতা ১৯,১২২। এখানে সাগর দত্ত প্রতিষ্ঠিত হাসপাতাল, অবৈতনিক বিদ্যালয়াদি আছে।

**কামারান দ্বীপ** (Kamaran Is.): লোহিত সাগরের দ্বীপ; পেরিম দ্বীপ ২০০ মা দক্ষিণে। আ. ২২ ব মা। ১৯১৫-এ তুর্কীদের নিকট হইতে ব্রিটিশরা জয় করে। ১৯৪৯ হইতে আদনের গবর্নর কর্তৃক শাসিত। এখানে হজ (মক্কা) যাত্রীদের 'কোয়ারেনটাইন্' বা সংক্রামক ব্যাধিবিষয়ে পরীক্ষা হয়।

**কামারুনস** (Cameroons ; Kamerun): প. আফ্রিকার ব্রিটিশ নাইজিরিয়া ও ফরাসী কঙগোর মধ্যবর্তী দেশ। পূর্বে (১৮৮৪-১৯১৯) জারমানদের কলোনি ছিল (Kamerun); ১ম মহাযুদ্ধের সময় ইংরেজ ও ফরাসীরা অধিকার করে। যুদ্ধ শেষে ১৯২২ লীগ অব নেশন্স ফ্রান্স ও ব্রিটেনের উপর ইহার অছিত্ব দেয়। ২য় মহাযুদ্ধের পর রাষ্ট্রসংঘ (UNO) উহাদেরই ট্রাস্টিরূপে শাসনভার দিয়াছে (১৯৪৬)। ব্রিটিশ অংশের আ. ৩৪,০৮১ ব মা; জন. ৭ লক্ষ; নাইজিরিয়ার শাসনাধীন। অধিবাসী বানটু নিগ্রো। রাজধানী বুইআ (Buea)।...ফরাসী অংশের—আ. ১,৪৩,৪১৫ ব মা; জন. ৩২ লক্ষ; ফরাসী নিরক্ষীয় আফ্রিকার অন্তর্গত। রাজধানী ইয়াওউন্দে (Yaounde)। প্রধান বন্দর ডুয়ালা (Duala) ও ক্রিবি (Kribi)। ১৮৯৭-এ জারমানদের প্রথম পৃথক স্ট্যাম্প প্রচলিত হয়।

**কামেং সীমান্ত বিভাগ** (Kameng Frontier Division): নে-ফা (NEFA)-র বিভাগ। দরং জে.র উত্তরে পার্বত্য প্রদেশ। প্রধান শাসনকেন্দ্র বোমডিলা (Bomdila)। ... এই বিভাগের পূর্ব নাম ছিল সেলা সাব্ এজেন্সি। এখানে মোন্পা, শেরডুকপেন, খোয়া, মিজু, দফলা, অকা প্রভৃতি উপজাতির বাস।

**কামেত পর্বতশৃঙ্গ** (Kamet): হিমালয়ের গিরিশৃঙ্গ; উত্তর প্রদেশের গাড়বাল জেলায় অবস্থিত। ১৯৩১-এ স্মাঙ্ক স্মিথ (Smythe)-এর নেতৃত্বে একদল ইংরেজ ইহার শিখরে ওঠেন। উচ্চতা ২৫,৪৪৭ ফু.। দিল্লী হইতে ২১০ মা।

**কাম্পবেলপুর** (Campbellpur): পাক-পঞ্জাবের আটোক জেলার সদর শহর ও ছাউনি। স্যর কলিন কাম্পবেল-(পরে লর্ড ক্লাইড্ Clyde)-এর নামানুসারে; ইনি সিপাহী বিদ্রোহের সময় লখনৌ উদ্ধার ও পরে আফ্রিদি প্রভৃতি উপজাতিদের বিরুদ্ধে যুদ্ধাভিযান করেন। দিল্লী ৫২৮ মা; পেশাবার ৫৮ মা। লাহোর ২৩১ মা। জন. ১৪,০০০।

**কাম্পালা** (Kampala): পূ. আফ্রিকার উগানডা রাজ্যের শহর, বাণিজ্য ও শিক্ষার কেন্দ্র। ভিকটোরিয়া হ্রদের উত্তর তীরের নিকট, মোমবাসা হইতে রেলপথে যুক্ত। জন. ২২ হা.।

**কাম্পিল্য** (Kampilya): প্রাচীন ভারতের নগর। উ. প্রদেশ, ফরুখাবাদ জেলার ফতেগড় হইতে উ. পূ. কোণে গঙ্গার পুরাতন খাতের ধারে অবস্থিত বর্তমান কম্পিল। দ. পঞ্চালরাজ দ্রুপদের রাজধানী ছিল।

**কাম্বে** (Cambey): বোম্বাই রাজ্যের অন্তর্গত কয়রা জেলার তালুক। পূর্বতন গুজরাত স্টেট্স এজেন্সির অন্তর্গত করদরাজ্য। আ. ৩৯২ ব মা; জন. ৯৬,৫৯২ ('৪১)। রাজা মুসলমান, নরেন্দ্রমণ্ডলের সদস্য ছিলেন, ১১ তোপ সম্মান পাইতেন। রাজস্ব ছিল প্রায় ১৩,০৭,০০০ টাকা। কোনো কর দিতে হইত না। রাজ্য ভারতভুক্ত (জুন, '৪৮) হইলে নবাবকে বার্ষিক ১,৩৮,০০০৲ ভাতা দেওয়া হয়।

**কাম্বে** (Cambey): মারাঠি-খংভাত; কাঠিয়াবাড়ের দক্ষিণের উপসাগর (আরব সাগরের অংশ)। ইহার তীরবর্তী কাম্বে তালুক ও বন্দর। ইহা কাম্বে (খংভাত) রাজ্যের রাজধানীও ছিল। ১৬ শতকে বিখ্যাত বন্দর। এলিজাবেথ-লিখিত পত্রে আকবর 'কাম্বের রাজা' বলিয়া উল্লিখিত। পোর্তুগীজ, ডাচ ও ইংরেজদের ফ্যাক্টরি স্থাপিত হয়। কিন্তু বন্দর মজিয়া আসিতে থাকিলে ও সুরাট ব্যবসায়ের বড় কেন্দ্র ও বন্দর হইয়া উঠিলে কাম্বে নিষ্প্রভ হইয়া যায়। এক কালে এই নগর জৈনদের সংস্কৃতির কেন্দ্র ছিল; এখানকার ভাণ্ডাগার (পুঁথিশালা) খুবই সমৃদ্ধ, পাটনের পরেই ইহার স্থান।

...শহর (৩৯,০৩৮) পশ্চিম-রেলপথের আনন্দ জং হইতে শাখা-লাইনের শেষ স্টে. (৩৩ মা)। বড়োদা ও ২টি সমবায় ব্যাংক আছে।

**কাম্বোজ** ( Kamboja ) : উ. বঙ্গে পাল রাজাদের বিরুদ্ধে যাহারা বিদ্রোহী হইয়া স্বাধীন রাজ্য স্থাপন করে, তাহাদের অন্যতম হইতেছে 'কাম্বোজ' বংশীয় রাজাগণ। রাজ্যপাল ও তাঁহার দুই পুত্র নারায়ণ পাল ও নয়পাল কাম্বোজ বংশের মধ্যে খ্যাতিমান ছিলেন। রাজসাহী জেলার এক প্রস্তরলিপিতে ইহাদের উল্লেখ আছে।

**কাম্বোডিয়া** (Cambodia) : পূর্বতন ফরাসী ইন্দো-চীনের অন্তর্গত রাষ্ট্র। আ. ৭০,০০০ ব মা; জন. ৪১·৫ লক্ষ ('৫০)। রাজধানী প্‌নোম পেন ( Phnom Penh ২·৬ লক্ষ ) মেকঙ নদীতীরে। উত্তরে থাইদেশ, পূ.-লাওস, পূ.-দক্ষিণে ভিয়েতনাম। দেশ মেকঙ নদীর বদ্বীপ, সমতল-ভূমি, অতি উর্বর। ধান প্রধান শস্য; কফি, ইক্ষু, মরিচ, দারুচিনি, তামাক উৎপন্ন হয়। মাছের চাষ প্রধান উপজীবিকা। ...কা.র প্রাচীন নাম কম্বোজ।

খ্রীষ্টীয় ২য় শতক হইতে হিন্দুরা কম্বোজে বাণিজ্যের জন্য উপনিবেশ স্থাপন করে; চম্পাদেশ-মধ্যে পাণ্ডু-রঙ্গ নগর ২৫০-এ স্থাপিত হয়। কম্বোজ ৪৩৫-এর মধ্যে হিন্দু-বাণিজ্য ও সভ্যতার কেন্দ্র হইয়া ওঠে। হিন্দু পুরোহিত ও বৌদ্ধ ভিক্ষুরা এই দেশে ধর্মপ্রচারে আসেন। নবম শতক পর্যন্ত নগরগুলি পৃথক পৃথক ছিল। জয়বর্মণ অঙ্কোরথোমে (দ্র.) রাজধানী স্থাপন করিয়া সমস্ত দেশকে এক ছত্রতলে আনেন। চারিশত বৎসর গৌরবের সহিত এই অঞ্চলে বর্মণ বংশ রাজত্ব করে। এই সময়ে অঙ্কোরথোমের মহানগরী ও অঙ্কোরবট (দ্র.) মন্দির নির্মিত হয়। ১৩ শতক হইতে এই রাজ্যের পতন আরম্ভ হয়। নানা দিকে যুদ্ধ লাগে। আন্নামীরা উত্তর হইতে সমুদ্রতীর দিয়া আসিতে আরম্ভ করে; মংগোলদের দ্বারা আক্রান্ত হইয়া মেকঙ নদী বাহিয়া থাই ( Tai.) জাতিরা দক্ষিণদিকে নামিতে থাকে। ইহার উপর প্রাকৃতিক দুর্জয়; মেকঙ নদীর মুখ পলিতে বদ্ধ হইয়া ভীষণ বন্যা হয়। রাজধানীর চারিদিক প্লাবিত হইয়া কালে জঙ্গলে পূর্ণ হইয়া গেল। প্‌নোম-পেন-এ রাজধানী পরিবর্তিত হইয়া আসিলে অঙ্কোর জঙ্গলের মধ্যে লুপ্ত হইল। ইহার পর আন্নাম, সিয়াম প্রভৃতি প্রবল প্রতিবেশীরা কম্বোজদের উপর পীড়ন করিতে আরম্ভ করে। ১৫৯০-এ সিয়ামরাজের উৎপীড়ন হেতু কম্বোজরাজ ফিলিপাইনের স্পেনীশ শাসনকর্তার সাহায্য ভিক্ষা করেন। ১৮০৯-এ সিয়াম কম্বোজের রাজধানী অধিকার করে; সিয়াম ও আন্নামের মধ্যে কাম্বোডিয়া ভাগা-ভাগি হইয়া গেল। ১৮৫৮-এ ফরাসীপ্রভাব এই অঞ্চলে বিস্তার লাভ করে। ১৮৬৩ কম্বোজ ফরাসী-দের আশ্রিত দেশ হইল। রাজা ও অধিবাসীরা বৌদ্ধ। ধর্ম হিসাবে ইহারা সিয়াম, বর্মা ও সিংহলের সহিত যুক্ত। ...১৯৪০ হইতে নরোত্তম সিংহনোক বর্মণ ( Narodam Sinhanouk Varman ) কম্বোডিয়ার রাজা। বর্তমানে ( ১৯৫৪ ) কাম্বোডিয়া স্বাধীন রাজ্য বলিয়া ফরাসীদের দ্বারা স্বীকৃত হইয়াছে।

**কায়মকুলম** ( Kayamkulam ) : তিরু-কোচীন স্টেটের কুইলন জেলার শহর। এখানে ভারত সরকারের নারি-কেল গবেষণাগার আছে। জন. ১৩,১৭৭। ৫ ব্যাংক।

**কায়াল** ( Kayal ) : মদ্রাজ; তিরুনেলবেলী জেলা, তাম্রপর্ণী নদীর মোহনায় প্রাচীন বন্দর। কোরকাই (দ্র.) বন্দর বালি পড়িয়া নষ্ট হইয়া গেলে ৩ মা দক্ষিণে এই বন্দর গড়িয়া উঠে। ১৩ শতকে মার্কোপোলো এইখানে নামিয়াছিলেন; তিনি এই স্থানের ঐশ্বর্যের কথা বর্ণনা করিয়াছেন। কালে এই বন্দরের মুখে বালি জমা হয়, এবং যে কারণে কোরকাই পরিত্যক্ত হয় সেই কারণে পোর্তুগীজরা কায়াল ছাড়িয়া তুতুকুড়ি ( Tuticorin ) বন্দর পত্তন করে।

**কায়েমগঞ্জ** ( Kaimganj ) : উত্তর প্রদেশ; ফরুখাবাদ জেলার তহশীল ও শহর; লখনৌ-কানপুর-আগরা মি. রেলপথের স্টে. (১৪৯ মা); ফ. হইতে ১৮ মা পশ্চিমে। জন. ১০,৬৪৫। সেন্ট্রাল ও স্টেট ব্যাংক।

**কারকেমীশ** ( Carchemish ) : ইরাক রাজ্যের ইউফ্রাতেস নদী তীরস্থ প্রাচীন নগর। বর্তমান জেরাবলুস গ্রাম। এখানে হিটাইটদের রাজধানী ছিল। ১৯১১-১৪ ও ১৯২০-এ খননকার্য করিয়া প্রাসাদাদির স্থাপত্য ও ভাস্কর্য নিদর্শন আবিষ্কৃত হইয়াছে। খ্রী. পূ. ১৪০০ হইতে ৯ শতক পর্যন্ত ইহা সমৃদ্ধ নগর ছিল।

**কারডীফ** ( Cardiff ) : গ্রেট ব্রিটেন ; ওয়েল্‌স-এর প্রধান নগর, বন্দর ও বেসরকারী রাজধানী। রোমান যুগ হইতে এই স্থান ইতিহাস-প্রসিদ্ধ। বহু শিল্পের কেন্দ্র। বন্দর হইতে দ.-ওয়েল্‌সের কয়লা, লৌহ, টিন প্রভৃতি রপ্তানি হয়। ...বিদ্যাকেন্দ্র ; এখানকার জাতীয় গ্রন্থাগারে ওয়েল্‌স ভাষায় লিখিত বহু পুঁথি আছে। জন. ১২·৪৪ লক্ষ ('৫১)। একশত বৎসর পূর্বে ছিল ১৮,৩৫০।

**কারলী** ( Karli ) : বোম্বাই রাজ্যের পুণা জেলার গ্রাম ; পুণা হইতে উ.-পশ্চিমে ৩৪ মা। পশ্চিমঘাট বা সহ্যাদি পর্বতগুহায় খোদিত মন্দির ও বৌদ্ধচৈত্যের জন্য প্রসিদ্ধ স্থান। এত বড় চৈত্যগুহা আর নাই। শিলালিপি খ্রী. পূ. ৭৮-অব্দে খোদিত। কারলী গুহা ৪০০ ফুট উচ্চে অবস্থিত, উঠিবার ভাল পথ আছে। ভিতরের ঘর ১২৪´ ৩" দীর্ঘ ; প্রস্থ ৪৫´ ফুট ; উচ্চতা ৪৬´ ফুট। ঘরের উভয় পার্শ্বে ১৫টি করিয়া স্তম্ভ, স্তম্ভের মধ্যস্থল ২৫ ফুট। শেষ দিকে চৈত্যস্তুপ। ...গুহার সম্মুখে অশোক নির্মিত বিরাট সিংহস্তম্ভ। ...কারলীর ৪ মা উত্তরে ভাজা ( Bhaja ) গুহা ও ১১ মা দূরে বেদশা গুহা।

**কারতাখায়না** ( Cartagena ) : স্পেনের ভূমধ্যসাগর তীরস্থ বন্দর ; আরব শাসন যুগে ইউরোপের বৃহত্তম নৌ-বন্দর ও আয়ুধাগার ছিল। খ্রী. পূ. ২২৮ অব্দে হানিবলের পিতা হসদ্রুবল এখানে সর্ব প্রথম দুর্গাদি নির্মাণ করেন। কার্থেজীয়দের দ্বারা নির্মিত বলিয়া নাম কারতাখায়না। জন. ১·১৩ লক্ষ।

**কারতাজেনা, কারতাখায়না** ( Cartagena ) : দ. আমেরিকার কোলোম্বিয়া রাজ্যের বলিভার বিভাগের বন্দর ও রাজধানী ; কারীব উপসাগর তীরে অবস্থিত। স্বর্ণ ও প্লাটিনাম খনির জন্য নগরের শ্রীবৃদ্ধি হইয়াছে। ১৫৩৩-এ স্পেনীশদের দ্বারা স্থাপিত। সুন্দর কাথিড্রাল ; বিশ্ববিদ্যালয়। ... জন. ১·১৫ লক্ষ।

**কারথেজ** ( Carthage ) : প্রাচীন রাজ্য। আফ্রিকার উত্তরে বর্তমান তিউনিসের নিকটে ভূমধ্যসাগর তীরস্থ নগর ও বন্দর। ফিনিশীয় উপনিবেশ। 'কার্থাডা' শব্দের অর্থ 'নূতন শহর।' ফিনিশিয়া ( দ্র. ) হইতে বণিকদল আসিয়া এইখানে উপনিবেশ স্থাপন ও রাজ্য গঠন করে। নগরীর স্বর্ণময় যুগে ১১ লক্ষ লোক বাস করিত। ভূমধ্যসাগরের বাণিজ্য ইহাদের একচেটিয়া ছিল। রোমের সহিত প্রতিদ্বন্দ্বিতার ফলে তিনটি যুদ্ধ ( Punic War ) হয়। ১ম যুদ্ধ খ্রী. পূ. ২৬৪-২৪১। ২য় যুদ্ধ খ্রী. পূ. ২১৮-২০১। এই যুদ্ধে কার্থেজ সেনাপতি হানিবল ইতালি আক্রমণ করেন। ৩য় যুদ্ধে ( খ্রী. পূ. ১৪৯-১৪৬ )। কার্থেজ পরাজিত হইলে রোমানরা নগর ধ্বংস করিয়া দেয়। কার্থেজ ধনী বণিক সম্প্রদায়ের দ্বারা শাসিত হইত। কয়েক বৎসর পরে রোমানরা এখানে উপনিবেশ স্থাপন করে। ৫৩৩ খ্রীষ্টাব্দে ভানডাল (Vandal) নামে জারমান উপজাতি এই দেশ অধিকার করিয়া রাজ্য স্থাপন করে ও এইখান হইতে অভিযান পাঠাইয়া রোম লুণ্ঠন করে। ৭ শতকে আরবদের দ্বারা শেষবারের মতো ধ্বংস হয়।

**কারপেথিয়ান পর্বত** ( Carpathian Mts. ) : মধ্য ইউরোপের পর্বত ; ৯৬০ মা দীর্ঘ। রুমানিয়া হইতে চেকোস্লোভাকিয়া পর্যন্ত অর্ধচন্দ্রাকারে বিস্তৃত, উভয় দিকেই দানিয়ুব নদীকে প্রায় স্পর্শ করিয়াছে। অরণ্য ও বহু খনিজ সম্পদপূর্ণ। উচ্চতম শিখর ৮,৩৫০ ফুট।

**কারপেন্‌টারিয়া** (Carpentaria) : অস্ট্রেলিয়ার উ. উপকূলে কেপ্‌ ইয়র্ক উপদ্বীপের পশ্চিমে বিস্তারিত অগভীর উপসাগর। ডাচ্‌ ঈস্ট ইন্‌ডিসের গবর্নর পীটার কার্পেন্টারের নামানুসারে নামাকরণ হয় ( ১৬২৩ )। এই সাগরে বহু নদী পড়িয়াছে।

**কারবালা** (Kerbala) : ইরাকের শহর ; বোগদাদ হইতে রেলপথে ৫৫ মা উ.-পূর্বে। মুসলমানদের পবিত্র স্থান। এখানে হজরত আলির পুত্র হুসেন মোয়াবিয়ার সৈন্যদের হস্তে নিহত হন ( ৬৮০ )। হুসেনের কবর শিয়া মুসলমানদের তীর্থক্ষেত্র ; প্রতি বৎসর এখানে মেলা হয়। জন. ১·২৩ লক্ষ।

**কারল্‌সবাদ** ( Karlsbad, Karlory Vary ) : চেকোস্লোভাকিয়ার রাজধানী প্রাগ্‌-এর ১১৬ মা উ.-পশ্চিমে উষ্ণ প্রস্রবণ। এখানকার গন্ধকী জলাশয়ে বহু সহস্র লোক স্নান-চিকিৎসার জন্য আসিয়া থাকে। সহস্রাধিক চিকিৎসক রোগীদের চিকিৎসা ও বৈজ্ঞানিক

গবেষণার জন্য উপস্থিত হন। দুইশত বৎসর পূর্বে অস্ট্রিয়ান সম্রাট কার্ল এই ক্ষুদ্র গ্রাম আবিষ্কার করেন ; এখন স্থায়ী জনসংখ্যা ৩০,০০০।

**কারল্‌সরুএ** ( Karlsruhe ) : প. জারমানীর বাদেন-উরতেমবের্গ প্রদেশের শিল্প-নগর ; পূর্বতন বাদেন রাজ্যের রাজধানী। জন. ১'৯৮ লক্ষ।

**কারলোরি-বারি** ( Karlory Vary ) : কারল্‌সবাদের ( দ্র. ) চেক্ নাম।

**কারস** (Kars) : তুর্কীর উ.-পশ্চিমের প্রদেশ ও শহর ; ৯-১০ শতকে আরমেনিয়ান রাজ্য ছিল ; বহু পরিবর্তনের পর রুশের অধীন হয় ও ১৮৭৮ হইতে ১৯২১ পর্যন্ত তাহাদের সাম্রাজ্য মধ্যে থাকে। এখন তুর্কীর মধ্যে হইলেও আধিপত্য লইয়া সোবিয়েতের সহিত মন-কশাকশি চলিতেছে। প্রদেশের আ. ৭,১০৭ ব মা ; জন. ৪'১০ লক্ষ। কারস শহর ( ২০,৫২৪ ) সোবিয়েতের লেনিনিকান নগর হইতে ৪০ মা দ.-পশ্চিমে।

**কারশিয়াং, কার্সিয়াং, খরসং** (Kurseong) : দারজিলিং জেলার মহকুমা। আ. ১৬৪ ব মা। জন. ৬৫,৭১৩ ; ঘ. ৩৯২। —থানার জন. প্রায় ৫০ হা। —শহর। জন. ১১,৭৯১। দারজি-হিমালয় ছোট রেলপথের স্টেশন। এখানে ইউরোপীয়দের জন্য কয়েকটি ভালো আবাসিক স্কুল আছে, সেন্টহেলেনস কলেজ ( ১৯৩৭ ) ; ভিক্টোরিয়া কলেজ ( ১৯৩৩ )। নিকটে বহু চা বাগিচা। প্রথম চা-বাগান খোলা হয় ১৮৫৬-অব্দে। সমতলের পাংখাবাড়ি হইতে একটি পথ এখান দিয়া দারজিলিং গিয়াছে। ... বিজলীবাতি জলবিদ্যুৎজাত। ...সরকারী যক্ষ্মা হাসপাতাল প্রতিষ্ঠিত হইয়াছে।

**কারা ও ইলাহাবাদ** (Kara Allahabad) : বক্‌সরের যুদ্ধে ( ১৭৬৪ ) মীরকাশিম ও তাঁহার সহায় অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা পরাজিত হন। ক্লাইভ দ্বিতীয়বার ভারতে ফিরিয়া ( ১৭৬৫ ) অযোধ্যার সহিত সন্ধি করেন। নবাব ৫০ লক্ষ টাকা যুদ্ধের খেসারত বাবদ ও কারা ও ইলাহাবাদ জেলা কোম্পানিকে ছাড়িয়া দিতে বাধ্য হইলেন। কোম্পানি জেলা দুইটি লইয়া মুঘল সম্রাট শাহ আলমকে দান করেন ও ২৬ লক্ষ টাকা বৎসরে দিতে প্রতিশ্রুত হন। এই অনুগ্রহের বিনিময়ে কোম্পানি মুঘল সম্রাটের নিকট হইতে বঙ্গ-বিহার-ওড়িশার দেওয়ানী পদ প্রাপ্ত হয়। ওয়ারেন্ হেস্টিংস্ ১৭৭৩-এ জেলা দুইটি সম্রাটের নিকট হইতে কাড়িয়া লইয়া পুনরায় অযোধ্যার নবাবকে দান করেন ও তাহার বিনিময়ে ৫০ লক্ষ টাকার প্রতিশ্রুতি আদায় করেন। ...কারা উত্তর প্রদেশের ইলাহাবাদ জেলায় গঙ্গার দক্ষিণ তীরের গ্রাম ইলা. হইতে ৩৪ মা উত্তর পশ্চিমে ; জন. ৪,৫০০। পূর্বে মুসলিমযুগে ইহা পরগণা ও জেলা ছিল। আলাউদ্দিন খলজি বাদশাহ হইবার পূর্বে কারা ও অযোধ্যার শাসনকর্তা ছিলেন। ...এই কারা শহরে জালালউদ্দিন দাক্ষিণাত্য-বিজয়ী ভ্রাতুষ্পুত্র-জামাতা আলাউদ্দিনের অভ্যর্থনার আয়োজন করেন। আলাউদ্দিনের প্ররোচনায় জালাল এইখানে নিহত হন।

**কারাকাস** ( Caracas ) : দ. আমেরিকার ভেনেজুয়েলার রাজধানী ; ৩০২৫ ফুট উচ্চ মালভূমে কারীব সাগরের তীরে ৭ মা দূরে অবস্থিত। জন. ৮,৭৭,৭৪০। ... ১৫৬৭ নগর প্রতিষ্ঠিত ; সাইমন বলিভারের জন্মস্থান। ১০% উ. অক্ষরেখার উপর থাকা সত্ত্বেও উচ্চতার জন্য নগরের আবহাওয়া প্রীতিপ্রদ।

**কারাকুম** ( Karakum ) : কালোবালি ; মধ্যএশিয়ার তুর্কমান সোবিয়েত দেশের মরুভূমি, কাম্পিয়ান হ্রদ ও অকসাস নদীর মধ্যে প্রায় ১'১০ লক্ষ বর্গ মাইল বিস্তারিত স্থান। বর্তমানে এখানে ভূগর্ভস্থিত জল উত্তোলন করিয়া জলসেচনাদির ব্যবস্থা হইতেছে। অকসাস নদীকে প্রাচীন কালের খাদ দিয়া পুনরায় প্রবাহিত করিবার পরিকল্পনা গৃহীত হইয়াছে। বহু পূর্বকালে কারাকুম ও কিজিলকুম প্রভৃতি ভূভাগ সমুদ্রগর্ভে ছিল।

**কারাকুল** ( Karakul ) : মধ্য এশিয়ার তাজিক সোবিয়েত রাজ্যের হ্রদ ; পামীর ও অলতাই পর্বতের মধ্যে ১৩,০০০ ফুট উচ্চে অবস্থিত।

**কারাকোরম** ( Karakorom ) : হিন্দুকুশ ও হিমালয়ের মধ্যে যোজকরূপে মধ্য-এশিয়ার পর্বত। গডউইন অস্টেন ( দ্র. ) উচ্চতম শৃঙ্গ ( ২৮,২৫০ ফুট )। ১৯২৯-এ একদল ইতালীয় এই পর্বতের অনেক দূর আবিষ্কার করেন। অতি বৃহদাকার হিমবাহ এখানে আছে।

**কারাকোরাম** ( Karakoram ) : মধ্যযুগে মংগোলদের রাজধানী। চেঙ্গিস খাঁ ও তাঁহার পুত্রেরা এখানে বাস করিতেন। কুবলাই চীন অধিকার করিয়া পেকিঙে রাজধানী করেন। কারাকোরাম লোকচক্ষুর অন্তরালে লোপ পায়। রুশীয় প্রত্নতাত্ত্বিকরা ১৮৮৯-এ স্থানটি আবিষ্কার করেন। ইহা আধুনিক মংগোল জনরাষ্ট্রের অরখন (Orkhon) নদীতীরস্থ এরদিনে দভু নামে গ্রাম, রাজধানী উলান বাতোর হইতে ২০০ মা দ.-পশ্চিমে। এখানকার বৌদ্ধ বিহার ( স্থা. ১৫৮৬ ) বৌদ্ধ দর্শনাদি চর্চার কেন্দ্ররূপে খ্যাত।

**কারাপথ** ( Karapath ) : রঘুবংশে আছে লক্ষ্মণপুত্র অঙ্গদকে রাম এখানকার রাজা করিয়া দেন। ইহা মধ্যযুগের Caravat, বর্তমানে বানুন্থ জেলায় সিন্ধুনদের পশ্চিমে লবণ পাহাড়ের পাদদেশে কারাবাগ বা কালা-বাগ বা বাঘান। পাক উ.-প. সী. প্রদেশের অন্তর্গত।

**কারাফুতো** ( Karafuto ) : শাখালিন দ্বীপের যে-দক্ষিণাংশ ১৯৪৬ পর্যন্ত জাপানের অধীন ছিল তাহার জাপানী নাম। এই অংশের আ. ছিল ১৪ হা ব মা ; জন. ৩·৩৯ লক্ষ। ( দ্র. শাখালিন )

**কারা বোগজ গোল** ( Kara Bogaz Gol ) : তুর্কমান সোবিয়েত রাজ্য অন্তর্গত পূর্ব কাস্পিয়ান হ্রদের অগভীর উপসাগর। এখানে পর্যাপ্ত Glamber's Salt বা সোডিয়াম সালফেট পাওয়া যায় ; এই লবণ, কাগজ, কাঁচ, রঙ প্রভৃতি শিল্পে প্রয়োজন হয়।

**কারারা** ( Carrara ) : ইতালীর শহর। এখানকার পাহাড়ের শ্বেত বা মার্বেল পাথর বিখ্যাত ; ৪০০-এর উপর খাদ বা খনি আছে। জন. ২৪ হা। ইংরেজিতে 'কারারা হোয়াইট' শব্দ প্রচলিত আছে।

**কারিকল** (Karikal) : ভারতের কোরমণ্ডল উপকূলে পূর্বতন ফরাসী অধিকৃত স্থান ; মদ্রাজ ; তাঞ্জোর জেলার পূর্বে অবস্থিত। কাবেরী নদীর শাখাসমূহের দ্বারা ধৌত ; উর্বর দেশ। পণ্ডিচেরী হইতে ৯০ মা দক্ষিণে। আ. ৫৩ ব মা ; জন. ৭০ হা। ৬টি কমিউন, ১১০ গ্রাম। ১৭৩৯-এ তাঞ্জোরের রাজা কর্তৃক ফরাসীদের প্রদত্ত হয়। ১৮০৩-এ ইংরেজরা অধিকার করে ও ১৮১৪-এ ফরাসীরা ফিরিয়া যায়। সেই হইতে ১৯৫৪ পর্যন্ত ফরাসী অধিকারভুক্ত ছিল। বর্তমানে ভারতভুক্ত হইয়া পণ্ডিচেরি রাজ্যান্তর্গত হইয়াছে।

**কারিমান্নুর** (Karimannoor) : তিরু-কোচীন রাজ্যের শহর ; জন. ৩০,৪০০। ওরিএন্টাল ব্যাংক।

**'কারীব সাগর** (Caribbean Sea) : অতলান্তিক মহাসাগরের অংশ ; আন্দাজ ৭·৫০ লক্ষ ব মা সাগর। দক্ষিণ ও মধ্য আমেরিকার দ্বারা বেষ্টিত ; উত্তরাংশে পশ্চিম দ্বীপপুঞ্জ। পানামা ইন্ডিস খালে পৌঁছাইতে হইলে এই সাগর দিয়া যাইতে হয়।

**কারুন** (Karun river) : ইরানের একমাত্র নদী ; শাত-অল-আরব নদীতে পড়িতেছে। এই নদীর তীরে প্রাচীন ইলাম (Elam) রাজ্য ছিল।

**কারুনাগপল্লী** (Karunagpally) : তিরু-কোচীন রাজ্যের শহর ; জন. ৭,৪১৯। তিরু. ফরওয়ার্ড ব্যাংক।

**কারুর** ( Karur ) : মদ্রাজ, তিরুচ্চিনা জেলার তালুক ও শহর ; অমরাবতী নদীতীরে। ইরোড (Erode)-তিরু. রেলপথের স্টেশন ( ৪১ মা )। ব্যবসায়ের কেন্দ্র। জন. ৪২,১২৮। ১১টি ব্যাংক : স্টেট; সেন্ট্রাল প্রভৃতি। ... প্রাচীনযুগে চের রাজাদের এককালীন রাজধানী ; পটলেমি ইহাকে কেরল-পুত্র ( Kerobothros )-দের রাজধানী Karoura বলিয়াছেন। এখানে রোমান সম্রাট টিবেরিয়াস ( খ্রী. অ. ৩৭ )-এর ৫০০ মুদ্রা, ও মার্কাস অরেলিয়াসের স্বর্ণ মুদ্রা পাওয়া গিয়াছে। চোল রাজগণ ৯১০ অব্দে এই নগর অধিকার করেন। ... ব্রিটিশদের দ্বারা টিপুসুলতানের নিকট হইতে অধিকৃত হইবার মধ্যে বহুবার এই দুর্গের স্বামিত্ব হস্তান্তরিত হইয়াছিল।

**কারেনী** (Karenni) : কারেন নামে উপজাতির আদি বাসভূমি ; প্রদেশ থাই বা সিয়াম ও উত্তর বর্মার মধ্যবর্তী সালউইন নদীর দুই পার্বত্য তীরভূমির সাধারণ নাম। ইহা কয়েকটি ক্ষুদ্র দেশীয় রাজ্যের সমষ্টি। উত্তরে শান-রাজ্য। আ. ৪,৫২০ ব মা ; জন. ৭০ হা। ভাষা-কারেন। উৎপন্ন দ্রব্য চাউল, লাক্ষা প্রভৃতি। অরণ্যের সেগুন কাঠ বিখ্যাত। বর্তমানে এই অঞ্চল বর্মা ইউনিয়নের অন্তর্ভুক্ত 'কারেনী স্টেট" নামে পরিচিত।

**কারেম আসন** (Karem Asan) : ইন্দোনেশিয়া ; বলী দ্বীপের শহর। রবীন্দ্রনাথের 'যাত্রী'তে বর্ণিত।

**কারেলো-ফিনিশ** (Karelo-Finnish S.S.R.) : উত্তর-ইউরোপের সোবিয়েত গণরাষ্ট্র। ইহার দক্ষিণ-পূর্বে সোবিয়েত রুশ ; প.—ফিনলন্ড। আ. ৬৯,৭২০ ব মা ; জন. ৬ লক্ষ ('৫৪)। রাজধানী—পেত্রোজা-বোদ্‌স্ক (Petrozabodsk ; জন. ৮০,০০০)।

এই দেশ ১৯১৭-এর পূর্বে রুশিয়ার কয়েদি নির্বাসনকেন্দ্র ছিল ; তখন ইহার নামছিল অলোনেত্‌জ প্রদেশ (Olonetz)। সমাজবাদী বিপ্লবের পরে ইহার নাম হয় কারেলিয়া (১৯২৩। ১৯৪০-এ সোবিয়েত-ফিনিশ যুদ্ধের সময় যে অঞ্চল ফিনরা পূর্বে গ্রাস করিয়াছিল তাহা সো. বাহিনী উদ্ধার করে। এই সমগ্র অঞ্চল (লেনিন-গ্রাদের নিকটবর্তী কিছু অংশ বাদে) কারেলিয়ার সহিত যুক্ত হইয়া কারেলো-ফিনিশ সো. স. প্রজাতন্ত্র-রূপে গঠিত হয়। ১৯৪৬-এ দক্ষিণ সমুদ্রতীরস্থ Vyborg অঞ্চল রুশকে ছাড়িয়া দিতে হয়।

এই দেশের ৭০% অরণ্যময়। ইহা হইতে প্রচুর আয় হয়। দস্তা, রূপা, অভ্র, গ্রানাইট প্রভৃতি খনিজ সম্পদ আছে। অভ্র উৎপাদনে সমগ্র সো. দেশে কারেলো-ফিনিশের প্রথম স্থান। লৌহ-আকরের সন্ধান পাওয়া গিয়াছে। এই দেশে ৪১,৭০০টি হ্রদ থাকায় প্রচুর মাছ পাওয়া যায়।

সমগ্র দেশে ৩৬টি রাষ্ট্রীয় খামার, ৪৪টি ট্রাকটর স্টেশন ও ৮০০ পশু-প্রজনন-কেন্দ্র আছে। বাল্‌টিক হোয়াইট সাগর খাল কাটার ফলে দেশের আর্থিক অবস্থার উন্নতি হইতেছে। ২টি বিশ্ববিদ্যালয়, বিজ্ঞান-মন্দির, ৬টি টেকনিকেল ও শিক্ষণ-কলেজ ও ১০৮৯টি বিদ্যালয় আছে।

**কারোয়ার, কারওয়ার** (Karwar) : "কারোয়ার বোম্বাই প্রেসিডেন্সির দক্ষিণ অংশে স্থিত উ. কর্ণাটের প্রধান নগর। তাহা এলালতা ও চন্দনতরুর জন্মভূমি মলয়াচলের দেশ।" (জীবনস্মৃতি)। সমুদ্রতীরের এই শহর ধারবার হইতে ১০৫ মা রাজপথ দ্বারা যুক্ত। সিন্ধিয়া কোংর জাহাজ (S.S.N. Co.) সাগর শান্ত থাকিলে নিয়মিত এই বন্দরে আসে যায়। ...জন. ১৯,৭৬৪। ৬টি ব্যাংক : কানাড়া, কা. ইনডাস্ট্রি, ব্যা. অব্ রুরাল ইন্ডিয়া প্রভৃতি।

**কারোলাইন** (Caroline Islands) : প্রশান্ত মহাসাগরে নিউগিনীর উত্তরে ও ফিলিপাইন দ্বীপপুঞ্জের পূর্বে অবস্থিত ৫৪৯টি প্রবাল দ্বীপসমষ্টি ; পালাউ (Palau) দ্বীপগুলিও ইহার অন্তর্ভুক্ত ধরা হয়। এতগুলি দ্বীপের ৫টিতে অধিবাসীদের বারোআনির বাস। অধিবাসীরা পলিনেশিয়ান বিচিত্র জাতি। ...১৫২৭ অব্দে পোর্তুগীজ নাবিক সেকুইরা এই দ্বীপ আবিষ্কার করেন ; প্রাচীন মানচিত্রে Sequeira দ্বীপ নামে এগুলি লিখিত দেখা যায়। প্রায় এক শত বৎসর পরে স্পেনীশরা এই দ্বীপে আসে ও ১৬৮৬ অব্দে লাজেআনো (Lazeano) নামে নাবিক স্পেনীশ সম্রাট চার্লস [কার্ল]-এর নামে এই দ্বীপগুলির নামকরণ করেন কারোলিন। দুইশত বৎসর ইহাদের অস্তিত্ব লোকে প্রায় ভুলিয়া যায়। ১৯ শতকে জারমানরা এখানে আসে ; কিন্তু স্পেন দ্বীপগুলির উপর দাবী ছাড়িল না। পোপকে সালিশী মানা হইলে তিনি উহা স্পেনকে দান করেন। স্পেনীশরা আমেরিকান যুদ্ধে পরাজিত হইলে এই দ্বীপ ১০ লক্ষ পাউণ্ড দিয়া জারমানরা স্পেনের নিকট হইতে ক্রয় করিয়া লয় (১৮৯৯)। বিশ বৎসর পরে ১ম মহাযুদ্ধের শেষে জারমানির কাছ হইতে দ্বীপগুলি লইয়া লীগ-অব-নেশনস জাপানকে ম্যানডেট শাসন ক্ষমতা দান করে (১৯২০)। ২য় মহাযুদ্ধের সময় আমেরিকানরা ১৯৪৫-এ ইহা অধিকার করে। ১৯৪৭-এ এপ্রিলে রাষ্ট্র সংঘ (U.N.O.) মার্কিন যুক্তরাষ্ট্রের উপর শাসন ভার অর্পণ করেন। দ্বীপপুঞ্জের আ. প্রায় ৫০০ ব মা ; যদিও উহারা প্রায় ২,০০০ মা জুড়িয়া ছড়াইয়া আছে। জন. ৩৫-৪০ হাজার। ...প্রধান রপ্তানি নারিকেল শাঁস। ...১৯০০ অব্দে জারমান স্ট্যাম্প প্রচলিত হয় —Karolinnen নামে।

**কারোলিনা** (Carolina) : মার্কিন যুক্তরাষ্ট্রের নর্থ কা. ও সাউথ কা.-এর যুক্ত নাম। ইংলন্ডের রাজা ২য় চার্লসের নির্দেশে ১৬৫০-এ প্রথম উপনিবেশ স্থাপিত

হয়। আদি ১৩টি বিদ্রোহী রাষ্ট্রের অন্যতম। ১৭২৯-এ এই দেশ নর্থ কারেলিনা (দ্র.) ও সাউথ কারোলিনা (দ্র.) স্টেটে বিভক্ত হয়।

**কালকা** (Kalka): পু. পঞ্জাবের আম্বালা জেলার শহর। দিল্লী হইতে ১৬৩ মা। এখান হইতে সিমলা পর্যন্ত ছোট রেল ও মোটরপথ আছে (৬০ মা)। হাওড়া হইতে মেল ট্রেন কালকা পর্যন্ত যায় (১০৬১ মা)। জন. ১৪,০৫৮। প. ন্যাশ. ব্যাংক।

**কালকিনি** (Kalkini): ফরিদপুর জে.র মাদারিপুর মহ.র থানা। আ. ৯৪ ব মা। গ্রাম, ডাকঘর।

**কালচিনি** (Kalchini): জলপাইগুড়ি জে.র আলিপুর-দুয়ার মহ.র থানা। আ. ৩৪৪ ব মা। জন. ৮৫,৬০৯। ঘনতা ২৪৯। এই থানায় বহু চা-বাগিচা আছে। কালচিনি চা-বাগানের জনসংখ্যা ১২,১৯১। শিলিগুড়ি ৮৬ মা। আলিপুর-দুয়ার্স ১৪ মা।

**কালনা, অম্বিকা-কালনা** (Kalna): বর্ধমান জে.র মহকুমা। আ. ৬৮৫ ব মা। জন. ৩,০৫,৭৫১। ঘনতা ৭১৪। গ্রাম ৫২৮। ৩টি থানা: কালনা, পূর্বস্থলী ও মন্তেশ্বর। ...কালনা থানার আ. ১৩৪ ব মা। গ্রাম ২১১। থানায় ১০ স্কুল।

—শহর গঙ্গাতীরে; কলিকাতা-বণ্ডেল-বারহারোয়া রেলপথের স্টে. ৫১ মা। জন. ১৬,৩২৪। ৪ উচ্চ বিদ্যালয় (১টি বালিকা); কলেজ, বিজলী, মিউনি. (১৮৬৯)। কালনা এককালে সমৃদ্ধ নদী-বন্দর ছিল। ১৮০৯-এ গঙ্গা-তীরে বর্ধমান-মহারাজ তেজচন্দ্র ১০৯টি শিব মন্দির ও প্রাসাদি নির্মাণ করেন। কালে গঙ্গার খাত অগভীর হইতে থাকে, ম্যালেরিয়ায় দেশ উৎসন্ন যায়। বর্তমানে পুনর্গঠিত ও জনপূর্ণ হইতেছে। স্টেট ও সমবায় ব্যাংক।

**কালপরম্বা** (Kalparmbha): তিরু-কোচীন রাজ্যের শহর; জন. ১৭,৮৮২। ক্যাথলিক প্যারিশ ব্যাংক।

**কাল্পী** (Kalpi): উত্তর প্রদেশ; জলৌন জেলার তহশীল ও শহর। ঝাঁসি রেলপথের স্টে. (৪৬ মা); জন. ১৪,০৪২। ইলা. ব্যাংক পে-অ.। ...যমুনা নদীর দ. তটে বন্ধুর জমির উপর অবস্থিত শহর; প্রাচীনকাল হইতেই এই স্থান বিখ্যাত। ১১৯৬-এ তুর্কীদের দ্বারা অধিকৃত; ১৫ শতকের আফগান অট্টালিকাদির ধ্বংসাবশেষ আছে; ১৫২৭-এ হুমায়ুন কর্তৃক অধিকৃত; ১৫৪০-এ শেরশাহ জয় করেন। ১৪৭৭-এ এখানে জৌনপুরের সহিত দিল্লীর বাদশাহের যুদ্ধ হয়। ১৮ শতকে মারাঠাদের বিশিষ্ট ঘাটি। ঈ. ই. কোম্পানীর কার্পাসে শিল্প-কেন্দ্র। ১৮৮৫-এ কাল্পীতে ঝাঁসীর রানীর সৈন্য ব্রিটিশদের নিকট পরাভূত হয়।

**কালসিদন** (Chalcedon): তুর্কী কাদিকাঈ। এশিয়াটিক তুর্কীর শহর, ইস্তানবুলের অপর পারে অবস্থিত। গ্রীক্‌দের অতি প্রাচীন উপনিবেশ। খ্রীষ্টীয় ইতিহাসের সহিত নানাভাবে যুক্ত। এখানকার মূল্যবান প্রস্তরাদি এককালে বিখ্যাত ছিল; ইংরেজিতে Chalcedony বলিতে এক জাতীয় প্রস্তর বুঝায়। বর্তমানে তুর্কীদের বাসভূমি; জন. ৫৭. হা।

**কালিয়ারী** (Cagliari): সারদিনিয়া (দ্র.) দ্বীপের রাজধানী ও বন্দর। বিশ্ববিদ্যালয়, প্রত্নতত্ত্ব-মিউজিয়াম; রোমান রঙ্গমঞ্চ ও রোমান এবং কার্থেজীয়দের বহু কবর এখনো আছে। কার্থেজীয়রা এই বন্দর পত্তন করে বলিয়া অনুমিত। জন. ১'৪০ লক্ষ।

**কালসি** (Kalsi): উত্তর প্রদেশের দেহরাদুন জেলার গ্রাম। মসুরী হইতে ১৫ মা প-এ হিমালয়ের পাদদেশে। এখানে অশোকের শিলালেখ আছে। কালসির ন্যায় দুর্গম স্থানে অশোক তাঁহার শিলা-লেখে অহিংসা বাণী কেন প্রচার করিয়াছিলেন, তাহার কারণ এতদিনে স্পষ্ট হইতেছে। নিকটেই ব্রাহ্মণ-ধর্ম সেবী ক্ষত্রিয়দের অশ্বমেধের ও পশুহত্যার স্থান আবিষ্কৃত হইয়াছে। অনেকে অনুমান করেন, এই হিংসা বন্ধ করিবার জন্য অশোক এই অহিংসামূলক উপদেশ প্রচার করেন।

**কালসিয়া** (Kalsia): পূর্বতন পঞ্জাব স্টেটস-এর অন্তর্গত করদ রাজ্য। রাজপরিবার পাতিয়ালা নাভাদের পূর্ব-পুরুষ ফুলকানদের সহিত সম্বন্ধযুক্ত ছিলেন। আ. ১১৮ ব মা; জন. ৬৭,৩৯৩ ('৪১)। ...১৯৪৮ হইতে এই ক্ষুদ্র রাজ্য পে-প-স্থুর অন্তর্গত হইয়াছে। রাজা বার্ষিক ভাতা ৬৫ হা টাকা পান।

**কালাও** (Kalaw): বর্মা; দ. শান স্টেটের মধ্যে পার্বত্য

শহর ( ৪,২৯২ ফুট )। থাজি (Thazi) জং হইতে রেল ( ৩৬ মা ) ও রাজপথ আছে। থাজি রেংগুন হইতে রেলে ৩০৬ মা। ধনীদের গ্রীষ্মবাস ছিল। জন. ৪ হাজার।

**কালাও, কাল্লাও** (Callao) : দঃ আমেরিকা ; পেরুর বন্দর, প্রশান্ত মহাসাগর তীরে। ১৭৪৬-এ পুরাতন শহর ভূমিকম্পে নষ্ট হয়। ১৯৪৪-এ কালাও হইতে আন্দিসের উপর দিয়া ( একস্থলে ১৪,৭০০ ফুট উচ্চ গিরিপথ দিয়া ) লিমা প্রভৃতি নগর হইয়া রাজপথ আমাজোন নদীর তীর পর্যন্ত নির্মিত হয়। আমাজোনের এই স্থানে ত্রিশ হাজার টনী জাহাজ আসিতে পারে। ফলে প্রশান্ত মহাসাগর হইতে অতলান্তিক পর্যন্ত যাতায়াত সুগম হইয়াছে। জন. ৮৫ হাজার।

**কালাডি** (Kalady) : তিরু-কোচীন রাজ্যের শহর ; শঙ্করাচার্যের জন্মস্থান বলিয়া প্রবাদ। জন. ৩,৪১৬।

**কালাত** (Kalat) : পাকিস্তান ; বলুচিস্তানের (দ্র.) একটি স্টেট। আ. ৩০,৮০০ ব মা। জন. ২,৮৩,০০০। অখণ্ড ভারতে কালাত ৩য় বৃহত্তম স্টেট ছিল ; আ. ৭৩,২৭৮ ব মা। ভারত সরকারের বৈদেশিক দপ্তরের অধীন পো. এজেন্ট মাসতুং (Mastung) শহরে বাস করিতেন। অধিকাংশ লোক সুন্নি মুসলমান। ভাষা বলুচি, পার্সি ও ব্রাহুই। এককালে বলুচিস্তানের অধিকাংশই কালাতের খানের রাজ্য ছিল। শাসক আমীর ২১ তোপ সম্মান পাইতেন। বর্তমানে আমীর ২·৮১ লক্ষ টাকা খরচা পান। আমীরের অধীনে অনেক সর্দার আছেন। রাজস্ব ২২·৫০ লক্ষ টাকা। বর্তমানে কেন্দ্রীয় পাক সরকারের সহিত আমীরদের সম্পর্ক স্পষ্ট হয় নাই। এই রাজ্যে গন্ধক পাওয়া যায়। রাজধানীর জন. ২০ হা। ১৯৩৫ ভূমিকম্পে শহর ধ্বংশ হয় ; পরে নূতন ভাবে নির্মিত হয়।

**কালানৌর** (Kalanaur) : পূর্ব পঞ্জাব ; গুরুদাসপুর শহর হইতে ১৬ মা পশ্চিমের গ্রাম ; এখানে অকবর হিন্দুস্থানের বাদশাহ ঘোষিত হন।

**কালান্তর** (Kalantar) : মুর্শিদাবাদ জেলার দক্ষিণাংশের নিম্নভূমি ; নদীয়া জেলায় কিছুদূর সম্প্রসারিত। প্রায় ১৫ মা দীর্ঘ ও ৮ মা প্রস্থ। উপরের মাটি বর্ষায় ডুবিয়া যায় ; ক্রমশই শুকাইয়া আসিতেছে ; উৎকৃষ্ট ধান জন্মে।

**কালাবাগ** (Kalabag) : প. পাকিস্তান ; পঞ্জাবের মিয়ানওয়ালি জেলার শহর ; লবণ পর্বতের পার্শ্বদেশে থাকে-থাকে অবস্থিত। বারিশূন্য আবহাওয়া ; পৃথিবীর মধ্যে এমন তৃষ্ণার্তভূমি আর নাই। পাহাড়ের চারিদিকে লবণ খনিতে কাজ হয়। কয়লা ও ফিটকারির আকর নিকটে। দাউদ খাল হইতে রেলপথ সিন্ধু নদীসেতু ( ৩০৫৭ ফুট ) পার হইয়া মারি-ইন্দাস পর্যন্ত গিয়াছে ; সেখান হইতে ছোট রেল কালাবাগ হইয়া বান্নু ও ডেরা ইসমাইল খাঁ জেলার মধ্যে গিয়াছে।

**কালহস্তী** (Kalahasti) : অন্ধ্র ; চিত্তুরু জে.র তালুক ও শহর ; স্বর্ণমুখী নদীতীরে। মদ্রাজ-গুড়ুর জং (৮৬ মা) হইয়া বিলুপুরম মিটার রেলপথের স্টে. ( ৩৮ মা ) ; কলিকাতা হইতে ৯৮৮ মা। জন. ১৭, ৮২০। চিত্তুরু ব্যাংক। তীর্থস্থান ; মহাদেবের বিরাট মন্দির আছে। তাঞ্জোরের চোলরাজগণ এই অঞ্চলে ৯ শতকে পরাক্রান্ত ছিলেন।

**কালাহাণ্ডি** ( Kalahandi ), **কলহাণ্ডি** : পূর্বতন ঈ. স্টেটস এজেন্সির করদরাজ্য ; দেশের দ. অংশ পার্বত্য ; ওড়িশা প্রদেশদ্বারা বেষ্টিত ছিল। আ. ৪,৩৮৮ ব মা। জন. ৭·৯৫ লক্ষ, প্রধান শহর ভবানীপাটনা ( দ্র. ) ; রাজ্যের আয় ৬· ২৫ লক্ষ ; কর ১৬ হা টাকা ছিল। রাজ্য ভারতভুক্ত হইলে ইহা ওড়িশার অন্তর্ভুক্ত জেলা হইয়াছে ; রাজা বার্ষিক ১, ১৪, ০০০৲ ভাতা পান।

...ওড়িশার জেলা ; আ. ৫, ৯৫৭ ব মা। জন. ৮, ৫৮, ৭৮১। ৩ মহকুমা : কালাহাণ্ডি, ধরমগড়, নওয়াপাড়া।...কা. মহকুমার আ. ১, ৫৬৮ ব মা ; জন. ২, ২৪, ৯২৭। থানা ৬।......প্রধান শহর ভবানীপাটনা।......এই জেলার পূর্ব দিয়া রায়পুর-বিজয়ানগরম রেলপথ গিয়াছে।

**কালাহারি** ( Kalahari ) : দ.-পশ্চিম আফ্রিকায় জাম্বেসি ও অরেঞ্জ নদীর মধ্যে মরুভূমিসদৃশ দুর্গম ভূখণ্ড ; আ. প্রায় ২ লক্ষ ব মা অধিকাংশ বেচুয়ানা-

লন্ডের অন্তর্গত। বারিপাত বার্ষিক ৫"-১০" মাত্র; মেষপালনের মত তৃণাদি জন্মে। পশুপালনের অনুকূল পরিবেশ সৃষ্টির চেষ্টা হইতেছে। দ.-প. অংশে শিকারের জন্য ন্যাশনাল পার্ক আছে (৩,৭২১ ব মা.)

**কালিকট, কোজিকোডে** ( Calicut, Kozhikode ) : আরবসাগর তীরস্থ বন্দর ও মদ্রাজ রাজ্যের মালাবার জেলার সদর শহর। ৭ শতকে আরবরা ( মোপলা ) এই বন্দরে আসিয়া বাস করে। ১৪৯৮, মে ২০-এ ভাসকো-দা-গামা এইখানে আসিয়া উঠেন। সেই সময়ে এই অঞ্চল বিজয়নগরের সাম্রাজ্যভুক্ত ছিল। পোতু গীজরা বারবার কালিকট আক্রমণ করিতে থাকিলে ১৫১৩-এ স্থানীয় রাজা ( বা জামোরিন ) উহাদিগকে ফ্যাক্টরি তথা দুর্গ-নির্মাণের অনুমতি দিলেন। হায়দার আলি ও টিপুসুলতান উভয়েরই অত্যাচারে নগরের ক্ষতি হয়। ...১৭৯২-এ টিপুর সহিত শ্রীরঙ্গপটনে যে সন্ধিচুক্তি হয়, তদনুসারে ইংরেজরা কালিকট ও তন্নিকটবর্তী স্থানসমূহ লাভ করে।

এখানে নারিকেল-ছোবড়ার কাতা তৈয়ারি হয়। মদ্রাজ ৪১৪ মা। জন. ১, ৫৮, ৭২৪। এখানে বহু ব্যাংক আছে।

**কালিঞ্জর, কালাঞ্জর** ( Kalinjar ) : উত্তরপ্রদেশ; বাঁদা জেলার শৈলদুর্গ; বিন্ধ্যপর্বতের একটি বিচ্ছিন্ন শৈলের উপর অবস্থিত ও বাঁদা হইতে ৩৫ মা দক্ষিণে। মধ্যযুগ হইতে ভারত-ইতিহাসে এই স্থান বিখ্যাত। চান্দেলদের সময়ে ইহা জেজভুক্তির রাজধানী ছিল। স্থানীয় দুর্গ চান্দেলরাজ কিরাটব্রহ্মর দ্বারা নির্মিত। ইহা সুলতান মামুদ ১০২৩এ আক্রমণ করেন; ১২০৩-এ কুতবউদ্দিন ও ১৫৩০-এ হুমায়ুন কর্তৃক অবরুদ্ধ হয়। এই দুর্গ গ্রহণকালে বারুদশালার বিস্ফোরণের ফলে শেরশাহ নিহত হন (১৫৪৫, মে ২২)। ১৫৬১-এ আকবর ইহা অধিকার করেন। ১৮১২-এ ইহা ব্রিটিশের হাতে আসে। ...১২ শতকের শৈলগুহায় বহু শিলালেখ আছে।

**কালিনদী** ( Kalinadi ) : বোম্বাই; উত্তর কানাড়ার নদী; রবীন্দ্রনাথ জীবন-স্মৃতিতে লিখিতেছেন, "এই অরণ্যের এক সীমায় কালানদী নামে এক ক্ষুদ্র নদী তাহার দুই গিরিবন্ধুর উপকূলরেখার মাঝখান দিয়া সমুদ্রে আসিয়া মিশিয়াছে।" নদীটি কারোয়ার শহরের পাশ দিয়া প্রবাহিত। ...এই নদী বাঁধিয়া জল-বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা হইয়াছে।

**কালিনিন** ( Kalinin ) : পূর্বনাম Tver। সোবিয়েত রুশের অন্যতম ওবলাস্ট বা জেলা। মধ্যযুগে Tver-এ খ্রীষ্টীয় মঠাদি ছিল। বর্তমানে বহু শিল্পের কেন্দ্র। মস্কৌ লেনিনগ্রাদ রেলপথের ও মস্কৌ-ভল্‌গা খালের উপর অবস্থিত।...কালিনিন ( M. I. Kalinin ১৮৭৫—১৯৪৬ )-এর জন্মস্থান।

**কালিনিনগ্রাদ** ( Kaliningrad ) : পূর্বনাম কোএনিগ্‌সবের্গ ( Konigsberg )। বাল্‌টিক সাগরের নদী-বন্দর ও পূর্ব-প্রুশিয়া বা জারমানির শহর। ২য় মহাযুদ্ধের পর সোবিয়েত রুশের বিশিষ্ট বন্দর ও নগর হইয়াছে। পূর্ব হইতেই এখানে জারমানদের বহু শিল্পের কেন্দ্র ছিল। ১৯৪৫ হইতে নগরের নূতন নামাকরণ হয়।

**কালিফোর্নিয়া** ( California ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট; প্রশান্ত মহাসাগর তীরে। আ. ১,৫৮,৬৯৩ ব মা; জন. ১,০৫,৮৬,২২৩ ('৫০)। বহু চীনা, জাপানী ও ভারতবাসী এই স্টেটে আছে। প্রথম উপনিবেশ ১৭৬৯-এ; স্পেনের দ্বারা ১৮৪৮ পর্যন্ত মেক্সিকোর অন্তর্গত অংশরূপে শাসিত হয়। ১৮৪৯-এ যুক্তরাষ্ট্র-ভুক্ত। বিচিত্র প্রাকৃতিক দৃশ্য ও শোভা-সমন্বিত দেশ। Death valley সাগরতল হইতে ২৮০ ফুট নিচু। হুইট্‌নি-গিরিশৃঙ্গ ( উচ্চ ১৪,৪৯৫' ফুট ) মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ গিরিশৃঙ্গ। Sequoia National Park-এর জেনারেল শেরমান ট্রী ৩৫০০ বৎসরের পুরাতন গাছ; অতবড় গাছ আর কোথাও নাই। ১৮৪৮ হইতে স্বর্ণ লোভে লোকে দলে দলে আসিয়া উপনিবেশ স্থাপন করিতে আরম্ভ করে। এই জন্য দেশের নাম স্বর্ণ-দেশ হয় ( Golden State )। বর্তমানে পেট্রোলিয়াম, স্বাভাবিক ভূগর্ভস্থ গ্যাস প্রভৃতির জন্য বিখ্যাত। এখানকার হলিউড (দ্র.) জগৎবিখ্যাত সিনেমাকেন্দ্র। কালিফোর্নিয়া সাক্ষট

স্পেনীশ। স্বর্ণ, রৌপ্য, তাম্র, পেট্রোলিয়ম প্রধান খনিজ। ফলের চাষ, ফল রপ্তানি প্রচুর। রাজধানী সাকরামেন্টো (Sacramento ; ১,৩৭,৫৭২) ; লস এন্‌জেলেস (১৯,৭০,৩৫৮) সর্ববৃহৎ নগর ; সান-পেড্রো সর্ববৃহৎ বন্দর।

**কালিম্পং** (Kalimpong) : দারজিলিং জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র আ. ৪০৮ ব মা। জন. ৯৩,৪৪১। ঘনতা ২২৯। —থানার আ ২৩৫ ব মা ; জন. ৭৬, ৪৬৩। ঘ. ৩২৫। পার্বত্য উপত্যকা ও পার্বত্য মালভূমময় দেশ। —শহর ৩,৯৩৩ ফুট উচ্চে অবস্থিত। দারজিলিঙের ১৩ মা পূর্বে তিস্তার তীরে উপত্যকায় অবস্থিত। দা. হইতে মোটর পথ আছে।···শিলিগুড়ি-গিয়েল খোলা ছোট রেলপথের গি স্টেশন হইতে ৯½ মা মোটর পথ। এই রেলপথ এখন অচল ও প্রায় পরিত্যাক্ত। তিব্বতের সহিত বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র। নভেম্বর মাসে বড় মেলা হয় ; সেই সময়ে নেপাল, সিকিম, ভুটান, তিব্বত হইতে বহু ব্যবসায়ী আসে। ···রাজনৈতিক দিক হইতে স্থানটির গুরুত্ব ক্রমেই বাড়িতেছে।···সরকারী সিংকোনা বাগান ৬ মা দূরে। ···এখানকার খ্রীষ্টান অনাথ আশ্রম বিখ্যাত ; গ্রেহাম নামে এক সাহেব ইহার প্রতিষ্ঠাতা বলিয়া ইহাকে Graham's Home বলা হয়। বহুবিধ কারুশিল্প আশ্রমিকদের শেখানো হয়।···শহরের জন. ১৬,৬৭৭। বৃষ্টিপাত ৮৬"। জানুয়ারিতে তাপ ৫১°। বারিপাত ও শৈত্য দারজিলিং হইতে কম। বিজলি (Hydel) ; ফোন। ব্যাংক : সেন্ট্রাল ও সমবায়। ···স্কটিশ ইউনি-ভার্সিটিজ ইন্টার কলেজ (১৮৮৬)।

**কালিয়া** (Kaliya) : যশোহর জেলার নড়াইল মহ.র গ্রাম ; এককালে এখানকার বৈদ্যবংশীয়রা বিখ্যাত ছিল। খুলনা-বোয়ালমারি অথবা খুলনা-মাদারীপুর স্টীমার পথে খুলনা হইতে ১৮ মা উত্তরে অবস্থিত। কথিত আছে মগ ও বর্মীদের অত্যাচার হইতে রক্ষা পাইবার জন্য দুর্গম জলাভূমির মধ্যে গ্রামটি স্থাপিত হয়। —গ্রামে ডাকঘর, রেজি. অপিস (১৮৭৪), স্কুল আছে।

**কালিয়াকৈর** (Kaliakoir) : ঢাকা জেলার সদর মহ.র থানা। আ. ১১৭ ব মা। জয়দেবপুর হইতে পূর্বদিকে সড়কের উপর গ্রাম।

**কালিয়াগঞ্জ** (Kaliaganj) : প. দিনাজপুর জে.র রায়গঞ্জ মহ.র থানা। আ. ১২০ ব মা ; জন. ৬৭,৩৬৬ ; ঘ. ৫৬০। এই থানার পূর্ব সীমান্তে পূ.-পাকিস্তানের দিনাজপুর। কাটিহার-রাধিকাপুর রেলপথের স্টেশন (৫০ মা)। এখান হইতে বালুরঘাট ৬০ মা। ১৯৪৭ হইতে দ্রুত উন্নতি হইতেছে।

**কালিয়াচক** (Kaliachak) : মালদহ জেলার থানা ; আ. ২০৭ ব মা। জন. ২,২৬,১৮৪ ; ঘনতা ১,০৯২। এত ঘনতা আর কোনো থানায় দেখা যায় না। এই থানায় মুর্শিদাবাদ জেলার শেরশাবাদিয়া মুসলমান-দিগের প্রধান উপনিবেশ। ···ফরাক্কার নিকট গঙ্গা পার হইয়া যে পথ মালদহের দিকে গিয়াছে কালিয়াচক সেই স্থানে অবস্থিত। জন. ৭৭৪ ; গ্রামে ডাকঘর পাঠশালা ডিস্‌পেন্‌সারি আছে।

**কালীগঞ্জ** (Kaliganj) : নদীয়া ; কৃষ্ণনগর সদর মহ.র থানা। আ. ১২৪ ব মা ; জন ৭৭,৩০৫। ঘ. ৬২৩। পশ্চিমে ভাগীরথী। পলাসী এই থানার অন্তর্গত। রানাঘাট-লালগোলা ঘাট রেলপথ এই এলাকার মধ্য দিয়া গিয়াছে। জন. ২,৭১৩। স্কুল, ডাকঘর।

**কালীগঞ্জ** (Kaliganj) : যশোহর জে.র ঝিনাইদহ মহ.র থানা। ডাকঘর ও রেজি. অপিস (১৮৭৪)। যশোহর-ঝিনাদহ সড়কের ধারে গ্রাম অবস্থিত।

**কালীগঞ্জ** (Kaliaganj) : রঙপুর জে.র সদর মহ.র থানা ; আ. ১৬১ ব মা। লালমনিরহাট-পাটগ্রাম রেলপথের ভুষভাণ্ডার স্টেশনের (১৭ মা) নিকট, তিস্তা তীরে অবস্থিত গ্রাম।

**কালীগঞ্জ** (Kaliganj) : ঢাকা জে.র সদর মহ.র থানা। আ. ১০৭ ব মা। গ্রাম লাক্ষা নদীতীরে ; ঢাকা-টংগি-ভৈরববাজার রেলপথের দক্ষিণে।

**কালীগঞ্জ** (Kaliganj) : খুলনা জে.র সাতক্ষীরা মহ.র থানা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৭৪)। পাক-সীমান্ত থানা। আ. ১২৭ ব মা। এই অঞ্চলে রিজার্ভ বন আছে। গ্রাম কালিন্দী নদীতীরে।

**কালীঘাট** (Kalighat) : কলিকাতা কর্পোরেশনের

অংশ। হিন্দুদের তীর্থ। ৫১ পীঠের অন্যতম। দেবীর দক্ষিণ চরণের ৪টি আঙুল পড়িয়াছিল বলিয়া কিংবদন্তী। দেবী কালিকা, ভৈরব নকুলেশ্বর। মন্দিরটি স্থানীয় হালদার গোষ্ঠীর দেবত্রসম্পত্তি। কালীঘাট হইতে কলিকাতা নাম হইয়াছে বলিয়া কেহ কেহ মনে করেন। ইহা কলিকাতা কর্পোরেশনের ২৩ নং ওয়ার্ড ; আ. ১৯৫ একর। গৃহসংখ্যা ৯,৭৪৯ ; জনসংখ্যা ৫৪,০৯৮। পু. ৩১,৮৪১ ; নারী ২২,২৫৭। ঘনতা ২৭৭ প্রতি একরে।

**কালীঘাট-ফলতা রেলওয়ে** ( Kalighat-Falta Railway ) : ম্যাকলিওড কোম্পানি পরিচালিত রেলপথ ; দৈর্ঘ্য ২৬ মা। গেজ ২'-৬"।

**কালীমাটি** ( Kalimati ) : জামসেদপুর স্টেশনের পুরাতন নাম। কালীমাটির ২ মা দূরে সাকচি গ্রামে টাটাদের লৌহ-ইস্পাত কারখানা।

**কালুখালি** ( Kalukhali ) : পূ. পাকিস্তান ; ফরিদপুর জেলার গোয়ালন্দ (রাজবাড়ি) মহকুমার গ্রাম। ঈ. বি. রেলপথের জংশন ; কলিকাতা হইতে ১৩৩ মা। গোয়ালন্দ ২০ মা পূর্বে। ... এখান হইতে একটি রেলশাখা মধুখালি ও ভুষনা হইয়া ভাটিয়াপাড়া ঘাট পর্যন্ত ( ৪২ মা ) গিয়াছে। এখানে মধুমতী নদী পার হইয়া নড়াইল দিয়া যশোহর শহরে আসা যায়।

**কালে, ক্যালিস** (Calais) : ফ্রান্সের উত্তরে ডোভার (Dover) প্রণালীর তীরে ফরাসী বন্দর ; প্রণালী ২১ মা প্রস্থ। অপর পারে ডোভার (দ্র.)। ইংলন্ড ও ফ্রান্সের ইতিহাসে এই স্থান প্রসিদ্ধ। ১৩৪৭-১৫৫৮ ইংরেজের অধীন ছিল। রানী মেরির সময় ( ১৫৫৩-৫৮ ) ফ্রান্স উহা কাড়িয়া লয়। জন. ৫০,০৪৮ ( '৪৮ )

**কালোল** (Kalol) : বোম্বাই ; মেহসানা জে.র তালুক ও শহর। অহমদাবাদ-দিল্লী মি. রেলপথের স্টে. ( ১৬ মা ) ; জন. ২২,৪৩২। এখানে কয়েকটি কাপড়ের কল ও হাড়গুড়ার কল আছে। বড়োদা ও ৩টি স্থানীয় ব্যাংক আছে।

**কাশগড়** (Kashgar), **খসরগড়** : চীন ; সিং-কিয়াঙ রাজ্যের প্রধান শহর ; বর্তমান নাম শু-ফু (Shu-fu)। পামীর হইতে নির্গত এক নদীর তীরে শহর অবস্থিত। প্রাচীন-কাল হইতে পারস্য, ভারত, চীন, তিব্বত ও মধ্য এশিয়ার শিল্প এবং বাণিজ্য কেন্দ্রগুলির সহিত যুক্ত; চীন হইতে রেশম রপ্তানির পথের ধারে মরুস্থানে এই নগর সমৃদ্ধ হইয়া উঠে। ইসলাম বিজয়ের পূর্বে কাশগড় বৌদ্ধ ও হিন্দু সভ্যতা ও সংস্কৃতির কেন্দ্র ছিল। ৭ম শতকে লোকে সর্বাস্তিবাদি বৌদ্ধ ছিল। ... ৮ শতকে আরবদের দ্বারা এই দেশ অধিকৃত হয় ; সমস্ত লোক মুসলমান হইয়া যায়। ১৭৫৮ অব্দে চীনারা এই নগর ও এতদঞ্চল অধিকার করে। মুসলমানদের অধীনতা যুগে নগরের চরম দুর্গতি হয় ; চীনাদের হাতেও যে লোকের উন্নতি হইয়াছিল, তাহাও নহে। কিন্তু নূতন চীনের শাসন ব্যবস্থায় বহু পরিবর্তন লক্ষিত হইতেছে। জন. ৪০,১১০ ; ইহার মধ্যে মধ্য এশিয়াবাসী, চীন-বাসী ছাড়া ভারতীয় হিন্দু ও মুসলমান ব্যবসায়ীরা বাস করে।

**কাশিয়ানী** (Kasiani) : ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহ.র থানা ; আ. ১০৮ ব মা। কালুখালি-ভাটিয়াপাড়া ঘাট রেলওয়ে শাখার ( ৪৪ মা ) উন-শেষ স্টেশন। কলিকাতা হইতে ১৮০ মা।

**কাশী, বারানসী, বনারস** (Banaras, Benares) : প্রাচীন আর্যদের যুগ হইতে কাশী জ্ঞান ও বিদ্যার কেন্দ্র। বুদ্ধদেব এইখানে গিয়া ধর্ম প্রচার করেন। সেই স্থানটির নাম ছিল মৃগদাব বা সারনাথ ( দ্র. )। বহুশত বৎসর এইস্থান বৌদ্ধ সংস্কৃতির কেন্দ্র ছিল। বৌদ্ধদের অধঃপতনের পর হিন্দুদের তীর্থ ও বিদ্যার কেন্দ্র হয়। অসংখ্য মন্দির ঘাট গত দুই সহস্র বৎসরের মধ্যে নির্মিত হইয়াছে। মুসলমান সুলতানরা কয়েকবার বহুশত মন্দির ধ্বংস করেন ; অউরঙ্গজেব বিশ্বনাথের মন্দির দখল করিয়া মসজিদ করেন। এখন যাহাকে 'বেণীমাধবের ধ্বজা' বলা হয়, তাহা মসজিদের মিনার। কাশীর অর্ধচন্দ্রাকার গঙ্গাতীরে সারি সারি বাঁধানো ঘাটের সৌন্দর্য অতুলনীয় ; অধিকাংশ ঘাটই রাজা বা ধনী বণিকের অর্থে নির্মিত। বিখ্যাত ঘাট—দশাশ্বমেধ ; মণিকর্নিকা বিখ্যাত পুণ্য শ্মশান। ত্রৈলঙ্গ স্বামী, ভাস্বরানন্দ প্রভৃতি বহু সাধক এখানে সাধনা

করিয়াছেন। নানা দেশের নানা বিষয়ের অসাধারণ পণ্ডিত এখানে আছেন। ইংরেজরা ১৭৯১-এ সংস্কৃত কলেজ স্থাপন করেন। এছাড়া অগণিত চতুষ্পাঠী আছে। দানসত্রে ছাত্ররা বিনাব্যয়ে আহার পাইত। বহু রাজা-মহারাজার অন্নসত্র ছিল। কাশীর অন্নপূর্ণা মন্দির ও বিশ্বনাথের মন্দির বিখ্যাত। বর্তমান কাশীতে ১৮৯৮-এ থিওজফিস্টরা সেনট্রাল হিন্দু কলেজ স্থাপন করেন। ১৯১৫-এ হিন্দু বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।

কাশীর কাঁসা-পিতলের বাসন, রেশমের, কিংখাবের সূচিকর্ম প্রসিদ্ধ। কারিগররা অধিকাংশই মুসলমান (দ্র. বারানসী)

**কাশী করদরাজ্য** (Kasi State): ১৮ শতকে মুঘল শক্তি হীনপ্রভ হইয়া পড়িলে বনারস জেলার অন্তর্গত গঙ্গাপুরের জমিদার মানসারাম বাদশাহ মোহম্মদ শাহর নিকট হইতে তাঁহার পুত্র বলবন্ত সিংহের জন্য সনন্দ গ্রহণ করিয়া কাশীরাজ্য প্রাপ্ত হন। বলবন্তর শাসনকালে অযোধ্যার নবাব সফদরজঙ্গ ও সুজাউদ্দীন বহুবার ইহার রাজ্য নিজ সীমানাভুক্ত করিতে চেষ্টা করেন; সেই সময়ে কাশী শহরের দ.-পূ.-এ গঙ্গাতীরে রামনগরের দুর্গ নির্মিত হয়। ১৭৭০-এ রাজা বলবন্ত সিংহের মৃত্যু হয় ও তাঁহার পুত্র চৈত সিংহ (দ্র.) রাজা হন। ওয়ারেন হেস্‌টিংসের সহিত চৈত সিংহের বিবাদ হয়; হেস্‌টিংস চৈতসিংহকে বিতাড়িত করিয়া তাঁহার ভাগ্নেয় মহীপনারায়ণ সিংহকে রাজা করেন। ইহার ফলে রাজ্যে কিছুকাল শাসন-বিশৃঙ্খলা চলে; অতঃপর ইংরেজরা কাশীর রাজাকে সামান্য জমিদার পদে বরখাস্ত করিয়া দেশ শাসন করিতে থাকে। ...১৯১১-এ কাশী করদরাজ্য বলিয়া ঘোষিত হয় এবং ১৯১৮-এ রামনগর প্রভৃতি স্থান কাশীরাজ্যের অন্তর্গত করা হয়। রাজক্ষমতা খুবই সঙ্কুচিত। কাশীরাজকে লোকে কাশীনরেশ বলিত। আ. ৮৬৬ ব মা; জন. ৪,৫১,৪২৩। রাজস্ব ১৮ লক্ষ টাকা। রাজধানী রামনগর। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ৩ লক্ষ টা. ভাতা পান। ...বর্তমানে বানারস জেলার অন্তর্গত।

**কাশী রাজ্য** (Kashi Kingdom): প্রাচীন ভারতে গঙ্গাতীরস্থ রাজ্য। মিথিলার রাজা কুশধ্বজ জনকের সমসাময়িক কাশীশ্বর অজাতশত্রুর সভা ব্রহ্মবিদ্যার আলোচনা কেন্দ্র হয়। বৌদ্ধ পালি-জাতকে কাশীর কথা বহু আছে; এখানকার রাজারা ব্রহ্মদত্তবংশীয়। কালে কাশী কোশলের অন্তর্ভুক্ত হয় এবং আরও পরে উভয়ে উত্তর ভারতের অন্যান্য অংশের সহিত মগধ-সাম্রাজ্যের অন্তর্গত হয়। কাশী রাজ্য হিসাবে কখনো ইতিহাসে খ্যাত হয় নাই; তবে কখনো কখনো কোনো রাজার রাজধানী হইয়াছিল, যেমন কালচুরি রাজ কর্ণদেবের রাজধানী (১০ শতক)। বহু পরিবর্তনের পর জয়চন্দ্র এই অঞ্চলের সম্রাট হন। ইহার পর ভারতে মুসলমান ইতিহাসের সহিত ইহা অভিন্নভাবে যুক্ত। মুঘল শক্তির অবসানে অযোধ্যার নবাব ইহার মালিক হন এবং তাঁহার নিকট হইতে ১৭৭৫-এ ওয়ারেন হেস্‌টিংসের সময়ে ইহা ইংরেজদের অধিকারে আসে। (দ্র. কাশী করদরাজ্য)।

**কাশীপুর** (Cossipur): কলিকাতার উপকণ্ঠস্থ শহর; কর্পোরেশনের ৩২ নং ওয়ার্ড। আয়তন ৭৮৫ একর। জন. ৬৯,১৫২। পু. ৪৪,৯৫৭; নারী ২৪,১৯৫। একর প্রতি ঘনতা ৮৮।

**কাশীপুর** (Kashipur): উত্তর প্রদেশ; নৈনীতাল জেলার তালুক ও শহর। মুরাদাবাদ জং হইতে উত্তরদিকে রামনগর রেলপথের মধ্যে জং স্টেশন (৩১ মা); এখান হইতে একটি শাখা রেল লালকুয়ায় (Lalkua) বরেলী-কাঠগোদাম লাইনে মিশিয়াছে। জন. ১৬,৯৫৭। স্টেট, প. ন্যাশ.; বরেলী, নৈনীতাল ব্যাংক।

**কাশ্মীর, জম্মু ও কাশ্মীর** (Jammu and Kashmir): ভারতের উত্তরতম রাজ্য ('খ' শ্রেণীর)। আ. ৯২,৭৮০ ব মা; জন. ৪৪,১০,০০০ ('৫০)। উত্তরে ও উ.-পূর্বে সোবিয়েত ইউনিয়ন, সিংকিয়াং, তিব্বত; দক্ষিণ-পশ্চিম ও পশ্চিমে পাকিস্তান। দ.-পূর্বে ভারত। দেশ পার্বত্য। তিন প্রদেশে বিভক্ত: জম্মু, কাশ্মীর ও সীমান্ত। ভৌগোলিক দিক হইতে ৩ ভাগে বিভক্ত। (ক) উত্তরের লাদাক ও গিলগিট জেলা; (খ) মধ্যের উপত্যকা অঞ্চল; (গ) দক্ষিণের জম্মু। উত্তরাংশ বরফে

প্রায় ৬ মাস ঢাকা থাকে। সিন্ধুনদ পার্বত্য অঞ্চল হইতে ১০ হাজার ফুট নামিয়া আসিতেছে বলিয়া নদী অত্যন্ত খরস্রোতা। অন্যান্য নদী চন্দ্রভাগা, ঝিলাম। রাজধানী শ্রীনগর ঝিলাম নদীতীরে। দেশের উচ্চতা অধিক বলিয়া জলবায়ু শীতল। পিরপনজল, জানস্কর, লাডাক ও কারাকোরাম পর্বত ও গডউইন-অস্টেন, নাঙ্গা-গিরি-শৃঙ্গ এই দেশে অবস্থিত। উপত্যকা অঞ্চলে প্রচুর ধান, গম, যব, ভুট্টা, তৈল-বীজ, তুলা, তামাক প্রভৃতি উৎপন্ন হয়। ১১,০৫৮ ব মা ব্যাপী রক্ষিত অরণ্য আছে। কাশ্মীরের পশম ও রেশম শিল্প বিখ্যাত। ১৫ শতকে খুরাশান (মধ্য এশিয়া) হইতে আগত তাঁতিরা এই শিল্পের প্রবর্তক। শাল, খোদাই-করা কাঠের সামগ্রী ও কাগজ-মণ্ডজাত (Papier mache) দ্রব্যাদি প্রস্তুত হয়। শিল্পজাত দ্রব্য বিক্রয়ের জন্য নগরে নগরে এম্পোরিয়া স্থাপিত হইয়াছে। ······পৃথিবীর সুন্দরতম স্থানের মধ্যে কাশ্মীরকে ধরা হয়। প্রতি বৎসর বহু পর্যটক যায়। শ্রীনগরের ঝিলাম নদীতে নৌকায় বহু লোক বাস করে। পাঠানকোট হইতে নব নির্মিত মোটরপথ জম্মু পর্যন্ত গিয়াছে (৬৫ মা)। শ্রীনগর-জম্মু সড়ক ২০৩ মা দীর্ঘ। পাঠানকোট ভারতের শেষ রেলস্টেশন। পূর্বে শিয়ালকোট হইতে জম্মু পর্যন্ত রেল ছিল।

কাশ্মীরের ইতিহাসকে ৫ পর্বে ভাগ করা যায়। (১) হিন্দু পর্ব ১৪ শতক পর্যন্ত, (২) স্বাধীন মুসলমান পর্ব ১৩৩৪-১৫৮৬, (৩) মুঘল পর্ব ১৫৮৬-১৭৫৬, (৪) ব্রিটিশ পর্ব ১৭৫৬-১৯৪৭, (৫) বর্তমান পর্ব। হিন্দু পর্বের ইতিহাসের উপাদান কল্হনের (দ্র.) 'রাজতরঙ্গিনী'। কাশ্মীর এই পর্বে বৌদ্ধপ্রধান ছিল। তিব্বতে বহু পণ্ডিত গিয়া বৌদ্ধ গ্রন্থ তিব্বতী ভাষায় অনুবাদে সহায়তা করেন। শৈব অদ্বৈতবাদেরও কেন্দ্র ছিল। এই বিষয়ে বহু সংস্কৃত গ্রন্থ লিখিত হয়। ৭ শতকের ককেটি বা নাগ বংশের ১৩ জন রাজা ৮৫৩ পর্যন্ত রাজত্ব করেন। তৎপরে উৎপল রাজ বংশ। এই বংশ পরে মুসলমান হয়। মুসলমান পর্বে প্রথম শাসক শামস শাহজী এবং শেষ শাসক য়ুসুফ শাহ। মুঘল পর্ব : ১৫৮৬ অকবর কাশ্মীর জয় করেন। মুঘল সাম্রাজ্যের পতনের সময় ১৭৫৬, আহম্মদ শাহ্ দুরানি কর্তৃক ইহা অধিকৃত হয়। ১৮১৯-এ শিখরাজা রণজিৎ সিংহ অধিকার করেন ও গুলাব সিংহ নামক এক ডোগরা রাজপুত সেনাপতিকে তথাকার শাসক করিয়া দেন। শিখদের সহিত ইংরেজদের প্রথম যুদ্ধের (সোবরাঁও, ১৮৪৬) পর অমৃতসরের সন্ধির ফলে গুলাব সিংহ কাশ্মীর ক্রয় করিয়া লন এবং তাঁহার বংশধরগণকে এই প্রদেশের রাজা বলিয়া ব্রিটিশরা স্বীকার করিয়া লইল। এই সময় হইতেই সত্যকার ব্রিটিশ আধিপত্যের সূত্রপাত। গুলাব সিংহের প্রপৌত্র হরি সিংহ (১৯২৫-৫১)। ...ন্যাশনাল কন্ফারেন্সের আন্দোলনের ফলে ইনি রাজত্ব ত্যাগ করিতে বাধ্য হন ও তাঁহার পুত্র করণ সিংহ রাজা হন। ১৯৫২, ১৭ নভেম্বর কাশ্মীর স্বতন্ত্র রিপাব্লিক ঘোষিত হয় ও করণ সিংহ রাজপ্রমুখ বা সদর-ই-রিয়াসৎ হন।

কাশ্মীরের অধিবাসীদের অধিকাংশই মুসলমান, হিন্দু মাত্র ৯ লক্ষ; রাজা হিন্দু। দেশ শিক্ষা-দীক্ষায় অত্যন্ত পশ্চাদপদ ছিল। ২য় মহাযুদ্ধের পর হইতে দেশমধ্যে স্বরাজলাভের ও বিশেষভাবে রাজবংশকে তাড়াইয়া গণতন্ত্রমূলক শাসন ব্যবস্থা প্রবর্তনের আন্দোলন দেখা দেয়। সরকারের দমননীতি ব্যর্থ হয়। ন্যাশনাল নেতা সেখ আবদুল্লা কাজ-চলা সরকার স্থাপন করেন। ১৯৪৭-এ ভারত স্বাধীন হইলে কাশ্মীররাজ ভারতের অন্তর্ভুক্ত হইবার ইচ্ছা প্রকাশ করিলে পশ্চিম হইতে মুসলমানরা পাকিস্তানের নেতৃত্বে কাশ্মীর আক্রমণ করে। তখন কাশ্মীর ভারতভুক্ত (merger) হয়। কাশ্মীর ভারতের শরণাপন্ন হইলে এখান হইতে সৈন্য প্রেরিত হয়। এই বিরোধ মিটাইবার জন্য ১৯৪৭ ডিসেম্বরে বিষয়টি রাষ্ট্রসংঘের নিরাপত্তা-পরিষদের নিকট ভারত পেশ করেন। তাহাদের অনুরোধে উভয় রাষ্ট্রই যুদ্ধ-বিরতি ঘোষণা করে ('৪৯) ও স্থির হয় উপযুক্ত পরিবেশ সৃষ্ট হইলে জনমত দ্বারা রাজ্যের ভবিষ্যৎ স্থির হইবে। সেই হইতে রাষ্ট্রসংঘ বহু সভায় কাশ্মীর-সমস্যা লইয়া আলোচনা করিয়া কোন সন্তোষজনক মীমাংসা

করিতে পারে নাই। ইতিমধ্যে কাশ্মীর কন্‌স্টিটুএনট্ এসেম্ব্‌লি আহ্বান করিয়া সংবিধান প্রস্তুত করে। এই স্বাধীনতা আন্দোলনের নেতা ছিলেন সেখ আবহুল্লা। তিনি ক্ষমতা লাভ করিয়া ভিতরে ভিতরে ভারত হইতে স্বতন্ত্র হইবার ষড়যন্ত্র করিতেছিলেন। এই সন্দেহে ভারতের রাষ্ট্রপতির সহিত পরামর্শ করিয়া সদর-ই-রিয়াসৎ করণ সিংহ আবহুল্লাকে প্রধানমন্ত্রিত্ব হইতে অপসারিত ও বন্দী করেন। তাঁহার স্থানে গোলাম বক্সী প্রধানমন্ত্রী হইয়াছেন। ১৯৫৪-এ পাকিস্তান মার্কিন যুক্তরাষ্ট্রের নিকট মিলিটারির সহায়তা লইবার জন্য চুক্তিবদ্ধ হইলে কাশ্মীর জনমত দ্বারা ভবিষ্যৎ নিয়ন্ত্রণের যে প্রতিশ্রুতি রাষ্ট্রসংঘের নিকট দিয়াছিল তাহা পালন করা অসম্ভব বলিয়া ঘোষণা করিয়াছে। এখন কাশ্মীর ভারতের অন্তর্গত স্টেট। কতকগুলি বিশেষ বিষয়ে কাশ্মীরের আত্ম-কর্তৃত্ব আছে।

বর্তমানে শিল্পোন্নতির ব্যবস্থা হইতেছে। শিক্ষা সর্বস্তরে অবৈতনিক ও প্রাথমিক শিক্ষা আবশ্যিক হইয়াছে। শ্রীনগরে ১৯৪৯-এ কাশ্মীর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে। নূতন কাশ্মীরী লিপি উদ্‌ভাবিত হইয়া পুস্তক লিখিত হইতেছে। কাশ্মীরী ভাষা প্রাচীন পৈশাচী প্রাকৃতের অপভ্রংশ। রাজধানী শ্রীনগর; শীতকালীন রাজধানী জম্মু।

**কাস্‌কেড** (Cascade range): উ. আমেরিকার পশ্চিম দিকস্থ পর্বতমালা; উ.-দক্ষিণে প্রসারিত, প্রশান্ত মহাসাগর হইতে ১১০-১৬০ মা দূরে। ইহা আগ্নেয় পর্বত ছিল; লাভা ও আগ্নেয় শিলা গঠিত মালভূমির মধ্য দিয়া নদীগুলি প্রবাহিত। উহার খদ কোনো কোনো স্থানে ৪০০০ ফুট গভীর। পর্বত গভীর অরণ্যময়। ওয়াশিংটন স্টেটে উচ্চতম গিরিশৃঙ্গ রেইনার বা টাকোমা (১৪,৪০৮)। আরও কয়েকটি উচ্চ গিরিশৃঙ্গ আছে। সিয়াটেল হইতে রেলপথের ৮ মা সুড়ঙ্গ এই পর্বত ভেদ করিয়াছে।

**কাসগঞ্জ** (Kasganj): উত্তর প্রদেশ; এটা জেলার মহকুমা, তালুক ও সদর শহর। ব্যবসায়ের কেন্দ্র হাতরাস-বরেলী লাইনের জংশন। এখান হইতে কানপুর (১১৫ মা) পৃথক রেল শাখা। জন. ৩১,৫৫৫। সেনট্রাল, স্টেট ও প. ন্যাশনাল ব্যাংক।

**কাঁসাই নদী** (Kansai), **কংসাবতী**: পশ্চিম বঙ্গের নদী। ছোটনাগপুর পাহাড়ে উঠিয়া বাঁকুড়ার রানী-বাঁধ ও রায়পুর থানা অতিক্রম করিয়া মেদিনীপুর জেলায় প্রবেশ করিয়াছে। অত্যন্ত বাঁকাচোরা পথে মেদিনীপুর শহর বেড়িয়া ইহা দুই শাখায় ভাগ হইয়া গিয়াছে; দ.-এর শাখা কালিঘাই-নদীর সহিত মিলিত হইবার পর হলদি নামে প্রবাহিত হইয়া ভাগীরথীতে পড়িয়াছে। ...কাঁসাই নদী বাঁধিয়া জলসেচনের ব্যবস্থা হইতেছে।

**কাসাব্লাংকা** (Casablanca): ফরাসী মরোক্কোর বন্দর; অতলান্তিক মহাসাগর তীরে অবস্থিত। মধ্য মরোক্কোর আমদানি-রপ্তানি বাণিজ্যের বিশিষ্ট স্থান; নানা স্থান হইতে আকাশপথে যুক্ত। ১৫ শতকে পোর্তুগীজদের দ্বারা স্থাপিত। ১৯০৭ হইতে ফরাসীদের অধীন। ২য় মহাযুদ্ধের শেষ দিকে ১৯৪২, নভেম্বর মাসে মিত্রশক্তি এখানে অবতরণ করে। ১৯৪৩, জানুয়ারি ১৭-২৪ এখানে মিত্রশক্তির সম্মেলন হয়। মার্কিনী সভাপতি রুজভেল্ট, ব্রিটিশ প্রধান মন্ত্রী চার্চিল ও ফরাসিদের জিরদ (Giraud) ও দ গ্যলে (Charles de Gaulle) উপস্থিত হইয়া স্থির করেন যে জারমানদের পক্ষ হইতে সর্তবিহীনভাবে আত্মসমর্পন না করিলে যুদ্ধ বিরতি হইবে না। এই সিদ্ধান্তের পর জে. আইসেনহাওয়ার উ. আফ্রিকার সৈন্যভার গ্রহণ করিলেন। ...জন. ৫·৫২ লক্ষ।

**কাসিমবাজার** (Kashimbazar): মুর্শিদাবাদ জেলার গঙ্গাতীরের গ্রাম। ১৮ শতকের মধ্যভাগে মুর্শি. যখন নবাবদের রাজধানী, তখন ইংরেজরা এখানে কুঠি নির্মাণ করে। ইহা ছিল রেশম বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র। সপ্তগ্রাম বন্দর নষ্ট হইয়া যাইবার পর ইহার অভ্যুদয় হয়। এইখানে হেস্‌টিংসের অনুগ্রহভাজন কান্ত মুদি (দ্র.) কালে ধনী হইয়া উঠেন এবং তাঁহার বংশধরগণ কাশিমবাজারের 'রাজা' নামে খ্যাত হন। রানী স্বর্ণময়ী এই পরিবারের; মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী ও তাঁহার পুত্র শ্রীশচন্দ্র নন্দী

এখানকার দানবীর জমিদার রূপে বাংলাদেশে সুপরিচিত। রেলপথে কলিকাতা ১১৮ মা। ...জন. ৩,৬৫৫।

**কাসিয়া** ( Kasia ) : প্রাচীন কুশীনগর বলিয়া অনুমিত। উত্তর প্রদেশের গোরখপুর জে.র মহকুমা ও শহর। গোরখপুর হইতে ৩৪ মা পূর্বে ও দেওরিয়া হইতে উত্তর-পূর্বে ২১ মা।

**কাসুর** ( Kasur ) : পাক পঞ্জাব; লাহোর জেলার তহশীল ও শহর। অমৃতসর জেলার দক্ষিণে পাক সীমান্তে অবস্থিত; অমৃতসর হইতে রেলপথে ৫৪ মা। লাহোরের ৩২ মা দ.-পূর্বে। এখানে লাহোরের অস্ট্রেলেশিয়া ব্যাংক; হবীব ব্যাংক আছে। ... ১৯১৯-এ রৌলট বিল বিরোধী আন্দোলনের সময় এই শহরে পঞ্জাবীদের উপর ব্রিটিশরা অকথিত অত্যাচার করে। ...জন. ৫৩ হা।

**কাস্টীল** ( Castil ) : স্পেনীশ-কাসতিল্যা। স্পেনের প্রদেশ; এককালে স্বাধীন রাজ্য ছিল। এই বংশের ইসাবেলা (১৪৬৯) আরাগনের রাজকুমার ফার্দিনান্দকে বিবাহ করিলে স্পেন একরাজ্য হয়। আ. ১৯,২৪৫ ব মা। জন. ১৩'৬৩ লক্ষ। ইহার দক্ষিণে নূতন কা. প্রদেশ। মাদ্রিদ প্রভৃতি উহার অন্তর্গত।

**কাস্পিয়ান হ্রদ** ( Caspian Sea ) : মধ্য এশিয়া ও ইউরোপের মধ্যে বৃহত্তম লোনা হ্রদ। দক্ষিণে ইরান, অন্যদিকে সোবিয়েত রাষ্ট্রসমূহ। পূর্বে ইহা আরল হ্রদ ও সমুদ্রের অংশ ছিল, ক্রমে উহা ভরাট হইয়া গিয়া হ্রদে পরিণত হইয়াছে। ইহা ৭৫০ মা দীর্ঘ; ১২৫-৩০০ মা প্রস্থ। আ. ১'৭৫ লক্ষ ব মা। সমুদ্রতল হইতে ৮৬ ফুট নিম্নে। উত্তরাংশ অগভীর; ১০ মা দূরেও গভীরতা মাত্র ১৪ ফুট। দক্ষিণাংশ ৩,০১১ ফুট গভীর। জলে সীলমাছ পাওয়া যায়; অন্যান্য মাছও প্রচুর। এই হ্রদে নৌচলাচল বিপদজনক, কারণ মাঝে মাঝে ভীষণ ঝড় হয়। উরাল, ভল্‌গা প্রভৃতি নদী এই হ্রদে পড়িতেছে; ভল্‌গা নদী ও সোবিয়েতের খালসমূহ দিয়া বাল্‌টিক ও উত্তরে শ্বেত-সাগর পর্যন্ত যাওয়া যায়। দ্বিতীয় মহাযুদ্ধের সময় পারস্য উপসাগর হইতে কাস্পিয়ান তীরস্থিত বন্দর পর্যন্ত রেলপথ খোলা হয়। সোবিয়েত এলাকার মধ্যে ক্রাসনবোদস্ক হইতে রেলপথ মস্কৌ পর্যন্ত গিয়াছে। এই হ্রদের অন্যান্য বন্দর আস্ত্রাখান, বাকু, মাখচাকলা।

**কাহালু** ( Kahaloo ) : পূ. পাক; বগুড়া জে.র থানা; আ. ১০০ ব মা; বাজার ও ডাকঘর। শান্তাহার-লালমনিরহাট রেলওয়ের স্টেশন ( ১৬ মা )। নিকটস্থ গ্রাম লক্ষ্মীচাপড়া বিখ্যাত নৈয়ায়িক গদাধর ভট্টাচার্যের ( ১৭ শতক ) জন্মস্থান।

**কিআও-চৌ** ( Kiaochow ) : চীনের শানটুঙ প্রদেশের অন্তর্গত ভূভাগ; ১৮৯৭-এ জারমানরা জোর করিয়া এই অঞ্চল দখল করে ও পর বৎসর তাহাদিগকে ইজারা দিতে চীনকে বাধ্য করে। ১ম মহাযুদ্ধের সময় জাপান ব্রিটিশদের সহায়তায় এই স্থান জারমানদের নিকট হইতে জয় করে; ১৯২২-এ চীনকে ফিরাইয়া দিতে হয়। ( দ্র. শানটুঙ )।

**কিআঙ-সি** ( Kiang-Si ) : চীনের প্রদেশ; আ. ৬৫ হা ব মা; আনু. জন. ১'২৭ কোটি ( '৫২ )। রাজধানী নান্-চাঙ। দেশ পার্বত্য। বনে মূল্যবান কাঠ আছে। বিশাল পো-ইয়াং হ্রদ। কৃষিজাত উৎপন্নদ্রব্য : গম, রেশম, তুলা, চা, তামাক। ইয়াং-সি নদীর তীরস্থ কিউ-কিয়াঙ বৃহৎ শহর ও বন্দর। পূর্বে উহা Treaty Port ছিল।

**কিআঙসু** (Kiang-Su) : চীনের পূর্বে পীত সমুদ্রকূলস্থিত প্রদেশ। আ. ৩৮,৬০০ ব মা; জন. ৩'৬০ কোটি ( '৫২ )। বহু হ্রদপূর্ণ সমতলভূমির দেশ, ইয়াং-সি নদী-ধৌত। চীনের বৃহত্তম খাল প্রদেশ-মধ্য দিয়া গিয়াছে। রাজধানী নানকিঙ ( দ্র. )। বন্দর পূর্বে শাংহাই ( দ্র. ); সু-চৌ শহর সাহিত্যের কেন্দ্র। চিন-কিয়াং নামে বন্দর পূর্বে Treaty port ছিল।

**কিউ** (Kew) : ইংলন্ডের সারে জেলার গ্রাম; টেমস্ নদী-তীরে; ১৭৬০-এ এখানে রাজকীয় উদ্ভিদ উদ্যান স্থাপিত হয় ( ২৮৮ একর )। এখানকার বাগানে পৃথিবীর নানাস্থান হইতে বৃক্ষাদি আনিয়া রাখা হইয়াছে। ১৮৪০ হইতে উদ্যান সর্বসাধারণের দেখিবার জন্য উন্মুক্ত।

**কিউবা** (Cuba) : পশ্চিম ইন্ডিজের বৃহত্তম দ্বীপ ও রিপাব্লিক। আ. ৫৪,২০৬ ব মা; জন. ৫৪,৬১,০০০

( প্রায় ৪০ লক্ষ শ্বেতাঙ্গ ; অবশিষ্ট সংকরবর্ণ )। ভাষা স্পেনীশ। ইংরেজিও লোকে বোঝে। দেশের অভ্যন্তর পার্বত্য ; অবশিষ্টাংশ উর্বর। প্রধান রপ্তানি সামগ্রী চিনি ও চুরুট এবং তামাক ; এইগুলি মোট বাণিজ্যের ৯০%। অন্যান্য সম্পদ—পেট্রোলিয়াম, মেহগনি, সিডার গাছ। দেশের রাস্তাঘাট ভাল। আকাশপথে আমেরিকার সহিত যুক্ত।

দ্বীপটি ১৪৯২—১৮৯৮ স্পেনের ও মাঝে এক বৎসর ( ১৭৬২—৬৩ ) ইংরেজের অধীন ছিল। স্পেনের সহিত মার্কিনদের যুদ্ধের পর কিউবা স্বাধীন হয়। মার্কিনদের সহিত এই সন্ধি হয় যে কিউবা বৈদেশিক রাজ্যের সহিত রাজনৈতিক সম্বন্ধ স্থাপন ও অন্যের নিকট হইতে ঋণ গ্রহণ করিবে না এবং মার্কিনের নৌবহরকে আশ্রয় দিতে হইবে। এই শর্ত গ্রহণ করিলে ১৯০২-এ মার্কিনরা ইহাদের পূর্ণ স্বাধীনতা স্বীকার করে। ১৯৪০-এ নূতন সংবিধান হইয়াছে। নির্বাচিত সভাপতি একটি মন্ত্রিপরিষদ ( প্রধান মন্ত্রী সহ ) মনোনয়ন করেন। রাজধানী ও বন্দর হাভানা ( Havana ; জন. ৭,৮৩,১৬২ )। সান্টিয়াগো ( Santiago ; জন. ১,৬৬,৫৬৫ ) বন্দর।

**কিউল** (Kiul) : বিহার ; মুঙ্গের জে.র লক্ষ্মীসরাই থানার শহর। পূ. রেলপথের (E. Ry.) জং ; লুপ ও মেন্ লাইন এখানে মিলিত হইয়াছে। মেন লাইনে কিউল ২৫৪ মা ; লুপ লাইনে ৩০০ মার উপর। কিউল হইতে গয়া পর্যন্ত শাখা রেল আছে ৮১ মা।

**কিওটো** (Kyoto) : সহস্রাধিক বৎসর জাপানের রাজধানী ( ৭৯৪—১৮৬৯ )। এখানে বৌদ্ধ ও শিন্টো ধর্মীয় বহু মন্দির ও মঠ আছে। ... বহু শিল্পের কেন্দ্র : পটারি, পোর্সিলেন, ল্যাকার, ব্রোঞ্জ, রেশম, ভেলভেট, ব্রোকেড প্রভৃতি। ... বিশ্ববিদ্যালয় ( ১৮৯৭ ) ও মেডিক্যাল স্কুল আছে। জন. ১১'০২ লক্ষ।

**কিঙস্টন** (Kingston) : জামাইকা (দ্র.) দ্বীপের রাজধানী ও বন্দর। ১৯০৭-এ ভূমিকম্পে বিশেষ ক্ষতি করে। লন্ডন সমুদ্রপথে ৪০০০ মা। জন. ১'০৯ লক্ষ।

**কিত্তুর** (Kittur) : বোম্বাই ; বেলগাঁও জে.র শহর। জন. ১০,৫৬৬। সমবায় ব্যাংক। ... ডাক, তার।

**কিপচাক সাম্রাজ্য** (Kipchak Empire) : মংগোল সর্দার চেঙগিস খানের পুত্র বাটু-র সাম্রাজ্য ; ১২৩৮-৪৩ অব্দে স্থাপিত। ইউরোপীয় রুশিয়ার মধ্যে ও দক্ষিণাংশে এই রাজ্য বিস্তৃত ছিল ; ভল্গা নদীতীরে সরাই-এ রাজধানী ছিল। ১৪ শতকে ইহার পতন ঘটে। ( দ্র. মংগোল সাম্রাজ্য )।

**কি-পিন** (Ki-pin) : উ.-প. ভারতের প্রাচীন দেশ ; নানা সময়ে নানা স্থানের সমষ্টিগত চীনা নাম। কাশ্মীর, কাফিরিস্থান, কাবুল, প্রভৃতির সাধারণ নাম। ইহা ভারতীয় কপিশা ( দ্র. )।

**কিম্বারলি** (Kimberly) : দ. আফ্রিকার কেপ প্রদেশের নগর ; রেলপথে কেপটাউন ৫০০ মা। ১৮৭১ হইতে হীরক-খনির জন্য বিখ্যাত। কেপ প্রদেশে ১৯৪৯-এ যে ২৮ কোটি পাউণ্ড মূল্যের হীরক পাওয়া যায়, তাহার বেশির ভাগ এই কিম্বারলি খনি হইতে তোলা। জন. ৭৫ হা।

**কিরকী** ( Kirkee ), **খিড়্কি** : বোম্বাই ; পুণা জেলার শহর ও সৈন্যছাউনি ; পুণা হইতে ৩-৪ মা ; বোম্বাই ১১৬ মা। জন. ৪৮,৫৫২। মহারাষ্ট্র ব্যাংক। সরকারী আয়ুধাগার ; অস্ত্রাদি নির্মাণ কারখানা। ২য় মহাযুদ্ধের সময় হইতে সুবৃহৎ হইয়াছে। ১৮১৭ নভেম্বরে পেশবা কিরকীর ব্রিটিশ দূতাবাস আক্রমণ করিয়া ভীষণভাবে পরাভূত হন।

**কিরঘিজ** : দ্র. খিরঘিজ।

**কিরলোসকরওয়াডি** ( Kirloskarwadi ) : বোম্বাই রাজ্য ; দক্ষিণ সাতারা ( সাংগলি ) জেলার তাসগাঁও তালুক অন্তর্গত শিল্পনগর। এইখানে কিরলোসকর কোম্পানির লৌহ ও ইস্পাতের যন্ত্রপাতি নির্মাণের বৃহৎ কারখানা আছে। পুণা-বঙ্গলুর মিটার লাইনের স্টেশন ১৩৬ মা। জন. ১,৬৮৩। বো.স্টে.কো-অপ. ব্যাংক।

**কিরীটকণা** ( Kiritkana ) : মুর্শিদাবাদ জে.র লালবাগ কোর্ট রোড্ স্টেশন হইতে ৩ মা পশ্চিমে উপপীঠ ; দেবীর নাম বিমলা বা কিরীটেশ্বরী। পাঠান ও মুঘল যুগ হইতে এই স্থানের খ্যাতি। মুর্শিদাবাদ যতদিন রাজধানী ছিল, ততদিন এই তীর্থস্থানের খ্যাতি ছিল।

...মন্দিরের মধ্যে ভৈরব বলিয়া যাহার পূজা হয় তাহা আসলে বুদ্ধমূর্তি। বহু কিংবদন্তী এই স্থানের সহিত জড়িত। রেনেলের ম্যাপে Kiritkona দেখানো আছে; ৮৮ একর জমির উপর বহু ভগ্ন মন্দিরাদি ইতস্তত বিক্ষিপ্ত পড়িয়া আছে।

**কিশোরগঞ্জ** ( Kishoreganj ): ময়মনসিংহ জেলার মহকুমা, থানা ও শহর। শহর, ময়মনসিংহ আখাউরা রেলপথের স্টেশন ( ২৫ মা )। প্রাচীনকালে এখানে হাজংদের একটি রাজ্য ছিল। ভৈরববাজার—মহ.র অন্তর্গত বন্দর। —মহ.র আ. ৯৮৩ ব মা। —থানার আ. ৮০ ব মা।

**কিশোরগঞ্জ** ( Kishoreganj ): রংপুর জেলার নীলফামারি মহ.র থানা ; আ. ১০২ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর, রেজি. অফিস ( ১৮৯৪ ) আছে। রংপুর-মেকলিগঞ্জ সড়কের উপর অবস্থিত।

**কিষণ গঙ্গা** ( Kishan Ganga ): কাশ্মীরের নদী ; ঝিলামে পড়িতেছে। মুজাফ্‌ফরাবাদ ইহার তীরে অবস্থিত। এই নদী পার হইয়া আস্তোর হইয়া গিলগিট যাওয়া যায়।

**কিষণগঞ্জ, কিশুনগঞ্জ** ( Kishanganj ): বিহার ; পূর্ণিয়া জেলার মহকুমা ; মধ্য দিয়া মহানন্দা প্রবাহিত। আ. ১,৩৩২ ব মা ; জন. ৫,৬০,৫০৩। ঘনতা ৪৬৩। ১৯৪১-এ ঘনতা ৪৬০। এই মহকুমার অন্তর্গত থানা ৮টি : কিষণগঞ্জ, গোয়াল পাখর, তেরহগাছ, ইসলামপুর, চপরা, ঠাকুরগঞ্জ, দিঘল বাঁক ও বাহাদুরগঞ্জ। এই আটটি থানার মধ্যে মহানন্দা নদীর পূর্বদিকে যে ৫টি থানা আছে, তাহা প. বঙ্গ ভুক্ত হইবে বলিয়া ভারত গবর্নমেন্ট মত দিয়াছেন; এ ছাড়া পূর্ণিয়া মহকুমার গোপালপুর থানার সেই সব অংশ যেখান দিয়া প. বাংলার জাতীয় রাজপথ (ন্যাশনাল হাইওয়ে) গিয়াছে, তাহাও সুপারিশ মতে বঙ্গ ভুক্ত হইবে ; কিন্তু ইহার দক্ষিণে বারসোই থানা অন্তর্ভুক্ত না হইলে রাজপথের কিয়দংশ বিহারের মধ্যেই থাকিয়া যায়। তজ্জন্য বারসোই থানা এই অঞ্চল মধ্যে সন্নিবিষ্ট করিবার জন্য চেষ্টা হইতেছে।

**কিষণগঞ্জ, কিশুনগঞ্জ** ( Kishanganj ): মহকুমার সদর শহর ; উ.-পূ. রেলপথের (N.-E. Ry.) স্টেশন ; কাটিহার হইতে ৬০ মা। বড় ব্যবসায়ের কেন্দ্র। জন. ১৫,১০৩। সেন্ট্রাল, স্টেট ব্যাংক, সমবায় ব্যাংক। ...কিষণগঞ্জ মিউনিসিপ্যালিটির অন্তর্গত খাগড়া গ্রামে পুরাতন নবাববংশের বাস। শের শাহের বিরুদ্ধে হুমায়ুনকে সাহায্য করার জন্য ইহারা সূর্যপুর পরগণার জমিদারী প্রাপ্ত হন। ...এখানে খুব বড় মেলা হয়। ...এখানকার ভাষা মিশ্র কিষণগঞ্জিয়া বা সিরিপুরিয়া ; প্রধানত বাংলা হইলেও মৈথিলীর কিছু কিছু মিশ্রণ আছে। ...এই অঞ্চলে মুসলমানের সংখ্যা অধিক।

**কিষণগড়** ( Kishangarh ): পূর্বতন রাজপুতনার করদ-রাজ্য ; জয়পুর ও অজমেরের মধ্যে অবস্থিত। রাজ্যের উত্তরভাগ মরুময়, দক্ষিণাংশ সমতল ও উর্বর। এই রাজ্যে মার্বেল জাতীয় মূল্যবান পাথরের আকর আছে। আ. ৮৩৭ ব মা। জন. ১,০৪,১২৭ ('৪১)। রাজ্যের আয় ছিল ৭'৫০ লক্ষ টাকা। মহারাজা ১৫ তোপের সম্মান পাইতেন। রাজবংশ রাঠোর রাজপুত। জোধপুরের রাজা উদয়সিংহের ২য় পুত্র কিষণসিংহ ১৬১১ অব্দে এই রাজ্য ও রাজধানী স্থাপন করেন।... রাজ্য ভারতভুক্ত হইলে বার্ষিক ১,৩৬,০০০ টা. ভাতা রাজাকে দেওয়া হয়।

বর্তমানে রাজস্থান ইউনিয়নের জয়পুর জেলার মহকুমা। আ. ১,৩৪৮ ব মা। জন. ১,৩২,৫৭১। ঘনতা ৯৮। —শহর, জয়পুর হইতে রেলপথে ৩৭ মা ; অজমের হইতে ১৭ মা। জন. ২৫,৬৯৬। জয়পুর, রাজস্থান ব্যাংক, প. ন্যাশনাল ব্যাংক।

**কিষ্কিন্ধ্যা** ( Kiskindha ): বানররাজ বালীর দেশ। তুঙ্গভদ্রা নদীর দক্ষিণে বিজয়নগরের নিকট বেলারী জেলায় ( মহীশূর, অন্ধ্র ) অবস্থিত ছিল। কিষ্কিন্ধ্যার কাছে পম্পা সরোবর।

**কীএভ** ( Kiev ): সোবিয়েত ইউক্রেইনের রাজধানী ; রুশিয়ার প্রাচীনতম নগর, ৭ শতকে স্থাপিত। ৮৬৫—১২৪০ পর্যন্ত রুশের রাজধানী ছিল ; ১২৩৯-এ মঙ্গোল বাহিনী সৈন্যাধ্যক্ষ সুবুতাই-এর পরিচালনায় দ. রুশ

জয় ও কীএফ ধ্বংস করে। মংগোলদের পতনের পর লিথুনিয়ানদের দখলে থাকে ১৬৬৭ পর্যন্ত; তারপর রুশিয়ার অন্তর্গত হয়। ...এইস্থান রুশীয় খ্রীষ্টানদের তীর্থস্থান ছিল। জন. প্রায় ৯ লক্ষ। রুশের ৩য় বৃহত্তম নগর ও বহু কারখানার কেন্দ্র। ১৮৩৪-এ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।

**কীরফ্‌স্ক** ( Kirovsk ) : সো. রুশিয়ার উত্তরে কোলা উপদ্বীপস্থ নূতন শহর; নিকটের পর্বত হইতে নানা প্রকার খনিজ এখানে আনীত হয়। এই স্থান উ. মেরু বৃত্তের মধ্যে অবস্থিত হইলেও কৃষি-উন্নতির জন্য বিশেষ চেষ্টা হইতেছে। বৎসরের মধ্যে ৪৫ দিন এখানে রাত্রি।...মেরু উদ্ভিজ্জের অদ্বিতীয় উদ্যান আছে (Polar Arctic Botanical Garden)। জন. ১'৫০ লক্ষ।

**কীর্মানশা, কির্মানশা** ( Kermanshah ) : ইরানের শহর; ইরাক যাইবার বাণিজ্য-পথে অবস্থিত; জনসংখ্যা লক্ষাধিক। এখানে পেট্রোলিয়ম-পরিশোধন কারখানা ( oil-refinery ) আছে। রবীন্দ্রনাথ পারস্য ভ্রমণকালে এই শহরের মধ্য দিয়া যান। 'পারস্যে' গ্রন্থে তাহার বর্ণনা আছে।

**কীরিন** ( Kirin ) : চীন জনরাজতন্ত্রের উ.-পূর্ব অঞ্চলের প্রদেশ; প্রচুর শস্য উৎপন্ন হয়। রাজধানী য়ুঙ্কী ( Yung-Ki )। আ. ৪৬ হা ব মা; জন. ৭০ লক্ষ। পূর্বে কীরিন মানচুরিয়ার ৯ প্রদেশের অন্যতম ছিল।

**কীল** ( Kiel ) : কীল উপসাগর ( বাল্টিক সাগর )-তীরস্থ জারমান ( পশ্চিম ) নগর ও বন্দর। হামবুর্গ ৭০ মা। ১ম মহাযুদ্ধের সময় জার্মানবাহিনীর অন্যতম প্রধান ঘাঁটি। ১৬ শতকের প্রাসাদ ও ১৭ শতকের বিশ্ববিদ্যালয় এখনো আছে। ১৮৬৬ পর্যন্ত কীল হলস্টাইন-এর ( ডেনমার্ক ) অন্তর্ভুক্ত ছিল; ১৮৬৬-তে ইহা প্রুশিয়ার অন্তর্গত হইলে বন্দরের উন্নতি হয়। জাহাজ তৈয়ারির কারখানা ও ডক বিখ্যাত; সমুদ্রবিষয়ক একটি বিশ্ববিদ্যালয় আছে; সেখানে নৌ-ইঞ্জিনীয়ারিং প্রভৃতি উত্তমরূপে শিক্ষা দেওয়া হয়। জন. ২,৫৯,৫০০।

**কীল খাল** ( Kiel Canal ) : জারমানির উত্তরস্থিত জাহাজ খাল; জাটলন্ড ( Danish Jylland; ইউলান ) উপদ্বীপে অবস্থিত; ইহা উত্তর সাগর ও বাল্টিক সাগরকে যুক্ত করিতেছে, খাল কাটা হয় ১৮৮৭-'৯৫-এ। বৃহত্তর জাহাজ যাইবার জন্য ১৯০৯-'১৪-এ গভীর করিয়া কাটা হয়। ৬১ মা দীর্ঘ; ৩৩৫ ফুট প্রশস্ত; ৪৫ ফুট গভীর। খালের এক প্রান্তে কীল বন্দর, অন্য প্রান্তে এল্‌ব নদীর উপরে ব্রুন্‌সবুত্তেল ( Brunsbuttel ) বন্দর। ১৯১৯-এর চুক্তি অনুসারে জারমানির সঙ্গে সদ্ভাব আছে এমন রাষ্ট্রগুলি এই খাল ব্যবহার করিতে পারে। পূর্বনাম কাইজার উইলহেল্‌ম কেনাল।

**কীলিমানজারো** ( Kilimanjaro ) : পূ. আফ্রিকায় টাঙ্গানিকা টেরিটোরির মধ্যস্থিত ভিক্টোরিয়া হ্রদের পূর্বে অবস্থিত লুপ্ত আগ্নেয়গিরি। যুগ্ম শিখরের কিবো ( Kibo )-র উচ্চতা ১৯,৪৫৫ ফুট, অপরটির ১৭,৩০০। কিবোর শিখরদেশে চিরতুষার। কিন্তু ৬ হাজার ফুটের নিচে কফির চাষ হইতেছে।

**কীশ্‌** ( Kish ) : প্রাচীন বাবিলনিয়ার নগর। জলপ্লাবনের পর প্রথম সুমেরীয় রাজবংশ এই নগরে রাজত্ব করে। বর্তমানে ইরাকের অন্তর্গত তেল-অল-উহামীর ( Tell-el Uhaimir ) নিকটে জামদেৎ নসর ( Jadet Nasr ) নামক স্থানে প্রাগৈতিহাসিক যুগের (খ্রী. পূ. ৩০০০) বহু বর্ণক কুম্ভাদি (Polychrome pottery) ও আদিম লিপি প্রচেষ্টাযুক্ত কর্দম-পাটা পাওয়া গিয়াছে।

**কীশিনেফ** ( Kishinev ) রুমেনীয়ান Chisinau : মল্‌দাবিয়া সোবিয়েত সো. রিপাব্‌লিকের রাজধানী ( ১৯৪০ )। পূর্বে বেস্‌সারবিয়ার রাজধানী ছিল। জন. ১'১২ লক্ষ।

**কুআলা-লুমপুর** ( Kuala-Lumpur ) : মালয় ফেডারেশনের ও ফেডারেশনের অন্তর্গত সেলঙগর ( দ্র. ) রাজ্যের রাজধানী। সিঙ্গাপুর হইতে পেনাঙ-এর পথে পড়ে। ১৮৭৩ হইতে রবার চাষ আরম্ভ হইলে এই স্থানের উন্নতির আরম্ভ; টিনের খনিও নিকটে আছে। জন. ২,০৮,০০০। চীনা, ভারতীয় ও মালয় অধিবাসী।

**কুই-টো** ( Quito ) : দ. আমেরিকার রিপাব্‌লিক

একোয়াদরের রাজধানী; আন্দিস্ ( Andes ) পর্বতে ৯,৩৫০ ফু. উচ্চ অধিত্যকায় অবস্থিত। ভূমিকম্পে নগরী বহুবার ক্ষতিগ্রস্ত হইয়াছে। বিশ্ববিদ্যালয় বেশ পুরাতন। বন্দর গোয়াকুইল (Guayaquil) হইতে রেলপথ আছে। এখানকার 'সানফ্রান্সিসকো কনভেন্ট' পৃথিবীর বৃহত্তম সন্ন্যাসিনী আশ্রম সমূহের অন্যতম। পশুচর্ম ও বনজ উৎপাদন এখান হইতে রপ্তানি হয়। জন. ২,১১,৫৬৬ ('৫০)। ...পূর্বে কুইটো ইংকাদের রাজধানী ছিল

**কুইন্সলন্ড** ( Queensland ): অস্ট্রেলিয়ার একটি প্রদেশ। আ. ৬,৭০,৫১০ ব মা: সমুদ্রতট ৩,২৩৬ মা; জন. ১১·৯১ লক্ষ ('৫০)। ১৮৫৯ পর্যন্ত নিউসাউথ ওয়েল্‌সের সঙ্গে একত্র ছিল। ১৮২৪-এ ব্রিটেনের অপরাধী নিবাস। ১৮৪২ হইতে সর্ব-সাধারণের উপনিবেশ। শাসন ব্যবস্থার জন্য একটি আইনসভা ( ৭৫ সদস্য ); সমস্ত বয়স্ক নরনারী ভোটার। ৩ মাস স্টেটে বাস করিলে ভোট-অধিকার, এমনকি জেলায় এক মাস থাকিলেও ভোট-অধিকার মেলে। এখানকার ইউকালিপটাস, পাইন, সিডার গাছ বিখ্যাত। প্লাই-উড শিল্প, পশুপালন, পশম-উৎপাদন প্রধান উপজীবিকা। পশুচর ভূমি অনেক। দুগ্ধজ দ্রব্য, চিনি রপ্তানি হয়। নলকূপ খনন দ্বারা কৃষি প্রসার হইতেছে। রাজধানী ব্রিসবেন ( জন. ৪·৬ লক্ষ )।

**কুইবিশেভ** ( Kuibyshev ): সোবিয়েত রুশের নগর; ভল্‌গা নদীতীরের বন্দর; পার সাইবেরিয়ান রেলপথের স্টেশন ও জংশন ও বিমান বন্দর। এখান হইতে মধ্য এশিয়ার রেলপথ বাহির হইয়াছে। বর্তমানে বহু ইন্‌জিনীয়ারিং শিল্পের ও বিবিধ বাণিজ্যের কেন্দ্র। বিরাট জল-বিদ্যুৎ কারখানা স্থাপনের পরিকল্পনা গৃহীত হইয়া আছে। ২য় মহাযুদ্ধের সময় কিছুকাল সোবিয়েত সরকারের শাসনকেন্দ্র এখানে স্থানান্তরিত হইয়া আসিয়াছিল। জন. প্রায় ৪ লক্ষ।

**কুইবেক** ( Quebec ): কানাডার প্রদেশ। আ. ৫,৯৪,৮৬০ ব মা ( ৭১ হাজার ব মা জলপথ সমেত )। জন. ৪২,৬৯,০০০ ('৫৩)। কুইবেক পূর্বে New France বা কানাডা নামে জ্ঞাত ছিল ( ১৫৩৫-১৭৬৩ )। বহুবার প্রদেশের নাম পরিবর্তিত হইয়া এখন কু. দাঁড়াইয়াছে। কৃষি গো-পালন, বনজ-সামগ্রী সংগ্রহ ও মৎস্য ব্যবসায় প্রধান উপজীবিকা। কাগজ-মণ্ড ( Pulp ) ও কাগজ তৈরি প্রধান শিল্প। খনিজ সম্পদ তামা ও আস্‌বেস্টস্। রাজধানী কুইবেক; জন. ১,৭১,০০০ ('৫৩), সেন্ট লরেন্স নদীর উপর। মনট্রিল ( জন. ১,০৪,০০০ ), প্রধান বাণিজ্যকেন্দ্র।

**কুইলন** ( Quilon ), **কোলম** ( Kollam ): তিরু-কোচীন ইউনিয়নের শহর। মদ্রাজ-তিরুবন্দরম (৫১২) রেলপথের স্টে. ৪৭১ মা। তিরুবঙ্কুর রাজ্যের বড় শহর। জন. ৬৬,১২৬। এখানে ১১টি ব্যাংক: কানাড়া, সেন্‌ট্রাল, স্টেট, ইন্‌ডিয়ান, পলাই, পাণ্ড্যন, ইউনা. কমার্স প্রভৃতি। ...মধ্যযুগে আরব ও চীনাদের সহিত কুইলনের বাণিজ্য চলিত।

**কুক দ্বীপপুঞ্জ** ( Cook Islands ) বা **হার্ভি** ( Hervey Islands): প্রশান্ত মহাসাগরের ১৫টি দ্বীপের সাধারণ নাম, ব্রিটিশ প্রোটেক্‌টোরেট (১৮৮৮)। নিউজীলন্ডের অধীন ( ১৯০১ )। কাপটেন কুক কর্তৃক দ্বীপগুলি আবিষ্কৃত। অধিবাসীরা পলিনেশিয়ান। জন. ১৫,৩৪৩ ('৫৩)। রারোটোংগা ( দ্র. ) প্রধান সরকারী কার্যালয়, রেসিডেন্ট-কমিশনারের বাসস্থান।

**কুকুর দেশ** ( Kukura ): প্রাচীন সৌরাষ্ট্রের উত্তরাংশে-কুকুর নামে কোন আদিম জাতির বাস ছিল। নাসিক গুহা-শিলালেখে অপারন্ত, অনূপ, বিদর্ভ ও কুকুর জাতির উল্লেখ আছে।

**কুক্কানুর** ( Kukkanur ): বোম্বাই: ধারবার জেলার গদগ শহরের নিকটস্থ এই গ্রামে চালুক্য যুগের মন্দির আছে। নবলিঙ্গ, কলেশ্বর প্রভৃতি মন্দিরের নির্মাণ-শৈলী ও স্থাপত্যের বৈশিষ্ট্য লক্ষ্যণীয়।

**কুচবিহার**: ( দ্র. কোচবিহার )।

**কুচা** ( Kucha ): চীনের উত্তর-পশ্চিমের মরুস্থানে কুচা নামে রাজ্য ছিল। খ্রীষ্টীয় ৩ শতকে সেখানে বৌদ্ধধর্ম ও সংস্কৃত ভাষা প্রচার লাভ করে। ইহা কুমারজীবের ( দ্র. ) জন্মস্থান। এই দেশের ভাষা ইন্দো-ইউরোপীয়; ইতালি-কেল্টিক ভাষা বর্গের

উপভাষা। বৌদ্ধ বিহারাদির ধ্বংসাবশেষ খুঁড়িয়া এখানে ও তুন-হুয়াঙে (দ্র) এই ভাষায় লিখিত বহু পুঁথি পাওয়া গিয়াছে: ভাষাকে 'তুখার' বলা হইয়াছে।

**কুচামন** (Kuchaman): রাজস্থান; নাগৌর জে.র মিউনি. শহর। জন. ১৩,৬৪৫। জয়পুর-ফুলেরা (সম্বর)-জোধপুর লাইনের স্টেশন ('৫৫ মা)। যোধপুর কমার্স ব্যাংকের শাখা।

**কুচিণ্ডা** (Kuchinda): ওড়িশা; সম্বলপুর জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র জন. ১,০১,৪৪৭; আ. ৯৪৪ ব মা। … ৬ থানা। কুচিণ্ডা থানার আ. ২৪৪ ব মা; জন. ৩১,২৯১। গ্রাম ১৩৭।

**কুজকো** (Cuzco): দ্র. কুস্কো।

**কুজঙ্গ** (Kujang): ওড়িশার কটক জেলার শহর; জন. ১১,১৮৯। সমবায় ব্যাংক।

**কুঞ্জঘাটা** (Kunjaghata): মুর্শিদাবাদ জেলার গ্রাম; কাশিমবাজারের শহরতলী সৈয়দাবাদের পূর্বাংশ। নন্দকুমারের দৌহিত্রবংশীয়রা এখানকার জমিদার ছিলেন। কুঞ্জঘাটার রাজবাড়িতে নন্দকুমারের আমলের বহু পুরাতন দলীলপত্র ও স্মৃতিচিহ্ন রক্ষিত আছে। এখানে সপার্ষদ চৈতন্য মহাপ্রভুর একখানি প্রাচীন চিত্র আছে; উহা নিয়মিতভাবে পূজিত হয়।

**কুট** (Kut), **কুট-অল-আমরা**: ইরাকের প্রদেশ ও তাইগ্রিস নদীতীরস্থ শহর; ১ম মহাযুদ্ধের সময় ১৯১৫ অব্দে ব্রিটিশ সৈন্যবাহিনী তুর্কী সৈন্যদের দ্বারা বহুকাল পরিবেষ্টিত ছিল; ১৯১৭-এ জেনারেল মড (Maude) অবরুদ্ধ টাউনশেন্ডকে উদ্ধার করেন। জন. ৫৬,২৯৪।

**কুটুপরম্ব** (Kuthuparamba): মদ্রাজ; মালাবার জেলার শহর, তেলিচেরীর নিকট। জন. ২৭,২৮৭। স্টে. ব্যাংক।

**কুট্টলম** (Kuttalam, Courtallam): মদ্রাজ; তিরুনেল-বেলী জেলার তেনকাশী (দ্র.) জং স্টেশন হইতে ৩ মা দূরে চিত্তর নদীর ধারে। এই নদীতে ৩টি জলপ্রপাত আছে; নিম্নতমটি ২০০ ফুট উচ্চ হইতে পড়িতেছে। এই জলের গড় তাপ ৭২%—৭৫% ডিগ্রী; স্নানের স্বাভাবিক ব্যবস্থা অতি মনোরম। জন. ৭,৭৩৮। ইন্ডিয়ান ওভারসীস ও সিটি ফরওয়ার্ডব্যাংক।

**কুঠার** (Kuthar): পূর্বতন পঞ্জাবের পার্বত্য করদরাজ্য। আ. ২১ ব মা। জন. ৪,৯১০। রাজা ব্রিটিশ সরকারকে কর দিতেন। … রাজা ৯,০০০ টা ভাতা পান। বর্তমানে হিমাচল প্রদেশ মধ্যে।

**কুডচী** (Kudchi): বোম্বাই; বেলগাও জে.র শহর; পুণা-হুবলি রেলপথের স্টেশন (১৮১ মা), মিরাজ হইতে ২১ মা দক্ষিণে। জন ৮,৬২১। সমবায় ব্যাংক।

**কুড্ডাপা** (Cuddapah, Kadapa): অন্ধ্র রাজ্যের জেলা; উ.—কুরনুল; পূ.—নেল্লুর; দ.—চিত্তুর; প.—অনন্তপুর। পেন্নার নদী প্রবাহিত। আ. ৫,৯১৯ ব মা। জন. ১১,৬১,৭৩১ ('৫১)। পূর্বে কুড্ডাপা নবাবের রাজধানী ছিল। মারাঠা, নিজাম ও মহীশূরের পারস্পরিক যুদ্ধের শেষে উহা নিজাম রাজ্যভুক্ত হয় (১৭৯২)। পরে নিজাম কুড্ডাপা, কুরনুল ও বেল্লারী জেলাত্রয়কে ইংরেজদের সমর্পণ করেন। …কুড্ডাপা সদর শহর—মদ্রাজ-বোম্বাই রেলপথে ১৬২ মা। জন. ৩৭,৪৪৮। ব্যাংক: অন্ধ্র, কানাড়া ইনডাস্ট্রি, স্টেট, সেন্ট্রাল ও সমবায়।

**কুড্ডলুর** (Cuddalore): মদ্রাজ রাজ্য; দক্ষিণ আরকট জেলার শহর ও বন্দর, পন্দিচেরির দক্ষিণে অবস্থিত। মদ্রাজ হইতে বিল্লপুরম জং (Villupuram ৯৯ মা); ব্যবসায়ের কেন্দ্র; জন. ৬৮,৪৫৬। ৪টি ব্যাংক: স্টেট, ইন্ডো-কমার্স, তঞ্জোর, সমবায়।

**কুড়িগ্রাম** (Kurigram): পূ. পাকিস্তান; রংপুর জেলার মহ.র শহর। ব্রহ্মপুত্র এই মহকুমার মধ্যে পূর্ব পাকিস্তানে প্রবেশ করিতেছে। কাঁসার বাসন, মহিষের শিং ও হাতীর দাঁতের শিল্পের জন্য খ্যাত ছিল। পার্বতীপুর-তিস্তা জং (৩৯ মা) হইতে ১৫ মা। ধরলা নদীর বন্যা মাঝে মাঝে ক্ষতি করে। … এতদঞ্চলে কুরী নামে উপজাতির বাসস্থান। প্রবাদ কুড়িটি মেচ্ পরিবার এখানে বাস করিত বলিয়া এই স্থানের নাম কুড়িগ্রাম। কুরীদের গ্রাম হইতেও নামকরণ হইতে পারে।

**কুণ্ডগ্রাম, কুন্দগ্রাম** (Kundagram): বৈশালীর

শহরতলী বলিয়া অনুমিত হয়। জিন বা মহাবীরের জন্মস্থান। বর্তমান মজফ্ফরপুর জেলার প্রাচীন বেসর গ্রাম (Besarh), প্রাচীন বৈশালী।

**কুণ্ডপুর** (Coondapoor) : মদ্রাজ ; দ. কানাড়া জেলার উত্তরতম তালুক ও শহর ; সমুদ্রতীরে অবস্থিত ব্যবসায়ের কেন্দ্র। জন. ১৬,১৮৫। ৬টি ব্যাংক : কানাড়া, কানাড়া ব্যাংকিং কর্পো., কা. ইনডাস্ট্রিয়াল প্রভৃতি।

**কুণ্ডিনপুর** (Kundinapur) : প্রাচীন বিদর্ভ রাজ্যের রাজধানী। অমরাবতীর ২০ ক্রোশ পূর্বে। ওয়ার্ধা নদীতীরে। রুক্মিনী মন্দিরে মেলা হয়।

**কুতুবদিয়া** (Kutubdiya) : পূ. পাকিস্তান ; চট্টগ্রাম জেলার কক্সবাজার মহকুমার অন্তর্গত দ্বীপ। চট্টগ্রাম হইতে স্টীমারে যাইতে হয়। এখানে বাতিঘর (Light-house) ও থানা আছে। থানার আ. ৫৮ ব মা। ব্রিটিশ যুগে বহু যুবককে এখানে অন্তরায়িত রাখা হয়।

**কুদল** (Kudal) : বোম্বাই ; রত্নগিরি জেলার অন্তর্গত (পূর্বতন রাজ্য) সাবন্তবাড়ি তালুকের 'পেট' ; কোঙ্কনের উর্বর দেশের মধ্যে অবস্থিত। জন. ৫,৮৫২। ব্যাংক : কোঙ্কন, বো. স্টেট কো-অপ., সমবায়।

**কুন্‌মিঙ** (Kunming) : পূর্ব নাম য়ুন-নান (Yunnan) ; দ. চীনের উর্বর উপত্যকার উপর সুবৃহৎ নগর ; এখান হইতে টংকিঙ পর্যন্ত রেলপথ আছে। দ্বিতীয় মহাযুদ্ধের সময় নির্মিত বর্মা-চীনা সড়কের উপর অবস্থিত এই নগরী বহুবার বিধ্বস্ত হয়। জন. লক্ষাধিক।

**কুনলুন, কুয়েনলুন** (Kunlun, Kuenlun) : মধ্য এশিয়ার পর্বতমালা ; তিব্বতের উত্তরে বিস্তৃত ; পামীর গ্রন্থি হইতে পূর্ব দিকে লম্বমান। ইহা প্রস্থে ১৫০-৩৫০ মা। উচ্চতম পর্বত উলুগ মুস্তাঘ ২৫,৩৪০ ফুট।

**কুন্‌স্‌তুনতুনিয়া** (Constantinople) : দ্র. ইসতামবুল।

**কুনার** (Kunar) : প. পাকিস্তানের নদী ; উ.-প.সী. প্রদেশের চিত্রাল রাজ্যের মধ্যে প্রবাহিত হইয়া আফগানিস্থানের মধ্যে প্রবেশ করিয়া কাবুল নদীতে পড়িতেছে। হিন্দুকুশ পর্বত হইতে নদীর উৎপত্তি, পূর্ব দিকে গিলগিট পর্বতমালা।

**কুন্তলদেশ** (Kuntaldesa) : চালুক্যদের সময়ে উত্তরে নর্মদা, পশ্চিমে আরব সাগর, দক্ষিণে তুঙ্গভদ্রা, পূর্বে গোদাবরী ও পূর্বঘাটদ্বারা বেষ্টিত ভূভাগকে বুঝাইত। নাসিক ও কল্যাণ পরে পরে রাজধানী হয়। পরযুগে মহীশূরের উত্তরাংশ স্থানকে কুন্তল বলিত। ১০ম শতকে বিদর্ভনগরী কুন্তলদেশে অবস্থিত ছিল। কু. দেশ কালে কর্ণাটদেশ নামে পরিচিত হয়।

**কুন্তি** (Kunti) : হুগলী জেলার নদী ; সালিমাবাদের নিকট দামোদর হইতে ভাঙিয়া বাহির হইয়া বহু ঘুরিয়া ভাগীরথীতে পড়িতেছে ; মাঝখানটার নাম কানা নদী, শেষদিকটার নাম মগরা খাল।

**কুন্দগোল** (Kundgol) : বোম্বাই ; পূর্বতন জামখণ্ডি রাজ্যের শহর ; বর্তমানে ধরবার জেলার অন্তর্গত ; পুণা-হুবলী বঙ্গলুর লাইনের স্টেশন ; হুবলী (৩৩৪) হইতে ৯ মা দ.-পূর্বে। জন. ৭,৩০২। সমবায় ব্যাংক।

**কুন্নমকুলম** (Kunnamkulam) : তিরু-কোচীন রাজ্যের শহর ; জন. ১৫,৩৫৯। ৫ ব্যাংক আছে।

**কুন্নুর** (Coonoor) : মদ্রাজ ; নীলগিরি জেলার মিউনি. শহর, নীলগিরি পর্বতের পূর্বদিকে অবস্থিত। গড় তাপ ৬০° ; বৃষ্টিপাত ৬৫"। উটকামণ্ড (উদকমণ্ডলম) ১০ মা দূরে স্টেশন। এখানে পাস্তুর ইন্‌স্টিটিউট, সরকারী টোটা ফ্যাক্টরি প্রভৃতি আছে। নিকটবর্তী অরণ্যে বহুপ্রকার শিকার পাওয়া যায়। শহরে খ্রীষ্টানদের দ্বারা পরিচালিত স্কুল ও কলেজ আছে। জন. ২৩,৯২৫। সেনট্রাল ব্যাংক ও কুন্নুরের স্থানীয় ৩টি ব্যাংক আছে।

**কুপ্পম** (Kuppam) : মদ্রাজ ; উ. আরকট জেলার শহর ; মদ্রাজ-জালারপেট-বঙ্গলুর বড় লাইনের স্টেশন (১৫৭ মা)। বঙ্গলুর ৬৬ মা। জন. ৬,৫২৭। চিত্তুর ব্যাংক।

**কুভা** (Kubha) : বেদে এই নদীর নাম আছে ; ইহা বর্তমান কাবুল নদী। গ্রীকরা ইহাকে কোফেন (Kophen) বা কোফেস (Kophes) বলিয়া জানিত। ...সোয়াৎ (Svat স্বত) বা প্রাচীন সুবাস্তু নদী (গ্রী. Soastes) এবং গৌরী (গ্রীক Garroia) নদী মিলিত হইয়া ইহাতে পড়িয়াছে।

**কুমঠা** (Kumta, Kumpta) : বোম্বাই ; উ. কানাড়া তালুক জেলার ও শহর। আরবসাগরের এক খাড়ির

মধ্যে অবস্থিত; খাড়ির মুখে পাহাড়ের উপর একটি আলোক স্তম্ভ আছে। রেলপথ নাই; মঙ্গলুর হইতে ১১৩ মা উত্তরে; বোম্বাই হইতে ৩২৮ মা দক্ষিণে অবস্থিত। জন. ১৪,৮৯০। ৫টি ব্যাংক: কানাড়া ইনডাস্ট্রি প্রভৃতি।

**কুমবুম** (Cumbum): অন্ধ্র; কুরনুল জে.র তহশীল ও শহর; বিজয়ওয়াড়া-গুনটুর-গুনটকল রেলপথের স্টেশন (১২৬ মা)। জন. ৯,৫৪৮। বিজয়নগরের রাজা কৃষ্ণদেব রায় মহিষী বরদারাজাম্মা (১৫০৯-৩০) এখানে দুইটি পাহাড়ের মধ্যে বাঁধ দিয়া বিরাট জলাশয় নির্মাণ করেন। ৬ হা একর জমি এই জলে চাষ হয়।

**কুমায়ুন বিভাগ** (Kumaon): উত্তর প্রদেশ অন্তর্গত হিমালয়ের পার্বত্য অঞ্চলে অবস্থিত বিভাগ। ইহার অন্তর্গত জেলা: নৈনীতাল, আলমোড়া, গাড়বাল, টেহরি-গাড়বাল। ১৮ শতকে গুর্খারা এই অঞ্চল দখল করে। ১৮১৫-এ গুর্খা যুদ্ধের পর এই অঞ্চল ব্রিটিশ ভারতভুক্ত হয়। আ. ১৩,৭২২ ব মা। জন. ২১·৫৭ লক্ষ ('৫১)।

**কুমারকোম** (Kumarakom): তিরু-কোচীন রাজ্যের শহর; জন. ১৪,৭৩৫। ২ ব্যাংক আছে।

**কুমারখালি** (Kumarkhali): পূ. পাকিস্তান; কুষ্টিয়া জেলার সদর মহ.র থানা; আ. ১২৮ ব মা; শহর, কলিকাতা (শিয়ালদহ) হইতে ১১৯ মা দূরে ঈ. বি. রেলওয়ের স্টেশন; গড়াই নদীতীরে অবস্থিত। পূর্বে ইহা পাবনা জেলার অন্তর্গত ছিল; তখন সেখানে মুন্সেফী কোর্ট ছিল। ১৮৭১ অব্দে ইহা নদীয়া জেলার অন্তর্গত হইলে আদালত উঠিয়া যায়। ঈ. ই. কোম্পানির যুগে এখানে রেশমকুটি ছিল। ...সাধক হরিনাথ মজুমদার বা কাঙাল হরিনাথের জন্মস্থান। ...কুমারখালি স্টেশন হইতে ৫ মা দূরে পদ্মার নিকটে শিলাইদহ (দ্র.)।

**কুমারগঞ্জ** (Kumarganj): প. দিনাজপুর জেলার বালুরঘাট মহ.র সীমান্তবর্তী থানা। আ. ১১১ ব মা। জন. ৫৬ হা। ঘনতা ৫০৫। —গ্রাম, আত্রাই নদীতীরে, দিনাজপুর-বালুরঘাট সড়কের উপর অবস্থিত। পূর্ব পাকিস্তান ৬-৭মা দূরে। ...কুমারগঞ্জের নিকট বিশ্বনাথপুরে পঞ্চরত্ন ঢঙের ভগ্ন-মন্দির দেখা যায়; পোড়া মাটির মূর্তি ভাস্কর্যের দ্বারা মন্দির প্রাচীর শোভিত ছিল। নিকটে মাটির দুর্গের চিহ্নও বিদ্যমান।

**কুমারগ্রাম** (Kumargram): জলপাইগুড়ি জেলা; আলিপুর-দুয়ার মহ.র থানা। আ. ১১৫ ব মা; জন. ৪৮,৫৬৩। ঘনতা ২৪৯। ...গ্রাম, (জন. ১৪৫৩) আসামের প্রায় সীমান্তে; রাজাভাতখাওয়া ও আলিপুরদুয়ার হইতে দুইটি সড়ক এখানে মিলিয়া আসামের দিকে গিয়াছে। নিকটে কুমারগ্রাম চা বাগান।

**কুমারধুবি** (Kumardhubi): বিহার; মানভূম জেলার শিল্প শহর। ঈস্টার্ণ রেলওয়ের গ্রান্ড কর্ড লাইনের স্টেশন (১৩৭ মা); আসানসোল হইতে ১২ মা দূরে। এখানে বহুবিধ শিল্প কারখানা আছে।

**কুমার নদী** (Kumar River): পূর্ববঙ্গের কুষ্টিয়া ও যশোহর জেলার নদী; পদ্মা উৎসারিত মাথাভাঙা নদী হইতে বাহির হইয়া বর্তমানে গড়াই-এর পাশাপাশি গিয়া গড়াই-এর সহিত মিলিত হইয়া নানা স্থানে নানা নাম লইয়া অবশেষে হরিণঘাটা নদীরূপে বঙ্গোপসাগরে পড়িয়াছে। প্রাচীন বঙ্গে কুমারতালক, আধুনিক যুগের কুমারখালি প্রভৃতি নাম এই নদীর সহিত যুক্ত। এই কুমার নদীর সাগর মোহনার (হরিণ-ঘাট) মুখ বা কৌমারকই বোধ হয় প্‌টলেমির (২য় শতক) গঙ্গার পঞ্চমুখের তৃতীয় মুখ কামবেরী খন (Kamberi Khon)। ইদিলপুর পট্টোলীতে 'সতট পদ্মাবতী বিষয়ে' 'কুমারতালক' মণ্ডলের উল্লেখ আছে।

**কুমারসাঁই** (Kumarsain): হিমাচল প্রদেশ অন্তর্গত পূর্বতন পঞ্জাবের পার্বত্য করদ-রাজ্য। আ. ৮৪ ব মা; জন. ১৩,৮৮৩। ...রাজা ১৫,০০০ টাকা ভাতা পান। শহর, সিমলা হইতে ২২ মা উ.-পূর্বে।

**কুমারহট্ট** (Kumarhatta): হালিশহরের প্রাচীন নাম। চৈতন্যদেবের দীক্ষাগুরু ঈশ্বরপুরী এই কুমারহট্ট নিবাসী।

**কুমারিকা, কুমারিকন্তা** (Cape Comarin): গ্রীক্ ভৌগোলিক প্‌টলেমির Komaria akron ও মার্কো-পোলো-র Comori। ভারতবর্ষের দক্ষিণে ভারত-

সমুদ্রের অন্তরীপ। হিন্দু তীর্থস্থান। এখানে গৌরীর কুমারীমূর্তি দেখা যায়।

**কুমাসি** (Kumasi): প. আফ্রিকার গোল্ডকোস্ট অন্তর্গত অশান্‌টি-র (Ashanti) রাজধানী; ব্যবসায় ও পরিবাহন কেন্দ্র; বিদ্যালয়, টেকনিক্যাল কলেজ, হাসপাতাল প্রভৃতি আছে। জন. ৭৮ হা।

**কুমিরা** (Kumira): চট্টগ্রাম জেলার স্টেশন; লাকসাম হইতে ৬৬ মা ও চট্ট. হইতে ১৯ মা। সীতাকুণ্ড ও বাড়বাকুণ্ড মণ্ডলের ন্যায় উষ্ণ কুণ্ডের জন্য খ্যাত স্থান। কুমিরা স্টেশন হইতে পার্বত্যপথে ১ মা দূরে 'কুমারীকুণ্ড'; চারি হস্ত পরিমিত ক্ষুদ্র কুণ্ড, কিন্তু অতলস্পর্শী। এই জলের উপর মাঝে মাঝে অগ্নি শিখা দেখা যায়।

**কুমিল্লা** (Comilla): পূ. পাকিস্থান; ত্রিপুরা জেলার সদর মহ. ও শহর। মহ.র আ. ১,২৩১ ব মা।

—শহর (জন. ৫০ হা), রেলপথে চট্টগ্রাম হইতে ৯৫ মা। স্কুল, কলেজ ও নানা শিল্পের কেন্দ্র।

...কুমিল্লা হইতে দাউদকান্দি নবীন নগর (মেঘনা তীরে) ও নোয়াখালি পর্যন্ত ভাল সড়ক আছে। আগরতলা রাজ্যের সোনামুড়ি সীমান্তের অদূরে অবস্থিত। কুমিল্লা বাঙালীদের কয়েকটি ব্যাংকের জন্মস্থান। তাহার অধিকাংশগুলি ডিরেক্টরগণের অযোগ্যতা ও অসাধুতার জন্য নষ্ট হইয়াছে। এখানে অভয় আশ্রম (দ্র.) ছিল। দানবীর ব্যবসায়ী মহেশ ভট্টাচার্যের শিক্ষা ও জনসেবার বহু প্রতিষ্ঠান আছে, তন্মধ্যে রামময় গ্রন্থাগার উল্লেখযোগ্য।

**কুমেরু, দক্ষিণ মেরু** (Antarctica): দ্র. আন্‌টার্কটিকা। কুমেরু-অভিযানের ইতিহাস:— দ. মেরু আবিষ্কারের চেষ্টা উ. মেরু অভিযানের তুলনায় আধুনিক। কুমেরু-মণ্ডলে প্রথম যান কাপ্তেন কুক ১৭৭৩-অব্দে; কিন্তু বিশেষ তথ্যাদি সংগৃহীত হয় নাই। ১৯ শতকে আবিষ্কারের চেষ্টা রীতিমতভাবে সুরু হয়। ১৮১৯-২১-এ রুশীয় অ্যাডমিরাল থাডেউস বেলিংস-হাউসেন (Thaddeus Bellings-hausen)-এর ভূপর্যটনের ফলে ১ম-আলেকজান্‌ডার দ্বীপ ও ১ম-পিটার দ্বীপ আবিষ্কৃত হয় (জানু. '২১)। তিনি দ. সান্‌ডউইচ দ্বীপপুঞ্জ ও দ. শেটলন্‌ড গমন করেন। কুকের পরে তিনিই এতোদূর প্রথম আসিতে পারেন।...১৮৭৪-অব্দে 'চ্যালেঞ্জার' নামে একটি স্টীমার কুমেরুর দিকে যাত্রা করে। ১৯০১-এ স্কট 'ডিসকভারি' জাহাজে তিন বৎসরকাল এই অঞ্চল পরিভ্রমণ করেন। ফলে ৭ম-এডোয়ার্ড দ্বীপ আবিষ্কৃত হয়। অন্যদিক হইতে এই সময়েই নোরেনশুল (Nordenskjold: ১৮৩২-১৯০১) প্রভৃতি বিজ্ঞানীরা অনুসন্ধানে ব্যাপৃত ছিলেন। ব্রুস (Dr W. S. Bruce: ১৮৭৮-১৯২১) Coatsland-এর সন্ধান পান (১৯০৩-৪)। বহু লোকের সমবেত অনুসন্ধানের ফলে কুমেরু মহাদেশের নানা অংশের অস্তিত্ব প্রমাণিত হইয়াছে। ১৯০৮-এ শ্যাকল্‌টন দ. মেরু বিন্দু হইতে ১০০ মা দূর পর্যন্ত স্কি (Ski)-যোগে পৌছান ও এরেবাস আগ্নেয়গিরি (Erebus Mt: ১২,৩৭০ ফুট) আরোহণ করেন। বহুবার চেষ্টার পর মেরুতে পৌছান আমুন্‌দসেন (Amundsen) ১৯১১, ১৪ ডিসেম্বরে। এক মাস পরে স্কট (R. F. Scott: ১৮৬৮-১৯১২) স্লেজে করিয়া মেরুবিন্দু অভিমুখে যাত্রা করেন; ফিরিবার সময় তাঁহার মৃত্যু হয়। ইহার পর শ্যাকল্‌টন, মসন (Mawson) অভিযানে যান। ১৯২৯-এ মসনের অভিযানের উদ্দেশ্য ছিল তিমি (whale) মাছ রক্ষার উপায় আবিষ্কার করা। অভিযানে কয়েকজন নরওয়েজিয়ানও ছিলেন। Wilkins ও Byrd এরোপ্লেনে মেরুর উপর উড়িয়া পর্যবেক্ষণ করেন (১৯২৯)। স্কটের স্মৃতিরক্ষার জন্য কেমব্রিজে Polar Research Institute স্থাপিত হইয়াছে। কুমেরুর মসন (Mawson) উপকূলেও একটি আবহবিদ্যার গবেষণা মন্দির স্থাপিত হইয়াছে (১৯৫৪)।

**কুমেরু মহাসাগর** (Antarctic Ocean): দক্ষিণ মেরু বৃত্তের আন্‌টার্কটিকা বা দ. মহাদেশ নামে তুষারাবৃত ভূখণ্ডের প্রান্ত হইতে উত্তরে ৬০° দ. অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত জলরাশিকে দক্ষিণ বা কুমেরু মহাসাগর বলে। আ. ৫৬ লক্ষ ব মা। গভীরতম অংশ ১৮,৮৫০ ফুট। গড় গভীরতা ৪,৯২০ ফুট। উত্তর মহাসাগর হইতে দ. মহাসাগর অধিক তুষার বা চাপ-বরফ ঢাকা।

**কুম্বলা** (Kumbla) : মদ্রাজ ; দ. মালাবার জেলার শহর ; মঙ্গলুর হইতে ১১ মা দ.-এ। সমুদ্রতীরে মালভূমি-সদৃশ স্থানে অবস্থিত ; জন. ৫-৬ হা। কানাড়া ইনডাস্ট্রি ও জয়লক্ষ্মী ব্যাংক।

**কুম্ভকোনম** (Kumbakonam) : মদ্রাজ রাজ্য ; তাঞ্জোর জেলার নগর ; কাবেরী বদ্বীপে অবস্থিত। ইহা প্রাচীন চোল রাজাদের অন্যতম রাজধানী ছিল। এখনও এই স্থান সংস্কৃত চর্চার বিশিষ্ট কেন্দ্র। এখানে বহু শিব মন্দির আছে। কুম্ভমেলার ন্যায় এখানে মেলা হয়।... নানা শিল্পের কেন্দ্র। রেশমী কাপড়, লেস্, কাঁসার ও সীসার বাসন তৈয়ারি হয়। মদ্রাজ হইতে রেলপথে ১৯৪ মা। জন. ৯১,৫৮৬। এখানে ১২টি ব্যাংক আছে : সেন্ট্রাল, স্টেট প্রভৃতি।.

**কুম্ভনাড** (Kumbanad) : তিরু-কোচীন রাজ্যের শহর ; জন. ১৫,০৫৪। ২ ব্যাংক আছে।

**কুম্ভমেলা** (Kumbha Mela) : হিন্দুদের মহাতীর্থ। মাঘ-ফাল্গুনের মধ্যে একটি বিশেষ তিথিতে সূর্য যখন কুম্ভ রাশিতে প্রবেশ করে, সেই সময় কুম্ভযোগ হয়। ঠিক সেই সময় যে-দেশে কুম্ভরাশি অবস্থিত সেই দেশেই এই মেলা হয়। ১২ বৎসর অন্তর কুম্ভরাশি পুনরায় পুরাতন জায়গায় ফিরিয়া আসে। তাই বলিয়া সকলস্থানে মেলা হয় না। প্রয়াগের (ইলাহাবাদ) গঙ্গা যমুনার সঙ্গমস্থলের কুম্ভ মেলা বিখ্যাত। বহু সম্প্রদায়ের বহু সহস্র সন্ন্যাসী সমবেত হয়। সঙ্গমে স্নান মহাপুণ্য বলিয়া বিবেচিত হয়। ইলাহাবাদের মহামেলার কথা হুয়েনৎসাঙের ভ্রমণকাহিনীতে পাওয়া যায়; সম্রাট হর্ষবর্ধন এইখানে দানসাগর করিতেন। ১৯৫৪ প্রয়াগে পূর্ণকুম্ভ হয়। হিন্দুদের মতে এরূপ শুভ দিন বহুশত বর্ষমধ্যে আসে নাই। ...প্রয়াগ, দ্বারকা ও হরিদ্বারে কুম্ভমেলায় ধুমধাম বেশি।

**কুয়াইত** (Kuwait : ইরান উপসাগরের উত্তর-পশ্চিমে আরাবিয়ার অন্তর্গত স্বাধীন ক্ষুদ্র রাজ্য ; বিশেষ কতকগুলি শর্তে বৃটিশের সহিত আবদ্ধ। আ. ৫,৮০০ ব মা ; জন. ২ লক্ষ (আরব ছাড়া বহু সহস্র বেদুইন আছে)। শাসনকর্তা শেখ। ইনি পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ধনী। এই দেশে পেট্রোলিয়াম খনি পাওয়া গিয়াছে (১৯৩০)। কয়েকটি বিদেশী কোম্পানি তৈল নিষ্কাশন করিতেছে। শেখ মুনাফার অর্ধেক রাজস্ব হিসাবে পান। কুয়াইত নগরের কাছাকাছি সুবৃহৎ শিল্প-নগর, বন্দর, পোতাশ্রয়, বিমানঘাঁটি প্রভৃতি গড়িয়া উঠিয়াছে। বৎসরে প্রায় ১ হাজার তৈলবাহী জাহাজ (Tanker) বন্দর হইতে বিদেশে যায়। রাজধানী কুয়াইত (জন. ১,৮০,০০০) ইরান উপসাগরের মধ্যে সর্বোৎকৃষ্ট বন্দর।

**কুরডুওয়াডি** (Kurduwadi, Kurdwadi) : বোম্বাই ; সোলাপুর জেলার শহর ও বোম্বাই-মদ্রাজ রেলপথের জং স্টেশন (২৩৪ মা)। এখান হইতে পণ্ঢারপুর হইয়া ছোট রেল মিরাজ (১৫৩ মা) পর্যন্ত, ও বরসি হইয়া লাতুর পর্যন্ত (৯৬ মা) গিয়াছে। জন. ১০,৮০২। মিরাজ স্টেট ব্যাংক, সমবায় ব্যাংক।

**কুরনুল** (Kurnool) : অন্ধ্র রাজ্যের জেলা ও সাময়িক রাজধানী। জেলার উত্তরে তুঙ্গভদ্রা ও কৃষ্ণানদী এবং হায়দরাবাদ ; পূর্বে নেল্লর ও গুনটুর ; দক্ষিণে কুড্ডাপা ও অনন্তপুর ; পশ্চিমে বেল্লারী জেলা ছিল। বেল্লারী জেলার ৩টি তালুক এই জেলাভুক্ত হওয়ায় আয়তন বাড়িয়াছে। জনসংখ্যা ১২,৭০,৮৪৩ ছিল। বেল্লারির অংশ যুক্ত হওয়ায় জনসংখ্যা হইয়াছে ১৬,১৮,৬২১।—কুরনুল জেলা পূর্বে ছিল ৭,৮৩৯ ব মা। নূতন যোগ হইল ২,৩১৫ ব মা; মোট ১০,১৫৪ ব মা। ...অন্ধ্র রাজ্যের অস্থায়ী রাজধানী ; কৃষ্ণা নদীতীরে রায়লসীমার মধ্যে অবস্থিত। গুনটকল জং হইতে দ্রোণাচলম (৪২ মা)-সেকেন্দারাবাদ লাইনের মধ্যবর্তী স্টেশন (৩৪ মা)। কলিকাতা হইতে বিজয়বাড়া-সেকেন্দরাবাদ (৯৮২) হইয়া ১,১৩৩ মা। জন. ৬০,১১০। কানাড়া ইনডাস্ট্রি, অন্ধ্র, স্টেট, সেনট্রাল ব্যাংক।

**কুরলন্ড** (Courland) : বাল্টিক উপসাগর তীরস্থ দেশ। মধ্যযুগের স্বাধীন ২টি ডাচি,—কুরলন্ড ও জেমগালে (Semgallen) ; লিভোনিয়ার সহিত এইসব স্থান টিউটনিক নাইটদের দখলে ছিল। ১৫৬১ অব্দে পোলন্ড অন্তর্ভুক্ত হয়। ১৭৯৫-এ পো. ভাগাভাগি হইলে কুরলন্ড রুশিয়ার ভাগে পড়ে। ১ম মহাযুদ্ধের অন্তে

ইহা লাটভিয়ার ২ প্রদেশে পরিগণিত হয়। ১৯৪০ হইতে লাটভিয়া সো. সো. রিপাব্লিক হইয়াছে।

**কুরাম** (Kurram): নদী; আফগানিস্তান হইতে উঠিয়া উ.-প. সী. প্রদেশের মধ্য দিয়া সিন্ধুনদে পড়িতেছে। কুরাম গিরিপথের প্রবেশমুখে কোহাট নগর। তোচি কুরামের এক উপনদী। ...পাকিস্তানের যে ভূখণ্ড কুরাম নদীর অববাহিকায় অবস্থিত, তাহার আয়তন ৭৩৯ মা; জন. ৬৩ হা।

**কুরালি** (Kurali): প. পঞ্জাব; অম্বালা জেলার রূপার তহশীলের শহর; অম্বালা-সিরহিন্দ-নঙ্গাল বাঁধ ব্রড্-গেজ রেল লাইনের স্টেশন (৫২ মা)। জন. প্রায় ৫ হা। স্টেট ব্যাংক।

**কুরাশা, কুরাশো** (Curacao): দ. আমেরিকার ভেনেজুএলা রাজ্যের কিয়ৎ উত্তরে কারীব সাগরের ছয়টি দ্বীপসমষ্টি; ডাচ্ উপনিবেশ। কুরাশাও নামে প্রবাল প্রাচীর-বেষ্টিত দ্বীপে পেট্রোলিয়াম পাওয়া গিয়াছে। আ. ২১০ ব মা; জন. ৭৮ হা। বন্দর ও রাজধানী উইলেমস্টাড (Willemstad: জন. ৪৫,০০০)।

**কুরিয়া-মুরিয়া** (Kuria-Muria): আরব সাগরের দ্বীপপুঞ্জ; আরাবিয়ার দক্ষিণে। ১৮৫৪-এ ব্রিটিশরা মস্কাট-এর সুলতানের নিকট হইতে টেলিগ্রাফ-কেব্ল বসাইবার জন্য গ্রহণ করে। পূর্বে আদনের অন্তর্গত ছিল; ১৯৩১ হইতে পারস্য উপসাগর রেসিডেন্সির (P. Gulf Residency) অধীন।

**কুরিল দ্বীপপুঞ্জ** (Kuril Is.): প্রশান্ত মহাসাগরে সোবিয়েত রুশের অধিকৃত দ্বীপপুঞ্জ। জাপানী নাম চিশিমা। কামচাটকা উপদ্বীপ ও জাপানের মধ্যস্থিত ৩২টি আগ্নেয়দ্বীপ-সমষ্টি। মোট আয়তন ৬,১৬০ ব মা; জন. ৩০ হা। এখানে বহু উষ্ণ কুণ্ড আছে। সীল ও সামন মাছের চাষ হয়। ১৮৭৫-এ রুশ জাপানকে দ্বীপগুলি উ. সাখালিনের পরিবর্তে অর্পণ করে। ২য় মহাযুদ্ধে ১৯৪৫-এ জাপানের পরাভবের পর ইয়াল্টা-চুক্তি অনুসারে রুশিয়া দ্বীপগুলি ফিরিয়া পায়।

**কুরুক্ষেত্র** (Kuruksetra): প্রাচীন ভারতের সরস্বতী ও দৃষদ্বতী নদীর মধ্যবর্তী দেশ। পঞ্জাবের অম্বালা ও করনাল জেলার অন্তর্গত থানেশ্বর ও উহার চতুর্দিকস্থ ভূখণ্ড। কুরুরাজা এইখানে তপস্যা করেন বলিয়া কিংবদন্তী। কুরুক্ষেত্রে কৌরব ও পাণ্ডবদের যুদ্ধ হয়। হিন্দুদের বিশ্বাস এখানে ৩৬০টি তীর্থ আছে। একটি ৫১ পীঠের অন্যতম। ভৌগোলিক দিক হইতে এই স্থানের বৈশিষ্ট্য আছে। উ.-প. হইতে গঙ্গা-যমুনার উপত্যকা আক্রমণ করিতে হইলে উত্তরস্থিত শিবালিক পর্বত ও দক্ষিণের আরাবল্লী পাহাড়ের মধ্যবর্তী এই সমতল ক্ষেত্র দিয়া বহিঃশত্রুকে আসিতেই হইত। সেইজন্য এই অঞ্চলেই তিরোরী ও পানিপথের যুদ্ধসমূহ হয়।

**কুরুক্ষেত্র** (Kurukshetra): পূ. পঞ্জাব; করনাল জে.র থানেশ্বর তালুকের শহর; দিল্লী-কালকা রেলপথের জং স্টেশন (৯৭ মা); একটি শাখা রেল দিল্লী-ভাটিণ্ডা লাইনের নারওয়ানা (৫৪ মা) পর্যন্ত গিয়াছে। থানেশ্বর কুরুক্ষেত্র হইতে ২ মা দূরে। এখানে পঞ্জাবীদের বিরাট কলোনী। জন. ১১,২৭২। ...স্টেট ব্যাংক।

**কুরুজঙ্গল** (Kurujangal): প্রাচীনকালে হস্তিনাপুরের উ.-প. দিকে, বর্তমান সিরহিন্দ জেলায় এই বন ছিল। বৌদ্ধ যুগে শ্রীকণ্ঠদেশ নামে পরিচিত; ইহার প্রধান নগরী ছিল বিলাসপুর। মহাভারতে হস্তিনাপুরকে কুরুজঙ্গলের রাজধানী বলা হইয়াছে।

**কুরুনেগলা** (Kurunegala): সিংহলের উত্তর-পশ্চিম প্রদেশের জেলা; আ. ১,৮৪৪ ব মা। জন. ৪,৮৬,০৪২; কাণ্ডীয় সিংহলীদের সংখ্যা ৭৫%। এই জেলায় রবার (১৩,৭৭৫ একর) ও নারিকেলের চাষ (৩ লক্ষ একর) বৃদ্ধি পাওয়ায় বাহির হইতে আগত লোকের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। ... প্রামবেগো খনিজ এই জেলায় আছে।...প্রধান শহর কুরুনেগলা-র প্রাচীন নাম ছিল হস্তীগিরিপুর, ৪ শতকে সিংহলী রাজাদের রাজধানী। ...জন. ১৩,৩৭২।

**কুরুন্দবাদ (বড় তরফ)** (Kurandwad, Major): ভূতপূর্ব মহারাষ্ট্র করদরাজ্য। আ. ২০০ ব মা; জন. ৫২,৫৫২। রাজস্ব ২,৫৭,০০০১। কর ৯,৬১৯১। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ৪১,১২৫ টাকা ভাতা

পান।—শহর, জন. ৯,৭৪৪। কৃষ্ণা নদীর তীরে; বোম্বাই, কোলহাপুর জেলার অন্তর্গত। মিরাজ ও কোলহাপুর হইতে রাস্তা আছে; রেলপথ নাই। গণেশ ব্যাংক।

**কুরুন্দবাদ (ছোট তরফ)** (Kurandwad, Minor): ভূতপূর্ব মহারাষ্ট্র করদরাজ্য। আ. ১২৬ ব মা; জন. ৪৬,৬০১। রাজস্ব ২,৫০,০০০৲। কর লাগিত না। ভারতভুক্ত হইবার পর রাজা বার্ষিক ৫৬,০০০ টাকা ভাতা পান। প্রধান শহর মৈন দরগী। বোম্বাই, সোলাপুর জেলার অন্তর্গত।

**কুরুবিলমগড** (Kuruvilamgad): তিরু-কোচীন রাজ্যের শহর; জন. ১১,৪৩৬। ১ ব্যাংক আছে।

**কুর্গ** (Coorg): ভারতসরকারের 'গ' শ্রেণীর রাজ্য। মহীশূরের দক্ষিণে ক্ষুদ্র পার্বত্য অরণ্যময় দেশ। ১৮৩৪-এ ইংরেজদের অধিকারে আসে। চীফ কমিশনার কর্তৃক শাসিত; ব্যবস্থাপক সভায় ২০ জন সদস্য। আ. ১,৫৯৩ ব মা; জন. ২·৩০ লক্ষ ('৫০)। ঘনতা ১৪৫। ভাষা কানাড়ী ও কোড্‌গু; শেষোক্ত ভাষা কানাড়ীর উপভাষা মাত্র। এই স্থানের প্রাচীন নাম কোলগিরি, কোদণ্ড, কোলাবগিরি ইত্যাদি। বর্তমান রাজধানী মেরকারা। এই প্রদেশে অস্ত্র আইন প্রবর্তিত হয় নাই। কফী, চা, কমলালেবু, এলাইচ, গোলমরিচ, কলা উৎপন্ন হয়।

**কুর্দিস্তান** (Kurdistan): পশ্চিম এশিয়ায় তাইগ্রিস ও ইউফ্রাতেস্ নদীর উত্তর দিকে ৫ হইতে ১৫ হা ফুট উচ্চ তুর্কী, ইরাক ও ইরানের মধ্যে বিস্তারিত মালভূমি, কুর্দ নামে জাতির বাসস্থান। ইহারা ইরানীয় উপজাতি, অর্ধ যাযাবর, স্বাধীনতা-প্রিয়। অধিকাংশ মুসলমান; তবে নেস্টোরিয়ান খ্রীষ্টানও কিছু আছে। ১৯২৫-এ কুর্দরা বিদ্রোহী হইলে তুর্কীরা ইহাদের প্রায় নিঃশেষ করিয়া দেয়। বিচ্ছিন্ন কুর্দদের এক করিয়া একটি রাষ্ট্র গঠন করিবার আন্দোলন চলিতেছে। জন আনুমানিক ৩০ লক্ষ। এখান হইতে বৎসরে ১·১৭ লক্ষ পাউণ্ড মধু রপ্তানি হয়।

**কুলটি** (Kulti): বর্ধমান জেলা; আসানসোল মহ.র থানা। আ. ৩২ ব মা। জন. ১,২২,২১২। ঘনতা ৩,৭৬০। এই থানার অধিকাংশ স্থানই নানা শিল্পের কেন্দ্র; কুলটি, বরাকর, নিয়ামৎপুর, দিসেরগড় প্রভৃতি শিল্প-শহর এই থানার অন্তর্গত। দামোদর দক্ষিণে প্রবাহিত। ইহা পশ্চিম বঙ্গের শেষ থানা, ইহার পর বিহার। —শহর, দামোদর উপত্যকার কয়লা-খনি অঞ্চলে অবস্থিত; বিরাট সুবিন্যস্ত আধুনিক শিল্পনগর। লৌহ ও ইস্পাত কারখানা (IISCO—Indian Iron Steel Corporation)। ... গ্রানড কর্ড রেলপথের স্টেশন (১৩৩ মা)। আসানসোল হইতে ৯ মা পশ্চিমে। জন. ৩১,৩৬৩। হাজারকরা ৬৮৭ নারী। স্কুল, ডাক, টেলিগ্রাফ।

**কুলপী** (Kulpi): চব্বিশ পরগণা জেলা; ডায়মণ্ড-হারবার মহ.র থানা। আ. ১২৩ ব মা। জন. ১,৪০,১৮৭ ঘনতা ১,১৩৬। ...গ্রাম (জন. ৯৫১) কাকদ্বীপ যাইবার পথে পড়ে; ভাগীরথী তীরে, লক্ষ্মীকান্তপুর হইতে ৬ মা। ... পূর্বে কুলপীর নিকট জাহাজ নোঙর হইত। এই অঞ্চলে ধান্যাদির প্রচুর আবাদ হয়। ডাকঘর; পাঠশালা।

**কুলশেখর** (Kulashekar Patam): মদ্রাজ; তিরু-নেলবেলী জে.র শহর ও বন্দর; ব্যবসায়ের কেন্দ্র; ভারতের দক্ষিণতম রেল স্টেশন তিরুচেন্দুর-এর দক্ষিণে অবস্থিত। জন. ১৮,৭৯৭। ক্যাথলিক ব্যাংক।

**কুলাউড়া** (Kulaura): পূ. পাকিস্তান; ত্রিপুরা জেলার মৌলবীবাজার মহকুমার শহর। আ. বি. রেলপথের স্টেশন। চট্টগ্রাম হইতে ২০৫ মা। এখান হইতে সিলেট পর্যন্ত রেলপথ (৩০ মা) আছে। এই রেলপথ ফেঞ্চুগঞ্জে কুশিয়ারা নদী ও সিলেটে সুরমা নদীর উপর দিয়া গিয়াছে। মৌলবী বাজার হইতে সদর শহর পর্যন্ত মোটর পথ আছে।

**কুলিতালাই** (Kulitalai): মদ্রাজ; তিরুচ্চিনাপল্লী জে.র তালুক ও শহর। কোলেরুন নদীর নিকটে তিরু.-এরোদ রেলপথের স্টেশন (২৩ মা)। জন. ১১,৮০৩। অলকাপুরী, কারুর বৈশ্য, কুলিতালাই ব্যাংক।

**কুলিন্দ দেশ** (Kulinda): প্রাচীন ভারতের দেশ। উ. প্রদেশের সাহারানপুর ও গঢ়বাল জেলাদ্বয়ের কিয়-দংশের প্রাচীন নাম। স্থান ঠিক নির্দেশ করা কঠিন,

অবে প. হিমালয়ের পাদমূলে যে-স্থানে বিপাশা, শতদ্রু যমুনা ও গঙ্গার উৎপত্তি হইয়াছে সেই স্থানটি বলিয়া মনে করা হয়। প. টলেমির Kulindri।

**কুলিয়ার চর** ( Kuliar Char ) : ময়মনসিংহ জে.র কিশোরগঞ্জ মহ.র থানা। আ. ৩১ ব মা। ...ময়মন.-ভৈরববাজার শাখা রেলপথের স্টেশন ( ১৪ মা )।

**কুলীনগ্রাম** ( Kulingram ) : হুগলী জেলার চুঁচুড়া মহকুমার গ্রাম ; ধনিয়াখালি থানার অন্তর্গত জৌগ্রাম ( হাওড়া-বর্ধমান কর্ড রেলপথে ৪১ মা ) স্টেশন হইতে ৩ মা। বিখ্যাত বৈষ্ণব বসু রামানন্দ ঠাকুরের শ্রীপাট নামে খ্যাত। মালাধর বসু 'গুণরাজখাঁ' এই গ্রামবাসী। ইনি ইলিয়াসসাহী রুকনুদ্দীন বারবাক ( ১৪৫৯-৭৪ )-এর নিকট হইতে উপাধি প্রাপ্ত হন।

**কুলু উপত্যকা** ( Kulu valley ) : সিমলার উত্তরে পঞ্জাব রাজ্যের উপত্যকা। এই উপত্যকার দক্ষিণে বিপাশা নদী প্রবাহিত। অমৃতসর জং হইতে রেলে পাঠানকোট-নাগ্রোটা ( শেষ রেল স্টেশন ) যাইয়া অবশিষ্ট পথ মোটরে যাইতে হয়। সমগ্র উপত্যকা ৫টি কেন্দ্রে বিভক্ত। কুলু বা সুলতানপুর প্রধান শহর ; ৪০০০ ফুট উচ্চে অবস্থিত। এখানকার প্রাকৃতিক দৃশ্য অতি মনোরম ; ভ্রমণকারীদের লোভনীয় স্থান। কাংড়া-উপত্যকা ইহার সংলগ্ন। কুলু উপত্যকার ফলের চাস বিখ্যাত। ... বাজোরার মহাদেবের মন্দিরে বিষ্ণুমূর্তি ১০ শতকের ভাস্কর্য। কুলুর জন. ৩,৬১৪। প. ন্যাশনাল, দেরাজত ব্যাংক।

**কুশমণ্ডী** (Kushmandi) : পশ্চিম দিনাজপুর জে.র রায়গঞ্জ মহ.র থানা। গ্রাম ২২৩। আ. ১২০ ব মা। জন ৫৬,৩১৪।...বাণরাজা, উষা ও অনিরুদ্ধর কাহিনী এই সকল স্থানের সহিত জড়িত। নিকটে প্রাচীন রাজধানী পঞ্চনগর। দুই মা দূরে মহীপালদীঘি ( দ্র. )।

**কুশদহ** ( Kushdaha ) : চব্বিশ পরগণার গোবরডাঙা, বনগাঁ প্রভৃতি স্থান প্রাচীন কালে কুশদহ নামে খ্যাত ছিল। 'কুশদহ' নামে একখানি মাসিক পত্রিকা বহু বৎসর প্রকাশিত হইয়াছিল।

**কুশলগড়** ( Kushalgarh ) : রাজপুতনার ক্ষুদ্র করদ রাজ্য। আ. ৩৪০ ব মা ; জন. ৪১,১৫৩ ( '৪১ )। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৩৪,৭৭৬ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে রাজস্থানের জেলা বনসওয়ারার মহকুমা। আ. ৭৩৮ ব মা। জন. ১,৩৬,১৬০। বৃদ্ধি ২১.২% ; ঘনতা ১৮৪। ... কুশলগড় মিউনি. শহর ( জন. ৪,১২১ ) বোম্বাই ও মধ্য ভারতের সীমান্ত হইতে কয়েক মাইলের মধ্যে অবস্থিত ; রেল নাই।

**কুশস্থলী** ( Kushasthali ) : দ্বারকার প্রাচীন নাম। ইক্ষ্বাকুর ভাগ্নেয় আনর্ত কর্তৃক স্থাপিত সমস্ত দেশ আনর্তদেশ নামেও পরিচিত ছিল। শ্রীকৃষ্ণ এই পরিত্যক্ত নগরীর উপর দ্বারকা স্থাপন করেন।

**কুশাবতী** ( Kushavati ) : এই নামে অনেকগুলি নগর প্রাচীন ভারতে ছিল। (১) শ্রীরামচন্দ্রের পুত্র কুশ স্থাপিত নগর। গুজরাতের বরোচ ( ভৃগুকচ্ছ ) হইতে ৩৮ মা উ.-প.-এ। (২) লাহোরের নিকট কসুর নামক স্থান। (৩) কুশস্থলীর এক নাম।

**কুশীনগর, কুশীনারা** (Kushinagar,—Kushinara) : প্রাচীন নাম কুশাবতী ; বুদ্ধের মহানির্বানের স্থান। অশোক এখানে তিনটি স্তূপ রচনা করেন। বর্তমানে গোরখপুর জেলার কাসিয়া (Kasia) নামক গ্রামে বহু প্রাচীন প্রত্নতাত্ত্বিক চিহ্ন পাওয়া যাওয়ায় এই স্থান কুশীনগর বলিয়া সাব্যস্ত হইয়াছে। ...মল্ল নামে জাতির রাজধানী কুশাবতী। বুদ্ধদেবের মৃত্যু হইলে মল্লরা চক্রবর্তীরাজ সম্মানে অন্ত্যেষ্টি ক্রিয়া করে ও সেইস্থানে স্তূপ নির্মাণ করিয়া দেয়। ...১৯৫৬ সালের বুদ্ধজয়ন্তী উপলক্ষ্যে দেওরিয়া রেলপথ কুশীনগর পর্যন্ত নির্মিত হইতেছে।

**কুশী, কোশী, কৌশিকী নদী** (Kosi) : দ্র. কোসী।

**কুষ্টিয়া** (Kusthia) : পূর্ব পাক ; রাজশাহী বিভাগের জেলা ও সদর শহর। ভারত বিভাগের সময় ১৯৪৭-এ তদানীন্তন নদীয়া জেলার কুষ্টিয়া, চুয়াডাঙা ও মেহেরপুর মহকুমা তিনটি লইয়া এই জেলা নূতন করিয়া গঠিত হয়। আ. ১,৩০০ ব মা ; জন. ৮,৯৫,০০০।

—শহর গড়াই নদীর উপর। এই নদী বর্তমানে মজিয়া গিয়াছে। কলিকাতা ১১১ মা। এখানে মোহিনী মিল্‌স কাপড়ের কল। পূর্বে পদ্মা এখানে

ছিল। ১৮৬২-তে শিয়ালদহ-রানাঘাট-কুষ্টিয়া লাইন খোলা হয় (পূ. বঙ্গ রেলপথ, E. B. Ry.)। কুষ্টিয়া মহ.র আ. ৬৫৭ ব মা। ৬ থানা। থানার আ. ১২৩ ব মা।

**কুস্কো** (Cuzco) : দ. আমেরিকা; বলিভিয়া রাজ্যের নগর; ১১,৪০০ ফুট উচ্চ মালভূমের উপর অবস্থিত। ইহা ইন্কা (Inca) সভ্যতার কেন্দ্র ছিল। ইন্কা সূর্য মন্দির আদি ও তৎপূর্ববর্তী সভ্যতার বহু স্থাপত্য-নিদর্শন বিদ্যমান। পর্বতগাত্রে ধাপে ধাপে বহু বিস্তৃত কৃষিক্ষেত্র আছে; তাহা হইতে অনুমান করা হয় যে স্পেনীশ আক্রমণের সময়ে এখান ২ লক্ষাধিক লোকের বাস ছিল। জন. ৪৫ হা। বিমান বন্দর।

**কৃষ্ণগঞ্জ** (Krishnaganj) : নদীয়া জেলার কৃষ্ণনগর সদর মহকুমার থানা। আ ৫৮ ব মা; জন. ৩৮,৭০০। ঘনতা ৬৬৩। কলিকাতা-বানপুর রেলপথের উনশেষ স্টেশন মাজদিয়া (৬৬ মা)-র পশ্চিমে কৃষ্ণগঞ্জ অবস্থিত (জন. ১,১৭২)। পূর্বে কিছু দূর গেলেই পূর্ব-পাকিস্তান বা যশোহর জেলা।

**কৃষ্ণনগর** (Krishnagar) : নদীয়া জেলার মহকুমা। আ. ৯৬৯ ব মা; জন. ৭,০২,৮৭১। গ্রাম ৬৮৭। থানার আ. ১৩৮ ব মা। জন. ১'৫৮ লক্ষ। ঘনতা ১'১৪১। গ্রাম সংখ্যা ১০৯। ... শহর জেলার সদর। জলাঙ্গি নদীর বাম তটে, রানাঘাট জং হইতে ১১ মা দূরে অবস্থিত; শান্তিপুর হইতে ট্রেন ও বাস্ সার্বিস আছে। এখানকার পূর্ব নাম বোধহয় ছিল রেউই; সেখানকার জমিদার রাঘবের পুত্র রুদ্ররায় শ্রীকৃষ্ণের নামানুসারে এই গ্রামের নাম রাখেন কৃষ্ণগঞ্জ বা কৃষ্ণনগর। সেই হইতে ইহা কৃষ্ণনগরের মহারাজাদের বাসভূমি; এই বংশের বিখ্যাত রাজা কৃষ্ণচন্দ্র। ... কৃষ্ণনগরের এক পাড়ার নাম ঘূর্নি, মাটির খেলনা ও পুতুলের জন্য বিখ্যাত। ... এখানকার কলেজ ১৮৪৫-এ স্থাপিত। মিউনি. ১৮৬৪-এ প্রতিষ্ঠিত হয়। শহরে কয়েকটি খ্রীষ্টান মিশন আছে। ... বঙ্গচ্ছেদের পর ১৯৪৭ হইতে বহু সহস্র উদ্বাস্তু এই শহরে ও মহকুমার নানাস্থানে আসিয়া বাস করিতেছে। ...গবর্নমেন্ট এখানে ফল উৎপাদন বিষয়ে গবেষণাগার, পাটবীজ উৎপাদন প্রভৃতি প্রতিষ্ঠান স্থাপন করিয়াছেন। বিজলী, টেলিফোন। ব্যাংক: স্টেট, ইউনাইটেড, সমবায়। জন. ৫০,০৪২। ১৯৪১-এর পর ১৮ হা বাড়িয়াছে; পঞ্চাশ বৎসর পূর্বে (১৯০১)-র ছিল ২৪,৫৪৭। বহু দশক ম্যালেরিয়ার জন্য শহরের জনসংখ্যা স্বাভাবিক ভাবে বাড়ে নাই। এখন প্রায় ম্যা. শূন্য।

**কৃষ্ণরাজনগর** (Krishnarajanagar) : মহীশূর রাজ্যের শহর; ম. হইতে ৯ মা দূরে। জন. ৭,৮৭৯। মহীশূর ব্যাংক।

**কৃষ্ণরাজ সাগর** (Krishnaraja Sagar) : মহীশূর নগরের নিকটবর্তী জলাধার; ১৪ মা দীর্ঘ ও ৭ মা পর্যন্ত প্রসস্থ। কাবেরী নদীতে বাঁধ দিয়া এই বিশাল জলাধার নির্মিত হইয়াছে। কৃষির জন্য জলসেচন ও জলবিদ্যুৎ উৎপাদনের জন্য জল সরবরাহ হয়। বাঁধের নিচে বৃন্দাবন উদ্যান অতি মনোরম স্থান। (১৪০ ফুট উচ্চ; ৮,৬০০ ফুট দীর্ঘ কন্‌ক্রীট)।

**কৃষ্ণসাগর** (Black Sea) : গ্রীক নাম ইউক্সাইন (Euxine)। ইউরোপ ও এশিয়ার মধ্যস্থিত সাগর। এই সাগর হইতে বসপরাস প্রণালী, মর্মর সাগর ও দার্দনলিস প্রণালী দিয়া ভূমধ্যসাগর যাওয়া যায়। উত্তরে আজভ সাগরের সহিতও যোগ আছে। আ. ১,৬৪,০০০ ব মা। গড় গভীরতা ৩,৯০০ ফুট। জলের উপরিভাগ নিম্নতল হইতে কম লবণ স্বাদযুক্ত। উত্তর ও পূর্বে সোবিয়েত দেশ। বন্দর ওডেসা, সেবাস্তোপোল, বাটুম প্রভৃতি। পশ্চিমে বুলগেরিয়া ও তুরস্ক। দক্ষিণেও তুরস্ক। দানিউব, নিপার (Dniper) ও বহু নদী এই হ্রদে পড়িতেছে।

**কৃষ্ণা** (Krishna; Kistna) : অন্ধ্ররাজ্যের জেলা। ১৯২৫-এ এই জেলার কিয়দংশ পশ্চিম গোদাবরী নামে নূতন জেলার অন্তর্গত করা হয়। উ.—হায়দরাবাদ; প.—কৃষ্ণা নদী; পূ.—বঙ্গোপসাগর। আ. ৩০৬০ ব মা। জন. ১৭'৮০ লক্ষ। রাজধানী মছিলীপট্টণম কৃষ্ণা নদীর তীরে। জেলায় ৯ তালুক। বিজয়বাড (Vijayavada : Beswada) এই জেলার বড় জংসন ও শহর।......জায়গ্গায়াপেট (Jaggayyapeta) নামক স্থানে ২৬'৯০ লক্ষ টন চুনাপাথরের সন্ধান

পাওয়া গিয়াছে ; ইহা হইতে উৎকৃষ্ট সিমেণ্ট প্রস্তুত হইবে।

**কৃষ্ণা** (Kistna river) : দ. ভারতের নদী ; দীর্ঘ ৮০০ মা। পশ্চিমঘাট হইতে উঠিয়া পূর্ব বাহিনী হইয়া অধিকাংশ পথ হায়দরাবাদ ও অন্ধ্রর সীমান্ত রূপে প্রবাহিত হইয়া বঙ্গোপসাগরে পড়িতেছে। নদী নাব্য নহে। অনেকগুলি বাঁধ বাঁধিয়া জলসেচনের বিস্তৃত ব্যবস্থা করা হইয়াছে। প্রধান উপনদী—তুঙ্গভদ্রা, ভীমা, মালপ্রভা। সমস্ত বাঁধের কাজ শেষ হইলে ২,৫০,০০০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইবে ও বিভিন্ন খালের দ্বারা ৪২ লক্ষ একর জমি সেচ পাইবে। নদীর মোহনায় বহু দূর বিস্তৃত বদ্বীপ।

**কেউঁনঝর** (Keonjhar) : পূর্বতন ঈ. স্টেটস এজেন্সির করদরাজ্য। আ. ৩,২০৬ ব মা ; জন. ৫,২৯,১৮৬ ('৪১) ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,১১,৫০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে উহা ওড়িশার জেলা। উ.—বিহারের সিংহভূম জে. ; উ.-পূর্বে—ময়ূরভঞ্জ ; দ.—ঢেন্‌কানাল ও কটক। পূ.—ময়ূরভঞ্জ ও বালেশ্বর। বৈতরণী নদী উত্তরাঞ্চলে প্রবাহিত। বৃষ্টি ৪৬"।...আ. ৩,২১৬ ব মা। জন. ৫,৮৮,২৭১।... ৩ মহকুমা : সদর, আনন্দপুর ও চাঁপুয়া।...অধিবাসী ওড়িয়া ও আদিম।..এখানকার লৌহ আকর পৃথিবীর শ্রেষ্ঠ আধারের অন্যতম, ক্রোমিয়াম, মাঙগানীজ প্রভৃতিও প্রচুর ; জামসেদপুরে লৌহ কারখানার লৌহ-চুর প্রধানত এই জেলা ও ময়ূরভঞ্জ হইতে সরবরাহ হয়।...কেউনঝর সদর শহরের নিকট কোনো রেল-স্টেশন নাই ; কলিকাতা-মদ্রাজ রেলপথে জাজপুর-কেউনঝর রোড্‌ স্টেশন (২১০ মা) হইতে ৭১ মা দূরে সদর শহর। স্টেট বাস্ সার্বিস আছে। জন. ৯,৩৪৩। সমবায় ব্যাংক।

**কেওনথল** (Keonthal) : পূর্বতন পঞ্জাব করদরাজ্য ; সিমলার চতুর্দিকে অবস্থিত। আ. ২৫৬ ব মা ; জন. ৫১,৬৪৫ ('৪১) কেওনথলের রাজাকে পার্শ্বের অনেকগুলি পাহাড়ীরাজা কর দিতেন। রাজ্য ভারতভুক্ত হইলে করদাতা উপরাজাদিগকে এবং কে.-এর রাজাকে ভাতা দেওয়ার ব্যবস্থা হয় ; কে.-রাজ ৩৯,৭০০ টাকা ভাতা পান। ১৯৪৮ হইতে হিমাচল প্রদেশ অন্তর্গত।

**কেকয়** (Kekaya) : প্রাচীন ভারতের রাজ্য ; পঞ্জাবের বিপাশার অপর তীরবর্তী দেশ। পঞ্জাবের শাহপুর জেলা বলিয়া অনুমিত।...দশরথের অন্যতমা রানী কৈকেয়ীর দেশ।

**কৈগল্লা** (Kegalla) : সিংহলের সবরগমুয়া প্রদেশের জেলা। আ. ৬৪২ ব মা ; জন. ৪,০১,৭৬২। রবার ও চা-এর বাগানে আকৃষ্ট হইয়া বহু লোক বাহিরের জেলা হইতে আসিয়াছে। ভারতীয় তামিলের সংখ্যা ৫২ হাজারের উপর। ...কেগল্লা শহরেরজন ৪,৯০৩।

**কে-টু** (K 2) : দ্র. গডউইন-অস্টেন পর্বতশৃঙ্গ।

**কেতুগ্রাম** (Ketugram) : বর্ধমান জেলা ; কাটোয়া মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১৩৭ ; জন. ৯৭,৫৩০। ঘনতা ৭১১। এই থানার পশ্চিমে বীরভূমের নানুর থানা ; পূর্বে ভাগীরথী। কেতুগ্রাম একটি পীঠস্থান, দেবীর বাম বাহু পড়িয়াছিল বলিয়া বিশ্বাস। কাটোয়া-আহমদপুর লাইনের অম্বল গ্রাম স্টেশন হইতে কেতুগ্রাম ৩ মা পশ্চিমে অবস্থিত। জন. ৩,২৩৩। উচ্চ বিদ্যালয়, পাঠশালা, ডাকঘর, রেজি. অপিস (১৮৭৫) আছে।

**কেদা** (Kedah) : মালয় ফেডারেশনের ব্রিটিশ-আশ্রিত স্বাধীন মুসলমান সুলতানরাজ্য। আ. ৩,৬৬০ ব মা ; জন. ৬,৩৪,২০৭ ('৫২)। ইহার মধ্যে ৫০ হাজারের উপর ভারতীয়। চাল, রবার, নারিকেল প্রধান উৎপন্ন দ্রব্য। রাজধানী অলোর স্তার (Alor Star, জন. ৩৭,৭০০)। ...এই দেশ প্রাচীনকালে শ্রীবিজয় হিন্দুসাম্রাজ্য অন্তর্গত ছিল ; ১৪ শতকে জাভানীদের দখলে আসে ও ১৫ শতকে ইসলাম প্রবেশ করে। ১৮২১ হইতে ১৯০৯ পর্যন্ত থাইদেশের আয়ত্তে ছিল ; শেষ বৎসরে ব্রিটিশ শাসনাধীন হয়।

**কেদারনাথ** (Kedarnath) : উত্তর প্রদেশ ; গড়বাল জেলার হিন্দুতীর্থস্থান। ১১,৭৫৩ ফুট উচ্চে হিমালয়ের উপর মন্দির অবস্থিত। কে. গিরিশৃঙ্গ ২২,৭৭০ ফুট উচ্চ, গ্রাম হইতে ৫ মা উত্তরে। বহু যাত্রী কেদারনাথে তীর্থ করিতে আসে। এখানকার রাওয়াল বা প্রধান পুরোহিত মহীশূর বা দাক্ষিণাত্যের জঙ্গম সন্ন্যাসী সম্প্রদায়ভুক্ত হইয়া থাকেন।

**কেদারপুর** ( Kedarpur ) : পূ. পাকিস্তান ; ফরিদপুর জেলার মাদারিপুর মহ.র গ্রাম ; কেদার রায়ের অসম্পূর্ণ অট্টালিকার ধ্বংসাবশেষ দেখা যায়। মেঘনা নদী আড়াই মা পূর্বে ; অপর পারে ত্রিপুরা জেলার চাঁদপুর। কেদার রায় ও চাঁদ রায়ের নামানুসারে এই দুই স্থানের নাম বলিয়া অনুমান করা হয়।

**কেন নদী** ( Ken river ) : মধ্যপ্রদেশ ; বিন্ধ্য পর্বতে উঠিয়া সাগর জেলা, বিন্ধ্য প্রদেশ ও উ. প্রদেশ হইয়া যমুনায় পড়িতেছে। চম্বল, কেন, বেতোয়া ও নর্মদা ২০ মা স্থানের মধ্য হইতে উঠিয়া নানা দিকে গিয়াছে।

**কেঁদুলি, কেন্দুলি, কেন্দুবিল্ব** ( Kenduli ) : বীরভূম জেলার সদর মহকুমার ইলামবাজার থানার গ্রাম। জয়দেবের জন্মভূমি। অজয় নদের তীরে। বোলপুর হইতে পশ্চিমে ২৫ মা। পৌষ সংক্রান্তিতে বিরাট মেলা হয়। নানা দেশ হইতে সন্ত, সন্ন্যাসী ও বিশেষ-ভাবে বহুশত বাউলের সমাগম হয়। ... এখানকার মন্দিরের সেবায়েত মোহান্তের বিশাল ভূসম্পত্তি আছে।

**কেন্ট** ( Kent ) : ইংলন্ডের দ.-পূর্বের কাউন্টি। এখান-কার রাজা এথেলবার্ট ৫৯৭-অব্দে সর্বপ্রথম খ্রীষ্টান ধর্ম গ্রহণ করেন। ... হেংগিস্ট ও হোরসা নামে জারমান জাতীয় সাহসিকরা এইখানে সর্বপ্রথম ব্রিটনদের এক রাজার দ্বারা আহূত হইয়া আসে ও উপনিবেশ গড়ে ( ৪৪৯-৫৪ )।

**কেন্টাকি** ( Kentucky ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; মিসিসিপি-অববাহিকায় অবস্থিত। ১৭৬৫-এ প্রথম উপনিবেশ ; ১৭৯২-এ যুক্তরাষ্ট্রভুক্ত হয়। আ. ৪০,৩৯৫ ব মা ; জন. ২৯.৪৫ লক্ষ ('৫০)। এখানকার ঐরাবত-গুহার (Mammoth Cave) ভিতর বহু মাইল পাতাল পথ আছে। বহু সহস্র ভ্রমণকারী এই সব দেখিতে আসে। কৃষি-প্রধান দেশ হইলেও কয়লা, পেট্রো-লিয়ম, স্বাভাবিক গ্যাস পাওয়া যায়। রাজধানী ফ্রাংকফোর্ট ( Frankfort )। লুইসভিল সর্ববৃহৎ নগর। কেন্টাকি রেড ইন্ডিয়ান শব্দ, অর্থ 'গাঢ় রক্তবর্ণ মৃত্তিকা'।

**কেন্টারবেরি** ( Canterbury ) : ইংলন্ডের কেন্ট কাউন্টির প্রধান শহর ; রোমানযুগের স্থাপিত। ইংলন্ডের চার্চের প্রধান আর্চবিশপের পীঠস্থান। ৫৯৭-অব্দে সাধু অগস্টাইন এইখানে প্রথম খ্রীষ্টান ধর্ম প্রচার করে রোম হইতে আসেন। জন. প্রায় ৩০ হা।

**কেনসাল গ্রীন** ( Kensal Green ) : লন্ডনের নিকট-বর্তী কবর স্থান। এইখানে বহু বিখ্যাত ইংরেজ গ্রন্থকারের সমাধি আছে। দ্বারকানাথ ঠাকুরের সমাধি এখানে ( ১৮৪৬ )।

**কেনান** ( Canaan ) : ফিলিস্তান ( Palestine )-এর প্রাচীন নাম। ভূমধ্যসাগরের এশিয়া-উপকূলে কেনানীরা বাস করিত। ইহুদীরা যখন এখানে উপ-নিবেশ স্থাপন করিতে আরম্ভ করে, তখন কেনানীরা ছিল সে দেশের মালিক।

**কেনিয়া** ( Kenya Colony and Protectorate ) : নিরক্ষীয় পূর্ব আফ্রিকায় অবস্থিত ব্রিটিশ কলোনি ও আশ্রিত দেশ। পূ.—সোমালিয়া ও ভারত মহাসাগর ; দ.—টাঙ্গানিকা ; প.—উগানডা ; উ.—ইথিওপিয়া। আ. ২,২৪,৯৬০ ব মা। জন. ৫৭,৫০,০০০ ('৫২)। ইউরোপীয় ৪০,০০০ ; এশিয়ান ১.৬ লক্ষ। উপকূল ভাগে আরবদের বাস ; মধ্যভাগে বান্টু জাতীয় আদিবাসীরা প্রবল।

১৮৮৮-১৯০৫ পর্যন্ত ইহা ইম্পিরিয়াল ব্রিটিশ পূর্ব আফ্রিকা কোম্পানির জমিদারি ছিল। ১৯০৬-এ প্রথম ব্রিটিশ উপনিবেশ ও ১৯২০ পর্যন্ত এই দেশ ব্রিটিশ পূর্ব আফ্রিকা নামে পরিচিত ছিল। ১৯২০ 'কেনিয়া' ব্রিটিশ ক্রাউন কলোনি ও প্রোটেক্টরেট নাম হয়। বর্তমান কলোনি ৫টি প্রদেশ ও ১টি রাজধানী-জেলায় বিভক্ত। কেনিয়া প্রোটেক্টরেটের অন্তর্গত উপকূলের একটি অঞ্চলের জন্য জাঞ্জিবারের সুলতানকে এখনও বাৎসরিক ১০ হাজার পাউণ্ড খাজনা দিতে হয়। কলোনি ও প্রোটেক্টরেটের একই শাসন সরকার। গবর্নর-তথা-জঙ্গীলাট দেশের শাসনকর্তা ও রক্ষাকর্তা ছিলেন ; ১২ জন সদস্যের এক পরিষদ দেশ শাসনে সহায়তা করিত। ১৯৫২-র সাধারণ নূতন সংবিধান অনুসারে নির্বাচনের পর সভা-পতি ( গবর্নর ), সহ-সভাপতি ( আইন সভার অধ্যক্ষ ) ছাড়া ৫৪ জন সদস্য লইয়া সাম্প্রদায়িক

ভিত্তিতে আইনসভা ও ১৯৫৪ হইতে একটি মন্ত্রি-পরিষদ গঠিত হইয়াছে। ...রাজধানী নাইরোবি (Nairobi); জন. ১ লক্ষ। কেপটাউন হইতে ৩,৬৬২ মা। পোতাশ্রয় মোম্বাসা (কিলিন্দিনি)। উৎপন্ন দ্রব্য—কফি, তুলা, চীনাবাদাম, ভুট্টা, গম, চিনি, নারিকেল। বনসম্পদ পর্যাপ্ত। খনিজ স্বর্ণ সোডাঅ্যাশ ইত্যাদি। রাষ্ট্র পরিচালিত রেলপথ। কেপটাউন হইতে কায়রো পর্যন্ত গ্রেট নর্থ রোড কেনিয়ার মধ্য দিয়া গিয়াছে। বর্তমানে আফ্রিকানদের মধ্যে জাতীয়তাভাব দেখা দিয়াছে। কি-কিউ উপজাতির মাউ মাউ (দ্র.) দল শ্বেতাঙ্গ নিধনের জন্য বদ্ধ-পরিকর। অন্যদিকে ভারতীয়দের তাড়াইবার জন্য নিয়মাদি হইতেছে। ১৯৫২ অক্টোবরে মাউ-মাউ আন্দোলন সম্বন্ধে তথ্যাদি সংগ্রহের জন্য রয়েল কমিশন বসে।... কেনিয়ার যে অংশ উপজাতির জন্য নির্দিষ্ট সেখানে জন ঘনতা অত্যন্ত অধিক বলিয়া জমির উর্বরা শক্তি ক্রমেই হ্রাস পাইতেছে; অথচ কলোনীতে প্রচুর জমি; সেখানে শ্বেতাঙ্গদের ক্ষেত ও খামার।

**কেনিলওয়ার্থ** (Kenilworth): ইংলন্ডের ওয়ারউইক-শায়ারের ক্ষুদ্র শহর। এখানকার মধ্যযুগীয় দুর্গ-প্রাসাদে রানী এলিজাবেথকে লীচেস্টারের ডিউক আপ্যায়ন করেন। ওয়াল্টার স্কটের উপন্যাস কেনিলওয়ার্থ-এ এই ঘটনা বিবৃত আছে।

**কেন্দুবিল্ব**: দ্র. কেঁদুলি।

**কেন্দুয়া** (Kendua): ময়মনসিংহ জেলা; নেত্রকোনা মহ.র থানা; আ. ১১৬ ব মা। গ্রাম নেত্রকোনার দক্ষিণে। ডাকঘর।

**কেন্দ্রাপড়া** (Kendrapara): ওড়িশা রাজ্যের কটক জেলার মহকুমা। আ. ৯১৭ ব মা। জন. ৫,২৬,৪৭২। থানা ৬টি। কে. থানার আ. ১৫৪ ব মা। জন. ১২৭,১৮৪। গ্রাম ৩২৭। শহর ১২,২৫৩। কেন্দ্রাপড়া রোড্ স্টেশন কলিকাতা হইতে ২৫২ মা কটকের পূর্বের স্টেশন।

**কেপ অব গুড হোপ** (Province of Cape of Good Hope, Kaapland): আফ্রিকার দক্ষিণতম অংশে দ. আফ্রিকা ইউনিয়নের একটি প্রদেশ; সংক্ষেপে কেপ প্রদেশ বা কাপলন্‌ড বলা হয়। আ. ২,৭৮,৮৩৯ ব মা; জন. শ্বেতাঙ্গ ৯,৩৬,১০৯ ('৫১), এশীয়ান ১৭,৮১৮; বান্টু ২৪,৮৫,৬৮৬; অন্যান্য ৯,৮২,০১১ ('৫১)। চারিটি মিত্র আদিম রাজ্য ইহার অন্তর্গত। ...১৪৫০-এ পোর্তুগীজদের দ্বারা প্রথম আবিষ্কৃত। ১৪৮৬ পোর্তু. নাবিক ডিআজ (Diaz) বর্তমান কেপ টাউনের নাম দেন Cape of Storms। ১৬৫২-তে এই প্রদেশ ওলন্দাজদের উপনিবেশ হয়। হলন্‌ড যখন নেপোলিয়নের মিত্র সেই সময় ১৮১৪-অব্দে ইংরেজের অধিকারে আসে। শান্তি স্থাপনের পর অধিকাংশ দেশ মূল অধিকারীকে ফেরত দেওয়া হয়। কিন্তু ইংরেজ কেপ অব গুড হোপ ফেরত দেয় নাই, কারণ ভারতে আসিবার পথে ইহা অত্যন্ত অনুকূল আশ্রয় ও ঘাঁটি। ফলে বহু ডাচ অধিবাসী দক্ষিণাংশ ত্যাগ করিয়া উত্তরে চলিয়া যায় ও অরেঞ্জ নদীর ধারে এবং ভাল (Vaal) নদী পার হইয়া (Transvaal) উপনিবেশ স্থাপন করে। ইহারা বুয়র নামে খ্যাত। কেপ প্রদেশে ১৮৫০-এ পার্লামেণ্ট স্থাপিত হয়; ১৯১০-এ দ. আফ্রিকা ইউনিয়নের সহিত একত্র হয়। প্রদেশ শাসনের জন্য পাঁচ বৎসরের জন্য গবর্নর-জেনারেল কর্তৃক এডমিনিস্ট্রেটর নিযুক্ত হন। প্রদেশ-পরিষদে ৫৬ সদস্য ৫ বছরের জন্য নির্বাচিত হন। ইহা ছাড়া একটি এক্‌সিকিউটিব কমিটি আছে। রাজধানী কেপটাউন। বন্দর পোর্ট এলিজাবেথ (১,৮৮,৮৯২); এখানে রোমান-ডাচ আইন ও ইংরেজ আইন চলে। সরকারী ভাষা ইংরেজি ও আফ্রিকান্‌স বা ওলন্দাজী উপভাষা।

**কেপ কোমোরিন** (Cape Comorin): দ্র. কুমারিকা।

**কেপ টাউন** (Cape Town): দ. আফ্রিকা ইউনিয়ন ও কেপ প্রদেশের (Cape Colony) রাজধানী। ১৬৫২ ডাচদের দ্বারা স্থাপিত। ১৮০৬ হইতে ইংরেজের দখলে আসে। জন ৫,৭৭,২১১ ('৫১)। শ্বেতাঙ্গ ২,৪৭,৪৪২; অশ্বেতাঙ্গ ৩,২৯,৭৬৯। আফ্রিকার বাণিজ্য ও সংস্কৃতির কেন্দ্র; বিশ্ববিদ্যালয়, গ্রন্থাগার, আফ্রিকান মিউজিয়াম প্রভৃতি আছে।

**কেপ ভার্ড দ্বীপপুঞ্জ** (Cape Verde. Is.): আফ্রিকার

পশ্চিম উপকূলস্থ ভার্দ অন্তরীপ হইতে ৩৫০ মা পশ্চিমে অতলান্তিক মহাসাগরের দ্বীপপুঞ্জ; দুইটি গুচ্ছে বিভক্ত। আ. ১,৫৫৭ ব মা; জন. ১,৪৭,৩২৮ ('৫০)। উৎকৃষ্ট কফি উৎপন্ন হয়। মৎস্যব্যবসায় বিখ্যাত। রাজধানী ও বন্দর প্রাইআ (Praia, জন. ৬,০০০)। এই দ্বীপপুঞ্জ পোর্তুগলের উপনিবেশ (১৪৪১-৫৬)। ১৮৭৭ হইতে স্ট্যাম্প প্রচলিত।

**কেম্‌নিৎটজ** (Chemnitz): পূর্ব জারমানির শহর। মধ্য যুগ হইতেই বয়নশিল্পের জন্য খ্যাত। ১৯ শতকে নিকটে কয়লা-খনি আবিষ্কৃত হওয়ায় বহু শিল্পের কেন্দ্র হইয়াছে। জন. ২·৫০ লক্ষ। ইহাকে স্যাকসনীর মানচেস্টার বলা হইত। ২য় মহাযুদ্ধের সময় নগরের প্রায় অর্ধাংশ ধ্বংস হয়; মধ্যযুগীয় বহু প্রাসাদ, চার্চ প্রভৃতি নিশ্চিহ্ন হইয়াছে।

**কেমব্রিজ** (Cambridge): (১) ইংলন্‌ডের কাউন্‌টি ও শহর। ক্যাম (Cam) নদীর উপর কয়েকটি সেতু (bridge) ছিল, তাহা হইতে শহরের নাম হয়। লন্‌ডন ৫১ মা দক্ষিণে। জন. ৯০,৯১০ ('৫৩)।

(২) মার্কিন যুক্তরাষ্ট্রে মাসাচুসেট্‌স স্টেটের শহর; এখানে হার্ভার্ড বিশ্ববিদ্যালয় ও টেক্‌নলজিক্যাল ইন্‌স্‌টিটিউট প্রভৃতি অবস্থিত। জন. ১,২০,৭৪০ ('৫০)।

**কেমব্রিজ বিশ্ববিদ্যালয়** (Cambridge University): ইংলন্‌ডের প্রাচীন বিদ্যাকেন্দ্র; বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ২৪টি কলেজ যুক্ত: পিটার হাউস (স্থাপিত ১২৮৪), ক্লেয়ার (১৩২৬), পেমব্রোক (১৩৪৭), জনভাইল ও কাইউস (১৩৪৮), ট্রিনিটি হল (১৩৫০), কর্পাস খ্রীস্টি (১৩৫২), কিংস (১৪৪১), কুইনস (১৪৪৮), সেনট ক্যাথারিন (১৪৭৩), জীসাস (১৪৯৬), খ্রাইস্‌ট (১৫০৬), সেন্‌ট জন্‌স (১৫১১), মডেলিন (১৫৪২), ট্রিনিটি (১৫৪৬), ইমান্যুয়েল (১৫৮৪), সিডনি সাসেক্স (১৫৯৬), ফিট্‌জ-উইলিয়াম হাউস (১৮৬৯), গিরটন (মহিলাদের, ১৮৬৯), নিউনহাম (মহিলাদের, ১৮৮১) সেলউইন (১৮৮২), হাগ্‌স হল (মহিলাদের, ১৮৮৫), নিউ হল (মহিলাদের) ডিপ্যার্টমেন্ট অব এডুকেশন।

কেমব্রিজ বিশ্ববিদ্যালয় গণিত, গ্রীক, লাতিন ভাষা শিক্ষার জন্য ও বিশেষ করিয়া বিজ্ঞান শিক্ষার জন্য বিখ্যাত। এখান হইতে উপাধি-প্রাপ্তকে ট্রাইপস বলে। ১৯৫৩-৫৪-অব্দে ৭,১২৯ জন ছাত্র ও ৭১০জন ছাত্রী ছিল।

**কেয়েন** (Cayenne): দ. আমেরিকা; ফরাসী গিয়ানার রাজধানী ও বন্দর। ফরাসী অপরাধী-নিবাস (১৮৫৪-১৯৪৬) ছিল। জন. ১২ হা।

**কেরল** (Kerala): 'চের' শব্দের কানাড়ী রূপ। দ. ভারতের পাণ্ড্য চোল ও চের বা কেরল দেশ অশোকেরও পূর্ব হইতে ছিল। কারণ ইহাদের উল্লেখ অশোক-অনুশাসনে পাওয়া যায়। চন্দ্রগিরি নদীর দক্ষিণ, পশ্চিম ঘাটের পার্বত্য অঞ্চল, বর্তমান মালাবার ত্রিবঙ্কুর ও কন্নাড়কে প্রাচীনকালে কেরল বলিত। 'কেরলপুত্র' নাম অশোকের গিরনার-অনুশাসনেও আছে। কেরল দেশের প্রাকৃতিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্য বিশেষভাবে স্মরণীয়; আনামলয় পর্বত দ্বারা মদ্রাজ রাজ্য হইতে ইহা বিভক্ত; পালঘাট গিরিপথ গমনাগমনের একমাত্র পথ। দেশের একমাত্র ভাষা মালয়ালাম। দেশের পশ্চিমাংশ সমতল, নদী ও হ্রদে পূর্ণ; মধ্যভাগ উর্বর সমতলভূমি ও পশ্চিমাংশ পার্বত্য, বহুপ্রকার খনিজ সম্পদে সমৃদ্ধ।

কেরলের জনসংখ্যা ও ঘনবসতি অন্যান্য রাজ্যের তুলনায় অধিক। কোচীনের ১৪৯৩ বর্গ মাইল রাজ্যে ঘনতা ৯৫৩; এলনকুন্নপুর (Elankunnapuzha) নামে এক গ্রামের ৩·৮ বর্গ মাইলে জনসংখ্যা ১৮,১৭৩; বর্গ মাইলে ঘনতা ৪,৭৮২।

এই অঞ্চলে মৌসুমি বায়ুর প্রভাবে প্রচুর বৃষ্টিপাত হয়; সেজন্য পর্বতগাত্র অরণ্যময়। এই অরণ্যে সেগুন, আবলুস, চন্দন প্রভৃতি মূল্যবান কাষ্ঠ পাওয়া যায়। চা, কফি, রবারের চাষ আছে। ধান্য প্রধান কৃষিদ্রব্য; নারিকেল অন্যতম সম্পদ। নারিকেলের ছোবড়া ও শাঁস হইতে বহুপ্রকার শিল্পের উদ্ভব হইয়াছে; নারিকেল শাঁস, না. তৈল ও না. তৈল হইতে নানা প্রকার জিনিস তৈয়ারি হয়। বর্তমানে নানা শিল্প প্রতিষ্ঠিত হইয়াছে; দেশলাই এখানকার কুটির-শিল্প। মুদ্রাপুর নদী বাঁধিয়া পল্লীবাসল জল-বিদ্যুৎ কেন্দ্র হইতে কোচীন, আরনাকুলম প্রভৃতি স্থানে বিদ্যুৎ সরবরাহ হয়। (দ্র. ত্রিবঙ্কুর, কোচীন, মালাবার)।

**কেরানীগঞ্জ** (Keraniganj) : ঢাকা জেলার সদর মহ.র থানা ; ঢাকার অপর পারে। আ. ৬২ ব মা।

**কেলান্তন** (Kelantan) : মালয় ফেডারেশনের অন্তর্গত ব্রিটিশ আশ্রিত মুসলমান সুলতান রাজ্য ; মালয় উপদ্বীপের পূর্বদিকে চীন সাগর তীরে সিয়ামের নিকটবর্তী। আ. ৫,৭৫০ ব মা ; জন. ৪,৮৭,৬৩৫ ('৫২)। চাল, নারিকেল, রবার, মরিচ, আলু, ভুট্টা প্রধান উৎপন্ন দ্রব্য। বনে বেত, বাঁশ, কাঠ, পর্যাপ্ত। এখন অনেকগুলি ইংরেজ জমিদার আছে। নদীপ্রধান দেশ বলিয়া যাওয়া-আসা সুগম। রাজধানী কোটাভারু (Kota Bharu, জন. ২৫,১০০) ('৫১)।

**কেশোদ** (Keshod) : সৌরাষ্ট্র ; সোরথ জেলার তালুক ; আ. ২২৩ ব মা ; জন ৬৩, ৭২৪ ('৫১)। রাজকোট-ভেরাবল বন্দর রেলপথের স্টেশন (৮৫ মা)। বিমান-ঘাঁটি ; বোম্বাই-জামনগর বিমানপথের স্টেশন (২'২৪ মা)।

**কেশপুর** (Keshpur): মেদিনীপুর জে.র সদর মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১৮৬ ব মা ; জন. ৮৫,৮৫৬ ; ঘনত্ব ৪৬২। গ্রামের সংখ্যা ৫১৮। গ্রাম, মেদিনীপুর-চন্দ্রকোনা সড়কের উপর ; ডাকঘর।

**কেশবপুর** (Keshabpur) : যশোহর জে.র সদর মহ.র থানা, গ্রাম, ডাকঘর ও রেজি-অপিস (১৮৭৪)। য. হইতে সড়ক আছে।

**কেশিয়াড়ী** ( Keshiari ) : মেদিনীপুর জেলা ; সদর মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১১৪ ব মা ; জন. ৪৩,৬৭৬। ঘনত্ব ৩৮১। —গ্রাম, কাঁথি রোড স্টেশনের পশ্চিমে ও খড়্গপুরের দক্ষিণে ( ১৬ মা ) ; ভাল সড়ক আছে। ...এখানকার সর্বমঙ্গলার মন্দিরের স্থাপত্যাদি বৌদ্ধ প্রভাবাপন্ন। মুসলমান যুগের মসজিদ আউরঙ্গজেবের সময় নির্মিত।

**কৈমুর পাহাড়** (Kaimur Hills) : বিহারের পাহাড়। এখানে চুনা-পাথর ( Calcium Carbonate ) আছে ; পাহাড় হইতে পাথর কাটিয়া দড়ি-পথ দিয়া শোন পার করিয়া জপলার সিমেন্ট কারখানায় আনীত হয়। ...পাহাড়ে প্রচুর বাঁশ জন্মে ; উহা ডালমিয়া-নগরের কাগজের কলের জন্ত ব্যবহৃত হয়।

**কৈলাশহর** ( Kailasahar ) : ত্রিপুরা রাজ্যের বিভাগ। আ. ৮৫২ ব মা। জন. ৭৫,২৬৬ ; ঘনত্ব ৮৮। ...শহর উত্তর দিকে, শ্রীহট্ট জেলার সন্নিকটে অবস্থিত। আগরতলা হইতে আকাশপথে ৫৭ মা ; কলিকাতা হইতে বিমানে আড়াই ঘণ্টা সময় লাগে। ...ত্রি. স্টেট ব্যাংক। ...রামকৃষ্ণ মহাবিদ্যালয় বা ইণ্টার কলেজ ( ১৯৫০ )।

**কৈলাস পর্বত** ( Kailas ) : তিব্বতী নাম কাঙ রিম্‌পোচে বা কাঙরী, গাঙরী। উচ্চতা ২১,৮০০ ফুট। হিমালয়ের উত্তরে তিব্বতের পশ্চিমে পর্বত ; হিমালয় ও গাংগরি পর্বতের মধ্যে মানসসরোবরের উ.-প. দিকে অবস্থিত। এখান হইতে সিন্ধু, শতদ্রু, ব্রহ্মপুত্র উঠিয়া নানাদিকে গিয়াছে। ...মহাভারত ও পুরাণাদিতে কৈলাসের বর্ণনা আছে। পুরাণ মতে মহাদেবের বাসস্থান। তিব্বতের আদিম 'বন'-ধর্মর একটি কেন্দ্র নিকটে ছিল। তিব্বতী ভাষায় 'লাসা'-র অর্থ 'দেবভূমি', কৈলাস বোধ হয় তিব্বতী শব্দ।

**কৈলাস মন্দির** ( Kailasa ) : ইলোরার ( দ্র. ) খোদিত গিরি মন্দির। পাহাড়-খোদাই করা এই বিশাল মন্দির পৃথিবীর মধ্যে অতুলনীয় স্থাপত্যসৃষ্টি। রাষ্ট্রকূট বংশীয় কোনো রাজা এই গিরি-মন্দির নির্মাণ করেন ( ৮ শতক )।

**কোএনলুন পর্বত** (Kuenlun, Kunlum) : তিব্বতের উত্তরে প্রাচীর স্বরূপ পর্বতমালা ; মধ্য এশিয়া হইতে চীন সীমান্ত পর্যন্ত বিস্তারিত। প্রায় ২,৫০০ মা দীর্ঘ। পশ্চিম দিকে গড় উচ্চতা ১৬,০০০ ফুট ; উচ্চতম অংশ উলুগ মুস্তাগ ২৫,৩৪০ ফুট।

**কোকোনাড** (Coconada) : দ্র. কাকিনাড (Kakinad)।

**কোকোস-কীলিঙ দ্বীপপুঞ্জ** (Cocos-Keeling Is.) : জাভা হইতে ৫৮০ মা ও সিঙাপুর হইতে ১,১৬১ মা দূরে দ.-পশ্চিমে ভারত মহাসাগরে অবস্থিত ২৭টি ক্ষুদ্র প্রবাল দ্বীপের সমষ্টি। ১৬০৯-এ ক্যাপ্টেন কীলিঙ কর্তৃক আবিষ্কৃত। ১৮৫৭ ব্রিটিশ অধিকৃত। ১৮৭৮ সিংহলের, ১৮৮৬ স্টেটস সেটলমেণ্টের শাসনাধীন হয়। ১৯০৩ হইতে সিঙাপুরের অন্তর্গত। ১ম মহাযুদ্ধের সময় বিখ্যাত জারমান জাহাজ এমডেন এখানে ধ্বংস হয়,

১৯১৪ নভেম্বর। ২য় মহাযুদ্ধের সময় এখানে বিমান-ক্ষেত্র নির্মিত হয়। জাপানীরা এই দ্বীপপুঞ্জ জয় করিতে পারে নাই। ১৯৫২ এই দ্বীপগুলি অস্ট্রেলিয়ার তত্ত্বাবধানে আসে। চার্লস ডারউইন এইখানে প্রবাল সম্পর্কে গবেষণা করেন। এখানে নারিকেল প্রচুর উৎপন্ন হয় বলিয়া দ্বীপের নাম কোকোস (Coco-nut)। জন. ১,৮০০। ইহারা মালয় ও জাভানী।

**কোগ্রাম :** দ্র. উজানি

**কোঙ্কন** ( Konkan ) : বোম্বাই রাজ্যের দক্ষিণ ভূখণ্ড। পূর্বদিকে পশ্চিমঘাট পর্বত, পশ্চিমে আরব সাগর। এই দেশের ব্রাহ্মণগণ কোঙ্কনী নামে খ্যাত। কোঙ্কনী ভাষা মারাঠীর উপভাষা। রত্নগিরি, করাওয়ার প্রভৃতি বন্দর কোঙ্কন দেশের মধ্যে।

**কোচবিহার** (Cooch Bihar) : প. বঙ্গের জেলা। পূর্বে করদরাজ্য ছিল। ১৯৫০ জানুয়ারি মাসে এই রাজ্য ভারতভুক্ত হয় ও স্থির হয় যে রাজা ভাতা হিসাবে বার্ষিক ৮,৫০,০০০ টাকা পাইবেন। ... ১৯৫০ হইতে এই রাজ্য প. বঙ্গের অন্যতম জেলা, প্রেসিডেন্সি বিভাগের অন্তর্গত। আয়তন ১,৩৩৪ ব মা। ১,১৯৮ গ্রাম ও ৬ শহর। ... এই রাজ্যের মাঝে মাঝে ৯৫ টুকরা-মৌজা পূ. পাকিস্তানের রাজ্যাংশ এবং কো. বি.র ১৩৫ মৌজাংশ পাকিস্তানের মধ্যে পড়িয়াছে। ইহাদের ছিট মহল বলে। এইভাবে রাজ্য সংস্থান উভয় রাজ্যের পক্ষেই অসুবিধাজনক। মহকুমা :— কোচবিহার, দিনহাটা, মাথাভাঙ্গা, মেকলিগঞ্জ, তুফানগঞ্জ।

পার্টিশনের পর ১৯৪৮ ও বিশেষভাবে ১৯৫২-এ বহু সহস্র মুসলমান এই জেলা ত্যাগ করিয়া পূ. পাকিস্তানে, এবং পাকিস্তান হইতে বহু সহস্র হিন্দু এখানে আসিয়া বাস করিতেছে। জেলার জন. ৬,৭১, ১৫৮ ; হিন্দু ৪,৭৫,৮২৪ ( ৭০.৯% ) ; মুসলমান ১,৯৪,৪২০ (২৯.৯%) ; রাজবংশী ও তপশীলী বর্গ ১,৩৩,১৩৩।

এই জেলার প্রধান নদী—তিস্তা, জলঢাকা, সঙ্কোশ। বন্যায় দেশ মাঝে মাঝে প্লাবিত হয়। উৎকৃষ্ট তামাক ও প্রচুর পাট উৎপন্ন হয়। সদর শহর—কোচ-বিহার ( জন. ৩২,০৩৮ )। প্রাসাদ, সেক্রেটারিয়েট, কলেজ প্রভৃতি সুদৃশ্য অট্টালিকা, বিদ্যুৎ ও ফোন আছে। ব্যাংক : মেট্রোপোলিটন, ইউনাইটেড, কো. বি. স্টেট ও কমলা। ...পূর্ব পাকিস্তান গঠিত হওয়ায় কলিকাতার সহিত এই অঞ্চলের সহজ গতায়াত অত্যন্ত বাধাপ্রাপ্ত হইয়াছে। এখন কলিকাতা হইতে মনিহারিঘাট, কাটিহার, শিলিগুড়ি, আলিপুর দুয়ার হইয়া কোচবিহার শহরে যাইতে হয় ( ৪৮৩ মা ) ; পূর্বে পার্বতীপুর হইয়া ৩০৯ মা ছিল।

কোচবিহারের ইতিহাস প্রাচীন নহে। ১৬ শতকের প্রারম্ভে বিশু বা বিশ্বসিংহ নামে কোচ জাতীয় এক ব্যক্তি এই অঞ্চলের সর্দার বা রাজা হন। বাংলার তুর্কী মুসলমানদের পতন ও অকবর কর্তৃক পুনর্জয়ের পূর্ব পর্যন্ত পর্বে দেশের অরাজকতার অবস্থায় উত্তর বঙ্গে কোচ, মেচ্ প্রভৃতি নানা পার্বত্য জাতির অভ্যুদয় হয়। কামরূপের রাজারা তখন দুর্বল। সেই সুযোগে কোচরা এই দেশ জয় করে। বিশুর পুত্র নরনারায়ণ ১৫৫০-এ কোচবিহারে রাজা হন। সেই হইতে রাজাদের নামের মধ্যে 'নারায়ণ' শব্দ থাকে। ইহার পর রাজ্যের মধ্যে বহু পরিবর্তন হয়। ইংরেজ-দের আমলে ভুটানীরা এদেশ আক্রমণ করিলে কোচ-রাজ ওয়ারেন হেস্টিংসের সাহায্যভিক্ষা চান। ইংরেজ ফৌজ ভুটানীদের উ. বঙ্গ হইতে বিতাড়িত করে। ১৭৭০-এ কোচদের সহিত ইংরেজদের সন্ধি হয়। ৬৭ হা টাকা ভারত সরকার কর পাইতেন।

**কোচীন** (Cochin), **কোচ্চী** : দ. ভারতের পূর্বতন করদ রাজ্য। বর্তমানে তিরুবঙ্কুর-কোচীন রাজ্যের অন্তর্গত। ইহার প.-এ আরব সাগর, পূ. ও উ.-এ মদ্রাজ রাজ্য, দ.-এ তিরুবঙ্কুর। আ. ১,৪৯৩ ব মা; জন. ১৪,২২,৮৭৫ ('৪১)। হিন্দু ৮.৯৬ লক্ষ ; মুসলমান ১.০৯ লক্ষ ; খ্রীষ্টান প্রায় ৪ লক্ষ বা শতকরা ২৮ জন, অধিকাংশই সিরীয়ান খ্রীষ্টীয়চার্চ ভুক্ত। রাজস্ব ৮৭.৫৮ লক্ষ ; কর ২ লক্ষ। ৯ম শতকে চোল রাজাদের প্রতিনিধি চেরুমল পেরুমল সমগ্র কেরল দেশের শাসন ভার পান। ক্রমে শাসকবংশ স্বাধীন রাজা হন। ১৫০২-এ পোতুগীজরা কোচীন রাজ্যে ( বর্তমানে মালাবার, ইহা তখন

কোচীনের অন্তর্গত ছিল ) বাস করিতে অনুমতি পায় ; পর বৎসর তাহারা দুর্গ নির্মাণ করে। কালিকটের সামন্তরাজ জামোরিনের বিরুদ্ধে কোচীন রাজ্যকে পোর্তু.রা সাহায্য করে। ১৭ শতকের শেষভাগে প. উপকূলে পোর্তু.দের আধিপত্য কমিতে সুরু হয় ; ১৬৬৩-এ ডাচদের দ্বারা কোচীন হইতে পোর্তু.রা বিতাড়িত হয়। প্রায় শতাব্দী কাল পরে ডাচদের ক্ষমতা যখন লুপ্তপ্রায়, সেই সময়ে ১৭৫৯-এ কালিকটের জামোরিন তিরুবন্থুরের সহায়তায় কোচীন রাজ্য আক্রমণ করিয়া রাজাকে তাড়াইয়া দেন ; সেই হইতে এই জামোরিনরা এখানকার রাজা। ১৭৭৬-এ হায়দারআলি কর্তৃক কো. বিজিত হয় ; টিপুর সময়ে ১৭৯১-এ কোচীনের জামোরিন ঈস্ট ইন্ডিয়া কোম্পানির সহিত সন্ধি করিয়া মিত্রতাসূত্রে আবদ্ধ হন। ...রাজধানী ছিল অরনাকুলম (Ernakulam)। রাজ্যের বনজ সম্পদ মূল্যবান। প্রধান উৎপন্ন নারিকেল। ভাষা মালয়ালম। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বাৎসরিক ২,৩৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ( দ্র. তিরু-কোচীন )।

**কোচীন বন্দর** (Cochin Harbour) : তিরু-কোচীন ইউনিয়নের নগর ; মালাবার উপকূলে সমুদ্র খাড়িতে সুরক্ষিত পোতাশ্রয় ও বন্দর। মদ্রাজ-ইরোদ ( ২৪৫ মা ) পোত্তনুর ( ৩০৮ )-শোরুবন্নুর ( ৩৬৬ মা ) -তিরুচুর ( ৩৮১ ) হইয়া রেলপথে কোচীন ৪২৫ মা। ইহা ভারতের পাঁচটি প্রধান বন্দরের অন্যতম। গভীর খাড়ির মধ্যে অবস্থিত বলিয়া মৌসুমী ঝঞ্ঝার সময়েও ইহা নিরাপদ আশ্রয়। আমদানি-রপ্তানির এই কেন্দ্রে ১৯৫২-৫৩-এ ১৫৫১ লক্ষ টন মাল আসে-যায়। বন্দরের আয় ৬৯'৪১ লক্ষ টাকা। ...কোচীনের জন. ১,০৩,৫৫৮। এখানে ২৮টি নানা শ্রেণীর ব্যাংক এবং স্টেট ও সেন্ট্রাল ব্যাংকের শাখা আছে।

**কোচীন-চীন** (Cochin-Chin) : বর্তমানে দক্ষিণ ভিয়েৎ-নাম। আ. ২৬,৪৭৬ ব মা ; জন. ৫৭,৩৭,০০০ ('৫১)। উত্তরে কম্বোডিয়া ; পূর্বে ও দক্ষিণে চীন সাগর। নদী : মেকঙ, দোন্নাই প্রভৃতি। দেশ সমতল। উৎপন্ন দ্রব্য ইক্ষু, তামাক, চাউল, রবার। মৎস্য ব্যবসায় প্রধান উপজীবিকা। অধিবাসীরা আন্-নামী ও চীনা। ধর্ম বৌদ্ধ। রাজধানী—সাইগন ( জন. ১'১১ লক্ষ )।

১৮৬২-১৯৪৬ পর্যন্ত ইহা ফরাসী কলোনি ছিল। ১৯৪৬-এ ইন্দো-চীন ফেডারেশনের অন্তর্গত আত্মশাসিত রিপাবলিক গঠিত হয়। ১৯৪৯-এ ফরাসী পার্লামেন্ট ইহাকে ভিয়েৎ-নামের সহিত জুড়িয়া ফ. কলোনি পর্বের অবসান ঘটায়। এখানকার তথাকথিত সম্রাট বাও-দাই ফ্রান্সের আশ্রয়ে গিয়া বাস করেন। ১৯৫৫-এ তিনি পদচ্যুত হন। ( দ্র. ভিয়েৎ-নাম )।

**কোজাঞ্চরী** (Kozhancherry) : তিরু-কোচীন রাজ্যের কুইলন জেলার শহর ; জন. ৫,৪২৬। ৪টি ব্যাংক।

**কোজিকোট** (Kozhikode) : দ্র. কালিকট। জন. ১,৫৮,০২০। বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র। ১৯টি ব্যাংক।

**কোজুবনল** (Kozhuvanal) : তিরু-কোচীন রাজ্যের শহর। জন. ১২,০০০। স্থানীয় ব্যাংক।

**কোট আডু** ( Kot Adu ) : পাক-পঞ্জাব ; মুজফ্ফরপুর জেলার তহ. ও শহর। লালমুসা-মুলতান ( ৩৫৬ মা) রেলপথের স্টে. (৩০১ মা )। মুলতান হইতে ৫৫ মা।

**কোট কাপুর** (Kot Kapur) : পে-প-সু ইউনিয়নের ফরিদকোট রাজ্যের শহর ; দিল্লী-ভাটিণ্ডা-ফিরোজ-পুর রেলপথের জং স্টেশন ( ২১১ মা ) ; ফিরোজ. ৩০ মা। এখান হইতে পাকিস্তান সীমানায় অবস্থিত ফজলিকা রেলপথে ৪৯ মা। জন. ১৯,৬৮৩। পাতিয়ালা, প. ন্যাশ. ব্যাংক।

**কোটকারা** (Kotakara) : তিরু-কোচীন রাজ্যের শহর ; জন. ১৩,৪০০। ২টি ব্যাংক আছে।

**কোটগিরি** (Kotgiri) : মদ্রাজ ; নীলগিরি জেলার পর্বত মধ্যে শহর ; কুনুর হইতে ১৩ মা ও উটকামণ্ড হইতে ১৮ মা মোটর পথ। শহর ৬,৫১১ ফুট উচ্চে অবস্থিত। ইহাই নীলগিরি পর্বতের প্রথম শৈল শহর ; ১৮৫৫-এ লর্ড ডালহৌসি প্রথম বাস করেন।

**কোটগুডিয়াম** ( Kothagudeum ) : হায়দরাবাদ ; বরঙ্গল জেলার হনমকোনডা এলাকার শহর। জন. ৫০,১৯৫।

**কোটচাঁদপুর** (Kotchandpur) : পূ. পাক. ; যশোহর জেলার ঝিনাইদহ মহ.র থানা ও গ্রাম। থানার আ.

৬৪ ব মা। গ্রাম, দর্শনা-যশোহর সড়কের উপর (১৮ মা)। এক সময়ে চিনির জন্য এই স্থান বিখ্যাত ছিল। ডাকঘর, রেজি. অপিস (১৮৭৫)।

**কোটডা সাংগানি** (Kotda Sangani): পূর্বতন কাথিওয়াড়ের করদরাজ্য। রাজা ৬৭,০০০ টাকা ভাতা পান। সৌরাষ্ট্র অন্তর্গত জেলার তালুক; আ. ১৫১ ব মা; জন. ২৪ হা.।

**কোট দ্বার** ( Kot Dwara ): উত্তর প্রদেশ; গড়বাল জেলার শহর; বরেলী-সাহারনপুর রেলপথের উপর নাজিবাবাদ জংশন (৫৯ মা) হইতে শাখা রেলপথে কোট দ্বার ১০ মা। শৈল শহর লান্সডাউন (৫,৮২৮ ফু.) কোট দ্বার হইতে মোটর পথে ২৬ মা। জন. ৪,৬৪৮। প. ন্যাশনাল ব্যাংক।

**কোটমঙ্গলম** ( Kothamangalam ): তিরু-কোচীন রাজ্যের কোট্টয়াম জেলার শহর; জন. ৭,৬৫৭। ৪টি ব্যাংক আছে।

**কোটরি** (Kotri): প. পাক.; সিন্ধু প্রদেশের সিন্ধুনদতীরস্থ শহর। করাচি হইতে ১০৫ মা। নদীর অপর পারে অদূরে হায়দরাবাদ শহর (৬ মা)। কোটরি হইতে একটি রেলপথ সিন্ধুনদের পশ্চিম দিক দিয়া লারকানা, রুক, সক্কর হইয়া রোহরি লাইনের সহিত যুক্ত হইয়াছে।

**কোটলা** ( Kotla ): ভাকরা-নাঙ্গাল-পরিকল্পনা-অন্তর্গত বৃহৎ বিদ্যুৎকেন্দ্র। ১৯৫৫-এর শেষ ভাগ হইতে ইহার বিদ্যুৎ সরবরাহ করিবার কথা।

**কোটা** (Kotah): রাজস্থানের বিভাগ। অন্তর্গত জেলা: কোটা, বুঁদি, ঝালওয়ার। কোটা জেলার আ. ৫,৭০৭ ব মা। জন. ৭,৬৬,১১৮; বৃদ্ধি ৫·৪%। ঘনতা ১৩৪। কোটা (জন. ৬৫,১০৭) চম্বলনদী তীরের বড় শহর ও জং স্টেশন। দিল্লী-বোম্বাই রেলপথে ২৯১ মা; বোম্বাই ৫৭০ মা। কোটা হইতে বীনা জং রেলপথে ১৮৮ মা। এখান হইতে বুঁদি পর্যন্ত নূতন রেল হইতেছে। ব্যাংক: জয়পুর; রাজস্থান; প. ন্যাশনাল; সমবায়।

**কোটা** (Kotah): পূর্বতন রাজপুতানার করদরাজ্য। মধ্যযুগে বুঁদির অন্তর্গত ছিল; ১৫৭২-এ পৃথক রাজ্য হয়। রাজারা চৌহান হারাবতী বংশীয়।...রাজ্যের আ. ৫,৭২৫ ব মা। রাজস্ব ছিল প্রায় ৪৮ লক্ষ টাকা; ব্যয় ছিল ২,৩৪,৭২০ টাকা।...রাজা ১৭ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে তাঁহার বার্ষিক ভাতা বরাদ্দ হয় ৭ লক্ষ টাকা।

**কোটালিপাড়া** (Kotalipara): পূ. পাক; ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার থানা; আ. ১৪৯ ব মা। শহর ও বাজার। খুলনা-বরিশাল স্টীমার পথের পাটগাতি স্টেশনে নামিয়া ঘাঘর নদী দিয়া নৌকাযোগে কো. যাইতে হয়। এককালে হিন্দু পণ্ডিতদের বিশিষ্ট স্থান ছিল। ৪০ বৎসর পূর্বে হিন্দুর সংখ্যা মুসলমানদের প্রায় তিনগুণ ছিল। নিকটস্থ মদনপাড়া গ্রামে সেন বংশীয় বিশ্বরূপ সেনের তাম্র শাসন পাওয়া গিয়াছে (২২-১৩ শতক)। কো. হইতে বরিশালের গৈলা হইয়া গৌরনদী শহর পর্যন্ত সড়ক আছে। ডাকঘর, তার, রেজি. অপিস (১৯০২), স্কুল প্রভৃতি।

**কোটিবর্ষবিষয়** ( Kotivarsavisaya ): বরেন্দ্রভূমির উত্তরাংশ; দামোদরপুর তাম্রশাসনে (৫ শতকের) এই নাম ব্যবহৃত হইয়াছিল। ...পুণ্ড্রবর্ধন ভুক্তির বিভাগ বা বিষয়; বাণগ্রাম বা বাণগড় (দ্র. কোটিবর্ষের প্রধান নগর ছিল। বর্তমানে প. দিনাজপুরের গঙ্গারামপুর থানার অদূরে পুনর্ভবা নদীতীরে রাজীবপুর মৌজায় বাণগড় নামে ধ্বংসস্তূপ দেখা যায়।

**কোটোপাহি,-পাক্সি** ( Cotopaxi ): দ. আমেরিকা; ইকোয়াদর মালভূমির উপর আন্দিজ পর্বতের জীবন্ত আগ্নেয়গিরি। পৃথিবীর উচ্চতম আগ্নেয় গিরি (১৯,৫৫০ ফুট)। ঊর্ধাংশ তুষারাবৃত। ১৭৬৮ ও ১৯০৪-এ ভীষণ অগ্ন্যুৎপাৎ হয়।

**কোট্টাপুরম** (Kottappuram): তিরু-কোচীন রাজ্যের কোডুঙ্গোলুর (Crangnore) শহর; জন. ৪,১৩৯। ২টি ব্যাংক আছে।

**কোট্টায়াম** ( Kottayam ): তিরু-কোচীন রাজ্যের শহর; অরনাকুলম হইতে ৪৫ মা দ.-পূর্বে। মালাবার খ্রীষ্টীয় সমাজের প্রধান কেন্দ্র। ১৮১৭ হইতে খ্রী. মি. সোসাইটি (C. M. S.) এই অঞ্চলে কাজ করিতেছে। জন. ৪৪,২০৪। ব্যবসায়ের কেন্দ্র। কয়েকটি ব্যাংকের পে-অপিস ও বহু ব্যাংকের শাখা আছে।

**কোট্টারকারা** ( Kottarakara ) : ত্রিবাঙ্কুর-কোচীন রাজ্যের কুইলন জেলার শহর ; জন. ৮,৪৩৬। ৩টি ব্যাংক।

**কোট্টিকল** ( Kootikall ) : ত্রিবাঙ্কুর-কোচীন রাজ্যের কোট্টয়াম জেলার শহর ; জন. ৪,৫৩০। ১টি ব্যাংক।

**কোট্টুর** ( Kottur, Kotturu ) : মহীশূর রাজ্য ; বেলারী জেলার হসপেট তালুকের শহর। জন. ১৫,৬১৭। হুবলি-গুনটকল রেলপথের হসপেট জং ( ৪১ মা ) হইতে রেল শাখার শেষ স্টেশন কোট্টুর (৪৩ মা)। সেন্ট্রাল, কানাড়া ব্যা কর্পোরেশন।

**কোঠি** ( Kothi ) : বিন্ধ্য-প্রদেশ অন্তর্ভুক্ত পূর্বতন বাঘেলখণ্ডের করদরাজ্য। আ. ৯০৩ ব মা। ...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১৫,৪০০ টা. ভাতা দেওয়া হয়। ...শহর মানিকপুর-সাতনা রেলপথের পশ্চিমে অবস্থিত।

**কোড্কাড়া** ( Kodakara ) : ত্রিবাঙ্কুর-কোচীন রাজ্য ; ত্রিচুর জেলার শহর ; জন, ১৩,৪০০। ...২টি ব্যাংক আছে।

**কোডরমা** ( Kodarma ) : বিহার ; হাজারিবাগ জেলার সদর মহকুমার শহর। শহর ঈ. রে. গ্রান্ড কর্ড শাখার স্টেশন (২৩৭ মা)। অভ্র ব্যবসায়ের বড় কেন্দ্র। মহকুমার মধ্যে বহু অভ্র-খাদ আছে। জন. ৪,১৩৪। ইউনাইটেড ও ছোটনাগপুর ব্যা. এসোসিয়েশন। ...থানার আ. ৩৯০ ব মা ; জন. ১৫০,২৮৫ ; ঘনতা ৩৮৬।

**কোডাই কানাল** (Kodai Kanal) : মদ্রাজ ; মাদুরাই জেলার শৈলনগর ও স্বাস্থ্যাবাস। এখানে আবহাওয়া ও সূর্যবিম্ব পর্যবেক্ষণের মানমন্দির আছে। মদ্রাজ হইতে কো. রোড স্টেশন দ. রেলপথে (S. Ry.) ৩২০ মা।

**কোডুঙ্গোলুর, করঙ্গানোর** (Kodungolur, Cranganore, ) : ত্রিবাঙ্কুর-কোচীন রাজ্যের শহর ও বন্দর ; মালাবার জেলার প্রায় সীমান্তে পেরিয়ার নদীর মোহনায় কোচীন বন্দর হইতে ১১ মা উত্তরে অবস্থিত। জন. ১২,৮৬২। শিল্প ও বাণিজ্য কেন্দ্র। ৫টি ব্যাংক ; সকলগুলি দ. ভারতীয়। ইহা প্লীনির Muziris বন্দর বলিয়া অনুমিত। এককালে বিখ্যাত বন্দর ছিল। রোমানদের উপনিবেশে অগস্টাসের নামে মন্দির ছিল। ইহা চের রাজ্যের রাজধানী কোডুঙ্গোলুর।

**কোতরং** ( Kotrang ) : কলিকাতার ৮ মা উত্তরে, ভাগীরথীর প. তীরে, উত্তরপাড়ার নিকট শিল্প শহর। ইট, টালি, দড়ি তৈয়ারি হয়। ...জন. ১৪,১১১।

**কোতুলপুর** ( Kotulpur ) : বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহ.র থানা ; আ.৯৭ ব মা। জন. ৫৪,৩৭৪ ; ঘ. ৫৬২। এখানকার গ্রামের সংখ্যা ১৫৯। বহু মুসলমানের বাস। আরামবাগ-বিষ্ণুপুর সড়কের উপর গ্রাম ( ২১ মা ) ; ইন্দাসের সঙ্গে রাস্তার যোগ আছে। এখানে মুন্সেফী আদালত, সাব্-রেজি. ( '৭৬ ), ডিস্পেন্সারি, উচ্চ বিদ্যালয় আছে। তাঁতিরা তাঁবুর কাপড়, ব্যানডেজের কাপড় তৈয়ারি করে।

**কোনাক্রী** (Conakry or Konakry) : প. আফ্রিকা ; ফরাসী গিনীর রাজধানী ও বন্দর। জন. ৩৯ হা.।

**কোনার** ( Konar river ) : বিহারের নদী ; ধানবাদের প্রায় ৩৫ মা পশ্চিমে কোনার ও বোকারো নদীর মিলিত ধারা দামোদরে পড়িয়াছে। সঙ্গমের ২৫ মা উপরে কোনার নদী বাঁধিয়া হাজারিবাগ জেলায় বিশাল জলাশয় (আ. ১০ ব মা) হইয়াছে ( ১৯৫৫ )। বাঁধ ২½ মা লম্বা, ১৬০ ফু. উচ্চ। সেখান হইতে নিত্য নিয়মিতভাবে জলধারা বোকারো-র থার্মাল প্লান্টের জন্য সরবরাহ হইবে। কোনার বাঁধে মাছের চাষ ও জলবিদ্যুৎ উৎপন্ন হইবে।

**কোনারক** (Konaraka) : ওড়িশা ; পুরী জেলার ভগ্ন ও পরিত্যক্ত সূর্যমন্দির ; পূর্বে সমুদ্র তীরে ছিল ; এখন সমুদ্র সরিয়া গিয়াছে। হিন্দুশিল্পের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। ১২৭৭-অব্দে গঙ্গাবংশীয় রাজা নরসিংহের ( ১২৩৭-৮২ ) মন্ত্রী শিবাই সাঁতরার তত্ত্বাবধানে নির্মিত হয়। সংস্কৃত গ্রন্থে পদ্মক্ষেত্র নামে পরিচিত। পুরী হইতে ২৪ মা বালির উপর দিয়া পথ। এখন ভুবনেশ্বর হইতে নূতন পথ নির্মিত হইয়াছে। কোনারক সূর্যমন্দির ওড়িশার শ্রেষ্ঠ স্থাপত্য আদর্শে নির্মিত হইলেও নির্মাণ-শৈলীর মধ্যে বোধহয় ত্রুটি ছিল ; ফলে ইহার অধিকাংশ ভাঙিয়া পড়িয়াছে। ... ইহা রথের আদর্শে রচিত বলিয়া রথচক্র, সপ্তাশ্ব প্রভৃতি কল্পিত হইয়াছে।

ভাস্কর্য নিদর্শন বহু ও বিচিত্র। ১৬ শতকে আবুল ফজল তাঁহার আইন-ই-অকবরী গ্রন্থে বলিয়াছেন যে, যেসব লোক কঠোর সমালোচক এবং যাহাদের সহজে খুশী করা কঠিন, তাহারাও কোনারক দেখিয়া বিস্ময়াবিষ্ট হয়। ... মন্দিরগাত্রে অসংখ্য মূর্তি, নর-নারী, জীবজন্তু। জীবজন্তুর মধ্যে হস্তী ও অশ্ব অপরূপ কৌশলে খোদিত। মন্দিরের বাহিরে যে সব খোদিত মূর্তি আছে তাহার অধিকাংশ যৌনজীবন সম্বন্ধীয়।...সমুদ্রের বালু উড়িয়া আসায় ইহার অনেকখানি অংশ ঢাকা পড়ে। প্রত্ন-তত্ত্ব বিভাগের চেষ্টায় সে সব সরানো হওয়ায় মন্দিরের সমস্তটা এখন দৃষ্টিগোচর হয়। ...নিকটে মিউজিয়ামে বহু ভাস্কর্য নিদর্শন রক্ষিত হইয়াছে।

**কোনিগ্‌সবের্গ** ( Konigsberg ) : প্রুশিয়ার বন্দর ও সুদৃঢ় নগর। এককালে রাজাদের আবাস ছিল। ১৯৪৬ হইতে সোবিয়েত রুশের অন্তর্গত ও এখন ইহার নাম কালিনিনগ্রাদ। পূর্ব প্রুশিয়ার ইতিহাসের সহিত নগরীর ইতিহাস জড়িত। দার্শনিক ইমানুয়েল কান্টের জন্মস্থান; এখানে তাঁহার সমাধিও আছে। বিশ্ববিদ্যালয় ১৬৪৪-এ প্রতিষ্ঠিত। এখানকার গ্রন্থাগার, বীক্ষণাগার, মিউজিয়াম প্রভৃতি বিখ্যাত। জন. প্রায় ৫ লক্ষ। নগর সম্পূর্ণরূপে রুশীয় হইয়া গিয়াছে ও সমস্ত জারমান সংস্কৃতি লোপ পাইয়াছে।

**কোন্নগর** (Konnagar) : হুগলী জেলা ; শ্রীরামপুর মহ.র উত্তরপাড়া থানার অন্তর্গত; কলিকাতার ( হাওড়া ) ৯ মা উত্তরে গঙ্গাতীরে অবস্থিত শিল্প-শহর। রাসায়-নিক শিল্প, কাচ তৈয়ারি, চট ও কাপড়ের কল, ডিসটি-লারী বা মদ চোলাই কারখানা প্রভৃতি আছে। জন. ২০,২৩৩। উদ্‌বাস্তু ২,৪৭৩। এখানে হাজারকরা পুরুষের মধ্যে ৬১২ নারী। ...এখানে এককালে দিনে-মারদের ডক ছিল; এখন তাহার চিহ্ন নাই। এই শহরে সমাজ-সংস্কারক শিবচন্দ্র দেবের ( মৃ. ১৮৯০ ) জন্মস্থান। তাঁহার প্রতিষ্ঠিত বিদ্যালয়ের শতবার্ষিকী ১৯৫৫-এ অনুষ্ঠিত ও শিবচন্দ্রের মর্মর-মূর্তি প্রতিষ্ঠিত হয়। শ্রীঅরবিন্দের জন্মস্থান।

**কোন্নী** ( Konni ) : ত্রিবাঙ্কুর-কোচীন রাজ্যের শহর ; জন. ১০,৩৯৭। ২টি ব্যাংক আছে।

**কোপ্পল** (Kopbal ; Koppal) : হায়দরাবাদ ; রায়-চুর জেলার গঙ্গাবতী তালুকের শহর; বোম্বাই ও মহীশূর রাজ্যের সীমান্তের নিকট অবস্থিত। এখানে মধ্যযুগীয় ২টি দুর্গ আছে; একটি ৪০০ ফুট খাড়াই শৈলের উপর নির্মিত; নিচের দুর্গটি টিপু সুলতান মেরামত করিয়া কাজে লাগান। দুই মাস অবরোধের পর ইংরেজরা ইহা লইতে সক্ষম হয়। হুবলী-গুনটকল রেলপথের স্টেশন (৭২ মা)। জন. ১৭,৩২০। হায়দরাবাদ স্টেট ব্যাংক; সেন্ট্রাল ব্যাংক।

**কোপারগাঁও** (Kopargaon) : বোম্বাই; অহমদনগর জেলার তালুক ও শহর, গোদাবরীর উপশাখা কাদোয়া নদীতীরে মনমাড-ধোন্‌ড লাইনের স্টেশন (২৭ মা)। জন. ১১,৬১৬। মহারাষ্ট্র; বো. স্টে. কো-অপ., নিউ সিটিজেন, স্টেট ব্যাংক।

**কোপেনহেগেন** (Copenhagen) : ডেনমার্কের রাজ-ধানী ও বন্দর। নগরীর পূর্বদিকে সংকীর্ণ প্রণালী (প্রস্থ ১২ মা) (The Sound) দিয়া বাল্‌টিক সাগরে প্রবেশ করিতে হয়। ১২ শতকে নগরটি স্থাপিত হইলেও ১৫ শতকের পূর্বে খ্যাত হয় নাই। ১৪৭৯-এ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। জন. ৯,৭৪,৯০১।

**কোবলেনৎজ** (Coblenz ; Koblenz) : প. জারমানির নগর; রাইন ও মোজেল নদীর সঙ্গমস্থলে অবস্থিত; রোমানযুগ হইতে এই স্থান খ্যাত। ১ম মহাযুদ্ধের পর Inter-Allied Rhineland Commission-এর কেন্দ্র (১৯১৯-৩০)। ২য় মহাযুদ্ধের পর ১৯৪৬-এ ফরাসী অধিকৃত অঞ্চলের রাইন-পালাটিনেট প্রদেশের রাজধানী হয়।...জন. ৬৫ হা.।

**কোবিলপাট্টি** ( Kovilpatti ) : মাদ্রাজ ; তিরুনেলভেলী জেলার তালুক ও শহর। তিরুচিনাপল্লী-তুতুকুড়ি ( Tuticorin ) রেলপথের স্টেশন (১৫৩মা)। জন. ২৬,০৭১। ব্যাংক : সেন্ট্রাল ; ইনডিয়া ; পাণ্ড্যন, শ্রীরাজগোপাল।...এখান হইতে ১৩ মা দূরে কালু-গুমলয় পাহাড়ে পর্বতখোদিত অতি সুন্দর জৈন মন্দির আছে। একটি অর্ধসমাপ্ত প্রস্তর মন্দির আনু. ৯৫০-অব্দে নির্মিত।

**কোব্বূর** ( Kovuur ) : অন্ধ্র ; পশ্চিম গোদাবরী জেলার

তালুক ও শহর। বিজয়ওয়াড়া হইতে ১২৯ মা, রাজমহেন্দ্রীর পরে দ্বিতীয় স্টেশন। জন. ১২,৩৩৩। অন্ধ্র, বিজয় কমার্স ব্যাংক।

**কোবে** (Kobe) : জাপানের নগর ও বন্দর। বাণিজ্য ও শিল্প কেন্দ্র। জাহাজ ও বিবিধ ইনজিনীয়ারিং, বৈদ্যুত সামগ্রী নির্মাণের জন্য খ্যাত। ১৮৬৮-এ নগরের পত্তন হয়। জন. ৮,১৩,২২৮।

**কোমো** (Como) : ইতালির আল্পস পর্বতের পাদমূলে অতি মনোরম হ্রদ। ৩৫ মা দীর্ঘ। গভীরতা ১,৩৫০ ফুট। হ্রদের চারিপার্শ্বে পর্বতমালা ৬ হা. ফুট উচ্চ। কোমো নামে প্রদেশ ও শহর আছে। শহর বহু প্রকার শিল্পের কেন্দ্র। জন. ৭৫ হা.।

**কোমোরো** ( Comoro Archipelago ) : মাদাগাস্কার ও পূ. আফ্রিকার মধ্যভাগে ভারত মহাসাগরে অবস্থিত ফরাসীদের দ্বীপপুঞ্জ। মাদাগাস্কারের গবর্নরের অধীনে একজন ছোটলাট দ্বারা শাসিত। অধিবাসীরা আরব, মালায় ও নিগ্রো। ধর্ম ইসলাম। আ. ৮০০ ব মা। জন ১,৬৯,০০০ ('৫০)। এখানে ৬৭০টি মসজিদ আছে। রাজধানী জানদজি ( Zandzi )।

**কোম্পানীগঞ্জ** (Companyganj) : নোয়াখালি জেলা; সদর মহ.র থানা; আ. ৬২ ব মা। গ্রাম, ডাকঘর।

**কোয়না** ( Koyna river ) : বোম্বাই রাজ্যে কৃষ্ণার উপনদী; সাতারা জে র মধ্যে প্রবাহিত। এইখানে পশ্চিম ঘাট পর্বতমধ্যে বাঁধ দিয়া জলবিদ্যুৎ উৎপাদন কারখানা নির্মিত হইতেছে। প্রায় ৬০ হা. কিলো ওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইবে ও বোম্বাই-এ বিদ্যুৎ লাইনের সহিত যুক্ত হইবে।

**কোয়াই-চৌ** ( Kwei-chow ) : চীনের দক্ষিণ-পশ্চিমের পার্বত্য প্রদেশ। আ. ৬৭,১৮২ ব মা; জন.১,০৫,১৯,০০০ ('৫২)। রাজধানী কোয়াই-ইয়াং ( Kwei-yang )। প্রধান নদী ইয়াং-সি-কিয়াং। স্বর্ণ, রৌপ্য, পারদ, লৌহ ও কয়লা প্রচুর। বন্য রেশম, কাঠ, ভালো জাতের ঘোড়া পাওয়া যায়।

**কোয়াঙ-চৌ-ওয়ান** (Kwang-chow-Wan ) : দক্ষিণ চীনের লুই-চৌ ( Lui-chow ) উপদ্বীপের অন্তর্বর্তী দেশ। আ. ১৯০ ব মা। চীন সরকার ১৮৯৮-এ ফরাসীদের ৯৯ বছরের জন্য ইজারা দিয়াছিল। ফরাসী ইন্দো-চীনের গবর্নর-জেনারেলের তত্ত্বাবধানে শাসিত হইত; ১৯৪৫-এ চীনকে প্রত্যর্পিত হয়। রাজধানী ছিল ফোর্ট বেয়ার্ড।

**কোয়াঙ-টুঙ** ( Kwang-tung ) : চীনের দক্ষিণতম প্রদেশ। আ. ৯০ হাজার ব মা; জন. ২,৭৮,১০,০০০ ('৫২)। পূর্ব ও দক্ষিণে চীন-সাগর। পর্বতমালা থাকায় মধ্যদেশ হইতে পৃথক। লোকেরা সমুদ্রপথে বহুদূর যায়। কথ্য ভাষা ও আচার-ব্যবহার উত্তর চীন হইতে একটু পৃথক। প্রধান নদী সি-কিয়াং। ...এই প্রদেশে প্রচুর কয়লা, ম্যাঙ্গানিজ ও টিন আছে। জলবায়ু গ্রীষ্মমণ্ডলীয়। ধান্য, ইক্ষু ও বহুবিধ ফলের চাষ হয়। ...রাজধানী কান্টন ( Canton )। পোর্তুগীজ কলোনী মাকাও ও ব্রিটিশ দ্বীপ হংকং এই প্রদেশের সীমানার মধ্যে।

**কোয়াঙ-সি** ( Kwang-si ) : ভিয়েৎনাম ও কোয়াঙ-টুঙের মধ্যবর্তী দক্ষিণ চীনের প্রদেশ। উত্তরে কোয়াই-চৌ ও হুনান। আ. ৭৭,০০০ ব মা; জন ১,৮৯,৮০,০০০ ('৫২)। রাজধানী নাননিঙ ( Nanning )। সি-কিয়াঙ নদী প্রবাহিত। চিনি, কর্পূর, দারুচিনি, নীল, রেশম প্রভৃতি উৎপন্ন হয়।

**কোয়ান-টুঙ রাজ্য** (Kwan-tung leased territory) : উ.-পূ. চীনের লিয়াও-টুঙ উপদ্বীপের দক্ষিণাংশ। আ. ১,৪৪৭ ব মা। এখানে পোর্ট-আর্থার ( Port Arther ), রিওজুন ( Ryojun ), দাইরেন প্রভৃতি নগর ও বন্দর অবস্থিত। পূর্বে রুশের ইজারায় ছিল। রুশ-জাপান যুদ্ধের পর ১৯০৫ হইতে জাপান ৯৯ বৎসরের জন্য এই প্রদেশের ইজারা লাভ করে। জাপানের তত্ত্বাবধানে রেলপথ ও বাণিজ্যের উন্নতি হয়। ২য় মহাযুদ্ধের পর চীন ইহা ফিরিয়া পাইয়াছে। এখানে প্রচুর লবণ প্রস্তুত হয়।

**কোয়াম্বতুর** ( Coimbatore ) : মদ্রাজ রাজ্যের জেলা ও সদর শহর। জেলার উ.-পশ্চিমে মহীশূর, দক্ষিণে ত্রিবাঙ্কুর-কোচিন। আ. ৭,৮৭২ ব মা; জন. ৩২·৯৩ লক্ষ। ১০টি তালুক। কাবেরী ও তৎ-শাখানদী-ধৌত সমতলভূমি। মূল্যবান অরণ্যসম্পদ পর্যাপ্ত।

অধিবাসীরা তামিল ও কানাড়ী। উৎপন্ন দ্রব্য তামাক, কফি ও নানাবিধ দাইল। বৃষ্টি ২৫"।

শহরের জন. ১,৯৪,৫৫৫। দ. রেলপথে মদ্রাজ ৩০৭ মা। বিমানপথে ৩১৬ মা। ৩৫টি কাপড়ের কল, ৫০ তুলা-পেঁজার কল ও অন্যান্য বহু ফ্যাক্টরী আছে। ভবানী (দ্র.) পরিকল্পনা কার্যকর হইলে এই অঞ্চলে তুলা-চাষ উন্নততর হইবে। এখানে নানা শ্রেণীর ৪৪টি ব্যাংক আছে। ... প্রাচীনকাল হইতে ব্যবসা-বাণিজ্যর জন্য এই স্থান খ্যাত। ...এই জেলায় যে পরিমাণ রোমান মুদ্রা পাওয়া গিয়াছে তাহা ভারতের অন্যত্র পাওয়া যায় নাই। কারুর, কটনগম্নি প্রভৃতি স্থানে রোমান সম্রাট ক্লডিয়াস, টিবেরিয়াস (৫৪-৩৭ খ্রী. অ.), এমনকি ৪র্থ শতকের থিওডোসিয়াসের স্বর্ণমুদ্রা পাওয়া গিয়াছে।

**কোয়েটা** (Quetta): পাকিস্তান; বলুচিস্তানের রাজধানী; ৫,৫০০ ফুট উচ্চে অবস্থিত। ১৮৭৬-এ সার রবার্ট সান্‌ডেমান (Sandeman) যখন এই প্রদেশ গঠন করিতেছেন, তখন কোয়েটা সামান্য গ্রাম। ১৯০৭-এ রণনীতিশিক্ষার জন্য Indian Staff College খোলা হয়। বোলন গিরিপথ দিয়া করাচী রেলপথে ৫৩৬ মা। রেলে ইরান-সীমান্ত পর্যন্ত যাওয়া যায়। ১৯৩৫ জুনে ভূমিকম্পে নগরের বহু অংশ ধ্বংস হয়, ৬০ হাজার প্রাণহানি হয়। এখানে দুর্গ, সৈন্য ছাউনি আছে। জন. ৮৩,৮৯২ ('৫১)। গবর্নর জেনারেলের এজেন্ট, রেসিডেন্ট ও চীফ-কমিশনরের অপিস কো.য় ছিল। ব্যাংক: অস্‌ট্রেলেশিয়া; গ্রিনড্‌লে; হবীব।

**কোরকাই** (Korkai): মদ্রাজ; তিরুনেলবেলী জেলার তাম্রপর্ণী নদী তীরের নগণ্য গ্রাম। প্‌টলেমি উল্লিখিত কোলখোই (Kolkhoi) বন্দর বলিয়া অনুমিত। বর্তমানে কোরকাই সমুদ্রতীর হইতে ৪½ মা অভ্যন্তরে। সমুদ্রের বালি জমা হইয়া এই দূরত্বের সৃষ্টি। দ. ভারতের সভ্যতার আদিভূমি। প্রবাদ, পাণ্ড্য, চেরও চোল রাজ্য যে তিন ভ্রাতার দ্বারা স্থাপিত হয়, তাহারা এই কোরকাই-এর অধিবাসী। অশোকের সময়ে ইহা পাণ্ড্য রাজাদের রাজধানী ছিল।

**কোরগাঁও** (Koregaon): বোম্বাই রাজ্যের শহর; পুণা হইতে উ.-প.এ. ৩৬ মা। ভীমা নদীতীরে। এইখানে ১৮১৮, ১ জানুয়ারিতে পেশোবা ২য় বাজীরাও-র প্রায় ২০,০০০ সৈন্য ইংরেজের নিকট যুদ্ধে পরাজিত হয়। ইহার অনতিকাল পরে পেশবাকে সার জন্ ম্যাল্‌কলমের নিকট আত্মসমর্পণ করিতে হয়। ...জন. ৭,২৩০।

**কোরা ও এলাহাবাদ** (Kora, Corah, Currah,): দ্র. কারা ও ইলাহাবাদ।

**কোরাপুট** (Koraput): ওড়িশার জেলা। ১৯৪৭-এর-পর কোরাপুট, পটাঙ্গী, পদ্মা, রায়গড়, গুনুপুর, মালকানা ও জয়পুর প্রভৃতি জমিদারী-এস্টেট লইয়া এই বিশাল জেলা গঠিত হয়। পূর্বে কটক ও অন্ধ্রের বিশাখাপাটন জেলা; পশ্চিমে মধ্যপ্রদেশের বস্তার জেলা। আ. ৯,৮৭৫ ব মা। অধিবাসীরা ওড়িয়া, তেলেগু, গদভ, খন্দ, কোয়া, সবর ভাষাভাষী। জন. ১২,৬৯,৫৩৪, উহার মধ্যে ১০·৪৪ লক্ষ লোক অনগ্রসর তপশীলী ও উপজাতীয়। ...জেলার উত্তরাংশ পার্বত্য; নদী—ইন্দ্রাবতী; সবরী ও সিলেরু নদীদ্বয়ের মধ্যে দক্ষিণাংশ উর্বরভূমি।......প্রধান শহর জয়পুর (Jeypore); এখানে উচ্চ বিদ্যালয় ও কলেজ আছে।

**কোরিন্থ** (Corinth, গ্রীক Korinthos): গ্রীসের যোজক ও শহর। কোরিন্থ শৈলময় যোজক, ৪ মা প্রস্থ; উচ্চতা ২৬২ ফুট। পূর্ব দিকে ঈজান ও কোরিন্থ নগরী; উত্তর তীরে বন্দর থাকায় আন্তর্জাতিক বাণিজ্যের বিশেষ সুবিধা ছিল। প্রাচীন কালে ছোট ছোট জাহাজ টানিয়া এক বন্দর হইতে অপর বন্দরে পার করা হইত বলিয়া জানা যায়। ১৮৯৩-এ যোজক কাটিয়া খাল নির্মিত হওয়ায় ঈজান—আড্রিয়াতিকের বাণিজ্য চলাচল সুগম হইয়াছে। ১৮৫৮-র ভূমিকম্পের পর আধুনিক শহর একটু দূরে নির্মিত হইয়াছে। জন. ১৮,০০০। কোরিন্থ প্রাচীন গ্রীকের অন্যতম বিশিষ্ট রাষ্ট্র-নগরী। অবস্থানের বৈশিষ্ট্যহেতু ধনসম্পদে সমৃদ্ধ হয়। উদীয়মান আথেন্সের বাণিজ্য বিষয়ক প্রতিদ্বন্দ্বী হইয়া উঠে ও তজ্জন্য আথেন্স কোরিন্থের সহিত যুদ্ধে প্রবৃত্ত হয় (খ্রী. পূ. ৪৩১); পেলোপনেশীয় যুদ্ধে কো. আথেন্স পক্ষীয় ছিল। রোমানরা গ্রীস জয় করিয়া

কোরিন্থ লুণ্ঠন করিয়া তথাকার বহু স্থাপত্য ও ভাস্কর্য নিদর্শন রোমে লইয়া যায়। রোমের হেলেনীকরণের সূত্রপাত হয় এই লুণ্ঠনের পর হইতে। জুলিয়াস সীজার নগরকে পুনর্গঠিত করেন। ...কোরিন্থবাসীরা সর্বপ্রথম খ্রীষ্টীয় চার্চ নির্মান করে ( ৪০ খ্রী. অ.)। সাটুপলের দুইখানি পত্র কো. বাসীদের উদ্দেশ্যে লিখিত।

**কোরিয়া** (Korea, Chosun) : পূর্ব এশিয়ার চীন-সংলগ্ন উপদ্বীপ ; পূর্বে জাপান-সাগর, পশ্চিমে পীত-সাগর। আ. ৮৫,২২৫ ব মা ; জন. ২,৫০,০০,০০০। দেশ পার্বত্য ও উর্বর। চাউল, যব, তুলা, তামাক উৎপন্ন হয়। উত্তর কোরিয়ায় গিনসেঙ নামে ওষধি বিখ্যাত। স্বর্ণ, তাম্র, কয়লা, লৌহ, টাংস্টেন প্রভৃতি খনিজ সম্পদ প্রচুর।

প্রাচীনকালে এই উপদ্বীপে ৩টি রাজ্য ছিল, কো-কু-রা বা কোরিও অন্যতম। বৌদ্ধধর্ম ও সভ্যতা চীন হইতে এদেশে ৫ম শতকে প্রবেশ করে। ১০ শতকে কোরিও সমগ্র উপদ্বীপের অধীশ্বর হয়। ১৩ শতকে চীনের মংগোল ( যুয়ান )-বংশ কর্তৃক অধিকৃত হয়। ১৩০২-এ নূতন কোরিও রাজবংশ প্রতিষ্ঠিত হয় ; সেই বংশ ১৯০৭ পর্যন্ত রাজত্ব করে। পৃথিবীতে কোথাও এতকাল একটি মাত্র বংশ রাজত্ব করে নাই। ইহারা বরাবরই চীনের করদরাজ্যরূপে শাসিত হইত। ১৮৮২-এ মার্কিনের, ১৮৮৩-এ ইংরেজের সহিত কোরিয়ার সন্ধি হয়। অতঃপর রুশ ও জাপানের দৃষ্টি ইহার উপর পড়ে। চীন-জাপানের যুদ্ধের ( ১৮৯৫ ) ফলে কোরিয়া স্বাধীন রাজ্য বলিয়া ঘোষিত হয়। কো. রাজা সম্রাট উপাধি পান। ১৮৯৮-এ রাষ্ট্রের নাম হয় তাই-হান। রুশ-জাপানের যুদ্ধের পর ( ১৯০৪ ) জাপান কোরিয়ার অভিভাবক হইল ; ১৯০৭-এ শেষ রাজা সিংহাসন ত্যাগ করিতে বাধ্য হইলেন ; এবং ১৯১০-এ কো. জাপানের অধীন দেশ বলিয়া ঘোষিত হয়। ১৯১৯ পর্যন্ত এখানে জাপানের সামরিক শাসন চলে ও এই বৎসর হইতে জাপান সাম্রাজ্যের অংশরূপে শাসিত হইতে থাকে। ...১ম মহাযুদ্ধের পর স্বাধীনতালাভের চেষ্টা করিলে কোরীয়ায় নৃশংস হত্যাকাণ্ড চলে। ২য় মহাযুদ্ধে জাপানের পরাজয় হইলে ১৯৪৫ অগস্টে দেশের উত্তরাংশ সোবিয়েত ও দক্ষিণাংশ মার্কিন যুক্তরাষ্ট্রের অধীনে আসে। মসকৌ-বৈঠকে ( ডিসেম্বর ) ঠিক হয় ইংরেজ, মার্কিন ও সোবিয়েত মিলিতভাবে কোরিয়ায় অছি-রূপে থাকিবে। কিন্তু ইহা কার্যকরী হয় নাই। ১৯৪৮, মে মাসে ৩৮° অক্ষাংশে কোরিয়া বিভক্ত হইল। দ. কোরিয়ায় সিংম্যান-রী প্রেসিডেণ্ট নির্বাচিত হন। ১৯৫০, ২৫শে জানুয়ারি উত্তর ও দক্ষিণের মধ্যে গৃহবিবাদ সুরু হয়। দ. কোরিয়াকে রাষ্ট্রসংঘ ও মার্কিন যুক্তরাষ্ট্র প্রত্যক্ষভাবে সাহায্য দান করে ; উ. কোরিয়াকে প্রত্যক্ষভাবে কেহ সাহায্য না করিলেও চীন হইতে ব্যক্তিগতভাবে স্বেচ্ছাসেবকগণ লড়িতে গিয়াছিল। যুদ্ধের রসদপত্র বেসরকারীভাবে চীন ও রুশ সরবরাহ করিতে থাকে।...দুই বৎসর যুদ্ধের পর দেখা গেল হারজিত অনিশ্চিত। বহু সহস্র মার্কিন যুবক নিহত হওয়ায় যুক্তরাষ্ট্রে অসন্তোষ দেখা দিল। অবশেষে ভারতের যুদ্ধ-বিরতি প্রস্তাব উভয়পক্ষ গ্রহণ করিলে ( ১৯৫৩, মার্চ ) সুইস্‌দেশ, পোলন্‌ড, চেক ও ভারত লইয়া নিরপেক্ষ কমিশন গঠিত হয়। এই সূত্রে ভারত হইতে শান্তি-সৈন্য প্রেরিত হয়। কোরিয়ায় শান্তি স্থাপনের চেষ্টা চলিতেছে। কিন্তু সমাধান বেশিদূর অগ্রসর হয় নাই।

কোরিয়ার ভাষা মংগোল-অতার বর্গের। নিজস্ব লিপি আছে। লিপিমালায় ১০ স্বরবর্ণ, ১৪ ব্যঞ্জনবর্ণ ; এই লিপিমালাকে পৃথিবীর সর্বাপেক্ষা শ্রেষ্ঠ (most perfect in the world) বলা হয় ; ১৫ শতকে য়ি-বংশের সময় উহা উদ্‌ভাবিত। ইহার মূলে আছে দ. ভারতীয় লিপিমালার প্রভাব।

উ. কোরিয়ার রাজধানী-পায়ংয়ং (Pyongyang : জন. ২,৮৬,০০০) ( '৪০ )। দ. কো.র রাজধানী—সিউল ( Seoul : ১১,৪১,৭৬৬) ( '৪০ )।

**কোরিয়া** (Korea) : পূর্বতন ঈ. স্টেট্‌স অন্তর্গত করদ-রাজ্য ; আ. ছিল ১,৬৪৭ ব মা ; জন. ১,২৬,৮৭৪। প্রধান শহর ছিল সোনহাট। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ২,৭৮,৭০০ টাকা

ভাতা পান। দেশের উত্তরাংশ পার্বত্য; দেওগড় পর্বত ৩,৩৮০ ফুট উচ্চ। দক্ষিণাংশ সমতল। বিলাসপুর (৪৪৬ মা)-কাটনি রেলপথের অনুপপুর জং (কলিকাতা ৫৪০ মা) হইতে শাখা রেল রাজ্য মধ্যে গিয়াছে। এখন রাজ্য মধ্যপ্রদেশের সুরগুজা জেলার অন্তর্ভুক্ত।

**কোরুনা** (La Coruna): স্পেনের নগর ও বন্দর। স্পেনীশ 'আর্মাডা' এখান হইতে যাত্রা করে (১৫৮৮)। এইখানে নেপোলনীয় যুদ্ধে ফরাসী ও ইংরেজের মধ্যে লড়াই হয়। ইংরেজ সেনাপতি সার জন মূর এইখানে নিহত হন (১৮০৯,১৬ জানুয়ারি)।

**কোল্হাপুর** (Kolhapur): বোম্বাই রাজ্যের জেলা। পূর্বতন ডেকান এজেন্সির অন্তর্গত করদরাজ্য; শিবাজীর বংশধরের একটি শাখা এখানে পৃথক রাজ্য স্থাপন করে (১৭১৪)। ১৯৪৯ অগস্ট মাসে এই রাজ্য ভারতভুক্ত হইয়া বোম্বাই-এর জেলায় পরিণত হয়; ডেকান এজেন্সির অন্তর্গত কো. রেসিডেন্সির তত্বাবধানস্থ ৯ করদরাজ্য এই জেলা ভুক্ত হইয়াছে। কোলহাপুর রাজাকে বাৎসরিক ১০ লক্ষ টাকা ভাতা দেওয়া হইতেছে।...জেলার দক্ষিণ ও পূর্বে বেলগাঁও জেলা; উত্তরে সাতারা ও পশ্চিমে কোংকন। সহ্যাদ্রি পর্বতমালা হইতে কৃষ্ণা, পঞ্চগঙ্গা, বেদগঙ্গা প্রভৃতি নদী প্রবাহিত; জেলায় জলাভাব নাই এবং কৃষিকার্য ভাল ভাবে নিষ্পন্ন হয়। এই জেলায় অফুরন্ত ও উৎকৃষ্ট বক্সাইট মৃত্তিকা আছে; জলবিদ্যুৎ কারখানা চালু হইলে এই বিদ্যুৎ শক্তির সাহায্যে বকসাইট হইতে প্রচুর আলুমিনিয়ম তৈয়ারি করা সম্ভব হইবে।... জেলার আ. ৩,১৫৬ ব মা। জন. ১২.২৮ লক্ষ। লোকভাষা প্রধানত মারাঠী।

—নগর, গোয়ার (Goa) ৮০ মা উত্তরে; পুণা-বঙ্গলুর রেলপথের মিরাজ (১৬০ মা) জং হইতে শাখা লাইনের শেষ স্টেশন (৩৬ মা)। এখানে ডিগ্রী কলেজ, শিক্ষণ কলেজ, কয়েকটি কাপড়ের কল, ইন্জিনীয়ারিং কারখানা প্রভৃতি আছে। জন. ১,৩৬,৮৩৫। ১৯টি ব্যাংক।

**কোলা উপদ্বীপ** (Kola peninsula): সোবিয়েত রুশিয়ার উত্তরস্থিত উপদ্বীপ; শ্বেত সাগর ও উত্তর মহাসাগর দ্বারা বেষ্টিত। আয়তন প্রায় ৫০ হা. ব মা। জনসংখ্যা প্রায় ৩ লক্ষ। মুরমনস্ক (Murmansk) জেলা বা oblast-এর অন্তর্গত। মু. বন্দর উত্তর অতলান্তিক স্রোতের প্রভাবে কখনও বরফাচ্ছন্ন হয় না। লৌহ, বক্সাইট প্রভৃতি বহু খনিজ সম্পদপূর্ণ। ২০-৩০ লক্ষ টন ফস্‌ফেট রপ্তানি হয়। সোবিয়েত বিজ্ঞানের সাহায্যে দেশের রূপান্তর হইয়া যাইতেছে। আর্কটিক মণ্ডলে কৃষির ব্যবস্থা হইতেছে।

**কোলখোই** (Kolkhoi): প্‌টলেমির ভূগোলে দ.ভারতের এই বন্দরের উল্লেখ আছে; তুতুকুডি (Tuticorin) বন্দরের নিকট কোরকাই (Korkai) সাড়ে ৪ মা অভ্যন্তরে অবস্থিত। সমতল হইতে ২-৩ ফুট নিচে পুরাতন শহরের চিহ্ন পাওয়া যায়; আরব ও চীনাদের পোড়ামাটির (পটারি) বাসনপত্র পাওয়া গিয়াছে। (দ্র. কোরকাই)।

**কোলাবা** (Kolaba): বোম্বাই রাজ্যের জেলা। পূর্বতন জেলার সহিত জঞ্জিরী ও ভোর রাজ্যের কিয়দংশ যোগ করায় বর্তমান আ. ২,৭১৫ ব মা। জন ৯.১০ লক্ষ ('৫১)। উত্তরে থানা জেলা, পশ্চিমে আরব সাগর। শিবাজীর রায়গড় দুর্গ ও বন্দর আলিবেগ এই জেলায় অবস্থিত। আলিবেগ জেলার রাজধানী, বোম্বাই হইতে ২৪ মা দক্ষিণে। এইস্থানে ৩টি জলবিদ্যুৎ কারখানা আছে—খোপোলি, ভিবপুরী ও ভীরন্‌। এলিফান্টা এই জেলায় অবস্থিত। মাথেরান শৈলাবাস এখানে। জেলায় বহুবিধ শিল্প প্রতিষ্ঠান আছে।

**কোলাম্বিয়া** (Columbia): (১) মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন এই জেলায় অবস্থিত; Dist. of Columbia। (দ্র. ওয়াশিংটন) আ. ৬৯ ব মা; জন ৫.৪০ লক্ষ। —(২) কানাডার একটি প্রদেশ। 'ব্রিটিশ কোলাম্বিয়া' দ্রষ্টব্য।

**কোলাম্বিয়া নদী** (Columbia river): উত্তর আমেরিকার নদী (১,৪০০ মা দীর্ঘ)। ব্রিটিশ কোলাম্বিয়ার রকি পর্বতে উঠিয়া মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন স্টেটের মধ্য দিয়া অরিগণ স্টেটের উত্তর সীমা বরাবর প্রবাহিত হইয়া প্রশান্ত মহাসাগরে পড়িয়াছে। এই নদী সামন্ মাছের জন্য বিখ্যাত।

**কোলাম্বিয়া বিশ্ববিদ্যালয়** (Columbia University) : নিউইয়র্কে অবস্থিত। ১৭৫৪-এ প্রতিষ্ঠিত। নিকোলাস মারে বাটলার (Butler) বিশ্ববিদ্যালয়ের সভাপতি (১৯০১-৪৫) থাকা কালীন পৃথিবীর শ্রেষ্ঠ বিদ্যালয়ে পরিণত হয়। আইজেনহাওয়ার ১৯৪৫-৫০ পর্যন্ত সভাপতি ছিলেন। '৫২-৫৩-এ ১২,০৭৩ ছাত্র ও ২,৭২০ শিক্ষক ও কর্মী ছিলেন। বিদ্যালয়ের গ্রন্থাগারে ১৮,৯৮,০০০ গ্রন্থ আছে। এখানকার শিক্ষক-শিক্ষণ কলেজ বিখ্যাত।

**কোলার** (Kolar) : মহীশূর রাজ্যের জেলা। আ. ৩,১৬৯ ব মা ; জন ১১·৩০ লক্ষ। এই জেলায় স্বর্ণখনি আছে। সদর শহর (২৭ হা.) বাঙ্গালোর হইতে ৪০ মা উ.-পূর্বে। মহীশূর ব্যাংক।

**কোলার স্বর্ণখনি** (Kolar Gold mines) : মহীশূর রাজ্যের কোলার জেলার বঙ্গারপেট তালুকের অন্তর্গত স্থানের স্বর্ণখনি। এরিং পর্যন্ত প্রায় ৩৬ ব মা স্থানে কাজ হইয়াছে ; কোনো কোনো খনিতে ৬০০০ ফুট পর্যন্ত খদ নামিয়াছে। ১৩টি ইংরেজ কোম্পানি এই স্বর্ণ উত্তোলন কর্মে নিযুক্ত আছে। ১১টির মূলধন ২১,৯২,৫০০ পাউণ্ড। কোম্পানির হিসাব বাহিরে প্রকাশ হয়না। মূল ধনের বহুগুণ মুনাফা কোম্পানি পাইয়া গিয়াছে ; মহীশূর সরকার এই খনিকে জাতীয়করণের চেষ্টায় আছেন।

**কোলার হ্রদ** (Kolar Lake) : গোদাবরী ও কৃষ্ণা-নদীর বদ্বীপের মধ্যে অবস্থিত হ্রদ। আ. ১০০ ব মা। মধ্যে কয়েকটি উর্বর দ্বীপ আছে ; হ্রদ জলচর পক্ষী ও মৎস্য পূর্ণ।

**কোলেরুন নদী** (Coleroon) : মদ্রাজ রাজ্যে কাবেরী নদীর শাখা ; তিরুচিরপল্লীর নিকট ভাঙিয়া পোর্টো নোভোর নিকট বঙ্গোপসাগরে পড়িয়াছে। জলসেচনের জন্য ইহার জল প্রচুর কাজে লাগে।

**কোলোন** (Cologne, Koln) : জারমানির ৪র্থ বৃহৎ নগর ; রাইন নদীর তীরে। আতরের জন্য বিখ্যাত (ও-ড-কোলন — Eau de Cologne — কোলনের জল)। এখানকার স্থাপত্য-সৌন্দর্যের বৈশিষ্ট্য আছে। কো. ক্যাথিড্রাল ৬শ শতাব্দী ধরিয়া ধীরে ধীরে নির্মিত হয়। ১৯১৯-এ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। জন. ৬,৭০,৩০০।

**কোলোন** (Colon) : পানামা রিপাবলিকের অতলান্তিক তীরের বন্দর। পানামা খাল এইখানে আরম্ভ ; অপর তীরে প্রশান্ত মহাসাগরে পানামা বন্দর। জন. প্রায় ৯০ হাজার।

**কোলোম্বিয়া** (Colombia) : দ. আমেরিকার উত্তরাংশের রিপাবলিক। পূর্বে অতলান্তিক (করিব সাগর) ও পশ্চিমে প্রশান্ত মহাসাগর, উত্তরে পানামা রাষ্ট্র। আ. ৪,৬১,৬০৬ ব মা ; জন. আনু. ১,১৬,৪১,৫৮৬ ('৫১)। প্রশান্ত মহাসাগরের উপকূলভাগ, ১,১৭৮ মা ; করিব সাগরের উপকূল ৮৬৮ মা। রাজধানী বগোটা। রাজ্যের ভাষা স্প্যানিশ।

১৫০২-এ ক্রিস্টোফার কলোম্বাস উপকূলে অবতীর্ণ হন। ১৫৩৬ হইতে স্পেনিশ উপনিবেশ। প্রায় তিনশত বৎসর স্পেনিশ সাম্রাজ্য ভুক্ত থাকিবার পর লোকে বিদ্রোহী হয় (১৮১১-২৪)। ১৮১৯-এ কোলোম্বিয়া রিপাবলিক গঠিত হয়। তখন বর্তমান কোলোম্বিয়া, পানামা, ভেনেজুয়েলা, একোয়াদর ইহার অন্তর্ভুক্ত ছিল। ১৮২৯-৩০-এ ভেনেজুয়েলা ও একোয়াদর পৃথক দুই স্বাধীন রাষ্ট্ররূপে গঠিত হয়। অবশিষ্ট ভূখণ্ড নিউ গ্রানাডা রিপাবলিক (১৮৫৮) নাম লয়। পরে গ্রানাডা কন্‌ফেডারেশন কোলোম্বিয়া যুক্তরাষ্ট্র (১৮৬১) নাম লয়। পানামা ১৯০৩-এ পৃথক হয়। ১৮৮৬-তে বর্তমান নাম গৃহীত হয়। প্রধান উৎপন্ন সামগ্রী কফি, কলা, তামাক, গম প্রভৃতি। বহুবিধ বনজ কাষ্ঠ আছে। খনিজের মধ্যে মরকত, প্লাটিনাম, স্বর্ণ, রৌপ্য, তাম্র, লৌহ, কয়লা, পেট্রোলিয়ম। প্লাটিনাম উৎপাদনে পৃথিবীতে দ্বিতীয় স্থান। রাজস্বের ১০% শিক্ষাখাতে ব্যয় হয়। অর্ধেক লোক এখনো নিরক্ষর। স্পেনিশ জমিদাররা খুবই প্রবল। তবে ক্রমশই শ্রমিকরা শক্তিশালী হইতেছে।

**কোলোম্বো** (Colombo) : সিংহলের পশ্চিম প্রদেশের জেলা ; আ. ৮০৮ ব মা। জন. ১৪,২০,৩৩২ ('৪৬)। এই জেলা আয়তনে ১৪শ স্থান, জন সংখ্যায় ১ম। অন্যান্য জেলার তুলনায় এই জেলায় বাগানের (Plantation estate) সংখ্যা কম, মাত্র ১২৯। রবার বাগানই অধিকাংশ।

**কোলোম্বো** (Colombo): সিংহলের রাজধানী ও কলানি নদীর মুখে অবস্থিত বন্দর; সুবৃহৎ পোতাশ্রয়; অস্ট্রেলিয়া ও জাপানাদি পূর্ব দেশীয় রাজ্যের জাহাজের কয়লা, জল প্রভৃতি লইবার স্টেশন। সিংহলী ভাষায় এই স্থানের নাম কলান-টোট্টা (Kalan Totta); আরবরা বলিত কলম্বু। পোর্তু. কলম্বাসের নামের সঙ্গে মিলাইয়া কলম্বো বলিতে আরম্ভ করে। ৯ শতকে আরব বণিকরা এইখানে উপনিবেশ স্থাপন করে; ১৬ শতকে পোর্তুগীজরা দখল করিয়া যথার্থ বন্দর পত্তন করে। ব্রিটিশপর্বে দ্রুত উন্নত হইয়া আন্তর্জাতিক বন্দররূপে পরিগণিত হয়। এই বন্দর ১৫১৭-১৬৫৬ পর্যন্ত পোর্তুগীজদের অধিকারে ছিল। ১৭৯৫-এ ব্রিটিশদের হাতে আসে। ১৯৪৬ এর সেন্সাসমতে জন. ৩,৬২,০৭৪। এই সংখ্যার মাত্র ৪৬·৭ % খাস সিংহলী। সিংহলী তামিল ৯·৮; ভারতীয় তামিল ১১,৫; মুর বা মুসলমান ১২·৪; ভারতীয় মুসলমান ৪·৪। আমেরিকার বিরাট রেডিও-স্টেশন এই নগরীর উপকণ্ঠে আছে। ... সিংহল বিশ্ববিদ্যালয় (১৯৪২) এইখানে অবস্থিত।

**কোলোম্বো প্ল্যান** (Colombo Plan): ব্রিটিশ কমনওয়েলথের বৈদেশিক মন্ত্রীরা ১৯৫০, জানুয়ারিতে কোলোম্বোতে সমবেত হইয়া দ.-পূ. এশিয়ায় সমবায় প্রথায় আর্থিক সহায়তার দ্বারা উন্নতি করিবার পরিকল্পনা গ্রহণ করেন। ইহার জন্য ১,৮৬৮ মিলিয়ন পাউণ্ড-এর ছয় বৎসরের পরিকল্পনা গৃহীত হয়। এই অর্থের অর্ধেক আন্তর্জাতিক ব্যাংক ও অপরার্ধ সমবেত দেশসমূহ দিতে রাজী হন। বর্মা ও ফরাসী ইউনিয়নের এশিয়ান দেশগুলিও যোগদান করে। অনুন্নত দেশগুলির নানাবিধ উন্নতির ব্যবস্থা হইতেছে।

**কোল্লেগল** (Kollegal): মদ্রাজ; কোয়ম্বত্তুর জেলার তালুক ও শহর; উত্তরে মহীশূর সীমান্তে অবস্থিত; রেল পথ নাই। জন. ১১,২৫২। বৈশ্য ব্যাংক।

**কোশল** (Kosala): প্রাচীন ভারতের দেশ। বর্তমান অযোধ্যার (দ্র.) চতুর্দিকস্থ ভূখণ্ড। কালে কোশল দুইটি রাজ্যে বিভক্ত হয়। উত্তরাংশের রাজধানী শ্রাবস্তি, দক্ষিণের কুশবতী। খ্রী. পূ. ৬ষ্ঠ শতকে বুদ্ধের সময়ে শক্তিশালী সমৃদ্ধ রাজ্য ছিল। খ্রী. পূ. ৪র্থ শতকে মগধ ইহাকে হীনপ্রভ করে (দ্র. মহাকোশল)।

**কোশল** (Kosala): ভারতের ঐতিহাসিক যুগের এক রাজ্য। ইহা মধ্যভারত রাজ্যের উত্তর-পশ্চিম অংশে বিন্ধ্যপর্বতের দক্ষিণে অবস্থিত ছিল। হুয়েনৎসাঙ্ এই রাজ্যের কথা লিপিবদ্ধ করিয়াছেন। রাজধানী কোথায় ছিল, তাহা স্পষ্ট নহে; অনুমান বান্দা নামক স্থানে উহা ছিল। সমুদ্রগুপ্তের সময় এখানে মহেন্দ্র নামে রাজা ছিলেন।

**কোসম্বা** (Kosamba): বোম্বাই; সুরাট জেলার শহর; বোম্বাই-বড়োদা-দিল্লী রেলপথের স্টেশন; সুরাট হইতে ২০ মা। এখান হইতে সরু রেল উমরপাড়া (Umarpada) পর্যন্ত (৩৮ মা) গিয়াছে। জন. ৪,৪৬২। সমবায় ব্যাংক।

**কোসী, কুশী** (Kosi): গঙ্গার উপনদী। হিমালয়ে উঠিয়া নেপালের মধ্য দিয়া ও বিহারের সহরসা ও পুর্ণিয়া জেলাকে বিভক্ত করিয়া অবশেষে ভাগলপুর জেলার সীমান্ত দিয়া আসিয়া ভা. শহরের কিছু পূর্বে গঙ্গায় পড়িয়াছে। দৈর্ঘ্য প্রায় ৩০০ মা। গত এক শত বৎসরের মধ্যে এই নদীর গতি ৯ বার বদল হইয়াছে এবং প্রায় প্রতি বৎসরই বন্যায় বিহারের ক্ষতি করিতেছে। প্রাচীনকালে এক সময়ে কোশী বা কৌশকী উ. বঙ্গ দিয়া পূর্বাভিমুখী হইয়া ব্রহ্মপুত্রে পড়িত।

নেপাল ও ভারত সরকারের মধ্যে এক চুক্তির ফলে (১৯৫৪) কোসী নদীতে বাঁধ দিবার ব্যবস্থা হইয়াছে। প্রাচীনকালে নেপালের মধ্যে বরাহক্ষেত্র নামক স্থানে প্রধান বাঁধ হইতেছে এবং ২টি ব্যারাজ নির্মাণের পরিকল্পনা আছে। নেপালে যে-বাঁধ দেওয়া হইবে তাহাতে নেপালের ১০ লক্ষ একর জমিতে এবং বিহারে বাঁধ দেওয়ার ফলে ২৬ লক্ষ একর জমিতে জলসেচন হইবে। ইহা সমাপ্ত হইলে কলিকাতা হইতে নেপালের কাঠমানডুর কাছাকাছি পর্যন্ত জলপথে যাওয়া চলিবে। এই পরিকল্পনায় ৬৬ কোটি টাকা ব্যয় হইবে।

**কোসী কালান** (Kosi Kalan) : উত্তর প্রদেশ ; মথুরা জেলার ছাতা মহকুমার শহর ; দিল্লী-মথুরা রেলপথের স্টে. (৬৩ মা) ; জন ১১,৮৫৫। ইলাহাবাদ, সেন্ট্রাল, স্টেট ও প. ন্যাশনাল, গোবিন্দ ব্যাংক।

**কোহাট** (Kohat) : প. পাকিস্তানের উ.-প. সীমান্ত প্রদেশের জেলা। ইহার উত্তরে পেশোয়ার, দক্ষিণে বান্নু। আ. ২,৭০৭ ব মা ; জন. ৩·০৫ লক্ষ।

সদর শহর কুরাম নদীর গিরিপথের প্রবেশমুখে অবস্থিত। রাওয়ালপিণ্ডি হইতে এক রেল শাখার শেষ স্টেশন (১১০ মা); এখান হইতে ছোট রেলে থাল (Thal) ৬২ মা। সৈন্ধব লবণের খনি ও কারখানা বিখ্যাত।

**কোহিমা** (Kohima) : আসাম ; নাগা পার্বত্য জেলার প্রধান শহর ; দিয়াং নদীর এক শাখার উপর অবস্থিত। মনিপুর রোড বা ডিমাপুর স্টেশন (পাণ্ডু হইতে রেলপথে ১১২ মা) হইতে ভাল পথ কোহিমা হইয়া ইমফাল গিয়াছে। দ্বিতীয় মহাযুদ্ধের সময় জাপানীরা এই পর্যন্ত আসে (১৯৪৪)। জনসংখ্যা ৪,১২৫।

**কোহিস্তান** (Kohistan) : পার্বত্যদেশ। পারস্য, আফগানিস্তান, ভারতের পার্বত্য দেশ মাত্রেরই এই নাম। ...ভারতীয় কোহিস্তান কাশ্মীরের মধ্যস্থিত সিন্ধুনদের পার্শ্ববর্তী পার্বত্যভূমি। সিন্ধুনদ ১৫,০০০ হইতে ১৭,০০০ ফুট গভীর খাদের মধ্য দিয়া প্রবাহিত। নদীর খদ ১৬-১৭ মা প্রশস্ত।

**কৌঠার** (Kauthara) : ভিয়েৎনাম রাজ্যের না-ত্রাং (নাথরঙ) শহরের নিকটবর্তী প্রাচীন স্থান। হিন্দুদের উপনিবেশ। চম্পারাজ্য অন্তর্গত স্থান। চম্পার প্রাচীন স্মৃতিচিহ্নগুলি কৌঠার কিংবা তৎ নিকটবর্তী স্থানে দেখা যায়। না-ত্রাং-এর অনতিদূরে বো-কান (Vocan) নামক স্থানে চম্পার প্রাচীনতম সংস্কৃত শিলালেখ (খ্রী. ২য় শতকে) আবিষ্কৃত হইয়াছে। শ্রীমার নামে রাজার উল্লেখ আছে। বোধ হয় ইনিই চম্পার আদি রাজা। নিকটে আরও সংস্কৃত শি. লে. পাওয়া গিয়াছে। প্রাচীন কৌঠারের রাজধানী ছিল পো-নগর বা ইয়াং পু-নগর অর্থাৎ নগর ভগবতী বা রাজ্যেশ্বরী বা কৌঠার দেবী। এখানে বহু সংস্কৃত শিলালেখ পাওয়া গিয়াছে। পো-নগরের হিন্দুমন্দিরগুলি এখানো অটুট আছে।

**কৌশাম্বী** (Kausambi, Kosambi) : প্রাচীন ভারতের বৎসরাজ্যের নগরী; বর্তমানে যমুনার বাম তটে ইলাহাবাদ হইতে ৩৮ মা উপরে কোসম গ্রাম। বুদ্ধদেব এইখানে কিছুকাল বাস করেন বলিয়া কিংবদন্তী। এইখানে একটি অতি মসৃণ প্রস্তরের অশোকস্তম্ভ ছিল ; উহা একণে ইলাহাবাদ দুর্গ মধ্যে রক্ষিত। ইহার গাত্রে সমুদ্রগুপ্ত-যুগের লেখ খোদিত দেখা যায়। হুয়েনৎসাঙের সময় কৌশাম্বী সমৃদ্ধ দেশ ছিল ; ১০ বৌদ্ধমন্দির ও ৫০ দেবমন্দির তিনি এখানে দেখিয়াছিলেন। কৌশাম্বী খনন করিয়া বহু প্রত্নতাত্ত্বিক সামগ্রী পাওয়া গিয়াছে।

**কৌশিক** : দ্র. কোসী।

**ক্যানিং** (Canning) : ২৪ পরগণা জেলার আলিপুর সদর মহ.র থানা ও শহর। থানার আ. ৩৪৬ ব মা ; জন. ১, ৮৮, ২১৬। ঘনত্ব ৫৪৪। গ্রাম ১৮৪। —শহর, শিয়ালদহ স্টেশনের ২৮ মা দ.-পূর্বে মাতলা নদীর তীরে, রেল-সীমান্ত। চাউল, মাছ, কাঠের ব্যবসায়ের কেন্দ্র। সুন্দরবনের বহু পণ্যদ্রব্য এই স্থান দিয়া যাতায়াত করে। মাতলার অপর পার হইতে যথার্থ সুন্দরবনের আরম্ভ। শহর রক্ষা করিবার জন্য নদীর তীরে দীর্ঘ বাঁধ আছে। দৃশ্য অতি মনোরম। লর্ড ক্যানিং-এর সময় এখানে বন্দর নির্মিত হয় ; ১৮৭০-এর পর এখানে জাহাজ আর ভিড়ে নাই। এখান হইতে গোসাবা (দ্র.) যাওয়া যায়।

**ক্রয়ডন** (Croydon) : লন্ডন হইতে ১০ মা দূরে অবস্থিত নগর। ইহা লন্ডনের বিমান-বন্দর। জন. ২·৫০ লক্ষ।

**ক্রা যোজক** (Kra Isthumus) : মালয় উপদ্বীপের সঙ্কীর্ণতম স্থান, ২৫-৩০ মা। জাপানীদের অধিকারের সময় খাল করিবার প্রস্তাব হয় ; কিন্তু ২,০০০ ফুট উচ্চ পার্বত্য অঞ্চল ভেদ করা কঠিন বলিয়া পরিত্যক্ত হয়। ইহার একাংশ সিয়ামের মধ্যে।

**ক্রাকাউ** (Cracow, Krakow) : (১) পোলন্ডের নগর, ভিশচুলা নদীতীরে। ১৩০০-১৬১০ পর্যন্ত পোলদের রাজধানী ছিল। পোলন্ড ভাগাভাগি হইলে

এই অংশ অস্ট্রিয়ার ভাগে পড়ে। ১ম মহাযুদ্ধের পর ১৯১৯ হইতে স্বাধীন পোলদের সৈন্য-ছাউনির কেন্দ্র ছিল। জন. ৩,৩০,০৪৬ ('৫০)। (২) ১৮১৫-এ ভিয়েনা কংগ্রেসের সিদ্ধান্তানুসারে পোলদের জন্য ক্রাকাউ রিপাবলিক স্থাপিত হয়। পোলরা ইহাতে সুখী না হইয়া দুইবার বিদ্রোহ করে; ফলে ১৮৪৬-এ এই রিপাবলিক উঠিয়া যায়।

**ক্রাকাটোআ** ( Krakatoa ) : সুমাত্রা ও জাভা দ্বীপের মধ্যস্থিত সুন্দা প্রণালীর আগ্নেয় দ্বীপ। আ. ১৮ ব মা। ১৮৮৩ এ অগ্ন্যুৎপাতের ফলে দ্বীপের বারো আনি উড়িয়া যায় এবং অগ্ন্যুৎপাতের ফলে সমুদ্রের এমন ভীষণ তরঙ্গ উঠে যে বহু গ্রাম ধ্বংস হয় ও ৩৫ হাজার লোক মারা পড়ে। আকাশে উত্থিত ভস্মরাশি সুইডেন পর্যন্ত ব্যাপ্ত হইয়াছিল এবং কয়েক মাস ধরিয়া সূর্যাস্তের সময় আকাশে বিচিত্র রঙের আভা দেখা যাইত।

**ক্রাঙগানোর** ( Crangaore ) : দ্র. কোডুঙগোলুর।

**ক্রীট** (Crete) : ভূমধ্যসাগরে অবস্থিত গ্রীক রাষ্ট্রের দ্বীপ। আ. ৩০০০ ব মা; জন. ৪,৩৮,০০০। অতি প্রাচীন সভ্যতার কেন্দ্র। কিংবদন্তী, মাইনস নামে রাজবংশ খ্রী. পূ. ২।৩ হাজার বৎসর পূর্বে এই দ্বীপে রাজত্ব করিত। মাটি খুঁড়িয়া প্রাচীন যুগের প্রাসাদ, সমাধি-ক্ষেত্র প্রভৃতি এবং অসংখ্য সীল ( Seal ) পাওয়া গিয়াছে; সীলের লিপি এখন পর্যন্ত পড়িতে পারা যায় নাই। ...গ্রীসের উত্থানের সঙ্গে সঙ্গে ক্রীটের পতন সুরু হয়। ৬৮ খ্রী. পূ.-এ রোমানরা ক্রীট জয় করে। খ্রীষ্টীয় ৮২৩-এ আরবরা, ৯৬১-এ বৈজয়ন্তিয়ম গ্রীকরা, ১৬৬৯-এ তুর্কিরা অধিকার করে। তুর্কি শাসকদের বিরুদ্ধে বহুবার ক্রীট বিদ্রোহী হয়। অবশেষে ১৮৯৮-এ ইংরেজ, রুশ, ফরাসী ও ইতালিয়ান-দের মধ্যস্থতায় এখানে আত্ম-শাসনের ব্যবস্থা হয়, নামেমাত্র তুর্কির অধীন থাকে। ১৯১৩-এ গ্রীসের অন্তর্গত হয়। ২য় মহাযুদ্ধের সময় ১৯৪১-এ জারমানরা এই দ্বীপ অধিকার করে। ব্রটিশ ও মিত্র শক্তির বহু যুদ্ধজাহাজ ও বহু সহস্র সৈন্য এখানে নষ্ট হয়। যুদ্ধশেষে গ্রীস দ্বীপটি ফিরাইয়া পায়।

...রাজধানী কানিআ ( Canea, জন. ৩৫,০০০ )।

**ক্রিমিয়া** ( Crimea ) : সোবিয়েত ইউনিয়নের অন্তর্গত ইউক্রেইনের উপদ্বীপ; তিন দিক কৃষ্ণসাগরদ্বারা বেষ্টিত। আ. ২৩,০০০ ব মা। ১৭৯২ পর্যন্ত এই উপদ্বীপ তুর্কির অধীন ছিল। ঐ বৎসর রুশের আয়ত্তে আসে। রাজধানী ছিল সিমফেরোপোল। ক্রিমিয়ায় ১৮৫৪-এ তুর্কির সহিত রুশের যুদ্ধ হয়। তুর্কির প্রধান সহায় ইংরেজ ও ফরাসী, পরে সার্দিনিয়া যোগ দেয়। সিবাস্তোপোল অবরুদ্ধ হয়। যুদ্ধে ইংরেজের বহু সৈন্য মারা যায় এবং ব্যাধিতে ও অব্যবস্থায় অন্যেরা কষ্ট পায়। ফ্লোরেন্স নাইটেংগল এই যুদ্ধে সেবার কার্য করেন। ১৮৫৬-এ সন্ধির ফলে কোনো পক্ষেরই কিছু সুবিধা হইল না; কেবল রুশের তুর্কিকে ধ্বংস করার ষড়যন্ত্র ব্যর্থ হইল। ক্রিমিয়ার যুদ্ধের সময় রুশীয় শন ( hemp )-রপ্তানি ইংলন্ডে বন্ধ হয় এবং সেই সময় হইতে বাংলার পাট বিলাতে আমদানি হইতে আরম্ভ করে। ...টেনিসনের কবিতা Charge of the Light Brigade-এর যে বীরত্ব কাহিনী অতিরঞ্জিতভাবে বর্ণিত আছে, তাহা ক্রিমিয়ান যুদ্ধের ঘটনা।

**ক্রুগার ন্যাশনাল পার্ক** ( Kruger National Park) : দ. আফ্রিকার ট্রান্সভাল রাজ্যের মৃগভূমি; ইহার আয়তন ৮ হা. ব মা। বুয়র প্রেসিডেন্ট ক্রুগারের নামানুসারে ১৮৯৮-এ স্থাপিত। এখানে আফ্রিকার প্রায় সকল শ্রেণীর জীবজন্তু রক্ষিত আছে। প্রতি বৎসর বহু সহস্র পর্যটক এই পার্কের মধ্য দিয়া ভ্রমণ করেন, পথ হইতে পশুপক্ষীদের স্বাভাবিক অবস্থায় বাস করিতে দেখিতে পাওয়া যায়।

**ক্রেমলিন** ( Kremlin ) : রুশ শব্দ; অর্থ সুদৃঢ় দুর্গ-প্রাসাদ। রুশে বহু ক্রে. আছে; তবে মস্কো দুর্গপ্রাসাদ, বিশেষভাবে ক্রে. নামে পরিচিত। মস্কো-র ক্রে. একটি উচ্চ টিলার উপর অবস্থিত। ১৩৫০-এ প্রথম নির্মিত; ১৮১২-এ নেপোলিয়নের আক্রমণ কালে উহা দগ্ধ হয়। ১৮১৬-এ পুনর্নির্মিত। ক্রেমলিনকে কেন্দ্র করিয়া রেড-স্কোয়ার, বিশ্ববিদ্যালয়, মিউজিয়াম, টেকনিক্যাল প্রতিষ্ঠানসমূহ, থিয়েটার, শ্রমিকপ্রাসাদ প্রভৃতি নির্মিত হইয়াছে।

**ক্রেসি** ( Crecy ) : ফ্রান্সের ক্ষুদ্র গ্রাম। ১৩৪৫, অগস্ট ২৬ ইংলন্ডের রাজা ৩য় এডোআর্ড এখানকার যুদ্ধে ফরাসীদের পরাজিত করেন।

**ক্রোয়েশা** ( Croatia ) : ক্রোআট জাতির দেশ; বর্তমানে যুগোস্লাভিয়া রিপাবলিকের প্রদেশ। আ. ৫৬, ২৬৯ বর্গ কিলো-মিটার। জন. ৩৯, ১৩, ৭৫৩ ('৫৩)। ভাষা স্লাভনিক সার্বদের ন্যায়। রাজধানী জাগরেব ( Zagreb ; জন. ৩, ৫০, ৪৫২ )।

প্রাচীনকালে এই স্থান রোমান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। ৫০৯-এ গথরা ( Goths ) এই দেশে আসিয়া বাস করে ও ৯১০-এ স্লাব-জাতীয় ক্রোআটরা আসে। কালে ক্রোআটদের রাজ্য স্থাপিত হয় এবং নানা পরিবর্তন ও বিপর্যয়ের মধ্য দিয়া ১৭ শতকের শেষ পর্যন্ত টিকিয়া থাকে। এই পর্বে হাংগেরি, অস্ট্রিয়া ও তুর্কির সহিত নানা সময়ে ইহাদের যুদ্ধ হয়। অবশেষে ১৮৬৮ হইতে ১৯১৮ হাংগেরির তাঁবে শাসিত হয়। ১ম মহাযুদ্ধে অস্ট্রিয়ার পতনের পর যুগোস্লাভিয়ার নূতন রাষ্ট্রমধ্যে স্থান লাভ করে। ১৯৪৫ হইতে যুগোস্লাভিয়া ফেডারেশনের অন্তর্গত প্রদেশ।

**ক্লাইপেডা** ( Klaipeda ) : লিথুনিয়া সো. সো. রিপাবলিকের বন্দর; পূর্ব নাম ছিল মেমেল (দ্র.)। টিউটনিক নাইটদের সুদৃঢ় নগর, ১২৫২ অব্দে স্থাপিত। ১৯১৯ পর্যন্ত প্রুশিয়ার অন্তর্ভুক্ত ছিল।......মেমেল বা নিমেন নদী এখানে প্রবাহিত

**ক্লাইড** ( Clyde ) : স্কটলন্ডের নদী; গ্লাসগোর নিম্নে প্রবাহিত। এখানে ব্রিটেনের বৃহত্তম জাহাজনির্মাণ ডক অবস্থিত। যুক্তরাজ্যের ( U. K. ) মোট জাহাজ নির্মাণের ৩৫% ভাগ এখানেই প্রস্তুত হয়।...... জলপ্রপাতে জল-বিদ্যুৎ কারখানা আছে।

**ক্লারেনডন** ( Clarendon ) : ইংলন্ডের গ্রাম। পূর্বে এখানে রাজাদের একটি প্রাসাদ ছিল। এখান হইতে ২য় হেনরি পোপ ও চার্চের ক্ষমতা হ্রাস করিবার জন্য আদেশ জারি করেন ( ১১৬৪ )। পোপ ৩য় আলেকজেন্ডার এই নির্দেশ মানিতে অস্বীকৃত হন এবং তাহার ফলে টমাস বেকেটের ( কান্টারবেরির আর্চবিশপ ) সহিত হেনরির বিবাদ হয়।

**ক্লারেনডন প্রেস** ( Clarendon Press ) : লর্ড ক্লারেনডন ( ১৬০৯-৭৪ ) লিখিত History of the Rebellion ( ১৭০২-০৪ )-এর চিরন্তন মুদ্রন-অধিকার অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়কে প্রদত্ত হইলে প্রেসের নাম ক্লা. রাখা হয় ( ১৬৭২ )। পরে ১৮৩০ হইতে ইহার নাম অক্সফোর্ড ইউনিভারসিটি প্রেস।

**ক্লেভলন্ড** ( Clevland ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট; ওহিও-র রাজধানী, ঈরি হ্রদের বন্দর। ইস্পাত-শিল্প, মোটর, বয়ন, জাহাজনির্মাণ ও তৈল নিষ্কাষণের কেন্দ্র। জন. ৯, ১৪, ৮০৮ ('৫১)।

**খগারিয়া, খাগাড়িয়া** ( Khagaria ) : বিহার; মুঙ্গের জেলার মহকুমা। আ. ৭৫৬ ব মা। জন. ৫,৮৪,৯০২ ; ঘনতা ৭৭৩। ৫টি থানা। শহর ( জন. ১০,৫০০ ) বুড়ি গঙ্গার তীরে, মুঙ্গের হইতে ১১ মা উ.-পূর্বে। বহু সড়ক ও ব্যবসায়ের কেন্দ্র। কাটিহার হইতে ৭৭ মা পশ্চিমে; এখান হইতে একটি রেলপথ উত্তর-পশ্চিমে গোরখপুরের দিকে ও অপরটি গঙ্গার উত্তর দিয়া ইলাহাবাদ-কানপুর গিয়াছে। সেন্ট্রাল ও স্টেট ব্যাংক।

**খগৌল** ( Khagaul ) : বিহার; পাটনা জেলার মিউনি. শহর; পাটনার ৭ মা দ.-পশ্চিমে পাটনা-খালের উপর অবস্থিত। বহুবিধ শস্য উৎপন্ন হয়। ১০ মা পশ্চিমে বিহিটার চিনি-কারখানা। জন. ১৫,৭৪৮

**খচরাউদ** ( Khachraud ) : মধ্য-ভারত ইউনিয়নের ( গবালিয়র ) শহর; রতলাম হইতে ১৮ মা। উচ্চতা ১,৬৩৮ ফুট। শস্য, তুলা, তামাক, বয়ন-শিল্পের ব্যবসাকেন্দ্র।

**খজুরাহো, খজরাহো** ( Khajurabo, Khajraho ) : বিন্ধ্য-প্রদেশ [ পূর্বের মধ্য-ভারত স্টেট্‌স ] অন্তর্গত পূর্বতন ছত্তরপুর রাজ্যের শহর; ছ. হইতে পূ.-দ. ২১ মা। ইলাহাবাদ-মানিকপুর-ঝাঁসী রেলপথের হরপালপুর ( ১৮৭ মা ) হইতে পাকাপথে ৬০ মা দূরে অবস্থিত। জেজাকা-ভুক্তির ( বুন্দেলখণ্ড ) চন্দেল রাজগণের অন্যতম যশোবর্মণ ( ৯৩০-৫৯ ) কনৌজেশ্বর দেবপালকে পরাজিত করিয়া তাঁহার অতি-

সম্রমের বিষ্ণুমূর্তি নিজ রাজধানীর মন্দিরে প্রতিষ্ঠিত করেন। অতঃপর এই বিগ্রহকে কেন্দ্র করিয়া বহু মন্দির নির্মিত হয়। সেইসব মন্দিরের স্থাপত্য সৌন্দর্য ও শিল্পকারুতা অতুলনীয়; হিন্দু স্থাপত্যের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। একটি মন্দিরের মূর্তিসংখ্যা ৮০০-র উপর। ক্ষুদ্র-বৃহৎ প্রায় ৩০টি মন্দির আছে।... ঝাঁসী -বীণা রেলপথে খজরাহা নামে একটি স্টেশন (৯ মা) আছে, তাহার সহিত এই খজুরাহোর সম্বন্ধ নাই।

**খড়কবাসলা** (Khadagavasla): পুণার নিকটবর্তী স্থান। এইখানে ভারতরক্ষা আকাদামি (Indian Defence Academy) স্থাপিত হইয়াছে (১৯৫৫, জানু.)। এই প্রতিষ্ঠান পূর্বে দেরাদুনে ছিল। এই আয়তনে সামরিক বিভাগের সেনা-নায়কগণের শিক্ষা দান করা হয়। স্থল, জল ও আকাশ—এই তিন বিভাগে সৈন্যগণ বিভক্ত; তিন বিভাগের ভাবী কর্মীদের শিক্ষা খড়কবাসলায় হইতেছে। তিন বৎসরের শিক্ষাপর্বের দুই বৎসর সকলেরই সাধারণ সামরিক শিক্ষা গ্রহণ করিতে হয়। তৃতীয় বৎসরে বিশেষ বিভাগের বিশেষ শিক্ষা প্রদত্ত হয়।

এখানে নিখিল-ভারতীয় নদী গবেষণা (Central Water & Power Research Institution); জাতীয় রাসায়নিক গবেষণাগার (National Chemical Laboratory) আছে।

**খড়কাই** (Kharkai river): বিহার; সিংভূম জেলার নদী; সুবর্ণরেখার উপনদী। খড়কাই ও সুবর্ণরেখার সঙ্গমস্থলে জামসেদপুর লৌহ-নগরী অবস্থিত।

**খড়গ্রাম** (Kharagram): মুর্শিদাবাদ জেলার কান্দী মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১২২ ব মা। জন. ৮১,১০২; ঘনতা ৬৬৯। গ্রাম ১৪২। খড়গ্রামের জন. ৩,৪২০। জনসংখ্যা ৫০ বৎসরে ২৮.৪% বাড়িয়াছে; কিন্তু গত দশ বৎসরে কোনো বৃদ্ধি হয় নাই। ...গ্রামে ডাকঘর, সরকারী চিকিৎসালয় ও হাসপাতাল আছে। থানার মধ্যে মাত্র একটি উচ্চ বিদ্যালয় কাঁদুরিতে আছে। খড়গ্রামের মধ্য দিয়া বাদশাহী সড়ক গিয়াছে। এই সড়কের উপর বহু বুদ্ধ মধ্য যুগে হইয়াছে। কান্দী-রামপুরহাট সড়কের উপর খড়গ্রাম অবস্থিত।

**খড়দহ** (Khardah): ২৪-পরগণা জেলার শহর; গঙ্গাতীরে অবস্থিত। কলিকাতা হইতে রেলপথে ১৪ মা।...বহু কলকারখানার কেন্দ্র। শহরের জন. ১৮,৫২৪; উদ্বাস্তু ৪,৮২৬। বারাকপুর মহ.র থানা; আ. ২১ ব মা; জন. ৮১,৪৬৪; ঘনতা ৩,৮২৬। ইহা বৈষ্ণবদের একটি প্রসিদ্ধ তীর্থ। শ্রীচৈতন্যদেবের উপদেশে নিত্যানন্দ সন্ন্যাস আশ্রম ত্যাগ করিয়া এইখানে আসিয়া গৃহীরূপে বাস করেন। এখানকার শ্যামসুন্দর রাসমঞ্চ অতি সুন্দর মন্দির।

**খড়ার** (Kharar): মেদিনীপুর; ঘাটাল মহকুমা ও থানার শহর। অধিবাসীদের প্রায় অর্ধাংশ লোক কাঁসারী; কাঁসার বাসনের জন্য প্রসিদ্ধ স্থান।...চন্দ্রকোনা রোড স্টেশন (১০২ মা) হইতে যে সড়ক চন্দ্রকোনা-ক্ষীরপাই হইয়া ঘাটাল গিয়াছে, সেই পথের উপর খড়ার অবস্থিত। বিদ্যাসাগরের জন্মস্থান বীরসিংহ এখান হইতে দূরে নয়। জন. ৫,০২৩। ১৯০১-এ জনসংখ্যা ছিল ৯,৩০৯; সেই হইতে প্রতি বৎসর লোকসংখ্যা হ্রাস পাইতেছে।

**খড়গপুর** (Khargpur): মেদিনীপুরের থানা। আ. ২১৪ ব মা। ৫৩৪ গ্রাম। জন. ৯৫,১২২। খড়গপুর শহর এই এলাকার মধ্যে।

**খড়গপুর** (Khargpur): মেদিনীপুর জেলার শহর; হাওড়া-নাগপুর রেলপথের জংশন (৭২ মা)। এখান হইতে একটি রেলপথ নাগপুর-বোম্বাই-এর দিকে অপরটি ওড়িশা-মদ্রাজের দিকে, আর একটি শাখা মেদিনীপুর-বাঁকুড়া-আদরা হইয়া গোমো (গ্রানড কর্ড) পর্যন্ত গিয়াছে। এখানকার প্লাটফর্ম অতি দীর্ঘ, পৃথিবীর বৃহত্তম রেলওয়ে প্লাটফর্মগুলির অন্যতম বলিয়া পরিগণিত।...রেলওয়ে বিস্তারের ফলে খড়গপুর একটি নগণ্য গ্রাম হইতে অর্ধ-শতাব্দীর মধ্যে বিশাল নগরে রূপান্তরিত হইয়াছে। পূর্বে স্থানটি মরুভূমির মত ছিল; এখন চারিদিকে কারখানা ও কলোনী হইয়াছে।...স্টেশনের নিকট ইন্দা গ্রামে খড়েগশ্বর শিবের মন্দির আছে। এই অঞ্চল হিড়িম্বাডাঙ্গা নামে অভিহিত।...খড়গপুরে রেলওয়ে স্কুল, ইন্টার কলেজ, মেট্রোপলিটন ব্যাংক, বিজলী, টেলিফোন, বৃহৎ রেলওয়ে হাসপাতাল,

রেলওয়ে কারখানা প্রভৃতি আছে। শহরের আ. ১৩ ব মা। জন. ১,২৯,৬৩৬।

খড়্গপুরের অনতিদূরে ১,২০০ একর জমির উপর ভারত সরকারের পৃষ্ঠপোষকতায় ইন্‌ডিয়ান ইন্‌স্টিটিউট অব্ টেক্‌নলজি নামে ইন্‌জিনীয়ারিং কলেজ স্থাপিত হইয়াছে; ইহা ভারতীয় প্রতিষ্ঠান; ছাত্রসংখ্যা প্রায় এক সহস্র।

**খণ্ডগিরি** (Khandagiri): ওড়িশা; পুরী জেলার যুগ্ম পর্বত, খণ্ডগিরি ও উদয়গিরি। উদয়গিরিতে ৪৪, খণ্ডগিরিতে ১৯ ও নিকটস্থ নীলগিরিতেও ৩ গুহা আছে। খণ্ডগিরির উপরিভাগ অনেকটা সমতল করা হইয়াছিল; এখানে আধুনিক একটি জৈনমন্দির আছে। (দ্র. উদয়গিরি)।

**খণ্ডঘোষ** (Khandaghosh) বর্ধমান জেলা; সদর মহ.র থানা। আ ১০০ ব মা। জন. ৬০,০৯৫। ঘনতা ৫৯৮। গ্রাম ১০৪। বর্ধমান শহর হইতে যে পথ দামোদর নদ পার হইয়া পশ্চিমদিকে বাঁকুড়ার দিকে গিয়াছে, খণ্ডঘোষ গ্রাম তাহার উপর অবস্থিত (১৪ মা)। ডাকঘর, টেলিগ্রাফ, রেজি. অপিস (১৮৭৬)। জন. ২,১৭৫। থানায় ২ উচ্চ বিদ্যালয় (শঙ্করী ও তোরকোনা)।

**খণ্ডপাড়া** (Khandpara) : ওড়িশা; পুরী জেলার নয়াগড় মহ.র থানা ও শহর। থানার আ. ১১৫ ব মা; জন. ৪২,৯৬২; গ্রাম ১৫০। ... পূর্বে খন্দপাড়া ঈ. স্টে. এজেন্‌সির অন্তর্গত করদরাজ্য ছিল; আ. ২৪৪ ব মা; জন. ৮৭,৩৪১ ('৪১)। রাজ্য ১৯৪৮-এ ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩৩,০০০ টা. ভাতা দেওয়া হয়। শহর, পুরীর ৫০ মা উ-পশ্চিমে; কাঠের ব্যবসায়ের কেন্দ্র।

**খণ্ডবা, খণ্ডোয়া** (Khandwa) : মধ্য প্রদেশ রাজ্য; নিমার জেলার শহর; নাগপুর হইতে রেলপথে ১৮৫ মা পশ্চিমে, কলিকাতা হইতে ৯৮৮ মা। এখান হইতে মিটর রেল ইন্দোর (৮৭)-অজমের (৩২৩) হইয়া দিল্লী (৭১৪ মা) গিয়াছে। তুলার বাজার; তুলা-পেঁজাই কল, তৈল-কল, কাঠচেরাই কল প্রভৃতি। শিল্প বিদ্যালয়, বিজলী, কলের জল, টেলিফোন। শহরের চারিকোণে চারিটি কুণ্ড; পদ্মকুণ্ড মন্দিরে ১১৩২ খ্রী. অব্দের শিলা-লেখ আছে। ... জন. ৫২ হা.। ব্যাংক : স্টেট, লক্ষ্মী, প. ন্যাশনাল, সমবায়।

**খণ্ডমহল** (Khandmahal) : ওড়িশা; বউদ-খন্দমহল জেলার মহকুমা; ৩ থানা—ফুলবনী, খেতুরিপাড়া ও ফিরিংগিয়া। মহ.র জন. ৮৫,৫৪৩। খন্দ, শবর প্রভৃতি আদিবাসীদের বাসভূমি। (দ্র. ফুলবনী)

**খতৌলী** (Khatauli): উত্তর প্রদেশ; মুজফ্‌ফর-নগর জেলার শহর (জন. ১৬,৪৪৩)। উত্তর-গঙ্গা-খালের উপর মুজফ. হইতে ১৩ মা দক্ষিণে অবস্থিত। গম, বুট, আখ, তৈলবীজের ব্যবসায় কেন্দ্র। দিল্লী-সহরানপুর-অমৃতসর রেলপথের স্টে. (৬৩ মা); মীরাট হইতে ২১ মা উত্তরে।...দ.-পশ্চিমে ৫ মা দূরে সালোয়া গ্রামে জলবিদ্যুৎ কেন্দ্রে ৩০০০ কি. ও. শক্তি উৎপন্ন হয় ব্যাংক : স্টেট., সেনট্রাল, ইলাহাবাদ। সুবৃহৎ জৈন মন্দির আছে।

**খম্মামেট** (Khammameth) : হায়দরাবাদ রাজ্য; ওয়ারঙ্গল জেলার তালুক ও শহর; মুনীর নদী পশ্চিমে। বিজয়ওয়াড়া-কাজীপেট রেলপথের স্টেশন ৬৩ মা। জন. ২৮,২৪৪। হা. স্টেট, সমবায় ব্যাংক।

**খয়রাগড়** (Khairagarh) : মধ্যপ্রদেশ; দুর্গ জেলার মহকুমা ও শহর। পূর্বতন ঈ. স্টেট্‌স এজেন্‌সির করদ-রাজ্য। আ. ৯৬১ ব মা; জন. ১.৭৪ লক্ষ। আয় ছিল প্রায় ৬ লক্ষ। ... রাজ্য ভারতভুক্ত হইলে (১৯৪৮) রাজাকে বার্ষিক ১,০২,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ... এই অঞ্চলের জমি উর্বর; কৃষিকার্য ভাল হয়। সেগুন গাছ ও বাঁশ প্রচুর। ... খয়রাগড় শহর (জন. ৫,০১৫)। নাগপুরের উ.-প. রাস্তা ধরিয়া ১২৫ মা; রাজনন্দগাঁও ষ্টেশন হইতে নিকটে। ডোঙ্গরগড় (দ্র.) এই মহকুমার অন্তর্গত শহর। ... বিড়ির ব্যবসায়।

**খয়রাশোল** (Khairasol) : বীরভূম জেলার সদর সিউরী মহকুমার থানা। আ. ১০৬ ব মা; জন. ৬১,৫৫৩। ঘ. ৫৮২। গ্রাম ১২৫। থানা সাঁওতাল পরগণার সংলগ্ন। ...গ্রামের জন. ১,১১৯। ২৮০ ঘর লোকের বসতি। অক্ষরজ্ঞান ১৭২ জন। ডাকঘর আছে। ...থানায় ২ উচ্চ বিদ্যালয়, নাকরাকোন্দা ও বহরা।

**খয়রাবাদ** (Khairabad) : উত্তর প্রদেশ ; সীতাপুর জেলার শহর ; সীতাপুর হইতে ৬ মা দ.-পূর্বে। সতরঞ্চ শিল্পের জন্য খ্যাত ; শস্যাদির বাজার। ১১ শতকে এক পাশি ( মদ তৈয়ারি করে ) এই শহর পত্তন করে। ১৬ শতকের মসজিদ বিদ্যমান। ... জন. ১৩,৬৪৩।

**খবরোভস্ক** (Khabarovsk) : সোবিয়েত রুশের সাইবেরিয়ার পূর্বতম টেরিটরি বা ক্রাই। ... শহর পার-সাইবেরিয়ান রেলপথের উপর ও আমুর নদীর দ. তটে অবস্থিত, বর্ধিষ্ণু শিল্পনগর। ১৯২৬-এ জনসংখ্যা ছিল ৫২ হা. ; বর্তমানে ৩ লক্ষের উপর। শিক্ষা ও সংস্কৃতির বহু প্রতিষ্ঠান স্থাপিত হইয়াছে। ...১৬৫২ খবরোভ নামে রুশ সাহসিক এই স্থানে গ্রাম ও দুর্গ পত্তন করেন ; তাঁহার নামানুসারে শহরের নামাকরণ। মস্কো হইতে রেলপথে ৩,৮০০ মা।

**খয়েরপুর** (Khairpur) : প. পাকিস্তানের দেশীয় রাজ্য ; ১৯৩৩-এ পঞ্জাব অন্তর্গত হয়। ভারত বিভক্ত হইলে ১৯৪৮-এ খয়েরপুর পাকিস্তানের মধ্যে যায়। রাজ্যের প্রধানকে মীর বলে ; ইনি ব্রি. যুগে ১৫ তোপের সম্মান অধিকারী ছিলেন। রাজ্যের আ. ৬,০৫৮ ব মা ; জন ৩ ২০ লক্ষ। রাজস্ব ৫৬·২৬ লক্ষ টাকা। অধিবাসীরা মুসলমান, ভাষা সিন্ধী। ... এই দেশ রাজস্থানের জোধপুরের সংলগ্ন ; সিন্ধুনদের সক্কর বাঁধ হইতে জলসেচ পাওয়ায় এক অংশে বহুবিধ শস্য উৎপন্ন হয়। ... দক্ষিণে লবণ হ্রদ ; প্রচুর সাজিমাটি ও চুনাপাথর পাওয়া যায় ... শহরের জন. ১৭,৫১০। ব্যবসায় কেন্দ্র ; তাঁত, মৃৎশিল্প, লাক্ষার কাজ বিখ্যাত। সক্কর বাঁধ হইতে ১১ মা দ.-পশ্চিমে অবস্থিত। করাচি হইতে রেলপথে ২৮০ মা। ... হবীব ব্যাংক।

**খরগোন** ( Khargone ) : মধ্যভারত ( ইন্দোর রাজ্য ) ; নিমার জেলার শহর, নর্মদা নদীর দক্ষিণে, খনডোয়ার পশ্চিমে, ইন্দোর হইতে ৬৫ মা দ.-পশ্চিমে অবস্থিত। তুলা, তৈলবীজ, কাঠের বাজার ; তুলা পেঁজা, চাউল ও তৈলের কল। জন. ২০,৭৬২। ইন্দোর ব্যাংক।

**খরন** ( Kharan ) : প. পাকিস্তান ; ইরানের সংলগ্ন, বলুচিস্তানের পশ্চিমে, কলাত স্টেটের দক্ষিণে অবস্থিত দেশীয় রাজ্য। দেশ পার্বত্য, শুষ্ক মরুসদৃশ। শাসকরা পারসিক বংশীয়। রাজ্যের আ. ১৮,৫০৮ ব মা। জন. ৫৪ হা. ('৫১)।

**খরবা** (Kharba) : মালদহ জেলার থানা ; মহানন্দা নদীর পশ্চিমদিকে অবস্থিত। আ. ১৪২ ব মা। জন. ১,০০,৪৯৮ ; ঘনতা ৭০৭। গ্রাম ১৭৮। খরবা গ্রামে ডাকঘর, উচ্চবিদ্যালয় আছে। জন. ১,৩০২।

**খরসোয়ান** ( Kharswan ) : পূর্বতন ওড়িশা স্টেট্‌স এজেন্সির করদরাজ্য। পোড়াহাট রাজপরিবারের এক শাখা খরসোয়ানে, অপর শাখা সরায়কেলায় রাজ্য পত্তন করে। ১৭৯৩ এই অঞ্চলের প্রতি ইংরেজের দৃষ্টি পড়ে ; এবং কালে ভারতের করদরাজ্য শ্রেণী-ভুক্ত হয়।...... ১৯৪৮-এ দেশীয় রাজ্যগুলি ভারত সরকারভুক্ত হইতে আরম্ভ করিলে, শাসন সুবিধার জন্য এই রাজ্য দুইটিকে বিহারের সিংহভূম জেলার অন্তর্গত করা হয় ; কারণ খরসোয়ান শহর জামসেদপুর হইতে মাত্র ২৩ মা পশ্চিমে অবস্থিত। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩৩ হা. টাকা ভাতা দেওয়া হয়। এই স্থান দুটি বিহারভুক্ত করায় ওড়িয়াদের ঘোর আপত্তি। ...... রাজ্যের আ. ছিল ১৫৭ ব মা। জন. ৫০,০০০ ('৪১)।... বর্তমানে সিংহভূম জেলার সরায়কেলা মহর থানা ; জন. ৫০,১০০ ('৫১)। খরসোয়ানে অনেক প্রাচীন কীর্তি আছে। প্রধান সহর রাজ-খরসোয়ান জং স্টেশন ; কলিকাতা-নাগপুর রেলপথের (S. E. Rly) স্টেশন (১৮২ মা)। এখান দিয়া আদরা-চক্রধরপুর রেলপথ অতিক্রম করিয়াছে। মাংগানিজ-আকর গুয়া পর্যন্ত (৬৫ মা) একটি রেল-শাখা রাজ-খরসোয়ান হইতে বাহির হইয়াছে। চাইবাসা (দ্র.) এই শাখা রেলপথে অবস্থিত।...রাজ-খরসোয়ান শহরের জন. ৩,৪৩৮।

**খরার** ( Kharar ) : পূ. পঞ্জাবের ক্ষুদ্র শহর ; সিরহিন্দ-রূপার (৩৪)-নঙ্গাল বাঁধ পর্যন্ত রেলপথের ( ১৭ মা) মধ্যে রূপারের নিকট অবস্থিত। জন. ৬,৩১৭। প. ভাশ., রূপার সমবায় ব্যাংক।

**খরিয়ান** ( Kharian ) : পাক-পঞ্জাব, ; গুজরাট জেলার তহশীল ও শহর ; লাহোর-পেশাবার (২৮৮) রেলপথের স্টেশন ( ৯২ মা ) ; গু. হইতে ২১৬ মা।

**খরিয়ার রোড** ( Khariar Road ) : ওড়িশা ; কলাহাণ্ডি জেলার গ্রাম ; বিশাখাপাটন-রায়পুর রেলপথের স্টেশন ; রায়পুর হইতে ৬৬ মা। চাউল কল আছে।

**খাইবার গিরিপথ** ( Khyber Pass ) : আফগানিস্তান ও পাকিস্তানের মধ্যবর্তী গিরিপথ। সফেদকোহ পর্বতমালার মধ্য দিয়া কাবুল নদীর ধারা ধরিয়া এই ৩৩ মা পথ আঁকিয়া-বাঁকিয়া ১,৪০০ ফুট হইতে ৩,৩০০ ফুট পর্যন্ত উঠা-নামা করিয়া চলিয়াছে ; প্রস্থ ৪০-৪৫০ ফুট। পেশাবার হইতে লন্ডি-খাল ( ৩,৩৭৩ ফুট ) পর্যন্ত রেলপথ (৩২ মা)। এখান হইতে ৬ মা দূরে তোরখাম হইতে আফগান সীমান্ত। গিরিপথ দিয়া মোটর চলিবার উপযুক্ত সড়ক, উট চলার জন্য পৃথক রাস্তা আছে। ...যুগে যুগে বিদেশীরা ভারত লুণ্ঠন ও জয় করিবার জন্য এই গিরিপথ দিয়া আসিয়াছে। আর্য, গ্রীক, শক, হুন, তুর্কি, পাঠান, মুঘল, পারসিকরা এই পথ দিয়া ভারতে আসে। ব্রিটিশরা ১৮৩৯ সর্ব প্রথম এই পথ দিয়া আফগানিস্তানে প্রবেশ করে। এই পথের দুর্বলতা কোথায় জানিয়া ব্রিটিশরা সীমান্ত রক্ষার জন্য বহু কোটি টাকা ব্যয় করিয়া দুর্গাদি নির্মাণ ও রক্ষণের ব্যবস্থা করে।

**খাগড়া** ( Khagra ) : মুর্শিদাবাদ জেলার বহরমপুরের শহরতলী ; কাঁসার বাসনের জন্য বিখ্যাত। খাগড়ার উত্তরেই নদীতীরে সৈয়দাবাদ শহরতলী ; এখানে ফরাশীদের কুঠি ছিল ; ১৭৭৮-এ ইংরেজরা উহা অধিকার করে। কুঠির চিহ্ন নাই, তবুও লোকে ঐ স্থানটিকে ফরাসডাঙ্গা বলে।......ভাগীরথীর অপর পারে বাণ্ডেল-বারহারোয়া রেলপথের স্টেশন খাগড়াঘাট। এখান হইতে কাঁদি হইয়া সাইথিয়া ( লুপলাইন ) পর্যন্ত মোটর পথ ও বাস সার্বিস আছে।

**খাজুয়া** ( Khajua ) : উত্তর প্রদেশ ; ফতেপুর জেলার গ্রাম ; বিন্দকী রোড স্টেশন ( মুগলসরাই-দিল্লীর পথে ১৮৬ মা ) হইতে ৩ মা উ. পূর্বে দূরে অবস্থিত। ১৬৫৯, জানুয়ারিতে অউরঙজেবের নিকট সুজা এইখানে যুদ্ধে পরাভূত হন। এই ঘটনা স্মরণীয় করিবার জন্য আউরঙজেব খাজুয়াতে বিশাল সরাই ও বাগান নির্মাণ করেন।

**খাজুরী, খেজরী** ( Khajuri, Khajri, Khedgree ) : মেদিনীপুর জেলা ; কাঁথি মহ র থানা। আ. ১৬৫ ব মা ; জন. ১২,৪৩৯ ; ঘ. ৫৬১। গ্রাম ১৩১। রসুলপুর নদীর পূর্বদিকে, ভাগীরথীর মোহনার পশ্চিমে এই থানা। ...১৯ শতকের গোড়ার দিকে পর্যন্ত খাজুরী বিশিষ্ট বন্দর ছিল। ক্রমে নদীতে চর পড়িয়া আসে। ১৮৬৪ সালের ভীষণ জলপ্লাবনের ফলে খাজুরী বন্দর ধ্বংস হইয়া যায় ; তারপর আর গড়িয়া উঠে নাই। হিজ্‌লী এই থানার অন্তর্গত। —*গ্রাম* ( জন. ২,৩৫৪ )। কাঁথি রোড স্টেশন হইতে ৪৯ মা ; খড়গপুর হইতে ৭২ মা। ২ স্কুল, পাঠশালা, ডাকঘর, রেজি. অপিস।

**খাণ্ডবারণ্য** ( Khandavaranya ) : যমুনা নদীর তীরে দিল্লীর সন্নিকটস্থ ইন্দ্রপৎ (ইন্দ্রপ্রস্থ) ; মহাভারতোল্লিখিত খাণ্ডবারণ্য। এই অরণ্য দগ্ধ করিয়া ময়দানবের সাহায্যে পাণ্ডুদের রাজধানী ইন্দ্রপ্রস্থ নির্মিত হয়।

**খাতড়া** ( Khatra ) : বাঁকুড়া জেলার সদর মহ.র থানা। আ. ১৬৬ ব মা ; জন. ৮৪,০২০ ; ঘনতা ৫০৫। গ্রামের সংখ্যা ২৬৯।...সিলাই ও কাঁসাই নদীর মধ্যে অবস্থিত। —*শহর* ( জন. ৪,১২৭ )। বাঁকুড়া হইতে মোটরপথে ২৬ মা। এককালে প্রবল জমিদারের বাস ছিল। গালার ব্যবসায়ের কেন্দ্র। ডাকঘর, রেজিস্টারি অপিস ( ১৮৭৯ ), স্কুল।

**খানদেশ, পূর্ব** ( East Khandesh ) : বোম্বাই রাজ্যের পূর্বতম জেলা। উত্তরে সাতপুড়া পর্বত, দক্ষিণে হায়দরাবাদ রাজ্য। আ. ৪,৫৩৫ ব মা। জন. ১৪,৭১,৩৫১। অধিবাসীরা মারাঠা এবং লেবা, ভিল, বনজারি প্রভৃতি পার্বত্য জাতি। হিন্দু শতকরা ৮৩, মুসলমান ১১, উপজাতি ৬। জমি উর্বর ; এখানকার তুলা বিখ্যাত ; বোম্বাই রাজ্যের সমগ্র তুলার ২০ ভাগ এই জেলাতে উৎপন্ন হয় ; মোট ৩ লক্ষ একর জমিতে তুলার চাষ হয়। চিনাবাদাম ও কলার চাষ আছে। বাদাম তৈল ও বনস্পতি রপ্তানি হয়। ...১৯০৬-এ এই জেলা গঠিত ; ১১ তালুক, ২ মহল। ২৯টি শহরের মধ্যে ১৩টি মিউনিসিপালিটি। গ্রাম ১,৪২৪।—প্রধান শহর জালগাঁও ( দ্র. )।

**খানদেশ, পশ্চিম** ( West Khandesh ) : বোম্বাই

রাজ্যের জেলা। বড়োদার পূর্বে ও মধ্যভারতের দক্ষিণে ও পূ. খানদেশের পশ্চিমে। ১৯০৬ পর্যন্ত পূর্ব ও পশ্চিম খা. একই জেলা ছিল।...জেলার মধ্য দিয়া তাপ্তী নদী প্রবাহিত। দেশ শিলাময় ও অরণ্যপূর্ণ; মূল্যবান কাষ্ঠ-সম্পদ প্রচুর। আ. ৫,৩১১ ব মা। জন. ১১,৪৬,০২৪। গ্রাম ১,৫০১; শহর ১২। অধিবাসীর অধিকাংশ ভীল (উপজাতি ৩৯%, হিন্দু ৫৫% মুসল. ৫%,)। জেলার ভাষা মারাটি, গুজরাঠি ও ভীলী। ...তুলা, ইক্ষু প্রধান ফসল। উন্নততর কৃষি প্রসারের ব্যাপক আয়োজন চলিতেছে; ভীলদের মধ্যে কৃষিশিক্ষা ও সাধারণ শিক্ষা প্রবর্তিত হইতেছে। প্রধান শহর ধুলিয়া (দ্র.)।

**খানপুর** ( Khanpur ): পশ্চিম পাকিস্তান; বহাবলপুর রাজ্যের শহর; লাহোর হইতে ৩২৮ মা ও করাচী হইতে ৪২৯ মা দূরে অবস্থিত স্টেশন। এখান হইতে সিন্ধুতীরে চাচারান পর্যন্ত রেলপথ ( ২২ মা ) আছে। এই অঞ্চলে বহু খাল। জন. প্রায় ৭ হা.।

**খানসামা** ( Khansama ): পাক-দিনাজপুর জেলা; ঠাকুর-গাঁ মহ.র থানা; আ. ৮০ ব মা। ...গ্রাম আত্রাই নদীর নিকট। বাজার, ডাকঘর।

**খানা** ( Khana, Khano ): বর্ধমান জেলার সদর মহ.র গলসি থানার গ্রাম, ডাকঘর ও পূর্ব-রেলপথের জংশন; কলিকাতা হইতে ৬৭ মা ও বর্ধমান হইতে ৮ মা। এখান হইতে লুপলাইন বাহির হইয়াছে। ...ধানকল আছে। জন. ১,৮৮৫।

**খানাকুল-কৃষ্ণনগর** ( Khanakul-Krishnagar ): হুগলি জেলা; আরামবাগ মহ.র থানা। আ. ১১৩ ব মা। জন. ১,৩০,০৯৭। ঘনতা ১,১৪৭। গ্রাম ১৪০। ৪ উচ্চ বিদ্যালয়। গ্রামে ( জন. ৯৭৩ ) ২ প্রা. বিদ্যালয়, ডিস্‌পেন্‌সারি আছে।...গ্রামের পার্শ্বস্থ পল্লী রাধানগর রাজা রামমোহন রায়ের জন্মস্থান (১৭৭৪, মে ১০)।...হাওড়া-ময়দান স্টে. হইতে চাঁপাডাঙ্গা স্টেশন (৩৮), তথা হইতে ১২ মা। কোলাঘাট হইতে স্টীমার যোগে খানাকুল পৌঁছানো যায়। এক সময়ে এখানে বহু পণ্ডিতের বাস ছিল।

**খানুয়া** ( Khanwah ): উত্তর প্রদেশ; আগরার নিকটস্থ গ্রাম; ফতেপুর শিক্‌রী হইতে ১০ মা দূরে। বাবরের সহিত রানা সংগ্রাম সিংহের যুদ্ধ হয় (১৫২৭, মার্চ ১৫)। রানার ১২০ সেনাপতি, ৮০ হাজার অশ্বারোহী, ৫০০ হাতী ছিল; তৎসত্ত্বেও তিনি পরাভূত হন।

**খানেওয়াল** ( Khanewal ): পাক.-পঞ্জাব; মুলতান জেলার তহশীল ও শহর। লাহোর-লোধরান ( ২৩৪ )-করাচী রেলপথের জং স্টেশন ( ১৭৮ মা )। খানেওয়াল হইতে শোরকোট, লায়ালপুর হইয়া ওয়াজিরাবাদ পর্যন্ত রেলপথ (২০১) আছে। খানে-লোধরান লুপলাইনের উপর মুলতান সিটী ( ২৯ ) অবস্থিত। জন. প্রায় ১৮ হা.। হবীব ব্যাংক।

**খান্না** ( Khanna ): পূ. পঞ্জাব; লুধিয়ানা জেলার শহর; দিল্লী-অমৃতসর রেলপথের স্টেশন ( ২০৭ মা )। জন. ১২,৬৪৬। ব্যবসায়ের কেন্দ্র। ব্যাংক: অমৃত, প. ন্যাশনাল, প.-সিন্ধু. স্টেট ও সেন্ট্রাল।

**খানিয়াধান** ( Khaniadhan ): মধ্য ভারত; পূর্বতন গবালিয়র রেসিডেন্সিভুক্ত করদরাজ্য। আ. ১০১ ব মা; জন. ২০,১২৪ ('৪১)। ১৯৪৮ ভারতভুক্ত হইলে এই রাজ্য বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত হয়; পরে ১৯৫০ হইতে মধ্যভারতের অন্তর্ভুক্ত। রাজা ১৫,৬০০ টাকা বার্ষিক ভাতা পান।...শহর, শিবপুরীর ৪০ মা দ.-পূর্বে।

**খামগাঁও** ( Khamgao ): মধ্যপ্রদেশ; বুলদানা জে.র তহশীল ও শহর। নাগপুর-বোম্বাই রেলপথের স্টে. ( ১৮৮ মা ), জলম্ব ( Jalamb ) জং. হইতে রেল-শাখার শেষ স্টেশন ৮ মা। বোম্বাই ৩৪১ মা; কলিকাতা ৯০০ মা। ... জন. ৩৬,৭৩৬। ব্যাংক: স্টেট, লক্ষ্মী, সেন্ট্রাল, সমবায়। শিল্প ও ব্যবসায়ের কেন্দ্র. তুলার বড় বাজার। শিল্প বিদ্যালয়।

**খারকোফ** ( Kharkov ): সোবিয়েত ইউক্রেইনের নগর; জনসংখ্যায় রুশিয়ার চতুর্থ নগর। রুশের বিখ্যাত ডোনেটস ( Donets ) কয়লা এলাকা ইহার নিকটেই। সোবিয়েত আমলে নানা দিক হইতে নগরের উন্নতি হইতেছে। ২য় মহাযুদ্ধের সময় নগর জারমানদের দ্বারা ভীষণভাবে বিধ্বস্ত হয়। ... ১৮০৫-এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত। ... জন. ৮'৫০ লক্ষ ( '৩৯ )।

**খারতুম** ( Khartoum ): সুদানের রাজধানী। দুই নীল

নদের সঙ্গমস্থলে মহম্মদ আলি কর্তৃক সুদান অধিকৃত হইবার পর ১৮২০-এ নগর পত্তন হয়। ১৮৮৫-এ মাহ্‌দী বিদ্রোহের কেন্দ্র ; ঐ সময়ে নগরটি প্রায় ধ্বংস প্রাপ্ত হয়। এই শহরে ইংরেজ সেনাপতি গর্ডন নিহত হন। ১৮৯৮-এ কিচেনার কর্তৃক অধিকৃত ও পুনর্নির্মিত হয়। লোহিত সাগরের তীর হইতে রেলপথ আছে। জন. ৮৬,৮০৭। খারতুম শব্দের অর্থ করী তুণ্ড ( হাতীর মুণ্ড )।

**খারাঘোড়া** (Kharagoda): বোম্বাই; অহমদাবাদ জেলার বীরমগাঁও তালুকের একটি শহর, রান উপসাগর তীরে অবস্থিত। এখানে লবণ তৈয়ারি হয়। বীরমগাঁও জং হইতে রেলপথে ২৩ মা।

**খারিবাড়ী** ( Kharibari ) : দার্জিলিং জেলা ; শিলিগুড়ি মহ. র. থানা। আ. ৭৮ ব মা ; জন ২৪, ৮৭৬ ; ঘনতা ৩১৭।...গ্রাম, জেলার দক্ষিণাংশে প্রায় বিহার সীমান্তে অবস্থিত। কাটিহার-শিলিগুড়ি রেলপথ নিকট দিয়া গিয়াছে।

**খারেজম** ( Kharezm, Khwarazm ) : দ্র. খিভা। খারেজমের শেষ শাহ বা রাজা জলালউদ্দীন মঙ্গবর্নী, চেঙগিস খানের আক্রমণ হইতে আত্মরক্ষার জন্য ভারতে ইলতুতমিসের আশ্রয় ভিক্ষা করেন। কিন্তু দিল্লীর সুলতান আশ্রয় দিতে সাহসী হন নাই। পরে ইনি খোক্করদের সহায়তা লইয়া মুলতান, সিন্ধু ও উত্তর গুজরাট লুণ্ঠন করিয়া পারস্যের দিকে চলিয়া যান।

**খালিমপুর** ( Khalimpur ) : মালদহ জেলার গৌড়ের নিকটস্থ গ্রাম ; এখানে ধর্মপালদেবের ( ৭৫২-৯৪ অব্দ ) তাম্রশাসন পাওয়া গিয়াছে।

**খালিয়াজুড়ি** ( Khaliajuri ) : ময়মনসিংহ জেলার নেত্রকোনা মহ. র. থানা। আ. ১১২ ব মা। গ্রাম পূ.-দক্ষিণ দিকে অবস্থিত। বল্লালসেনের সময়ে এখানে একটি ক্ষুদ্র রাজ্য ছিল। লম্বোদর নামে এক ক্ষত্রিয় সন্ন্যাসীর বংশধরগণ বাদশাহ জাহাঙ্গীরের নিকট হইতে পাঞ্জা ফারমান পাইয়া ভাটি প্রদেশের শাসন কর্তা হইয়াছিলেন।

**খাসপুর** (Khaspur) : আসাম ; কাছার জেলার শিলচর হইতে ১০ মা উত্তরে অবস্থিত স্থান ; মাইবং হইতে কাছাড়ী রাজাদের রাজধানী এইস্থানে স্থানান্তরিত হয়।

**খাসি পাহাড়** (Khasi hills) : আসামের পাহাড় ; সুরমা নদী ও ব্রহ্মপুত্র উপত্যকার মধ্যে এই পাহাড়গুলি যেন হঠাৎ খাড়া হইয়া উঠিয়াছে (৬,৩৭০ ফুট)। শিলং মালভূমি এই পাহাড়ের উপর। চেরাপুঞ্জি এই হঠাৎ খাড়াই-এর মাথায় অবস্থিত।

**খাসি স্টেটস** (Khasi States) : খাসি পাহাড়ের মালভূমিতে ২৫টি ক্ষুদ্র সর্দার বা সিয়েম-এর রাজ্য ছিল। ১৯৪৭ রাজ্যগুলি ভারতভুক্ত হয় ; ১৯৪৮ হইতে আসামের অন্তর্গত খাসি-জয়ন্তিয়া সংযুক্ত জেলা হইয়াছে। আয়তন ছিল ৩,৭৮৮ ব মা ; জন. ২,১৩,৫৮৬

**খাসি-জয়ন্তিয়া সংযুক্ত জেলা** (United Khasi and Jaintia Hills) : আসাম রাজ্যের পার্বত্য জেলা। আ. ৫৭,১৪১ ব মা ; জন. ৩'৪০ লক্ষ। ইহার মধ্যে হিন্দু ৫,৪৩০ ; মুসলমান ৩,১৫৮ ; খ্রীষ্টান ১,১০,০৮৬ ; উপজাতীয় ধর্মী ২,১৪,০৮০। ... মহকুমা ২ : শিলং ও জোয়াই। জেলার গড় উচ্চতা ৪-৬ হা. ফুট। গারো পাহাড়ের চুনাপাথরের স্তর খাসি-জয়ন্তিয়া পাহাড়ের মধ্যে প্রসারিত হইয়া আসিয়াছে। জাদুকাটা নদীর কাছে চুনাপাথরের স্তর ১,০০০ ফুট গভীর ; অনুমান ১০০ কোটি টন চুনাপাথর এখানে মজুত আছে। চেরাপুঞ্জীর নিকট কয়লা আছে। উদ্ভিজ্জ সম্পদ তেজপাতা, কমলালেবু প্রধান। সিলেট পূর্ব পাকিস্তান ভুক্ত হওয়ায় খাসিয়াদের অবাধ ব্যবসায় বাণিজ্য অতিশয় বাধাগ্রস্ত হইয়াছে। গৌহাটি হইতে বিমানপথে কলিকাতায় কমলালেবু আনিতে হয়।

**খিচিং** (Khiching) : ওড়িশা ; ময়ূরভঞ্জ রাজ্যের প্রাচীন রাজধানী ; বর্তমানে নগণ্য গ্রাম ; রাজ্যের পশ্চিম সীমান্তে অবস্থিত। এখানকার পুরাতন মন্দিরাদির ধ্বংশাবশেষ দেখিয়া পণ্ডিতরা অনুমান করেন এখানে ইহাদের নিজস্ব একটি স্থাপত্য শৈলী গড়িয়া উঠিয়াছিল ; এবং বাংলা দেশ ও ওড়িশা-স্থাপত্যের সেতুস্বরূপ ছিল খিচিঙের শিল্পীরা। খিচিঙের মন্দির স্থাপত্যে মুখ-মণ্ডপ বা ঘরমুখ (portico) নাই ; বাংলা দেশের মন্দিরেও তদনুরূপ।

**খিজিরপুর** (Khizirpur) : ঢাকা জেলা ; নারায়ণগঞ্জের ১ মা উত্তরে হাজীগঞ্জ মহল্লার নিকটস্থ গ্রাম ; বার-ভুঁইয়ার অন্যতম ঈশাখাঁর রাজধানী ছিল।

**খিদিরপুর** (Khiderpur, Kidderpore) : ২৪-পরগণা জেলা ; আলিপুর মহকুমার মধ্যে অবস্থিত, কলিকাতা কর্পোরেশনের একবালপুর ও ওয়াটগঞ্জ-হেস্টিংস ওয়ার্ড দুইটি লইয়া খিদিরপুর গঠিত। একবালপুরের গৃহসংখ্যা ১৫,১০৩ ; জন. ৯৩,০৬৪। ওয়াটগঞ্জের গৃহসংখ্যা ৪৮,০২৩ ; জন. ৬৯,৬২১।

**খিদিরপুর** ( Khidirpur ) : কলিকাতা মহানগরীর অংশ ; গঙ্গার তীরস্থ ডক্ এর জন্য এস্থানের প্রসিদ্ধি। ডক্‌গুলি গঙ্গা হইতে একটি খাত খালের ধারে ; খালের মুখে লক বা দরজা থাকায় জোয়ার ভাঁটার জল উঠা-নামায় ডকের ক্ষতি করে না।......১৮ শতকের শেষভাগে জেনারেল কিড (Kyd) ঈ. ই. কোম্পানির জাহাজ নির্মাণের জন্য এখানে ডকের পত্তন করেন। তদনুসারে শহরের নাম।......ডকের শ্রমিকরা সংখ্যায় বহু সহস্র ; ইহাদের মধ্যে অধিকাংশই অবাঙালি ও অ-ভারতীয়।

**খিভা** ( Khiva ) : মধ্য এশিয়া ; উজবেক সোবিয়েত রিপাবলিকের নগর ; তুলার কল, কার্পেট শিল্প, ধাতুশিল্প বিখ্যাত। মধ্যযুগে খিভা সমৃদ্ধশালী দেশ ছিল ; ১৬ শতকে উজবেক নামে তুর্কি উপজাতি এই অঞ্চলে উপনিবেশ স্থাপন করে। ১৮৭৩ রুশের সাম্রাজ্যভুক্ত হয়। বলশেভিক বিপ্লবের পর ১৯২০-এ স্থানীয় খান ( সর্দার ) বিতাড়িত হয় ও খারেজম সো. পীপল্স রিপাবলিক গঠিত হয় ( ১৯২০-২৪ )। ১৯২৪-এ এই দেশ উজবেকিস্তান ও তুর্কোমানিস্তানের মধ্যে বিভক্ত হয়।...প্রাচীন নাম খোরসমিআ, আরবী খারেজম।

**খিড়কি** ( Kirkee ) : দ্র. কিরকী।

**খিরগিজ, কিরঘিজিয়া** ( Kyrghyz Sovyetskayd Sot. Respublik ) : মধ্য এশিয়ার সোবিয়েত রিপাবলিক। আ. ৭৬,৯০০ ব মা। জন. ১৫ লক্ষ। অধিবাসীদের বারোআনি খিরগিজ নামে তুর্কী উপজাতি ; অবশিষ্ট রুশ ও ইউক্রেনিয়ানবাসী। ১৯২১-এ সোবিয়েত প্রথা প্রচলিত হয়।...১৯৩৬-এ স্বতন্ত্র সোবিয়েত রাষ্ট্ররূপ গ্রহণ করে।...গত কয়েক বৎসরের মধ্যে অর্ধ-যাযাবর নিরক্ষর, ধর্মমূঢ় এই জাতির জীবনে শিক্ষা, শিল্প, কৃষি, সুকুমার কলার চর্চা যুগান্তর আনিয়াছে। দেড় হাজারের উপর বিদ্যালয়ে তিন লক্ষ ছাত্রছাত্রী পড়িতেছে। টেকনিক্যাল স্কুল, শিক্ষক-শিক্ষণ স্কুল, গবেষণাগার, বিশ্ববিদ্যালয় সবই প্রতিষ্ঠিত হইয়াছে। ভূতত্ত্ববিভাগের অনুসন্ধানে বহুবিধ খনিজের সন্ধান মিলিয়াছে। পয়োপ্রণালী কাটা হওয়ায় নানা বিধ কৃষিজাত ফসল হইতেছে। রাজধানী ফ্রনজে (Frunze : জন. ১ লক্ষ), পূর্বে নাম ছিল পিশপেক।

**খিরাস্রা** ( Khirasra ) : সৌরাষ্ট্র অন্তর্গত পূর্বতন কাঠিয়াবাড়ের করদরাজ্য। আ. ৪৭ ব মা ; জন. ৫, ৮৯৩। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩০ হা. টাকা ভাতা দেওয়া হয়। শহর, রাজকোটের ১০ মা দ.-পশ্চিমে।

**খিলচিপুর** (Khilchipur) : মধ্য ভারত ; ভূপাল এজেন্সির করদরাজ্য। আ. ২৭৩ ব মা। জন. ৪৮,৬৪২ ('৪১)। রাজস্ব ২.৯২ লক্ষ ; কর ১১,১৩৪ টাকা।...রাও বাহাদুর উপাধিসম্পন্ন অধীশ্বর ৯ তোপের সম্মানাধিকারী ছিলেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৬০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে খি. মধ্যভারত ইউনিয়নের উত্তর বিভাগের রাজগড় জেলার অন্তর্গত শহর, নরসিংহগড়ের ২৬ মা উ.-পশ্চিমে ও রাজগড়ের ১০ মা পশ্চিমে অবস্থিত। জোয়ার, তুলা ও গমের বাজার ; পাথুরে রঙ ও পাথর রপ্তানির কেন্দ্র।

**খিরপাই** (Khirpai) : মেদিনীপুর জেলার ঘাটাল মহ.র চন্দ্রকোনা থানার শহর। ১৮ শতকে বয়ন-শিল্পের জন্য প্রসিদ্ধ ; সুতী ও রেশমের উৎকৃষ্ট বস্ত্র বুনাই হইত। এখানে ফরাসী ও ইংরেজ বণিকদের কুঠি ছিল ; ডাচদের বেনিয়ারাও এখানে কাপড় কিনিতে আসিত। এখন চাউল, দাইলের ব্যবসায়ের কেন্দ্র। চন্দ্রকোনা রোড স্টেশন (১১৪ মা) হইতে ঘাটাল সড়কের উপর অবস্থিত। মেদিনীপুর হইতে চন্দ্রকোনা শহর হইয়া ২৭ মা। ... জন. ৪,২৪৬। জনসংখ্যা ৫০ বৎসর পূর্বে ছিল ৫,০৪৫ ; ধ্বংসোন্মুখ গ্রাম।

**খীরী** (Kheri) : উত্তর প্রদেশ ; লখনৌ বিভাগের জেলা। উত্তরে নেপাল রাজ্য, পূর্বে ঘর্ঘরা নদী। দক্ষিণে সীতাপুর ও হরদোই জেলা। আ. ২,৯১৬ ব মা। জন. ১০'৫৮ লক্ষ। জেলার সদর শহর লখিমপুর ; উহা লখনৌ-বেরেলি রেলপথের উপর স্টেশন (৮৩ মা) ; কলিকাতা হইতে ৮১১ মা। খীরী শহর লখিমপুর হইতে ৩ মা দক্ষিণে।

**খুঁটী** (Khunti) : বিহার ; রঁাচি জেলার মহকুমা। মহ.র আ. ১,৫৪৫ ব মা ; জন. ৪,১২,৯৫০ ; ঘনত্ব ২৬৭। শহর ক্ষুদ্র ; রঁাচি-চক্রধরপুর সড়কের উপর অবস্থিত ; মোটর সার্বিস আছে। থানা ও তহশীল : কররা, তোরপা, খুঁটী, বুণ্ডু, সোনহাটু, তমাড়।

**খুরজা** (Khurja) : উত্তর প্রদেশ ; বুলন্দসর জেলার মহ. ও শহর। এই মহকুমা দাইল, তৈল, ঘৃতাদির জন্য খ্যাত। —শহর জন. ৩৮,৪৬২। হাওড়া হইতে খুরজা জং (৮৫০ মা) হইয়া সিটি পর্যন্ত ৪ মা। দিল্লীর ৪৫ মা দ.-পূর্বে। সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশ. ব্যাংক।

**খুরদা** (Khurda) : ওড়িশা ; পুরী জেলার মহ.। আ. ৯৭১ ব মা ; জন. ৪,৪৪,৬৭১। ৯ থানা। .. খুরদা থানার আ. ১৯০ ব মা ; জন. ৯৩,৩২১। গ্রাম ২১৯। .. শহর ; কলিকাতা-মদ্রাজ রেলপথের জং (২৮৩ মা) ; এখান হইতে পুরী রেলে ২৭ মা। বাস্ সার্বিস। জন. প্রায় ১০ হা.। সমবায় ও জমিবন্ধকী ব্যাংক।

**খুরাই** (Khurai) : মধ্যপ্রদেশ ; সাগর জেলার তহশীল ও শহর। বীনা-কাটনি রেলপথের স্টে. (১৪ মা)। সাগর হইতে উ.-পশ্চিমে ৩০ মা। গম, তৈলবীজ, বাজরার বাজার। জন. ১১,৫৪৬। সমবায় ব্যাংক।

**খুরামশহর** (Khurramshahr) : ইরান ; কুজিস্তান প্রদেশের প্রধান শহর ; পূর্বে নাম ছিল মোহম্মরা (Mohammerah)। পারস্য উপসাগরের বন্দর আবাদন হইতে ১০ মা উত্তর-পশ্চিমে ; বসোরার ২৫ মা পূর্বে। পেট্রোলিয়াম-এর পাইপ-লাইন এখানে আসিয়াছে। জন. ৩০ হা.।

**খুরামাবাদ** (Khuramabad): ইরান ; লুরিস্তান প্রদেশের শহর ; আতাবেগ বংশীয় রাজারা এখানে ১২-১৬ শতক পর্যন্ত রাজত্ব করে ; শহরের মধ্যস্থলে পর্বতের উপর মধ্যযুগীয় বিরাট দুর্গ এখনো আছে। তেহারন-খুরামশহর সড়কের উপর অবস্থিত। জন. ১৭ হা.।

**খুলদাবাদ** (Khuldabad), রাউজা (Rauja) : হায়দরাবাদ ; অউরঙ্গাবাদ জেলার গ্রাম ; ইলোরা ২ মা. দূরে এবং অউ.র ১৩ মা উ.-পশ্চিমে। এই ক্ষুদ্র স্থানটি দাক্ষিণাত্যের মুসলমানদের নিকট কারবালার ন্যায় পবিত্র। অউরঙ্গজেবের নিরাভরণ কবর এইখানে আছে। এছাড়া নিজাম রাজ্যের প্রতিষ্ঠাতা আসফ জা, মালিক অম্বর ও বহু বিশিষ্ট ব্যক্তির কবর আছে। জন. ৪০৭০।

**খুলনা** ( Khulna ) : পূ. পাকিস্তানের রাজসাহী বিভাগের জেলা ; অখণ্ড বঙ্গের প্রেসিডেন্সি বিভাগের জেলা ছিল। জেলার দক্ষিণে সুন্দরবন, বহু নদী, উপনদী, খাড়ি ও অবশেষে বঙ্গোপসাগর ; পূর্বে বাখরগঞ্জ জে., উত্তরে যশোহর এবং পশ্চিমে প. বঙ্গের ২৪-পরগণা জেলা। খুলনায় নারিকেল, সুপারি, পাট, চাউল, ইক্ষু, তামাকু প্রচুর উৎপন্ন হয়। দক্ষিণের খাড়িতে চালনা বন্দর নির্মিত হওয়ায় সামুদ্রিক বাণিজ্য সুগম হইয়াছে। ...হিন্দু, পাঠান ও মুঘল শাসকদের বহু কীর্তির ধ্বংসাবশেষ জেলার নানা স্থানে বিদ্যমান। জেলার আ. ৪,৮৫০ ব মা ; জন. ২০,৭৯,০০০ ('৫১)। ভারত বিভক্ত হইবার সময় হিন্দুর সংখ্যাধিক্য হেতু এই জেলাকে প. বঙ্গের মধ্যে দিবার কথা হয় ; পরে মুর্শিদাবাদের স্থলে খুলনা জেলা পূর্ব-পাকিস্তান অন্তর্গত হয়।...মহকুমা : খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট।

—শহর। দ. বঙ্গের এক বিশাল নদীর তীরে অবস্থিত ; কলিকাতা হইতে রেলপথে ১০৯ মা। নদীপথে যাওয়া-আসা চলে। ঢাকা নদীপথে ৮০ মা। পূর্বে শহর হিন্দুপ্রধান ছিল ; বর্তমানে বহু সহস্র হিন্দু শহর ত্যাগ করিয়াছে ও তাহাদের স্থলে বিহারী মুসলমান আসিয়াছে। নানা শিল্প কারখানা স্থাপিত হইতেছে। কয়েকটি স্কুল ; নিকটস্থ দৌলতপুর কলেজ গ্রামে অবস্থিত।...খুলনা বড় স্টীমার ঘাট ; এখান হইতে বরিশাল, ঢাকা ; নড়াইল, মাগুরা ; কালিয়া, বোয়ালমারি ; সাতক্ষীরা (ইলাচুর) নিয়মিত সার্বিস আছে।... রূপসা নদীর অপর পারে রূপসা ঈস্ট স্টেশন ; এখান

হইতে খুলনা-বাগেরহাট লাইট রেলওয়ে (২০ মা)। এই রেলপথে মূলঘর, ষাট গম্বুজ রোড, বাগেরহাট কলেজ স্টেশন পড়ে। ··· ৬ ব্যাংক :—হবীব, মুসলীম কমার্শিয়াল, লন্ডনের ন্যাশ. ব্যা অব্ ইন্ডিয়া, ইউ-নাইটেড, সমবায়।

**খুলনা-বাগেরহাট লাইট রেলওয়ে** ( Khulna-Bagerhat Light Railway ) : খুলনা শহরের অপর পারে রূপসা (Rûpsa East) হইতে সরু রেলপথ বাগেরহাট পর্যন্ত আছে (২০ মা)।

**খুশব** ( Khushab ) : পাক-পঞ্জাব ; সাহপুর জেলার তহশীল। ..শহর (জন. ১৭,১৪১)। ঝিলাম নদীর দক্ষিণ-তীরে, লায়ালপুর হইতে ৯৭ মা। ঝিলামের উপর মন্ট-গোমরী সেতু (২,৩৮৫ ফুট) ১৯৩১-এ নির্মিত হইলে এখান হইতে সাহপুর সদর ও সরগোদা জংশনে (২৩ মা) যাওয়া সহজ হয়। বিবিধ শিল্পের কেন্দ্র। সৈন্ধব লবণ ও কয়লা নদীপথে আসে।

**খুশলগড়** (Khushalgarh) : প. পাকিস্তান ; উ.-প. সী. প্রদেশ ; কোহাট জেলার শহর ; সিন্ধুনদের পশ্চিম তীরে।

**খেওড়া** ( Khewra ) : পাক-পঞ্জাব ; ঝিলাম জেলার গ্রাম, মেয়ো লবণখনির কেন্দ্র। খ্রীষ্টীয় ৬ শতক হইতে এখানকার লবণ সংগৃহীত হইয়া আসিতেছে বলিয়া জানা যায়। লবণ পাহাড়ে কয়েকটি হিন্দুতীর্থ আছে, যথা, কটাক্ষ, নন্দন প্রভৃতি। পিণ্ডাদাদনখান হইতে ৫ মা দূরে এই খনি।

**খেজরী** ( Khejri ) : দ্র. খাজুরী।

**খেড়** (Khed) : (১) বোম্বাই ; পুণা জেলার তালুক। আ. ৫৩৯ বমা ; জন. ১,২৬,৪৫৭ ; ঘনতা ২৩৪। শহর (জন. ১১,৭৫০) ভীমা নদীতীরে। বোম্বাই-পুণা রেলপথের তলেগাঁও জং (৯৮ মা) হইতে নারায়ণগাঁও (৪২ মা) পর্যন্ত বাসপথের মধ্যে খেড় অবস্থিত। সমবায় ব্যাংক।

(২) রত্নগিরি জেলার মিউনি. শহর ; জন. ৬,৪৭০।

**খেতলাল** (Khetlal) : পূ. পাক. ; বগুড়া জেলার থানা, বাজার, ডাকঘর, রেজি. অপিস (১৯১৪)। ঈ. বি. রেলওয়ের আক্কেলপুর (১৮৫ মা) স্টেশন হইতে মোটর পথ আছে। এখান হইতে শিবগঞ্জ ও হিলি পর্যন্ত রাস্তা আছে। গ্রামের মধ্যে পূর্বকালের রাজবাড়ির ধ্বংস ও দুইটি বৃহৎ জলাশয় দেখা যায়। বৌদ্ধযুগের প্রাপ্ত মূর্তিগুলি রাজসাহীর বরেন্দ্রসমিতির যাদুঘরে রক্ষিত আছে।

**খেতুর, খেতুরী** (Khetur) : পূ. পাকিস্তান ; রাজশাহী জেলার গ্রাম, বৈষ্ণবদের অন্যতম তীর্থস্থান। ঈশ্বরদী-আমনুরা রেলপথের উপর খেতুর রোড স্টেশন (৪৯ মা)। এখান হইতে খেতুর ১৩ মা, রাজশাহীর ১৩ মা পশ্চিমে। ···বৈষ্ণব মহাজন নরোত্তম দাসের জন্মস্থান। ১৫৮২ ইনি খেতুরীতে ৬টি বিগ্রহ স্থাপন করিয়া বৈষ্ণবগণের সর্বপ্রথম সম্মেলন আহ্বান করেন। এখানে প্রতিবৎসর গঙ্গার বালুচরে কার্তিকী শুক্লা চতুর্দশীতে মেলা হয়।

**খেরলী** ( Kherali ) : রাজস্থান ; আলবার জেলার মিউনি. শহর। আগরা-বান্দিকুই রেলপথের স্টে., ৬২ মা ; ভরতপুর হইতে ১৮ মা। জন. ৩,৮১৬। স্টেট ব্যাংকের পে. অপিস।

**খোকসা** ( Khoksa ) : পূ. পাক ; কুষ্টিয়া জেলা ; সদর মহ.র থানা। আ. ৩৮ ব মা। গ্রাম, ডাকঘর। ফরিদপুরের সংলগ্ন থানা। কলিকাতা-গোয়ালন্দ রেলপথের স্টেশন (১২৩ মা)। গোয়ালন্দ ৩৪ মা।

**খোজক গিরিপথ** ( Khojak Pass ) : বলুচিস্তান ; তোবা কাকর (Toba Kakar). পর্বতমালার গিরিপথ ; ভ্রমণ হইতে ৯ মা পূর্বে ; একটি রেলওয়ে সুড়ঙ্গ প্রায় ৭,৪৫০ ফুট উচ্চস্থানে খোদিত।

**খোটান** (Khotan): চীন ; সিংকিয়াং প্রদেশের দ.-পশ্চিমে মরুস্থান ও শহর। চীনা ভাষায় হোতিএন। খোটান নদীর উপরদিকে, কাশগড় হইতে ২৭০ মা দ.-পূর্বে, তাকলামাকান মরুভূমির দক্ষিণ প্রান্তে প্রাচীন রেশম-পথের উপর অবস্থিত প্রাচীন নগরী।··· চীন হইতে পশ্চিম দিকে যাইবার পথে এই উপনিবেশ গড়িয়া উঠে। ৪ শতকে ফা-হিয়ান তাঁহার গ্রন্থে এই নগরীর বৌদ্ধধর্ম ও সংস্কৃত ভাষাচর্চা সম্বন্ধে তথ্য বহু লিপিবদ্ধ করিয়াছেন। হুয়েনৎসাঙের সময়েও ইহা ভারতীয় সংস্কৃতির কেন্দ্র ছিল।···কালে আবহাওয়ার পরিবর্তনে তারিম উপত্যকার বহু জনপদ মরু-বালুর দ্বারা

আচ্ছাদিত হইয়া গিয়াছে। বিংশশতকের আরম্ভে স্টাইন-প্রমুখ পাশ্চাত্য পণ্ডিতরা এই অঞ্চল ভ্রমণ ও খনন করিয়া প্রাচীনকালের মঠ, বিহারাদি হইতে বহু পুথি ও জিনিসপত্র আবিষ্কার করিয়াছেন। সেইসব হইতে জানা যায় যে এক সময়ে এখানে প্রাকৃত ভাষা ও ব্রাহ্মীলিপি প্রচলিত ছিল। ... বর্তমানে এই স্থান মুসলমান প্রধান। জন প্রায় ২ লক্ষ।

**খোড়** (Khor) : মধ্যভারত ইউনিয়নের নীমাচ হইতে ১৫ মা উ.-পশ্চিমে প্রাচীনকালের মন্দিরের ধ্বংসাবশেষ দেখা যায়; নবতোরণ দর্শনীয় স্থাপত্য। নীমাচের পরবর্তী স্টেশন কেশরপুরা হইতে ৪ মা ভাল সড়ক দিয়া এখানে যাওয়া যায়।

**খোপোলী** (Khopoli) : বোম্বাই; কোলাবা জেলার গ্রাম; টাটা হাইডেল কোম্পানির জলবিদ্যুৎ কারখানা কেন্দ্র। ভোরঘাটের নিকট বর্ষার জল তিনটি কৃত্রিম হ্রদে ভরিয়া রাখা হয়; সেখান হইতে প্রথমে পাকা বাঁধানো খাল দিয়া ও পরে লোহার পাইপের মধ্য দিয়া খোপোলীতে লইয়া টারবাইনের সাহায্যে বিদ্যুত উৎপন্ন করা হয়। ৬৫,০০০ কি.ও. বিজলী হয়। ১৯১৫ হইতে ইহা চালু। ... বোম্বাই-পুণা রেলপথের করজত (Karjat) জং (৬২ মা) হইতে খোপোলী শাখা রেলপথ ৯ মা।

**খোয়াই** (Khowai) : ত্রিপুরা রাজ্যের বিভাগ। আ. ৫৩৮ ব মা; জন. ৫৫,৫৬০; ঘনতা ১০৩। ... শহর, উত্তর দিকে শ্রীহট্টের পাকিস্তান সীমান্তে খোয়াই নদীতীরে অবস্থিত। বিমান-বন্দর; কলিকাতা হইতে ২ ঘণ্টার মধ্যে পৌঁছানো যায়।

**খোরাসান** (Khorasan) : ইরান বা পারস্যের পূর্বতন প্রদেশ; ইহার উত্তরে সোবিয়েত তুর্কমানিস্তান ও পূর্বে আফগানিস্তান। মধ্যযুগে এই স্থান বিখ্যাত ছিল। ১৯৩৮-এ খো. ও ইহার দক্ষিণস্থ একটি জেলা লইয়া ইরানের 'নবম' প্রদেশ গঠিত হয়; লোকে খোই বলিয়া থাকে। আ. ১,২৫,০০০ ব মা; জন. ২০·৩৬ লক্ষ ('৪০)। পশম, শাল, কার্পেট প্রভৃতির জন্য খো. বিখ্যাত। প্রধান শহর মেসেদ (Meshed)।

**খ্রীষ্টমাস দ্বীপ** (Christmas Is.) : প্রশান্ত মহাসাগরে পলিনেশিয়া পরিমণ্ডলের পূর্বতম দ্বীপাবলী 'লাইন আইলন্ড' (Line Island)-এর অন্তর্গত বৃহত্তম প্রবাল দ্বীপ। আ. ২২২·৬ ব মা। জন. ৫২ জন। নারিকেল প্রধান উৎপন্ন দ্রব্য। ... ১৯১৯ হইতে ব্রিটিশ কলোনী গিলবার্ট ও এলিস্ দ্বীপাবলীর আবাসিক কমিশনরের শাসনাধীন।

**খ্রীষ্টমাস দ্বীপ** (Christmas Island) : ভারত মহাসাগরের দ্বীপ; জাভা হইতে ২২৩ মা, সিঙাপুর হইতে ৮৫০ মা। আ. ৬০ ব মা। জন. ১,১৯০। ১৮৮৮ অব্দে ব্রিটিশদের দ্বারা অধিকৃত। স্বাভাবিক ফস্‌ফেট অব্-লাইম-এর পর্যাপ্ত আকর; একটি বিদেশী কোম্পানি ইহার ব্যবসায় করে। ...শাসনভার সিঙ্গাপুরের উপর ন্যস্ত।

**গঙ্গানদী** (The Ganges, Ganga) : উ. ভারতের নদী; হিন্দুদের নিকট পবিত্র। হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহ হইতে উঠিয়া ২০০ মা পার্বত্য পথে প্রবাহিত হইয়া হরিদ্বারের নিকট সমভূমিগত হইয়াছে। গড়বাল পর্বত হইতে অলকানন্দা নদী নামিয়া আসিয়া কিছুদূরে গঙ্গাকে পুষ্ট করিতেছে। ...উত্তরপ্রদেশ ও বিহার রাজ্যের মধ্য দিয়া আসিয়া রাজমহল পাহাড়ের নিকট পশ্চিমবঙ্গে প্রবেশ করিতেছে। মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানের নিকট গঙ্গানদী ভাগীরথী ও পদ্মা নামে দুইটি প্রধান শাখায় বিভক্ত। ভাগীরথী ও পদ্মা যথাক্রমে দক্ষিণ ও দ.-পূর্ব মুখে আসিয়া একটি বিশাল ব-দ্বীপ সৃষ্টি করিয়া বঙ্গোপসাগরে পড়িতেছে। প. বঙ্গে গঙ্গা-ভাগীরথীর দক্ষিণাংশ সাধারণত হুগলী নদী নামে খ্যাত। সমগ্র উত্তর প্রদেশ, বিহার ও বঙ্গদেশ গঙ্গানদীর অববাহিকা অন্তর্গত উর্বর দেশ। গঙ্গার ব-দ্বীপ পৃথিবীর মধ্যে বৃহত্তম। নদীর দৈর্ঘ্য ১,৫০০ মা।

উত্তর প্রদেশ ও বিহারের অনেকগুলি বড় বড় শহর গঙ্গা, যমুনা ও উপনদীগুলির তীরে অবস্থিত। গঙ্গা বহু দূর নাব্য; তবে গ্রীষ্মকালে অনেক স্থলে নৌকা চলাচল ক্রমশই কঠিন হইয়া উঠিতেছে। মূল গঙ্গানদীর উপর মোগলসরাই ও কাশীর মধ্যে এবং ইলাহাবাদের নিকট সেতু আছে। মোকামাঘাটে নূতন সেতুর নির্মাণ কার্য সুরু হইয়াছে।

গঙ্গানদী হইতে হরিদ্বারের নিকট খাল কাটিয়া (৫,৯৬৯ মা) জলসেচনের ব্যবস্থা আছে; প্রায় ১৬ লক্ষ একর জমিতে সেচের জল পায়। এই খাল ১৮৫৫-৫৬এ খনন করা হয়। আর একটি খাল বুলন্দ-শহর জেলার নরোরা হইতে কাটা হয় (১৮৭৯-৮০); জলের নালা ৫,১৮৫ মা। ইহার সাহায্যে প্রায় ১২ লক্ষ একর জমি জল পায়। গঙ্গা খালে জলবিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হইতেছে।

**গঙ্গাচড়া** (Gangachera): পূ. পাক.; রঙপুর জেলার সদর মহ.র থানা। আ. ৭৯ ব মা। গ্রাম রঙপুরের উত্তরে।

**গঙ্গাজলঘাটি** (Gangajalaghati): বাঁকুড়া জেলা; সদর মহ.র থানা। আ. ১৪৩ ব মা; জন. ৭০,৮১৭; ঘনতা ৪৯৪। ..গ্রামের জন. ৩,২৩৮; ডিস্পে., ডাকঘর, টেলি-গ্রাফ, রেজি. অপিস, স্কুল। বাঁকুড়া হইতে যে পথ উত্তরে রানীগঞ্জের কাছে শের শাহ সড়কে (Grand Trauk Rd.) গিয়া মিশিয়াছে, এই গ্রাম তাহার উপর অবস্থিত (১৫ মা)। রানীগঞ্জ হইতে ২০ মা।

**গঙ্গানগর** (Ganganagar): রাজস্থান ইউনিয়নের জেলা; রাজপুতানার শুষ্ক অঞ্চলের ও পূর্বতন বিকানীর রাজ্যের উত্তরাংশ লইয়া এই নূতন জেলা গঠিত। আ. ৮,২২৫ ব মা। জন ৬,৩০,১৩০। ঘনতা ৭৭; পঞ্চাশ বৎসর পূর্বে ছিল ১৭। গ্রাম ও শহরের সংখ্যা ৩৫৩+১১। জেলার প্রধান শহর শ্রীগঙ্গানগর।

**গঙ্গাপুর:** (Ganga Storage Project, Bombay): বোম্বাই; নাসিক জেলায় গোদাবরী নদীর উপর গঙ্গাপুর নামক স্থানে নির্মিত মাটির বাঁধ (১২,৫০০ ফু. দীর্ঘ) নির্মিত হইলে যে জলাশয় সৃষ্টি হইবে, তাহা হইতে ১,২৬,৫০০ একর জমি সেচ পাইবে ও নাসিক শহরে জল-সরবরাহ হইবে। এই পরিকল্পনা কার্যকরী করিতে ৩,৩৪,০০,০০০৲ টাকা ব্যয় হইবে।

**গঙ্গাপুর** (Gangapur): এই নামে অনেকগুলি গ্রাম ও শহর আছে। (১) হায়দরাবাদ রাজ্যে অউরঙ্গ-বাদ জেলার গ্রাম; শস্য ও তুলা ব্যবসায়ের বাজার। (২) রাজস্থান; ভিলবারার ২৫ মা প.-দক্ষিণের শহর: তুলা ও শস্যাদির বাজার। পূর্বে গবালিয়রের রাজ্য ছিল। (৩) বারানসী জেলার শহর। (৪) রাজস্থান; সওয়াই-মাধোপুর জেলার মিউনি. শহর। জন. ১৪,০৭৮। দিল্লী-বোম্বাই রেলপথের স্টে. ৯৫ মা। এখান হইতে স.-মাধো. ৩৯ মা দক্ষিণে। ব্যাংক: বিকানীর ও জয়পুর।

**গঙ্গারাঢ়** (Gangaridae): ভারত আক্রমণকালে আলেকজেন্দার শুনিতে পান যে প্রাচি বা প্রাচ্যে গঙ্গারিদে বা গঙ্গারাঢ় নামে রাজ্য অত্যন্ত ক্ষমতাশালী। পশ্চিমবঙ্গ বা গঙ্গাতীরস্থ রাঢ় দেশ গঙ্গরিদে বলিয়া অনুমান করা হয়। কেহ কেহ মনে করেন ভাগীরথী তীরস্থ সপ্তগ্রাম ও তদঞ্চল স্থান প্রাচীন গঙ্গারাঢ়।

**গঙ্গারামপুর** (Gangarampur): প. দিনাজপুর জেলা; বালুরঘাট মহ.র থানা। আ. ১২৭ ব মা; জন. ৬১,৩০৭। ঘনতা ৪৮৩। গ্রাম (জন. ৩৪১) পুনর্নবা নদীতীরে অবস্থিত। বালুরঘাট হইতে ২৮ মা সড়ক; কালিগঞ্জ রেল স্টেশন ২৬ মা দূরে। পাকিস্তানী দিনাজপুর শহর হইতে ১৮ মা। ডাক, টেলিগ্রাফ, স্কুল, রেজি. অপিস।...মুসলমান যুগে এই স্থানের নাম ছিল দমদমা ও সীমান্ত শহর রূপে সুদৃঢ় ছিল। ... গঙ্গারামপুর হইতে কিছু দূরে বাণনগর বা বাণগড়ের বহুবিস্তৃত ভগ্নাবশেষ দেখা যায়। (দ্র. বাণগড়)।

**গঙ্গাশহর** (Gangashahr): রাজস্থান; বিকানীর জেলার শহর; জন. ৮,৮১৯। বিকানীর ব্যাংক।

**গঙ্গাসাগর** (Gangasagar): ভাগীরথী গঙ্গা ও বঙ্গোপসাগরের সঙ্গমস্থলে তীর্থ। (দ্র কপিলাশ্রম)।

**গঙ্গুওয়াল** (Ganguwal): ভাকরা-নাঙ্গাল-পরিকল্পনা-অন্তর্গত বৃহৎ বিদ্যুৎকেন্দ্র। ১৯৫৫, জানুয়ারী হইতে ইহা বিদ্যুৎ সরবরাহ করিতেছে।

**গঙ্গোত্তরী** (Gangotri): হিমালয়ের গোমুখ পর্বত ভেদ করিয়া যেস্থানে গঙ্গা পতিত হইতেছে, সেস্থান অতি দুর্গম। সেখান হইতে ৩৬ মা নিম্নে গঙ্গোত্তরী তীর্থ। উত্তর প্রদেশের গঢ়বাল জেলার ভিতর দিয়া পথ; ভাদ্রমাসের পূর্বে বরফ থাকে না, তখন তীর্থ-যাত্রা সম্ভব। পথে চটি ও ধর্মশালা আছে।

**গঙটক** (Gangtok): সিকিম রাজ্যের রাজধানী; উচ্চতা ৫,৭০০ ফুট। তিব্বত-ভারতের বাণিজ্যকেন্দ্র।

দার্জিলিং হইতে কালিম্পং হইয়া সিকিম সড়ক ধরিয়া তারকোলা ; সেখানে তিস্তার তীরস্থ সড়ক (কার্টরোড) দিয়া রংপো ও সেখান হইতে শামডং হইয়া গঙটক (৩৭ মা)। আর একটি পথে কালিম্পং হইতে পিডং, পাকীয়ং হইয়া গঙটক পৌঁছানো যায় ( ৩৬ মা )। গঙটকে মহারাজার প্রাসাদ ও মঠ বা গোম্ফা দর্শনীয়। বৃষ্টিপাত ১৩৭"। চাউল, কলাই, কমলালেবুর ব্যবসায় কেন্দ্র। জন. ২,৭৪৪। রুমটেক বৌদ্ধ মন্দির ৪ মা দ.-পশ্চিমে।

**গজনী** ( Ghazni ) : আফগানিস্তান ; কাবুল প্রদেশের শহর, গজনী নদীর তীরে ও কাবুল-কান্দাহার সড়কের ধারে অবস্থিত। গজনী এই নাম গ্রীক ভৌগোলিকগণের গাজা, গজাকা ( Gaza, Gazka )। ১০ শতকে মধ্য এশিয়ার উজবেকস্তান হইতে অলাপ্তগীন নামে সাহসিক তুর্ক গজনীতে আসিয়া ঘাঁটি বাঁধেন। অলপ্তগীনের ক্রীতদাস ও জামাতা সবক্তুগীন ৯৭৭ অব্দে গজনীর শাসক হন। ইঁহার পুত্র মামুদ ( ৯৭৭-১০৩০ ) খলিফার নিকট হইতে 'সুলতান' উপাধি আদায় করিয়া লন ; সুলতান মামুদ বহুবার ভারত লুণ্ঠন করিয়া তথাকার ধনরত্ন দাসদাসী লইয়া গজনী শহর ও প্রসাদের হারেম সুসজ্জিত করিয়া তোলেন। ...গজনীর সুলতানরা দুর্বল হইয়া পড়িলে ঘুর ( Ghur )-এর অভ্যুদয় হয় ; ঘুরের তুর্কিরা গজনী লুণ্ঠন ও ধ্বংস করে ; তখন গজনীর রাজারা পঞ্জাবে আশ্রয় গ্রহণ করে। গজনীর রাজ্য ঘুরদের হস্তগত হইল। ১২২৪-এ মঙগলরা গ লুণ্ঠন করে।...১ম আফগান যুদ্ধের সময় ( ১৮৩৯-৪২ ) সাময়িকভাবে গ. ব্রিটিশদের দ্বারা অধিকৃত হয়। ...জন. প্রায় ২৫ হা.।

**গজেন্দ্রগড়** ( Gajendragarh ) : বোম্বাই ; ধারওয়ার জেলা ; রোন তালুকের শহর ; জন. ১২,৩৩১। কর্নাটক সমবায় ব্যাংক।

**গঞ্জাম** ( Ganjam ) : ওড়িশার জেলা ; পূর্বে মদ্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত ছিল ; তখন আয়তন ছিল ৮,৩৮০ ব মা ; তন্মধ্যে ৭,৬৯৭ ব মা ১৯৩৬ অব্দে ওড়িশার অন্তর্গত করা হয়। ১৯৪৯-এ ইহার কিয়দংশ শাসন সুবিধার জন্য বউদ জেলাভুক্ত করা হইয়াছে। বর্তমানে গ.র আ. ৪,৭২৫ ব মা। জন. ১৬,২৪,৮২৯। জেলায় ২টি মহকুমা : ব্রহ্মপুর ও ঘুমসুর ; উভয় মহকুমায় এজেন্সি ও সমতল ২টি করিয়া অংশ আছে। ...জেলার বাসিন্দা ওড়িয়া ও অন্ধ্র। দেশ সমতল, সমুদ্রতটবর্তী। বৃষ্টি ৪৫"। জেলার সদর শহর ছত্রপুর (৩৬১ মা) ; বরহমপুর ( ব্রহ্মপুর ) শিক্ষা ও সংস্কৃতির কেন্দ্র ( দ্র. )। গঞ্জাম ক্ষুদ্র গ্রাম ; কলিকাতা হইতে রেলপথে ৩৫৫ মা। গোপালপুর এই অঞ্চলের বন্দর ও স্বাস্থ্যনিবাস। ...গঞ্জামের ওড়িয়া ও অন্ধ্রেরা অতি দরিদ্র লোক। পূর্ব-ভারতে সরকারী উন্নয়ন পরিকল্পনার কাজে এখানকার শ্রমিকরা অধিক সংখ্যায় নিযুক্ত হয়।

**গটহাপ** ( Godthaab ) : গ্রীনলন্ডের রাজধানী। ১৭২১-এ ডেনীশ উপনিবেশ স্থাপিত হয়। ১০ শতকে নর্সদের বসবাসের চিহ্ন দেখা যায়। ব্রডকাস্টিং স্টেশন ; জন. ১,৩০০।

**গড্উইন-অস্টেন** (Godwin-Austen) : প. হিমালয়ের উত্তর-পশ্চিমে কারাকোরাম পর্বতশ্রেণীর অন্তর্গত কাশ্মীরের মধ্যে অবস্থিত গিরিশিখর ; পৃথিবীর মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ শিখর ( ২৮,২৫০ ফুট )। হেনরি হ্যাভারশ্যাম গড্উইন-অস্টেন ( ১৮৩৪-১৯২৩ ) ইংরেজ সার্ভেয়র কে-টু ( K2 ) পর্বত আরোহন করেন ; তাঁহার নামানুসারে পর্বতশিখরের নাম। ইনি Blandford-এর সহিত বহুখণ্ডে প্রকাশিত The Fauna of British India গ্রন্থের লেখক।

**গড়ওয়াল, গড়বাল** ( Gadwal ) : হায়দরাবাদ ; রায়চুর জেলার শহর ; ভীমা নদীর নিকটে, কুরনুলের ৪৭ মা উত্তরে ; সেকেন্দরাবাদ-দ্রোণাচলম রেলপথের স্টেশন ( ১১৭ মা )। সূক্ষ্ম রেশম ও বস্ত্র বয়নের জন্য বিখ্যাত স্থান। জন. ১৬,৪১৭।... বিজয়নগর রাজাদের শাসনকালে বিশিষ্ট স্থান ছিল।

**গড়কটংগা** ( Garah Katanga ) : মধ্যপ্রদেশ বা পূর্বকালীন গণ্ডোয়ানার একটি রাজ্য ; অকবরের সময়ে রানী দুর্গাবতী নাবালক পুত্রের অছিরূপে মুঘলদের বশ্যতা স্বীকার না করিয়া যুদ্ধ করেন ; কিন্তু পরাভূত হইয়া আত্মাহুতি দেন ; বীরপুত্র নারায়ণও যুদ্ধে প্রাণ দেয় ( ১৫৬৪ )।

**গড়বেতা** ( Garbeta ) : মেদিনীপুর জেলা ; সদর মহ.র থানা ও শহর। এই থানা জঙ্গল-মহলের অন্তর্গত। শিলাই নদী প্রবাহিত। আ. ৪০৮·৩ ব মা। জন. ১,৫০,১১৫। শহরের জন. ৪,৮০৬। মেদিনীপুর-বাঁকুড়া রেলপথের স্টেশন (৩৭ মা), কলিকাতা হইতে ১০৯ মা। মেদিনীপুর হইতে যে রাজপথ বাঁকুড়া হইয়া শের শাহ সড়কে ( গ্রানড ট্রাংক রোড ) পড়িয়াছে, গড়বেতা সেই রাজপথের উপর অবস্থিত। এখানে রায়কোট নামে প্রাচীন এক গড়ের চিহ্ন দেখা যায় ; পরিখা পার হইয়া বিশাল সিংহদ্বারগুলির নাম লাল দরজা, হনুমান দরজা, পেশা দরজা ও রন্টা দরজা। দুর্গ প্রাচীরের মধ্যে ৭টি বৃহৎ পুষ্করিণী দেখা যায়। এইসব কীর্তিগুলি বগড়ির চৌহান রাজাদের বলিয়া কিংবদন্তী।

**গড়মন্দারন** ( Garh Mandaran ) : বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী'তে উল্লিখিত। এই স্থান হুগলী জেলার আরামবাগ মহকুমার অন্তর্গত। মাদারিয়াখাল বা রোন নদীর তীরে অবস্থিত ভুরিশ্রেষ্ঠ রাজ্যের অন্তর্গত। গড়মান্দারনের অপর নাম পেঁড়োর গড়।

**গড়মুক্তেশ্বর** ( Garhmukteswar ) : উত্তর প্রদেশ ; মীরাট জেলার শহর ; গঙ্গার দক্ষিণ তটে ; দিল্লী-মুরাদাবাদ রেলপথের স্টেশন ( ৫৪ মা )। এখানকার গঙ্গামন্দির হিন্দুদের তীর্থস্থান। একটি পবিত্র কূপ ৮০টি স্তম্ভ দ্বারা বেষ্টিত। কার্তিকমাসে বিরাট মেলা হয়। ১২৩৮-এর একটি মসজিদ আছে। জন. ৬ হা.।

**গড়াই** ( Gorai ) : পূর্ব বঙ্গের নদী ; কুষ্টিয়ার অনতিদূরে পদ্মা হইতে ভাঙ্গিয়া বাহির হইয়াছে এবং দক্ষিণে যশোহর ও ফরিদপুর জেলার সীমান্ত দিয়া গিয়া খুলনা জেলায় প্রবেশ করিয়া এই জেলা এবং বাখরগঞ্জ জেলার সীমা রক্ষা করিয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। দক্ষিণে এই জলধারা মধুমতী, বলেশ্বর এবং হরিণঘাটা নামে পরিচিত। এক কালে গঙ্গার প্রধান ধারা গড়াই নদী দিয়া বহিত। কুষ্টিয়ার প্রায় ২ মা পূর্বে গড়াই নদীর উপর রেলসেতু আছে।

**গড়িয়াধর** ( Gariadhar ) : সৌরাষ্ট্র ইউনিয়নের শহর। ভাবনগর জেলার অন্তর্গত। জন. ৬,২৭৯। সৌ. ব্যাংক।

**গড়ৌলী** ( Garrauli ) : পূর্বতন মধ্যভারত-বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য ; আ. ৩৯ ব মা। জন. ৫,৮২৭। ...১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইবার পর রাজাকে ১০,০৫০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে বিন্ধ্য-প্রদেশ অন্তর্গত। —শহর, বেত্রবতীর শাখা নদী ধসন তীরে, নওগাঁও-এর ৬ মা পশ্চিমে।

**গড়ওয়াল, গড়বাল** ( Garhwal ) : উত্তর প্রদেশের কুমায়ুন বিভাগের হিমালয়ের পাদদেশস্থ জেলা ; উত্তরে তিব্বত, পশ্চিমে টেহরি গড়ওয়াল ও দেহরাদুন, পূর্বে আলমোড়া। দেশ পার্বত্য ও অরণ্যময়। বৃষ্টি ৫০"। এই জেলার পার্বত্য অংশ অলকানন্দা প্রভৃতি গঙ্গার শাখানদী সমূহের উৎপত্তিস্থল। তিব্বতের সহিত গিরিপথ দিয়া বাণিজ্য চলে। ...আ. ৫,৬১২ ব মা। জন. ৬·৪০ লক্ষ। অধিবাসীরা গড়ওয়ালী ভাষা বলে; উহা হিন্দী হইতে অন্যরূপ। ...এক সময়ে এই জেলা গুর্খাদের অত্যাচারে বিধ্বস্ত হয়। ১৮১৪-তে ইংরেজরা নেপালযুদ্ধের পর এই ভূভাগের মালিক হয়। ...এখানে বহু চা-বাগিচা স্থাপিত হইয়াছে। শাসন-কেন্দ্র পৌরী ( Pauri )। ৩ তহশীল : পৌরী, ল্যান্সডাউন ও চামোলি। বদরীনাথ, কর্ণপ্রয়াগ প্রভৃতি তীর্থস্থানে যাইতে হইলে এই জেলার ভিতর দিয়া পথ। নন্দা ও কামেত গিরিশিখর দুইটি এই জেলার মধ্যে অবস্থিত।

**গণপতি** ( Ganapathi ) : মদ্রাজ ; কোয়াম্বতুর জেলার শহর ; জন. ৮,৭৮৮। গণ., শ্রীকুমারেশ্বর ব্যাংক।

**গণপবরম্** ( Ganapavaram ) : অন্ধ্র ; প. গোদাবরী জেলার শহর। জন. ৫,৫৩৯। স্টেট ব্যাংক।

**গণ্ডক, গণ্ডকী** (Gandak, Gandaki river) : গঙ্গার উপনদী ; নেপালের কাঠমাণ্ডুর ৫৫ মা পশ্চিমে কালি-গণ্ডকী ও ত্রিশূলী নদীদ্বয়ের মিলিত ধারা নারায়ণী নামে প্রবাহিত হইয়া উত্তর প্রদেশে ও বিহারের সীমান্তে ভারতে প্রবেশ করিতেছে। বিহারের চম্পারন, সারন ও মুজফ্‌ফরপুর জেলাত্রয়ের মধ্য দিয়া আসিয়া পাটনার উত্তরে গঙ্গায় পড়িতেছে ; কালি-গণ্ডকী সমেত নদীর দৈর্ঘ্য প্রায় ৪২০ মা। নেপাল-ভারত সীমান্তে বাঁধ দিয়া ত্রিবেণী খাল নির্মিত হইয়াছে।

**গণ্ডামক** ( Gandamak ) : আফগানিস্তানের পূর্ব প্রদেশের

গ্রাম; কাবুলের পথে জলালাবাদ হইতে প.-দ. ২৬ মা দূরে অবস্থিত। এখানে ২য় আফগান যুদ্ধে (১৮৭৯, মে), মেজর কাভাগনরি (Cavagnari) ও শেরআলি-পুত্র ইয়াকুব খাঁর মধ্যে সন্ধি হয়; স্থির হয় যে অতঃপর কাবুলে একজন ব্রিটিশ প্রতিনিধি থাকিয়া তথাকার বৈদেশিক নীতি নিয়ন্ত্রণ করিবেন; খাইবার গিরিপথের উপর ইংরেজের আধিপত্য স্বীকৃত হইবে। এই সন্ধি অনুসারে ব্রিটিশরা আমীরকে ৬০,০০০ পা. বাৎসরিক ভাতা (subsidy) দিতে রাজী হয়।

**গণ্ডোয়ানা** ( Gondwana ): মধ্যপ্রদেশের উত্তরাংশের নাম; ১৪-১৮ শতক পর্যন্ত এই অঞ্চলে গোণ্ড নামে উপজাতির অনেকগুলি রাজ্য ছিল। অকবরের সেনাপতি আসফ খাঁ গড়কটঙ্গার নামে গোণ্ডরাজ্য আক্রমণ করিয়া রানী দুর্গাবতীকে পরাভূত করেন। অতঃপর নূতন শাসক চন্দ্রশাহ দিল্লীশ্বরের আনুগত্য স্বীকার করেন। দুর্গাবতীর রাজ্য ছাড়া চন্দা, দেওগড ও খাব্‌লা নামে আরও তিনটি গোণ্ডরাজ্য অকবরের সময়ে ছিল। ভূপাল ভূখণ্ড গোণ্ডরাজ্যের নিকট হইতে অধিকৃত। মারাঠারা ইহাদের নিশ্চিহ্ন করিয়া এখানে সাম্রাজ্য বিস্তার করে।

**গণ্ডোয়ানা** ( Gondwana ): ভূতত্ত্ববিদগণের মতে এককালে আফ্রিকা, দ. ভারত, পূর্বদ্বীপালি, অস্ট্রেলিয়া ও দক্ষিণ আমেরিকার পূর্বাংশ একটি অখণ্ড মহাদেশ ছিল। তাহার নাম গণ্ডোয়ানা। ভূত্বক কুঞ্চনের ফলে দাক্ষিণাত্য শিলাময় মালভূমি ও উভয় পার্শ্ব সমুদ্রে পরিণত হয়। ভারতের মধ্য প্রদেশের গোণ্ড (Gond) নামে উপজাতির নামানুসারে দাক্ষিণাত্যের এই অঞ্চলের নামকরণ হয়; পরে ইহা বৈজ্ঞানিক শব্দ-রূপে ব্যবহৃত হয়।

**গতিগাঁও** (Gotigaon): মধ্যপ্রদেশ; হোশঙ্গাবাদ জেলার ক্ষুদ্র শহর; জবলপুর-ইতরসি রেলপথের স্টে. (৩৩ মা); ইলাহাবাদ হইতে ২৫৭ মা। স্টেট ব্যাংক।

**গদগ** ( Gadag ): বোম্বাই; ধারওয়ার জেলার তহশীল ও শহর। শ. বড় জংশন; বহু সড়কের কেন্দ্র; তুলার বিশিষ্ট বাজার; বহুপ্রকারের শিল্প প্রতিষ্ঠান আছে। বিজয়ওয়াড়া-হুবলী-মরমুগাঁও রেলপথের স্টেশন (৩৩ মা.)। শহরতলী বেত্তিগেরি সমেত সদরের জন. ৬৫,৫০৯। ৮ ব্যাংক: কানাড়া ইন্ডাস্ট্রি, সেনট্রাল, স্টেট, প. ন্যাশনাল ও কয়েকটি সমবায় ব্যাংক।

গদগের প্রাচীন নাম ক্রতুক; হোয়শালা রাজাদের সময়কার বহু মন্দির শহরের নিকটে আছে। শেষ চালুক্য রাজাদের কয়েকটি শ্রেষ্ঠ স্থাপত্য নিদর্শন উল্লেখযোগ্য, যেমন পট্টডাকাল, লাকুণ্ডি, কুক্কানুর প্রভৃতি। ত্র্যম্বকেশ্বর বা ত্রিকূটেশ্বর মন্দিরের কারুকার্য অসাধারণ; কঠিন প্রস্তরের উপর কারুতা স্বর্ণকারের সূক্ষ্ম কাজের সহিত তুলনীয় হইতে পারে। মন্দিরের সম্মুখে প্রস্তরের অতিকায় এক বৃষ মূর্তি আছে।

**গদিনিয়া** ( Gadynia ): পোলন্ডের বন্দর। ১ম মহাযুদ্ধের পর পো. পৃথক রাজ্য গঠিত হইবার পর বাল্টিক সাগর অন্তর্গত দানজিগ উপসাগরের তীরে ও দানজিগ বন্দরের অদূরে এই বন্দর পত্তন হয় (১৯২৪-৩০)। জারমান-অধ্যুষিত দানজিগ আন্তর্জাতিক বন্দরকে বাদ দিবার জন্য পোলন্ডে এই নূতন বন্দর-নগর নির্মিত হয়। ২য় মহাযুদ্ধের সময় জারমানদের দ্বারা অধিকৃত হয় (১৯৩৯-৪৫); সেই সময়ে নাম হয় গোটেনহাফেন ( Gotenhafen )। জন. ১ ১০ লক্ষ।

**গনুটিয়া** ( Ganutia ): বীরভূম জেলার রামপুরহাট মহকুমার ময়ূরেশ্বর থানায় ময়ূরাক্ষী নদীতীরে, সাঁইথিয়া হইতে ১১ মা পূর্বে অবস্থিত গ্রাম। ১৭৮৬-এ ফ্রুসার্ড নামে এক সাহসিক এইখানে রেশমের কুঠি স্থাপন করে। সুরুল কুঠির কর্তা চীপ সাহেব বোলপুর-সুরুল হইতে গনুটিয়া পর্যন্ত রাস্তা নির্মাণ করান। চীপের কবর এখানে আছে। গনুটিয়ার রেশম শিল্প এখন না থাকার মধ্যে।

**গফরগাঁও** ( Gaffargaon ): ময়মনসিংহ জেলা; সদর মহ.র থানা, ডাকঘর, গ্রাম; রেজি. অপিস (১৮৯২)। নারায়ণগঞ্জ-তিস্তামুখ রেলপথের স্টেশন (৬৩ মা)। ময়. হইতে ২৩ মা। থানার আ. ১৫১ ব মা।

**গবালিয়র, গোয়ালিয়র** ( Gwalior ): ভারতের পূর্বতন করদরাজ্য; চম্বল ও নর্মদা নদীর অববাহিকায় রাজ্য বিক্ষিপ্তভাবে বিস্তৃত ছিল। রাজধানী লস্কর-গবালিয়র। অধিবাসীরা হিন্দীভাষী, রাজা মারাঠি

ছিলেন। প্রথম রাজা রনোজি সিন্ধিয়া পুণার পেসবা বাজিরাও-এর কর্মচারী ছিলেন; ১৭৩৬ হইতে ১৯৪৮ পর্যন্ত সিন্ধিয়া পরিবার গ.-এ রাজ্য করেন। ১৯ শতকের আরম্ভ ভাগে ব্রিটিশের বশ্যতাস্বীকার করিয়া করদ-রাজ্যরূপে পরিগণিত হয়।…রাজ্যের আ. ছিল ২৬,০০৮ ব মা; জন. ৪০ লক্ষ। রাজস্ব প্রায় ২ কোটি টাকা। ১৯৪৮-এ গ. ভারতভুক্ত হয় ও বর্তমানে মধ্যভারত রাজ্য অন্তর্গত। সিন্ধিয়াকে বার্ষিক ২৫ লক্ষ টাকা ভাতা দেওয়া হইতেছে। ব্রিটিশ যুগে রাজা ২১ তোপের সম্মান পাইতেন। বর্তমান সিন্ধিয়া ম. ভা. ইউনিয়নের রাজ-প্রমুখ (গবর্নরসদৃশ পদ)। …গবালিয়র—সিন্ধিয়া রাজ্যের পুরাতন রাজধানী, বর্তমান রাজধানী লস্কর হইতে ২ মা উত্তরে। গ. দুর্গ ৩৪০ ফুট উচ্চ পাহাড়ের উপর অবস্থিত ও অত্যন্ত সুদৃঢ়ভাবে নির্মিত।… গ. শহর বহু সংস্কৃতির কেন্দ্র; গন্ধর্ব মহাবিদ্যালয় নামে সংগীত বিদ্যাকেন্দ্র বিখ্যাত প্রতিষ্ঠান।… দিল্লী-বোম্বাই রেলপথের স্টেশন (১৯৫ মা)। আগরা ৬০ মা উত্তরে। এখান হইতে ৩ শাখা রেল (সরু গেজ) শিবপুরী (১১২ মা), ভিন্দ (৫২ মা), শিবপুর-কালান (১৮৬ মা) পর্যন্ত গিয়াছে। জন. ২,৪১,৫৭৭। ব্যাংক: সেনট্রাল, স্টেট, প. ন্যাশনাল, ইউনাইটেড কমার্শি, গির্দ সমবায়। গবালিয়র বিমান বন্দর।

**গবালিয়র গুহা** (Gwalior Cave): গ. দুর্গপ্রাসাদ যে পর্বতের উপর প্রতিষ্ঠিত, তাহার খাড়া গায়ে বহু জৈন গুহা-মন্দির আছে। ইহার কতকগুলি খুবই বড়। গুহাগুলি পাহাড়ের গায়ে যেখানে স্থান পাওয়া গিয়াছে সেখানেই খোদিত হইয়াছিল। এসব গুহা ১৫ শতকে নির্মিত। বৃহত্তর গুহার মধ্যে আদি নাথের ৫৭ ফুট উচ্চ মূর্তি, অপর একটিতে নেমিনাথের উপবিষ্ট মূর্তি ৩০ ফুট উচ্চ। একটি দীর্ঘ শিলালিপিও আছে (১৪৪০ খ্রী. অ.)। …অনেকগুলি গুহা বাবর ১৫২৭-এ ধ্বংস করেন; কিন্তু পরযুগে জৈনরা পুনর্গঠন করেন।

**গয়সাবাদ** (Gaysabad): মুর্শিদাবাদ জেলা; আজিম-গঞ্জের ৫ মা উত্তরে অবস্থিত প্রাচীন স্থান। গিয়াস উদ্দীন নামে পাঠান রাজা ১৩ শতকে মহীপাল (দ্র.) নগরীর প্রস্তরাদি লইয়া এই নগর নির্মাণ করেন।

**গয়া** (Gaya): বিহার; পাটনা বিভাগের জেলা। জেলার দ. অংশ পার্বত্য; ব্রহ্মযোনি, বরাবর, রামশিলা প্রভৃতি পাহাড়। জেলার উত্তর দিকে ঢালু। পার্বত্য নদী ছোট-নাগপুরের মালভূমে উঠিয়া প্রবাহিত; পুন্‌পুন্, ধাবা, মদার, মোরহর, ফল্গু, ঘাঘর প্রভৃতি। কোনো নদীই নাব্য নহে। বৃষ্টি ৪৩″…। জেলার দ. ভাগে অভ্র খনি বহু বিস্তারিত। বনজ সম্পদ লাক্ষা। … এখানকার সতরঞ্চ শিল্প বিখ্যাত। আ. ৪,৭৩৯ ব মা; জন. ৩০.৭০ লক্ষ। … ৪ মহকুমা; গয়া, জহানাবাদ, অউরঙ্গাবাদ ও নবাদা। জেলায় বহু বৌদ্ধ ও জৈন তীর্থস্থান আছে।…গয়া মহকুমার আ. ১,৯১১ ব মা; জন. ১১,৭৮,০৯৩। ঘনতা ৬১৭। ১৫টি থানা: গয়া, বুদ্ধগয়া, ওয়াজীরগঞ্জ, পরৈয়া, আতরী, খিজরসরায়, টিকারী, বেলাগঞ্জ, কঞ্চ, বারাচট্টি, ফতহপুর, শেরঘাটী, পুরণা, ইমামগঞ্জ, ডুমরিয়া। … গয়া থানার আ. ১০৭ ব মা; জন. ৯৬,৭৭৪; ঘনতা ৮৭৬। গয়া শহর—জেলার সদর; কলিকাতা হইতে গ্রান্ড কর্ড লাইনে ২৮৫ মা। বড় জংশন। এখান হইতে কিউল ৮১ মা ও পাটনা ৫৭ মা। বহু বাস্ সার্বিসের কেন্দ্র; এখান হইতে দ. বিহারের বড় বড় প্রায় শহরের সহিতই বাস্ চলাচল আছে। স্কুল, কলেজ, হাসপাতাল। অনেকগুলি ধর্মসম্প্রদায়ের আশ্রম ও দেবনিকেতন আছে, তন্মধ্যে ভারত সেবাশ্রম উল্লেখ-যোগ্য। বিশিষ্ট হিন্দুতীর্থ গয়াধাম; বুদ্ধগয়া ৭ মা দূরে। … জন. ১,৩৩,৭০০। ব্যাংক: সেন্ট্রাল, হিন্দু কমার্স, স্টেট, প. ন্যাশনাল, ইউনাইটেড।

**গয়াধাম** (Gayadham): গয়া হিন্দুদের তীর্থ; পূর্ব-পুরুষদের উদ্দেশ্যে পিণ্ডদানাদি কর্ম প্রত্যেক হিন্দুর আবশ্যিক অনুষ্ঠান। গয়ার পাণ্ডারা খুবই প্রবল। পূর্বে তাহারা যাত্রীদের নিকট হইতে অর্থ আদায় করিবার জন্য উৎপীড়ন করিত বলিয়া বদনাম ছিল। বর্তমানে তাহা নিয়ন্ত্রিত ও শমিত হইয়াছে। তীর্থ-যাত্রীদের থাকিবার বহু স্থান আছে; তন্মধ্যে ভারত-সেবাশ্রম পরিচালিত আশ্রমই সমধিক খ্যাত।

**গয়াবাড়ি** (Gayabari): দার্জিলিঙ জেলা; কার্সিয়ং মহ.র শহর। শিলিগুড়ি-দার্জিলিং রেলপথের স্টেশন

২৪ মা ); উচ্চতা ৩,৪৮০ ফুট। ইহার অনতিদূরে পাগলাঝোরা জলপ্রপাত। ... নিকটে বহু চা বাগিচা আছে। পাগলাঝোরা সম্বন্ধে সত্যেন্দ্রনাথ দত্তের একটি কবিতা আছে।

**গরিফা** (Garifa) : ২৪ পরগণা জেলা; বারাকপুর মহ.র নৈহাটি থানার গঙ্গাতীরস্থ গ্রাম। নৈহাটি-বান্দেল রেলপথের স্টেশন। কেশবচন্দ্র সেনের জন্মস্থান। জন. ৩৮১। ডাকঘর।

**গরুড়স্তম্ভ** (Garuda Sthambha) : পূ পাক; রাজশাহী জেলার মুকুন্দপুর গ্রামের নিকট অবস্থিত লাঠ বা স্তম্ভ, বাদালস্তম্ভ নামেও পরিচিত। এই স্তম্ভগাত্রে গুরব মিশ্র রচিত দেবপাল-প্রশস্তি উৎকীর্ণ (৮ শতক)। পালবংশীয় রাজা দেবপালের কীর্তিকাহিনী ২৮ সংস্কৃত শ্লোকে বর্ণিত।

**গরুবাথান** (Garubathan) : দার্জিলিং জেলা; কালিম্পং মহ.র থানা। আ. ১১৮ ব মা; জন. ১৬,৯১৮; ঘ. ৯৮।

**গরুমহিষানী** (Gorumahisani) : ওড়িশা; ময়ূরভঞ্জ জেলার পাহাড়; এখানে লৌহচুর আছে। এই লৌহচুর রেলপথে টাটানগরের লৌহ-ইস্পাত কারখানায় সরবরাহ হয়। টাটানগর হইতে ৪০ মা দূরে স্টেশন। ডাকঘর।

**গলওয়ে** (Galway) : আয়ারদেশের (Eire=Ireland) কাউন্টি ও বন্দর। এখানকার বিশ্ববিদ্যালয় গ্যেলিক সংস্কৃতি-চর্চার বিশেষ কেন্দ্র। জন. ২১ হা.।

**গলসি** (Galsi) : বর্ধমান জেলা; সদর মহ.র থানা ও শহর। থানার আ. ১৮৪ ব মা; জন ১,০৭,০০০; ঘ. ৫৮২। শহর কলিকাতা হইতে রেলপথে গলসি স্টেশনের (৭৩ মা) নিকট শের শাহ সড়কের উপর। বর্ধমান হহতে ১৪ মা। স্কুল, ডাকঘর, পল্লী-স্বাস্থ্যকেন্দ্র। জন. ৪,০৪০।

**গলাচিপা** (Galachipa) : বাখরগঞ্জ জেলার পটুয়াখালি মহ.র থানা; আ ৩০৯ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৯২)। এখান হইতে সমুদ্র অতি নিকটে। বরিশাল হইতে স্টীমারে ৭৯ মা।

**গাইঘাটা** (Gaighata) : ২৪ পরগণা জেলা, বনগাঁ মহ.র থানা; বঙ্গভঙ্গের পূর্বে (১৯৪৭) যশোহর জেলার মধ্যে ছিল। থানার আ. ৯৪ ব মা; গ্রাম ১০৫। জন. ৫৬,৫৫৮; ঘ. ৬০২। গ্রাম যশোহর রোডের উপর। জন. ৪৪২।

**গাইবাঁধা** (Gaibandha) পূ. পাক.; রংপুর জেলার মহকুমা ও থানা। থানার আ. ১৪৪ ব মা। শহর ঘাঘট নদীতীরে, পাটের ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। সান্তাহার-লালমনিরহাট রেলপথের স্টেশন (৬৪ মা)। কলিকাতা হইতে ২৩৭ মা।

**গাঙগনি** (Gangani) : পূ. পাক., কুষ্টিয়া জেলার মেহেরপুর মহ.র থানা; আ ১৩২ ব মা। গ্রাম, ডাকঘর।

**গাঙগুলি** (Ganguli) : মদ্রাজ; দক্ষিণ কানাড়া জেলার মঙগলুর মহ.র শহর। আরবসাগর তীরে খাড়ির মুখে ম. হইতে ৫৫ মা উ.-পশ্চিমে অবস্থিত। খাড়ির উত্তর দিকে কুণ্ডপুর (দ্র.)। জন. ৭,১১৯। কানাড়া, কা. ইন্‌ডাস্ট্রি ব্যাংক।

**গাঙপুর** (Gangpur) : পূর্বতন ওড়িশা স্টেট্‌স এজেন্সির করদরাজ্য; বিহারের সংলগ্ন। আ. ২,৪৭৭ ব মা; জন. ৩,৯৮,১৭১ ('৪১)। রাজস্ব ২'৫০ লক্ষ। কর ১,২৫০ টাকা।...... ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩৫,১০০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে গা. সুন্দরগড় নামে নবগঠিত জেলার অন্তর্ভুক্ত। প্রধান শহর, রাজগাঙপুর (দ্র.) দ.-পূর্ব রেলপথের স্টেশন (২৭৬ মা)।

**গাজা** (Gaza) : ইসরাইল রাজ্যের সীমান্তে অবস্থিত সিনাই উপত্যকার শহর; ভূমধ্যসাগর ৩ মা ও তেল-আবীব হইতে রেলপথে ৪০ মা। এখানে মুসলমান ও খ্রীষ্টানদের প্রাচীনকালের মস্‌জিদ ও চার্চ আছে। বাইবেলের পুরাতন অংশে গাজা (কখনো আজা Azzah)-র উল্লেখ বহুবার পাওয়া যায়। ফিলিস্তানীদের অন্যতম নগর। নিকট হিক্‌সসদের এক নগর ছিল (Tellel Ajjul)। আলেকসেন্দারের সময় হইতে এ-পর্যন্ত এখানে বহু যুদ্ধ হইয়াছে। ১৯৪৮ হইতে মিশর এই স্থানের অধিকারী। ...জন. ৩২ হা.। ইহুদীদের সহিত প্রায়ই এই এলাকায় মিশরীয়দের দাঙ্গা হয়।

**গাজিপুর** (Ghazipur) : উত্তর প্রদেশ; বারানসী

বিভাগের জেলা ; গঙ্গানদী উপত্যকা। উ.—আজমগড়, দ.—গঙ্গানদী। বহু প্রকার শস্য উৎপন্ন হয়। বৃষ্টি ৪০"। এই জেলায় ভারত সরকারের তত্ত্বাবধানে আফিম চাষ হয়।…আ. ১৩০২ ব মা ; জন. ১১·৪২ লক্ষ।—শহর ; জেলার সদর। গঙ্গার বামতটে, দিলদারনগর জং (৪২৬ মা) হইতে শাখা রেলে তাড়িঘাটে (১২ মা) গঙ্গা পার হইয়া গাজিপুর যাইতে হয়। বারানসী-ছাপরা মিটর রেলপথের স্টেশন (৭৭ মা)। গোলাপ-জল তৈয়ারির জন্য স্থানের খ্যাতি। জন. ৩২ হা.।

**গাজিয়াবাদ** (Ghaziabad) : উত্তর প্রদেশ ; মীরট জেলার শহর ও বড় জংশন স্টেশন। জন. ৩৮,২১৭। কলিকাতা হইতে (৮৮২ মা) রেলপথ এইখানে আসিয়া ত্রিধা হইয়া দিল্লী (১৩ মা), মীরট (২৯ মা), অমৃত-সর-হাপুর-মুরাদাবাদ (১০০ মা) গিয়াছে। …বিশিষ্ট বাণিজ্যকেন্দ্র। ব্যাংক : ইলাহাবাদ, সেন্ট্রাল, প. ন্যাশনাল, স্টেট।

**গাজোল** (Gajol) : মালদহ জেলার থানা। আ. ১৯৮ ব মা ; জন ৭৩,১১১ ; ঘ. ৩৬৯। মালদহ-বালুরঘাট সড়কের উপর গ্রাম ; ডাকঘর। গ্রামের জন. ৬১০। এই থানার মধ্যে প্রাচীন পাণ্ডুয়া-আদিনা অবস্থিত। পাণ্ডুয়া হইতে মুসলমানযুগে রাজধানী স্থানান্তরিত হইলে এই অঞ্চলের বিশিষ্টতা নষ্ট হয়। …গা. হইতে বামনগোলা পর্যন্ত পুরাতন সড়ক গবর্মেণ্ট নূতন করিয়া নির্মাণ করিয়াছেন।

**গাডরবাড়া** (Gadarwara) : মধ্যপ্রদেশ রাজ্য ; হোশঙ্গাবাদ জেলার তহশীল ও শহর। জন. ১২,৭৪৪। ইলাহাবাদ-ইতরসি রেলপথের স্টেশন (৩০৪ মা)। স্টেট ব্যাংক। এখান হইতে ১২ মা দক্ষিণে মোহপানী; কয়লার খনি।

**গান্ধার** (Gandhara) : প্রাচীন ভারতের দেশ বৌদ্ধযুগে উদ্যান নামে খ্যাত। বর্তমান আফগানিস্তানের কাবুল (প্রাচীন কুভা) ও সিন্ধুনদ দ্বয়ের মধ্যস্থিত দেশ বলিয়া অনুমিত। রাজধানী পুরুষপুর (বর্তমান পেশাবার), কখনো তক্ষশিলা। খ্রী. পূ. ৫১৬ পারসিক সম্রাট দরায়ুস কর্তৃক খোদিত বেহিস্তান পর্বতলেখে গন্ধার নাম (গদর) উল্লিখিত দেখা যায়। গ্রীসের বিরুদ্ধে প্রেরিত জারক্সেসের সৈন্য-বাহিনীতে গান্ধারী সৈন্য (Gandarian) ছিল। এই অঞ্চল প্রথমে চন্দ্রগুপ্ত মৌর্যের সাম্রাজ্য অন্তর্গত হয় ; পরে বাক্‌ট্রিয়ান গ্রীক রাজ্যভুক্ত ও গ্রীক বা হেলেনিস্টিক সংস্কৃতির কেন্দ্র হয়। গান্ধারের বৌদ্ধশিল্পে সর্বপ্রথম বুদ্ধের মূর্তি আবির্ভূত হয় ; এইসব মূর্তি ও অন্যান্য ভাস্কর্য নিদর্শনের উপর গ্রীক অপেক্ষা রোমান প্রভাব অধিক বলিয়া কোনো কোনো পণ্ডিত মনে করেন। কুষন যুগে পশ্চিম এশিয়ায় রোমান সাম্রাজ্য সুপ্রতিষ্ঠিত ছিল ; তাহাদের সহিত ঘনিষ্ঠতার প্রমাণ এই গান্ধার স্থাপত্য ও ভাস্কর্য। … মহাভারতের গান্ধারী এই দেশের কন্যা।…অনেকে ভুল করিয়া শব্দ সাদৃশে কান্দাহারকে গা. মনে করেন।

**গান্ধীগ্রাম** (Gandhigram) : অহমদাবাদ হইতে ১০ মা দূরে গ্রাম ; রেল স্টেশন আছে।

**গান্ধীধাম** (Gandhidham) : কচ্ছ রাজ্যের শহর। পালনপুর-কান্দলা বন্দর রেলপথের স্টে. (১৮৭ মা)। জন. ৭,৮৯১। ব্যা. অব ইন্ডিয়ার শাখা আছে।

**গান্ধীনগর** (Gandhinagar) : জয়পুর নগর হইতে ৫ মা দূরে নূতন শহর। রেল স্টেশন আছে।

**গাবতলী** (Gabtali) : পূ. পাক ; বগুড়া জেলার থানা। আ. ৯৭ ব মা। গ্রাম, ডাকঘর। সান্তাহার-লালমনির হাট রেলপথের স্টেশন (২৯ মা) ; বগুড়া হইতে ৬ মা উ.-পূর্বে।

**গাবুন** (Gabun, Gabon) : ফরাসী নৈরক্ষিক (ইকোএটোরিয়াল) আফ্রিকার অন্তর্গত প্রদেশ ; পূর্বে ফরাসী কংগো রাজ্যের অন্তর্গত ছিল। দেশের প. ও দ.-পশ্চিমে গিনী উপসাগর ; উ.-প. স্পেনীশ গিনী, উ.-কামারুনস। গাবুন নদীর মোহনায় রাজধানী লিবেরভিল (Libreville) অবস্থিত। …মূল্যবান কাষ্ঠ ও বনজ সামগ্রী রপ্তানি হয়। আ. ১,০৩,০৮৯ ব মা। জন. ৪·০৭ লক্ষ। প্রথম স্ট্যাম্প ১৮৮৬।

**গাম্বিয়া** (Gambia) : প. আফ্রিকার নদী ; ফরাসী গিনীর মধ্যে উঠিয়া প্রায় ৫০০ মা প্রবাহিত হইয়া অতলান্তিকে পড়িতেছে। মোহনা হইতে ২৫০ মা নাব্য। ১৪৪৭ পোর্ত. গাম্বিয়া নদী আবিষ্কার করে।

বহুবৎসরের চেষ্টার পর ১৭৮৩ অব্দে ইংরেজের দখলে আসে; ১৮৪৩ হইতে কলোনী। কলোনী ও প্রোটেক্টরেট রাজ্য; রাজধানী বাথার্স্ট (Bathurst) সমেত কলোনীর আ. ৯৬ ব মা; জন. ২৮ হা.। প্রোটেক্টরেটের. আ. ৩,৯৭৪ ব মা; জন. ২, ৫০, ০০০; প্রায় অর্ধেক মুসলমান।......সাভানা ঘাস, পাম, চীনাবাদাম উৎপন্ন হয়।......স্ট্যাম্প ১৮৬৯।

**গায়কবাড়ের রাজ্য:** দ্র. বড়োদা।

**গায়কবাড়-বড়োদা স্টেট রেলওয়ে** (Gaekwar's Baroda State Railway): ১৮৭৩-এ স্টেট কর্তৃক রেল খোলা হয়। ১৯৫১ হইতে ওয়েস্টার্ন রেলওয়ে জোন অন্তর্গত।

**গারদা** (Garda; Lago di Garda): ইতালীর বৃহত্তম হ্রদ; দৈর্ঘ্য ৩২ মা, প্রস্থ ২-১১ মা; আ ১৪৩ ব মা। গভীরতা ১,১৩৫ ফুট। আল্পসের দক্ষিণে লম্বারদি প্রদেশে অবস্থিত। প্রাকৃতিক দৃশ্য অতি সুন্দর।

**গারুলিয়া** (Garulia): ২৪ পরগণা জেলার বারাকপুর মহ.র নোয়াপাড়া থানার অন্তর্গত শিল্পনগর; শ্যামনগর স্টেশন (শিয়ালদহ ১১ মা) হইতে এক মা দূরে ভাগীরথী নদীতীরে অবস্থিত। পাটকল ও ডানবার সুতাকল বিখ্যাত। ১৮৯৬-এ মিউনি. শহর। জন. ২৮, ৩০৪। ঘনতা ১৮, ৮৬৯।

**গারো পাহাড়** (Garo Hills): আসাম রাজ্যের পার্বত্য জেলা। এই জেলায় মহকুমা নাই; ১০টি মৌজায় বিভক্ত; ৪ মৌজা পার্বত্য অঞ্চলে; ৬টি সমতলে। পূর্বদিকে খাসি-জয়ন্তিয়া সংযুক্ত জেলা, উত্তরে ব্রহ্মপুত্র নদ ও গোয়ালপাড়া, পশ্চিমে ও দক্ষিণে পূর্ব-পাকিস্তান (রংপুর ও ময়মনসিংহ)। পর্বত শ্রেণীতে গারো, হাজং প্রভৃতি উপজাতির বাস। আ. ৩,১৫২ ব মা। জন. ২·৪২ লক্ষ। পর্বতে কয়লা, পেট্রোলিয়াম, চুনাপাথর আছে; বনজ তুলা রপ্তানি হয়। রাজধানী তুরা (দ্র.)।

১৯৫১-এ হিন্দু ৪০, ১৮৯; মুসলমান ১০, ৭৭৮; খ্রীষ্টান ৩১, ২৯৩। উপজাতীয় ধর্মী ১, ৫১, ৪১০।

**গারোন** (Garonne): ফ্রান্সের দ.-পশ্চিমের নদী; পিরীনিস পর্বত হইতে উঠিয়া বর্দো শহরের পার্শ্ব দিয়া গিয়া অতলান্তিকের বিস্কে উপসাগরে পড়িয়েছে (৩৪৬ মা দীর্ঘ)। বহু শাখানদী ধৌত অববাহিকার আ. প্রায় ২২ হা. ব মা। খালের দ্বারা গারোন নদী ভূমধ্যসাগরের সহিত যুক্ত; ফলে অতলান্তিক হইতে ভূমধ্যসাগরে জলপথে আসা-যাওয়া সম্ভব।

**গার্ডেন রীচ** (Garden Reach): কলিকাতা কর্পোরেশনের ওয়ার্ড বা বিভাগ। কিন্তু ইহা ২৪ পরগণা জেলার আলিপুর সদরের মেটিয়াবুরুজ থানার অন্তর্গত শহর, গঙ্গা নদীতীরে, কলিকাতা হইতে ৪ মা প.-দক্ষিণে। চটকল, তুলাকল, জিনিং (Ginning) গাঁটবাঁধা, চামড়া কষা (ট্যান) প্রভৃতি বিচিত্র শিল্পের কেন্দ্র। বৃহৎ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। পূর্বাঞ্চলে কিং জর্জ ডক ১৯২৮-এ নির্মিত; ডকের জলভাগ ১৯০ একর; গভীরতা ৫৬ ফুট; ৩৫টি জাহাজ থাকিবার ব্যবস্থা এই ডকে হয়। শুষ্ক ডকে জাহাজ মেরামতীর ব্যবস্থা আছে। জন. ১, ০৯, ১৬০; উদ্বাস্তু প্রায় ৩ হা.। শিল্পনগর বলিয়া এখানে নারীর সংখ্যা কম, হাজারে ৬৪৮।

**গালিপোলি** (Gallipoli) তুর্কি Gelibolu; গ্রীক Kellipolis: ইউরোপীয় তুর্কির উপদ্বীপ ও দার্দনেলিস প্রণালীর নিকটস্থ শহর। ১৩৫৪ অব্দে তুর্কিরা এই স্থান দখল করে। ১ম মহাযুদ্ধের সময় (১৯১৫-১৬) এইখানে মিত্র পক্ষীয় বহু সহস্র সৈন্য জারমানদের হস্তে নিহত হয়। জন. ১৭ হা.।

**গালাপাগোস** (Galapagos) বা **কূর্মদ্বীপ:** আমেরিকার একোয়াদর হইতে প্রায় ৬ শত মা পশ্চিমে প্রশান্ত মহাসাগরের কতকগুলি ছোটবড় দ্বীপের সমষ্টি। নিরক্ষরেখা দ্বীপের উপর দিয়া গিয়াছে। ১৮৩২-এ একো. কর্তৃক অধিকৃত। মোট আ. ২,৯৬৬ ব মা। জন. ১, ৩৪৬; এখানকার উদ্ভিদ ও জীবজন্তু বিচিত্র। ৪ শত বৎসরের প্রাচীন অতিকায় কচ্ছপ, ইগুয়ানা ও অন্যান্য অদ্ভুত প্রাণী আছে।

**গালিয়া** (Gaul, Gallia): ফ্রান্সের প্রাচীন নাম। অধিবাসীরা কেল্‌টিক ভাষাভাষী ছিল। জুলিয়াস সীজার গালিয়া অধিকার ও রোমান সাম্রাজ্যের অন্তর্গত

করিয়া দশ বৎসর শাসন করেন ( খ্রী. পূ. ৫৮—৫০ ) ফ্রাংক নামে জারমেনিক জাতি ৪র্থ শতকে আসিয়া এখানে উপনিবেশ করে। এই উপজাতির নাম অনুসারে 'ফ্রান্স' নাম। গল জাতির লোক যাহারা আল্পসের উত্তরে বা ফ্রান্সে বাস করিত তাহাদের দেশ Gallia Transalpina ও ইতালীর মধ্যে উত্তরাংশে যাহারা বাস করিত তাহাদের দেশ G. Cisalpina নামে পরিচিত ছিল। স্পেনে যেখানে তাহারা বাস করিত সে-দেশ Galicia, এশিয়া মাইনরে তাহাদের দেশ Galatia নামে পরিচিত হয়। ব্রিটেনেও ইহাদের শাখা বাস করিত।

**গালিলী** ( Galilee ) ; হীব্রু Hagalil : প্রাচীন ফিলিস্তান ; বর্তমান ইস্রায়েল-এর পার্বত্য প্রদেশ। যীশু খ্রীষ্টের জীবনের সহিত এই অঞ্চল নানাভাবে জড়িত।… গা. নামে হ্রদ 'লেক টি বেরিয়াস' নামে খ্যাত ; আ. ৬৪ ব মা ; ১৩ মা দীর্ঘ, ৩-৭ মা প্রস্থ। এই হ্রদ ইস্রায়েল-জর্দন এই হ্রদ রাজ্যদ্বয়ের সীমান্তে অবস্থিত। ইহা সমুদ্রতল হইতে ৬৯৬ ফুট নিচু ; গভীরতা ১৫০ ফুট। জল মিষ্ট। জর্দন নদী এই হ্রদ-মধ্য দিয়া প্রবাহিত। প্রাচীনকালে হ্রদের তীরে ৯টি সমৃদ্ধ নগর ছিল ; তন্মধ্যে টিবেরিআস এখনো আছে।

**গালিসিয়া** ( Galicia ) ; **হালিজ** (Halicz) : পোলন্ড ও ইউক্রেইনের অংশ। কার্পেথিয়ান পর্বতের উ.-পূ. সানুদেশ, নীস্টার ও ভিস্টুলা নদীর অববাহিকা মণ্ডলের সাধারণ নাম ; আ. প্রায় ৩০ হা. ব মা। জন. ৭০ লক্ষ। বাসিন্দারা স্লাভ জাতীয়। পশ্চিমাংশের লোক রোমান কাথলিক ও পূর্বাঞ্চলের লোক গ্রীক্ চার্চের অন্তর্গত। বহু হাতবদলের পর এই অঞ্চল পোলন্ডের দখলে আসে। কিন্তু পো. ভাগাভাগির সময় ( ১৭৭২, ১৭৯৫ ) অধিকাংশ অস্ট্রিয়ার কুক্ষীগত হয়। ১ম মহা যুদ্ধের কয়েক বৎসর পর ১৯২৩-এ পোলন্ড পুনরায় এই অঞ্চল ফিরিয়া পায়। ২য় মহাযুদ্ধের পর অধিকাংশ সোবিয়েত রুশের অন্তর্ভুক্ত হয় ( ১৯৪৫, আগস্ট ) ; এখন ইউক্রেইন সো. রিপাবলিকের অংশ। বনজ ও খনিজ, বিশেষভাবে পেট্রোলিয়াম সম্পদ প্রচুর।

**গালিসিয়া** ( Galicia ) : স্পেনের উ.-পশ্চিমে পুরাতন রাজ্য ; বিস্কে উপসাগর, অতলান্তিক ও পর্তুগালের মধ্যে অবস্থিত ছিল ; এখন স্পেনের করুনা প্রভৃতি প্রদেশের অন্তর্ভুক্ত। অধিবাসীরা দরিদ্র, সরল ও শ্রমশীল।

**গালে** ( Galle ) : সিংহলের দক্ষিণ প্রদেশের অন্যতম জেলা ; এই জেলার মধ্য দিয়া জিন গঙ্গা ( নদী ) প্রবাহিত ; এ ছাড়া তিনটি হ্রদ আছে। জেলা সাধারণভাবে পার্বত্য ও অরণ্যময়। আ. ৬৫২ ব মা। জন. ৪,৫৯,৭৮৫ ('৪৬)। ধান, নারিকেল, রবার, চা প্রভৃতির চাষ আছে। ..এই জেলা খাস সিংহলীদের বাসভূমি। …গালে, সিংহলের ক্ষুদ্র পোতাশ্রয় ও জেলার সদর সহর। পোর্তুগীজদের সময় (১৫০৭) হইতে ইহার বৈশিষ্ট্য দেখা দেয়। ওলন্দাজরা ইহার যথেষ্ট উন্নতি করে। গালে শব্দ সিংহলী গল (শিলা) হইতে আসিয়াছে। সমুদ্রতীরে ৬০ ফুট উচ্চ আলোক-স্তম্ভ আছে। জন. ৪৯,০০০।

**গিতালদহ** ( Gitaldaha ) : কোচবিহার জেলার দিনহাটা মহকুমার শহর ও রেল জংশন। আলিপুর-দুয়ার জং হইতে কোচবিহার হইয়া শাখা রেল গিত. পর্যন্ত গিয়াছে ( ৩৯ মা )। কোচবিহার ২৩ মা।… লালমনিরহাট-গোলোকগঞ্জ রেলপথের মধ্যবর্তী স্টেশন ( ৯ মা )। ডাকঘর। জন. ১,১০৩।

**গিদ্দার বাহা** (Giddar Baha) : পূ. পঞ্জাব ; ফিরোজপুর জেলার শহর ; ভাটিন্ডা-হিন্দুমাল কোট ( সীমান্তে অবস্থিত ) রেলপথের স্টে. ( ৪৩ মা )। প. পাকিস্তান সীমান্ত ৩০ মা দূরে। জন. ৭,৪২১। স্টেট ব্যাংক।

**গিনী** ( Guinea ) : প. আফ্রিকার অতলান্তিক মহাসাগরের উপসাগর ; উপকূলস্থ দেশ নানা ইউরোপীয় জাতির আয়ত্তাধীন। ১৩ শতকে ইতালীর জেনোয়াবাসী বণিকরা সর্বপ্রথম এখানে আসে ; ১৪ শতকে ফরাসী, ১৫ শতকে পোর্তুগীজরা দাস সংগ্রহে লিপ্ত হয় ; ইহাদের পরে আসে ওলন্দাজ ও ইংরেজ। সকলেরই উদ্দেশ্য স্বর্ণসন্ধান ও দাস সংগ্রহ। স্বর্ণ পাওয়া যাইত বলিয়া উপকূল ভাগের নাম হইল গোল্ড কোস্ট। সেই স্বর্ণ হইতে মুদ্রা প্রস্তুত হইত বলিয়া মোহরের নাম হইল গিনী। গিনী মুদ্রা ইংলন্ডে

এখনো চলিত।...এই উপসাগর তীরের বিচিত্র নাম ইউরোপীয় ঔপনিবেশিক যুগের স্মারক, যথা—গ্রেন্, আইভরি, গোল্ড, স্লেভ কোস্ট ইত্যাদি।

**গিনী, পোর্তুগীজ** (Portugese Guinea): প. আফ্রিকার উপকূলে পোর্তু. কলোনী। আ. ১৩,৯৪৮ ব মা। জন. ৫,১০,৭৭৭ (৫ লক্ষের উপর নিগ্রো)। মুনো ট্রিস্টাও নামে পোর্তু. ১৪৪৬-এ এইদেশ অধিকার করে। ১৮৭৯-এ পৃথক কলোনী গঠিত হয়। সমুদ্র-তটাংশ ব্যতীত তিনদিকে ফরাসী রাজ্য। সংলগ্ন কয়েকটি দ্বীপ কলোনীর অন্তর্গত।... রাজধানী বিসাও (Bissau)।

**গিনী, ফরাসী** (French Guinea): প. আফ্রিকার কলোনী; পোর্তুগীজ গিনী ও ব্রিটিশ সিএরা লিওনের মধ্যস্থলে অতলান্তিক মহাসমুদ্রতীরে অবস্থিত দেশ। আ. ৮৯,৪৩৬ ব মা। জন. ২২·৬২ লক্ষ। নিগ্রো ও নানা উপজাতির বাস, অধিকাংশ মুসলমান। রাজধানী কোনাক্রি (Conakry; জন. ৩৮ হা.)। ১৯৪৬-এর নূতন সংবিধান অনুসারে ফ্রান্সের রাষ্ট্রীয় সভায় কলোনী হইতে সদস্য প্রেরণের ব্যবস্থা হয়।...দেশে স্বর্ণ, হীরক, বক্সাইট, লৌহ প্রভৃতি খনিজ ও ধান, পাম-তৈল, কলা, রবার, কফি প্রভৃতি পাওয়া যায়। রেলওয়ে ও ভাল রাস্তাঘাট বহু শত মাইল। কোনাক্রি বিমান ও সামুদ্র বন্দর।

**গিনী, স্পেনীশ** (Spanish Guinea): পশ্চিম আফ্রিকার গ্রীষ্মমণ্ডলে স্পেনীশদের একমাত্র রাজ্য। কয়েকটি দ্বীপ ও ফরাসী ইকোয়েটোরিয়াল আফ্রিকার মধ্যে রাইও মুনি (Rio Muni) লইয়া গঠিত। আ. ১০,৮৫২ ব মা। জন. প্রায় ২ লক্ষ। ফার্নান্দোপো দ্বীপে রাজধানী সান্তা ইসাবেল। সেখানে স্পেনীশ গবর্নর বাস করেন।

**গিয়াঙৎসে** (Gyangtse): দ. তিব্বতের শহর; ১২,৮৯৫ ফুট উচ্চে অবস্থিত। দার্জিলিং ও লাসা-র মধ্যে ব্যবসায়ের কেন্দ্র; লাসা হইতে ১০০ মা দ.-পশ্চিমে। এখানে পশমের নানা প্রকার বস্ত্র ও কার্পেট প্রস্তুত হয়। জন. ৫ হা.। এখানে নেপাল ও ভারতের বাণিজ্য-প্রতিনিধিদের দপ্তর আছে। শহরের মধ্যে এক বিরাট বৌদ্ধস্তূপ-মন্দির আছে; বহুকোনিক (Polygonal) উচ্চ চাতালের উপর ধাপে-ধাপে মন্দির, সর্বোপরি, স্তূপাকৃতি শিখর। এই স্থাপত্য-শৈলী পাহাড়পুর ও বরবুদরের মন্দিরের অনুরূপ। গি.-এর সহিত ভারতের ডাক ও টেলিগ্রাফের সংযোগ আছে।

**গিয়ানয়ার** (Gianyar): ইন্দোনেশিয়ার বলী দ্বীপের শহর। রবীন্দ্রনাথের 'যাত্রী' গ্রন্থে এই স্থানের কথা আছে।

**গিয়ানা** (Guiana): দ. আমেরিকার উত্তরাংশের দেশ; নিরক্ষরেখার উত্তরে। অরিনকো, রাইও নিগ্রো, আমাজন নদীর অববাহিকা-মধ্যে অবস্থিত। উত্তরের অতলান্তিক-তটভূমি সমতল ও জলা; দক্ষিণাংশ পার্বত্য ও অরণ্যময়। অরণ্যে মূল্যবান কাষ্ঠ, নদীতে প্রচুর মৎস্য। অধিবাসীদের মধ্যে রেড্ ইন্ডিয়ান ছাড়া নিগ্রো, ইউরোপীয় ও ভারতীয়রা স্থায়ী বাসিন্দা। এই দেশে তিনটি ইউরোপীয় জাতির কলোনী—ব্রিটিশ, ওলন্দাজ ও ফরাসী।...১৪৯৮ কলম্বাস এই উপকূল পর্যন্ত আসেন, কিন্তু অবতরণ করেন নাই। আমেরিগো ভেসপুচি প্রথম পর্যটক। পরে ইউরোপীয় সাহসিক-দের লুটের দেশ (El Dorado) নামে খ্যাত হয়। ছিল। ওলন্দাজরাই প্রথম ঔপনিবেশিক, ব্রিটিশ ও ফরাসীরা পরে আসে। আ. ১,৭৫,০০০ ব মা।

**গিয়ানা, ব্রিটিশ** (British Guiana): দ. আমেরিকার ব্রিটিশ কলোনী। ইহার উত্তরে অতলান্তিক মহাসাগর, প. ভেনে-জুয়েলা রাজ্য, দ.—ব্রাজিল ও পূ.—ডাচ্ গিয়ানা বা সুরিনাম। বাসিন্দাদের মধ্যে ১৬ হা. রেড্ ইন্ডিয়ান প্রত্যন্ত দেশবাসী। আ. ৮৩ হা. ব মা। সাগর-তটভূমি ৫০০ মা; জন. ৪·৫০ লক্ষ। ভারতীয়দের সংখ্যা ১,৯৭,৬৯৬ ('৫১)। দেশ অরণ্যময়। ইক্ষু ও ধানের চাষ প্রধান। স্বর্ণ, হীরক, মাঙ্গানিস, বক্সাইট, অভ্র প্রভৃতি খনিজ সম্পদ প্রচুর। ১৯৫৩ এপ্রিলের নূতন সংবিধান অনুসারে স্বায়ত্ত-শাসনমূলক শাসনপদ্ধতি প্রবর্তিত হইয়াছে। কিন্তু লোকে আরও অধিকার দাবী করিতে থাকিলে অক্টোবর মাসে শাস-ভার গবর্নরের উপর ন্যস্ত হয়।...রাজধানী জর্জ টাউন (জন. ৮৬ হা.)।...গিয়ানা

ডাচ্‌দের দ্বারা অধিকৃত হয় ১৬২০অব্দে। নেপোলনীয় যুদ্ধের সময় (১৮১৪) ইংরেজের অধিকারে আসে।

**গিয়ানা, ফরাসী** ( French Guiana ; Guyan Francaise ): দ. আমেরিকার ফরাসী কলোনী। ১৯৪৬ মার্চ হইতে ফ্রান্সের সাগরপারের জেলা বা ডিপার্টমেণ্ট। আ. ৩৪,৭৪০ ব মা। জন. ২২ হা.। রাজধানী কাইয়েন (Cayenne ; জন ১১ হা.)। কয়েকটি দ্বীপ ইহার অন্তর্গত ; ইহাদের মধ্যে Ibe du Diable বা ডেভিল দ্বীপে কাপ্তেন ড্রেফুউসকে (দ্র.) আটক রাখা হয় (১৮৯৪-৯৯)।

**গিয়েনা, ডাচ্ বা সুরিনাম** ( Surinam : Dutch Guiana ; Netherlandasch West-Indie ): দ. আমেরিকার উত্তরে গিয়েনাদেশের একাংশ ডাচ্‌দের অধীন। ...সুরিনাম নামে নদী হইতে দেশের নাম সুরিনাম। আ. ৫৪,২৯১ ব মা। জন. ২·৩০ লক্ষ ('৫১)। নিগ্রো, আদিম রেড্ ইন্‌ডিয়ান প্রায় ২৫ হা.। রাজধানী পরমরিবো (Paramaribo; জন. ৮৩ হা.)। কৃষিজাত ফসলের মধ্যে ধান্য ও খনিজের মধ্যে বক্‌সাইট প্রধান।...১৬৬৭ হইতে ডাচ্‌দের কলোনী ; মাঝে দুইবার (১৭৯৯-১৮০২,১৮০৪-১৬) ইংরেজের দখলে ছিল। ১৯৪৮-এর ডাচ্ সংবিধান মতে সুরিনাম আত্মশাসিত রাষ্ট্র। গবর্নর রাষ্ট্রপতি ; মন্ত্রীপরিষদ ব্যবস্থাপক সভার নিকট দায়ী। মন্ত্রী ৯ ; পরামর্শ-দাতার সভা ৫ ; লেজি. কাউন্সিলে ২১ জন. সদস্য।

**গিয়েলখোলা**, (Giellekhola), **জিয়লখোলা** : দার্জিলিং জেলার শহর ; পূর্বে শিলিগুড়ি-কালিম্পঙ রেলপথের স্টেশন (৩০ মা) ছিল। এখন সে পথ অব্যবহার্য ও পরিত্যক্ত। কালিম্পঙের বাণিজ্য এই স্থান দিয়া যাওয়া-আসা করে। কালিম্পঙ হইতে মোটর পথে সাড়ে ৯ মা। কমলালেবু, আপেল, পশম, দারুচিনি ও সিকিম, ভুটান ও তিব্বত হইতে আনীত জিনিস-পত্রের ব্যবসায় কেন্দ্র। জন. ১৯১।

**গির জঙ্গল** (Gir Forest) : সৌরাষ্ট্রের বা কাঠিয়াবাড়ের জুনাগড় রাজ্যের দক্ষিণাংশের অরণ্য। এই অরণ্যে সিংহ বাস করে। সরকারের চেষ্টায় ক্ষয়িষ্ণু সিংহ বংশ পুনরায় বৃদ্ধি পাইতেছে।

**গিরদ** ( Gird ) : মধ্যভারত ইউনিয়নের উত্তর বিভাগের জেলা। ইহার প্রধান নগর গবালিয়র।

**গিরনার পর্বত** (Girnar Hill) : কাঠিয়াবাড় বা সৌরাষ্ট্রের দক্ষিণ-মধ্যভাগের পর্বত ; উচ্চতম অংশ ৩,৬৬৬ ফুট। জুনাগড় শহর পর্বতের পশ্চিম পাদদেশে। গিরনারের প্রাচীন নাম রৈবতক। মধ্যভারত হইতে সোমনাথ বন্দরে যাইবার পথের পার্শ্বে এই পর্বত। বহু প্রাচীন-কাল হইতে এই স্থান জৈন সাধুদের বাসস্থান। অশোক এই পর্বতের গাত্রে (২০´×৩০´) তাঁহার বাণী খোদিত করিয়াছিলেন ; তাঁহার সময়ে তুষাস্প [তুষাশ্ব] নামে পারসিক বা যবন এই স্থানের শাসনকর্তা ছিলেন। এই পর্বতগাত্রে শকক্ষত্রপ রুদ্রদমনের শিলালেখ আছে ; উহাতে অশোকের নাম আছে। ... গিরনার পর্বত বহু মন্দির-শোভিত। উপরকোট নামক স্থান প্রায় ৩০০০ ফুট উচ্চ পর্বত মালভূমে অবস্থিত ; এখানকার নেমিনাথ মন্দির (১৩০০), বস্তুপাল-তেজ-পালের মন্দির (১১৭৭) প্রভৃতি বহু দর্শনীয় স্থাপত্য আছে। বহু জৈন, ও পর যুগে নির্মিত হিন্দুমন্দির অনেকগুলি।

**গিরাসপুর** (Gyraspur) : মধ্যভারত ; পূর্বতন গবালিয়র রাজ্যের গ্রাম। এখানে আট-খাম্বা ও চার-খাম্বা যুক্ত ২টি পুরাতন মন্দিরের ধ্বংসাবশেষ আছে ; ঐগুলি ৯-১০ শতকে নির্মিত। এছাড়া বজ্রমঠ ও মালাদে-র মন্দির (১০ শতক) বিখ্যাত।

**গিরিডি** (Giridih) : বিহার ; হাজারিবাগ জেলার মহকুমা ও শহর। কয়লার খাদ আবিষ্কার হেতু এই শহরের জন্ম। ঈ.-রেল পথে মধুপুর জং (১৭৫) হইতে শাখা লাইনের শেষ স্টেশন (১৯৯) ; পূর্বে এখান হইতে পরেশনাথ পাহাড় ও হাজারিবাগে যাইবার পথ ছিল ; তখন মানুষে-টানা পুস্‌পুস্-গাড়ি ব্যবহৃত হইত। এখন মোটর সার্বিস। ... অভ্র ও কয়লার ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। জন. প্রায় ২৯,১৬৭।

এখানে ছোটনাগ. ব্যা এসো, ইউনাইটেড, ইউনা কমার্স-এর শাখা আছে। স্কুল, বালিকা বিদ্যালয় ; বিজলী বাতি ; ব্রাহ্মসমাজের মন্দির ; জৈন ধর্মশালা। গিরিডি মহকুমার মধ্যে কয়লা ও অভ্র পাওয়া যায়। আ. ২,০৪৬ ব মা। জন. ৭,০০,২০২ ; ঘনতা ৩৪২।

এই মহকুমার মধ্যে ১৩টি থানা। গিরিডি থানার আ. ১১২ ব মা ; জন. ১,০৩,২৮০ ; ঘনতা ৯২২।

**গিরিপথ** (Passes) : ভারত ও পাকিস্তানের গিরিপথ : বানিহাল, বারোঘিল, বোলন, বুরজিল, দোজিলা, গোমল, হরনাই, কারাকোরাম, খাইবার, কোহাট, মালকন্দ, মুজতাঘ, ফোটু, পীর পঞ্জাল, রাজ দিয়ানগাঁ, সাসের, তাঙলা, জোজিলা।

**গিরিব্রজ** (Girivraja) : মগধের রাজা জরাসন্ধের রাজধানী ; রাজগীরের নিকট পঞ্চপর্বত বেষ্টিত স্থান। এই পঞ্চপর্বতের নাম বৈভার, বিপুল, রত্ন, উদয় ও সোনগিরি ; মহাভারতে পঞ্চপর্বতের নাম বৈহার, বরাহ, বৃষভ, ঋষি ও চৈত্যক। পালিতে পঞ্চগিরির নাম গিজ্‌ঝকুট, ইসিগিলি, বেভার, বেপুল, পাণ্ডব। ...এই পঞ্চপর্বত দুর্গের ন্যায় মধ্যস্থিত উপত্যকাকে বেষ্টন করিয়া আছে।

**গিরিয়া** (Geria) : মুর্শিদাবাদ জেলার গ্রাম ; গঙ্গার পূর্ব-তীরে। ১৭৪০-এ এখানে বাংলার নবাব সরফরাজ খানের সহিত আলিবর্দি খানের যুদ্ধ হয়। আলিবর্দি (১৭৪০-৫৬) জয়লাভ করিয়া বাংলার নবাব হন। ... গিরিয়ার ২য় যুদ্ধ : ভাগীরথীর পশ্চিমে বাঁশলই নদীর সঙ্গমের নিকট নবাব মীর কাসিম ও ইংরেজ সৈন্যের মধ্যে যুদ্ধ হয় (১৭৬৩, আগস্ট)। মীরকাসিম পরাজিত হইয়া রাজমহলের নিকট উদয়নালা বা উধুয়া নালার নিকট শিবির স্থাপন করেন।

**গিলগিট** (Gilgit) : কাশ্মীর রাজ্যের অন্তর্গত পার্বত্য প্রদেশ ; বহু হিমবাহ ও তুষার-পর্বত পূর্ণ। চীন জনতন্ত্রের প্রদেশ সিংকিয়াং ইহার সংলগ্ন। মধ্যএশিয়ায় যাওয়া-আসার গিরিপথ দিয়া বাণিজ্য চলে ; দক্ষিণে সিন্ধু নদ। ৫ হা. ফুট উচ্চ উপত্যকায় কৃষিকার্য চলে ; গম, ভুট্টা, দাইল, যব ও চাউল। আ. ২৫ হা. ব মা ; জন. ৭৬ হা.। অধিবাসিদের অধিকাংশই মুসলমান ; ইহাদের ভাষা ইরানীয় ভাষাবর্গের দার্দিক শাখার উপভাষা। ১৯৩৪ অব্দে কাশ্মীর সরকার এই প্রদেশকে দুইটি ভাগ করিয়া এক অংশ ব্রিটিশ ভারত সরকারকে বন্দোবস্ত (lease) দেন ; অপরাংশ গি. ওয়াজরত নামে চলিত হয়। ১৯৪৭-এ ভারত স্বাধীন হইলে ভারত সরকার ইতিপূর্বের বন্দোবস্তী-অংশ কাশ্মীরকে প্রত্যার্পণ করেন। ১৯৪৮ হইতে আজাদ কাশ্মীরের অন্তর্গত।...প্রাচীন যুগে এই স্থানের লোকে বৌদ্ধধর্মাবলম্বী ছিল ; সেই সময়ের মূল্যবান সংস্কৃত বৌদ্ধগ্রন্থ এখানে পাওয়া গিয়াছে। কলি. বিশ্ব-বিদ্যালয়ের ডাঃ নলিনাক্ষ দত্ত সেগুলি সম্পাদনাদি করিয়া প্রকাশ করিয়াছেন (Gilgit Mss)।

**গিলবার্ট ও এলিস দ্বীপ** (Gilbert and Ellice Islands) : প. প্রশান্ত মহাসাগরের দ্বীপপুঞ্জ ; ব্রিটিশ কলোনী ; ১৯১৫ হইতে ফিজি দ্বীপের রাজধানী সুবা (Suva)-র ব্রিটিশ হাই-কমিশনরের শাসনাধীন। সমগ্র কলোনীর আ. ৩৭৫ ব মা ; জন. ৩৬ হা.। প্রধান সহর তারাওয়া (Tarawa)। শুষ্ক নারিকেল শাঁস, ও প্রাকৃতিক ফসফেট প্রধানি রপ্তান সামগ্রী। ... গিলবার্ট দ্বীপালি বহু প্রবাল দ্বীপের সমষ্টি ; বৃষ্টি ১৫" হইতে ১৫০"। আ. ১৪৪ ব মা ; জন. ২৯ হা.। ২য় মহাযুদ্ধের সময় এই দ্বীপগুলি জাপানীদের দখলে আসে। ১৯৪৩-এ মার্কিনী সৈন্যরা উদ্ধার করিয়া এখানে বিমান ও সৈন্যঘাঁটি নির্মাণ করে ; এখান হইতে আক্রমণ চালাইয়া পার্শ্ববর্তী জাপানী-অধিকৃত দ্বীপগুলির উদ্ধার হয়। ... এলিস দ্বীপপুঞ্জের মোট আ. সাড়ে ৯ ব মা ; জন. ৪,৭০৬। ... অধিবাসীরা মাইক্রোনেশিয়ান ও পলেনেশিয়ান।

**গীজা** (Giza, Gizeh, Ghizeh) : মিশরের প্রদেশ ও নীলনদ তীরস্থ শহর ; কাইরো-র অপর তীরে অবস্থিত। এইখানে প্রাচীন মিশরের ৪র্থ রাজবংশের সময়ে নির্মিত বিখ্যাত পিরামিডগুলি আছে। শহরের জন. ৬৯ হা.। সিগারেটের বিরাট কারখানা।

**গুআ** (Gua) : বিহার ; সিংহভূম জেলা, চাইবাসা মহ.র শহর। রাজ-খরসোয়ান জং—গুআ রেলশাখার শেষ স্টেশন (৬৬ মা)। চাইবাসা হইতে ১৩ মা। জন. ৪,৭২৬।

**গুজরখান** (Gujarkhan) : পাক-পঞ্জাব ; রাওয়ালপিণ্ডি জেলার তহশীল ও শহর ; লাহোর-পেশাওয়ার (২৮৮) রেলপথের স্টেশন (১৪৭ মা) ; রাওয়াল. ৩২ মা।

**গুজরাট** (Gujrat) : পাক-পঞ্জাব ; রাওয়ালপিণ্ডি

বিভাগের জেলা ; উ.-পূর্বে কাশ্মীর-জম্মু, উ.-পশ্চিমে ঝিলাম নদী। আ. ১,২৭৮ ব মা। জন. ১১'৫৭ লক্ষ। ঝিলাম, চেনাব প্রভৃতি নদী প্রবাহিত ; বৃষ্টি ২৮"। ...গুজরাট শহর হইতে লাহোর ৭২ মা। বহুবিধ শিল্পের কেন্দ্র। জন. ২২ হা.। ... প্রাচীনকালে গুর্জর নামে জাতির বাসস্থান ; কালে ইহারা দক্ষিণ দিকে চলিতে চলিতে বর্তমান গুজরাট অঞ্চলে গিয়া বাস করে।

**গুজরাট** (Gujrat) **:** এই নামে কোনো রাজ্য নাই ; অথচ গুজরাটি নামে জাতি, গুজরাটি ভাষা, গুজরাটি সাহিত্য আছে। গুজরাটিদের দেশ সৌরাষ্ট্র ও বোম্বাই রাজ্যের উত্তরাংশ। গুজরাট বিশ্ববিদ্যালয় অহমদাবাদে অবস্থিত। —গুর্জর নামে একটি উপ-জাতি পঞ্জাব হইতে আসিয়া এখানে উপনিবেশ করে ; পঞ্জাবেও গুজরাট, গুজরনওয়ালা নামে স্থান আছে। ... এই উপদ্বীপের বন্দরগুলির সহিত অতি প্রাচীনকাল হইতে বিদেশীর বাণিজ্য চলিতেছে। ...সুলতান মামুদ এই দেশ প্রথম লুণ্ঠন ও ১২৯৭ আলাউদ্দিন খিলজি জয় করেন ; সেই হইতে গু.-এ মুসলমান আধিপত্যের সূত্রপাত। ১৫৭২ অকবর গু.কে মুঘল সাম্রাজ্যভুক্ত করেন। মুঘল শক্তির অবসানে মহারাষ্ট্রদের আধিপত্য প্রতিষ্ঠিত হয়। এই উপদ্বীপের মধ্যে জুনাগড় ছিল প্রধান মুসলমান রাজ্য। এখানে ২২২টি ছোট বড় করদরাজ্য ও ৪৪৯টি জমিদার ছিল সমস্ত লইয়া সৌরাষ্ট্র ইউনিয়ন গঠিত হইয়াছে।

**গুজরাট স্টেট্স এজেন্সি** (Gujrat States Agency)**:** রেবাকণ্ঠ এজেন্সি, কয়রা এ., সুরাট এ., নাসিক এ.-কে একত্র করিয়া ১৯৩৩-এ গু. স্টে. এ. নাম দিয়া ভারত সরকারের প্রত্যক্ষ আয়ত্তাধীন আনা হয়। বড়োদায় ছিল ভারত সরকারের এজেন্টের দপ্তর। ১৯৪৪-এ গুজরাটিরা পৃথক স্টেটের দাবী করে ; কিন্তু স্থির হয় যে বোম্বাই-গুজরাট লইয়া বৃহত্তর দ্বিভাষিক রাজ্য হইবে। বড়োদা রাজ্য ও গু. স্টে. এজেন্সি মিলাইয়া বড়োদা ও ওয়েস্টার্ণ ইন্ডিয়ান স্টেটস নামে এক সুবৃহৎ একক সৃষ্টি করা হয়। ১৯৪৮-১৯৪৯ অগস্টের মধ্যে এই সকল রাজ্য ভারত সরকার-ভুক্ত হয়। বর্তমানে এ নামে এজেন্সি নাই। করদরাজ্যগুলি বোম্বাই ও সৌরাষ্ট্র রাজ্য অন্তর্গত হইয়া গিয়াছে।

**গুজরনওয়ালা** (Gujranwala) **:** পাক-পঞ্জাব ; লাহোর বিভাগের জেলা, রেকনা দোয়াব মধ্যে। উ. ও প.-চেনাব নদী, দ. ও পূর্বে ঝাঙ ও লাহোর জেলা। এই জেলা উপর-চেনাব ও নিম্ন-চেনাব খালের জল পায় বলিয়া প্রচুর শস্য উৎপন্ন হয়। কমলালেবুর চাষ আছে (Malta Oranges)। বৃষ্টি ২৩"-২৭"। আ. ২,৩১১ ব মা। জন. ১০'৪৪ লক্ষ। ...সদর শহর, লাহোর হইতে ৪২ মা। জন. ১'২৮ লক্ষ। ১৯৩১-এ ছিল মাত্র ৩৮ হা.। বহুবিধ শস্যের বাজার, শিল্পের ও কারখানার কেন্দ্র। এখানকার লোহার সিন্দুক ও কাঁসার সামগ্রী খুবই বিখ্যাত। ব্যাংক : অস্ট্রেলে-শিয়ান, হবীব। ...রণজিৎ সিংহের জন্মস্থান ; শিখদের বহু ইমারত আছে।

**গুটি** (Gooty) **:** অন্ধ্র রাজ্য ; অনন্তপুর জেলার তালুক ও একাদশ শতকের শৈল-দুর্গ বেষ্টিত মধ্যযুগীয় নগর ; সমতল হইতে ৯৮৯ ফুট ও সাগরতল হইতে ২,১৭১ ফুট উচ্চ মালভূমে অবস্থিত। এখানে বহু রাজপথ মিলিত হইয়াছে ; নানা শস্যের বাজার ; তুলা-সাফাই কেন্দ্র। নিকটে পাথরের খাদ। ...মদ্রাজ-বোম্বাই রেলপথের জংশন স্টেশন (২৫৮ মা), বেলারি ৪৮ মা, বঙ্গলুর ১৪৬ মা। অনন্তপুর হইতে উত্তরে ৩০ মা। জন. ১৫,৪৩১। রায়লসীমা ব্যাংক।

**গুড্লাবল্লেরু** (Gudlavalleru) **:** অন্ধ্র ; কৃষ্ণা জেলার শহর ; বিজয়ওয়াড়া-মসলিপটম রেলশাখার স্টেশন (৩৪ মা)। জন. ৫,৬০৬। স্টেট ব্যা. পে-অ.।

**গুডিবাডা** (Gudivada,—Vala) **:** অন্ধ্র ; কৃষ্ণা জেলার তালুক ও শহর। বিজয়ওয়াড়া-মসলিপটম (বন্দর) রেলপথের জং. স্টেশন (২৭ মা) ; এখান হইতে ভীমা-বরম ৪১ মা দূরে। শহর কৃষ্ণা ব-দ্বীপে অবস্থিত। এই অঞ্চলে প্রচুর শস্য উৎপন্ন হয়। জন. ৩২ হা.। ব্যাংক : অন্ধ্র, ভারতলক্ষ্মী, স্টেট, ইন্ডিয়ান, সেন্ট্রাল। এখানে একটি বৌদ্ধস্তূপের ধ্বংসাবশেষ আছে ; ইহার ব্যাস ছিল ১৩০ ফুট।

**গুডুর, গুডুরু** ( Gudur,—ru ): অন্ধ্র ; নেল্লোর জেলার তালুক ও শহর। শহর, কলিকাতা-মদ্রাজ রেলপথের স্টে. ( ৯৪৬ মা ); মদ্রাজ ৯৬ মা ; নেল্লোর ২৬ মা। গুডুর হইতে মিটর রেলপথ লুপ হইয়া বিল্বপুরম ( Villupuram ) পর্যন্ত ( ২২৩ মা ) গিয়াছে। জন. ১৮,৮৫৭। অন্ধ্র ও ভারতলক্ষ্মী ব্যাংক শাখা। শহরের অনতিদূরে অভ্রখনি আছে।

**গুন্টকল** (Guntakal) : অন্ধ্র ; অনন্তপুর জেলার শহর। দক্ষিণ রেলমণ্ডল ( S. Ry )-এর অন্যতম ডিস্ট্রিক্ট। বোম্বাই-মদ্রাজ ব্রড্ গেজ রেলপথের বিরাট জংশন স্টেশন ও রেল কলোনী। বোম্বাই ৫১৯ মা, ও মদ্রাজ ২৭৬ মা। মসলিপটম ( বঙ্গোপসাগর ) ও মরমুগাও ( আরবসাগর ) পর্যন্ত মিটার রেলপথের জংশন। মসলিপটম ৩২৯ মা। ...গুন্টকল হইতে আর একটি শাখা রেল ( মিটার গেজ ) বঙ্গলুর ( Bangalore ) পর্যন্ত ( ১৭৬ মা ) গিয়াছে। জন. ৩১,৩২১। সেন্ট্রাল ব্যাংক পে-অ.।

**গুন্টুপালে** ( Guntupalle ): অন্ধ্র ; কৃষ্ণা জেলার গ্রাম ; এখানে একটি পাহাড়ে প্রাচীন কালের খোদাই অর্ধগোলকের গুহা আছে ; ইহার ছাদ ঝুড়ির ন্যায় চালের গঠনে নির্মিত ; এই চালের বা ছাদের নিম্নে বৌদ্ধ স্তূপ। ইহাই আদি যুগের স্তূপের প্রথম নিদর্শন। এই গৃহটির ব্যাস ১৮'। এবং খাড়াই ১৪'-৯"। অনুমান ইহা খ্রী. পূ. ২০০ অব্দে নির্মিত হইয়াছিল।

**গুন্টুর** ( Guntur ): অন্ধ্র রাজ্যের জেলা। পূর্বঘাট ও বঙ্গোপসাগরের মধ্যে ; দ.-পূর্বাংশ কৃষ্ণা নদীর বদ্বীপ মণ্ডলে অবস্থিত। কৃষিজাত বহুবিধ শস্য ও ফসল উৎপন্ন হয়। এই জেলার মধ্যে অমরাবতীর ( দ্র. ) বৌদ্ধ স্তূপ ছিল। ... গুন্টুর শহর, কৃষ্ণা ব-দ্বীপ মণ্ডলের রেল জংশন, বহু রাস্তা, ও ব্যবসায়ের কেন্দ্র। বহু বিদ্যা প্রতিষ্ঠান ; কৃষি গবেষণা কেন্দ্র। ... বিজয়-ওয়াড়া হইতে ২০ মা ও মসলিপটম হইতে ৭০ মা। জন. ১,২৩,৮২৯। ব্যাংক : অন্ধ্র, কানাড়া ইনডাস্ট্রি, ইন্ডিয়া, স্টেট, সেন্ট্রাল, সমবায়। এই শহর ১৮ শতকে ফরাসীদের দ্বারা স্থাপিত। ইংরেজরা ১৭৮৮-এ দখল করিলেও ১৮২৩-এর পূর্বে অধিকার সাব্যস্ত হয় নাই।

**গুনা** ( Guna ): মধ্যভারত ইউনিয়নের জেলা ও সদর শহর। শিবপুরী হইতে পাকা পথে ৬১ মা। জন. ২২,২২১। গম, চাউল, সরিষা প্রভৃতির বাজার ; তেলকল, তুলাসাফাই কল প্রভৃতি। ব্যাংক : স্টেট, প. ন্যাশনাল ও সমবায়।

**গুনুপুর** ( Gunupur ): ওড়িশা রাজ্য ; গঞ্জাম জেলার শহর। কলিকাতা-বিজয়ওয়াড়া রেলপথের নৌপাড়া জং. ( ৪৩৭ মা ) হইতে সরু রেলপথে গুনুপুর ৫৬ মা। জন. ৯,০২৭। বরহমপুর সমবায় ব্যাংক। চাউল, কাষ্ঠ রপ্তানি হয়।

**গুপ্তিপাড়া** ( Guptipara ): হুগলী জেলার সদর মহ.র বলাগড় থানার গ্রাম। বান্দেল-বারহারোয়া লাইনের স্টেশন, কলিকাতা হইতে ৪৭ মা। গঙ্গাতীরের প্রাচীন গ্রাম। এখানে বহু দেবমন্দিরের মধ্যে বৃন্দাবনচন্দ্রের মন্দিরের পোড়ামাটির মূর্তির কারুকার্য অপূর্ব। এক-কালে বহু সংস্কৃত পণ্ডিতদের বাস ছিল। ...জন. ৬৮৪। ১ উচ্চ ও ৩ প্রাথমিক বিদ্যালয় আছে। ডাকঘর।

**গুমলা** ( Gumla ): বিহার ; রাচি জেলার মহ. ও শহর। রেলপথ নাই। মহ.র আ. ২,০৫৬ ব মা ; জন. ৪,২১, ৯২২। থানা ও তহশীল : বিষ্ণুপুর, চৈনপুর, ঘঘরা, সেসই, গুমলা, রায়ডিহী, পালকোট ও বসিয়া।...... লোহারদগা হইতে গু. পর্যন্ত মোটর পথ আছে।

**গুমাল গিরিপথ** ( Gumal Pass ): আফগনিস্তান, বলুচিস্তান ও পাকিস্তানের উ.-প-.সী.-প্রদেশের সীমান্তে ( ৫ হা. ফুট উচ্চ ) গিরিপথ, ফোর্ট সানডেমান হইতে ৪০ মা উত্তরে ; এই গিরিপথ দিয়া আফগন বণিকরা আসা-যাওয়া করে।

**গুমাল নদী** (Gumal, Gomal river) প. পাকিস্তান ; উ-প-সী. প্রদেশের নদী ; ডেরা ইসমাইল খাঁর নিকট এই নদী সিন্ধু নদে মিলিত হইয়াছে। আফগনিস্তানের মধ্যে উঠিয়া উ. বলুচিস্তানের কুন্দর, ঝোব নদীর সহিত মিলিয়া সুলেমান পর্বতের গিরিপথ দিয়া প্রবাহিত হইতেছে।...

**গুরখা, গোরখা** (Gurkha ): নেপালের শহর ; কাঠমাণ্ডু হইতে ৫০ মা উ.-পশ্চিমে ; এখানকার গোরখনাথ মন্দির গুর্খাদের তীর্থক্ষেত্র। মধ্যযুগে নেপালের এক

স্বাধীন ক্ষুদ্র রাজার নিবাস ছিল ; দ্রব্য শাহ নামে এক সাহসিক ১৫৫৯ অব্দে এই স্থান অধিকার করিয়া গুর্খাদের রাজধানী স্থাপন করেন। নেপালের নেওয়ার রাজাদের সহিত ৪ বৎসর যুদ্ধ করিয়া ১৬৬৯-এ গুর্খা-সর্দার পৃথ্বীসিংহ নেপালের উপত্যকা জয় করেন। গুরখা হইতে কাঠমাণ্ডুতে রাজধানী পরে পরিবর্তিত হইয়া আসে।

**গুরুকুল** ( Gurukul ) : আর্যসমাজের বিদ্যায়তন। উত্তর প্রদেশ, সহারনপুর জেলার কনখলের নিকট আশ্রম ও বিদ্যাকেন্দ্র।

**গুরগাঁও** ( Gurgoan ) : পূ. পঞ্জাব ; অম্বালা বিভাগের জেলা ; উত্তরে রোহটক ও দিল্লী ; পূর্বে যমুনা নদী ও উত্তর প্রদেশ। উ.-পশ্চিমে পেপসু। পূর্বে আ. ছিল ২,২৩৪ ব মা ; পাতৌডি করদরাজ্য ১৯৪৮-এ ভারতভুক্ত হইলে উহা এই জেলার অন্তর্গত করা হয় ; সেইজন্য বর্তমান আ. ২,২৮৭ ব মা। জন. ৯·৬৭ লক্ষ। ৬ তহশীল।—শহর দিল্লী হইতে ২০ মা। (জন. ১৮,৬১৩ ) ব্যাংক : প. ন্যাশনাল ; নিউ সিটিজেন, সমবায়।

**গুরুদাসপুর** ( Gurudaspur ) : রাজসাহী জেলা ; নাটোর মহ.র থানা ; আ. ৭৭ ব মা। গ্রাম, ডাকঘর। আত্রাই নদীতীরে।

**গুরুদাসপুর** ( Gurdaspur ) : পূ. পঞ্জাব ; জলন্ধর বিভাগের জেলা ; রাবি ও বিপাশা নদীদ্বয়ের মধ্যস্থিত বারি দোয়াবে এই জেলার অধিকাংশ অবস্থিত ; উ.-পূর্বাংশ পঞ্জাব-হিমালয়ের মধ্যে। জেলার পশ্চিমে পাকিস্তান ; এই জেলার শকরগড় তহশীল কাটিয়া পাকিস্তানের অন্তর্ভুক্ত করা হইয়াছে। এই জেলার ২টি অংশ হিমাচল প্রদেশ মধ্যে পড়িয়াছে—তাহার একটি ডালহৌসি শৈলশহর ও স্বাস্থ্যনিবাস। ...উপর-বারি দোয়াব খাল হইতে সেচ পাওয়া যায় বলিয়া এখানে প্রচুর ফসল উৎপন্ন হয়। ধারিবাল শহর এই জেলায়। জেলার আ. ১,৯২৭ ব মা। জন. ৮·৫১ লক্ষ। গুরুদাসপুর শহরের জন. ২২,৬৭৭। অমৃতসর-পাঠানকোট রেলপথের স্টে. (৪৫ মা) ; পাঠানকোট ২২ মা; অমৃতসর ৪১ মা। কৃষিজাত ফসলের ও তাঁতের কাপড়ের বাজার। ব্যাংক : স্টেট, প. ন্যাশনাল, অমৃত. সমবায়।

**গুরলা মান্ধাতা** ( Gurla Mandhata ) : তিব্বতের মধ্যস্থিত মানস সরোবরের দক্ষিণে হিমালয়ের পর্বত-শৃঙ্গ ( ২৫,৩৫৫ ফুট )।

**গুরু-বায়ুর** ( Guru-vayur ) : মদ্রাজ রাজ্য ; মালাবার জেলার শহর। জন. ৯,১৩৩। স্থানীয় কোট্টাপড়ি ব্যাংক। ডাকঘর। টেলিগ্রাফ—পালঘাট।

**গুর্জর** ( Gurjara ) : হুয়েনৎসাঙের সময় গুর্জর নামে স্থান বলভীর উত্তরে ও উজ্জয়িনীর ৪৬৭ মা উ.-পশ্চিমে অবস্থিত ছিল। বর্তমান রাজস্থানের দ.-পশ্চিমাংশের অনেকখানি স্থান গুর্জর নামে অভিহিত হইত। এই স্থানের অধিবাসীরা পূর্বে পঞ্জাবে বাস করিত ; পরে মালব হইয়া বর্তমান গুজরাটে গিয়া উপনিবেশ স্থাপন করে। পঞ্জাবের গুজরাট জেলা, গুজরন বালা শহর প্রভৃতি নাম প্রাচীন গুর্জরদের তথায় বাসের চিহ্ন বহন করিতেছে।—বাস্তুপাল ও তেজপাল গুর্জররাজের বিখ্যাত মন্ত্রী ছিলেন। তেজপাল কর্তৃক গিরিনগর বা গিরনর প্রতিষ্ঠিত ও তথাকার পার্শ্বনাথের বিখ্যাত মন্দির নির্মিত হয়।

**গুলবর্গা** ( Gulbarga ) : হায়দরাবাদ রাজ্যের জেলা। আ. ৬,৯৭৫ ব মা। জন. ১৪ ৪৮ লক্ষ। ভীমা নদী প্রবাহিত। জেলার পশ্চিমে বিজাপুর। অধিবাসীরা মারাঠি। ...শহর (জন. ৭৭,৯৯১), মদ্রাজ-বোম্বাই রেল-পথের স্টেশন ( ৩৫৩ মা )। ব্যবসায়ের কেন্দ্র। ৬টি ব্যাংক : সেন্ট্রাল, হায়দরা, স্টেট প্রভৃতি। ...গুলবর্গা বাহমনী সুলতানদের রাজধানী ( ১৩৪৭-১৪২৮ ) ছিল। এই সময়ের মধ্যে নগরীতে বহু মসজিদ ও ইমারত নির্মিত হয়। একটি মসজিদের উপর ৬৩টি গম্বুজ আছে ; ভারতে এরূপ স্থাপত্য আর নাই। ইহার ভূমি-আয়তন ৩৫,০০০ বর্গ ফুট। ইহা স্পেনের কর্দোভা মহানগরীর এক মসজিদের অনুকরণে নির্মিত। ফিরোজ শাহর কবরের স্থাপত্যশৈলীর বৈশিষ্ট্য আছে।

**গুলৌঠী** ( Gulaothi ) : উত্তর প্রদেশ ; বুলন্দশহর জেলার শহর ; খুরজা ( ৮৪৩ মা )-মীরাট রেলশাখার

স্টে. ( ২৮ মা )। হাপুর ১২ মা দূরে। ব্যবসায়ের কেন্দ্র। জন. ৯,৮৬২। সেনট্রাল ব্যাংক।

**গুলাবপুর** (Gulabpur).: রাজস্থান ; ভিলওয়ারা জেলার শহর ; জন ৪,৯২৬। অজমের-খানডোয়া লাইনের স্টেশন ( ৪২ মা )। রাজস্থান ব্যাংক।

**গুলাডগড়** (Guledgud ): বোম্বাই ; বিজাপুর জেলার শহর। শোলাপুর ( হোতগি )-গদগ রেলপথে ( ১৩৩ মা ) গু. রোড স্টেশন। এই শহর বাদামীর ৯ মা উ.-পূর্বে। জন. ২১,৯১২। সমবায় ব্যাংক।

**গুসকরা** (Guskara): বর্ধমান জেলার সদর মহ.র আউস-গ্রাম থানার গ্রাম। লুপ লাইনের স্টেশন ( ৮৭ মা )। আলু ও চাউলের ব্যবসায়ের কেন্দ্র ; চাউল কল আছে। ... পল্লীউন্নয়ন পরিকল্পনা ব্লকের কেন্দ্র। স্কুল, ডিসপেন্সারি, ডাকঘর। ...জন. ৪,৫৩৪। .. গুসকরা হইতে পূর্ব দিকে বলগোনা হইয়া কাটোয়া-রাস্তা দিয়া বর্ধমানে এবং পশ্চিমে মানকরে শের শাহ সড়কে (Grand Tr. Rd.) আসা যায়। বাস্ সার্বিস আছে।

**গৃধ্রকূট** ( Gridhrakuta ): বিহার ; রাজগীরের নিকটস্থ পর্বত শিখর। রাজগৃহ ( দ্র. ) হইতে যে পথ বানগঙ্গা হইয়া গয়াভিমুখে গিয়াছে সেই পথে মাইল তিন গেলে গৃধ্রকূট পর্বত বামপার্শ্বে পড়ে। পাহাড়ের গাত্র দিয়া প্রায় এক মা রাস্তা উপর পর্যন্ত গিযাছে ; কিংবদন্তী এই পথ বিম্বিসার কর্তৃক নির্মিত হয়। বুদ্ধদেব এখান হইতে বহু ধর্মদেশনা করেন। পর্বতোপরি পূর্বকালের বহু প্রাচীন স্তূপ, চৈত্যাদির ধ্বংসাবশেষ দেখা যায়। উচ্চতম স্থানটি বাঁধানো, লোকবিশ্বাস বুদ্ধদেব এইখানে উপদেশ করিতেন। শিখরের নীচের দিকে গুহাগুলি আনন্দ, সারিপুত্রাদি প্রধান শিষ্যদের গুহা বলিয়া এবং উপরের যে-গুহার ছাদ ভাঙিয়া পড়িয়াছে তাহা বুদ্ধদেবের বাসগৃহ বলিয়া প্রসিদ্ধ।

**গেঁওখালি** (Geonkhali): মেদিনীপুর জেলা ; তমলুক মহ.র গ্রাম ; হুগলী-ভাগীরথীর দ. তটে হিজলী খালের মুখে অবস্থিত। এখান হইতে কলিকাতা পর্যন্ত স্টিমার সার্বিস আছে। ১৭০৩-এর মানচিত্রে ইহা Gonga Colle নামে উল্লিখিত।

**গেটিসবার্গ** ( Getysburg ): মার্কিন যুক্তরাষ্ট্রের পেন্‌সিলভানিয়ার শহর। এইখানে মার্কিনী গৃহযুদ্ধের সময় দক্ষিণী বিদ্রোহীরা পরাভূত হয় ( ১৮৬৩, জানু. ১-৩ )। সেই বৎসরের নভেম্বর মাসে যুদ্ধক্ষেত্রে জাতীয় সমাধিক্ষেত্র স্থাপনের সময় আব্রাহম লিন্‌কলন যে সংক্ষিপ্ত বক্তৃতা করেন, তাহা অতুলনীয় রচনা বলিয়া সমাদৃত হইয়া আসিয়াছে। গবর্নমেন্টের আদর্শ সম্বন্ধে তিনি বলেন যে উহা হইবে for the people, of the people, by the people.

**গেড্রোসিয়া** ( Gedrosia ): বলুচিস্তানের দক্ষিণাংশের গ্রীক্ নাম। আলেকজেন্দার এই পথে ভারত হইতে প্রত্যাবর্তন করেন। প্রাগৈতিহাসিক যুগে মানব বাসের বহু নিদর্শন মাটি খুঁড়িয়া পাওয়া যাইতেছে। পণ্ডিতদের অনুমান তখন এই দেশের আবহাওয়া এমন শুষ্ক ছিল না ; বৃষ্টিপাত অধিক হইত।

**গেন্ট** ( Ghent, Gand ): বেলজিয়ামের ফ্লান্ডার্স বা ফ্লেমিশদের দেশের শহর। এই স্থান ফ্লে. জাতীয়তা আন্দোলনের কেন্দ্র। গেণ্ট বিশ্ববিদ্যালয় ১৯৩০ হইতে ফ্লেমিশ প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। জন. ১·৬৪ লক্ষ ( '৫২ )। আতসী কাচ শিল্পের কেন্দ্র।

**গেরসোপ্পা** ( Gersoppa Falls ): পশ্চিমঘাট পর্বত-মধ্যে জলপ্রপাত ; বোম্বাই-মহীশূর সীমান্তে শরবতী নদীর জলপ্রপাতের চারিটি ধারার একটি ৮২৯ ফুট নিচে সোজা পড়িতেছে।... এই প্রপাত জোগ ( দ্র. ) নামে পরিচিত। এখানে জলবিদ্যুৎ কারখানা নির্মিত হইতেছে।

**গৈলা** ( Gaila ): পূ. পাক. ; বাখরগঞ্জ জেলার সদর মহ.র গৌরনদী থানার গণ্ড ও সমৃদ্ধ গ্রাম ; এখানে বহু বৈষ্ণব বাস ছিল। বরিশাল-মাদারিপুর-তারপাশা স্টীমার পথে বরিশাল হইতে প্রায় ৩৫ মা দূরে গৌরনদী ঘাট স্টেশনে নামিয়া গৈলা যাইতে হয়। গৈলার নিকট ফুল্লশ্রী গ্রাম প্রাচীন কবি বিজয় গুপ্তের জন্মস্থান।

**গোকক** (Gokak): বোম্বাই ; বেলগাঁও জেলার তালুক ও শহর। শহর (জন. ১৭,১০০), কৃষ্ণার উপশাখা ঘাটপ্রভা নদীতীরে। বেলগাঁও হইতে উ.-পূর্বে ২৯

মা। ঘাটপ্রভার জলপ্রপাত ১১৬ ফুট উচ্চ হইতে পড়িতেছে; এই জলশক্তি দ্বারা জলবিদ্যুৎ উৎপাদন করিয়া কাপড়ের কল চলিতেছে। তাঁতের কাপড় ও কাঠের খেলনার জন্য এই স্থানের খ্যাতি। ঘাটপ্রভা নদীর উভয় তীরে বহু হিন্দু মন্দির। নিকটে প্রাগৈতিহাসিক যুগের প্রস্তর স্তম্ভ আছে। পুণা-হুবলী রেলপথের স্টে. (২১৩ মা)। সমবায় ব্যাংক।

**গোকর্ণ** ( Gokarn ): বোম্বাই; উ. কানাড়া জেলার মিউনি. শহর, আরব সমুদ্রতীরে, কারোয়ারের ২২ মা দ.-পূর্বে। হিন্দুদের অন্যতম বিশিষ্ট তীর্থস্থান; ফেব্রুয়ারি মাসে মেলা হয়। জন. ৯,০২৪। কানাড়া ইন্ডাস্ট্রি ব্যাংক।

**গোকুল** ( Gokula ): মথুরার নিকট যমুনাতীরস্থ স্থান; প্রাচীনকালে এইখানে দুর্ধর্ষ আভীর গোপদের গোষ্ঠ ছিল। কংস ইহাদের ভয় করিতেন। শ্রীকৃষ্ণের বাল্য-জীবন গোপসর্দার শ্রীনন্দ ঘোষের গৃহে কাটিয়াছিল। গোকুল হিন্দুদের তীর্থ।

**গোকুল**: পূ.-পাক., বগুড়া জেলার মহাস্থানের দক্ষিণে গ্রাম; এখানে 'গোকুলের মেঢ়' নামে প্রকাণ্ড ধ্বংসস্তূপ আবিষ্কৃত হইয়াছে। স্তূপটি ২৪-কোণ বিশিষ্ট ও ভূমিতল হইতে কিছু উচ্চ। প্রত্নতত্ত্ববিভাগ এই স্থান খনন করিয়া ১৭০টি কক্ষ পাইয়াছেন; গায়ে-গায়ে লাগা ঘরগুলি মৌমাছির চাকের মতো দেখিতে। স্তূপের দ.-পূর্ব কোণে ৪½ ফুট বিস্তৃত ও প্রায় ২৫ ফুট উচ্চ সিঁড়ি ধাপে ধাপে আছে। অনুমান স্তূপটি বৌদ্ধ দেবায়তন ছিল। শিল্প-পদ্ধতি গুপ্তযুগের।... (দ্র. মহাস্থান)।

**গোঘা, গোগো** ( Gogha, Gogo ): বোম্বাই; আমরেলি জেলার গ্রাম, কাম্বে উপসাগর তীরে, ভাবনগর হইতে ১০ মা দ.-পূর্বে। ক্ষুদ্র পোতাশ্রয় ( Roadstead ); নিকটে আলোকস্তম্ভ। বন্দরের সম্মুখে একটি দ্বীপ মধ্যযুগে জলদস্যুদের আড্ডা ছিল। ১৯৪৯ পর্যন্ত গোঘা আহমদাবাদ জেলার মধ্যে ছিল।

**গোঘাট** ( Goghat ): হুগলি জেলা; আরামবাগ মহ.র থানা; আ. ১৪৫ ব মা। জন. ৮৬,৬৩১; ঘ. ৫১৬। —গ্রাম (জন. ১,৪১১); পুরাতন নাগপুর রাস্তার উপর, আরামবাগ হইতে ৬ মা পশ্চিমে; গ্রামের নিকট প্রাচীন গড় ও গড়মন্দারন। গোঘাট হইতে ৩ মা পূর্বে পরমহংসদেবের জন্মভূমি কামারপুকুর। গ্রামে ডাকঘর, হাসপাতাল, উচ্চ ও প্রাথ. বিদ্যালয়, রেজি. অপিস আছে।

**গোটেবোর্গ** (Goteborg, উচ্চারণ য়োতেবোর Yutebor): সুইডেনের দ্বিতীয় বৃহৎ নগর। য়োতে (Gota) নদীর মোহনায় কাটেগাট প্রণালীর নিকট অবস্থিত। সুইডেনের রাজা গুসতাভাস আদোলফাস ১৬১৮-এ এই শহর স্থাপন করেন। এই স্বাভাবিক পোতাশ্রয় বারো মাস বরফশূন্য থাকে বলিয়া সু.র প্রধান বাণিজ্য বন্দর হইয়াছে। জাহাজ-নির্মাণ, বয়নশিল্প, রঙরেজ, মদ-চোলাই প্রভৃতির বিচিত্র কারখানা। জন. ৩'৮০ লক্ষ।

**গোটা** ( Gotha ): ১৯১৮ পর্যন্ত জারমানির স্যাকস-কোবুর্গ-গোটা নামে রাজ্যের রাজধানী। ১৭৬৩ অব্দে Justus Peathes এখান হইতে বিখ্যাত Almanach de Gotha প্রকাশ করেন; ভৌগোলিক তথ্যাদির এই সাময়িক প্রকাশন বহুকাল বিখ্যাত ছিল। গোটা এখন শিল্প নগরী। জন. ৫৫ হা।

**গোটিংগেন** ( Gottingen ): জারমানির শহর; লাইনে ( Leine ) নদীর উপর, হানোভার হইতে ৬৭ মা দূরে অবস্থিত। হান্‌সা লীগের অন্যতম নগর। বর্তমানে লোয়ার স্যাক্‌সনি ( Niedersachsen ) প্রদেশের অন্তর্গত। ইংলন্ডের রাজা ২য় জর্জ ১৬৩৪-এ বিশ্ববিদ্যালয় স্থাপন করেন। এখানকার বিজ্ঞান পরিষদ, গ্রন্থাগার, বীক্ষণাগার প্রভৃতি বিখ্যাত। জারমান সাহিত্য ও বিজ্ঞানের কয়েকজন বিখ্যাত ব্যক্তির জন্মস্থান। জন. ৭৪ হা. ('৪৭)।

**গোটেক** ( Gokteik ): বর্মার মান্দালয়-লাশিও রেলপথের স্টেশন। রেংগুন হইতে ৪৬৪ মা। এখানকার গভীর খদের উপর দিয়া রেল যাইবার জন্য বিরাট Viaduct বা সেতু ছিল। চারিদিক পার্বত্য পরিবেশের মধ্যে এই স্থানটি অতি মনোরম। ভ্রমণবিলাসীরা এখানে যাইতেন। ২য় মহাযুদ্ধের সময় সেতু ধ্বংস হয়।

**গোড্ডা** ( Godda ) বিহার; সাঁওতাল পরগণা জেলার মহকুমা। গোড্ডা মহ.র আ. ৮৫৪ ব মা; জন.

৪,৪৭১৭৬ ; ঘনতা ৫২৪। ৬ থানা—গোড্ডা ২ থানা, মহাগাঁও, পরৈয়াহাট ; চন্দনা ও বোড়াই-জোড় থানা ২টি গোড্ডা দামিন অন্তর্গত। ...সদর শহরে রেল নাই ; ভাগলপুর ও দুমকার সহিত মোটর সার্বিস আছে ; পাকুড় হইতেও ভাল পথ আছে।

**গোৎসো** (Gozo) ; **গৌদেশ** (Ghaudesh) : ভূমধ্যসাগরের দ্বীপ ; মালটার নিকটে ; ব্রিটিশদের অধিকৃত স্থান। আ. ২৭ ব মা ; জন. ২৪,০০০।

**গোদাগাড়ি** (Godagari) : পূর্ব পাকিস্থান ; রাজসাহী জেলার সদর মহ.র থানা। থানার আ. ১৬৭ ব মা। শহর পদ্মাতীরে, লালগোলাঘাটের অপর পারে। এখান হইতে কাটিহার জং পর্যন্ত মিটার রেল গিয়াছে (১০৬ মা)। কলিকাতা হইতে ঈশ্বরদি-আমনুরা হইয়াও রেলপথ আছে। বর্তমান পাকিস্তানে রোহনপুর পর্যন্ত রেল (৩০ মা) চালু রহিয়াছে। রাজসাহী হইতে সড়ক আছে।

**গোদাবরী নদী** (Godavari river) : দক্ষিণ ভারতের নদী ; হিন্দুদের নিকট পবিত্র। পশ্চিম ঘাটে উঠিয়া হায়দরাবাদ ও অন্ধ্রদেশের ভিতর হইয়া ৭টি ধারায় বঙ্গোপসাগরে পড়িতেছে (৯০০ মা)। অন্ধ্ররাজ্যে গোদাবরী ২২৫ মা প্রবাহিত। মোহনায় বিরাট ব-দ্বীপ। এই অঞ্চল অতি উর্বর ; তবে মাঝে মাঝে বন্যায় ভীষণ ক্ষতি হয়। বন্যা নিয়ন্ত্রণের জন্য নদীতে বাঁধ দিয়া ব্যাপক জলসেচন ব্যবস্থা হইতেছে। হায়দরাবাদে গোদাবরীর মূল ধারায় ২টি ও শাখানদীতে ২টি বাঁধ নির্মাণের পরিকল্পনা অনুসারে কাজ আরম্ভ হইয়াছে। এই পরিকল্পনায় ৭৫ কোটি টাকা ব্যয় হইবে। ইহা কার্যকরী হইলে ২০ লক্ষ একর জমি সেচ পাইবে ও ১,৭৫,০০০ কিলোওয়াট বিদ্যুৎশক্তি উৎপন্ন হইবে।

**গোদাবরী, পশ্চিম** (West Godavari) : অন্ধ্ররাজ্যের জেলা ; উত্তর ও পূর্বে পূর্ব-গোদাবরী, দক্ষিণে কৃষ্ণানদী ও বঙ্গোপসাগর। জন. ১৬·৯৪ লক্ষ ('৫১)। রাজধানী এলুরু (Eluru) কলিকাতা হইতে ৭৩৯ মা। গোদাবরী জেলা দুইটি গোদাবরী নদীর ব-দ্বীপে অবস্থিত ; উর্বর দেশ। তামাকের চাষ হয়।

**গোদাবরী, পূর্ব** (East Godavari) : অন্ধ্ররাজ্যের জেলা ; উত্তরে মধ্যপ্রদেশ ও বিশাখাপটম ; পশ্চিমে হায়দরাবাদ ; পূর্বে বঙ্গোপসাগর। বৃষ্টি ৪০"। আ. ৬,২২০ ব মা। জন. ২৪·১৪ লক্ষ। অধিবাসীরা তেলেগু-ভাষী। প্রধান শহর ও বন্দর কাকিনাদ (কোকনদ), কলিকাতা হইতে ৫১৫ মা ; মদ্রাজ ৩৫০ মা। রাজমহেন্দ্রী এই জেলার বড় শহর। জেলায় উৎকৃষ্ট তামাক চাষ হয়।

**গোদরা** (Godhra) : বোম্বাই ; পাঁচমহল জেলার তালুক ও প্রধান শহর ; বড় জংশন। আহমদাবাদের ৬৫ মা পূর্ব-দক্ষিণ ; বোম্বাই-দিল্লী রেলপথের স্টেশন (২৮৯ মা)। এখান হইতে আনন্দ ৪৯ মা ও লুনাওয়াডা ২৬ মা। নিকটে বন থাকার কাঠের ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। শিল্প প্রতিষ্ঠান। বিজলি, টেলিফোন। ...জন. ৪০,৪৭৬। ব্যাংক : স্টেট, দেবকরণ নানজি ও কয়েকটি সমবায় ব্যা.। ... ব্রাহ্মণ সমাজের উন্নতির জন্য এখানে একটি বিশেষ প্রতিষ্ঠান আছে।

**গোন্ডা** (Gonda) : উত্তর প্রদেশ ; ফয়জাবাদ বিভাগের জেলা। উ.—নেপাল ; দ.—ঘর্ঘরা নদী। আ. ২,৮৭৯ ব মা। জন. ১৮,৭৭,৪৮৪। ৩ তহশীল : গোন্ডা, তরপগঞ্জ, ও উতরাউলা। জেলার উত্তরে বিস্তৃত শাল জঙ্গল। রাপ্তী নদী প্রবাহিত ; কৃষি পর্যাপ্ত। ... প্রধান শহর গোন্ডা ; জন. ৩২,৫৬৬। কাটিহার-কানপুর মিটার রেলপথের স্টে. (৪০৯ মা)। গোন্ডা-গোরখপুর লুপ লাইন ৯৫ মা। কলিকাতা হইতে মোকামা-গোরখপুর হইয়া ৫৯৮ মা। ব্যবসায়ের কেন্দ্র। ব্যাংক : সেন্ট্রাল, প. ন্যাশনাল, হিন্দু কমার্স ও স্টেট। ...এই জেলার সীমান্তে শ্রাবস্ত বা সাহেৎ-মাহেৎ গ্রাম।

**গোন্ডাল** (Gondal) : পূর্বতন কাঠিয়াবাড়ের ওয়েস্টার্ণ ইন্ডিয়ান স্টেট্স এজেন্সির অন্তর্গত করদরাজ্য। আ. ১০২৪ ব মা ; জন ২,৪৪,৫১৪ ('৪১)। রাজ্যের আয় ছিল ৫০ লক্ষ টাকা ; ব্রিটিশ সরকারকে ৫০,০০০ টাকা কর দিতে হইত। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৮ লক্ষ টাকা বার্ষিক ভাতা দেওয়া হয় ; বর্তমানে রাজ্য সৌরাষ্ট্র রাজ্যের অন্তর্গত। ... রাজা

জদেজা রাজপুত এবং শ্রীকৃষ্ণের বংশধর বলিয়া দাবী করেন। ১৬৩৪ কুম্ভজি নামে এক ব্যক্তি এতদঞ্চলের সর্দার ছিলেন ; তাঁহার এক বংশধর শম্ভুজি জুনাগড়ের সুবাদারকে দস্যুদের উৎপাত হইতে রক্ষা করায় গোন্‌ডাল রাজ্য পুরস্কার পান। ১৬৫৩ অব্দে গোন্‌ডাল রাজ্যের পত্তন হয়। ...এই বংশের মহারাজা ভগবৎ সিংহজি সংগ্রামজি (১৮৬৫-১৯৪৪) বিলাতে গিয়া এডিনবরা হইতে চিকিৎসা বিদ্যায় উপাধি লাভ করেন (M. D) ; ইনি উদার প্রকৃতির প্রগতিশীল রাজা ছিলেন ; তাঁহার চেষ্টায় গো. স্টেট শিক্ষায় অতিশয় অগ্রসর হয় ; স্টেটে বহু জনহিতকর প্রতিষ্ঠান আছে। ...রাজধানী গোন্‌ডাল (জন. ৩৭,০৪৬) রাজকোট হইতে রেলপথে ২৪ মা। ব্যাংক : ইউনা. কমার্স, সৌরাষ্ট্র স্টেট।

**গোন্‌ডাল স্টেট রেলওয়ে** (Gondal State Railway) : ১৮৮১ সালে এই রেলওয়ে প্রথম খোলা হয়। ১৯৪৮-এ সৌরাষ্ট্র রেল মণ্ডল ও ১৯৫১-এ ওয়েস্টার্ণ রেল জোন অন্তর্গত হয়। দৈর্ঘ্য ২১৩ মা। মিটার গেজ।

**গোন্‌দিয়া** (Gondia) : মধ্য প্রদেশ ; ছত্রিশগড় বিভাগের ভানডারা জেলার মহ. ও শহর। কলিকাতা-নাগপুর রেলপথের বড় জং ( ৬২২ মা ), নাগপুরের ৭৫ মা উ.-পূর্বে। এখান হইতে উত্তরে জবলপুর ( ১৪২ ), ও দক্ষিণে বলহর্ষ পর্যন্ত শাখা রেলপথ গিয়াছে। জন. ৩৬,৬৮৬। কাঁচ, গালা, তৈলনিষ্কাষণ প্রভৃতি কারবারের কেন্দ্র। ব্যাংক :—নাগপুর স্টেট, লক্ষ্মী, প. ন্যাশনাল, ভানডারা, সমবায়।

**গোপালগঞ্জ** (Gopalganj) : বিহার ; সারন জেলার মহকুমা। আ. ৭৮৬ ব মা ; জন ৮,২২,৮৫৪ ; ঘনতা ১,০৪৮। ... পশ্চিমে গোরখপুর জেলা। উ.-পূর্বে গণ্ডকী নদী। ৬ থানা : গোপালগঞ্জ, বরালী, বৈকুণ্ঠপুর, মীরগঞ্জ, সোরে, কটৈয়া। ... গোপালগঞ্জ শহরের জন. ১৪,২১৩। ছাপড়া-গোরখপুর লুপ লাইনের জালালপুর স্টেশনের নিকট শহর ; গণ্ডকী নদী অদূরে। ...স্টেট ব্যাংক।

**গোপালগঞ্জ** ( Gopalganj ) : পূ. পাক. ; ফরিদপুর জেলার মহকুমা, থানা ও সদর শহর। শহর, মধুমতী নদীতীরে, মাদারিপুরের ২৬ মা দ.-পশ্চিমে ; কাশিয়ানী ( দ্র. ) স্টেশন হইতে স্থল বা জলপথে যাওয়া যায়। নমশূদ্র-প্রধান স্থান ; এখানে খ্রীষ্টান মিশনারীরা দীর্ঘকাল কাজ করিয়াছেন। শহরে রেজি. অপিস ( ১৮৮৯ ) আছে।

**গোপালপুর** (Gopalpur) : ময়মনসিংহ জেলা ; টাঙ্গাইল মহ.র থানা ; আ. ১৫১ ব মা। ...গ্রাম, ডাকঘর।

**গোপালপুর** ( Gopalpur ) : ওড়িশা ; গঞ্জাম জেলার বঙ্গোপসাগর তীরস্থ স্বাস্থ্যকর স্থান। দ.-পূ রেলপথের বরহমপুর (৩৭৫ মা) হইতে মোটর পথে ১০ মা। দীর্ঘ সমুদ্র সৈকত অতি সুন্দর। আলোকস্তম্ভ আছে।

**গোপীবল্লভপুর** ( Gopiballabhapur ) : মেদিনীপুর জেলা ; ঝাড়গ্রাম মহ.র থানা। আ. ১৮৫ ব মা। জন প্রায় ১০ হা. ; ঘ. ৪৮৬। গ্রামে ডাকঘর, রেজি. অপিস, পাঠশালা আছে। গ্রাম ( জন. ১,১৫৩ ) সুবর্ণরেখা নদীর দক্ষিণ তটে ; বারিপদ হইতে ভাল সড়ক ও ঝাড়গ্রাম হইতে ২৯ মা। মেদিনীপুর হইতে ৩৫ মা দ.-পশ্চিমে। গোবিন্দজীর মন্দিরে জ্যৈষ্ঠ মাসে স্নান-পূর্ণিমার উৎসবে বহু যাত্রী সমাগম হয়। অধিবাসীরা অধিকাংশ ওড়িয়া।

**গোবরডাঙ্গা** (Gobardanga) : ২৪ পরগনা জেলা; বারাসত মহ.র হাবরা থানার মিউনি. শহর, যমুনা-ইচ্ছামতী নদীর তীরে, কলিকাতা-বনগ্রাম রেলপথের স্টেশন ( ৩৬ মা ) ; কলিকাতা হইতে বাস পথ আছে। পাট ও গুড়ের বাজার। জন. ১৬,৫৯। ১৯৫১-র পরে পূর্ববঙ্গ হইতে বহুসহস্র উদ্‌বাস্তু এখানে আসিয়াছে ; খুলনার দৌলতপুর কলেজ এক প্রকার উঠিয়া এখানে 'হিন্দুকলেজ' নামে স্থাপিত হইয়াছে। ...প্রাচীন কুশদ্বীপ বা কুশদহ। পূর্বে গো. বিশিষ্ট গণ্ডগ্রাম ছিল ; ম্যালেরিয়ায় দেশ উচ্ছন্ন যায়। এখন পুনর্বসতি হইতেছে।

**গোবি** (Gobi) : মধ্য এশিয়ার তৃণশূন্য, শিলাময়, বালুময় মরুভূমি। মংগোলিয়ার কিয়দংশ এই মরুর অন্তর্গত। চীনাভাষায় হান-হাই ও শা-মো। দক্ষিণস্থ তাকলা-মাকান মরুভূমি গোবিরই অংশ। চারিদিকের পর্বত-মালার মধ্যে এই বিশাল ভূভাগ সাধারণভাবে নিচু

হইলেও ইহার উচ্চতা ৩,০০০ ফুট। এককালে ইহার আবহাওয়া এমন শুষ্ক ছিল না এবং তখন এখানে নানা জাতীয় সরীসৃপ ও জন্তুর বাসভূমি ছিল। সমগ্র গোবির আয়তন প্রায় ৫ লক্ষ ব মা। এই মরুভূমির মধ্য দিয়া চীন হইতে মংগোলিয়ার রাজধানী উলান-বাতোর পর্যন্ত রাজপথ নির্মিত হইয়াছে; বর্তমানে রেলপথ বিস্তারের চেষ্টা চলিতেছে।

**গোবিচেট্টিপালায়ম** (Gobichettipalayem) : মদ্রাজ; কোয়াম্বতুর জেলার তালুক ও শহর, ভবানী নদীর নিকট কো. হইতে ৪৫ মা উ.-পূর্বে অবস্থিত; রেলপথ নাই। কুরন্দম খনি নিকটে আছে, জন. ৩০,৩৯৩। ব্যাংক : সাউথ ইন্ডিয়ান কমার্স; সমবায়।

**গোবিন্দগঞ্জ** ( Govindaganj ) : পূ.-পাক; রঙপুর জেলার গাইবাঁধা মহ.র থানা; আ. ১৭৮ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর, রেজি. অপিস (১৮৭৫)। গ্রাম করতোয়া নদীতীরে।

**গোমতী** ( Gumti ) : (১) উত্তর প্রদেশের নদী; পীলভীত জেলার অরণ্য ও জলময় স্থানে উঠিয়া গঙ্গার সহিত প্রায় সমান্তরালে সমতল ভূমির উপর দিয়া আসিয়া কাশীর ২৫ মা দক্ষিণে গঙ্গায় পড়িতেছে। লখনউ এই নদীর উপর অবস্থিত। দৈর্ঘ্য ৩৬৫ মা। নিচের দিকে কিয়দংশ নাব্য।

(২) ত্রিপুরা রাজ্যের পার্বত্য নদী; পাকিস্তানের ত্রিপুরা জেলার রাধাকিশোরপুর ও কুমিল্লা হইয়া মেঘনায় পড়িতেছে; দৈর্ঘ্য প্রায় ১২০ মা। রবীন্দ্র-নাথের রাজর্ষি গ্রন্থে গোমতীর উল্লেখ আছে।

**গোমস্তাপুর** ( Gomastapur ): পূ. পাক.; রাজশাহী জেলার নবাবগঞ্জ মহ.র থানা, বাজার ও ডাকঘর; কালিন্দী নদীর বামতটে; রোহনপুর হইতে সড়ক আছে। পূর্বে এই থানা মালদহ জেলার মধ্যে ছিল; ১৯৪৭-এ পার্টিশনে পাকিস্তান ভুক্ত হয়। আ. ছিল ১১৪ ব মা।

**গোমিয়া** (Gomia, Gumia) : বিহার; হাজারিবাগ জেলার তহশীল ও থানা। গোমিয়া গ্রামে ইম্‌পিরি-য়াল কেমিক্যাল ইন্‌ডাস্ট্রিস ( ICI ) নামে বিলাতী কোম্পানি ভারত সরকারের পক্ষ হইতে বিস্ফোরণ (explosives) তৈয়ারির কারখানা করিতেছে; বোকারো-র বিদ্যুৎশক্তি ব্যবহৃত হইবে। কলিকাতা হইতে ২১০ মা; বোকারোর পরবর্তী স্টেশন। ... গোমিয়া থানার জন. ৫৪,৩৮৫।

**গোমো** (Gomoh) : বিহার; মানভূম-ধানবাদ জেলার রেল-শহর ও জংশন; গ্রান্ড কর্ড লাইনে কলিকাতা হইতে ১৮৭ মা। ধানবাদ হইতে ১৯ মা পশ্চিমে জেলার শেষ স্টেশন। এখানে গাড়ি বদল করিয়া বোকারো (২৭ মা) হইয়া বরকাকানা জং (৬২ মা) যাওয়া যায়। কয়লা অঞ্চলের অনেক রেলশাখা চারিদিকে আছে।

**গোয়া** (Goa) : পোর্তুগীজ অধিকৃত দেশ; বোম্বাই রাজ্য-দ্বারা বেষ্টিত; আরবসাগরে ৬২ মা সমুদ্রতট। দেশের কিয়দংশ পার্বত্য ও অরণ্যময়; কৃষিপ্রধান। সমুদ্রতীরে লবণ প্রস্তুত হয়। আ. ১,৪৬১ ব মা। জন. ৫'৪১ লক্ষ। অধিবাসীরা কর্নাটিক, কোঙ্কনী, মারাঠি ও সঙ্কর বর্ণ। খ্রীষ্টান সংখ্যা প্রায় অর্ধেক; ইহারা অনেক ক্ষেত্রে হিন্দুসমাজের জাতিভেদ বজায় রাখিয়াছে। পোর্তু. সাহসিক আলবুকার্ক ১৫১০-এ এই দেশ অধিকার করে। ১৯৪৭ ভারত স্বাধীন হইবার পর এখানেও স্বাধীনতা আন্দোলন আরম্ভ হইয়াছে। ... রাজধানী গোয়া (Cidade de Goa; জন. ২৩ হা.); এখানে ইউরোপীয় রেনার্সাঁ যুগের স্থাপত্য-আদর্শে নির্মিত অতি সুন্দর চার্চ (১৫৯৪-১৬০৩) আছে। সাধু জেভিয়ারের (১৪৪২-৫২) সমাধিক্ষেত্র হইতে দশ বৎসর অন্তর তাঁহার কফিন তোলা হয়। তখন খ্রীষ্টীয় ক্যাথলিক জগতের বহু সহস্র লোক এখানে তীর্থ করিতে আসে।

গোয়া-র বন্দর মরমুগাও (Mormugao) হইতে দ. রেলপথের (S. Ry.) লোন্ডা জংশন পর্যন্ত মি. রেলপথ আছে (৮৬ মা)।

**গোয়াইকীল** (Guayaquil) : একোয়াদর (Equador) রাজ্যের প্রধান বন্দর ও বৃহত্তম নগর; গোয়াইস নদী তীরে, প্রশান্ত মহাসাগর হইতে ৩০ মা ভিতরে অবস্থিত। এখান হইতে রাজধানী কুইটো (৯,৩৫০ ফুট উচ্চ) পর্যন্ত রেলপথ (২৮৮ মা) আছে। কফি

রপ্তানির কেন্দ্র। ১৯৪২-এর ভূমিকম্পে শহরের ভীষণ ক্ষতি হয়। জন. ২'১৬ লক্ষ।

**গোয়াতেমালা** (Guatemala) : মধ্য আমেরিকার রিপাবলিক; মেক্‌সিকো-র দক্ষিণে প্রশান্ত মহাসাগর-তীরে অবস্থিত। প্রাচীন ময় (Maya) সভ্যতার কেন্দ্র। ১৫২৩-২৪ এই অঞ্চল স্পেনীশ সাহসিক পেদ্রো দ. আলবারাদো কর্তৃক অধিকৃত হয়। প্রায় তিনশত বৎসর স্পেনের সাম্রাজ্যভুক্ত থাকিয়া ১৮২১ অব্দে বিদ্রোহী হইয়া লোকে স্বাধীনতা ঘোষণা করে। ইহার পর মেক্‌সিকো কর্তৃক অধিকৃত হইয়া দুই বৎসর কাটে; ১৮২৩-এ মধ্য আমেরিকার নয়া রিপাবলিক গঠিত হয়। কিন্তু অল্পকালের মধ্যে অন্তর্বিপ্লব দেখা দিল এবং ১৮৩৯-৪৫-এর মধ্যে হনডুরাস, নিকারা-গুআ প্রভৃতি স্টেট মধ্য আমেরিকা রিপাবলিক হইতে স্বতন্ত্র হইয়া গেল; গোয়াতেমালাও ১৮৩৯-এ পৃথক স্টেট হইল। ১৮৪৭, মার্চ ২১ গো. নূতন রিপাবলিক রূপে গঠিত ও স্বীকৃত হয়। প্রায় একশত বৎসর পরে ২য় মহাযুদ্ধের অন্তে ১৯৪৫-এ নূতন সংবিধান প্রণীত হয়; প্রেসিডেণ্ট ৬ বৎসরের জন্য নির্বাচিত হন; এক-কক্ষ (Unicamaral) ব্যবস্থাপক সভায় ৬৮ সদস্য ৪ বৎসরের জন্য নির্বাচিত হন; ২ বৎসর অন্তর অর্ধেক সভ্যসংখ্যা অবসর লন ও অর্ধেক নূতন করিয়া নির্বাচিত হন। আ. ৪৫,০০০ ব মা; জন. ৩৬'০৭ লক্ষ।

স্পেনীশ শ্বেতাঙ্গরা সর্বেসর্বা। অধিবাসীদের মধ্যে ময়বংশোদ্ভব আদিম লোক-অনুপাত ৬৬%, সঙ্কর বর্ণ ৩৩%; ও ১%-এর কম স্পেনীশ শ্বেতাঙ্গ। এখানকার রাষ্ট্রভাষা স্পেনীশ। তবে আদিম লোকেরা ১৮ উপভাষাভাষী। ... কৃষিজাত উৎপন্ন কফি রপ্তানির ৬২%। দেশ পার্বত্য অরণ্যে সেভার, মেহোগানি প্রভৃতি মূল্যবান বৃক্ষ আছে। ... চিবানো গঁদ (chewing gum) এইস্থান হইতে প্রথমে রপ্তানি হয়। ...এই দেশে প্রায়ই ভূমিকম্প হয়; ১৯১৭-র ভূমিকম্পে রাজধানী গোয়াতেমালা ধ্বংস হইয়া যায়; পরে পুনর্নির্মিত হইয়াছে। ... স্ট্যাম্প ১৮৭১।

**গোয়াদালকীভীর** ( Guadalquivir river ) : স্পেনের নদী; আরবী—ওয়াদি-অল কবীর বা মহানদী; দীর্ঘ ৩৭৪ মা। গ্রানাদা অঞ্চল এই নদী ও শাখানদী দ্বারা সিঞ্চিত। নদী অতলান্তিকে পড়িতেছে।

**গোয়াদালুপ** ( Guadeloupe ) : পশ্চিম ইন্‌ডিস্ দ্বীপ-পুঞ্জের অন্তর্গত ক্ষুদ্র আণ্টিলিস-এর দুইটি দ্বীপ। কলম্বাস কর্তৃক আবিষ্কৃত, ১৪৯৩। ফরাসীদের অধিকারে আসে ১৬৩৫। বহু পরিবর্তনের পর ১৮১৬ হইতে ফরাসীদের কলোনী এবং ১৯৪৬ হইতে ফ্রান্‌সের সাগর-পারের জেলা।

উভয় দ্বীপের আ. ৫৮৩ ব মা। জন. ১,৩০,৭৭২ ও ১,২৯,০৬৫। চিনি, কলা, রাম্‌-মদ প্রচুর উৎপন্ন ও রপ্তানি হয়। রাজধানী বাসে-তেরে ( Basse-Terre ; জন. ১০,০০০ )।

**গোয়াদিয়ানা** ( Guadiana river ) : স্পেন-পোর্তুগলের নদী; ৪৬০ মা দীর্ঘ; অতলান্তিকে পড়িতেছে। অনেকগুলি জল-বিদ্যুৎ কারখানা আছে।

**গোয়াম** ( Guam ) : প্রশান্ত মহাসাগরে মারিআনা দ্বীপপুঞ্জের অন্তর্গত মার্কিন-যুক্তরাষ্ট্রের প্রধান দ্বীপ; নৌবহর কেন্দ্র (naval station)। ১৮৯৮-এ স্পেনীশ-দের সহিত যুদ্ধের পর এই দ্বীপ মার্কিনদের অধিকারভুক্ত হয়। দ্বীপ প্রায় ৩০ মা লম্বা ও ৪-১০ মা প্রস্থ। জন. ৫৯ হা ('৫০)। ...দ্বীপের অধিবাসীদের ভাষা Chamorro ; স্পেনীশ ও ইংরেজি। ২য় মহাযুদ্ধের সময় ১৯৪১ ডিসেম্বর হইতে ১৯৪৪ অগস্ট জাপানীদের দখলে ছিল। রাজধানী Agaria।

**গোয়ালন্দ** ( Goalundo ) : পূ. পাক ; ফরিদপুর জেলার রাজাবাড়ি মহ.র সদর শহর। কলিকাতা হইতে ১৮৭১ সালে গো. পর্যন্ত রেলপথ নির্মিত হয় ( ১৫৫ মা ) পদ্মা নদীর উপর স্টেশন ও বন্দর ; কিন্তু পদ্মার গতি প্রায়ই বদল হয় বলিয়া স্থায়ী রেল স্টেশন বা ঘাট নির্মাণ হয় না। এখান হইতে নারায়ণগঞ্জ ( ১০৪ মা ) ও চাঁদপুর ( ৯৫ মা ) স্টীমার সার্বিস আছে। এ ছাড়াও বহু স্টীমার লাইনের স্টেশন।...মাছের ব্যবসায়ের বড় কেন্দ্র। গো. হইতে প্রতিদিন বহু শত মণ মাছ প. বঙ্গে আসে।

**গোয়ালপাড়া** (Goalpara) : আসামের জেলা। উত্তরে ভুটানের পর্বতমালা, পূর্বে কামরূপ জেলা ; দক্ষিণে

গারো পাহাড় ও পশ্চিমে প. বঙ্গদেশের কোচবিহার ও জলপাইগুড়ি জেলা এবং পূ. পাকিস্তানের রঙপুর জেলার কিয়দংশ। …ব্রহ্মপুত্র নদ প্রবাহিত; বহু শখানদীর মধ্যে মানস উল্লেখযোগ্য। দেশ উর্বর; শিমুলগাছের চাষ হয়; শিমুলের কাঠ দেশলাই-এর জন্য ব্যবহৃত হয়। জেলার ২টি মহকুমা: গোয়ালপাড়া ও ধুবড়ি। জেলার সদর শহর ধুবড়ি। পূর্বে গারো পাহাড়ের পাদদেশে অবস্থিত গোয়ালপাড়া জেলার সদর ছিল।

জেলার আ. ৩,৯৮৭ ব মা। জন. ১১,০৮,১২৪। ঘনতা ২৭৮। …১৯০১-এ ৪·৬২ লক্ষ ছিল। জেলায় হিন্দু ৫,৭১,০৮৯; মুসলমান ৪,৭৫,৮২৫। পূর্ববঙ্গ, বিশেষভাবে ময়মনসিংহ জেলা, হইতে মুসলমানরা আসিয়া উপনিবেশ স্থাপন করে।—মহকুমার আ. ১,০৯৮ ব মা। জন. ৩,২৮,২৮৯। ৪ থানা। …থানার আ. ২৪২ ব মা। জন. ৬২,৫৩৮। গোয়ালপাড়া শহর, জন. ১০,১৯২। ধুবড়ি হইতে ৪০ মা উ-পূর্বে ব্রহ্মপুত্র নদের বাম তটে, গারো পাহাড়ের পাদদেশে অবস্থিত। নদীর অপর তীরে পাহাড়ের গায়ে যোগীঘোপা নামে কতকগুলি গুহা আছে।

**গোরকি, গোর্কি** ( Gorky ): সোবিয়েত রুশের নগর। পূর্ব নাম নিজনি-নবগোরড ( Nijni-Novo-gorod ); ভলগা ও ওকা নদীর সঙ্গমে অবস্থিত। রুশ লেখক ম্যাক্সিম গোর্কির ( ১৮৬৮-১৯৩৬ ) নামানুসারে নগরের নামকরণ হইয়াছে। তাতার যুগ হইতে ( ১২২০ ) এই নদী-সঙ্গমে বাৎসরিক মেলা বসিত; মধ্য এসিয়া, রাশিয়া ও ইউরোপের নানাস্থান হইতে বণিক ও ব্যবসায়ীরা আসিত। প্রায় ২ লক্ষ লোক সমাগম হইত। বর্তমানে গোরকি বহু শিল্পের কেন্দ্র—বিশেষভাবে মোটর ইনজিনীয়ারিং কারখানা, রেলগাড়ি, জাহাজ, রেল ইনজিন প্রভৃতি তৈয়ারির জন্য খ্যাত। কৃষি ও শিল্পের সর্ব বৃহৎ বাৎসরিক মেলার জন্য বিখ্যাত। জন. ৬·৫০ লক্ষ।

**গোরখনাথ** ( Goraknath ): সৌরাষ্ট্রের গিরনার পর্বতের উচ্চতম শৃঙ্গ ( ৩,৬৬৬ ফুট )।

**গোরখপুর, গোর্খপুর** ( Gorakhpur ): উত্তর প্রদেশের বিভাগ। ৪ জেলা: গোরখপুর, বস্তি, আজমগড় ও দেওরিয়া।

**গোরখপুর** (Gorakhpur): উত্তর প্রদেশের জেলা; উ.—নেপালরাজ্য; পূ.—দেওরিয়া জেলা; দ.—ঘর্ঘরা নদী; প.—বস্তি জেলা। নদীধৌত দেশ; উত্তরে বহু-বিস্তৃত শালবন। বৃষ্টি ৪৫″। কৃষি উন্নত; ইক্ষু চাষ প্রধান। ভারতের চিনি উৎপাদনের শ্রেষ্ঠ স্থান। আ. ৪,৫২৮ ব মা; জন ২২,৩৮,৫৮৮। জেলায় ৪ তহশীল: গোরখপুর, বাঁশগাঁও, মহারাজগঞ্জ ও ফরেন্দা।

—শহর ( জন. ১,৩২,৪৩৬ ) জেলার সদর। উ.-পূর্ব রেলওয়ে-পরিমণ্ডলের কেন্দ্র; রেল কারখানা ও বহু রেল-অপিসের কেন্দ্র ও জংশন-স্টেশন। জনসংখ্যা দ্রুত বাড়িতেছে। বহু ব্যাংকের অপিস: ইলাহাবাদ, সেনট্রাল, স্টেট, হিন্দুকমার্স, প. ন্যাশনাল, ইউনা. কমার্স, সমবায়। কলিকাতা হইতে মোকামায় বা মনিহারীঘাটে গঙ্গা পার হইয়া ৫০৩ মা। দিল্লী হইতে ৪৯২ মা। লখনৌ ১৮৯ মা। কাটিহার ৩৫৬ মা। … গোরখপুর বিশ্ববিদ্যালয় ১৯৫৬-এ প্রতিষ্ঠিত হইয়াছে।

**গোরিটি** ( Goriti ): ভাগীরথী-গঙ্গার পশ্চিম তীরস্থ গ্রাম; অপর পারে পল্‌তা। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মধর্ম গ্রহণের ২ বৎসর পর ১৮৪৫, ডিসেম্বর ২০ ( ৭ই পৌষ ) এই বাগানে মহোৎসব করেন। ( দ্র. চাঁপদানী )। এখানে এখন ডালহৌসি ও আংগাস পাট কল।

**গোলকুণ্ড** ( Golconda ) **কলকুণ্ড, গোয়ালকুণ্ড:** হায়দরাবাদের প্রাচীন রাজধানী; হা. নগর হইতে ৭ মা পশ্চিমে পাহাড়ের উপর দুর্গ পরিবেষ্টিত বিশাল নগরের ধ্বংসাবশেষ রহিয়াছে। ‥ বাহমনি রাজবংশের পতনে গোলকুণ্ডের শাসনকর্তা কুলিকুতব ( ১৫১২-৪৩ ) স্বাধীন হইয়া এইখানে রাজধানী স্থাপন করেন। কুতুবশাহী বংশ গোলকুণ্ডে বা বর্তমান হায়দরাবাদে প্রায় দুইশত বৎসর রাজত্ব করে ( ১৫১২-১৬৮৭ )। ইহাদের শেষ অবস্থায় শিবাজী এখান হইতে চৌথ কর আদায় করেন ( ১৬৬৭ )। অউরঙ্গজেব কর্তৃক এই রাজ্য অধিকৃত ( ১৬৮৫-৮৭ ) ও মুঘল সাম্রাজ্য ভুক্ত হয় শেষ সুলতান মুঘলদের নিকট বন্দী থাকেন ও তদবস্থায় তাঁহার মৃত্যু হয় ( ১৭০৩ )।

**গোল্ড কোস্ট** ( Gold Coast ): প. আফ্রিকার

ব্রিটিশ খাস কলোনী। এখানকার নদীতে মধ্যযুগে স্বর্ণচূর পাওয়া যাইত বলিয়া এই নাম। অতলান্তিক মহাসাগরের গিনী উপসাগর তীরে প্রায় ৩৩৪ মা দীর্ঘ দেশ ফরাসী আইভরি কোস্ট ও টোগোলন্ডের মধ্যে অবস্থিত। খাস গো. কোস্ট-এর আ. ২৪,০০০ ব মা ; জন. ১০'৭৭ লক্ষ। অশান্টি, নর্দার্ণ টেরিটরি ও টোগোলন্ড এই কলোনির সহিত যুক্ত। ১৯৫১ হইতে এখানে বহুল পরিমাণে স্বায়ত্তশাসন প্রবর্তিত হইয়াছে ; গবর্নর প্রভৃতি উচ্চতর কর্মচারীরা ইংরেজ ; প্রধান মন্ত্রী নিগ্রো। ব্যবস্থাপক সভায় ৭৫ সভ্য। সংলগ্ন প্রদেশ তিনটির প্রতিনিধি এই সভায় আছেন। প্র. মন্ত্রী ব্যবস্থাপক সভার অনুমোদনে গবর্নর কর্তৃক মনোনীত হন। গবর্নরের অনুপস্থিতিতে প্রধান মন্ত্রী ক্যাবিনেটের সভাপতি।…রাজধানী আক্রা (দ্র.)। এখানে বৃহৎ বাণিজ্যিক বিমান বন্দর আছে। …দেশের প্রধান উৎপন্ন কোকো, স্বর্ণ, হীরক, ম্যাঙ্গানিজ, কাঠ ; এসবই রপ্তানি হয়। … শিক্ষায় গো. কোস্ট অগ্রসর হইতেছে ; কুমাসি (Kumasi) শহরে টেকনিক্যাল কলেজ, ইউনিভার্সিটি কলেজ, শিক্ষক-শিক্ষণ কলেজ প্রভৃতি আছে। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষালয়ে বহু সহস্র ছাত্রছাত্রী পড়িতেছে। রাজ্যের আয় ৪'২৫ কোটি পা. ; পুলিশ খাতে ১০'২৫ লক্ষ পা., শিক্ষা ও জনকল্যাণে ৩৮'৫৬ লক্ষ পা, চিকিৎসার জন্য ১৭'১৮ লক্ষ পা. ব্যয়িত হয়। … ১৫ শতকে পোর্তুগীজ, ১৬ শতকে ডাচরা এই অঞ্চলে দাস সংগ্রহের জন্য আসে। উপকূলে নিগ্রো দাসদের বন্দী করিয়া আনিয়া দীর্ঘকাল জাহাজের বা ক্রেতার জন্য অপেক্ষা করিতে হইত ; সেই সময়ে বন্দী দাসদের খাইতে দিতে হইত। সেইজন্য তাহারা কলা, ভুট্টা, নারিকেল প্রভৃতির চাষ প্রবর্তন করে। ১৬৪২-এ পোর্তু. এই দেশ ত্যাগ করে। ১৮২১ ব্রিটিশ সরকার প্রত্যক্ষভাবে শাসনভার গ্রহণ করে। ১৮৭২-এ ডাচরা এই অঞ্চল ত্যাগ করে। … অশান্টি প্রদেশের আ. ২৪,৩৭৯ ব মা ; জন. ৯,২৩,৬৭২। প্রধান শহর কুমাসি। … নর্দার্ন টেরিটরির আ. ৩০,৪৯৬ ব মা। জন. ১০,৭৬,৬৯৬ ('৪৮)। এখানকার নিগ্রোরা অধিকাংশই মুসলমান। গোল্ড কোস্টের লোকের মধ্যে খ্রীস্টানের সংখ্যা অধিক।

**গোলডেন গেট** ( Golden Gate ) : মার্কিন রাজ্যের সানফ্রান্সিস্কো উপসাগর ও প্রশান্ত মহাসাগরের মধ্যস্থিত ২ মা প্রশস্ত প্রণালীর নাম ; ১৮৪৫-এ এই অঞ্চলে স্বর্ণসন্ধানীদের ভিড় আরম্ভ হয়। সেই স্মৃতি হইতে প্রণালীর নাম। এইখানে পৃথিবীর সর্ববৃহৎ ঝুলানো সেতু ( ৪,২০০ ফুট ) আছে ; ১৯৩৩-৩৭-এর মধ্যে উহা নির্মিত হয়।

**গোলা গোকরননাথ** ( Gola Gokarannath ) : উত্তর প্রদেশ ; খীরী জেলার শহর ; ঘর্ঘরা নদীতীরে, গোরখপুর হইতে ২৮ মা দক্ষিণে অবস্থিত ; ইহার অন্যনাম গোলা বাজার, গোল উরফ্ মাদরি। চাউল, গম, তৈলবীজের বাজার। লখনউ-বরেলী মি. রেলপথের স্টে. ( ১০৫ মা )। জন. ১০,৫৮৬। স্টেট ব্যাংক।

**গোলাঘাট** ( Golaghat ) : আসাম ; শিবসাগর জেলার শহর। ব্রহ্মপুত্রের শাখানদীর উপর ও জোড়হাট হইতে ২৩ মা দ.-পশ্চিমে অবস্থিত। চা ও অন্যান্য শস্যের বাজার। শহরের নিকটে বহু চা-বাগিচা আছে। পাণ্ডু-লামডিং-ফারকাটিং-( ২০৪ মা )-মরিয়ানী রেলপথের স্টেশন ( ৫ মা )। জন. ৮,২২৩। আসাম কো-অপ. আপেক্স ও ইউনা. মার্কেণ্টাইল ব্যাংক।

**গোলোক গঞ্জ, গোলক গঞ্জ** (Golakganj) : আসাম, গোয়ালপাড়া জেলার ধুবড়ি মহ.র থানা ; আ. ১৮৩ ব মা ; জন. ৮৯,২৪৫ ( মুসলমান ৫৩,৪০৮ )। …শহর, গঙ্গাধর ( সঙ্কোশ ) নদীর তীরে, পার্বতীপুর হইতে ৭৬ মা ও ধুবড়ির ১১ মা উ.-পশ্চিমে। মনিহারী-পাণ্ডু রেলপথের ফকিরগ্রাম জং. ( ২৯৬ মা ) হইতে শাখা রেলপথ গোলকগঞ্জ (৩০ মা) হইয়া ধুবড়ি (৪২ মা) গিয়াছে। পার্বতীপুরে বদল করিয়া কলিকাতা হইতে ছিল ৩১২ মা ; এখন সেই স্থানে পাণ্ডু ঘুরিয়া ৫৪১ মা।

**গোল্লাপরলু** ( Gollaprolu ) : অন্ধ্ররাজ্য ; পূ. গোদাবরী জেলার শহর ; ওয়ালটেয়ার হইতে ৮২ মা, পিঠাপুরের আগের স্টেশন। জন. ১২,১৩৬। অন্ধ্র ব্যাংক।

**গোঁসাইথান** ( Gosainthan ) : তিব্বতের অন্তর্গত

হিমালয় পর্বতের শিখর (২৬,৩০৫ ফুট); এভারেস্টের পশ্চিমে ও গৌরীশঙ্করের উ.-পশ্চিমে অবস্থিত। তিব্বতী ভাষায় শিস পংগমা (Shisha Pangma)। ১৯৫০ পর্যন্ত এই পর্বতের শিখর দুরারোহ ছিল।

**গোঁসাইগঞ্জ** (Gosainganj): উত্তর প্রদেশ; ফয়জাবাদ জেলার শহর, ফ. হইতে ২০ মা দ.-পূর্বে; শস্যের বাজার। জন. প্রায় ৩ হা.। এইনামে লখনউ জেলায় একটি শহর আছে।

**গোঁসাইকুণ্ড** (Gosainkund): নেপালের গ্রাম; গুরখা শহর হইতে ৪৫ মা উ.-পূর্বে এবং গোঁসাইথান গিরিশৃঙ্গ হইতে ৩৫ মা দ.-পূর্বে অবস্থিত হিন্দুতীর্থ; প্রায় ২০টি কুণ্ড আছে।

**গোঁসাইরহাট** (Gossairhat): ফরিদপুর জেলা; মাদারিপুর মহ.র থানা; আ ৫৮ ব মা; গ্রাম, ডাকঘর।

**গোসাবা** (Gosaba): ২৪-পরগনা জেলা; বসিরহাট মহ.র সন্দেশখালি থানার অন্তর্গত গ্রাম। ক্যানিং টাউন হইতে নৌকা বা মোটরলঞ্চে গোসাবা যাওয়া যায়। এখানে স্যর ডানিয়েল হ্যামিল্টনের জমিদারী ছিল। চাষ আবাদ প্রবর্তনের জন্য স্যর ডানিয়েল বঙ্গীয় গবর্নমেণ্টের নিকট হইতে বহু জমি গ্রহণ করিয়া গোসাবায় আদর্শ কৃষি উপনিবেশ ও বিদ্যালয় স্থাপন করেন (১৯৩৮)। ভদ্র ও বেকার যুবকগণকে অতি সুলভে বাসস্থান ও কৃষিকার্যের উপযোগী জমি বিলির ব্যবস্থা করিয়া দেন। সাধারণ শিক্ষার সহিত হাতে-কলমে কৃষি শিক্ষা দেওয়া হয়।

**গোহিলওয়াড** (Gohilwad): সৌরাষ্ট্রের বিভাগ: ভাবনগর, তলজা-মুহুবা, পলিতানা, কান্দলা উপবিভাগ লইয়া গঠিত। আ. ৪,৬৭৫ ব মা; জন. ১০,২০,১৩০। গ্রাম ১০৩৩, শহর ১৭।

**গৌড়** (Gaur): প্রাচীন বঙ্গের দেশ ও পরে রাজ্য। মধ্যযুগে তুর্কী মুসলমানদের রাজধানী। মালদহ জেলায় গঙ্গার পুরাতন খাড়ির তীরে অবস্থিত, প্রায় ৪ ক্রোশ লম্বা ও ১ ক্রোশ প্রস্থ স্থানে খাস গৌড়ের ও ১০-১৫ ক্রোশ জুড়িয়া শহরতলীর ধ্বংসাবশেষ দেখা যায়। বর্তমানে প্রাচীন গৌড়ের কিয়দংশ পূর্ব-পাকিস্তান সীমানার মধ্যে পড়িয়াছে।...গঙ্গার তীরে হিন্দুযুগে এখানে নগর ছিল বলিয়া মনে হয়। তখন গঙ্গার খাত গৌড়ের পূর্ববাহিনী ছিল। রাজা লক্ষ্মণসেনের নামে লক্ষ্মণাবতী বা লখনৌতি অংশ পরিচিত ছিল (১২ শতক)।...তিন শত বৎসর পরে গৌড় তুর্কী মুসলমান-দের রাজধানী হয়। ১৪ শতকে পাণ্ডুয়া (দ্র.) নামক স্থানে ফিরোজাবাদ নাম দিয়া নূতন রাজধানী নির্মিত হয়। কিন্তু ৭০ বৎসর পরে জেলালউদ্দিন মামুদ শাহ পুনরায় গৌড়ে ফিরিয়া আসেন। ১৫৩৩-এ শের শাহ বঙ্গদেশ জয় করিয়া তাণ্ডা (দ্র.) নামক স্থানে নয়া রাজধানী পত্তন করেন; কারণ গঙ্গা নদী সরিয়া যাইতেছিল। তাণ্ডাও কালে নদীগর্ভে গিয়াছে।

গৌড় এবং পাণ্ডুয়া ১৬ শতক হইতে পরিত্যক্ত। ...১৮ শতকে মালদহে ইংরেজরা কুঠি (ইংরেজ বাজার) স্থাপন কালে গৌড়ের ঘর বাড়ি ভাঙিয়া শহর গড়ে; এমন কি ইট পাথর মুর্শিদাবাদে নৌকায় করিয়া আনা হইত। এখন গৌড় প্রায় পাথরশূন্য। মুসলমান যুগের প্রাসাদ, কবর, মসজিদাদির অনেক কিছু মাল-মশলা পুরাতন হিন্দু, বৌদ্ধ, জৈন মন্দির ভাঙিয়া সংগৃহীত।...গৌড় রাজধানীর চারি পার্শ্বে যে বিশাল শহরতলী গড়িয়া উঠিয়াছিল সেখানে বহু দর্শনীয় স্থান আছে; বিশেষত বৈষ্ণব ধর্মের রূপ, সনাতন প্রভৃতির বহু কীর্তি ও কিংবদন্তী এখনো বিদ্যমান।

যেসব সৌধ ও মসজিদ স্থাপত্য-সৌন্দর্যের জন্য এখনো দর্শনীয় তাহাদের তালিকা: তাঁতিপাড়া মসজিদ (নির্মিত ১৪৭৫ খ্রী. অ.), চামকাটি বা চীমখান (১৪৭৫); দরাস বাড়ি ও লোটন মসজিদ (১৪৮০), গুণমন্ত (১৪৮৪), ছোট সোনা মসজিদ (১৫১০), বড় সোনা মসজিদ (১৫২৬), কদমরসুল (১৫৩০); চিকা মসজিদ; ফিরোজ মিনার প্রভৃতি। পাণ্ডুয়ার আদিনা মসজিদের (দ্র.) ন্যায় বৃহৎ উপাসনা-গৃহ ভারতে নাই।

গৌড় শব্দ উত্তর ভারতে ব্যাপকভাবে ব্যবহৃত হইত। এখনো সেখানে গৌড় ব্রাহ্মণ আছে। ক্রমে পূর্বভারতকেই বিশেষভাবে গৌড় বলা হয়। এতদঞ্চলের সংস্কৃত-রচনার রীতি অলঙ্কার শাস্ত্রে গৌড়ীরীতি নামে প্রসিদ্ধ। ওজঃ প্রকাশক বর্ণ দ্বারা পদরচনা ও সমাসের

বাহুল্যকে গৌড়ীয় রীতি বলে। বাংলা ভাষাকে গৌড়ীয় ভাষা বলা হইত। অন্যমতে পুণ্ড্রদেশের 'গুড়' বিখ্যাত ছিল, সেই 'গুড়ের' দেশকে গৌড় বলা হইত। খ্রীষ্টীয় ৬ শতক পর্যন্ত পুণ্ড্র রাজ্যের নাম পাওয়া যায়; গৌড়াধিপ, গৌড়েশ্বর প্রভৃতি শব্দ পালরাজাদের সম্বন্ধে ব্যবহৃত হইত, তবে সে প্রয়োগ দেশবাচক মনে হয়, নগরবাচক নহে।

**গৌরনদী** ( Gournadi ) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা। বরিশাল সদর মহ.র থানা, ফরিদপুরের সংলগ্ন। এই থানার অন্তর্গত কয়েকটি প্রসিদ্ধ গ্রাম—চাঁদসী, গৈলা, মাহিলারা, বাটাজোড়, মূলাদি।...এখানে ডাকঘর, তার, রেজি. অপিস (১৮৭৪), স্কুল আছে। এই থানার হিন্দু-মুসলমান জনসংখ্যা সমান ছিল। গ্রাম, বরিশাল-তারপাশা স্টীমার পথের ( ৩৭ মা ) স্টেশন।

**গৌরাঙ্গদি** (Gourangdi) : বর্ধমান জেলা ; আসানসোল মহকুমা, জামুরিয়া থানার কয়লা অঞ্চলের শহর। অন্ডাল জং হইতে গৌরাঙ্গদি পর্যন্ত শাখা রেলপথ আছে ( ২৪ মা )।

**গৌরীপুর** (Gouripur) : আসাম ; গোয়ালপাড়া জেলার বাণিজ্য কেন্দ্র, গঙ্গাধর ( সঙ্কোশ ) নদীতীরে অবস্থিত ধুবড়ি-গোলোকগঞ্জ রেল শাখার স্টেশন ( ৪ মা )। এখানকার 'রাজা' আসামের শ্রেষ্ঠ জমিদার ছিলেন ; তাঁহাদের 'মতিয়া বাগ' নামে প্রাসাদ দর্শনীয়। সেখানে শের শাহের একটি কামান আছে ; উহা কনস্টান্টিনোপলের কারিগর কর্তৃক নির্মিত। ...জন. ৭,৬৫০।

**গৌরীপুর** ( Gouripur ) : পূ-পাক. ; ময়মনসিংহ জেলার সদর মহকুমার অন্তর্গত গ্রাম, ই. বি রেলের জং. স্টেশন, ময়মনসিংহ হইতে ২২ মা। এখানকার জমিদার দানবীর ব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী।

**গৌরীপুর** ( Gouripur ) : ২৪-পরগণার নৈহাটির শহরতলী। গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি বাষ্পযন্ত্রযোগে বিজলি উৎপাদন করে ও নিকটস্থ বহু মিল ও কারখানায় আলো এবং শক্তি সরবরাহ করে। ৪৭,০০০ কি. ও. বিজলি উৎপন্ন হয়। গঙ্গার উভয় পারে প্রায় ৪০ ব মা. স্থানে বিজলি সরবরাহ হয়।

**গৌরীশঙ্কর** ( Gaurisankar ) : হিমালয়ের পর্বতশৃঙ্গ ; ২৩,৪৪০ ফু. উচ্চ। এভারেস্টের ৩৫ মা পশ্চিমে নেপাল-তিব্বতের অমীমাংসিত সীমান্তে অবস্থিত।

**গৌরীহর** ( Gaurihar ) : মধ্যভারতের বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। আ. ৭২ ব মা ; জন ১০,৫৮১। গ্রাম, পান্না হইতে ৩৯ মা উত্তরে।

**গৌহাটি** ( Gauhati ) : আসাম ; কামরূপ জেলার মহকুমা, থানা ও শহর। ... শহর ব্রহ্মপুত্র নদের বামতটে, পাণ্ডুঘাট স্টেশন হইতে ৫ মা। ... মহকুমার আ. ২,৫৯০ ব মা ; জন. ৯,৫০,৯৬৯। ... ৯টি থানা : বরমা, রঙ্গিয়া, নলবাড়ি, হাজো, কমলপুর, গৌহাটি, পলাশবাড়ি, ছায়গাঁও, বোকো। ... গৌহাটি থানার আ. ৩০৭ ব মা ; জন. ১,২৫,১০১। ... শহরের জন. ৪৩,৬১৫। বিশ বৎসরে চারিগুণ বৃদ্ধি পাইয়াছে। ... শহরে ৮ ব্যাংক : আসাম ব্যাংক, আ কো-অপ., গৌহাটি, স্টেট, ইউনা., ইউনা. কমার্স. প্রভৃতি। ... গৌহাটির নিকট কামাখ্যা তীর্থ। ব্রহ্মপুত্র নদের মধ্যে উমানন্দ পাহাড়ের উপর এক মন্দির আছে। নদী এখানে অতি খরস্রোতা এবং প্রায়ই নৌকা দুর্ঘটনা হয়। ...নদীর অপর পারে প্রাচীন অহোমদের নগরের ধ্বংসাবশেষ দৃষ্ট হয়। ...স্থানীয় কটন কলেজকে কেন্দ্র করিয়া গৌহাটি বিশ্ববিদ্যালয় গঠিত হইয়াছে (১৯৪৮)। ২১ কলেজ ইহার সহিত সংশ্লিষ্ট (affiliated)। রেডিও স্টেশন আছে। কলিকাতা ( দমদম ) হইতে গৌহাটি পর্যন্ত বিমান সার্ভিস (৩১০ মা) চলিতেছে। এখান হইতে জোড়হাট ( ১৭১ মা ), মোহনবাড়ি ( ২৪৫ মা ), শিলচর ( ১১৭ মা ), তেজপুর ( ৮৬ মা ) ও আগরতলা ( ১৫৫ মা ) পর্যন্ত এয়ার-সার্ভিস আছে। ...কলিকাতা হইতে বিমানে ২ ঘণ্টা সময় লাগে। রেলপথে ৩ দিন।

**গ্রাজ** ( Graz ) : অস্ট্রিয়ার দ্বিতীয় বৃহৎ নগর ; অতি মনোরম প্রাকৃতিক দৃশ্যের মধ্যে অবস্থিত। বিশ্ববিদ্যালয় (১৫৮৬), টেকনিকাল স্কুল, মিউজিয়াম ও বহু মধ্যযুগীয় ইমারত আছে। বর্তমানে বহু প্রকার শিল্পের কেন্দ্র। জন. ২·২৬ লক্ষ।

**গ্রানচাকো** ( Granchako ) : দ. আমেরিকা ; বলিবিয়া,

পারাগুয়ে ও আর্জেনটাইনা রাষ্ট্রত্রয়ের মধ্যস্থিত উপত্যকা। বলিবিয়া ও পারাগুয়ে এই উপত্যকার জন্য দীর্ঘকাল যুদ্ধ করে (১৯৩২-৩৫)। লীগ্ অব্ নেশনস কাহাকেও যুদ্ধনিবৃত্ত করিতে পারে নাই; কারণ একই মার্কিন কোম্পানি উভয় রাষ্ট্রকে যুগপৎ যুদ্ধোপকরণ সরবরাহ করিতেছিল।

**গ্রান্ড কানিয়ন** (Grand Canyon): আমেরিকা-যুক্তরাষ্ট্রের আরিজোনা স্টেটের মধ্য দিয়া প্রবাহিত কলোরেডো নদীর ২১৭ মা দীর্ঘ স্বভাব-সুশোভিত খদ। খদ কোথাও এক মাইল পর্যন্ত গভীর; ৪ হইতে ১৮ মা প্রশস্ত। প্রাকৃতিক দৃশ্য মনোরম। ১৯১৯-এ প্রায় এক হাজার বর্গ মাইল স্থান লইয়া জাতীয় পার্ক স্থাপিত হইয়াছে। পর্যটকদের জন্য বহুবিধ ব্যবস্থা আছে।

**গ্রান্ড কেনাল** (Grand Canal): চীন দেশের নাব্য খাল। চীনা নাম য়ু-হো (Yu-ho) বা রাজকীয় নদী এবং য়ুন-হো (Yun-ho) বা পরিবাহিনী নদী। এই প্রাচীন খাল প্রায় ১০০০ মা দীর্ঘ; হানচৌ হইতে উত্তরে তিয়েন-সিন (Tientsin) পর্যন্ত লম্বমান; এই খাল হোয়াং হো ও ইয়াংসি নদীদ্বয়কে যোগযুক্ত করিয়াছিল। খ্রী. পূ. ৪৮৬ অব্দে ইহা প্রথম কাটা হয়। ১৩ শতকে কুবলাই খাঁ ইহা বহুদূর বাড়াইয়াছিলেন। বর্তমানে ইহার প্রয়োজনীয়তা হ্রাস পাইয়াছে।

**গ্রামপিয়ান্স** (Grampians): স্কটলন্ডের হাইলন্ড পর্বত মালার সাধারণ নাম।

**গ্রাসমীয়ার** (Grasmere): ইংলন্ডের লেক ডিস্ট্রিক্ট-এর গ্রাম। এখানকার চার্চ প্রাঙ্গণে ইংরেজ কবি ওয়ার্ডস্‌-ওয়ার্থ, তাঁহার ভগ্নী ডোরোথি ও সাহিত্যিক কোল-রীজের কবর আছে। নিকটস্থ Dove Cottage-এ W-Museum আছে। গ্রা. হ্রদ নিকটেই।

**গ্রিমালডি** (Grimaldi) ইতালীর উ.-পশ্চিমে লিগুরিয়া প্রদেশের গ্রাম; এখানকার গুহায় ১৮৭২-অব্দে প্রাচীন প্রস্তর যুগের নরকঙ্কাল আবিষ্কৃত হয়; এই কঙ্কাল নিগ্রোদ্ভব; পণ্ডিতদের অনুমান যে কোন আদিযুগে দক্ষিণ হইতে নিগ্রোদ্ভব কোনো উপজাতীয় লোক ইতালীর মধ্যে প্রবেশ করিয়াছিল।



|(Greenland): উত্তর আমেরিকার উ.-পূর্বদিকে অতলান্তিক মহাসাগরের পৃথিবীর বৃহত্তম দ্বীপ। দেশের অধিকাংশ তুষারাবৃত। ৮·২৫ লক্ষ ব মা ক্ষেত্রফলের • ৫০ হাজার ব মা মাত্র তুষারশূন্য। এই দ্বীপ ১৬০০ মা দীর্ঘ ও ৭০০ মা প্রস্থ। অধিবাসীরা এস্কিমো (২২ হা.); ডেন্ মাত্র ৪৫০। রাজধানী গড্‌হাভেন (Godhavan)। তিমি মাছ ধরা ডেনদের একচেটিয়া অধিকার। ... ১০ শতকে নর্স (Norse)-রা এই দ্বীপ আবিষ্কার করে; কিন্তু ১৪০০ অব্দে অতি শীতের জন্য দ্বীপ ত্যাগ করিতে বাধ্য হয়। এই তুষারাবৃত দ্বীপের মধ্যভাগে প্রবেশের চেষ্টা চলিতেছে। ...ডেন্‌মার্কের কলোনী হইলেও ১৯৫১ এপ্রিলে এই দ্বীপের সাধারণ রক্ষা ও নিরাপত্তার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের সহিত সন্ধি হয়। দ্বীপে নানা খনিজের সন্ধান মিলিতেছে। ক্রিওলাইট (Cryolite) নামে যে খনিজ আলুমিনিয়াম নিষ্কাষণের জন্য অতি আবশ্যিক, তাহার একমাত্র সরবরাহক গ্রীনলন্ড। এছাড়া বিশাল সীসক খনি আবিষ্কৃত হইয়াছে।

**গ্রীনউইচ** (Greenwich): লন্ডনের দ.-পূর্ব উপকণ্ঠের পল্লী; টেমস নদীর দক্ষিণ তীরে। এইখানে গ্রী. পার্কে রয়াল অবসারভেটরি ছিল (১৬৭৫—১৯৫০); এখান হইতেই সময় নির্ধারিত হইত (Greenwich Meridian Time, GMT)। লন্ডন মহানগরীর উন্নতির ফলে এবং চতুষ্পার্শ্বের প্রখর আলোয় রাত্রি কালে ছবি তোলার অসুবিধা ঘটায় মানমন্দিরকে স্থানান্তরিত করা হয়। ইহা এখন সাসেক্সের (Sussex) হারস্টমনস্যু (Herstmonceux) গ্রামে (ঈস্টবোর্ণ-এর নিকট) একটি প্রাচীন দুর্গের (১৪৪০ খ্রী. অ.) মধ্যে স্থাপিত হইয়াছে। চারিদিকে ৩৭০ একর স্থান; মানমন্দিরের বিবিধ উন্নয়ন চলিতেছে।

**গ্রীস** (Greece: Vasilion tis Ellados বা Kingdom of Hellas): ইউরোপের বলকান উপদ্বীপের রাজ্য। উত্তরে আলবেনিয়া, যুগোস্লাভিয়া ও বুলগেরিয়া; অপর তিনদিকে ভূমধ্যসাগর; উত্তর-পূর্বদিকে তুরস্ক। ঈজিয়ান ও আইওনিয়ান সাগরে কতকগুলি ক্ষুদ্র দ্বীপ ও ভূমধ্য-সাগর মধ্যে ক্রীট দ্বীপ সমেত আ. ৫১,২৪৬ ব মা।

ইহার মধ্যে দ্বীপগুলি প্রায় এক চতুর্থাংশ ; গ্রীকের জন. ৭৬'০৪ লক্ষ ( '৫১ )। ...এই দেশের নাম হেলাস বা Hellas 'গ্রীক্' শব্দ রোমানদের দ্বারা ব্যবহৃত হইত। ইতালির দক্ষিণস্থ গ্রীক্‌গণকে রোমানরা 'গ্রেক' বা 'উপনিবেশিক' বলিত। গ্রীস প্রাচীন সভ্যজগতের অন্যতম দেশ। প্রাচীন গ্রীক সভ্যতা ও সংস্কৃতির প্রভাব সমস্ত ইউরোপে ও পাশ্চাত্য জগতে এখনো বিদ্যমান। ...এখানকার আদিমতম সভ্যতার নাম ঈজিয়ান (দ্র.) ; ইহা প্রাক-হেলেনিক যুগের অন্তর্গত পর্ব। ...গ্রীসের ইতিহাসকে ৪ ভাগে ভাগ করা হয় : (১) প্রাচীন যুগ—খ্রী. পূ. ১০ শতক হইতে খ্রী. অ. ৪ শতক পর্যন্ত যখন গ্রীস ও উহার উপনিবেশসমূহ রোমান সাম্রাজ্য অন্তর্গত হইল। (২) মধ্যযুগ—৩৯৫-১৪৬০—বৈজয়ন্তীয়ম গ্রীক সাম্রাজ্যের যুগ। (৩) বর্তমান যুগ—১৪৬০-এ তুর্কীরা গ্রীস অধিকার করে ও সেই সময় হইতে ১৮২২ পর্যন্ত তুর্কী সাম্রাজ্য অন্তর্গত। (৪) আধুনিক যুগ—১৮২২ হইতে আজ পর্যন্ত।...ব্রিটেন, ফ্রান্স ও রুশিয়ার সাহায্যে গ্রীস তুর্কী আধিপত্য হইতে স্বাধীনতা লাভ করে। ১৮৩৫-এ বাভেরিয়ার প্রিন্স অটো (Otto)-কে রাজা করিয়া দেওয়া হয়। কিন্তু আভ্যন্তরীন বিপ্লবে তিনি সিংহাসনচ্যুত হন। তখন রাজা হইলেন ডেন্‌মার্কের প্রিন্স উইলিয়াম বা প্রথম জর্জ ; ইনিও জারমান। বলকান যুদ্ধে ( ১৯১২-১৩ )-র পর গ্রীসের রাজ্য বৃদ্ধি হয়। ১ম মহাযুদ্ধের সময় গ্রীসের রাজা নিরপেক্ষ থাকেন ; কিন্তু ইংরেজের চাপে ও গ্রীক্ মন্ত্রী ভেনিজেলিসের চেষ্টায় গ্রীস মিত্রপক্ষ অবলম্বন করিতে বাধ্য হয়। যুদ্ধ শেষে বিতাড়িত রাজা ফিরিয়া আসেন ( ১৯২০ ) ; কিন্তু কয়েক বৎসরের মধ্যে দেশে রিপাবলিকতন্ত্র ঘোষিত হয় (১৯২৪)। গৃহবিবাদের ফলে রিপাবলিকতন্ত্র টিকিল না ও অবশেষে ১৯৩৫-এ রাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হইল। ...২য় মহাযুদ্ধের সময় গ্রীস্ জারমানদের দ্বারা অধিকৃত হয় (১৯৪১ এপ্রিল)। মিত্রশক্তির—প্রধানত ব্রিটিশ ও আমেরিকান সৈন্যের—সাহায্যে ১৯৪৪-এ গ্রীস স্বাধীন হইল। কিন্তু ইহার পর রাজকীয়দল ও কম্যুনিস্ট দলের মধ্যে দীর্ঘকাল রক্তারক্তি চলে। ইংরেজরা এই গৃহযুদ্ধে অংশ গ্রহণ করায় অবস্থা অত্যন্ত জটিল হইয়াছে। বর্তমানে রাজা পল (Paul) নামে-মাত্র রাজা ; প্রধান মন্ত্রী ও ক্যাবিনেটই যথার্থ শাসনকার্য চালাইতেছেন। সোবিয়েতের বিরুদ্ধে বলকানকে সুদৃঢ় করিবার জন্য মার্কিন সরকার খুবই চেষ্টান্বিত।

অধুনা গ্রীসে শিক্ষা (প্রাথমিক) আবশ্যিক হইয়াছে। শিশু ও প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ১০ লক্ষ ছাত্র ; অন্যান্য শ্রেণীর স্কুলে ২০৭ লক্ষ ছাত্র। আথেন্স ও থেসোলোনিকায় ২টি বিশ্ববিদ্যালয়। এ ছাড়া টেক্‌নিক্যাল, আর্ট প্রভৃতির বিদ্যায়তন আছে।...গ্রীসের প্রত্নতত্ত্ব বিভাগ শিক্ষামন্ত্রীর তত্ত্বাবধানে। রাজ্যে রণশিক্ষা আবশ্যিক। মোট রাজস্বের ৪০.৬% সমর-বিভাগে ব্যয়িত হয়। ...গ্রীসকে খাদ্যশস্য আমদানি করিতে হয়। রপ্তানির মধ্যে খনিজ পদার্থ, ফল ( মনাক্কা, কিসমিস, আঙুর ), তামাক। ... রাজ্যের মধ্যস্থলে কোরিন্থ যোজকে খাল কাটা হওয়ায় ( ১৮৯৯ ) বাণিজ্যের সুবিধা হইয়াছে। ...রাজধানী আথেন্স। পিরিয়ুস (Piraeus) বন্দর ( জন. ২ লক্ষ ) আথেন্স হইতে ৪ মা দূরে অবস্থিত।

**গ্রেট ইন্‌ডিয়ান পেনিনসুলার রেলওয়ে** ( Great Indian Peninsular Railway—G. I. P. Ry.) : বোম্বাই-নাগপুর অঞ্চলের রেলপথ। ১৮৫৩ সালে এই রেলপথ খোলা হয়। ১৯৫১-এ সেন্ট্রাল রেলওয়ে জোন অন্তর্গত হয়। দৈর্ঘ্য ৩,৬১৭ মা। [ ব্রড গেজ—৩৪০ মা ; মি. গেজ ২০১ মা ]। মূলধন ১৩৯'৬৭ কোটি টাকা ; মোট আয় ৪৪'২৬ কোটি। নিট আয় ১১'৭০ কোটি। যাত্রী ২২,৩৭,৪৫,১৫৬।

**গ্রেট ব্রিটেন** ( Great Britain ) : ফ্রান্সের ব্রিটানি নামে প্রদেশ থাকায়, পাছে নামের গোলযোগ হয়, সেই জন্য ১৬০৪-এ ব্রিটিশ পার্লামেন্টে স্থির হয় যে অতঃপর ইংলন্‌ড, ওয়েল্‌স ও স্কটলন্‌ড রাজ্যত্রয়-গ্রেট ব্রিটেন নামে অভিহিত হইবে। এই বৎসর স্ক.-এর রাজা ষষ্ঠ জেমস্ ইংলনডের ১ম জেমসরূপে রাজা হইলেন ; সেই হইতে গ্রেট ব্রিটেনের এক রাজা। ১৭০৭ হইতে এক পার্লামেন্ট। ( দ্র. ব্রিটিশ কমনওএলথ )।

**গ্রেট বেয়ার লেক** ( Great Bear Lake ) : উ. আমেরিকা ; কানাডার উ.-প. প্রান্তে মেরুমণ্ডলে অবস্থিত বৃহৎ হ্রদ ( ১২,০০০ ব মা )। তীরে রৌপ্য, তাম্র, পীচ্‌ব্লেনড খনি আছে ; পৃথিবীর উৎপন্ন রেডিয়ামের অধিকাংশ এখানে পাওয়া যায়। ইউ-রেনিয়াম প্রচুর।

**গ্রেনেডা** ( Grenada ) : ব্রিটিশ প. ইন্‌ডিসের উইন্‌ড-ওয়ার্ড দ্বীপালির অন্তর্গত কলোনী। আ. ১৩৩ ব মা। জন. ৮২,০০০। রাজধানী সেণ্ট-জর্জেস। কোকো ও কাঠ বাদামের চাষ-জমি মোট চাষ-জমির বারোআনি। ১৭৬২ ব্রিটিশ অধিকৃত। গবর্নর ও ছোট এক ব্যবস্থাপক সভার উপর শাসনভার ন্যস্ত। স্ট্যা. ১৮৬১।

**গ্রেনাডাইন** ( Grenadine ) : দ্র. উইনডওয়ার্ড দ্বীপালি ( Windward Islands )।

**গ্রেহামলন্‌ড** ( Grahamland ) : আনটারকটিকা মহাদেশের অংশ ; ব্রিটিশ অধিকৃত ফকলন্‌ড দ্বীপ-পুঞ্জের শাসনাধীন। ১৮২০ প্রথম আবিষ্কৃত ; ১৮৩২ জন্ বিস্‌কো কর্তৃক নাম করণ হয়। ১৯৩৪-৩৭ Rymill অভিযানের ফলে দেশের অভ্যন্তর সম্বন্ধে বহু তথ্য জানা যায়।

**গ্রোজনী**( Grozny ) সেবিয়েত রুশ ; উত্তর ককেসাসের নগর ; পেট্রোলিয়াম শিল্পের কেন্দ্র। নিকটস্থ তৈল সংগৃহীত হইয়া পাইপ-লাইন দ্বারা কাস্পিয়ান হ্রদ-তীরস্থ মথাচাকলা, আজভ উপসাগর তীরস্থ রস্টভ ও কৃষ্ণ সাগর তীরস্থ তুআপসে ( Tuapse ) আনীত হয়।…জন. ৬ লক্ষ। বাকু, মাইকাপ ও গ্রোজনী এলাকায় সোবিয়েত রাষ্ট্রের ৮৫% পেট্রোল উৎপন্ন হয়।

**গ্লাসগো** ( Glassgow ) : স্কটলন্‌ডের বৃহত্তম ও গ্রেট ব্রিটেনের ৩য় নগর। বিশ্ববিদ্যালয় ( ১৪৫০-৫১ ) ও বহু প্রকার শিল্পের কেন্দ্র। ইন্‌জিনীয়ারিং ও ভারি শিল্পের জন্য খ্যাত।…জন. ১১ লক্ষ।

**ঘাঘরা** ( Ghargra, Gogra ) : উত্তর প্রদেশের নদী ; গঙ্গার বামতটে পড়িতেছে। তিব্বতে রাক্ষস হ্রদের পশ্চিমে হিমালয়ে উঠিয়া নেপালের মধ্য দিয়া আসিয়া ভারতে প্রবেশ করিতেছে ; উত্তর প্রদেশের খেরী, বহরৈচ, গোন্‌ডা, বড়বাঁকি, বস্তি, ফয়জাবাদ, গোরখপুর, বালিয়া প্রভৃতি জেলার মধ্য দিয়া আসিয়া বিহারে ছাপরার নিকট গঙ্গায় মিশিয়াছে ; দৈর্ঘ্য ৬৪০ মা। সঙ্গমের অপর দিকে অদূরে শোন নদী। ঘাঘরার নিম্নভাগ অযোধ্যা পর্যন্ত স্টীমার নাব্য।

**ঘাগগর** ( Ghaggar ) : উত্তর পশ্চিম ভারতের নদী। শতদ্রু ও যমুনার মধ্যে শিবালিক পর্বতমালা হইতে বহু জলধারা মিলিত হইয়া এই নদী গঠিত ; কিন্তু রাজপুতনার মরুভূমির মধ্যে লুপ্ত। ইহা প্রাচীন সরস্বতী—উপরিভাগে বহু সর (হ্রদ) ছিল এক সময়ে। …বর্তমানে উৎপত্তিস্থল হইতে বর্ষাকালে প্রায় ২৯০ মা হনুমানগড় পর্যন্ত জল নামিয়া আসে ; বিকানীরের উত্তরাংশের সামান্য অংশ প্লাবিতও হয়। বহবলপুর রাজ্য-মধ্যে প্রাচীন ধারা ভালভাবেই এক সময়ে বহিত বলিয়া মনে হয়। …বিকানীর স্টেট ঘা. হইতে খাল খনন করিয়াছেন ; ফলে গমের চাষ প্রসার লাভ করিয়াছে, ও সেইসঙ্গে জনসংখ্যা ২০ বৎসরে দ্বিগুণ বৃদ্ধি পাইয়াছে।

**ঘাঘট নদী** : ( দ্র. বাঙালি নদী )

**ঘাট পর্বত** ( Ghats ) : ( দ্র. পূর্বঘাট, পশ্চিমঘাট )। ঘাট শব্দের অর্থ গিরিপথ, যেখান দিয়া লোকে নামা-উঠা করে।

**ঘাটপ্রভা** ( Ghataprabha river ) : দ. বোম্বাই-এর নদী ; পশ্চিমঘাট পর্বতে উঠিয়া গোকক, মুধোল, বাগালকোট হইয়া কৃষ্ণা নদীতে পড়িতেছে ( ১৪০মা )। গোকক হইতে ১৩½ মা উ.-পশ্চিমে জলপ্রপাত (১৮০′) বাঁধিয়া জলবিদ্যুৎ উৎপাদন ও জলসেচনের ব্যবস্থা হইয়াছে।

**ঘাটপ্রভা-উপত্যকা পরিকল্পনা** : বোম্বাই ; ঘাটপ্রভা ও ইহার উপনদী হিরণ্যকেশী নদীর উপর নির্মিত দুইটি জলাধার পরিকল্পনা। ইহা কার্যকরী করিতে ৩০ কোটি টাকা ব্যয় হইবে ও কাজ শেষ হইলে ১ লক্ষ একর জমি সেচ পাইবে। ( দ্র. গোকর্ণ )।

**ঘাটশিলা** ( Ghatsila ) : বিহার ; সিংহভূম জেলার ধলভূম মহ.র তহশীল ও থানা। থানার আ. ৪৭৪ ব মা; জন. ১,৩২,৮৯৮ ; ঘনতা ২৮১। শহরের অপর নাম

মুসাবনী। কলিকাতা-নাগপুর রেলপথের স্টেশন (১৩৩ মা), সুবর্ণরেখা নদীতীরে অবস্থিত। স্বাস্থ্যাবাস বলিয়া এখানে বহু বাঙালি ঘর-বাড়ি করিয়াছেন। পূর্বে ইহা ধলভূম রাজ্যের রাজধানী ছিল। এখানকার রঙ্কিনীদেবীর মন্দির-চত্বরে আশ্বিন মাসে বিন্দু-উৎসব নামে উৎসব হয়। সাঁওতালরা এই উৎসবের হোতা। একটি মহিষকে তীরে বিদ্ধ করিয়া হত্যা করাই এই উৎসবের প্রধান অঙ্গ।...জন. ৮,২১০।...৩ মা দূরে মৌ-ভাণ্ডারে তামার খনি ও কারখানা আছে।

**ঘাটাইল** ( Ghatail ): ময়মনসিংহ জেলার টাঙ্গাইল মহ.র থানা ; আ ১৬৮ ব মা।...গ্রাম, ডাকঘর।

**ঘাটাল** (Ghatal) মেদিনীপুর জেলার মহকুমা। আ. ৩৬৮ ব মা। জন. ৩,১১,৩৮২ ; ঘ. ৮৪৫।—থানার আ ৯০ ব মা ; জন. ৮৪,৮৭০ ; ঘ. ৯৪৩।—শহর শিলাই বা শিলাবতী নদীর তীরে; কোলাঘাটে নামিয়া রূপনারায়ণ নদী দিয়া এখানে পৌঁছানো যায়।...চন্দ্রকোনা রোড স্টেশন (১০ মা) হইতে মোটর পথে চন্দ্রকোনা, ক্ষীরপাই হইয়া ঘাটাল ২৮ মা ; রানীচক স্টীমারঘাট হইতে ১০ মা। সুতীর কাপড়, তসর, কাঁসা ও মাটির বাসনের জন্য প্রসিদ্ধ স্থান ; ঈ. ই. কোম্পানীর পর পর তিনজন বাণিজ্যিক রেসিডেন্ট ( Commercial Resident ) এখানে বাস করিয়াছিলেন। ডাচদেরও কুঠি ছিল ; সেই কুঠিবাড়ি এখন মহকুমার কাছারি।...জন. ১৬,১২৫। ডাক, টেলিগ্রাফ, রেজি. অপিস, স্কুল, কলেজ আছে।

**ঘিওর** ( Ghior ): ঢাকা জেলা ; মানিকগঞ্জ মহ.র থানা ; আ. ৫৯ ব মা।। ধলেশ্বরীর উপনদী-তীরে গ্রাম, ডাকঘর ; রেজি. অপিস ( ১৮৮৮ )।

**ঘুটিয়ারি শরীফ** (Ghutiyarisarif): ২৪ পরগনা জেলা ; কলিকাতা (বেলেঘাটা)-ক্যানিং রেলপথের স্টেশন ( ২০ মা ) ও গ্রাম ; এখানে পীর গাজী মোবারক আলি সাহেবের দরগাহ ও মসজিদ আছে। হিন্দু-মুসলমান ভক্তেরা এখানে শিরনি দেয়। আষাঢ় ও ভাদ্র মাসে মেলা বসে।

**ঘুম** ( Ghum ): দার্জিলিঙ-হিমালয়ের স্টেশন ; শিলিগুড়ি হইতে ৪৮ মা ; দার্জিলিঙ ১২ মা দূরে। উচ্চতা ৭,৪১০ ফুট। ঘুমের তিব্বতীয় বৌদ্ধ-মন্দির দর্শনীয়। দা. হইতে বাস চলাচল আছে।

**ঘুমলি** ( Ghumli ): সৌরাষ্ট্রের প্রাচীন নগর। পোরবন্দর হইতে পশ্চিম দিকে বরদা পাহাড়ের মধ্য দিয়া যে রাস্তা গিয়াছে তাহার উপর অবস্থিত। ইহা জেটোয়া রাজপুতদের (৭-১৪ শতক) রাজধানী ছিল। এখানকার ১১-১২ শতকের বহু ধ্বংসপ্রাপ্ত মন্দিরাদি মধ্যে নবলাখ মন্দিরের স্থাপত্যখ্যাতি আছে।

**ঘুমসার** (Ghumsar): ওড়িশা ; গঞ্জাম জেলার মহকুমা ; এজেন্সি অঞ্চলের আ. ৯০২ ব মা ; জন. ৩,৩০৬। সমতল ভূভাগের আ. ১,৫৮৯ ব মা ; জন. ৫,১৭,৫৬৫। —মহকুমার প্রধান শহর ভঞ্জনগর, অন্য নাম রাসেলকোণ্ডা।

**ঘুর্নি** ( Ghurni ): নদীয়া জেলার কৃষ্ণনগরের উপকণ্ঠস্থ গ্রাম। এখানকার কুম্ভকারগণ মৃৎশিল্পে অসাধারণ দক্ষ। খেলনা, পুতুল, মূর্তি তৈয়ারিতে ইহারা প্রতিদ্বন্দ্বীহীন।

**ঘুসুড়ী** ( Ghusury ): হাওড়ার নিকটস্থ বালি স্টেশনের দক্ষিণে ভোটবাগান নামে তিব্বতীদের একটি মন্দির আছে। ভোটযুদ্ধের পর (১৭৭২) তিব্বতী তাশীলামার অনুরোধে ওয়ারেন হেস্টিংস এখানে এই মন্দির নির্মাণ করিয়া দেন ( ১৭৭৫ )। বাংলাদেশের মন্দিরের মত ইহার ছাদ ও মন্দির গাত্রে তিব্বতীয় মূর্তি উৎকীর্ণ। ...শ্রীরাধাকৃষ্ণ কটন মিলস, পাটকল, কাঁচ, সিগারেট, হোসিয়ারি, দোড়ি, লোহার ও চামড়ার কারখানা।

**ঘোটকী** ( Ghotki ): প. পাকিস্তান ; সিন্ধু প্রদেশ ; সক্কর জেলার শহর ; করাচি হইতে ৩৩০ মা ; লাহোর ৪২৫ মা। ব্যবসায়ের ও বহু প্রকার কারু-শিল্পের কেন্দ্র। জন. ৫,২৩৬।

**ঘোড়াঘাট** ( Ghoraghat ): পাক-দিনাজপুর জেলা ; সদর মহ.র থানা। আ. ৭০ ব মা। করতোয়া নদী-তীরে, হিলী স্টেশন হইতে ১৮ মা পূর্বে, রঙপুর ও বগুড়া জেলার সীমান্তে অবস্থিত। অবস্থানিক বৈশিষ্ট্যের জন্য স্থানটি প্রাচীনকাল হইতেই জনপূর্ণ হইয়া উঠে ; মুসলমানরা জয় করিয়া নসরতাবাদ নাম দেয়। মুঘল সৈন্যদের আসাম আক্রমণ ব্যর্থ হইলে, তাহারা ফিরিয়া এইখানে আশ্রয় গ্রহণ করে। গাজি ইসমাইলের কবর

স্থান প্রধান দ্রষ্টব্য : অন্য সকল কীর্তি করতোয়া গর্ভে গিয়াছে।

**ঘোড়াসার** ( Ghodasar ) : বোম্বাই-এর পূর্বতন করদ-রাজ্য। বর্তমানে সবরকণ্ঠ জেলা ভুক্ত।

**ঘোর** ( Ghor ) : আফগনিস্তান ; হিরাট প্রদেশের ক্ষুদ্র শহর ; জন. ৫-৬ শত মাত্র। নিকটে প্রাচীন ঘোরী আফগানদের রাজধানীর ধ্বংসাবশেষ। এই ঘোরী বংশের মহম্মদ ঘোরী ১১৭৩-১২০৬ অব্দে ভারত আক্রমণ করে।

**ঘোষপাড়া** ( Ghospara ) : নদীয়া জেলা ; কাচড়া-পাড়া শহর হইতে ৫ মা দূরে গ্রাম, কর্তাভজা ( দ্র. ) সম্প্রদায়ের কেন্দ্র। আউলচাঁদ নামে এক সাধক এই সম্প্রাদায়ের প্রবর্তক। রথযাত্রা ও দোলের সময় মেলায় বহু সহস্র লোকের সমাগম হয়।

**চকওয়াল** (Chakwal) : প. পাকিস্তান ; পঞ্জাব, ঝিলাম জেলার শহর ; লাহোর-পেশোয়ার রেলপথের মানদ্রা (Mandra) জং (১৫৫ মা) হইতে ভাউন (Bhaun) শাখার উন-শেষ স্টেশন ৩৯ মা। শস্য, তাঁতের কাপড় চামড়ার সামগ্রীর বাজার। নিকটে কাঁচ প্রস্তুতের উপযোগী বালুকা পাওয়া যায়। স্থানীয় পেট্রোলিয়াম পাইপ-লাইনে আনিয়া সাফাই-এর জন্য রাওয়াল-পিণ্ডিতে পাঠানো হয়। জন. ১১,৮৩৫।

**চকদীঘি** (Chakdighi) : বর্ধমান জেলা ; সদর মহ.র জামালপুর থানার গ্রাম ; তারকেশ্বর-দশঘরা-জামাল-পুর ছোট রেলপথের স্টেশন (১০ মা) ; বর্ধমান হইতে বাস্ সার্ভিস আছে। ·· জন. ৬১৫। জমিদারদের বিদ্যালয় ১৮৬৩ অব্দে প্রতিষ্ঠিত। হাসপাতাল, ডাকঘর আছে। চকদীঘির জমিদারগণ বিখ্যাত।

**চক্রতা** (Chakrata) : উত্তর প্রদেশ ; দেহরাদুন জেলা ; কুমায়ুন পর্বতের মধ্যে শৈল-নগর ; পূর্বে মিলিটারী শৈলাবাস ছিল। উচ্চতা ৬,৮৯০ ফুট। মুসুরী হইতে সিমলা (১৪৮ মা) যাইতে পথে চক্রতা পড়ে ; সিমলার ৩৩ মা আগে । দেহরাদুন হইতে মোটর পথে ৫৮ মা।

**চক্রতীর্থ** (Chakratirtha) : এই নামে পুরী, কাশী, প্রভাস ও বৃন্দাবনে হিন্দুদের বহু তীর্থ আছে। বাংলা দেশের ২৪-পরগনা জেলার ডায়মণ্ডহারবার মহকুমার মথুরাপুর থানার একটি গ্রাম। কলিকাতা-লক্ষ্মীকান্ত-পুর রেলপথের মথুরাপুর রোড স্টেশন (৩৪ মা) হইতে ৪ মা পূ.-দক্ষিণে বড়াশী-মাধবপুর গ্রামে এই তীর্থ। ইহা বৈষ্ণব সাহিত্যে উল্লিখিত ছত্রভোগ ; শান্তিপুর হইতে ওড়িশা যাইবার সময় চৈতন্যদেব এইখানকার গঙ্গার খাড়ি দিয়া গিয়াছিলেন। এখানে অম্বুলিঙ্গ নামেও একটি তীর্থ আছে। প্রাচীনকালে ছত্রভোগের নিকট গঙ্গার বহু শাখা ছিল।

**চক্রধরপুর** (Chakradharpur) : বিহার ; সিংহভূম জেলার মিউনি. শহর ; জন. ১৯,৯৪৮। কাঠ ব্যব-সায়ের বিশিষ্ট কেন্দ্র। কলিকাতা-নাগপুর রেলপথের স্টেশন ১৯৬ মা। ছোটনাগপুর ও বিহারের নানা স্থানে এমনকি কটক পর্যন্ত মোটর পথে যুক্ত ; রাঁচি মোটর পথে ৭২ মা। ভারত ন্যাশনাল ব্যাংক।

**চট্টগ্রাম বিভাগ** (Chittagong Division) : পূর্ব-পাকিস্তানের দক্ষিণ-পূর্বে অবস্থিত বিভাগ। উ.—আসাম ; প.—আসাম, ত্রিপুরা রাজ্য ও বর্মা ; দ.—বর্মা ও বঙ্গোপসাগর। অন্তর্গত জেলা ৫টি : শ্রীহট্ট, ত্রিপুরা, নোয়াখালি, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম।

**চট্টগ্রাম জেলা** (Chittagong District) : পূ. পাক. জেলা। উ.—নোয়াখালি ও পার্বত্য চট্টগ্রাম জেলা ; দ.—নাফ নদী ও বর্মাদেশ ; পূ.—পার্বত্য চট্টগ্রাম জেলা ; প—বঙ্গোপসাগর। পূর্বাঞ্চল পার্বত্য। আ. ২,৫৭০ ব মা। জেলায় মুসলমানেরা সংখ্যা গরিষ্ঠ ; হিন্দুর সংখ্যা বঙ্গচ্ছেদের পূর্বেই কম ছিল, এখন আরও কম। বাঙালী বৌদ্ধ ও মগ বাসিন্দা আছে। ভাষা বাঙলা, উর্দু ও মঘী। এই জেলায় মুসলমান, হিন্দু, বৌদ্ধদের কয়েকটি বিশিষ্ট তীর্থস্থান আছে। হিন্দুদের চন্দ্রনাথ, বৌদ্ধদেরমহামুনি মন্দির। ... জেলার ২ মহকুমা : সদর ও কক্স-বাজার। ... চট্টগ্রাম মহকুমাকে শাসন সুবিধার জন্য এ ও বি ২টি ভাগ করা হইয়াছে। ...জেলার পশ্চিমে দীর্ঘ সমুদ্রতট ; কুতুবদিয়াতে আলোকস্তম্ভ (Lighthouse) আছে।

**চট্টগ্রাম** (Chattagram, Chittagong) : চ. জেলার শহর ; কর্ণফুলী নদীতীরে, মোহনা হইতে ১০ মা।

ভিতরে অবস্থিত। পূর্ববাংলা রেলপথের কেন্দ্র। শহরের মধ্যে কয়েকটি পাহাড় থাকায় দৃশ্য অতি মনোরম। বিমানঘাঁটি পাতেঙ্গা ১০ মা দূরে; কলিকাতা বিমানপথে ২১৭ মা। ইহা পাকিস্তানের দ্বিতীয় বৃহত্তম সামুদ্রিক বন্দর। পাট, চা, গবাদির চর্ম প্রভৃতি রপ্তানির কেন্দ্র। ১৯৪৭-এর পর হইতে শিল্প-শহর রূপেও দ্রুত উন্নত হইতেছে; কাগজ, পশমবস্ত্র, সার, রবার প্রভৃতির কারখানা হইয়াছে। ভারত ও বর্মা সীমান্তের অদূরে বলিয়া চট্ট.র সামরিক গুরুত্ব খুব বেশি। বহু স্কুল, কলেজ, বৌদ্ধদের পালি কলেজ আছে। ব্রিটিশ যুগের পূর্বে চট্ট. বাণিজ্যের ও পোর্তুগীজ জলদস্যুদের কেন্দ্র ছিল। কলিকাতার উন্নতির সঙ্গে সঙ্গে চট্ট.র গুরুত্ব কমিয়া যায়। বর্তমানে পূর্ব গৌরব ফিরিয়া পাইয়াছে।

এখানে ১৪টি ব্যাংক: লয়েডস; ন্যা. ব্যা. অব ইন্ডিয়া; চাটার্ড ব্যা. অব ইন্ডিয়া; ব্যা. অব চায়না; হবীব; ইউনাইটেড কমার্শিয়াল প্রভৃতি।

**চট্টগ্রাম পার্বত্য জেলা** (Chittagong Hills District): পূর্ব পাকিস্তানের জেলা। উ—ত্রিপুরা রাজ্য; দ.—বর্মার আকিয়াব জেলা। পূ.—লুসাই পর্বত, প.—চট্টগ্রাম। পর্বতে জারুল, তুন, গর্জন, বাঁশের অরণ্য। আ ৫০০৭ ব মা। জন. ২·৮৯ লক্ষ। মহকুমা ৩টি—রাঙামাটি, রামগড়, বন্দরবন। বৌদ্ধের সংখ্যা বেশি। ভাষা—চাক্‌মা, মঘী, আরাকানী, টিপরা, লুসাই, বাংলা, খুমি। সদর শহর রাঙামাটি।

**চণ্ডিল, চংডিল** (Chandil): বিহার; মানভূম জেলার থানা; বাণিজ্যপ্রধান স্থান এবং রেল জংশন। সিনি-পুরুলিয়া-আদরা লাইনের স্টেশন (১৭ মা)। আদরা ৫৮ মা; পুরুলিয়া ৩৩ মা। এই থানার অন্তর্গত সুবর্ণরেখা নদীতীরে দলমি নামে প্রাচীন নগরের ধ্বংসাবশেষ দেখা যায়। কোনো কোনো ঐতিহাসিকের মতে শশাঙ্কের রাজধানী কর্ণসুবর্ণ এই দলমির নিকটে ছিল; সেখানে বহু প্রাচীন কীর্তি দেখা যায়। ...চণ্ডিল থানার আ. ২৪৯ ব মা; জন. ৮৭,৫৮৯। রাজ্য পুনর্গঠন কমিটির নির্দেশে এই থানা প. বঙ্গ ভুক্ত হইবে না।

**চণ্ডীগড়** (Chandigarh): পূর্ব পঞ্জাবের নূতন রাজধানী; শিবালিক পর্বতের পাদদেশে অম্বালা জেলায় অবস্থিত; নিকটে চণ্ডী দেবীর মন্দির হইতে স্থানের নাম। দিল্লী-কালকা রেলপথের স্টেশন; কালকার ১৫ মাইল দক্ষিণে, দিল্লী হইতে ১৫১ মা উত্তরে। আধুনিক বাস্তুবিদ্যামতে নগর পরিকল্পিত; ফরাসী স্থপতি Le Corbusier এই নগর পরিকল্পনার জনক; বর্তমানে ২৫ হা. লোকের মত গৃহাদি নির্মিত হইয়াছে; তবে দেড়লক্ষ লোকের বাস-ব্যবস্থা আছে। ...স্টেট ও প. ন্যাশনাল ব্যাংক।

**চণ্ডীতলা** (Chanditala): হুগলি জেলা; শ্রীরামপুর মহ.র থানা; আ. ৬৩ ব মা; জন. ১,২৮,৯১২; ঘনতা ২,০৪৩; গ্রাম সংখ্যা ১০০। এক সময়ে এই অঞ্চল দিয়া সরস্বতী নদী প্রবাহিত হইত; তখন চণ্ডীতলা ও নিকটবর্তী গ্রামগুলি খুবই সমৃদ্ধ ছিল; রেনেলের ১৮ শতকের মানচিত্রে চ. দেখা যায়। বর্তমান গ্রামের জন. ১,৭৭৩। প্রা. বিদ্যালয়, ডিসপেন্‌সারি। ...হাওড়া—শেয়াখালা ছোট রেলপথের জংশন স্টে. (১১ মা); এখান হইতে শাখা রেল জনাই পর্যন্ত গিয়াছে।

**চণ্ডীসিবু, চণ্ডীশিব** (Chandi Sewu, Tjandi Sewoe): জাভা দ্বীপের জোগ্যকর্তা নগরের ১০ মা উ.-পূর্বে বহুদূর বিস্তারিত বৌদ্ধ মন্দিরাদির ধ্বংসাবশেষপূর্ণ গ্রাম। মধ্যস্থলে এক বিশাল মন্দির, চারি সারি ক্ষুদ্র মন্দির দ্বারা বেষ্টিত; মন্দিরগুলির কারুকার্য সূক্ষ্ম ও বিচিত্র।

**চত্রপুর** (Chatrapur): ওড়িশা; গঞ্জাম জেলার মহকুমা। আ. ৮২৭ ব মা; জন. ৪,৭১,৫২৮। ৭ থানা।...... থানার আ. ১৫১ ব মা; জন. ৭৯,১৩০। গ্রাম ১৪৬। সরকারীভাবে চত্রপুর গঞ্জামের সদর হইলেও (বরহমপুর) ব্রহ্মপুরই প্রধান শহর। চত্রপুর এখান হইতে মোটর বাসে ১৪ মা। জন. ৫,৭১১।

**চন্দওয়ার** (Chandwar): উত্তর প্রদেশ; এটা জেলার গ্রাম; এখানে ১১৯৪ অব্দে মহম্মদ ঘোরী ও তাঁহার সেনাপতি কুতব উদ্দীনের তুর্কী সৈন্য কনৌজ-বারানসীর অধীশ্বর জয়চাদ বা জয়চন্দ্রকে যুদ্ধে পরাজিত ও নিহত করেন।

**চন্দন চৌকী** ( Chandan Chauki ) **:** উত্তর প্রদেশ ; খীরী জেলার গ্রাম, নেপাল সীমান্তে অবস্থিত শেষ রেল স্টেশন। লখনৌ-বরেলী মিটার রেলপথের মৈলানী জং ( ১২১ মা ) হইতে দুদিয়া (Dudwa) জং ( ২৬ মা ) হইয়া শাখা রেলপথে ৮ মা। লখনৌ হইতে ১৫৫ মা। চাউল, পাট প্রভৃতির বাজার।

**চন্দননগর** (Chandernagar) **:** হুগলি জেলার মহকুমা। কলিকাতা হইতে ২১ মা উত্তরে স্টেশন। শহর গঙ্গা-তীরে। স্টেশনের পূর্বদিকে ফরাসীদের রাজ্য ছিল। ১৬৭৩-এ এখানে ফরাসীদের প্রথম কুঠি নির্মিত হয়। ১৭৫৭-৬৩ এবং পুনরায় ১৭৯৪-১৮১৬ ইংরেজদের অধিকারে ছিল। ১৮১৬-১৯৫৩ ফরাসী রাজ্য অন্তর্গত ছিল। পুদুচ্চেরীর (Pondichery) গবর্নর-জেনারেলের অধীন একজন গবর্নর ( বা এড্‌মিনিস্‌ট্রেটর ) ইহা শাসন করিতেন। চ. ১৯৫৩ পশ্চিম বাংলা ভুক্ত হয়। বর্তমানে সংলগ্ন অঞ্চল লইয়া হুগলি জেলার মহকুমা। চন্দননগর শহরকে কর্পোরেশনরূপে গঠিত করিবার জন্য বিল পাস হইয়াছে।

পূর্বতন চ. উপনিবেশের আ ৩.৯ ব মা। জন. ৫০ হাজার। এখানে হিন্দু মার্কেনটাইল; ইউনা; প্রবর্তক ব্যাংক আছে।—ফরাসী আমলের ডুপ্লে কলেজ ( ১৮৬৩ ) এখন চ. কলেজ নামে চলিত। প্রবর্তক সঙ্ঘের মন্দির ও কর্মশালা, নিত্যগোপাল স্মৃতি গ্রন্থা-গার, সত্যভামা বালিকা বিদ্যালয় প্রভৃতি বহু প্রতি-ষ্ঠান আছে। স্বাধীনতা আন্দোলন যুগে চ. বিপ্লবী-দের একটি বিশিষ্ট কেন্দ্র ছিল ; শহীদ কানাই লাল দত্তের আবক্ষ প্রস্তর মূর্তি স্থাপিত হইয়াছে।

**চন্দেরি** ( Chanderi ) **:** প্রাচীন ভারতের নগর ; মধ্য ভারতের বেত্রবতী নদীর নিকট পর্বতবেষ্টিত স্থানে উহা অবস্থিত ; হিন্দু ও জৈন মন্দিরাদির ধ্বংসা-বশেষ বহুদূর পর্যন্ত বিস্তৃত। এখানকার রাজা মেদিনী রাও ১২,০০০ সৈন্য লইয়া রানা সংগ্রামকে বাবরের বিরুদ্ধে যুদ্ধে সাহায্য করিতে যান। ... কালে মালব-( মান্দু )-সুলতানদের রাজ্য অন্তর্গত হয় ( ১২৫১ )। মুসলমান যুগে বহু ইমারত মান্দুর স্থাপত্য অনুকরণে নির্মিত হয়। বর্তমানে (পূর্বতন গবালিয়র রাজ্য) মধ্য-ভারতের অন্তর্ভুক্ত, ললিতপুর ( দ্র. ) স্টেশন হইতে ২১ মা পশ্চিমে। জন. ৫,৩৩২। স্থানীয় বয়ন শিল্প খুবই উন্নত ; টেক্‌সটাইল ইনস্টিটিউট।

**চন্দৌসি** ( Chandausi ) উত্তর প্রদেশ ; মুরাদাবাদ জেলার শহর ; গম ও তৈলবীজাদি ব্যবসায়ের কেন্দ্র। স্থানীয় গম বিখ্যাত। আলিগড় ( ৮১৬ মা ) হইতে শাখা রেলপথে ৬১ মা। মুরাদাবাদ ( ২৮ মা ) ও বরেলীর ( ৩৫ মা ) সহিত রেলের দ্বারা যুক্ত। জন. ৩৬,৬৮৯। ইলাহাবাদ, সেন্‌ট্রাল, স্টেট ও প. ন্যাশ. ব্যাংক।

**চন্দ্রকোনা** ( Chandrakona ) **:** মেদিনীপুর জেলা ; ঘাটাল মহ.র থানা। আ. ১৫১ ব মা ; জন. ৮৬,৩৭৩ ; ঘনতা ৫৭৩। খড়্গপুর হইতে ৩০ মা দূরে চন্দ্র. রোড স্টেশন ; সেখান হইতে পাকা পথে ১৪ মা গেলে শহর ( জন. ৫,৭১৭ ) ; ডাক, টেলিগ্রাফ, রেজি. অপিস, স্কুল আছে। প্রাচীন শহর ; প্রবাদ এককালে এখানে ৫২টি বাজার ছিল। রঘুনাথপুর, রামগড় ও লালগড় নামক গ্রামে ৩টি ভগ্ন দুর্গের চিহ্ন দেখা যায় ; বহু মন্দির-শোভিত ; লালজির মন্দিরের নির্মাণ-শৈলীর বৈশিষ্ট্য লক্ষণীয়। কয়েকটি মন্দির উচ্চ প্রাচীর দ্বারা বেষ্টিত। শহরের মধ্যে ও খিরপাই পর্যন্ত নানা আকারের বহু পঞ্চরত্ন ও নবরত্ন মন্দির আছে ; কতকগুলির স্থাপত্য সৌন্দর্য সামান্য নহে। ওড়িশার স্থাপত্য রীতির প্রভাব কোনো কোনো মন্দিরে দেখা যায়। পাথরের জোড়বাংলা মন্দির বিখ্যাত। এইসব মন্দির ব্যতীত বৈষ্ণবদের আখড়া, শিখদের মঠ প্রভৃতি আছে।...স্থানটি কাঁসা-পিতলের বাসনের জন্য বিখ্যাত। ...চন্দ্রকোনা বীরভূমের রায়পুরের সিংহ পরিবারের আদি বাসস্থল।

**চন্দ্রঘোনা** ( Chandraghona ) **:** পূ. পাক ; পার্বত্য চট্টগ্রাম জেলা, রাঙামাটি মহ.র থানা, আ. ২৪৪ ব মা। ... গ্রাম কর্ণফুলী-নদী তীরে, চট্টগ্রাম জেলার সীমান্তে অবস্থিত।

**চন্দ্রগিরি** ( Chandragiri ) **:** অন্ধ্র রাজ্য ; চিত্তুর জেলা, তিরুপতি তালুকের অন্তর্গত গ্রাম ; গুডুর-বিল্লুপুরম ( Villupuram ) মিটার রেলপথের স্টেশন ( ৬৬ মাইল ) ; চিত্তুর ৩৭ মা দূরে। ... তালিকোটের যুদ্ধে

বিজয়নগর রাজাদের পরাজয়ের পর ( ১৫৬৫ ) রাজধানী প্রথমে পেনুকোণ্ড ও পরে চন্দ্রগিরিতে স্থানান্তরিত হয়। প্রায় এক শত বৎসরে পরে ( ১৬৮৪ ) গোলকুণ্ডের রাজাদের দ্বারা এই স্থান অধিকৃত হয়। ইহার পর প্রথমে আরকটের নবাব, ও পরে মহীশূরের হায়দার আলীর দখলে আসে। ১৭৯৫-এ টিপুসুলতানের পতনের পর ইংরেজ রাজ্যভুক্ত হয়। ... এখানে ১১ শতকের হিন্দু-প্রাসাদ, দুর্গাদি এখনো দেখা যায়।

**চন্দ্রগিরি পথ** ( Chandragiri Pass ) : নেপালের গিরিপথ ( ৭,৪০০ ফুট ) ; ভারত হইতে কাঠমাণ্ডু উপত্যকা প্রবেশ-মুখে এই ঘাট বা পথ। কাঠমাণ্ডু হইতে ৮ মা দ -পশ্চিমে।

**চন্দ্রনাথ** ( Chandranath ) : পূ. পাক.; চট্টগ্রাম জেলার পাহাড় (১,১৫৫ ফুট উচ্চ) ও তীর্থ ; শৈবদের মহাপীঠ। সীতাকুণ্ড ( চট্টগ্রাম হইতে ২২ মা ) স্টেশন হইতে ১ মা দূরে। পূর্বে পাহাড়ে উঠিবার পথ দুর্গম ছিল ; পরে ১০০ সোপানযুক্ত পথ নির্মিত হয়। সর্বোচ্চ চূড়ায় চন্দ্রনাথ মহাদেবের মন্দির। শিবরাত্রির সময়ে মেলা হয় ; ভারতের বিভিন্ন অঞ্চল হইতে পাকিস্তান হওয়ার পূর্বে লক্ষাধিক যাত্রীর সমাগম হইত। পাহাড়ে উঠিবার পথেই সীতাকুণ্ড (দ্র.) নামে উষ্ণকুণ্ড। এখানে কাছাকাছি আরও ১৬টি তীর্থ আছে।

...চৈত্র সংক্রান্তিতে চন্দ্রনাথে বৌদ্ধদেরও একটি মেলা হয়। পূর্বে এইখানে একটি বৌদ্ধ মন্দির ছিল বলিয়া মনে হয়। বুদ্ধকূপ নামে একটি কুণ্ডও আছে।

**চন্দ্রদ্বীপ** ( Chandradwip ) : মধ্যযুগীয় বঙ্গদেশের রাজ্য বাকলা বা চন্দ্রদ্বীপ ; বর্তমান ফরিদপুর, বরিশাল ও খুলনার অংশ লইয়া গঠিত। মাধবপাশা গ্রাম এই রাজ্যের শেষ রাজধানী। কিংবদন্তী দনুজ মর্দনদেবের পুরুষ শাখা লোপ পাইলে, রাজ্য ঐ বংশের কন্যাশাখায় গিয়া বর্তায়। ...সেই বংশের কন্দর্পনারায়ণ বরিশালের কচুয়া পরিত্যাগ করিয়া মাধবপাশায় রাজধানী স্থাপন করেন। ক. বারভূঁইয়ার অন্যতম ও প্রতাপাদিত্যের বন্ধু ছিলেন। ইহার পুত্র রামচন্দ্রের সহিত প্রতাপাদিত্যের কন্যা বিমলার বিবাহ হয়। কিন্তু বিবাহরাত্রে শ্বশুর-জামাই-এর মধ্যে মনান্তর হয়। সেইজন্য প্রতাপাদিত্য কন্যা বিন্দুমতী বা বিমলাকে চন্দ্রদ্বীপে পাঠান নাই। অবশেষে বিমলা নিজেই উদ্যোগ করিয়া স্বামীর নিকট আসেন। কিন্তু রামচন্দ্র স্ত্রীকে লইতে ঘাটে আসেন না। মাধবপাশার ঘাটে যেখানে নৌকা বাঁধা হইয়াছিল, সেখানে প্রজার দল উপস্থিত হইতে লাগিল ; দরিদ্রেরা বিমলার নিকট হইতে প্রচুর অর্থ পাইল ; দেখিতে দেখিতে সেই ঘাটে হাট বসিয়া গেল। লোকে ঐ ঘাটকে বউ-ঠাকুরাণীর হাট আখ্যা দিল। পরে রামচন্দ্র আসিয়া বধূকে প্রাসাদে লইয়া যান। এই চন্দ্রদ্বীপের রাজ বংশ দৌহিত্রীধারায় ১৭৯৯ পর্যন্ত রাজত্ব করিয়াছিল ; বাকী খাজনার দায়ে বাকলা-চন্দ্রদ্বীপ বিক্রীত হইয়া যায়।

**চন্দ্রভাগা নদী** ( Chenab ) : পাক.-পঞ্জাবের নদী ; পঞ্চ নদের অন্যতম ; গ্রীকদের Acesines, বৈদিক অস্কিনি। কাশ্মীরের পার্বত্য অঞ্চলে উঠিয়া দ.-পশ্চিম-বাহী এই নদীতে ( চেনাব ) প্রথমে ঝিলাম ( বিতস্তা ) নদী উত্তর হইতে আসিয়া পড়িয়াছে এবং রাবি ( ইরাবতী ) নদী বামদিক হইতে আসিয়াছে। এই মিলিত জলধারা শতদ্রুর সহিত মিলিয়া সিন্ধুতে মিশিয়াছে। এই নদী হইতে বহু খাল নির্গত হইয়া রেথনা দোয়াবকে জলসিঞ্চিত করিতেছে। মোট দৈর্ঘ্য ৬৭৫ মা।

**চন্নপটন** ( Channapatan ) : মহীশূর রাজ্য ; বঙ্গলুর জেলার শহর ; লাক্ষার ( lacquer ) কাজ ও বীণাদি যন্ত্রের তার প্রস্তুত হয়। শহরের উত্তরে টিপু সুলতানের এক গুরুর সমাধি আছে। জন. ২৪,০৪১। মহী. ব্যাংক ও বৈশ্য ব্যাংক। বঙ্গলুর হইতে রেলপথে ৩৬ মা।

**চব্বিশ পরগনা** ( Twentyfour Parganas ) : প্রেসিডেন্সি বিভাগ অন্তর্গত জেলা। আ. ৫,২৯৩ ব মা। জন. ৪৬,০৯,৩০৯। হিন্দু ৭৩.৯%, মুসলমান ২৫.৩৫%। জেলায় ৬ মহকুমা : আলিপুর সদর, বারাকপুর, বারাসাত, বসিরহাট, ডায়মণ্ড হারবার ও বনগাঁ। ১৯৪৭-এ পার্টিশনের সময় যশোহর জেলার দুইটি থানা ছাড়া সমস্ত জেলাই পূর্ব-পাকিস্তান ভুক্ত হয়। বনগাঁ ও গাইঘাটা থানা ২৪-পরগনার অন্তর্গত করিয়া বনগাঁকে

মহকুমা করা হয়। আলিপুর এই জেলার সদর শহর। উহা কলিকাতা কর্পোরেশনের ওয়ার্ড। কিন্তু শাসন ব্যাপারে ২৪-পরগনার ম্যাজিস্ট্রেটের অধীন। কলিকাতা এই জেলার মধ্যে অবস্থিত হইলেও ইহার শাসন ও পরিচালনার ব্যবস্থা স্বতন্ত্র ; জেলা ম্যাজিস্ট্রেটের সহিত সম্বন্ধ নাই।

পলাশীর যুদ্ধের পর ১৭৫৯-এ দিল্লী-সম্রাট ক্লাইভকে উহা ব্যক্তিগত ভাবে জীবনসত্ত্ব দান করেন। ক্লাইভের মৃত্যুর পর উহা কোম্পানির রাজ্যান্তর্গত হয়। ... জেলার দক্ষিণ প্রান্তে বঙ্গোপসাগর ; দক্ষিণ অঞ্চলে বহু খাড়ি, খাল, অর্ধ-গঠিত অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপ। খাড়ির মধ্যে সমুদ্রের লোনা জল জোয়ারে আসে। দক্ষিণাংশ সুন্দরবন নামে পরিচিত। এইসব স্থান ক্রমে কর্ষণ উপযোগী হইতেছে। কিন্তু বন্যায় মাঝে মাঝে ভীষণ ক্ষতি করে। ... জেলার জনসংখ্যা আয়তনের অনুপাতে অত্যন্ত বেশী। বঙ্গদেশের সর্বাধিক উদ্‌বাস্তু এই জেলায় আসিয়াছে। লক্ষাধিক জনপূর্ণ নগর— টালিগঞ্জ, সাউথ সুবরবন, গার্ডেনরীচ ও ভাটপাড়া। জেলায় অসংখ্য কল-কারখানা, মিল, ফ্যাক্টরি।

**চমন** ( Chaman ): বলুচিস্তানের সীমান্ত শহর ( ৪,৮১৭ ফুট উচ্চ )। রুক ( Ruk ) জং হইতে কোয়েটা হইয়া যে রেলপথ বলুচিস্তানের মধ্য দিয়া আফগান-সীমান্ত পর্যন্ত গিয়াছে চমন তাহার শেষ স্টেশন ( ৩১০ মা )। কোয়েটা হইতে ৬০ মা উ.-পশ্চিমে। সৈন্য ছাউনী সমেত জন. ৬,৬৫০।

**চমো লহ্‌রী** ( Chomo Lhri ): ভুটান রাজ্যে হিমালয়ের পর্বত শৃঙ্গ ( ২৩,৯৩০ ফুট )। গাংটক হইতে লাসার পথের পূর্বদিকে অবস্থিত। ১৯৩৭-এ পর্বত-শিখরে একদল অভিযাত্রী উঠিয়াছিলেন।

**চমোলি** ( Chamoli ), **লালসঙ্গ**: উত্তর প্রদেশ ; গড়বাল জেলায় অলকানন্দা নদীর তীরস্থ গ্রাম, পৌরী হইতে ৩৭ মা উ.-পূর্বে ; কর্ণপ্রয়াগ নামে তীর্থস্থান, অলকানন্দার মোহনার কাছে পিণ্ডার নদীতীরে ; ইহা চমোলি হইতে ১২ মা দ.-পশ্চিমে। এখানে বহু হিন্দু মন্দির আছে। পিণ্ডার নদীতে ২টি বাঁধ দিয়া জলবিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা আছে।

**চমো লুংমা** ( Chomo Lungma ): তিব্বতী ভাষায় জগদ্ধাত্রী দেবী ; এভারেস্টের তিব্বতী নাম।

**চম্পা** ( Champa ): মধ্যপ্রদেশ ; বিলাসপুর জেলার শহর ; কলিকাতা-নাগপুর রেলপথের স্টেশন ( ৪১৪ মা ); বিলাসপুর হইতে ৩৮ মা পূর্বে। চাউলের কল, গালার কারখানা প্রভৃতি আছে। ২০ মা উত্তরে কোরবা গ্রামে কয়লার খাদ। ... জন. প্রায় ১০ হা.।

**চম্পা** ( Champa ): প্রাচীন অঙ্গদেশের নাম। অঙ্গাধিপ রোমপাদের চম্পা নামে প্রপৌত্র চম্পানগর স্থাপন করেন বলিয়া কিংবদন্তী। ...কর্ণের রাজধানী। বর্তমান ভাগলপুরের ৪ মা পশ্চিমে অবস্থিত বলিয়া লোক-বিশ্বাস। ৭ম শতকে হুয়েনৎসাঙ এই নগরী পরিদর্শন করেন। বৌদ্ধযুগের বহু চিহ্ন পাওয়া যায়।

**চম্পা** (Champa): ইন্দোচীনের প্রাচীন রাজ্য ও বর্তমান ভিয়েৎ-নাম বা আন্-নাম প্রভৃতি দেশ প্রাচীন চম্পা। ১৩ শতক হইতে এই নাম অচলিত। ইহা ভারতের উপনিবেশ ; বর্তমান বিহারের অন্তর্গত ভাগলপুরের নিকট যে চম্পা দেশ ছিল, সেখান হইতে বণিকগণ এই স্থানে গিয়া উপনিবেশ স্থাপন করে বলিয়া মনে হয়। ১৩ শতক পর্যন্ত কোচীন-চীন হইতে বর্তমান টংকিং ( Tankin ) পর্যন্ত সমস্ত দেশ চম্পার অন্তর্ভুক্ত ছিল। আনামীদের আক্রমণের ফলে চম্পারাজ্য ধ্বংস হয়। তাহাদের অত্যাচারে চামরা ইন্দোচীনের নানাস্থানে ছড়াইয়া পড়ে। প্রাচীন অধিবাসীর একটি শাখা আনামের দক্ষিণাংশে দুইটি গ্রামে বাস করে। ইহারা তাহাদের প্রাচীন গৌরবকাহিনী সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ। বর্তমানে ইহারা 'চাম' ( Cham ) নামে পরিচিত। কম্বোজের চামরা অর্ধ-মুসলমান ; আনামের চামরা অর্ধ-হিন্দু ; ইহারা শিবমন্ত্র বিকৃতভাবে উচ্চারণ করে। ফরাসীরা ইহাদের প্রাচীন ইতিহাস সম্বন্ধে গবেষণা করিয়াছেন। ......চারিটি প্রদেশ বা বিষয় লইয়া প্রাচীন চম্পারাজ্য গঠিত ছিল : অমরাবতী, বিজয়, কৌঠার ও পাণ্ডুরঙ্গ বা পাণ্ডরঙ। পরযুগে পাণ্ডুরঙ্গ ও কৌঠারের অধিপতিরা একটি পৃথক রাজ্য স্থাপন করিয়াছিলেন। অমরাবতীর রাজধানী ছিল ইন্দ্রপুর, বর্তমান নাম কুয়াং-নাম ( Quang-nam )।

ইন্দ্রপুরের ভগ্নাবশেষের নাম ডং-ডুয়ং (Dang-duong)।

**চম্পানগর** (Champanagar) : 'মনসার ভাসান' গ্রন্থের নায়ক চাঁদসদাগরের নিবাস। মহাস্থান (দ্র.) হইতে ৫ মা উত্তরে, বর্তমান বগুড়া হইতে ১২ মা দূরে চাঁদনিয়া বা চাঁদময় নামক স্থান; করতোয়া নদীর উপর। ভাগলপুরের নিকট চম্পানগরে বেহুলা-লখিনদরের স্মরণে মেলা হয়।

**চম্পানের** (Champaner) : বোম্বাই; অহমদাবাদ জেলার শহর; বোম্বাই-বড়োদা রেলপথের জংশন (২৬৭); বড়োদা হইতে ৫৫ মা। এই জং হইতে পানি মাইনস পর্যন্ত শাখা রেল আছে (৩১ মা)। এই চম্পানের হিন্দু যুগের প্রাচীন শহর। ১৪৮৪ অব্দে অহমদাবাদের সুলতান মহ. বেগারা এই নগর অধিকার করিয়া নূতন রাজধানী নির্মাণে মন দেন। ২৩ বৎসর ধরিয়া নির্মাণ কার্য চলে। কয়েক বৎসর এখানে বাসের পর নগর পরিত্যক্ত হয়। চারিশত বৎসর ধরিয়া নগরের কবর ও মসজিদ ছাড়া সবই লোকে ভাঙ্গিয়া চুরিয়া লইয়া গিয়াছে। এখানকার জামি মসজিদ, নগিনা মসজিদ পাঠান স্থাপত্যের সুন্দর নিদর্শন। নগরের নিকটে পর্বতোপরি (২,৫০০ ফুট) পাবাগড়।

**চম্পারন** (Champaran) : বিহার; তিরহুত বিভাগের জেলা; উ.—নেপালরাজ্য; দ.-প.—গোরখপুর; দ.—গণ্ডক নদী ও সারন জেলা; পূ.—মজঃফরপুর জেলা। গণ্ডক, বুড়ী গণ্ডক, বাঘমতী, লালবেগী, ধনৌতী প্রভৃতি নদী প্রবাহিত। জেলার উত্তর দিকে মধুবন ও ত্রিবেণী খাল। ধান, ইক্ষু, বাজরা ও তৈলবীজ মুখ্য উপজ। সতরঞ্চ, কম্বল, মোটা কাপড় বুনন প্রভৃতি প্রধান কুটির শিল্প। জেলায় অনেকগুলি চিনির কল; মোতিহারীর তামাক বিখ্যাত। জে-র আ. ৩,৮৩১ ব মা; জন. ২৫,১৫,০০০। ২ মহকুমা : মোতিহারী ও বেতিয়া। রকসৌল নেপাল সীমান্তের শহর। লৌরিয়াগড় গ্রামে অশোকের খোদিত শিলাস্তম্ভ আছে। ১৯১৭-এ নীলকরদের বিরুদ্ধে গান্ধীজি কর্তৃক সত্যাগ্রহ আন্দোলন পরিচালিত হয়—ভারত প্রত্যাবর্তনের পর ইহাই তাঁহার প্রথম রাজনৈতিক কার্য।

**চম্বল নদী** (Chambal river) : যমুনার উপনদী; বিন্ধ্যাচলে উঠিয়া মধ্যভারতের গভীর খদ ও অরণ্যের মধ্য দিয়া যমুনায় পড়িতেছে (৫৫০ মা)। প্রাচীন নাম চর্মণ্বতী। নদী বাঁধিয়া জলসেচ ও জলবিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা হইতেছে। প্রায় ১১ লক্ষ একর জমিতে জলসেচ হইবে।

**চম্বা** (Chamba) : পূর্বতন পঞ্জাবের করদরাজ্য; ১৯৪৮ হইতে ভারতভুক্ত ও বর্তমানে হিমাচল প্রদেশের জেলা। উ. ও প.—কাশ্মীর-জম্মু, দ.—কাংড়া জে.। আ. ৩,১২৭ ব মা; জন. ১·৭৬ লক্ষ। রাজস্ব ৮৮ লক্ষ টাকা। রাজা ১১ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,৩৮,০০০ টা. ভাতা দেওয়া হয়। ... ৬ শতকের সূর্যবংশীয় রাজপুতদের দ্বারা রাজ্য স্থাপিত হয়। রাজারা বহু শতাব্দী প্রায়-স্বাধীনভাবে রাজত্ব করিয়াছিলেন; মুঘল ও শিখদের প্রভাবের মধ্যে আসিলেও ইহাদের স্বাধীনতা সম্পূর্ণ ভাবে লোপ পায় নাই। ১৮৪৬ ব্রিটিশ শাসনাধীনে আসে। ...রাজ্যে লৌহ ও স্লেট পাথরের খনি আছে। চম্বা রাজধানী—ইরাবতী (রাবি) নদীতীরে, পাঠান-কোট হইতে ভাল সড়ক আছে। স্থানীয় ঐতিহাসিক ও শিল্প সামগ্রীর একটি সংগ্রহালয় (ভুরিসিংহ মিউজিয়াম) ১৯০৮-এ স্থাপিত। জন. ৬,৫১৭। ...এই রাজ্যে ডালহৌসি স্বাস্থ্যনিবাস ও শৈলনগর অবস্থিত (৬,৬৭৮ ফুট উচ্চ স্থানে)।

**চরঘাট** (Charghat) : রাজসাহী জেলা; সদর মহ.র থানা। আ. ১৪১ ব মা। পদ্মাতীরে গ্রাম; রাজসাহী-ঈশ্বরদি রাস্তার উপর অবস্থিত।

**চরভদ্রাসন** (Char Bhadrasana) : ফরিদপুর জেলার সদর মহ.র থানা; আ. ৫৩ ব মা; ডাকঘর, গ্রাম; পদ্মাতীরে।

**চর মনিয়ার** (Char Maniyar) : ফরিদপুর জেলার গ্রাম।

**চর্মণ্বতী নদী** (Charmanvati) : চম্বল নদীর (দ্র.) প্রাচীন নাম। মহাভারতে আছে, রাজা রন্তিদেব এখানে এত অসংখ্য গোরু হত্যা করিয়া যজ্ঞ করিয়া-ছিলেন যে, তাহাদের রক্তে এই নদী গড়িয়া ওঠে।

**চলাকুডি** (Chalakudi) : তিরু-কোচীন রাজ্যের শহর ; আরনাকুলমের ২০ মা উ.-পূর্বে। সেগুন, আবলুস কাঠ, আন্নামলয় পর্বত হইতে আনীত চা, কফি, এলাইচ প্রভৃতি রপ্তানির বাজার ; প্লাই-উড, টালি, পটারি প্রভৃতি শিল্পের কেন্দ্র। ... জন. ১০,৮৪৭। ৭টি স্থানীয় ব্যাংক।

**চলনবিল** (Chalanbill) : রাজসাহী জেলার বিল। বর্তমানে ইহার বিস্তৃতি ১৪০ ব মা ; পূর্বে ইহার আয়তন ছিল ৪২১ ব মা ; দৈর্ঘ ৩০ মা। আত্রাই নদী এই বিলের মধ্য দিয়া গিয়াছে। ক্রমশই বালি পড়িয়া মজিয়া আসিতেছে।

**চল্লিসগাঁও, চলিসগাঁও** (Chalisgaon) : বোম্বাই ; পূর্ব-খানদেশ জেলার তালুক ও শহর। জন. ৩০,৩৪৫। বোম্বাই-নাগপুর রেলপথের জং স্টেশন (২০৪ মা)। জেলার সদর ধুলিয়া পর্যন্ত শাখা। রেলপথ আছে (৩৫ মা)। কাপড়ের কল, দেশলাই কারখানা। ব্যাংক : মহারাষ্ট্র, স্টেট ও সমবায়।

**চাইবাসা** (Chaibassa) : বিহার, সিংহভূম জেলার সদর মহকুমা। আ. ২,৭১৮ ব মা ; জন. ৬,৬৭,৩৯০ ; ঘনত্ব ৩৩১। ৮টি থানা : চক্রধরপুর, চাইবাসা শহর, চাইবাসা, মনঝারী, ঝিংকপানি, মাঝগাঁও, জামদা, মনোহরপুর। চাইবাসা থানার জন. ৭৮,৫২৮। শহর (জন. ১৬,৪৭৪) কলিকাতা-নাগপুর রেলপথে রাজখরসাওআন (১৮২ মা) স্টেশন হইতে অন্য শাখা-লাইনে ১৩ মা। রাঁচি-চাইবাসা মোটর সার্বিস আছে ; এছাড়া বহু স্থানে মোটর বাসে যাওয়া যায়। গালার কারখানা ; রেশম, চাউল, জোয়ার, তৈলবীজ প্রভৃতির বাজার। পশ্চিমের পাহাড়ে ক্রোমাইট খনি ; ১১ মা দক্ষিণে ঝিংকপানিতে কয়লার খাদ।

**চাকদহ** (Chakdaha) : নদীয়া জেলা ; রানাঘাট মহকুমার থানা ও মিউনি. শহর (১৮৮৬)। থানার আ. ১২৬ ব মা ; জন. ১,১৭,৪৯৫। ঘনত্ব ৯৩৫। চাকদহ শহর রেলপথে কলিকাতা হইতে ৩৯ মা। ১৯৫১-র মে মাসে জন. ১৫,৩৭২ ; বর্তমানে প্রায় ৩৬ হাজার। রানাঘাট হইতে যশোহর রেললাইন হইবার পূর্বে চাকদহ হইতে ঘোড়াগাড়ি করিয়া লোকে বনগাঁ হইয়া যশোহর যাইত। গঙ্গাও তখন নিকটে ছিল বলিয়া বড় গঞ্জ ছিল। পরবর্তী কালে ম্যালেরিয়াতে এই সব গ্রাম একেবারে উচ্ছন্ন যায়। ১৯৪৭-এর পর উদ্‌বাস্তুদের বসবাসের ফলে পুনরায় সমৃদ্ধ হইতেছে। এখন এখানে উচ্চ ইংরেজি স্কুল, বালিকা বিদ্যালয় ও বহু সাংস্কৃতিক প্রতিষ্ঠান হইয়াছে।

**চাকরিয়া** (Chakria) : চট্টগ্রাম জেলা ; কক্সবাজার মহ.র থানা ; আ. ২৩৭ ব মা। গ্রাম ও বাজার মাতামুহুরী নদীতীরে। ডাকঘর ; রেজি. অপিস (১৮৯৫)।

**চাকলাসি** (Chaklasi) : বোম্বাই ; খয়রা জেলার গ্রাম ; খয়রা হইতে ১৭ মা দ.-পূর্বে ; কৃষি ও গোপালনের জন্য প্রসিদ্ধ। মাখন প্রস্তুত কেন্দ্র। জন. ১০,৫৭৮।

**চাকিয়া** (Chakia) : উত্তর প্রদেশ ; বারানসী জেলার শহর ; রামনগরের ১৬ মা দ.-পূর্বে ; জন. ৩,৮০০। রামনগর স্টেট ব্যাংক।

**চাকুলিয়া** (Chakulia) : বিহার ; সিংহভূম জেলার ধলভূম মহ.র থানা ও শহর। থানার আ. ১৬১ ব মা ; জন. ৫৮,৩৫৫ ; ঘনত্ব ৩৬১। শহর খড়্গপুর জংশন হইতে ৩৭ মা ; এই স্থান হইতে সিংহভূম জেলার আরম্ভ। ১৭৬৮ অব্দে ধলভূম পরগনার এই অঞ্চল ইংরেজরা দখল করে। এখানে ঘাটোয়ালী দুর্গ ও নীলকুঠির ধ্বংসাবশেষ দেখা যায়।

**চাঙগানচেরী** (Changancherry) : তিরু-কোচীন রাজ্যের শিল্প শহর। কুইলন হইতে ৪০ মা উত্তরে অবস্থিত। চাউল, কাজুবাদাম, নারিকেলের দড়ি ও অন্যান্য সামগ্রী প্রস্তুত কেন্দ্র। নিকটে পাট উৎপাদন চেষ্টা চলিতেছে। জন. ৩৬,২৯০।

**চাঙ-আন** (Changan) : (১) চীন রাজ্যের সমুদ্রতীরস্থ চেকিয়াং প্রদেশের শহর ; চীনের মহাখাল বা গ্রানডকেনালের উপর, হাঙচৌ হইতে ২০ মা উ.-পূর্বে, শাং-হাই যাইবার রেলপথের উপর অবস্থিত। বাণিজ্যের কেন্দ্র। (২) শোনসি প্রদেশের নগর, বর্তমান নাম সি-আন (Hsian or Sian) ; বহুবিধ শিল্পের কেন্দ্র। প্রাচীন চীনের অন্যতম রাজধানী, বৌদ্ধধর্ম ও সংস্কৃতির বিশিষ্ট কেন্দ্র। জন. ৫ লক্ষের উপর।

**চাঙ-চুন** (Chang-chun) : চীন জনরাজতন্ত্রের উত্তর-

পূর্ব অঞ্চলের ৯টি প্রদেশের অন্যতম ; নগর মান্চুরিয়ার সমতলে অবস্থিত বড় রেলওয়ে জংশন ও শিল্প কেন্দ্র। ১৯৩৮-৪৫ পর্যন্ত হ্সিন্কিং নামে ইহা মান্চু কুয়োর রাজধানী ছিল ; ১৯৪৫-৫০ পর্যন্ত মান্চুরিয়া অঞ্চলের অন্যতম প্রদেশ কিরিন (Kirin)-এর রাজধানী। দুইশত বৎসর পূর্বে ইহা নগণ্য গ্রাম ছিল এখন জনসংখ্যা প্রায় ৮ লক্ষ।

**চাঙড়িপোতা** (Changripota) : চব্বিশ পরগনা জেলার গ্রাম ; দ্বারকানাথ বিদ্যাভূষণ ও শিবনাথ শাস্ত্রীর জন্মস্থান। কলিকাতা-ডায়মণ্ডহারবার লাইনের স্টেশন (১৩ মা), বর্তমান নাম সুভাষনগর—উদ্বাস্তু বসতিকেন্দ্র।

**চাঙভাকর** (Changbhakar) : পূর্বতন ঈ. স্টে. এজেন্সি (ছত্রিশগড়)-র করদরাজ্য ; আ. ৮৯৯ ব মা ; জন. ২২,২৬৬ ('৪১)। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১৭,০০০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে এই রাজ্য মধ্যপ্রদেশের সুরগুজা জেলার অন্তর্গত। রাজ্যের রাজধানী ছিল ভরতপুর।

**চাঁচড়া** (Chanchra) : যশোহর শহরের সংলগ্ন গ্রাম। প্রতাপাদিত্যের বিরুদ্ধে মানসিংহকে সহায়তা করার জন্য ভবেশ্বর রায় চারিটি পরগনার জমিদারি লাভ করেন। তাঁহার বংশধর মনোহর রায় অউরঙজেবের সময় জমিদারি বৃদ্ধি করেন। ইংরেজ আমলের গোড়ায় চাঁচড়ার জমিদার 'যশোহরের রাজা' বলিয়া পরিচিত ছিলেন। গ্রামে দশমহাবিদ্যার মন্দিরে দেবীদের দারুময়ী মূর্তি আছে।

**চাঁচল** (Chanchal) : মালদহ জেলার খরবা থানার গ্রাম ; কাটিহার-সিংহাবাদ মি. রেলপথের স্টেশন ; সামসি (৩৪ মা) হইতে ৯ মা উত্তরে ; বহু সরকারী রাজপথের সহিত যুক্ত। এখানে প্রাচীন হিন্দু-জমিদার বংশের অনেক পুণ্যকীর্তি আছে ; ইহাদের 'রাজা' উপাধি ছিল। উচ্চ বিদ্যালয় (১৮৮৮), রেজি. অপিস (১৯০২), সমবায় ব্যাংক, ডিসপেনসারী, ডাকঘর। গ্রামের জন. ১,৬৬৮।

**চাটমোহর** (Chatmohar) : পূ. পাকিস্তান ; পাবনা জেলার থানা। আ. ১৪১ ব মা ; বড়াল নদীতীরে গ্রাম, বাজার, রেজি. অপিস (১৮৯০) ; ঈশ্বরদি-সিরাজগঞ্জ রেলপথের স্টেশন (১৮ মা)। এখানকার এক মসজিদ ১৫৮১ অব্দে নির্মিত। তুর্কী জাতীয় কাক্শালগণ এখানে রাজত্ব করিত ; উহাদিগকে অকবরের বাদসাহী ফৌজ ১৫৯৯ অব্দে ধ্বংস করে।

**চাঠান্নুর** (Chathanoor) : তিরু-কোচীন রাজ্যের শহর। জন. ৩০ হা.। ব্যা. অব্ নিউ ইন্ডিয়া।

**চাতরা, চতরা** (Chatra) : বিহার ; হাজারীবাগ জেলার মহকুমা। আ. ১,৫৪৪ ব মা ; জন. ২,৬২,৫১৪ ; ঘনতা ১৭০। ৬টি থানা : চৌপারন (শের শাহ সড়কের উপর), ইটাখোরী, হন্টরগঞ্জ, প্রতাপপুর, চাতরা, সিমরিয়া।··· শহর হা.-গয়া সড়কের উপর (৩৫ মা) অবস্থিত। জন. প্রায় ১০ হা.। ছোটনাগপুর ব্যাংকিং কর্পোরেশন।

**চাদ হ্রদ** (Tchad Lake) : আফ্রিকার সাহারা মরুভূমির দ.-পূর্ব কেন্দ্রস্থলে অবস্থিত হ্রদ। শারী নদী ইহাতে পড়িতেছে। হ্রদের আ. ৭,০০০ ব মা। বর্ষাকালে স্ফীত হয়। হ্রদ ক্রমশই ক্ষুদ্র হইয়া আসিতেছে। গভীরতা ৩ হইতে ২০ ফুট।

**চাদ** (Chad, Tchad) : ফরাসী নিরক্ষীয় আফ্রিকার (দ্র.) উত্তরতম প্রদেশ। আ. ৪,৮১,০০০ ব মা ; জন. ২২,৪১,০০০। চাদ হ্রদ হইতে নামকরণ। ১৯২০-র পূর্বে উবংগি-শারি (Ubanghi-Shari)-র অন্তর্ভুক্ত ছিল। রাজধানী ফোর্ট লামি (Lamy ; জন. ২৩,০০০)। গবর্নর-জেনারেলের অধীন প্রাদেশিক-গবর্নর একটি প্রিভি-কাউন্সিল ও আফ্রিকানদের টেরিটরিএল সমিতির সাহায্যে প্রদেশ শাসন করেন। —এই প্রদেশে গরু, ভেড়া, উট, ঘোড়ার আবাদ হয় ; রপ্তানির সুবিধা কম।

**চাঁদখালি** (Chandkhali) : পূ-পাক. ; খুলনা-সাতক্ষীরা স্টীমারপথের গঞ্জ, কপোতাক্ষ তীরে ; পূর্বে সুন্দরবন প্রবেশের মুখে এই স্থানের পত্তন হয়। এখন পূর্বের গৌরব নাই। ৬ মা দূরে কপোতাক্ষী তীরে কুড়াগ্রামে মধ্যযুগের একটি পরিত্যক্ত মসজিদ আবিষ্কৃত হইয়াছে ; উহা ষাট গম্বুজের অনুরূপ। এই মসজিদের ৯টি গম্বুজ ; চারি কোণে ৪টি মিনার, পশ্চিমদিকে প্রাচীরের দিকে চারটি মিহ্রাব।

**চাঁদনী** ( Chandni ) : মধ্যপ্রদেশ; নিমার জেলার গ্রাম, বুরহানপুর শহরের ১২ মা উ.-পূর্বে। ১৯৪৯-এ এখানে সংবাদপত্রোপযোগী কাগজের কল স্থাপিত হয় ( নেপানগর )।

**চাঁদপুর** ( Chandpur ) : পূ.-পাক.; ত্রিপুরা জেলার মহকুমা ; শহর মেঘনার উপর। জন. ৪০ হা. ( '৫১ )। পাট ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র ; নদীর উভয় তীরে পাটের অপিস, গুদাম। চট্টগ্রাম হইতে রেলপথে ১১২ মা ; কুমিল্লা ৩৭ মা দূরে। কলিকাতা-গোয়ালন্দ ( ১৫৫ মা ) হইয়া স্টীমারে ( ৯৫ মা ) চাঁদপুর পৌঁছাইতে প্রায় বারো ঘণ্টা সময় লাগে।...বর্তমানে এখানে বহু শিল্প ও কারখানা স্থাপিত হইয়াছে। স্কুল, কলেজ। ব্যাংক : ইউনাইটেড, হবীব, সমবায়। ... নিকটে বহু বর্দ্ধিষ্ণু হিন্দুগ্রাম ; সেগুলি এখন প্রায় হিন্দুশূন্য। জনপ্রবাদ ইহা চাঁদরায়ের বন্দর-নগর ছিল ; অপর তীরে কেদারপুর, কেদাররায়ের রাজধানী ছিল।

**চাঁদপুর সিআউ** ( Chaudpur Siau ) : উত্তর প্রদেশ ; বিজনৌর জেলার শহর। জন. প্রায় ১৮ হা.। দিল্লী-মুরাদাবাদ রেলপথের জং গজরৌলা ( ৫১ মা ) হইতে নাজিবাবাদ শাখা রেলপথের স্টেশন ( ২১ মা ) ; কলিকাতা হইতে চাঁদপুর ৮৭৩ মা। প. ন্যাশ. ব্যাংক। ১৮০৫ এ পিণ্ডারীদের দ্বারা এই স্থান সাময়িক-ভাবে অধিকৃত হয়।

**চাঁদবালি** ( Chandbali ) : ওড়িশা ; বালেশ্বর জেলার গ্রাম ও ক্ষুদ্র বন্দর ; বৈতরণী নদীর মুখে বঙ্গোপ-সাগর তীরে অবস্থিত। বালেশ্বর হইতে দ.-পশ্চিমে ৫০ মা ও ভদ্রক হইতে ৩১ মা। চাউলের ব্যবসার কেন্দ্র। এখান হইতে কলিকাতা পর্যন্ত ওড়িশা কেনাল দিয়া স্টীমার সার্বিস আছে।

**চাঁদসী** ( Chandsi ) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলার উ.-পূর্ব কোণে গৌরনদী থানার গ্রাম। পশ্চিমে গৈলা। চাঁদসীর ক্ষত চিকিৎসকগণ বংশানুক্রমে বিখ্যাত।

**চাঁদা** ( Chanda ) : মধ্যপ্রদেশের জেলা ; হায়দরা-বাদের সংলগ্ন। ওয়ার্ধা, প্রাণহিত, গোদাবরী, বেণগঙ্গা নদী। জেলার একাংশে গভীর বনে সেগুন, মহুয়া ও বাঁশ পর্যাপ্ত। ওয়ার্ধা উপত্যকায় কয়লা খনি, চুনা-পাথর, বেলেপাথর, ফায়রে-ক্লে। এই জেলার এক জাতীয় ছাগল বিখ্যাত। ...জেলার আ. ৯,৩১২ ব মা ; জন. ৯,৭৭,৬১৮। হিন্দু ৭৮%, উপজাতি ২০%, মুসলমান ২%। —সদর শহর ( জন. ৪০,৭৪৪ ) ওয়ার্ধা নদীর নিকট ওয়ার্ধা-কাজিপেট রেলপথের স্টেশন ( ৭৪ মা ) ; নাগপুর হইতে ৮৫ মা দক্ষিণে ; কলিকাতা ৭৭২ মা। বহুবিধ শিল্পের কেন্দ্র। বার্ষিক মেলা বিখ্যাত। ব্যাংক : নাগপুর, স্টেট, লক্ষ্মী, নিউ সিটিজেন, ইলাহাবাদ, সমবায়। মধ্যযুগে ( ১২-১৮ শতক ) গন্দ ( Gond ) উপজাতির বহু সর্দারের রাজ্য ছিল। ... চাঁদা গন্দদের রাজধানী ছিল ; প্রাচীন ভদ্রাবতী নগর সাড়ে পাঁচ মা পাথরের প্রাচীর দ্বারা বেষ্টিত। হুয়েনৎ-সাঙ এই ভদ্রাবতীতে আসিয়াছিলেন।

**চাঁদুড়ে, চাঁদড়া** (Chandure) : নদীয়া জেলা ; শান্তিপুর শহরের নিকটবর্তী প্রাচীন গ্রাম ; অন্য নাম ব্রহ্মশাসন। ১৬৬৫ অব্দে চাঁদরায় নামক কোনো ব্যক্তি দ্বারা একটি শিবমন্দির নির্মিত হয়। চাঁদরায় দস্যু ছিলেন বলিয়া প্রবাদ এবং তিনি সবংশে ব্রহ্মার শাসনে ধ্বংস হন। ... একটি চতুষ্কোণ প্রাঙ্গণের চারি কোণে চারিটি মন্দির ছিল ; সবই প্রায় ধ্বংস হইয়াছে, এবং যে একটি অংশ এখনো অভগ্ন অবস্থায় আছে, তাহার কারুকার্য ও স্থাপত্য শৈলী দেখিলে বিস্মিত হইতে হয়।

**চানক** ( Chanak ) : বারাকপুরের প্রাচীন নাম। গঙ্গাতীরে অবস্থিত গ্রাম।

**চান্দিনা** ( Chandina ) : পূ. পাক. ; ত্রিপুরা জেলার কুমিল্লা সদর মহ.র থানা ; আ. ১৭২ ব মা। গ্রাম, ডাকঘর।

**চানসমা** (Chanasama) : বোম্বাই ; মেহসানা জেলার তালুক ও শহর। জন. ১১,০৪০। মেহসানা জং ( বোম্বাই ৩৪৯ মা ) হইতে মাহুদ রোড জং ( ১৬ মা ) হইয়া চানসমা জং ( ২৪ মা ) ; এখান হইতে এই রেল হারিজ পর্যন্ত গিয়াছে ( ৩৭ মা )। এখানকার সুবৃহৎ জৈন মন্দিরের কারু-সৌন্দর্য দর্শনীয়।

**চানহু-দাড়ো** (Chanhu-Daro) : সিন্ধুনদীর বামতটে প্রাগৈতিহাসিক যুগের মানব-নিবাসের যে সব ধ্বংসা-

বশেষ মৃত্তিকা খনন করিয়া প্রত্নতাত্ত্বিকগণ উদ্ধার করিয়াছেন চানহু. তাহার অন্যতম। ননীগোপাল মজুমদার এ স্থান সম্বন্ধে প্রথম খননকার্য্য পরিচালন ও গবেষণা পত্র প্রকাশ করেন। তিনটি স্তরে হারাপ্পা সংস্কৃতিক চিহ্ন পাওয়া গিয়াছে। পরবর্তী কোনো যুগে বলুচিস্তান প্রভৃতি স্থান হইতে উদ্‌বাস্তু আসিয়া এই অঞ্চলে গৃহাদি নির্মাণ করিয়াছিল বলিয়াও অনুমান করা হয়। এই স্তরে যেসব সামগ্রী পাওয়া গিয়াছে তাহা ঝুকর (Jhukar) সভ্যতার অন্তর্গত। সিন্ধুদেশের প্রাচীন সভ্যতাকে 'ঝুকর' বলা হয়। (দ্র. ঝুকর)।

**চানেল দ্বীপপুঞ্জ** (Channel Is.) : ফ্রান্সের উ.-প. উপকূল হইতে কিয়দ্দূরে ইংলিশ চানেলের দ্বীপপুঞ্জ। জারসি (Jersey), গরনসি (Guernsey) প্রভৃতি বহু দ্বীপ ইহার অন্তর্গত। দ্বীপগুলি নিজ নিজ আইন ও প্রথার দ্বারা শাসিত ; শাসক (Lt. Govr.) ইংলন্ড কর্তৃক নিযুক্ত হন। দ্বীপপুঞ্জের আ. ৭৫ ব মা ; জন. ১,০২,৭৭০। অধিকাংশ লোক ফরাসীভাষী। জারসি হইতে বাংলায় ব্যবহৃত 'জারসি', ও গরনসি হইতে 'গেনজি' শব্দ আসিয়াছে বলিয়া মনে হয়। দ্বীপ হইতে নিয়মিত জাহাজ ও বিমান যতায়াত করে। দ্বীপগুলি প্রাচীন নর্মান্ডির ডিউকের রাজ্য-অন্তর্গত ছিল বলিয়া ইংলন্ডের রাজারা এখনো এগুলির উপর অধিকার রাখিয়াছেন। দ্বীপগুলিতে অবকাশ রঞ্জনের জন্য বহু লোকে যায়।

**চাপড়া** (Chapda) : নদীয়া জেলা ; কৃষ্ণনগর সদর মহকুমার থানা। আ. ১৩১ ব মা ; জন ৭৭,৬৭৫ ; ঘনতা ৫৯৪। গ্রামের (জন. ২,৪৯০) অদূরে পশ্চিমে জলঙ্গী নদী প্রবাহিত। উচ্চ বিদ্যালয়।

**চাপদানী** (Chapdani) : হুগলী জেলার ভদ্রেশ্বর স্টেশনের নিকট ভাগীরথী তীরস্থ শিল্প শহর, হুগলি শহরের ৮ মা দক্ষিণে। আ. ২·৫ ব মা। জন. ৩১,৫৪৩ ; উদ্‌বাস্তু ৪৬২। এই স্থানে এক সময়ে 'বিবির বাগান' বা গোরিটির বাগান ছিল ; এখন সেখানে ডালহৌসি ও আংগাস জুট মিল।

**চাপাই-নবাবগঞ্জ** (Chapai-Nawabganj) : (দ্র. নবাবগঞ্জ)।

**চাঁপাডাঙ্গা** (Champadanga) : হুগলি জেলা ; শ্রীরামপুর মহকুমার তারকেশ্বর থানার গ্রাম, রূপনারায়ণ তীরে অবস্থিত ; এক সময়ে বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র ছিল। হাওড়া (ময়দান) স্টেশন হইতে লাইট রেলপথে বড়গাছি হইয়া চাঁপাডাঙ্গা ৩২ মা। এখান হইতে আরামবাগ ও থানাকুল-কৃষ্ণনগর যাইবার সড়ক আছে। জন. ৩,৯০৮। স্কুল, ডাকঘর।

**চাপারমুখ** (Chaparmukh) : আসাম ; নওগাঁ জেলার শহর ও পাণ্ডু-লামডিং লাইনের জং স্টেশন (৬২ মা)। এখান হইতে শাখা রেল নওগাঁ (১৬ মা) হইয়া শিলাঘাট (৫১ মা) পর্যন্ত গিয়াছে। কলং নদী ও কপিলী নদীর সঙ্গমে এই শহর।

**চাপারমুখ-শিলাঘাট রেলওয়ে** (Chaparmukh-Silaghat Railway) : মার্টিন-বার্ন কোম্পানির দ্বারা পরিচালিত মিটর গেজ শাখা লাইন, নর্থ-ইস্টার্ণ রেলওয়ে জোনের অন্তর্গত। দৈর্ঘ্য ৫১ মা।

**চাঁপুয়া** (Champua) : ওড়িশা ; কেঁউনঝর জে.র মহকুমা। আ. ৬১২ ব মা ; জন. ১,৩৬,৩৫৫। ৪ থানা ; চাপুয়া থানার জন. ৪৭,৫১৯। ··· কেঁউন. হইতে চাঁপুয়া বাস সার্বিস (৩৩ মা) আছে।

**চামরাজনগর** (Chamrajnagar) : মহীশূর রাজ্যের শহর ; মহীশূর নগরের ৩৬ মা দ.-পূর্বে রেলের দ্বারা যুক্ত। চাউল কল, তুলা সাফাই, পানচাষ ; নিকটের পাহাড়ে সেগুন ও চন্দন গাছ পর্যাপ্ত। জন. ১৬,০৫৭। কানাড়া ইনডাস্ট্রি ব্যাংক।

**চামদো** (Chamdo) : পূর্বে তিব্বতের খাম প্রদেশের শহর ছিল ; লাহ্‌সা হইতে ৩৭০ মা উ.-পূর্বে ১০,৬০০ ফুট উচ্চ স্থানে অবস্থিত। স্থানীয় বৌদ্ধ মন্দির বিখ্যাত। ১৯১৩ হইতে এই অঞ্চল চীন রাজ্যের সিকাং প্রদেশভুক্ত। চীনাভাষায় চাং-তু নামে পরিচিত ; সিকাং-এর বড় শহর পা-ন বা বাতঙ হইতে উ.-প. ১৩০ মা।

**চারখারি** (Charkhari) : পূর্বতন মধ্যভারত-বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। আ. ৭৮৫ ব মা ; জন. ১২৩, ৫৯৪ ('৪১)। রাজ্যের আয় ছিল ৭·৫৫ লক্ষ টাকা ; কর ৮,৫৮৩ টাকা। মহারাজা ১১ তোপ সম্মানাধিকারী ছিলেন। পৃথক স্ট্যাম্প ১৮৯৪-এ প্রবর্তিত হয়।

১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৯৫,৯০০ টাকা ভাতা দেওয়া হয়; এই রাজ্য বিন্ধ্যপ্রদেশ ভুক্ত হয়। ১৯৫০-এ অধিকাংশ স্থান উত্তর প্রদেশের হামীরপুর জেলার ভিতর গিয়াছে।

...উত্তর প্রদেশ, হামীরপুর জেলার শহর। জন. ১২,৬৩৮। শস্য, ঘৃত, বস্ত্রাদির বাজার। পূর্বে চারখারি রাজ্যের রাজধানী ছিল। অন্য নাম মহারাজনগর।

**চারসাদ্দা** (Charsadda): প. পাকিস্তান; উ.-প.-সী.-প্রদেশ, পেশবার জেলার শহর; পেশ. হইতে ১২ মা উ.-পূর্বে সোয়াত নদীর মোহনার নিকট অবস্থিত। ইউসুফ-জাই উপজাতির বাসস্থান। ...ইহার নিকটে প্রাচীন পুষ্কলবতী গ্রীক Peukelaotis; খ্রী.পূ. ৩২৬ আলেকসেন্দার কর্তৃক অধিকৃত। ...১৯৩০-এ খুদাই খিদমদগার আন্দোলনের কেন্দ্র। জন. ১৬,৮৪৫।

**চালনা** (Chalna; Port Jinnah): পূ.-পাক.; খুলনা জেলার নয়া বন্দর গঙ্গার উপশাখা পুসুর নদীতীরে সমুদ্র হইতে ৬০ মা ভিতরে অবস্থিত। ১৯৫০-এ এই বন্দর নির্মিত হয়। পূর্ববঙ্গের অন্য বন্দর চট্টগ্রাম।

**চাস** (Chas): বিহার; মানভূম জেলার তহশীল ও থানা; থানার আ. ১৭৮ ব মা; জন. ৯২,৯০৫; ঘনতা ৫২৩। রাজ্যপুনর্গঠন কমিশনের সুপারিশে এই থানা বঙ্গভুক্ত হয় নাই। ... শহরের জন. ৫,৮৭৩।

**চাহার** (Chahar): চীনের পূর্বতন প্রদেশ। পার্বত্য, মরুময় দেশ; লৌহ ও কয়লা পর্যাপ্ত। ১৯৫০-এ মানচুরিয়া পুনর্গঠিত হইলে কিয়দংশ অন্তর্মংগোলিয়ার অন্তর্ভুক্ত হয়। ১৯৫২-এ অবশিষ্টাংশ অন্যান্য প্রদেশ-ভুক্ত হওয়ায় এখন চা. নামে কোনো প্রদেশের অস্তিত্ব নাই। ১৯৩৭-৪৫-এ জাপানীদের অধীন ছিল।

**চিকলী** (Chikli): বোম্বাই; সুরত জেলার তালুক ও শহর। বিলিমোরা-ওয়াঘই (বঘই) সরু রেলপথে চিকলী রোড স্টেশন (৯ মা)। জন. ৪,০৬৯। সমবায় ব্যাংক আছে।

**চিকলী** (Chikhli): মধ্যপ্রদেশ; বুলদানা জেলার মহকুমা ও শহর, হায়দরাবাদ রাজ্যের প্রায়-সীমান্তে অবস্থিত। জন. ১০,৫৪৭। স্টেট ব্যাংক। শহরের নিকট স্টেশন নাই।

**চিকাজাজুর** (Chikajajur): মহীশূর রাজ্যের শহর; পুণা-বঙ্গলুর মিটার গেজ রেলপথের স্টেশন (৪৫৩ মা)। এখান হইতে চিটলদ্রুগ পর্যন্ত শাখা রেল (২১ মা) আছে।

**চিকানায়কানহাল্লী** (Chiknaikanhalli): মহীশূর রাজ্য; তুমকুড় জেলার তালুক ও শহর। তু. হইতে ৩৩ মা উ.-পশ্চিমে। জেলার উ.-পূর্বে পাহাড়ে মাঙ্গানিস, ও স্বর্ণ-আকর আছে। এখানে নারিকেল ও সুপারির চাষ হয়।

**চিকামগলুর** (Chikmagalur): মহীশূর রাজ্যের জেলা, অপর নাম কাডুর। আ. ২,৭৭১ ব মা; জন. ৪,১৭,৫৩৮। জেলায় আস্‌বেস্টস, ও কেওলিন সম্পদ প্রচুর; কফী, এলাইচ, গোলমরিচের বাগিচা অনেক। ...সদর শহর, মহীশূর হইতে ৯০ মা উ.-পশ্চিমে ও কাডুর রেল স্টেশন হইতে ২৫ মা দূরে অবস্থিত; কফী ব্যবসায়ের কেন্দ্র।

চিকামগলুর শহরের নিকটস্থ পাহাড়ের জল হইতে ভদ্রা বিদ্যুৎ সরবরাহ কারখানা ১৯৪৮-এ আরম্ভ হইয়াছে; ২০ কোটি টাকা ব্যয়িত হইবে; ১৯৬৩-এ কার্য শেষ হইলে ইহাই মহীশূর রাজ্যের বৃহত্তম বিদ্যুৎ-সরবরাহ কেন্দ্র হইবে। জন. ২১,৭৪৪। এখানে মহীশূর, কানাড়া, কানাড়া ইনডাস্ট্রি ও জয় লক্ষ্মী ব্যাংক আছে।

**চিকা বল্লাপুর** (Chika Ballapur): মহীশূর রাজ্য; কোলার জেলার শহর। জন. ২০,২১৯। বঙ্গলুর-বংগরপেট (বাউরিংপেট) লুপ লাইনের স্টেশন (৩৯ মা)। ৫ মা দ.-পশ্চিমে নন্দীদুর্গ (৪,৮০০ ফুট) স্বাস্থ্য-নিবাস; এখানে ১৮ শতকের দুর্গ আছে। ব্যাংক: মহীশূর, বৈশ্য, সমবায়। ইক্ষু ও তামাক, আবাদী ফসল।

**চিকোডি** (Chikodi): বোম্বাই; বেলগাঁও জেলার তালুক ও শহর। শহর (জন. ১৩,৭১৩) পুনা-হুবলি-বঙ্গলুর রেলপথে চি. রোড স্টেশনের (২০০ মা) পশ্চিমে বেলগাঁও হইতে ৪০ মা উত্তরে অবস্থিত। ব্যাংক অব্ সিটিজেনস, বেলগাঁও ব্যা. ও সমবায় ব্যাংক।

**চিট বড়গাঁও** ( Chit Baragaon ) : উত্তর প্রদেশ ; গাজিপুর জেলার শহর। ছাপড়া-বালিয়া-বারানসী ( ১২০ মা ) রেলপথের মধ্যে স্টেশন ( ৫১ মা ) ; তমসা নদীতীরে, বালিয়ার ৯ মা উ.-পশ্চিমে নানা শস্যের বাজার। জন ৯,২০২। স্টেট ব্যাংক।

**চিটা** ( Chita ) : সাইবেরিয়ার নগর। পার-সাইবেরিয়ান্ রেলপথের জংশন স্টেশন ; মস্কো হইতে ৩,০০০ মা। এখানে রেলপথ দ্বিধা হইয়া একটি শাখা আমুর নদীর উপর দিয়া ঘুরিয়া ভ্লাডিবোস্টক বন্দরে, অপর শাখা পূর্বতন মানচুরিয়ার মধ্য দিয়া উক্ত বন্দরে গিয়া মিশিয়াছে। জনসংখ্যা দেড় লক্ষাধিক। বহু শিল্প-কারখানা ও বিচিত্র সামগ্রীর ব্যবসায় কেন্দ্র। স্থানিক সংগ্রহালয়, টেক. স্কুল প্রভৃতি বহু প্রতিষ্ঠান আছে।

**চিটলড্রুগ, চিতলদুর্গ** ( Chitaldrug ) : মহীশূর রাজ্যের জেলা ; প্রাচীন নাম শীতলা দুর্গ। দাক্ষিণাত্য মালভূমে রুক্ষ অঞ্চলে অবস্থিত। পাহাড়ে মাঙ্গানিস আকর। বৃষ্টিপাত মাত্র ২২.৬" ; তুঙ্গভদ্রা নদী উ.-প.-প্রবাহিত। জেলার আ. ৪.১৬২ ব মা; জন ৮,৬৮,৭৩০। ৯টি তালুক। বনভূমি বহু বিস্তৃত। কৃষির জন্য বহু কৃত্রিম জলাশয় হইতে সেচের ব্যবস্থা থাকায় তুলা ও চীনাবাদামের চাষ হয়। দাবণ্গেরে ( Davangere ) শহর তুলা-বাজারের কেন্দ্র ; জেলায় ৫ কাপড়ের কল আছে। গোয়ার বন্দর মরমুগাঁও দিয়া মালপত্রের আগম-নিগম হয়। ...চি. শহরের পশ্চিমে চন্দ্রাবলী নামক গ্রামে বৌদ্ধযুগের ( ২ শতক ) মুদ্রাদি পাওয়া গিয়াছে। আইমঙ্গল নামে গ্রামে খদ্দর তৈয়ারির বিশেষ কেন্দ্র আছে।

—চিটলদুর্গ শহর, পর্বতশ্রেণীর মধ্যে গিরিদুর্গ বেষ্টিত ; দৃশ্য অতি মনোরম। পুনা-বঙ্গলুর রেল-পথের চিকাজাজুর ( Chikjajur ) জংশন ( ৪৫৩ মা ) হইতে শাখা রেলের শেষ স্টেশন ( ২১ মা )। জন. ২৫,০৮১। ব্যাংক : মহীশূর, কানাড়া ইনডাস্ট্রি, বৈশ্য, চিটলড্রুগ।

**চিরিরবন্দর** ( Chirirbandar ) : পাক দিনাজপুর জেলা ; সদর মহ.র থানা ; আ. ১৩০ ব মা। ...গ্রাম, বাজার, ডাকঘর। আত্রাই নদী নিকটে। পার্বতীপুর-দিনাজপুর রেলপথের স্টেশন ( ১৪ মা ) ; দিনাজপুর ৫ মা পশ্চিমে।

**চিতোড়** ( Chitor ) : পূর্বতন রাজপুতানার মেবার ( উদয়পুর ) রাজ্যের এককালীন রাজধানী। কিংবদন্তী ৮ম শতকে নগর স্থাপিত হয়। ১৩০৩ অব্দে আলাউদ্দিন খলজি কর্তৃক চিতোড় অবরুদ্ধ ও অধিকৃত এবং ১৫০৫-এ গুজরাটের বাহাদুর শাহ কর্তৃক বিধ্বস্ত হয়। অতঃপর অকবর শাহ ( ১৫৬৭-৬৮ ) কর্তৃক অধিকৃত হইলে রানা উদয়সিংহ চিতোড় ত্যাগ করিয়া উদয়পুর নামে নূতন রাজধানী পত্তন করেন। রানা পলায়ন করিলে জয়মল্ল চার মাসকাল চিতোড় দুর্গ রক্ষার জন্য যুদ্ধ করেন। জয়মল্ল নিহত হইলে রাজপুতরা দুর্গের স্ত্রী-পুত্রকে বধ করিয়া নিজেরা যুদ্ধক্ষেত্রে গিয়া প্রাণ দেয়। ইহার চারিবৎসর পরে প্রতাপসিংহ রানা হন ; কিন্তু তিনি চিতোড় দুর্গ উদ্ধার করিতে পারেন নাই। অকবরের মৃত্যুর পর জাহাঙ্গীরের রাজত্বকালেও চিতোড় অধিকারের চেষ্টা হইয়াছিল, কিন্তু উহা সফল না হওয়ায় রানা ও তাঁহার অনুচররা বনে বনে ঘুরিতে থাকেন। অনুচররা সংকল্প করে, রাজ্য স্বাধীন না হওয়া পর্যন্ত তাহারা চিতোড় দুর্গে প্রবেশ করিবে না। অতঃপর ১৯৫৫ এপ্রিল মাসে প্রতাপ-অনুচরদের বংশধর গদিয়া লোহাররা চিতোড়ে সোল্লাসে প্রবেশ করে। ... চি. প্রাচীর বেষ্টিত ; দুর্গ মধ্যে ৩২টি জলাশয়, বহু মন্দিরাদি আছে। কীর্তিস্তম্ভ ( ১২ শতক ) ও জয়স্তম্ভ ( ১৫ শতক ) নামে দুইটি স্তম্ভ হিন্দু স্থাপত্য ও ভাস্কর্যের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। ... ৭ মা দূরে নাগরী গ্রামে বৌদ্ধ স্থাপত্যের ধ্বংসাবশেষ দেখা যায়।

**চিতোড়গড়** ( Chitorgarh ) : রাজস্থানের উদয়পুর বিভাগের নূতন জেলা। আ. ৩,১৮২ ব মা। জন. ৫,৮৭,৭২৪। জন. বৃদ্ধি ১২.৮%। সদর শহর ( জন. ১১,৮৬৩ ) অজমের-রাতলাম-খানডোয়া মিটার লাইনের জং স্টেশন ( ১১৬ মা )। এখান হইতে শাখা রেলপথ উদয়পুর গিয়াছে ( ৬৯ মা )। পূর্বদিকে চিতোর নগর। রাজস্থান ব্যাংক।

**চিত্তরঞ্জন** (Chittaranjan) : বর্ধমান জেলা; আসানসোল মহকুমার সালানপুর থানার উত্তরপূর্বাংশে বিহার

সংলগ্ন শিল্পশহর। ভারত সরকার স্থাপিত (১৯৪৮) চলিষ্ণু (লোকোমোটিভ) ইন্‌জিন তৈয়ারির কারখানা ও নগর। ইহা নির্মাণে ১৫ কোটি টাকা ব্যয়িত হইয়াছে। এ পর্যন্ত চারিশতের উপর ইন্‌জিন প্রস্তুত হইয়াছে। '৫৪-'৫৫ সালে ৯৮খানি। এখান হইতে কলিকাতা ১৪০ মা, আসানসোল ১৪ মা। পূর্বে এই স্থানের নাম ছিল মিহিজাম। জন. ১৬,১৬২ (নারী হাজারে ৪২৬)। স্টেট ব্যাংক।

দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের নামানুসারে এই শহরের নামকরণ।

**চিত্তুর** (Chittoor): অন্ধ্ররাজ্যের জেলা; পূর্বাংশ মালভূমি ও পালকোণ্ডা পাহাড়; উত্তরে কুড্ডাপা; পূর্বে ও দক্ষিণে মদ্রাজ রাজ্য; পশ্চিমে মহীশূর রাজ্য। আ. ৫,১০১ ব মা; জন. ১৮·১০ লক্ষ। সদর শহর (জন. ৩৮,৮১৭) গুন্তুর জং (কলিকাতা ৯৪৬ মা) হইতে বিল্লপুরম মিটার রেলপথের স্টেশন (১০৩ মা)। এখান হইতে মদ্রাজ ৮৬ মা। ব্যাংক: কানাড়া কর্পোরেশন, স্টেট, রায়লসীমা ও সমবায়। ...এই শহরে হায়দার আলির মৃত্যু হয় (১৭৮২)।

**চিত্তুর** (Chittur): তিরু-কোচীন রাজ্যের শহর। জন. ২৩,৭৪৬। এখানে ৮টি ব্যাংক আছে।

**চিত্রকূট** (Chitrakut): প্রাচীন ভারতের গ্রাম। কিংবদন্তী রাম, লক্ষ্মণ ও সীতা বনগমন কালে চি. পর্বতে কিছু কাল বাস করেন। এইখানে ভরতের সহিত রামের সাক্ষাৎ হয়। ...বুন্দেলখণ্ডের কামতা পাহাড় চি. বলিয়া সনাক্ত করা হয়। ইলাহাবাদ-মানিকপুর-ঝান্‌সি লাইনে চিত্রকূট নামে স্টেশন (৮৩ মা) আছে; নিকটে অনেকগুলি তীর্থস্থান।

**চিত্রাবতী** (Chitravati): দ. ভারতে পেনার নদীর উপনদী; অনন্তপুর জেলার (অন্ধ্র) মধ্য দিয়া প্রবাহিত। বর্ষাকাল ছাড়া অন্য সময়ে ক্ষীণধারা।

**চিত্রাল** (Chitral): প. পাকিস্তান; উ.-প. সী. প্রদেশ; মালখণ্ড এজেন্‌সির অন্তর্গত করদরাজ্য; রাজা মুসলমান; উপাধি মেহত্তর (মহত্তর)। ইংরেজের সহিত বন্ধুত্বের বিনিময়ে মেহত্তর সরকারের নিকট হইতে বার্ষিক ভাতা পাইতেন। ১৮৯৫ রাজার মৃত্যুর পর দেশে অশান্তি হয়; তখন ইংরেজ সেখানে সামরিক অভিযান প্রেরণ করেন। এই রাজবংশ চিত্রালে প্রায় ৩০০ বৎসর রাজত্ব করিতেছেন। রাজা ব্রিটিশ আমলে ১১ তোপের সম্মান পাইতেন। রাজ্যের আ. প্রায় ৪০০০ ব মা; জন. ১,০৭,৯০৬। রাজস্ব ৩,৪০,০০০ টাকা। ... চিত্রাল শহর, কুনার-চিত্রাল নদী উপত্যকায়, তিরিচমীর পর্বত (২৫,২৬৩) হইতে ৩০ মা দক্ষিণে, ৫০০০ ফুট উচ্চ মালভূমে অবস্থিত; পেশাবর হইতে মরদানা হইয়া মোটর পথ আছে (১২৫ মা)।

**চিদাম্বরম** (Chidambaram): মদ্রাজ রাজ্য; দক্ষিণ আরকট জেলার শহর; কোলেরুন নদীতীরে অবস্থিত। এই নগরী চোলরাজদের রাজধানী ছিল (৯০৬-১৩১০)। ইহা বহু মন্দিরশোভিত হিন্দুতীর্থ। নটেশ বা নটেশ্বর মন্দির কনকসভা নামে প্রসিদ্ধ। বীর চোলরাজ (৯২৭-৭৭) কর্তৃক সমুদ্রের নিকট এই মন্দির-নগরী নির্মিত হয়। মন্দির প্রাঙ্গণের ক্ষেত্রফল প্রায় ১০০ বিঘা; দুইটি প্রাচীর দ্বারা বেষ্টিত; বাহিরের প্রাচীর ১,৮০০ ফুট দীর্ঘ ও ১,৪৮০ ফুট প্রস্থ। চারি কোণে ৪টি গোপুরম; ২টি গোপুরমের উচ্চতা ১৬০ ফুট করিয়া। মধ্যস্থলে বিরাট জলাশয়; উহার দক্ষিণে সহস্র-স্তম্ভী গৃহ ৩৪০' দীর্ঘ ও ১৯০' প্রস্থ। এইগৃহে ৯৮৪টি স্তম্ভ আছে। ...১৪ শতকের পার্বতী মন্দির, সুব্রহ্মণ্য মন্দিরও দর্শনীয়। ... মদ্রাজ ধনুষ্কোটি রেলপথের কুড্ডালোর হইতে ২১ মা দক্ষিণে। মদ্রাজ ১২৮ মা। জন. ৩৪,৫৭৫। এখানে ইন্‌ডিয়ান, ইন্‌ডো-কমার্স, তাঞ্জোর পার্মানেন্ট ব্যা.র শাখা ও সেনট্রাল ব্যা.র পে অ. আছে। ...এই শহরের উপকণ্ঠে আন্নামলয় নগর ও আন্নামলয় বিশ্ববিদ্যালয়।

**চিন্‌-কিয়াং** (Chin-Kiang): চীনের কিয়াং-সু প্রদেশের বন্দর; ইয়াং-সির দক্ষিণ তীরে, চীনের বড় খাল ইয়ুন—হো-র সঙ্গমস্থলে, নানকিং হইতে ৪০ মা পূর্বে অবস্থিত। শিল্প ও বাণিজ্যিক নগর। জন. ২,২০,০০০ ('৫২)। ...মার্কো পোলো এই নগরের বর্ণনা রাখিয়া গিয়াছেন। ১৮৫৯-এ পাশ্চাত্য জাতিদের জন্য প্রথম উন্মুক্ত হয়।

**চিঙ-হাই** (Chinghai, Tsing-hai): চীনের প্রদেশ; তিব্বতের সীমান্তে অবস্থিত। ইহার কিয়দংশ জলা

জমি ; মধ্যস্থলে কুন্‌লুন পর্বত ; তিব্বতীয় মালভূমের উত্তরাংশ ইহার মধ্যে। ...আ. ৪,০৫,৫০০ ব মা। জন. ১৫ লক্ষ। রাজধানী সিন্‌ ইঙ (Sin-ing)।

**চিন পাহাড়** (Chin Hills) **:** উত্তর বর্মার আসাম-সীমান্তস্থিত পর্বতশ্রেণী ; আরাকান যোম ও মনিপুর পাহাড়ের মধ্যে অবস্থিত সমান্তরালে গঠিত পর্বতমালার নাম। এই অরণ্যময় পর্বতমধ্যে চিন উপজাতির বাস ; বহু ক্ষুদ্র ক্ষুদ্র উপজাতিতে ইহারা বিভক্ত, এবং ইহারা বহু উপ-ভাষাভাষী। ১৮৯৫-এ চিনরা বিটিশদের আয়ত্তাধীনে আনীত হয় এবং তাহাদের দেশ বর্মার মাগওয়ে বিভাগের জেলারূপে শাসিত হইতে থাকে। বর্মা স্বাধীন হইবার পর (১৯৪৭) এই অঞ্চল উত্তর বর্মা বিভাগের অন্তর্ভুক্ত করিয়া ২টি জেলায় গঠিত হয় : উত্তর চিন পাহাড় (প্রধান শহর ফালান) ও দক্ষিণ চিন পাহাড় (প্র. শ. কান-পেট-লেট)।

**চিনিওট** (Chiniot) **:** পাক-পঞ্জাব ; ঝাঙ জেলার তহ. ও শহর। চেনাব নদীর পূর্বদিকে লায়ালপুর-খুশব (৯৭) রেলপথের স্টে. (৯৩ মা)। এখানে ফেরিতে চেনাব পার হইতে হয়। বহু কারু শিল্পের কেন্দ্র। ব্যাংক : অস্ট্রেলেশিয়া। জন. ৩৪,৪৩৭।

**চিন্তামনি** (Chintamani) **:** মহীশূর রাজ্য ; কোলার জেলার তালুক ও শহর ; বঙ্গলুর-বঙ্গরপেট লুপ লাইনের স্টেশন (৬২ মা)। জন ১৪,৪১১। মহীশূর ও বৈশ্য ব্যাংক আছে। সুগন্ধী দ্রব্য, সূক্ষ্ম বস্ত্র বয়ন শিল্পের কেন্দ্র।

**চিন্দউইন নদী** (Chindwin R.) **:** উত্তর বর্মার নদী ; আসাম সীমান্তে পাতকোই পর্বতে উঠিয়া উ. ও দ. চিন্দউইন জেলাদ্বয়ের মধ্য দিয়া আসিয়া দক্ষিণে পকোকুর নিকট ইরাবতীতে পড়িতেছে (৮০০ মা)। এই নদীর উপত্যকায় চিন (Chin) নামে উপজাতীয়দের বাস। ২য় মহাযুদ্ধের সময় জাপানীদের হাত হইতে বর্মা উদ্ধারের জন্য এই অঞ্চলে দীর্ঘকাল যুদ্ধ চলে।

**চিন্দউইন, উত্তর** (Upper Chindwin) **:** বর্মা ; সগাইঙ বিভাগের জেলা ; চি. নদী প্রবাহিত। উ.-পশ্চিমে নাগা পাহাড় ও মনিপুর। পূ.—কথা ও সোএবো ; দ.—দ. চিন্দউইন। বারিপাত ৬৭"। এই জেলার মধ্য দিয়া ভারত প্রবেশের পথ। ...আ. ৬,৮৮৯ ব মা ; জন. ২,০৯,৫৭৫ ('৪১)। বর্মী ও শান জাতীয় লোক প্রায় আধাআধি। ...প্রধান শহর মওলাইক (Mowlaik), কিনদাত (Kindat) চি. নদীতীরে অবস্থিত, পকোকু হইতে স্টীমার পথে যথাক্রমে ২৫৬ ও ২৬০ মা।

**চিন্দউইন, দক্ষিণ** (Lower Chindwin) **:** বর্মা ; সগাইঙ বিভাগের জেলা ; বর্মার শুষ্ক মণ্ডলে ; বারিপাত মাত্র ৩১"। একাংশে সেগুন বন ও স্বর্ণ আকর। অন্যাংশে জলসেচ দ্বারা কৃষিকার্য চলে। আ. ৩,৬৭৬ ব মা, জন. ৪,২৭,৩৪০ ('৪১)। প্রধান শহর—মনিওয়া (Monywa)।

**চিন্নমান্নুর** (Chinnamanur) **:** মদ্রাজ ; মাদুরাই জেলার শহর, পশ্চিম প্রান্তে অবস্থিত। জন. ১৪,৪৮০।

**চিপলুন** (Chiplun) **:** বোম্বাই ; রত্নগিরি জেলার তালুক ও শহর। জন. ১৫,৮৪৭। বোম্বাই-কোঙ্কন-গোআ শড়ক তৈয়ারী হওয়ায় মোটর সার্বিস যোগে বোম্বাই-এর সহিত যেগোযোগ সহজ হইয়াছে (১০৮ মা)। রত্নগিরি ৪০ মা উ.-পূর্বে। ব্যাংক: বেলগাঁও, চি. সমবায়।

**চিম্বোরাসো** (Chimboraso) **:** দ. আমেরিকার আন্‌দিস পর্বতের গিরিশৃঙ্গ ; সাগর সমতল হইতে ২০,৫৭৭ ফুট উচ্চ ; মালভূমি হইতে ১১ হাজার ফুট।

**চিরালা** (Chirala) **:** অন্ধ্ররাজ্য ; গুন্টুর জেলার শহর, সমুদ্র অদূরে। বিজয়ওয়াড়া-মদ্রাজ রেলপথের স্টেশন (২৭৩ মা)। তামাকের জন্য বিখ্যাত স্থান। জন. ৩৬,২২৫। অন্ধ্র ব্যা. ও স্টেট ব্যাংক।

**চিল্‌কা হ্রদ** (Chilka Lake) **:** ওড়িশা রাজ্য ; পুরী জেলার দক্ষিণে বঙ্গোপসাগর সংলগ্ন হ্রদ ; ইহার প্রাকৃতিক দৃশ্য অতি মনোরম। সাধারণত আ. ৩৫০ ব মা ; গড় গভীরতা ৬ ফুট ; বর্ষায় জল বাড়ে। এখানে প্রচুর মৎস্য। হ্রদ মধ্যে কয়েকটি দ্বীপ আছে। তীরস্থ গ্রামগুলিতে লবণ প্রস্তুত হয়। মদ্রাস রেলপথ হ্রদ ও পর্বতের পাশ দিয়া গিয়াছে। চিল্‌কা হ্রদ দেখিবার জন্য রম্ভা স্টেশনে (৩৪৫ মা) নামিয়াই লোকে যায়। চিল্‌কা স্টেশন (৩৩২ মা) হইতে হ্রদে যাওয়া অসুবিধাকর।

**চিলমারী** (Chilmari) **:** পূ-পাক ; রঙপুর জেলার কুড়িগ্রাম মহ.র থানা ; আ. ৯৮ ব মা। তিস্তা ও ব্রহ্মপুত্র নদীর মধ্যে অবস্থিত ; পূর্বদিকে ব্রহ্মপুত্রের বিশাল চর। ইহার অপর পারে রাহুমারী থানা—গারো পাহাড়ের প্রান্তেই অবস্থিত। চিলমারী গ্রাম, বাজার, ডাকঘর।

**চিলহাটি** (Chilhati) **:** পূ-পাক ; রঙপুর জেলরা নীলফামারী মহ র গ্রাম ও ঈ. বি. রেলপথের পাকিস্তানের প্রান্তীয় স্টেশন ; ইহার পর হলদিবাড়ি (প. বঙ্গ)। কলিকাতা হইতে চিলহাটি পর্যন্ত ব্রডগেজ রেল (২৭৫ মা)। তারপর ভারত এলাকায় মিটরগেজ। চিলহাটি ও দর্শনার মধ্যে ২২৫ মা ঈ. বি. রেলওয়ে পাকিস্তানের অন্তর্গত।

**চিলাও** (Chilaw) **:** সিংহলের উ.-পশ্চিম প্রদেশের জেলা ; সমুদ্রতীরে বিস্তৃত। জন. ১,৩৯,১৬৪। ঘনতা ৫৩৩। জেলার অধিবাসীদের মধ্যে খ্রীষ্টানের সংখ্যা প্রায় ৬৮ হাজার ; বৌদ্ধ ৬০ হা.। কৃষিপ্রধান দেশ। নারিকেলের চাষই প্রধান ; ৭৪,৮৫৯ একর জমিতে না. চাষ হয়। চিলাও শহর কলোম্বো হইতে ৪৫ মা উত্তরে। ১১-১২ শতকে আরবরা এখান হইতে দারুচিনি রপ্তানি করিত। জন. প্রায় ১০ হা.।

**চি-লি, পে-চি-লি** (Chih-le) **:** চীনের উ.-পূর্বের পূর্বতন সুবৃহৎ প্রদেশ। বর্তমানে ইহা হোপে ও জেহোল প্রদেশভুক্ত। ইহার অন্তর্গত তিএন-ৎসিন (Tientsin) বর্তমানে কেন্দ্রীয় শাসনাধীন মিউনিসিপালিটি।

**চলিয়ানওআলা** (Chillinwala) **:** পাক-পঞ্জাব ; গুজরাট জেলার গ্রাম, ঝিলাম নদীর নিকটে। এই স্থানে ১৮৪৯,১৩ জানুয়ারি ইংরেজের সহিত শিখদের যুদ্ধ হয়। শিখরা আপনাদিগকে বিজয়ী মনে করিয়াছিল। ...এই স্থানের নিকট আলেকজেন্দার ঝিলাম নদী পার হইয়া পুরুরাজকে পরাভূত করেন। ন-ও. রেলওয়ের লালমুসা জং হইতে ২১ মা দূরে অবস্থিত স্টেশন।

**চিলে** (Chile) **:** দক্ষিণ আমেরিকার রাষ্ট্র। প্রশান্ত মহাসাগর তীরে ২,৮০০ মা দীর্ঘ ; প্রস্থে মাত্র ৫০-১০০ মা। দৈর্ঘ্যের অনুপাতে প্রস্থের এত অল্পতা আর কোনো দেশে নাই। আন্দিস পর্বত রাজ্যের মধ্য দিয়া গিয়াছে ; এই পর্বতে বহু আগ্নেয়গিরি। দেশে প্রায়ই ভূমিকম্প হয়। উত্তরাংশে শুষ্ক আটকামা মরুভূমি। মধ্যভাগে ভূমধ্যসাগরীয় জলবায়ু। নদীগুলি হইতে জলবিদ্যুৎ উৎপন্ন হয়। বারিশূন্য অংশে স্বাভাবিকভাবে পর্যাপ্ত নাইট্রেট পাওয়া যায়। নাইট্রেট পরিশোধনকালে যে আইওডিন হয়, তাহা পৃথিবীর মোট উৎপন্ন আ. র ৬০ ভাগ। কিন্তু রাসায়নিক ও সিন্থেটিক নাইট্রেট প্রস্তুত হইতেছে বলিয়া চিলিয়ান নাইট্রেটের একচেটিয়াত্ব হ্রাস পাইয়াছে।খনিজ সম্পদের মধ্যে তাম, পৃথিবীর বৃহত্তম রিজার্ভ এইখানে আছে।... ... ...রাজ্যের আ. ২·৯০ লক্ষ ব মা। জন. ৫৮ ৬৬ লক্ষ ('৫০)। আদিম লালমানুষ ছাড়া স্পেনীশরাই প্রথম উপনিবেশিক। ১৫২০-এ এই দেশ ম্যাজেলিন কর্তৃক অবিষ্কৃত ; ১৫৪১-এ সান্‌টিআগো শহর পত্তন ও স্পেনীশ উপনিবেশের সূত্রপাত। ...১৮১০-এচিলি-বাসীরা স্বাধীনতা ঘোষণা করে ; ১৮২৬ হইতে রিপাবলিকের অস্তিত্ব স্বীকৃত হয়। প্রেসিডেণ্ট ৬ বৎসরের জন্য সাধারণ ভোটদ্বারা নির্বাচিত হন ও পুনর্নির্বাচিত হইতে পারেন না। সিনেট (৪৫) ও প্রতিনিধি সভায় ত্রিশ হাজারকরা লোকে একজন সদস্য নির্বাচিত করিতে পারে। নারীরা ভোটার। চিলে বলিভিয়া ও পেরু প্রভৃতি প্রতিবেশীদের সহিত যুদ্ধ করিয়া রাজ্য বাড়াইয়াছিল। এদেশের রণবিভাগ সুগঠিত। পৃথিবীর দুই মহাযুদ্ধে ইহারা নিরপেক্ষ ছিল ; তবে ২য় মহাযুদ্ধে বাধ্য হইয়া জড়িত হইয়া পড়িলেও প্রত্যক্ষভাবে যুদ্ধে নামে নাই। রাজধানী—সানটিআগো। বন্দর ভাল-পারিজো হইতে রেলপথ বুইনস আইরাস পর্যন্ত বিস্তৃত ; আন্দিসের উপর দিয়া রেলপথ ইহাই প্রথম। ... রজ্যে ৫ বিশ্ববিদ্যালয়। প্রাথমিক শিক্ষা ( ৭-১৫ বৎসর ) অবৈতনিক ও আবশ্যিক। রাজস্বের ২০% শিক্ষাখাতে ব্যয়িত হয়। ...স্পেনীশ চিলিয়ান কবি শ্রীমতী গ্যাবরিলা মিস্‌ট্রাল (জ. ১৮৮৯) নোবেল প্রাইজ পান (১৯৪৫)।

**চীন** (China **:** People's Republic of China) **:** চীনা নাম চুঙ-হুআ জেন-মিন কুঙ-হো কুও। পূর্বে নাম ছিল চুঙ-হুআ মিন্‌-কুও (Republic of China)। এশিয়ার পূর্বাংশের দেশ। ইহা এশিয়ার প্রায় এক-

চতুর্থাংশ, সমগ্র ইউরোপ অপেক্ষা বৃহত্তর। পৃথিবীর প্রায় এক-চতুর্থাংশ লোক এইখানে বাস করে। মানচুরিয়া ( উ.-পূ.-চীন ), অন্তর্মোঙ্গোলিয়া ও সিনকিয়াঙ (পূর্ব তুর্কিস্তান)—এই তিনটি দেশ ও খাস-চীন লইয়া ১৯১১, অক্টোবর ১০ই প্রাচীন চীন-সাম্রাজ্য গণতন্ত্রে পরিণত হয়। ইহা ইন্দোচীন হইতে সাইবেরিয়া ও পামীর হইতে প্রশান্ত মহাসাগর পর্যন্ত বিস্তৃত। তিব্বত চীন সম্রাটদের আমলে প্রায় ২০০ বৎসর অল্পাধিক তাঁহাদের আনুগত্য স্বীকার করিয়া চলিত ; ১৯১১ হইতে ১৯৫০ পর্যন্ত তিব্বতের সহিত চীনের সম্পর্ক সুদৃঢ় ছিল না। '৫০ নভেম্বর মাসে তিব্বত চীন-জনতন্ত্রভুক্ত হইয়াছে। সমগ্র চীনের অর্থাৎ মানচুরিয়া (এই নাম আর বর্তমানে নাই), অন্তর্মোঙ্গোলিয়া, সিনকিয়াঙ, খাস চীন ও তিব্বতের সাধারণ নাম চীন-জনতন্ত্র বা মহাচীন, নূতন চীন, লাল-চীন প্রভৃতি।

চীনের উত্তরে মঙ্গোলিয়া জনতন্ত্র ; উ.—পূ. ও উ.-প.—সোবিয়েত দেশ ; প.—আফগনিস্তান ও কাশ্মীর ; দ.—ভারত, নেপাল, ভুটান, বর্মা, ইন্দোচীন ও চীন-সাগর ; পূ.—কোরিয়া।

উত্তরে ও উ.-পূর্বে হোয়াংহো নদীবাহিত বিস্তীর্ণ সমভূমি এবং মধ্যভাগে ইয়াংসি-কিয়াংএর দক্ষিণে উপকূলের নিকটে সিকিয়াং-এর নিম্নভূমি ছাড়া চীনের অন্যান্য অংশ পার্বত্য। তন্মধ্যে অন্তর্মোঙ্গোলিয়া ও তিব্বত মালভূমি প্রধান। অন্তঃ-মালভূমিতে বিশাল গোবি মরুভূমির কিয়দংশ অবস্থিত। পশ্চিমদিকে উচ্চ পার্বত্যভূমি খাস চীনকে তিব্বত ও বর্মা হইতে বিচ্ছিন্ন করিয়াছে। চীনের উপকূলে অনেক খাঁজ ও খাড়ি এবং ক্ষুদ্র ক্ষুদ্র অনেক দ্বীপ আছে। হোয়াংহো, ইয়াংসি-কিয়াং, সি-কিয়াং এই তিনটি চীনের প্রধান নদী। সমভূমিতে সবগুলিই নাব্য। প্রকৃতপক্ষে এই তিনটি নদীর অববাহিকা লইয়াই চীনদেশ। হোয়াংহো ও ইয়াংসি-র মিলিত অববাহিকার আয়তন সাড়ে তের লক্ষ ব মা। মালভূমি-অঞ্চলে গ্রীষ্মকালে খুব গরম, শীতকালে কনকনে শীত এবং বায়ু সর্বদাই শুষ্ক। দক্ষিণাংশে শীত কম। দক্ষিণ-ও দ.-পূ.-মৌসুমী বায়ুতে দক্ষিণ-পূর্বাংশে গ্রীষ্মকালে প্রচুর বৃষ্টিপাত হয়।

চীনের অধিবাসীরা পীতবর্ণের মঙ্গোলীয় ; ইহারা কনফুসীয়, তাও ও বৌদ্ধ ধর্মাবলম্বী। চীনাদের মধ্যে কিছু সংখ্যক খ্রীষ্টান ও কয়েক কোটি মুসলমান আছে। চীনদেশে এত ঘনবসতি যে স্থানাভাবে বহু লোক নৌকায় আজীবন বাস করে। অতি প্রাচীনকালে ইহারা বিবিধ শিল্পবিদ্যায় উন্নতিলাভ করিয়াছিল। ...চীনের প্রাচীর বা মহাপ্রাচীর পৃথিবীর অন্যতম আশ্চর্য বস্তু। এই প্রাচীর সমভূমি, মালভূমি ও পাহাড়-পর্বতের উপর দিয়া প্রায় ১,৫০০ মাইল বিস্তৃত ; ২০ হইতে ৩০ ফুট উচ্চ এবং উপরিভাগে ২৫ ফুট প্রশস্ত। উত্তর হইতে হুনআদি জাতির আক্রমণ প্রতিরোধ করিবার জন্য বহু শতাব্দী ধরিয়া ইহা নির্মিত হয়। বর্তমানে ইহার কোনো সার্থকতা নাই।

**চীন জনতন্ত্র** (Ta Chung-Hua Jen-Min Kung-Ho Kuo) : এশিয়ার নয়া গণতান্ত্রিক রিপাবলিক ; পৃথিবীর সর্বাপেক্ষা জনবহুল ও দ্বিতীয় বৃহত্তম দেশ। আ. ৪৩ লক্ষ ব মা ; জন. ৬০,২০,০০,০০০ (জুন, ১৯৫৩) রাজধানী—পিকিঙ ( Peking )।

১ অক্টোবর, ১৯৪৯ সমগ্র চীনে (বর্তমানে তাই-ওয়ান-পেসকাডোর বাদে) নয়া গণতান্ত্রিক শাসনব্যবস্থা প্রবর্তিত হইয়াছে। ১৯৫৪ সেপ্টেম্বর নূতন সংবিধান গৃহীত হয়। ইহার ফলে শাসনের সুবিধার জন্য পূর্বের ৬টি বৃহত্তর শাসন এলাকা বিলুপ্ত হইয়াছে।

বর্তমানে শাসন এলাকা তিনটি ভাগে বিভক্ত। (১) কেন্দ্রীয় শাসনাধীন প্রদেশ, মিউনিসিপালিটি ও স্বশাসিত অঞ্চল ; (২) প্রদেশ ও স্বশাসিত অঞ্চলের অধীন কাউন্টি, স্বশাসিত কাউন্টি ও অন্যান্য মিউনিসিপালিটি ; (৩) ইহাদের অধীন সিআঙ, জাতীয় সিআঙ ও শহরসমূহ। মোট প্রদেশ ২৬টি, মিউনি. ৩টি, প্রদেশাধীন মিউনি. ১২৬টি (৫০ হাজারের অধিক জন সংখ্যা যুক্ত ক্ষুদ্র অঞ্চল)। প্রদেশ সাধারণত ৮০।৯০ টি কাউন্টি-তে বিভক্ত। মোট কাউন্টির সংখ্যা ২,১৫১। সিআঙ একটি গ্রাম বা কয়েকটি গ্রামের সমষ্টি। মোট সিআ-ঙ. এর সংখ্যা ২,২০,০০০ ; শহর ৫০০০। স্বশাসিত অঞ্চল ও ইহার অধীন স্বশাসিত কাউন্টিসমূহ, জাতীয় সিআঙসমূহ স্বায়ত্তশাসন ভোগ

করে। ...মোট স্বশাসিত এলাকা ১০টি। সর্বাপেক্ষা বড় স্বশাসিতএলাকা—অন্তর্মোঙ্গোলীয় স্বশাসিত অঞ্চল ( রাজধানী হুএহট Huhehot )।

কেন্দ্রীয় মিউনি. ৩টি : পিকিঙ, শাঙহাই (Shanghai ; জন ৬২ লক্ষ), তিএন্‌-সিন ( Tientsin ; ২৭ লক্ষ )।

প্রদেশের নামের বন্ধনীর মধ্যে রাজধানীর নাম দেওয়া হইল :—হোপেই (Hopei পাওতিঙ Paoting) শাঙসি ( তাইয়ুআন Taiyuan ), লিআওনিঙ ( শেনিয়াঙ Shenyang ), কিরিন (চাঙ-চুন Changchun ), হেইলুঙকিআঙ ( হারবিন Harbin), জেহোল ( চেঙতে Chengteh ), শেনসি ( সিআন Sian ), কানসু ( লানচৌ Lanchow ), চিঙঘাই (সিনিঙ Sining ), সিনকিআঙ ( উরুমচি Urumchi ), শানতুঙ ( ৎসিনান-Tsinan ), কিআঙসু ( নানকিঙ ), আনহোএই ( হোফেই Hofei ), চেকিআঙ ( হাঙচৌ Hangchou), ফুকিএন ( ফুচৌ Foochow ), হোনান ( চেঙচৌ Chengchow ), হুপে ( বুহান Wuhan ), হুনান ( চাঙশা Changsha ), কিআঙসি ( নানচাঙ Nanchang ), কোআঙটুঙ ( কানটন ), কোআঙসি ( নাননিঙ Nanning ), জেচুআন ( চেঙতু chengtu), কোএইচৌ ( কোএইয়াঙ-Kweiyang ), ইয়ুনান ( কুনমিঙ Kunming ), সিকাঙ ( ইয়ান Yaan ) ও তাইওয়ান (এখনো মুক্ত হয় নাই)। (নামে নামে দ্র.)।

চীন পৃথিবীর প্রাচীনতম স্বাধীন দেশ। সুপ্রাচীন কাল হইতেই ইতিহাস পাওয়া যায়। ২০০০ খ্রী. পূর্বাব্দে হোআং-হো অববাহিকায় চীনারা বাস করিত ; ১২০০ খ্রী. পূ. মধ্যে চীনারা একটি সুসভ্য জাতিতে পরিণত হয়। প্রখ্যাত দার্শনিক লাও-ৎসে ( Lao-tse ), কুংফুৎসু ( Confucius ), মো-তি (Moti ) এবং মেনসিঅস ( Mencius ) চৌ-বংশের রাজত্ব কালে ( খ্রী.পূ. আনু. ১১২২—২৪৯ ) জীবিত ছিলেন। সামন্ত রাজ্যগুলি একতাবদ্ধ হইয়া মহাচীন গঠিত হয় চিন বংশীয় সম্রাট হুআং-তি ( Huang Ti )-র রাজত্ব কালে ( খ্রী. পূ. ২৪৬-২১৬ )। এই সময় উত্তরের নানা উপজাতির আক্রমণ নিবারণের জন্য মহাপ্রাচীর নির্মাণকার্যের পত্তন হয়। হান (Han) রাজত্বকালে ( খ্রী. পূ. ২০৬ —খ্রী. অ. ২২০ ) চীন উন্নত হয় ও প্রতীচীর সঙ্গে বাণিজ্য করিতে আরম্ভ করে। তাং (Tang ) বংশের রাজত্বকালকে ( ৬১৮-৯০৭ ) চীন ইতিহাসের স্বর্ণযুগ বলা হয়। এই সময় চিত্র, ভাস্কর্য, কাব্য প্রভৃতি উৎকর্ষ লাভ করে এবং ছাপাখানার প্রারম্ভিক সূচনা দেখা দেয়। কুবলাই খান স্থাপিত মংগোল বা য়ুআন রাজবংশকে ( ১২৮০-১৩৬৮ ) হঠাইয়া দিয়া মিঙ ( Ming ) বংশ ১৩৬৮-১৬৪৪ পর্যন্ত রাজত্ব করে। ইহারাই শেষ দেশীয় শাসক। ১৬৪৪-এ উত্তরের মানচুরা চীন আক্রমণ ও অধিকার করে। ১৮ শতকে চীনের উপর ইউরোপীয় বণিকদের দৃষ্টি পড়ে। এই শতকের শেষের দিকে কানটন ( Canton ) ও মাকাও ( Macao ) ইউরোপীয় বণিকদের নিকট উন্মুক্ত হয়। ইঙ্গ-চীন যুদ্ধের ( আফিম যুদ্ধ ) ( ১৮৩৯-'৪২ ) ফলে অনেকগুলি ট্রিটি-পোর্ট ( Treaty port ) খোলা হয় ; এবং হংকং ইংরেজেরা পত্তন করে। ১৮৫৬–৬০-এর মধ্যে সম্পাদিত চুক্তিসমূহের ফলে চীনের সার্বভৌমত্ব বহুল পরিমাণে ক্ষুন্ন হয়। চীন-জাপান যুদ্ধ হয় ১৮৯৪-৯৫-এ। ১৯০০ সালে বকসার বিদ্রোহ ( দ্র. ) হয়।

শেষ মানচু সম্রাজ্ঞী ৎসু-সি ( Dowager Tzu Hsi )-র মৃত্যুর ( ১৯০৮ ) পর শিশু সুআন-টুং ( পরে পু-য়ি Pu-Yi ) সম্রাট হন। এই সময়ে সান্‌-ইআৎ সানের নেতৃত্বে দেশব্যাপী মুক্তি-আন্দোলন সুরু হয়। ১৯১১-এ তিনি চীন রিপাবলিকের প্রথম সভাপতি হন। ১৯১২, ১২ ফেব্রুআরি সম্রাট গদি-চ্যুত হওয়ার সঙ্গে সঙ্গে ২৬৮ বৎসরের পুরাতন মানচুবংশের রাজত্বকাল খাস চীন হইতে লুপ্ত হয়। অতঃপর সেনাপতি ইউআন শি-কাই-এর পক্ষে সান-ইআৎ-সান সভাপতির পদ ত্যাগ করেন। কিন্তু কিছু কালের মধ্যে ইউআন শি-কাই নিজেকে সম্রাট বলিয়া ঘোষণা করিবার চেষ্টা করিলে তীব্র আন্দোলনের মুখে ( ১৯১৫-১৬ ) ঐ ষড়যন্ত্র সফল হইতে পারে নাই। অকস্মাৎ ইউআন শি-কাই-এর মৃত্যু হইলে সাম্রাজ্য পুনপ্রতিষ্ঠ হইবার সম্ভাবনা দূর হইল বটে, কিন্তু প্রাদেশিক তুচুন বা গবর্নরদের মধ্যে বিদ্রোহের ভাব দেখা গেল ; প্রদেশের

শাসনকর্তারা কেন্দ্রীয় গবর্নমেণ্টকে মানিলেন না। সান-ইআৎ-সান কেবল কানটনঅঞ্চল নিয়ন্ত্রণ করিতে সক্ষম হন। ১৯২৭-এর দিকে নানকিং সরকার কুও-মিন্‌টাং ( Kuomintang ) দলের হাতে আসে। সান-ইআৎ সানের মৃত্যুর ( ১৯২৫ ) পর চিআং কাই-শেকের নেতৃত্বে ও কমিউনিস্টদের সহযোগিতায় ১৯২৮-এ চীনের অধিকাংশ অঞ্চলেই কুওমিন্‌টাং দল শাসন-সরকার গঠন করিতে সমর্থ হয়।

১৯১২ হইতেই চীনের সহিত জাপানের মনো-মালিন্য চলিতেছিল। ১ম মহাযুদ্ধের সময়ে ১৯১৬-এ জাপান অনেকগুলি অধিকার চীনের নিকট হইতে আদায় করে। ১৯৩১-এ জাপান মানচুরিয়া আক্রমণ করিয়া '৩২-এ মানচু কুও নামে মানচুরিয়ায় নূতন রাজ্য গঠন করে। মানচু বংশীয় শেষ সম্রাট সুআন-টুংকে হেনরি পু-য়ি নাম দিয়া মানচুকুও-র রাজা বলিয়া জাপানীরা ঘোষণা করিল। উত্তর চীনের প্রতি জাপানের লোলুপ দৃষ্টি ১৯৩৭ এ কিছু পরিমাণে প্রতিহত হয়। কিন্তু '৩৯-এ'র মধ্যে জাপান অধিকাংশ বন্দর ও রেলপথ দখল করে। জাপানীদের নিকটে কুওমিন্‌টাং সরকার পরাভূত হইতে হইতে প্রথমে হানকাউ ( Hankow ) ও তৎপরে চুংকিং-এ ( Chungking ) আসিয়া রাজধানী স্থাপন করিতে বাধ্য হয়। অধি-কাংশ চীন জাপানের হাতে যায় ; নানকিং তাহাদের রাজধানী হয়। এই 'অধিকৃত চীনের' সরকার গঠন করেন ওআং চিং-ওএই ( Wang Ching-wei )। 'মুক্ত চীনের' সর্বেসর্বা হন চিআং কাই-শেক ( ১৯৪৩ )।

২য় মহাযুদ্ধে ( ১৯৪৫ ) জাপান পরাজিত হইলে সোবিয়েতের সঙ্গে চীনের দীর্ঘমেয়াদী এক চুক্তি হয়। কিন্তু চীনের আভ্যন্তরীন ব্যাপারে গোলযোগ বাধে। চীনের উত্তরাংশে এবং উত্তর ও মধ্য মানচুরিয়ায় কমিউনিস্টরা এবং অন্যান্য অংশে চিয়াং-পন্থীরা সরকার গঠন করে। ১৯৪৫ অকটোবরে ঠিক হয় সকল দলের মিলিত সরকার গঠিত হইবে। কিন্তু '৪৬ এর প্রথম হইতেই গৃহযুদ্ধ বাধিয়া গেল। ১৯৪৯-এর শেষে মাওৎসে-তুং, লিউ শাউ-চি, চৌ এন-লাই, চু-তে প্রভৃতির নেতৃত্বে ফরমোসা ছাড়া সমগ্র চীন কমিউ-নিস্টদের আয়ত্তে আসে। ফরমোসায় মার্কিন যুক্তরাষ্ট্র নৌ ও বিমান-বহর দ্বারা চিআং সরকারকে সাহায্য করিতেছে। চিআং কাই-শেক ১৯৪৯ এর ২১ জানুআরি সভাপতি পদ ত্যাগ করিয়া পুনরায় ১৯৫৩ সালের ২৮ ফেব্রুয়ারি উক্ত পদ গ্রহণ করেন। তিনি এখনো নিজেকে চীনের কর্তা বলিয়া মনে করেন এবং মার্কিন যুক্তরাষ্ট্র তাঁহাকেই চীনের সর্বময় কর্তা বলিয়া স্বীকার করে। অথচ চীন দেশের মধ্যে চিয়াং-এর নাম সম্পূর্ণভাবে লুপ্ত হইয়াছে।

ফরমোসা ও কয়েকটি দ্বীপ ব্যতীত সমগ্র চীন বর্তমানে কমিউনিস্ট শাসনাধীন। নূতন চীনকে মার্কিন যুক্তরাষ্ট্র ছাড়া প্রায় সকল দেশই স্বীকার করিয়াছে। ১৯৫০, ১৪ ফেব্রুআরি সোবিয়েতের সঙ্গে নূতন চীনের এক ত্রিশ-বৎসরের চুক্তি (মৈত্রী ও সহযোগিতা) হইয়াছে। এই চুক্তির ফলে চাংচুন (Changchung) রেলপথ চীন ফিরিয়া পাইয়াছে এবং ১৯৪৫-এ চিআং-এর জাতীয়তাবাদী দলের সহিত নিষ্পন্ন পূর্বের চুক্তি নাকচ হয়। ১৯৫৫-এ পোর্ট-আর্থার ( বন্দর ) চীন ফেরত পাইয়াছে। নূতন চীন এপর্যন্ত রাষ্ট্রসংঘের (U.N.) সদস্য হইতে পারে নাই ; মার্কিনী ব্লক বাধা দিয়া আসিতেছে।

**চীনের কৃষি, শ্রমশিল্প ও খান**—চীনের চাষ-যোগ্য জমির পরিমাণ ১,৯২,০৬০ ব মা। ১৯৫০-এ প্রায় ৭ ভাগ পরিমাণ জমি সেচ পায়। বিপ্লবের পূর্বে কৃষক-জনসংখ্যার ৩৫ শতাংশ ভূমিহীন ও ২৫ শতাংশ অল্পজমির মালিক ছিল ; বর্তমানে অধিকাংশ চাষীরই জমি হইয়াছে। ···ধান, গম, যব, ভুট্টা, সয়াবিন, আলু, ডাল প্রচুর পরিমাণে উৎপন্ন হয়। তুলা উৎপাদনে চীনের স্থান পৃথিবীর মধ্যে ভারত ও মার্কিন-যুক্তরাষ্ট্রের পরেই। ইয়াং-সি ও পীত নদীর উপত্যকায় প্রচুর পরিমাণে তুলা জন্মে। গুটি-পোকার চাষ চীনের খুব প্রাচীন ; কিআঙসু, চেকিআঙ ও আনহোএই-এ ইহা উৎপন্ন হয়। চীনের উত্তর-পূর্বাংশে বনসম্পদ আছে। জেচুওন-এর তুঙ-বৃক্ষ হইতে তেল ( Tung oil ) পাওয়া যায়।

দেশ প্রধানত কৃষি-প্রধান। বিপ্লবোত্তর যুগে

শিল্প দ্রুত উন্নতি ও প্রসার লাভ করিতেছে। শিল্পায়নের জন্য ১৯৫২-তে কেন্দ্রীয় পরিকল্পনা পার্ষদ গঠিত হইয়াছে। শাঙহাই, কানটন ও প্রায় শহরেই বস্ত্র ও পশম-এর কারখানা রহিয়াছে। দেশের প্রায় সর্বত্র কুটির-শিল্প ছড়াইয়া আছে। সম্প্রতি হানকাউ-এর নিকটে হানিয়াঙ (Hanyang)-এ বৃহৎ লৌহ ও ইস্পাত শিল্প গড়িয়া উঠিয়াছে। ৬০ মা দূরে লৌহ খনি। বিদ্যুৎশিল্প ও জল সরবরাহকেন্দ্র অধিকাংশ শহরেই স্থাপিত হইয়াছে। চর্মশিল্প প্রতিষ্ঠান ১১৬টি, সিমেন্ট ১২টি, বস্ত্র—১,৬৭৯, কলকব্জা—৯৭০, খাদ্য—১,৮৮৯, ধাতু—৫২২। এই সব শিল্প প্রতিষ্ঠানের প্রায় এক-তৃতীয়াংশই শাঙহাই শহরে কেন্দ্রিত।

দেশে খনিজসম্পদ প্রচুর। মজুত কয়লার পরিমাণ আনু. ২৬,২৯,৪১০ লক্ষ মেট্রিক টন। কয়লা, লৌহ, স্বর্ণ, তামা, সীসা, রৌপ্য, টাংস্টন, আন্টিমনি, দস্তা, পারা, টিন প্রভৃতি পশ্চিমাংশে উৎপন্ন হয়। আন্টিমনি উৎপাদনে চীন পৃথিবীর শ্রেষ্ঠ। টাংস্টন উৎপাদন পৃথিবীর সমগ্র উৎপাদনের প্রায় এক-তৃতীয়াংশ। দেশের সর্বত্র কয়লা আছে। ইয়াং-সি উপত্যকার উচ্চভূমিতে ও শেনসি প্রদেশে পেট্রোলিয়াম রহিয়াছে। মানচুরিয়া ও কানসু-তে তৈল শোধিত হয়। চীনের কেওলিন (চীনামাটি) উৎকৃষ্ট।

৮৬,৩৩১ মাইল প্রশস্ত রাস্তা ও ২৪,৮২১ কিলোমিটার রেলপথ আছে। ১৮৭৬-এ রেলপথ নির্মাণ সুরু হয়। ...চীনদেশে জলপথের ব্যবহারই বেশি। এত খাল আর কোনো দেশে নাই। তিএন্‌ৎসিন হইতে চিঙ-কিআঙ পর্যন্ত ৮০০ মা দীর্ঘ গ্র্যানড ক্যানেল একটি বিখ্যাত খাল। পিকিঙ হইতে লাসা, কাশগড় ও গোবি পর্যন্ত প্রাচীন হাঁটাপথ এখনও আছে; তবে দ্রুত রাস্তা নির্মিত হইতেছে। বিমানযোগে যাওয়া-আসা যায়।

**চীনের ভাষা, লিপি, সাহিত্য ও চিত্রকলা**—চীনা-ভাষা ভোট-চীন ভাষাবর্গের শাখা। ইহার বহু উপভাষা আছে; কিন্তু মানদারিন (Mandarin) উপভাষাই সর্বাপেক্ষা উন্নত। চীনে কোনো বর্ণমালা নাই, ইহার বদলে চিত্রলিপি (Pictogram) আছে। প্রত্যেকটি শব্দ একটি চিত্র। এই শ্রেণীর চার পাঁচ হাজার চিত্রলিপি না শিখিলে চলে না। এই অসুবিধা দূর করিবার জন্য বর্তমানে রোমান বর্ণমালা প্রয়োগের কথা চলিতেছে।

চীনের সাহিত্য অতি প্রাচীন ও উন্নত। প্রায় দুই হাজার বৎসর পূর্ব হইতে চীনে কাগজের ব্যবহার রহিয়াছে। কাঠের ব্লকের দ্বারা মুদ্রণব্যবস্থা ইহাদের আবিষ্কার। চীনে বহু শত দৈনিকপত্র ও সহস্রাধিক সাময়িকপত্র বিভিন্ন শহর হইতে প্রকাশিত হয়। চীনদেশে বৌদ্ধধর্ম ২ শতকে প্রবেশ করে। সংস্কৃত হইতে অনুদিত বৌদ্ধগ্রন্থের সংখ্যা ৪।৫ হাজার। এই সব গ্রন্থ ভারতে লুপ্ত। চীনে কাঠ, প্রাচীর, কাগজ, সিল্ক প্রভৃতির উপর ছবি আঁকার ইতিহাস খ্রীষ্টপূর্ব তৃতীয় শতক হইতে সুরু। খ্রীষ্টাব্দ ২ শতক হইতে শিল্পীদের নাম পাওয়া যায়।

শিক্ষায় চীন দ্রুত অগ্রসর হইতেছে। ৬-১২ বৎসর বয়স্ক বালক-বালিকাদের পক্ষে শিক্ষা আবশ্যিক; ১৯৫২ সালে সাড়ে পাঁচ লক্ষ প্রাথমিক বিদ্যালয়ে সাড়ে চার কোটি ছাত্র পড়িত। ৩৫ টি প্রদেশ ও নগরে প্রায়ই বিশ্ববিদ্যালয় আছে; এ ছাড়া কেন্দ্রীয় সরকারের বিদ্যা প্রতিষ্ঠান আছে। বিদেশী খ্রীষ্টান পাদরীদের বিদ্যা-কেন্দ্রগুলিকে রাষ্ট্রায়ত্ত করা হইয়াছে।

**চুঁচুড়া** (Chinsura): হুগলী জেলার থানা ও শহর। বর্ধমান-বিভাগের কমিশনারের সদর অফিস এইখানে অবস্থিত। ১৬৫৬ অব্দে ডাচরা এখানে কুঠি নির্মাণ করে। ১৭৯৫-এ ইংরেজের অধিকারে আসে ও ১৮১৪-এ প্রত্যর্পিত হয়। অতঃপর ১৮১৫-এ সুমাত্রা-দ্বীপের বিনিময়ে চুচুড়া ইংরেজেরা পায়। ...কলিকাতা হইতে ২৩ মা। হুগলীর মহসীন কলেজ, মাদ্রাসা প্রভৃতি চুচুড়ায় অবস্থিত। থানার আ. ১৫ ব মা; জন. ৭০,৬০০। ঘনতা ৪,৮৬৯। চুঁচুড়া শহরের জন. ৫৬,৮০৫।

**চূড়া** (Chura): সৌরাষ্ট্র রাজ্যভুক্ত পূর্বতন কাঠিয়া-বাড়ের করদরাজ্য। আ ৭৮ ব মা। জন. ১৫,৮১৪ ('৪১)। ভারতভুক্ত হইলে রাজাকে ৫১,২৫০ টাকা

ভাতা দেওয়া হয়। সুরেন্দ্রনগর হইতে ভাবনগর রেল-পথের লিমডির পরবর্তী স্টেশন ( ২৩ মা )। জলাধাড় জেলার শহর।

**চুনার** ( Chunar ) : উত্তর প্রদেশ ; মির্জাপুর জেলার গঙ্গাতীরস্থ শহর। ইহা প্রাচীন চন্দনগড়। আদি দুর্গ বাংলার পাল রাজাদের দ্বারা নির্মিত। হিন্দুগণের প্রাচীন দুর্গ ও মন্দিরাদির ভাস্কর্যশোভিত প্রস্তরাদি দিয়া মুসলমানরা নূতন দুর্গ নির্মাণ করে। ১৭৬৫ বক্সার যুদ্ধের পর এই দুর্গ ঈস্ট ই. কোম্পানির হাতে আসে। বহুকাল এখানে সৈন্য-ছাউনি ছিল ; বর্তমানে উহা বাল-সংশোধনাগার। চুনারের মাটির জিনিস বিখ্যাত। মুঘলসরাই ১৮ মা ; কলিকাতা ৪১৩ মা।

**চুমবি** ( Chumbi ) : তোরসা নদীর উপরাংশের নাম। সিকিম, ভুটান ও তিব্বতের অনেক ব্যবসায় এই নদী উপত্যকার পথ দিয়া চলে। উত্তরে প্রবেশ মুখে তাঙলা ( ১৫,২০০ ) গিরিপথ। এই গিরিপথের উৎরাই ও চড়াই খুব খাড়া নহে বলিয়া সহজগম্য।

**চুয়াডাঙ্গা** ( Chuadanga ) : পূ. পাক. ; কুষ্টিয়া জেলার মহকুমা, থানা ও শহর ; পাকিস্তানের ঈ. বি.-রেলপথে দর্শনার পরবর্তী স্টেশন ; কলিকাতা হইতে ৮৪ মা। শহরটি তিন মাইল দূরে নবগঙ্গা নামে নদীর তীরে। এখান হইতে মেহেরপুর ও ঝিনাইদহ যাইবার মোটর-পথ আছে। চিনির কল, পাটের ব্যবসা কেন্দ্র। মহকুমার আ. ৪৩৭ ব মা। থানার আ. ১১২ ব মা।

**চুরু** ( Churu ) : পূর্বতন বিকানীর করদরাজ্যের অংশ। বর্তমানে রাজস্থানের বিকানীর বিভাগের অন্তর্গত জেলা। আ. ৬,৫১২ ব মা। গ্রাম ৮৫৪ ; শহর ১১। জন. ৫,২৩,২০৬। চুরু মিউনি. শহর, দিল্লী-বিকানীর লাইনের স্টেশন ( ১৭৫ মা )। জন ৪০,০৪৭। বিকানীর ব্যাংক।

**চুরুলিয়া** ( Churulia ) : বর্ধমান জেলা ; আসানসোল মহ.র জামুরিয়া থানার গ্রাম। শেরশাহ সড়কের উপর ( ১৩৭ মা ); এই গ্রাম কবি কাজি নজরুলের জন্মস্থান। রাজা নরোত্তমের প্রস্তর দুর্গের ধ্বংসাবশেষ এখানে আছে। জন. ৩,১৩৩। মুসলমান অধিক।

**চুয়ালি** : দ্র. চৌহালি।

**চূর্ণী নদী** ( Churni R. ) : গঙ্গার উপনদী। নদীয়া জেলার মধ্য দিয়া রানাঘাটের পার্শ্ব দিয়া প্রবাহিত ; কিছু দূরে গঙ্গার সহিত মিশিয়াছে ; উত্তরাংশের নাম মাথাভাঙা। কলিকাতা-কৃষ্ণনগর রাজপথের সেতু রানাঘাটের নিকট নদীর উপর নির্মিত হইয়াছে।

**চে-কিআং** ( Che-Kiang ) : চীনের প্রদেশ ; প্রশান্ত মহাসাগরতীরে অবস্থিত। ক্ষুদ্রতম প্রদেশ ; জন ঘনতা অত্যন্ত বেশি। উ.-কিআং-সু, দ.-ফুকিএন। আ. ৩৯,৭৭০ ব মা ; জন. ১,৯৯,৪২,০০০ ('৫২)। রাজধানী-হাং-চৌ ( Hang-chow )। নিং-সিএন ( পূর্বনাম-নিং-পো ) প্রশান্ত মহাসাগরের প্রাচীন বন্দর।

**চেঙগান্নুর** ( Chengannur ) : তিরু-কোচীন রাজ্যের শহর ; ব্যবসায়ের কেন্দ্র। জন ১৪, ৫৬১। এখানে ৫ ব্যাংক আছে।

**চেংগলপেট** (Chengleput) : মদ্রাজের জেলা ; উ.— নেলোর জেলা, পূ.—বঙ্গোপসাগর। আ. ২,৮২৪ ব মা ; জন. ১৮·১০ লক্ষ। মদ্রাজ, কাঞ্চী প্রভৃতি নগর এই জেলার মধ্যে অবস্থিত। ...এই অঞ্চল এককালে বিজয়নগর সাম্রাজ্যভুক্ত ছিল এবং সেই সময়ে চেঙগল-পেট দুর্গ (৪০০×৩৩০ গজ) নির্মিত হয়। বিজয়নগর ধ্বংস হইলে তথাকার রাজবংশীয় তিম্মরাজ এখানে যে প্রাসাদ নির্মাণ করেন, তাহা রাজমহল বা থেরমহল নামে খ্যাত; ইহা কাঞ্চীপুরমের রথের আকারে নির্মিত ; সৌধটি ৫ তলা ছিল, এখন ৪ তলা আছে। মধ্যযুগের আরও অট্টালিকাদি বিদ্যমান। এই নগর ও এতদঞ্চল প্রথমে গোলকোণ্ডা রাজ্যর দ্বারা অধিকৃত হয় ও পরে গোলকোণ্ডা মুঘলদের হস্তগত হইলে চেংগলপেটও মুঘলদের শাসনাধীনে আসে (১৬৮৭)। ফরাসী-ইংরেজদের মধ্যে যুদ্ধের সময় আরকটের নবাব ১৭৬০ অব্দে এই নগর ও দুর্গাদি ইংরেজকে অর্পণ করে।

...শহর, জন. ২২,৬৬০। মদ্রাজ-তিরুচিনপল্লী রেলপথের জং স্টেশন (৩৫ মা); এখান হইতে আরকোনম পর্যন্ত শাখা রেল (৩৯ মা) আছে। চিংগলপেট রিফর্মেটরি বা বাল-শোধনাগার বিখ্যাত প্রতিষ্ঠান। শহরের নিকট বহু সুদৃশ্য পাহাড় আছে।

**চেকোস্লোভাকিয়া** (Czechoslovakia) : মধ্য ইউরো-

পের রিপাবলিক। বোহেমিয়া মালভূমি, মোরাভিয়া, স্লোভাকিয়া ও রুথেনিয়া লইয়া গঠিত। ...পর্বতসঙ্কুল এই দেশের প্রায় এক-তৃতীয়াংশ অরণ্যময়। মধ্যভাগে মোরাভিয়া উপত্যকা দিয়া উত্তর ও দক্ষিণ ইউরোপে যাওয়া-আসার প্রধান পথ। নিম্নভূমিতে কৃষিজাত বহুবিধ সামগ্রী উৎপন্ন হয়। পার্বত্য অঞ্চলে স্বর্ণ, রৌপ্য, তাম্র, সীসা, লৌহ ও কয়লার খনি আছে। সেইজন্য এই রাজ্যে কৃষি ও শিল্প সমভাবে উন্নতিলাভ করিয়াছে; তবে এ রাজ্যের বন্দর নাই।... রিপাবলিকে দুইটি স্লাভ উপজাতির বাস—বোহেমিয়া ও মোরাভিয়ায় চেক্‌, এবং পূর্বাঞ্চলে স্লোভাক।

ইউরোপীয় ১ম মহাযুদ্ধের পর ১৯১৮, অক্‌টোবর ২৮ রাষ্ট্র গঠিত হয়। ইহা পূর্বে অস্ট্রো-হাংগেরীয় রাজতন্ত্রের অন্তর্গত দেশ ছিল।

অধ্যাপক ম্যাৎসরিক প্রথম প্রেসিডেন্ট (১৯১৯—'৩৪)। প্রথম মহাযুদ্ধের পর চেকরা সকল বিষয়ে খুবই উন্নতিলাভ করে। সাধারণ শিক্ষা ও যুদ্ধ-শিক্ষা সকলের পক্ষে আবশ্যিক হয়। ম্যাৎসরিকের পর এডওয়ার্ড বেনেস সভাপতি হন। ইতিমধ্যে চেক্‌ রাজ্যের উপর হিটলারের দৃষ্টি পড়িল। চেক দেশের মধ্যে সংখ্যালঘিষ্ঠ জারমানদের উত্তেজিত করিয়া বৃহত্তর জারমানির সহিত মিলনের আন্দোলন হয়। মিউনিক প্যাক্‌টে (১৯৩৮, সেপ. ২৯) বোহেমিয়ার উপর জারমানির অধিকার স্বীকার করা হইল এবং ঠিক হইল আর কোনো দাবী জারমানি করিবে না। বেনেস প্রেসিডেন্ট পদে ইস্তফা দিলে, মিউনিক চুক্তি অগ্রাহ্য করিয়া ১৯৩৯, মার্চ ১৪ জারমানরা চেকদেশ আক্রমণ করিল, এবং দুইদিন পরে এই রাজ্য বোহেমিয়া ও মোরাভিয়া নামে—জারমান রাষ্ট্রভুক্ত হইল। নাৎসি শাসনকালে চেকদের উপর অবর্ণনীয় অত্যাচার চলে। মহাযুদ্ধান্তে ১৯৪৫ এপ্রিলে চেকরাজ্য পুনঃপ্রতিষ্ঠিত হয়; বেনেস ফিরিয়া আসেন। ইতিমধ্যে কমিউনিস্ট দল প্রবল হইয়া উঠে। ক্লিমেন্ট গটওআল্‌ড (Gottwald) ১৯৪৮ ফেব্রুআরি মাসে কমিউনিস্ট নেতারূপে শাসন-অধিকার লাভ করেন। ১৯৪৮-এর ৮ জুন নয়া গণতান্ত্রিক সংবিধান প্রবর্তিত হয়।

৩০

২য় মহাযুদ্ধের পূর্বে জনসংখ্যা প্রায় দেড় কোটি ছিল, আয়তন ছিল ৫৩,৭০০ ব মা। যুদ্ধের পর সুদেতান অঞ্চল হইতে বহু সহস্র জারমান বিতাড়িত হয়। রুথেনিয়া নামে প্রদেশ (আ. ৪ হাজার ব মা; পৃ—জন. ৭·৫০ লক্ষ) ইউক্রেনভুক্ত হয়। বর্তমানে রাজ্যের উত্তরে পোলন্‌ড; দ.—অসট্রিয়া, হাংগেরি, ইউক্রেন; প.—জারমানি। আ. ৪৯,৩৩০ ব মা; জন. ১,২৫,১৯,০০০ ('৪৯)। চেক ৬৭%, স্লোভাক ২৩·৮%। রাজধানী প্রাহা (Prague, Praha)।

চেক রাজ্য ইউরোপের মধ্যে শিল্পে ও প্রাকৃতিক সম্পদে শ্রেষ্ঠ রাজ্যগুলির অন্যতম। বহুবিধ খনিজ ও বনজ সম্পদ ও বহু সহস্র কল কারখানা আছে। Skoda-র (স্কোডা) ইস্পাত কারখানা পৃথিবীর অন্যতম বিখ্যাত প্রতিষ্ঠান। চেক ভাষায় নূতন সাহিত্য সৃষ্টি হইতেছে। বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রাহা প্রাচীনতম (১৩৪৮-এ স্থাপিত)। ইহা চেকদের বিশ্ববিদ্যালয়। স্লোভাকদের বিশ্ববিদ্যালয় ব্রাতিস্লাভা (Bratislava)। ইহা ছাড়া আরও দুইটি বিশ্ববিদ্যালয় আছে।

**চেঙ-তু** (Cheng-tu): চীনরাজ্য; সে-চোয়ান প্রদেশের রাজধানী; ইয়াংৎসে নদীর একটি শাখার জলসিঞ্চিত অঞ্চলে অবস্থিত; প্রাচীন যুগের বহু খাল থাকায় কৃষিকার্য এই অঞ্চলে ভালভাবেই চলে। এককালে সম্রাটদের রাজধানী ছিল; সে যুগের বহু অট্টালিকা এখনো দেখা যায়। এই নগর বহু রাজপথের সন্ধিস্থলে অবস্থিত; তিব্বত যাইতে হইলে এখান দিয়া যাইতে হয়। জন. ১০ লক্ষ।

**চেদি** (Chedi): প্রাচীন ভারতের রাজ্য; বুন্দেলখণ্ড ও মধ্যপ্রদেশের অংশ জুড়িয়া—কালসিন্ধু ও তমসা নদীর মধ্যস্থিত দেশ। মহাভারতযুগে চেদি শিশুপালের রাজ্য ছিল। চেদির অপর নাম মণ্ডল; টলেমির 'মণ্ডলাই' শোন ও নর্মদার উৎপত্তিস্থল হইতে পারে।

১১ শতক হইতে চেদিরাজ্য বিভক্ত হয়; পশ্চিম চেদি বা ডাহাল; এই অংশের রাজধানী ত্রিপুরা, জবলপুর-নিকটস্থ তেওয়ার গ্রাম বলিয়া অনুমিত। পূর্ব-চেদি বা মহাকোশল—ইহার রাজধানী রত্নপুর। এই দেশে কলচুরি বংশ রাজত্ব করে (১১ শতক)।

**চেনাব নদী** ( Chenab ) : চন্দ্রভাগা ( দ্র. ) নদীর তদ্দেশীয় নাম। বৈদিক অসিক্নি, গ্রীক Acesines।

**চেন্নমঙ্গলম** ( Chennamangalam ) : ত্রিবাঙ্কুর-কোচীন রাজ্যের শহর, কুইলনের নিকট। সাউথ ইন্ডিয়ান ব্যাংকিং কর্পো.।

**চেভিঅট পর্বত** ( Cheviot ) : ইংলন্ড ও স্কটলন্ডের মধ্যস্থিত ৩৫ মা দীর্ঘ পর্বতশ্রেণী। সর্বোচ্চ শিখর ২,৬৭৬ ফুট। এখানকার একজাতীয় মেষ বিখ্যাত।

**চের রাজ্য** (Cera, Chera) : কেরল শব্দের অপভ্রংশ। দক্ষিণ ভারতের মহীশূরের প. অংশ, মালাবার, কোচীন প্রভৃতি দেশ। অশোকের অনুশাসনে কেরলপুত্ত নামে রাজ্যের উল্লেখ আছে। প্রচীন রাজধানী কোয়াম্বতুর জেলার অন্তর্গত স্কন্দপুর। ২য় শতকে কানানুরের নিকট কারুর বা বনজি ( Vanji ) রাজধানী ছিল। মহীশূর হইতে ২৮ মা দ.-পূর্বে অবস্থিত তালকাড় বা তাকাড় এক সময়ের রাজধানী ছিল। হোয়শাল রাজারা এখান হইতে রাজধানী বদল করিয়া দ্বারবতী বা দোরসমুদ্রে লইয়া যায়। বর্তমান হলেবিদ ( দোরসমুদ্র ) মহীশূরের হাসান জেলার শহর।

**চেরাপুঞ্জী** ( Cherapunji ) : আসাম ; সংযুক্ত খাসি ও জয়ন্তিয়া পাহাড় জেলার শহর, খাসিয়া পর্বতের দক্ষিণ কিনারায় অবস্থিত। ইহা পূর্বে ছোট এক সীম ( Siem ) বা খাসিয়া রাজার রাজ্য ছিল। শিলং হইতে ৩৬ মা মোটর পথ। বৃষ্টি ৪২৬" গড়। পৃথিবীর মধ্যে এত বৃষ্টি কম জায়গায় হয়। নিকটে অনেকগুলি জলপ্রপাত আছে তন্মধ্যে মুশমই বিখ্যাত। কিন্তু গ্রীষ্মকালে চে.তে পানীয় জলের অভাব হয়। সুরমার দিকে থেরিয়া ঘাট, ১০ মা পাক দণ্ডি পথ। ১৮৬১তে ৯০৫" বৃষ্টি পড়ে ; এক জুলাই মাসেই ৩৬৬"।

**চেশায়ার** ( Cheshire ) : ইংলন্ডের পশ্চিম সমুদ্র-তীরবর্তী কাউন্টি। আ. ১০১৫ ব মা ; জন. ১২'৫৮ লক্ষ। এখানকার লবণপর্বত বিখ্যাত। মারসি নদী প্রবাহিত ; কৃষি ও গোপালন-প্রসিদ্ধ স্থান। এখানকার পনীর বিখ্যাত। চেশায়ার লবণ কোম্পানীর স্বার্থ রাখার জন্য ১৯ শতকের গোড়ায় বাংলা দেশের লবণ তৈয়ারি শিল্পের ধ্বংস সাধিত হয়। প্রধান শহর চেস্টার ( Chester ; জন. ৪৮. হা. )।

**চোপড়া** ( Chopra ) : বোম্বাই ; পূ. খানদেশ জেলার তালুক ও শহর ; অমলনের জালগাঁও হইতে মোটরপথে যুক্ত ; রেলপথ নাই। জন. ২২,৮৩২। ২ স্থানিক ব্যাংক।

**চাড়ভরম, চোড়পুরম** (Chodabharam) : অন্ধ্র রাজ্য, পূর্ব-গোদাবরী জেলার তালুক ও শহর। জন. প্রায় ১৪ হা.। অন্ধ্র ব্যাংক।

**চোল** ( Chola ) দক্ষিণ ভারতের মৌর্যসমকালীন প্রাচীন রাজ্য ; তাঞ্জোর ও ত্রিরুচিনপল্লী লইয়া বিস্তৃত ভূখণ্ড তামিল সভ্যতার কেন্দ্র ছিল। চোলরাজগণ ৯ম শতক হইতে ইতিহাসে বিশেষ ভাবে খ্যাত ছিল। ১১ শতকে চোলরাজগণ বহু দেশ জয় এমনকি বঙ্গদেশ আক্রমণ করেন। রাজেন্দ্র চোল ও তদীয় বংশধরগণের সময়ে চোলের শক্তি প্রবলতম হয় ; ১০৭৪-অব্দে ২য় রাজেন্দ্র চোলের সময় চোল ও চালুক্য প্রায় একরাজ্য হয়। ১৩ শতকের আরম্ভ হইতে পতন শুরু হয় এবং সাম্রাজ্য ধ্বংস হইলে দোর-সমুদ্রের হোয়শাল, বরঙ্গলের কাকতীয় এবং মাদুরার পাণ্ড্যগণ প্রবল হইয়া উঠে।

**চোসেন** ( Chosen ) : কোরিয়ার জাপানী নাম।

**চৌকপিয়ু** (Kyaukpyu) : দ. বর্মা ; আরাকান বিভাগের জেলা, বঙ্গোপসাগর ও আরাকান য়োমের মধ্যে ; রামরী ও চেড়ুবা দ্বীপদ্বয় এই জেলার অন্তর্গত। দেশ পার্বত্য, অরণ্যময় ; সমুদ্র উপকূলে বহু ক্ষুদ্র দ্বীপ। ১৮২৫-এ ব্রিটিশ সৈন্য এই উপকূল হইতে আরাকান পর্বতের গিরিপথ দিয়া বর্মায় প্রবেশ করে। বারিপাত ১১৫"। আ. ৪,৭৯৩ ব মা। জন. ২,৫২,২৮১ ('৪১)। ...সদর শহর রামরী দ্বীপের উত্তরাংশে অবস্থিত ; ইহা নিরাপদ পোতাশ্রয় ; আকিয়াব, চেড়ুবা, সানডোয়ের সহিত স্টীমার দ্বারা যুক্ত। চাউল ব্যবসায়ের কেন্দ্র। জন. ৪,২০২।

**চৌকসে** (Kyaukse) : উ. বর্মা ; মান্দালয় বিভাগের জেলা ; শুষ্ক পরিমণ্ডল, বৃষ্টিপাত মাত্র ৩০"। কৃষি জল সেচনের উপর নির্ভরশীল ; চাউল, তিল প্রভৃতি উৎপন্ন হয়। আ. ১,২৪১ ব মা ; জন. ১,৫২,৫০৬ ( '৪১ )।

…সদর শহর, জন. ৭,৩৫৩। রেঙ্গুন হইতে রেলপথে ৩৬০ মা। ১০২৮ অব্দে রাজা অনব্রত পাহাড়ের উপর একটি সুরম্য বুদ্ধমন্দির নির্মাণ করেন।

**চৌঘাট** ( Chowghat) : মদ্রাজ রাজ্য (বর্তমানে কেরল) ; মালাবার জেলার সমুদ্রতীরস্থ শহর। জন. ১৪ হা.। তিরুচুর হইতে মোটর পথ আছে। ৪টি স্থানীয় ব্যাংক। নারিকেলের ব্যবসায়ের জন্য বিখ্যাত স্থান।

**চৌদ্দগ্রাম** (Chaudagram) : পূ. পাক. ; ত্রিপুরা জেলা, কুমিল্লা সদর মহ.র থানা ; আ. ১৬৩ ব মা ; গ্রাম, ডাকঘর ; পার্বত্য ত্রিপুরার নিকট অবস্থিত।

**চৌবেড়িয়া** ( Chaubaria ) : রানাঘাট-বনগাঁ রেলপথের গোপালনগর স্টেশন ( ১৪ মা ) হইতে ৭ মা দক্ষিণে 'চতুর্বেষ্টিত দুর্গ' বা চৌবেড়িয়া গ্রাম ; যমুনা নদীর তীরে অবস্থিত। এক কালে দুর্গবেষ্টিত নগর ছিল। পাঠানদের পরাজিত করিয়া এই স্থান হইতে তোডর-মল্ল অকবরের বিজয় ঘোষণা প্রচার করেন। রমেশচন্দ্র দত্তের 'বঙ্গ বিজেতা' উপন্যাসের পটভূমি এই দুর্গ। ইহা দীনবন্ধু মিত্রের জন্মস্থান।

**চৌবে জায়গীর** ( Chaube Jagirs ) : মধ্য ভারত এজেন্সির ক্ষুদ্র করদরাজ্য ; ভাইসোন্ধা, কামতা রাজোলা, পহরা, পলদেও, ও তারাওন। ১৮১২-এ ব্রিটিশ যুগে এই চৌ. জা. সৃষ্ট হয়। ১৯৪৮-এ বিন্ধ্যপ্রদেশভুক্ত হয় ; ১৯৫০-এ অনেকগুলি উত্তর প্রদেশের বান্দা জেলার অন্তর্গত করা হয়।

**চৌমুহানি** (Chaumuhani) : পূ. পাকিস্তান ; নোয়াখালি জেলার সদর মহকুমার শহর ও গঞ্জ ; সুপারি ব্যবসায়ের জন্য খ্যাত। ঈ.বি. রেলওয়ের লাকসাম জং হইতে ২২ মা দক্ষিণে। এখানে কলেজ আছে।

**চৌরিচৌরা** ( Chauri-Chaura ) : উত্তর-প্রদেশ ; গোরখপুর জেলার থানা শহর ; কাটিহার-কানপুর রেলপথের স্টে. (২৯৯ মা)। গোরখপুর হইতে ১৫ মা। জন. ৩৫,৭৮৪। সেন্ট্রাল ব্যাংক। ১৯২২, ৪ ফেব্রুয়ারী অসহযোগ আন্দোলনের সময় উন্মত্ত জনতা স্থানীয় থানার ২১ জন পুলিশ ও চৌকিদারকে আক্রমণ করিয়া ঘর পুড়াইয়া হত্যা করে। এই ঘটনার পর গান্ধীজি অসহযোগ আন্দোলন স্থগিত করেন।

**চৌসা** ( Chausa ) : বিহার ; বক্সারের ৪ মা পশ্চিমে কর্মনাশা নদীর পূর্বতীরের গ্রাম। এইখানে শেরশাহ বিশ্বাসঘাতকতা পূর্বক হুমায়ুনকে আক্রমণ করিয়া যুদ্ধে পরাজিত করেন (১৫৩৯ সেপ.)। ৮,০০০ পলায়ন-পর মুঘল গঙ্গা পার হইতে গিয়া মারা পড়ে। হুমায়ুনের ৪,০০০ দাস-দাসী শেরশাহের হস্তে বন্দী হয় ; অবশ্য তাহারা সম্ভ্রমের সহিত ব্যবহৃত হয়। এই যুদ্ধের পর হুমায়ুন এক ভিস্তির সাহায্যে নদী পার হন।

**চৌহালি, চুহালি** (Chauhali) : পূ. পাক; পাবনা জেলার সিরাজগঞ্জ মহ.র থানা, আ. ৪৮ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর। ব্রহ্মপুত্র-যমুনানদীর তীরে। রবীন্দ্রনাথের 'ছিন্নপত্রে' এই স্থানের উল্লেখ আছে।

**ছত্তরপুর** ( Chhatarpur ) : পূর্বতন মধ্যভারত-বুন্দেল-খণ্ড এজেন্সির করদরাজ্য। আ. ১,১৭০ ব মা ; জন. ১,৮৪,৭২০ ( '৪১ ) ; রাজ্যের আয় ৭'৫৫ লক্ষ টাকা। মহারাজ ১১ তোপের সম্মান অধিকারী। রাজ্য ভারত-ভুক্ত হইলে রাজাকে ১,০০,৩৫০ টাকা ভাতা দেওয়া হয়। …১৯৪৮ হইতে বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত। …শহরের জন. ১৩,২১০। রেলস্টেশন নাই, রেবা হইতে ১১০ মা। বাণিজ্যকেন্দ্র। ব্যাংক অব বাঘেল খণ্ড। …এই রাজ্যমধ্যে খজুরাহো গ্রামে বিখ্যাত মন্দিরগুলি আছে।

**ছত্রপুর** (Chatrapur) : ওড়িশা ; গঞ্জাম জেলার মহকুমা ও থানা। মহকুমার আ. ৮২৭ ব মা ; জন. ৪,৭১,৫২৮। থানার জন. ৭৯,১৩০। শহর, জন. ৫,৭১১। কলিকাতা হইতে রেলপথে ৩৬১ মা। ছত্রপুর-গঞ্জামের সদর শহর হইলেও ব্রহ্মপুরই জেলার প্রধান নগর।

**ছত্তিসগড** (Chhattisgarh) : পূর্বতন ঈ. স্টেটস্ এজেন্-সির সাব্ এজেন্সি ছত্তিসগড় স্টেটস্ নামে চলিত ছিল। আ. ৩৭,৬৮৮ ব মা ; জন. ৪০'৫০ লক্ষ। শাসনকেন্দ্র ছিল রায়পুর। ১৯৩৬ অব্দে এই সাব্ এজেন্সি গঠিত হয়। রাজ্যগুলির নাম : বস্তার, চাংভাকর, ছুইখাদন, যশপুর, কালহাণ্ডি, কাঁকের, কয়র্ধা, খয়রাগড়, কোরেয়া, নন্দগাঁও, পাটনা, রায়গড়, শক্তি, সরনগড়, সুরগুজা ও উদয়পুর। ১৯৪৮-এ কালহাণ্ডি ও পাটনা ওড়িশার মধ্যে ও অপরগুলি মধ্যপ্রদেশ অন্তর্গত হয়। …এই

অঞ্চলে রতনপুরের রাজাদের ৩৬টি দুর্গ ছিল ; ৮ শতকে রাজ্য বিচ্ছিন্ন হইতে আরম্ভ করে এবং রায়পুরে একটি পৃথক রাজবংশ স্থাপিত হয়। ইহারা হৈহয় বংশীয় নামে খ্যাত।...এতদঞ্চলের কথ্য ভাষা সাধারণ হিন্দী হইতে পৃথক ; উহা 'ছত্তিসগড়ী' নামে খ্যাত।

**ছাতক** (Chhatak) : পূ-পাক.; সিলেট জেলা; সুরমা নদী-তীরস্থ গ্রাম ও গঞ্জ। খাসি পাহাড়ের চুন, তেজপাতা, কমলালেবু প্রভৃতি থেরিয়াঘাট দিয়া ছাতকে আসিত ; বর্তমানে পাকিস্তানের মধ্য দিয়া এই সহজ বাণিজ্যপথ দুর্গম হইয়াছে। ...গোয়ালন্দ হইতে স্টীমারে ৩৭৩ মা ; সিলেট নদীপথে ৪৬ মা। সি-ছা. রেলপথ (২০ মা) নির্মাণের প্রস্তাব পাক-গবর্নমেন্ট গ্রহণ করিয়াছেন। ছাতকের কাছে লিন্‌ডসে নামে এক ইংরেজ ব্যবসায়ীর কবর আছে।

**ছাতনা** (Chatna) : বাঁকুড়া জেলা ; সদর মহ.র থানা। আ. ১৭৩ ব মা ; জন. ৮৯,১৮২ ; ঘনতা ৫১৬। গ্রাম ২৭৫। ছাতনা থানায় ১১ ইউনিয়ন বোর্ড ; জন. ৮৮, ৯৫৫। ...ছাতনা ইউনিয়নের জন. ১০,০৬৬। ...গ্রাম, বাঁকুড়া হইতে ৮মা দূরে। কলিকাতা-খড়গপুর-আদরা লাইনের স্টেশন (১৫২ মা)। ...এখানে বাশুলী দেবীর প্রাচীন মন্দির আছে ; কোন কোন পণ্ডিতের মতে ইহা কবি চণ্ডীদাসের জন্মস্থান ; তবে অধিকাংশের মত বীরভূমের নান্নুর গ্রাম চণ্ডীদাসের জন্মভূমি। ছাতনার প্রাচীন নাম ছত্রিনা। এক সময়ে ইহা এক রাজপরিবারের রাজধানী ছিল ; বাশুলীর মন্দির ও অন্যান্য আরও কতকগুলি ভগ্ন গৃহাদি এই রাজবংশের কীর্তি। ইষ্টকোপরি খোদিত লেখ হইতে হামীর উত্তর রাজের নাম পাওয়া যায় ; ইহা ১৪৭৬ শকাব্দে উৎকীর্ণ।

**ছাত্রা** (Chhatra) : নেপালের গ্রাম ; বিরাটনগরের উ.-পশ্চিমে ২৬ মা দূরে কোশী নদীতীরে ; এখানে কোশীর বন্যা নিয়ন্ত্রণের জন্য ৩৫ ফুট উচ্চ বাঁধ নির্মাণ করিয়া নেপাল-বিহারের ৩০-৪০ লক্ষ একর জমিতে জলসেচন হইবে। পূর্ববাহী খালে ৩টি কৃত্রিম জলধার সৃষ্টি করিয়া জল-বিদ্যুৎ উৎপন্ন হইবে। (দ্র. কোশী)।

**ছাপরা** (Chhapra) : বিহার ; সারন জেলার মহকুমা। আ. ১০৪৩ ব মা ; জন. ১২,৫৬,৬০৬ ; ঘনতা ১,২০৪। ছাপরা মহ.র অন্তর্গত ১০টি থানা। ছাপরা থানার আ. ১৫০ ব মা ; জন. ১,৫৭,৩৩২ ; ঘনতা. ১,০৪৬। সদর শহর, জন. ৬৪,৩০৯। গঙ্গা ও ঘর্ঘরার সঙ্গমে, কাটিহার হইতে উ.-পূ.-রেলপথে ২০২ মা পশ্চিমে অবস্থিত। এককালে ছাপরা বিশিষ্ট নদী-বন্দর ছিল, রেলপথ উন্মুক্ত হওয়ায় নদীপথের মর্যাদা কমিয়াছে। এখান হইতে নির্গত ২টি রেলপথ গোরখপুরে (১১২ মা) গিয়া মিশিয়াছে। ব্যাংক : বিহার, সেনট্রাল, স্টেট, প. ন্যাশনাল। ...ডিগ্রী কলেজ আছে।

**ছাবরা** (Chhabra) : রাজস্থান ; কোটা জেলার মিউনি. শহর। জন. ৬,৫৩৭। রাজ. সমবায় ব্যাংক।

**ছিন্দবারা, ছিংদওয়ারা** (Chhindwara) : মধ্যপ্রদেশ ; নাগপুর বিভাগের জেলা ; উত্তরাংশে মহাদেব পর্বত ৩,৮০০ ফুট উচ্চ, উত্তরের পার্বত্যাংশ ক্রমশ দক্ষিণে ঢালু হইয়া সমতলে ও কোনো কোনো স্থলে পলিমাটিতে পরিণত হইয়াছে। কয়লা, মাঙ্গানিস, বক্সাইট, মারবেল পাথর প্রভৃতি খনিজ ; হরিতকী, বাঁশ ; তুলা, ও অন্যান্য ফসল। আ. ৭,৭৯৪ ব মা ; জন. ১০·৮০ লক্ষ। অধিবাসীদের ৫৭ শতাংশ হিন্দু, ৪০ উপজাতি ; মুসলমান ৪%। হিন্দী, খন্দ ও মারাঠি ভাষা।

—জেলার সদর শহর (জন. ২৭,৬৫২), নাগপুর-নৈনপুর ছোট রেলপথের স্টে. (৯২ মা)। এখান হইতে বারকুহি পর্যন্ত শাখা রেল আছে.(২২ মা)। ইহা কয়লা রপ্তানির কেন্দ্র। এখানে খনি বিদ্যালয় আছে। ব্যাংক: লক্ষ্মী, স্টেট, দুর্গা ও সমবায়। ১৮ মা দ.-পশ্চিমে খন্দদের প্রাচীন রাজধানী দেওগড়।

**ছুইখাদন** (Chhuikhadan) : পূর্বতন ছত্তিসগড় সাব্-এজেন্‌সির অন্যতম করদ রাজ্য। আ. ১৫৩ ব মা ; জন. ৩২,৩৭১। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ২০,৩০০ টাকা ভাতা দেওয়া হয়। ...ঐ সময়ে এই রাজ্য মধ্যপ্রদেশের দুর্গ জেলার তহশীল হয়। ১৯৫২ ডিসেম্বরে পৃথক তহশীল উঠাইয়া খয়রাগড় তহশীল অন্তর্গত করা হয় ; কিন্তু লোকের প্রতিবাদ এমনই তীব্র ও উচ্ছৃঙ্খল হইয়া উঠে যে, ১৯৫৩ জানু., ৯ তারিখে জনতার উপর গুলি চালাইতে হয়। ছুইখাদন (জন. ৩,১৯০) রাজ-নাদগাঁও (কলিকাতা হইতে ৫৫৭)-এর উত্তরে অবস্থিত।

**ছোটউদয়পুর** (Chhota Udepur): বোম্বাই রাজ্য; বড়োদা জেলার তালুক ও শহর। শহরের জন. ৮,৭২২। বো.-বড়োদা রেলপথের মিয়াগাঁও জং হইতে ছোট লাইনে ডাভোই হইয়া এখানে যাইতে হয়; বড়োদা হইতে মোটরপথ আছে। এখানে সেন্‌ট্রাল ব্যাংকের শাখা আছে।...ছোটউদয়পুর পূর্বে গুজরাত স্টেট্‌সের রেবাকণ্ঠ মণ্ডলের করদরাজ্য ছিল। আ. ৮৯৪ ব মা; জন. ১,৬২,১৭৭ ('৪১)। রাজ্যের আয় ছিল প্রায় ১২ লক্ষ টাকা; কর দিতে হইত ৯ হা. টাকা। রাজা ৯ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২,১২,০০০ টাকা ভাতা দেওয়া হয়।

**ছোটনাগপুর বিভাগ** (Chotanagpur): বিহার রাজ্যের বিভাগ। জেলা ৬টি: হাজারিবাগ, রাঁচী, পালামৌ, মানভূম (পুরুলিয়া, ধানবাদ) ও সিংহভূম। পার্বত্য বন্ধুর ভূমি; বৃষ্টি কম হইলেও দেশ অরণ্যময়। কয়লা, অভ্র প্রভৃতির খনি আছে। এই বিভাগের কিয়দংশ লইয়া ঝাড়খণ্ড রাজ্য গঠন করিবার জন্য আন্দোলন আদিবাসীদের মধ্যে দেখা দিয়াছে।

ছোটনাগপুরের আ. ২৭,১০৮ ব মা। জনসংখ্যা ১৯৫১ সালে ৮৫,৪৪,২৫৯; ১৯০১ সালে ৫৯,৪১,৫০৮। বর্তমানে হিন্দুর সংখ্যা ৬৫·৯৩ লক্ষ; মুসলমান ৩·৩৮ লক্ষ; খ্রীষ্টান ৪·১০ লক্ষ। ঘনতা ৩১২। সাঁওতাল, ওরাঁও, মুণ্ডা, খরিয়া প্রভৃতি আদিম উপজাতির বাস। ইহাদের ভাষা বিভিন্ন। ...বিভাগের প্রধান শহর রাঁচী।...দামোদর, বরাকর, ময়ূরাক্ষী নদীসমূহের বাঁধ ও জলবিদ্যুৎ সরবরাহ কারখানা এই বিভাগের মধ্যেই অবস্থিত।

**জওয়াড** (Jawad): মধ্যভারত অন্তর্গত (বর্তমান মধ্যপ্রদেশ) পূর্বতন গবালিয়র রাজ্যের শহর; নিমাচ স্টেশন (অজমের-খানডোয়া রেলপথে ১৫০ মা) হইতে উ.-পূর্ব দিকে। জন. ৮,৫৮৪। সমবায় ব্যাংক।

**জওয়ালাপুর** (Jawalapur): উত্তর প্রদেশ; সাহারনপুর জেলার শহর; কলিকাতা-দেহরাডুন রেলপথে (৯১১ মা), হরিদ্বারের পূর্ব স্টেশন। জন. ২০,১৮৮। প. ন্যাশনাল ব্যাংক।

**জওরা** (Jaora): পূর্বতন মধ্যভারতের করদরাজ্য; ১৮১৮ মন্দাসর-সন্ধির ফলে এই রাজ্য সৃষ্ট হয়। শাসকরা মুসলমান, সোয়াতের তাজিকখেল আফগন বংশীয়। ...রাজ্যের আ. ৬০১ ব মা। জন. ১১৬,৯৫৩ ('৪১)। রাজ্যের আয় ছিল ১২·৪৪ লক্ষ টা.। ভারত সরকারকে কর দিতে হইত ১,৩৭,১২৭ টাকা। নবাব ১৩ তোপ সম্মান পাইতেন। মধ্যভারত ইউ-নিয়নের শহর (জন. ২৯,৫৬৮) অজমের-খানডোয়া মিটার রেলপথের স্টেশন (২১২ মা); রতলাম হইতে ২২ মা. উ.-পূর্বে অবস্থিত। ইন্দোর ব্যাংক। রাজ্য পুনর্গঠন (১৯৫৬) ব্যবস্থায় মধ্যপ্রদেশ রাজ্য অন্তর্গত হইয়াছে।

**জওহর** (Jawhar): পূবতন গুজরাট স্টেট্‌স এজেন্সির করদরাজ্য। আ. ৩০৮ ব মা। রাজ্যের আয় ছিল ৪·২২ লক্ষ টাকা; দেয় কর ছিল ৯,২৩১ টাকা। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১,২৪,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে বোম্বাই রাজ্যের থানা জেলার তালুক; আ. ৩১০ ব মা; জন. ৬৭,৪০০ ('৫১)। ...জওহর শহরের জন. ৪,৭১২। ইহা থানা হইতে ৫০ মা উ.-পূর্বে।

**জগৎবল্লভপুর** (Jagatballavapur): হাওড়া জেলার সদর মহ.র থানা। আ. ৪৯ ব মা; জন. ৭৯ হা; ঘ. ১,৫৯৬। ...গ্রাম (জন. ১,৯৩৫) হাওড়া-চাঁপাডাঙ্গা ছোট রেলপথের স্টেশন (১৭ মা)। পূর্বে সমৃদ্ধ স্থান ছিল; কানা নদী মজিয়া যাওয়ায় জ্বর ব্যধির প্রকোপে এতদঞ্চল ধ্বংসের দিকে গিয়াছিল। এখানকার উচ্চ ইংরেজি বিদ্যালয় ১৮০৬ অব্দে প্রতিষ্ঠিত।

**জগতিয়াল** (Jagtial) হায়দরাবাদ; করিমনগর জেলার শহর। ক. হইতে ২৯ মা উ.-পূর্বে। জন. ২১,০৪৬। শ্রীপুর (Sirpur) কাগজের কলের জন্য নিকটস্থ জঙ্গলের বাঁশ আনিয়া মণ্ড প্রস্তুত হয়।

**জগতী** (Jagati): পূ. পাক.; কুষ্টিয়া জেলার গ্রাম; পোড়াদহের পরবর্তী স্টেশন; কলিকাতা হইতে ১০৮ মা। এখান হইতে ঈ. বি. রেলওয়ে গোয়ালন্দের দিকে গিয়াছে।

**জগদলপুর** (Jagdalpur): মধ্যপ্রদেশের বস্তার জেলার

সদর শহর; ইন্দ্রাবতী নদীতীরে; রেলপথ নাই; রায়পুর হইতে ১১৫ মা দক্ষিণে। জন. ১১,৩০৪। শহরের চারিদিকে গভীর অরণ্য। পূর্বতন বস্তার করদরাজ্যের রাজধানী; ১৮ শতকে বস্তার হইতে ১১ মা দ.-পশ্চিমে অবস্থিত এই গ্রামে রাজধানী স্থানান্তরিত হইয়াছিল।

**জগদীশপুর** (Jagadishpur): বিহার; আরা জেলার সদর মহ.র থানা ও শহর। থানার আ ৮১ ব মা; জন. ১,০১,৩২৩; ঘনতা ১,২৫১। শহরের জন. ১১,৩২২। আরা খালের একটি বাহু প্রবাহিত।

**জগদ্দল** (Jagaddal): (১) বরেন্দ্রভূমি বা উত্তরবঙ্গের বৌদ্ধবিহার। (২) ২৪ পরগনার বারাকপুর মহ.র থানা। আ. ২৩ ব মা; জন. ১,৫২,৬২৪; ঘনতা ৬,৭৫৩। ভাটপাড়া নগর এই থানার অন্তর্গত। এই থানায় বহু চটকল ও অন্যান্য কারখানা আছে।...নৈহাটি-ভাটপাড়ার নিকট জগদ্দলে দুইটি শুষ্কপ্রায় পরিখা দেখা যায়। যশোরেশ্বর প্রতাপাদিত্য মোগলবাহিনীর অগ্রগতি রোধ করিবার জন্য এখানে দুর্গ নির্মাণ করিয়াছিলেন বলিয়া প্রবাদ। ...১৮৫২ জুলাই মাসে এখানে দেবেন্দ্রনাথ ঠাকুর 'জগদ্দল ব্রাহ্ম সমাজ' স্থাপন করেন।

**জগধারী** (Jagadhari): পঞ্জাব; অম্বালা জেলার তহশীল ও শহর; যমুনা খাল নিকটে। অম্বালা-সাহারানপুর লাইনের জং (৩৪ মা) হইতে ৪ মা দূরে জগধারী ওয়ার্কশপ স্টেশন। ছোট রেল মডেল-টাউন (৬ মা) হইয়া জগধারী টাউন (৮ মা) পর্যন্ত গিয়াছে। পশ্চিম পঞ্জাবাগত উদ্‌বাস্তুদের জন্য এখানে নগর পত্তন হইয়াছে। নিকটস্থ যমুনানগরে করমচাঁদ থাপারদের শ্রীগোপাল পেপার মিলস। জন. ২৩,৯৪৩। ব্যাংক: সেনট্রাল; সিরমুর; প. ন্যাশন্যাল; সাহুকার ও সমবায়। ...৪ মা পূ.-দক্ষিণে সুঘগ্রামে বৌদ্ধ ও ব্রাহ্মণ্য বিদ্যায়তনের ধ্বংসাবশেষ দেখা যায়।

**জগন্নাথগঞ্জ** (Jagannathganj): পূ. পাক.; ময়মনসিংহ জেলার টাঙ্গাইল মহকুমার সরিশাবাড়ী থানার গ্রাম ও গঞ্জ; ব্রহ্মপুত্র-যমুনা নদীতীরে। নারায়ণগঞ্জ-ঢাকা-বাহাদুরাবাদ রেলপথের সিংজানী জং হইতে শাখা লাইনের শেষ ঘাট-স্টেশন (১৩৫ মা); ইহার অপর পারে পাবনা জেলার সিরাজগঞ্জ ঘাট। কলিকাতা হইতে ময়মনসিংহ যাইতে হইলে সিরাজগঞ্জে ব্রহ্মপুত্র পার হইয়া জগন্নাথগঞ্জ হইয়া সহজে যাওয়া যাইত।

**জগরাওন** (Jagraon): পূ. পঞ্জাব; লুধিয়ানা জেলার তহশীল ও শহর। দিল্লী হইতে লুধিয়ানা (১১৪ মা) হইয়া ২২৩ মা। জন. ২৪,৫১৯। ব্যাংক: প. ন্যাশ., ওরিএন্টাল কমার্স, স্টেট ও সেনট্রাল।

**জগাছা** (Jagacha): হাওড়া জেলার সদর মহ.র থানা; শিবপুরের উত্তরে। আ. ৭ ব মা। জন. ৩৩,৮৩৮; ঘনতা ৪,৯০৪। গ্রামের জন. ৫,৫৬৬। বিদ্যালয়।

**জগ্গিয়াপেটা** (Jaggayyapet): অন্ধ্র; কৃষ্ণা জেলার নন্দীগ্রাম তালুকের শহর। বিজয়ওয়াড়া-কাজিপেট রেলপথের মদিরা (৩৫ মা) স্টেশনের পশ্চিমে; ইহাই নিকটতম রেলস্টেশন। জন. ১২,৮৪৫। অন্ধ্র ও সমবায় ব্যাংক। বৌদ্ধস্তূপের ধ্বংসাবশেষ আছে।

**জঙ্গল মহল** (Jangal mahal): বর্তমানে মেদিনীপুর জেলার সদর মহকুমার গড়বেতা ও শালবনী থানার একত্র নাম। কিন্তু পূর্বে জ. ম. বলিতে মেদিনীপুর, বাঁকুড়া, মানভূম ও সিংহভূম প্রভৃতি জেলার অন্তর্গত স্থান বুঝাইত। ইংরেজ শাসনের প্রারম্ভে জ. ম. একটি পৃথক জেলা ও মেদিনীপুর শহর জেলার সদর ছিল। এই জেলায় তৎকালে অনেকগুলি অর্ধ-স্বাধীন রাজ্য ছিল। ইহার মধ্যে পঞ্চকোট ও পাতকুম নামে দুইটি প্রাচীন রাজ্য বিখ্যাত। এই রাজারা আপনাদিগকে পশ্চিমা ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিয়া থাকেন। বরাহভূম পরগনা পূর্বে পাতকুম রাজ্যের অন্তর্গত ছিল। (দ্র. পঞ্চকোট, পাতকুম, বরাহভূম)

**জঙ্গীপাড়া** (Jangipara): হুগলী জেলা; শ্রীরামপুর মহ.র থানা; দামোদর তীরে। আ. ৬৩ ব মা; জন. ৭১,৪৩৮; ঘ. ১,১২৯। গ্রাম (জন. ৬৩৬)। হাওড়া-চাঁপাডাংগা ছোট লাইনের স্টেশন (২৩ মা)। এই থানার মধ্যে রাজবলহাট গ্রাম তাঁতের কাপড়ের জন্য বিখ্যাত।...থানার মধ্যে ৩ বিদ্যালয়—জঙ্গীপাড়া, আঁটপাড়া, ও রাজবলহাট। গ্রামে ডাকঘর, প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল ও ডিস্‌পেন্‌সারি আছে।

**জঙ্গীপুর** (Jangipur) : মুর্শিদাবাদ জেলার মহকুমা। আ. ৪৩৭ ব মা ; জন. ৭১,৪৩৮ ; ঘনতা ৯৮৮। ৫ থানা : রঘুনাথগঞ্জ, ফরাক্কা, সমসের গঞ্জ, সুতী, সাগরদীঘি। রঘুনাথগঞ্জ থানার এলাকায় জঙ্গীপুর মহকুমার সদর শহর। কলিকাতা-বান্‌ডেল-বারহারোয়া লাইনের জ. রোড স্টেশন (১৫৭ মা) হইতে ২মা পূর্বদিকে ভাগীরথীর পূর্বতীরে শহর অবস্থিত। এখান হইতে বহরমপুর ২৮ মা। জন. ১৮,২৫৫। উচ্চ বিদ্যালয় (১৮৭২) ; ইণ্টার কলেজ (১৯৫০)। লোক-প্রবাদ জাহাঙ্গীর কর্তৃক শহর প্রতিষ্ঠিত হয় ও তাঁহার নামের বিকৃত রূপ জঙ্গীপুর হইয়াছে। ১৬৬৪ অব্দে সৈয়দ কাসিম কর্তৃক নির্মিত এক মসজিদ আছে। সৈয়দ মর্তুজা এখানে বাস করিতেন। (দ্র. সুতী)।

**জড়িয়া—ঝঞ্জাইল** (Jaria Jhanjail) : ময়মনসিংহ জেলা ; নেত্রকোনা মহ.র গ্রাম ও ডাকঘর; ময়মনসিংহ হইতে শ্যামগঞ্জ (১৪ মা) হইয়া শাখা রেলের শেষ স্টেশন (৪০ মা)। গ্রাম কংস নদীতীরে। এখান হইতে সুসঙ্গ (দুর্গাপুর) সড়ক আছে।

**জনগাঁও** (Jangaon) : হায়দরাবাদ ; নলগোডা জেলার তালুক ও শহর ; বিজয়ওয়াড়া-কাজিপেট-সেকন্দরাবাদ রেলপথের স্টেশন (১৬৬ মা)। জন ১১,১৭০। হা. স্টেট ব্যাংক। রাজ্য পুনর্গঠনে (১৯৫৬) অন্তর্ভুক্ত হইয়াছে।

**জন্‌জিরা** (Janjira) : পূর্বতন ডেকান স্টেট্‌স এজেন্‌সির সমুদ্রতীরস্থ করদরাজ্য। আ. ৩২৬ বমা ; জন. ১০৩, ৫৫৭ ('৪১)। রাজ্যের আয় ছিল ১১·৬০ লক্ষ টাকা। ভারত সরকারকে কোনো কর দিতে হইত না। মুসলমান নবাব ১১ তোপ সম্মান পাইতেন। ১৯৪৯-এ রাজ্য ভারতভুক্ত হইলে নবাব ১,৩৪,৫০০ টাকা ভাতা পান। রাজধানী মুরুদ (দ্র.) বর্তমানে বোম্বাই রাজ্যের কোলাবা জেলার তালুক অন্তর্গত।

**জন্‌ডিয়ালা** (Jandiala ; Guru) : পূ. পঞ্জাব ; অমৃতসর জেলার শহর ; অমৃতসর হইতে ১২ মা পশ্চিমে রেল স্টেশন। জন. ১২,৭০৪। প. ন্যাশনাল ব্যাংক।

**জনসাথ** (Jansath) : উত্তর প্রদেশ, মজফ্‌ফরনগর জেলার শহর ; ম. হইতে ১৪ মা পূর্বে ; গমাদি শস্যের বাজার। জন. ৭,৫৪১। ১৮ শতকে দিল্লীর সৈয়দ ভ্রাতাদের আদি নিবাস। এখান হইতে৩মা উ.-পশ্চিমে চিটাউরা গ্রামে জলবিদ্যুৎ কারখানা আছে।

**জনস্থান** (Janasthana) : পৌরাণিক স্থান। ৫১ পীঠের অন্যতম। বোম্বাই, খান্দেশ জেলার জলগাঁও-এর নিকটে বনমধ্যে তীর্থ। দেবী ভ্রামরী, বিকৃতাক্ষ ভৈরব।

**জনাই** (Janai) : হুগলী জেলা ; শ্রীরামপুর মহ.র চণ্ডীতলা থানার গ্রাম ; পুরাতন সরস্বতী নদীতীরের এককালীন বর্ধিষ্ণু গণ্ডগ্রাম। জন. ৫,৯৩৯। স্থানীয় বিদ্যালয় শতাধিক বৎসর পূর্বে প্রতিষ্ঠিত। চণ্ডীতলা হইতে শাখা রেলপথে ৩ মা। হাওড়া-বর্ধমান কর্ড রেলপথের জনাই রোড্ স্টেশন (১৩ মা) হইতে জনাই পর্যন্ত মোটর বাস্ সার্বিস আছে।

**জপলা** (Japla) : বিহার ; পালামৌ জে.র হুসেনাবাদের অন্য নাম ; এখানে ডালমিয়া কোম্পানীর সিমেণ্ট ফ্যাক্টরী আছে। ডেহরী-ডালটনগঞ্জ লাইনে সোন নদীর দক্ষিণ তটে অবস্থিত স্টেশন (২৪ মা)। কলিকাতা হইতে ডেহরী হইয়া ৩৬২ মা। কৈমুর পাহাড় হইতে চুনাপাথর শোনের উপর দিয়া দড়ি-পথ সাহায্যে (ropeway) কারখানায় আনীত হয়।

**জফরাবাদ** (Zafrabad) : উত্তর প্রদেশ ; জৌনপুর জেলার শহর, জৌনপুরের প্রায় সংলগ্ন। জৌনপুর হইতে ৪ মা দূরে অবস্থিত এই স্টেশন, এ অঞ্চলের বৃহত্তম রেলওয়ে জংশন। জৌনপুর হইতে ইলাহাবাদ (৭১ মা) যে শাখা রেললাইন আছে, তাহা জফরাবাদ হইতে বাহির হইয়াছে। ফয়জাবাদ পর্যন্ত আর একটি রেল শাখা আছে। এখানে একটি মসজিদ আছে, যাহার প্রস্তরাদি উপকরণ জৈন মন্দির ভাঙিয়া সংগৃহীত।

**জফারাবাদ** (Jafarabad) : পূর্বতন পশ্চিম ভারতীয় স্টেট্‌স এজেন্‌সির অন্যতম করদরাজ্য। আ. ৫৩ ব মা ; জন. ১৩,৮৩৭ ('৪১)। মুসলমান নবাব ; রাজ্য ভারতভুক্ত হইলে নবাবকে বার্ষিক ১৬,০০০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে বোম্বাই (সৌরাষ্ট্র) রাজ্য অন্তর্গত। ১৫৭৬ অব্দে নগর পত্তন হয়। কাম্বে উপসাগর তীরে ডিউ হইতে ৩৮ মা উ.-পূর্বে অবস্থিত শহর। সমুদ্রতীরে আলোকস্তম্ভ আছে। শহরের জন. ৬,৩১৯

**জবলপুর বিভাগ** (Jabalpur) **:** মধ্য প্রদেশের বিভাগ। জেলা ৫টি : জবলপুর, সাগর, মান্দলা, হোসাঙ্গাবাদ, নিমার। ...জেলা। ১৮৬১ অব্দে জবলপুর জেলা গঠিত হয়। উ. ও পূ—বিন্ধ্যপ্রদেশ; দ.—মান্দলা, চিন্দোয়ারা ও হোসাঙ্গাবাদ জেলা; প.—সাগর জেলা। আ. ৩,৯৩৮ ব মা; জন ১০'৪৫ লক্ষ। জেলার ৩ মহকুমা : জবলপুর-পাটনা, সিহোরা ও মুড়বারা-কাটনী।

**জবলপুর** (Jabalpur; Jabbulpore) **:** মধ্যপ্রদেশের বৃহত্তম নগরী। নর্মদানদী নগরের নিকট দিয়া প্রবাহিত। মার্বেল পাহাড়ের গভীর খাদ দিয়া নদী-পথের দৃশ্য অতি মনোহর; অদূরে একটি জলপ্রপাত আছে। এই দৃশ্য দেখিতে বহু ভ্রমণ-বিলাসীরা এখানে আসেন। ইহা শহর হইতে ১৩ মা দূরে। ইহা জেলার সদর শহর ও সামরিক ঘাঁটি। পূর্বের জি. আই. পি. রেলওয়ে ও ঈ. ই. রেলওয়ের জংশন; কলিকাতা হইতে ইলাহাবাদ হইয়া বোম্বাই মেল এই পথে যায় (৭৩৩ মা)। ইলাহাবাদ ২৪৪ মা। এই স্টেশন হইতে গোন্দিয়া (দ্র.) পর্যন্ত ছোট মাপের রেলপথ আছে (১৪২ মা)। শহরের নিকট ভারত সরকারের সামরিক সামগ্রী প্রস্তুতের কারখানা। জবলপুর হিন্দীভাষীদের নগর; এখানে বহু শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান আছে। এখানকার নবনির্মিত শহীদ-মন্দির সৌধে ভারতের স্বাধীনতা সংগ্রামের চিত্র অঙ্কিত হইয়াছে। ...শিল্প কারখানার মধ্যে কাপড়ের কল, পটারি, কাঁচ কারখানা প্রভৃতি উল্লেখযোগ্য। স্টেশনের নিকটে রাজা গোকুলদাসের মর্মরমূর্তি শোভিত বিরাট ধর্মশালা আছে। শহরের জন. ২,৩৭,৮৮৪। এখানে কয়েকটি ব্যাংক আছে : ইলাহাবাদ, সেন্ট্রাল, স্টেট, লক্ষ্মী, পঞ্জাব ন্যাশনাল, ভার্গব কমার্স, সেন্ট্রাল কো-অপ.। জবলপুরে নূতন বিশ্ববিদ্যালয় হইতেছে।

**জমরুদ** (Jamrud) **:** পাকিস্তান; উ.-প. সীমান্ত প্রদেশ; খাইবার গিরিপথের প্রবেশমুখে দুর্গ ও সৈন্য ছাউনি (১,৫০০ ফুট উচ্চে)। পেশাবার-লন্ডি কোটাল বা খাইবার রেলপথের স্টেশন (১১ মা)। আফগানদের বিতাড়িত করিয়া শিখ সর্দার হরিসিং নলওয়া কর্তৃক দুর্গ নির্মিত হয় (১৮৩৬)। দুর্গ প্রাচীর ১০ ফুট প্রস্থ; দূর হইতে জাহাজের মতো দেখিতে।

**জমালামডুগু** (Jammalamdugu) **:** অন্ধ্ররাজ্য; কুড্ডাপা জেলার তহশীল ও শহর। চিত্রাবতী নদীতীরে। রেল স্টে নাই। কুড্ডাপা হইতে উ.-পশ্চিমে ৩৮ মা। জন. ১২, ৮৯৯। কানাডা ইনডাস্ট্রি ব্যাংক। নিকটে বিস্তারিত চুনাপাথর আকর।

**জমকেশ্বর** (Jambukesvara) **:** মদ্রাজ; তিরুচির্পলির নিকট স্থান; এখানকার ১৬ শতকের মন্দির বিখ্যাত।

**জম্বুগোড়** (Jambughoda) **:** বোম্বাই-এর পূর্বতন করদরাজ্য। আ. ১৪৩ ব মা। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৭০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে পঞ্চমহল জেলার তালুক, আ. ৩৮ ব মা। জন ১২,৬৫০। শহর গোধরা হইতে ২৯ মা দ.-পূর্বে; শস্যের বাজার।

**জম্বুদ্বীপ** (Jambudvipa) **:** পৌরাণিক হিন্দু ভূগোল অনুসারে সপ্তদ্বীপা পৃথিবীর অন্যতম। ভারতবর্ষকে জম্বুদ্বীপ বলা হয়।

**জম্বুসর** (Jambusar) **:** বোম্বাই; বরোচ জেলার তালুক ও শহর। বরোচ হইতে মহী নদীর তীরস্থ কবি (Kavi) পর্যন্ত যে রেলপথ আছে (৪৬ মা), তাহার মধ্যে জম্বুসর জ. স্টেশন (৩০ মা); এখান হইতে বিশ্বামিত্রী, ধাবোই হইয়া ছোটউদয়পুর পর্যন্ত রেলশাখা (৯৬ মা) আছে। ...শহরের জন. ১৪, ২৪৫। ২টি সমবায় ব্যাংক। চামড়া ও তুলার বাজার; কালিকো ছাপ শিল্পের কেন্দ্র।

**জম্মু** (Jammu) **:** জম্মু ও কাশ্মীর (দ্র.) রাজ্যের প্রদেশ। আ. ১২,৩৭৮ ব মা; জন. ১৯,৮১,৪৩৩। জম্মু শহর, রাজ্যের শীতকালীন রাজধানী, চেনাবের শাখানদী টানা (Tana)-র উপর অবস্থিত। জম্মু পাকা সড়ক দিয়া পাঠানকোট (৬৫ মা) ও শ্রীনগরের (২০৩ মা) সহিত যুক্ত। বানিহাল (Banihal) সুড়ঙ্গ নির্মাণ শেষ হইলে ভারত হইতে সোজাসুজি রেলপথ জম্মু পর্যন্ত যাইবে। বিমানপথে জম্মু হইতে শ্রীনগর ১০১ মা; দিল্লী ৩২৯ মা। —শহরের জন. ৬২,৬৫৩। ব্যাংক :

স্টেট, প. ন্যাশনাল, প্রভৃতি।…মুঘল যুগে কাশ্মীর যখন দিল্লীর অধীন (১৫৮৫—১৭৫০), সেই সময়ে জম্মুতে ডোগরা রাজপুতদের আধ-স্বাধীন রাজ্য ছিল। ১৮১৯-এ শিখরা এই দেশ জয় করে ও গোলাপ সিংহ নামে এক ডোগরা সর্দারকে এখানকার রাজা করিয়া দেওয়া হয় (১৮২০)। গোলাপ সিংহ উত্তরে লদক অধিকার ও কাশ্মীর ব্রিটিশদের নিকট হইতে ক্রয় করেন। ১৮৫৭-এ গোলাপের মৃত্যু হয়; তদবধি ১৯৪৮ পর্যন্ত এই দেশ এই ডোগরা রাজবংশের দ্বারা শাসিত হয়।… জম্মু প্রদেশের জেলাগুলির কিয়দংশ এখন পাকিস্তানী-দের দ্বারা অধিকৃত; উহা আজাদ কাশ্মীর নামে পরিচিত।

**জম্মু ও কাশ্মীর:** দ্র. কাশ্মীর।

**জয়দেব:** দ্র. কেঁদুলি।

**জয়দেবপুর** (Jaydevpur): পূ. পাকিস্তান; ঢাকা জেলার থানা। আ. ১৪২ ব মা। ইহা প্রসিদ্ধ ভাওয়াল পরগনার জমিদার বংশের বাসভূমি। স্বভাবকবি গোবিন্দদাস ও সাহিত্যিক কালীপ্রসন্ন ঘোষ এইস্থানের অধিবাসী। জ.-এর নিকট মধুপুরের জঙ্গল ও বেলাই বিল। জ. স্টেশন ঢাকা হইতে ৩০ মা উত্তরে।

**জয়নগর** (Jaynagar): বিহার; দ্বারবঙ্গ জেলার মধুবনী মহ.র থানা ও শহর, ঘর্ঘরার উপশাখাতীরে; দ্বার.-নিরমালি (৪৫ মা) লাইনের মধ্যবর্তী সকরী জংশন (১৩ মা) হইতে উত্তর দিকে নেপাল সীমান্তে জয়নগর পর্যন্ত রেল গিয়াছে (৪২ মা)। শহরের জন. ৭ হা.। সেন্ট্রাল ও স্টেট ব্যাংক।

**জয়নগর-মজিলপুর** (Jaynagar-Majilpur) চব্বিশ পরগনা জেলার আলিপুর মহকুমার থানা। আ. ২৮০ ব মা। জন. ১,৯৬,০৪৭; ঘনতা ৭০১। শহর জন. ১৩,৩৫৬। কলিকাতা (বেলেঘাটা)-লক্ষ্মীকান্তপুর রেল পথের স্টেশন (৩১ মা); শিবনাথ শাস্ত্রীর নিবাসভূমি, মহিলাকবি গিরীন্দ্রমোহিনী দাসীর জন্মভূমি। মিউনি. এলাকায় মধ্য ৩টি বিদ্যালয়, রেজি, অফিস, হাসপাতাল প্রভৃতি।

**জয়ন্তিয়া** (Jayantia): আসামের দক্ষিণে খাসি পাহাড়ের অন্তর্গত পার্বত্য দেশ। আ. প্রায় ২০০০ ব মা। অধিবাসীরা নিজদিগকে পানার (Panar) বলে; কিন্তু খাসিরা বলে সিনতেং (Syn-teng); সম্ভবত শেষোক্ত শব্দ হইতে জয়ন্তিয়া কথাটির উদ্ভব।

**জয়ন্তিয়াপুর** (Jayantiapur): সিলেট জেলার মধ্যে পাকিস্তান অন্তর্গত। সিলেট-শিলং মোটর সড়কের উপর অবস্থিত শহর (৩০ মা); জয়ন্তিয়া রাজ্যের পুরাতন রাজধানী; জয়ন্তেশ্বরী কালিমন্দিরে পূর্বে নরবলি হইত।…

**জয়ন্তী** (Jayanti): জলপাইগুড়ি জেলা; আলিপুরদুয়ার মহ.র শহর ও রেলস্টেশন, আলিপুরদুয়ার হইতে রাজাভাতখাওয়া হইয়া গভীর জঙ্গলের মধ্য দিয়া রেল পথের শেষ স্টেশন (১৬ মা)। এখানে চুনের কারখানা আছে। বক্সা রোড জয়ন্তীর পূর্বের স্টেশন।

**জয়পুর** (Jaipur): বাঁকুড়া জেলা; বিষ্ণুপুর মহ.র থানা। আ. ১৫১ ব মা; জন ৫২,৩৫৯; ঘনতা ৫১৯। ক্ষুদ্র গ্রাম; বিষ্ণুপুর-আরামবাগ পথের উপর অবস্থিত। থানায় ৩টি উচ্চ বিদ্যালয়।

**জয়পুর রাজ্য** (Jaipur State): বর্তমানে রাজস্থানের বিভাগ। পূর্বতন রাজপুতানার চতুর্থ বৃহত্তম করদ-রাজ্য। আ. ১৫,৬১০ ব মা; জন. ৩০,৪০,৮৭৬ ('৪১)। রাজস্ব ছিল ১.২৫ কোটি। প্রাচীন ভারতের মৎস্যরাজ বিরাটের দেশ বলিয়া কিংবদন্তী। বিরাট নামে স্থান এখনও আছে। রাজারা রামচন্দ্রের পুত্র কুশ হইতে সম্ভূত বলিয়া দাবী করেন, সেইজন্য ইহাদের নাম কুচওয়া রাজপুত। ৯ শতকে রাজ্য স্থাপিত হয়। ১০৩৭ অব্দে ধুলারাও মিনা নামে আদিম সর্দারের নিকট হইতে অম্বের কাড়িয়া লইয়া সেখানে রাজধানী স্থাপন করেন। এই বংশের রাজারা মুঘলদের বশ্যতা স্বীকার করেন ও রাজা ভগবানদাস তাঁহার কন্যার সহিত সেলিম জহাঙ্গীরের বিবাহ দেন। মান-সিংহ অকবর ও জহাঙ্গীরের এবং জয়সিংহ অউরঙজেবের সেবা করেন। ২য় জয়সিংহ (দ্র.) অম্বের হইতে রাজধানী স্থানান্তরিত করিয়া সমতল ক্ষেত্রে জয়পুর নগর স্থাপন করেন। ১৮০৩ ও ১৮১৮ ইংরেজদের সহিত সখ্যতা স্থাপিত হয়। ১৯৪৮ এপ্রিলে

রাজ্য ভারতভুক্ত হয়। জয়পুরের মহারাজা রাজস্থানের প্রথম রাজপ্রমুখ। তিনি ১৮,০০,০০০ টাকা বার্ষিক ভাতা পান।

**জয়পুর** (Jaipur) : রাজস্থান ইউনিয়নের ৫ বিভাগের অন্যতম ; রাজ্যের উ.-পূর্বে অবস্থিত। মোট আ. ২৫, ৪২৭ ব মা। ...এই বিভাগের অন্তর্গত ঝুনঝুনু ও সিকার জেলা বালুপর্বতাকীর্ণ ; অবশিষ্টাংশ উর্বর। বিভাগের কিয়দংশে আরাবল্লী পর্বতমালা। নদী চম্বল, বনস, বাণগঙ্গা, সাবি প্রভৃতি।

**জয়পুর** (Jaipur) : রাজস্থানের জেলা। আ. ৬,২৯৫ ব মা ; জন .১৬,৫৬,০৯৭। গ্রাম ২,৮৪৫ ; শহর ২৬। ...

রাজস্থানের রাজধানী। ২য় জয়সিংহ অম্বের হইতে রাজধানী স্থানান্তরিত করিয়া নগর স্থাপন করেন (১৭২৮)। বিদ্যাধর ভট্টাচার্য নামে এক বাঙালি স্থাপত্য-শাস্ত্রী প্রাচীন হিন্দু বাস্তু শিল্পশাস্ত্রানুসারে নগরটির পরিকল্পনা করেন ; শহরের রাস্তাগুলি সরল ও সমান্তরাল। অট্টালিকাগুলির রং বাহির হইতে এক প্রকার। নগর উচ্চ প্রাচীর দ্বারা বেষ্টিত। .. এখন প্রাচীর-বাহিরে নগর বহুদূর পর্যন্ত বিস্তৃত হইয়াছে। নিকটে গলতা নামে তীর্থস্থান পাহাড়ের মধ্যে অবস্থিত। জন্তরমন্তর বা মানমন্দির, শ্যামসুন্দরের মন্দির দর্শনীয়। এখানকার পাথরের ও মিনার কাজ বিখ্যাত।

রাজস্থান বিশ্ববিদ্যালয় জয়পুরে অবস্থিত। চিত্র ও শিল্পশিক্ষার বিদ্যালয় প্রসিদ্ধ। প্রত্নতত্ত্ব-বিভাগের মিউজিয়াম ১৯৪২-এ স্থাপিত হয়। জন. ২,৯১,১৩০। ১২টি বড় ব্যাংকের শাখা আছে। জয়পুর কলিকাতা হইতে ৯৩৩ মা ; বোম্বাই ৬৯৫ মা ; দিল্লী ১৬৬ মা ; বিমানপথে ১৪৯ মা।

**জয়পুর** (Jeypore) : ওড়িশার বৃহৎ জমিদারী। জমিদারের উপাধি মহারাজা। আ. ছিল ১১,৫২৬ ব মা ; জনসংখ্যা ৫ লক্ষের উপর। ...দেশ পার্বত্য ; ইন্দ্রাবতী, শবরী নদী প্রবাহিত। ...বর্তমানে ইহা কোরাপট জেলার মহকুমা নওরঙ্গপুরের অন্তর্গত থানা ও শহর। ...থানার আ. ১৭০ ব মা ; জন. ৫৪,০৬৮ ; গ্রাম ১০২। জয়পুর শহরের জন. ২০,৩৯২। ...বিক্রমদেব কলেজ। কটক হইতে দ.-পশ্চিমে ২৪০ মা।

**জয়পুরহাট** (Jaypurhat) : পূ-পাক.। বগুড়া জেলার থানা। আ. ১০২ ব মা। এই থানার উত্তরে পাঁচবিবি থানা। ...গ্রাম, ডাকঘর। কলিকাতা হইতে ২১৩ মা ; দর্শনা ১৪০ মা।

**জয়পুর স্টেট রেলওয়ে** (Jaipur State Railway) : ১৯০৫-এ জয়পুর স্টেট কর্তৃক রেলপথ খোলা হয়। ২৫৩ মা মিটর রেলপথ। ১৯৫১-এ ওয়েস্টার্ন বা পশ্চিম রেলওয়ে জোন অন্তর্গত হয়।

**জয়সলমীর, জেসলমীর** (Jaisalmir) : পূর্বতন রাজপুতানার করদরাজ্য। রাজাকে মহারাওয়াল বলে ; ইঁহারা যদু বংশীয় ক্ষত্রিয় বলিয়া দাবী করেন। ১১৫৬ অব্দে রাওয়াল জ. শহর পত্তন করেন। রাজ্য মরুময় ; পর্বতোপরি দুর্গ-নগর বহু জৈন মন্দির শোভিত। রাজ্যের আ. ১৫,৯৮০ ব মা। জন. ৯৩,২৪৬ ('৪১)। আয় ছিল ৪'৩৪ লক্ষ টাকা। কর দিতে হইত না। মহারাওয়াল ১৫ তোপের সম্মান পাইতেন। ...১৯৪৮ জানু. এই রাজ্য ভারতভুক্ত হয়। রাজা বার্ষিক ১,৮০,০০০ টাকা ভাতা পান।

বর্তমানে রাজস্থানের জোধপুর বিভাগের জেলা। আ. ১৫,৯৫৭ ব মা। জন. ১,০২,৭৪৩। গ্রাম ৪১৪, শহর ১। এই জেলার পশ্চিমে পাকিস্তানের সিন্ধু প্রদেশ। —শহর, জন. ৮০২৬। মরুভূমির মধ্যে অবস্থিত। মারোয়ার হইতে লুনি এবং জোধপুর (৬৪ মা) হইয়া রেলপথ পোকারণ (১৩৫ মা) পর্যন্ত গিয়াছে ; সেখান হইতে উট বা মোটরে জ. যাইতে হয়। লুনি হইতে পশ্চিমে বারমার স্টেশন (১১০ মা) হইতেও পথ আছে। বিকানীর ব্যাংক।

**জয়সিংহপুর** (Jaysingpur) : বোম্বাই ; কোলহাপুর জেলার শহর ; মিরাজ-কোল. রেলপথের স্টে. (৮ মা)। জন. ৮ হা.। স্থানীয় ব্যাংক।

**জয়ীস** (Jais) : উত্তর প্রদেশ ; রায় বরেলী জেলার শহর ; রায়. হইতে ২০ মা পশ্চিমে ; চাউল, গম শস্যাদির বাজার। হিন্দুমন্দির ভাঙিয়া জামে মসজিদ নির্মিত। জন. ৭,৩৪০

**জর্জটাউন** (George Town) : (১) মালয় ফেডারেশনের অন্যতম স্টেট পেনাঙের রাজধানী। জন. ২,১৭,০০০।

(২) দক্ষিণ আমেরিকা—ব্রিটিশ গিয়ানার রাজধানী। জন. ৮৬,০০০।

(৩) আফ্রিকা—দ. অতলান্তিক মহাসাগরস্থিত আসেনসিয়ন (Ascension) দ্বীপের রাজধানী। জন. ১৫৪।

(৪) পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জের অন্তর্গত কেমান দ্বীপপুঞ্জের (Cayman Is.) রাজধানী। জন. ১,৫০০।

**জর্জিয়া** (Georgia ; Sakartvelos Sabchota Sotsialiatisturi Republica) : এশিয়ার সোবিয়েত রিপাবলিক। ককেসাসপর্বত, কৃষ্ণসাগর ও আরমেনিয়ার মধ্যবর্তী দেশ। প্রচুর বৃষ্টিপাত হয়। এখানে যে চা বাগিচা আছে, তাহা সোবিয়েত রুশের চা-এর চাহিদা প্রায় পূর্ণ করে; ১৩,০০০ টন বার্ষিক উৎপন্ন হয়। মাঙ্গানিস্, কয়লা প্রধান খনিজ। পার্বত্য নদী বাঁধিয়া প্রচুর জলবিদ্যুৎ উৎপন্ন হইতেছে। জর্জিয়ানরা খ্রীষ্টান; ৪ শতকে এখানে খ্রী. ধর্ম প্রচারিত হয়। এইখানে ৩ শতকে যে রাজবংশ প্রতিষ্ঠিত হয়, তাহা ১৮ শতক পর্যন্ত বর্তমান ছিল; তবে বাহিরের শত্রুরা বরাবরই উৎপাত করিয়াছে। তুর্করা (১৫৮৯) ও পারসিকরা (১৬১৮) রাজ্যের কিয়দংশ করিয়া গ্রাস করে। ক্রমে রুশিয়ার আবির্ভাব হয় এবং ১৮০০ অব্দে জর্জিয়া দেশ রুশিয়ার অন্তর্গত হয়। ...১৯১৭ জর্জিয়া বলশিভিকি বিপ্লবে যোগদান করিয়া স্বাধীনতা ঘোষণা করে। ১৯২০-এ সোবিয়েত সৈন্য এই দেশে প্রবেশ করে ও ১৯২২-এ ট্রান্স ককাসাস সোশিয়ালিস্ট রাজ্যান্তর্গত হয়। পরে ১৯৩৬-এর নূতন সংবিধান অনুসারে পৃথক সোবিয়েত রাজ্য গঠিত হয়। ...আয়তন ২৯ হা. ব মা। জন. ৩৬ লক্ষ ('৫৫)। রাজধানী টিফলিস (Tiflis)।... কৃষি, শিল্প, শিক্ষা দ্রুত অগ্রসর হইতেছে। ৮০টি গবেষণা প্রতিষ্ঠান। গ্রামে ৮-বর্ষী ও শহরে ১১-বর্ষী শিক্ষা আবশ্যিক।

**জর্জিয়া** (Georgia) : মার্কিন যুক্তরাষ্ট্রের আদি ১৩ রাষ্ট্রের অন্যতম। ১৭৩৩-এ ব্রিটিশ উপনিবেশ; ইংলন্ডের রাজা ২য় জর্জের নামানুসারে জর্জিয়া নাম। দ.-ফ্লোরিডা; প.-আলাবামা; পূ.-অতলান্তিক মহাসাগর। আ. ৫৮,৮৭৬ ব মা; জন. ৩৪,৪৪,৫৭৮ ('৫০)। রাজধানী : আট্‌লান্টা (Atlanta)। গৃহযুদ্ধের সময় জর্জিয়া দক্ষিণী দলের সহিত যোগ দেয় (১৮৬১)। ১৮৭০-এ পুনর্মিলিত হয়। নূতন সংবিধান ১৯৪৫-এ গৃহীত হয়। তুলা, তামাক প্রধান উৎপন্ন দ্রব্য।

**জর্দন** (Jordon : Hasbamite Kingdom of ; Al-Mamlakah al Hashimiyah al Urdiniyah) : পশ্চিম এশিয়ার আরব রাজ্য; ইস্‌রাইলের পূর্বদিকবর্তী দেশ, ১৯৪৬-এ গঠিত। মধ্যস্থলে মরুসাগর (Dead Sea) ও জর্দন নদী। আ. ৩০,০০০ ব মা; জন. ১২,৫০,০০০। রাজধানী—আম্‌মান (Amman)

১ম মহাযুদ্ধের পর আরবরা তুর্কীদের অধীনতা মুক্ত হইলে যেসব আরবদেশের উদ্ভব হয়, পার-জর্দন (Trans-Jordon) তাহাদের একটি। কিন্তু ফিলিস্তান (বর্তমানে ইস্‌রাইল) ও পার-জর্দনের অছিত্ব ব্রিটিশের হাতে অর্পিত হয়। ২য় মহাযুদ্ধের পর ১৯৪৪-এ আরবলীগ প্রতিষ্ঠিত হয়, এবং ১৯৪৬-এ আমীর আবদুল্লা জর্দনের রাজা উপাধি গ্রহণ করেন। ইংরেজ জর্দনের অছিত্ব ত্যাগ করিয়া ইহাকে স্বাধীন রাজ্য বলিয়া মানিয়া লয়। সেই হইতে ব্রিটেন জর্দনকে বাৎসরিক ৩০ লক্ষ পা. সামরিক সাহায্য দিতেছে। আমীর আবদুল্লা হইতেছেন হেজাজের রাজার পুত্র ও ইরাকের রাজা ফয়জলের খুল্লতাত। আবদুল্লা নিহত হইলে (২০ জুন, ১৯৫১) তাঁহার পুত্র তালাল রাজা হন। তালালের মানসিক রোগ দেখা দিলে তাঁহার পুত্র হোসেন রাজা হন (১৯৫৩)। রাজা মন্ত্রিসভা ও পার্লামেন্টের সাহায্যে দেশ শাসন করেন। পার্লা.র প্রতিনিধি সভায় ৪০ নির্বাচিত সদস্য, সেনেটে ২০ মনোনীত সদস্য।

দেশের পূর্বাংশের কিছুটা পার্বত্য। জর্দন নদীর উপত্যকায় শস্য উৎপন্ন হয়। হেজাজ রেলপথের পশ্চিমাংশ উর্বর; বাঁকি অংশ মরুভূমি। হেজাজ রেলপথ দেশের মধ্য দিয়া গিয়াছে। আম্‌মান ও জেরুসালেমের সঙ্গে বিমান পথে বিদেশের যোগ রহিয়াছে। জর্দন ও ইস্‌রাইলের মধ্যে সীমান্ত লইয়া বিরোধ রাজ্যদ্বয়ের সৃষ্টির পর হইতে চলিতেছে।

**জর্দন নদী** (Jordan river) : দেশীয় নাম Esh

Sherial; ইস্রাইলের নদী; ইহুদী ও খ্রীষ্টান-দের নিকট পবিত্র বলিয়া উক্ত। সীরিয়া ও লেবানন-এর হারমন পর্বতে (Hermon) উঠিয়া হুলে (উচ্চতা ২৩০ ফু.) ও গালিলী (নিচু ৬৯৬ ফু.) হ্রদের মধ্য দিয়া আসিয়া মরু সাগরে (Dead Sea—সাগরতল হইতে ১,২৯২ ফু. নিচু) পড়িতেছে। নদীর উত্তরাংশে তীক্ষ্ণ স্রোত, দক্ষিণ অংশে ক্ষীণ প্রবাহ। ইহুদীরা নদীতে বাঁধ দিয়া জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও কৃষির জন্য জলসেচের ব্যবস্থা করিয়াছে। রাজনৈতিক দিক হইতে এই নদীর গুরুত্ব অত্যধিক; বিবদমান ইস্রাইল, জর্দন ও সীরিয়ার সীমান্তে ইহা প্রবাহিত।

**জলগাঁও** (Jalgaon): বোম্বাই; পূর্ব-খানদেশ জেলার সদর শহর। তুলা ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। শস্যাদি ব্যবসায়ের স্থান। কলিকাতা-বো. রেলপথের জং (৯৬২ মা); বোম্বাই হইতে ২৬১ মা। ভুসওয়াল (১৬ মা) হইতে জলগাঁও হইয়া শাখা রেল তাপ্তি নদীর তীর দিয়া সুরাট পর্যন্ত গিয়াছে (১৯৪ মা)। জন. ৬৮,৪১২। ব্যাংক: বড়োদা, মহারাষ্ট্র, স্টেট, প. ন্যাশনাল, লক্ষ্মী, নিউ সিটিজেন; ২ সমবায়। ...এখান হইতে অজন্টা গুহা মোটর পথে ৩৮ মা।

**জলঙ্গী নদী** (Jalangi river): রাজসাহী শহরের ১৪ মা নিচে পদ্মা হইতে ভাঙিয়া জলঙ্গী মুর্শিদাবাদ ও নদীয়া জেলাদ্বয়ের মধ্য দিয়া প্রবাহিত; পরে নবদ্বীপের নিকট ভাগীরথীতে পড়িয়াছে। জলঙ্গীর সঙ্গমস্থল হইতে ভাগীরথীকে হুগলী নদী বলা হয়। ...কৃষ্ণনগর জলঙ্গী তীরে।

**জলঙ্গী** (Jalangi): মুর্শিদাবাদ জেলা, বহরমপুর মহ.র থানা। আ ৮৬ ব মা; জন. ৫৫, ০৪০; ঘনতা ৬৪১। থানায় ৩৭ গ্রাম, কোনো শহর নাই। থানায় ১টি মাত্র উচ্চ বিদ্যালয়। জলঙ্গী গ্রাম জ. নদীতীরে; অপর পারে পূ. পাকিস্তানের কুষ্টিয়া জেলা। বহরমপুর হইতে পূর্ব দিকে জলঙ্গী পর্যন্ত পথ গিয়াছে।

**জলঢাকা** (Jaldhaka): পূ. পাক.; রঙপুর জেলার নীলফামারি মহ.র থানা; আ. ১২১ ব মা; গ্রাম, বাজার, ডাকঘর। জলঢাকা নদী এখান হইতে বহু দূরে।

**জলঢাকা নদী** (Jaldhaka): উত্তর বঙ্গের নদী; সিকিমের মধ্যে হিমালয়ে উঠিয়া জলপাইগুড়ি ও কোচ-বিহার জেলা ও পাকিস্তানের রঙপুর জেলার মধ্য দিয়া আসিয়া কুড়িগ্রামের নিকট ব্রহ্মপুত্রে পড়িয়াছে (দৈর্ঘ্য ১৪৫ মা)। বন্যার উৎপাত মাঝে মাঝে হয়।

**জলপাইগুড়ি** (Jalpaiguri): অখণ্ড বঙ্গের রাজসাহী বিভাগের জেলা ছিল; ১৯৪৭ হইতে প. বঙ্গের প্রেসি-ডেন্সি বিভাগের জেলা। পূর্বে আ. ছিল ৩০৫০ ব মা। দেশ বিভাগের ফলে জেলার ৫টি থানার ৬৭২ ব মা ভূমি ও জনসংখ্যার ১২.৪৩ শতাংশ পাকিস্তানের দিনাজপুর জেলাভুক্ত হইয়াছে। ৫টি থানা—তেঁতুলিয়া, পচাগড়, বোদা, দেবীগঞ্জ ও পাটগ্রাম—পূর্ব পাকিস্তান অন্তর্গত। ...জেলার উ.—ভুটান রাজ্য; পূ.—আসামের গোয়ালপাড়া জেলা; প.—দার্জিলিং; দ.—কোচবিহার ও পাকিস্তানের রঙপুর জেলা। ভুটান যুদ্ধের (১৮৬৪—৬৫) ফলে দুয়ার্স অঞ্চল ইংরেজের অধীন হয় ও ১৮৬৯-এ জলপা. জেলা গঠিত হয়। ...বর্তমান জেলার আ. ২,৩৭৮ ব মা; জন. ৯,১৪,৫৩৮; ঘনতা ৩৮৫। হিন্দু ৮৪%, মুসলমান ৯·৭%, খ্রীষ্টান ২·৭%। জেলায় ২ মহকুমা: জলপাইগুড়ি ও আলিপুর দুয়ার্স। জলপা. মহ.র আ. ১,১৯৬ ব মা; জন. ৫,৪৬,১৪২। থানার জন. ১,১৫,৪৫৯। জেলায় বহু নদী; তিস্তা, জলঢাকা, তোরসা প্রভৃতি জল নিকাশের প্রধান পথ। ভূমির অধিকাংশ পলিমাটি; বহু প্রকার শস্য উৎপন্ন হয়; বিশেষভাবে চা-এর চাষ হইতে বহু লক্ষ টাকা আয় হয়। জেলায় ১৬০টির বেশি চা-বাগিচা আছে। ...বাগরাকোটের নিকট কয়লা, অন্যান্য স্থানে লোহা-পাথর (ores), মাটিয়ালির নিকট বক্সায় তাম্র আকর ও ভুটান সীমান্তে চুনাপাথর আছে। ...দোমোহানিতে রেলের কর্মশালা।

জল্পেশ্বর শিবমন্দির শহর হইতে ১মা দূরে। শিব-রাত্রির সময় মেলা হয়। শিবলিঙ্গটি একটি উল্কাপিণ্ড; পূর্বে স্থানীয় আদিমদের পূজ্য ছিল।

**জলপাইগুড়ি** (Jalpaiguri): জেলার ও মহকুমার সদর শহর; তিস্তা নদীর দক্ষিণ তটে নর্থ-ঈস্টার্ন রেলপথের স্টেশন; কলিকাতা হইতে মনিহারী-শিলিগুড়ি ঘুরিয়া পথের দৈর্ঘ্য ৩৯১ মা; পূর্বে পার্বতী-

পুর হইয়া পথ ছিল ২৯৬ মা। বিমানপথে বাগডোগরায় নামিয়া যাওয়া যায়। নিকটে জল্পেশ্বর শিবমন্দির আছে; এই শিব একটি উল্কাপিণ্ড প্রস্তর। ...স্কুল (বালক ও বালিকা); আনন্দচন্দ্র কলেজ; মহিলা কলেজ; বিজলী বাতি; টেলিফোন আছে। ব্যাংক: স্টেট, সেন্ট্রাল, ইউনাইটেড, ইউনা. কমার্শিয়াল ও ৫টি স্থানীয় ব্যাংক। জন. ৪১,২৫৯। শহরের ধন-সম্পদ চা-বাগিচা হইতে।

**জলপ্রপাত** (Waterfalls):

| নাম | দেশ | উচ্চতা (ফুট) |
|---|---|---|
| অঙগেল (Angal)··· | ভেনেজুয়েলা··· | ৩,২১২ |
| রিবন (Ribbon) | য়োসেমাইট (USA) | ১.৬১২ |
| উপর য়োসেমাইট (Upper Yosemite) | | ১,৪৩০ (ইহার মোট উচ্চতা ২,৫৬৫ ফুট) |
| উইৎশি (Uitshi) | ব্রি. গিয়েনা | ১,২০০ |
| তাকাকাওয়া (Takakaw) | কানাডা | ১,২০০ |
| বোলোমোমবি (Wollomombie) | নিউসাউথ ওয়েলস | ১,১০৯ (মোট ধারা ১,৭০০ ফুট) |
| বেতিসফস (Vetisfoss) | নরওয়ে | ৮৫২ |
| সপ্তম এডোয়ার্ড (King Edward VII) | ব্রি. গিয়েনা | ৮৪০ |
| গেরসোপ্পা (Gersoppa) | মহীশূর | ৮২৯ |
| সাদারলন্ড (Sutherlond) | নিউজীলন্ড | ৮১৫ |
| কোইতুওক (Koituok) | ব্রি. গিয়েনা | ৭৪১ |
| কালাম্বো (Kalambo) | টাঙগানিকা | ৭০৫ |
| মালেৎসুন্যনে (Maletsunyane) | বসুতোলন্ড | ৬৩২ |
| নেভাডা (Nevada) | য়োসেমাইট (USA) | ৫৯৪ |

**জলাপ** (Jalapa ; Xalapa): মেক্সিকো; ভেরাক্রুজ প্রদেশের প্রধান শহর। এইখান হইতে জলাপ নামে বনজ ঔষধ রপ্তানি হইত। জন. ৪০ হা.।

**জলারপেট, জোলার পেটৈ** (Jalarpet): মদ্রাজ রাজ্য; সালেম জেলার রেলজংশন; মদ্রাজ হইতে ১৩৩ মা। জলারপেট হইতে একটি শাখা রেলপথ বঙ্গলুর, অপরটি মঙ্গলুর পর্যন্ত (৪২৬ মা) গিয়াছে। ৫ মা দূরে তিরুপ্‌পত্তূর শহর ও স্টেশন।

**জলালপুর** (Jalalpur): পাক পঞ্জাব; রাওয়ালপিণ্ডি হইতে দক্ষিণ-পূর্বে ৬৮ মা দূরে ধ্বংসাবশিষ্ট শহর। আলেকজেন্দরের বিখ্যাত ঘোড়া বুকেফালা (Buchephala) এইখানে মারা যায় বলিয়া ঐতিহাসিক কিংবদন্তী। আলেক. তথায় উহার স্মরণার্থে নিকাইয়া নামে এক শহরের পত্তন করেন। কানিংহামের মতে এই জলালপুরই প্রাচীন নিকাইয়া (Nikaia)।

**জলালাবাদ** (Jalalabad): আফগনিস্তানের প্রদেশ ও শহর; কাবুল হইতে ৭৫ মা পূর্বে, কাবুল নদীতীরে ১,৯৫০ ফুট উচ্চস্থানে, খাইবার গিরিপথে প্রবেশের পূর্বেই অবস্থিত। এই শহর ১৫৭০-এ অকবর শাহ কর্তৃক স্থাপিত হয়। পূর্বে ইহা ভারতের অংশ ছিল; আফগন যুদ্ধের সময় আফগনদের হাতে যায়। ...ফলের ব্যবসায়ের কেন্দ্র। জন. ২২ হা.। এই শহরের নিকট বিমারান (Bimaran) নামক গ্রামে ভগ্ন বৌদ্ধ স্তূপ মধ্যে স্বর্ণনির্মিত ও মণি-খচিত কৌটায় কোনো বৌদ্ধ ভিক্ষুর পবিত্র চিহ্নাদি রক্ষিত ছিল। কৌটার ভাস্কর্য মধ্যে ইন্দ্র ব্রহ্মা প্রভৃতির মূর্তি খোদিত দেখা যায়।

**জালালাবাদ** (১) পাক পঞ্জাব; ফিরোজপুর জে.র শহর। জন. ৭,১৩৪। (২) উত্তর প্রদেশ; মুজফ্‌ফরনগর জে.র শহর। জন. ৫,৯৪৭। (৩) উত্তর প্রদেশ; শাহজাহানপুর জের. শহর। জন. ৭,২১১।

**জশপুর** (Jashpur): পূর্বতন ঈ. স্টে. এজেন্সির ছত্রিশগড় সাব্‌ এজেন্সির অন্তর্গত করদরাজ্য; রাঁচি জেলার সংলগ্ন। আ. ১,৯৫৫ ব মা; জন. ২,২৩,৩১২ ('৪১)। স্থানীয় পার্বত্য নদীতে স্বর্ণচুর পাওয়া যাইত। রাজধানী জশপুর নগর। ...১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৬৬,৩০০ টাকা ভাতা দেওয়া হয়। ..বর্তমানে মধ্যপ্রদেশের রায়গড় জেলার তালুক। শাল বন; লাক্ষা; চাউল; তৈলবীজ। ...জশপুর শহর, রায়গড় হইতে উত্তরে ৮৫ মা।

**জসবন্তনগর** (Jaswantnagar): উত্তর প্রদেশ; ইটাবা জেলার শহর; ইটাবার ১০ মা পশ্চিমে। কলিকাতা হইতে ৭২০ মা। জন. ৮ হা.। সেন্ট্রাল ব্যাংক। পিতলের অলঙ্কৃত সামগ্রী তৈয়ারির জন্য খ্যাত।

**জসিডি** (Jasidih) : বিহার ; সাঁওতালপরগনা জেলার দেওঘর মহ.র থানা। আ. ১৫৯ ব মা ; জন. ৬২,৪২৬ ; ঘনতা ৩৯৩। শহর ও জং স্টেশন। এখান হইতে বৈদ্যনাথধাম (দেওঘর) শাখা লাইন গিয়াছে (৪ মা)। কলিকাতা হইতে ১৯৩ মা।

**জহন্নম** (Gehenna ; হীব্রু জহিন্নম) : জেরুসালেমের নিকট সঙ্কীর্ণ খদ ; মোলোক দেবতার পূজার জন্য শিশুদের এই পথ দিয়া লইয়া যাওয়া হইত। পরে মরা পোড়াইবার স্থানে পরিণত হয়। কালে নরক অর্থে জহন্না বা জহন্নাম ব্যবহৃত হয়।

**জহাঙ্গীরাবাদ** (Jahangirabad) : উত্তর প্রদেশ ; বুলন্দশহর জেলার শহর। জন. ১৪.৬৭৯। গম, তৈলবীজ, যব, জোয়ার প্রভৃতি শস্যের বাজার। স্টেট ব্যাংক। জ. নামে স্থান ও ডাকঘর উত্তর প্রদেশে সীতাপুর, বারাবাঁকি, কানপুর জেলায় ও ভোপাল রাজ্যে আছে।

**জহানাবাদ** (Jahanabad) : বিহার ; গয়া জেলার মহকুমা। আ. ৬০৭ ব মা ; জন. ৫,৮২,৫৬৭ ; ঘনতা ৯৬০।...৫ থানা: জহানাবাদ, কুরথা, ঘোসী, মখদুমপুর ও অরবল। জ. থানার আ. ৪০৭ ব মা ; জন. ৩৯৭,৫৯০ ; ঘনতা ৭৮২। বরাবর পাহাড় এই মহকুমায় অবস্থিত। ...সদর শহর (জন. ১২,৪৪৫), পাটনা-গয়া রেলপথের স্টেশন ২৮ মা ; গয়া ২৮ মা দক্ষিণে। পাটনা ও গয়ার সহিত বাস সার্বিস আছে। প. ন্যাশনাল ব্যাংক।

**জাইডারজী** (Zuider-zee) : নেদারলন্ড-এর উত্তর-পশ্চিমে অগভীর সমুদ্রের অংশ ছিল ; আয়তন ক্রমশই কমিয়া আসিতেছে। ১৯৩২-এ উপসাগরের মুখে প্রায় ২০ মা দীর্ঘ এক বাঁধের নির্মাণ কার্য শেষ হয়। বাঁধের উপর দিয়া রেল ও মোটর পথাদি ছিল। জলনিকাশের পথ ও জাহাজ আসিবার লক বা দ্বার ছিল। ২য় মহাযুদ্ধের সময় জারমানরা বাঁধ ভাঙিয়া দেশ ডুবাইয়া দেয়। পুনরায় বাঁধ বাঁধিয়া জমি উদ্ধার করা হইয়াছে।

**জাকার্তা** (Jakarta, Djakarta) : ইন্দোনেশিয়া রিপাবলিকের রাজধানী ; জাভা প্রদেশে অবস্থিত ; পূর্বনাম বাটাবিয়া (দ্র.)। ৬ মা দূরে বন্দর তানোন প্রিও (Tanjon Priok)। নগরের মধ্য দিয়া কয়েকটি খাল আছে। বহু কারখানা ও শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র। জন. ৫,৩৩,০১৫। জাকার্তার নিকট বোগর (Bogor) ও বানডুঙ (Bandung) শহর দুইটি আধুনিক অন্তর্জাতিক ইতিহাসে প্রসিদ্ধ।

**জাকবাবাদ** (Jacobabad) : প. পাকিস্তান ; সিন্ধু প্রদেশের উপর সিন্ধু সীমান্ত (Upper Sind Frontier) জেলার শহর। ভারত ও পাকিস্তানের চরম উষ্ণস্থান, এখানে ১২৭ ডিগ্রী তাপ উঠিয়া থাকে। ১৮৪৭ অব্দে জেনারেল জন জাকব কর্তৃক স্থাপিত ; বলুচিস্থানের কোয়েটা দখলের পূর্ব পর্যন্ত ইহাই ছিল ব্রি. ভারতের সীমান্ত। ...জন. ২১,৫৮৮। করাচি হইতে ২৫৫ মা উ.-পূর্বে রেল জংশন। রোহরি হইতে ৫২ মা।...হবীব ব্যাংক।

**জাখল** (Jakhal) পূ. পঞ্জাব ; হিসার জেলার শহর ও জংশন ; দিল্লী-ফিরোজপুর রেলপথের (১২৪ মা) ও লুধিয়ানা-হিসার রেলপথের (৮০ মা) জংশন।

**জাগরেব** (Zagreb) : অপর নাম আগরাম (Agram)। যুগোস্লাভ ফেডারেশনের অন্যতম স্টেট হারজো-গোভিনা-র রাজধানী। জন. ৩,৫০,৪৫২ ('৫৩)। শহরের পুরাতন অংশে ১৫ শতকের একটি চার্চ আছে। বিশ্ববিদ্যালয় ও বহু স্কুল কলেজ স্থাপিত হইয়াছে।

**জাগরোস** (Zagros) : ইরাণের দ.-পশ্চিমে সুলেমান পর্বতশ্রেণীর নাম। ইহা পামীর গ্রন্থি হইতে বাহির হইয়া আরমেনীয় গ্রন্থিতে মিলিত হইয়াছে।

**জাগাদিয়া** (Jagadia, Jhagadia) : বোম্বাই ; বরোচ জেলার তালুক ও শহর ; বরোচ হইতে ১১ মা পূর্বে। বো.-বড়োদা লাইনের অঙ্কলেশ্বর (১৯৪ মা) জং হইতে রাজপিপলার দিকে যে সরু রেলপথ গিয়াছে তাহার উপর জাগাদিয়া স্টেশন (১৪ মা) ; এখান হইতে একটি সরু শাখা রেলপথ নেতরঙ্গ (১৭ মা) পর্যন্ত গিয়াছে। জন. ৫০৬৭। বরোচ সমবায় ব্যাংক। তুলা, তামাক, বাজরা প্রভৃতির বাজার।

**জাঁজগির** (Janjgir) : মধ্যপ্রদেশ ; বিলাসপুর জেলার মহকুমা ও শহর ; বি. হইতে ২৮ মা পূ.-দক্ষিণে ; কলিকাতা-নাগপুর রেলপথের নৈলা (Naila; ৪২১ মা) স্টেশনের নিকট। জন. ৪,৭৫৯। বি. সমবায় ব্যাংক।

**জাজপুর** ( Jajpur ) : ওড়িশা ; কটক জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র আ. ১,১১৫ ব মা ; জন. ৬,২২,৫২০। ৬টি থানা। জাজপুর থানার আ. ১৮১ ব মা ; জন. ১,৫৫,২১৪। গ্রাম ৪০৯। শহরের জন. ১১,০২৬ ; শহর বৈতরণী নদীতীরে। দ.-পূর্ব রেলপথের জাজপুর-কেঁউনঝর রোড্ স্টেশন হইতে ( কলিকাতা ২১০ মা ; কটক ৪৪ মা ) জাজপুর মোটর-পথে ১২ মা।...জাজপুর অতি প্রাচীন স্থান ; ৭ শতকে হুয়েনৎসাঙের সময়ে ইহা রাজধানী ছিল।...বৈষ্ণব সাহিত্যে জাজপুরের বহু উল্লেখ পাওয়া যায়। এই স্থানে ৪টি বিশাল মূর্তি আবিষ্কৃত হইয়াছে ; তন্মধ্যে একটি ১৬' উচ্চ বোধিসত্ত্ব পাদ্মপানির মূর্তি ; অন্য তিনটি বারাহী, চামুণ্ডা ও ইন্দ্রানীর মূর্তি।.. এককালে এই অঞ্চলে মহাযান বৌদ্ধ-ধর্ম বিশেষ ভাবে প্রচলিত ছিল।

**জাঁজিরা** ( Janjira ) : ফরিদপুর জেলার মাদারীপুর মহ.র থানা ; পদ্মার দক্ষিণ তটে। আ. ৬৭ ব মা ; গ্রাম, ডাকঘর।

**জাটলন্ড** ( Jutland ) : ডেনমার্কের উত্তরাংশের উপদ্বীপ। জাট নামে জারমান জাতির বাস ছিল।

**জাত** ( Jath ), **জত** : পূর্বতন ডেকান স্টেট্স এজেন্সি ও কোলহাপুর রেসিডেন্সির অন্তর্গত করদরাজ্য। আ. ৯৭২ ব মা ; জন. ১,০৭,০৩৬ ( '৪১ )। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৪৯,৯৪২ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে বোম্বাই রাজ্যের দ. সাতারা বা সাংগলি জেলার তালুক। আ. ৮৬৭ ব মা ; জন. ১,৮০,২৭০ ('৫১)। ...শহর জাত (জন. ৭,৫৫৬), পূর্বতন রাজ্যের রাজধানী ; মিরাজ-কুরডুবাড়ী ছোট রেলপথের জাত রোড্ স্টেশন ( ৮৭ মা ) হইতে ২০ মা পূর্বদিকে ; সাংগলি হইতে ৪৫ মা উ.-পূর্বে। সাংগলি সমবায় ব্যাংক।

**জানজিবার** ( Zanzibar ) : ভারত মহাসাগরে আফ্রিকার পূর্ব উপকূল ( টাংগানিকা ) হইতে ২২ মা পূর্বে দ্বীপ। জানজিবারের উত্তরে অবস্থিত পেম্বা ( Pemba Is. ) দ্বীপও জানজি. সরকারের অধীন। জান.র আ. ৬৪০ ব মা ; জন. ১·৫০ লক্ষ ( '৪৮ )। পেম্বাদ্বীপের আ ৩৮০ ব মা ; জন. ১·১৫ লক্ষ। ১৮৯০ নভেম্বর হইতে ব্রিটিশ আশ্রিত দেশ। আরব সুলতান নামে-মাত্র দেশশাসক। সুলতানের সকল আদেশ ব্রিটিশ অনুমোদন সাপেক্ষ। বহু সহস্র ভারতীয় বণিক এখানে বাস করে। ইহাদের বাণিজ্য-সুবিধা লোপ করিবার জন্য কতকগুলি আইন প্রণীত হইয়াছিল। সেইজন্য ১৯৩৭-৩৮-এ ভারতে লবঙ্গ বর্জন আন্দোলন হয়। ১৯৪৫-এ ভারতীয়দের সংখ্যা ছিল ১৮,১৬৬। আরব ও আফ্রিকানদের জন্য অবৈতনিক সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ভারতীয়দের জন্য সরকারী সাহায্যযুক্ত বিদ্যালয় আছে। ...প্রধান উৎপন্ন দ্রব্য লবঙ্গ। ১৯৫৩-এ ৯ কোটি টাকার উপর লবঙ্গ রপ্তানি হয়। জানজিবার শহর ( জন. ৬০ হাজার ) রাজধানী ও বন্দর।

**জাপান** ( Japan ), **নিপ্পন** ( Nippon ) : পূর্ব এশিয়ার প্রশান্ত মহাসাগরের কতকগুলি দ্বীপের সাধারণ নাম। সাইবেরিয়ার কামচাটকা উপদ্বীপের দ. হইতে ফরমোসা বা তাই-ওয়ান দ্বীপ পর্যন্ত অর্ধচন্দ্রাকারে বিস্তারিত দ্বীপগুচ্ছ সমন্বিত রাজ্য। ২য় মহাযুদ্ধের পূর্বে জাপান সাম্রাজ্য বহু দূর বিস্তৃত ছিল ; কিউরাইল দ্বীপপুঞ্জ, শাখালিন দ্বীপের অর্ধাংশ, চীনদেশের অন্তর্গত কোয়ানটুঙ প্রদেশের পোর্ট আর্থার প্রভৃতি স্থান, কোরিয়া, ফরমোসা ও প্রশান্ত মহাসাগরের ক্ষুদ্র ক্ষুদ্র বহু দ্বীপ জা. সাম্রাজ্যভুক্ত ছিল।

এই সাম্রাজ্যের আ. ছিল ২,৬০,৬১৪ ব মা ; জন. ১০,৫২,২৬,০০০ ( '৪০ )। ...২য় মহাযুদ্ধের প্রথমদিকে বিজয়ী জাপানের প্রভুত্ব চীনের কিয়দংশ, ফিলিপাইন্স, ইন্দোনেশিয়া, মালয়, বর্মা, সিয়াম ও বহু দ্বীপের উপর বিস্তার লাভ করে। ...যুদ্ধে পরাজয়ের পর জাপান সাম্রাজ্য নাই, জাপান রাজ্য আছে ; উহার আ. ১,৪৬,৬৯০ ব মা ; জন. ৯·৩২ কোটি ( '৫০ )। বর্তমান জাপান বলিতে বুঝায় প্রধান ৪ দ্বীপ ( হোকাইদো, হোনসু, শিকোকু ও কিউসু ) ও ক্ষুদ্র ক্ষুদ্র উপকূলবর্তী দ্বীপগুলি। রাজধানী টোকিও ; অন্যান্য নগর—ওসাকা, কিয়োটো, নাগোয়া, ইয়োকোহামা, কোবে, ফুকুওকা, সাগোরো।

জাপানের দ্বীপগুলি পর্বতসঙ্কুল ও অনেকগুলি মৃত আগ্নেয়গিরিতে পূর্ণ; ফুজিয়ামা বিখ্যাত পর্বত (১২ হা. ফুট)। এদেশে ভূমিকম্প ঘন ঘন হয়; সেজন্য বাড়ি-ঘর বাঁশ, কাঠ প্রভৃতি দিয়া নির্মিত হইত। বর্তমানে কন্‌ক্রীট দিয়া বাড়ি তৈয়ারি হইতেছে। জাপানে বৃষ্টি প্রচুর, পর্বতে প্রচুর অরণ্য; কৃষি উপযোগী স্থান কম হইলেও (১৫%) ইহারই উপর অর্ধেক লোকের নির্ভর; সেইজন্য স্বল্প ভূমিতে প্রচুরতম শস্য পাইবার জন্য বৈজ্ঞানিক উপায় অবলম্বন করিতে হয়। ধান, যব, রাই, সোয়াবিন প্রভৃতি খাদ্য-শস্য ছাড়াও চা ও রেশমের চাষ প্রচুর। ...ক্রম-বর্ধমান জনতার জন্য খাদ্যশস্য পর্যাপ্ত নহে বলিয়া বাহিরের দেশ হইতে খাদ্য আমদানি করিতে হয়। ...জাপান তেমন খনিজ সম্পদশীল দেশ নহে; লৌহ নাই; কয়লাও পর্যাপ্ত নহে। তবে পার্বত্য নদী হইতে প্রচুর জলবিদ্যুৎ উৎপাদন হয়; এবং সেই শক্তি দিয়া শিল্প ও কল-কারখানা চালিত হয়। জাপানের আধুনিক যান্ত্রিক শিল্পের ইতিহাস মাত্র একশত বৎসরের। ২য় মহাযুদ্ধের পূর্বে সে পাশ্চাত্য সকল জাতিরই প্রতিদ্বন্দ্বী হইয়া উঠিয়াছিল। জাপানে লৌহ নাই; বিদেশ হইতে কাঁচা লোহা, ভাঙ্গা লোহা-লক্কড় আমদানি করিয়া সে তাহার লৌহ শিল্পজাত সুবৃহৎ কলকব্জা হইতে অতি ক্ষুদ্র মনোহারী সামগ্রী প্রস্তুত করিয়া জগতের বাণিজ্য-বাজারে প্রতিদ্বন্দ্বী হইয়াছে। জাপানের রপ্তানি মালের তালিকায় অসংখ্য প্রকারের সামগ্রীর নাম দেখা যায়। ২য় মহাযুদ্ধের সময়ে ও পরে জাপানের বহির্বাণিজ্য সম্পূর্ণরূপে ধ্বংস হইয়াছিল। কয়েক বৎসরের চেষ্টায় সে পুনরায় আপনার স্থান করিয়া লইতেছে এবং বহুক্ষেত্রে প্রতিযোগিতা সুরু করিয়াছে। জাপানের অধিবাসীরা সাধারণভাবে মংগোলীয় বলা হইলেও ইহারা মিশ্রজাতি; ইহাদের ধর্মকে শিন্‌টো বলে; উহা পিতৃপুরুষের পূজা। চীন হইতে কুংফুৎসুর ধর্ম, বৌদ্ধধর্ম, চীনা লিপি প্রভৃতি জাপান পায়। বৌদ্ধধর্ম সেখানে নানা সম্প্রদায়ের মধ্য দিয়া নূতন নূতন ভাবে দেখা দিয়াছে। ভারতের প্রাচীনতম বৌদ্ধ গ্রন্থের পুঁথি জাপানের বৌদ্ধ বিহারে এখনো আছে। ... আধুনিক শিক্ষায় জাপান খুবই অগ্রসর; ৪৫টি বিশ্ব-বিদ্যালয়; বহু বৈজ্ঞানিক গবেষণাগার। শিক্ষার সকল স্তরে সমস্ত জ্ঞান বিজ্ঞান জাপানী ভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হয়।

**জাপান, ইতিহাস:** জাপানের প্রাচীনতম ইতিহাস স্থানীয় পৌরাণিক কাহিনীর সহিত অবিচ্ছিন্ন। কিংবদন্তীমতে খ্রী. পূ. ৬০০ অব্দে জিম্মুতেননো দৈবশক্তি লইয়া সম্রাট হন, সেই হইতে জাপানের সম্রাটগণ ২০০০ বৎসর দেবতা জ্ঞানে জনতার দ্বারা পূজিত ও সেবিত হইয়াছিল। ...খ্রী. ৫ শতক হইতে যথার্থ ইতিহাসের সূত্রপাত; জাপানীরা প্রথমে কোরিয়ার নিকট হইতে বৌদ্ধধর্ম ও পরে চীন হইতে লিপি, সাহিত্য, নীতি প্রভৃতি পায়। তখন জাপান বলিতে কোনো একক রাজ্য ছিল না, বহু সামন্ত রাজ্যে দেশ বিভক্ত। নামে-মাত্র সম্রাট শক্তিহীন ছিলেন। ১২ শতক হইতে মন্ত্রীপ্রধান যোরিতোমো সর্বেসর্বা হইয়া শোগান নামে পরিচিত হন। ১১৯২ হইতে ১৮৬৭ পর্যন্ত এই শোগানরাই ছিলেন যথার্থ শাসক—সম্রাট ছিলেন পুত্তলিকা। ১২৭৪ ও ১২৮১ জাপান কুবলাইখান কর্তৃক আক্রান্ত হয়; কিন্তু তিনি এদেশ জয় করিতে পারেন নাই। মার্কোপোলো ইউরোপে ফিরিয়া 'জিপানগু' দেশের কথা বলেন; কলম্বাস এই দেশ আবিষ্কারের স্বপ্ন দেখেন। ইউরোপীয়দের মধ্যে ১৫৪২-এ পোর্তুগীজরা সর্ব প্রথম জাপানে আসে; সাধু জেভিয়ার ১৫৪৯ অব্দে এখানে আসেন। ১৭ শতকের মধ্যে স্পেনীশ, ইংরেজ ও ওলন্দাজরা উপকূলে ব্যবসায়কেন্দ্র স্থাপন করে। খ্রীষ্টধর্ম প্রচার করার অপ-রাধে ও স্থানিক কোনো বিদ্রোহে পোর্তুগীজরা সহায়তা করিয়াছিল বলিয়া জাপান সরকার ওলন্দাজ ছাড়া অন্য সকল ইউরোপীয়দের দেশ হইতে বহিষ্কৃত করিয়া দেয় (১৬৩৬—৩৮)। ওলন্দাজদের কর্মকেন্দ্র নাগাসাকিতে সীমিত রাখা হয়। ...দুইশত বৎসর পরে মার্কিন যুক্ত-রাষ্ট্রের প্রেসিডেণ্ট ফিলমোর (Fillmore)-এর পত্র লইয়া টোকিও উপসাগরে রাজদূত আসে; কিন্তু তাহাদের নামিতে দেওয়া হয় নাই। ১৮৫৪-এ কমডোর পেরী গানবোট লইয়া টোকিও-তে উপস্থিত

হন ও জাপানী শোগানকে বাণিজ্যচুক্তি সম্পাদন করিতে বাধ্য করেন এবং উপকূলে আশ্রয় গ্রহণাদি বিষয়ে কতকগুলি সুবিধা আদায় করেন। ইহার পর ইংরেজ, ফরাসী, রুশীয়দের সহিত একে একে বাণিজ্য-চুক্তি সম্পন্ন হয়। বিদেশীদের আক্রমণ ও অপমান জাপানকে আধুনিক সুসভ্য জাতি হইবার জন্য উদ্‌বুদ্ধ করিল। কয়েক বৎসরের মধ্যে বিদেশে গিয়া জাপানী যুবকরা বহু বিষয়ে বিদ্যা আহরণ করিয়া আসিল। ১৮৬৭ অব্দে শোগান শাসন-প্রথা সম্রাট মেইজি কর্তৃক লুপ্ত হইল; ১৮৮৯-এ প্রুশিয়ান আদর্শে শাসন-প্রথা প্রবর্তিত হইল। ১৮৯৯-এ পাশ্চাত্য জাতিদের বিশেষ ক্ষমতা লুপ্ত করা হয়। ইতিমধ্যে (১৮৯৪—৯৫) চীনের সহিত যুদ্ধ করিয়া ফরমোসা, পেসকাদোরস ও চীন দেশের লিয়াওটুঙ উপদ্বীপ অধিকার করিয়াছিল। ১৯০৪—০৫ রুশ-জাপান যুদ্ধে রুশ পরাভূত হইলে শাখালিন দ্বীপের অর্ধেক, পোর্ট আর্থার বন্দর ও মান্‌চুরিয়ার রুশ-নির্মিত রেলপথ প্রভৃতির উপর জাপানের অধিকার সাব্যস্ত হইল। চীন-জাপানের যুদ্ধের সময় জাপানের প্রেরণায় কোরিয়া স্বাধীন রাজ্য হইয়াছিল; কিন্তু ১৯১০-এ সেই কোরিয়া রাজ্য জাপান অধিকার করে। ১ম মহাযুদ্ধের (১৯১৪—১৮) সময় জারমান অধিকৃত শানটুঙ জাপান দখল করে; পরে চীনকে প্রত্যার্পণ করিতে বাধ্য হয়। ভার্সাই সন্ধি অনুসারে প্রশান্ত মহাসাগরের অনেকগুলি জারমান-দখলী দ্বীপ জাপান লাভ করিল (১৯২১)। ১৯৩১-এ মানচুকও আক্রমণ করিয়া তাঁবেদার রাজ্য গড়িল।...১৯৩৭-এ সামান্য অজুহাতে জাপান চীনে সৈন্য প্রেরণ করে ও সেই হইতে ২য় মহাযুদ্ধের অবসান পর্যন্ত (১৯৪৫), জাপান চীনের উপর অকথ্য অত্যাচার করে।...২য় মহাযুদ্ধ আরম্ভ হইলে ১৯৪০-এ জাপান (অ্যাক্সিস শক্তি) জারমানি ও ইতালির সহিত সখ্যতা সূত্রে আবদ্ধ হয়। যুদ্ধ ঘোষণা না করিয়া (১৯৪১, ডিসেম্বর ৭ই) জাপানী বোমারু বিমান অকস্মাৎ মার্কিনদের হাওয়াই দ্বীপের পার্ল হারবার আক্রমণ করে। পরদিন আমেরিকা যুদ্ধ ঘোষণা করিল। ইহার পর মার্কিন যুক্তরাষ্ট্র ও ইংরেজ যুদ্ধে অবতীর্ণ হইল। এদিকে জাপান দেখিতে দেখিতে সিঙ্গাপুর, ফিলিপাইনস, ইন্দোচীন, থাইদেশ, বর্মা, ইন্দোনেশিয়া অধিকার করিয়া ভারতের সীমান্তে উপস্থিত হইল; আন্দামান দ্বীপ অধিকৃত হইল। অপরদিকে মিত্রশক্তিও ধীরে ধীরে জাপানকে বেষ্টন করিতে লাগিল; অবশেষে মার্কিনী বিমান হইতে হিরোশিমা ও নাগাসাকির উপর আনবিক বোমা নিক্ষেপ (১৯৪৫, আগস্ট) করিয়া জাপানকে সন্ধি করিতে বাধ্য করিল (১৯৪৫, সেপ. ২)। মার্কিনী সেনাধ্যক্ষ ম্যাকআর্থার সর্বময় কর্তা নিযুক্ত হইলেন; তিনি ১৯৩৫ হইতে ১৯৫১ পর্যন্ত জাপানকে শাসন করেন; তাঁহার শাসনকালে জাপানের নূতন সংবিধান গৃহীত হয়; সম্রাটের দৈবাধিকার লুপ্ত হয়। সমস্ত ক্ষমতা পার্লামেন্টের উপর ন্যস্ত হইল। শান্তিচুক্তির ফলে ১৯৫২, এপ্রিল ২৮ হইতে পুনরায় সার্বভৌম ক্ষমতা লাভ করিয়াছে। যুদ্ধ শেষে জাপানের সাম্রাজ্য বলিতে আর কিছুই নাই। জাপানের সহিত যুদ্ধের পর একে একে সকল দেশের সহিত তাহার সন্ধি ও মৈত্রী স্থাপন হইয়াছে। ১৯৫৬ অক্টোবরে সোবিয়েত রুশের সহিত সন্ধি হইয়াছে।

জাপানী পার্লামেণ্ট বা ডিয়েটের (Diet) দুইটি কোঠা। নিম্ন কোঠায় ৪৬৬ নির্বাচিত সদস্য; উচ্চ কোঠায় ১৫০ নির্বাচিত সদস্য। শাসনক্ষমতা মন্ত্রি-সভার হাতে; মন্ত্রিসভা ডিয়েটের নিকট দায়ী। সংবিধান অনুসারে প্রধান মন্ত্রী সামরিক লোক হইতে পারিবে না।

**জাপান সম্বন্ধে কতকগুলি তথ্য**—বিশ্ববিদ্যালয় ৬টি: টোকিও (১৮৭৭); কিয়োটো (১৮৯৭); সেনদাই (১৯০৭); ফুকুওকা (১৯৩১); সাপোরো (১৯১৮); ওসাকা (১৯৩১)। এছাড়া ৩১টি প্রতিষ্ঠান বিশ্ব-বিদ্যালয়ের অনুরূপ উচ্চ শিক্ষার কেন্দ্র। ইংরেজি শিক্ষা কলেজে আবশ্যিক। ...শিল্প প্রতিষ্ঠান—১,৫৬,২২৩। কারখানায় ৩৮,৬১,০০০ শ্রমিক নিযুক্ত। যুদ্ধের পূর্বে ১ কোটি ৩০ লক্ষ টাকু (Spindle) হইতে সুতা হইত; যুদ্ধান্তে ২৭·৮০ লক্ষ পুনরায় কাজ সুরু করে; ১৯৫২-এ ৬৭·৯০ লক্ষ টাকু। রেশম, রেয়ন প্রভৃতি পুনরায়

রপ্তানি হইতেছে। লৌহ ও ইস্পাতের কারখানা ৩১। হোনস্থ দ্বীপে পেট্রোলিয়াম পাওয়া যায়; তবে বিদেশ হইতে পেট্রোলিয়াম আনাইয়া দেশে সাফাই করা হয়। ...১৯৪৯-এ ম্যাকআর্থার ২৪,৪০,০০০ জমিদারদের নিকট হইতে ৫১,৮৪,০০০ একর জমি ক্রয় করিয়া অধিকাংশই ৪২,৬০,০০০ ভূমিহীন কৃষককে বিক্রয় করেন। ...১৯৫২-এ জাপানে ১৯০টি দৈনিক কাগজ ।

(Jaffna) : সিংহলের উত্তর প্রদেশের জেলা। আ. ৯৯৮ ব মা; জন. ৪,২৪,৭৮৮। এই জেলার অধিকাংশ লোক তামিল (৪.০৯ লক্ষ)। ১৩ শতকে এখানকার তামিলরা সিংহল-রাজের প্রভুত্ব অস্বীকার করিয়া প্রায় স্বাধীনভাবে বাস করে; চোল বংশীয় এক রাজকুমার এই অঞ্চলের রাজা হন। ...১৬২৪-এ পোর্তুগীজরা জাফনা দুর্গ নির্মাণ করে; ১৬৫৮-এ ডাচদের অধিকারে আসে; ব্রিটিশরা ১৭৯৫-এ দখল করে। ...জাফনা শহরের জন. ৬২,৫৪৩। কোলোম্বো হইতে রেলপথে জাফনা ২৪৬ মা।

**জাফা (Jaffa) :** ইস্রাইলের ভূমধ্যসাগর তীরস্থ বন্দর; নগর টেল-আবীবের সংলগ্ন। পেট্রোলিয়াম পরিশোধন কারখানা ও অন্যান্য শিল্পের কেন্দ্র। পূর্বে এখানে আরবরা বাস করিত; আরব-ইস্রাইল বিবাদের সময় আরবরা নগর ত্যাগ করে; পূর্বে লক্ষাধিক লোক ছিল; বর্তমানে হাজার ৩০ মাত্র। প্রাচীন কাল হইতে ইতিহাস-প্রসিদ্ধ স্থান; মধ্যযুগে ক্রুজেডারগণ এখানে অবতরণ করিত।

**জাভা দ্বীপ (Java) :** ইন্দোনেশিয়া রিপাবলিকের অন্তর্গত দেশ। এশিয়ার দক্ষিণ-পূর্ব দিকে প্রশান্ত মহাসাগরের দ্বীপ। মাদুরা দ্বীপ সমেত আ. ৫১,০০০ ব মা (ইংলন্ড-ওয়েল্‌স-এর সমান); দৈর্ঘ্য ৬১০ মা; প্রস্থ ৫৫—১২০ মা। পশ্চিমে সুমাত্রা দ্বীপ, সুন্ডা প্রণালী দ্বারা বিভক্ত; পূর্বে বালীদ্বীপ। জাভা দ্বীপে ১২৫টি আগ্নেয়গিরির মধ্যে ১৩টি ছাড়া সবই মৃত। আগ্নেয় উৎপাতজাত ভস্মরাশি পতিত হওয়ার জন্য দেশ অতি উর্বর। বৃষ্টিপাত স্থানভেদে ৫০"-১০০"। প্রায় ৬০ ভাগ ভূমি কৃষিযোগ্য। ধান, ভুট্টা, টাপি-ওকা, সোয়াবীন, চীনাবাদাম, চা, কফি, ইক্ষু, তামাক প্রভৃতি কৃষিজাত। বনজ সম্পদ রবার, সিনকোনা। এক সময়ে এখানকার বহু কোটি টাকার চিনি রপ্তানি হইত। ভারতে চিনির কল স্থাপিত হইতে আরম্ভ করিলে (১৯৩০) আমদানি হ্রাস পায়। খনিজের মধ্যে পেট্রোলিয়াম সুপর্যাপ্ত।

ইন্দোনেশিয়ার ⅔ অংশ লোক এই দ্বীপবাসী। জন. ৪.৮০ কোটি [ তু. ইংলন্ড-ওয়েল্‌স ৪.৩৭ কো., ফ্রান্স ৪.২১ কো.]। অধিবাসীরা মালয় জাতির মিশ্র বর্গ। এককালে এই দ্বীপ ও পার্শ্বস্থ দ্বীপ বালী ভারতীয় সংস্কৃতির অন্তর্গত ছিল। বহু হিন্দু ও বৌদ্ধ স্থাপত্য ভাস্কর্য কীর্তি বিদ্যমান। পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ মন্দির বরভুধর (দ্র) এই দ্বীপে। ডাচ পণ্ডিতগণ ও ডাচ সরকার অতি যত্নের সহিত এই দ্বীপের প্রত্নতাত্ত্বিক ঐশ্বর্য ও শিলালিপিসমূহ রক্ষা, দ্বীপের ইতিহাস রচনাদি করিয়াছেন। ...হিন্দু জাভাদ্বীপের অবসান হয় ১৫ শতকে; দ্বীপবাসীরা মালয়দের প্রভাবে ইসলাম গ্রহণ করে। ১৬ শতকের প্রথম দিকেই পোর্তুগীজরা এখানে আসে। ১৫৯৫-এ ডাচরা তাহাদিগকে তাড়াইয়া অধিকার করে। নেপোলনীয় সমরের সময় ভারত হইতে লর্ড মিন্টো (Minto) সৈন্য পাঠাইয়া এই দ্বীপসমূহ দখল করিয়াছিলেন (১৮১১—১৬)। ইংরেজ লেঃ গবর্নর র‍্যাফেল্‌স (T. S. Raffles : ১৭৮১-১৮২৬) জাভা সম্বন্ধে ইতিহাস লেখেন (১৮১৯)। এই গ্রন্থ ভারতের সহিত এই দ্বীপের প্রাচীন যোগাযোগের প্রথম ইতিহাস। ১৮১৬-১৯৪৮ পর্যন্ত ডাচরা এই দ্বীপের অধিকারী ছিল।...রাজধানী জাকার্তা (Jakarta), পূর্বনাম ছিল বাটাবিয়া (Batavia)।

জাভাদ্বীপবাসীরা নিষ্ঠাবান মুসলমান; তৎসত্ত্বেও ভারতীয় সংস্কৃতির প্রতি তাহাদের অবজ্ঞা নাই। তাহাদের ভাষায় (প্রাচীন ভাষার নাম কবি) রচিত রামায়ণ, মহাভারত প্রভৃতির কাহিনী লইয়া অভিনয় করে। ইহাদের ছায়ানৃত্য (চামড়া কাটিয়া তৈয়ারি মানুষ, প্রাণী প্রভৃতি) বিখ্যাত। ...বাতিক (দ্র.) নামে রঞ্জিত বস্ত্র শিল্প এই দ্বীপের প্রসিদ্ধ গৃহ শিল্প। ...

জাভানী নৃত্যকলা অপরূপ ; ভারতীয়দের মধ্যে তাহার চর্চা হইতেছে।

**জাভাদ্বীপের প্রাচীন ইতিহাস :** দাক্ষিণাত্যের হিন্দুরা খ্রীষ্টপূর্বাব্দ হইতে পূর্বভারতীয় দ্বীপপুঞ্জের সহিত বাণিজ্যসূত্রে আবদ্ধ হয় ও সেখানে উপনিবেশ গড়ে। জাভাদ্বীপে ১ম শতকেই হিন্দু উপনিবেশ স্থাপিত হয়। এখানে ৫০০-র উপর মন্দিরাদি আছে। স্থাপত্যশিল্প অতুলনীয়। ৬ শতকে বৌদ্ধধর্ম প্রচারিত হয়। সিং-গোসারি নগরীতে ১২২০-৯২ পর্যন্ত এবং মদ্জপুহিত ১৪২৮ পর্যন্ত ভারতীয় কৃষ্টির কেন্দ্র ছিল। ১৩ শতকে সমস্ত মালয় দ্বীপপুঞ্জ, জাভা সাম্রাজ্যাধীন হয়। কবি ভাষায় বহু গ্রন্থ আছে ; বিষয়বস্তু হিন্দু ও বৌদ্ধ। ১৩ শতকে আরব মুসলমান আগমন সুরু হয় ; ১৫ শতকে প্রায় সকলেই ইসলাম ধর্ম গ্রহণ করে।

**জামখণ্ডী** ( Jamkhandi ) : পূর্বতন ডেকান স্টেট্স এজেন্সির করদরাজ্য। আ. ৫২২ ব মা ; জন. ১,২৬, ২৭২ ( '৪১ )। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৯১,৬৬৩ টাকা ভাতা দেওয়া হয়। এই রাজ্য বোম্বাই রাজ্যের বিজাপুর, বেলগাঁও, শোলাপুর, সাতারা প্রভৃতি জেলার অন্তর্গত হইয়াছে। এখানকার তাঁতের শাড়ি ও ফুলপাড়-কাপড় প্রসিদ্ধ। জামখণ্ডী শহর ( জন. ২০,৮৬৫ ) বিজাপুর হইতে ৩৭ মা দ.-পশ্চিমে।... ব্যাংকঃ কানাড়া ; সমবায়।

**জাম খামবালিয়া** ( Jam Khambalia ) : সৌরাষ্ট্রের ( বোম্বাই রাজ্যের ) শহর। বীরমগাঁও-রাজকোট-ওখা রেলপথের জং স্টেশন ( ১৯৬ মা ) ; ওখা এখান হইতে ৭৬ মা পশ্চিমে। জন. ১৫,১৯৪। সেন্ট্রাল ব্যাংক।

**জাম জোধপুর** ( Jam Jodhpur ) : সৌরাষ্ট্রের ( বোম্বাই রাজ্যের ) শহর। ধরোল ( Dhrol ) জং হইতে পোরবন্দরের পথে স্টেশন ( ১২৪ মা ) ; জন. ৯,৭২৭। সেন্ট্রাল ব্যাংক।

**জামতাড়া** ( Jamtara ) : বিহার ; সাঁওতাল পরগনা জেলার মহকুমা ও শহর ; রেলওয়ে স্টেশন ; কলিকাতা ১৫৬ মা। স্বাস্থ্যনিবাস ছিল। মহ. আ. ৬৯৬ ব মা ; জন. ২,৯০,০৫৬ ; ঘনতা ৪১৭। ৪টি থানা।...মিহিজাম এই মহকুমার মধ্যে বড় শহর ( জন. ৩,৯৬৯ )।

**জামনগর, নবনগর** ( Jamnagar, Navanagar ) : পূর্বতন পশ্চিম ভারত স্টেট্স এজেন্সির কাঠিয়াবাড়ের করদরাজ্য। আ. ৩৭৯ ব মা ; জন. ৫,০৪,০০০ ('৪১)। জামনগরের রাজারা জাদেজা রাজপুত বলিয়া পরিচিত এবং যদু বা যাদববংশ উদ্ভূত বলিয়া দাবী করেন। ১৫৩৫-'৩৭ কচ্ছ অধীশ্বরের ভ্রাতা জাম-রাওয়াল কাঠিয়াবাড়ের এই অংশ অধিকার ও নবনগরের পত্তন করেন। এই নবনগরই জামনগর নামে পরিচিত। রাজস্ব ছিল ৯৪ লক্ষ টাকা। নবনগরের মহারাজা জাম-সাহেব ১৩ তোপ সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে তাঁহাকে ১০ লক্ষ টাকা বার্ষিক ভাতা দেওয়া হয়। জামসাহেব সৌরাষ্ট্রের প্রথম রাজপ্রমুখ ছিলেন। জামনগর বর্তমানে সৌরাষ্ট্রের হালার জেলার শহর। অহমদাবাদ হইতে মি. রেলপথ জাম. ( ২০৬ মা ) হইয়া ওখা ( ১০৩ মা ) পর্যন্ত গিয়াছে ; অপর রেলপথ জাম. হইতে বেদি বন্দর পর্যন্ত ( ৫ মা )। জন. ১,০৪,৪১৯। ৯টি ব্যাংক। বিমান বন্দর। বহু শিল্পের কেন্দ্র।

**জামনগর-দ্বারকা রেলওয়ে** ( Jamnagar-Dwarka Railway ) : ১৮৯৭-এ রেলপথ খোলা হয় ; ১৯৪৮-এ সৌরাষ্ট্র রেল জোন এবং ১৯৫১-এ ওয়েস্টার্ন জোন অন্তর্গত হয়। দৈর্ঘ্য ২১২ মা। মিটর গেজ।

**জামনের** ( Jamner ) : বোম্বাই, পূর্ব-খানদেশ জেলার তালুক ; শহর জন. ১০,৫৫৪। তাপ্তীর এক উপশাখা-তীরে। বোম্বাই-ভুসাবল রেলপথের জংশন স্টেশন পাচোড়া ( ২৩২ মা ) হইতে সরু শাখা রেলের শেষ স্টেশন জামনের ( ৩৫ মা )। সমবায় ব্যাংক।

**জামপুর** ( Jampur ) : পাক. পঞ্জাবের ডেরা গাজি খান জেলার শহর ; জন. ১১,৮৬২। বয়ন শিল্প ও ল্যাকার বা গালার রঙের কাজের জন্য শিল্পীদের খ্যাতি। নিকটে বহু সেচের খাল আছে।

**জামবনী** ( Jambani ) : মেদিনীপুর জেলা ; ঝাড়গ্রাম মহকুমার থানা। আ. ১২৬ ব মা ; জন. ৪১,৫২৮ ; ঘনতা ৩৯৩।...এই থানা বাংলাদেশের সীমান্তে, ইহার পর বিহার।...গিধনী এই থানার অন্তর্গত। জামবনী ক্ষুদ্র গ্রাম, ঝাড়গ্রাম হইতে পশ্চিমে ৭/৮ মা।

**জাম্বেসি** ( Zambesi ) : দক্ষিণ আফ্রিকার নদী ; আঙ্গোলায় উঠিয়া পূর্বমুখী হইয়া রোডেসিয়ার মধ্য দিয়া ভারত মহাসাগরে পড়িতেছে ( ১৬০০ মা )। অধিকাংশই নাব্য। ভিক্টোরিয়া জলপ্রপাত এই নদীর মধ্যে ; ৩৭০ ফুট নিচে জল পড়িতেছে।

**জামসেদপুর** (Jamshedpur) : বিহার ; সিংহভূম জেলার মহকুমা ও শিল্পনগর। স্টেশনের নাম টাটানগর ( ১৫৬ মা )। জামসেদজী টাটা এখানকার লৌহ ও ইস্পাত কারখানার প্রতিষ্ঠাতা ; তাঁহার নাম হইতে শিল্প-নগরের নাম ও পারিবারিক নাম 'টাটা' হইতে স্টেশনের নামকরণ হইয়াছে ; পূর্বে ইহার নাম ছিল সকৃচি। সুবর্ণরেখা ও খড়কাই নদীদ্বয়ের সঙ্গমস্থলে ১৯০৭-এ TISCO ( Tata Iron & Steel Co.)-র লৌহ-কারখানার নির্মাণ-কার্য সুরু হয়। এই স্থান নির্ধারণ করেন ভূতত্ত্ববিদ প্রমথনাথ বসু এবং তাঁহার রিপোর্টের উপর নির্ভর করিয়া জামসেদজী টাটা এইস্থানে কারখানা পত্তন করেন। আরম্ভের চারি বৎসরের মধ্যে কারখানা হইতে লৌহ ( ১৯১১ ) ও পর বৎসর ইস্পাত প্রস্তুত হয়। এখন বৎসরে ৮-১০ লক্ষ টন ইস্পাত তৈয়ারি হইতেছে। প্রায় ৪২ কোটি টাকা এপর্যন্ত কারখানা ও নগরের জন্য ব্যয়িত হইয়াছে ; কর্মীর সংখ্যা ২৩,৩০৮। মূল কারখানার সঙ্গে ইস্পাত বা লৌহজাত সামগ্রী প্রস্তুতের বহু কারখানা নির্মিত হওয়ায়, উৎপাদিত ইস্পাত সেইসব স্থানেই ব্যবহৃত হইয়া যায়। রেল, লোহার চাদর, রেলের চাকা, তার (wire), কেব্‌ল প্রভৃতি নানারূপ জিনিস তৈয়ারি হয় ; এ ছাড়া নিকটে অন্যান্য কারখানা স্থাপিত হইয়াছে। জামসেদপুর শহর আধুনিক শিল্প-নগর। ভারতের সর্বজাতীয় লোকের বাস এখানে। বহু সাধারণ স্কুল, ডিগ্রি কলেজ ও একটি টেকনিক্যাল স্কুল কোম্পানির তত্ত্বাবধানে পরিচালিত হইতেছে। ভারত সরকার এখানে ন্যাশনাল মেটালর্জিকাল ল্যাবরেটরি স্থাপন করিয়াছেন। ...জন. ২,১৮,১৬২। ব্যাংক অব্‌ ইন্‌ডিয়া, বিহার সমবায়, সেন্‌ট্রাল, স্টেট ও-প. ন্যাশ. ব্যাংক।

**জামা** (Zama, Jama) : আফ্রিকা ; টিউনিসিয়া রাজ্যের গ্রাম ; এইস্থানে খ্রী.পূ. ২০২ অব্দে রোমান সেনাপতি শিপিও আফ্রিকনাস কার্থেজ-সেনাপতি হানিবলকে পরাভূত করেন।

**জামালপুর** (Jamalpur) : বর্ধমান জেলা ; সদর মহকুমার থানা ; আ. ১০১ ব মা ; জন. ৮০,১৯৬ ; ঘ. ৭৮৯। এই থানার পশ্চিমাংশ দিয়া দামোদর প্রবাহিত। চকদীঘি এই থানার এলাকায়। তারকেশ্বর-দশঘরা ছোট লাইনের শেষ স্টেশন জামালপুরগঞ্জ ( ১৪ মা )। ডাকঘর, স্কুল, রেজি. অফিস ( ১৮৭৬ )। পূর্বে এ স্থানের নাম ছিল সেলিমাবাদ ; জন. ১,২০৮।

**জামালপুর** (Jamalpur) : পূ-পাক ; ময়মনসিংহ জেলার মহকুমা ও শহর। —মহকুমার এলাকা ১,২৮৫ ব মা ; থানা ২১৭ ব মা। শহর সিংজানী জং-এর নিকটবর্তী। কলিকাতা হইতে সিরাজগঞ্জ-জগন্নাথগঞ্জ দিয়া সহজ পথ। নারায়ণগঞ্জ-তিস্তামুখ রেলে ১১৯ মা।...এই শহরে অসহযোগ আন্দোলনের সময় হিন্দু জমিদারদের বিরুদ্ধে মুসলমান প্রজারা দাঙ্গা করিয়াছিল।

নাগা সন্ন্যাসীদের উপদ্রব হইতে রক্ষার জন্য ১৮২৩-এ এখানে একটি সেনানিবাস স্থাপিত হয়। উহা ১৮৫৭-তে উঠিয়া যায়।

**জামালপুর** (Jamalpur) : বিহার ; মুঙ্গের জেলার শহর ও জং স্টেশন; লুপ লাইনের উপর। এখান হইতে শাখা লাইন মুঙ্গের গিয়াছে ( ৬ মা )। কলিকাতা ২৯৭ মা। ১৮৬২ এখানে ঈ. ই. রেলের ইন্‌জিনীয়ারিং কারখানা খোলা হয়। রেলশ্রমিকদের বিরাট কলোনী। জন. ৪৪,১৭২। সাত মাইল দূরে স্লেট পাথরের আকর।

**জামুই, জমুই** (Jamooee, Jamui) : বিহার ; মুঙ্গের জেলার মহকুমা। মহকুমার আ. ১,৩০৩ ব মা ; জন. ৫,৩৩,০৭৯ ; ঘনতা ৪০৯। ৫টি থানা। শহর মুঙ্গের হইতে ৩২ মাইল। নানা শস্যের ব্যবসায় ও বহু রাস্তার কেন্দ্র। কলিকাতা-মুঘলসরাই মেন্ লাইনের স্টেশন ( ২৩৭ ) পশ্চিমে শহর ; জন. ১১,৫৭৪। পনেরো মা দ.-পূর্বে নওয়াডিহির অভ্র খনি।

**জামুরিয়া** (Jamuria) : বর্ধমান জেলা; আসানসোল মহ.র থানা। আ. ৯১ ব মা ; জন. ১,১১,৫৫০ ; ঘ. ১,২৩১। থানা কয়লার খনি অঞ্চল। উত্তরে অজয় নদী। —

**জামুরিয়া** বড় কয়লা খাদের গ্রাম, জন. প্রায় ১৬ হা.। অন্ডাল-সীতারামপুর লুপের স্টেশন ; কলিকাতা হইতে ১২১ মা। ডাকঘর ; ৪ প্রাথমিক বিদ্যালয়।

**জামেকা** (Jamaica) : ব্রিটিশ পশ্চিম ইন্ডিস দ্বীপপুঞ্জের বৃহত্তম দ্বীপ। আ. ৪,৪৫০ ব মা ; জন. ১৪,১৬,০০০ ('৫০) ; ভারতীয়দের সংখ্যা ২৫ হা. ('৫০)। নিগ্রো ও মিশ্রিত জাতির লোক অধিকাংশ। কলম্বাস কর্তৃক দ্বীপ ১৪৯৪-এ আবিষ্কৃত হয়। ১৬৫৫-এ ইংরেজরা দখল করে। রাজধানী কিংস্টন (Kingston)। শাসনাধীনে অনেকগুলি ক্ষুদ্র দ্বীপ আছে, যথা : ক্যেমন, তুর্কস. কাইকোস প্রভৃতি। মিলিত নাম Jamaica and Dependencies। ১৯৪৪ নভেম্বর হইতে গবর্নরকে সাহায্য করিবার জন্য ২-কোঠার আইনসভা হইয়াছে। প্রতিনিধি সভায় ৩১ নির্বাচিত সদস্য। আপার হাউস বা লেজ. কাউনসিলে ১৫ সদস্য। কর্মসমিতি (Ex. Council) ১০ সদস্য লইয়া গঠিত, ৫ জন প্রতিনিধি সভা হইতে নির্বাচিত এবং ৫ জন গবর্নর কর্তৃক মনোনীত। সকল লোকই ভোটদাতা।

চিনি, কফি, কোকো, নারিকেল, কলা উৎপন্ন ও রপ্তানি হয়। বৎসরে প্রায় ২০ লক্ষ টন চিনি রপ্তানি হয়।

**জারমান ঈস্ট আফ্রিকা** : (দ্র. টাংগানিকা)।

**জারমানি, ডয়চলান্ট** (Germany, Deutschland) : মধ্য ইউরোপের দেশ ; উত্তরে নর্থ সী ও বাল্‌টিক সাগর। পশ্চিম সীমান্তে নেদারলন্ড্‌স, বেলজিয়াম, লুক্‌সেমবুর্গ ও ফ্রান্‌স। দক্ষিণে সুইস দেশ ও অস্‌ট্রিয়া ; দ.-পূর্বে ও পূর্বে চেকোস্লোভাকিয়া ; পূর্বে পোলন্ড ও সোবিয়েত রাজ্য ; উত্তরে ডেনমার্ক। জারমানি রাজ্য বা সাম্রাজ্যর জন্ম ১৮৭২ অব্দের পর ; সেই হইতে ১৯৪৫-এর মধ্যে ইহার সীমান্তের যেসব পরিবর্তন হইয়াছে, তাহা জা.র ইতিহাস অংশে বিবৃত হইয়াছে।

জারমানির উ. ভাগ সমভূমি ও দ. ভাগ পার্বত্য ; সমভূমিতে বহু নাব্য নদী—ওডার, এলব, রাইন, ভেসর (Wesser) প্রভৃতি ; তন্মধ্যে রাইন জারমানদের জাতীয় নদী রূপে সাহিত্যাদিতে বর্ণিত। জলপথ প্রায় ৫ হা. মা। উৎপন্ন দ্রব্য রাই, গম, বীট, আলু প্রভৃতি। সার (Saar), রুর (Ruhr) ও স্যাকসনি প্রদেশ কয়লা, লৌহ আকর পূর্ণ ; জারমানির শিল্প-নগরগুলি এইসকল অঞ্চলে অবস্থিত।

প্রথম মহাযুদ্ধের শেষে জারমানির আ. ছিল ১,৮০,৯৯৯ ব মা ; জন. ৬,৫১,১৮,৪৬১ ('৩৩)। সার, ('৩৫), অস্‌ট্রিয়া ও সুডেটনলন্ড ('৩৮) ও মেমেল ('৩৯) প্রভৃতি দখল করার পর রাজ্যের আ. হয়, ২,২৬,১৭৪ ব মা ; জনসংখ্যা হয় ৭,৯৫,০৯,৩১৫ ('৩৯)। ...২য় মহাযুদ্ধের পর সংকুচিত জা.র আ. দাঁড়ায় ১,৩৬,৪৬২ ব মা ; জন. ৬,৫১,৫১,০১৯ ('৪৬)।

**যুদ্ধপূর্ব জারমানির ১৮টি রাষ্ট্র ( আয়তন অনুসারে )** : প্রুশিয়া, বাভারিয়া, উরটেমবুর্গ, বাদেন, স্যাকসনি, মেকলেনবুর্গ, তুরিংগিয়া, হেসে, ওলডেনবুর্গ, ব্রুনস্‌উইক, আনহালট, লিপে, শোয়ামবুর্গ-লিপে। হামবুর্গ, ল্যুবেক, ব্রেমেন—তিনটি স্বাধীন নগরী (১০০০ ব মা-র কম প্রত্যেকটি) ; এবং সার প্রদেশ ('৩৫-এ যুক্ত)। বার্লিন রাজধানী হইলেও লাইপজিগে (Leipzig) সর্বোচ্চ বিচারালয় প্রতিষ্ঠিত।

**জারমানির ইতিহাস** : রাইন নদী ছিল রোমান সাম্রাজ্যের পূর্ব সীমান্ত ; এই নদীর পূর্ব দিকে বিশাল সমতল ভূমিতে বহু টিউটনিক উপজাতির বাস ছিল ; ইহাদের কথা রোমান ঐতিহাসিক টাসিটাস তাঁহার এক গ্রন্থে বিবৃত করিয়াছেন। খ্রী. ৪র্থ শতকে ফ্রাংক নামে এক উপজাতি রাইন পার হইয়া রাজ্য বিস্তার করে। ৮০০ অব্দে ফ্রাংকদের রাজা শার্লামেন (জারমান ভাষায় কার্ল, ইংরেজিতে চার্লস) এক বিরাট সাম্রাজ্য স্থাপন করেন। তাঁহার ও তাঁহার পরবর্তী সম্রাট-গণের চেষ্টায় জারমেনিক উপজাতিদের মধ্যে খ্রীষ্ট ধর্ম প্রচারিত হয়। শার্লামেনকে পোপরা রোমান সম্রাট বলিয়া রোমে অভিষিক্ত করে ; সেই হইতে জারমানি ও ইতালী প্রভৃতি লইয়া পবিত্র রোমান সাম্রাজ্যের সৃষ্টি। এই রোমান সম্রাটগণ সকলেই জারমান এবং ৮০০ হইতে ১৮০৬ পর্যন্ত জারমান সম্রাটগণ নামত এক বিশাল ধর্ম তথা রাজনৈতিক সাম্রাজ্যের তথাকথিত অধীশ্বর ছিলেন।...জারমান সম্রাটগণ কয়েকজন বিশিষ্ট রাজা বা সর্দার ও ধর্মযাজকগণের

( Elector ) দ্বারা নির্বাচিত হইতেন ; সেইজন্য কে সম্রাট হইবে, তাহা লইয়া বিবাদ ও যুদ্ধাদি প্রায়ই হইত। ১৬ শতকে লুথারের ধর্মান্দোলনের ( Reformation ) ফলে চার্চ ও রাষ্ট্রের মধ্যে সম্বন্ধ বিরোধপূর্ণ হইয়া উঠিল ; কারণ, জারমান সম্রাটরা এই নব আন্দোলনের বিরোধী। ইতিমধ্যে রোমীয় ক্যাথলিক চার্চের মধ্যে নবজাগরণ দেখা দিয়াছিল ; তাহারা রিফর্মেশনের বিরোধী। এই ধর্ম বিরোধকে কেন্দ্র করিয়া জারমানির রাজাদের মধ্যে গৃহযুদ্ধ দেখা দিল। ইতিহাসে ইহা ত্রিশবৎসরের যুদ্ধ নামে খ্যাত (১৬১৮-৪৮)। সাধারণ লোকে মূঢ় ধর্মযাজকদের ও যথেচ্ছাচারী রাজাদের উৎপীড়ন হইতে মুক্ত হইবার জন্য, এবং উচ্চাভিলাষী রাজগণ ধর্মের দোহাই দিয়া এই সুযোগে রাজ্য বিস্তার করিবার জন্য ৩০ বৎসর ধরিয়া যুদ্ধ করেন। যুদ্ধ শেষে দেখা যায় জারমানি ৩০০ টি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য বিভক্ত। এইসব রাজ্যের মধ্যে ব্রানডেনবুর্গ প্রবল হইয়া উঠে ; ইহাদের রাজ্য পূর্ব দিকে প্রুশিয়া পর্যন্ত বিস্তৃত ছিল বলিয়া কালে সমগ্র রাজ্য প্রুশিয়া নামে খ্যাত হয়। ১৮ শতকে প্রুশিয়ার রাজা ফ্রেডারিক (১৭৪০-৮৬) তাঁহার সৈন্য বিভাগকে সবিশেষ শক্তিশালী করিয়া অস্ট্রিয়ার সম্রাটকে পরভূত করেন। অতঃপর ফরাসী বিপ্লব ও নেপোলিয়নের অভ্যুদয়ের ফলে জারমানির বহু পরিবর্তন ঘটিল। নেপোলিয়ন অস্ট্রিয়ান সম্রাটকে পরাভূত করিয়া তাঁহার অলীক 'পবিত্র রোমান সম্রাট' উপাধি নাকোচ করিয়া দিলেন ; (১৮০৬) জারমানির উপর তাঁহার সমস্ত অধিকার লুপ্ত হইল ; জারমানির ক্ষুদ্র ক্ষুদ্র অসংখ্য রাজ্য ভাঙিয়া দিয়া ৩০টি মাত্র রাজ্য পুনর্গঠিত হইল।...এই সব রাজ্যের মধ্যে প্রুশিয়াই প্রধান ; তা ছাড়া বাভেরিয়া, উরটেমবুর্গ প্রভৃতি শক্তিশালী স্টেট ছিল।...প্রুশিয়ার সহিত ফ্রান্সের নানা বিষয়ে মত বিরোধ থাকায় প্রুশিয়ানরা ফ্রান্স আক্রমণ করে ; এই যুদ্ধে (ফ্রান্কো-প্রুশিয়ান, ১৮৭০-৭১) ফ্রান্স পরাভূত, প্যারিস অবরুদ্ধ ও অধিকৃত হয়। প্রুশিয়ান রাজা ১ম উইলিয়াম প্যারিসের ভার্সাই প্রাসাদে জারমান-সম্রাট বলিয়া ঘোষিত ও অভিষিক্ত হইলেন ; সকল জারমান রাজা ইহা মানিয়া লইল (১৮৭১)। এই সকল কূটনৈতিক কার্যে সম্রাটের প্রধানতম সহায় ছিলেন প্রধান মন্ত্রী প্রিন্স বিসমার্ক। ...১৮৮০ হইতে ১৯১৪ পর্যন্ত পর্ব জারমানির বিস্তার যুগ। এশিয়া, আফ্রিকা, ওশেনিয়ার ( প্রশান্ত মহাসাগরের দ্বীপে ) বিভিন্ন অঞ্চলে উপনিবেশ স্থাপিত হইল। ইতিমধ্যে জারমান বিজ্ঞানীরা শিল্পে অসাধারণ উন্নতি করিয়াছিল ; তাহাদের শিল্পজাত সামগ্রী পৃথিবীর বাজার ছাইয়া দিল; এতকাল শিল্পে ও বাণিজ্যে ইংরেজের ছিল একচেটিয়া অধিকার ; জারমানরা তাহাদের প্রতিদ্বন্দ্বী ও প্রতিযোগী হইয়া সর্বত্র প্রবেশ করিল। ...১৯১৪-১৮ প্রথম মহাযুদ্ধে জারমানি পরাজিত হইল ও তাহার সকল উপনিবেশ হস্তচ্যুত ও তাহার বিরাট বহির্বাণিজ্য ধ্বংস হইল। সঙ্গে সঙ্গে রাজতন্ত্রের অবসান ঘটিল ; সম্রাট (কাইজার উইলিয়াম) ও অন্যান্য স্টেটের রাজারা বিতাড়িত হইলেন। ১৯১৯-এ হাইমার (Weimer) সম্মেলনে রিপাবলিক শাসনতন্ত্র প্রবর্তিত হইল। ভার্সাই সন্ধিতে ( ১৯২১, জুন ) স্থির হইল জারমানিকে বিজয়ী জাতিদের ক্ষতিপুরণের জন্য মোটা টাকা দিতে হইবে। জাহাজের সংখ্যা হ্রাস করিতে হইল। রিপাবলিকের প্রথম রাষ্ট্রপতি ফ্রে. এবার্ট-এর সময় জারমান টাকার (মার্ক) মূল্য হ্রাস পাইতে পাইতে শূন্য হইয়া গেল। ক্ষতিপূরণ দিতে অসমর্থ হওয়ায় শিল্প প্রধান অঞ্চল ফ্রান্সকে দিতে হওয়ায় জা.র অবস্থা আরও মন্দ হইল। ১৯২৬-এ চানসেলার ষ্ট্রেসমানের সময়ে মুদ্রার বাজার কিছু উন্নত হয়, কারণ আমেরিকা এই সময়ে নানা সাহায্য করিবার জন্য আগাইয়া আসে। ইতিমধ্যে এবার্টের মৃত্যু ( ১৯২৫ ) হইলে পূর্বতন সেনাধ্যক্ষ ফন্ হিনডেনবার্গ রাষ্ট্রপতি হইলেন। লোকার্নো চুক্তির পর জারমানিকে লীগ অব নেশনসের সদস্য করা হয় এবং বহির্বাণিজ্য পুনঃ প্রতিষ্ঠিত করিবার সুযোগ তাহাকে দেওয়া হয়। কিন্তু ১৯৩০-এ পৃথিবী ব্যাপী মন্দা বাজার দেখা দিলে জারমানির আর্থিক দুর্গতি চরমে উঠিল। ক্রনিং-এর মন্ত্রিত্বকালে (১৯৩০-৩২) দেশের অর্থনীতির কোনো উন্নতি দেখা গেল না। এই সময়ে হিটলার ও তাঁহার ন্যাশনাল সোশিয়া-

লিস্ট ( নাৎসি ) দলের অভ্যুদয় হয়। হিটলার রাষ্ট্রপতি পদপ্রার্থী হন, কিন্তু নির্বাচনে পরভূত হন; হিনডেনবার্গই ১৯৩২-এ পুনরায় রাষ্ট্রপতি হইলেন। কিন্তু রাজনৈতিক মহলে এত প্রকার মতভেদ যে কেহই স্থায়ী মন্ত্রিসভা গড়িতে পারিতেছিলেন না। ১৯৩৩-এর নির্বাচনে হিটলারের দল গরিষ্ঠতা লাভ করায় হিটলার চানসেলর হইলেন। ১৯৩৪ এ অতিবৃদ্ধ হিনডেনবার্গের মৃত্যুর পর হিটলার রাজ্যের সর্বেসর্বা হন। তাঁহার শাসনে জারমানির সকল দিকেই উন্নতি দেখা দিল; সামরিক শক্তি পুনর্গঠিত হইল; সার (Saar প্রদেশ, যাহা এতকাল লীগ্ অব নেশনসের তত্ত্বাবধানে ছিল, জনমতের দ্বারা তাহা জারমানি ভুক্ত হইল। রুর (Ruhr) প্রদেশ ইহারা দখল করিল। ১৯৩৮-এ অস্ট্রিয়া জারমানির সহিত মিলিত হইয়া এক-রাষ্ট্রে পরিণত হয়। ১৯৩৯, অগস্ট ২৪ জারমানি সোবিয়েত রুশের সহিত অনাক্রমণ চুক্তি নিষ্পন্ন করিয়া সাত দিনের মধ্যে পোলন্ড আক্রমণ করিল ( ১ সেপ. ); সেই হইতে ২য় মহাযুদ্ধের সূত্রপাত। ইহার পর অল্পকালের মধ্যে জারমান সৈন্যবাহিনী ডেনমার্ক ( ১৯৪০, এপ্রিল ), নরওয়ে, বেলজিয়াম, নেদারলন্‌ডস, লুকসেমবুর্গ অধিকার করিয়া ফ্রান্সে প্রবেশ করিল। ব্রিটেন এইবার যুদ্ধে অবতীর্ণ হইল। দক্ষিণ দিকেও বিজয়ী জারমান সৈন্য যুগোস্লাবিয়া, গ্রীস, ক্রীট আক্রমণ করিল; তৎপূর্বেই ইতালির সহিত সে মিত্রতা সূত্রে আবদ্ধ হইয়াছিল। সোবিয়েতের সহিত অনাক্রমণ চুক্তি বাতিল করিয়া জারমানরা রুশ দেশে প্রবেশ করিল ( ১৯৪১, জুন ২২ )। প্রায় দেড় বৎসর রুশিয়ার মধ্যে ধ্বংসলীলা চলিল; অতঃপর স্তালিনগ্রাদ অবরোধ ব্যর্থ হইবার পর হইতে যুদ্ধের মোড় ফিরিয়া গেল। উত্তর আফ্রিকায় এতকাল জারমানরা বিজয়ী ছিল; সেখানেও জারমানদের পরাভব আরম্ভ হইল। ক্রমে আক্রমণকারী জারমান, ব্রিটিশ ও মার্কিনী বোমারু বিমানের দ্বারা আক্রান্ত হইয়া আত্মরক্ষার জন্য ব্যতিব্যস্ত হইয়া উঠিল। বের্লিন বিধ্বস্ত হইলে হিটলার আত্মহত্যা করিলেন ( ১৯৪৫, এপ্রিল ৩০ )। ৮ই মে বিনাসর্তে জারমানি চতুঃশক্তির নিকট ( ব্রিটেন, আমেরিকা, ফ্রান্স ও সোবিয়েত রুশ ) আত্মসমর্পণ করিল। ৫জুন হইতে মিলিত নিয়ন্ত্রণ কাউন্সিল কার্যত জারমানির শাসন পরিচালনার ভার লইলেন। ··· বিশাল জারমান সাম্রাজ্য ভাঙিয়া গেল।···নিয়ন্ত্রণের সুবিধার জন্য বিজিত জারমানিকে চারটি অঞ্চলে বিভক্ত করিয়া এক এক অঞ্চলের জন্য সামরিক শাসনকর্তা নিযুক্ত করা হইল। ব্রিটিশ অঞ্চল ৩৭,৭২৩ ব মা; ফরাসী অঞ্চল ১৫,৪০৫ ব মা; মার্কিনী অঞ্চল ৪১,৫০৬ ব মা; ও সোবিয়েত অঞ্চল ৪১,৭০০ ব মা। তিন বৎসর পরে ১৯৪৮,২০ মার্চ হইতে সোবিয়েত শাসিত অংশ বের্লিনকে রাজধানী করিয়া পৃথক রাষ্ট্র রূপে ঘোষিত হইল; বের্লিনের উপর চতুর্শক্তির খবরদারী করার শর্ত থাকা সত্ত্বেও এইটি ঘটিয়াছিল। অতঃপর সার (Saar) অঞ্চলের সহিত অবশিষ্ট জারমানিকে মিলাইয়া পশ্চিম জারমানি নামে নূতন রাষ্ট্র গঠিত হইল; ইহার রাজধানী হইল বন ( Bonn )। এইভাবে দুইটি জারমান রাজ্য সৃষ্ট হইল; পূর্বাংশ সোবিয়েতের তাঁবে, পশ্চিমাংশ এংলো-আমেরিকান যুগ্মশক্তির তাঁবে।

**জারমানি, পশ্চিম** (West Germany; Budes republik Deutschtand ; German Federal Republic): ১৯৪৯-এ পশ্চিম জারমানি রাজ্য পৃথকভাবে গঠিত হয়। ফ্রান্স, বিটেন, মার্কিন যুক্তরাষ্ট্র যে তিনটি অঞ্চলের উপর যুদ্ধশেষ পর্ব হইতে (১৯৪৫-৪৯) এতকাল শাসন নিয়ন্ত্রণ করিয়া আসিতেছিলেন, সেই অংশগুলি এক করিয়া নূতন ফেডারেল রিপাবলিক রাষ্ট্র রচিত হইল; ইহাতে ১০টি প্রদেশ। ১৯৪৯, ২৪ মে নূতন সংবিধান গৃহীত হয়। ১৯৫২ প. জারমানির শাসকরা কিছু সার্বভৌমত্ব প্রাপ্ত হয়; ১৯৫৪ হইতে সম্পূর্ণ স্বাধীন দেশ। অর্থনৈতিক দিক হইতে এই রাজ্য খুবই সংকটের মধ্য দিয়া গিয়াছে; কিন্তু আমেরিকার 'মার্শাল প্ল্যান' অনুসারে নানাভাবে সহায়তা লাভ করায় ইহারা দাঁড়াইয়া গিয়াছে; ইহাদের শিল্পনগরগুলি পুনর্জীবিত হইয়া রপ্তানি বাণিজ্যে বৃহৎ অংশ গ্রহণ করিতেছে। ...রাজনৈতিক দিক হইতে প. জারমানি 'নাটো'র (NATO, North Atlantic Treaty Organisation) সদস্য; পুনরায়

ইহারা সৈন্যাদি বৃদ্ধি করিবার ও রণসম্ভার প্রস্তুত করিবার জন্য চেষ্টান্বিত হইয়া উঠিয়াছে। ...রাজধানী বন (Bonn)। রাজ্যের আ. ৯৪,৬৩৪ ব মা; জন. ৪,৯২,৭৮,০০০ ('৫৩)। এই অঞ্চলে ১৬ বিশ্ববিদ্যালয়। হামবুর্গ (জন. ৪ লক্ষ) ভেসার নদীতীরে বাণিজ্য কেন্দ্র।

**জারমানি, পূর্ব** (East Germany : Deutsche Demokratische Republik : German Democratic Republic) : জারমানির পূর্বাঞ্চল; মহাযুদ্ধের পর এই অঞ্চল সোবিয়েত রুশের নিয়ন্ত্রণাধীন ছিল। ১৯৪৮, ২০ মার্চ এই রাজ্য সোবিয়েত শাসন মুক্ত হইয়া পৃথক রাষ্ট্ররূপে গঠিত হয়। এই দেশে পূর্বে ৫টি প্রদেশ ছিল; বর্তমানে ১৪টি মণ্ডল (Bezirke)। প্রত্যেকটি মণ্ডলের স্ব স্ব আইন সভা ও আইন পরিষদ। ১৯৪৯, ৩০ মে নূতন সংবিধান সোবিয়েত আদর্শে রচিত ও ৭ অক্টোবর হইতে গণতান্ত্রিক রিপাবলিক ঘোষিত হয়। ...পূর্ব জারমানি খাদ্য ব্যাপারে স্বনির্ভর, কিন্তু কাঁচা মালের একান্ত অভাব। কয়লা, লৌহের আকর অংশ পোলন্‌ডের মধ্যে গিয়াছে। তৎ সত্ত্বেও ভারি শিল্পে দ্রুত উন্নতি করিতেছে। রাজ্যের আ. ৪১,৭০০ ব মা; জন. ১,৭৩,১৩,৭০০ ('৪৬)। রাজধানী বের্লিন।

জারমানির পূর্ব ও পশ্চিমাংশ মিলাইয়া অখণ্ড জারমানি গঠনের প্রস্তাব হয়; তবে নানা সমস্যার জন্য কার্যকরী করার বহু বাধা।

**জারসী** (Jersey) : ইংলিশ চানেলের চানেল দ্বীপপুঞ্জের একটি দ্বীপ; ফ্রান্সের নরমান্ডি-উপকূলের ১৫ মা পশ্চিমে। আ. ৪৫ ব মা; জন. ৫৭ হা.। ইহা ব্রিটিশ অধিকার ভুক্ত। অধিবাসীরা নরমান, ফরাসী, ইংরেজি ও স্থানীয় উপভাষাভাষী। ২য় মহাযুদ্ধের সময় ১৯৪০-৪৫ জারমানদের অধিকারে ছিল। জারসীর গোরু বিখ্যাত।

**জারো** (Jarrow) : ইংলন্‌ডের নদী-বন্দর ও শিল্প-শহর। পূর্বে এখানে খ্রীষ্টান সাধুদের মঠ ছিল। সেখানে সাধু বীড্‌ (Bede) লাতিন ভাষায় চার্চের ইতিহাস গ্রন্থ লেখেন। জারোতে বীডের মৃত্যু হয় ৭৩৫, মে ২৬।

**জালওয়াড** (Zalawad) : সৌরাষ্ট্রের জেলা। ওয়াধান, লিমড়ি, ধরংগধর প্রভৃতি এই জেলার তালুক। আ. ৩,৫০১ ব মা; জন. ৪·৯৬ লক্ষ। প্রধান শহর সুরেন্দ্রনগর।

**জালনা** (Jalna) : হায়দরাবাদ (বোম্বাই, মারাঠাওয়াড); অউরঙ্গাবাদ জেলার শহর। মনমাড-সেকন্দরাবাদ মি. রেলপথের স্টে. (১১০ মা)। গোদাবরীর উপশাখা দুজনা নদীর নিকটে। জন. ৫৮,৪২৩। ...জালনা পুরাতন শহর; এখানকার দুর্গে আবুল ফজল নির্বাসনে বাস করেন। দাক্ষিণাত্যের সুবেদারী আমলে অউরঙ্গজেব এখানে ছিলেন। দুর্গের একটি কূপের মধ্যে চারিদিকে নিভৃত কক্ষ আছে। ...জালনা হইতে ৩০ মা দূরে আসাই যুদ্ধক্ষেত্র। বর্তমানে ব্যবসায়ের কেন্দ্র। এখানে হা. স্টেট, সেনট্রাল ও সমবায় ব্যাংক আছে।

**জালন্ধর বিভাগ** (Jullundhar Division) : পূর্ব-পঞ্জাবের বিভাগ। জেলা ৭টি: অমৃতসর, কাঙড়া, জালন্ধর, ফিরোজপুর, লুধিয়ানা, হোসিয়ারপুর, গুরুদাসপুর (শকরগড় তহশীল বাদে)।

**জালন্ধর** (Jullundhar) : পূ.-পঞ্জাবের জেলা; উ. ও পূর্বে—হোসিয়ারপুর জেলা; দ.—শতদ্রু নদী; প.—পেপসু। আ. ১,৩৩৪ ব মা; জন. ১১,২৭,১৯০। তহশীল ৪টি: জাল, নওশহর, ফিলাউর, নাকোদর। সদর শহর, জন. ১,৬৮,৮১৬। দিল্লী হইতে ২১৫ ও লাহোর হইতে ৭৫ মাইল। কলিকাতা ১০৬৪ মা। বহু সহস্র পঞ্জাবী উদ্বাস্তু আসিয়া বিচিত্র রকমের শিল্প ও ব্যবসায় করিতেছে। ১৪টি ব্যাংক। লাহোর হইতে দয়ানন্দ আংলো-বেদিক কলেজ ও বহু শিক্ষাপ্রতিষ্ঠান এখানে উঠিয়া আসিয়াছে।

**জালম্ব** (Jalamb) : মধ্যপ্রদেশের বুলদানা জেলার রেল-জংশন; নাগপুর হইতে পশ্চিমে ১১৮ মা; বোম্বাই ৩৩৩ মা। জালম্ব-খামগাঁ ৮ মা রেলপথ।

**জালাউন** (Jalaun) : উত্তর প্রদেশ; ঝাঁসী বিভাগের জেলা। উ.-পূর্বে যমুনা নদী; প.—মধ্যভারত। জেলার দক্ষিণাংশ পূর্বে বুন্দেলখণ্ডের মধ্যে ছিল। ১৯৫০-এ কয়েকটি ক্ষুদ্র করদরাজ্য এই জেলাভুক্ত হইয়াছে।

আ. ১,৬৫৮ ব মা ; জন. ৫,৫৫,২৩১। **তহশীল ৪টি :** ওরাই, জালানি, কলপী ও কচ্চ। জেলা বেতোয়া খালের সেচ পায়। প্রধান শহর ওরাই (দ্র.)।

**জালাপাহার** (Jalaphar) : দার্জিলিঙের এক অংশ ও সর্বোচ্চ পাহাড় (৭,১৬০ ফু.) ; সৈন্যছাউনি আছে।

**জালিয়ানবালাবাগ** (Jalianwalabag) : অমৃতসরের মধ্যস্থিত একটি বাগান বা পার্ক। ১৯১৯, এপ্রিল ১৩ প্রায় ২৩৷২৪ হাজার লোক রাউলাট বিলের (দ্র.) প্রতিবাদকল্পে এখানে সমবেত হয়। বাগানটি প্রাচীর-বেষ্টিত ; প্রবেশের একটি মাত্র পথ ও চারি পাঁচটি ফাঁক। সভার কার্য আরম্ভ হইবার পূর্বে একখানি এরোপ্লেন উপরে উড়িতে থাকে, লোকে ইহা দেখিয়া ভীত হয়। কিন্তু পুলিশের গুপ্তচর হংসরাজের কথায় লোকে সভাস্থল ত্যাগ করে নাই। ইতিমধ্যে জেনারেল ডায়ার ১৫ জন রাইফেল-ধারী শিখ ও কয়েকজন গুর্খা সৈন্য লইয়া সেখানে আসেন ও ভিড়ের উপর গুলি ছুড়িতে আরম্ভ করেন ; ১,৬৫০ গুলি ছোড়া হয়। সরকারী হিসাবে ৩৯৭ জন লোক মারা পড়ে ; বহু লোক আহত হয়। এই ব্যাপার জানাজানি হইলে ভারত ও ইংলন্ডে ঘোর আলোচনা সুরু হয়। ফলে একটি কমিশন বসাইয়া (Hunter Committee) ইহার তদন্ত হয়। তদন্ত কমিটি বলিলেন ডায়ারের ব্যবহার অত্যন্ত রূঢ় হইয়াছিল। তজ্জন্য ডায়ারকে কাজ ছাড়িয়া চলিয়া যাইতে হয়। কিন্তু দেশে গিয়া তিনি সাধারণ ইংরেজের নিকট হইতে প্রচুর অর্থ উপঢৌকন পান। তাহাদের ধারণা ডায়ার ব্রিটিশ সাম্রাজ্য রক্ষা করেন। জালিয়ান. ঘটনার পর অসহযোগ আন্দোলনের সূত্রপাত। এই ঘটনার পর রবীন্দ্রনাথ 'স্যর' উপাধি ত্যাগ করেন।

**জালোর** (Jalore) : রাজস্থানের রুক্ষ অঞ্চলের জেলা। আ. ৪,৯২৩ ব মা। জন. ৪·৬০ লক্ষ ; ঘনতা ৯৩। গ্রাম ৬৯০। শহর (৯,৩৮৭ মা) লুনি-মুনাবাও (১৮৩ মা) রেলপথের জং স্টে. সামদারী (২৯ মা) হইতে রানীবারা শাখা রেলপথে অবস্থিত (৩৭ মা) ; জোধপুর হইতে দ.-পশ্চিমে ৭০ মা দূরে। ১১ শতকে নির্মিত শৈলদুর্গ মধ্যযুগের রাজপুতদের বড়রকম আশ্রয়স্থল ছিল।

**জাস্ক** (Jask) : ইরানের অষ্টম প্রদেশের মাকরান জেলার শহর ; ওমন উপসাগরের বন্দর ও বিমানবন্দর ; বেতার স্টেশন। জন. ৫ হাজার।

**জাসদন** (Jasdan) : পূর্বতন পশ্চিম ভা. স্টেটস্ এজেন্সি কাঠিয়াবাড়ের অন্তর্গত করদরাজ্য। রাজ্যের আ. ২৯৬ ব মা. ; জন. ৩৭,৬৭৯('৪১)। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে দেড়লক্ষ টাকা বার্ষিক ভাতা দেওয়া হয়। বর্তমানে বোম্বাই (সৌরাষ্ট্র)-র অন্তর্গত। শহর (জন ৮,৬৯৪) রাজকোট হইতে ৩২ মা দ.-পূর্বে ; অহমদাবাদ হইতে বোতাদ জং (১০৮ মা) হইয়া শাখা লাইনের শেষ স্টেশন (৩৪ মা)। বিবিধ শিল্পের-কেন্দ্র। বাজরা, তুলা, ঘৃত, তেলকল, দেশলাই কারখানা

**জাসো** (Jaso) : পূর্বতন মধ্যভারত এজেন্সির ক্ষুদ্র করদ-রাজ্য ; নাগোদ ও অজয়গড় রাজ্যের মধ্যে অবস্থিত। আ. ৭৪ ব মা ; জন. ৮,৭২৭। রাজাকে ৮,৬০০ টাকা বার্ষিক ভাতা দেওয়া হয়। ...বর্তমানে (মধ্যপ্রদেশ) বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত ; পান্না শহর হইতে ২৫ মা দ.-পূর্বে জাসো গ্রাম অবস্থিত।

**জাহিদান** (Zahidan) : ইরান রাজ্যের অষ্টম প্রদেশের শহর ; পাকিস্তান-বলুচিস্তানের সীমান্তে অবস্থিত ; কোয়েটা হইতে রেলপথ জা. পর্যন্ত গিয়াছে। ইরান হইতে কোয়েটা পর্যন্ত সড়কও এই স্থান দিয়া অতিক্রম করিয়াছে। এই স্থানের নাম ছিল দুজদাব (Duzdab); জন. ৫ হা.। সিয়াস্তান (শকস্থান)-এর প্রাচীন রাজধানীর ধ্বংসাবশেষ নিকটেই।

**জিআরাট** (Jiarat) : প. পাক. ; বলুচিস্থানের শহর, কোয়েটার ৪২ মা উ.-পূর্বে। সিবি জেলার ও পূর্বতন রেসিডেন্টদের গ্রীষ্মবাস ; ৮০০০ ফুট উচ্চ জুনিপারের বন আবৃত পার্বত্য দেশের মধ্যে এই শহর অবস্থিত। শীতকালে গভীর তুষারপাতের জন্য দুর্গম।

**জিওন** (Zion) : ইহুদীদের পুণ্য নগরী জেরুসালেমের মন্দির জিওন নামে পর্বতের একাংশে অবস্থিত। 'জিওন' তাহাদের কাছে অতি শ্রদ্ধার বস্তু। ১৮৯৮-এ পৃথিবীর ধনী ইহুদীরা প্রথম জিওন সংঘ গড়ে ও দেশহীন ইহুদীদের জন্য জেরুসালেমে গৃহাদি নির্মাণের সংকল্প গ্রহণ করে। ১ম মহাযুদ্ধের সময় ইহুদী

অধ্যাপক ডক্টর ভাইসমান (Dr. C. Weizmann) (১৮৭৪) রাসায়নিক গবেষণাদির দ্বারা ব্রিটিশ রণবিভাগকে প্রচুর সহায়তা করেন; সেই কৃতজ্ঞতায় ব্রিটেনের তৎকালীন বৈদেশিক সচিব ব্যালফোর (Balfour) ফিলিস্তানে (ইস্রাইল) ইহুদীদের জাতীয় নিবাস (National home) স্থাপনের পক্ষে মত ব্যক্ত করেন। যুদ্ধশেষে ১৯২০-এ ফিলিস্তান ব্রিটিশ হাই-কমিশনারের আশ্রিত (mandate) দেশ রূপে পরিগণিত হয়। তদবধি এখানে ইহুদীরা আসিয়া বসবাস করিতে শুরু করে। আরবরা এই পুনর্বসনের ঘোর বিরোধী। আরব-ইহুদীদের মধ্যে প্রায়ই দাঙ্গা হয়। ফিলিস্তানে ১৯৪৮, মে ১৪ ব্রিটিশদের ম্যানডেট শাসন-পর্ব শেষ হয়। ডক্টর ভাইসমান ইস্রাইলের প্রথম সভাপতি নির্বাচিত হইলেন। —বর্তমানে জিওনিস্ট নামে ইস্রাইলের মধ্যবিত্তদের দক্ষিণপন্থী একটি রাজনীতিক দল আছে। ১৯৫১-র সাধারণ নির্বাচনে ইহারা পার্লামেন্টে ২০টি আসন দখল করিয়াছিল।

**জিগ্নী** (Jigni) : পূর্বতন মধ্যভারত এজেন্সির করদরাজ্য; আ. ২২ ব মা; জন. ৪,৭৪৫। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৫,৯৫০ টাকা ভাতা দেওয়া হয়। ১৯৪৮-এ রাজ্য বিন্ধ্যপ্রদেশ ভুক্ত ও পরে ১৯৫০-এ উত্তর প্রদেশ অন্তর্গত হামিরপুর জেলা ভুক্ত হয়। শহর—ধেতোয়া ও ধসান নদীর সঙ্গমে, মহোবা হইতে ৪৫ মা উ.-পশ্চিমে অবস্থিত।

**জিঞ্জী** (Gingee) : মদ্রাজ; দক্ষিণ আরকট জেলার শহর। ১৬৯৮-এ অউরঙ্গজেবের সেনাপতি জুলফকর খাঁ বহু বৎসর মারাঠাদের সহিত যুদ্ধ করিয়া জিঞ্জী দুর্গ অধিকার করিতে সমর্থ হন। দাউদ খাঁ আরকটের সুবাদার নিযুক্ত হইয়া জিঞ্জীতে রাজধানী স্থাপন করেন। ১৭১২-এ সাদাৎ আলি খাঁ কর্নাটের নবাব উপাধি লইয়া আরকটে রাজধানী স্থানান্তরিত করিলে জিঞ্জী নিষ্প্রভ হইয়া যায়। ১৭৬১-তে ফরাসীদের নিকট হইতে ইংরেজের অধিকারে আসে। জিঞ্জীর কয়েকটি হিন্দুমন্দির, সাদাৎ আলি খাঁর কবর, জামি মসজিদ প্রভৃতি দর্শনীয় স্থান।

**জেদ্দা** (Jedda, Jidda) : লোহিত সাগরতীরে আরাবিয়া হেজাজের বন্দর ও বিমানঘাঁটি। এই বন্দরে নামিয়া হজযাত্রীরা মক্কায় যায়। মক্কা ৭০ মা মোটর পথে অনেকগুলি ইউরোপীয় শক্তির রাষ্ট্রদূতের অফিস আছে। জন. প্রায় ১ লক্ষ।

**জিব্রল্টার** (Gibraltar ,Jebel al-Tariq) : স্পেনের দক্ষিণে ব্রিটিশ উপনিবেশ; অতলান্তিক ও ভূমধ্য-সাগরের প্রবেশপথে অবস্থিত। আ. ২ ব মা; জন. ২৪,৭৩৬ ('৫৩)। আফ্রিকা উপকূল হইতে ১৪ মা দূরে পার্বত্য অন্তরীপ (Promontory); উচ্চতম গিরিশৃঙ্গ ১,৩০৬ ফুট। সামরিক দিক হইতে অতি গুরুত্বপূর্ণ স্থান। গ্রীকরা ইহাকে 'হারকিউলাসের দ্বার' বলিত। ৭১১-অব্দে আরবরা ইহা অধিকার করে ও ১৪ শতকে স্পেনীয় শক্তি প্রথম উদ্ধার করে। ১৭০৪-এ ইংরেজরা জয় করে ও ১৭১৩ তে উটরেখ্ট্ (Utrecht) চুক্তির ফলে ইহা ব্রিটিশ অধিকার ভুক্ত হয়। অন্তরীপের উ.-পশ্চিমে উপনিবেশের শাসনকেন্দ্র জিব্রল্টর শহর (জন. ১৯,২৭৮) অবস্থিত। এই বন্দরটি সকল দেশের নিকট উন্মুক্ত। প্রাকৃতিক দৃশ্যর জন্য পর্যটকদের লোভনীয় স্থান। স্পেনের একটি শক্তিশালী দল জি. পুনরায় স্পেনরাজ্যভুক্ত করিবার জন্য দাবী জানাইতেছে।

**জিবুতি** (Jibuti ; Djibuti) : আফ্রিকা; ফরাসী সোমা-লিলন্ডের রাজধানী ও বন্দর; আদন উপসাগরের একটি খাড়ির উপর অবস্থিত; এখান হইতে ইথিওপিয়ার রাজধানী আদ্দিস-আবাবা পর্যন্ত রেলপথ (৪৮৫ মা) ১৯১৭-এ সমাপ্ত হয়। লবণ প্রস্তুত ও রপ্তানির কেন্দ্র। জন. ১৭ হা.।

**জিয়লগোড়া** (Jealgora) : বিহার; মানভূম (ধানবাদ) জেলার গ্রাম; এখানে সেন্ট্রাল ফুয়েল রিসার্চ ইনস্টি-টিউট (১৯৫০, এপ্রিল ২২) স্থাপিত হইয়াছে। ভাওড়া বাই-প্রোডাক্ট কোক্ প্লাণ্ট নিকটে।

**জিয়াগঞ্জ** (Jiaganj) : মুর্শিদাবাদ জেলা; লালবাগ মহ.র থানা ও আজিমগঞ্জ মিউনি. অন্তর্গত শহর। গঙ্গার পূর্বতীরে জিয়াগঞ্জ, পশ্চিমতীরে আজিমগঞ্জ। জিয়াগঞ্জ শহর, কলিকাতা-ভগবানগোলা রেলপথের স্টেশন (১২৭ মা); বহরমপুর ৯ মা দূরে। গঙ্গার উভয় তীরস্থ

গঞ্জে নাহার, নাহাট্টা, দুধোরিয়া, নওলক্ষা প্রভৃতি উপাধিধারী বহু মাড়োয়ারী জৈন বণিক পুরুষানুক্রমে স্থায়ীভাবে বাস করিতেছেন। ইহাদের নির্মিত জৈন মন্দিরগুলি দর্শনীয়। ...জিয়াগঞ্জ থানার আ. ২০ ব মা; জন. ২১,১৩০; ঘনতা ১,৪১৯। থানার এলাকায় ৪৪ গ্রাম। এই অঞ্চলের প্রাচীন নাম গাম্ভীলা। লা. সমবায় ব্যাংক। শ্রীপৎসিংহ ইণ্টার. কলেজ (১৯৪৯)। ২টি উচ্চ বিদ্যালয়।

**জিয়েলখোলা** : দ্র. গিয়েলখোলা

**জীবননগর** ( Jibannagar ) : কুষ্টিয়া জেলা ; চুয়াডাঙা মহ.র থানা ; আ. ৭৭ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর।

**জীন্দ** ( Jind ; Jhind ) : পঞ্জাবের পূর্বতন ফুলকান শিখ করদরাজ্য। রাজ্যের আ. ১,২৯৯ ব মা ; জন. ৩৬১,৮১২ ('৪১)। পাতিয়ালা, নাভা ও জীন্দের পূর্বপুরুষত্রয় চৌধুরী ফুল-এর বংশধর বলিয়া এই রাজ্য গুলিকে ফুলকান স্টেট বলা হয়। গজপত সিংহ জীন্দ রাজ্যর স্থাপয়িতা (১৭৬৩)। ...শিখযুদ্ধের অবসানে ইহারা ব্রিটিশ অধীনে করদরাজ্য হন। রাজ্যের আয় ছিল ২৫'২৩ লক্ষ টাকা। কর দিতে হইত না। ১৯৪৮-এ ভারতভুক্ত এবং এখন পে-প-স্থর অন্তর্গত। মহারাজা ১৩ তোপের সম্মান পাইতেন। রাজা বার্ষিক ৩,২৮,১০০ টা. ভাতা পান। জীন্দ শহরের জন. ১৯,৪৪৯। দিল্লী-ফিরোজপুর রেলপথের জং (৭৯ মা) ; এখান হইতে পানিপথ ৪৪ মা। রাজধানী ছিল সাংরুর ; আধুনিক শহর, লুধিয়ানা-জাখাল-হিসার রেলপথের উপর (৪৯ মা) অবস্থিত। ...পাতিয়ালা ব্যাংক।

**জুয়ান ফারনানদেজ** ( Juan Fernandez Is. ) : দ. প্রশান্ত মহাসাগরের দুইটি পার্বত্য দ্বীপ ; চিলি রাজ্যের অধীন ; ভ্যালপারাইসো বন্দরের ৩৬০ মা পূর্বে। আলেকজানডার সেলকার্কের স্বগতোক্ত কবিতা ও ডিফোর রবিন্সন ক্রুসোর বর্ণিত দ্বীপের সহিত এই দ্বীপকে সনাক্ত করা হয়।

**জুগোস্লাবিয়া** ( Yugoslavia ) : দ্র. যুগোস্লাবিয়া

**জুডিয়া** ( Judea, Judaea ) : প্রাচীন ফিলিস্তানের ( Palestine) দক্ষিণাংশ। ইহুদীরা বাবিলনীয় বন্ধনদশা হইতে মুক্তি লাভ করিয়া এই অঞ্চলে (খ্রী.পূ. ৭ম শতক) উপনিবেশ স্থাপন করে। যাহারা পূর্ব হইতেই বাস করিতেছিল, তাহারা উত্তরাংশে বা ইস্রাইলে ছিল। জুডিয়ার রাজধানী জেরুসালেম। এখানে পৃথক রাজ্য গঠিত হয়। নেবুকাডনেজার কর্তৃক জু. ধ্বংস হয়।

**জুনাগড়** (Junagarh) : পূর্বতন কাঠিয়াবাড়ের করদ-রাজ্য ; আরব সাগর তীর পর্যন্ত বিস্তৃত। আ. ৩,৩৩৭ ব মা ; জন. ৬,৭০,৭১৯ ('৪১)। ১৯৪৭-এ ভারত স্বাধীন হইলে এখানকার মুসলমান নবাব পাকিস্তানের সহিত মিলিত হইতে চান ; কিন্তু হিন্দুপ্রধান জনমত প্রবল হইয়া উঠিলে নবাব দেশ ছাড়িয়া পাকিস্তানে আশ্রয় গ্রহণ করেন ; তখন ভারত সরকার শাসনভার লইয়া ইহাকে সৌরাষ্ট্রভুক্ত করেন। জুনাগড় রাজ্য মধ্যে গিরনার (দ্র.) পর্বত ; সমুদ্র উপকূলে ১৬টি বন্দর আছে। রাজ্যের নিজস্ব রেলপথ ছিল ২২৯ মা। ...জুনাগড় শহর ( জন. ৬২,৭৩০ ) গিরনার পাহাড়ের পাদদেশে অবস্থিত ; সৌরাষ্ট্রর (বোম্বাই) সোরাট জেলার সদর কেন্দ্র। রাজকোট-ভেরাবল মিটার রেলের জং স্টেশন। রাজকোট ৬৩ মা। এখান হইতে বিসাবাদর (Visavadar) পর্যন্ত আর একটি লাইন গিয়াছে (২৭ মা)। ব্যাংক অব ইন্ডিয়া, দেবকরণ, সৌ. স্টেট ব্যাংক।

**জুনার** (Junnar) : বোম্বাই ; পুণা জেলার তালুক ও শহর। জন. ১১,৬৩২। এখানকার পাহাড়ে খ্রী. পূ. ১ শতকের খোদিত গুহা আছে ; চৈত্য গৃহটি অসমাপ্ত। প্রবেশ মুখের কারুকার্য দর্শনযোগ্য।

**জুবল** (Jubbal, Jubal) : হিমাচল প্রদেশের অন্তর্গত পূর্বতন পঞ্জাবের করদরাজ্য। আ. ২৭৪ ব মা ; জন. ২৯,৮০২ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে এক লক্ষ টাকা ভাতা দেওয়া হয়। রাজধানী ছিল দেওরা (Deorha)।

**জুরা পর্বতমালা** (Jura) : ফ্রান্স ও সুইট্জারল্যন্ড-এর মধ্যে কতকগুলি পর্বতমালার সাধারণ নাম ; সমগ্র মালভূমি ১৫৫ মা দীর্ঘ ও ৪০ মা প্রস্থ। গড় উচ্চতা ২০০০—২৫০০ ফুট।...ফ্রান্সের একটি প্রদেশের নাম।

**জুরিক, ৎস্যুরিক** (Zurich) : সুইট্জারল্যান্ডের বৃহত্তম, ধনীপ্রধান নগর ; জুরিক হ্রদের উপর অবস্থিত। সুইস জাতীয় গ্রন্থাগার, শিল্প সংগ্রহ ও মিউজিয়াম বিখ্যাত। জন. ৪০,৯,৩০০ ('৫৩)। রাষ্ট্রের প্রধান শিক্ষাকেন্দ্র।

**জুলুল্যান্ড** (Zaluland) : দ. আফ্রিকার ইউনিয়নের নাটাল প্রদেশের জেলা ; ভারত মহাসাগর তীরে। আ. ১০,৪২১ ব মা ; জন. ৩,৯৮,৪৬০ ; ইহার মধ্যে ১১—১২ হা. শ্বেতকায়, অবশিষ্ট ৩·৮৭ লক্ষ লোকই জুলু ও অন্যান্য আফ্রিকান উপজাতি। ...এই অঞ্চলে ১৮৩৮-এ ডাচ্-বুয়ররা উপস্থিত হয় ও জুলুদের দেশ জয় করিবার চেষ্টা করে ; জুলু সর্দার ডিংগান (Dingaan)-এর নেতৃত্বে বুয়ররা পরাভূত ও নিহত হয়। অবশেষে আনড্রিজ প্রিটোরিয়াস নামে সাহসিকের নিকট যুদ্ধে জুলুরা পরাজয় স্বীকার করে (১৮৩৮)। ইহার ৪০ বৎসর পর ইংরেজরা (১৮৭৮) দ. আফ্রিকায় প্রবেশ করে ও নানাভাবে জুলুদের উপর অত্যাচার সুরু করে। ১৮৭৯, জানুয়ারী মাসে লর্ড চেমস্ফোর্ড জুলুদেশ আক্রমণ করিলে তাঁহার সমস্ত দলবল নিহত হয়। কয়েক মাস পরে উলুন্দির যুদ্ধে (১৮৭৯, অগস্ট) জুলুরা পরাভূত হইল এবং তাহাদের সর্দার, যিনি এতদিন যুদ্ধ চালাইয়া আসিতেছিলেন, সেই সেটেবায়ো (Cetewayo) বন্দী হইলে, জুলুদের দেশ ইংরেজদের অধিকারে আসিল (১৮৮৭)। ১৮৯৭-এ এই দেশ নাটাল রাজ্যভুক্ত হয়। ১৮৮৮ হইতে ১৯০৭ পর্যন্ত বহুবার জুলুরা স্বাধীন হইবার জন্য বৃথাই বিদ্রোহ করিয়াছে। এখন তাহাদের জমিজমা ইংরেজ ও বুয়রদের বাগিচা (Farm) ; অধিকাংশ জুলুরা শহরে ও খামারে শ্রমিক।

**জেকেনগর** (J K Nagar) : আসানসোল ও রানীগঞ্জের মধ্যে রেলের পূর্বদিকে বিরাট আলুমিনিয়াম কারখানা। গ্রামের নাম অনুপনগর। যুগলপদ কমলাপদ (Jugal-pada Kamalapada) নামে মাড়োয়াড়ী এই শিল্পের প্রতিষ্ঠাতা। এখানে আকরিক বক্সাইট হইতে আলুমি. ও আলুমি.-জাত বহু উপ.পদার্থ তৈয়ারি হয়। কোম্পানির মূলধন দেড়কোটি টাকা।

**জেজাকভুক্তি** (Jajakabhukti) : বুন্দেলখণ্ডের প্রাচীন নাম জেজাকভুক্তি ; চন্দেল রাজপুতদের রাজ্য। যমুনা ও নর্মদা নদীদ্বয়ের মধ্যভাগস্থ ভূখণ্ড। এই রাজ্যের দক্ষিণে ছিল চেদি রাজ্য। ৯ শতকে চন্দেল রাজ্য প্রতিষ্ঠিত হয়। এই বংশের যশোবর্মন কালঞ্জর দুর্গ জয় করেন ; এছাড়া মহোবা, খজুরাহো অধিকৃত হয়। ইহার পুত্র ধংগ (৯৫৪-৯৮) কনৌজের প্রতিহার-রাজকে যুদ্ধে হারাইয়া যমুনা হইতে নর্মদা পর্যন্ত রাজ্য বিস্তার করেন। ধংগের এক বংশধর সুলতান মামুদের নিকট পরাভূত হয়। ১২০২ অব্দে ম. ঘোরীর সেনাপতি কুতবউদ্দীন কালঞ্জর অধিকার করিলে জেজাকভুক্তির অবসান হয়।

**জেটালসর** (Jetalsar) : সৌরাষ্ট্র (বোম্বাই) রাজ্যের ক্ষুদ্র গ্রাম ; জেটপুর হইতে ২ মা দূরে রেল জংশন ; পোরবন্দর হইতে ৭৮ মা ; রাজকোট হইতে ৪৭ মা।

**জেতপুর** (Jetpur) : পূর্বতন কাঠিয়াবাড়ের করদরাজ্য ; আ. ১২০ ব মা। জন. ৩৫,১৪৫। রাজা ভারত সরকার, বড়োদা ও জুনাগড়কে কর দিতেন। বর্তমানে সৌরাষ্ট্র (বোম্বাই) রাজ্যের অন্তর্গত তালুক। —শহরের জন. ২৮,৫৪৪। রেলপথে পোরবন্দর ৮২ মা ; মোটররাস্তায় ৬৩ মা। রাজকোট ৪০ মা। সেন্ট্রাল, ইউনিয়ন ব্যাংক।

**জেনা** (Jena) : দ্র. য়েনা।

**জেনেভা হ্রদ** (Geneva lake) : সুইট্জারল্যান্ড ও ফ্রান্সের মধ্যস্থিত হ্রদ। অর্ধচন্দ্রাকারে ৪৫ মা দীর্ঘ ; ৮½ মা প্রস্থ। মোট আ. ৩০৬ ব মা। গভীরতম অংশ ১০১৬ ফুট। রোন নদী দ.-পূর্বে প্রবেশ করিয়া জেনেভা নগরের নিকট নির্গত হইয়া গিয়াছে। এই হ্রদের দৃশ্য মনোরম। রুশো ও কবি বাইরন ইহার তীরে বাস করিয়াছিলেন। ...জে. হ্রদের কিয়দংশ ফ্রান্স রাজ্যান্তর্গত।

**জেনেভা** (Geneva, Geneve, Genf) : সুইট্জারল্যান্ডের সমৃদ্ধ নগর ; ঘড়ি তৈয়ারির জন্য প্রসিদ্ধ। এখানে একটি বিশ্ববিদ্যালয় আছে (১৫৫৯ ; ১৮৯২-এ সংস্কারকৃত)। ১৯২১ হইতে লীগ অব নেশন্সের অফিস। বহু ইমারত এজন্য নির্মিত হয়। জাতিসমূহের প্রাসাদে (Palais des Nations) বর্তমানে রাষ্ট্রসংঘের অধীন নিম্নোধৃত প্রতিষ্ঠানগুলির অফিস স্থাপিত :

আন্তর্জাতিক বাণিজ্য প্রতিষ্ঠান (I.T.O.) ; বিশ্বস্বাস্থ্য প্রতিষ্ঠান (W.H.O.) ; উদ্বাস্তুবিষয়ক রাষ্ট্রসংঘের হাই-কমিশনারের অফিস ; আন্তঃ টেলি-কমিউনিকেসন ইউনিয়ন (I.T.N.) ও আন্তঃ শ্রম-প্রতিষ্ঠানের (I.L O.) অফিস। আন্তর্জাতিক শ্রমিক সঙ্ঘ I.L.O. ১৯১৯-এ এখানে 'লীগ অব নেশনসে'র অন্তর্ভুক্ত স্বশাসিত প্রতিষ্ঠানরূপে স্থাপিত হয়। জেনেভায় বহু আন্তর্জাতিক সম্মেলন হইয়াছে।

**জেনোয়া** (Genoa) : ইতালির বন্দর ; অতি প্রাচীনকাল হইতে বন্দররূপে খ্যাত ; মধ্যযুগে ভেনিসের প্রতিদ্বন্দ্বী বাণিজ্যনগরী। ভেলভেট ও রেশম শিল্প প্রধান। ১২৪৩-এ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। কলম্বাসের জন্মস্থান। জন. ৬,৭৮,০০০ ('৫১)। ১৯২২-এ এখানে ইউরোপীয় রাজনীতিকদের এক বৈঠকে রুশ প্রতিনিধি সর্বপ্রথম যোগদান করে।

**জেরিকো** (Jericho) : আরবি-এরিহা জর্দন রাজ্যের অন্তর্গত নগণ্য স্থান। পূর্বকালে প. এশিয়ার বিখ্যাত নগরী। খ্রী. পূ. পঞ্চাশ শতকের নবপ্রস্তর যুগের উন্নতিশীল সভ্যতার চিহ্ন পাওয়া গিয়াছে। ঐতিহাসিক যুগের কয়েকটি স্তরে নানা কালের নগরীর চিহ্ন খনন করিয়া আবিষ্কৃত হইয়াছে। বাইবেলে এই নগরীর উল্লেখ আছে। ক্রুজেডারদের সময় ইহার শেষ ধ্বংস কার্য সম্পন্ন হয়। ১২ শতক হইতে ইতিহাসে আর নাম পাওয়া যায় না।

**জেরুসালেম** (Jerusalem) : প্রাচীন ফিলিস্তানের (পালেস্টাইন) রাজধানী। জিওন ও আরও তিনটি পর্বত দ্বারা নগর বেষ্টিত বলিয়া সুরক্ষিত। ভূমধ্য সাগরতীর ৩৩ মা। ইহুদী ও খ্রীষ্টানদের তীর্থস্থান। ইহুদীদের রাজা দাউদ (খ্রী. পূ. ১০০০) জেরুসালেমে রাজধানী স্থাপন করেন। সলোমন প্রথম মন্দির নির্মাতা। ইহুদীদের ইতিহাসের সহিত এই নগরীর ইতিহাস যুক্ত। বহুবার বাবিলনীয়, গ্রীক ও রোমানরা ইহার ধ্বংসসাধন করে। খ্রীষ্টীয় ৩৩৩-অব্দে খ্রীষ্টের সমাধিমন্দির স্থাপিত হয় বলিয়া কিংবদন্তী। ...আরবরা ৬৩৭ অব্দে এই অঞ্চল অধিকার করে ও সেই হইতে এখানে মুসলমানদের আধিপত্য। ১১ শতকের আরম্ভভাগে তুর্কীরা প. এশিয়ায় প্রবল হয়। এই সময়ে ইউরোপ হইতে খ্রীষ্টানদের ক্রুজেদ অভিযান আরম্ভ হইল ; ১০৯৯-এ জেরুসালেম ক্রুজেডারগণ উদ্ধার করিয়া খ্রীষ্টানী-রাজ্য স্থাপন করে। ১১৮৭ অব্দে সালাহুদ্দিন (Saladin) জেরু. জয় করেন। ইহার পর ১৯১৭-এ প্রথম মহাযুদ্ধের সময় ব্রিটিশ সেনাপতি আলেনবী সসৈন্যে জেরু. দখল করেন।

যুদ্ধান্তে ১৯২১ হইতে জিওন (দ্র.) আন্দোলনের ফলে ফিলিস্তানে ইহুদীদের পুনর্বসন আরম্ভ হয়। ব্রিটিশ ম্যানডেট পর্ব শেষ হইলে ইংরেজসৈন্য এস্থান ত্যাগ করে ও ১৯৪৮, মে মাস হইতে ইহুদী ও আরবদের মধ্যে জেরুসালেমের স্বামিত্ব লইয়া যুদ্ধ শুরু হয়। অবশেষে পুরাতন জেরু. আরবদের অংশে ও নূতন জেরু. ইহুদীদের অংশে পড়িল। ১৯২৩-এ ইহুদীরা যে হীব্রু বিশ্ববিদ্যালয় নির্মাণ করে, তাহা আরব এলাকায় পড়িয়াছে। জন. ১,৫০,০০০।

**জেসলটন** (Jesselton) : উত্তর বোরনিও-র রাজধানী ও বন্দর ; সিঙ্গাপুর হইতে এক হাজার মা উ.-পূর্বে। শহরতলী সমেত জন. ১১,২৬৬।

**জেহোল** (Jehol) : চীনের উত্তর-পূর্ব প্রদেশ। উ.—অন্তর্মোংগোলিয়া ; দ.—হোপে। জেহোলের মধ্য দিয়া চীনের মহাপ্রাচীর চলিয়া গিয়াছে। আ. ৪৪,০০০ ব মা ; জন. ৬১'১০ লক্ষ ('৫২)। রাজধানী চেংতে (Chengteh)। ১৯৩৩-এ জাপান এই প্রদেশ অধিকার করিয়া মানচুকুওর সহিত যুক্ত করিয়া দেয়। জাপান পরাভূত হইলে এইসব অঞ্চল চীন ভুক্ত হয়।

**জোগ** (Jog) : মহীশূর রাজ্যের শিমোগা জেলায় সরবতী নদীর তীরে উপনিবেশ ; তালগুপ্পা শেষ রেল স্টেশনের ৬ মা পূর্বে ও শিমোগা শহর হইতে ৫৫ উ.-পশ্চিমে। ঘাট পর্বতের গেরোসোপা জলপ্রপাত (৮২৯ ফুট) বাঁধিয়া মহাত্মা গান্ধী নামে জলবিদ্যুৎ কারখানা স্থাপিত হইয়াছে ; এখানে ১'২০ লক্ষ কিলোওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইতেছে। নানা শিল্পপ্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা আছে। হুবলী, ধারবার, গদগ প্রভৃতি স্থানে বিদ্যুৎ-শক্তি নীত হইতেছে।

**জোগবনী** (Jogbani) : বিহার; পূর্ণিয়া জেলার আরেরিয়া

মহকুমার শহর, নেপাল সীমান্তে অবস্থিত। কাটিহার জংশন হইতে শাখা রেলপথের শেষ স্টেশন (৬৭ মা)। এই স্থানের প্রাকৃতিক দৃশ্য অতি মনোরম; অদূরে তরাই-এর গভীর অরণ্য ও হিমালয়ের সানুদেশ। জোগবনী হইতে নেপালরাজ্যের অন্তর্গত বরাহছত্র ও দণ্ডপীঠ তীর্থে যাইতে হয়; কোশী নদীর তীর দিয়া পার্বত্যপথে প্রায় ৪০ মা।

**জোগিন্দরনগর** (Jogindarnagar): হিমাচলপ্রদেশ; মন্ডি জেলার তহশীল শহর; বিপাশা নদীর তীরে। পাঠানকোট হইতে ছোট রেলে ৮৯ মা। এখানকার জলবিদ্যুৎ স্টেশন হইতে উত্তর ভারতের প্রধান প্রধান শহরগুলি (দিল্লী, সিমলা প্রভৃতি) বিদ্যুৎ পাইবে। ইহা উল (Uhl) নদী-উপত্যকার পরিকল্পনাভুক্ত।

**জোজিলা** (Zojila): পশ্চিম হিমালয়ে কাশ্মীরের মধ্যে গিরিপথ (১১,৫৭৮ ফুট)। শ্রীনগর হইতে ৪০ মা উ.-পূর্বে শ্রীনগর-লেহ সড়কের মধ্যে পড়ে। ইহাই এ অঞ্চলের সর্ব নিম্ন গিরিপথ।

**জোড়বাংলা** (Jorbangla): দার্জিলিং জেলার সদর মহ.র থানা। আ. ৫৬ ব মা; জন. প্রায় ১৯ হা; ঘনতা ৫১৩।···শহর দার্জি.র পশ্চিমে, পাহাড়িয়া পথে মোটর চলাচল করে। চা-বাগিচা অঞ্চল।

**জোড়হাট** (Jorhat): আসাম; শিবসাগর জেলার মহ., থানা ও শহর। মহ.র আ. ১০৯৪ ব মা; জন. ৪,৩৪,৬৬০; ঘনতা ৩৯৭। মহকুমার অন্তর্গত থানা ৪টি: সদর, মাজুলি, তিওক, টিটাবার।···জোড়হাট শহরের জন. ১৬,১৬৪।···নর্থ ঈ. রেলওয়ের স্টেশন; পাণ্ডু-তিনসুকিয়া লাইনের ফারকাটিং জং (২০৪ মা) হইতে শাখা লাইনের স্টেশন (৪২ মা)।···ইহা অসমিয়া সংস্কৃতির বিশিষ্ট কেন্দ্র। আসামের কৃষি ডিগ্রী কলেজ (১৯৪৭); সাধারণ কলেজ (১৯৩০)। গৌহাটি, আসাম সমবায় ব্যাংক। গৌহাটি হইতে বিমান যোগে (১৭১ মা) দুই ঘণ্টার পথ; কলিকাতা হইতে ৪৮১ মা; ৪ ঘণ্টার পথ।

**জোধপুর রাজ্য** (Jodhpur): মারওয়ার, মাড়োয়ার; রাজস্থানের অন্তর্গত দেশ; ১৯৪৮ হইতে ভারতভুক্ত। পূর্বতন রাজপুতনার করদরাজ্য। আ. ৩৬,১২০ ব মা। জন. ২৫,৫৫,৯০৪ ('৪১)। হিন্দু ৮৩%। রাজস্ব ছিল ১·৪১ কোটি টাকা।···রাজ্যের অধিকাংশ মরুময়। পশ্চিম হইতে মরুভূমি দ্রুত অগ্রসর হইয়া আসিতেছে। উহা প্রতিরোধের চেষ্টা হইতেছে। বৃষ্টি সামান্য; লুনি নদী ক্ষীণ-স্রোতা; দেশে অত্যন্ত জলাভাব, গভীর কূপ হইতে জল তুলিয়া কৃষিকার্য হয়। অধিবাসীদের সাধারণ ভাষায় মাড়োয়ারি বলা হয়। সম্বর হ্রদ জোধপুর ও জয়পুরের সীমানায় অবস্থিত; উভয় রাজ্য ব্রিটিশ আমলে ভারত সরকারের নিকট হইতে লবণ তৈয়ারি করার জন্য খাজনা পাইত। ...শ্বেত পাথরের বিখ্যাত আকর মাকরান এই রাজ্য অন্তর্গত।···জোধপুরের রাজারা রাঠোর বংশীয় রাজপুত ও রামচন্দ্রের বংশধর বলিয়া দাবী করেন।··· ম. ঘোরীর দ্বারা কনৌজ ধ্বংস হইলে রাজ্যের ক্ষত্রিয়-গণ ঐ স্থান ত্যাগ করিয়া দ্বারকাভিমুখে যাইবার পথে এই দেশে বসবাস আরম্ভ করে (১২১২)। ১৪৫৯ অব্দে এক সর্দার জোধপুর নগরী পত্তন করেন। এই রাজারা মুঘলদের বিরুদ্ধে কখনো যুদ্ধ করে নাই। মুঘলদের পতনের পর মারাঠারা এই সব দেশের উপর সহজেই প্রভুত্ব স্থাপন করে। মারাঠাদের পতনের পর জোধপুর-রাজ ব্রিটিশদের সহিত সন্ধি করে (১৮১৮) ও সেই হইতে রাজারা বংশানুক্রমে ১৯৪৮ পর্যন্ত রাজত্ব করিয়া আসিয়াছিল। রাজা ১৭ তোপ পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ১৭·৫০ লক্ষ টাকা ভাতা পান।···জোধপুর শহর দিল্লী-অহমদাবাদ মিটার লাইনের মাড়োয়ার জংশন হইতে যাইতে হয়। বোম্বাই হইতে ৫৮৮ মা। কলিকাতা হইতে আগ্রা ফোর্ট জংশনে বদল করিয়া মিটার লাইনে মাড়োয়ার ১,১০৩ মা। মা. হইতে জোধপুর ৬৪ মা। এখান হইতে সিন্ধু-হায়দরাবাদ পর্যন্ত রেলপথ আছে (৩১৯ মা)।···শহর প্রাচীর বেষ্টিত, প্রায় ৬ ক্রোশ আয়তন। প্রাচীরে ৭০টি দ্বার। পাহাড়ের উপর দুর্গ মধ্যে প্রাসাদ। জন. ১,৮০,৭১৭ ('৫১)।···বিমান বন্দর ও বৈমানিক শিক্ষাকেন্দ্র (Air Force Academy No. 2)। যশবন্ত কলেজ রাজস্থান বিশ্ববিদ্যালয় অন্তর্গত।

জোধপুর রাজস্থানের জেলা। আ. ৯,০২৪ ব মা। জন ৬,৯১,৮৮৬। বৃদ্ধি ২০·৬% ; ঘনতা ৭৭। জোধপুর শহরের ব্যাংক : বিকানীর, জয়পুর, রাজস্থান, স্টেট, প. ন্যাশনাল, ইউনা. কমার্স প্রভৃতি।

**জোধপুর স্টেট রেলওয়ে** ( Jodhpur State Railway) : ১৮৮১ সালে স্টেট রেলপথ খোলা হয়। ৮০৭ মা দীর্ঘ। ১৯৫১ হইতে নর্দার্ন বা উত্তর রেলওয়ে জোন অন্তর্গত।

**জোবাট** ( Jobat ) : পূর্বতন মধ্যভারত এজেন্সির ক্ষুদ্র করদরাজ্য। আ. ১৩১ ব মা ; জন. ২০,১৪৫ ( '৪১ ) ১৯৪৮ হইতে মধ্যভারতের ( মধ্যপ্রদেশ ) ঝাবুয়া জেলার অন্তর্ভুক্ত । ঝাবুয়া ও আলিরাজপুরার মধ্যস্থলে অবস্থিত। ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩২,৫০০ টা ভাতা দেওয়া হয়।

**জোম্বা** ( Zomba ) : আফ্রিকা ; নাইসাল্যন্ড-এর রাজধানী ; শহর ২৯০০ ফুট উচ্চ মালভূমের উপর অবস্থিত। জন. ৬,৮০০।

**জোয়াই** (Jowai) : আসাম ; খাসিয়া-জয়ন্তিয়া জেলার মহকুমা। আ. ১,৫১৩ ব মা ; জন. ৬৭,৬৩১ ; ঘনতা ৪৫। ...জোয়াই জয়ন্তিয়া অংশের প্রধান শহর। শিলং হইতে ২২ মা দ.-পূর্বে।

**জোরা** (Jora) : মধ্যভারত মধ্যপ্রদেশ মোরেনা জেলার শহর ; গবালিয়র-শিবপুর (Sheopur) সরু রেলপথের স্টেশন ; গবা হইতে ৪৮ মা পশ্চিমে। জন. ৬,৬১৯। ইন্দোর ব্যাংক, সমবায় ব্যাংক।

**জোশী মঠ** : দ্র. যোশী মঠ।

**জোহানেসবার্গ** (Johannesburg) : দ. আফ্রিকা ইউনিয়নের নগর ; ট্রান্সভাল-এর অন্তর্গত ; কেপ টাউন হইতে উ.-পূর্বে ৯৭৫ মা। পোর্তুগীজ মোজাম্বিকের বন্দর লোরেনসো-মারকুইস (Lourenco Marques)। হইয়া যাওয়া-আসার পথ। স্বর্ণখনির কেন্দ্র। বিশ্ববিদ্যালয়। ট্রান্সভালের সার্ভেয়ার-জেনারেল জোহানস রিসিক-এর (Johannes Rissik) নামানুসারে ১৮৮৬-অব্দে নগর স্থাপিত। জন. ৭·৮৩ লক্ষ। এখানকার বিমান বন্দর হইতে এরোপ্লেন সরাসরি লন্ডন যায়।

**জোহোর** (Johore) : মালয় ফেডারেশনের অন্যতম রাজ্য ; চীন সাগর ও মালাকা উপসাগরের মধ্যে অবস্থিত। আ. ৭,৩৩৪ ব মা ; জন. ৮,৬০,৫২৩ ('৫২)। রাজধানী জোহোর-বরু ( জন. ৩৯ হা. )। এই দেশ মালাকা, নেগরি-সেমবিলান ও পাহং রাজ্য দ্বারা পরিবেষ্টিত। সংকীর্ণ জো. প্রণালীর অপর পারেই সিঙাপুর দ্বীপ। দেশ সাধারণত সমতল, অরণ্যময় ; মুআর ও অন্যান্য নদী ধৌত ; লৌহ, বক্সাইট আকর। রবার ও আনারস এবং নারিকেলের চাষ পর্যাপ্ত। আনারস টীনে ভরিয়া রপ্তানি হয়। জনতার প্রায় অর্ধেক চীনা, ৪২% মালয়। জোহোর ১৫ শতকে মালাকার মুসলমান সুলতানদের আয়ত্তে আসে। ১৫১১-এ মালাকা পোর্তুগীজদের দ্বারা অধিকৃত হইলে, মালাকার পলাতক সুলতান এতদঞ্চলে রাজ্য স্থাপন করেন। রাজধানী হয় রিওউ (Riouw)। কালে সুলতানের অধীনস্থ জোহোরের শাসকরা স্বাধীন হইয়া উঠে এবং ইংরেজরা সেই সুযোগে তাঁহাদের স্বাধীন সত্তা মানিয়া লয়। ১৮৮৫ ব্রিটিশদের সহিত সহকারীভাবে সম্বন্ধ স্থিরীকৃত হয়। ১৯১৪-এ সুলতান ব্রি. প্রোটেকটোরেট মানিয়া লন। ২য় মহাযুদ্ধের পর মালয় ফেডারেশন ভুক্ত। ...পৃথক স্ট্যাম্প।

**জৌগড়** (Jaugarh) : ওড়িশা ; গঞ্জাম জেলার গ্রাম। ঋষিকুল্যা নদীতীরে ; ব্রহ্মপুর হইতে ১৪ মা উ.-পূর্বে ছত্রপুর থানার মধ্যে অবস্থিত। এখানে অশোকের চৌদ্দটি শিলাশাসন (Rock edict)-এর অন্যতম শিলালেখ আছে। কলিঙ্গ বিজয়ের পর উহা উৎকীর্ণ হয়।

**জৌগ্রাম** (Jaugram) : বর্ধমান জেলার জামালপুর থানার গ্রাম ; কর্ড লাইনে কলিকাতা হইতে ৪১ মা। স্টেশন হইতে জলেশ্বরের শিবমন্দিরের চূড়া দেখা যায় ; অনুমান ১০ শতকে উহা নির্মিত হইয়াছিল। ... জৌগ্রাম হইতে ৩ মা. দূরে কুলীনগ্রাম (দ্র.)।

**জৌনপুর** (Jaunpur) : উত্তর প্রদেশ; বারানসী বিভাগের জেলা ও শহর। জেলার আ. ১,৫৫৪ ব মা ; জন. ১৫·১৭ লক্ষ ('৫১)। বৃষ্টি ৪২"। শহর গোমতী নদীতীরে। মোগলসরাই-ফয়জাবাদ লুপ লাইনে, কলি. হইতে ৫১৫ মা। ইলাহাবাদ ৫২ মা দূরে। এখানকার

ফুল ও সুগন্ধী তেল বিখ্যাত। জন. ৫২,৩৫১। বিহার, সেন্ট্রাল ব্যাংক, সমবায়।

**জৌনপুর** (Jaunpur) বর্তমান জৌনপুরকে কেন্দ্র করিয়া ১৩৯৪ অব্দে শরকী (Sharqi) বংশীয় খাজা-ই-জহান এখানে স্বাধীন রাজ্য স্থাপন করেন। ১৩৬০ এইস্থানে ফিরোজ তুঘলক নগর পত্তন করেন; তাঁহার ভ্রাতা জুনা খাঁনের (পরে যিনি মহদম্ম তুঘলক নামে খ্যাত) নামানুসারে নগরের নাম দেওয়া হয় জৌনপুর। খাজা-ই-জহান বংশের শ্রেষ্ঠ নরপতি ইব্রাহিম ৩৪ বৎসর (১৪০২-৩৬) রাজত্ব করেন। তাঁহার সময় বিখ্যাত অটল মসজিদ নির্মিত হয়। পূর্বে ঐ স্থানে অটলা দেবীর হিন্দু মন্দির ছিল। মন্দির ভাঙ্গিয়া উহার প্রস্তরাদি মসজিদে ব্যবহৃত হইয়াছিল। ... ...জৌনপুরের স্বাধীনভাবে অস্তিত্ব ছিল ১৪৭৭ পর্যন্ত। ইহার পরেও নামমাত্র রাজ্য ছিল। ১৫৫৯-এ অকবর শাহ সম্পূর্ণরূপে অধিকার করেন। অকবরের সময় গোমতী নদীর উপর পাথরের সেতু (৬৫৪ ফুট) নির্মিত হয় (১৫৬৮)। অটল মসজিদ ছাড়া, এখানকার জুমা মসজিদ্‌ ও অন্যান্য মসজিদের স্থাপত্য শিল্পের মধ্যে বিশিষ্টতা আছে। হিন্দু স্থপতির প্রভাব স্পষ্ট।

**জ্বালামুখী তীর্থ** (Jwalamukhi): পূর্ব পঞ্জাবের হিন্দু-তীর্থ; ৫১ পীঠের অন্যতম; শিবালিক পর্বতমালার মধ্যে অবস্থিত। কলিকাতা হইতে সাহারানপুর হইয়া হোসিয়ারপুরে (১,১২২ মা) নামিয়া প্রায় ৯০ মা যাইতে হয়। পুরাণমতে এখানে সতীর জিহ্বা পড়িয়াছিল। শারদীয় পূজার সময় একপক্ষকাল মেলা হয়। দেবীর নাম 'লটনওয়ালি'। বহু সহস্র যাত্রী এখানে আসে। মন্দিরের নিকট ছোটখাটো শহর গড়িয়া উঠিয়াছে। ...এই জ্বালামুখীতে অগ্নিশিখা জ্বলে, মাঝে মাঝে নিবিয়াও যায়। ভারত সরকার এইস্থানের নিকট স্বাভাবিক গ্যাস পাওয়া যায় কিনা, সেবিষয়ে অনুসন্ধান করিতেছেন।

**ঝাঙ** (Jhang): পাক-পঞ্জাব; মুলতান বিভাগের জেলা; উ.—শাহাপুর জে., পূ.—লায়ালপুর জে.। চেনাব ও ঝিলাম নদীদ্বয়ের সঙ্গমস্থল এই জেলার মধ্যে। বহু খাল থাকায় গম, তুলা, বাজরা প্রভৃতি প্রচুর পরিমাণে উৎপন্ন হয়। আ. ৩,৪১৫ ব মা.; জন. ৮,৭৫,০০০।

**ঝাঙ-মাঘিয়ানা** (Jhang-Maghiana): পাক-পঞ্জাব; ঝাঙ জেলার প্রধান শহর; ঝাঙ ও মাঘিয়ানা পাশাপাশি শহর এখন এক মিউনি. হইয়াছে; জন. ৫০ হা. ('৪১)। ব্যবসায়ের বড় কেন্দ্র; পটারি, তালাচাবি, চামড়ার দ্রব্যাদি প্রস্তুত হয়। লালমুসা-শোরকোট রেলপথের স্টেশন ১৫৮ মা। লাহোর হইতে খানেওয়াল-শোরকোট হইয়া রেলপথে ২৫৩ মা।

**ঝাঝা** (Jhajha): বিহার; মুঙ্গের জেলার জামুই মহকুমার থানা ও শহর; জন. ১০,৪৬৬। কলিকাতা-মুঘলসরাই মেন লাইনের স্টেশন (২৪০ মা)। স্বাস্থ্যকর স্থান।

**ঝাড়খণ্ড** (Jharkand): ছোটনাগপুর ও মেদিনীপুরের কিয়দংশ লইয়া এক অঞ্চলকে কেহ কেহ ঝাড়খণ্ড নামে অভিহিত করিতে চান। এই অঞ্চলে নানা আদিবাসী রহিয়াছে। ঝাড়খণ্ড নামে পৃথক রাজ্য গঠন করিবার আন্দোলন চলিতেছে।

**ঝাড়গ্রাম** (Jhargram): মেদিনীপুর জেলার মহকুমা, থানা ও শহর। শহর জন. ৮ হা.। কলিকাতা হইতে খড়গপুর হইয়া ৯৫ মা। খড়গপুর হইতে মোটর বাস সার্বিস আছে। শহর দ্রুত উন্নতিলাভ করিতেছে। এখানকার রাজার অর্থসাহায্যে নানা সৎকার্য হইয়াছে। ইণ্টারকলেজ (১৯৪৯), বালিকা বিদ্যালয়, বিজলী। ঝাড়গ্রাম থানার আ. ২০৮ ব মা। জন. ৮০,৩৮১; ঘনতা ৩৮৬। ২১১ গ্রাম সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত। ...মহকুমার আ. ১,১৮৬ ব মা। লোকসংখ্যা ৪,৬১,৭০৩; ঘনতা ৩৮৯। জেলায় বিস্তৃত শালবন এখনো আছে।

**ঝাবুয়া** (Jhabua): পূর্বতন মধ্যভারত এজেন্সির করদ-রাজ্য। আ. ১,৩৩৬; জন. ১,৭৮,৩২৭ ('৪১)। আয় ছিল ৪,২৮,০০০ টাকা; কর দিতে হইত ১,২৭১ টাকা। রাজা ১১ তোপ সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,২৭,০০০ টাকা ভাতা দেওয়া হয়।...মধ্যভারত রাজ্যের (বর্তমানে মধ্যপ্রদেশ) জেলা; জন. ৩,৮২,৬৭৩। পশ্চিমে বোম্বাই রাজ্যের পঞ্চমহল জেলা। —শহর, রাতলাম হইতে দ.-পশ্চিমে ৩০ মা।

**ঝারসুগুডা** (Jharsugda) : ওড়িশা ; সম্বলপুর জেলার শহর ও রাউরকেল্লা-বিলাসপুর লাইনের জং স্টেশন। কলিকাতা হইতে ৩২০ মা। এখান হইতে দক্ষিণদিকে সম্বলপুর পর্যন্ত লাইন গিয়াছে (৩০ মা)। চাউল, কাঠ, তৈলবীজ, চামড়া, বিড়ি। জন. ৮,০৩২। ···নিকটস্থ ব্রজরাজনগর গ্রামে কাগজ, পেন্সিল, নিব প্রভৃতি তৈয়ারির কুটিরশিল্প স্থাপিত হইয়াছে। এইস্থান ঝা. হইতে রেলপথে ৭ মা।

**ঝালকাঠি** (Jhalakathi) : পূ.-পাক ; বাখরগঞ্জ জেলার বরিশাল সদর মহকুমার অন্তর্গত থানা ও শহর ; ঝালকাঠি ও নলচিটি নদী দুইটির সঙ্গমস্থলে অবস্থিত বন্দর। নানা প্রকার শস্য, নারিকেল ও সুপারির ব্যবসায়ের কেন্দ্র। খুলনা-বরিশাল স্টীমারপথে ৮৭ মা। জন. ৯,৮১৪। ডাক, তার, রেজি. অফিস (১৮৭২) আছে। গাভা—প্রাচীন হিন্দুগ্রাম এই থানার এলাকায়।

**ঝালদা** (Jhalda) : বিহার ; পুরুলিয়া জেলার থানা ও মিউনি.শহর। হাসপাতাল, স্কুল, ডাকঘর প্রভৃতি আছে। এখানকার লৌহনির্মিত দ্রব্যাদি বিশেষ প্রসিদ্ধ। পুরুলিয়া-রাঁচি রেলপথ ও রাজপথের উপর। জন. ৮,২৮৩। থানার আ. ৩০৯ ব মা ; জন ১ ৫৯ লক্ষ। ঘনতা ৪৯০।

**ঝালবার, ঝালওয়ার** (Jhalawar) : পূর্বতন রাজপুতানার করদরাজ্য। আ. ৮১৩ ব মা ; জন. ১,২২,৩০০ ('৪১)। রাজ্যের আয় ছিল ৭·৩৫ লক্ষ টাকা ; ভারত সরকারকে দেয় কর ছিল ৩০ হা.। মহারাজা রানা ১৩ তোপ সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইয়া গেলে (১৯৪৮) রাজাকে ১·৩৬ লক্ষ টাকা ভাতা দেওয়া হয়। ১৮৩৮-এ কোটা রাজ্য হইতে পৃথক হইয়া রাজ্য সৃষ্ট হয়। বর্তমান ঝালওয়ার রাজস্থান ইউনিয়নের মালভূম অংশের জেলা। আ. ২,৩১১ ব মা ; জন ৩,৭৩,৮১০ ; ঘনতা ২৬২।···দিল্লী-কোটা-বোম্বাই রেলপথের ঝালবার রোড স্টেশন (২৫৩ মা)। শহরের জন. ১২,১৮৬। রাজস্থান ব্যাংক। জেলার প্রধান শহর ব্রিজনগর।

**ঝালর-পাটন** (Jhalara-patan) : রাজস্থানের ঝালওয়ার জেলার শহর ; ব্রিজনগর (প্রধান শহর) হইতে ৪ মা. দক্ষিণে। দিল্লী-বোম্বাই ব্রড গেজ রেলপথে ঝা. রোড স্টেশন (১৬৩ মা)। জন. ৬,৯৭৫। সমবায় ব্যাংক।

**ঝালোড** (Jhalod, Jarod) : বোম্বাই ; পঞ্চমহল জেলার তহশীল ও শহর। ডভোই-টিম্বারোড রেলপথের স্টে. (২৪ মা) ; বড়োদার নিকট। জন. ৭,৮৮২। সমবায় ব্যাংক।

**ঝালোর** (Jhalor) : দ্র. জালোর।

**ঝাঁসী বিভাগ** (Jhansi) : উত্তর প্রদেশের দক্ষিণ-পশ্চিমের বিভাগ। জেলা ৪টি : ঝাঁসী, জালোন, হামীরপুর, বান্দা। বিভাগের উত্তর সীমান্তে যমুনা নদী ; অপর তিন দিকে মধ্য প্রদেশ ও বিন্ধ্য প্রদেশ।

**ঝাঁসী** (Jhansi) : উত্তর প্রদেশ ; ঝাঁসী বিভাগের জেলা। আ. ৩,৬৭০ ব মা ; জন ৮,৮০,১২৩। পূর্বে জেলার আ. ছিল ৩,৬০৬ ব মা ; ১৯৫০-এ অন্যান্য অংশ যোজিত হইয়া ৩,৬৭০ ব মা হয়। বেতোয়া নদী ও বে. খাল থাকায় শস্যাদি প্রচুর জন্মে। এখানে চান্দেল রাজপুতদের রাজ্য ছিল ; প্রাচীন যুগের প্রত্নতাত্ত্বিক চিহ্ন দেখা যায়। ১৮ শতকে মারাঠাদের দ্বারা অধিকৃত হয় এবং শহর সুদৃঢ়কৃত হয়। ৩০ বৎসর পুণা হইতে পেশাবা-র দ্বারা শাসিত হইবার পর এখানে স্বাধীন মা. রাজ্য প্রতিষ্ঠিত হয়। ১৮৫৩ অব্দে শেষ রাজা অপুত্রক অবস্থায় মারা গেলে গবর্নর-জেনারেল লর্ড ডালহৌসি রানীকে দত্তকপুত্র গ্রহণে অনুমতি না দিয়া ঝাঁসী রাজ্য ব্রিটিশভারত ভুক্ত করেন। রানী লক্ষ্মীবাঈ সিপাহী বিদ্রোহে যোগদান করিয়া রণক্ষেত্রে প্রাণ দেন (১৮৫৭)। রাজ্য ইংরেজের খাস হইল।

**ঝাঁসি নগর** (Jhansi City) : উত্তর প্রদেশ; ঝাঁসী জেলার সদর, রেল-কলোনী ও সৈন্যাবাস। জন. ১,২৭, ৩৬৫। ওয়ার্কশপ ; লৌহ-ইস্পাত কারখানা। রবার ও পিত্তলাদি সামগ্রী প্রস্তুত শিল্প-কেন্দ্র। মৃত্তিকা পরীক্ষাগার (Soil Survey Lab.)।···বড় জংশন স্টেশন ; কানপুর হইতে ১৩৮ মা। ব্যাংক : ইলাহাবাদ, সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশনাল, সমবায়।···চন্দেল রাজপুতরা ১৬১৩-এ স্থানীয় দুর্গ নির্মাণ ও ১৭৪২-এ মারাঠারা উহা সুদৃঢ় করে।

**ঝিংকপানি** (Jhinkpani) : বিহার ; সিংহভূম জেলার

গ্রাম, চাইবাসা হইতে ১১ মা দক্ষিণে ; এখানে সিমেণ্ট কারখানা ও নিকটে কয়লার খাদ আছে। কোলহান তালুক অন্তর্গত ঝিংকপানি থানার জন. ১৬,১৭৮। রাজখরসওঁ-গুআ রেল শাখার স্টেশন (২৩ মা); কলিকাতা হইতে ২০৫ মা।

**ঝিকরগাছা** (Jhikaragacha, Jhinkargacha) : পূ. পাক ; যশোহর জেলার সদর মহ.র থানা, গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৭৪) ও রেল স্টেশন ; কলিকাতা হইতে বনগাঁ হইয়া ৬৭ মা। কপোতাক্ষ নদীতীরে এই গ্রাম বিখ্যাত বাণিজ্য কেন্দ্র। দোলযাত্রার সময় বড় মেলা বসে।

**ঝিনঝানা** (Jhinjhana) : উত্তর প্রদেশ ; মুজফ্ফরনগর জেলার শহর। জন. ৫,২৬২। মু. হইতে ২০ মা পশ্চিমে। ১৪৯৫-এ নির্মিত মুসলমান ফকিরের এক কবর ও ১৭ শতকের মসজিদ আছে।

**ঝিনাইদহ** (Jhenidah) : পূ. পাক. ; যশোহর জেলার মহকুমা ও শহর। শহর নবগঙ্গা নদীতীরে। যশোহর হইতে ২৮ মা ও চুয়াডাঙ্গা হইতে ২৩ মা মোটরপথ। মাগুরা যাইতে হইলে এখান দিয়া পথ। পূর্বে এখানে নীলের চাষ হইত।

**ঝিলাম নদী** (Jhelum) : পঞ্জাবের পঞ্চ নদীর অন্যতম ; সিন্ধুর উপনদী। প্রাচীন নাম বিতস্তা (গ্রীক Hydaspes)। কাশ্মীরের পাহাড়ে উঠিয়া উলার হ্রদের মধ্য দিয়া আসিয়া বারমুলা গিরিপথ অতিক্রম করিয়া তিমু (Timmu)-র নিকটে চেনাবে পড়িয়াছে (দৈর্ঘ্য প্রায় ৪৫০ মা)। ৩০০ মাইলের উপর নাব্য। .. ঝিলাম হইতে দুইটি খাল নির্গত হইয়া নিকটস্থ জেলাগুলিতে জলসেচ করিতেছে।

**ঝিলাম** (Jhelum) : পাক. পঞ্জাব ; রাওয়ালপিণ্ডি বিভাগের জেলা। উ.-পূর্বে কাশ্মীর ও তথা-কথিত আজাদ কাশ্মীর ; পূ. ও পূ.-দ.—ঝিলাম নদী ; প.—আটোক জে.। নদীতীর উর্বর ; দক্ষিণদিকে লবণ পর্বত। বলকাসর ও জয় মায়ার (Balkassar, Jaya Mair) নামক স্থানে পেট্রোলিয়াম খনি।…কয়লা ও পার্বত্য লবণ প্রচুর। ঝিলাম ও পিণ্ডদাদন খান শহর দুইটি বাণিজ্যের কেন্দ্র।

**ঝিলাম** (Jhelum) : ঝিলাম জেলার সদর শহর ; ঝিলাম নদীর দ. তটে। সাগর সমতল হইতে ১,৬২০ ফুট উচ্চ। ব্যবসায় কেন্দ্র ; শিল্প ও কারখানা অনেক। পাকিস্তান মিলিটারি কলেজ। জন. ৩৩,১৯১।…লাহোর হইতে রেলপথে ১০৩ মা। রেল স্টেশনের নিকট খননকালে প্রাচীনকালের বহু প্রস্তর স্তম্ভ, তন্মধ্যে একটি গ্রীক ভাস্কর্য, পাওয়া গিয়াছে। …খ্রী. পূ. ৩২৬ অব্দে আলেকজেন্দার এইখানে ঝিলাম বা হাইদাসপেস নদী পার হন ; মতান্তরে জলালপুর।

**ঝুকর** (Jhukar) : সিন্ধু প্রদেশের স্থান। চানহু-দাড়ো প্রভৃতি স্থানে যে প্রাগৈতিহাসিক সভ্যতার চিহ্ন আবিষ্কৃত হইয়াছে, তাহার শেষদিককার স্তরকে 'ঝুকর কৃষ্টি' (J. Culture) বলা হয়। প্রাচীনতর শহরগুলি বলুচিস্তান প্রভৃতি দেশ হইতে আগত উদ্‌বাস্তুরা দখল করিয়া নূতন সভ্যতা সৃষ্টি করে ; এই স্তরে তাম্রনির্মিত সামগ্রী পাওয়া গিয়াছে। বলুচিস্তানের শাহী-তুম্প (Shahi-Tump)-এ প্রস্তুত সামগ্রীর সহিত চানহু-দাড়োর ২য় ও ৩য় স্তরে প্রাপ্ত প্রস্তর সামগ্রীর সাদৃশ্য অতি স্পষ্ট ; অনুমিত হয়, ইহাদেরই শাখা সিন্ধুতে প্রবেশ করিয়া উপনিবেশ স্থাপন করে।

**ঝুনঝুনু** (Jhunjhunu) : রাজস্থান রাজ্যের জেলা ; বন ধ্বংশ হওয়ায় মরুভূমির বালু অগ্রসর হইয়া আসিতেছে। ইহা নিবারণের চেষ্টা চলিতেছে। পূর্বতন জয়পুর করদরাজ্যের অংশ। আ. ২,৩১০ ব মা ; জন. ৫,৭৮,৬২১। শহর ও স্টেশন জয়পুর হইতে উত্তরে সীকার হইয়া লোহারু মিটর গেজ লাইনে ১১৬ মা। জন. ২০,৬৩৭। বিকানীর ও জয়পুর ব্যাংক।

**ঝোব, জেহব** (Jhob) : পাকিস্তান ; বলুচিস্তান প্রদেশের গোমালের উপনদী ; ডেরা ইসমাইল খাঁর নিকট গোমাল নদী সিন্ধুতে পড়িতেছে। ঝোব জেলার হিন্দ্‌বাগ নামক স্থানের পার্বত্যাংশে অখণ্ড ভারতের মোট ক্রোমিয়ামের অর্ধাংশ উৎপন্ন হইত।

**জওহর রাজ্য** (Jawhar) : পূর্বতন গুজরাট স্টেট্‌স এজেন্‌সির করদরাজ্য। আ. ৩০৮ ব মা ; জন. ৬৫,১২৬ ('৪১)। আয় ছিল ৪·২২ লক্ষ টাকা। কর

৯,২৩১ টা.। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,২৪,০০০ টা. ভাতা দেওয়া হয়। বর্তমানে বোম্বাই রাজ্যের থানা জেলার তহশীল।

**টঙ্ক** (Tonk): রাজস্থানের পূর্বতন করদরাজ্য। আমীর খাঁ নামে এক পাঠান সাহসিক সেনাপতিকে ইন্দোরের হোলকার রাজপুতানা ও মধ্যভারতের কয়েকটি স্থানের জায়গীর দান করেন। বড়লাট মারকুইস হেস্টিংস ১৮১৭-এ ইহাকে টঙ্কের নবাব বলিয়া স্বীকার করিয়া লন; তবে আমীর খাঁর লুণ্ঠনকারী সৈন্যবাহিনীকে ছত্রভঙ্গ করিয়া দিতে হয়।...রাজ্যের আ. ২,৫০৯ ব মা, জন. ৩,৫৭,৬৮৭ ('৪১)। রাজস্ব ছিল ২১·৬৮ লক্ষ। নবাব ১৭ তোপ সম্মান পাইতেন। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে নবাবকে ২,৭৮,০০০ লক্ষ টা. ভাতা দেওয়া হয়।...বর্তমানে রাজস্থান ইউনিয়নের জেলা। আ. ২,৬৮৫ ব মা; জন. ৪,০০,৯৪৭। দশ বৎসরে বৃদ্ধি ২৩,৫০০। গ্রাম ৯৯১। ...শহর (জন ৪২,৮৩৩) বনস নদীতীরে; রেল স্টেশন নাই; জয়পুরের ৫০ মা দক্ষিণে। জয়পুর-সবাই-মাধোপুর রেলপথের মধ্যে নবাই-বনস্থলী রেল স্টেশন (৪১ মা) হইতে টঙ্কে যাইতে হয়। রাজস্থান ব্যাংক।

**টংকিং** (Tong-king; Tonquin) ইন্দো-চীনের উ.-পূর্বের দেশ। আ. ৪৪,৬৭০ ব মা; জন. ৯৮,৫০,২০০ ('৪৩)। উত্তরে চীনের কোআং-টুং, কোআং-সি, ইউ-নান; প.—লাওস; দ.—আন্-নাম; পূ.-টংকিং উপসাগর। খ্রী. পূ. ৩ শতক হইতে চীনারা টংকিং ও আন্-নামে উপনিবেশ স্থাপন করিতে সুরু করে ও সেই হইতে ২,২০০ বৎসর চীনাদেরই দেশ ছিল। ১৮০১-এ আন্-নামীরা টংকিং অধিকার করে। ফরাসীরা কোচিন চীন ও কম্বোডিয়ায় আধিপত্য বিস্তার করিয়া ১৮৬৬-এ চীনের ইউ-নান প্রদেশে প্রবেশ করিতে চেষ্টা করে। ফরাসীদের সহিত আন্-নামীদের যুদ্ধের ফলে হানোয় (Hanoi) ফরাসীদের দ্বারা অধিকৃত হয়। চীনারা টংকিং-এর দাবী ছাড়িল না; যুদ্ধ চলিল। কিন্তু চীনারা পরাভূত হইয়া ১৮৮৫-এ সন্ধি করিতে বাধ্য হইল এবং টংকিং ফরাসীদের আশ্রিত রাজ্য হইল। টংকিং হইতে ইউ-নানে ঢুকিয়া ফরাসীরা সেখানেও নিজেদের প্রভাব বিস্তার করিয়াছিল। ১৮৯৭-এ আন্-নাম রাজের প্রতিনিধির বদলে ফরাসী রেসিডেন্ট নিযুক্ত হয়। ২য় মহাযুদ্ধের পূর্ব পর্যন্ত টংকিং ইন্দো-চীন ফেডারেশনের অন্যতম প্রোটেক্টোরেট ছিল। জাপান পরাজিত হইলে ব্রিটিশ ও চীনা সৈন্য এখানে প্রবেশ করে। তখন এখানে জাতীয় মুক্তি আন্দোলন তীব্রতর হইতে থাকে। এই অবস্থায় ফরাসীরা-ইন্দোচীনকে ফরাসী ইউনিয়ন ভুক্ত করিবার ইচ্ছায় টংকিং প্রভৃতি ৫টি রাজ্যকে ইন্দোচীন ফেডারেশন ভুক্ত করিয়া ও স্বল্প অধিকার দিয়া তথাকথিত স্বশাসিত রাজ্যরূপে গঠন করিতে চাহিলে ('৪৫) ইন্দোচীন-বাসীরা মানিতে অস্বীকার করিল। ১৯৪৬, ৪ মার্চ টংকিং ফরাসীদের হাতে যায় ও দুইদিন পরে টংকিং ভিয়েৎনাম ভুক্ত হয়। (দ্র. ভিয়েৎনাম)। প্রধান নগর হানোয় (Hanoi)।

**টংগি** (Tangi): ঢাকা; পূ. পাক.; সদর মহকুমার শহর; নারায়ণগঞ্জ-ঢাকা-ময়মনসিংহ লাইনের জং স্টেশন (২৪ মা)। এই জংশন হইতে ভৈরববাজার হইয়া আখাউরা পর্যন্ত লাইন (৭৪ মা) নির্মিত হওয়ার চট্টগ্রামের সহিত ঢাকা প্রভৃতি নগরের রেলসংযোগ হইয়াছে এবং আখাউড়া দিয়া সিলেট অঞ্চলেও যাওয়া সহজ হইয়াছে।

**টঙগিবাড়ি** (Tangibari): ঢাকা জেলার মুন্সীগঞ্জ মহ.র থানা। আ. ৪৯ ব মা। গ্রাম, ডাকঘর।

**টংগু** (Toungoo): বর্মা; পেগু বিভাগের জেলা; প.—পেগুয়োম (পাহাড়) ও পূর্বে কারেনী পাহাড়; মধ্য ভাগে বিস্তৃত উর্বর জমিতে প্রচুর ধান্য জন্মে। ইক্ষুর চাষ হয়। পাহাড়ে সেগুন বন। বৃষ্টি ৮৫"।...আ. ৬,৪৪৭ ব মা; জন. ৪,৭৪,৮৫৮ ('৪১)। মহকুমা ৩।

শহর (জন. ৩১,২২৩) সিটাং নদীতীরে; রেঙ্গুন হইতে রেলপথে ২৬৬ মা। ১৩ শতকে একটি রাজ্যের রাজধানী ছিল; ১৬ শতকে আভার কেন্দ্রীয় শক্তি হ্রাস পাইলে টংগুতে এক রাজধানী স্থাপিত হয়।...

**টন্‌ক** (Tank): প. পাক; উ.-প. সীমান্ত প্রদেশ; ডেরাইসমাইল খাঁ জেলার শহর; লাকি-মারওয়াত

হইতে ছোট রেলপথের স্টেশন (৪৬ মা)। টনকের নিকটে গোমাল নদীর মুর্তাজার পথে আফগনিস্থান হইতে মেষ পালকের দল শীতের শেষে এই অঞ্চলে নামিয়া আসে ও গ্রীষ্মারম্ভে ফিরিয়া যায়। এই মেষপাল প্রায় ছয় মাইল পথ জুড়িয়া কোনো কোনো সময়ে চলে। জন. প্রায় ১০ হা.।

**টনকপুর** (Tanakpur): উত্তর প্রদেশ; পীলীভিত জেলার শহর; নেপাল সীমান্তে সারদা-চৌকা নদীতীরে; পী. জং হইতে মি. রেলপথের শেষ স্টেশন (৩৮ মা)। জন ২,৬৬৫। বরেলী কর্পো. ব্যাংক।

**টনব্রিজ ওয়েলস** (Tunbridge wells): ইংলন্ড; কেন্টশায়ারের শহর। জন. ৩৮ হা.। রবীন্দ্রনাথের জীবন-স্মৃতি ও য়ুরোপ প্রবাসীর পত্র গ্রন্থে উল্লেখ আছে। ...এখানকার (Spa) উষ্ণপ্রস্রবণের খ্যাতি ১৬০৬ হইতে।

**টর্কী** (Torqay): ইংলন্ড; ডিভনশায়ারের শহর। জন. ৫৩,২১৬। অদূরে ইংলিশ চ্যানেল। মৃদু জলবায়ুর জন্য এখানে লোকে বেড়াইতে আসে; নৌকার বাইচ খেলার (yachting) জন্য এস্থানের খ্যাতি। রবীন্দ্রনাথ আঠারো বৎসর বয়সে এখানে কিছুকাল বাস করেন।

**টরাস** (Tauras mountains): এসিয়াটিক তুর্কীর পর্বতমালা। আনাতোলীয় মালভূমের দ. ও দ.-পূর্বে প্রাচীরের ন্যায় অবস্থিত। ...এই পর্বতমালার বহু স্থান ১০,০০০ ফুটের অধিক উচ্চ।

**টরেস প্রণালী** (Torres Strait): অস্ট্রেলিয়া ও নিউ-গিনী দ্বীপের মধ্যবর্তী (৮০ মা প্রস্থ) প্রণালী; ইহার পশ্চিমে আরফুরা সাগর ও পূর্বে কোরাল সাগর।

**টাইগার হিল** (Tiger Hill): দার্জিলিং হইতে ১৩ মা দ.-পূর্বে ৮,৪৮২ ফুট উচ্চ পর্বতশৃঙ্গ। আকাশ পরিষ্কার থাকিলে এখান হইতে এভারেস্ট চূড়া দেখা যায়।

**টাইগ্রীস**: দ্র. তাইগ্রীস।

**টাইন** (Tyne): ইংলন্ডের নদী; কয়লা অঞ্চলের মধ্য দিয়া প্রবাহিত; নিউকাসল ইহার উপর অবস্থিত। এখান হইতে সমুদ্র পর্যন্ত ৮ মা উভয় তীরেই বন্দর।

**টাইবার** (Tiber river): ইতালীর নদী; আপেনাইন পাহাড় হইতে উঠিয়া ভূমধ্যসাগরে পড়িতেছে (২৪৪ মা)। এই নদীতীরে রোম নগর। ছোট জাহাজে ২৫ মা পর্যন্ত নাব্য।

**টাইরল** (Tirol, Tyrol): মধ্য ইউরোপের আল্পস পর্বত অঞ্চলের দেশ; ১৯১৯ পর্যন্ত অস্ট্রিয়ান সাম্রাজ্য অন্তর্গত ছিল; অর্ধেক অংশ ইতালীকে দিয়া অবশিষ্ট অস্ট্রি. রিপাবলিকের প্রদেশ। ইতালীকে যে অংশ প্রদত্ত হইয়াছে সেখানে ইতালীয়ান ছাড়া বহু জারমান ভাষাভাষী বাস করে। অস্ট্রিয়ান্ অংশের আ. ৪,৮৮৪ ব মা। জন. ৪·২৭ লক্ষ। রাজধানী ইন্সব্রুক (Innsbruck)। ...টাইরলবাসীরা খুব সাহসী ও ভাল নিশানী বলিয়া খ্যাত।

**টাকি** (Taki): ২৪ পরগনা; বসিরহাট মহ.র হাসনাবাদ থানার মিউনি. শহর; ইছামতী তীরে। বারাসাত-বসিরহাট ছোট রেলে টাকি রোড (৪০ মা) স্টেশন হইতে যাইতে হয়। নানা শস্যের ব্যবসায় কেন্দ্র। স্কুল; ইণ্টার-কলেজ; ডিসপেন্সারি। টাকির জমিদারগণ প্রতাপাদিত্যের খুল্লতাত বসন্তরায়ের বংশধর!

**টাঙ্গাইল** (Tangail): পূ. পাক; ময়মনসিংহ জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র আ. ১,২৬৩ ব মা। শহর জন. ২১,৬৮৪। সন্তোষ নদীতীরে। ঢাকা হইতে ধলেশ্বরী দিয়া যমুনার (ব্রহ্মপুত্র) ঘাট পোড়াবাড়ি হইতে ৬ মা পূর্বে। জয়দেবপুর স্টেশন হইতে মোটরপথ আছে। কলিকাতা হইতে সিরাজগঞ্জ হইয়া নিকটতম পথ। এখানকার তাঁতিদের শাড়ি বিখ্যাত।

**টাঙ্গানিকা হ্রদ** (Tanganika Lake): আফ্রিকার দীর্ঘতম হ্রদ। মহাদেশের প্রস্ত-উপত্যকায় সমুদ্রতল হইতে ২৫,০০০ ফুট উচ্চ স্থানে অবস্থিত; এই হ্রদ উ.-দ. দীর্ঘ ৪২১ মা, প্রস্থে ১৫—২০ মা। পাড় স্থানে স্থানে দশহাজার ফুট খাড়াই। স্পীক ও বার্টন ১৮৫৮ অব্দে প্রথম এই হ্রদ আবিষ্কার করেন।

**টাঙ্গানিকা** (Tanganika, Trust Territory of): পূর্ব আফ্রিকার মধ্যবর্তী ও টাঙ্গানিকা হ্রদের পূর্বদিকস্থ দেশ। উ.—উগান্ডা, কেনিয়া; দ.—মোজাম্বিক,

নিয়াসালন্ড ও উ. রোডেসিয়া; পূ.—ভারত মহাসাগর; প.—বেলজিয়ান কঙ্গো। ভারত মহাসাগর উপকূল ৫০০ মা। আ. ১,৬২,৬৮৮ ব মা (জলভাগ ১৯,৯৮২ ব মা); জন, ৭৪,০৭,৫০৭ ('৪৮)। ইউরোপীয় ১৮,৩০০; অন্যান্য ৭৯,০০০। .. টা. উপকূল-ভাগ ১৬ শতকে পোর্তুগীজদের দখলে আসে। অতঃপর আরবরা এতদঞ্চলে প্রবল হয় ও জান্‌জিবারের সুলতান আধিপত্য বিস্তার করেন। ১৮৮৪-১৯১৮ পর্যন্ত জারমান পূর্ব আফ্রিকার অন্তর্গত প্রদেশ ছিল। ১ম মহাযুদ্ধের পর ইংরেজদের ম্যানডেট বা খবরদারি শাসনাধীন হয়। ১৯৪৬ হইতে রাষ্ট্রসংঘের (U. N.) অধীনে আসে, তবে ইংরেজরাই শাসন করিতেছে। ... দেশ অধিকাংশই মালভূমি। আফ্রিকার সর্বোচ্চ পর্বত কিলিমানজরো (১৯,৩৪০ ফু.) এই দেশে অবস্থিত। অধিকাংশ নদীই ভারত মহাসাগরে পড়িতেছে। অধিবাসীরা বানটু জাতীয়। উপকূল-ভাগের ভাষা সুহালি (Swahili) রাষ্ট্র ভাষা, সকলেই বোঝে। দেশের ৪১% ভূমি (১·৪০ লক্ষ ব মা) অরণ্যময়। কাষ্ঠ সম্পদে এবং কফি, তুলা, তামাক ও চামড়া ব্যবসায়ে দেশ সমৃদ্ধ। দেড়হাজার মাইল রেলপথ আছে। রোডেসিয়া হইতে নাইরোবি গ্রেট নর্থ রোড এই দেশের মধ্য দিয়া উত্তর পর্যন্ত ৮১০ মা গিয়াছে। রাজধানী দার-এস-সালাম (Dar-es-Salaam) ভারতমহাসাগর তীরে প্রধান বন্দর। জন. প্রায় এক লক্ষ।

**টাটানগর** (Tatanagar): জামসেদপুরের স্টেশন; বিহার, সিংহভূম জেলার শহর। জন. ১৬,৬০৪। কলিকাতা-নাগপুর রেলপথের স্টেশন (১৫৬ মা); এখান হইতে গরুমহিষাণী (৪১ মা) ও বাদামপাহাড়ী (৫৬ মা) পর্যন্ত শাখা রেললাইন আছে। টাটানগর হইতে বিহারের নানাস্থানে যাইবার বহু মোটর বাস্ সার্বিস আছে। এখান হইতে আর একটি রেলপথ চংডিল, মুকরী হইয়া বরকাথানা পর্যন্ত (৯৫ মা) গিয়াছে। টাটানগর হইতে পাটনা পর্যন্ত ট্রেন আছে।

**টানজিএর** (Tanjier; The International zone of; আরবী Tanja): উ.-আফ্রিকা; মরোক্কো-সুলতানের রাজ্যমধ্যস্থিত অঞ্চলের রাজধানী, বন্দর। অঞ্চলের আ. ১৪৭ ব মা; জন. ১৫·১ লক্ষ ('৪৭)। ইউরোপের নৈকট্যহেতু রোমান যুগ হইতে এস্থানে ইউরোপীয়রা আসিতেছে। ১৪৭১ পোর্তুগীজ; ১৫৮১ স্পেনীশ; ১৬৬১-এ পুনরায় পোর্তুগীজদের দখলে আসে; ১৬৬২ অব্দে পোর্তুগীজ রাজকুমারীর বিবাহসূত্রে ইংরেজরা এই অঞ্চল পায়। ১৬৮৪-এ ইংরেজ এস্থান ত্যাগ করে। ২০ শতকের গোড়ায় জারমানরা এখানে আসিলে সকল জাতিরই দৃষ্টি ইহার উপর পড়ে। ১ম মহাযুদ্ধের পর ১৯২৩-এ ব্রিটেন, ফ্রান্স ও স্পেন মিলিতভাবে টানজিএর এলাকাকে আন্তর্জাতিক স্থান বলিয়া ঘোষণা করিল।...২য় মহাযুদ্ধের সময় সুযোগ বুঝিয়া স্পেন টানজিএর দখল করে (১৯৪০)। ১৯৫৪, অগস্ট মাসে নূতন চুক্তিমতে আন্তর্জাতিক কমিটিতে ফ্রান্স, ব্রিটেন ও স্পেন ব্যতীত ইতালী, মার্কিন যুক্তরাষ্ট্র, বেলজিয়াম, নেদারলন্ড, সুইডেন ও পোর্তুগাল-এর প্রতিনিধিরা আসিয়াছেন। কমিটিতে প্রত্যেকের 'ভেটো' প্রয়োগের ক্ষমতা আছে। একজন অ্যাডমিনিস্ট্রেটর ও চারিজন সাহায্যকারী থাকেন। অ্যাড. কোনো নিরপেক্ষ দেশ হইতে গৃহীত হন। আন্তর্জাতিক আইনসভা ২৭ জন সদস্য লইয়া গঠিত। আইনসভার সভাপতি সুলতানের প্রতিনিধি। ইনি দেশীয় দপ্তরের ভারপ্রাপ্ত। এই দেশ স্থায়ীভাবে নিরপেক্ষ ও নিরস্ত্রীকৃত। ...বন্দর জিবরালটারের ঠিক অপর পারেই অবস্থিত বলিয়া রাজনৈতিক দিক হইতে গুরুত্বপূর্ণ স্থান।

**টান্ডা** (Tanda): উত্তর প্রদেশ; ফয়জাবাদ জেলায় তহশীল ও শহর। শহর (জন. ২৯,২৮৮) ঘর্ঘরা নদীতীরে মুঘলসরাই-লখনউ রেলপথের অকবরপুর (কলিকাতা হইতে ৫০৫ মা) জং হইতে মোটর পথে কয়েক মা। প. ন্যাশনাল ব্যাংক।

**টাভয়** (Tavoy; বর্মী দ·বে Tavai): বর্মা; তানাসেরিম বিভাগের জেলা, আন্দামান সাগর ও তানাসেরিম পর্বতমালার মধ্যে সমুদ্র উপকূলে বিস্তারিত দেশ; ইহার পূর্বদিকে সিয়াম বা প্রদেশ থাই। ...পাহাড়ে গভীর অরণ্য; সমতলে ধানের চাষ। টিন, টাংস্টান ও

লৌহআকর। ...বৃষ্টিপাত ১৯৫"।...আ. ৫,৪০৪ ব মা; জন. ২,১১,৭২৯ ('৪১)।.. জেলার সদর শহর, জন. ২৯,০১৮। টা. নদীর মোহনায় সমুদ্র বন্দর; মৌলমান হইতে দক্ষিণে ১৬৫ মা। বিমান বন্দর আছে।

**টামু** (Tamu): বর্মা; চিন্দউইন জেলার গ্রাম; কাবোয়া (Kabwa) নদীর উপত্যকায়, প্রায় মনিপুর-সীমান্তে অবস্থিত; কোহিমা-ইম্ফাল হইয়া টামু দিয়া বর্মার পথ ২য় মহাযুদ্ধের সময় ব্যবহৃত হয়। কাবোয়া নদী দিয়া চিন্দউইন নদীতে কিন্দাৎ (Kindat) নদী-বন্দর পাওয়া যায়। চি. নদীতে আরও উপরে হোমালিন পর্যন্ত স্টীমার সার্বিস ছিল।

**টায়ার** (Tyre): প্রাচীন ফিনিশিয়ার ভূমধ্যসাগরতীরস্থ বন্দর; খ্রী. পূ. ১৫০০ অব্দে স্থাপিত। আলেকজেন্দার খ্রী. পূ. ৩৩২-এ অধিকার করেন। টায়ারের প্রস্তুত বিশেষ একপ্রকার লাল রং (Purple) প্রাচীনকালে সর্বত্র বস্ত্র রাঙাইবার জন্য ব্যবহৃত হইত এবং সেইজন্য ইহার চাহিদাও ছিল। টা. বর্তমানে লেবানন রাজ্যের নগণ্য গ্রাম।

**টালিগঞ্জ** (Tollygunj): কলিকাতার শহরতলী ও থানা; ২৪-পরগণার মধ্যে। থানার আ. ২৬ ব মা; জন. ১,৯৪,৫৮৩; ঘ. ৭,৬০১। পঞ্চাশ বৎসরে জন. ৫৬২.৬% বাড়িয়াছে। নগরের জনসংখ্যা ১,৪৯,৮১৭; উদ্বাস্তু ৬৪,১৭৬। বহুবিধ শিল্প কারখানা আছে। ১৯৩৮-এ পাটের গবেষণাগার খোলা হয়। ১৯৫২-এ স্থাপিত প. বঙ্গের কৃষি বিদ্যালয়ে বি. এস-সি পর্যন্ত পড়ানো হয়। কর্নেল উইলিয়াম টলি (Tolly) গঙ্গার একটি পুরাতন খাত খনন করিয়া এক খাল কাটান (১৭৭৭)। তাঁহার নামানুসারে এই অঞ্চলের সাধারণ নামকরণ হইয়াছে।

**টালির নালা** (Tolly's Nullah): কলিকাতা ও ২৪ পরগণার খাল; হুগলী (ভাগীরথী) নদীর খিদিরপুরের নিকট হইতে বাহির হইয়া বারুইপুর পর্যন্ত গিয়াছে। ১৭৭৭-এ খোলা হয়।

**টার্কি** (Turkey): দ্র. তুর্কি।

**টাসকেজি** (Tuskegee): মার্কিন যুক্তরাষ্ট্র; আলাবামা স্টেটের শহর; রাজধানী মন্টগোমারির ৩৮ মা পূর্বে, টাস. নদীর তীরে। ১৭৮০ হইতে এখানে জনবসতি সুরু হয়। নিগ্রো-নেতা বুকার টি. ওআশিংটন নিগ্রোদের জন্য এখানে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। জন. ৬,৭১২।

**টাস্‌মানিয়া** (Tasmania): অস্ট্রেলিয়ার দক্ষিণস্থ দ্বীপ; মধ্যে ১৪০ মা প্রশস্ত বাস (Bass) প্রণালীর ব্যবধান। প্রণালী মধ্যে কিংদ্বীপ (King Is.) ও ফার্নিয়ো (Furneaux) দ্বীপপুঞ্জ টাসমানিয়ার অন্তর্গত। আ. ২৬,২১৫ ব মা; জন. ৩,১১,০৬০ ('৫৩)। টাস্‌মানিয়া অস্ট্রেলিয়া কমনওএলথ অন্তর্গত রাষ্ট্র। ওলন্দাজ নাবিক Abel Janszoon Tasman (১৬০৩-'৫৯) এই দ্বীপ আবিষ্কার করেন (১৬৪২)। ১৮০৩-এ ব্রিটিশ অধিকারে আসে। তখন হইতে ১৮২৫ পর্যন্ত ইহা নিউ সাউথ ওএলস-এর অন্তর্ভুক্ত ছিল; ঐ সালে টাস্‌মানিয়া স্বতন্ত্র রাষ্ট্র হয়। ১৮৫১-এ আংশিক নির্বাচিত আইন সভা গঠিত হয়; ১৮৫৬-এ স্বরাজ শাসন পায়। ১৯০১ হইতে অস্ট্রেলিয়া কমন-ওএলথ ভুক্ত। গবর্নর মন্ত্রিসভার সাহায্যে শাসনকার্য চালান। পার্লামেণ্ট দুই কামরার। খনিজ দস্তা, তামা, টিন প্রভৃতি। জলবিদ্যুৎ শক্তি প্রচুর। টাস্‌মানিয়ার আদিবাসীরা ১৮৭৬-এর মধ্যে নিশ্চিহ্ন হইয়া যায়। ইহাদের সম্বন্ধে বৈজ্ঞানিক তথ্যাদি খুবই কম পাওয়া যায়। রাজধানী হোবার্ট ১৮০৪-এ স্থাপিত; জন. ৫৯,৩০০। টাস্‌মানিয়া বিশ্ববিদ্যালয় ১৮৯০-এ স্থাপিত হয়।

**টিকমগড়** (Tikamgarh): পূর্বতন ওর্চা করদরাজ্যের রাজধানী; পূর্বনাম টেহ্‌রি (Tehri)। বিন্ধ্য প্রদেশের শহর; বহু শিল্পের কেন্দ্র। জন. ১৬,১১২। নিকটে রেল পথ নাই; রেবা হইতে ১১৫ মা পশ্চিমে।

**টিকারী** (Tikari): বিহার; গয়া জেলার সদর মহ.র মিউনি. শহর, গয়া শহরের ১৫ মা উ.-পশ্চিমে। এখানকার জমিদাররা বিখ্যাত ছিলেন। জন. ৬,২৭৮। থানার আ. ৮৮ ব মা; জন. ৮৬,১৫১; ঘনতা ৯৭৯।

**টিগাওয়া** (Tigawa): মধ্য প্রদেশ; জবলপুর জেলার প্রাচীন স্থান। এখানে একটি বিখ্যাত মন্দির আছে। ইহা কঙ্কালি দেবীর বিষ্ণুমন্দির নামে খ্যাত।

**টিগিরিয়া** (Tigiria) : পূর্বতন ঈ. স্টে. এজেন্সির করদ-রাজ্য ; মহানদীর উত্তরে। আ. ৪৬ ব মা ; জন. ২৬,৩৩১ ( '৪১ )। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১১,২০০৲ টাকা ভাতা দেওয়া হয়। এখন এই দেশ ওড়িশার কটক জেলার অন্তর্ভুক্ত ; টি গ্রাম, কটকের ২২ মা পশ্চিমে।

**টিটলাগড়** (Titlagarh) ; ওড়িশা ; বোলংগীর জেলার মহকুমা। ৯৩৫ ব মা ; জন. ২,৫৭,৩২৩। থানা ৫। থানার আ ১৬৮ ব মা ; জন ৬২ হা.। ১৫৭ গ্রাম। —শহরের জন ৬০৫০। বোলংগীর হইতে মোটর পথে ৪২ মা। রায়পুর-বিশাখাপাটন রেলপথের স্টেশন, ১২৬ মা ; বিশাখা হইতে ২০৪ মা।

**টিটাগড়** (Titagarh) : ২৪ পরগনা জেলা ; বারাকপুর মহকুমার মিউনিসিপাল শিল্প-শহর ; গঙ্গার পূর্বতীরে। কাগজের কলের জন্য বিখ্যাত। ১৮৮২-এ টিটা. পেপার মিল্ প্রতিষ্ঠিত হয়। এই কোম্পানি বালি পেপার মিল ( ১৮৭০ প্রতিষ্ঠিত ) কিনিয়া লইলে ( ১৯০৫ ) টিটাগড়ের কাগজ কল একটি সুবৃহৎ শিল্প প্রতিষ্ঠানরূপে গড়িয়া উঠে।...জন. ৭১,৬২২। হাজারকরা পুরুষের মধ্যে নারী ৫৩৩।—টিটাগড় থানার আ. ১১ ব মা ; জন. ১,২১,৭৯৮।

**টিটিকাকা** ( Titikaka ) : দ. আমেরিকা ; বলিভিয়ার পশ্চিম সীমান্তে ও পেরুর দ.-পূ. দিকে অবস্থিত দ. আমেরিকার সর্ববৃহৎ হ্রদ। আ. ৩,২০০ ব মা। ১২,৫০০ ফুট উচ্চে মালভূমে অবস্থিত। হ্রদ দুই ভাগে বিভক্ত ; মধ্যস্থলে সংকীর্ণ যোজক। টিটি. গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক জলপথ। হ্রদের মধ্যভাগে টিটি. নামে এক দ্বীপ আছে ; এখানে আদিম সভ্যতার চিহ্ন দেখা যায়।

**টিপেরারি** ( Tipperary ) আয়ার ; মুনস্টার প্রদেশের কাউন্টি ও ক্ষুদ্র শহর। জন. ৫ হা.। ডাবলিন হইতে ১৫০ মা। ১৯১১-এ জ্যাক জজ্ ( Judge ) নামে এক ব্যক্তি It's a long way to Tipperary গানটি লেখেন। প্রথম মহাযুদ্ধের সময় এই গানটি ব্রিটিশ সৈন্যদের মধ্যে খুব চলতি হয়।

**টিম্বুক্টু** (Timbuktu) : ফরাসী সুদানের প্রধান শহর ; নাইজার নদীর উত্তর তীরে। সাহারা মরুভূমির মরুপথের বাণিজ্য কেন্দ্র। ১৮৯৪ হইতে ফরাসীদের অধীন। এখন ধ্বংসোন্মুখ। জন. ৭ হা.।

**টিমোর দ্বীপ** ( Timor Is. ) : পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জ অন্তর্গত সুনডা দ্বীপাবলীর বৃহত্তম, পূর্ব-প্রান্তিক দ্বীপ। ৮°—১০° অক্ষাংশের মধ্যে অবস্থিত। আ. ১০,০০০ ব মা। ৩০০ মা দীর্ঘ। পার্বত্য ও আগ্নেয়গিরিময় দ্বীপ ; উচ্চতা কোথাও কোথাও ৯,৫০০ ফুট। অরণ্যময় স্থান পর্যাপ্ত। কৃষি অনুন্নত। জন. ৮ লক্ষ ('৩০)। ১৮৫৯-এর এক চুক্তির ফলে দ্বীপ পোর্তুগীজ ও ওলন্দাজদের মধ্যে বিভক্ত ও ১৯১৪-এ সীমারেখা সুনির্দিষ্ট হয়। পূর্বাংশ পোর্তুগীজদের। আ. ৭,৪৫০ ব মা। রাজধানী ডিল্লি (Dilly) ( জন. ৭ হাজার )। ...পশ্চিমাংশ ওলন্দাজদের ছিল। বর্তমানে ইন্দোনেশিয়ার সুনডা প্রদেশের অন্তর্গত। রাজধানী—কুপাঙ (Kupang, জন. ১০ হাজার)। উৎপন্ন-দ্রব্য : কফি, নারিকেল, চন্দন।

**টুটুকুডি** (Tuttukudi : Tuticorin) : দ্র. তুতিকোরিন।

**টুন্ডলা** (Tundla) : উত্তর প্রদেশ ; আগরা জেলার শহর। জন. ৭,৩১৮। কলিকাতা-দিল্লী রেলপথের জং ( ৭৬৮ মা ) ; এখান হইতে শাখা রেল যমুনা পার হইয়া আগরা গিয়াছে।

**টুনি** ( Tuni ) : অন্ধ্র ; পূর্ব গোদাবরী জেলার তালুক ও শহর ; ওয়ালটেয়ার-মদ্রাজ রেলপথের স্টেশন (৬০ মা)। জন. ১৮,৩৭৬। স্টেট ও অন্ধ্র ব্যাংক।

**টে** ( Tay ) : স্কটলন্ডের দীর্ঘতম নদী ( ১১৮ মা ) ; ডান্ডি শহরের নিকট টে নদীর সেতু ২ মা. ৫০ গজ দীর্ঘ ; ইহা ১৮৮২-৮৭ অব্দে নির্মিত।

**টেক-নাফ** (Teknaf) : চট্টগ্রাম জেলা ; কক্সবাজার মহ.র থানা ও শহর ; পূ. পাকিস্তানের দক্ষিণতম স্থান ; বর্মা দেশ নাফ্ নদীর অপর তীরে। বঙ্গোপসাগর অদূরে। চট্টগ্রাম হইতে ১০৫ মা দ.-পূর্বে।

**টেক্সাস** (Texas) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; সমগ্র যুক্তরাষ্ট্রের একদ্বাদশাংশ। আ. ২,৬৭,৩৩৯ ব মা ; জন. ৭৭,১১,১৯৪। উ.—ওকলাহোমা ; প.—নিউ মেক্সিকো ; দ.—মেক্সিকো।...১৫২৮-এ স্পেন কর্তৃক

অধিকৃত। ১৬৬৫ হইতে ১৭১৩ ফ্রান্সের অধীন। তৎপরে স্পেনের সাম্রাজ্যভুক্ত। ১৮২১-এ স্বাধীন মেক্সিকোর অংশ; ১৮৩৫—৪৫ টেক্সাস স্বাধীন রিপাবলিক। ১৮৪৫-এ যুক্তরাষ্ট্রের অন্তর্ভুক্ত। গৃহযুদ্ধ কালে ১৮৬১-অব্দে বিচ্ছিন্ন হইয়া পুনরায় '৭০-এ যুক্তরাষ্ট্রভুক্ত হয়। ...টেক. সম্পদশালী দেশ। পেট্রোলিয়াম, স্বাভাবিক গ্যাস, সালফার প্রভৃতির উৎপাদন প্রচুর। যুক্তরাষ্ট্রের হিলিয়াম উৎপাদনকেন্দ্র এইখানে আমারিলো ( Amarillo ) এই স্টেটে অবস্থিত। পৃথিবীর সর্বোচ্চ সেতু পোর্ট আর্থারের নিকট নেচেস (Neches) নদীর উপর; গভীরতম পেট্রোলিয়াম-কূপ ( ১৫,২৭৯ ফু. )। রাজধানী-অস্টিন ( Austin ; জন. ১,৩২,৪৫৯ )। বৃহত্তম নগর হাউস্টন ( ৬ লক্ষ )। টেক্সাস রেড ইনডিয়ান শব্দ, অর্থ বন্ধু।

**টেগাস্, তাহো, তাঝু** (Tagus river) : স্পেন-পোর্তুগলের বৃহত্তম নদী ; ৬২৫ মা দীর্ঘ ; প্রপাত থাকায় মাত্র ১৩০ মা. নাব্য ; অতলান্তিক মহাসাগরে পড়িতেছে ; পোর্তু.র রাজধানী লিসবন ইহার তীরে। স্পেনের পক্ষে এই নদীর ব্যবহার সামান্যই।

**টেডিংটন** (Teddington) : ইংলন্ডের টেমস নদীতীরস্থ শহর ; এখানে বিখ্যাত ন্যাশনাল ফিজিক্যাল ল্যাবরেটরি (১৯০১), বিজ্ঞান ও শিল্প গবেষণা বিভাগের রাসায়নিক গবেষণাগার অবস্থিত। লন্ডনের বন্দর এখান হইতেই আরম্ভ।

**টেনেসি** (Tennessee) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; মিসিসিপি নদীর পূর্ব তীরে। উ.-কেন্টাকি (Kentucky) ; দ.-মিসিসিপি ও আলাবামা স্টেট। আ. ৪২,২৪৬ ব মা ; জন. ৩২,৯১,৭২৮ ('৫০)। রাজধানী-নাশভিল (Nashville, জন. ১,৭৪,৩০৭)।...হানানদো-দো-সোটো (Hennando-de Soto) ১৫৪১-এ প্রথম এই দেশে পদার্পণ করেন। ১৭৫৭-এ শ্বেতাঙ্গরা উপনিবেশ গড়ে। ১৭৯৬-এ যুক্তরাষ্ট্রের সহিত টেনেসি যুক্ত হয়। গৃহবিবাদের সময় দক্ষিণী বিদ্রোহীদের পক্ষ লইলে ১৮৬১-এ টেনেসি বিচ্ছিন্ন হইয়া যায়। ১৮৬৬-তে পুনরায় যুক্তরাষ্ট্রে গৃহীত হয়।

দেশ কৃষিবহুল হইলেও খনিজের মধ্যে কয়লা ও লৌহ আছে।...বস্ত্রশিল্পের বৃহৎ কেন্দ্র। ১৯৪৫-এ এইখানে ক্লিনটন এন্‌জিনিয়ার ওআর্কস আণবিক বোমা প্রস্তুত করে। টে. ভ্যালি অথোরিটির অফিস, বাঁধ ও জলবিদ্যুৎ কেন্দ্রগুলি এই দেশে। ...সুপ্রাচীন চেরোকি (Cherokee) উপজাতির রাজধানীর নাম হইতে টে. শব্দ গৃহীত। ...১৯২৫ অব্দে এই স্টেটে আইন হয় যে অতঃপর রাষ্ট্রের কোন বিদ্যায়তনে অভিব্যক্তিবাদ (Evolution Theory) শিখানো হইবে না ; কারণ বাইবেলের সৃষ্টিতত্ত্বের সহিত অভিব্যক্তিবাদের সঙ্গতি পাওয়া যায় না। এই স্টেটে শিক্ষা আবশ্যিক ও ১৬ বৎসরের নিচে বালক-বালিকাকে কারখানায়, মিলে বা খাদে কাজ করিতে দেওয়া হয় না।

**টেনেসি ভ্যালি অথোরিটি** (Tennessee Valley Authority) : যুক্তরাষ্ট্রের টেনেসি নদীর বন্যা নিয়ন্ত্রণ, নৌচলাচল পরিচালন ও বিদ্যুৎশক্তি উৎপাদনাদির জন্য ১৯৩৩-এ সরকারী আইন দ্বারা একটি আধা-সরকারী সংঘের (Public Corporation) উপর সর্বপ্রকার কর্মের ভার প্রদত্ত হয়। টে. নদীতে ২১টি বড় বাঁধ দিয়া জলবিদ্যুৎশক্তি উৎপন্ন হইতেছে। খুব সস্তায় বিজলী সরবরাহ হওয়ায় বিবিধ শিল্পজাত সামগ্রী সুলভে প্রস্তুত হইতেছে। বাংলা বিহারের দামোদর ভ্যালি করপোরেশন এই আদর্শে গঠিত।

**টেমস** (Thames river) : ইংলন্ডের প্রধান নদী ; প্রায় ২১০ মা দীর্ঘ। ইহা সর্বত্র সমান প্রশস্ত নহে ; লন্ডন ব্রীজের নিকট ৯০০ ফুট চওড়া। মোহনার কাছে ১৮ মা। নর্থ সী-তে পড়িতেছে। অকসফোর্ড, রীডিং, উইন্‌ডসর, লন্ডন, টিলবেরি প্রভৃতি শহর এই নদীতীরে অবস্থিত।

**টেসিফোন** (Ctesiphon) : ইরাকের শহর। বাগদাদ হইতে ২০ মা দ.-পূর্বে তাইগ্রীস নদীতীরের প্রাচীন নগর ; পার্থিয়ার রাজধানী। সাসানীয় যুগের প্রাসাদের ধ্বংসাবশেষ এখনো আছে। ১১৫ খ্রী.অ. রোমানদের ও ৬৩৭-এ আরবদের অধিকারে আসে। ১ম মহাযুদ্ধের সময় ব্রিটিশ সেনাপতি চার্লস টাউনশেন্ড. টেসিফোনের নিকট কুটঅল্-আমরাতে সসৈন্যে তুর্কীদের হস্তে বন্দী হন ( ১৯১৫, নভেম্বর )।

**টেহারী-গড়বাল** ( Tehri-Garhwal ) : পূর্বতন পঞ্জাব পার্বত্য রাজ্যের অন্তর্গত করদরাজ্য ; আ. ৪,৫১৬ ব মা ; জন. ৩,৯৭,৩৬৯ ( '৪১ )। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৩ লক্ষ টাকা ভাতা দেওয়া হয়।... বর্তমানে উত্তর প্রদেশের কুমায়ুন বিভাগের জেলা। উ.-পে-প-স্থ ; উ.-পূর্বে তিব্বতের অনির্দিষ্ট সীমান্ত ; প-দেহরাদুন। জেলা পার্বত্য ; হিমালয়ের গঙ্গোত্রী শিখর ২১,৭০০ ফুট উচ্চ ; গঙ্গা, যমুনা প্রভৃতি এইখানে উঠিয়াছে। তিব্বত যাইবার পথ নেলাং গিরিপথ এই জেলার ভিতর। বহু হিন্দুতীর্থ আছে ; মোটরপথে অনেকগুলিই পরস্পরের সহিত যুক্ত ; একটি পথ হৃষীকেশ হইতে দেবপ্রয়াগ, বদ্রীনাথ, কেদারনাথ হইয়া কীর্তিনগর পর্যন্ত ( ৬৩ মা ) ; অপর পথটি হৃষীকেশ হইতে নরেন্দ্রনগর, টেহারী প্রভৃতি স্থান হইয়া ধারাসু পর্যন্ত ( ৭৯ মা ) গিয়াছে।...জেলার সদর শহর, নরেন্দ্রনগর হৃষীকেশ হইতে ১০ মা দূরে। জেলার জন. ৪,১২,০৪৭ ( '৫১ )।

**টোংগা** ( Tonga or Friendly Is. ): প্রশান্ত মহাসাগরে ফিজির দ.-পূর্বে ( ৩০০ মা দূরে ) ১৫০ টি প্রবাল গঠিত দ্বীপপুঞ্জ। আ. ২৭০ ব মা ; জন. ৫২,৫৭৭ ( ইহার মধ্যে ৫১,৪০১ দেশীয় )। বৃহত্তম দ্বীপ টোংগাটাপু ( Tongatapu ) ১৬৪৩ এ টাসমান কর্তৃক আবিষ্কৃত হয়। কুক ফ্রেন্‌ডলি আইলন্‌ড নাম দেন। ইঙ্গ-জারমান চুক্তির ফলে ১৮৯৯ অব্দে ব্রিটিশ অধীনে আসে। রাজধানী নুকুআলোফা ( Nukualofa )। দেশীয় রাজারা রাজত্ব করেন। বর্তমান রানী Salote ১৯১৮-এ পিতার মৃত্যুর পর সিংহাসন পান। ১৯৫২ হইতে ফিজি শাসনকেন্দ্রের অন্তর্গত। অধিবাসীরা পলিনেশিয়ান, অধিকাংশই দীক্ষিত খ্রীষ্টান। শিক্ষা ও চিকিৎসা বিনামূল্যে পাওয়া যায়। দ্বীপগুলি উর্বর ; প্রধান রপ্তানি সামগ্রী নারিকেল শাস, ছত্রক ও নানা প্রকার ভূমিজ বাদাম। দেশে বেতার-কেন্দ্র, বিমান স্টেশন প্রভৃতি আছে। ফিজি, সামোআ হইয়া নিউজীলন্‌ড হইতে জাহাজ যাওয়া-আসা করে।

**টোকিও** ( Tokyo ) : জাপানের রাজধানী ; হোনশু দ্বীপের পূর্বদিকে সুমিদা নদীর উত্তর তীরে অবস্থিত। নগর আধুনিক। পূর্বে বহির্বাণিজ্য ইয়োকাহামা বন্দর মারফত চলিত ; এখন নদী ড্রেজিং করায় টোকিও জাপানের প্রধান আমদানি-রপ্তানির বন্দর। বহু শিল্প ও ব্যবসায়ের কেন্দ্র ; জনসংখ্যায় পৃথিবীর ৩য় নগর। জন. ৭০ লক্ষ। ১৮৬৮ অব্দে পুরাতন শোগান শাসন রদ হইলে জাপানের রাজধানী কিওটো হইতে য়েডো ( Yedo ) -এ স্থাপিত হয়। য়েডোর অন্য নাম টোকিও। ...১৯২৩ ভূকম্পে নগরের বহু অংশ ধ্বংস হয় ও প্রায় দেড় লক্ষ লোক মারা পড়ে। ২য় মহাযুদ্ধে নগরের ৬৫ শতাংশ ভাগ ধ্বংসিত হয়। যুদ্ধান্তে আমেরিকার সহায়তায় দ্রুত নগর পুনর্গঠিত হইয়াছে। ...কলিকাতা হইতে টো. পর্যন্ত বিমান সার্বিস আছে। ... টো.-এ ৪টি বিশ্ববিদ্যালয় ও বহু বিদ্যাকেন্দ্র আছে।

**টোগোলন্‌ড** ( Togoland ) : প. আফ্রিকার দেশ ; প.—গোলড কোস্ট ; পূ.—দাহোমি ; দ.—গিনি উপসাগর। পূর্বে জারমান উপনিবেশ ছিল ( ১৮৮৪-১৯১৪ )। ১ম মহাযুদ্ধের সময় ফরাসী ও ইংরেজরা এই দেশ অধিকার করে। যুদ্ধের পর বিজয়ীদিগকে 'লীগ অফ নেশন্‌স' অছি নিযুক্ত করে। ব্রিটিশ টোগো. আ. ১৩,০৪১ ব মা ; জন. ৩,৮২,৭১৭ ( '৪৮ )। গোলড কোস্টের গবর্নর এখানকার শাসক। প্রধান শহর,- লিট্‌ল পোপো (Little Popo )। অধিবাসীরা বানটু জাতীয়। দেশ পার্বত্য। রপ্তানি— তুলা, পাম তৈল।

ফরাসী টোগোলন্‌ড দ্বীপপুঞ্জের পূর্বাংশে ; আ. ২১৮৯৩ ব মা ; জন. ৫ লক্ষ। ১৯৪৪-এ মাত্র ১০৮২ ইউরোপীয় ছিল। প্রধান শহর লোমে (Lome) ; অধিবাসীরা প্রধানত সুদানী। ফ. গবর্নমেন্টের অধীন একজন কমিশনার দেশ শাসন করেন।' ৩২ মা দীর্ঘ উপকূলে কোনো পোতাশ্রয় নাই। উৎপন্ন-দ্রব্য—কোকো, কফি, তুলা প্রভৃতি। ১৯৪৬ ডিসেম্বর হইতে টো.র দুই অংশই রাষ্ট্রসংঘের (U. N.) ট্রাস্ট্ টেরিটোরি।

**টোপরা** ( Topra ) : পঞ্জাব ; অম্বালা জেলার গ্রাম। এখানে অশোকের যে 'লাঠ' ছিল, তাহা ফিরোজশাহ তুগলাক ( ১৩৫১-৮৮ ) দিল্লীতে উঠাইয়া আনেন

আর একটি 'লার্ট' মৌরাটের কোনো গ্রাম হইতে আনীত।

**টোবাগো** (Tobago) : অতলান্তিক মহাসাগরে ট্রিনিডাড দ্বীপের (দ্র.) ১৯ মা উ.-পূর্বে অবস্থিত প. ইণ্ডিস দ্বীপপুঞ্জের অন্তর্গত দ্বীপ। আ. ১১৬ ব মা, জন ৩৩ হা. ('৫৩)। রাজধানী স্কারবরো (Scarborough, জন. ১,২১০)। ১৮১৪-এ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়। ১৮৮৮-এ ট্রিনিডাড উপনিবেশের সহিত যুক্ত হয়। স্বাস্থ্যকর ও পর্যটকদের লোভনীয় স্থান। লোকে টোবাকো (তামাক) খাইত বলিয়া অথবা কারীব জাতির লোকে যে পাইপ খাইত তাহার আকার অনুসারে দ্বীপের এই নামকরণ হয়।

**টোরন্‌টো** (Toronto) : কানাডার অন্টারিও প্রদেশের রাজধানী; অন্টা. হ্রদের উত্তর তীরে অবস্থিত, কানাডার বৃহত্তম নগরী। প্রাদেশিক বিশ্ববিদ্যালয়; বাণিজ্য ও শিল্প কেন্দ্র। নায়গ্রা জলপ্রপাত হইতে বিদ্যুৎশক্তি এখানে আসে। জন ৬.৭৩ লক্ষ। ১৭৯৪-এ এখানে ইংরেজ গবর্নরের সরকারী দপ্তরখানা আসে; শহরের নাম হয় ইয়র্ক। ১৮৩৪ হইতে টোরন্‌টো নাম গৃহীত। রেড ইন্‌ডিয়ান শব্দ, ইহার অর্থ মিলিবার স্থান।

**ট্রমবয়** (Tromboy) : বোম্বাই নগরের দক্ষিণে শিল্পস্থান। এখানে Standard Vacuum Oil Company (Stanvac) বিদেশ হইতে কাঁচা পেট্রোলিয়াম আনাইয়া পরিশোধন করিয়া পেট্রোল, কেরোসিন প্রভৃতি প্রস্তুত করিতেছে। ১৯৫৫ হইতে কারখানা চালু হইয়াছে। Stanvac ছাড়া Burma Shell ও Caltex কোম্পানিদ্বয়ও এখানে কারখানা পত্তন করিয়াছে। এই তিনটি কারখানা পূর্ণভাবে চালু হইলে ভারতের পেট্রোলাদির চাহিদার শতকরা ৯০ ভাগ ট্রমবয় হইতে সরবরাহ হইবে। বর্তমানে বৎসরে ৩৭ লক্ষ টন্ পেট্রোলিয়াম ব্যবহৃত হইবে; বর্মা-শেল কোং বৃহত্তম প্রতিষ্ঠান, ইহারা একাই ২০ লক্ষ টন্ পে. কাজে লাগাইবে।

**ট্রয়** (Troy) : গ্রীক মহাকাব্য ইলিয়ডে বর্ণিত প্রাচীন নগরী। এশিয়া মাইনরের (তুর্কি) উ.-পশ্চিমে হেলেসপন্টের (Hellespont) নিকটে অবস্থিত; বর্তমান নাম হিসারলিক। হাইনরিখ শ্লীমান এইখানে খনন কার্য করিয়া (১৮৭১-৮২) সর্ব প্রথম প্রাচীন নগর আবিষ্কার করেন; ইহার পর Dorpfeld খনন করিয়া ৯টি স্তরে প্রাচীন নগরের চিহ্ন পাইয়াছিলেন। নূতন প্রস্তর যুগ হইতে রোমান যুগ পর্যন্ত নগর মাটির নিচে প্রোথিত ছিল।

**ট্রান্‌স-কাস্‌পিয়ান রেলওয়ে** (Trans-Caspian Railway) : সোভিয়েত রাজ্যের রেলপথ; কাস্‌পিয়ান হ্রদ তীরস্থ ক্রাসনোভোদস্ক (Krasnovodsk) হইতে রেলপথ মধ্য এসিয়ার আশকাবাদ, মার্ভ, সামারখন্দ, লেনিনাবাদ, আলমা আতা, সেমিপ্লাতিনস্ক হইয়া ট্রান্‌স সাইবেরিয়ান রেলপথের নভোসাইবিরস্ক (Novo-Sibirisk) জংশনে মিলিয়াছে।

**ট্রান্‌স-জর্ডন** (Trans Jardan) : দ্র. জর্দন

**ট্রান্‌সভাল** (Transvaal) : দ. আফ্রিকা ইউনিয়নের রাজ্য; নাটাল ও অরেঞ্জ ফ্রী স্টেট দক্ষিণে; কেপ প্রভিন্‌স দক্ষিণ-পশ্চিমে; পশ্চিমে বেচুয়ানা দেশ। উ.-পূর্বে পোর্তু. মোজাম্বিক। দেশ মালভূমি, ৩-৪ হা. ফুট উচ্চ। আ ১,১০,৪০০ ব মা; জন. ৪৮·০২ লক্ষ। ইহার মধ্যে বারো আনি লোক আফ্রিকান বান্টু। রাজধানী প্রিটোরিয়া। এখান হইতে নিকটতম বন্দর পোর্তু. মোজাম্বিকের লোরেনসো মারকুইস ৩৫০ মা দূরে।...পশুপালন, পশু প্রজনন, কৃষি ও খনিজ উত্তোলন অধিবাসীদের প্রধান উপজীবিকা। স্বর্ণখনি, হীরকখনি, কয়লা, লৌহ, ক্রোম, নিকেল, তাম্র, আসবেস্‌টস, প্লাটিনাম প্রভৃতি খনিজ এখানে যথেষ্ট আছে। উইটওয়াটারস-রানড (Witwaters rand) খনি পৃথিবীর মধ্যে স্বর্ণ উৎপাদনে শ্রেষ্ঠ।...এই দেশে ১৮৩৫-এ কেপ কলোনী হইতে এক দল ডাচ চাষী (Boers বুয়র) আসিয়া মাটাবেলে নামে জুলু উপজাতিকে স্থানচ্যুত করে। আনদ্রিজ প্রিটোরিয়াস (Pretorius) ১৮৪৮-এ বুয়রদের পরিচালক নিযুক্ত হন। ১৮৫২-এ গ্রেট ব্রিটেন টান্‌সভালের স্বাধীন রাজ্যসত্তা মানিয়া লইল। কিন্তু স্থানীয় ইংরেজ উপনিবেশিকরা বুয়রদের আগমনকে কোনো দিনই সুনজরে

দেখে নাই ; ১৮৬৬ অব্দে ট্রান্সভালের মধ্যে স্বর্ণখনি আবিষ্কৃত হইলে বহু ইংরেজ সেখানে স্বর্ণ সন্ধানে উপস্থিত হয় ; এই নূতন লোকদিগকে বুয়ররা কোন নাগরিক অধিকার দিল না। এই মনোমালিন্যের ফলে ১৮৭৭-এ ইংরেজরা ট্রান্সভাল দখল করিল। বুয়ররা বিদ্রোহী হয় ও ১৮৮১ অব্দে স্বায়ত্তশাসন লাভ করে। কিন্তু ইংরেজ খনি-সন্ধানীদের সকল প্রকার দাবী দাওয়া মিটাইতে অস্বীকৃত হইতে থাকিলে ট্রান্স. পুনরায় ইংরেজদের দ্বারা আক্রান্ত হইল। এই বুয়র যুদ্ধের (১৮৯৯-১৯০২) ফলে ট্রান্সভাল পুনরায় অধিকৃত ও ব্রিটিশ ক্রাউন কলোনী বলিয়া ঘোষিত হয়। ১৯০৭-এ স্বায়ত্ত শাসন ও ১৯১০-এ দক্ষিণ আফ্রিকা ইউনিয়নের অন্যতম রাজ্য রূপে গৃহীত হইয়াছে। ..রাজ্যের বৃহত্তম নগর জোহান্সবার্গ।

**ট্রান্স-সাইবেরিয়ান রেলপথ** (Trans-Siberian Rly) : সোবিয়েত ইউনিয়নের ও পৃথিবীর দীর্ঘতম রেলপথ। এই রেলপথ লেনিনগ্রাড হইতে ব্লাদিভোস্টক পর্যন্ত গিয়াছে (৫,৪৮১ মা)। ১৮৯১-এ মাত্র ১,৭৬৯ মা নির্মিত হইয়াছিল, ১৯০৩-এ নির্মাণকার্য শেষ হয়। বৈকাল হ্রদের দক্ষিণ তীর ধরিয়া রেলপথ নির্মিত হয় ১৯০৫-এ ; তৎপূর্বে ফেরি-র সাহায্যে রেলগাড়ি পার করা হইত। প্রথম দিকে উ.-পূর্ব চীনের (মান্চুরিয়া) ভিতর দিয়া এই রেলপথ ছিল, তখন এই রেল রাশিয়ার অধীনস্থ ছিল। ১৯০৮-এ রাশিয়ার এলাকা দিয়া অর্থাৎ চিটা হইতে উ.-পূ. আমুর নদীর তীর ধরিয়া খাবারোভসক ও সেখান হইতে দক্ষিণে ব্লাদিভোস্টক পর্যন্ত রেলপথ নির্মিত হইয়াছে। এই রেল নির্মাণে প্রায় ২৫০ কোটি টাকা ব্যয় হয়। সোবিয়েত যুগে ডবল লাইন হইয়াছে।

**ট্রানসিলবেনিয়া** (Transylvania) : রুমানিয়ার অন্তর্গত প্রদেশ ; কার্পেথিয়ান ও ট্রা.-আল্পসের মধ্যে অবস্থিত। পর্বতসারির মধ্যে বহু উর্বর উপত্যকা ও নদী আছে। ১৮৬৮ হইতে এই ভূখণ্ড হাংগেরির অন্তর্গত ও সেই হইতে ইহাকে সম্পূর্ণরূপে মাজিয়ার (Magyarization) করিবার চেষ্টা চলিতেছে। ১ম মহাযুদ্ধের শেষে এই দেশ রুমানিয়ার ভাগে পড়ে। ১৯৪০-অগস্টে হিটলার এই দেশ হাংগেরিকে প্রত্যার্পণ করে। ইহা ভিয়েনা-দান (Vienna award) নামে খ্যাত। মহাযুদ্ধান্তে ১৯৪৫, মার্চ ১০, পুনরায় রুমানিয়া ফিরিয়া পাইয়াছে। আ. প্রায় ১৭,০৪০ ব মা। প্রধান শহর ক্লজ (Cluj) ও ব্রাশোভ (Bracov)।

**ট্রাফালগর** (Trafalgar) : দক্ষিণ স্পেনের পশ্চিমে অতলান্তিক মহাসাগর তীরের অন্তরীপ। এখান হইতে অদূরে আদ্মিরাল নেলসন ইংরেজ নৌ-বাহিনী লইয়া ফরাসী ও স্পেনীশদের যুক্ত নৌ-শক্তিকে পরাভূত করেন। নেলসন যুদ্ধে নিহত হন (২১ অক্টো, ১৮০৫)। লন্ডনের একটি স্থানের নাম ট্রাফালগার স্কোয়ার।

**ট্রিনকমোলী** : দ্র. ত্রিনকমোলী।

**ট্রিনিডাড** (Trinidad) : পশ্চিম ইন্‌ডিস দ্বীপপুঞ্জের দক্ষিণতম দ্বীপ ; দ. আমেরিকার উত্তরে অতলান্তিক মহাসাগরে অবস্থিত ব্রিটিশ উপনিবেশ। আ. ১,৮৬৪ ব মা (৫০ মা দীর্ঘ ; ৩৭ মা প্রস্থ) ; ট্রি, টোবাগো ও কয়েকটি ক্ষুদ্র দ্বীপের মিলিত জন. ৬'৭৮ লক্ষ ('৫৩)। অধিবাংশ আফ্রিকান এবং ভারতীয় বংশোদ্ভূত ; কিছু চীনা ও বাকি ইউরোপীয়। এই দ্বীপে ভারতীয়দের সংখ্যা ২২৭,৯৯০ ('৫০), মোট অধিবাসীর ৩৫ শতাংশ। ভাষা ইংরাজি। রাজধানী পোর্ট অফ স্পেন (জন. ১,১১,৩৫০)। ..১৪৯৮-এ কলম্বাস ইহা আবিষ্কার করেন। স্পেনীশরা ১৫৩২-এ এখানে উপনিবেশ স্থাপন করে। ১৭৯৭ এ ব্রিটিশ অধিকারভুক্ত হয় ও আমিনস্-এর চুক্তি (Treaty of Amiens ; ২৫ মার্চ, ১৮০২) অনুসারে ব্রি. সাম্রাজ্যভুক্ত হয়। ...দেশের কিয়দংশ পার্বত্য ; অবশিষ্ট সমভূমি। জলবায়ু ক্রান্তীয় (Tropical) ; বৃষ্টি উ-পূর্বে ১০০" ; পশ্চিমে ৫০"। কৃষিজ উৎপন্ন চিনি। পেট্রোলিয়াম খনি হইতে কলোনীর প্রধান আয়। এ ছাড়া আছে প্রাকৃতিক আসফেল্ট-এর হ্রদ। ইহা একটি পুরাতন আগ্নেয়গিরির গহ্বর ; আয়তন প্রায় ১১৪ একর। একটি ব্রি. কোম্পানী বৎসরে প্রায় দেড়লক্ষ টনের উপর আসফেল্ট উত্তোলন করিয়া চালান দেয় ; গহ্বরের ভিতর হইতে আসলে আবার ভরিয়া উঠে।

টোবাগো (দ্র.) ও কয়েকটি ক্ষুদ্র দ্বীপ ট্রিনিডাড উপনিবেশের অন্তর্গত। ১৯৫০-এর আইন অনুসারে এই উপনিবেশ গবর্নর, কর্মসমিতি ও আইন সভা (১৮ নির্বাচিত, ৫ মনোনীত ও ৩ জন পদাধিকার বলে গৃহীত সদস্যযুক্ত) দ্বারা শাসিত হইতেছে। এখানে প্রাথমিক শিক্ষা আবশ্যিক। Imperial College of Tropical Agriculture বিশিষ্ট প্রতিষ্ঠান। ১৯৪১-এর এক চুক্তি-অনুসারে মার্কিন যুক্তরাষ্ট্রকে ৯৯ বৎসরের জন্য ট্রিনিডাডে সমর ঘাঁটি (Defence base) করিবার জন্য স্থান ইজারা দেওয়া হইয়াছে। ১৮৫১-এ প্রথম স্ট্যাম্প বাহির হয়।

**ট্রিপোলি** (Tripoli) : (১) উ. আফ্রিকার লিবিয়া রাজ্যের রাজধানী ও ভূমধ্যসাগর-তীরস্থ বন্দর। তুর্কীদের নিকট হইতে ইতালীয়রা ১৯১১-এ অধিকার করে। নিকটস্থ বিমান বন্দর ( Wheeus Field ) ১৯৪৮-এ মার্কিন রাষ্ট্রের নিকট ইজারা দেওয়া হয়। ট্রি.র জন. ১,৪২,০০০ ('৫২ )।

(২) লেবানন রাজ্যের শহর ; ভূমধ্যসাগরের বন্দর। পেট্রোলিয়াম শোধন কেন্দ্র। ইরাক হইতে পাইপ লাইনে পেট্রো. এখানে আনা হয়। জন. ৮৬,৩৭১। ইহা প্রাচীন স্থান, ফিনিকদের নগরী ছিল।

**ট্রিপোলিটানিয়া** (Tripolitania,—tana) : লিবিয়ার পশ্চিমাংশের পূর্বতন নাম। এই অঞ্চল ১৬ শতকে তুর্কীদের অধিকারে আসে ; ১৯১১-এ ইতালী কর্তৃক অধিকৃত ও ১৯৩৪-এ ইহা লিবিয়ার প্রদেশরূপে পুনর্গঠিত। আ. ৩ লক্ষ ব মা। রাজধানী ছিল ট্রিপোলি। বর্তমানে ট্রিপোলিটানিয়া নাম নাই। ( দ্র. লিবিয়া )।

**ট্রোন্‌হিয়েম** (Trondheim) : নরওয়ের শহর ; ১৯০৮ পর্যন্ত নরওয়ের রাজাদের অভিষেক-স্থান ছিল ; এখানে মধ্যযুগীয় কয়েকটি সুদৃশ্য চার্চ আছে। বর্তমানে জাহাজ নির্মাণের কেন্দ্র। জন. ৫৭ হা.।

**ঠাকুরগাঁ** (Thakurgan) : পূ. পাক ; দিনাজপুর জেলার মহকুমা ; পশ্চিমে পূর্ণিয়া জেলার কিষণগঞ্জ—যাহা বঙ্গভুক্ত হইয়াছে, উ.-পূর্বে জলপাইগুড়ি। ...দিনাজপুর-রুহিয়া রেলওয়ের ( ঈ. বে. রেল. ) স্টেশন, ঠা. রোড ( ৪০ মা ) হইতে পশ্চিমে ৪ মা দূরে শহর অবস্থিত। টাঙ্গন নদীতীরে, দিনাজপুর-রুহিয়া-আটওয়ারী শড়কের উপর অবস্থিত ; দি. হইতে ৪০ মা. দূরে। এখানে রেজি. অপিস, ( ১৮৮৭ ), স্কুল প্রভৃতি আছে।

**ডগলাস** (Douglas) : মান দ্বীপের (Isle of Man) শহর ও বন্দর ; ভ্রমণ-বিলাসীদের সফর-স্থান। আলোকস্তম্ভ আছে। জন. ২০,২৮৮।

**ডন** (Don river) : সোবিয়েত রুশিয়ার নদী ( ১,১২০ মা ) ; অববাহিকা মণ্ডল ১·৬৬ লক্ষ ব মা। ভলগার সহিত খালের দ্বারা যুক্ত হইয়াছে ( ১৯৫২ সালে )। ডন নদী কৃষ্ণসাগর অন্তর্গত আজভ সাগরে পড়িয়েছে। ডোনেট্‌জ (Donets) ইহার প্রধান করদ নদী। ডন নদী বাহিয়া রস্টভ পর্যন্ত সমুদ্রগামী জাহাজ যাইতে পারে ; ডিসেম্বর হইতে মার্চ পর্যন্ত মোহনা তুষারাবৃত থাকে ; তখন নৌ চলাচল বন্ধ থাকে।

**ডনবাস** (Donbas) : রুশ Donetskiy Basseyn-এর সংক্ষেপিত রূপ। ডন নদীর অন্যতম করদ নদী ডোনেট্‌জ (Donets) উপত্যকা ও চতুস্পার্শ্বস্থ অঞ্চল সোবিয়েত রুশের কয়লা ও লৌহ উৎপাদনের প্রধান কেন্দ্র। রুশের শতকরা ৫৫ ভাগ কয়লা এখানে উৎপন্ন হয়। এই অঞ্চলে বহু শিল্প প্রতিষ্ঠান আছে। এখানকার কয়লাক্ষেত্র ২৫০ মা দীর্ঘ ও ১০০ মা প্রস্থ ; অনুমান ৯০ বিলিয়ন টন কয়লা মজুত আছে। কয়লা উৎকৃষ্ট শ্রেণীর ; সেইজন্য লৌহাদি কারখানায় ব্যবহৃত হয়। ডনবাস এখন ইউক্রায়েনের ওবলাস্ট বা জেলা।

**ডবাক** (Davaka) : ডবাক, সমতট, কামরূপ ও কর্ত্রীপুর একত্র ইলাহাবাদ স্তম্ভলিপিতে উল্লিখিত আছে। আসাম, নওগাঁও জেলার ডবোকা গ্রাম বলিয়া অনুমিত। অন্যমতে ঢাকা বা বগুড়া প্রভৃতি স্থান।

**ডাউহিল** (Dow Hill : দারজিলিঙ জেলা ; কারসিয়ঙ-এর নিকটবর্তী পাহাড় ; এখানে অনেকগুলি ঝরণা আছে। সেই জল ধরিয়া শহরে জল সরবরাহ হয়। বন বিদ্যালয় (১৯৫৭), ভিক্টোরিয়া বয়েজ স্কুল, ডা. হি. গার্লস স্কুল ; যক্ষ্মা হাসপাতাল।

**ডাকার** (Dakar) **:** ফরাসী প. আফ্রিকার ( সেনেগাল ) রাজধানী ও বৃহত্তম বন্দর ; কেপ ভার্দ (Cape Verde)-এর দ.-পূর্বে অতলান্তিক সাগর তীরে অবস্থিত। অতি সুন্দর পরিকল্পিত নগরী। দ. আমেরিকার নিকটতম স্থান। বিমান বন্দর আছে। প্রধান রপ্তানি চীনা-বাদাম। জন. ১,৮৫,০০০ ( '৪৮ )।

**ডাকোটা** (Dakota) **:** মার্কিন যুক্তরাষ্ট্রের উত্তর ডাকোটা ও দক্ষিণ ডাকোটা নামে দুইটি স্টেট আছে। (১) উত্তর ডাকোটার আ. ৭০,৬৬৫ ব মা ; জন. ৬,১৯,৬৩৬ ( '৫০ )। রাজধানী—বিসমার্ক। (২) দক্ষিণ ডাকোটার আ. ৭৭,৬১৫ ব মা ; জন. ৬,৫২,০০০। রাজধানী—পিএরে (Pierre)। দ্র. নর্থ ডাকোটা, সাউথ ডাকোটা।

**ডাখাউ** Dachau) **:** জারমানি ; বাভেরিয়ার বাজারী শহর, মিউনিকের নিকট। এখানে নাৎসিদের নিষ্ঠুর কন্‌সেনট্রেশন ক্যাম্পে (১৯৩৩—৪৫) বহু ইহুদীও অ-নাৎসিদের মৃত্যু ঘটে। শহরের জন ২৪ হা.।

**ডাঙ** (Dangs) **:** পূর্বতন বড়োদা রেসিডেন্‌সির অধীন গুজরাট স্টেট্‌স এজেন্‌সির অন্তর্গত ১৫টি করদরাজ্য ; অধিবাসীরা প্রধানত ভীল উপজাতীয়। বর্তমানে রাজ্যগুলিকে লইয়া বোম্বাই-এর ডাঙ জেলা গঠিত হইয়াছে। আ. ৭০০ ব মা ; জন. ৪৭,২৮২। ইহার মধ্যে মারাঠাভাষী প্রায় ৪৫,০০০ ; গুজরাটভাষী প্রায় ২,০০০। প্রধান শহর আওয়া (Ahwa)। ডাঙের জঙ্গলে উৎকৃষ্ট সেগুন গাছ আছে।

**ডাচ কলোনি :** দ্রঃ ইন্‌দোনেশিয়া, নেদারলন্‌ড্‌স।

**ডানকার্ক** (Dunkirk) **:** ফ্রান্‌সের উত্তরে বন্দর ; প্যারিসের ১৫০ মা উত্তরে, বেলজিয়াম-সীমান্তের নিকটে। ২য় মহাযুদ্ধের সময় ব্রিটিশ সৈন্য জারমান-দের দ্বারা আক্রান্ত হইয়া এই বন্দর হইতে প্রাণ লইয়া প্রত্যাবর্তন করে। ১২ দিনের মধ্যে ( মে-জুন, ১৯৪০ ) ৩,৩৫,০০০ সৈন্য স্থানান্তরিত হয় ; ৫০ হাজার জারমানদের হাতে বন্দী হয়। মিত্রশক্তির অস্ত্রশস্ত্র রসদপত্র সমস্তই শত্রু হস্তে পড়ে। যুদ্ধের সময় বন্দর দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। ১৯৪৬ অগস্টে বন্দর পুনরায় খোলা হয়। শহর ৭ম শতকে স্থাপিত।

( Dundee ) **:** পূর্ব-স্কটলন্‌ডের বন্দর ; টে (Tay) নদীর মোহনায় অবস্থিত। কেল্‌টিক নাম Dun-Taw বা টে-র দুর্গ। স্কট. এর তৃতীয় বৃহত্তম নগরী। জন. ১'৭৭ লক্ষ। এই নগর পাট-বয়ন শিল্পের জন্য খ্যাত ছিল ; ভারতীয় পাট-বয়ন শিল্প প্রসার লাভ করিতে থাকিলে এখানকার একচেটিয়াত্ব নষ্ট হয় ; এখন অন্যান্য বয়ন শিল্প আরম্ভ হইয়াছে। বহুবিধ যন্ত্রপাতি, প্লাস-টিকস, ঘড়ি প্রভৃতি প্রস্তুত হইতেছে। জাহাজ নির্মাণের কেন্দ্র। ডক ও বন্দর আধুনিক শ্রেষ্ঠ ইনজিনীয়ারিং আদর্শে নির্মিত।

**ডাবলিন** ( Dublin ) **:** আয়ার (Eire)-এর রাজধানী ও বন্দর। নগর হাজার বছরের পুরাতন। ৯ম শতকে নর্স (Norse)-রা ইহাকে বন্দররূপে ব্যবহার করিত। ডাবলিন Dubh-linn (=the black pool) শব্দ হইতে আসিয়াছে। ইহার আইরিশ নাম Baile atha cliath। ডাব. বিশ্ববিদ্যালয় ১৫৯১-এ স্থাপিত। ১৯২২ হইতে নগর দ্রুত প্রসার লাভ করিতেছে। জন. ৫,২২,০০০। সমগ্র দেশের এক-পঞ্চমাংশ।

**ডাম্বারটন ওকস্‌** (Dumberton Oaks) **:** মর্কিন যুক্ত-রাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনের নিকটবর্তী স্থান। এখানে ২য় মহাযুদ্ধের প্রায়-অবসানকালে সোবিয়েত রুশ, গ্রেট ব্রিটেন, চীন ও যুক্তরাষ্ট্র প্রতিনিধিরা সমবেত হইয়া ( ১৯৪৪ ) যে সব সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা পর বৎসর সানফ্রানসিস্‌কো নগরীতে 'ইউনাইটেড নেশনস' বা রাষ্ট্রপরিষদ পরিকল্পনা রূপে গৃহীত হয়।...ডাম্বারটন নামে শহর স্কটলন্‌ডে আছে।

**ডায়মন্‌ড হারবার** (Diamond Harbour) **:** ২৪ পরগনা জেলার মহকুমা, শহর ও হুগলী নদীর পোতাশ্রয়। দেশীয় নাম হাজিপুর। ঈ. ই. কোম্পানির জাহাজ নোঙরের প্রাচীন স্থান। কলিকাতা ( শিয়ালদহ-দক্ষিণ) হইতে রেলে ৩৭ মা। বাসেও যাওয়া যায়। বর্মা-শেল কোম্পানির পেট্রোল ও কেরাসিন এখানে সঞ্চিত থাকে।...কলিকাতা-গামী জাহাজের শুল্ক অপিস ও পোতাশ্রয়ের ভারপ্রাপ্ত কর্মচারীর (Harbour master) অফিস।...মহকুমার আ. ১,২৬২ ব মা ; জন. ৯,০১,১২০ ; ঘনতা ৭১৪। গ্রাম ১,০৬৫।...থানার আ. ৭৬ ব মা ;

জন. ১,১৮,৯২৩ ; ঘ. ১,৭০১। শহরের জন. ৯,৮১৮। ফকির চাঁদ ইণ্টার কলেজ (১৯৪৮)।

**ডারউইন** (Darwin) : অস্ট্রেলিয়া ; উত্তর টেরিটোরি স্টেটের রাজধানী ও বন্দর ; এখান হইতে ইন্দো-নেশিয়ার সীমান্ত অতি নিকটে। কেব্‌ল্-পথে জাভার সঙ্গে যোগাযোগ আছে। জন. ২,৫৩৮ ('৪৭)। বিজ্ঞানী চার্লস ডারউইনের নামানুসারে ইহার নামকরণ হয় ; পূর্ব নাম ছিল পামারস্টোন। সিঙ্গাপুর-সিডনী আকাশ পথের বিমান বন্দর।

**ডারটমুর** (Dartmoor) : ইংলন্ডের ডেভন শায়ার-এর বন্ধুর, জনবিরল অধিত্যকা, গড় উচ্চতা ১,২০০ ফুট। প্রায় ২০০ ব মা স্থানে প্রসারিত। গ্রানাইটের মতো পাথুরে জায়গা। পশুচারণ ভূমি আছে। টিন, তামা, লৌহচুর কিছু কিছু পাওয়া যায়। এই অঞ্চলে প্রিন্সটন (Prince town) শহরে ব্রিটেনের বিখ্যাত কয়েদ-খানা Convict prison)।

**ডারআম** (Durham) : ইংলন্ডের কাউন্টি ও শহর ; জন. ১৯,০০০। ১৮৩২-এ ডা. বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়, বহু কলেজ ও প্রতিষ্ঠান ইহার অন্তর্ভুক্ত, নিউ কাসলের কিংস কলেজ, বারবাদোস-এর কড্‌রিংটন কলেজ, সিএরা লিওন-এর ফুরা বে কলেজ।

**ডারবান** (Durban) : দ. আফ্রিকা ; নাটালের প্রধান শহর ও ভারত মহাসাগরতীরস্থ বন্দর, টান্‌সভাল প্রভৃতি দেশে এখান হইতে যাইতে হয়। বহু ভারত-বাসীর বাস। ভারত হইতে জাহাজ এই বন্দরে যায়। জন. ৪·২০ লক্ষ ('৪৬), তন্মধ্যে ইউরোপীয় ১·৩০ লক্ষ ; ভারতীয় প্রায় দেড় লক্ষ ; খাস আফ্রিকান ১·৩১ লক্ষ। ১৮৩৫-এ গবর্নর স্যর বেনজামিন দ' আরবান-এর (D'urban) নামানুসারে শহরের নাম ডারবান হয়। ···এখানে নাটাল বিশ্ববিদ্যালয়ের কলেজ আছে।

**ডারিএন** (Darien) : পানামা উপদ্বীপের পূর্বতন নাম। ঘন অরণ্যময় দেশ।···ব্যাংক অব্‌ ইংলন্ডের প্রতিষ্ঠাতা পেটারসনের চেষ্টায় স্কটলন্ড হইতে এখানে উপনিবেশ স্থাপনের চেষ্টা ব্যর্থ হয় (১৬৯৪)।···বর্তমানে পানামা রাজ্যের প্রদেশ। ডারিএন উপসাগর পানামা ও কোলোম্বিয়া রাজ্যদ্বয়ের মধ্যে খাড়ির মত প্রবেশ করিয়াছে ; ইহা করীব সাগরের অংশ।

**ডার্লিং নদী** (Darling river) : অস্ট্রেলিয়ার নদী ; পূর্ব প্রান্তের পর্বত হইতে উঠিয়া মারে নদীর সহিত মিলিয়াছে (১,৩৪৫ মা)। অনেকগুলি উপনদী ইহাতে পড়িয়াছে।

**ডালটনগঞ্জ** (Daltonganj) : বিহার ; পালামৌ জেলার মহকুমা। আ. ৩,২৫০ ব মা ; জন ৭,৮৪,২০৭ ; ঘনত্ব ৩৩০। ১৪টি থানা। শহর (জন ১৯,২২৩)। বারকাকানা লুপ লাইনের স্টেশন (১১৫ মা)। কলিকাতা ৩১৪ মা। বিহার ব্যা. ; ছোটনাগপুর ব্যা. কর্পো., প ন্যাশনাল ব্যাংক।

**ডালমিয়ানগর** (Dalmianagar) : বিহার ; শাহাবাদ জেলার শোন নদীর বামতটে, ডেহরীর (শোনের উপর) উ.-পূর্বে অবস্থিত শিল্পশহর। এখানে ডালমিয়া কোম্পানীর সিমেন্ট কারখানা ও উদ্ভিজ্জ ঘৃত (ডালডা) কারখানা প্রভৃতি আছে। কাগজের কলে বৎসরে ১০ হা. টন কাগজ প্রস্তুত হয় ; কৈমুর পাহাড় হইতে বাঁশ আনিয়া কাগজের জন্য মণ্ড (Pulp) তৈয়ারি হয়। কাগজ উৎপাদনে এই কারখানার স্থান ভারতে তৃতীয়।...শহরের জন. ২০ হা.। আরা খাল পশ্চিমে প্রবাহিত। স্টেট ব্যাংক ও ইউনিভার্সাল ব্যাংক।

**ডালমেশিয়া** (Dalmatia) : যুগোস্লাভিয়ার অন্তর্গত স্থান; আদ্রিয়াতিক তীরস্থ পার্বত্য উপকূল ভাগ ; অতি প্রাচীন কাল হইতে ডা. নাম পরিচিত। ১৭৯৭-এ এই অংশ অস্ট্রিয়ার সাম্রাজ্য ভুক্ত হয়। ১ম মহাযুদ্ধের পর ১৯১৮-এ ইতালীকে প্রদত্ত হয় বটে, কিন্তু যুগোস্লাভিয়া দখল করে। কয়েকটি উৎকৃষ্ট পোতাশ্রয় আছে।

**ডালহৌসি** (Dalhousie) : হিমাচল প্রদেশ ; চম্বা রাজ্যের মধ্যে বক্রোটা, তেহ্‌রা, পোতরেন পর্বতত্রয়ের উপর অবস্থিত ক্ষুদ্র জনপদ। বক্রোটাই সর্বোচ্চ পর্বত (৭,৮১৯ ফুট)। বর্তমানে হিমাচল প্রদেশের অন্তর্গত। পাঠানকোট হইতে মোটর পথে ৫২ মা। গুরুদাসপুর হইতে উ-পূর্বে ৪৫ মা। গবর্নর জেনারেল লর্ড ডালহৌসির নামানুসারে শহরের নাম। জন. ১,০৯৭। প. ন্যাশনাল ব্যাংক।

**ডিগ (Dig):** রাজস্থান ; জয়পুর বিভাগ ; ভরতপুর জেলার শহর ; ভরতপুর শহরের উ.-পশ্চিমে অবস্থিত। জাঠ-রাজাদের পুরাতন রাজধানী। জাঠরা আগরা হইতে তথাকার দুর্গের বিরাট সিংহদ্বার এবং শ্বেত প্রস্তরের প্রকাণ্ড এক অট্টালিকা খুলিয়া লইয়া এখানে আনিয়া পুনর্প্রতিষ্ঠ করে। ইংরেজদের সহিত এখানে জাঠদের ১৮০৪-এ যুদ্ধ হয়।...শহরের জন. ১৩,১৩৯।

**ডিগবয় (Digboi):** আসাম ; লখিমপুর জেলার শহর ডিব্রুগড়-মাকুম-লেডো লাইনের ( উ পূ. রেলপথ ) স্টেশন (৫০ মা)। জন ২৩,৬৯১। ইউনা. ব্যাংক। শহরের চারিদিকেই পেট্রোলিয়ামের খনি। বর্তমানে বার্ষিক ৬'৫০ কোটি গ্যালন পে. উৎপন্ন হইতেছে। বর্মা অইল কোম্পানির সাহায্যপুষ্ট আসাম অইল কো. এখানে তৈল নিষ্কাশন করিতেছে। ১১'৫ মিলিয়ন কি. ফুট স্বাভাবিক গ্যাস উৎপন্ন হয়।

**ডিন্ডিগুল (Dindigul):** মদ্রাজ রাজ্য ; মদুরাই জে.র তালুক ও শহর। জন. ৭৩৬৫৪। ধনুস্কোটি মি. রেলপথের স্টে. ( ৩০৭ মা )। এখান হইতে শাখা রেল পোলাচি (Pollachi) পর্যন্ত ৭৬ মা। ডিন্ডিগুল তামাকের ব্যবসায় ও সিগার কারখানার জন্য খ্যাত ; কয়েকটি ট্যানারি ও একটি বড় কাপড়ের কল আছে। ...মদুরাই-র নায়ক রাজারা এখানে এক দুর্গ নির্মাণ করেন ; উহা ২৮০ ফুট খাড়াই দুর্গম পাহাড়ের উপর অবস্থিত। মহীশূর কর্তৃক ১৭৪৫-এ অধিকৃত হয়। ১৭৫৫ হায়দার আলি এখানকার শাসনকর্তা নিযুক্ত হন ; তিনি দুর্গের উপর হইতে বন্দীদের নিক্ষেপ করিয়া মারিতেন বলিয়া শোনা যায়। এই দুর্গ ১৭৯২-এ ব্রিটিশদের দখলে আসে।...ডিন্ডিগুল হইতে ত্রিরু-কোচীন রাজ্যের বিশিষ্ট শিল্পকেন্দ্র কোট্টায়াম ( Kottayam ) পর্যন্ত সুন্দর পথ আছে। ..১১টি ব্যাংকের মধ্যে সেনট্রাল ও স্টেট উল্লেখযোগ্য।

**ডিনডিঙ (Dindings):** মালয় উপদ্বীপে পেরাক রাজ্যের উপকূলবর্তী জেলা ও মালাক্কা প্রণালী তীরস্থ কতকগুলি দ্বীপের সমষ্টিগত নাম ; পেনাঙ হইতে ৭০ মা দক্ষিণে। অরণ্যময় পুলু-ডিনডিঙের প্রাকৃতিক সৌন্দর্য দর্শনীয়।

**ডিবাই (Dibai):** উত্তর প্রদেশ রাজ্য ; বুলন্দসহর জে.র শহর। বু. হইতে ২৬ মা দ.-পূর্বে। আলিগড়-বরেলী রেলপথের স্টেশন (২৬ মা), কলিকাতা হইতে ৮৩২ মা। জন. ১২,৬১০। সেন্ট্রাল ও স্টেট ব্যাংক।

**ডিব্রুগড় (Dibrugarh):** আসাম ; লখিমপুর জেলার শহর ; ব্রহ্মপুত্র নদীর পূর্বতীরে। কলিকাতা ৮৮৯ মা। তিনসুকিয়া হইতে শাখা রেল ডিব্রুগড় পর্যন্ত গিয়াছে ( ৩০ মা )। কলি: হইতে স্টীমার ডিব্রু. পর্যন্ত যায়। ব্রহ্মপুত্রের বন্যায় এই নগরের বিশেষ ক্ষতি হইয়াছে। জন. ৩৮ হা.। ব্যাংক : ইউনাইটেড, স্টেট ও গৌহাটি সমবায়। নিকটে বহু চা বাগিচা। ...আসামের মেডিক্যাল কলেজ ( ১৯৪৭ ) এখানে অবস্থিত।

**ডিভিসি (DVC : Damodar Valley Corporation):** দ্র. দামোদর।

**ডিমলা (Dimla):** পূ পাক., রংপুর জেলার নীলফামারি মহ.র থানা। আ. ১২৯ ব মা। গ্রাম, ডাকঘর।

**ডিমাপুর (Dimapur):** আসাম, মিকির-উত্তর কাছাড় পার্বত্য জেলার শহর ; পাণ্ডু-তিনসুকিয়া রেলপথের স্টেশন, ১৬১ মা ; কোহিমার ২৮ মা উ.-পশ্চিমে ; কাছাড়ীদের প্রাচীন রাজধানী ; ১৫৩৬-এ অহোমরা ইহা ধ্বংস করে। বহুদূর বিস্তৃত ধ্বংসাবশেষ এখনো দেখা যায়। এখান হইতে রাজধানী মাইবং-এ উঠিয়া যায়।

**ডীসা (Deesa):** বোম্বাই ; বনসকণ্ঠ জে.র তালুক। আ. ৬২১ ব মা, জন ১,১০,৭০১, ঘনত্ব ১৭৮। শহর ( জন. ১০,৩৮২ ) পালনপুর-কান্দলা বন্দর রেলপথের স্টে ( ১৭ মা )। স্টেট ও সমবায় ব্যাংক।

**ডুআর্স বা দুআর (Duars):** ভুটিয়া ভাষার শব্দ ; অর্থ পর্বতের পাদদেশস্থ সমতলভূমি। বর্তমানে ডুআর্স বলিতে বাংলাদেশের উত্তরে হিমালয়ের পাদমূলের সমতল ও অরণ্য-পূর্ণ স্থানকে বুঝায়। এই অঞ্চল পূর্বে ভুটানের অন্তর্গত ছিল। আসাম বিজয়ের (১৮২৬) পর এই অঞ্চল ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। কিন্তু এই অঞ্চলে ভুটিয়ারা আসিয়া প্রায়ই অত্যাচার করিয়া যাইত। এই জন্য ভুটানরাজাকে বার্ষিক কিছু অর্থ দিয়া অত্যাচার বন্ধ করিবার চেষ্টা হয়। কিন্তু ১৯ শতকের মধ্যভাগে ক্রমে ক্রমে ভুটিয়াদের অত্যাচার প্রবল হইতে থাকে। তখন ১৮৬৪-এ অ্যাশলি ইডেনকে

ব্রিটিশ দূতরূপে ভুটানরাজ সভায় প্রেরণ করা হয়। ইডেন সাহেব অপমানিত হইয়া ফিরিয়া আসিলে ভুটিয়াদের বিরুদ্ধে ইংরেজরা সৈন্যবাহিনী পাঠায়। ১৮৬৫-এ ভুটিয়ারা বশীভূত হয়। এই যুদ্ধে বহু ইংরেজ সৈন্য ম্যালেরিয়ায় অক্রান্ত হইয়া প্রাণ হারায়।

পূর্বে ডুআর্স অঞ্চল একটি স্বতন্ত্র অঞ্চল হিসাবে একজন ডেপুটি কমিশনার দ্বারা শাসিত হইত; পরে ইহাকে জলপাইগুড়ি জেলার সহিত যুক্ত করা হয়। পূর্বে জঙ্গলময় এই অঞ্চল খুবই অস্বাস্থ্যকর ছিল; বর্তমানে চা-শিল্পের কেন্দ্র হওয়ায় ইহার রূপ ফিরিয়া গিয়াছে।...বর্তমানে এই অঞ্চল আলিপুর-দুয়ার মহকুমার অন্তর্গত। ভুটান যুদ্ধের সময়ে ব্রিটিশ পক্ষের কর্নেল হেদায়ৎ আলি খান অশেষ বীরত্ব প্রদর্শন করেন; তজ্জন্য দুয়ারের এই শহরের নাম দেওয়া হয় আলিপুর-দুয়ার। ইনিই প্রথম শাসনকর্তা নিযুক্ত হইয়াছিলেন।

**ডুইনা নদী** : দ্র. দ্বীনা

**ডুঙ্গারগড়** (Dungargarh) : রাজস্থান; চুরু জেলার রতনগড় মহকুমার তহশীল ও মিউনি. শহর। জন. ১২,৩৩২। বিকানীর ব্যাংক।

**ডুঙ্গারপুর** ( Dungarpur ) : পূর্বতন রাজপুতানার করদ-রাজ্য; বোম্বাই রাজ্যপ্রান্তে অবস্থিত। আ. ১,৪৬০ ব মা; জন. ২,৭৪,২৮২ ('৪১)। রাজ্যের আয় ছিল ৬·৫০ লক্ষ টাকা; কর দিতে হইত ১৭,৫০০ টা.। মহারাওয়াল ( রাজা ) ১৫ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,৯৮,০০০ টা. ভাতা দেওয়া হয়। ...বর্তমানে রাজস্থানের উদয়পুর বিভাগের জেলা। জন. ৩,০৮,২৪৩। বৃদ্ধি ১২·৪%। ঘনতা ২১১। মহীনদী উত্তরে ও পূর্বে।...শহর রাজস্থানের ট্রাংক রাস্তার উপর; উদয়পুরের ১০ মা দক্ষিণে। জন. ১০ হা.। রাজস্থান ব্যাংক।

(Dumraou) : বিহার; শাহাবাদ জেলার সদর মহ.র থানা ও শহর। ডু. থানার আ. ১৯৩ ব মা; জন ১,৭৬,৫৮২; ঘনতা ৯১৫। আরা খাল এই অঞ্চলে জলসেচন করে। কলি. হইতে ৩১৪ মা ওপাটনা ৭০ মা পূর্বে। এখানকার জমিদারদের এক মামলা বহু বৎসর চলে জন. ১৬,৬০৫

**ডুমুরিয়া** ( Dumuria ) : পূ. পাক. ; খুলনা জেলা, সদর মহ.র থানা; গ্রাম ভদ্র নদীতীরে। খু. হইতে সড়ক আছে। রেজি. অফিস ( ১৮৭৪ ) আ. ১১৮ ব মা।

**ডুরান্ড লাইন** (Durand-Line) : আফগানিস্তান ও উ.-প.-সীমান্ত প্রদেশের মধ্যেকার সীমান্তরেখা। ১৮৯৩-এ বড়লাট লান্সডাউনের ( Lansdowne ) শাসনকালে সার মর্টিমার ডুরান্ড ( Sir H. Mortimer Durand )-এর মধ্যস্থতায় এই সীমান্তরেখা নির্দিষ্ট হয় বলিয়া ইহাকে ডু. লা. বলা হয়। এই সময়ে আফগানিস্তানের আমীর ছিলেন আবদার রহমান। ...বর্তমানে ইহা পাকিস্তান-আফ.-এর সীমারেখা।

**ডুসেলডোরফ** (Dusseldorf) : প. জারমানি; নর্থ রাইন-ওয়েস্টফেলিয়া প্রদেশের প্রধান নগর, রাইন ও ডুসেল নদীর সঙ্গমে অবস্থিত। বহু শিল্পের কেন্দ্র। সুবিন্যস্ত বহু সৌধাদি শোভিত নগর। কলাভবন-অট্টালিকা রেনেসাঁ যুগের স্থাপত্যরীতিতে নির্মিত। বহু উৎকৃষ্ট চিত্র এখানে আছে; তন্মধ্যে বেলিনি ও রুবেনসের ছবি উল্লেখযোগ্য। ...জন. প্রায় ৫ লক্ষ।

**ডেকান স্টেট্স** (Deccan States Agency) : বোম্বাই প্রদেশের মধ্যে অবস্থিত পূর্বতন ১৮টি করদ রাজ্যের সাধারণ নাম। আ. ১০,৮৭০; জন. ২৭,৮৫,৪২৮ ('৪১); বৃহত্তম—কোলহাপুর, ৩,২১৯ ব মা; ক্ষুদ্রতম—ওয়াড়ি-জায়গীর, ১২ ব মা। ১৯৩৩-এ এই এককের নাম হয় কোলাহাপুর ও ডেকান স্টেট্স এজেন্সি; এবং ইহা ভারত সরকারের প্রত্যক্ষ শাসনাধীনে আসে; কোলহা-পুরে বড়লাটের প্রতিনিধি বা এজেন্টের অপিস। ১৯৪৯-এর মধ্যে সকল স্টেটই বোম্বাই রাজ্যের কোনো-না-কোনো জেলায় অথবা জেলার অন্তর্ভুক্ত তহশীলে পরিগণিত হয়।

**ডেট্রইট** (Detroit) : মার্কিন যুক্তরাষ্ট্র; মিশিগান স্টেটের প্রধান শহর ও যুক্তরাষ্ট্রের ৫ম বৃহৎ নগর; ঈরী হ্রদের নিকট, ডে. নদীতীরে পোতাশ্রয়। নদীর অপর পারে কানাডার অন্টারিও স্টেটের উইন্‌ডসর শহর ডেট্র-ইটের সহিত সেতু দ্বারা (Suspension bridge) যুক্ত; নদীর তলদেশে সুড়ঙ্গ দিয়া রাস্তা ও রেলপথ আছে।

এই নগরের সমৃদ্ধির কারণ এখানকার ৬টি বড় মোটর কোম্পানির কারখানা; হেনরী ফোর্ড, হাডসন প্রভৃতি কোম্পানি বিখ্যাত। অন্যান্য বহুবিধ শিল্পের কারখানা আছে।...জন. ১৮·৫০ লক্ষ। ইহাদের ১৪·৬৬ লক্ষ টেলিভিশন সেট, ২৩·৪১ লক্ষ রেডিও এবং ১২·০৫ লক্ষ মোটর গাড়ি আছে।

**ডেড-সী** (Dead-Sea): দ. ফিলিস্তানের হ্রদ; ইস্রাইল ও জর্দন রাজ্যের মধ্যে অবস্থিত; হীব্রুরা এই হ্রদকে বলে Yam hammelah; আরবরা বলে Bahret Lut। প্রাচীনকালে রোমানরা বলিত Lacus Asphalites অর্থাৎ লবণ হ্রদ।...এই হ্রদ উ.-দক্ষিণে ৪৯ মা ও পূ.-পশ্চিমে ৩-১০ মা প্রস্থ। সাগর-সমতল হইতে ১,২৯২ ফুট নিম্নে; হ্রদের চরম গভীরতা ১,৩০০ ফুট। জর্দন নদী ইহাতে পড়িতেছে; হ্রদের জল নির্গমনের পথ নাই। · হ্রদের জলের লবণতা ২৫%, সমুদ্রজল হইতে ৭/৮ গুণ অধিক। জলে প্রচুর মাগনেসিয়াম লবণ ও পটাসিয়াম ক্লোরাইড, ব্রোমাইড পাওয়া যায়; এই সব পদার্থ নিষ্কাষণের জন্য ইসরাইলে কারখানা নির্মিত হইয়াছে। এই জলে সাধারণ ভারি জিনিস ডুবিয়া যায় না।

**ডেনভার** (Denver): মার্কিন যুক্তরাষ্ট্র; কোলোরেডো স্টেটের রাজধানী। বিশ্ববিদ্যালয়। জন. ৪,১৫,৭৮৬।

**ডেনমার্ক** (Denmark; Kongeriget Danmark): উত্তর ইউরোপের ক্ষুদ্রতম রাষ্ট্র; জারমানির উত্তরের জাটলন্‌ড উপদ্বীপ ও বালটিক সাগরস্থ প্রায় ৪০০ দ্বীপ লইয়া গঠিত। আ. ১৬,৫৭৫ ব মা; জন. ৪২,৮১,০০০ ('৫১)। ইহা ছাড়া ডেনমার্কের আওতায় আরও দুইটি টেরিটোরি রহিয়াছে: উত্তর অতলান্তিক মহাসাগরের ফারো (The Faroe বা Sheep Is.) দ্বীপপুঞ্জ (আ. ৫৪০ ব মা; জন. ৩১,৬৬৭) ও গ্রীনলন্‌ড। রাজধানী কোপেনহেগেন।

৯ম ও ১০ম শতকে ডেনিশরা খ্রীষ্ট ধর্ম গ্রহণ করিলে ডেনিশ রাজ্য বিস্তৃত হইতে থাকে। মহামতি কান্যুট (Canute) ১০১৫-অব্দে ইংলন্‌ড অধিকার করেন। ১২শ ও ১৩শ শতকে ডেনরাজ্য চরম উন্নতি লাভ করেন। ১৩৯৭-এ ডেনমার্কের সহিত নরওয়ে ও সুইডেন মিলিত হইয়া একটি যুক্তরাষ্ট্র গঠিত হয়। বহু বিদ্রোহ ও বিবাদের পর ১৫২০-এ সুইডেন যুক্তরাষ্ট্র হইতে বাহির হইয়া যায়। নরওয়ে ১৮১৪ পর্যন্ত ডেনমার্কের সহিত যুক্ত ছিল। নেপোলনীয় যুদ্ধে ডেনিশরা ভুল নীতি অবলম্বন করায় নেপোলিয়নের পরাজয়ের (১৮১৪) পর নরওয়ে সুইডেনের ও হেলগোলন্‌ড (Helgoland) ব্রিটিনের অন্তর্গত হয়। প্রুশিয়ার সহিত বিবাদের ফলে ১৮৬৪-এ ডেনমার্কের দক্ষিণভাগের হল্‌সটাইন (Holstein), শ্লেসউইগ (Schleswig) ও লএনবুর্গ (Lauenburg) এই প্রদেশ তিনটি প্রুশিয়ার হস্তগত হয়।

ডেনমার্কের রাজারা পূর্বে রাজন্যদের দ্বারা নির্বাচিত হইতেন। ১৪৪৮ হইতে বংশানুক্রমপ্রথা প্রবর্তিত হয়। এই কেন্দ্রানুগ গবর্নমেণ্টের শাসনে দেশ নানাভাবে উন্নত হয়। ১ম মহাযুদ্ধে ডেন. নিরপেক্ষ ছিল। এই যুদ্ধের পর শ্লেসউইগের কিছুটা ফিরিয়া পায়। ১৯১৭-এ ডেন. মার্কিন যুক্তরাষ্ট্রকে ভার্জিন দ্বীপপুঞ্জ আড়াই কোটি ডলার মূল্যে বিক্রয় করে।... ২য় মহাযুদ্ধের সময় জারমানি কর্তৃক এই দেশ অধিকৃত হয়। যুদ্ধান্তে ডেনরা নিজরাজ্য ফিরিয়া পাইয়াছে। দেশের আভ্যন্তরীণ উন্নতি দ্রুত হইতেছে। শিক্ষা অবশ্যিক ও অধিকাংশ ক্ষেত্রে অবৈতনিক। এখানকার বয়স্কদের শিক্ষা-ব্যবস্থা উন্নত। কোপেনহেগেন বিশ্ববিদ্যালয় ১৪৭৯-এ স্থাপিত। ...দেশ সমতল, জলপূর্ণ; গোচরভূমি ও কৃষিক্ষেত্র প্রচুর। দুগ্ধজ সামগ্রী বিদেশে রপ্তানি হয়। বৈজ্ঞানিক প্রথায় কৃষি ও গোপালন বিশেষ উন্নত; সমবায় যোগে এই সব কার্য চাষীরা করে।

**ডেবরা** (Debra): মেদিনীপুর জেলা; সদর মহ.র থানা। আ. ১৩২ ব মা; জন. ৬৯,০৯০; ঘ. ৫২৩।...কোলাঘাট-মেদিনীপুর বড় সড়কের উপর ও কলিকাতা-খড়্গপুর রেলপথের বালিচক (৫৭ মা) স্টেশনের উত্তরে অবস্থিত গ্রাম।

**ডেরা ইসমাইল খাঁ** (Dera Ismail Khan): প. পাকিস্তান; উ.-প. সীমান্ত প্রদেশের জেলা। জেলার আ. ৪,২১৬, ব মা; জন. ২,৮৩,০০০। প,—সুলেমান

পর্বত ও ওয়াজিরস্থান; পূ.—সিন্ধু নদ; উ.—বান্নু জেলা। জেলা সাধারণভাবে সমতল, কিয়দংশে সেচ আছে। উট প্রজনন কেন্দ্র। জেলার উ.-পূর্ব দিকে পেট্রোলিয়াম খনি। ...সৈন্যাবাস সমেত শহরের জন. ৫১ হা.। পেশাওয়ারের ১৫০ মা দ.-পূর্বে সিন্ধুনদের পশ্চিমে অবস্থিত।

**ডেরাগাজী খাঁ** (Dera Ghazi Khan): পাক. পঞ্জাব; মুলতান বিভাগের জেলা; সিন্ধু নদীর পশ্চিমে জেলা উত্তর-দক্ষিণে বিস্তৃত; উ.—ডেরা ইসমাইল খাঁ জেলা, প.—বলুচিস্তানের সুলেমান পর্বতমালা; দ.—সিন্ধু দেশ। দেশ সাধারণ ভাবে সমতল। জেলার মধ্যে বহুশত মাইল জলসেচের খাল। শস্য প্রচুর জন্মে। আ. ৯,৩৪৬ ব মা। জন. ৬'২৮ লক্ষ।—শহর; মুলতান হইতে ৫০ মা উ.-পশ্চিমে; সিন্ধু নদের পশ্চিম তীরে। এখান হইতে পূর্ব দিকে মুলতান পর্যন্ত ও পশ্চিম দিকে ফোর্ট মনরো হইয়া কোএটা পর্যন্ত পাকা রাস্তা গিয়াছে। ...মামুদকোট জং (লাহোর হইতে ৩২০ মা) হইতে গাজী ঘাটে আসিয়া রেলওয়ে ফেরীতে সিন্ধু পার হইয়া ডেরা গাজী খাঁ যাওয়া যায়; এখান হইতে ৫১ মা পশ্চিমে ফোর্ট মনরো।

**ডেরাডুন**: দ্র. দেহরাডুন।

**ডেলফী, দেলফ** (Delphi, Delphoi): প্রাচীন গ্রীসের ফোকিস (Phocis) উপত্যকায় অবস্থিত শহর, বর্তমান নাম কাসত্রি (Kastri)। আপোলো-পুত্র ডেলফিউস-এর নামে স্থানের নামকরণ। এখানে আপোলোর মন্দির ছিল। এখানকার পুরোহিতানী ভবিষ্যৎ কর্তব্য বিষয়ে জিজ্ঞাসুদের উত্তর দিতেন। লোকালয়ের ভিতরে ওমফালোস (Omphalos) নামে একটি পবিত্র পাথরকে পৃথিবীর কেন্দ্রস্থান মনে করা হইত।

**ডেলাওআর** (Delware): মার্কিন যুক্তরাষ্ট্রের অতলান্তিক তীরস্থ স্টেট। উ.-পূর্বে নিউ জার্সি। আ. ২০৫৭ ব মা; জন. ৩,১৮,০৮৫ ('৫০)। ১৬০৫-এ হেনরি হাডসন ডেল. উপসাগরে প্রথম আসেন। ওলন্দাজদের প্রথম উপনিবেশ ১৬৩১। আদি ১৩ স্টেটের অন্যতম। Sir Thomas West, Lord de la Warr হইতে স্টেটের নামকরণ,...দেশ কৃষিপ্রধান। রাজধানী—ডোভার (Dover; জন. ৬,২২৩)। বৃহত্তম শহর উইলমিংটন (Wilmington; জন. ১,১০,৩৫৬)।

**ডেহরী, ডিহরী** (Dehri-on-Sone): বিহার; শাহাবাদ জেলার সাসারাম মহ.র থানা। আ. ৯০ ব মা; জন. ৯৩,৬১২, ঘনতা ১০৪৫। শহর, পূর্ব-রেলওয়ের গ্রান্ড কর্ড লাইনের স্টেশন (৩৪৫ মা)। শোন নদের বামতটে। নদীর দক্ষিণ তটে শোন নগর (৩৪১ মা)। এখানে শোন নদের উপর রেল-সেতু অতি দীর্ঘ (প্রায় ২ মা বা ১০,০৫২ ফুট)। ...ডেহরী হইতে রোহিতাশ্বগড় পর্যন্ত রেলপথ (২২ মা) আছে। শহরের নিকটে ডালমিয়া কোম্পানির সিমেন্ট ও অন্যান্য কারখানা। (দ্র. ডালমিয়া নগর)। ...জন. ২৪,৫০০। ব্যাংক: ইউনিভার্সাল।

**ডেহরী-রোটাস লাইট রেলওয়ে** (Dehri-Rohtas Light Railway): ডালমিয়া নগরের সাহজৈন কোম্পানি পরিচালিত রেলওয়ে। দৈর্ঘ্য ২৪ মা। গেজ ২'—৬'।

**ডোঙ্গরগড়** (Dongargarh): মধ্যপ্রদেশ রাজ্য; দুর্গ জেলার শহর, পূর্বে খয়রাগড় (দ্র.) করদরাজ্যের অন্তর্গত ছিল। জন ১২,৬০০। কলিকাতা-নাগপুর রেলপথের স্টেশন (৫৭৭ মা)। লক্ষ্মী ব্যাংক।

**ডোভার** (Dover): (১) ইংলন্ডের দক্ষিণে শহর ও বন্দর। ইউরোপ হইতে যাত্রী ও ডাক এই বন্দর দিয়া ইংলন্ডে আসে। এখানে ডোভার প্রণালী ২১ মা বিস্তৃত। স্থানটি অত্যন্ত সুদৃঢ়। জন. ৩৫ হা.। ডোভারের অপর পারে ফ্রান্সের বন্দর ক্যালে। (২) মার্কিন যুক্তরাষ্ট্র—ডেলাওআর স্টেটের রাজধানী। জন. ৬,২২৩ ('৫০)।

**ডোমকাল, ডামকল, দমকল** (Domkal): মুর্শিদাবাদ জেলা, বহরমপুর সদর মহ.র থানা; জলঙ্গী ও ভৈরব নদীর মধ্যে অবস্থিত। আ. ১১৭ ব মা; জন ৮২,৮০৪; ঘ. ৭০৫। থানায় ৭১ গ্রাম, ৩টি মাত্র উচ্চ বিদ্যালয়। ...গ্রামে (জন. ৬৯৮) ডাকঘর, টেলিগ্রাফ, স্কুল, চিকিৎসালয়, রেজি. অপিস, থানা আছে। ...বহরমপুর হইতে ২২ মা সড়ক।

**ডোমজুড় (Domjur) :** হাওড়া জেলা; সদর মহ.র থানা। পশ্চিম দিকে ডানকুনি বন্যাখাল। আ. ৩৮ ব মা ; জন. ১৮,১৬৮ ; ঘ. ২,৬১১। ...ডোমজুড় ( জন ১০৩৩ )— হাওড়া-চাঁপাডাঙ্গা ছোট রেলের স্টেশন (৮ মা)। গ্রামে প্রাথ. বিদ্যালয়, হাসপাতাল, ডাকঘর আছে।

**ডোমার (Domar) :** পূ. পাক. ; রঙপুর জেলা ; নীলফামারি মহ.র থানা। আ. ৯১ ব মা। শহর বাণিজ্যকেন্দ্র। রেজি. অপিস। ঈ. বে. রেলওয়ের স্টেশন পার্বতীপুর হইতে ৩২ মা এবং কলিকাতা হইতে ২৬৬ মা। ঘোড়াঘাটের পতনের পর ডোমারে বাণিজ্য কেন্দ্রীভূত হয়। পাঙ্গা পীরের উরস্ বা মৃত্যুতিথিতে একমাস ব্যাপী মেলা পৌষমাসে হয় ; সেখানে গৃহপালিত পশুর ক্রয়-বিক্রয় হয়।

**ডোমিনিকা (Dominica) :** ব্রিটিশ প. ইন্ডিস দ্বীপপুঞ্জের অন্তর্গত দ্বীপ ; স্বাস্থ্যকর স্থান ; বৃষ্টি ৮০"–২৫০"। ১৯৪০ হইতে উইনড্ওআর্ড ( Windward Is. ) দ্বীপপুঞ্জের শাসনব্যবস্থার সহিত কলোনী যুক্ত। দ্বীপটি ২৯ মা দীর্ঘ ও ১৫ মা প্রস্থ ( আ. ৩০৫ ব মা )। অগ্ন্যুৎপাতের ফলে দ্বীপ সৃষ্ট হইয়াছিল ; ভূমি উর্বর। লেবুর তেল, ভ্যানিলা, কোকো প্রভৃতি উৎপন্ন সামগ্রী। জন. ৫৭,০১৭ ( '৫২ ) অধিকাংশ নিগ্রোদ্ভব। ইহার মধ্যে শ্বেতকায় অধিবাসী ৬০০। প্রধান শহর রসিউ ( Roseau ) ; জন. ১২,০০০।

**ডোমিনিকান রিপাবলিক (Dominican Republic, পূর্বতন San Domingo) :** পশ্চিম ইন্ডিস দ্বীপপুঞ্জের হিস্পানিওলা দ্বীপের পূর্বাংশের নাম ডো. রিপাবলিক ; পশ্চিমাংশের নাম হাইটি রাজ্য। আ. ১৯,৩২৭ ব মা ; জন. ২১·২১ লক্ষ। অধিবাসীরা মুলেটো, নিগ্রো ; স্পেনিশ ভাষাভাষী। ...দেশে বৃষ্টি প্রচুর ; জমি উর্বর ; ইক্ষু, তামাক, কোকো, কলা ; মেহোগানি ও অন্যান্য মূল্যবান কাষ্ঠ রপ্তানি হয়। স্বর্ণ, তাম্র, রৌপ্য, লৌহ, পেট্রোলিয়াম সম্পদ আছে। ...দেশে শিক্ষা ৭-১৪ বৎসর পর্যন্ত আবশ্যিক ; লোকে রোমান ক্যাথলিক খ্রীষ্টান। রাজ্যের শাসনভার প্রেসিডেন্ট, সিনেট ও প্রতিনিধিসভার উপর ন্যস্ত। ...রাজধানী কিউদাদ ত্রুহিলো (Ciudad Truiillo)। ১৪৯২ অব্দে কলম্বাস কর্তৃক আবিষ্কৃত ; স্পেনীশদের অন্যতম প্রাচীন উপনিবেশ। ১৬৯৭-এ পশ্চিমাংশ ফরাসীদের প্রদত্ত হয় ও তাহার পর হইতে অশান্তি বাড়িতে থাকে। এই সময় হইতে বেগানা সাহসিকের দল এখানে আসিতে আরম্ভ করে ও ফরাসীদের আশ্রয় পায়। ফরাসীদের সহিত বহু অশান্তিকর ঘটনার পর ১৮২১-এ স্পেনীশদের আধিপত্য হইতে দ্বীপবাসীরা মুক্ত হইয়া স্বাধীন হয়। ডো. রিপাবলিক রাষ্ট্ররূপে গঠিত হইলেও বহুকাল সুপ্রতিষ্ঠিত হইতে পারে নাই। ১৯০১-৪১ পর্যন্ত শুল্কের আয় মার্কিন যুক্ত রাষ্ট্রের নিকট বন্ধক ছিল। অর্থনৈতিক দিক হইতে এই রাজ্য মার্কিনদের আর্থিক সাম্রাজ্যভুক্ত। ...এখানে ২১টি চিনির কারখানা ; সবগুলিরই মালিক মার্কিন ধনিকরা। ...হাইটির সহিত সীমান্ত লইয়া অশান্তি চরমে উঠে ১৯৩৭-এ ; ডোমিনিকান সৈন্য সীমান্ত পার হইয়া দশহাজার হাইটিবাসীকে হত্যা করে।

**ডোরনাকল, ডোর্ণাকল, দোর্ণাকল (Dornakal) :** হায়দরাবাদ রাজ্য ( অন্ধ্র-তেলিঙ্গনা ) ; বরঙ্গল জেলার শহর ; বিজয়ওয়াড়া হইতে বরঙ্গল রেলপথের জং স্টেশন ( ৭৭ মা )। এখান হইতে দুইটি রেলশাখা কারেপল্লী হইয়া যথাক্রমে সিংগরানী কোলিয়ারিতে ( ১৭ মা ) ও ভদ্রাচলম রোড্ স্টেশন ( ৩৪ মা ) পর্যন্ত গিয়াছে। কয়লার জন্য এলাকার বৈশিষ্ট্য।

**ড্রাকেন্সবার্গ (Drakensberg) :** 'ড্রাগন পবত' ; দ. আফ্রিকার পূর্বদিকে মালভূমির মধ্য এই পর্বত প্রাচীরের মত সমুদ্রের উপকূল হইতে অনতিদূরে দণ্ডায়মান ; ড্রাকেন্সবার্গের দক্ষিণাংশ নিউফেল্ট (Neiuwveld) নামে পরিচিত। নাটাল, বসুতোলন্ড ও অরেঞ্জ ফ্রী স্টেট রাজ্যত্রয়ের সংযোগ ক্ষেত্রে ড্রা. এর উচ্চতা গড়ে ১০ হা. ফুট।...এই পর্বতের স্থানীয় নাম কোয়াথলম্বা।

**ড্রেসডেন (Dresden) :** জার্মান গণতান্ত্রিক রিপাবলিক অন্তর্গত জেলা ও প্রধান নগর; বহু শিল্পের কেন্দ্র; এলব নদীর তীরে অবস্থিত। পূর্বে স্যাকসনি রাজ্যের রাজধানী ছিল। ২য় মহাযুদ্ধের সময় নগরের ষাট শতাংশ বোমা নিক্ষেপের ফলে ধ্বংস হয়। জন. ৪·৬৮ লক্ষ।

**ঢাকা (Dacca) :** পূর্ব পাক বা পূ.-বাংলার রাজধানী ;

নারায়ণগঞ্জ হইতে ১০ মা উত্তরে, বুড়িগঙ্গা নদীতীরে অবস্থিত। কলিকাতা-গোয়ালন্দ হইয়া রেল ও স্টীমার পথে ২৭০ মা; বিমানপথে ১৪৬ মা। ঢাকা শহর এখন ভৈরববাজার হইয়া রেলপথে চট্টগ্রামের সহিত যুক্ত। ১৬০৮ অব্দে জহাঙ্গীরের সুবাদার ইসলাম খাঁ বাংলা সুবার রাজধানী রাজমহল হইতে ঢাকায় স্থানন্তরিত করেন ও নগরের নাম দেন জহাঙ্গীরাবাদ; ইসলাম খাঁর নামে নগরের এক পল্লী ইসলামপুর নামে এখনো পরিচিত। ১৭শ শতাব্দী ঢাকার স্বর্ণময় যুগ।...১৭০৪-এ মুর্শিদ কুলি খাঁ সুবা বঙ্গের রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তরিত করিলে ঢাকার গৌরব নষ্ট হয়। ব্রিটিশযুগের গোড়ার দিকে ঢাকার প্রতি সরকারের দৃষ্টি তেমন পড়ে নাই; ১৯০৫-এ বঙ্গচ্ছেদ হইলে ঢাকা পূ. বঙ্গ ও আসামের রাজধানী হয়। বঙ্গচ্ছেদ রদ হইলেও (১৯১২) ইহার বৈশিষ্ট্য বজায় থাকে। ১৯২১-এ ঢাকা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।...১৯৪৭-এ ভারত বিভক্ত হইবার পর ঢাকা পূর্ব-পাকিস্তানের রাজধানী হইয়াছে। জন. ৪·০১ লক্ষ। ১৯৪১-এ ছিল ২·১৩ লক্ষ। ঢাকার নিকট রমনা অঞ্চলে ১৯০৫ হইতে শহর বাড়িয়া চলিয়াছে। বহু সরকারী ইমারত, বিশ্ববিদ্যালয়, ম্যুজিয়াম, কৃষি কলেজ প্রভৃতি এখানেই অবস্থিত। পুরাতন ঢাকায় মুসলীম যুগের বড় ও ছোট কটরা (সরাইখানা), জহাঙ্গীরের সময়ের কিল্লা, লাল-বাগ দুর্গ (১৬৭৮-এ নির্মিত), সায়েস্তা খাঁর কন্যা বিবি পেরির কবর প্রভৃতি দর্শনীয়।...ঢাকার নবাবরা এককালে দানাদি কর্মের জন্য সুপরিচিত ছিলেন। তবে এই নবাব পরিবার পুরাতন নবাববংশীয় নহে; ইহাদের পূর্বপুরুষ চর্ম ও স্বর্ণের ব্যবসায় দ্বারা ধনশালী হন এবং ইংরেজ সরকারের নিকট হইতে নবাব খিতাব পান।...ঢাকার তাঁতীরা এককালে সূক্ষ্ম মসলিন বস্ত্র বয়নের জন্য পৃথিবী খ্যাত ছিল। এখন ঢাকায় ও নারায়ণগঞ্জে কাপড়ের কল হইয়াছে।... পাকিস্তান শাসন-পর্বে এখানে বহু শিল্প কারখানা স্থাপিত হইয়াছে। ঢাকার ব্যাংক: সেন্ট্রাল, হবীব, স্টেট ব্যাংক অব্ ইনডিয়া, লয়েডস, মুসলীম কর্মা-শিয়াল, ইউনাইটেড, সমবায় প্রভৃতি।

**ঢাকা জেলা** (Dacca district): পূ. পাক.; ঢাকা বিভাগের জেলা; সমতল ভূমি। পদ্মা, ধলেশ্বরী, লক্ষা, মেঘনা প্রভৃতি নদী। জেলার মহকুমা: ঢাকা সদর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ। আ. ২,৭৩৮ ব মা; জন. ৪০·৮৯ লক্ষ।

**ঢাকা বিভাগ** (Dacca division): পূর্ব পাকিস্তান বা পূর্ব বাংলার বিভাগ। আ. ১৪,৮২৯ ব মা। অন্তর্ভুক্ত জেলা ৪টি: ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, বাখরগঞ্জ। বিভাগীয় সরকারের সদর দপ্তর ঢাকায়।

**ঢাকা বিশ্ববিদ্যালয়** (Dacca University): ১৯২১-এ প্রতিষ্ঠিত; ঢাকার রমনা নামক স্থানে অবস্থিত। ভারত বিভাগের ('৪৭) পূর্ব পর্যন্ত ইহা আবাসিক বিশ্ব-বিদ্যালয় ছিল। পূর্ব পাকিস্তান গঠিত হইলে ইহার তাবৎ স্কুল কলেজ লইয়া ঢাকা বিশ্ব. পুনর্গঠিত হয়। রাজসাহী বিশ্ব. স্থাপিত হইলে ঢাকা বিশ্ব.-এর এলাকা ছোট হইয়া গিয়াছে।

**ঢাকা দক্ষিণ** (Dhaka-Dakshin): পূ. পাক; সিলেট শহরের ১৪ মা দক্ষিণে গ্রাম; চৈতন্য মহাপ্রভুর পিতা জগন্নাথ মিশ্রের জন্মস্থান। এখানে মহাপ্রভুর মন্দির আছে। সিলেট হইতে ভাল সড়ক আছে।

**ঢেকুর** (Dhekur): ধর্মমঙ্গল সাহিত্যে ত্রিষষ্ঠিগড় বা ঢেকুরের বর্ণনা পাওয়া যায়। কেঁদুলির অনতিদূরে অজয় নদের অপর তীরে (বর্ধমান জেলায়) গভীর অরণ্যের মধ্যে এই 'দেউলে'র ধ্বংসাবশেষ দেখা যায়। ত্রিষষ্ঠিগড়ের রাজা কর্ণসেনকে ইছাই ঘোষ পরাভূত করিয়া এখানে এক মন্দির নির্মাণ ও তথায় দেবী শ্যামারূপাকে প্রতিষ্ঠিত করেন। কর্ণসেনের সেনাপতি লবসেন বা লাউসেনের সেনাপতি-সর্দার কালুডোমের হস্তে ইছাই ঘোষ নিহত হন।

**ঢেঙ্কানাল** (Dhenkanal): ওড়িশার জেলা। পূর্বতন ঈ. স্টে. এজেন্সির অন্তর্গত করদরাজ্য; আ. ১,৪২৮ ব মা; জন. ৩,২৪,২১২ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৮৯,১০০৲ টাকা ভাতা দেওয়ার ব্যবস্থা হয়। ১৯৪৭-এর পর শাসনের সুবিধার জন্য পূর্বের অঙ্গুল জেলার সহিত হিন্দোল, আঠমল্লিক, পাল লহরা ও তালচের রাজ্যগুলি একত্র করিয়া ঢেঙ্কানাল

নামে নূতন জেলা গঠিত হইয়াছে। জেলার বর্তমান আ. ৪,২২৬ ব মা; জন ৮,৩৯,২৪১। মহকুমার আ. ৫৯৮ ব মা; জন. ১,৮৬,৭১১; ৩ থানা। ঢে. থানার আ. ২৪৯ ব মা; জন. ৯৪ হা.। ৩৫৬ গ্রাম। গড়ঢেঙকানাল স্টেশন কলিকাতা হইতে রেলপথে ২৭৬ মা; কটক ৩৬ মা। জন. ১০, ৩৫২।

**তক্ষশিলা** (Taksasila, Taxila): প্রাচীন ভারতের উ.-পশ্চিম অঞ্চলের বিশিষ্ট নগর ও বিদ্যাকেন্দ্র। কিংবদন্তী শ্রীরামচন্দ্র-ভ্রাতা ভরতের পুত্র তক্ষ এই নগরের প্রতিষ্ঠাতা। অন্যমতে তক্ষক নামে কোনো উপজাতির বাসভূমি। বুদ্ধদেবের সময় এই স্থান নানা বিদ্যা ও বিশেষভাবে আয়ুর্বেদ চর্চার কেন্দ্র ছিল। জীবক এখানে শিক্ষালাভ করেন। আলেকজেন্দারের সময় এখানকার রাজা ছিলেন অম্ভি; তিনি গ্রীকদের সহায়তা করেন। ...সাতশত বৎসর পরে ৪র্থ শতকের শেষে ফা-হিয়ান এই স্থানকে বিশেষ পবিত্র বলিয়া বর্ণনা করিয়াছিলেন। ৭ম শতকে হুয়েনাৎসাঙ চীন হইতে আসিবার ও ফিরিবার পথে দুইবার এই স্থান দিয়া যান। তখন এতদঞ্চলের রাজধানী অন্যত্র গিয়াছে।... পাক-পঞ্জাবের রাওয়ালপিণ্ডী জেলার তক্ষশিলা জং স্টেশন, লাহোর-পেশোয়ার লাইনের উপর অবস্থিত (২০০ মা)। এখান হইতে ব্রড. লাইনের শাখা হাভেলিয়ান (৩৫ মা) পর্যন্ত গিয়াছে। রা. পিণ্ডী হইতে মোটরপথে ১১ মা গেলে ২৫ বর্গ মাইল ব্যাপিয়া প্রাচীন তক্ষশিলার ধ্বংসাবশেষ দেখা যায়। প্রত্নতত্ত্ব বিভাগ খননকার্য করিয়া বহু ইমারত ও স্তূপাদির চিহ্ন পাইয়াছেন। এই অঞ্চলে তিনটি পৃথক নগর ছিল: প্রাচীনতম (খ্রী. পূ. ১৮০) বা ভীর (Bhir) অঞ্চল; দ্বিতীয় বা সিরকাপ ও তৃতীয় সিরসুখ। শেষোক্ত স্থানে প্রায় ৫-৬ শত বৎসর নগর ছিল; হুয়েনৎসাঙ এইখানে বাস করেন।·· চিরতোপ (Chir Tope) পূর্বকালের ধর্মরাজিকা-স্তূপ; বোধহয় অশোক কর্তৃক নির্মিত; পরযুগে তাহার উপর এবং চারি পার্শ্বে বহু অট্টালিকাদি নির্মিত হয়। সিরকাপের নিকট প্রাচীন যুগের বহু কীর্তিকলাপ দেখা যায়। সিরসুখের নিকট বৌদ্ধ স্তূপ ও বিহারগুলি বোধহয় খ্রী. ২০০ অব্দের কাছাকাছি সময়ে তৈয়ারি হয়। বৌদ্ধ বিহারের মধ্যে ২৭টি কুটরি, স্নানাগার, ভোজনশালা প্রভৃতি আছে। স্তূপের চারিদিকে মাটির তৈয়ারি বুদ্ধাদির মূর্তিগুলি স্থানীয় ম্যুজিয়ামে রক্ষিত হইয়াছে। তক্ষশিলার ম্যুজিয়ামে বহু দর্শনীয় জিনিস আছে।

**তজুমুদ্দিন** (Tazumuddin): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা; ভোলা মহ.র থানা। আ. ১১২ ব মা। গ্রাম, ডাকঘর। সাহাবাজপুর নদী পূর্ব দিকে।

**তনুকু** (Tanuku): অন্ধ্ররাজ্য; পশ্চিম গোদাবরী জেলার শহর; ওয়ালটেয়ার-বিজয়ওয়াড়া রেলপথের জং নিডদবোলু (১৩৮ মা) হইতে সমুদ্রতীরে নরসাপুর (৪৮ মা) পর্যন্ত লাইনের স্টেশন (১১ মা)। এলুরু হইতে ৪ মা পূর্বে। জন. ১৬,৯৪২। ইনডিয়ান, বিজয়া কমার্স ব্যাংক।

**তনডুর** (Tandur): হায়দরাবাদ (বর্তমানে বোম্বাই); গুলবর্গা জেলার তালুক ও শহর; কাজনা নদীতীরে; ওয়াডি-সেকেন্দরাবাদ রেলপথের স্টে. (৪৪ মা)। সেকেন্দরাবাদ ইহতে ৭১ মা। বোম্বাই ৪২০ মা। জন. ১৫,৪৭৩। হা. স্টেট ব্যাংক। চুনা পাথরের খনি; পাথর-কাটাই, চাউল ও তেলের কল।

**তপন** (Tapan): পশ্চিম দিনাজপুর জেলা; বালুরঘাট মহ.র থানা। পুনর্ভবা নদী পূর্ব দিকে। দক্ষিণে পূ. পাকিস্তানের বগুড়া জেলা।...আ. ১৭০ ব মা; জন. ৭০,৬৪৪; ঘ. ৪১৫। ...তপন গ্রাম, কালিয়াগঞ্জ-বালুরঘাট নয়া সড়কের উপর অবস্থিত। ...দাউদপুর, করদহ, ভিখাহর, ভাইওর, দ্বীপখণ্ড প্রভৃতি স্থানে প্রাচীনকালের ভগ্নাবশেষ দেখা যায়। এই অঞ্চলে মনহালি (Manahali) তাম্রশাসন পাওয়া গিয়াছিল।

**তমলুক** (Tamluk): মেদিনীপুর জেলার মহকুমা, থানা ও শহর। মহকুমার আ. ৭৪৯ ব মা; জন. ৭,৮৮, ৪৩৮; ঘ. ১,৫৫৩।···থানার আ. ৯৪ ব মা; জন. ১,৪১, ৩৮; ঘ. ১৫১১। ...শহর (জন. ১৩,৬০০) রূপনারায়ণ নদীতীরে; কলিকাতা-আরমানীঘাট হইতে স্টীমার যোগে ৪৭ মা। পাঁশকুড়া (৪৪ মা) রেলস্টেশন হইতে মোটর পথে ১৬ মা। সমবায় ব্যাংক, লোন

অপিস। তাম্রলিপ্ত মহাবিদ্যালয় বা কলেজ (১৯৪৮); বালিকা বিদ্যালয়। (দ্র. তাম্রলিপ্ত)।

**তমস, তমসা** (Toms river) : এইনামে ২টি নদী আছে। মধ্যভারতে মগ্রহার রাজ্যের পার্বত্য অঞ্চলে উঠিয়া রেবা রাজ্যের মধ্য দিয়া আসিয়া ইলাহাবাদের ১৮ মা দক্ষিণে গঙ্গায় পড়িতেছে। আর একটি নদী ফয়জাবাদ জেলায় উঠিয়া বলিয়ার পশ্চিমে গঙ্গায় পড়িতেছে। এই শেষোক্ত নদী রামায়ণে উল্লিখিত তমসা।

**তম্বারম** (Tambaram) : মদ্রাজ; চিঙগলপেট জেলার শহর, মদ্রাজের শহরতলী, রেলপথে ১৬ মা। রেল কলোনী, রেল ওয়ার্কশপ; মদ্রাজ ক্রিশ্চান কলেজ; যক্ষ্মা হাসপাতাল। ইনডিয়ান ব্যাংক।

**তরাই** (Terai) : হিমালয়ের দক্ষিণ পাদদেশে যে বনভূমি আছে তাহার সাধারণ নাম। অস্বাস্থ্যকর জলাভূমি। উত্তর বাংলা ও আসামের এই অঞ্চলের বন কাটিয়া বসবাস করা হইয়াছে।

**তরায়ন বা তিরৌরি** (Tarain, Tirouri) : থানেশ্বরের ১৪ মা দূরে পানিপথের উত্তরে গ্রাম; এখানে মহম্মদ ঘোরি-র সহিত পৃথ্বীরাজের দুইবার যুদ্ধ হয়। প্রথম যুদ্ধে (১১৯১) ঘোরি পৃথ্বীরাজের নিকট পরাজিত হইয়া পর বৎসর আবার তরায়নের প্রান্তরে সৈন্য সমাবেশ করেন; এই যুদ্ধে পৃথ্বীরাজ পরাভূত ও পলায়ণপর হইলে সরস্বতী নদীতীরে ধৃত ও পরে নিহত হন (১১৯২)।

**তল আবীব** (Tel Aviv) : ইস্রাইলের সাময়িক রাজধানী। জাফা (Jaffa)-র নিকট ১৯০৬-এ এই শহর স্থাপিত হয়। এখন রাজ্যের প্রধান শিল্পকেন্দ্র। সামুদ্র ও বিমানবন্দর। হীব্রু কলেজ; নাট্যশালা, মুাজিয়াম,; আর্ট গ্যালারি; চিড়িয়াখানা প্রভৃতি। ১৯৪৮-এ আরবরা জাফা শহর ত্যাগ করিয়া গেলে, জাফা তল্ আবীবের অন্তর্গত করা হয়। সমুদ্রতীরে নিকৃষ্ট জমিতে এখন কমলালেবুর বিরাট চাষ হইতেছে। জন. প্রায় ৪ লক্ষ।

**তল্ এল অমর্না, টেল অল আমর্না** (Tell el Amarna): মিশর; নীলনদের পূর্বতীরে প্রাচীন মিশরীয় নগরের ধ্বংসাবশেষ আছে। মিশরের নূতন ধর্মপ্রবর্তক ফারোয়া ইখনাতন (খ্রী. পূ. ১৩৭৫-৫৮) নির্মাণ করেন; তাঁহার মৃত্যুর পর হইতেশাক রাজধানী পরিত্যক্ত। ১৮৮৭-৮৮ এখানে মাঠেরলেখত উহা প্রায় কৃষক প্রাচীন মৃৎ-পাটায় বাবিলনীয় ভা : চ মধ্যে এক কতকগুলি লিপি পায়, সেগুলি হয়. ২,ণষায় খোদিত ইতিহাসের বহু তথ্য জানা গিয়াছে। হতে প্রাচীন ও মিশরের রাজাদের মধ্যে যেসব পূর্ব ও পশ্চিম এশিয়া বিনিময় হইত এগুলি তাহারই মূল। ব মাকূটনীতিক পত্র

**তা-ইফ, অল তা-ইফ** (Taif, Al রিদপ্ আরাবিয়াব দক্ষিণে হেজাজের মালভূমে। Ta-if) : সউদি মক্কা হইতে পূর্ব-দক্ষিণে ৪০ মা। ersiম অবস্থিত নগর; গ্রীষ্মকালীন রাজধানী। জন. ২৫ হনে অইহা হেজাজের প্রচুর ফলের গাছ আছে, আহা া.। এই এলাকায় বিখ্যাত। গতির ও মদের জন্য

**তাইওয়ান** (Taiwan) : ইহা জাপা বি ফর্মোসা, চীনের অনতিদূরে ইলে নী নাম। পূর্ব নাম দ্বীপ। ইহা চীনের অন্তর্গত ছি প্রশান্ত মহাসাগরের জাপান যুদ্ধের পর জাপান এই ৫) : ল। ১৮৯৫-এ চীন-বৎসর তাহাদের অধীন থাকে। চৈত্রদ্বীপ দখল করে ও ৫০ পরাভূত হইলে এই দ্বীপ চীনের এখানে ২য় মহাযুদ্ধে জাপান চীনে কম্যুনিস্ট শাসন প্রবর্তিত সড়কমধ্যে ফিরিয়া আসে। কুওমিংটাং ও তাহার নেতা চি সাহইলে, মার্কিনী-আশ্রিত পলায়ন করিয়া আশ্রয় লন। াং কাই শেক এই দ্বীপে চীনের জনরাজতন্ত্রকে চীনের বধ। রাষ্ট্র সংঘ এপর্যন্ত স্বীকার না করিয়া ফরমোস'র ধ্ব ন্যায়সঙ্গত শাসক বলিয়া প্রতিনিধি বলিয়া মানিয়ানকে াস্ত চীনাদিগকে চীনের এই দ্বীপ উদ্ধার করিতের লইতেছেন। ...চীনারা চিয়াং কাই শেককে রেন কৃতসংকল্প। মার্কিনরাও জন্য সকল প্রকার সসেনচীনের উপর হানা দিবার লইয়া অশান্তির অবসান হন।হায়তা করিতেছেন। এই ১৩,৮৯০ ব মা। দৈর্ঘ্য :) : হয় নাই। ...ফরমোসার আ. দ্বীপের পূবাংশ পার্বত্য ন্তগাং৪০ মা। জন. ৭৬'৫০ লক্ষ। খাদ্য-শস্য হয়। রাসায়('৪১, পশ্চিমাংশের সমতলে প্রচুর পূর্বে এখানকার বনজ,১০০নিক কর্পূর আবিষ্কৃত হইবার স্বর্ণ, রৌপ্য, ৩৯৪৭-এর কর্পূর ছিল একচেটিয়া। দ্বীপে জাপানীস্বর্ণ জেলতাম্র ও অন্যান্য খনিজ সম্পদ আছে। শহরা ও দের শাসনকালে শিল্পাদির খুবই উন্নতি হয়।

আমেরিকান সহায়তায় দ্বীপ নানাভাবে সমৃদ্ধ। রাজধানী তাই-পে (Taipeh), জাপানী তাইহোক্। ১৯২৮-এ জাপানীরা বিশ্ববিদ্যালয় স্থাপন করে।

**তাইগ্রীস** (Tigris) : ইরাকের নদী। আরমেনিয়ার মালভূমিতে উঠিয়া ১১৫০ মা বহিয়া ইউফ্রাতেসের সহিত মিলিত হইয়াছে। এই নদী হইতে অসংখ্য খাল কাটা হইয়াছে এবং সেই খালের জলে কৃষিকর্ম চলে। নদীতীরে প্রাচীন নিনেভা, নিমরুদ, সেল্যুকিয়া প্রভৃতি নগরী ছিল। বর্তমানে মোসাল, বোগদাদ, টেসিফোন, কুট ইহার তীরে।

**তাই-পিঙ** (Tai-ping) : মালয় উপদ্বীপের পেরাক (Perak) রাজ্যের শহর ; পেনাঙের জর্জটাউন হইতে রেলপথে দ.-পূর্বে ৪৫ মা। অতি সুন্দর নগর। এককালে মালয়ের শ্রেষ্ঠ টিন-খনির কেন্দ্র ছিল। এখন কিন্তা উপত্যকা এই খনিজ উৎপাদনে অগ্রণী। জন. ৪২ হা। .. চীনে তাইপিঙ নামে বহু শহর আছে।

**তাই-পে** (Taipeh, Taipei,) : জাপানী নাম তাইহোকু (Taihoku)। ইহা তাইওয়ান (দ্র.) দ্বীপের রাজধানী, তানসুই (Tansui) নদীতীরে অবস্থিত। ১৮৯৫-এ জাপানীদের দ্বারা রাজধানী হিসাবে স্থাপিত। জন. ৪,৫১,০০০।

**তাকলামাকান** (Taklamakan) : চীন, সিনকিয়াং প্রদেশের মধ্যস্থিত মরুভূমি, গোবি মরুভূমির অংশ। তারিম নদী উত্তর দিয়া প্রবাহিত। মরুস্থানের বহু নগর প্রাচীন ও মধ্যযুগে প্রসিদ্ধিলাভ করে, যথা ইয়ারখণ্ড, খোটান। এই মরুভূমির নিয়ত বায়ু উত্তেজিত বালুকা বহু নগরকে বালুতলে প্রোথিত করিয়াছে। .. এখানে ইউরেনিয়াম আকর আবিষ্কৃত হইয়াছে।

**তাজিকিস্তান বা তাজিক সোবিয়েত সমাজবাদী প্রজাতন্ত্র** (Tazhikistan) : সোবিয়েত ইউনিয়নের অন্তর্গত মধ্য এশিয়ার রিপাবলিক ; ৩টি ওবলাস্ট ও ১টি স্বশাসিত ওবলাস্ট লইয়া গঠিত। দক্ষিণে আফগানিস্তান, পূ.—চীন (সিনকিয়াং), প.—উজবেকিস্তান, উ.—কিরঘিজিস্তান। আ. ৫৫,৭০০ ব মা ; জন. ১৮ লক্ষ ('৫৪)। রাজধানী স্তালিনাবাদ (পূর্ব নাম দুশামবে) ; জন. ৮২,৫০০, ('৩৯)।...প্রাচীন সংস্কৃত গ্রন্থে তাজিক অশ্বের উল্লেখ আছে। তাজিক প্রজাতন্ত্র ১৯২৯, ডিসেম্বরে গঠিত হয়। এখানকার তিন-চতুর্থাংশ লোক তাজিক ; ইহাদের ভাষা ইরানীয় উপভাষা উদ্ভূত। অবশিষ্ট লোক উজবেক ও কিরঘিজ। ধর্মে সুন্নী মুসলমান।...সির-দরিয়া ও আমু-দরিয়া নদীর উপত্যকা অতি উর্বর, শস্যশ্যামল দেশ। এখানে প্রচুর তুলা ও নানা প্রকার ফল উৎপন্ন হইতেছে। ১টি রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় ও প্রায় ৬০টি বিজ্ঞান ও টেকনিক্যাল বিষয়ক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, বিজ্ঞানমন্দির (Academy of Sciences) স্থাপিত হইয়াছে। পামীর আবহ-তত্ত্ব বিষয়ক গবেষণামন্দির পৃথিবীর সর্বোচ্চ স্থানে অবস্থিত। ১৯৪০ হইতে রুশীয় লিপি ভাষার জন্য ব্যবহৃত হইতেছে। দেশ পার্বত্য। ..শিল্পে দেশ বিপুল উন্নতি করিয়াছে। ১৯১৪-এর তুলনায় '৪০ সালে ৩০০ গুণ শিল্পউৎপাদন বাড়িয়াছে। ২য় মহাযুদ্ধের পর মূল শিল্পের আরও উন্নতি হইতেছে। দেশের উত্তরাংশে কয়লা ও পেট্রোলিয়াম প্রচুর। বহু সহস্র মাইল সড়ক ও রেলপথ নির্মিত হওয়ায় যাতায়াতের সুবিধা হইয়াছে।

**তাঞ্জোর** (Tanjore) : তামিল, তন্‌জবুর। মদ্রাজ রাজ্যের জেলা, প.—বঙ্গোপসাগরের করমণ্ডল উপকূল ; উ.-প.—তিরুচিরপল্লী জেলা। দেশ সমতল, কাবেরী নদীর বদ্বীপে নদী বহু শাখায় সমুদ্রে পড়িতেছে। কাবেরীতে বাঁধ দেওয়ায় প্রায় ৩ লক্ষ একার জমিতে সেচের ব্যবস্থা হইয়াছে। বহুবিধ শস্য উৎপন্ন হয়। সেতুর বাঁধ হইতে জল-বিদ্যুৎ সরবরাহ হয়। তাঞ্জোর, কুম্ভকোনম, মায়াপুরম প্রভৃতি শহর এই জেলা মধ্যে।...জেলার আ. ৩,৭২৭ ব মা ; জন ২৯.৮২. লক্ষ। শহর—মদ্রাজ হইতে রেলপথে ২১৪ মা। জন. ১,০০,৭৮৭ ; ১১টি ব্যাংক। বহু শিল্পের কেন্দ্র। সংশোধনাগার (Borstal)।

তাঞ্জোর প্রাচীন দেশ ; চোল রাজাদের সময় (৯০০-১৩০০) এই সমৃদ্ধ দেশাংশ তাহাদের রাজ্যভুক্ত ছিল। ১৬৭৫ অব্দে শিবাজীর ভ্রাতা বাঙ্কোজি এখানে রাজ্যস্থাপন করেন। ১৮৫৩-এ এই বংশের শেষ

রাজা অপুত্রক থাকায় রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়। এখানকার বৃহদীশ্বর মন্দির বিখ্যাত; গোপুরম, বিমানাদির ক্ষেত্রফল ৪১৫'×৮০০' ফুট। দ্রাবিড় স্থাপত্যের অন্যতম উৎকৃষ্ট নিদর্শন। রাজার বিশাল সংস্কৃত পুঁথিশালায় ২০,০০ অতি মূল্যবান গ্রন্থ ছিল। বার্নেল সাহেব প্রথম তালিকা প্রস্তুত করেন।

**তাড়পত্রী** (Tadpatri): অন্ধ্র; অনন্তপুর জেলার তালুক ও শহর (জন. ১৯,৪৫৩), পেন্নার নদীতীরে। এখানে কয়েকটি সুন্দর মন্দির আছে। তন্মধ্যে রামেশ্বর মন্দিরের গোপুরম বা প্রবেশ-দ্বার বিখ্যাত। মদ্রাজ-বোম্বাই রেলপথের স্টে. (২২৮ মা)। ব্যাংক: স্টেট, কানাড়া ইনডাস্ট্রি। ...এই নগর ১৪৮৫ অব্দে বিজয়-নগর রাজাদের দ্বারা প্রতিষ্ঠিত হয়।

**তাড়েপল্লীগুডম** (Tadepalligudem): অন্ধ্ররাজ্য; পশ্চিম গোদাবরী জেলার তালুক ও শহর। ওয়াল-টেয়ার-বিজয়ওয়াডা রেলপথের স্টে. (১৫১ মা)। জন. ১৩,৫৬৮। ব্যাংক: সেন্ট্রাল, স্টেট, ইনডিয়া, সমবায়।

**তাণ্ডা** (Tanda): মুসলমানদের রাজধানী; গৌড়ের নিকট মালদহের ১১ মা দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। শেরশাহ বঙ্গদেশ জয় করিয়া গৌড় হইতে তাণ্ডায় রাজধানী স্থানান্তরিত করেন; কারণ গঙ্গা নদী গৌড় হইতে সরিয়া যাইতেছিল। ১৫৭৫-এ অকবরশাহের সেনাপতি মুনিম খান পাঠান সর্দার দাউদ খানকে পরাভূত করিয়া এই নগরীতে আসেন; তখন সেখানে মহামারি চলিতেছে; প্লেগে মুনিম খাঁ ও তাঁহার বহু সৈন্যের মৃত্যু হয়। নগরী জনশূন্য হইয়া যায়। ১৬৫০ সুলতান সুজা (শাহজহানের পুত্র) এই নগরীর শেষ সংস্কার চেষ্টা করেন।

**তাতারি, টার্টারি** (Tatary, Tartary): (১) মধ্য এশিয়ার সকল শ্রেণীর তুর্কী-মংগোল জাতিদের এই সাধারণ নামে অভিহিত এবং তাহাদের দেশকে তাতারি বলা হইত। (২) সোবিয়েত রুশের একটি আত্মশাসিত স্টেটের নাম (Tatar Autonomous Soviet Socialist Republic T. ASSR)। ইহা ভলগা ও কামা নদীর সঙ্গমস্থলের নিকট। কাজান রাজধানী। বহু প্রকার শিল্পের কারখানা ও বহু বিস্তারিত অঞ্চলে কৃষি কার্য হইতেছে। আ. ২৬,১০০ ব মা; জন. প্রায় ৩০ লক্ষ।

**তানানারিভ, টানানারিভ** (Tananarive): মাদাগাস্কারের রাজধানী আনতানা-নারিভোর অন্য নাম।

**তানোর** (Tanor): পূ পাক.; রাজশাহী জেলার সদর মহ.র থানা। আ. ১১৪ ব মা। গ্রাম, ডাকঘর। রাজসাহী ও আমনুরা হইতে সড়ক আছে।

**তাপ্তী নদী** (Tapti river): মধ্যপ্রদেশের নদী; মহাদেব পর্বতে উঠিয়া পশ্চিমবাহিনী হইয়া কাম্বে উপসাগরে (আরব সাগর) পড়িয়াছে। দৈর্ঘ্য ৪৫০ মা। শেষ ৩২ মা নাব্য, জোয়ার-ভাঁটা খেলে। নদীতীরে হিন্দু-দের ১০৮ টি তীর্থস্থান আছে।

**তাপ্রোবানে** (Taprobanne): সংস্কৃত তাম্রপর্ণী শব্দের গ্রীক রূপ; লংকার একনাম তাম্রপর্ণী।

**তাবরিজ** (Tabriz): ইরান রাজ্য; আজারবৈজান প্রদেশের রাজধানী; অদূরে সহন্দ দাগ আগ্নেয়গিরি (১১,৬০০ ফুট)। কার্পেট শিল্পের কেন্দ্র। অধুনা একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছে। জন. ২.৭২ লক্ষ। অধিবাসীরা অধিকাংশই তুর্কী।

**তাবরুক** (Tobruk): আফ্রিকার লিবিয়া রাজ্যে; সাইরেনিকা মণ্ডলের শহর ও ভূমধ্যসাগরীয় বন্দর; স্বাভাবিক পোতাশ্রয়। জন. ৪,১৩০। মিশরের সৈয়দবন্দর হইতে তবরুক পর্যন্ত রেলপথ আছে। ২য় মহাযুদ্ধের সময় ৮ মাস জারমানরা এই স্থান অবরোধ করিয়া রাখে।

**তাবলস্ক** (Tobolosk): সোবিয়েত রুশের সাইবেরিয়া অঞ্চলের তাবলস্ক প্রদেশের প্রধান শহর; ইরতীশ-তাবলস্ক নদী সঙ্গমের নিকট অবস্থিত। জানুয়ারি মাসে এখানে তাপমাত্রা—২°; বৎসরে ৪৭ দিন গড়ে শহর তুষারাবৃত থাকে। ১৫৮৭ অব্দে এখানে দুর্গ নির্মিত হয়। জন. ২৪ হা.।

**তামপিন** (Tampin): মালয় উপদ্বীপের নেগরি-সেমবলন রাজ্যের শহর; রবার চাষের কেন্দ্র। মালাক্কা বন্দর হইতে রেলপথ আছে। জন. ২,২০৫ ('৪৭)।... রবীন্দ্রনাথের 'যাত্রী' গ্রন্থে এই স্থানের কথা আছে।

**তামালে** (Tamale) : প. আফ্রিকা ; গোল্ড কোস্ট-এর উত্তর টেরিটোরির রাজধানী। বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র। তুলা ও চীনাবাদামের বাজার।...জন ১৭ হা.।

**তামিল-নাড্** (Tamil-nad) : দ. ভারতে তামিল ভাষাভাষীদের দেশ ; বাংলায় তামিল লিখিত হয় ; কিন্তু উহা তামিল (ড়) ; উচ্চারণ ভেদে তামিরা, তমির্‌র্, তমিয়্‌য্। সংস্কৃতে দ্রবিড়, দ্রাবিড়, দ্রমিড়, তামিলে ; পালিতে দমিল ; মূল ভাষায় তমিল।...বর্তমানে মদ্রাজ রাজ্য। তামিল ভাষীদের মধ্যে ব্রাহ্মণদের প্রভাব ও দৌরাত্ম্যের বিরুদ্ধে অ-ব্রাহ্মণ তামিলদের মধ্যে ঘোর প্রতিক্রিয়া দেখা দিয়াছে ; তাহারা হিন্দী ভাষা প্রচলন প্রচেষ্টার বিরোধী ; ব্রাহ্মণ ও সংস্কৃত সাহিত্যে রামায়ণাদি কাহিনীর বিরোধী ; তাহারা রামচন্দ্রকে কুৎসিতভাবে আক্রমণ করিয়া অভিনয় করে। সংক্ষেপে তাহারা উত্তর ভারতের সংস্কৃতি, সাহিত্য, ব্রহ্মণ্য ধর্ম ও হিন্দী ভাষার বিরোধী। ইহাদের দলকে দ্রবিড় কাজেকম বলে।

**তাম্রপর্ণী** (Tamraparni) : সিংহলের প্রাচীন নাম ; গ্রীকদের Taprobane। অশোকের শিলালেখে 'তম্বপংনিয়া' শব্দ আছে। তিরুনেলবেলী জেলায় তাম্রপর্ণী নামে নদী আছে। ...এই নদীতীরবাসীরা সিংহলে উপনিবেশ স্থাপন করায় দ্বীপাংশের নাম তা. হইয়া থাকিবে।

**তাম্রলিপ্তি** (Tamralipti) : বাংলা দেশের দক্ষিণে বর্তমান তমলুকের নিকটস্থ সমুদ্রবন্দর। প্রাচীনকালে উত্তর ভারতের পূর্বদিকে তাম্রলিপ্তি ও পশ্চিমে ভৃগুকচ্ছ প্রধানতম বন্দর ছিল। তা. হইতে স্থলপথ দিয়া রাঢ় ভেদ করিয়া উ. ভারতে যাইবার পথ ছিল ; নদীপথে পাটলিপুত্রে যাওয়া যাইত। এই বন্দর হইতে সিংহল, পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জ, বর্মা প্রভৃতি স্থানের বাণিজ্য চলিত। ৪১৩ খ্রীষ্টাব্দে ফা-হিআন এখান হইতে জাহাজে করিয়া সিংহলে যান। তিনি এখানে ২ বৎসর বাস করিয়া বহু পুঁথি ও চিত্র অনুলেখন ও অঙ্কন করেন। সে সময়ে তাম্রলিপ্তিতে ২২টি বিহারে বহু শত ভিক্ষু বাস করিতেন। ইৎসিঙ এখানে কিছুকাল সংস্কৃত শিক্ষা করেন। তাও-লিন ৩ বৎসর সংস্কৃত পড়েন। আর একজন ১২ বৎসর এখানে শিক্ষা ও অধ্যাপনা করেন। ৭ম শতকে হুয়েনৎসাঙের সময় এখানে বহু বৌদ্ধ মঠ ও অতি উচ্চ অশোকস্তম্ভ ছিল। কালক্রমে সমুদ্র সরিয়া যাওয়াতে ইহার বৈশিষ্ট কমিয়া যায়। তমলুক (দ্র.) এখন রূপনারায়ণ নদীর তীরে।

**তারকেশ্বর** (Tarkesoar): হুগলী জেলা ; শ্রীরামপুর মহ.র থানা। আ. ৪৬ ব মা ; জন. ৬১,৩৬৬ ; ঘনত্ব ১,৩২৫। শহর (জন. ৩,০৯১) কলিকাতা হইতে ৩৬ মা ; শেওড়াফুলি জং (১৪ মা) হইতে কামারকুণ্ডু দিয়া তা. পর্যন্ত রেলপথ আছে (২২ মা)। গঙ্গাতীরস্থ ত্রিবেণী হইতে মগরা জং হইয়া একটি ছোট লাইন (৩২ মা) আছে।

তারকেশ্বর বাংলাদেশের সর্বশ্রেষ্ঠ শৈবতীর্থ ; চন্দ্রনাথ অখণ্ড বঙ্গে শ্রেষ্ঠ শৈবতীর্থ ছিল এখন উহা পূ. পাকিস্তান অন্তর্গত। ...মুকুন্দ ঘোষ নামে এক ব্যক্তি হইতে তারকেশ্বর শৈবতীর্থের আরম্ভ। কালে বহু ধনী, রাজা ও মহারাজা প্রচুর ভূসম্পত্তি মন্দির সেবার জন্য দান করিয়াছিলেন। ক্রমে এই সব সম্পত্তির মালিক হন পশ্চিম দেশীয় 'গিরি' সম্প্রদায়ভুক্ত সন্ন্যাসীরা।...কয়েক বৎসর পূর্বে মোহান্তদের অত্যাচার ও পাপাচারের বিরুদ্ধে লোকে সত্যাগ্রহ করিয়া তাহাদের উচ্ছেদ করে। বহুকাল মন্দির সরকারী রিসিভারের তত্ত্বাবধানে ছিল। এখন এখানে নিয়মশৃঙ্খলা সুপ্রতিষ্ঠ। বাঁধানো রাস্তা, নলকূপ, উজ্জ্বল আলো প্রভৃতি হওয়াতে তীর্থযাত্রীদের বহু দুঃখের অবসান হইয়াছে।

**তারন-তারন** (Taran-Taran) : পূ. পঞ্জাব ; অমৃতসর জেলার তহশীল ও শহর ; অমৃতসর-খেম করন (Khem Karan) রেলশাখার (৪৮ মা) স্টেশন (১৫ মা)। শিখদের পবিত্র স্থান। জন. ১৬,৩৪৪। ব্যাংক : সেন্ট্রাল, প. ন্যাশনাল, সমবায়।

**তারপাশা** (Tarpasa) : পূ-পাক ; ঢাকা জেলা, মুন্সীগঞ্জ মহ.র পদ্মাতীরস্থ গোয়ালনন্দ-নারায়ণগঞ্জ স্টীমার পথের স্টেশন। এই স্থান হইতে স্টীমারযোগে মাদারিপুর ও বরিশাল প্রভৃতি স্থানে যাওয়া যায়। ...নিকটে লৌহজঙ্গ বন্দর।

**তারা** (Thara) : বোম্বাই ; বনসকণ্ঠ জেলার গ্রাম ; পালনপুর হইতে ৪৫ মা দ.-পশ্চিমে। ...পূর্বতন করদরাজ্য। আ. ৭৮ ব মা ; জন. ১১,৪৩১ ('৪১)। ১৯৪৯-এ রাজ্য ভারতভুক্ত হয়।

**তারাইল** (Tarail) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, কিশোরগঞ্জ মহ.র থানা ; আ. ৫৫ ব মা। ...গ্রাম, ডাকঘর।

**তারাওন** (Taraon) : মধ্যভারত ; বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। আ. ২৬ ব মা ; জন. ৩,৮৪১ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৫,৮৫০ টাকা ভাতা দেওয়া হয়। রাজ্য বিন্ধ্যপ্রদেশ (বর্তমান মধ্য প্রদেশ রাজ্য) অন্তর্গত হইয়াছে। ...শহর পৈশোনি নদীতীরে, ইলাহাবাদ হইতে ৭৪ মা দ.-পশ্চিমে।

**তারাপুর** (Tarapur), **তারাপীঠ** : বীরভূম জেলা, রামপুরহাট থানার গ্রাম ; রামপুরহাট হইতে ৩ মা দূরে চণ্ডীপুর গ্রামে দ্বারকা নদীর তীরে তারাদেবীর মন্দির। ইহা হিন্দুদের একটি পীঠস্থান। রানী ভবানীর একটি মন্দির আছে। তন্ত্রসাধক বামাক্ষেপার সিদ্ধপীঠ। আশ্বিন শুক্লা চতুর্দশীতে পূজা ও মেলা হয়।

**তারাবতী** : দ্র. থারাওয়াড়ি

**তারাস, তাড়াশ** (Taras) : পূ. পাক, পাবনা জেলা, সিরাজগঞ্জ মহ.র থানা, আ. ১১৪ ব মা। উল্লাপাড়া হইতে গ্রাম সড়ক আছে। এখানে এক সময়ে সমৃদ্ধ হিন্দু জমিদার বংশের বাস ছিল। গ্রামে বহু মন্দির আছে ; একটি মন্দির ১৬৩৫ অব্দে নির্মিত।

**তারিম** (Tarim basin) : চীন ; সিনকিয়াং প্রদেশের দক্ষিণে কুন্‌লুন ও আলতিনতাগ এবং উত্তরে তিএনশান প্রভৃতি পর্বতমালার দ্বারা বেষ্টিত নিম্নভূমির মধ্যস্থিত নদীর নাম তারিম দরিয়া। এই অববাহিকা ৭০০ মা পূর্ব-পশ্চিমে লম্বমান, প্রস্থ ২—৩ শত মা। তাকলামাকান মরুভূমির মধ্যে নদীগুলি প্রবাহিত। পর্বতমালা হইতে তুষার-গলা জল নানা ধারায় ইহাতে পড়িতেছে। কাশগড়, ইয়ারখন্দ, খোটান প্রভৃতি নগর ইহার মরূদ্যানে অবস্থিত। তারিম নদী (১৩০০ মা) লব-নর হ্রদের দিকে গিয়া মরু মধ্যে নিশ্চিহ্ন হইয়াছে।

**তারোচ, থারোয়াচ** (Taroch, Tharoach : Utrach) : হিমাচল প্রদেশের অন্তর্গত পূর্বতন পঞ্জাব পার্বত্য করদরাজ্য। পূর্বে সিরমুর রাজ্যের অংশ ছিল। আ. ৭০ ব মা। জন. ৫,৩৬৩ ('৪১)। রাজা ১৮,১০০ টাকা ভাতা পান। শহর সিমলা হইতে ৩২ মা পূ.-দক্ষিণে।

**তালগঞ্জ** (Talaganj, Talagang) : পাক-পঞ্জাব ; আটোক জেলার তহসীল ও শহর। কাম্পবেলপুর হইতে ৫৫ মা দক্ষিণে। জন. ৮,৮২৮।

**তালচের** (Talcher) : পূর্বতন ঈ. স্টে. এজেন্সীর করদরাজ্য। আ. ৩৮৮ ব মা ; জন. ৮৮,৪৩২ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে ইহা ওড়িশার ঢেংকানাল জেলার অন্তর্গত করা হয় ; রাজাকে বাৎসরিক ৬২,৫০০্ ভাতা দেওয়া হয়। ...মহকুমার আ. ৩৮৮ ব মা ; জন. ৯২,৭৭০। সদর থানার আ. ১৭৮ ব মা, জন. ৩৭,১৭৮ ; ৩ থানা ; গ্রাম ১১৮। তালচের অঞ্চলে কয়লার আধার আছে। তা. শহরের জন. প্রায় দশ হা। ...কটক হইতে তালচের পর্যন্ত ব্রডগেজ রেলপথ (৬৪ মা) আছে। কলিকাতা হইতে ৩১৮ মা।

**তালডাংগরা** (Taldangra) : বাঁকুড়া জেলা; সদর মহ.র থানা। শিলাই নদী প্রবাহিত। আ. ১৩৫ ব মা ; জন ৫০,৭৩৩ ; ঘনতা ৩৭৬। ...গ্রাম বাঁকুড়ার দক্ষিণে।

**তালা (মাগুরা)** (Tala) : পূ. পাক. ; খুলনা জেলা, সাতক্ষিরা মহ.র থানা ; আ. ১৩০ ব মা, গ্রাম কপোতাক্ষ নদীতীরে। ডাকঘর।

**তালিকোট** (Talikota, Talikote) : বোম্বাই (বর্তমানে মহীশূর রাজ্য) ; বিজাপুর জেলার শহর, কৃষ্ণানদীর উপনদী ধোনের তীরে অবস্থিত। জন. ১০ হা.। ইহার ৩০ মা দক্ষিণে বর্তমান টোনডিহাল গ্রামের নিকটে, বাগালকোটের ২৫ মা পূর্বে মালপ্রভা ও কৃষ্ণানদীর সঙ্গমস্থলে, রাক্ষসতাঙ্গাড়ি নামক প্রান্তরে বিজয়নগরের রাজা সদাশিবের সহিত বিজাপুর, গোলকুণ্ডা, বিদর ও অহমদনগরের মুসলমান সুলতানদের সমবেত সৈন্যের যুদ্ধ হয় (৫ জানু. ১৫৬৫)। হিন্দুবাহিনী পরাজিত হয় ও বিজয়নগরের পতন হয়। উত্তর ভারতে অকবর তখন সম্রাট।

**তালিন** (Tallinn) : এস্‌থোনিয়া সো. সোবিয়েত রিপাবলিকের রাজধানী ; ফিন্‌লন্‌ড উপসাগরের দক্ষিণে

অবস্থিত নৌঘাটি ও বন্দর। কাষ্ঠ ও কাষ্ঠজাত পাল্প রপ্তানির কেন্দ্র। বরফ-ভাঙাই কল বন্দরকে সর্বসময়ে পোত চলাচলের জন্য মুক্ত রাখে। ...১২১৯-এ এই নগরের পত্তন হয়।...জন. ১'২৪ লক্ষ।...ইহার পূর্ব নাম ছিল রেভাল (Reval)।

**তালিপরম্বা** (Taliparamba): মদ্রাজ (বর্তমান কেরল রাজ্য); মালাবার জেলার শহর, কানানুর হইতে মোটরপথে ১৫ মা. উ.-পূর্বে। জন. ১৫,০০০। কানাড়া ইনডাস্ট্রি ব্যাংক; তা. ব্যাংক।

**তালেগাঁও** (Talegaon): বোম্বাই; পুণা জেলার শহর। বো.-পুণা রেলপথের স্টে. (১৮ মা)। জন. ৯,১১৬। পুণা সমবায় ব্যাংক। কাচ ও পটারির কারখানা। ৫ মা পূর্বে দেহু নামক স্থানে ভারত সরকারের অর্ডনান্স ফাকটরি ও ডিপো।

**তালোডা** (Taloda): বোম্বাই; পশ্চিম খানদেশ জেলার তালুক ও শহর; তাপ্তী নদীর উত্তরে। রেলপথ নাই, ধুলিয়া হইতে ৬০ মা উ.-পশ্চিমে। সাতপুরা পাহাড় হইতে আনিত কাঠের বাজার। জন. ১২,০১১। বো. স্টেট, সমবায় ব্যাংক।

**তাসকন্দ** (Tashkent): উজবেকস্তান সোবিয়েত রিপাবলিকের রাজধানী; সিরদরিয়ার শাখানদী চিরচিক তীরে অবস্থিত। মধ্য এশিয়ার কেন্দ্রীয়স্থল এই নগর হইতে চারিদিক যুক্ত। প্রাচীন পয়োপ্রণালীর সংস্কার হওয়ায় নানাবিধ শস্য, তুলা ও ফলের চাষ হইতেছে। চিরচিক নদী বাঁধিয়া জলবিদ্যুৎ ও নানাপ্রকার রাসায়নিক কারখানার পত্তন হইয়াছে। স্টেট বিশ্ববিদ্যালয়, মান মন্দির, গ্রন্থাগার, প্রাণীশালা ও ব্রডকাস্টিং স্টেশন। জন. ৭'৫০ লক্ষ।

**তাসগাঁও** (Tasgaon): বোম্বাই, দ. সাতারা জেলার তালুক। আ. ৪৪১ ব মা; জন. ১,৬৯,৩২৫। গ্রাম ৭৫। এই তালুকের মধ্যে কিরলোসকর ওয়াডি (দ্র.) অবস্থিত। তাসগাঁও শহরের গণপতি মন্দির প্রসিদ্ধ। জন. ১২,৯১৫। ...এখানে রেল স্টেশন নাই। সাংগলি বা মিরাজ হইতে মোটরপথে যাওয়া যায়। সমবায় ব্যাংক।

**তাহিটি** (Tahiti): দ. প্রশান্ত মহাসাগরে সোসাইটি দ্বীপপুঞ্জের বৃহত্তম দ্বীপ। আ. ৪০২ ব মা; জন. ২৪,৮২০। রাজধানী পাপীটে (Papeete) ফরাসী ওশেনিয়ার শাসনকেন্দ্র। দ্বীপ পার্বত্য; দ্বীপ হইতে বহুবিধ ফল, নারিকেল, ভ্যানিলা, চিনি, ফস্‌ফেট, মুক্তা প্রভৃতি রপ্তানি হয়। অধিবাসীরা পলিনেশীয়। ১৭৬৭ অব্দে ইউরোপীয়দের দ্বারা দ্বীপ আবিষ্কারের সময়ে তাহিটিদের নিজ রাজা ছিল। ১৭৯৯-এ রাজা পমারে (Pamare) ইউরোপীয়দের এখানে উপনিবেশের অনুমতি দেন; লোকে খ্রীষ্টধর্মও গ্রহণ করে। কিন্তু কালে ইহারা ফরাসীদের নিকট স্বাধীনতা হারাইল। ১৮৮০ অব্দে ৫ম পমারে সিংহাসন ত্যাগ করিতে বাধ্য হইলেন ও অবশেষে দেশ ফরাসীদের আশ্রিত রাজ্য বলিয়া ঘোষিত হইল। ১৯০৩-এ দ্বীপগুলি ফরাসী কলোনী হয়। ফরাসী চিত্রশিল্পী Gauguin এখানে বাসকালে বহু চিত্র অঙ্কন করেন।

**তাহিরপুর** (Tahirpur): পূ. পাক; রাজশাহী জেলা, সদর মহকুমার প্রসিদ্ধ প্রাচীন গ্রাম, পুটিয়ার ১১ মা উত্তরে। নাটোর হইতেও রাস্তা আছে। এখানকার হিন্দু জমিদারগণ এক সময়ে বিখ্যাত ছিলেন। ১৫ শতকের কামদেবভট্ট এই বংশের আদিপুরুষ। এই বংশের রাজা কংসনারায়ণ বারভূঁইয়াদের অন্যতম বলিয়া কথিত। ইনি বাংলা দেশে দুর্গোৎসবের প্রবর্তক।

**তিউনিস, ত্যুনিস** (Tunis): উ. আফ্রিকার তিউনিসিয়ার রাজধানী; ভূমধ্যসাগর হইতে খাল দ্বারা যুক্ত। এখানে মুসলিম বিশ্ববিদ্যালয় আছে। অদূরে কার্থেজ নগরীর ধ্বংসাবশেষ। তি. দক্ষিণ ইউরোপ হইতে নিকটতম স্থান, সিসিলি হইতে মাত্র ১৫০ মা। শহরের ২ অংশ, আধুনিক ফরাসী শহর পাশ্চাত্য আদর্শে নির্মিত; বহু শিল্প কারখানার কেন্দ্র। বিমান বন্দর। জন. ৩,১০,৩৩৩ ('৪৮)।

**তিউনিসিয়া** (Tunisia): উ. আফ্রিকার ভূমধ্যসাগর তীরস্থ ফরাসী দেশ; দক্ষিণে সাহারা মরুভূমি পর্যন্ত বিস্তৃত। পশ্চিমে আল্‌জিরিয়া; উত্তরে ও পূর্বে ভূমধ্যসাগর ও লিবিয়া রাজ্য। দেশের উত্তর ভাগ পার্বত্য, পূর্বাংশ সমভূমি। প্রধান নদী মেদের্দা

( Medjerda ) ২২৮ মা দীর্ঘ। জলবায়ু ভূমধ্যসাগরীয়, বৃষ্টি ২৪"। প্রধান রপ্তানি ফস্‌ফেট, জলপাই-তেল, গম প্রভৃতি।... রাজধানী টিউনিস। রাজ্যের আ. ৬০,২০৯ ব মা; জন. ৩৬·৩০ লক্ষ ('৫৩)। ইহার মধ্যে ফরাসী ও ইতালীয়দের সংখ্যা ৩ লক্ষ; অবশিষ্ট ৩৩ লক্ষ স্থানীয় অধিবাসী।...এই রাজ্যের সহিত ফরাসী মরক্কো রেলপথের দ্বারা যুক্ত।...প্রাচীন কালে ফিনিকরা বর্তমান তিউনিস নগরের নিকট কার্থেজ (কার্থাডা) নামে নবপুরী স্থাপন করে। খ্রী.পূ. ২য় শতক হইতে আফ্রিকার উত্তরাংশ রোমান সাম্রাজ্যভুক্ত প্রদেশ। ইহার পর ৫ম শতকে ভান্‌ডালরা, ৬ষ্ঠ শতকে বৈজয়ন্তীয় বা Byzantineরা আধিপত্য করে। ৭ শতকে আরবদের দ্বারা অধিকৃত। স্থানীয় বার্বার জাতীয় লোকে ইসলাম ধর্মে দীক্ষিত হয় এবং কালে আরবী ভাষা ও সংস্কৃতি আয়ত্ত করিয়া লয়। ...বার্বার হাফসিদ (Hafsid) বংশের (১২২৮-১৫৩৪) রাজত্বকালে তিউনিস অতি প্রবল রাজ্য হয়। ইহার পর তুর্কীরা এদেশের অধীশ্বর হয়; কিন্তু তাহাদের শক্তি তেমন প্রবল কখনো হয় নাই। সে সুযোগে বর্তমান হুসেনী রাজবংশের অভ্যুদয় হয়। হোসেন ইবন আলি ১৭০৫ অব্দে প্রায় স্বাধীন রাজা হইয়া উঠেন, তুর্কীর খলিফা নামেমাত্র সুলতান ছিলেন। জলদস্যুতা ছিল উপকূলবাসীদের প্রধান জীবিকা; সেই দৌরাত্ম্য দমন করিবার জন্য ১৮৮১ অব্দে ফরাসীরা এই দেশ দখল করে; কিন্তু অন্য সব ইউরোপীয় জাতি ফরাসীদের এই আধিপত্য মানিয়া লইতে পারিল না। তিউনিসিয়াতে ইতালীয়দের সংখ্যাধিক্য থাকায় তাহারা সমস্যা স্বরূপ হইয়া দাঁড়াইল।...২য় মহাযুদ্ধের সময়ে মিত্রশক্তি ও জারমান সৈন্যদের মধ্যে যুদ্ধের প্রধান কেন্দ্র হয় এই অঞ্চল। ১৯৪৩ মে মাসে জারমান সৈন্য আত্মসমর্পণ করে। ফরাসীরা ফিরিয়া আসিয়া আধিপত্য পুনঃপ্রতিষ্ঠ করিল; নূতন শাসক (বে) নিযুক্ত হইল। ইতিমধ্যে স্বরাজলাভের জন্য 'দস্তুর' নামে নূতন দল গড়িয়া উঠিয়াছিল। ফরাসীরা এই দলকে বে-আইনী ঘোষণা করা সত্ত্বেও আন্দোলন উত্তরোত্তর বৃদ্ধি পাইতে থাকে। অবশেষে ১৯৫৫ জুন মাসে ফরাসীরা ইহাদের স্বরাজ দিয়াছে; বৈদেশিক নীতি প্রভৃতি কয়েকটি বিষয়ে ফরাসীদের কর্তৃত্ব আছে।

**তিতাবর** ( Titabar ): আসাম; শিবসাগর জেলা, জোড়হাট মহ.র থানা; আ. ১০১৯ ব মা। জন. ৪,৪৪,০১১। ঘনতা ৪৩৬। ...শহর পাণ্ডু-তিনসুকিয়া রেলপথের স্টেশন (২২০ মা), মরিয়ানী জং-এর ৮ মা আগে।

**তিন্‌ডিবনম্‌** (Tindivanam): মদ্রাজ; দ. আরকট জেলার তালুক ও শহর। মদ্রাজ-ধনুষ্কোটি রেলপথের স্টেশন (৭৬ মা)। জন. ২৯,৬২২। ব্যবসায় কেন্দ্র।... শহরের অদূরে গ্রানাইট পাথরের আকর আছে। ব্যাংক: লক্ষ্মীবিলাস, তাঞ্জোর পার্মানেণ্ট, সমবায়।

**তিনধরিয়া** ( Tindharia ): দার্জিলিঙ জেলা; কার্সিয়ং মহ.র শহর। ২,৮২২ ফুট উচ্চ। জন. ৩৯২। শিলিগুড়ি-দার্জিলিঙ ছোট রেলপথের স্টেশন (২০ মা); দা. হইতে ১৪ মা দক্ষিণে। দা.-হিমালয়ান রেলওয়ের কারখানা। নিকটে বহু চা-বাগিচা।

**তিনপাহাড়** (Tinpahar): বিহার; সাঁওতাল পরগণা জেলা, রাজমহল মহ.র গ্রাম; লুপ লাইনে কলিকাতা হইতে ১৯৫ মা। এখান হইতে রাজমহল (৭ মা) পর্যন্ত শাখা লাইন আছে। বর্তমানে কলিকাতা হইতে মালদহে যাইতে হইলে এই পথই প্রশস্ত।

**তিনসুকিয়া** (Tinsukhia): আসাম; লখীমপুর জেলার উ.-লখীমপুর মহকুমার থানা ও শহর। থানার আ. ২৭৮ ব মা। জন. ১,২৭,৫৫৭। ঘনতা ৪৫৯। এই থানার পূর্বদিকে নে-ফা। তি. শহরের জন. ১২,২৪৫। আসাম বেঙ্গল রেলওয়ের শেষ স্টেশন ছিল; চট্টগ্রাম হইতে ৫৭৪ মা। কলিকাতা হইতে চাঁদপুর-লাকসাম হইয়া যাওয়া যাইত (৭৭৬ মা); পার্টিশনের পর এই পথ প্রায় অচল। এখন মনিহারী-পাণ্ডু-লামডিং ঘুরিয়া যাইতে হয় ৯৫৬ মা। গৌহাটি হইতে যাইবার পথ পূর্বের ন্যায়ই আছে (৩১৫ মা)। ইহা বড় জংশন; এখান হইতে ডিব্রুগড় ৩০ মা, লেডো ৩৩ মা, ও সাইখোয়া ৫৯ মা। ইউনা. ব্যাংক। শহরে নিকট বহু চা-বাগিচা।

**তিফলিস** (Tiflis, Tbilis): জর্জিয়া সোবিয়েত রিপাব-

লিকের রাজধানী। ইহা প্রাচীন স্থান ; ৪ শতকে স্থাপিত বলিয়া অনুমিত। ৫ শতক হইতে জর্জিয়ানদের রাজধানী। ১৭৯৫-এ রুশিয়ার আয়ত্তে আসে। ১৯৩৬ হইতে জর্জিয়া সো. রিপাবলিকের প্রধান নগর। জন. ৫·২০ লক্ষ। বর্তমানে বহু শিল্পের ও শিক্ষা-প্রতিষ্ঠানের কেন্দ্র। ৮মা দূরের জলবিদ্যুৎ কারখানা শহরে আলো ও শক্তি সরবরাহ করে। ১৯৩০ হইতে শহর নূতন করিয়া নির্মিত হয় ; এই শহরে স্তালিন প্রাকবিপ্লব যুগে ছাত্র ছিলেন ও এইখানে বিপ্লবীদল গঠন করেন বলিয়া কিংবদন্তী।

**তিব্বত** (Tibet) : তিব্বতী ভাষায় দেশের নাম বোদ-য়ুল বা ভোটদের দেশ। দক্ষিণে হিমালয়, উত্তরে কুয়েন-লুন, পশ্চিমে কারাকুরাম—এই তিনটি পর্বত-বেষ্টিত পৃথিবীর উচ্চতম অধিত্যকায় অবস্থিত (গড় ১৬,০০০ ফুট উচ্চ)। আ. ৪,৭০,০০০ ব মা ; জন. ৩০,০০,০০০। উ.-সিনকিআং ; প.-কাশ্মীর, দ.-ভারত, নেপাল, সিকিম, ভুটান। দেশের উত্তরাংশ মরুভূমি ; দক্ষিণাংশ হইতে ব্রহ্মপুত্র, শতদ্রু, সিন্ধু নদীগুলি নির্গত। দেশ পার্বত্য ও শীতপ্রধান। য়াক (Yak) নামে গোজাতীয় জন্তু এখানকার গৃহপালিত পশু, সকল কাজে লাগে। মেষ-পালনই অধিবাসীদের প্রধান উপজীব্য। মেষ-লোম (Wool) বিদেশে রপ্তানি হয়।

বহু শতাব্দী এই অধিত্যকা সম্বন্ধে তথ্য অজ্ঞাত ছিল এবং এখনো খনিজ সম্পদাদি সম্বন্ধে জ্ঞান অত্যন্ত সামান্য। দেশের মধ্যে রেলপথ নাই।

তিব্বতের প্রাচীন ইতিহাসের যথার্থ আরম্ভ ৭ম শতকে। রাজা রোঙ-সেন গম পো (Rong-ten Gom-po)-র চেষ্টায় দেশ শক্তিশালী হয়। তিব্বতী যুবকরা ভারতে প্রেরিত হয় ; তাহারা ভারতীয় লিপি, সংস্কৃত ভাষা ও বৌদ্ধ ধর্ম শিক্ষা করিয়া দেশে গিয়া প্রচার করে। প্রাচীন 'বন' (Bon)-ধর্মীরা ভূত-প্রেত উপাসক। বহুকাল ইহাদের সহিত বৌদ্ধধর্মীদের বিরোধ চলে। পদ্মসম্ভব নামে ভারতীয় বৌদ্ধসাধক 'বন' ও 'বৌদ্ধ' ধর্মমতের মিলন সাধন করিয়া তান্ত্রিক বৌদ্ধধর্ম প্রচার ও প্রতিষ্ঠা করেন ; ইহাই পরে লামা ধর্ম নামে পরিচিত হয়। পদ্মসম্ভব নালন্দা বিহারের অনুকরণে সম্য (Samye) নামক স্থানে একটি বিহার প্রতিষ্ঠা করেন। ৭ম শতক হইতে ১২ শতক পর্যন্ত বহুশত ভারতীয় বৌদ্ধ তিব্বতে গিয়া বহু সহস্র সংস্কৃত গ্রন্থ (বৌদ্ধ) তিব্বতী ভাষায় অনুবাদ করেন ; সেই বিরাট সাহিত্য তেঙগ্যুর ও কেঙগ্যুর নামে খ্যাত। এই পর্বের মধ্যে নানা বিহারে লামা বা 'দেবতার লোকেরা' ভারতীয় পণ্ডিতদের দ্বারা সুপ্রতিষ্ঠিত হন।

কুবলাই খান চীনের সম্রাট হইয়া লামা-ধর্ম গ্রহণ করেন ও সাক্য মঠের মহালামাকে চীন-সম্রাটদের অভিষিক্ত করিবার জন্য আহ্বান করেন। সেই মহালামাই পরে তিব্বতের অধীশ্বর বলিয়া ঘোষিত হন। কিন্তু মঠাধ্যক্ষদের মধ্যে শক্তিলাভের জন্য ষড়যন্ত্রাদি দেখা দিল। ১৫ শতকে সোন-খাপা (Tsongkapa) নামে সাধু লামা-ধর্মের সংস্কার করেন ও কয়েকটি নূতন মঠ স্থাপন করেন। ইহার মধ্যে তমিল-হুনপো-মঠের অধ্যক্ষই কালে দালাই-লামা নামে খ্যাত হন। এই সম্প্রদায়ের বিশ্বাস যে গুরুর তিরোভাবের পর নূতন শিশুর মধ্যে তিনি আবির্ভূত হন। সেই শিশু-অবতারকে সন্ধান করিতে হয়। ১৬৪৫-এ দালাই লামা সর্বেসর্বা হইয়া উঠেন। কিন্তু প্রতিপক্ষীয়দের সেই শক্তি ক্ষুণ্ণ করিবার জন্য চেষ্টা চলে। ফলে লামা-দের মধ্যে অন্তর্বিপ্লব দেখা দেয় এবং ইহারই সুযোগে চীন-সম্রাট তিব্বতে আধিপত্য বিস্তার করিতে সমর্থ হন এবং ১৭০৬-এ দালাই-লামার প্রাণদণ্ড দিয়া নূতন লোককে 'অবতার' বা 'দালাই-লামা' বলিয়া প্রতিষ্ঠিত করেন। সেই হইতে চীনের প্রতিনিধি বা আমবান ও চীনা-সৈন্য লাসা নগরীতে মোতায়ান রাখার ব্যবস্থা হয়।

ইংরেজরা বাংলা দেশে রাজ্য কায়েম করার পর হইতে তিব্বতের সহিত বাণিজ্য সম্বন্ধ স্থাপনের চেষ্টা করে ; কিন্তু তিব্বতীরা কোনো সুযোগ দেয় নাই। ১৯ শতকের শেষের দিকে ইংরেজরা লাসায় চর ও দূত পাঠাইতে আরম্ভ করে। ১৯০৩-এ ইংরেজ সৈন্যদের সহিত সংঘর্ষে তিব্বতীরা পরাভূত হয়। ইংরেজ প্রায় ২০ লক্ষ টাকার খেসারত দাবী করে। চীনারা এই টাকা শোধ করিয়া দিয়া ; তিব্বতের উপর তাহাদের

দাবী কায়েম করে। ১৯০৪-০৯ পর্যন্ত দালাই-লামা চীনে থাকেন ও শেষ বৎসরে তিব্বতে ফিরিয়া আসেন চীন দালাই-লামার কর্তৃত্ব হ্রাস করিতে চাহিলে তিনি ভারতে আসিয়া আশ্রয় গ্রহণ করেন।

চীনের রিপাবলিক প্রতিষ্ঠিত হইলে (১৯১২) তিব্বতীরা স্বাধীনতা ঘোষণা করিল। নির্বাসিত দালাই লামা তিব্বতে ফিরিয়া লাসায় (১৯১৩) পুনঃপ্রতিষ্ঠিত হইলেন। কিন্তু চীনের সহিত বিবাদ চুকিল না। তখন সিমলায় চীন, তিব্বত ও ইংরেজদের মিলিত বৈঠকে (১৯১৪), ইংরেজের পরামর্শে তিব্বত বিভক্ত করিবার প্রস্তাব হয়। কিন্তু চীন এই প্রস্তাব অগ্রাহ্য করে। অন্যান্য সিদ্ধান্তের ফলে ইংরেজদের সহিত তিব্বতের যোগাযোগ স্থাপিত হয়। কিন্তু ইংরেজরা কোনোদিনই তিব্বতে স্থায়ী প্রভাব বিস্তার করিতে পারে নাই।

নানা বিপর্যয়ের পর জাতীয়তাবাদী চীন তিব্বতে আপনার শক্তি প্রতিষ্ঠিত করিয়াছে। ১৯৩৪—৪৯ পর্যন্ত তাহাদের প্রতিনিধি লাসায় থাকে। অতঃপর চীনে গণ-সরকার কায়েম হইলে ১৯৫০, অক্টোবরে গণ-মুক্তি ফৌজ তিব্বতে প্রবেশ করে। ১৯৫১-এর ২৩ মে, চীন-তিব্বত চুক্তির ফলে তিব্বতের বৈদেশিক দপ্তর ও জাতীয় রক্ষনাবেক্ষনের ভার চীনের উপর ও স্বরাষ্ট্র এবং অন্যান্য দপ্তর তিব্বতের উপর বর্তাইয়াছে। তিব্বত বর্তমানে চীন গণ-রিপাবলিকের বিশেষ টেরিটোরি রূপে গণ্য হইয়াছে। নবীন চীনের সংস্পর্শে তিব্বত দ্রুত উন্নতিলাভ করিতেছে ও আধুনিকতার দিকে অগ্রসর হইতেছে। ১৯১৩ হইতে তিব্বতী ছাত্ররা বিদেশে অধ্যয়ন করিতে যাইতেছে। পাশ্চাত্ত্য টেলিগ্রাফ, সিনেমা, বিদ্যুৎ-আলোক প্রভৃতি সবই আসিতেছে। চীন হইতে এরোপ্লেন যাইতেছে।

১৮৫৬-র চুক্তির ফলে নেপালের প্রতিনিধি লাসায় রহিয়াছে। ভারতের সঙ্গে তিব্বতের বাণিজ্য পথ পশ্চিম বাংলা ও সিকিমের মধ্য দিয়া আছে। গ্যাংটক হইতে লাসা পর্যন্ত স্থায়ী সড়ক '৫১-এ নির্মিত হইয়াছে। তিব্বতের বহির্বাণিজ্যের মূল্যপরিমাণ ১ কোটি হইতে ২ কোটি টাকা।

তিব্বতের রাষ্ট্রপ্রধানকে দালাই-লামা বলে; ৫ জনকে লইয়া মন্ত্রিপরিষদ ও একটি জাতীয় সভা আছে।

**তিয়েন-ৎসিন** (Tien-tsin) : চীন; পীতসাগর তীরস্থ বন্দর ও নগর। জন. প্রায় ১৮ লক্ষ। পেকিঙ, মুকডেন প্রভৃতি স্থানের সহিত রেলপথে যুক্ত। সমুদ্রগামী জাহাজ বন্দরে ভিড়িতে না পারিলেও ইহাই পেকিঙের বন্দর। নানকাই ও পাই-ইয়াঙ বিশ্ববিদ্যালয়, শিক্ষক-কলেজ, ইনজিনীয়ারিং কলেজ প্রভৃতি বহু বিদ্যালয় এইখানে আছে। ১৮৬০ হইতে এই বন্দর ব্রিটিশ, ফরাসী, জাপানী প্রভৃতি জাতিদের নিকট উন্মুক্ত হয়। ১৯৩৭-৪৫ জাপানীদের অধিকারে ছিল; ১৯৪৯-এ চীন জনরাজতন্ত্র ভুক্ত হইয়াছে।

**তিয়েরা দেল ফোয়েগো** (Tierra del Fuego) : দ. আমেরিকার দক্ষিণতম ও বৃহত্তম দ্বীপগুচ্ছ। আ. ২৪,৪৭৬ ব মা., জন. ১০ হা.। ইহার পূর্বাংশ আর্জেন্টিনার ও পশ্চিমাংশ চিলি রাজ্যের অধীন। মাজেলান প্রণালী মহাদেশ হইতে ইহাকে পৃথক করিয়াছে। এই প্রণালী দিয়া অতলান্তিক ও প্রশান্ত মহাসাগরে যাতায়াতের পথ। চিলির অংশে মেষপালন হয়। দ্বীপ শীত-প্রধান।

**তিরহুত** (Tirhut) : বিহার রাজ্যের গঙ্গার উত্তরের বিভাগ। পূর্বনাম তীরভুক্তি; প্রাচীনতম নাম মিথিলা। আ. ১২,৫৮৫ ব মা., জন. ১,২৯,৬০,৭৬০। অন্তর্গত জেলা ৪টি : সারন, চম্পারন, মজঃফরপুর, দারভাঙ্গা।

উ.—নেপাল, পূ.—ভাগলপুর বিভাগ, দ.—গঙ্গা, প.—উত্তর প্রদেশ। এই বিভাগের উত্তরাংশের জলবায়ু আর্দ্র ও অস্বাস্থ্যকর। গম, ধান, তুলা, ইক্ষু, পাট প্রভৃতির চাষ। কৃষি লোকের প্রধান উপজীবিকা। লোকেরা মৈথিলী ভাষাভাষী।

**তিরানা** (Tirana): আলবেনিয়ার রাজধানী; আদ্রিয়াতিক উপসাগরের বন্দর দুরাজো (Durazzo) হইতে ১৯ মা পূর্বে অবস্থিত। বর্তমানে বহু শিল্প প্রতিষ্ঠান হইয়াছে। জন. ৪০ হা. ('৫১)।

**তিরু-কোচীন** : (তিরুবঙ্কুর-কোচীন রাজ্যদ্বয়ের সংক্ষিপ্ত নাম)। দ্র. তিরুবঙ্কুর-কোচীন। রাজ্যপুনর্গঠনের পর

১ নভেম্বর, ১৯৫৬ হইতে এই রাজ্যদ্বয়ের নাম হইয়াছে কেরল।

**তিরাপ সীমান্ত অঞ্চল** (Tirap Frontier Tract) : নে-ফা ( NEFA )-র বিভাগ ; ইহার পূর্বে ও দক্ষিণে বর্মা রাজ্য, উত্তরে মিশমী পার্বত্য অঞ্চল বা লোহিত সীমান্ত বিভাগ। তিরাপ অঞ্চলের আ. ২,৮৭৬ ব মা ; কিন্তু মাত্র ১২৫ ব মা স্থানের আদমসুমার ( ১৯৫১ ) গৃহীত হইয়াছে। জন. ৫,২১৩। ঘনতা ৪৩।... শাসনকেন্দ্র বোরখুমা ( Borkhuma )। উপজাতিদের নাম ওয়ানচো, হাওয়া, নোকটে, কাচিন, সিঙ্‌ফো, খামতি, তাংসা। খামতিরা বৌদ্ধ ; তাবাঙ (Tawang) নামক স্থানে তাহাদের একটি বড় বিহার আছে, সেখানে ৪০০ ভিক্ষু বাস করে। ভিক্ষুরা ও সাধারণ লোকের অনেকেই লিখিতে পড়িতে পারে।

**তিরুচ্চিরাপ্পল্লী, ত্রিচিনপল্লী** ( Tiruchirapalli, Trichinopoly) : মদ্রাজ রাজ্যের জেলা। আ. ৫,৫১৪ ব মা। জন. ১৯,৪৩,৮৮২। ১০টি তালুক। পূর্বে এই জেলার আ. ছিল ৪,৩২৯ ব মা ; পুড়ুকোটাই করদ-রাজ্য এই জেলা ভুক্ত হওয়ায় আয়তন হইয়াছে ৫,৫১৪ ব মা। জেলায় কাবেরী নদী প্রবাহিত ; পচাই-মলয় পর্বতে চৌম্বক লৌহ আকর পাওয়া গিয়াছে। বৃষ্টিপাত ৩৩″। কৃষিপ্রধান জেলা। শিল্পের মধ্যে চিনি, সিমেণ্ট, সূতা, বস্ত্র, 'দালদা' জাতীয় তৈল ও সিগার প্রস্তুত প্রধান। জেলার বহু শহরে বড় বড় সিগার ফ্যাকটরি আছে। .. শহর ( জন. ২,১৮, ৫৬৫ ) মদ্রাজ হইতে ১৯০ মা দ.-পশ্চিমে ; একটি বিচ্ছিন্ন গ্রাণাইট পাথরের উপর ( ২৭৩ ফুট ) মন্দির বিখ্যাত। নিকটে শ্রীরঙ্গম তীর্থস্থান। ...বিশিষ্ট ব্যবসায় ও শিল্প কেন্দ্র। এখানে ২৩টি ব্যাংক। বিমান বন্দর। বোম্বাই হইতে আকাশপথে ৮২৮ মাইল ; মদ্রাজ হইতে ১৮৪মা।

**তিরুচুর** Trichur) : তিরু-কোচীন ইউনিয়নের (বর্তমান কেরল রাজ্য ) শহর ; কোচীনের সমুদ্রখাড়ির নিকট অবস্থিত ; জলপথে ব্যবসায়ের কেন্দ্র। শোরনুর-কোচীন রেলপথের স্টেশন ( ২১ মা )। আরনকুলম হইতে ৩৭ মা উত্তরে। জন.৬৯,৫১৫। এখানে ২০টি স্থানীয় ব্যাংকের রেজিস্টারি অপিস ; ১৯টি অন্য ব্যাংক।

**তিরুচেঙ্গোড়ু** ( Tiruchengodu ) : মদ্রাজ ; সালেম জেলার তালুক ও শহর। স্টেশন নাই। সালেম হইতে ২৭ মা দ.-পশ্চিমে। এখানকার কাপড়ের কল মেতুর-জলবিদ্যুৎ দ্বারা চালিত।...১০ শতকের শিব-মন্দির বিখ্যাত। জন. ১৯,১১৫। সালেম ব্যাংক।

**তিরুচেনদুর** (Tiruchendur) : মদ্রাজ ; তিরুনেলবেলী জেলার তালুক ও শহর ; তুতিকোরিন হইতে ১৮ মা দক্ষিণে মান্নার উপসাগর তীরে অবস্থিত। ইহা ভারতের দক্ষিণতম রেল স্টে. ; তিরুনেল. হইতে রেল-শাখার শেষ স্টেশন ( ৩৮ মা )। জন. ১১ হা.।

**তিরুতুরৈপুনডি** (Tiruturaipundi) : মদ্রাজ ; তাঞ্জোর জেলার তালুক ও শহর। কাবেরী ব-দ্বীপে ; মদ্রাজ-মায়াভরম ( ১৭৪ মা )-করাইকুড়ি-রেলপথের স্টেশন ( ৪০ মা )। জন. ১১,০৮৯। কয়েকটি স্থানীয় ব্যাংক।

**তিরুনেলবেলী** (Tirunelveli ; Tinnevelly) : মদ্রাজ রাজ্যের দক্ষিণতম জেলা। আ. ৪,৩৪২ ব মা ; জন, ২৪,৮৫,০০০। প.—মান্নার উপসাগর ; দ.-পূর্বে ভারত-মহাসাগর ; প.—পশ্চিমঘাট। ২৭″ বৃষ্টি। তুলা, তাল-গুড়, চামড়া রপ্তানি হয়। পাপনাশম জলবিদ্যুৎ জেলার বহু শিল্পকেন্দ্রে শক্তি সরবরাহ করে। সদর শহর পালমকোটা তাম্রপর্ণী নদীতীরে ; ইহার অপর দিকে সেতু পারে তিরুনেলবেলী শহর (জন. ৭৩,৫০০) মদ্রাজ হইতে রেলপথে ৪০২ মা। এখান হইতে তিরু-চেনদুর ( ৩৮ মা ) ও তেনকাসী ( ৫০ মা ) পর্যন্ত রেলপথ আছে। সেনট্রাল, স্টেট, ইন্‌ডিয়ান, ই. ওভারসীজ, ইন্‌ডো-কমার্স, সাউথ ইন্‌ডিয়া প্রভৃতি ব্যাংক।

**তিরুপতি** (Tirupati) : অন্ধ্র রাজ্য ; চিতুর জেলার শহর। মদ্রাজ-বোম্বাই রেলপথের রেনিগুণ্ট (Renigunta) জং ( ৮৪ মা ) হইতে নির্গত শাখা রেলপথের ৬ মা দূরে অবস্থিত। শেষাচলম পর্বতের উপর শ্রীবেংকটে-শ্বরের মন্দির ও দেবায়তন বিখ্যাত। এই স্থান স্টেশন হইতে ৮ মা। ...সংস্কৃত বিশ্ববিদ্যালয় (Sri Venkateswar University) ১৯৫৪-এ প্রতিষ্ঠিত হইয়াছে। জন. ২৫,৩২০। অন্ধ্র, রায়লসীমা ব্যাংক।

**তিরুপত্তুর** (Tirupattur) : মদ্রাজ ; উ. আরকট জেলার

তালুক ও শহর। মদ্রাজ-জালরাপেট (১৩৫ মা)-মঙ্গলুর রেলপথের স্টেশন (১৪০ মা)। জন. ২৭ হা.। নানাপ্রকার ভেষজ ঔষধি জাবাদি পাহাড় হইতে সংগৃহীত হইয়া চালান হয়। ব্যাংক : স্টেট, চেট্টিনাদ মার্কেন্টাইল, হিন্দু ব্যাংক, কারুর, সালেম, সমবায়।

**তিরুপ্পুর** (Tiruppur) : মদ্রাজ ; কোয়াম্বাতুর জেলার শহর। মঙ্গলুর রেলপথের স্টে. (২৭৮ মা); কোয়াম্বাতুর ২৪ মা দূরে। জন. ৫২,৫৯৭। ৮ ব্যাংক : জয়পুর, সেন্ট্রাল, স্টেট, ইন্ডিয়ান, সা. ইন্ডিয়ান, তিরুবঙ্কুর ফরওয়ার্ড, লক্ষ্মীবিলাস, মীনাক্ষী সুন্দরর।

**তিরুবডমরুতুর** (Tiruvadamarudur) : মদ্রাজ ; তাঞ্জোর জেলার শহর। মদ্রাজ-মায়াভরম (১৭৫ মা) -তাঞ্জোর রেলপথের স্টে. (১৮৯ মা)। কুম্ভকোনম ৫ মা; তাঞ্জোর ৩০ মা। জন্. ১৪,০৬৭। সিটী ফরওয়ার্ড ব্যাংক। স্থানীয় শিবমন্দির বিখ্যাত।

**তিরুবন্দরম** (Tiruvandaram, Trivandrum) : তিরুবঙ্কুর রাজ্যের রাজধানী, এখন তিরু-কোচীন (বর্তমানে কেরল রাজ্যের) রাজধানী। মদ্রাজ-এগমোর স্টেশন হইতে ৫১২ মা। তিরুনেলবেলী হইতে ১১৯ মা; বিমান বন্দর মদ্রাজ হইতে আকাশপথে ৫১৭ মা। তিরুবঙ্কুর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র (১৯৩৫)। এখান হইতে কুমারিকা অন্তরীপ পর্যন্ত স্টেট বাস যায়। জন. ১,৮৬,৯৩১। এখানে ২৬টি ব্যাংক আছে : সেন্ট্রাল, স্টেট, নেড়ুগনডি প্রভৃতি। বস্ত্র শিল্পের কেন্দ্র। হাতীর দাঁতের সূক্ষ্ম শিল্প বিখ্যাত।

**তিরুবনমলয়** (Tiruvanamalai) : মদ্রাজ ; উ. আরকট জেলার তালুক ও শহর। মদ্রাজ-বিল্লুপুরম (৯৯ মা)-কাটপদি মি. রেলপথের (৫৮ মা) স্টে.। মদ্রাজ হইতে মোটরপথে ১০৩ মা। শহরের নিকট একটি শৈলদুর্গে (২,৬৬৮ ফুট) একটি বড় মন্দির আছে। একটি বিচ্ছিন্ন পর্বতের উপর শিব মন্দিরের নিকট রমন মহর্ষির আশ্রম। জন. ৪০,৬২৮। ব্যাংক : স্টেট, লক্ষ্মীবিলাস।

**তিরুবল্ল** (Tiruvalla) : তিরু-কোচীন (বর্তমান কেরল) রাজ্যের শহর ; জন. ২০,৭০৯। কুইলন হইতে ৩৫ মা উত্তরে। এখানে ১০ ব্যাংক : পলাই সেন্ট্রাল, তিরুবংকুর ফরওয়ার্ড প্রভৃতি।

**তিরুবঙ্কুর** (Travancore) : দক্ষিণতম ভারতের পূর্বতন করদরাজ্য। প.—আরব সাগরের মালাবার উপকূল ও পূর্বে পশ্চিমঘাটের এলা পর্বত ; দক্ষিণে কুমারিকা অন্তরীপ এই রাজ্যের অন্তর্গত। উপকূলস্থিত পশ্চিমাংশ নিম্নভূমি সমুদ্রের খাড়ি ও খালে পূর্ণ। মধ্যভাগ ৩০-৪০ মা প্রস্থ। পূর্বদিকে আন্নামলয় ও এলা (Cardamon) পর্বত। পেরিয়ার নদী ও হ্রদ। বৃষ্টিপাত ৮০"-১০০"। উপকূলভাগে নারিকেল, মধ্যভাগে বহুবিধ ফসল ও ফল, এবং পার্বত্যঅঞ্চলে চা, এলাচি, গোলমরিচ, মরিচ, সেগুন, ইবনী, বাঁশ প্রভৃতি। সমুদ্রবালুতে ইলমেনাইট (ilmenite), মোনাজাইট (monazite), জিরকন (zircon) প্রভৃতি দুষ্প্রাপ্য-মৃত্তিকা আছে। ১৯৫০-এ ভারতীয় আণবিক শক্তি কমিশনের সুপারিশে আলওয়ে নগরের নিকট দুষ্প্রাপ্য-মৃত্তিকা সংগ্রহের কারখানা নির্মিত হইয়াছে।··· পল্লীবাসল জলবিদ্যুৎ শক্তি সাহায্যে বহুবিধ শিল্প সৃষ্টি হইতেছে, যথা, আলুমিনিয়াম, দড়ি, দেশলাই, রাসায়নিক সামগ্রী।...রাজ্যের রাজধানী তিরুবন্দরম (Trivandrum) ; এখানে তিরু. বিশ্ববিদ্যালয়। কুইলন প্রধান বন্দর। এই দুই শহরের নিকট বিমানবন্দর আছে।···প্রাচীনকালে এই দেশ চোড় সাম্রাজ্যের অংশ ছিল ; সে সময়ে বৈদেশিক বাণিজ্য—বিশেষভাবে রোমের সহিত বাণিজ্য—প্রসার লাভ করে।...৩য় শতকে সিরীয়ান খ্রীষ্টানরা এদেশে ধর্মপ্রচার করে ; ভারতের আর কোনো প্রদেশ বা রাজ্যে খ্রীষ্টানের সংখ্যা এত নাই ; ষাট লক্ষ লোকের মধ্যে বিশ লক্ষ খ্রীষ্টান। এদেশ মুসলমানদের অধীন হয় নাই। ১৭৯৫-এ রাজা ব্রিটিশদের সহিত মিত্রতা সূত্রে আবদ্ধ হয়।···এই রাজ্য শাসন ও শিক্ষায় খুবই অগ্রসর। শিক্ষিতের সংখ্যায় ভারতে সর্বশ্রেষ্ঠ। রাজ্যের ৩ প্রদেশ : তিরুবন্দরম, কুইলন ও কোট্টায়ম।···রাজ্যের আ. ছিল ৭,৬৬২ ব মা ; জন. ৬০,৭০,০০০ ('৪১)। আয় ছিল ২'৫০ কোটি টাকা ; কর ছিল ৭,৯৬,৪০০। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১৮ লক্ষ টাকা বার্ষিক ভাতা দেওয়া হয়। বর্তমানে এই রাজ্য কেরল অন্তর্গত।

**তিরুবঙ্কুর-কোচিন** (Travancore-Cochin) :

ভারতের দক্ষিণতম রাজ্য ('খ' শ্রেণীর) : উ. ও পূর্বে মদ্রাজ রাজ্য; প—আরবসাগর; দ.—ভারতমহাসাগর। আ. ৯,১৪৪ ব মা; জন. ৯২,৮০,৪২৫ ('৫১)। এই রাজ্য উত্তরাংশের কোচীন ও দক্ষিণাংশের তিরুবঙ্কুর করদরাজ্য দুটি লইয়া গঠিত হইয়াছে। ইহারা ১ জুলাই, ১৯৪৯ যুক্তরাষ্ট্রভাবে ভারতের অন্তর্গত হয়। তিরু. মহারাজা এই রাষ্ট্রের রাজপ্রমুখ। সমগ্র রাজ্য ৪টি জেলায় বিভক্ত : তিরুবন্দরম, কুইলন, কোট্টায়ম, ত্রিচুর। এই রাজ্যে খ্রীষ্টানের সংখ্যা ভারতের অন্যান্য রাজ্য হইতে সর্বাধিক। ভাষা—মালয়ালম (৪০,১২,৬৮৫); তামিল (১১,৫১,১৪১); অবশিষ্ট কোংকনী, তেলেগু প্রভৃতি ভাষী। রাজধানী তিরুবন্দরম (জন. ১,৮৬,৯৩১)।

দেশ ভৌগোলিক দিক দিয়া তিন ভাগে বিভক্ত : (১) পার্বত্য ও বনময় অঞ্চল (বিচিত্র জন্তু ও মূল্যবান কাষ্ঠ রহিয়াছে); (২) নদীধৌত সমভূমি; (৩) নারিকেল বৃক্ষময় উপকূলভাগ। দেশের জলবায়ু নাতিশীতোষ্ণ, বৃষ্টি প্রচুর পরিমাণে হয়; লোকের অধিকাংশই কৃষিজীবী। খনিজ সম্পদ প্রচুর। রাজ্যে বহুবিধ শিল্প আছে। জলবিদ্যুৎ সাহায্যে বহুবিধ শিল্পের প্রসার হইয়াছে। শিক্ষায় এই রাজ্য ভারতের সর্বশ্রেষ্ঠ (৫৩·৮৫% শিক্ষিত)। সকলশ্রেণীর বিদ্যায়তন ৬,২৬০। প্রায় ১৫ লক্ষ ছাত্রছাত্রী পড়াশুনা করে (৪০% নারী)। রাজস্বের ২৫% শিক্ষাখাতে ব্যয়িত হয়। তিরু. বিশ্ববিদ্যালয় ১৯৩৭-এ স্থাপিত। এই রাজ্যের দেবীকোলম ও পিয়ারমাডে (Peermade) তালুকদ্বয়ে দশলক্ষাধিক তামিলের বাস। রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় এই অঞ্চল মদ্রাজ রাজ্যভুক্ত হইয়াছে। ১৯৫৬, ১লা নভেম্বর হইতে এই রাজ্য 'কেরল' নামে অভিহিত হইয়াছে। রাজধানী তিরুবন্দরম; হাইকোর্ট অরনকুলমে হইয়াছে। রাজ্যের ভাষা মালয়ালম।

**তিরুবাদী** (Tiruvadi, Tiruvalyuru) : মদ্রাজ; তাঞ্জোর জেলার শহর; তাঞ্জোর হইতে ৬ মা উত্তরে কাবেরী নদীতীরে তীর্থ। জন. ১১,৩৩৬। কয়েকটি দক্ষিণী ব্যাংক।

**তিরুবারুর** (Tiruvarur) : মদ্রাজ রাজ্য; তাঞ্জোর জেলার শহর। দ. রেলপথের জংশন; তাঞ্জোর হইতে ৩৪ মা। মদ্রাজ-এগমোর স্টেশন হইতে মায়াবরম (Mayavaram, ১৭৪ মা) হইয়া ২৪ মা। জন. ২৭,২১০। সেন্ট্রাল, স্টেট, ইন্ডিয়ান, ই. ওভারসীজ, ইন্ডো-কমার্স, কুম্ভকোনম ব্যাংক। এখানকার বিখ্যাত মন্দির ও দেবায়তন ৯৫৭×৭২৭ ফুট জমির উপর অবস্থিত। 'সহস্রস্তম্ভ মণ্ডপ' নামে যে হল আছে তাহাতে ৮০৭টি স্তম্ভ আছে; কিন্তু ইহার অর্ধেকের উপর মাত্র ছাদ হইয়াছিল। এই মন্দির ত্যাগরাজ স্বামীর নামে উৎসর্গীত।...এই বিশাল দেবায়তনের কাঠের একটি মডেল্ মদ্রাজ মিউজিয়ামে আছে।

**তিরুমঙ্গলম** (Tirumangalam) : মদ্রাজ; মাদুরাই জেলার তালুক ও শহর, কার্পাস অঞ্চলে অবস্থিত। তিরুচিরপল্লী-তুতিকোরিন রেলপথের স্টেশন (১০৭ মা)। নিকটস্থ পাহাড়ে কাঠ ও মার্বেল পাথর আছে। মাদুরাই ১১ মা দূরে। জন. ১৬,১৪৬। পাণ্ড্যন ব্যাংক।

**তিরুর** (Tirur) : মদ্রাজ; মালাবর জেলার শহর; ম.-মঙ্গলুর রেলপথের স্টেশন (৩৯৬ মা); মঙ্গলুর হইতে ১৬৩ মা দক্ষিণে পোনানি বন্দরের সহিত খালের দ্বারা যুক্ত। জন. ১১,৮১৮। নেডুগনড়ি, চলপুরম ব্যাংক।

**তৈরোরি** : দ্র. তরাযন।

**তিলপাড়া** (Tilpara) : বীরভূম জেলা; সিউরীর নিকটবর্তী ময়ূরাক্ষী নদীর উপর ব্যারাজ সেতু; ইহা ১০১৩ ফুট দীর্ঘ। জুন ১৯৫১-এ বাঁধের কাজ শেষ হয়। এখান হইতে উত্তরে ও দক্ষিণে দুইটি প্রধান খাল বাহির হইয়াছে। ছোট বড় সবরকম খালের মোট দৈর্ঘ্য ১০৬০ মাইল। জুলাই ১৯৫৫ হইতে জলসেচের কাজ আরম্ভ হইয়াছে।

**তিলসিট** (Tilsit) : সোবিয়েত রুশের শহর; মেমেল (নীমেন) নদীতীরে। জন. প্রায় ৬০ হা.। পূর্বে ইহা প্রুশিয়ার অন্তর্গত ছিল। ১৮০৭ জুলাই-এ এই স্থানে রুশীয় জার আলেকজেন্দার ও ফরাসী সম্রাট নেপোলিয়নের মধ্যে শান্তি-সন্ধি হয়।...এই ঘটনার প্রতিক্রিয়া মধ্য এশিয়া ও ভারতের ইতিহাসে দেখা গেল; ভারতে রুশ-আতঙ্ক সুরু হয়।...বর্তমান নাম Sovetsk, কালিনিনগ্রাদ ওবলস্ট এলাকা অন্তর্গত।

**তিলহার** (Tilhar) : উত্তর প্রদেশ ; শাহজহানপুর জেলার তালুক ও শহর। শাহ. জং হইতে ১১ মা। কলিকাতা-মুঘলসরাই-সহারনপুর রেলপথের স্টে. ( ৭২২ মা )। জন. ২১,২০৩। বরৈলী কর্পো. ও পরমার্থ ব্যাংক।

**তিলাইয়া** (Tilaiya Dam) : দামোদর উপত্যকা পরিকল্পনা অন্তর্গত বাঁধ ও জলাধার। বিহার, হাজারিবাগ জেলার বরাকর নদীতে বাঁধ দিয়া ইহা নির্মিত (১৯৫০-'৫১) হইয়াছে। ৯৯ ফুট উচ্চ। জলাশয় সৃষ্টির ফলে ১৪,৬০০ একর ভূমি জলে ডুবিয়া গিয়াছে। বিরাট জলাধার পাহাড়ের মধ্যে অবস্থিত। দৃশ্য অতি মনোরম। ২ হাজার কিলোওয়াট শক্তিসম্পন্ন দুটি তড়িৎকেন্দ্র এখানে আছে। বাঁধ হইতে ৫ হাজার একর জমি জলসেচ পাইয়াছে ( ১৯৫২ )।

**তিস্তা** ( Tista ) : river। ভোটান সীমান্তের উত্তরে হিমালয় হইতে উৎসারিত হইয়া দার্জিলিং-জলপাইগুড়ি জেলার ভিতর দিয়া বাংলাদেশে তিস্তা নদী প্রবেশ করিয়াছে। ইহার পার্বত্য নাম তিস্তাং-এর সংস্কৃত নাম ত্রিস্রোতা। দৈর্ঘ্য ২০০ মা। তিনটি স্রোত—করতোয়া, আত্রাই ও পুনর্ভবা। উত্তরবঙ্গে এই সকল নদীর গতির বহু পরিবর্তন হইয়াছে। ১৭৭৭ অব্দের বিরাট বন্যার জলরাশি পূর্ব-দক্ষিণ দিকে একটি অবলুপ্ত সংকীর্ণ খাত দিয়া প্রবাহিত হইয়া ব্রহ্মপুত্র নদের সহিত ফুলছড়ির নিকট মিলিত হয়। সেই হইতে উত্তর বঙ্গের করতোয়াদি নদীগুলি শীর্ণ হইতে আরম্ভ করে।

রঙপুর জেলায় পার্বতীপুর হইতে লালমনিরহাট যাইবার পথে কাউনিয়া ( রঙপুর মহ. ) ও তিস্তা জং ( কুড়িগ্রাম মহ. ) স্টেশনের মধ্যে তিস্তা নদীর উপর সেতু আছে।

**তি-হুআ** (Ti-hua : Ti-hwa) : চীন জনরাজতন্ত্রের সিনকিয়াঙ প্রদেশের রাজধানী ; পূর্ব নাম উরুমচি ; তিয়েন-শান পর্বতের উত্তর সানুদেশে, মঙগোলিয়া-তুর্কীস্থানের রাজপথের উপর অবস্থিত। জন. ২০ হা.।

**তুকারোই** (Tukaroi) : মেদিনীপুর জেলার দাঁতনের [illegible] মা দ. পূর্বে ও নানজুরার ৩ মা পশ্চিমে স্থান। এইস্থানে [illegible] কররানী বংশের সুলতান দাউদ খাঁ ও তাঁহার আফগান সৈন্যবাহিনী ১৫৭৫, ৩ মার্চ অকবরের সৈন্যদলের নিকট পরাজিত হয়। মুনীম খাঁ, তোডরমল্ল প্রভৃতি মুঘল সৈন্য পরিচালনা করেন। এই যুদ্ধে বাঙলাদেশে পাঠান শক্তির অবসান হয়।

**তুখার** (Tukhar) : মধ্য এশিয়ার তোখরিস্থান ; মহাভারত ও বৃহৎ সংহিতায় 'তুখার' দেশের নাম আছে। মধ্যযুগে এই দেশ বৌদ্ধসংস্কৃতির কেন্দ্র ছিল। ধ্বংস-প্রাপ্ত মঠাদি হইতে প্রাচীন লুপ্ত ভাষায় লিখিত বহু সংস্কৃত গ্রন্থের অনুবাদ পাওয়া গিয়াছে। কুচা, তুরফান, ইদিকুৎচারি, কারা-শহর প্রভৃতি স্থান প্রাচীন তুখার ভাষার কেন্দ্র ছিল। তুখারের ভাষা আর্য ভাষাবর্গের অন্তর্গত। টোখারিয়ান বলা হয়।

**তুঙ্গভদ্রা** (Tungabhadra river) : দক্ষিণ ভারতের নদী কৃষ্ণার প্রধান করদ নদী। তুঙ্গা ও ভদ্রা নামে দুইটি নদী মহীশূর রাজ্যের উত্তর-পশ্চিম পর্বতে উঠিয়া মিলিত হইয়া বোম্বাই, হায়দরাবাদ, মহীশূর ও অন্ধ্রের সীমান্তরূপে প্রবাহিত ( ৪০০ মা )।

**তুঙ্গভদ্রা পরিকল্পনা** (Tungbhadra Project) : অন্ধ্র, মহীশূর ও হায়দরাবাদের মিলিত চেষ্টায় এই তুঙ্গ. বাঁধের বহুমুখী পরিকল্পনা গৃহীত হয়। এই বাঁধ ৭,৯৪২ ফুট দীর্ঘ ও ১৬০ ফুট উচ্চ। ইহার দক্ষিণ ও বাম দিক দিয়া খাল চলিয়া গিয়াছে। ইহার দ্বারা অন্ধ্র ও মহীশূরের ২,৫০,০০০ একর এবং হায়দরাবাদের ৪,৫০,০০০ একর জমি সেচ পাইবে। দুই দিকেই বিদ্যুৎকেন্দ্র থাকিবে। ১৯৫৩ হইতে জলসেচ ব্যবস্থা হইয়াছে।

**তুতিকোরিন** (Tuticorin) : মদ্রাজ ; তিরুনেলবেলী জেলার শহর ; মন্নার উপসাগর তীরের বন্দর, ৬-৭ মা দূরে নোঙরঘাট, লঞ্চে করিয়া যাত্রীরা জাহাজে গিয়া উঠে। এই স্থানে ১৫৪০-এ পোর্তুগীজরা আসিয়া বাস করে। পোর্তু., ডাচ ও ইংরেজের মধ্যে এই স্থানের স্বামিত্ব লইয়া দীর্ঘকাল দ্বন্দ্ব চলে ; অবশেষে ১৮২৫-এ ইংরেজ পাকাপাকিভাবে পায়। জন ৯৮,৩৯১। মদ্রাজ হইতে রেলপথে ৪৪৪ মা। সেন্ট্রাল, স্টেট, কানাড়া, ইন্ডিয়ান, পাওয়ন প্রভৃতি ৯টি ব্যাংক আছে।

**তুফানগঞ্জ** (Tufanganj) : কোচবিহার জেলার মহ.

ও থানা চাউল, তামাক, পাট, তৈলবীজের ব্যবসায়কেন্দ্র। থানা ও মহ.র আ. ২২৪ ব মা; জন. ৯৭৭,৭১৩। গ্রাম ১২২। তু. একমাত্র শহর; রায়ডাক নদীতীরে; জন. ২,৩১৬। কোচবিহার হইতে সড়ক আছে। উচ্চ ইংরেজি বিদ্যালয়, ডাকঘর।

**তুভা** (Tuva: Tuvinian Autonomous Oblast): সাইবেরিয়ান রুশিয়ার আত্মকর্তৃত্বপূর্ণ প্রদেশ; মংগোলিয়া সোবিয়েতের উত্তরে। দেশ শীতপ্রধান; জানুয়ারী মাসে তাপমান —২৫°। স্বর্ণ, কয়লা, আসবেস্টস্, লবণ, তামা প্রভৃতির খনি। ট্যানিং ও চামড়ার ব্যবসায়কেন্দ্র। পূর্বে এই অঞ্চল চীন সাম্রাজ্যের অন্তর্গত ছিল। ১৯১২—২১ রুশের রক্ষিত দেশ; ১৯২১ হইতে স্বাধীন রাজ্য। ১৯৪৪-এ সোবিয়েত ভুক্ত। অধিবাসীরা তুর্কীর উপজাতি। আ. ৬৩,১০০ ব মা। জন. ১·৫০ লক্ষ; শতকরা ২৫ রুশ। প্রধান শহর—কিজিল খোতো (Kyzyl Khoto)।

**তুমকুর** (Tumkur): মহীশূর রাজ্যের জেলা। আ. ৪,০৮২ ব মা; জন. ১১, ৫১, ৩৬২; বৃষ্টিপাত ২৬·১৫"। জেলার অধিকাংশ মালভূমি। —শহরের জন. ৩৬ হা.। চাউল, তিল, গম। শ্লেট পেন্সিল তৈয়ারির কারখানা; চীনাবাদাম, রেঢ়ি, সুপারী প্রভৃতি আবাদী ফসল উৎপন্ন ও রপ্তানি হয়। মহীশূর, কানাড়া ইনডাস্ট্রি ব্যাংক। মদ্রাজ-বঙ্গলুর-বোম্বাই রেলপথের স্টেশন (২৬৫ মা); বঙ্গলুর হইতে ৪২ মা।

**তুমসার** (Tumsar): মধ্যপ্রদেশের ভাণ্ডারা জেলার শহর। কলিকাতা-নাগপুর রেলপথের তুমসার রোড স্টেশন (৬৫৩ মা) হইতে তিরোদি শাখা রেলপথের (৩০ মা) প্রথম স্টেশন (৪ মা); শহরটি বেনগঙ্গার এক উপশাখার উপর অবস্থিত। ভাণ্ডারা সদর শহর হইতে উ.-পূ. ১৬ মা।…জন. ১৮,২৫০। স্টেট, লক্ষ্মী ব্যাংক। শহরের নিকটে মাঙ্গানিস খনি আছে।

**তুয়েনসঙ সীমান্ত বিভাগ** (Tuensang Frontior Division): নে-ফার নাগা উপজাতীয় অঞ্চলের (Naga Tribal Area) বিভাগ। পূর্বে আসামের জেলা নাগা পাহাড় অন্তর্গত ছিল। প্রধান শহর তুয়েনসঙ।…উপজাতিদের নাম সাঙটাম, চাঙ, য়িমচুঙগর, কোনিয়াক, ফোম ও সেমা নাগা। এইসব নাগাদের মধ্যে খ্রীষ্টীয় মিশনারীরা দীর্ঘকাল কাজ করিতেছেন; অনেকে সুশিক্ষিত হইয়াছে।…ইহাদের মধ্যে একদল লোক পৃথক স্বাধীন নাগা রাজ্য স্থাপনের জন্য আন্দোলন ও অশান্তি করিতেছে। ভারত সরকারকে এই বিদ্রোহ দমনের জন্য সৈন্য প্রেরণ করিতে হইয়াছে। ইহাদের আর্থিক ও সাংস্কৃতিক উন্নতির জন্য সরকার বহু অর্থ ব্যয় করিতেছেন।

**তুর** (Tours): ফ্রান্সের প্রাচীন শহর; লোআর নদী-উপত্যকায় অবস্থিত; মধ্যযুগের বহু চার্চ ও অট্টালিকা এখানে আছে। এই শহরের নিকট চার্লস মার্তেল আরব সৈন্যদের পরাভূত করেন (৭৩২)।…২য় মহাযুদ্ধের সময় জারমান বোমায় শহরের অধিকাংশ ধ্বংস হয়।…জন. ৮০ হা.।

**তুরা** (Tura): আসাম; গারো পাহাড় জেলার প্রধান শহর; ১,৩২৩ ফুট উচ্চ পার্বত্য মালভূমে অবস্থিত। বৃষ্টিপাত ১২৭"। পূর্বে ব্রহ্মপুত্র নদীতীরের মানিকচর ঘাট হইতে ৪০ মা পথ ছিল। এখন সেই ঘাট পূর্ব পাকিস্তানের অন্তর্গত হওয়ায় এই পথে যাওয়া আসা কঠিন; বর্তমানে ধুবড়ী হইয়া যাইতে হয়। শিলঙের ১০৫ মা পশ্চিমে। জন. ৩,৯৫৮। আসাম আপেক্স ব্যাংক।

**তুরান** (Turan): সাইবেরিয়ার দক্ষিণ-পশ্চিমে কাস্পিয়ান হ্রদের পূর্ব ও উত্তর তীর হইতে চীন জনরাজতন্ত্রের পশ্চিম সীমান্ত পর্যন্ত বিস্তৃত দেশকে তুরান বা সোবিয়েত মধ্য-এশিয়া বলে। ইহার আ. ১৩ লক্ষ ব মা; জন. ১,৫০,০০,০০০ ('৩৯)। কাজাকস্তান, তুর্কমানিস্তান, উজবেকিস্তান, কিরখিজিয়া, তাজিকিস্তান—এই পাঁচটি সোবিয়েত গণরাষ্ট্র তুরান দেশ-ভুক্ত।…বর্তমানে এই নাম অপ্রচলিত। তুরানী বলিতে এই ভূভাগের লোক বুঝাইত। তুরানের দক্ষিণে ইরাণ।

**তুর্কমানিস্তান** (Turkmenistan): সোবিয়েত ইউনিয়নের অন্তর্গত মধ্য-এশিয়ার সো. সমাজবাদী রিপাবলিক। উত্তরে উজবেকিস্তান; দক্ষিণে ইরাণ ও আফগানিস্তান; পূর্বে উজবেকিস্তান, পশ্চিমে কাস্পিয়ান হ্রদ। আ. ১,৮৯,৩৭০ ব মা; জন. ১৫ লক্ষ

('৫৪)। রাজধানী আশখাবাদ। অন্তর্গত ওবলাস্ট ৪টি। ভাষা তুর্কির উপভাষা। তুর্কমানরা এই অঞ্চলে ৮-৯ শতকে আসে। রুশ এই দেশ অধিকার করে ১৮৬৯-৮৫। ১৯২৪ অক্টোবরে সোভিয়েত রিপাবলিক গঠিত হয়। পর বৎসর রুশের সোবিয়েত ইউনিয়ন ভুক্ত হয়।...শিক্ষাব্যবস্থায় খুবই অগ্রসর হইতেছে। রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বিজ্ঞানমন্দির (Academy of Sciences) ও ৯৭টি সঙ্গীত, টেকনিক্যাল গবেষণার উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান আছে। দেশ পূর্বে কৃষিপ্রধান ছিল, বর্তমানে বহু প্রকারের শিল্প গড়িয়া উঠিয়াছে। কৃষিজ উৎপন্নের তুলাই প্রধান; কৃষিক্ষেত্রের অর্ধেকাংশে উৎকৃষ্ট তুলা চাষ হয়। গম, নানাবিধ ফল, খেজুর প্রভৃতি প্রচুর পরিমাণে হয়। মেষ ও উট-এর আবাদ লোকের অন্যতম প্রধান উপজীবিকা। সোবিয়েত বিজ্ঞান সাহায্যে মরুভূমির স্থানে স্থানে বনময় করা হইয়াছে। কারাকুম মরুভূমির (আ. প্রায় ১,৫০,০০০ ব মা) মধ্য দিয়া আমু-দরিয়ার জলরাশি প্রবাহিত করাইয়া আরল হ্রদে পাঠাইবার ব্যবস্থা করা হইতেছে। ...রাজ্যে খনিজ সম্পদ প্রচুর—পেট্রোলিয়ম, কয়লা, সালফার, লবণ ইত্যাদি। কারাকুম-মরুভূমিতে বিভিন্ন খনিজদ্রব্য থাকায় নেবিত-দাগ (Nebit Dag) নামে একটি নূতন শিল্পশহর গড়িয়া উঠিয়াছে। রাজ্যে ১৯৪৫-এ ৪১০টি বৃহৎ-শিল্পের ও ২,২৮৭টি ক্ষুদ্র শিল্পের কারখানা ছিল। মোট উৎপাদনের ('৪১) ৩৪'৫% ভারি শিল্পজাত দ্রব্য। এই দেশের উৎকৃষ্ট কার্পেট ও রেশমজাত দ্রব্য প্রসিদ্ধ। ...মোটর পথে আশখাবাদ ইরানের মেশেদ (Meshhed) শহরের সহিত যুক্ত। ১,১৪০ কিলোমিটার রেলপথ আছে।

**তুর্কস ও কাইকোস** (Turks & Caicos): পশ্চিম ইন্ডিজ দ্বীপপুঞ্জের অন্তর্গত জামাইকার অধীনস্থ ৩০টি দ্বীপের সমষ্টি। ৮টি বসতিপূর্ণ। আ. ২০২ ব মা, জন. ৬,৬০০ ('৫১); শ্বেতাঙ্গ মাত্র ৮০। বৃটিশ সম্রাজ্ঞী-নিযুক্ত কমিশনার দ্বারা এই দ্বীপপুঞ্জ শাসিত। ৭জন সভ্যের আইন-সভা আছে। জামাইকার গবর্নর-জেনারেল তদারকি করেন। বৃহত্তম দ্বীপ গ্রানড কাইকোস; ২৫ মা দীর্ঘ, ১২ মা প্রস্থ। রাজধানী গ্রানড তুর্ক; জন. ১,৮০০। শিক্ষা অবৈতনিক। প্রধান রপ্তানি: লবণ, মাছ।

(Turkey: Turkiye Cumhuriyeti): পশ্চিম এশিয়ার রিপাবলিক রাষ্ট্র; পূর্বে ইউরোপের রাজ্য ছিল। এখনো ইউরোপের মধ্যে ৯,২৫০ ব মা স্থান তুর্কীর অন্তর্গত; এশিয়ার আনাতোলিয়াস্থ তুর্কী রাজ্যের আ. ২,৮৭,২৫০ ব মা। ... উত্তরে কৃষ্ণসাগরের অপর তীরে সোবিয়েত রিপাবলিক; পূর্বে সোবিয়েত ও ইরান; দক্ষিণে ইরাক, সীরিয়া ও ভূমধ্যসাগর। ইউরোপের রাজ্যাংশের উত্তরে বুলগেরিয়া; পশ্চিমে গ্রীস। তুর্কী এশিয়া ও ইউরোপের নানা জাতির দ্বারা বেষ্টিত। জন. ২'১০ কোটি। ইহার মধ্যে তুর্কী ৯৪%, গ্রীক ২'২%, বুলগার ১'৪% মাত্র। রাষ্ট্রভাষা তুর্কী; ধর্ম মুসলমান ৯৮.৬%। খলিফার ১৪ শতকের সুরু হইতে ১ম মহাযুদ্ধের শেষ পর্যন্ত তুর্কী সাম্রাজ্য সুলতান (ওসমানলী খলিফা)-দের দ্বারা শাসিত হয়। ইহারা প্রথম মহাযুদ্ধে জারমানদের পক্ষ অবলম্বন করিয়াছিল; পরাভূত হইয়া ১৯১৮, অক্টোবর ৩০, বিনা-শর্তে মিত্রশক্তির নিকট আত্মসমর্পণ করিতে বাধ্য হয়। Sevres এর সন্ধি অনুসারে (১৯২০, আগস্ট ১০) মিত্রশক্তি এশিয়া মাইনরে স্মির্না (Smyrna) বন্দর নগর গ্রীককে দান করায় জাতীয়তাবাদী তুর্কীরা কামালপাশার নেতৃত্বে এই সন্ধিশর্ত মানিতে অস্বীকৃত হয় ও আংকারা নামক স্থানে নয়া শাসনকেন্দ্র স্থাপন করে (১৯২০)। গ্রীকরা তুর্কীর বিরুদ্ধে যুদ্ধে প্রবৃত্ত হইল; কিন্তু এমনভাবে পরাভূত হইল যে চিরকালের মতো তাহাদিগকে এশিয়া ত্যাগ করিতে হইল (১৯২১-২২); যে-এশিয়ায় গ্রীকরা আড়াই হাজার বৎসর বাস করিতেছিল, সেই দেশ হইতে তাহারা নিশ্চিহ্নভাবে বিদূরিত হইল। এই বিপ্লবের মধ্যে তুর্কী সুলতান বিতাড়িত ও খলিফার পদ লুপ্ত হয়। ১৯২৩, অক্টোবর ২৯, তুর্কী রিপাবলিক ঘোষিত হইল; নূতন রাষ্ট্রের প্রথম সভাপতি কমাল আতাতুর্ক। ১৯২৪-এ মার্চ মাসে খিলাফৎ প্রথা রদ করিয়া রাষ্ট্রকে ধর্মনিরপেক্ষ করা হইল। ইতিমধ্যে লৌসানের

(Lausanne) সন্ধিমতে (১৯২৪) তুর্কী ইউরোপে থ্রেসের পূর্বাংশ পাইল বটে, কিন্তু এশিয়ার সিরীয়া, ইরাক, লেবানন, ফিলিস্তান, আরাবিয়া প্রভৃতি স্থানের উপর তাহাদের দাবী ছাড়িতে হইল; অর্থাৎ আরবীভাষী দেশগুলির উপর হইতে তাহাদের প্রভুত্বের অবসান হইল। ...তুর্কীরা আংকারায় রাজধানী স্থাপন করিয়া ১৯২৪, এপ্রিল ২১, রিপাবলিক রাষ্ট্র সংবিধান গ্রহণ করিল। অতঃপর কামাল বহুবিধ সংস্কারে মন দিলেন; ১৯২৫ ফেজ টুপি পরা নিষেধ হইল; ১৯২৬ বহুবিবাহ রদ করিয়া আইন ও সিবিল বিবাহবিধি প্রবর্তিত হইল; আরবী লিপির পরিবর্তে তুর্কী ভাষার জন্য রোমান হরফ প্রবর্তিত হইল (১৯২৯-৩০)। ১৯৩২-এ তুর্কী লীগ অব নেশান বা রাষ্ট্র-সঙ্ঘে প্রবেশ করে। লৌসনের সন্ধি চুক্তিতে একটি বিশেষ ধারা অনুসারে দার্দানালিস প্রণালীকে আন্ত-র্জাতিক করা হইয়াছিল; ১৯৩৬-এ তুর্কী তাহা নাকোচ করিয়া প্রণালীকে সুদৃঢ় করিল। ১৯৩৮ কমালের মৃত্যু হয়। কিন্তু ১৯২৩ হইতে ১৯৫০ পর্যন্ত কমাল প্রতিষ্ঠিত রিপা. পীপলস পার্টি রাজ্যশাসন করিয়াছিল। ১৯৫০ ও ১৯৫৪ সালের নির্বাচনকালে ডিমোক্রেটিক দল সংখ্যারিষ্ঠ হইয়া রাজ্যশাসনভার গ্রহণ করে। ২য় মহাযুদ্ধের সময় তুর্কী নিরপেক্ষ ছিল; কিন্তু যুদ্ধের শেষদিকে মিত্রপক্ষের অনুকূলে জার্মানি ও জাপানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, কিন্তু যুদ্ধে নামে নাই। ... দার্দানালিস প্রণালী লইয়া চিরদিন রুশ-তুরস্কের মন কষাকষি চলিতেছে; যুদ্ধও হইয়াছে। ২য় মহাযুদ্ধের শেষে সোবিয়েত রুশ এই প্রণালীর উপর যৌথ মালিকানার জন্য ইচ্ছা প্রকাশ করে। তুর্কী তাহাতে অসম্মত হয়। ১৯৪৫ হইতে উভয় রাষ্ট্রের মধ্যে মনোমালিন্য চলিতেছে। অবশেষে তুর্কী মধ্যপ্রাচ্য আত্মরক্ষা সংস্থাতে MEDO (দ্র.) যোগদান ও মার্কিন রাষ্ট্রের সহিত সখ্যতা স্থাপন করিয়া মার্শাল প্ল্যানের অন্তর্গত হইয়াছে। বর্তমানে পাকিস্তান ও ইরাকের সহিত সামরিক চুক্তিতে আবদ্ধ হওয়ায় মধ্যপ্রাচ্যের রাজনৈতিক ইতিহাস অত্যন্ত জটিল হইয়াছে। তুর্কীর শাসন পরিষদ বা কামাতায় (Kamatay : পার্লামেণ্ট)-এর সভ্য সংখ্যা ৫৪১। সমগ্র দেশ ৬৩টি গবর্নর-শাসিত প্রদেশে বিভক্ত। ...এই রাজ্যে তিনটি বিশ্ববিদ্যালয় ও প্রায় ৩৪টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান আছে। প্রাথমিক শিক্ষা আবশ্যিক।...দেশ কৃষিপ্রধান। ৮০% লোক কৃষিজীবী। তৈলবীজ, তামাক, তুলা, নানাপ্রকার ফল প্রধান রপ্তানি সামগ্রী। খনিজ সম্পদ অব্যবহৃত হইয়া রহিয়াছে। কয়লা, লৌহ, ম্যাংগানিজ, সীসা, তামা, ক্রোম কিছু কিছু তোলা হইতেছে। বস্ত্র, কাগজ ইত্যাদির কারখানা গড়িয়া উঠিতেছে।

**তুর্কীর ইতিহাস:** বর্তমান তুর্কী রিপাবলিক পূর্বে ওস-মানলি (ওথমান; ইংরেজীতে Ottoman) সাম্রাজ্য নামে খ্যাত ছিল। মধ্যএশিয়ার অনির্দিষ্ট ভূভাগে যেসব উপজাতি বাস করিত এবং সাধারণভাবে তুর্ক বা মংগোল নামে পরিচিত, ওসমানলি তুর্করাও সেই তুর্কদের অন্যতম শাখা ও সেই দেশের আদি অধি-বাসী। প. এশিয়ার সেলজুক-তুর্ক রাজাদের সামন্তরূপে ওসমান নামে এক তুর্ক নিযুক্ত হন। সেলজুক সাম্রাজ্যের পতনের পর ওসমান প. এশিয়ার আনা-তোলিয়ার একাংশে স্বাধীন রাজ্য স্থাপন করে (১২৮৮—১৩২৬)। ইহার কনিষ্ঠ পুত্র অর্খান সমগ্র আনাতোলিয়া জয় করিয়া ইউরোপের মধ্যে প্রবেশ করে। ১৪ শতকের মধ্যে বলকান উপদ্বীপের কিয়দংশ এই ওসমানলি তুর্কীদের আয়ত্তে আসে। ১৪৫৩ অব্দে গ্রীক বৈজয়ন্তীয়ম সাম্রাজ্যের রাজধানী কনস্টান্টিনোপল তাহাদের দ্বারা অধিকৃত হয়। ১৫ শতকের মধ্যে সমস্ত বলকান উপদ্বীপ, ঈজান সাগরের বহু দ্বীপ ইহাদের হস্তগত হয়। সুলতান সুলেমন (১৪৯৪-১৫৬৬)-এর সময় বেলগ্রেড অধিকৃত (১৫২১) ও হাংগেরি পরাভূত হয়। এশিয়া ও আফ্রিকার দিকেও তুর্কীসাম্রাজ্য বিস্তার লাভ করিতে থাকে। মিশর (১৫১৭), আলজিয়ার্স (১৫১৮), ট্রিপোলি, আরমেনিয়া, জর্জিয়া, মেসোপটেমিয়া, কুর্দিস্তান, কাইপ্রাস (১৫৭১), ক্রীট (১৬৬৯) প্রভৃতি স্থান তুর্কীদের দখলে আসিল। মিশর-বিজয়ের পর তুর্কীসুলতান 'খলিফা' উপাধি গ্রহণ করেন ও ১৯২৪

পর্যন্ত ( ৪০৭ বৎসর ) ইহারা 'খলিফা' বলিয়াই স্বীকৃত হইয়াছিল।...১৮ শতক হইতে তুর্কীর পতন ও ইউরোপীয় জাতিদের উত্থান আরম্ভ হয়। ১৯ শতকে ইউরোপীয় পরাধীন জাতিরা স্বাধীন হয়। মিশরের মহম্মদ আলি তুর্কীর প্রধান শত্রু হন। কিন্তু ২০ শতকের পূর্বে আরব, মিশর ও উত্তর আফ্রিকার মুসলমানরা স্বাধীন হইতে পারে নাই। ১৯০৮ হইতে তুর্কীর আভ্যন্তরীণ অবস্থার সংস্কারের জন্য তরুণ তুর্কীরা বিপ্লবী হইয়া উঠে। ১৯১১-১২ তুর্কীরা ইতালীয়দের নিকট পরাভূত হয় ও আফ্রিকাস্থ ত্রিপোলি ইতালির দখলে আসে। ১৯১৪-এ বলকান যুদ্ধে ইউরোপীয়-তুর্কীর অধিকাংশ গ্রীস বুলগেরিয়া কাড়িয়া লইল ; এখন যে অংশ মানচিত্রে দেখা যায়, তাহাই অবশিষ্ট থাকিল। ১ম মহাযুদ্ধের সময় (১৯১৪-১৮ ) তুর্কীরা জারমানদের পক্ষ লয়। কিন্তু পরাভূত হইয়া বিনাশর্তে সন্ধিপ্রার্থী হইতে হয়। ইহাই চরম দুর্গতির অবস্থা। যুদ্ধান্তে দেখা গেল তুর্কীর এশিয়ান সাম্রাজ্য তাহাদের হস্তচ্যুত হইয়াছে ; লেবানন, সীরিয়া, জর্দন, ইসরাইল, ইরাক, আরাবিয়া, মিশর সকলেই স্বাধীন। তুর্কী সাম্রাজ্য বলিতে থাকিল আনাতোলিয়া বা এশিয়া মাইনর ও ইউরোপীয় তুর্কী। এই চরম দুর্গতির সময় তুর্কীর রাজনীতি ক্ষেত্রে কামাল আতাতুর্কের অভ্যুদয় হয়।

**তুলা** ( Tula ) : সোবিয়েত রুশের প্রদেশ ( রিজিয়ন ) ; ডন্, ভলগা ও ওকা নদীত্রয়ের মধ্যে অবস্থিত। তুলা শহর বহু শিল্পের, বিশেষভাবে লৌহশিল্পের, কেন্দ্র ; মসকৌ-খারকোভ রেলপথের স্টেশন। এই শহর ১২ শতকে স্থাপিত। জন ২·৭২ লক্ষ।

**তুলুজ** ( Toulouse ) : ফ্রান্সের নগর ; রোমান যুগে তোলোসা নামে খ্যাত। গারোন নদীর কানাল দু মিডি ও পীরিনীজ পর্বতের গিরিপথ দিয়া যে রেলওয়ে আসিয়াছে, তাহার সঙ্গমে অবস্থিত। ভূমধ্যসাগর হইতে জলপথে এই নগর হইয়া অতলান্তিকে যাওয়া যায়।

**তুলো** ( Toulou ) : ফ্রান্সের প্রসিদ্ধ সুদৃঢ় নৌবন্দর ও পোতাশ্রয়। ভূমধ্যসাগর তীরে, মার্সাইলেস বন্দরের পূর্বে অবস্থিত। ২য় মহাযুদ্ধের সময় জারমানদের হস্তে ফরাসী নৌবাহিনী পড়িবার সম্ভাবনা হইলে, এই বন্দরে বহু যুদ্ধ জাহাজ ফরাসীরা ডুবাইয়া দেয়। ...জন ১·২৬ লক্ষ।

**তেক্কালি** (Tekkali) : অন্ধ্র ; শ্রীকাকুলম জেলার গ্রাম ; দ.-পূ.-রেলপথের নৌপদ (Naupada) জং (৪৩৭ মা) হইতে গুনপুর শাখা রেলপথের প্রথম স্টেশন (৫ মা)। নিকটে সমুদ্রতীরে লবণের কারখানা আছে। জন. ১০ হা.। স্টেট ব্যাংক। ..এখানে কতকগুলি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে।

**তেজগাঁও** (Tejgaon) : পূ পাক. ; ঢাকা জেলা ; সদর মহ.র থানা। আ ১০৮ ব মা। ...ঢাকার উত্তরে ৪ মা দূরে, ঢাকার বিমানবন্দর। এখানে এককালে পোর্তুগীজ, ফরাসী, দিনেমার ও ইংরেজের কুঠি ছিল। ... গবর্ণমেন্ট কৃষিক্ষেত্র আছে।

**তেজপুর** (Tezpur) : আসাম ; দরং জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র আ. ১,৫৩৪ ব মা ; জন. ৫,১১,৩৪০ ; ঘনতা ৩৩৩। মহকুমার অন্তর্গত ৫ থানা : সদর তেজপুর, সুতিয়া, বেহালী, ঢেকিয়াজুলি, গোহাপুর।...শহর (জন. ১৮,৮৮০) ব্রহ্মপুত্র নদীতীরে ; রংগিয়া-বালিপাড়া লাইনের রাঙাপাড়া জং হইতে তেজপুর শাখা রেলপথের শেষ স্টেশন। আমিনগাঁও হইতে স্টীমারে ১০০ মা। তেজপুরে বিমানবন্দর আছে ; বিমান পথে গৌহাটি হইতে ৮৬ মা ও কলিকাতা হইতে ৩৯৬ মা ; ৩ ঘণ্টার পথ। ...তেজপুরের নিকট বহু চা-বাগিচা আছে। শহর চা, কাষ্ঠ প্রভৃতি ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র। নদীপথে বাণিজ্যসম্ভার যাতায়াত করে বলিয়া তেজপুর একটি বড় বন্দর। স্টেট, ইউনাইটেড ব্যাংক ও স্থানীয় ব্যাংক আছে। ইন্টার. কলেজ ১৯৪৫-এ স্থাপিত হয়।

**তেতোয়ান** (Tetuan) : স্পেনীশ মরোক্কোর ভূমধ্যসাগর তীরস্থ বন্দর সিউটা (Ceuta) হইতে ৩০ মা। স্পেনীশ হাইকমিশনরের বাসস্থান। জন. ৭৩ হা.। ... ১৫ শতকে স্পেন হইতে বিতাড়িত মুরগণ কর্তৃক এই শহর স্থাপিত হয়।

**তেনকাশী** (Tenkashi) : মদ্রাজ , তিরুনেলবেলী জেলার

তালুক ও শহর। শহর ( জন. ৩১,২৭১ ) চিত্তার নদী-তীরে, মাদুরাই হইতে ৮৫ মা দ.-পশ্চিমে। বড় জংশন স্টেশন। তুটিকোরিন বন্দর হইতে তিরুনেলবেলী ( ৪৫ মা ) ও তেনকাশী ( ৪৫ মা ) হইয়া ঘাটপথ দিয়া রেলওয়ে কুইলন ( ৬৪ মা ) বন্দর ও তিরুবন্দরম ( ৪০ মা ) পর্যন্ত গিয়াছে ; এই পথে মান্নার উপসাগরের সহিত আরবসাগর যুক্ত হইয়াছে। এখান হইতে আর একটি রেল শাখা বিরুধনগর ( ৭৬ মা ) হইয়া মাদুরাই ( ২৭ মা )-এর সহিত যুক্ত। কয়েকটি ব্যাংক আছে।

**তেনালি** (Tenali) : অন্ধ্র ; গুনটুর জেলার তালুক ও শহর। ওয়ালটেয়ার-মদ্রাজ রেলপথের জং স্টেশন ( ২৩৭ মা ) ; বিজয়ওয়াড়া হইতে ২০ মা; গুনটুর হইতে তেনালি ( ১৬ মা) হইয়া রাপেলা ( ৩৭ মা ) পর্যন্ত রেলপথ গিয়াছে। জন. ৫৭,৫৮০। ব্যাংক : অন্ধ্র, স্টেট, ইন্ডিয়ান, বিজয় কমার্স, সমবায়। ৬ মা উত্তরে কৃষ্ণা নদীর জলসেচন খালের আরম্ভ স্থান।

**তেনাসেরিম** (Tenasserim) : বর্মার দক্ষিণতম বিভাগ। সালউইন, থাটন, আমহারস্ট, টাভয়, মারগুই—এই ৬টি জেলা লইয়া বিভাগ গঠিত। প্রধান শহর মৌলমেন। বিভাগটি সিয়ামের পর্বতমালা ও বঙ্গোপসাগরের মধ্যে অবস্থিত। আ. ৩৫,৭৮৮ ব মা ; জন. ১৬,৩৫,৫৬২ ('৪১)। ১ম বর্মা যুদ্ধের পর ( ১৮২৬ ) এই অঞ্চল ইংরেজের হাতে আসে।…তেনা. পর্বতমালায় মূল্যবান অরণ্য, টিন, টাংগস্টান আকর আছে।

**তেনী** (Teni) : মদ্রাজ রাজ্য ; মাদুরাই জেলার শহর ; নিকটে আলিনগরম। এলাইচ ও অন্যান্য মশলাপাতির বাজার ; পেরিয়াকুলমের ৭ মা দ.-পশ্চিমে। মাদুরাই-বোধিনায়ককানুর মিটার রেলপথের স্টেশন ( ৪৭ মা )। জন. ১৮,৪৮৫। ব্যাংক : সেন্ট্রাল, স্টেট, ইন্ডিয়ান।

**তেরখাদা** (Tarakhada) : পূ. পাক ; খুলনা জেলার সদর মহ.র থানা। আ. ৮৩ ব মা। গ্রাম, ডাকঘর।

**তেলঙ্গনা** (Telengana) : গোদাবরী ও কৃষ্ণা নদীর মধ্যবর্তী হায়দরাবাদ অন্তর্গত ভূখণ্ডের সাধারণ নাম। ভাষা তেলেগু। পণ্ডিতদের অনুমান ইহা প্রাচীন ত্রিকলিঙ্গ। এই লুপ্ত রাজ্যের রাজধানী ছিল কোনডাই বা গোলকোন্ডা। রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় (১৯৫৬) এই তেলঙ্গনা অংশ বৃহত্তর অন্ধ্ররাজ্য অন্তর্গত হইয়াছে।

**তেলপ্রোলু** (Telaprolu) : অন্ধ্র ; কৃষ্ণা জেলার শহর ; ওয়ালটেয়ার হইতে ১৯৬ মা ও বিজয়ওয়াড়ার ২১ মা উ.-পূর্বে। জন. ৯,৭০০। স্টেট ব্যাংক।

**তেলিচেরী** (Tellichery) : রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় ( ১৯৫৬ ) এই শহর এখন কেরল রাজ্য অন্তর্গত। পূর্বে ইহা মদ্রাজ রাজ্যের মালাবার জেলাভুক্ত ছিল। আরবসাগরতীরস্থ বন্দর ; মদ্রাজ-মঙ্গলুর রেলপথের স্টেশন ( ৩১৯ ) ; মঙ্গলুর হইতে ৯৫ মা দক্ষিণে। জন. ৪০ হা.। কফী, নারিকেলের দড়ি, মাদুর, গোলমরিচ চন্দন, চা, এলাইচ প্রভৃতি ব্যবসায়ের ও রপ্তানির কেন্দ্র।…ইংরেজ ঈ. ই. কোম্পানি ১৬৮৩ অব্দে এখানে কুঠি স্থাপন করে। স্টেট ব্যাংক ও দ. ভারতীয় কয়েকটি ব্যাংক আছে।

**তেলোক আনসন** (Telok Anson) : মালয় উপদ্বীপের পেরাক রাজ্যের শহর ইপোঃ হইতে ৪০ মা দক্ষিণে ও পেরাক নদীর উপর ; মালাক্কা উপসাগর হইতে ৩০ মা। রবার ও নারিকেলের চাষ বিখ্যাত। জন. ৩৩ হা. ( '৪৭ )। রবীন্দ্রনাথের 'যাত্রীতে' এই স্থানের কথা আছে।

**তেহট্ট, তেহাট্টা** (Tehatta) : নদীয়া জেলার সদর মহ.র থানা। জলঙ্গী নদী প্রবাহিত ; পূর্বদিকে পাকিস্তানের কুষ্টিয়া জেলা। থানার আ. ১৬৩ ব মা ; জন. ৯০,৪০২ ; ঘ. ৫৫৩। পার্টিশনের পূর্বে এই থানা মেহেরপুর মহ.র অন্তর্গত ছিল। গ্রাম জলঙ্গী নদীতীরে ; জন. ৪,৫৬৮।…কৃষ্ণনগর সদর হইতে মোটর পথে ২৭ মা ; বেথুয়াডহরী স্টেশন ( লালগোলাঘাট রেলপথে কলিকাতা হইতে ৭৯ মা ) হইতে ১৪ মা। ডাকঘর, ডিসপেন্সারি ; রেজি. অপিস, পাঠশালা। স্কুল অন্য মৌজায়।

**তেহেরান** (Teheran) : ইরানের রাজধানী ; কাস্পিয়ান হ্রদের দ. তীর হইতে ৭০ মা দক্ষিণে; পারস্য উপসাগর তীরস্থ বন্দরগুলির সহিত রেলপথদ্বারা যুক্ত ; রাজ্যের অন্যান্য অংশে এখান হইতে সড়ক আছে। নগরের

৩ ৪ মাইলের মধ্যে বিমানবন্দর। ...বহু শিল্পের কেন্দ্র। বিশ্ববিদ্যালয় (১৯৩৫), মসজিদ, যাদুঘর, গুলিস্তান বাগ প্রভৃতি দর্শনযোগ্য। ১৭৮৮ অব্দে শাহ আগা মহম্মদ তেহেরানে রাজধানী স্থাপন করেন। ১৯২৫-এর পর রেজাশাহ পহ্লবীর সময় হইতে নগরের আধুনিক রূপ গ্রহণ করে। ২য় মহাযুদ্ধের সময় রুশকে যুদ্ধের রসদ সরবরাহের জন্য পারস্য উপসাগর তীর হইতে তেহেরান হইয়া কাস্পিয়ান হ্রদের তীর পর্যন্ত রেলপথ নির্মিত হয়। ১৯৪১-এ এখানে সোবিয়েত ও ব্রিটিশ সৈন্য মোতায়েন হয়; ১৯৪৩-এ কনফারেন্স বসে।...জন. প্রায় ১০ লক্ষ। তেহেরানের মধ্যস্থলে গুলিস্তান বাগের রাজপ্রাসাদের দরবার গৃহে ময়ূর সিংহাসন রক্ষিত; ১৭৩৯-এ নাদির শাহ দিল্লী হইতে ইহা লুণ্ঠন করিয়া লইয়া গিয়াছিল।

**তোড়ি-ফতেপুর** (Tori-Fatehpur): পূর্বতন মধ্যভারতীয় বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। আ. ২৭ ব মা; জন. ৬,২৬৯ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৭০০০ টাকা ভাতা দেওয়া হয়।.. উত্তর প্রদেশের ঝাঁসি জেলার অন্তর্গত; গ্রাম ঝাঁসি হইতে ২৫ মা পূর্বে। প্রথমে ১৯৪৮-এ বিন্ধ্যপ্রদেশভুক্ত ও পরে ১৯৫০-এ উত্তরপ্রদেশভুক্ত হয়।

**তোবা তেগ সিংহ** (Toba Tek Singh): পাক. পঞ্জাব; লায়ালপুর জেলার তহশীল। শোরকোট-ওয়াজিরাবাদ রেলপথের স্টে. ১৯ মা। জন. ৬,৬৬৬।

**তোবা কাকর পর্বতমালা** (Toba Kakar Range): প. পাকিস্তান; বেলুচিস্তানের উ.-পূর্বে পর্বতমালা; দুইটি শিখর ১০ হা. ফুটের অধিক উচ্চ। খোজক গিরিপথের (৭,৪৫০ ফু.) মধ্যে সুরঙ্গ দিয়া রেলপথ চমন পর্যন্ত (৯মা) গিয়াছে। এই পর্বতে চুনাপাথর, ক্রোমাইট, আস্‌বেস্টস আকর আছে।

**তোমস্ক** (Tomsk): সোবিয়েত রুশের সাইবেরিয়া-তোমস্ক ওবলাস্ট-এর প্রধান শহর। তোমস্ক নদী ও ওব নদীর সঙ্গমের নিকট ও পার-সাইবেরিয়ান রেলপথের উত্তরে শাখা রেলদ্বারা তো. নগর যুক্ত। বহু শিল্পের, বিশ্ববিদ্যালয়ের (১৮৮৮) ও অন্যান্য বিদ্যাপ্রতিষ্ঠানের কেন্দ্র। ১৬০৪ অব্দে সাইবেরিয়ান বাণিজ্য পথের উপর এই শহরের পত্তন হয়। বর্তমানে কুজনেৎসক খনিজ মণ্ডলের সহিত যুক্ত।...জন. প্রায় ৫° লক্ষ। এখানে জানু. মাসে তাপমাত্রা-৩'৩°; গড় তাপ ৬৯°। ১২১ দিন গড়ে তুষারাবৃত।

**তোরসা নদী** (Torsa river): উত্তর বঙ্গের নদী; তিব্বতের হিমালয়ে উঠিয়া ভুটানের মধ্য দিয়া কোচবিহার শহরের পাশ দিয়া পূ.-দক্ষিণে গিয়াছে ও পাকিস্তানের ভিতর দিয়া ব্রহ্মপুত্র নদে পড়িয়াছে; দৈর্ঘ প্রায় ২০০ মা। নদীর উপবাংশের নাম চুমবি।

**তোসলী** (Tosali): অশোকের কলিঙ্গ শিলালেখে তোসলীর উল্লেখ আছে। এখানে অশোকের প্রতিনিধি-শাসক ছিলেন। ইহা ধৌলি (দ্র.) হইতে অভিন্ন বলিয়া মনে হয়। ওড়িশার রাজধানী ভুবনেশ্বরের নিকট শিশুপালগড় (দ্র.) প্রাচীন রাজধানী ছিল।

**ত্রাংকুএবার** (Tranquebar): মদ্রাজ; তাঞ্জোর জেলার শহর ও বঙ্গোপসাগরের করমণ্ডল উপকূলস্থ বন্দর; মায়াপুরম্ হইতে রেলপথে ১৯ মা। এই বন্দর ১৬২০ হইতে ১৮৪৫ পর্যন্ত (১৮০১-১৪ বাদে) দিনেমারদের দখলে ছিল শেষ বৎসর ইংরেজরা ইহা ক্রয় করে। ১৭০৬-এ এখানে প্রথম প্রোটেস্টাণ্ট মিশন আসে। ...জন. ১১ হা.। ...তামিল নাম তরঙ্গমপড়ি।

**ত্রিআনন সন্ধি** (Treaty of Trianon): ১ম মহাযুদ্ধের পর হাংগেরির সহিত মিত্রশক্তির সন্ধি হয় (১৯২০, জুন ৪)। এই সন্ধিতে হাংগেরি অস্ট্রিয়া হইতে পৃথক হইল। কিন্তু হাংগেরির আয়তন বহুল পরিমাণে খর্বিত হয়। ৩০ লক্ষ মাজিয়ারকে (হাংগেরিয়ানকে) অন্য রাজ্যের অন্তর্গত এবং ১০ লক্ষ জারমান ও ইহুদী-সমেত ভূখণ্ড হাংগেরির অন্তর্গত করা হয়। ত্রিআনন প্যারিসের নিকটবর্তী ভার্সাই-এর একটি প্রাসাদের নাম; ১৬৮২-এ নির্মিত হইয়াছিল।

**ত্রিকলিঙ্গ** (Trikalinga): প্রাচীন কলিঙ্গ, তোসলি ও উৎকলের সাধারণ নাম। অন্যমতে উড্র, কোঙ্গোড ও কলিঙ্গ। উত্তরে গঙ্গা ও দক্ষিণে গোদাবরীর মধ্যস্থিত ভূভাগের সাধারণ নাম।

**ত্রিগর্ত** (Trigartta): প্রাচীন ভারতের রাজ্য। পঞ্জাবের

জলন্ধর জেলার অন্তর্গত দেশ, শতদ্রু ও ইরাবতীর মধ্যভাগে অবস্থিত। মহাভারতে এই দেশের নাম আছে। মধ্যযুগের নগরকোট বা ভীমনগর ত্রিগর্তের রাজধানী ছিল।

**ত্রিচুর** : দ্র. তিরুচুর।

**ত্রিনকোমলী** (Trincomalee) : সিংহলের পূর্ব প্রদেশের জেলা। আ. ১,০৪৮ ব মা; জন ৭৫,৯২৬; ঘনতা ৭২। জেলা বহু নদী ও জলাশয়পূর্ণ। ধান, নারিকেল ও তামাকের চাষ প্রধান। অধিবাসীদের মধ্যে হিন্দুর সংখ্যাই অধিক, তারপরেই মুসলমান। ... প্রাকৃতিক পরিবেশ ও স্বাভাবিক নৈরাপত্তার দিক হইতে ত্রিনকোমলী শহর পোতাশ্রয় বিখ্যাত। জন. ৩২,৫০৭। কোলোম্বো হইতে রেলপথে ১৮৪ মা.। অনুরাধাপুর হইতে মোটর পথে ৬৫ মা। ত্রিনকোমলী দূরপ্রাচ্যের গুরুত্বপূর্ণ বন্দর। প্রাচীনকালে তামিলরা এখানে উপনিবেশ গড়ে ও সহস্রস্তম্ভের শিবমন্দির নির্মাণ করে। ১৬২২ অব্দে পোর্তুগীজরা উহা ধ্বংস করে। পোর্তু., ওলন্দাজ, ফরাসী ও অবশেষে ইংরেজের আয়ত্তে পাকাপাকিভাবে আসে ১৮০২-এ। ২য় মহাযুদ্ধের সময় সিঙ্গাপুরের পতন হইলে ব্রিটিশ নৌবহরের কেন্দ্র হয় ত্রিনকোমলী।...সিংহল স্বাধীন হইবার পর পর্যন্ত এই বন্দরে ইংরেজ ও মার্কিনদের আধিপত্য ছিল। ১৯৫৬ হইতে এইসব অধিকার হইতে বিদেশীদের বঞ্চিত করিবার কথা উঠিয়াছে। ১৯৫৮-এর মধ্যে ব্রিটিশরা নৌবহর হটাইয়া লইবে স্থির হইয়াছে।

**ত্রিপুনিতুর** (Tripunithura) : তিরু-কোচীন ইউনিয়ন (বর্তমান কেরল) রাজ্যের শহর; কোচীন ও অরনকুলমের মধ্যে অবস্থিত। কোচীনের রাজাদের প্রাসাদ ও বাসস্থান ছিল। জন. প্রায় ৬ হা.। ৬টি ব্যাংক।

**ত্রিপুরা** (Tippera, Tripura) : পূব পাক.; চট্টগ্রাম বিভাগের জেলা। পূর্ব দিকে ত্রিপুরা রাজ্য (ভারত); উ.—ময়মনসিংহ ও সিলেট জেলা; প.—ঢাকা ও ফরিদপুর; দ.—নোয়াখালি। আ. ২,৫৩১ ব মা; জন. ৩৮,৬০,১৩৯। ৩টি মহকুমায় বিভক্ত : কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর। সদর শহর—কুমিল্লা। দেশ সমতল; নদীবহুল। ধান, সরিষা, ইক্ষু, তামাক, পান প্রভৃতি প্রধান কৃষিজাত ফসল। পাট প্রচুর চাষ হয়। চাঁদপুর, আখাউড়া পাটের ব্যবসায় ও বেলিং-এর কেন্দ্র। ব্রাহ্মণবাড়িয়াতে ফার্টিলাইজার, ও জেলার নানাস্থানে বহুপ্রকার শিল্প প্রতিষ্ঠান স্থাপনের আয়োজন হইতেছে। ত্রিপুরা জেলা পূর্বে ত্রিপুরা রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। ১৭৩৩-এ বাংলার নবাব সুজাউদ্দিন ত্রিপুরা আক্রমণ করেন ও রাজ্যের এই সমতল অংশ দখল করেন। তখন হইতে উহা সুবা বাংলার অন্তর্গত। ১৭৬৫ অব্দে ঈ. ই. কোম্পানি যখন বাংলা-বিহার-উড়িষ্যার দেওয়ানী লাভ করেন, তখন ত্রিপুরা-নোয়াখালিও সেই একই সঙ্গে পান। ১৭৮১ ত্রিপুরা ও নোয়াখালি পৃথক জেলা করা হয়। এই জেলা ত্রিপুরার মহারাজার জমিদারী ছিল।

**ত্রিপুরা রাজ্য** (Tippera) : সাধারণতঃ এই দেশকে স্বাধীন ত্রিপুরা ও ইংরেজিতে হিল টিপেরা বলা হইত। ত্রিপুরা প্রাচীন দেশ। বহু পূর্বকালে রাজারা ও অধিকাংশ লোকে বাংলা ভাষা, হিন্দুধর্ম ও সংস্কৃতি গ্রহণ করিয়া বাঙালীভাবাপন্ন হয়। ইহাদের রাজধানী ছিল উদয়পুর, সেখানে চতুর্দশ দেবতার সম্মুখে নরবলি হইত। রাজারা হিন্দুভাবাপন্ন হইয়া তাঁহাদের আদি পূর্বপুরুষকে মহাভারতের যযাতিপুত্র দ্রুহ্যের বংশধর বলিয়া সনাক্ত করেন ও সেই হইতে ১৮৫।৬ পুরুষের নাম ধারাবাহিকভাবে লিপিবদ্ধ পাওয়া যায়। 'রাজমালা' নামক গ্রন্থে এই রাজ্যের পৌরাণিক কাহিনী ও ইতিহাস পাওয়া যায়। পূর্বে ইহা টিপরা ভাষায় চলিত ছিল; ১৪৫৮ অব্দে মহারাজ ধর্মমাণিক্যের আদেশে ইহা সুভাষা অর্থাৎ বাংলায় রচিত হয়। ইহার কিয়দংশ মুদ্রিত হইয়াছে।...মুসলমানযুগে ত্রিপুরার সহিত নবাবদের কয়েকবার সংঘর্ষ হয়; কিন্তু তাহারা রাজ্য দখল করিতে পারে নাই। কালে পার্বত্য এলাকা হইতে ত্রিপুর সৈন্য সমতল দেশে অবতীর্ণ হয় এবং ত্রিপুরা জেলা, নোয়াখালি প্রভৃতি অধিকার করে। এই সময়ে চট্টগ্রামের পাঠান ফৌজদার পরাভূত হন। মুঘল সৈন্য দুইবার এদেশ আক্রমণ করিয়াছিল, কিন্তু অধিকার করিতে পারে

নাই। উত্তরকালে মুসলমানরা ত্রিপুরা রাজ্যের সমতল ভূমি (বর্তমান ত্রিপুরা ও নোয়াখালি জেলা) দখল করে; এই অংশই বাংলার দেওয়ানী পাইবার সময় ইংরেজ ঈ. ই. কোম্পানির হস্তগত হয়। অবশিষ্ট ত্রিপুরা স্বাধীনভাবেই থাকিয়া যায়।

ত্রিপুরা রাজার সহিত বৃটিশদের কোনো সন্ধি শর্তাদির চুক্তি হয় নাই। নূতন রাজা সিংহাসনে আরোহণের সময় ইংরেজকে নজর দিতেন; কারণ ত্রিপুরা জেলার তাঁহারা ছিলেন জমিদার বা রাজা; সেই সুত্রে ইংরেজ ত্রিপুরেশ্বরের রাজা।...পূর্বে এই রাজ্যে পোলিটিক্যাল এজেন্ট থাকিতেন; পরে ত্রিপুরার (কুমিল্লা) জেলা-ম্যাজিস্ট্রেটের পদের সঙ্গে মিলিত করিয়া দেওয়া হয়। ত্রিপুরার রাজপরিবারের অনেকে বাংলা ভাষা ও সাহিত্যের অনুরাগী; তাঁহাদের মধ্যে কবি, লেখক, সঙ্গীতকার, চিত্রশিল্পী বহু।

**ত্রিপুরা** (Tripura): ভারত স্বাধীনতা লাভ করিবার প্রায় দুই বৎসর পর (১৯৪৯, অক্টোবর ১৫) ত্রিপুরা ভারতভুক্ত হয়। এই রাজ্য ভারত সরকারের প্রত্যাক্ষাধীন; কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত একজন চীফ কমিশনার স্থানিক এক পরিষদের পরামর্শমত শাসন ব্যবস্থা করেন। ভারত সংবিধানের 'গ' শ্রেণীর রাজ্য। ...ত্রিপুরা রাজ্যে ১০টি বিভাগ: আগরতলা সদর, খোয়াই, কৈলাশহর, ধরমনগর, সোনামুড়া, উদয়পুর, বেলোনিয়া, সবরুম, কমলপুর ও অমরপুর। ...রাজ্যের আয়তন ৪০৩২ ব মা; জন. ৬,৩৯,০২৯। ঘনতা ১৫৮। স্বাক্ষর জন ১৫.৫%। হিন্দু ৪,৮০,৬৬২, মুসলমান ১,৩৬, ৯৪০; খ্রীষ্টান ৫,২৬২। এই রাজ্য উত্তর, পশ্চিম, দক্ষিণ, পূর্ব চতুর্দিক হইতে পূর্বপাকিস্তানের দ্বারা বেষ্টিত। কেবলমাত্র উ.-পূর্ব দিকে আসামের কাছাড় ও লুসাই পাহাড়। চতুর্দিকস্থ পাকিস্তান সীমানা ৭২০ মা, আসামের ১৮০ মা.; তবে আসামের দিকে পাহাড়ই বেশী, পথ দুর্গম।...ভারত বিভাগের পর বহু হিন্দু উদ্‌বাস্তু এই রাজ্যে প্রবেশ করিয়াছে (১, ৩০, ২৫১)। রাজ্যের রাজধানী আগরতলা বিমানপথে কলিকাতার সহিত যুক্ত (১১৬ মা)। বিমানে ১ ঘ. ২০ মি. সময় লাগে। রাজ্য মধ্যে আগরতলা ছাড়া কমলপুর, কৈলাশহর ও খোয়াই-এ বিমান• বন্দর আছে। পূ. পাকিস্তানের মধ্য দিয়া কোন পথ নাই; আসাম হইতে আগরতলা পর্যন্ত মোটরপথ নির্মিত হইয়াছে। দেশ বনজ ও খনিজ সম্পদে পূর্ণ। কৃষি প্রধান উপজীবিকা। প্রধান উৎপন্ন ধান, চা, পাট, তুলা, তৈলবীজ ইত্যাদি। চাকমা, রিআং, টিপরা, কুকি, মগ প্রভৃতি নানা উপজাতির বাস।

**ত্রিপুরী** (Tripuri): মধ্যপ্রদেশ; জবলপুরের নিকটস্থ গ্রাম; ১৯৩৯-এ এখানে কন্‌গ্রেস অধিবেশন হয়। সুভাষচন্দ্র বসু সভাপতি ছিলেন।

**ত্রিবন্দরম** (Trivandrum): দ্র. তিরুবন্দরম।

**ত্রিবঙ্কুর** (Travancore): দ্র. তিরুবঙ্কুর।

**ত্রিবেণী** (Triveni): হুগলী জেলার গঙ্গাতীরস্থ হিন্দুতীর্থ ও শহর; বানডেল-বারহারোয়া লাইনে কলিকাতা হইতে ৩০ মা। ত্রিবেণী-মগরা হইয়া ছোট লাইন তারকেশ্বর পর্যন্ত গিয়াছে। ১২৯৫-এ তুর্কীরা জাফর খাঁর নেতৃত্বে বাঙলার সপ্তগ্রাম জয় ও ত্রিবেণীতে একটি মসজিদ নির্মাণ করেন। তাহা এখনো আছে। এখান হইতে ভাগীরথী দক্ষিণে, সরস্বতী পশ্চিমে এবং যমুনা বা কাঁচড়াপাড়া খাল পূর্বদিকে গিয়াছে বলিয়া ত্রিবেণীর অপর নাম মুক্তবেণী। প্রয়াগে গঙ্গা, যমুনা, সরস্বতী মিলিত হইয়াছে, উহার নাম যুক্তবেণী।

**ত্রিয়েস্ত, ট্রিস্‌ট্** (Trieste): ইতালী ও যুগোস্লাভিয়ার মধ্যবর্তী আদ্রিয়াতিক সাগরতীরের অঞ্চল। আ. ২৯৩ ব মা; জন. ৩,৪৫,০০০ ('৪৯)। ইতালীয় ৮৫%, স্লোভেন (Slovene) ও ক্রোআট (Croat) ১০%। ইহার প্রধান বন্দর ও শহর ত্রিয়েস্ত। ১৩৮২ হইতে ১ম মহাযুদ্ধ পর্যন্ত এই বন্দর অস্‌ট্রিয়ার অন্তর্ভুক্ত ছিল। ইহাই ছিল অ.র একমাত্র বন্দর। যুদ্ধান্তে রাপালোর (Rapallo) সন্ধি (২০ নবেম্বর, ১৯২০) অনুসারে এই স্থান ইতালীর ভাগে পড়ে। ২য় মহাযুদ্ধে জারমানির পরাজয়ের পর (১৯৪৫ মে) যুগোস্লাভের সৈন্যদল এতদঞ্চল দখল করে। এই অশান্তি দূর করিবার জন্য মিত্রশক্তির তত্ত্বাবধানে এই স্থানটি দেওয়া হয়। যুগোস্লাভ অধিকৃত অংশের

আ. ২০২ ব মা; ইতালীর অংশের আ. ৯১ ব মা মিত্রশক্তির অধীনে থাকে। রাষ্ট্রসংঘ (U. N.)-র অধীনে ফ্রী টেরিটোরী গঠন করিবার পরিকল্পনা কার্যকরী হয় নাই। ১৯৫৪-এ ত্রিয়েস্ত বিভক্ত করিয়া যুগো. ও ইতালীকে খুশী করার চেষ্টা হইয়াছিল। কিন্তু ইতালী এই বিভাগে খুশী নয়।

**ত্রিশাল** (Trisal): পূ. পাক.; ময়মনসিংহ জেলার সদর মহ.র থানা। আ. ৯২ ব মা। ময়মনসিংহ শহরের দক্ষিণে গ্রাম, ও ডাকঘর।

**ত্রিশূল** (Trisul): উত্তর প্রদেশ; গঢ়বাল জেলার হিমালয় পর্বতের গিরিশিখর (২৩,৩৬০ ফুট)। ইহা নন্দাদেবী পর্বতের ১১ মা দ.-পশ্চিমে।...নেপালের এক নদীর নাম ত্রিশূলগঙ্গা বা ত্রিশূলী (১৫০ মা); ইহা কালী গণ্ডকী ও পরে গণ্ডক নদী নামে পরিচিত।

**ত্রিষষ্ঠীগড়** (Trisasthigarh): মধ্যযুগের ধর্মমঙ্গল কাব্য সাহিত্যে বর্ণিত নগর বা গড়। কর্ণসেন রাজাকে ইছাই ঘোষ পরাজিত করিয়া এখানে দেউল নির্মাণ করেন; ইহার অপর নাম ঢেকুর; কেন্দুলির নিকটবর্তী অজয়নদের অপর পারে (বর্ধমান জেলায়) অরণ্যমধ্যে ঢেকুরের ধ্বংসাবশেষ দেখা যায়।

**ত্রিস্তান দ কুনহা** (Tristan da Cunha): অতলান্তিক মহাসাগরে ব্রিটিশ অধিকৃত দ্বীপপুঞ্জ; কেপটাউন (দ. আফ্রিকা) ও দ. আমেরিকার মধ্যপথে। ঐ নামে পোর্তুগীজ নাবিক কর্তৃক আবিষ্কৃত (১৫০৬)। ১৮১৬-এ ব্রিটিশ অধিকারে আসে। আ. ৪৫ ব মা; জন. ২৭৬ ('৫২)। রাজধানী এডিনবুর্গ (Edinburg); ইহা বন্দর। ১৯৪২ হইতে গুরুত্বপূর্ণ আবহপরীক্ষণকেন্দ্র ও রেডিও স্টেশন কেন্দ্র।

**ত্রেঙগানু** (Trengganu): মালয় ফেডারেশনের অন্তর্গত সুলতান-শাসিত রাজ্য। মালয় উপদ্বীপের পূর্ব-উপকূলে কেলান্তন ও পাহাঙ রাজ্যের মধ্যে অবস্থিত। আ. ৫,০৫০ ব মা; জন. ২,৪৬,২০০ ('৫২)। রাজধানী কু-আলা-ত্রেঙগানু (জন. ৩০,০০০)। রাজ্যের পশ্চিমাংশ পার্বত্য; পূর্বাংশ নদীধৌত ও বসতিপূর্ণ। রপ্তানি: রবার, মাছ, নারিকেল। খনিজ দ্রব্য: ম্যাঙ্গানিজ।

**থর** (Thar desert): পশ্চিম ভারতে সিন্ধু ও শতদ্রুর অববাহিকার দক্ষিণে ও আরাবল্লী পর্বতের পূর্ব পর্যন্ত মরু-সদৃশ ভূভাগকে 'থর' বলা হয়। মোটামুটি প্রায় ৯ লক্ষ ব মা স্থান প্রায় বারিহীন মরুভূমি। বারিপাত ১০ ইঞ্চিরও কম এবং তৃণ ও গুল্ম ব্যতীত বৃক্ষ না-থাকার মধ্যে। বিকানীর ও জোধপুর (ভারতে) এবং বহবলপুর, খয়েরপুর ও থর-পারকার (পাকিস্তানে) এই থর মণ্ডলে অবস্থিত।

**থর-পারকার** (Thar-Parkar): পশ্চিম পাকিস্তান; সিন্ধুপ্রদেশের জেলা। জেলার এক অংশ শুষ্ক, অন্যাংশ উর্বর সমভূমি। উ.—খয়েরপুর; পূ.—জোধপুর (রাজস্থান); প.—হায়দরাবাদ জেলা; দ.—কচ্ছ। আ. ১৩,৬৪৯ ব মা; জন. ৭,৩৪,০০০। সদর শহর, উমরকোট। জেলার মরুসীমান্তে জমা লবণ আছে।

**থল** (Thal): পাক. পঞ্জাবের সিন্ধু-ঝিলামের মধ্যবর্তী সিন্ধু-সাগর দোয়াবের অনাবাদী মরুসদৃশ ভূখণ্ড। বিচ্ছিন্নস্থানে পশুচর ভূমিতে মেষ ও উট-পালকদের বাস। সিন্ধুনদ হইতে খাল কাটাইয়া এই অঞ্চল বাসোপযোগী করায় চেষ্টা চলিতেছে। এই স্থানটি প্রায় ১৭০ মা লম্বা ও ৬০ মা প্রস্থ।

**থাইলন্ড** (Thailand; Muang Thai): দেশীয় সরকারী নাম থাই [প্রদেশ থাই] বা মুআঙ থাই। পূর্ব নাম সিয়াম (Siam)। দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ। উ.-প. ও প.—বর্মা; উ.-পূর্বে ও পূর্বে ইন্দোচীন ও দ.—মালয় ফেডারেশন। আ. ২,০০,১৪৮ ব মা। জন. ১.৯৯ কোটি। থাই ৯০%; চীনা ৩.৪%; ভারতীয় ও মালায় ৩.৪%। ভাষা—থাই, চীনা। ধর্ম: বৌদ্ধ ৮৯%; খ্রীষ্টান ৭%; ও ইসলাম ৪%। দেশের উত্তর-পশ্চিমভাগ পার্বত্য; দক্ষিণ ও পূর্বভাগ ঢালু ও নদী-ধৌত। মেনাম ও মেকং নদীদ্বয় বাহিত পলিমাটি গঠিত সমতলভূমিতে প্রচুর ধান্য ও নারিকেল জন্মে। উত্তরে সেগুন কাষ্ঠ ও মশলা প্রভৃতি; দক্ষিণে টিন খনি।...অতি প্রাচীনকালে মেনাম নদী-তীরে মনখ্মের জাতির বহু জ্ঞাতি শাখা বাস করিত। ৭-৮ শতকে থাইরা নদী বাহিয়া উত্তর হইতে নামিতে থাকে ও মনখ্মের জাতির সহিত মিশিয়া যায়।

লোপপুরী নামক স্থানে রাজ্যকেন্দ্র হয় ও এইখান হইতে থাইদের বা 'সিয়াম' দেশের ইতিহাসের সূত্রপাত। কিন্তু কম্বোজ ও বর্মার আক্রমণের ফলে বহুকাল সিয়াম উৎপীড়িত হইতে থাকে। ইতিমধ্যে মংগোলদের আক্রমণের ফলে ১৩ শতকে উত্তর হইতে থাইদের নূতন শাখা সিয়ামে প্রবেশ করে; ফলে লোপপুরী ধ্বংস হয়। তখন অযুথিয়া [ অযোধ্যা ] নামে নূতন রাজধানী গঠিত হয়। নূতন রাজবংশ মালয় উপদ্বীপ ও মেকাঙ নদীতীর পর্যন্ত রাজ্য বিস্তার করে। চীন-সম্রাটরা সিয়ামকে কোনোদিন আক্রমণ করে নাই; কিন্তু বরাবর সিয়াম চীন-সম্রাটকে রাজচক্রবর্তী রূপে কর দিত।

১৫১১-অব্দে পোর্তুগীজরা সর্বপ্রথম সিয়ামের সহিত বাণিজ্য করিতে আসে। ষোড়শ শতকের মধ্যভাগে কয়েক বৎসর বর্মা ইহার উপর প্রভুত্ব করে। ১৬১০-এ ইংরেজ-বণিকরা প্রথম আসে। ১৬৮০- সিয়াম-রাজ ফ্রান্সের ১৪শ লুই-এর দরবারে রাজদূত প্রেরণ করেন। ১৬৮৮ ইংরেজরা আযুথিয়া হইতে বাণিজ্যকেন্দ্র উঠাইয়া লইয়া যায়। ইতিমধ্যে বর্মীরা অত্যন্ত প্রবল হইয়া উঠে ও ১৭৬৭ অব্দে তাহারা আযুথিয়া ধ্বংস করিয়া দেয়। তখন সিয়ামীরা ব্যাংকক-এ নূতন রাজধানী নির্মাণ করে। ১ম বর্মাযুদ্ধের পর ১৮২৬-এ গ্রেটব্রিটেনের সহিত ও ১৮৩৬-এ মার্কিন যুক্তরাষ্ট্রর সহিত সিয়াম-রাজ মিত্রতার সন্ধি করেন।

১৯৩২-এ দেশমধ্যে বিদ্রোহ দেখা দেয় ও ফলে রাজতন্ত্র কিছু পরিমাণে খর্বিত হয়। ঐ বৎসর সাধারণ নির্বাচন হয় ও নূতন সংবিধান রচিত হয়। ইহার ফলে রাজা ব্যবস্থাপক সভা ও মন্ত্রিসভার পরামর্শে শাসন কার্য করিতে বাধ্য হইলেন। ১৯৩৫-এ বিদ্রোহীরা রাজাকে সিংহাসনচ্যুত করিয়া রাজার পুত্র আনন্দ মহিদলকে রাজা করে।

২য় মহাযুদ্ধের সময়, ১৯৪১-এ, কয়েক ঘণ্টার প্রয়াসের ফলে জাপান এই দেশ অধিকার করে। এই অধিকার কালে পিবুল সংগ্রামের নেতৃত্বে মন্ত্রিসভা গঠিত হয়। জাপান পরাজিত হইলে ১৯৪৫-এ সিয়াম ইংরেজ ও মার্কিন যুক্তরাষ্ট্রের সহিত যুদ্ধকালীন শত্রুতা পরিহার করে। ভারত ও ইংরেজদের সঙ্গে জানু. '৪৬-এ এক চুক্তি স্বাক্ষরিত হয়। ফরাসীদের সহিত সিয়ামের এক চুক্তির ফলে সিয়ামভুক্ত সীমান্তবর্তী ইন্দোচীনের এক অঞ্চল ইন্দোচীন ফিরিয়া পায়। ২য় মহাযুদ্ধের সময় সিয়াম থাইলন্ড নামে পরিচিত হয়। ১৯৪৯-এ সরকারী ঘোষণার দ্বারা জাতি ও ভাষার নাম থাই ও দেশের নাম প্রদেশ থাই বা মুআঙ থাই হয় ও 'সিয়াম' নাম লুপ্ত হয়।

১৯৫২-এ নূতন সংবিধান গৃহীত হওয়ার ফলে শাসনব্যবস্থার কিছু অদলবদল হইয়াছে। আইনসভায় ২৪৬ জন সদস্য। ইহার অর্ধেক রাজা কর্তৃক মনোনীত, অর্ধেক নির্বাচিত।

দেশে প্রাথমিক শিক্ষা আবশ্যিক ও অবৈতনিক। ৫টি মহাবিদ্যালয় আছে। অধিবাসীরা বৌদ্ধ; তাহাদের লিপিতে পালিত্রিপিটক মুদ্রিত হইয়াছে। থাই ভাষা ও লিপিতে বহু গ্রন্থ লিখিত ও মুদ্রিত হইতেছে। প্রধান শহর ও রাজধানী: ব্যাংকক।

**থাজি** ( Thazi ): বর্মা; মিক্তিলা ( Meiktila ) জেলার শহর, রেঙ্গুন-মান্দালয় রেলপথের স্টেশন ও বড় জংশন ( ৩০৬ মা )। এখান হইতে একটি শাখা উ.-পশ্চিমে ইরাবতী তীরস্থ মিঙয়ান (Myingyan)-পর্যন্ত (৭০ মা), আর একটি রেলশাখা শান স্টেটের মধ্যে শোয়েনয়াঙ ( Shwenyaung ) পর্যন্ত ( ৯৮ মা ) গিয়াছে।

**থাটন** ( Thaton ): বর্মা; তেনাসেরিম বিভাগের জেলা; উ.—সালউইন জেলা; পূ. – থাইলন্ড; দ.—আমহার্স্ট জেলা; প.—মার্তাবান উপসাগর। সালউইন নদী প্রবাহিত। পূর্বদিকে পাহাড়। বৃষ্টি ২১৮"। টাংস্টান খনি। আ. ৪,৮৭২ ব মা; জন. ৫, ৯২, ৬৩৮ ('৪১)। থাটন শহর (জন ১৬, ৮৫১), পেগু-মার্তাবান রেলপথের স্টেশন ( ৩৫ মা ); রেঙ্গুন হইতে ১৩৪ মা। ইহা মঙ নামে জাতির রাজধানী ছিল; ১১ শতকে বর্মীরা অধিকার করে।

**থানা** ( Thana ): মারাঠি ঠাণে। বোম্বাই রাজ্যের জেলা; পশ্চিমে—আরবসাগর, পূর্বে—পূর্বঘাট পর্বতমালা। পার্বত্য নদী বহু। এই অঞ্চলে উৎকৃষ্ট ধান্য

ও নানাবিধ ফসল উৎপন্ন ও সমুদ্রতীরে লবণ প্রস্তুত হয়। জেলার আ. ৩,৮৩৪ ব মা ; জন ১৫,১৮, ৫০৫। হিন্দু ৬৪ শতাংশ, উপজাতি ২৯। ১৯৪৯-এ জওহর করদ রাজ্য ইহার অন্তর্গত করা হয়।...থানা, কল্যাণ ও ভিওয়ান্ডি প্রধান শহর। জেলায় ১৩ তালুক। কল্যাণ বৃহত্তম শহর। থানা শহর ( জন. ৫০,১৫৫) রেলপথে বোম্বাই-এর ২১ মা উ.-পূবে। ব্যবসায়ের ও বিবিধ শিল্পের কেন্দ্র ও বন্দর। ব্যাংক : মহারাষ্ট্র, স্টেট, জোধপুর কমার্স।

**থানেশ্বর** ( Thanesvar ) : পূর্বপঞ্জাব ; করনল জেলার শহর ; কুরুক্ষেত্র জং ( দিল্লী ৯৭ মা ) হইতে নরও-য়ানার পথে ২ মা। জন. ৬,৫৭৪। কুরুক্ষেত্রের অন্তর্গত স্থান বলিয়া হিন্দুদের নিকট পবিত্র। এখানে একটি দীর্ঘ সরোবর আছে ; গ্রহণের সময় লোকে স্নানের জন্য আসে ; লোকবিশ্বাস সকল তীর্থস্নানের ফল এখানে স্নান করিলেই হয়। ৭ম শতকে পুষ্যভূতি রাজবংশের ( হর্ষবর্ধনাদি ) রাজধানী।

**থায়েৎমিও** ( Thayetmyo ) : বর্মা ; মাগওয়ে বিভাগের জেলা। পশ্চিমে আরাকান পর্বতমালা। বৃষ্টি ৭৪"। ইরাবতী নদী জেলাকে দ্বিখণ্ডিত করিয়াছে। আ. ৪,৭৫০ ব মা। জেলায় সরকারী বনভূমি বিস্তর। তুলা, তামাক কৃষিজাত উৎপন্ন। প্রধান শহর থায়েৎ-মিও ইরাবতী নদীতীরে। জন. ৯,২৭১। প্রোম পর্যন্ত রেলে গিয়া স্টীমারে ৪২ মা।

**থারওয়াডি** ( Tharrawaddy ) : বর্মা ; পেগু বিভাগের জেলা। আ. ২,৭৮৪ ব মা। জন. ৫·৯৪ লক্ষ। ইরাবতী নদী ও পেগুয়োম-এর মধ্যে এই জেলা। সমতলভূমে প্রচুর ধান্য ; পাহাড় অঞ্চলে মূল্যবান সেগুনাদি বৃক্ষের অরণ্য। শহর (জন. ৭,১৩১) রেঙ্গুন-প্রোম রেলপথের স্টেশন (৬৯ মা)।...অনুমান করা হয় থা. শব্দ ভারতীয় তারাবতী শব্দের বিকৃত রূপ।

**থারড** ( Tharad ) : পূর্বতন পশ্চিম ভারত স্টেট এজেন্সির করদরাজ্য। আ. ১২৬ ব মা ; জন. ৬২,১৫৭ ( '৪১ )। বর্তমানে বোম্বাই রাজ্যের বনসকণ্ঠ জেলার তালুক ; আ. ৪৮১ ব মা ; জন. ৬৬, ৩৭১ ( '৫১ ) ; ঘনতা ১৫৮। থারড ক্ষুদ্র শহর ; জন. ৬,৫৮৪। পালনপুর হইতে ৫৫ মা উ.-পশ্চিমে অবস্থিত।

**থারোয়াচ** ( Tharoach ) : দ্র. তারোচ।

**থার্মোপলী** ( Thermopylae=Hot spring ) : গ্রীসের উত্তরাংশের পূর্বদিকে একটি গিরিসংকট ; ইহার একদিকে সমুদ্র ও অন্যদিকে পর্বত। পারস্য সম্রাট জারাকসেস-এর গতিরোধ করিতে গিয়া স্পার্টার রাজা লিওনিডাস মৃত্যুমুখে পতিত হন ( খ্রী: পূ: ৪৮০ )।

**থাল** ( Thal ) : পশ্চম পাক. ; উ.-প.-সীমান্ত প্রদেশের কোহাট জেলার শহর, কুরাম নদীতীরে ; কোহাট হইতে ছোট রেলের শেষ স্টেশন ৬২ মা। এই অঞ্চলে ওরাকজাই আফ্রিদিদের বাস ; ইহাদের বিরুদ্ধে ব্রিটিশ আমলে দুইবার অভিযান প্রেরিত হয় (১৮৮৯, ১৮৯২)। আফগান বাণিজ্যের নিয়ন্ত্রণ ঘাঁটি।

**থীব্‌স** (Thebes) : (১) প্রাচীন মিশরের দক্ষিণ-সাম্রাজ্যের রাজধানী , কাইরো হইতে ৪৫০ মা দক্ষিণে। বহু প্রাচীন কীর্তির ধ্বংসাবশেষ রহিয়াছে। লকসর, করনাকের মন্দির, রামসেসের মর্তি প্রভৃতি প্রসিদ্ধ কীর্তি এখনো বিদ্যমান।

(২) প্রাচীন গ্রীসের একটি নগর। বর্তমানে এই শহর আথেন্স হইতে ৩০ মা উ.-পশ্চিমে রেল স্টেশন। জন. ১২,৪২৮।

**থুরিঙ্গিয়া** (Thuringia) : জারমানির প্রাক্তন প্রদেশ ; বাভেরিয়া উত্তরে। ১৯৪৫-এ জারমান ডিমোক্রেটিক রিপাবলিকের অন্তর্ভুক্ত হয়। ১৯৫২-এ এই প্রদেশ ভাঙিয়া দিয়া এরফুর্ট ( Erfurt ), সুল ( Suhl ), গেরা (Gera) জেলাত্রয়ের মধ্যে ভাগ করিয়া দেওয়া হইয়াছে। এখন থু. নামে কোনো প্রদেশ নাই।.. প্রথম মহাযুদ্ধের পর ১৯১৯-এ সাতটি ক্ষুদ্র স্টেট লইয়া থু. প্রদেশ গঠিত হইয়াছিল। আ. ৬,০২২ ব মা ; জন. ২৯·২৮ লক্ষ ('৪৬)। এই প্রদেশ মধ্যে হ্বাইমার (Weimar), জেনা ( Jena ), ম্যুল হাউসেন প্রভৃতি বড় বড় শহর অবস্থিত।

**থোলোবানা** (Tholobana) : প্‌টলেমি উল্লিখিত স্থান। ভারতে মধ্যপ্রদেশের বাঘরিবাঁধকে (দ্র.) সনাক্ত করা হয়। ( দ্র. সিহোরা )।

**থ্রেস** (Thrace) : গ্রীসের প্রদেশ ; প্রাচীন কালে

দানিয়ুব নদীর দক্ষিণ হইতে কৃষ্ণসাগর তীর পর্যন্ত ভূভাগকে থ্রেনিয়া বলিত। এখানে দুর্ধর্ষ গ্রীক উপজাতিদের বাস ছিল। আধুনিক কালে বহু যুদ্ধ ও অশান্তির কেন্দ্র। পূর্বাংশ তুর্কীর ভাগে পড়িয়াছে।

**দক্ষিণ আফ্রিকা ইউনিয়ন** (Unie van Suid Afrika : Union of South Africa) **:** আফ্রিকার দক্ষিণতম রাজ্য। উত্তরে দ.-প. আফ্রিকা, বেচুয়ানালন্ড ও দ. রোডেশিয়া, উ.-পূর্বে মোজাম্বিক ; দ.-পূ.—ভারত মহাসাগর ; প.—অতলান্তিক মহাসাগর। আ. ৪,৭২, ১৩৩ ব মা ; জন. ১,২৬,৪৬,৩৭৫ ('৫১) ; তন্মধ্যে শ্বেতাঙ্গ : ২৬,৪৩,১৮৭ ; অশ্বেতাঙ্গ : ১,০০,০৩,১৮৯। শাসনকেন্দ্র প্রিটোরিয়া। কিন্তু আইনসভা কেপটাউনে। দেশ ৪টি প্রদেশে বিভক্ত : কেপ-অব-গুড্‌হোপ, নাটাল, ট্রান্‌স্‌ভাল, অরেন্‌জ ফ্রী স্টেট। এছাড়া একটি টেরিটোরি : দক্ষিণ-পশ্চিম আফ্রিকা (দ্র.)। ...ব্রিটিশ পার্লামেন্টে গৃহীত ( ২০ সেপ্ট., ১৯০৯ ) এক আইনের বলে কেপ-অব-গুড্‌হোপ, নাটাল, ট্রান্‌স্‌ভাল ও অরেন্‌জ রিভার কলোনি—এই চারটি উপনিবেশকে একত্র করিয়া দ. আফ্রিকা ইউনিয়ন গঠিত হয় (১৯১০)। এই ইউনিয়ন ব্রিটিশরাজকর্তৃক নিযুক্ত গভর্নর-জেনারেল দ্বারা শাসিত। দুই কামরার পার্লামেন্ট। সিনেটের ৪৮ সদস্য ১০ বৎসরের জন্য নির্বাচিত ; হাউস অব এসেম্‌ব্‌লিতে ১৫৯ সদস্য, ৫ বৎসরের জন্য নির্বাচিত।

২য় মহাযুদ্ধে দ. আফ্রিকা ইউ. মিত্রপক্ষকে নানাভাবে নানা স্থানে সহায়তা করে। যুদ্ধান্তে স্মাটস (Smuts)-এর ইউনাইটেড দল পরাভূত হয় ও জাতীয়তাবাদী আফ্রিকানা দল জয়ী হয়। ইহারা দেশকে শ্বেতাঙ্গ-বাসিন্দার জন্য একচেটিয়া রাখিবার পক্ষপাতী। প্রধানমন্ত্রী মালান ও তাঁহার পরবর্তী স্ট্রিমন (Strymon ; ১৯৫৪) আদিবাসিন্দা ও ভারতীয়দিগকে কোনোপ্রকার নাগরিক অধিকার বা সমতা দানের বিরোধী।...ইউনিয়ন স্বায়ত্তশাসনমূলক ডোমিনিয়ন, নামেমাত্র ব্রিটিশ কমনওএল্‌থ-এর সহিত যুক্ত। আইন-রচনায় অশ্বেতাঙ্গদের কোনো অধিকার নাই। বর্ণবিদ্বেষমূলক আইন গৃহীত হইয়াছে। এই বিষয়ে রাষ্ট্রসংঘের নিকট অভিযোগ গিয়াছে। কিন্তু রাষ্ট্রসংঘের উপদেশ বা নির্দেশ মতো ইহারা চলিবে বলিয়া মনে হইতেছে না।

রাষ্ট্রভাষা ইংরেজি ও আফ্রিকান্‌স। আফ্রিকান্‌স ভাষা ডাচ, পোতুর্গীজ ও আদিম ভাষা-মিশ্রিত এক উপভাষা। রাজ্যের রাস্তাঘাট উন্নত। ১ লক্ষ মাইল মোটরপথ ও ১৩,৯৩১ মা রেলপথ আছে। উৎপন্ন দ্রব্য : ভুট্টা, গম, তামাক, চিনি। দক্ষিণ ট্রান্‌স্‌ভাল প্রধানত শিল্প-এলাকা। প্রধান রপ্তানি : স্বর্ণ, পশম, হীরক, কয়লা, ম্যাংগানিজ, লৌহচুর, ক্রোমাইট, তাম্র ইত্যাদি। দ্র. কেপ কলোনি ; নাটাল ; অরেন্‌জ ফ্রী স্টেট ; ট্রান্‌স্‌ভাল।

**দক্ষিণ আফ্রিকা ( ব্রিটিশ ) :** দ্র. ব্রিটিশ দ. আফ্রিকা।

**দক্ষিণ-পশ্চিম আফ্রিকা** (S. W. Africa) **:** আফ্রিকার দক্ষিণ-পশ্চিমের দেশ। উ.—আংগোলা ; দ.—দক্ষিণ আফ্রিকা ইউনিয়ন ; পূ.—বেচুয়ানালন্ড ; প.—অতলান্তিক মহাসাগর। আ. ৩,১৭,৭২৫ ব মা ; জন. ৪,০৭,৫৩৮ ('৫১) ; ইহার মধ্যে মাত্র ৪৮,৫৪৮ শ্বেতাঙ্গ। দেশীয় অধিবাসীরা হোটেনটো, বুশমান প্রভৃতি। রাজধানী উইনডহোক (Windhoek) ; ইহা দেশের অভ্যন্তরে অবস্থিত। বন্দর : ওআলভিস-বে ( Walvis Bay ) ও লুডেরিৎজ ( Luderitz )। এই দেশ পূর্বে জারমানির কলোনি ছিল ( ১৮৮৪-১৯১৪ )। ১ম মহাযুদ্ধের সময় ১৯১৫-এ দ. আফ্রিকা ইউনিয়ন ইহা দখল করে। লীগ-অব-নেশনস-এর নির্দেশে ইহা দ. আফ্রিকা ইউনিয়নের তত্ত্বাবধানে দেওয়া হয় (১৯২০)। বর্তমানে ইহা টেরিটোরি এবং দ. আফ্রিকা ইউনিয়ন-ভুক্ত। টেরিটোরি হইতে ইউনিয়ন সিনেটে ৪ জন ও হাউস-অব-এসেম্‌ব্‌লিতে ৬ জন সদস্য যায়। এডমিনিস্ট্রেটর ইউনিয়ন কর্তৃক নিযুক্ত হয়। ..গো-মহিষাদির চামড়া, মাখন, গম, হীরক, সীসা, টিন, লৌহ প্রভৃতি খনিজ দ্রব্য রপ্তানি হয়।

যুক্তরাষ্ট্রসংসদের মতে দ. আফ্রিকা এখনো আন্তর্জাতিক ম্যানডেট শাসনাধীন ; এবং দ. আ. ইউনিয়ন উহার তদারককারী হিসাবে সংসদের নিকট

- এই টেরিটোরি সম্বন্ধে রিপোর্ট প্রভৃতি পেশ করিতে বাধ্য। কিন্তু দ. আ. ই. মনে করে ঐ দেশ তাহাদের অন্তর্গত টেরিটোরী এবং যুক্তরাষ্ট্রসংসদ অথবা ব্রিটিশ কমনওয়েলথের পক্ষ হইতে কাহারও কোনো কথা বলিবার অধিকার নাই।

**দক্ষিণ বারাসত** ( Dakshin Barasat ): ২৪ পরগনা জেলা; সদর আলিপুর মহকুমা, জয়নগর থানার গ্রাম। জনপ্রবাদ শ্রীমন্ত সদাগর এখানে একশত বার শিবের পুজা করেন। 'আন্ডমহেশ' নামে শিবলিঙ্গ এই স্থানের বিখ্যাত দেবস্থান; শিবরাত্রির সময়ে মেলা হয়। কলিকাতার শিয়ালদহ-লক্ষ্মীকান্তপুর রেলপথের স্টেশন ( ২৬ মা)। ডাকঘর, স্কুল, রেজি. অপিস আছে।

**দক্ষিণ-মধ্য আফ্রিকা ( বৃটিশ )**: দ্র. ব্রিটিশ দ.-ম. আফ্রিকা।

**দক্ষিণ মহাসাগর** ( Antarctic Ocean): দ্র. কুমেরু মহাসাগর।

**দক্ষিণেশ্বর** ( Dakhineswar ): ২৪-পরগনা জেলা; বারাকপুর মহকুমার শহর, গঙ্গাতীরে ওয়েলিংডন ব্রিজের ( বিবেকানন্দ সেতু ) পার্শ্বেই রেলস্টেশন। শিয়ালদহ যাওয়া-আসার সকল ট্রেন এখানে থামে। কলিকাতা হইতে বাস সার্বিস আছে; নৌকা পথও আছে। এখানকার কালীবাড়ি বিখ্যাত; রানী রাসমনি এই মন্দিরের প্রতিষ্ঠাতা। রামকৃষ্ণ পরমহংস এখানকার পূজারী ছিলেন, এবং সেই সূত্রে এই স্থানটি হিন্দুদের অন্যতম তীর্থ হইয়াছে। বহুশত যাত্রী প্রতিদিন যাওয়া-আসা করেন।...এখানে অনেকগুলি প্রতিষ্ঠান স্থাপিত হইয়াছে; তন্মধ্যে আন্তর্জাতিক অতিথিশালা উল্লেখযোগ্য।

**দণ্ডকারণ্য** (Dandakaranya): প্রাচীন ভারতের স্থান, বোম্বাই, নাসিক জেলার পার্বত্য অঞ্চল বলিয়া অনুমান করা হয়। কিংবদন্তী এইখানে রাম-লক্ষ্মণ-সীতা বনবাস কালে ছিলেন।

**দন্তা** (Danta): পূর্বতন রাজপুতানার করদরাজ্য। আ. ৩৪৭ ব মা। ১৯৪৮ নবেম্বরে রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৯২ হা. টাকা ভাতা দেওয়া হয়। ১৯৪৯ এ এই রাজ্য বোম্বাই স্টেট ভুক্ত করা হয়। এখন ইহা বনসকণ্ঠ জেলার তালুক। আ. ৩৪২ ব মা; জন. ৪০,৬৬৯; ঘনতা ১১৯।...শহরের অপর নাম দন্তা-ভাবনগর; জন. ২,৩১২। পালনপুর হইতে ২০ মা পূর্বে।

**দন্তপুর** (Dantapur): প্রাচীন কলিঙ্গের রাজধানী। প্রবাদ বুদ্ধের একটি দন্ত পুরী বা জগন্নাথে ছিল এবং এখান হইতে সিংহলে উহা নীত হয়। অনুরাধাপুরে ঐ দন্ত এখন আছে।...দন্তপুর সম্বন্ধে পণ্ডিতগণ একমত নহেন; পুরী, রাজমহেন্দ্রী, প্‌টলেমির পলুরা (Paloura) ও শ্রীকাকুলম হইতে ৩ মা অভ্যন্তরে বংশ-ধারা নদীতীরে একটি স্থান নির্দেশিত হয়। পালিগ্রন্থ 'দাঠা বংস'-এ বুদ্ধদন্তের কিংবদন্তীমূলক কাহিনী বিবৃত আছে।

**দমদম** (Dumdum): ২৪-পরগনা জেলা; বারাকপুর মহকুমার থানা। আ. ১৬ ব মা; জন. ৬১,৩৯১; ঘনতা ৫,৯০১। শহরে পূর্বে সৈন্য ছাউনী ছিল বলিয়া একটি স্টেশন দমদম ক্যান্টনমেন্ট নামে পরিচিত। ইহা কলিকাতা ( শিয়ালদহ ) হইতে ৬ মা। দমদম জংশন হইতে একটি লাইন বনগাঁ হইয়া পাকিস্তানের খুলনা পর্যন্ত গিয়াছে।...শহরের কিয়দ্দূরে দমদম বিমান বন্দর; ইহা ভারতের বৃহত্তম বিমান বন্দর।...শহরে নানাপ্রকার শিল্পাদি গড়িয়া উঠিয়াছে। ১৯৫০-এ মতিঝিল ইণ্টার. কলেজ স্থাপিত হয়।...শহরের জন. ১৪ হা.। শিল্পপ্রধান স্থান বলিয়া হাজারকরাপুরুষের মধ্যে নারীর অনুপাত মাত্র ৫৫২।

**দম্বল** (Dambal): বোম্বাই ( বর্তমান মহীশূর ); ধারবার জেলা, গদগ তালুকের গ্রাম ও ডাকঘর।... এখানে ১২ শতকের দোড্ড বাসাপ্পা (Dodda Bas-appa) মন্দির বিখ্যাত। ইহার ভূমিপত্তন ২৪-কোণা তারকাকৃতি; স্তম্ভ-আশ্রিত বিশাল (Hall) ঘরে ৩৪ কোণ। এরূপ খোঁচ (offset) বাহির করা সৌধ খুব কম দেখা যায়।

**দয়ালবাগ** (Dayalbagh): রাধাসোয়ামি সৎসংঘের ভক্তেরা আগরার নিকটে একটি কলোনি স্থাপন করিয়াছেন। প্রায় নয় হাজার বিঘা জমির উপর কলোনি। এখানে স্কুল, কলেজ, কলোনির নিজস্ব জলের কল, বিদ্যুৎ কারখানা, তেলের কল, ময়দার কল প্রভৃতি

আছে। ব্যাংক, গো-শালা, হাসপাতাল, কারখানা নিজেদের দ্বারা চালিত। এই আশ্রমের কারখানার প্রস্তুত সামগ্রী উ.-ভারতের বহু নগরে বিক্রীত হয়।

**দরং** (Darrang) : আসামের জেলা। উ.—ভুটান ও উত্তর-পূর্ব সীমান্ত এজেন্সি বা নে-ফা ; দ.—ব্রহ্মপুত্র নদ। আ. ২,৮১৪ ব মা ; জন. ৯,১৩,৮৪১। এই জেলার সমতলভূমে বহু চা-বাগিচা ও শিল্পস্থান আছে। জেলার উত্তরাংশ গভীর অরণ্যপূর্ণ। মহকুমা ২টি : তেজপুর ও মঙ্গলডি। সদর শহর তেজপুর। জনসংখ্যার মধ্যে হিন্দু ৭,১৮,১২২, মুসলমান ১,৫৭,২১৬। খ্রীষ্টান প্রায় ৩৬ হা.। এই জেলার মধ্যে অবস্থিত উ.-পূর্ব রেল-পথের স্টেশন উদলগুড়ি হইতে তিব্বত প্রবেশের হ্রস্বতম পথ।

**দরওয়ানি, দাড়ওয়ানি** (Darwani) : পূ. পাক. ; রংপুর জেলা, নীলফামারি মহ.র বিখ্যাত পাটের বাজার। ঈ. বে. রেলওয়ের স্টেশন ; কলিকাতা হইতে ২৫০ মা। পৌষ-মাঘ মাসে এক পীরের স্মরণে মেলা বসে ; সেখানে হরিহরছত্রের ন্যায় পশু ক্রয়-বিক্রয় হয়।

**দরকোটি** (Darkoti,-kati) : পূর্বতন পঞ্জাব, পার্বত্য করদরাজ্য। বর্তমানে হিমাচল প্রদেশের অন্তর্গত। আ. ৫ ব মা। জন. ৬৩২। রাজা ৩,০০০ টাকা ভাতা পান।

**দ্বারবঙ্গ, দরভঙ্গ, দরভংগা** (Darbhanga) : বিহার, তিরহুত বিভাগের জেলা। উ.—নেপাল; দ.—গঙ্গানদী ও মুঙ্গের জেলা। আ. ৩,৩৫০ ব মা ; জন. ৩৭, ৬৯,৫৩৪; ইহার মধ্যে মুসলমান ৪,৯৯,৩৫০। তপশীলী জাতি ও পশ্চাদপদ জাতির লোকসংখ্যা প্রায় ১২ লক্ষ। বৃষ্টি ৬০"। প্রাচীনকালে এই জেলা বঙ্গের দ্বারস্বরূপ ছিল। সদর শহর—লাহেরী সরাই। সমস্তিপুর নারকাটিগঞ্জ রেললাইনের স্টে. ২৪ মা। সমস্তিপুর হইতে রেলপথ দারভঙ্গ হইয়া রকসৌল-নারকাটিগঞ্জ পর্যন্ত গিয়াছে। আর এক লাইন উত্তরপূর্ব সকরি জং-এ দ্বিধাবিভক্ত হইয়া উত্তরে জয়নগর (নেপাল সীমান্তে) পর্যন্ত (৪২ মা) ও পূর্বদিকে নিরমালি পর্যন্ত (৪৩ মা) গিয়াছে। নারকাটিগঞ্জ এখান হইতে ১১৮ মা। কলিকাতা হইতে মোকামা ঘাট গঙ্গা পার হইয়া বারৌনি জংসন হইয়া ৩৫৫ মা। জন. ৮৪,৮১৬। দরভঙ্গের জমিদার মৈথিল ব্রাহ্মণ সমাজপতি ; এই বংশের 'মহারাজা' উপাধি ছিল ; ইঁহারা দাতা ছিলেন। সেন্ট্রাল, প. ন্যাশনাল, ইউনাইটেড, স্টেট ব্যাংক। ... ডিগ্রী কলেজ ; বি. কম ; বি. এল।

**দরসুরাম** (Darasuram) : মদ্রাজ, তাঞ্জোর জেলার গ্রাম ; শেষ পাণ্ড্যযুগের ঐরাবতেশ্বর মন্দিরের ১৪ শতকের স্থাপত্য ও ভাস্কর্যশৈলীর মধ্যে বিশিষ্টতা আছে।

**দরিয়াপুর** (Dariyapur) : মেদিনীপুর জেলার কাঁথি মহ.র সমুদ্র-উপকূলের ক্ষুদ্র গ্রাম ; কপালকুণ্ডলা উপন্যাসে ইহার উল্লেখ আছে, এখানে বঙ্কিম স্মৃতিস্তম্ভ নির্মিত হইয়াছে।

**দরিয়াপুর** (Daryapur) : মধ্যপ্রদেশ ; অমরাবতী জেলার তালুক ও শহর। বানোসা রেলওয়ে কলোনী সমেত শহরের জন. ১৮,০৬৫। মুর্তাজাপুর-অচলপুর সরু রেলপথের স্টেশন (১৯ মা) বানোসা। তুলা সাফাই কেন্দ্র। সমবায় ব্যাংক।

**দর্শনা** (Darsana) : পূ. পাক. ; কুষ্টিয়া জেলার চুয়াডাঙ্গা মহকুমার গুরুত্বপূর্ণ স্থান। পূর্বে নদীয়া জেলাভুক্ত ছিল। ইহা পাকিস্তানের প্রথম স্টেশন : কলিকাতা হইতে ৭৪ মা। বানপুর (৬৯ মা) ভারতের শেষ স্টেশন। এখানে পাকিস্তানী সরকার শুল্ক চেক করেন।

**দশপাল্লা** (Daspalla) : পূর্বতন ঈ. স্টেটস এজেন্সির করদরাজ্য ; মহানদীর দক্ষিণে ও গন্‌জাম জেলার উত্তরপূর্বে অবস্থিত। আ. ৫৫৬ ব মা ; জন. ৫৩,৩৩৩ ('৪১)। রাজ্য ১৯৪৮-এ ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩৩,৫০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে ওড়িশারাজ্যের পুরী জেলার নয়াগড় মহ.র থানা ; আ. ৩৫৪ ব মা ; জন. ৩৯,৪৮০। পুরীর ৭০ মা উ.-পশ্চিমে মহানদীর অনেক দক্ষিণে অবস্থিত।

**দশাশ্বমেধ ঘাট** (Dasasvamedh Ghat) : কাশীর একটি বিখ্যাত ঘাট। লোকবিশ্বাস ব্রহ্মা এখানে দশটি অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান করেন। সেই হেতু এখানে স্নান করিলে পুণ্য হয়। ঘাটের উপর বহু মন্দির ও সোপানশ্রেণী আছে।

**দশার্ণ** (Dasarna) : প্রাচীন ভারতের দেশ ; এই নামে

দুইটি দেশ ছিল। একটি বিন্ধ্যপর্বতের দক্ষিণে উহার রাজধানী বিদিশা বা ভিলসা, বেত্রবতী নদীতীরে। দ্বিতীয়টি মধ্যপ্রদেশের ছত্তিশগড়ের চতুর্দিকস্থ দেশ।

**দাইরেন** (Dai-ren ; রুশ-Dalny ; চীন —তা-লিএন) : উত্তর-পূর্ব চীনের লিআও-টুঙ উপদ্বীপের বন্দর। ১৮৯৮-এ চীন রুশকে এই স্থান ইজারা দেয়। রুশীয়রা এইখানে পার-সাইবেরিয়া রেলপথের বন্দর নির্মাণ করে। রুশ-জাপান যুদ্ধের পর এই অঞ্চল জাপানের দখলে আসে তারপর চল্লিশ বৎসর তাহাদের অধীন ছিল (১৯০৪-'৪৫)। ২য় মহাযুদ্ধের পর সোবিয়েত ইউনিয়ন ইহা পায়; কিছুকালের মধ্যে চীন-সোবিয়েত চুক্তির ফলে চীন এই বন্দর ফিরিয়া পায়, কিন্তু সোবিএত রুশ বন্দর ব্যবহার করিবার সুযোগ লাভ করে। বর্তমানে (মে, ১৯৫৫) বন্দরটি সম্পূর্ণভাবে চীনের। জনসংখ্যা ১৯৩১-এ ৩'৮৬ লক্ষ ছিল; বিশ বৎসরে প্রায় ১০ লক্ষ হইয়াছে।

**দাঁইহাট** (Daihat) : বর্ধমান জেলা; কাটোয়া মহ.র শহর; পূর্বে পিতল-কাঁসার তৈজসপত্র তৈয়ারির জন্য বিখ্যাত ছিল। গঙ্গানদী সরিয়া যাওয়াতে এইস্থানের ব্যবসায়ের প্রাধান্য নষ্ট হইয়াছে। জন. ৮,১৪৯। কলিকাতা-বানডেল-বারহারোয়া রেলপথের ষ্টেশন (৮৬ মা); কাটোয়া ৪ মা দূরে। মিউনি. (১৮৬৯); উ. বিদ্যালয় (১৮৮৭) প্রভৃতি।

**দাউদকান্দি** (Daudkandi) : পূ. পাক.; ত্রিপুরা জেলা, কুমিল্লা সদর মহ.র থানা। আ. ১৮৫ ব মা। গ্রাম, ডাকঘর। মেঘনা নদীর বন্দর, কুমিল্লার পশ্চিমে ঢাকা সীমান্তে অবস্থিত। মুন্সীগঞ্জ দূরে নহে।

**দাউদ খেল** (Daud Khel) : প.-পাক.; পঞ্জাব, মিয়ানওয়ালি জেলার শহর ও রেল জং; কাম্পবেলপুর হইতে ৯১ মা দক্ষিণে সিন্ধুনদীর বামতটে। এখান হইতে রেলপথে সিন্ধুসেতু (৩০৫৭ ফুট দীর্ঘ) ১৯৩১-এ নির্মিত হয়; নদীর অপর পারে কালবাগ (দ্র)।

**দাউদনগর** (Daudnagar) : বিহার; গয়া জেলার অউরঙ্গাবাদ মহ.র মিউনি. শহর, শোন নদীর তীরে। শস্যের বাজার, চিনির কল, রেশম উৎপাদন ও বয়ন শিল্পকেন্দ্র। শেরশাহ সড়কে অউরঙ্গাবাদ হইতে ভাল রাস্তা আছে। জন. ১০,৪৪৮। উদনগর থানার আ. ১২৭ ব মা; জন. ১,০৬, ৬৪৫। ঘনতা ৮৫০।

**দাউরালা** (Daurala) : উত্তর প্রদেশ; মীরট জেলার ক্ষুদ্র শহর। জন. প্রায় ৮ হা.। স্টেট ব্যাংক।

**দাউসা** (Dausa) : রাজস্থান; জয়পুর জেলার শহর। জন. ১১,০৪৮। দিল্লী-অজমের রেলপথের স্টেশন ১৫৩ মা; জয়পুরের ৩৮ মা উত্তরে। জয়পুর ব্যাংক।

**দাকোপ** (Dacope) : পূ. পাক.; খুলনা জেলা, সদর মহ.র থানা; আ. ১১০ ব মা। গ্রাম; চালনা বন্দরের কিছু দক্ষিণে। এই অঞ্চলে রিজার্ভ বন আছে।

**দাক্ষিণাত্য** (Deccan) : ভারতের দক্ষিণস্থিত ত্রিভুজাকৃতি মালভূমিকে সাধারণত দাক্ষিণাত্য বা দক্ষিণাপথ বলা হয়। এই মালভূমি অতীত যুগে গন্ডোয়ানা নামক মহাদেশের অন্তর্গত এবং আফ্রিকার পূর্বাংশ ও অস্ট্রেলিয়ার পশ্চিমাংশের সহিত যুক্ত ছিল। কালক্রমে আগ্নেয়গিরি উৎক্ষিপ্ত গলিত ধাতু বা লাভা দ্বারা দক্ষিণাপথের মালভূমি ক্রমশ উচ্চ হইয়া উঠিল। অতঃপর ভূগর্ভের আভ্যন্তরীণ পরিবর্তনের ফলে হিমালয় পর্বত সমুদ্র হইতে উঠিল এবং বঙ্গোপসাগর ও আরব সাগর অংশের ভূখণ্ড বসিয়া গিয়া জলমগ্ন হইল। দাক্ষিণাত্যে আগ্নেয়গিরি নিঃসৃত ব্যাসাল্ট (Basalt) পাথর দেখা যায়। সেইসব পর্বত বহু যুগ হইতে রৌদ্রবৃষ্টির প্রভাবে ধ্বংস পাইয়াছে। এখন দা.-র শিলাগঠিত বন্ধুর ভূমি প্রায় সমতল হইয়াছে। এই ব্যাসাল্ট চূর্ণীভূত হইয়া যে কালো-মাটির পলি সৃষ্টি করিয়াছে, তাহা তুলা চাষের উপযুক্ত। লৌহচুর-মিশ্রিত লালমাটি বা ল্যাটেরাইট মৃত্তিকাও বহু বিস্তৃত দেখা যায়; চাষের পক্ষে সে জমি অব্যবহার্য।

**দাক্ষিণাত্য স্টেট্‌স এজেন্সি** (Deccan States Agency) : (দ্র. ডেকান স্টেটস)।

**দাঘিস্তান** (Daghestan) : সোবিয়েত রুশের আত্ম-শাসিত সো. সো. রিপাবলিক। ককেসাস পর্বতের উত্তর-পূর্বে বহু মালভূমি ও গভীর উপত্যকার মধ্যে ৩১টি উপজাতির বাসস্থান; ইহারা প্রায় ৩০০ উপভাষা-ভাষী, পরস্পরের সহিত বিচ্ছিন্ন, সভ্যতা ও স্বাচ্ছন্দ্য

হইতে ইহারা বহু শতাব্দী বঞ্চিত ছিল। নূতন সো. শাসন প্রবর্তিত হইবার পর হইতে এস্থানে যুগান্তর হইয়াছে; বহু রাস্তাঘাট নির্মিত হওয়ায় পরস্পরের মধ্যে গমনাগমন সহজ এবং কৃষি, পশুপালন প্রভৃতি প্রবর্তন করায় আর্থিক অবস্থা আশ্চর্যরূপ উন্নত হইয়াছে। পার্বত্য অঞ্চলে মেষপালন ও পশম উৎপাদন প্রধান উপজীবিকা। প্রাকৃতিক গ্যাস, কোয়ার্টজাইট বালুকাদি পাওয়া যায় বলিয়া কাঁচ শিল্প আরম্ভ হইয়াছে। নদীর জলপ্রপাত (সুলক, ১,৮০০ ফুট) বাঁধিয়া জলবিদ্যুৎ সৃষ্টি হইতেছে।...কাস্পিয়ান হ্রদের উপর মখাচ-কলা (Makhach-kala) এই অঞ্চলের প্রধান শহর ও বন্দর।...আ. ২২,১২৭ ব মা। জন. প্রায় ১০ লক্ষ।...এই অঞ্চল ১৭২৩ অব্দে জার পিটার জয় করেন। ১৭৩৫-এ পারস্যকে ফেরত দেওয়া হয়; পুনরায় ১৮১৩-এ রাশিয়ার অধিকারে আসে।

**দাঁতন** (Dantan): মেদিনীপুর জেলা; সদর মহকুমার থানা ও চৌকি শহর। আ. ১৭১ ব মা। জন. ৯০,৩৪৬; ঘ. ৫২৯।...ওড়িশার সংলগ্ন থানা। দাঁতন শহর খড়গপুর হইতে ৩২ মা। ...দাঁতন নাম সম্বন্ধে বহু কিংবদন্তী আছে: বৈষ্ণবরা বলেন চৈতন্যদেব পুরী যাইবার পথে দাঁতন করিয়া কাঠি ফেলেন বলিয়া এই নাম; বৌদ্ধরা বলেন সিংহলের দন্তবিহারে বুদ্ধদেবের যে দন্ত রক্ষিত হয় তাহা আদিতে এখানে ছিল। বুদ্ধের ধর্ম এদেশে লুপ্ত হইতে আরম্ভ করিলে এই দন্তটি তাম্রলিপ্ত বন্দর হইতে সিংহলে প্রেরিত হয়। ...এখানকার শ্যামলেশ্বর মন্দিরের সম্মুখে প্রস্তর খোদিত বিরাট বৃষ মূর্তি উপবিষ্ট; ইহার সম্মুখের পদদ্বয় ভগ্ন। নিকটে দুটি বিশাল জলাশয় আছে। শোনা যায় ৫ হাত উচ্চ ও ৩ হাত প্রস্থ এক সুড়ঙ্গ উভয় জলাশয়ের মধ্যে আছে।

**দাতিয়া** (Datia): পূর্বতন মধ্যভারত বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। কিন্তু ইহার ভৌগোলিক অবস্থান বিচ্ছিন্ন, কারণ গবালিয়র স্টেটের দ্বারা পরিবেষ্টিত ছিল। আ. ৮৪৬ ব মা। জন. ১৭৪,০৭২ ('৪১)। রাজ্যের আয় ছিল প্রায় ১৪ লক্ষ টাকা, কোন কর দিতে হইত না। মহারাজা ১৫ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১,৫৪, ৩০০ টাকা ভাতা দেওয়া হয়। ..১৬২৬-এ ওরচার রাজা তাঁহার ২য় পুত্র ভগবান রাওকে এই রাজ্য দান করেন। ভগবান রাও ও পরবর্তী রাজারা যুদ্ধাদির দ্বারা ও বাদশাহদের অনুগ্রহলব্ধ দান দ্বারা রাজ্য বৃদ্ধি করেন। ব্রিটিশ আমলে এই রাজ্য বরাবর মিত্ররূপেই ছিল।...১৯৪৮-এ বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত হয়। বর্তমানে মধ্যপ্রদেশভুক্ত হইয়াছে। ...দাতিয়া শহর গবালিয়র হইতে রেলপথে ৫৫ মা। জন. ২৬,৪৪৭। সেন্ট্রাল, হিন্দু কমার্স ব্যাংক।

**দান্ৎসিক** (Danzig): পোলন্ড রাজ্যে ভিশ্চুলা নদীর মোহনায় বাল্টিক সাগরের বন্দর। ...বহু হাতবদল ও ভাগ্যবিপর্যয়ের পর ১৮১৪-অব্দে প্রুশিয়ানরা এখানে কায়েমী হয়। ১ম মহাযুদ্ধের পর 'লীগ-অব-নেশনস'-এর তত্ত্বাবধানে স্বাধীন নগরী বলিয়া ঘোষিত হয়। তখনো দান্. প্রধানত জারমান নগর। পোল-রা এই জারমান-প্রধান নগরীর সর্বনাশ করিবার জন্য নদীর অপর পারে নূতন বন্দর গদিনিআ (Gdynia) নির্মাণ করে। ১৯৩৯-এ দান্. হিটলার কর্তৃক অধিকৃত হয়। যুদ্ধান্তে পোলন্ড ফিরিয়া পায়। বন্দরের বর্তমান নাম দানস্ক (Gdansk)। জন. ১,১৮,০০০ ('৪৬)।

**দানস্ক** (Gdansk): পোলন্ডের বন্দর। পূর্বের জারমান নাম দান্ৎসিক (দ্র.)

**দানাপুর** (Danapur): বিহার, পাটনা জেলার শহর ও পাটনার শহরতলী (৬ মা)। কলিকাতা ৩৪৪ মা। পূর্ব-রেলপথের অন্যতম বিভাগীয় কেন্দ্র। পূর্বে এই শহরে সৈন্য-ছাউনী ছিল। জন. ৪২, ৬৮৪। প. ন্যাশনাল ব্যাংক।

**দানিউব** (Danube): ইউরোপের ২য় বৃহত্তম নদী; ১,৭৫০ মা দীর্ঘ। জারমানির দক্ষিণাংশে ব্ল্যাক-ফরেস্ট পর্বতে উঠিয়া অস্ট্রিয়া, চেকোস্লোভাকিয়া, হাংগেরি, যুগোস্লাভিয়া, রুমানিয়া ও বুলগেরিয়ার মধ্য দিয়া ইউক্রেইন-সীমান্ত বাহিয়া কৃষ্ণসাগরে পড়িতেছে। বহুদূর নাব্য। বহু উপনদী দানিউব-এ পড়িতেছে। অববাহিকামণ্ডল ৩·২৮ লক্ষ ব মা। খালের দ্বারা

রাইন, এল্বে প্রভৃতির সহিত যুক্ত। ইহা আন্তর্জাতিক নদী। তিনটি রাজ্যের রাজধানী ইহার তীরে: ভিয়েনা (অস্ট্রিয়া), বুডাপেস্ট (হাংগেরি), বেলগ্রেড (রুমানিয়া)।

**দানেৎজ** (Donets, Donetz): ইউক্রেইন সোবিয়েত রিপাবলিকের নদী; ৬৮০ মা দীর্ঘ, ৪০,০০০ ব মা অববাহিকা; ডন্ নদীতে পড়িতেছে। ডন্ ও নীপার নদীর মধ্যবর্তী ডনবাস (Donbas) অঞ্চল ও দানেৎজ অববাহিকামণ্ডল রুশিয়ার কয়লা ও লৌহ উৎপাদনের জন্য বিখ্যাত। রুশের ৫৫ শতাংশ কয়লা এই অঞ্চলে পাওয়া যায়। এখানে বড় বড় লৌহ-ইস্পাত কারখানা ও ইঞ্জিনিয়ারিং কারখানা (Kramatovsk) আছে।

**দাবড়া** (Dabra): মধ্যভারত রাজ্য (বর্তমান মধ্যপ্রদেশ) গিরদ জেলার শহর; জন. ৬,৩৮১। বীনা-আগরা রেলপথের স্টেশন; গবালিয়রের ৪৫ মা পূর্বে। ব্যাংক: সেন্ট্রাল, ইউনা. কমার্স ও গিরদ সমবায়। চিনির কল আছে।

**দাবনগিরি** (Davangere): মহীশূর রাজ্য; চিতলদ্রুগ জেলার তালুক ও জেলার মধ্যে সর্বাপেক্ষা উন্নত ও সমৃদ্ধ শহর। জন. ৫৬,০১৮। পুণা-বঙ্গলুর রেলপথের স্টেশন (৪২৪ মা); বঙ্গলুর হইতে ২০৩ মা। ব্যাংক: মহীশূর, কানাডা, স্টেট্, প. ন্যাশনাল প্রভৃতি। কার্পাস শিল্প, কাপড়ের কল, চর্ম শিল্প প্রভৃতির জন্য স্থানটি খ্যাত।

**দাভোই** (Dabhoi): বোম্বাই রাজ্য; বড়োদা জেলার তালুক ও শহর। বোম্বাই-বড়োদা রেলপথের (২২৫ মা) ময়াগাম জং হইতে সরু রেলপথ দাভোই পর্যন্ত (২০ মা) গিয়াছে। দাভোই বড় জংশন; ছোট উদয়পুর হইতে দাভোই হইয়া (৪৫ মা) লাইন জম্বুসার পর্যন্ত গিয়াছে (৯৪ মা)।...জন. প্রায় ২৫ হা.। বড়োদা ব্যাংক ও সমবায় ব্যাংক। এই নগরের চারিটি প্রবেশ-দ্বারের স্থাপত্য-সৌন্দর্য বিখ্যাত। ১২ শতকে নির্মিত হয় বলিয়া অনুমান। মুসলমান যুগে সংস্কার হয়।

**দামন, দমাও** (Daman, Damao): পোর্তুগীজ ভারতের জেলা; তিনটি পৃথক খণ্ড লইয়া গঠিত। বোম্বাই রাজ্যের কোংকনের উত্তরে আরবসাগর ও পশ্চিমঘাটের মধ্যে অবস্থিত। খাস দমাও সমুদ্রতীরে, নগর আবেলি প. ঘাটের পাদদেশে ও দাদরী উভয় স্থানের মধ্যে। দমাও শহর ১৫৫৮ অব্দে ও পার্শ্ববর্তী স্থানগুলি ১৫৫৯এ পোর্তুগীজের দ্বারা অধিকৃত হয়। নগর আবেলি ১৭৮০ অব্দে মারাঠাদের নিকট হইতে প্রাপ্ত।...আ. ১৭৬ ব মা; জন. ৬৩,৫২১। দামন কাম্বে উপসাগরতীরে ক্ষুদ্র বন্দর; জন. ৪,৭৫৭।...লোকের ভাষা গুজরাতী।

**দামাসকাস, দিমিস্‌কি** (Damascus): সীরিয়ার রাজধানী। পৃথিবীর প্রাচীন নগরীর অন্যতম। এখানকার উম্মীয় খলিফাদের মসজিদ বিখ্যাত। মসজিদটি অতীতে সাধারণ মন্দির ছিল, পরে খ্রীষ্টানদের গির্জা হয়; ৭১০-এ খলিফা ওয়ালিদ কর্তৃক ইহা মসজিদরূপে নির্মিত হয়; ১৮৯৩-এ পুনরায় নির্মিত হইয়াছিল। এখানকার ইস্পাত-তরবারি এককালে বিখ্যাত ছিল। ভূমধ্যসাগরের সহিত দা. বেউরুত (Beirut, লেবানন) ও হাইফা (Haifa, ইস্রেইল) হইতে রেলপথ-দ্বারা যুক্ত। এখানে খ্রীষ্টানদের একটি বিশ্ববিদ্যালয় আছে। জন. ৩'০৪ লক্ষ ('৪৬)।

**দামুকদিয়া** (Damukdia): পূ. পাক.; কুষ্টিয়া জেলার গ্রাম; ভেড়ামারা জং (কলি. ১১৫ মা) হইতে রাইতা লাইনের উপর (৯ মা)। সারা-ব্রীজ হইবার পূর্বে এখানে নামিয়া স্টীমার-যোগে পদ্মা পার হইয়া ওপারে সারায় গিয়া উত্তরবাংলার মিটার গেজের ট্রেনে চাপিতে হইত।

**দামুরহুদা** (Damurhuda): পূ. পাক.; কুষ্টিয়া জেলা, চুয়াডাঙা মহ.র থানা; আ. ১১৬ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর।

**দামোদর** (Damodar): প. বাংলার নদী; ছোটনাগপুরের পার্বত্য অঞ্চলে (পালামৌ জেলা) উঠিয়া হাজারিবাগ, মানভূম-এর মধ্য দিয়া প. বাংলার বর্ধমান ও বাঁকুড়া জেলাকে বিভক্ত করিয়া হুগলী ও হাওড়ার মধ্য দিয়া প্রবাহিত হইয়া রূপনারায়ণের মোহনার কিছু উত্তরে (কলিকাতার ৩০ মা দক্ষিণে) গঙ্গায় পড়িতেছে, নদীর দৈর্ঘ্য ৩৫০ মা। পূর্বে এই নদী কালনার নিকট গঙ্গায় পড়িত; তারপর গতি পরিবর্তিত

হইয়া বর্তমান নবসরাই-এর কাছে হুগলী নদীতে পথ করিয়া লয়। ১৯৪৩ এ দামোদরে ভীষণ বন্যা আসে ও তখন রেলপথ ভাঙিয়া নদী পূর্ব-পথে চলে। ইহার পর হইতে এই নদী নিয়ন্ত্রণের পরিকল্পনা গৃহীত হয়। এক কালে এই নদী বহু দূর পর্যন্ত নাব্য ছিল এবং বড় বড় গঞ্জ ইহার উপর গড়িয়া উঠিয়াছিল। এখন মোহনার দিক মাত্র নাব্য। দামোদর-অববাহিকায় প্রচুর খনিজ (বিশেষ করিয়া কয়লা) সম্পদ রহিয়াছে। অববাহিকার আয়তন ৮,৫০০ বর্গ মাইল।

দামোদরে বন্যার ফলে বিহার ও প. বাংলার বিশেষ ক্ষতি হইত। সম্প্রতি এই নদী ও উপনদীসমূহের উপরিভাগে ছোটনাগপুরের বারমো, আয়ার, পানচেত, মাইথন, কোনার, তিলাইয়া প্রভৃতি স্থানে ১০টি বাঁধ তৈয়ার করিয়া বন্যা নিবারণ করার চেষ্টা হইতেছে; ইহার মধ্যে ৭টি জলাধার। প. বঙ্গে দুর্গাপুরে বারাজ নির্মিত হইয়াছে। এই ৭টি জলাধার সাহায্যে বিহার ও প. বাংলার প্রায় ১০ লক্ষ একর জমিতে জলসেচনের ব্যবস্থা হইবে। এই নদী হইতে খাল কাটিয়া ভাগীরথীর সহিত যুক্ত হইতেছে; তখন কলিকাতা হইতে রানীগঞ্জের কয়লা অঞ্চল ৮০ মা পর্যন্ত নৌকা-চলাচলের ব্যবস্থা হইবে। এই সকল ব্যবস্থার ফলে প. বাংলা ও বিহারের কৃষি, বনজ সম্পদ, মৎস্য সরবরাহ প্রভৃতির বিশেষ উন্নতি হইবে।...জলাধার-সৃষ্টির ফলে যদিও ১৭৫ ব মা স্থান ডুবিয়া যাইবে, কিন্তু দুই রাজ্যের প্রায় ১০ হাজার ব মা স্থান জলসেচন দ্বারা উপকৃত হইবে। এই পরিকল্পনা কার্যে পরিণত করিবার জন্য আমেরিকার টেনেসি ভ্যালি অথোরিটির (T. V. A.) অনুকরণে দামোদর-ভ্যালি-কর্পোরেশন (D. V. C.) নামক সরকারী প্রতিষ্ঠান গঠিত হইয়াছে। এই পরিকল্পনায় ব্যয় হওয়ার কথা ৭৫ কোটি টাকা। কয়েকটি বাঁধে জলবিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা হইয়াছে; কিন্তু জলাধার-নিঃসৃত জলের চাপ ও গতি বৎসরের সকল সময়ে পুরাপুরি না থাকিতে পারে, তজ্জন্য বোকারোতে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হইয়াছে। (দ্র. বোকারো)।

**দামোদরপুর** (Damodarpur): পূ. পাক; দিনাজপুর সদর মহ.র ফুলবাড়ি স্টেশনের (২২২ মা) নিকট গ্রাম। ১৯১৫-সালে এই গ্রামে ৫ খানি তাম্রশাসন আবিষ্কৃত হয়; এগুলি রাজসাহীর বরেন্দ্র অনুসন্ধান সমিতির মিউজিয়ামে রক্ষিত আছে। ইহার মধ্যে ২টি কুমার-গুপ্তের, ২টি বুধগুপ্তের, ও ১টি ভানুগুপ্তের সমকালীন। প্রথমটি গুপ্তাব্দ ১২৪ (৪৪৩ খ্রী.অ.) ও শেষটি ২১৪ গুপ্তাব্দ (৫৩৩ খ্রী. অ.)। এই স্থান কোটীবর্ষ নামে খ্যাত ছিল।

**দামোহ** (Damoh): মধ্যপ্রদেশ; সাগর জেলার তহশীল ও.শহর। জন. প্রায় ৩৭ হা.। বীনা-কাটনি রেল পথের স্টেশন (৯৫ মা)। সেন্ট্রাল, স্টেট ও সমবায় ব্যাংক।

**দার-এস-সালেম** (Dar-es-Salem): পূর্ব-আফ্রিকা; টাঙ্গানিকার রাজধানী, ভারত মহাসাগর তীরস্থ। জান্‌জিবার হইতে ৪৫ মা দক্ষিণে ও নাইরোবি হইতে ৪০০ মা দ.-পূর্বে। জন. ৭০,০০০ (১৯৪৮)। এখানে বহু ভারতীয় ও পাকিস্থানী ব্যবসায়ী বাস করে; তাঁহাদের মধ্যে খোজা সম্প্রদায়ের মুসলমানরা খুবই ধনী।

**দারওয়া** (Darwah): মধ্যপ্রদেশ; য়োৎমল জেলার তহশীল ও শহর। য়োৎমল হইতে ২৫ মা দ.-পূর্বে মূর্তাজাপুর ছোট রেলওয়ের স্টেশন (৪৫ মা)। জন. ১০,০৯৩। স্টেট ও সমবায় ব্যাংক।

**দারজিলিঙ, দার্জিলিং** (Darjeeling).: ভোটিয়া শব্দ দোরজে-লিঙ, দুর্জয়লিঙ প্রভৃতি শব্দ কাল্পনিক। ইহা প. বঙ্গের প্রেসিডেন্সি বিভাগের জেলা। উ.—সিকিম; প.—নেপাল; দ.—বিহার ও পাকিস্তান; পূ.—জলপাইগুড়ি ও ভুটান। এই জেলা হিমালয়ের পাদ-দেশস্থ তরাই-এর ৪০০ ফুট উচ্চতা হইতে হিমালয়ের মধ্যস্থিত জালা পাহাড়ের ৭ হা. ফুট উচ্চতা পর্যন্ত বিস্তৃত। জেলার মধ্যে বহু পর্বতশ্রেণী ও উপত্যকা, পার্বত্যনদী ও জলপ্রপাত। তিস্তা, মেচি, বালাসন, মহানন্দা এবং রংগীত প্রভৃতি নদী; তন্মধ্যে মহানন্দা ও রংগীত জেলার প্রধান নদী। খনিজদ্রব্য এখানে-সেখানে থাকিলেও কার্যকরী হয় নাই। বনজ ও উদ্ভিজ সম্পদ প্রচুর। উপত্যকায় ও পাহাড়ের গায়ে প্রচুর চা-বাগান আছে। ৭৫টি চা-বাগিচার কোম্পানি আছে।

অধিকাংশের পরিচালক বিদেশী। জেলার আ. ১,১৬০ ব মা; জন. ৪,৪৫,১৬০; ঘ ৩৭১। প. বঙ্গ রাজ্যের মধ্যে এই জেলাতেই লোক সর্বাপেক্ষা কম, প্রায় হাওড়া নগরের জনসংখ্যার সমান। জেলার মহকুমা ৪টি: শিলিগুড়ি, কার্সিয়াং, দারজিলিঙ ও কালিম্পং। দারজিলিঙ এলাকায় ১১৩·৮ বর্গ মাইল বা ৭২,৭৮৮ একর ভূখণ্ড রিজার্ভ বন। ৭টি রেঞ্জে ও ৭৩টি ব্লকে বিভক্ত। রেঞ্জ: তিস্তা ভ্যালি, দারজিলিঙ, তাক্‌দা, সিংচল, ঘুম-সীমানা, টোঙ্গলু, সিঙ্গলিলা। কার্সিয়াং এলাকায় ৫টি রেঞ্জ; ৭১,৯৭১ একর; ইহার প্রায় তৃতীয়াংশ সমতলভূমে অবস্থিত। রেঞ্জ: কার্সিয়াং, শিবোকে, সুকনা, বাগডোগরা ও পাংখাবাড়ি। কালিম্পং এলাকায় ৬টি রেঞ্জ। দারজিলিঙ মহকুমার আ. ৪১২ ব মা, তন্মধ্যে মধ্যে ২২৫ ব মা রিজার্ভ বন বিভাগ অন্তর্গত; ইহার মধ্যে ১৫ ব মা সিনকোনা বিভাগের রিজার্ভ।

**দারজিলিঙ শহর** (Darjeeling): দারজিলিঙ জেলার সদর শহর। হিমালয়ের মধ্যে ৬,৮১২ ফুট হইতে ৭,৪৩২ ফুট উচ্চে অবস্থিত। বার্ষিক গড় তাপ ৫৩·৫°; বৃষ্টিপাত ১২৬"। শিলিগুড়ি হইতে ৬১ মা উত্তরে ও কলিকাতা হইতে ৩৬৮ মা দূরে। জন, ৩৩,৬০৫। দারজিলিঙ পূর্বে সিকিম রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। ১৮২৯-এ ইংরেজরা প্রথম দারজিলিঙে আসে এবং ১৮৩৫-এ একটি স্বাস্থ্যনিবাস স্থাপন করিবার পরিকল্পনা গ্রহণ করে; সিকিমরাজ বার্ষিক ৬০০০৲ টাকা খাজনা পাইয়া দা. পাহাড় ইংরেজ সরকারকে ছাড়িয়া দেন। ১৮৪০-এ কার্সিয়াং-এর নিচে পাংখাবাড়ি হইতে দারজিলিঙ পর্যন্ত একটি রাস্তা তৈয়ারি হয়। সিকিমরাজ যে খাজনা পাইতেন, তাহা দুই জন ইংরাজকে বন্দী করিবার অপরাধে ১৮৫০ হইতে বন্ধ করিয়া দেওয়া হয়। এই লইয়া সিকিমের সহিত যুদ্ধ বাধিলে ইংরেজ তরাইয়ের এই অংশ অধিকার করিয়া লয়। ১৮৬৪-এর ভুটান যুদ্ধের ফলে কালিম্পং অধিকৃত হয়। এখানকার অধিবাসী নেপালী, ভুটিয়া, লেপচা, বাঙালী। তিব্বতী বৌদ্ধদের বহু মন্দির দা. শহরে ও 'ঘুম' নামক স্থানে আছে। দা. হইতে তিব্বত যাইবার পথ আছে। মেঘশূন্য দিনে ৪৬ মা দূরের কাঞ্চনজঙ্ঘা দেখা যায়; টাইগার হিল হইতে ১০৬ মা দূরে এভারেস্ট দেখিতে পাওয়া যায়। এখানকার বোটানিক্যাল গার্ডেন বিখ্যাত। দার্জিলিঙ বাংলা সরকারের গ্রীষ্মাবাস; লাটসাহেবের প্রাসাদ, অফিসাদি আছে। বহু স্বাস্থ্য-নিবাস, হোটেল, ক্লাব থাকায় প্রতিবৎসর বহু শত সমতলভূমবাসী এখানে বেড়াইতে আসেন। পূর্বে কলিকাতা হইতে শিলিগুড়ি পর্যন্ত একই ট্রেনে আসা যাইত। বঙ্গচ্ছেদের পর এই পথ ছিন্ন হইয়াছে; এখন মনিহারি-কাটিহার হইয়া শিলিগুড়ি আসিতে হয়। পথ দীর্ঘ ও ক্লান্তিকর। বিমান পথে বাগডোগরা নামিয়া যাওয়া যায়। দারজিলিঙে অনেকগুলি স্কুল আছে; সেগুলি বিভিন্ন খ্রীষ্টীয় মিশনের দ্বারা চালিত। কয়েক বৎসর হইল সরকারী কলেজ স্থাপিত হইয়াছে।... পর্বতারোহণ ও পর্বত বিদ্যা শিক্ষাদানের জন্য অবজারভেটরি হিলে বিদ্যালয় স্থাপিত হইয়াছে।...দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের যে-গৃহে মৃত্যু হয়, সেই গৃহ (Step-aside) ক্রয় করিয়া স্বাস্থ্য কেন্দ্র খোলা হইয়াছে। এখানে স্টেট ব্যাংক ও লয়েড্‌স্ ব্যাংকের শাখা আছে। স্থানীয় বোটানিক্যাল গার্ডেন, বার্চ হিল, কাগঝোরা জলপ্রপাত, ক্যালকাটা রোড, জালা পাহাড় প্রভৃতি দর্শনীয় স্থান।

**দারজিলিং-হিমালয় রেলওয়ে** (Darjeeling-Himalaya Railway): ১৮৮০ অগস্ট মাসে এই রেলপথ খোলা হয়। ১৯৪৮-এ ভারত গবর্নমেন্ট রেলওয়ের সহিত মিলিত হয়। বর্তমানে নর্থ-ঈস্টার্ন রেলওয়ে জোন অন্তর্গত।

**দারদানেলিস** (Dardanelles): তুর্কীর প্রণালী—শনক্‌কালে বোআজি। ইহা ঈজিয়ান ও মর্মর সাগরকে যুক্ত করিতেছে। ইহার এক দিকে এশিয়া ও অপর-দিকে ইউরোপ হইলেও উভয় দিকে তুর্কীর রাজ্য। ১৬৪০-এ তুর্কীরা এই প্রণালী সুদৃঢ় করে; ১৭৪০ হইতে রুশীয়দিগকে এই প্রণালী দিয়া যাইতে দিতে হইয়াছে। ইহার গ্রীক্ নাম হেলেসপন্ট (Hellespont)।

**দারদিস্তান** (Dardistan): কাশ্মীরের উত্তর-পশ্চিমাংশ; সিন্ধু নদীর উভয়তীরস্থ দেশ, গিলগিটের সাধারণ নাম। প্রাচীন নাম দরদ; সুপ্রাচীন উদ্যান (দ্র.)

ইহার অন্তর্গত ছিল। দরদীয় (Dardic) নামে জাতি বহুযুগ হইতে এখানে বাস করিতেছে। স্থানীয় ভাষা দরদীক।

**দারিয়েন** (Darien) : মধ্য আমেরিকা, পানামা রাজ্যের পূর্ব অংশ। দা. উপসাগর কারীব সাগরের অংশ। পানামা কেনাল অঞ্চলের নগর।

**দাস্‌কা** (Daska) : পাক. পঞ্জাব ; শিয়ালকোট জেলার তহশীল ও শহর। রেল স্টেশন নাই। শিয়ালকোট হইতে ১৫ মা দ.-পশ্চিমে ; কৃষিজাত ফসলের বাজার। জন. ১৩,৭১৯। হারদো-দাসকা নামও চলিত।

**দাসনগর** (Dasnagar) : হাওড়া জেলার পূর্বতন বি-এন রেলওয়ের ধারে আলামোহন দাস প্রতিষ্ঠিত শহর। অনেকগুলি কল, কারখানা আছে। ইন্‌ডিয়ান মেশিনারী প্রভৃতি কোম্পানি দাস গ্রুপ লিমিটেড পরিচালনা করে। আরতি কটন মিল্‌স।

**দাসপুর** (Daspur) : মেদিনীপুর জেলা, ঘাটাল মহ.র থানা। আ. ১২৮ ব মা ; জন. ১,৪০,৩৩৯, ঘ. ১,০৯৭। দ্বারকেশ্বর নদী পূর্বদিকে। …গ্রামে পুলিশ থানা, ডাকঘর, হাসপাতাল, পাঠশালা আছে। জন. ৬৪৯।

**দাহানু** (Dahanu) : বোম্বাই রাজ্য; থানা জেলার তালুক ও আরবসমুদ্রতীরস্থ বন্দর-শহর ; জন. ৮,৯০৪। বোম্বাই-বড়োদা রেলপথের দা. রোড স্টেশন ( ৭৪ মা ) হইতে পশ্চিমে। এখানকার ফলের বাগান বিখ্যাত ; বোম্বাই নগরে চালান যায়। ব্যাংক : স্টেট ও স্টেট সমবায়।

**দাহোমে** (Dahomey) : আফ্রিকার পশ্চিমাংশে ; নাই-জিরিয়া ও টোগোলন্‌ডের মধ্যবর্তী ভূভাগ। আ. ৪৭,১৪৪ ব মা ; জন. ১৫,০৫,০০০ ('৪৮)। রাজধানী পোর্তো নভো। দেশ ক্ষুদ্র হইলেও ইহা সমৃদ্ধশালী। ইহার উপকূল মাত্র ৭০ মা দীর্ঘ। এখানকার নিগ্রো-রাজ এককালে খুব পরাক্রমশালী ছিলেন। ১৮৫০-এ ফরাসীরা প্রথমে এই দেশ দাবী করে ; ১৮৯৪-এ উহা গ্রাস করে। বর্তমানে ইহা ফরাসী পশ্চিম আফ্রিকা ফেডারেশনের অন্তর্গত প্রদেশ। এখানকার নারীবাহিনী যুদ্ধ ও শৌর্যের জন্য বিখ্যাত ছিল।

**দিউ** (Diu) : বোম্বাই অন্তর্গত সৌরাষ্ট্রের দক্ষিণ উপকূল-এর নিকটে পোর্তুগীজ অধিকৃত ক্ষুদ্র দ্বীপ ; ৮ মা দীর্ঘ ও ২ মা প্রস্থ। ইহা দামনের ১৫০ মা উত্তর-পশ্চিমে অবস্থিত। এখানে কোন পোতাশ্রয় নাই। সৌরাষ্ট্র-জুনাগড়ের দক্ষিণে গোগোলা ( Gogola ) ও সিম্বুর ( Simbur ) নামে ক্ষুদ্র গ্রাম ও দুর্গ পানি-কোটা (Pani Cota) দিউ-শাসন ব্যবস্থার অন্তর্গত। বোম্বাই হইতে রেলপথে দেলওয়াড়া পর্যন্ত আসিয়া তথা হইতে সড়কেদিউ-এলাকায় ঢুকিতে হয়। জন. ১৯,৭৩১ ('৫১)।

**দিঘাঘাট** (Digha ghat) : বিহার ; পাটনা জেলায় গঙ্গার বন্দর ; পাটনা জং হইতে শাখা রেলপথে ৪ মা দূরে শেষ ঘাট স্টেশন। ইহার অপর তীরে পালেজা (Paleza) ঘাট, সেখান হইতে ট্রেনে শোনপুর জংশন ৬ মা মাত্র।

**দিঘাপাতিয়া** (Dighapatia) : প. পাক. ; রাজসাহী জেলার নাটোর মহকুমার বিশিষ্ট গ্রাম, নাটোরের এক মাইল উত্তরে। এখানকার জমিদাররা রানী ভবানীর বিশ্বস্ত কর্মচারী দয়ারাম রায়ের বংশধর। ১৯ শতকে দিঘাপাতিয়ার জমিদারবংশ নানা দান ও পুণ্যকর্মের জন্য খ্যাত ছিলেন।

**দিডওয়ানা** (Didwana) : রাজস্থান ; নগৌর জেলার মহকুমা ও শহর। মহ.র আ. ১,১৫৯ ব মা। জন. ১, ৫৬, ৫৭০। হিসার হইতে যে রেলপথ চুরু, রতনগড়, সুজনগড় হইয়া, জয়পুর-জোধপুর রেলপথের দেগ্‌নাতে মিশিয়াছে সেই রেলপথের উপর দিড্-ওয়ানা স্টেশন ; দেগ্‌না হইতে ৪১ মা উত্তরে। ইহার নিকট লবণ হ্রদ আছে। এই স্থান লবণ উৎপাদনের কেন্দ্র। ইনডাস্ট্রি. ব্যাংক। শহরের জন. ১২ হা.।

**দিনহাটা** (Dinhata) : কোচবিহার জেলার মহ., থানা ও শহর। শহর ( জন. ৫,৮৪৮) জলঢাকা নদীর উপর, কোচবিহারের ১৩ মা দক্ষিণে। চাউল, তামাক, পাট ও অন্যান্য শস্যের বাজার। এই অঞ্চল সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্গত। মহকুমার ২ থানা : দিনহাটা ও সিতাই। মহ.র আ. ২১১ ব মা ; জন. ১,৬১,০৫৪।

**দিনাজপুর** (Dinajpur) : পূ. পাকিস্তানের রাজসাহী বিভাগের জেলা। দি. জেলার আ. ২,৬০০ ব মা ;

জন. ১৩, ৮০,০০০। এখন এই জেলা দ্বিখণ্ডিত: পশ্চিম দিনাজপুর পশ্চিমবঙ্গের অন্তর্গত ও দিনাজপুর পূর্বপাকিস্তানভুক্ত। পার্টিশনের পূর্বে (১৯৪৭) অখণ্ড দিনাজপুরের আ. ছিল ৩,৯৫৩ ব মা; জন ১৯,২৬,৮৩৩ ('৪১)। রায়গঞ্জ ও বালুরঘাট মহকুমা ২টি লইয়া প. দিনাজপুর (ভারত) ও ঠাকুরগাঁ ও সদর দিনাজপুর লইয়া দিনাজপুর (পূ. পাক.) হইয়াছে। (দ্র. পশ্চিম দিনাজপুর)। টাংগন, করতোয়া, আত্রাই, যমুনা প্রভৃতি নদী দক্ষিণে প্রবাহিত। জমিতে প্রচুর উৎকৃষ্ট ধান, পাট প্রভৃতি শস্য জন্মে। পার্বতীপুর জং, হিলি স্টেশন, দিনাজপুর মহকুমার মধ্যে।

**দিনাজপুর** (Dinajpur): প. পাকিস্তান; দিনাজপুর জেলার প্রধান শহর; কলিকাতা হইতে ২৫২ মা; পার্বতীপুর জং ১৮ মা। পুনর্ভবা নদীর উপর অব-অবস্থিত প্রাচীন স্থান। বুনিয়াদী জমিদার বংশের বাসস্থান। ১৮৯৭-এ ভূমিকম্পে প্রাসাদ ভাঙ্গিয়া যায়, তারপর মহারাজা স্যার গিরিজানাথ রায় বহু অর্থ ব্যয়ে নূতন প্রাসাদ নির্মাণ করেন। বাণগড় হইতে আনীত বহু প্রাচীন কীর্তি রাজবাড়িতে রক্ষিত আছে। শহর অতি বিস্তৃত। মহানন্দার একটি মজা শাখার ক্ষীণ ধারা শহরের মধ্য দিয়া গিয়াছে।

**দিনানগর** (Dinanagar): পূ. পঞ্জাব; গুরুদাসপুর জেলার শহর; অমৃতসর-পাঠানকোট রেলপথের স্টেশন। গুরুদাসপুর হইতে উ.-পশ্চিমে ৭ মা। জন. ৬১৭। প. ন্যাশনাল ও সমবায় ব্যাংক। এই স্থান মহারাজ রণজিৎ সিংহের গ্রীষ্মাবাস ছিল।

**দিপু** (Diphu): (১) আসাম; মিকির-কাছাড় জেলার প্রধান শহর। ...পাণ্ডু-তিনসুকিয়া উ.-পূর্ব রেলপথের স্টেশন (১৩৮ মা) ও ডিমাপুর হইতে ২০ মা দ.-পশ্চিমে।

(২) দিপু গিরিপথ (D. Pass): ভারত-বর্মার উত্তরতম পার্বত্য গিরিপথ; বর্মার পুতাও (ফোর্ট হারৎজ) শহরের ৫৩ মা উত্তরে (১৪, ২৮০ ফুট উচ্চ) প্রায় তিব্বত সীমান্তে অবস্থিত।

**দিবং** (Dibong): ব্রহ্মপুত্রের করদনদী; আসাম উ.-পূ.-সী. প্রদেশের (NEFA) মধ্যে প্রবাহিত হইয়া লোহিতের সহিত মিলিয়া ব্রহ্মপুত্রে পড়িতেছে। এই তিন নদী দিয়া প্রচুর জল আসে। গ্রীষ্মকালে এই সঙ্গমের কাছে যে জলরাশি চলে, তাহা পরিমাপে ইউরোপের রাইন ও রোনের নিম্নভাগের জলধারা হইতে অধিক। সমুদ্র-মোহনা হইতে এই সঙ্গম স্থান প্রায় ৯০০ মা দূরে।

**দির** (Dir): প. পাক.; উ.-প.-সী. প্রদেশ অন্তর্গত করদ-রাজ্য, মালখন্দ এজেন্সির তত্ত্বাবধানে। উ. ও প.—চিত্রাল; দ.-পশ্চিমে আফগানিস্তান; পূ.—সোয়াৎ। দেশের মধ্যে বহু উচ্চ পর্বত ও গভীর উপত্যকা; উত্তরের গিরিশিখরগুলি ১৩ হাজার ফুটের অধিক উচ্চ। পাঞ্জকোরা নদী প্রবাহিত। ফল, আরণ্যকাঠ প্রধান সম্পদ। আ. ৩০০০ ব মা; জন ১, ৪৮, ০০০ ('৫১)। ...শাসনকেন্দ্র দির নগর; মালখন্দ হইতে ভাল রাস্তা আছে। পেশাওয়ার হইতে ৮৫ মা উ.-পূর্বে অবস্থিত। অধিবাসীরা ইউসুফজাই পাঠান। দির-এর নবাবের বহু সর্দার আছে।

**দিলদার নগর** (Dildarnagar): উত্তর প্রদেশ; গাজিপুর জেলার শহর ও জং স্টেশন; কলিকাতা হইতে পূ. রেলপথে ৪২৬ মা। এখান হইতে শাখা রেল গঙ্গা ঘাটে তাড়িঘাট পর্যন্ত (১২ মা) গিয়াছে; তাড়িঘাটে গঙ্গা পার হইয়া গাজিপুর।

**দিল্লী, দেহেলি** (Delhi): ভারতের রাজধানী, ১৯৪৭ অগস্ট হইতে। তৎপূর্বে ১৯১২ এপ্রিল হইতে ১৯৪৭ পর্যন্ত ব্রিটিশ ভারতের রাজধানী। ১৩ শতক হইতে ১৯ শতকের মধ্যভাগ পর্যন্ত মুসলমানদের রাজধানী। দাসবংশের সুলতান ইলতুতমিস (১২১১—৩৬) এখানে প্রথম রাজধানী পত্তন করেন; প্রাচীন হিন্দু হস্তিনাপুর ও ইন্দ্রপ্রস্থ এবং ঐতিহাসিক যুগের নগর ও মন্দিরাদি ধ্বংস করিয়া তিনি প্রাসাদ, কুতবমিনার ও মসজিদ প্রভৃতি নির্মাণ করেন। এইসকল স্থাপত্যের মধ্যে হিন্দু ভাস্কর্যাদির বহু নিদর্শন এখনো দেখা যায়। সে দিল্লী বর্তমানের নয়া-দিল্লী, পুরানো দিল্লী ও অস্থায়ী দিল্লী—(যেখানে দিল্লী বিশ্ববিদ্যালয় ও সরকারী প্রকাশন বিভাগাদি আছে) তাহা পরস্পর হইতে বহু ক্রোশের ব্যবধানে অবস্থিত। সাধারণত দিল্লী বলিতে যাহা

আমরা বুঝি, সে দিল্লী গড়েন শাহজহান ; লালকিল্লা জুমামসজিদ ও প্রাকার প্রভৃতি সেই সময়ে নির্মিত হয়। প্রাকারের নিম্ন দিয়া যমুনা নদী প্রবাহিত। শাহজহানের দিল্লীর সৌন্দর্য অতুলনীয় ছিল।...১৯১১ ডিসেম্বর দিল্লীতে দরবারে ৫ম জর্জের অভিষেক হয় ; সেই সময়ে ঘোষিত হয় যে দিল্লী ভারত সাম্রাজ্যের ভাবী রাজধানী হইবে। কলিকাতা হইতে রাজধানী স্থানান্তরিত করিবার প্রথম প্রস্তাব হইল। ১৯১২ এপ্রিল হইতে অস্থায়ী দিল্লীতে রাজধানীর কায আরম্ভ হইল। নয়াদিল্লীর কার্য আরম্ভ হয় ১৯১৩-এ, কিন্তু মহাযুদ্ধের জন্য কাজ অগ্রসর হয় নাই। ১৯৩১-এ আনুষ্ঠানিকভাবে নয়াদিল্লীর উদ্বোধন হয়।...দিল্লী এতাবদকাল পঞ্জাবের অন্তর্গত ছিল রাজধানী হইলে উহা পৃথক এলাকা করা হয়। ১৯৪৭-এ পৃথক স্টেট ('গ') হয়। রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় দিল্লীর পৃথক রাজ্যর অস্তিত্ব নাকোচ হইয়াছে, এখন কেন্দ্রীয় সরকারের খাস প্রদেশ। দিল্লীর জন সংখ্যা ৫,৪২,৯৮৪। উহা বড় জংশন স্টেশন ; চারিদিকে রেলপথ গিয়াছে : কলিকাতা, সিমলা, অমৃতসর পাঠান-কোট, লাহোর পেশোয়ার, অজমের, অহমদাবাদ প্রভৃতি। কলিকাতা হইতে দিল্লী ৮৯৫ মা ; বোম্বাই ৯৫৭ মা ; মদ্রাজ ১৩৬১ মা।...দিল্লীর বিমানবন্দর পালাম ; এখান হইতে ভারতের বহুস্থানে বিমানযোগে যাওয়া যায়।...ভারত বিভক্ত হইবার পর দিল্লীতে বহু সহস্র পঞ্জাবী উদ্‌বাস্তু আসিয়া নগরের উপকণ্ঠে বহু শহর-তলী এবং শিল্প কারখানা স্থাপন করিয়াছে। ...ভারত সরকারের বহু অপিস, ল্যাবরেটরী এখানে আছে ; বৈদেশিক রাষ্ট্রদূতদের অপিস ও নিবাসস্থান ; রাষ্ট্র-সংসদের শিক্ষা ও বিজ্ঞান সংস্থার জন্য একটি স্থায়ী গৃহ নির্মিত হইয়াছে। এখানকার পাবলিক লাইব্রেরী একটি বিখ্যাত প্রতিষ্ঠান।...দিল্লী বিশ্ববিদ্যালয় ১৯২৬-এ স্থাপিত। ১৭টি শিক্ষণীয় বিভাগ ইহার অন্তর্গত।

**দিল্লী রাজ্য** (Delhi State) : ভারতের 'গ' শ্রেণীর রাজ্য। ইহার উত্তর, দক্ষিণ ও পশ্চিমে পূর্ব পঞ্জাব, পূর্বে উত্তর প্রদেশ। আ. ৫৭৪ ব মা, জন ১৭,৪৪,০০০ ('৫১)। ১৯১৫-এ পঞ্জাব-অন্তর্গত দিল্লী শহর ও উত্তর প্রদেশের ৬৫টি গ্রাম লইয়া চীফ-কমিশনার শাসিত প্রদেশরূপে ইহা প্রথম গঠিত হয়। ভারত বিভাগের পর হইতে বহু উদ্‌বাস্তু (অধিকাংশই পঞ্জাবী ও সিন্ধী) এই রাজ্যে বাস করিতেছে। তজ্জন্য দিল্লী শহরের চারিদিকে বহু উপনগরী গড়িয়া উঠিয়াছে।

১৯৪৭ হইতে রাষ্ট্রপতি মনোনীত চীফ-কমিশনার দ্বারা রাজ্য শাসিত হইত। রাজ্যের আইনসভায় (৪৮ সদস্য) ও মন্ত্রিসভা ছিল। রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় ১৯৫৬ হইতে ইহার পৃথক রাষ্ট্রত্ব লোপ পাই-যাছে ; এখন কেন্দ্রীয় সরকারের খাস বিভাগাধীন মিউনিসিপালিটি বা কর্পোরেশনের উপর ইহার সাধারণ কার্যভার ন্যস্ত হইয়াছে।

**দিসেরগড়** (Disergarh) : বর্ধমান জেলা, আসানসোল মহকুমা, কুলটি থানার শহর। আসানসোল-আদরা-গোমোর কয়লা অঞ্চলের শহর। স্টেশন রাধানগর (কলিকাতা হইতে ২০১ মা।) জন. ৭,৮৪২। এখানকার পাওয়ার সাপ্লাই কোঃ লিঃ হইতে ১৬,০০০ K. W. বিজলি সরবরাহ হয়। এই কোম্পানি ও অ্যাসোশিএটেড পাওয়ার কোঃ লিঃ উত্তরে খনি অঞ্চলে প্রায় ৪০০ ব মা স্থানে বিজলিশক্তি দেয়।

**দিহং** (Dihong) : ব্রহ্মপুত্র নদের যে অংশ আসামের উ.-পূ. সী. প্রদেশের (NEFA) মধ্যে প্রবাহিত তাহার স্থানীয় নাম ; তিব্বতের অংশের নাম সাঙপো।

**দীঘা** (Deegha) : মেদিনীপুর জেলা ; কাঁথি মহ.র রাম-নগর থানার গ্রাম ; সমুদ্রতীরে অবস্থিত ; কাঁথি শহর হইতে ভাল পথ (১৮ মা) নির্মিত হইয়াছে। এইখানে স্বাস্থ্যনিবাসিক একটি শহর পত্তনের পরিকল্পনা হইতেছে। সমুদ্র তট অতি সুন্দর ; বালিয়াড়ি পাহাড় ইতস্তত। ...ভ্রমণবিলাসীদের পক্ষে আকর্ষণীয় স্থান। আধা-সরকারী কাফাতোরিয়ায় খাদ্যাদি পাওয়া যায়। খড়গপুর হইতে ৭২ মা ; বেলদা বা কাঁথি রোড স্টেশন হইতে কাঁথি হইয়া (৩৭ মা) দীঘা ৫৫ মা।

**দীঘিনালা** (Dighinala) : পার্বত্য চট্টগ্রাম জেলা ; রাঙামাটি মহ.র থানা ; আ. ২৭১ ব মা। গ্রাম।

**দীপলপুর** (Dipalpur) : পাক. পঞ্জাব ; মন্টগোমারি জেলার তহশীল ও শহর ; বারি দোয়াবের খাল অঞ্চলে অবস্থিত। অমৃতসর-কাসুর-লোধরান (২৮৯ মা)

রেলপথের পশ্চিমে শহর, রেলপথ নাই। মন্ট. হইতে ৩৩ মা পূর্বে। ...মধ্যযুগের একটি দুর্গ আছে। ১৫২৪-এ বাবর এই স্থান অধিকার করেন।...দীপলপুর খাল (Dipalpur canal): শতদ্রুর দক্ষিণ দিক হইতে নির্গত হইয়া পাকপাটন খালের সহিত মিলিত হইয়াছে। দৈর্ঘ্য প্রায় ১১০ মা।

**দুজানা** (Dujana): পূর্বতন পঞ্জাবের করদরাজ্য; দিল্লীর পশ্চিমে। আ. ৯১ ব মা; জন. ৩০,৬৬৬। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩৪,০০০ টা. ভাতা দেওয়া হয়। বর্তমানে পূ. পঞ্জাব, রোহটক জেলাভুক্ত শহর (জন. ৪,২৭৮)।

**দুবরাজপুর** (Dubrajpur): বীরভূম জেলার সদর মহকুমার থানা ও চৌকি-শহর। থানার আ. ১৩৮·৮ ব মা; জন. ৭৬,১২৬। ১৮১টি গ্রাম। শহর (জন. ১২,২০৫) সাঁইথিয়া-অনডাল লাইনের স্টেশন (২৪ মা)। শহরের চারিদিকে গ্রানাইট শিলাখণ্ড, এবং নিকটেই বক্রেশ্বরের উষ্ণ কুণ্ড। উচ্চ বিদ্যালয় (১৯১৯)। রেজি. অপিস (১৮৭৪), মুন্সেফী আদালত। ...এখানকার পাহাড় ভাঙিয়া অজয় সেতু নির্মাণের জন্য ব্যবহৃত হইতেছে। চাউল, তেলের কল এবং পিতল-কাঁসার বাসন-পত্রের জন্য স্থানটি খ্যাত।

**দুমকা** (Dumka): বিহার; সাঁওতালপরগনা জেলার মহকুমা। আ. ১,৪৭৪ ব মা; জন. ৫,৩৬,২০০; ঘনতা ৩৬৪। ১০ থানা। এই মহ.র পূর্বাঞ্চলে দামিন কোহ পাহাড়; পাহাড়ের পূর্বাংশ সমতল ও বাঙালীদের বাস।

**দুমকা** (Dumka): বিহার; সাঁওতালপরগনা জেলার সদর শহর। শহর (জন. ১৩,৫৮২) রামপুরহাট হইতে মোটর পথে ৪৫ মা। রামপুরহাট, দেওঘর ও সিউরী হইতে বাস্ সার্বিস আছে। উত্তরে ভাগলপুর প্রভৃতির সহিত মোটর পথে যুক্ত। এখানে নরওয়েজান খ্রীষ্টান মিশনের বড় কেন্দ্র আছে। মিশন হইতে সাঁওতালি ভাষায় বই, পত্রিকা প্রভৃতি প্রকাশিত হয়। সাঁওতালদের জন্য বিদ্যালয়াদি আছে। ...শহরের নিকট পাহাড়, বীরভূম জেলা হইতে দেখা যায়।

**দুমদুমা** (Dumduma): আসাম; লখীমপুর জেলার থানা। আ. ৩১৩ ব মা; জন. ১,২৪,৯৭৮; ঘনতা ৩৯৯।...শহরের জন. ৩,০৯৯। ডিব্রুগড়-লিডো রেলপথের স্টেশন (৪৫ মা)। নিকটে বহু চা-বাগিচা।

**দুরো, ডুরো** (Douro river): স্পেন-পোর্তুগালের মধ্যে প্রবাহিত নদী; ৪৮০ মা দীর্ঘ। অতলান্তিক মহাসাগরে অপোর্তো বন্দরের নিকট পড়িতেছে। মাঝে মাঝে প্রপাত থাকায় খণ্ডভাবে নাব্য। এই নদীর উপত্যকা দ্রাক্ষাউদ্যান পূর্ণ।

**দুরগ, দ্রুগ** (Durg, Drug): মধ্যপ্রদেশ রাজ্য; ছত্রিশগড় বিভাগের জেলা। উত্তরে ও পশ্চিমে সাতপুরা পাহাড় সারি। প্রধান নদী শিওনাথ ও তাহার শাখা। পার্বত্য অঞ্চলে বাঁশ, শাল, হরিতকী জন্মে। তুলা ও গমের চাষ বিস্তর। লৌহচূর, চুনাপাথর ও সেরামিক-মৃত্তিকা পশ্চিমে পাহাড়ে পাওয়া যায়।...বর্তমান আ. ৭,৫৮০ ব মা; জন. ১৪,৮১,৭৫৬।...পূর্বে এই জেলার আয়তন ছিল ৪,৮৩০ ব মা। ১৯৪৭-এর পর ছুইখাদন, কওয়ার্ধা, খয়রাগড়, নন্দগাঁও করদরাজ্যগুলি এই জেলাভুক্ত হওয়ায় জেলার আয়তন বাড়িয়াছে। এই ৪টি রাজ্য এখন দুরগ জেলার মহকুমা। জনসংখ্যার শতকরা হিন্দু ৮০%; উপজাতি ১৮%; মুসলমান ২%।—সদর শহর (জন. ২০, ২৪৯) কলিকাতা-বোম্বাই রেলপথের স্টেশন (৫৩৯ মা)। নাগপুর ১৬৪ মা। ধান, পান, রেশমের জন্য পরীক্ষা-খামার আছে। দুরগ শহর হইতে ৯ মা পূর্বে ভিলাই নামক স্থানে সোবিয়েত ইন্‌জিনীয়ারদের সহায়তায় বিরাট লৌহ-ইস্পাত কারখানা নির্মিত হইতেছে। ১৯৫০ হইতে কারখানা নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে।...ব্যাংক: ইলাহাবাদ, স্টেট, নাগপুর, লক্ষ্মী, সমবায়।

**দুর্গাপুর ব্যারাজ** (Durgapur Barrage): বর্ধমান জেলা; রানীগঞ্জের ১৫ মা দ.-পূর্বে দুর্গাপুর গ্রামের নিকট দামোদর নদীকে বাঁধিয়া বন্যা নিয়ন্ত্রণ ও জলসেচনের ব্যবস্থা হইতেছে। দামোদর ভ্যালি কর্পোরেশন-এর অন্তর্গত এই কার্য ১৯৫২-এ আরম্ভ হইয়াছিল; ব্যারাজ বা বাঁধ ১৯৫৫-এ শেষ হয়; কিন্তু বাঁধের আনুষঙ্গিক সকল কার্য শেষ হইতে আরও সময় লাগিবে। সমগ্র পরিকল্পনায় প্রায় ২০ কোটি টাকা ব্যয়িত হইবে।. বাঁধ

২,২৭১ ফুট দীর্ঘ; ৬০ ফুট করিয়া ৩৪টি খাটাল (span)। ৩৮ ফুট উচ্চ।...এই জলাধার হইতে বর্ধমান ও বাঁকুড়ার ১০'২৫ লক্ষ একর খরিফ জমিতে ও ৩ লক্ষ একর রবি ফসল ক্ষেতে খালের দ্বারা জল সরবরাহ হইবে। দেড় হাজার মাইল নানা শ্রেণীর খাল কাটা হইতেছে।...এই জলাধারের বাম দিক হইতে ১৭২ ফুট প্রশস্ত ও ১২ ফুট গভীর একটি খাল ত্রিবেণীর নিকট ভাগীরথীতে গিয়া মিশিবে। কলিকাতা হইতে ভাগীরথী দিয়া এই খাল দিয়া অন্ডাল-রানীগঞ্জ কয়লা-অঞ্চলে নৌকা ও লঞ্চ চলাচল সম্ভব হইবে। দুর্গাপুর জলাধার শেরশাহ সড়ক ও রেলপথের ধারে প্রায় ৭ মা বিস্তারিত হইয়াছে। এখানে মৎস্য চাষ হইবে।...কোক ওভেন বা কয়লা-পোড়াই ও চোলাই কারখানা ও ইস্পাত কারখানা স্থাপিত হইতেছে।

**দুর্গাপুর** (Durgapur): পূ. পাক.; রাজসাহী জেলা, সদর মহ.র থানা। আ. ৭৬ ব মা। গ্রাম, ডাকঘর।

**দুর্গাপুর (সুসঙ্গ)** (Durgapur): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, নেত্রকোনা মহ.র থানা, গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৯২)। এই থানার উত্তরে আসাম রাজ্য। জড়িয়া-ঝঞ্জাইল (দ্র.) স্টেশন হইতে সড়ক আছে। থানার আ. ১৮৭ ব মা।

**দূর-প্রাচ্য** (Far-East): ইউরোপ হইতে পূবে, এশিয়ার পূর্ব সীমান্তে অবস্থিত দেশগুলিকে ইউরোপীয় এমনকি আমেরিকান লেখকগণও ফার-ঈস্ট বা দূর-প্রাচ্য বলেন। কোরিয়া, চীন, জাপান, বর্মা, থাইলন্ড প্রভৃতি দেশের সাধারণ নাম।...প্রশান্ত মহাসাগরের বাণিজ্যিক ও রাজনীতিক সমস্যা দূর-প্রাচ্যকে কেন্দ্র করিয়া ক্রমশই জটিল হইতেছে।

**দেউলটি** (Deulti): হাওড়া জেলা; উলুবেড়িয়া মহকুমার বাগনান থানার গ্রাম ও স্টেশন (৩২ মা); এখান হইতে নামিয়া পানিত্রাসের নিকট বাজে-শিবপুর বা সামতাবেড় নামক স্থানে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় বাস করিতেন। ১৯২৫-এ গৃহ নির্মাণ করিয়া অধিকাংশ সময় তিনি সেখানে থাকিতেন। এই পল্লীতে সেই সময়ের নবীন সাহিত্যিকরা প্রায়ই যাইতেন।

**দেওগড়** (Deogarh): উত্তরপ্রদেশ; ঝাঁসী জেলার গ্রাম, বেতোয়া নদীতীরে, ললিতপুর হইতে ৬৫ মা উ.-পূর্বে অবস্থিত। গুপ্ত যুগের শ্রেষ্ঠ স্থাপত্যের অন্যতম নিদর্শন এখানকার মন্দিরে দেখা যায়। One of the surviving gems of Hindu architecture হইতেছে এক শিব-মন্দির। (Rowland 127)। দশাবতার মন্দির, জৈন মন্দির, বুন্দেল রাজপুতদের দুর্গাদি এখনো দেখা যায়।

**দেওগড়, দেবগড়** (Deogarh): ওড়িশা; সম্বলপুর জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র আ. ১,০১৪ ব মা; জন. ১৬,৮৭৫। ৫ থানা। দেওগড় থানার আ. ৩১২ ব মা; জন. ২৭,৩৩৬। গ্রাম ১৬১। শহরের জন. ৫,১১১। সম্বলপুর হইতে দেওগড় মোটর বাসে ৬০ মা, বামড়া হইতে ৬৪ মা।

**দেওঘর** (Deoghar): বিহার; সাঁওতালপরগনা জেলার মহকুমা ও শহর। মহকুমার আ. ৯৫১ ব মা; জন. ৪,২২,৮২৪। ৬টি থানা। মধুপুর এই মহকুমার মধ্যে। দেওঘরের অন্য নাম বৈদ্যনাথ ধাম; জসীডিহি জং. (১৯৩ মা) হইতে বৈদ্যনাথ ধাম শাখা রেলের শেষ স্টেশন (৪ মা)। দেওঘর এক কালে স্বাস্থ্যকর স্থান ছিল। জন. ২৫, ৫১০। সেন্‌ট্রাল, ইউনা. কমার্স ব্যাংক। দেওঘরে রামকৃষ্ণ মিশনের আশ্রম, বিদ্যাপীঠ আছে। অধুনা পাবনা হইতে স্থানান্তরিত অনুকূল ঠাকুরের সৎসঙ্গ আশ্রম আছে। প্রতি বৎসর ঠাকুরের ও তৎপুত্রের জন্মদিন উপলক্ষ্যে উৎসব হইতেছে। বহু সহস্র লোক সেখানে যায়।...দেওঘরে রাজনারায়ণ বসুর গৃহ ছিল।...বর্তমানে এখানে ডিগ্রী কলেজ হইয়াছে।

**দেওবন্দ** (Deoband): উত্তরপ্রদেশ; সাহারানপুর জেলার মহকুমা ও শহর। শহর (জন. ২৫,৯০৬) দিল্লী-মীরাট-সাহারানপুর লাইনের স্টেশন (৯১ মা)। ১৮৭৬ অব্দে এখানে আরাবিক কলেজ স্থাপিত হয়; মুসলমানদের ধর্ম-শিক্ষার বিশিষ্ট কেন্দ্র। বয়নশিল্পের জন্য খ্যাত স্থান। ব্যাংক: প. ন্যাশনাল ও স্টেট।

**দেওয়ানগঞ্জ** (Dewanganj): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, জামালপুর মহ.র থানা। আ. ১৬৬ বমা।...গ্রাম ব্রহ্মপুত্রের শাখা তীরে, বাহাদুরাবাদের পূর্বে; ডাকঘর, রেজি. অপিস (১৮৮৮) আছে।

**দেওয়াস** (Dewas): মধ্যভারত ইউনিয়ন ;—বর্তমান মধ্যপ্রদেশের জেলা। আ. ৮৬৮ ব মা ; জন. ৩, ৪৫, ৩০৬। ...পূর্বতন মধ্যভারত স্টেটসের ভুপাল এজেন্সির অন্তর্গত বড় তরফ ও ছোট তরফ নামে ২টি রাজ্য ছিল। রাজ্যগুলি ভারতভুক্ত হইলে (১৯৪৮ জুন) রাজারা যথাক্রমে বাৎসরিক ১, ৪৫, ০০০ টাকা ও ১, ৮০, ০০০ টাকা ভাতা পান। দুইটি রাজ্য মিলিত হইয়া নূতন দেওয়াস জেলা হইয়াছে। দেওয়াস শহর (জন. ২৭, ৮৭৯.) ইন্দোরের উ.-পূর্বে অবস্থিত। দেওয়াস ব্যাংক, লক্ষ্মী ব্যাংক। রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় মধ্যভারত রাজ্য মধ্যপ্রদেশভুক্ত হইয়াছে।

**দেওরিয়া** (Dewria): উত্তর প্রদেশের গোরখপুর বিভাগের জেলা ও শহর। জেলার আ. ২০৮০ ব মা ; জন. ২১, ০২, ৬২৭। উ.—নেপাল ; প.—গোরখপুর জেলা ; পূ.—বিহারের সারণ ও চম্পারণ জেলা ; দ.—ঘর্ঘরা নদী। পূর্বে এই জেলা গোরখপুর জেলার তহশীল ছিল। ...প্রাচীনকালে এই জেলা মগধ-রাজ্যের অন্তর্গত ছিল। খ্রী.পূর্বাব্দ ৫ম শতক হইতে খ্রী. ১৩ শতক পর্যন্ত এই অঞ্চল জৈন, বৌদ্ধ ও ব্রাহ্মণ্যধর্মের পোষকতা করিয়াছিল। এই জেলায় ও গোরখপুরে বহু ঐতিহাসিক স্থান রহিয়াছে। মহাপরিনির্বাণ স্তূপ দেওরিয়া শহরের ২৫ মা দূরে, কুশীনগর ২৩ মা দূরে। সোহ্‌-নাগ, খুখুন্দু (Khukhundoo), সাহানকোট প্রভৃতি স্থানে প্রাচীন ধ্বংসাবশেষ দেখা যায়। এই জেলার বিবরণ ফা-হিয়েন ও হিয়েনৎসাঙ-এর ভ্রমণ বৃত্তান্তের মধ্যে পাওয়া যায়।

জেলায় ১৬টি চিনি-কল। ৪টি তহশীল: হাতা, পাদ্রুআনা (Padruana), সালেমপুর ও দেওরিয়া।... দেওরিয়া সদর শহর (জন ২০, ১৫৬) গোরখপুর-ভাটনি লাইনের উপর স্টেশন (৩১ মা)। ইলাহাবাদ, সেন্ট্রাল, কাসিয়া সমবায় ব্যাংক। ১৯৫০-এ এখানে একটি মিউজিয়াম স্থাপিত ও কুশীনগর পর্যন্ত ২৩ মা রেলপথ নির্মিত হইয়াছে।

**দেওলালি** (Deolali, Devalali): বোম্বাই রাজ্য ; নাসিক জেলার শৈলশহর ; বোম্বাই হইতে ১১৩ মা ; নাসিক ৪ মা দূরে। বিশ্রাম ও বায়ুপরিবর্তনের স্থানরূপে আদৃত। কান্টনমেন্ট এলাকার জন. ২৭,০৭৫। অপরাংশের জন. ২৬,৮৮৫। স্টেট ও সিটিজেন ব্যাংক।

**দেওলি** (Deoli): রাজস্থান ; অজমের-মেরওয়ারা প্রদেশের শহর, বনাস নদীতীরে। অজমেরের দক্ষিণে (১৫ মা) নাসিরাবাদ স্টেশন হইতে ৫৭ মা দক্ষিণ-পূর্বে দেওলি অবস্থিত। রেলপথ নাই। এখানে ক্ষুদ্র সৈন্য ছাউনি ছিল। ব্রিটিশ যুগে এই দুর্গম স্থানে বহু বাঙালী যুবককে অন্তরীণাবদ্ধ রাখা হইত। জন. ৪,০৭১। ...দেওলি পূর্বে প্রতাপগড়ের রাজধানী ছিল, পরে পরিত্যক্ত হয়।

**দেগঙ্গা** (Deganga): ২৪-পরগনা জেলা ; বারাসাত-মহ.র থানা ও গ্রাম। থানার আ. ৭৮ ব মা ; জন. ৭১,৭৯২ ; ঘ. ৯২০।...গ্রাম (জন. ৪৭৬) বারাসাত-বসিরহাট ছোট লাইন ও রাস্তার উপর ; ডাকঘর, ডিসপেন্সারি, রেজি. অপিস আছে।

**দেবকোট্টাই** (Devakottai): মদ্রাজ রাজ্য ; রামনাথপুরম জেলার শহর। মদ্রাজ-মায়াপুরম-ধনুষ্কোটি রেলপথে দেবকোট্টাই রোড স্টেশন (৩০৫ মা) হইতে পূর্বদিকে শহর অবস্থিত, মাদুরাই হইতে ৪৫ মা পূর্বে। জন. ২৬,৩১৫। দক্ষিণ ভারতের চেট্টি বণিকদের আবাস ও ব্যবসায় স্থল। ব্যাংক: কাক্কুর হিন্দু, ইন্ডি. ওভারসীজ, ইন্ডি. ব্যাংক প্রভৃতি।

**দেবগড় বারিয়া** (Devgad Bariya): বোম্বাই; পঞ্চমহল জেলার শহর, বোম্বাই-দিল্লী ব্রড্‌ রেলপথে পিপলোদ জং. (৩১০ মা) হইতে শাখা লাইনের শেষ স্টেশন (১০ মা)। জন. ১০,২১৫। বো. স্টেট সমবায় ব্যাংক।

**দেবগিরি** (Devagiri): হায়দরাবাদ (বর্তমানে বোম্বাই রাজ্য); অওরঙ্গাবাদ জেলার দৌলতাবাদ (দ্র.)-এর প্রাচীন নাম। এখানে যাদব বংশীয় ভিল্লম ১১৮৭-অব্দে রাজধানী স্থাপন করেন। আলাউদ্দীন খলজি ১২৯৪-এ দেবগিরি আক্রমণ করেন ; তখন রামচন্দ্রদেব রাজা। শেষ রাজা হরপালদেব ১৩১৮-এ মুবারক শাহ খলজির দ্বারা নিহত হন। মহম্মদ তুঘলক এইখানে সাম্রাজ্যের কেন্দ্র বলিয়া রাজধানী দিল্লী হইতে সরাইয়া আনেন ও নূতন নগরের নাম দেন দৌলতাবাদ

**দেবপাড়া** (Devapara): পূ. পাক.; রাজশাহী জেলার গ্রাম। এইখানে বাংলার সেনবংশীয় প্রধান পুরুষ বিজয়সেন (বল্লালের পিতা) উৎকীর্ণ শিলালিপি পাওয়া গিয়াছে। উহা হইতে জানা যায় কর্নাট দেশীয় সামন্তসেনের পৌত্র ও হেমন্তসেনের পুত্র বিজয়সেন রাঢ় অধিকার করেন। খেতুরের নিকট বিজয়নগর নামে একটি গ্রাম আছে, উহা বিজয়সিংহের রাজধানী ছিল বলিয়া অনুমিত।

**দেবল** (Debal): মধ্যযুগে সিন্ধুনদের শহর ও বন্দর; অনুমান করাচি ও থাটার মধ্যবর্তী কোন স্থান। এককালে সিন্ধুর বাণিজ্যকেন্দ্র ছিল। বলুচি ও অন্যান্য দুর্ধর্ষ উপজাতির উৎপাতে লোকে দেবল ত্যাগ করিয়া লারি বন্দর নামক স্থানে উঠিয়া যায়।

**দেবহাট্টা** (Debhatta): পূ. পাক.; খুলনা জেলা, সাতক্ষীরা মহ.র থানা; আ. ৭৮ ব মা। গ্রাম, ডাকঘর। কালিন্দী নদীর বাম তটে। অপর তীরে প. বঙ্গের হাসনাবাদ, টাকি প্রভৃতি স্থান।

**দেবানন্দপুর** (Debanandapur): ব্যান্ডেল জংশনের নিকটবর্তী গ্রাম; শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান। কবি ভারতচন্দ্রও এই গ্রামে কিছুকাল বাস করিয়াছিলেন। সম্প্রতি ইঁহাদের উদ্দেশ্যে স্মৃতিফলক প্রতিষ্ঠিত হইয়াছে।

**দেবীদুয়ার** (Debiduar): পূ. পাক.; ত্রিপুরা জেলা, কুমিল্লা সদর মহ.র থানা। আ. ৯৩ ব মা। গ্রাম, ডাকঘর।

**দেলবারা, দেবলবার** (Delwara): আবু পর্বতে (দ্র.) জৈনদের তীর্থঙ্কর আদিনাথের পাঁচটি মন্দির; ১০৩২-১২৩১-এর মধ্যে নির্মিত। মন্দিরের বাহিরে কারুকার্য নাই, ভিতরে কারুকার্যের সূক্ষ্মতা বিস্ময়কর।

**দেলস** (Delos): গ্রীসের দ্বীপাবলী সিক্লাইডিসের একটি দ্বীপ; প্রাচীন গ্রীসে আথেনীয় সাম্রাজ্য স্থাপনের পূর্বে ডিলীয়ান লীগ (৪৭৮-৪৫৪ খ্রী. পূ.) গঠিত হয়। সংঘের ধনভাণ্ডার এই দ্বীপে রক্ষিত হইত; এখন হইতে উহা আথেন্সে স্থানান্তরিত হইবার পর আথেন্সের ভাগ্যোদয় হইল বটে, কিন্তু সঙ্গে সঙ্গে বিরোধের সূত্রপাতও হইল।

**দেশীয় রাজ্য (পূর্বতন)** (Former Indian states or Princely States): অবিভক্ত ভারতের (আ ১৮,০৮,৬৭৯ ব মা) অর্ধেকের কিছু কম ভূখণ্ড (আ. ৭,১৫,৮৭০ ব মা) জুড়িয়া ৭০৩টি দেশীয় রাজ্য ছিল। রাজ্যগুলির কোনোটি ক্ষুদ্র, কোনোটি বা বিশাল। ক্ষুদ্রতম রাজ্য—বিলবারি (Bilbari, যাহার জনসংখ্যা মাত্র ২৭ ও রাজস্ব ছিল মাত্র ৮০ টাকা) এবং বৃহত্তম রাজ্য হায়দরাবাদ (আ. ৮২, ১৬৮ ব মা)। রাজ্যের আকার, আয়, জনসংখ্যা, শাসনাধিকার, রাজসম্মান প্রভৃতির পার্থক্য অত্যন্ত বিচিত্র। ইহাদের ১৪১টি রাজ্যের আভ্যন্তরীণ ব্যাপারে ইংরেজরা হস্তক্ষেপ করিতেন না; অবশিষ্ট ৫৬২টি রাজ্যকে প্রকৃত দেশীয় রাজ্য বলিয়া ধরা হইত। জেল, পুলিশ, বিচার ইত্যাদি বিষয়ে ইহারা স্বাধীন ছিল; এমনকি কোনো কোনো রাজ্যে নিজ ডাক (১৫টি রাজ্য), রেলপথ ও টাঁকশাল (৮টি) ছিল। ৪০টি রাজ্যে হাইকোর্ট, ৩০টি রাজ্যে ব্যবস্থাপক সভা ও ৩৫টিতে কার্যনির্বাহক-সভা ছিল। কতিপয় রাজ্যের নিজ সৈন্যবাহিনী ছিল; কিন্তু ইহা খুব উন্নত ছিল না। ...মন্টেগু-চেমস্‌ফোর্ড রিপোর্ট অনুসারে ১৯২১-এ নরেন্দ্রমণ্ডল বা Chamber of Princes গঠিত হয়। উহা একটি আলোচনা-সভা মাত্র, কোনো কার্যকরী শক্তি ইহার ছিল না। ১৯৪৭-এ ইহা বন্ধ হইয়া যায়। ১৯৩৫-এর শাসনবিধি অনুসারে 'যুক্ত-রাষ্ট্র' বা 'ফেডারেল স্টেটে' দেশীয় রাজা এবং তাঁহাদের মনোনীত প্রতিনিধি ঢুকিবার অধিকার লাভ করেন; কিন্তু প্রজা সাধারণের প্রতিনিধিদের জন্য ব্যবস্থা হয় নাই।

অবিভক্ত ভারতের দেশীয় রাজ্যগুলিকে এই ৬টি ভাগে ভাগ করা যায়: রাজপুত রাজ্যমণ্ডলী (কাশ্মীর সমেত), হায়দরাবাদ ও মুসলমান রাজ্যমণ্ডলী, মারাঠা রাজ্যমণ্ডলী, শিখ রাজ্যমণ্ডলী, মহীশূর ও দক্ষিণ ভারতীয় রাজ্যমণ্ডলী, ওড়িশা সামন্ত রাজ্যমণ্ডলী।

১৯৪৭-এর ভারতীয় স্বাধীনতা আইন অনুসারে দেশীয় রাজ্যগুলির সঙ্গে ব্রিটিশের সকল সম্পর্ক ছিন্ন হইয়া যায়।

১৯৪৭, অগস্ট ১৫ই ভারত বিভক্ত হইলে ভারতের

মধ্যে ৫৫৬টি দেশীয় রাজ্য পড়ে। বাকিগুলি পাকিস্তানের অন্তর্গত হয়। পাকিস্তানভুক্ত দেশীয় রাজ্যসমূহের মোট আ. ১, ৩০, ৪৪৯ ব মা; জন. ৫১, ৫৬, ০০০। ভারতভুক্ত দেশীয় রাজ্যসমূহের মোট আ. ৫, ৮৬, ৪২১ ব মা, জন. ৯, ২৯, ২৩, ০৮০।

ভারত স্বাধীন হইলে পুরাতন দেশীয় রাজ্যগুলির সহিত ভারতের নূতনভাবে সম্বন্ধ স্থাপিত হইল। ১৯৪৮, ১ জানু. হইতে ১৯৫০, ২৬ জানুয়ারির মধ্যে ভারত অংশের সমুদয় দেশীয় রাজ্যগুলি ভারতের সংবিধান মানিয়া লইয়া ভারতভুক্ত হইয়া পড়ে।

ভারতভুক্তিকার্য তিনভাবে সম্পাদিত হয়। প্রথমত—২১৬টি রাজ্য (আ. ১, ০৮, ৭৩৯ ব মা; জন. ১, ৯১, ৫৮, ০০০) বিভিন্ন গবর্নর বা রাষ্ট্রপালশাসিত রাজ্যের অন্তর্গত হইয়াছিল। দ্বিতীয়ত—৬১টি রাজ্য (আ. ৬৩, ৭০৪ ব মা; জন. ৬৯, ২৫, ০০০) কেন্দ্রীয় শাসন বিভাগের প্রত্যক্ষ ব্যবস্থার অন্তর্ভুক্ত হয় ও ৭টি চীফ কমিশনার শাসিত রাজ্যরূপে গঠিত হয়। তৃতীয়ত—২৭৫টি রাজ্য (আ. ২, ১৫, ৫৫০ ব মা; জন. ৩, ৪৭, ০০, ০০০) পাঁচটি রাজপ্রমুখ শাসিত রাজ্যমণ্ডলীর অন্তর্ভুক্ত হয়। ইহা ছাড়া হায়দরাবাদ, মহীশূর ও জম্মু-কাশ্মীর স্বতন্ত্রভাবে ভারতভুক্ত হইয়াছে। ইহাদের মিলিত আ. ১, ৯৭, ৫২৮ ব মা, জন. ৩, ২১, ৪০, ০৮০।

চীফ-কমিশনার শাসিত রাজ্যগুলির নাম—হিমাচল-প্রদেশ, কচ্ছ, বিলাসপুর, ভুপাল, ত্রিপুরা, মনিপুর, বিন্ধ্য-প্রদেশ। রাজপ্রমুখ-শাসিত রাজ্যগুলির নাম—সৌরাষ্ট্র, রাজস্থান, মধ্যভারত, পাতিয়ালা ও পূর্ব পঞ্জাব (পেপসু) এবং ত্রিবাঙ্কুর-কোচীন। ...১৯৫৬-এর রাজ্য-পুনর্গঠন আইন অনুসারে হিমাচল প্রদেশ, মনিপুর ও ত্রিপুরা ভারত সরকারের প্রত্যক্ষাধীন শাসন আছে, আর সকল রাজ্য বৃহত্তর রাজ্যান্তর্গত হইয়াছে। নূতন ব্যবস্থায় হায়দরাবাদের পৃথক অস্তিত্ব নাই। রাজপ্রমুখ-শাসিত রাজ্যগুলির অনেক বদল হইয়াছে।

দেশীয় রাজ্যগুলিতে বিচিত্র রকমের শাসন, অর্থনৈতিক, সামাজিক ব্যবস্থাদি এতোদিন পর্যন্ত টিকিয়া ছিল। অধিকাংশ রাজাদের ব্যক্তিগত তহবিল ও রাষ্ট্রীয় তহবিলের মধ্যে প্রায়ই পার্থক্য ছিল না ও রাজার ইচ্ছায় ব্যয় বা অপব্যয় হইত। এখন রাজাদের বার্ষিক ভাতা দেওয়া হইতেছে। প্রায় ৬ কোটি টাকা এই খাতে দেওয়া হয়। রাজাদের ব্যক্তিগত সম্পত্তির একাংশ রাষ্ট্রভুক্ত হইয়াছে।

**দেহরাদুন** (Dehra Dun): উত্তর প্রদেশ; মীরাট বিভাগের জেলা। উ.-পূবে টেহরী জেলা; উ.-পশ্চিমে পঞ্জাব, দ.—সাহারানপুর। জেলা পার্বত্য ও অরণ্যময়; গড় উচ্চতা ২০০০ ফুট। বৃষ্টি ৯০"। আ. ১,২০২ ব মা। জন. ৩.৬২ লক্ষ।

শহর (জন ১,৪৪,২১৫) হিমালয়ের পাদদেশে উপত্যকার মধ্যে অবস্থিত (২,২৮২ ফুট); কলিকাতা হইতে রেলপথে ৯৬২ মা। এখান হইতে মুসৌরি যাওয়া যায়। সরকারী বনবিভাগের কলেজ, পাবলিক স্কুল, কৃষি ইন্‌স্টিটিউট, প্রত্নতত্ত্ব বিভাগের রাসায়নিক গবেষণাগার ও কয়েকটি মিউজিয়াম আছে। ১৯২২-এ সামরিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়; ১৯৫৫-এ উহার একাংশ পুণায় স্থানান্তরিত হইয়াছে।...শহরে বহু অবসরপ্রাপ্ত, অলস ও সৌখীন লোক বাস করেন। কয়েকটি বড় ব্যাংকের শাখা আছে।...দুন অংশ হিন্দুশাস্ত্রে কেদার খণ্ড নামে খ্যাত; বহু পৌরাণিক আখ্যান ইহার সহিত জড়িত।...১৮ শতকের শেষভাগে গুর্খারা এই অঞ্চল দখল করে; গুর্খাযুদ্ধের পর সাগউলির সন্ধি (১৮১৫) মতে ইংরেজ এই সকল স্থান লাভ করে।

**দোড-বল্লাপুর** (Dod-Ballapur): মহীশূর রাজ্য; বঙ্গলুর জেলার মিউনি. শহর, অর্কবতী নদীতীরে। রেলপথের স্টেশন (২৩ মা)। এখান হইতে বিদুর-অশ্বত্থমা তীর্থে যাওয়া যায়। জন ১৮,১৪৭। দেবাঙ্গ ব্যাংক। কুটিরশিল্প-শিক্ষণ কেন্দ্র। বঙ্গলুর-গুন্টকল রেলপথের স্টেশন (৩২ মা)।

**দোন্‌ডাইচা** (Dondaicha): বোম্বাই; পশ্চিম-খানদেশ জেলার শহর; সুরত-ভুসাবল রেলপথের স্টে. (১২২ মা.); ধুলিয়া হইতে ৩২ মা উ.-পশ্চিমে। জন. ১০,৯২০। বো. স্টেট, সমবায় ব্যাংক।

**দোর-সমুদ্র, দ্বার-সমুদ্র** (Dorasamudra): মহীশূর রাজ্য; হাসান জেলার বর্তমান হালেবিদ (দ্র.) গ্রাম।

প্রাচীনকালে হোয়শল বল্লাল রাজাদের রাজধানী ছিল। ১৩২৬-এ আলাউদ্দীন খলজি ইহা ধ্বংস করেন। পশ্চিম সমুদ্রের বন্দরের সহিত রাজধানীর সংযোগ ছিল বলিয়া বোধ হয় দ্বার-সমুদ্র নাম।

**দোহদ** (Dohad): বোম্বাই রাজ্য; পঞ্চমহল জেলার তালুক ও শহর। জন. ৪২ হা.। বোম্বাই-বড়োদা-দিল্লী রেলপথের স্টে. (৩৩৪ মা)। গোদরা জং. হইতে ৪৫ মা পূর্বে। স্টেট ব্যাংক ও স্থানীয় সমবায় ব্যাংক।

**দোহাজারী** (Dohajari): পূ. পাক.; চট্টগ্রাম জেলার গ্রাম ও রেল-স্টেশন। চট্টগ্রামের ৪ মা দূরে ষোলশহর জংশন হইতে শাখা রেল দোহাজারী পর্যন্ত গিয়াছে (২৯ মা)। সাংগু নদীতীরে। পূর্ব দিকে দুর্গম পর্বতমালা ও অরণ্য ভেদ করিয়া বর্মায় যাইবার রেলপথ নির্মাণের পরিকল্পনা এক সময়ে গৃহীত হইয়াছিল।

**দোহার** (Dohar): পূ. পাক.; ঢাকা জেলা, সদর মহ.র থানা। আ. ৩৩ ব মা। গ্রাম, ডাকঘর।

**দৌরাম-মধেপুরা** (Dauram-Madhepura): দ্র. মধেপুরা, মাধীপুরা।

**দৌলতকান্দি** (Daulatkandi): পূ. পাক.; ঢাকা জেলা, নারায়ণগঞ্জ মহ.র রায়পুরা থানার গ্রাম, টংগি-ভৈরব রেলপথের স্টেশন (৩৭ মা)। স্টেশন হইতে ২ মা দ.-প. অসরফপুর গ্রামে রাজা দেবখড়্গের ১৩শ রাজ্যাব্দে উৎকীর্ণ ২টি তাম্রশাসন ও পিতল এবং অষ্টধাতু নির্মিত ৪০টি চৈত্য পাওয়া যায়। এগুলি কলিকাতা মিউজিয়ামে রক্ষিত আছে।

**দৌলত খাঁ** (Daulat Khan): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, ভোলা মহ.র থানা। আ. ১১৮ ব মা। গ্রাম, ডাকঘর। বরিশাল-দৌলতখাঁ স্টীমার সার্ভিস (১৬২ মা)।

**দৌলতপুর** (Daulatpur): পূ. পাক.; কুষ্টিয়া জেলা, সদর মহর. থানা। আ. ১৮৪ ব মা। গ্রাম, ডাকঘর। থানা নদীয়ার (প. বঙ্গ) সংলগ্ন।

**দৌলতপুর** (Daulatpur): পূ. পাক.; ঢাকা জেলা, মানিকগঞ্জ মহ.র থানা। আ. ৭৫ ব মা। গ্রাম, ডাকঘর। এই থানার উত্তরে ময়মনসিংহ জেলা।

**দৌলতপুর** (Daulatpur): পূ. পাক.; খুলনা জেলার সদর মহকুমার থানা। আ. ৩৪ ব মা। শহরটি খুলনা হইতে ৪ মা দূরে ভৈরব নদীতীরে অবস্থিত। কলিকাতা-খুলনা লাইনের উপর স্টেশন (১০৪ মা)। কলেজের নাম ছিল হিন্দু একাডেমী; দধিবামন দেবতার নামে ট্রাস্ট সম্পত্তি করা ছিল।...কৃষি কলেজ ও গোশালা দ্রষ্টব্য বস্তু।

দৌলতপুরের নিকট মহেশ্বরপাশা গ্রামে ২০০ বৎসরের প্রাচীন একটি জোড়-মন্দির আছে।

**দৌলতাবাদ** (Daulatabad): হায়দরাবাদ (বর্তমান বোম্বাই রাজ্য); অউরঙ্গাবাদ জেলার শহর। ইহার প্রাচীন নাম দেবগিরি (দ্র.)। দৌ. স্টেশন অউরঙ্গাবাদ-মনমাদ লাইনের উপর (৮ মা) অবস্থিত। এখানে পর্বতের উপর মুসলমান যুগের ১৩ শতকের বিরাট দুর্গ-নগর সমুদ্রতল হইতে ২,২৬০ ফুট উচ্চে। প্রাকার, তোরণ-দ্বার ও দুর্লঙ্ঘ্য প্রাচীরবেষ্টিত। এই দুর্গনগরীর মধ্যে দর্শনীয় বহু কিছু আছে।

**দ্বারকা** (Dwarka): সৌরাষ্ট্র (বর্তমান বোম্বাই রাজ্য) রাজ্য-সীমানার অন্তর্গত, কাঠিয়াবাড়ের উ.-পশ্চিমতম শহর ও বন্দর। এই অংশ (enclave) বড়োদা গায়কাবাডের রাজ্যের আমরেলি অন্তর্গত ছিল। ১৯৪৮-এ বড়োদারাজ্য বোম্বাই-এর অন্তর্ভুক্ত জেলা হওয়াতে আমরেলিকে সৌরাষ্ট্র অন্তর্গত না করিয়া বোম্বাইরাজ্যভুক্ত করা হইয়াছিল। রাজ্যপুনর্গঠন আইন অনুসারে (১৯৫৬) এই সব স্থান বোম্বাইরাজ্য-ভুক্ত হইয়াছে। ওখা বন্দর দ্বারকা হইতে ১৮ মা। অহমদাবাদ-মেহসানা-বিরামগাঁও-সুরেন্দ্রনগর হইয়া দ্বারকা ৩৪২ মা। জন. ৯,৭৬৫। বড়োদা ব্যাংক।

**দ্বারকা, দ্বারবতী** (Dwarka): পৌরাণিক কিংবদন্তী কৃষ্ণ মথুরা হইতে যাদবদের লইয়া গিয়া সমুদ্রতীরে এই নগরী স্থাপন করেন। প্রাচীনকালে পারস্য প্রভৃতি দেশের সামুদ্র-বাণিজ্য এইখান দিয়া চলিত। এই বন্দর হইতে পথ গিরনার বা রৈবতক পর্বতের নিকট দিয়া আসিয়া উজ্জয়িনী পর্যন্ত ছিল। দ্বারকা হিন্দুদের প্রধান তীর্থ।

**দ্বারকেশ্বর** (Dwarakeswar): পশ্চিম বঙ্গের নদী; রূপ-নারায়ণের একাংশের নাম। এই নদীর উভয় তীরে অনেকগুলি প্রাচীন মন্দির দেখা যায়; বাহুলারা (দ্র.) অন্যতম।

**দারভাঙ্গা, দারবঙ্গ** ( Darbhanga ) : দ্র. দরভংগা।

**দ্বীনা, দুইনা** (Dvina) : (১) উত্তর দ্বীনা : রুশীয়—সেবেরনয়া-দ্বীনা ৪৭০ মা দীর্ঘ। সোবিয়েত রুশিয়ার সুখোনা ও ভিচেগডা নদীদ্বয়ের যুক্ত ধারা দ্বীনা নামে আর্খানগালের নিকট শ্বেত সাগরে পড়িতেছে। বৎসরের প্রায় ৭ মাস তুষারাবৃত।...(২) পশ্চিম দ্বীনা : রুশীয়—জাপাদনয়া-দ্বীনা ৬৪০ মা দীর্ঘ। ভলদাই পর্বতে উঠিয়া রিগা উপসাগরে পড়িতেছে; অববাহিকা মণ্ডল প্রায় ৩৩ হা. ব মা।...ভলগা ও নীপার-এর সহিত দ্বীনা খাল দ্বারা যুক্ত।

**দ্রোণাচলম** (Dronachellam) : অন্ধ্ররাজ্য; কুরনুল জেলার শহর, গুন্টকল-গুন্টুরের মধ্যে ( ৩২ মা ) জং. স্টেশন; এই জং. হইতে অন্ধ্রের অস্থায়ী রাজধানী কুরনুল ৩৬ মা। জন. ৭,৮৮৩। সেন্ট্রাল ও স্টেট ব্যাংক।

**ধনধুকা** (Dhanduka) : বোম্বাই; অহমদাবাদ জেলার শহর; অহ.-বোটাদ রেলপথের স্টে. (৭৭ মা)। জন. ১২,২৫০। ২ সমবায় ব্যাংক।

**ধনিয়াখালী** (Dhaniakhali) : হুগলী জেলা; চুঁচুড়া সদর মহ.র থানা। আ. ১০৬ ব মা; জন. ৯৪,৭৮৫; ঘ. ৮৯৩। গ্রাম (জন. ৪১০) ত্রিবেণী-তারকেশ্বর ছোট রেলপথের স্টে. ( ২২ মা ); ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭৪ )। এই গ্রাম ১৮ শতকে ঈ. ই. কোম্পানির সময়ে বয়নশিল্পের জন্য খ্যাত ছিল। ১৭২৫-এর মানচিত্রে Deniachali নামে উল্লিখিত।

**ধবলাগিরি** (Dhaulagiri) : নেপালের মধ্যে হিমালয়ের গিরিশৃঙ্গ। ২৬,৮১০ ফুট উচ্চ।

**ধরলা, ধর্লা নদী** (Dharla) : কোচবিহারের পশ্চিমের নদী; তোরসার শাখা। কোচবিহারের ১৮ মা দক্ষিণে জলঢাকায় পড়িয়াছে; সংগমস্থলের নিম্নে জলঢাকাকেও ধরলা বলে।

**ধরাংগধর** (Dhrangadhar) : পূর্বতন প. ভারতীয় স্টেটসের কাঠিয়াবাড় উপদ্বীপস্থ করদরাজ্য। আ. ১,১৬৭ ব মা; জন. ৯৪,৪১৭ ( '৪১ )। রাজ্যের আয় ছিল ১৫ লক্ষ টাকা; কর দিতে হইত ৪০,৬৭২ টাকা। মহারাজা ১৩ তোপ সম্মানাধিকারী ছিলেন। ১১ শতকের শেষ ভাগে ঝালা রাজপুতরা এখানে রাজ্য স্থাপন করেন।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩,৮০,০০০ টাকা ভাতা দেওয়া হয়।" সৌরাষ্ট্র রাজ্যের অন্তর্গত ছিল—বর্তমানে বোম্বাই রাজ্য।

**শহর** (জন. ২৫,৭২৯) সৌরাষ্ট্রের জলওয়াড জেলার শহর। প. রেলওয়ের সুরেন্দ্রনগর-হালবাদ (৪০ মা) লাইনের স্টেশন (২০ মা)। এই অঞ্চলে সোডা-অ্যাশ, কস্টিক সোডা, সোডা-বাই. কার্বনেট, প্রভৃতি দ্রব্য প্রস্তুত হয়। বহুবিধ কুটীরশিল্পের কেন্দ্র। দেবকরণ নানজী ব্যাংক।

**ধরনগাঁও** (Dharangaon) : বোম্বাই; পূর্ব-খানদেশ জেলার শহর, অমলনরের দক্ষিণে, জলগাঁও হইতে ১৮ মা পশ্চিমে ব্যবসায়-কেন্দ্র। ১৭ শতকে ধনশালী বণিকদের বাস ছিল। জন. ২১,১৮৬। সমবায় ব্যাংক।

**ধরমগড়** (Dharamgarh) : ওড়িশা; কালহাণ্ডি জেলার মহকুমা। আ. ২,১৭৭ ব মা; জন. ৪,১৪,৯০৪। থানা ৭।...ধরমগড় থানার আ. ১৭৮ ব মা। জন. ৫৮,৭১২। গ্রাম ৮৭।...ভবানীপাটনা হইতে শহর মোটরপথে ২৮ মা।

**ধরমপুর** (Dharampur) : হিমাচল প্রদেশের শহর। কালকা-সিমলা সরু রেলপথের স্টেশন ( ২১ মা ); এখান হইতে নামিয়া কসৌলি যাইতে হয়। যক্ষ্মার হাসপাতাল ভারতের যক্ষ্মা রোগের সর্বপ্রথম আরোগ্য-শালা। পাইন বনের মধ্যে অতি সুন্দর ও স্বাস্থ্যকর পরিবেশের মধ্যে উহা অবস্থিত।

**ধরমপুর** ( Dharampur ) পূর্বতন গুজরাট স্টেট্স এজেন্সির অন্তর্গত করদরাজ্য। রাজা হিন্দু, শিশোদিয়া বংশীয়। রাজস্ব ১২ লক্ষ টাকা। আ. ৭১৯ ব মা; জন. ১২৩, ৩২৬ ( '৪১ )। এই রাজ্য ভারতভুক্ত (১৯৪৮ ) হইলে রাজাকে বার্ষিক ১,৫০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে ইহা বোম্বাই অন্তর্গত সুরত জেলার তালুক ও শহর। জন. ৫,০৯৬। সমবায় ব্যাংক। ধরমপুরের দক্ষিণে পোর্তুগীজ দমন।

**ধরোল** (Dhrol) : পূর্বতন কাঠিয়াবাড়ের অন্তর্গত করদ-রাজ্য। আ. ২৮৩ ব মা; জন ৩৩, ৬১৭ ('৪১)।

রাজাকে ঠাকুর সাহেব বলে, ইনি ৯ তোপের সম্মান পাইতেন। রাজ্যের আয় ছিল আড়াই লক্ষ টাকার উপর। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বাৎসরিক ১, ১০, ০০০ টাকা ভাতা দেওয়া হয়।... শহর (জন. ৮,২৩৪) বর্তমানে বোম্বাই রাজ্যের সৌরাষ্ট্র অন্তর্গত হালার জেলার শহর ও তালুক। তালুকের আয়তন এখন ১৫৭ ব মা। বিরামগাঁও-রাজকোট-ওখা রেলপথের জং. স্টেশন (১৩৭ মা) হইতে হাড়মটিয়া (Harmotia)-জোদিয়া লাইনের স্টেশন (১২ মা) ধরোল।

**ধর্মজয়গড়** (Dharmjaygarh): মধ্যপ্রদেশ; রায়গড় জেলার শহর; রা. হইতে ৪০ মা উ.-পশ্চিমে।...পূর্বতন ছত্তিশগড় স্টেট এজেন্সির উদয়পুর (দ্র.) রাজ্যের প্রধান শহর ছিল।

**ধর্মনগর** (Dharmanagar): ত্রিপুরা রাজ্যের উত্তরতম বিভাগ। আ. ২৭৪ ব মা, জন. ৬৫,৯০৩; ঘনতা ২৪১। ...শহর রাজ্যের উত্তর সীমান্তে অবস্থিত। জন. ২,৪৪৭। ত্রি. স্টেট ব্যাংক। বিমানপথে কৈলাশহর হইতে সড়ক ধরিয়া পৌঁছানো যায়।

**ধর্মপুরী** (Dharmapuri): মদ্রাজ রাজ্য; সালেম জেলার তহশীল ও শহর। জন ২৪, ০৪১। মা.-জালর-পেট-সালেম রেলপথের মোরাপপুর (১৬৭ মা)-এর পশ্চিমে শহর। সালেম স্টেট ব্যাংক। নিকটে কুরন্দর খনি আছে।

**ধর্মাবরম** (Dharmavaram): অন্ধ্ররাজ্য; অনন্তপুর জেলার তালুক ও শহর। উচ্চতা ১,১৮২ ফুট। গুনটকল-বঙ্গলুর রেলপথের জং. স্টেশন (১৭৫ মা); এখান হইতে শাখা রেল পাকালা (১৪২ মা) হইয়া ভেলোর (৪৪ মা) পর্যন্ত আসিয়াছে। ধর্মাবরমের রেশমী শাড়ি বিখ্যাত।

**ধর্মশালা** Dharmasala): পূ. পঞ্জাব রাজ্য। কাংড়া জেলার শহর; পাঠানকোট-নাগ্রোটা সরু রেলপথের স্টেশন কাংড়া (৫৯ মা) হইতে মোটরপথে ৫৬ মা। পাহাড়ের উপর শহর, উচ্চতা ৪,৫০০ ফুট হইতে ৭,১৩৫ ফুট। ১৮৫৫-এ শহর পত্তন হয়। ১৯০৫ ভূমিকম্পের পর শহর নূতন করিয়া নির্মিত হয়। জন. প্রায় ১০ হা.। ব্যাংক: হিমালয়, প. ন্যাশনাল। স্লেটখনি নিকটে।

**ধলভূম** (Dhalbhum): বিহার; সিংহভূম জেলার মহকুমা। আ. ১,১৬৭ ব মা; জন. ৬ ১৩, ৫০৪; ঘনতা ৫২৮। এই মহকুমার মধ্যে জামসেদপুর অবস্থিত। বিষ্ণুপুর ও সাকচি ২টি থানার আয়তন যথাক্রমে ৮'ও ১০ ব মা। জামসেদপুর এলাকা এই উভয় থানার অন্তর্গত। অন্যান্য থানা—গোলমুড়ি, জুগসেলাই, পোটকা, ঘাটশিলা, বাহারা-গোড়া, চাকুলিয়া।...ধলভূমগড়ে প্রাচীন এক রাজবংশের বাসস্থান। ইহারা রাজপুত বলিয়া পরিচিত। স্বাধীন ধলভূম রাজ্যের সামন্তরাজ্য ছিল সেরাইকেলা ও খরসোয়ান। এই স্থানের অধিবাসীগণের মধ্যে ভূমিজ, কোল, মুন্ডা প্রভৃতি উপজাতিরাই প্রধান। ভূমিজদের মধ্যে 'ঘাটওয়ার' নামে জায়গীরদারগণ রাজ্যসীমান্ত ও পর্বতের পথ বা 'ঘাট' পাহারা দিত। অধিবাসীরা অধিকাংশই বাঙলা ভাষাভাষী। ...ইংরেজ ঈ. ই. কোম্পানি (১৭৬৫) বাঙলাদেশের দেওয়ান হইলে, ধলভূম রাজা ইহাদের দাবী স্বীকার করেন নাই। যুদ্ধে রাজা পরাজিত হন; তখন ব্রিটিশরাজ নূতন রাজাকে গদিতে বসান; তাঁহার বংশধর বর্তমানে এখানকার রাজা বা জমিদার। ১৮৩৩ পর্যন্ত ধলভূম মেদিনীপুর জেলার জঙ্গল মহলের অন্তর্গত ছিল। জ. ম. উঠিয়া গেলে ইহা সিংহভূম জেলার অন্তর্ভুক্ত হইয়াছিল। ১৮৩৩ হইতে ১৯১২ পর্যন্ত বাঙলাদেশের মধ্যে ছিল। রাজ্যপুনর্গঠনের সময় এই অঞ্চল বঙ্গদেশভুক্ত হইবার জন্য দাবী জানায়।

**ধানবাদ** (Dhanbad): বিহার; মানভূম জেলার মহকুমা ছিল; এখন পৃথক জেলা। এই জেলার মধ্যে বহুশত কয়লার খাদ আছে। জেলার উত্তরে সাঁওতালপরগনা, পূর্বে বর্ধমান, দক্ষিণে পুরুলিয়া (মানভূম), পশ্চিমে হাজারিবাগ। দামোদর ও বরাকর দুই নদী প্রবাহিত। আ. ৭৯০ ব মা; জন. ৭, ৩১, ৭০০ ('৫১)। জনসংখ্যার মধ্যে নরনারী সংখ্যাভেদ খুব বেশি; তার কারণ খনিজ অঞ্চলে বিহার অঞ্চলের পুরুষ শ্রমিকরা স্ত্রীদের আনে না। জেলার মধ্যে ধানবাদই একমাত্র সদর মহকুমা।

ঝরিয়া, তোপচাঁচি, সিন্দরী, কাতরাস প্রভৃতি এই জেলার মধ্যে। ...ধানবাদ শহরের জন. ৩৪, ০৭৭। এখানে স্টেট, ইউনা. ও ছোটনাগপুর ব্যাংকিং কর্পো. শাখা আছে। এই অঞ্চল কয়লাখনির জন্য খ্যাত। শহরটি আসানসোল হইতে ৩১ মা ও কলিকাতা হইতে ১৬১ মা। ধানবাদ হইতে পাথরডিহি ( ১০ মা ) ও ধা. হইতে চন্দ্রপুরা ( ২৯ মা ) ২টি শাখা রেলপথ আছে। সবগুলি স্থান কয়লা মণ্ডলে অবস্থিত। এখানে খনিজবিজ্ঞান শিখাইবার কেন্দ্রীয় সরকারের অধীন একটি শিক্ষা প্রতিষ্ঠান ( School of Indian Mines ) আছে। ভারতের নানাস্থান হইতে ছাত্র আসে।

**ধান্যকটক** ( Dhanyakataka ) : ধনকটক, দোনককোট্ট, ধরনীকোট্ট, ধারনীকোট্ট প্রভৃতি নাম। কৃষ্ণানদীতীরে অমরাবতীর নিকট অন্ধ্রদেশের এককালীন রাজধানী। মহানগরীর কোনো চিহ্ন নাই।

**ধাপার বিল বা লবণ হ্রদ** (Dhapa) : কলিকাতার ৫ মা উত্তরে ভাগীরথী ও বিদ্যাধরী নদীর মধ্যবর্তী নিম্নভূমি বা বিল। আ. প্রায় ৩০ ব মা ছিল ; কলিকাতা কর্পোরেশনের আবর্জনার দ্বারা ক্রমশই উহা ভরাট হইয়া আসিতেছে ; এখনো প্রায় ২০ ব মা বিল আছে। ধাপার মাঠে নানা প্রকার শাকসবজি উৎপন্ন হয়। ভরাট করা জমিতে লোক বসতি আছে।

**ধামইরহাট** (Dhamairhat) : পূ. পাক. ; রাজসাহী জেলার নওগাঁও মহ র থানা। পূর্বে দিনাজপুর জেলার বালুরঘাট মহ.র থানা ছিল। আ. ১২৭ ব মা। ১৯৪৭ পার্টিশনের সময় পূর্বপাক ভুক্ত হয়।

**ধামতরী** (Dhamtari) : মধ্যপ্রদেশ রাজ্য ; রায়পুর জেলার তহশীল ও শহর। রায়পুর জং হইতে ছোট রেলপথ ধা. পর্যন্ত ৪৫ মা। কলিকাতা হইতে ৫৬০ মা। জন. ১৭,১৬১। খনিজ এলাকা ; ব্যবসায়ের কেন্দ্র. কাঠ, লক্ষা, হরিতকী নিকটস্থ বন হইতে সংগৃহীত হয়। কারুবিদ্যালয়। ব্যাংক : সেন্ট্রাল, স্টেট, লক্ষ্মী ও সমবায়

**ধামনগাঁও** (Dhamangaon) : মধ্যপ্রদেশ রাজ্য ; অমরাবতী জেলা, চান্দুর তহশীলের শহর ; বোম্বাই-নাগপুর রেলপথের স্টে. ( ৪৪১ মা )। নাগপুর ৮০ ম পূর্বে। জন. ১০,৮৮৩। ব্যাংক : নাগপুর, লক্ষ্মী।

**ধামপুর** (Dhampur) : উত্তর প্রদেশ ; বিজনোর জেলার তহশীল ও শহর ; মুরাদাবাদ হইতে ৩৭ মা। কলিকাতা ৮৪৮ মা। জন. ১৪,১৪৮। প. ন্যাশনাল ব্যাংক। বয়ন শিল্প ; শর্করা ; পিতলের সামগ্রী প্রস্তুত হয়।

**ধামরাই, ধর্মরাজিয়া** (Dhamrai) : পূ. পাক ; ঢাকা জেলার সদর মহকুমার থানা। আ. ১১৪ ব মা। বাজার ও ডাকঘর। সাভার হইতে ৪ মা ও ঢাকা হইতে ২০ মা। বংশী নদীর তীরে একটি প্রাচীন স্থান।... প্রাচীনকালের বৌদ্ধ স্থান ছিল বলিয়া মনে হয়। এখন চৈত্রমাসে মদন ও কামদেবের পূজা হয়। বনদুর্গার উদ্দেশ্যে শূকর বলি হইত। এখানকার সূক্ষ্ম বস্ত্র খ্যাত ছিল।

**ধামী** (Dhami) : পূর্বতন পঞ্জাব পার্বত্য করদরাজ্য, বর্তমানে হিমাচল প্রদেশের মহাসু জেলার অন্তর্গত ; দক্ষিণে পাতিয়ালা। আ. ২৬ ব মা। জন. ৫,১১৪ ('৪১)। রাজা ১৫,৭৬০ টাকা ভাতা পান।

**ধামেক স্তূপ** (Dhamek Stupa) : বারানসী বা কাশীর ৩½ মা উত্তরে অবস্থিত বৌদ্ধ স্তূপ ; সারনাথের পথে পড়ে। এখানে বুদ্ধদেব সর্বপ্রথম তাঁহার ধর্মচক্র প্রবর্তন বা ধর্ম ব্যাখ্যান করেন। ভিত্তিমূল পাথরের তৈয়ারি ; ব্যাস ৯৩', উচ্চতা ৪৩'। উপরের ইষ্টক-নির্মিত স্তূপ ১০৪ ফুট উচ্চ। স্তূপের চারিদিকে পাথরের উপর উৎকৃষ্ট কারুকার্য খোদাই।

**ধামোইরহাট** (Dhamoirhat) : পূ. পাক. ; বগুড়া জেলার থানা। আ. ১২৭ ব মা। পূর্বে এই থানা দিনাজপুর জেলার বালুরঘাট মহকুমা ভুক্ত ছিল। পার্টিশনের সময় পূর্বপাকিস্তানের অংশে পড়ে।

**ধার** ( Dhar ) : পূর্বতন মধ্যভারত এজেন্সির অন্তর্গত করদরাজ্য ; পরে মধ্যভারত রাজ্যের দ. বিভাগের জেলা। বর্তমানে রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় মধ্যপ্রদেশ অন্তর্গত। ধার রাজ্যের আ. ১,৭৯৮ ব মা ; জন. ২,৫৩,২১০ ('৪১)। রাজস্ব ১৭,৫০,০০০ টাকা। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২,৯০,০০০ টাকা ভাতা দেওয়া হয়।

ধার পরামর রাজপুতদের প্রাচীন রাজধানী ছিল ; ইহারা এখানে ৯ম হইতে ১৩শ শতক পর্যন্ত রাজত্ব করে। অতঃপর মুসলমানদের দ্বারা অধিকৃত হয়।

...১৭৩০ হইতে পুণার মারাঠাদের অধীন। ১৮১৯-এ রাজারা ব্রিটিশদের সহিত সন্ধি করে।...ধার শহর (জন. ২৩,৭১০) হইতে ইন্দোর পর্যন্ত ভাল রাস্তা আছে; মাউ হইতেও যাওয়া যায়। এখানে ইন্দোর ব্যা. ও ধার স্টেট ব্যাংক আছে।

**ধারওয়ার** (Dharwar): বোম্বাই রাজ্যের জেলা ছিল। রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় (১৯৫৬) এখন মহীশূর স্টেট ভুক্ত হইয়াছে। জেলার মধ্য দিয়া কৃষ্ণার এক করদ নদী প্রবাহিত। উৎকৃষ্ট কার্পাস চাষের জন্য এই জেলার খ্যাতি। পশ্চিম দিকের বনে সেগুন, বাঁশ পর্যাপ্ত পরিমাণে জন্মে।...পূর্বে এই জেলার আয়তন ছিল ৪,৫৬৭ ব মা; জন. ১২,০১,০১৬ ('৪১)। ১৯৪৯-এ ডেকান স্টেটস এজেন্সির কয়েকটি করদ-রাজ্য এই জেলাভুক্ত করা হয়, যথা, সওয়ানুর, সাংগলির কিয়দংশ, মিরাজ বড় ও ছোট তরপ, জামখণ্ডি ও রামদুর্গ। ১৯৫১-এর আ. ৫,২৬১ ব মা; জন. ১৫,৭৫,৩৮৬।

ধারওয়ার শহর কানাড়ী ভাষা, সাহিত্য ও সংস্কৃতির কেন্দ্র। অনেকগুলি কানাড়ী পত্রিকা এখান হইতে বাহির হয়। কর্নাটক বিশ্ববিদ্যালয় এখানে অবস্থিত। এখানে একটি বিজ্ঞান গবেষণাগার আছে। রেডিও-র (A. I. R) কেন্দ্র '৫০-এ স্থাপিত হইয়াছে। ধারওয়ার জন. ৬৬,৫৭১। স্টেশন বোম্বাই-পুণা-বঙ্গলুর-মদ্রাজ লাইনে লোনডা ও হুবলীর মধ্যে অবস্থিত। বোম্বাই ৪৪০ মা; লোনডা ৪৪ মা। এখানে ব্যাংক আছে।

**ধারাপুরম** (Dharapuram): মদ্রাজ রাজ্য; কোয়াম্বটুর জেলার তালুক ও শহর। কাবেরীর এক উপশাখা-তীরে; রেল স্টেশন নাই। জন. ২৪,২০৬। স্টেট ব্যাংক, করুর বৈশ্য ব্যাংক।

**ধারিওয়াল** (Dhariwal): পূর্ব পঞ্জাবে গুরুদাসপুর জেলার শহর; অমৃতসর-পাঠানকোট লাইনের উপর (৩৬ মা)। এখানে পশম-কল আছে। জন. ৭, ৭৩১। প. ন্যাশনাল ব্যাংক।

**ধারী** (Dhari): বোম্বাই রাজ্যের সৌরাষ্ট্র অন্তর্গত শহর। বোম্বাই-অহমদাবাদ (৩০৬)-ঢোল-খিজাদিয়া (৪৭০) জং. হইতে ভেরাবল লাইনের স্টেশন (৪৮ মা)। আমরেলি হইতে ২২ মা দ.-পশ্চিমে। জন. ৮,৬৯৭। স্টেট সমবায় ব্যাংক।

**ধুনোট** (Dhunot): পূ. পাক.; বগুড়া জেলার থানা। আ ৯৬ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর।

**ধুবড়ি** (Dhubri): আসাম; গোয়ালপাড়া জেলার মহকুমা। আ. ২,৮৮১ ব মা। জন ৭,৭৯,৮৩৫। মহকুমায় ৯টি থানা: গোঁসাইগাঁও, কোকড়াঝাড়, সিদলি, বিজনী, বিলাসীপাড়া, গোলকগঞ্জ, ধুবড়ি, দক্ষিণ শালমারা, মানকাচর। ...শহর (জন. ২২, ৭৮৭) ব্রহ্মপুত্র নদীতীরে; গোলকগঞ্জ জং. (দ্র) হইতে ১৩ মা দক্ষিণ-পূর্বে শাখা রেলের শেষ স্টেশন। কলিকাতা ৩২৪ মা। এখানে শিখদের একটি মন্দির আছে। জনশ্রুতি গুরু নানক এইখানে আসিয়াছিলেন। বাসিন্দাদের মধ্যে অধিকাংশ বাঙালী। ব্যাংক: ইউনাইটেড, আসাম সমবায়। ইণ্টার. কলেজ (১৯৪৬)।

**ধুবুলিয়া** (Dhubulia): নদীয়া জেলার গ্রাম; রানাঘাট-ভগবানগোলা রেলপথের স্টেশন, কলিকাতা হইতে ৭০ মা দূরে, খড়ে বা জলাঙ্গি নদীর অপরপারে অবস্থিত। ২য় মহাযুদ্ধের সময় এখানে বিমান বন্দর নির্মিত হয়। বঙ্গচ্ছেদের পর ১৯৪৭ হইতে উদ্‌বাস্তু-দের এখানে রাখা হইয়া আসিতেছে। এখন সেখানে ২৫,০০০-এর উপর উদ্‌বাস্তুর বাস। বাসিন্দাদের নানারূপ শিল্প ও হাতের কাজ শিখাইবার ব্যবস্থা হইয়াছে। কয়েকটি স্কুল স্থাপিত হইয়াছে।

**ধুরবাই** (Dhurwai): পূর্বতন মধ্যভারত স্টেটসের বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। আ. ১২ ব মা; জন. ২,৪২৩ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে প্রথমে উহা বিন্ধ্যপ্রদেশ ও ১৯৫০-এ উত্তরপ্রদেশের ঝাঁসী জেলার অন্তর্গত হইয়াছে। রাজা ৫.০০০ টাকা ভাতা পান।

**ধুরি** (Dhuri): পে-প-সু রাজ্যের (বর্তমান পঞ্জাব) শহর; জলসেচন খাল নিকটে প্রবাহিত। অম্বালা-ভাটিন্ডা রেলপথের জং. (৬৮ মা); লুধিয়ানা-হিসার রেলপথেরও জংশন স্টে. (৩৯ মা)। পাতিয়ালা হইতে ৩৩ মা পশ্চিমে। পাতিয়ালা ব্যাংক-শাখা ও প. ন্যাশনাল ব্যাংক।

**ধুলিয়া** (Dhulia): বোম্বাই রাজ্য; পশ্চিম খানদেশ জেলার তালুক ও জেলার সদর শহর। জন. ৭৬,৮৮০। শিক্ষা ও সমাজসেবার বহু প্রতিষ্ঠান, গ্রন্থাগার ও গান্ধী তত্ত্বজ্ঞান মন্দির প্রভৃতির কেন্দ্র। এখানে ৯টি নানা শ্রেণীর ব্যাংক আছে। ৮খানি মারাঠি পত্রিকা প্রকাশিত হয়। বোম্বাই-চালিশগাঁও (২০৪ মা) হইতে শাখা রেলপথ ৩৫ মা। বোম্বাই আগরা সড়ক ধুলিয়া দিয়া গিয়াছে।

**ধুলিয়ান** (Dhulian): মুর্শিদাবাদ জেলা; জঙ্গীপুর মহ.র সমসেরগঞ্জ থানার মিউনি. শহর। গঙ্গার তীরে, কলিকাতা-বান্ডেল-বারহারোয়া লুপ লাইনের স্টেশন (১৭৪ মা)। বারহারোয়া ১৮ মা। এই লাইনে বাংলার শেষ স্টেশন। নিকটে ভাগীরথী ও পদ্মা প্রবাহিত। নদীর বন্যা শহরের অনেকখানি এবং রেললাইন গ্রাস করিয়াছে। সেইজন্য বারহারোয়া পর্যন্ত ট্রেন আর যায় না; ধুলিয়ান গঙ্গা শেষ স্টেশন। শহর উন্নতশীল বাণিজ্যকেন্দ্র; ধুলিয়ানের হাট এই অঞ্চলের বিশিষ্ট ব্যবসার স্থান।

**ধুলিয়ান** (Dhulian): পাক-পঞ্জাব, আটোক জেলার গ্রাম; পিন্ডি-গেবের ৫ মা দ. পূবে। এখানে ১৯৩৭ হইতে পেট্রোলিয়াম নিষ্কাষিত হইতেছে। মোটা তেল ৫০ মা পাইপ করিয়া রাওয়ালপিণ্ডি প্রেরিত হয়; সেখানে সাফাই হয়।

**ধূপগুড়ি** (Dhupguri): জলপাইগুড়ির সদর মহকুমার থানা। আ. ২১৭ ব মা; জন. ১,১০,৯১০; ঘনতা ৫১২। ...আসাম সড়কের উপর অবস্থিত।

**ধূমঘাট** (Dhumghat): বাঙলার ভুঁইয়া প্রতাপাদিত্যের রাজধানী; খুলনা জেলার কালিগঞ্জের নিকট অবস্থিত ছিল। ঈশ্বরপুরী বা যশোহরের ৮-১০ মা দক্ষিণে যমুনা ও ইছামতীর সঙ্গম স্থলে ধূমঘাট স্থাপিত হয়। এই নগরের ধ্বংসাবশেষ এখন তীরকাচি জঙ্গলের মধ্যে অবস্থিত।

**ধূপচাঁচিয়া** (Dhupchanchia): পূ. পাক.; বগুড়া জেলার থানা। আ. ৬৩ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অফিস।

**ধোন্ড, ধোণ্ড** (Dhond): বোম্বাই, পুণা জেলার তালুক ও শহর, ঘোড় ও ভীমা নদীর সঙ্গমের নিকট অবস্থিত। জন. প্রায় ১০ হা.। বো.-পুণা-সোলাপুর রেলপথের জং. স্টে. (১৬৭ মা); এখান হইতে একটি শাখা লাইন অহমদনগর (৫১ মা) হইয়া মানমদ (১৪৬ মা) পর্যন্ত, ও আর একটি সরু রেলপথ বারমতি পর্যন্ত গিয়াছে। সমবায় ব্যাংক।

**ধোরাজি** (Dhoraji): বোম্বাই রাজ্যে সৌরাষ্ট্র অন্তর্গত মধ্য সৌরাষ্ট্র জেলার তালুক ও শহর। সুরেন্দ্রনগর-ঢোল জং. (৭৪ মা) হইয়া পোরবন্দর রেলপথের স্টেশন (৯১ মা)। জন. ৪৩,৭৮৭। ইউনা. কমার্স ব্যাংক।

**ধোলকা** (Dholka): বোম্বাই রাজ্য; অহমদাবাদ জেলার তালুক। আ. ৬১০ ব মা; জন. ১,৩৩,০৩৬; ঘনতা ২১৮। শহরের জন. ২০,০১২। অহমদাবাদ-বোটাড মিটার রেলপথের স্টেশন (৩৯ মা)। সমবায় ব্যাংক। ...মুসলমান যুগের কয়েকটি বিখ্যাত মসজিদ আছে: হিলাল খান কাজির মসজিদ (১৩৩৩); টঙকন মসজিদ (১৩৬১); আলিফ খানের মসজিদ (১৪৫৩); স্থাপত্য সৌন্দর্যের জন্য এগুলি খ্যাত।

**ধোলপুর** (Dholpur): পূর্বতন রাজপুতানার করদ-রাজ্য। আ. ১,১৭৩ ব মা। জন. ২,৮৬,৯০১ ('৪১)। বর্তমানে রাজস্থানের অন্তর্গত ভরতপুর জেলার মহকুমা। আ. ২৩২ ব মা; জন. ৮২,৬১৪, ঘনতা ৩৫৬।

১৫০৫-এ সুরজন দেও নামে এক ব্যক্তি গোহদ-এর রাজা হন। মারাঠাদের উৎপাত নিবারণের জন্য এই বংশের এক রাজার সহিত ১৭৭৯ অব্দে ইংরেজরা একটি সন্ধি করে। সিন্ধিয়ার (মারাঠা) সহিত গোহদের প্রায়ই বিবাদ চলিত। অবশেষে ১৮০৫-এ ইংরেজরা গবালিয়র ও গোহদ সিন্ধিয়াকে দিয়া ধোলপুর ও তন্নিকটবর্তী দেশ মহারাজা রানা কিরাত সিংহকে অর্পণ করে। এই হইতে ধোলপুর রাজ্যের উৎপত্তি।

১৯৪৮,২৫ মার্চ ধোলপুর ও আরও তিনটি রাজ্য ভারতভুক্ত হইয়া মৎস্য রাজ্য গঠন করে। ১৯৪৯-এ রাজস্থান ইউনিয়ন গঠিত হইলে (৭ এপ্রিল) মৎস্য ইউনিয়ন উহার অন্তর্ভুক্ত (১৫ মে) হইয়া যায়। ...রাজা বার্ষিক ২,৬৪,০০০ টা. ভাতা পান।

ধোলপুর শহর (জন. ২০,৬৫১) পূর্বে ঐ রাজ্যের রাজধানী ছিল। ইহা চম্বল নদীর তীরে; ১১ শতকে স্থাপিত। ধোলপুর জং. স্টেশন আগরার ৩১ মা দক্ষিণে। এখান হইতে ছোট লাইন তাঁতপুর (Tantpur)-সিরমুত্রা (Sirmuttra) গিয়াছে।

ধোলপুরের নিকট বারেঠা ( দ্র. ) গ্রামে ১৭০৭-এ অউরঙ্গজেবের পুত্রদের মধ্যে যুদ্ধ হয়। শেরগড় নামে স্থানে শেরশাহ কর্তৃক দুর্গ নির্মিত হয় (১৫৪০)। পাঠান যুগের আরও কয়েকটি অট্টালিকা নিকটে আছে, তন্মধ্যে বারি দুর্গ বিখ্যাত ( ১২৮৬ )। খানপুর মহল সম্রাট শাহজহানের জন্য স্থানীয় মনসবদার কর্তৃক নির্মিত হয়।

**ধোলপুর স্টেট রেলওয়ে** (Dholpur State Railway) : ১৯০৮-এ স্টেট কর্তৃক রেলপথ খোলা হয়। ১৯৫১ হইতে সেন্ট্রাল রেলওয়ে জোন অন্তর্গত।

**ধৌলি** (Dhauli) : ওড়িশা; ভুবনেশ্বর হইতে ৪ মা দ-পশ্চিমে দয়া নদীতীরস্থ গ্রাম। নিকটে দুইটি অনুচ্চ শৈল প্রায় সমান্তরালে গিয়াছে; এই শৈলে অশোকের শিলালিপি খোদিত আছে। এই শিলা ১৫´×১০´ ফুট। ...১৮৩৮-এ জেমস প্রিন্সেপ সর্বপ্রথম পাঠোদ্ধার করিয়া ইহার অনুবাদ এশিয়াটিক সোসাইটির জর্নালে প্রকাশ করেন।

**নওগাঁ** (Nowgong) : আসাম রাজ্যের জেলা; ব্রহ্মপুত্র নদের দক্ষিণে সমতল পলিমাটি ভূমি; কৃষিপ্রধান; ধান পাট, চা, সরিষা প্রভৃতি উৎপন্ন হয়। রেশম ও লাক্ষা বনাঞ্চলে পাওয়া যায়। জেলার আ. পূর্বে ছিল ৩,৮৯৬ ব মা। ১৯৫০-এ সংযুক্ত-মিকির ও উত্তর কাছাড় নামে পার্বত্য জেলা সংগঠনকালে নওগাঁর কিয়দংশ নূতন জেলার অন্তর্ভুক্ত করা হয়। বর্তমানে আ. ২,১৬৯ ব মা; জন. ৮,৮৬,৯৫৫। হিন্দু ৫,১৭,৯৬২; মুসলমান ৩,৫৯,৫১৯। মুসলমানদের অধিকাংশই পূর্ববঙ্গের লোক। ...নওগাঁ ( জন. ২৮,২৫৭ ) সদর শহর; কলং নদীতীরে। চাপারমুখ-শিলাঘাট শাখা রেলপথের স্টে. ( ১৭ মা )। গৌহাটির ৬০ মা উ.-পূর্বে। ব্যবসায় কেন্দ্র। ডিগ্রী কলেজ (১৯৪৪)। ব্যাংক : ইউনাইটেড, গৌহাটি, সমবায়।

**নওদা** (Naoda) : মুর্শিদাবাদ জেলা; বহরমপুর সদর মহ.র থানা, জলঙ্গী নদীর পশ্চিমে। আ. ৮৯ ব মা; জন. ৫৮,৬৫২; ঘনতা ৬৬০। থানার এলাকায় গ্রাম ৮৮; উচ্চ বিদ্যালয়ের সংখ্যা ৪টি মাত্র।

**নওয়ানগর** (Nawanagar, Navanagar) : দ্র. জামনগর।

**নওয়াদা, নবাদা** (Nawada) : বিহার; গয়া জেলার মহকুমা। আ. ৯৫১ ব মা; জন. ৬,১৩,৭২৪; ঘনতা ৬৪৬।... ৭ থানা : নওয়াদা, হসুবা (Hisua), গোবিন্দপুর, বার্সলীগঞ্জ, রজৌলী, পকরীবরমা, কৌআ-কোল।.. নওয়াদা থানার আ. ১৭০ ব মা। জন. ১,৪৫,৯৫৫, ঘনতা ৮৫৯। ...মহকুমার সদর শহর ( জন. ১০,৩৯১ ) কিউল-গয়া রেলপথের স্টেশন ( ৪৪ মা ); গয় ৩৭ মা দূরে। এখান হইতে রাজগীর, পাটনা, গয়া প্রভৃতি নানা স্থানে যাইবার মোটর বাস পাওয়া যায়।

**নওয়াবশাহ** (Nawabshah) : প পাক.; সিন্ধু প্রদেশের জেলা। উ.—খয়েরপুর পূ.—থর-পারকার; দ.—হায়দরাবাদ; প.—সিন্ধুনদ। ...সদর শহর ( জন. ১৭,৫০৯ ) করাচী হইতে রেলপথে ১৮২ মা। এখান হইতে শাখা রেল মীরপুর খাস পর্যন্ত ( ৮২ মা গিয়াছে। ...ব্যবসায় কেন্দ্র। কার্পেট, সুগন্ধি তৈল, ইনজিনীয়ারিং কারখানা। হবীব ব্যাংক।

**নওয়ালগড়** (Nawalgarh) : রাজস্থান; ঝুনঝুনু জেলার শহর। জন. ২৬,৬৭৯। জয়পুর-লোহারু রেলপথের স্টে. ( ৮৪ মা ); সিকার ও ঝুনঝুনুর মধ্যে অবস্থিত। ব্যবসায় কেন্দ্র। কমার্শিয়াল কলেজ আছে। ব্যাংক : বিকানীর ও জয়পুর।

**নওয়াপাড়া** (Nawapara) : ওড়িশা; কালাহাণ্ডি জেলার মহকুমা।...আ. ১,৩১২ ব মা; জন. ২,১৯,৮৫০। থানা ৪।...থানার আ. ৫২৬ ব মা; জন. ৬৬,১৬৯। গ্রাম ১১০। ...শহর ভবানীপাটনা হইতে ৭৫ মা উ.-পশ্চিমে।

**নওয়াশহর** (Nawashahr) : (১) পূ. পঞ্জাব; জলন্ধর জেলার তহশীল। মিউনি. শহর ও রেল জং.। জলন্ধর-জাইজোন-দোআবা রেলপথের স্টেশন ( ৩৭ মা )। এখান হইতে রাহোন রেলপথে ৪ মা।...জন. ১৩,১৪০। ব্যাংক : প. ন্যাশনাল, সাহুকর, স্টেট ও সমবায়।

(২) প. পাক.; উ.-প. সী. প্রদেশ, হাজরা জেলার শহর; আবোটাবাদ হইতে ২ মা উ.-পূর্বে। জন. ৬,৪১৪।

**নওরঙগপুর** (Nawrongpur): ওড়িশা; কোরাপুট জেলার মহ.। আ ৫,৫৭২ ব মা; জন. ৬,৮৬,৫৯০। থানা ১৮।…থানার আ. ৩১২ ব মা; জন. ৪২,২৫২। গ্রাম ৮৭।…শহরের জন. ৭,৩০২।

**নওয়াকোট** (Nawakot): নেপাল রাজ্যের শহর; কাঠমাণ্ডু হইতে ১৭ মা উ.-পশ্চিমে ত্রিশূলী নদীর নিকট। চীন-নেপাল যুদ্ধের শেষে ১৭৯২-এ এই শহরে সন্ধিপত্র সাক্ষরিত হয়।

**নওশের** (Nowshera, Naushahra): প. পাক.; উ-প. সী. প্রদেশ, পেশাওয়ার জেলার শহর ও সৈন্যাবাস, কাবুল নদীতীরে। পেশা. হইতে পূর্বে ২৭ মা; লাহোর-পেশা. রেলপথের জং. স্টে. (২৬০ মা); এখান হইতে দুরগাই পর্যন্ত রেল শাখা ৪১ মা। ব্যবসায় ও শিল্পের কেন্দ্র; শুষ্ক মাংস তৈয়ারির কারখানা, ট্যানারি ও বিবিধ কারুশিল্প স্থাপিত হইয়াছে। …এখানে পাকিস্তান সরকারের গোলান্দাজী বা আর্টিলারি স্কুল আছে। নিকটে স্লেটপাথরের আকর।…জন. ১৭,৪৯১; সৈন্যাবাস এলাকা লইয়া ৪৪,০২২।

**নওসরী** (Nausari): বোম্বাই; সুরত জেলার তালুক ও শহর, পূর্ণা নদীতীরে। পূর্বে বড়োদার করদরাজ্যভুক্ত ছিল।…প্রাচীন কাল হইতে পারসী সম্প্রদায়ের প্রধান বাসস্থান; এইখানে পারসী পুরোহিতরা দীক্ষিত হন। শহরের উপকণ্ঠে পারসীদের স্বাস্থ্যনিবাস, আরোগ্য নিকেতন প্রভৃতি আছে। …জন. ৪৪,৬৬৩। বোম্বাই-বড়োদা রেলপথের স্টে. (১৪৫ মা); সুরত ১৮ মা। বহুবিধ শিল্পের কেন্দ্র। এখানে বড়োদা, দেবকরণ, ইউনা. কমার্স ব্যাংকের শাখা আছে।…ইহা প্রাচীন নাগসারিকা বা নবসারিকা; শিলাদিত্যের শিলালিপি এখানে পাওয়া যায়।…ডিগ্রীকলেজ ও বিজ্ঞান পরিষদ (Instituto) ১৯৪৫-এ স্থাপিত।

**নকলা** (Nokala): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, জামালপুর মহ.র থানা। আ. ৬৭ ব মা। গ্রাম ও বাজার; সেরপুরের পূর্বে অবস্থিত।

**নকৃশ-ই-রুস্তম** (Naksh-i-Rustam): ইরান দেশের প্রাচীন পার্সিপোলিস (Persipolis) নগরীর নিকটবর্তী দরায়ুসের সমাধিস্থান।

**নগরকন্দা** (Nagarkanda): পূ. পাক.; ফরিদপুর জেলা, সদর মহ.র থানা। আ. ১৬৮ ব মা; রেজি. অফিস।

**নগরকোট** (Nagarkot): পূর্ব পঞ্জাব; জলন্ধর দোআবে, বর্তমান কাংড়ার নিকটস্থ প্রাচীন নগর। এই স্থান সুলতান মামুদ লুণ্ঠন করেন (১৮০০)। ইহার অন্য নাম ভীমনগর। প্রাচীনকালে ত্রিগর্ত রাজ্যের রাজধানী ছিল।

**নগরহার** (Nagarahara): আফগানিস্তান; জালালাবাদের নিকট কাবুল নদীতীরে প্রাচীন নগরী। গ্রীকদের দ্বারা উল্লিখিত। ফা-হিয়েন কর্তৃক না-কিএ রূপে লিখিত। বর্তমান হড্ডা (Hadda)। অসংখ্য বৌদ্ধ স্তূপ ও বিহারাদির ধ্বংসবশেষ আবিষ্কৃত হইয়াছে। হুয়েনৎ-সাঙের সময় এই স্থান ধ্বংসোন্মুখ; সুতরাং ইহার বৈভব যুগ ৩-৬ শতকের মধ্যে সীমাবদ্ধ ছিল। …এখানে যেসব ভাস্কর্যমূর্তি পাওয়া গিয়াছে তাহার মধ্যে রোমান তথা হেলেনিস্টিক প্রভাবই স্পষ্ট।

**নগীনা** (Nagina): উত্তরপ্রদেশ; বিজনৌর জেলার তহশীল ও মিউনি. শহর। কলিকাতা-মুঘলসরাই-সহারানপুর রেলপথের স্টেশন (৮৫৮ মা); বরেলী হইতে ১০৪ মা। সূক্ষ্ম কাঠখোদাই কার্যের জন্য প্রসিদ্ধ স্থান। ব্যবসায় কেন্দ্র। জন. ২৭,২৪৭। ব্যাংক: বরেলী, প. ন্যাশনাল।

**নগৌর** (Nagour): রাজস্থান রাজ্যের শুষ্ক অঞ্চলের মধ্য-পূর্ব জেলা; পূর্বতন জোধপুর রাজ্যের কিয়দংশ লইয়া এই নূতন জেলা গঠিত হইয়াছে। আ. ৬,৭৬৭ ব মা। জন. ৭,৬৩,৮২৯; ঘনতা ১১৩। গ্রাম ও শহর ১,১৯৬।—শহর (জন. ১৯,৫৮৮) মাড়োয়ার--বিকানীর রেলপথের স্টেশন (১৬৩ মা)। ব্যাংক: বিকানীর ও জোধপুর কমার্স।

**নজীবাবাদ** (Najibabad): উত্তরপ্রদেশ; বিজনৌর জেলার তালুক ও শহর। কলিকাতা-মুঘলসরাই-সহারনপুর রেলপথের জং. স্টেশন (৮৭২ মা); সহারনপুর হইতে ১৯ মা। এখান হইতে কোটদ্বার (গঢ়বাল

জেলা) ১৫ মা ও লান্‌সডাউন (২৬ মা)। বিবিধ ব্যবসায়, শর্করা ও কম্বল তৈয়ারির কেন্দ্র। জন, ২৯,৩৬২। ব্যাংক: বরেলী, প. ন্যাশনাল।...নজীব-দ্দৌলা নামে আফগান সর্দার ১৭৭৫-এ এই শহর পত্তন করেন; এখানে তাঁহার কবর আছে।

**নঞ্জনগড়** (Nanjangud): মহীশূর; মহীশূর জেলার তালুক ও শহর। শহর (জন. ১৬,৭৩৭) কবানী নদীতীরে; মহীশূর-চামরাজনগর রেলপথের স্টেশন (১৫ মা)। এখানে এক শিবমন্দির গবর্নমেণ্টের দেবত্র ছিল। শ্রীকণ্ঠেশ্বর ব্যাংক। এখানে কাপড় ও কাগজের কল আছে। নিকটস্থ বদনবল (Badanval) গ্রামে মহীশূর কুটির শিল্পের শিক্ষাকেন্দ্র। নঞ্জনগড়ের আম বিখ্যাত।

**নড়াইল** (Narail): পূ. পাক; যশোহর জেলার মহ. ও শহর; যশোহর হইতে ২০ মা দূরে ইচ্ছামতীর শাখা চিত্রা নদীতীরে। যশোহর হইতে মোটর বাসে অথবা খুলনা হইয়া স্টীমারযোগে নড়াইলে যাওয়া যায়। এখানে 'রায়' উপাধিধারী প্রাচীন জমিদার বংশের বাস। এই বংশের জমিদার রামরতন রায় বা রতনবাবুর প্রতাপের কথা একদা বাঙলাদেশে প্রবাদগত ছিল। জমিদারের বাসভবন, কয়েকটি মন্দির ও ভিক্টোরিয়া কলেজ দর্শনীয় ইমারত। এখানকার সরু চিঁড়া ও পাটালি গুড় বিখ্যাত।

**নড়িয়া, নরিয়া** (Naria): পূ. পাক.; ফরিদপুর জেলা, মাদারিপুর মহ.র থানা। আ. ৫৬ ব মা। গ্রাম, ডাকঘর। জপসা-তারপাশা স্টীমার পথের স্টেশন। ব্রাহ্মণ-প্রধান গ্রাম ছিল; রাঢ়ীয় ব্রাহ্মণের একটি শাখা 'নড়িয়া মেল' নামে খ্যাত।

**নদিয়া** (Nadia): প. বঙ্গ; প্রেসিডেন্সি বিভাগের জেলা। উ.—মুর্শিদাবাদ; প.—ভাগীরথী ও বর্ধমান জেলা; দ. ও পূর্বে চব্বিশ পরগনা; পূ.—পাকিস্থানের কুষ্টিয়া জেলা। ভারত বিভাগ হইলে ১৯৪৭-এ নদিয়ার ৫টি মহকুমার তিনটি মহ.—কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গার ১৩টি থানা পূর্বপাকিস্থান অন্তর্গত হয়; এই ১৩টি থানা:—গঙ্গানি, মেহেরপুর, ডুমুরদহ, আলমনগর, জীবননগর, চুয়াডাঙা, কুমারখালি, মীরপুর, দৌলতপুর, ভেড়ামারা, কুষ্টিয়া ও খোক্‌সা। অবশিষ্ট থাকে ২টি মহকুমা কৃষ্ণনগর সদর ও রাণাঘাট। জেলার পূর্ব আয়তন ছিল ২,৮৭৯ ব মা; এখন দাঁড়াইয়াছে ১,৫০৭ ব মা। অখণ্ড নদিয়ার আয়তনের ৪৭.৭৫ শতাংশ এবং জনসংখ্যার ৫২.৩৪ শতাংশ মাত্র ভারতের মধ্যে আছে। জন. ১১,৪৪,৯২৪; তন্মধ্যে উদ্‌বাস্তু ৪,২৬,৯৩৭। উদ্‌বাস্তু পুনর্বাসনে এই জেলার তৃতীয় স্থান। ধুবুলিয়া প্রভৃতি বহু শহর পত্তন হইয়াছে। জনসংখ্যার ৭৭.০৩ হিন্দু ও ২২.৩৬ মুসলমান।...জলঙ্গী, মাথাভাঙ্গা, চুর্নী ও ইচ্ছামতী নদী জেলার জল নিকাশ করে। প্রচুর আউশ ধান জন্মে। জল-সেচনের অভাবহেতু মাঝে মাঝে শস্য নষ্ট হয়।.. এই জেলায় বিদ্যুৎ সরবারহ হইতেছে।...নদিয়া জেলার সদর শহর কৃষ্ণনগর (দ্র.)। সদর মহকুমার আ. ৯৬৯ ব মা; জন ৭,০২,৮৭১, ঘ. ৭২৬। (দ্র. নবদ্বীপ)।

**নন্দগাঁও** (Nandagaon): পূর্বতন ছত্তিশগড় স্টেটস্ এজেন্সির করদরাজ্য। আ. ৮৭২ ব মা; জন ২,০২,৯৭৩ ('৪১)। রাজধানী রাজনন্দগাঁও (দ্র.) রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৩,৫৩,৬৫০ টাকা বার্ষিক ভাতা দেওয়া হয়। ...বর্তমানে এই রাজ্য মধ্য প্রদেশ রাজ্যের দুরগ (Drug) জেলার মহকুমা।

**নন্দগাঁও** (Nandgaon): বোম্বাই রাজ্য; নাসিক জেলা তালুক ও শহর। শহর (জন. ১০,৫৮৬) মনমাদ চালিসগাঁও রেলপথের উপর (১৬ মা)। বোম্বাই ১৭৮ মা দূরে। রেলওয়ে ওয়াকশপ।

**নন্দপ্রয়াগ:** দ্র. কর্ণপ্রয়াগতীর্থ।

**নন্দলালী** (Nandalali): পূ. পাক.; রাজসাহী জেলা নওগাঁও মহ.র থানা। আ ৬০ ব মা। গ্রাম আত্রাই নদীতীরে।

**নন্দা দেবী** (Nanda Devi): উত্তরপ্রদেশ; গাড়বাল জেলায় হিমালয়ের গিরিশৃঙ্গ; ২৫,৬৪৫ ফুট উচ্চ চামোলি হইতে ৩৩ মা পূর্বে। ১৯৩৬-এ ইঙ্গ-আমেরিকান অভিযাত্রীদল শৃঙ্গে আরোহণ করে। কাশ্মীরের বাহিরে খাস ভারতের সর্বোচ্চ পর্বতশিখর।

**নন্দাইল** (Nandail): পূ. পাক.; ময়মনসিংহ জেলা সদর মহ.র থানা। আ. ১২৬ ব মা। গ্রাম, ডাকঘর

রেজি. অফিস (১৮৯৭)। জেলার পূর্বদিকে অবস্থিত।

**নন্দিয়াল** (Nandyal): অন্ধ্র; কুরনুল জেলার শহর; কু. হইতে ৩৭ মা দ.-পূর্বে; বিজয়ওয়াড়া হইতে মি. রেলপথে ৮৯ মা। পেনার নদীর অববাহিকা মণ্ডলে অবস্থিত; কৃষ্ণানদীর খাল নিকট দিয়া গিয়াছে। ব্যবসায় কেন্দ্র; বয়নশিল্প বিখ্যাত। ..১০ মা দূরে এক গ্রামে উৎকৃষ্ট দেশী কাগজ প্রস্তুত হয়। জন. ৩৩,৩৫১। ব্যাংক: সেনট্রাল, স্টেট ও কানাড়া ইনডাস্ট্রি। ১৯৩২-এ এখানে প্রচুর রোমান মুদ্রা পাওয়া গিয়াছিল।

**নন্দীকোন্ডা পরিকল্পনা** (Nandikonda Project): অন্ধ্র ও হায়দরাবাদ রাজ্যদ্বয়ের মিলিত চেষ্টায় নন্দী-কোন্ডা বাঁধ নির্মাণ পরিকল্পনা গৃহীত হইয়াছে। ১৯৫৫ জুন মাসে কাজ সুরু হয়। ইহা শেষ করিতে ৯ বৎসর ও ব্যয় ১২২ কোটি টাকা লাগিবে। ৩০ লক্ষ একর জমিতে জলসেচ ও প্রায় ৭৫ হাজার কি. ওয়াট জলবিদ্যুৎ শক্তি উৎপন্ন হইবে (দ্র. নাগার্জুন কোন্ডা)।

**নন্দীগ্রাম** (Nandigram): মেদিনীপুর জেলা; তমলুক মহ.র থানা। আ. ১৯১ ব মা; জন ১, ৫৯, ৫৮৪; ঘনতা ৮৩৬। থানার পূর্ব দিয়া হলদি নদী ও মধ্যভাগ দিয়া হিজলী জোয়ারী খাল (Tidal canal) গিয়াছে। ...গ্রাম (জন. ১,৬৯১) পাঁশকুড়া স্টেশন হইতে মোটর পথে ১৮ মা। ডাক., টেলিগ্রাফ, স্কুল, রেজি. অপিস।

**নন্দীগ্রাম** (Nandigram): পূ. পাক.; বগুড়া জেলার থানা। ...গ্রাম, বাজার, ডাকঘর। নাটোর-বগুড়া রাস্তার ধারে; আত্রাই হইতেও রাস্তা আছে।

**নবগ্রাম** (Navagram): মুর্শিদাবাদ জেলা; লালবাগ মহ.র থানা, বাজার ও ডাকঘর; ভাগীরথীর পশ্চিমে রাঢ় অঞ্চলে অবস্থিত। থানার আ. ১১৯ ব মা; জন. ৬০,৪৪৪। থানার এলাকায় ১০৯ গ্রাম, ৩টি মাত্র উচ্চ ইং. বিদ্যালয়।... বহরমপুর-খাগড়ার অপর পার হইতে নবগ্রাম পর্যন্ত সড়ক আছে।

**নবদ্বীপ** (Navadvipa): নদিয়া জেলার কৃষ্ণনগর সদর মহ.র থানা ও শহর। থানার আ. ৪০ ব মা; জন ৯১,৩৮০। শহর (জন. ৫৭,২৯৮) ভাগীরথী গঙ্গার পশ্চিমতীরে রাঢ় অঞ্চলে অবস্থিত। কৃষ্ণনগরের সহিত খেয়া পারাপারে যুক্ত, ৮ মা পশ্চিমে। শান্তিপুর হইতে কৃষ্ণনগর হইয়া নবদ্বীপঘাট পর্যন্ত সরু রেলপথ আছে (১২ মা); অপর পারে নবদ্বীপধাম; ইহা কলিকাতা-ব্যানডেল-বারহারোয়া লাইনের উপর অবস্থিত (৬৬ মা)। নবদ্বীপ এখন খুব বড় শহর; জন সংখ্যার অর্ধেক পূর্ববঙ্গের উদ্বাস্তু। শহরে ৮-১০টি স্কুল; ১টি কলেজ; বহু সাংস্কৃতিক প্রতিষ্ঠান। ...ভাগীরথী গঙ্গার চর অঞ্চলে ১০৬৩ অব্দে সেনবংশীয় রাজাদের দ্বারা শহর স্থাপিত ও পূর্বরাজধানী গৌড় হইতে রাজধানী এখানে পরিবর্তিত করা হয়। বোধ হয় বাণিজ্যের সুবিধার জন্য এই পরিবর্তন করা হইয়াছিল। বল্লালসেন, লক্ষ্মণসেন এখানে বাস করিতেন বলিয়া অনুমান করা হয়। রাজধানীতে বহু ব্রাহ্মণ পণ্ডিতদের বাস ছিল। মুসলমানরা ১২ শতকের শেষ দিকে এই স্থান অধিকার করে; তৎসত্ত্বেও মুসলমান যুগেই পূর্বভারতে নবদ্বীপ জ্ঞানচর্চার প্রধান কেন্দ্র হইয়া উঠে। বহু নৈয়ায়িক পণ্ডিতের টোল বা চতুষ্পাঠি ছিল। নবদ্বীপ চৈতন্য মহাপ্রভুর জন্মভূমি ও বৈষ্ণবদের তীর্থস্থান। প্রতিবৎসর রাসপূর্ণিমার সময় বহু সহস্র লোক এখানে আসে; তন্মধ্যে মনিপুরী বৈষ্ণবদের সংখ্যা নিতান্ত কম নহে। ...এখানে অসংখ্য মন্দির, বৈষ্ণব আখড়া আছে।

**নবাবগঞ্জ** (Nawabganj): উত্তর প্রদেশ; বারাবংকী জেলার তহশীল ও জেলার সদর শহর, লখনৌ-ফয়জাবাদ লাইনের উপর বারাবংকী হইতে ১৭ মা পূর্বে অবস্থিত। ব্যবসায় কেন্দ্র। জন, ২২৮৬৬। স্টেট ব্যাংক। ১৮ শতকের শেষভাগে অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা কর্তৃক শহর স্থাপিত হয়।

**নবাবগঞ্জ** (Nawabganj): পূ. পাক.; রাজসাহী জেলার মহ.র শহর, মহানন্দাতীরে; আমনুরা হইতে রেলপথ আছে। কলিকাতা ১৩৭ মা। পূর্বে এই অঞ্চল মালদহ জেলার মধ্যে ছিল; ১৯৪৭-এ পার্টিশনের সময় রাজসাহীর অন্তর্গত হইয়াছে।...মালদহ হইতে গৌড় হইয়া রাজপথ শিবগঞ্জ ও নবাবগঞ্জ হইয়া রাজসাহী পর্যন্ত আছে। তবে রাজ্য বিভক্ত হওয়ায় এই পথ অচল। জন. ২৩,১৬৪। ইহা চাপাই-নবাবগঞ্জ, বার-

ঘরিয়া ন. নামে চলিত ছিল। চাউল ব্যবসায়ের বিশিষ্ট কেন্দ্র।

**নবাবগঞ্জ** (Nawabganj): ঢাকা জেলা; সদর মহ.র থানা, বাজার, ডাকঘর, রেজি. অপিস (১৮৭১)। ঢাকা হইতে জলপথে ৪৫ মা।

নবাবগঞ্জ নামে অনেক শহর আছে; উত্তর প্রদেশের ফররুখাবাদ, কানপুর, বরৈলী, গোনডা, উনাও, ইলাহাবাদ, এটা জেলার মধ্যে।

**নবাবশাহ** (Nawabshah): প. পাক.; সিন্ধুপ্রদেশের জেলা; পূর্বে—থর মরুভূমি; প.—সিন্ধুনদ। রোহরি খালের সেচ দ্বারা কৃষিকার্য চলে। আ. ৩,৯০৮ ব মা; জন. ৬,৮৮,০০০। ...শহর (জন. ১৭,৫০০); করাচি হইতে ১৮২ মা উ.-পূর্বে; লাহোর হইতে ৫৭৩ মা।

**নবীনগর** (Nabinagar): পূ. পাক.; ত্রিপুরা জেলা, ব্রাহ্মণবাড়িয়া মহ.র থানা। আ. ১৬৭ ব মা। ডাকঘর। মেঘনার অনতিদূরে গ্রাম; কুমিল্লা হইতে সড়ক আছে।

**নভো-সাইবিরস্ক** (Novo-Sibirsk): সোবিয়েত রুশের সাইবেরিয়ার বৃহত্তম নগর। ট্রান্স-সাইবেরিয়ান ও টান্স-কাস্পিয়ান রেলপথের জংশন স্টেশন। অব্ নদীতীরে এই নগরী বহু আধুনিক অট্টালিকা শোভিত; বিবিধ সংস্কৃতি ও শিক্ষার কেন্দ্র; কৃষি ও টেকনিক্যাল কলেজ, বিজ্ঞান-পরিষদ, রঙ্গমঞ্চ প্রভৃতি। এই নগর কুজনেতস্ক (Kuznetsk) খনিজ-মণ্ডলের নিকট অবস্থিত বলিয়া বিরাট শিল্পকেন্দ্র হইয়াছে। ইহাকে রুশিয়ার শিকাগো বলা হয়। জন. ৭'৫০ লক্ষ ('৪৬)। মস্কৌ হইতে ১৭৫০ মা।

**নমপেন** (Pnom-Penh): ইন্দোচীনের অন্তর্গত কাম্বোডিয়া রাজ্যের প্রধান নগর ও রাজধানী। মেকং নদীতীরে অবস্থিত, সাইগন হইতে ১৩০ মা উ.-পশ্চিমে; ইহা নদীবন্দর। বহু কারখানা, রাজপ্রাসাদ, রাজগ্রন্থাগার, পালিভাষা ও বৌদ্ধধর্ম শিক্ষার বিদ্যালয়, প্রত্নতত্ত্ব বিভাগের মিউজিয়াম, বৌদ্ধ মন্দির ও বিহার প্রভৃতি আছে। ১৩৭১ অব্দে খেমের (Khmer) নামে এক উপজাতীয় লোকেরা এইখানে নগর পত্তন করে আঙকোর ধ্বংস পাইলে এখানে রাজধানী স্থানান্তরিত হইয়া আসে (১৪৩৪)। বহুবার পরিত্যক্ত হইবার পর ১৮৬৭ স্থায়ীভাবে রাজধানী হয়। জন. ২'৬০ লক্ষ।

**নয়শাতেল** (Neuchatel), **ন্যুস্যাটেল**: সুইট্জারলন্ডের মধ্যে অবস্থিত বৃহত্তম হ্রদ। আ. ৯৩ ব মা; ২৫ মা দীর্ঘ এবং ৪-৬ মা প্রস্থ। গভীরতম অংশ ৫০০ ফুট। জুরা পর্বতমালার দক্ষিণে।

**নয়াগড়** (Nayagarh): পূর্বতন ঈ. স্টে. এজেন্সির করদরাজ্য। আ. ৫৮৮ ব মা। রাজ্য ভারতভুক্ত হইলে এই রাজ্য ওড়িশার পুরী জেলার অন্তর্গত মহকুমায় পরিণত করা হয় ও রাজাকে বার্ষিক ৬২,৮০০৲ ভাতার ব্যবস্থা হয়। ভবিষ্যতে এই মহকুমাকে জেলা করিবার পরিকল্পনা আছে। ...মহকুমার আ. ১,৫৫১ ব মা; জন. ৪, ০১, ১০৯। ৯ থানা। —থানার আ. ১৩৮ ব মা; জন. ৭২, ২৪৮। গ্রাম ১৭৬। ..নয়াগড় শহর খুরদার পশ্চিমে অবস্থিত। সড়ক আছে।

**নয়াগ্রাম** (Nayagram): মেদিনীপুর জেলা; ঝাড়গ্রাম মহ.র থানা। আ. ১১৬ ব মা; জন. ৫৮ হা.; ঘনতা ২৯৭। ...গ্রাম সুবর্ণরেখা নদীর দক্ষিণতটে; খড়গপুর হইতে সড়ক আছে। ডাকঘর।

**নরওয়ানা** (Narwana): পে-প-সু; পাতিয়ালার শহর। জন ১০, ৩৬৮। দিল্লী-ফিরোজপুর রেলপথের জং. স্টে. (১০০ মা); এখান হইতে শাখা রেলপথ কুরুক্ষেত্রের সঙ্গে যুক্ত (৫৪ মা)। পাতি. ব্যাংক।

**নরওয়ে** (Norway, Norge): উত্তর ইউরোপ; স্কান্দানেভিয়া উপদ্বীপের পশ্চিমদিকস্থ রাষ্ট্র। উ.—উত্তর মহাসাগর; প.—অতলান্তিক; দ.—উত্তর সাগর; পূ.—সুইডেন, ফিনলন্ড ও সোবিয়েত দেশ। আ. ১,২৫,১৯৩ ব মা; জন. ৩২, ৮১, ০০০ ('৫০)। রাজধানী: অস্লো (Oslo; পূর্ব নাম ক্রিষ্টিআনা)। ভাষা—নরওয়েজীয়ান—ডেনমার্কের ভাষার মতো।

দেশ পার্বত্য ও বিস্তৃত বনভূমিপূর্ণ। নদীগুলি পশ্চিমবাহী ও খরস্রোতা। পশ্চিমের উপকূল গভীর ও সংকীর্ণ খাড়ি বা ফিওর্ড (Fiord) পূর্ণ। খাড়ির পাড় অত্যন্ত খাড়া।...এখানে শীতকাল ৮/৯ মাস থাকে। তবে উপসাগরীয় উষ্ণ স্রোত ও উষ্ণ দক্ষিণ-পশ্চিম প্রত্যায়ন-বায়ুর ফলে শীতের তীব্রতা পশ্চিম উপকূল হইতে অপেক্ষাকৃত কম।

নরওয়ের উত্তরাংশে নর্থ-কেপে মে মাসের মাঝামাঝি হইতে জুলাইএর শেষাশেষি পর্যন্ত সূর্য মোটেই অস্ত যায় না। মধ্যরাত্রিতেও সূর্য দেখা যায়। সেইজন্য দেশকে 'নিশীথ সূর্যের দেশ' বলে। অপর পক্ষে ১৮ নবেম্বর হইতে ২৩ জানুআরি পর্যন্ত নর্থ-কেপে মোটেই সূর্য দেখা যায় না। এই দীর্ঘরাত্রিতে বহুবর্ণ অরোরা-বোরিয়ালিস (মেরু-প্রভা) দেখা যায়।

মধ্যযুগে নরওয়ে বহু টিউটনিক জাতির বাসভূমি ছিল। ৮৭২ অব্দে হারল্ড হারফাগের (Harald Haarfager) ইহাদিগকে একত্র করেন। রাজা চতুর্থ হাকন (Haakon IV)-এর সময় দেশ শক্তির উচ্চতম শিখরে আরোহণ করে; শেটলন্ড, অর্কনি দ্বীপপুঞ্জ (Orkney Isles), আইসলন্ড, গ্রীনলন্ড এবং হাইব্রিডস্ ইহার পদানত হয়। ১৩১৯ এ নরওয়ে ও সুইডেন একরাজ্য হয়; ১৩৯৭-এ ডেনমার্ক এই ইউনিয়নের সহিত যুক্ত হয়। ১৫২৩-এ সুইডেন পৃথক হইয়া গেলে নরওয়ে প্রায় তিনশো বৎসর ডেনমার্কের সঙ্গে একত্র থাকিতে বাধ্য হয়। নেপোলিয়নীয় যুদ্ধের পর ১৮১৪ অব্দে নরওয়ে সুইডেনকে দেওয়া হয়। নর. প্রতিবাদ করিয়া বিচ্ছিন্ন হইতে চেষ্টা করে, কিন্তু সুইডেন জোর করিয়া দখলে রাখে। অবশেষে ১৯০৫-এ নরওয়ে পৃথক রাজ্যরূপে গঠিত হয়।

১ম মহাযুদ্ধের সময় নর. তাহার নিরপেক্ষতা রক্ষা করিতে পারিয়াছিল; কিন্তু ২য় মহাযুদ্ধের সময় জারমান নাৎসি বাহিনী ১৯৪০, এপ্রিল মাসে নরওয়ে আক্রমণ করে। জুন মাসে রাজা হাকন লন্ডনে পলায়ন করেন। এইসময় বিডকুন কুইসলিঙ (Vidkun Quisling) নামে এক সেনাপতি জারমান আক্রমণকারীদের সহায়তা করে ও জারমান অধিকৃত দেশের অধিপতি হয়। যুদ্ধের শেষে কুইসলিঙকে বধ করা হয় ('৪৫)। রাজা হাকন (Haakon VII) দেশে ফিরিয়া আসিয়া রাজ্য পরিচালনা করেন।

নরওয়ের শাসনব্যবস্থা গঠনতান্ত্রিক ও বংশানুক্রমিক রাজতন্ত্র; এখানকার পার্লামেন্টকে Storting বলে (১৫০ সদস্য)। সর্বজনীন বয়স্ক ভোটাধিকার আছে। আনুপাতিক ভোটে প্রতিনিধি নির্বাচিত হয়। ...নরওয়ের বহির্রাজ্য খুব কম; সুমেরু মহাসাগরে জানমায়ের দ্বীপ, স্পিট্সবার্জেন দ্বীপপুঞ্জ এবং কুমেরু মহাসাগরে কয়েকটি ক্ষুদ্র দ্বীপ নরওয়ের অধিকারভুক্ত। স্পিট্স. ভিন্ন অন্য দ্বীপ জনশূন্য।...দেশের ৩.৬% মাত্র ভূমি চাষাবাদ হয়। ২৪.২% ভূমি অরণ্যময়। বাকী স্থানে কিছুই হয় না। অরণ্যে কাষ্ঠ সংগ্রহ ও সমুদ্রে মৎস্য শিকার এদেশের লোকের প্রধান উপজীবিকা। আজকাল স্থানে স্থানে পশুপালন হইতেছে।...নরওয়ে-বাসীরা নৌবাণিজ্যে বিশেষ পারদর্শী। প্রধান রপ্তানি দ্রব্য—কাঠ, কাষ্ঠমণ্ড, কাগজ, মাছ, দস্তা, সীসা, লোহা প্রভৃতি খনিজ দ্রব্য। নরওয়েতে কয়লা নাই, তবে স্পিটসবার্জেনে কয়লা আছে ও তোলা হয়। জলবিদ্যুৎ প্রচুর; সেইজন্য বহুপ্রকারের শিল্পজাত দ্রব্য সুলভে প্রস্তুত করা ও সুপর্যাপ্ত নাইট্রোজেন বায়ু হইতে নিষ্কাশিত করা সম্ভব হইয়াছে। পটাসিয়াম নাইট্রেট সারও প্রস্তুত হয়।

প্রধান বন্দর—অসলো, হামারফেস্ট (Hammer fest), বার্জেন (Bargen), ত্রোনিএম (Trondheim)। রাজ্যে ১৭০০ মাইল রেলপথ আছে।...শিক্ষা আবশ্যিক ও অবৈতনিক। নিরক্ষর লোক দেশে নাই বলিলেই চলে। অসলো ও বার্জেনে দুইটি বিশ্ববিদ্যালয় আছে।

**নরকাটিগঞ্জ** (Narkatiaganj): বিহার; চম্পারন জেলা, বেতিয়া মহ.র শহর; বেতিয়া হইতে রেলপথে ২৩ মা; মুজফফরপুর জং. হইতে ১০০ মা। মোকামা ঘাটে গঙ্গা পার হইয়া সমরিয়া ঘাট স্টেশন হইতে সমস্তিপুর (৩৮ মা) দিয়া ন. যাওয়া যায় (১৪২ মা)। এখান হইতে একটি শাখা রেলপথ নেপাল সীমান্তে ভিখনা থোরি (২৩ মা), আর একটি শাখা বগহা (২৩ মা) পর্যন্ত গিয়াছে।

**নরনৌল** (Narnaul): পে-প-স্থ.র (বর্তমান পাঞ্জাব) জেলা ও শহর। রেওয়ারী হইতে ৩৩ মা দ.-পশ্চিমে। সিপাহী বিদ্রোহের সময়ে পাতিয়ালার এক শিখ সর্দার ইংরেজকে সহায়তা করেন বলিয়া এই শহর তাঁহাকে

দেওয়া হয়। ...জন. ২২,৭৪৫। পাতিয়ালা ও প. ন্যাশনাল ব্যাংক।

**নরসাপুর** (Narsapur): অন্ধ্র; পশ্চিম গোদাবরী জেলার তালুক ও শহর; ওয়ালটেয়ার-বিজয়ওয়াড়া রেলপথের জং. স্টে. নিডদোবলু (১৩৯ মা) হইতে শাখা রেল নরসাপুর অন্তরীপের নিকট শহর পর্যন্ত গিয়াছে (৪৮ মা)।...১৭ শতকে ওলন্দাজদের বাণিজ্য কেন্দ্র; ১৬৭৭-এ ইংরেজরা, ১৭৫৬-এ ফরাসীরা ও শেষ বারের মতো ১৭৫৯-এ ইংরেজরা দখল করে। নিকটে লবণ তৈয়ারি হয়। জন. ২২,২২৯। ভারত লক্ষ্মী ব্যাংক; স্টেট ব্যাংক।

**নরসরাবুপেট** (Narasaraopet): অন্ধ্র; গুন্টুর জেলার তালুক ও শহর। বিজয়ওয়াড়া-গুন্টুর-গুন্টকল রেলপথের স্টে. (৪৮ মা); গুন্টুর ২৮ মা দূরে। জন. ২২,২৫৮। অন্ধ্র, ইন্ডিয়ান, স্টেট ব্যাংক।

**নরসিংদি** (Narsingdi): পূ. পাক.; ঢাকা জেলা, নারায়ণগঞ্জ মহ.র থানা। আ. ৮৮ ব মা। ডাকঘর। টংগি-ভৈরব রেলপথের স্টেশন। মেঘনার একটি শাখার উপর গ্রাম অবস্থিত। নারায়ণগঞ্জ হইতে ৪৫ মা। ভৈরব ১৯ মা পূর্বে।

**নরসিংহগড়** (Narsinghgarh): পূর্বতন মধ্যভারত এজেন্সির করদরাজ্য। আ. ৭৩১ ব মা; জন. ১২৫, ১৭৮ ('৪১)। রাজ্যের আয় ছিল ৭'৪২ লক্ষ, কর ব্রিটিশকে দিতে হইত না। রাজা ১১ তোপ সম্মান পাইতেন।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,১৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...শহর (জন. ১,১১, ২২৬) মধ্যভারত ইউনিয়ন (বর্তমান মধ্য প্রদেশ) অন্তর্গত; ভোপাল হইতে ৪০ মা উ.-পূর্বে। ...কার্পাস, গম প্রভৃতির বাজার।

**নরসিংহপুর** (Narasinghapur): মধ্যপ্রদেশ; হোসাঙ্গাবাদ জেলার তালুক ও শহর। এক সময়ে ইহা পৃথক জেলা ছিল। আ. ১,৯৭৮ ব মা। ১৯৩১-এর পর পৃথক অস্তিত্ব লুপ্ত হয়। শহর (জন. ১৪,২১৬) সিংগরী নদীতীরে ইলাহাবাদ-জবলপুর-ইতরসি রেলপথের স্টেশন (২৭৭ মা)। ...স্টেট ব্যাংক, সমবায় ব্যাংক।

**নরসিংহপুর** (Narsingpur): পূর্বতন ওড়িশা স্টেটস এজেন্সির করদরাজ্য; মহানদীর উত্তরে ও অঙ্গুলের দক্ষিণে। আ. ২০৪ ব মা; জন. ৪৮,৪৪৮ ('৪১)। ১৯৪৭-এর পর রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২৮,১০০৲ ভাতা প্রদত্ত হয়। ...বর্তমানে নরসিংহপুর ওড়িশার জেলা বলিয়া ঘোষিত; কিন্তু শাসন সুবিধার জন্য কটক জেলার মহকুমা রূপে শাসিত হইতেছে। ...আ. ৫৫৬ ব মা; জন. ২,০৪,৪৮৩। ৬ থানা। ...থানার এলাকা ১২০ ব মা। জন. ২৯,৩৪৭। গ্রাম ১৩৮। মহকুমার সদর শহর আঠগড়। নর. শহর কটক হইতে ৬০ মা দূরে, মহানদীর বামতটে অবস্থিত।

**নর্থ-ঈস্টার্ণ রেলওয়ে** (North-Eastern Railway): উত্তর ও উত্তর-পূর্ব ভারতের যাবতীয় মিটর গেজ লাইন এই জোনের অন্তর্গত। গোরখপুরে প্রধান অপিস। রেলওয়ের দৈর্ঘ্য ৪,৭৬৭ মা [২'১৫ মা ব্রড্‌গেজ; ৫২ মা সরু রেল]। মূলধন ৮৪'৫০ কোটি টাকা। মোট আয় ২৭,৯৬,২৫,০০০। ব্যয় ২৯,১০,৬২,০০০; ক্ষতি ১,১৪,৩৭,০০০ টাকা। আসাম যাইবার নূতন পথ খোলায় বহু ব্যয় হয়। যাত্রী ১২৬,১৮,০৪,০০০। পূর্বের আউধ-রোহিলখণ্ড, বেঙ্গল নর্থ-ওয়েস্টার্ন রেলওয়ে ও ঈস্টার্ন বেঙ্গল রেল প্রভৃতি লইয়া এই জোন হইয়াছে।

আসাম, পশ্চিমবঙ্গের উত্তরাংশ, বিহার ও উত্তর প্রদেশের উত্তরাংশে এই রেলপথ বিস্তৃত। ১৯৪৭-এ দেশ বিভক্ত হইলে আসাম ভারতের অন্যান্য অংশ হইতে বিচ্ছিন্ন হইয়া পড়ে। তজ্জন্য আসাম লিংক রেলপথ নির্মিত হয়। ১৯৫০-এর ২৬ জানুয়ারি এই পথে প্রথম রেলগাড়ি চলিতে আরম্ভ করে। কলিকাতা হইতে লুপ লাইন দিয়া সকরিগলি ঘাটে গঙ্গা পার হইয়া মনিহারী ঘাট হইতে ট্রেন ধরিয়া কাটিহার হইয়া শিলিগুড়ি ঘুরিয়া আসামের রেলপথ গিয়াছে।

**নর্থ-ওয়েস্ট টেরিটোরিস** (North-West Territories): কানাডার উত্তরতম টেরিটোরি; ইহা ৬০° অক্ষাংশের উত্তরে অবস্থিত। ইহার পশ্চিমে ইউকন (Yukon) নদী। আ. ১৩,০৪,৯০৩ ব মা; জন. ১৬,০০৪ ('৫১); ইহার মধ্যে ৬,৮৫৭ এস্কিমো। এই টেরি-

টোরির কোনো রাজধানী নাই ; অটাওয়া (Ottawa) ইহার শাসনকেন্দ্র। গবর্নর-জেনারেলের অধীন একজন কমিশনার এই টেরিটোরির শাসন পরিচালনা করেন। খনিজদ্রব্য, মৎস্য, ফার (সলোম চর্ম) এই দেশের প্রধান ব্যবসায় সামগ্রী। বৎসরে ৮ মাস দেশ বরফাবৃত থাকে। রাস্তাঘাট খুব অল্প। বসতির নিকটে ভালো সড়ক আছে। জলপথ ও বিমান পথে যাওয়া-আসা চলে।

**নর্থ-ওয়েস্টার্ন রেলওয়ে** (North-Western Railway, N. W. Rly.) : ১৮৬১ সালে এই রেলপথ খোলা হয়। ১৯৪৭,১৫ অগস্টে পশ্চিম পাকিস্তানের সহিত এই রেলপথের পার্টিশন হয়। তখন ভারতভুক্ত অংশ ঈস্টার্ন পঞ্জাব রেলওয়ে (দ্র.) নামে অভিহিত হয়। ১৯৫০ হইতে ঐ অংশ নর্দার্ন রেলওয়ে জোন অন্তর্গত। বর্তমানে ন.-ও.-রেলওয়ে বলিতে প. পাকিস্তানের রেলপথ বুঝায়। ইহা প্রায় ৫ হাজার মা দীর্ঘ।

**নর্থ কারোলিনা** (North Carolina) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। উ.—ভার্জিনিয়া ; দ.—জর্জিয়া ও সাউথ কারোলিনা ; পূ.—অতলান্তিক। আ. ৫২,৭১২ ব মা ; জন. ৪০·৬২ লক্ষ ('৫০)। ইংলন্ডের রাজা ২য় চার্লসের নির্দেশে ১৬৫০-এ প্রথম উপনিবেশ স্থাপিত হয়। ১৭২৯-এ নর্থ কারো. স্টেটটি গঠিত (দ্র. কারোলিনা) ও ১৭৮৯-এ ইউনিয়নভুক্ত হয়। ১৮৬১ অব্দে দক্ষিণী দলে যোগ দিয়া যুক্তরাষ্ট্র হইতে বিচ্ছিন্ন হয়। ১৮৬৮-এ পুনরায় যুক্তরাষ্ট্রভুক্ত হয়। বর্তমান সংবিধান ১৮৭৬-এ গৃহীত হয়। তামাক ও বস্ত্র উৎপাদনে এই স্টেট সমগ্র যুক্তরাষ্ট্রের মধ্যে সর্বশ্রেষ্ঠ। কৃষি ও খনিজ সম্পদ প্রচুর। রাজধানী র‍্যালে (Raleigh ; জন. ৬৬,০০০)।

**নর্থ ডাকোটা** (North Dakota) : মার্কিন যুক্তরাষ্ট্রের উত্তরাংশে অবস্থিত স্টেট। উত্তরে—কানাডা ; পূ.—মিনেসোটা (Minnesota) ; প.—মোনটানা (Montana)। আ. ৭০,৬৬৫ ব মা ; জন. ৬,১৯,৬৩৬ ('৫০)। রাজধানী বিসমার্ক (Bismark)। ১৭৩৮-এ ফরাসী বণিকরা কানাডা হইতে এই দেশে প্রথম প্রবেশ করে। ১৭৮০ প্রথম উপনিবেশ হয়। ১৮৬১-এ স্টেট রূপে গঠিত ও ১৮৮৯ যুক্তরাষ্ট্রভুক্ত হয়। সংবিধান ১৮৮৯-এ রচিত। ভূমির ৮৭ শতাংশে গম, যব প্রভৃতির চাষ হয়। ভূতাত্ত্বিকদের মতে যুক্তরাষ্ট্রের দুই তৃতীয়াংশ লিগনাইট (Lignite) এই স্টেটে রহিয়াছে। রেড ইনডিয়ান শব্দ ডাকোটা অর্থ বন্ধু।

**নর্দার্ন টেরিটোরি** (Northern Territory) : অস্ট্রেলিয়ার উত্তরতম প্রদেশ। আ. ৫,২৩,৬২০ ব মা ; জন. ২৮,৮০০ ('৫৩) ; ইহার মধ্যে ১২,৩১৪ আদিবাসী। রাজধানী ডারউইন (Darwin)। ...নিউ-সাউথ-ওয়েলসের সহিত যুক্ত থাকিবার পর ১৮৬৩ অব্দে এই অংশ দক্ষিণ অসট্রেলিয়ার সহিত মিলিত হয়। ১৯০১-এ দ. অস্ট্রেলিয়ার অংশ হিসাবে কমনওয়েলথে প্রবেশ করে। ১৯১১-এ ন. টেরি. কমনওয়েলথের প্রত্যক্ষ শাসনাধীন হয়। ১৯২৭-এ এই দেশাংশ উত্তর ও মধ্য অস্ট্রেলিয়ায় বিভক্ত হয়। ১৯৩১-এ উভয় প্রদেশ এক করিয়া নর্দার্ন টেরিটোরি নাম দিয়া ইহাকে একজন শাসনকর্তার অধীনে আনা হয়। ...অধিবাসীদের প্রধান উপজীবিকা পশুপালন। চামড়ার জন্য মহিষ, কুমীর ও কাঙারু মারা হয়। খনিজ সম্পদ স্বর্ণ, ইউরেনিয়াম প্রভৃতি। ইউরোপ ও এসিয়া হইতে অস্ট্রেলিয়ায় যে-সব বিমান আসে তাহাদিগকে প্রথমে ডারউইন বন্দরে নামিতে হয়।

**নর্দার্ন রেলওয়ে** (Northern Railway) : দ্র. উত্তর রেলপথ।

**নর্মদা** (Narmada river) : ভারতের মধ্যভাগের নদী (দৈর্ঘ্য ৮০০ মা)। বিন্ধ্যপর্বতের পূর্বাংশে অমরকণ্টক পাহাড়ে উঠিয়া নর্মদা জবলপুরের নিকট মার্বেল পাহাড় কাটিয়া পশ্চিমবাহিনী হইয়া কাম্বে উপসাগরে (আরব সাগরে) পড়িতেছে। জবলপুরের নিকটে একটি জলপ্রপাত আছে। সমুদ্রগামী জাহাজ মোহনা হইতে মাত্র ৫০ মাইল ভিতরে যায়। এই নদী হিন্দুদের নিকট পবিত্র।

**নরাইনা** (Naraina) : রাজস্থান ; জয়পুর জেলায় মিউনি. শহর। জন. ৫,৫১৭। সম্বর হইতে ৮ মা দক্ষিণে। এখানে দাদুপন্থীদের আদি কেন্দ্র।

**নলগড়** (Nalagarh) : পে-প-য়ু-রাজ্যের অন্তর্গত দেশ ; পূর্বতন পঞ্জাব পার্বত্য স্টেটসের করদরাজ্য। রাজারা চাণ্ডেল রাজপুত। আ. ২৭৬ ব মা ; জন. ৫২,৭৩৭ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৬০ হা. টাকা ভাতা দেওয়া হয়। এই রাজ্যের বর্তমান ভৌগোলিক অবস্থান হিমাচলপ্রদেশের মধ্যে।

**নলগোন্ডা** (Nalgonda) : হায়দরাবাদ রাজ্যের (বর্তমান অন্ধ্র) দাক্ষিণাত্য মালভূমি অন্তর্গত জেলা। দক্ষিণে কৃষ্ণা নদী ; উত্তরে মেদাক ও করিমনগর জেলা ; পূর্বে ওয়ারঙ্গল। রাজ্য পুনর্গঠন আইন (১৯৫৬) অনুসারে এই জেলা অন্ধ্র রাজ্যের তেলেঙ্গনা বিভাগ অন্তর্ভুক্ত হইয়াছে। এই দুই জেলার অধিবাসীরা অত্যন্ত দরিদ্র ও ধনী ব্যবসায়ীদের দ্বারা উৎপীড়িত হইত ; ভূমিহীন লোকই অধিক। ১৯৪৯-৫০এ ইহাদের মধ্যে বিক্ষোভ দেখা দেয়। নানাভাবে তাহারা শমিত হইয়াছে। নলগোন্ডা জেলার আ. ৬,০৪৯ ব মা ; জন. ১৫,৪৪,৩০১। অধিবাসীর ৮৫ শতাংশ হিন্দু, ৬ মুসলমান, ১% খ্রীষ্টান। ব্যবসায় কেন্দ্র ভোঙ্গীর ও নলগোনড়া।...শহর (জন. ২২,১৮৪) রেলপথ হইতে বহু দূরে। এই জেলার উত্তরাংশ ছাড়া কোথাও রেল নাই। হা. স্টেট ও সমবায় ব্যাংক।

**নলচিঠি** (Nalchiti) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা, বরিশাল মহ.র থানা। আ. ৮৩ ব মা। শহর (জন. ১,৯৫৩) খুলনা-বরিশাল স্টীমার লাইনের স্টেশন (৯২ মা) ; বরিশাল এখান হইতে ১২ মা। ইহা আড়িয়াল খাল নদীর উপনদ বিশখালির তীরে। ডাকঘর, তার, রেজি. অপিস (১৮৭২)।

**নলডাঙ্গা** (Naldanga) : পূ. পাক. ; যশোহর জেলার গ্রাম, ঝিনাইদহ হইতে ৯ মা দক্ষিণে ও যশোহর হইতে ২০ মা উত্তরে অবস্থিত। পুরাতন 'রাজা' উপাধিধারী জমিদারের বাস ছিল।

**নলবাড়ি** (Nalbari) : আসাম ; কামরূপ জেলা, গৌহাটি মহ.র থানা। আ. ১৯৯ ব মা ; জন. ১৭২,২৪০ ; ঘনতা ৮৬৬। শহরটি মনিহারী-আমিনগাঁও রেলপথের স্টেশন (৩৭৬ মা), পাণ্ডু হইতে ৩৫ মা উ.-পূর্বে। ইণ্টার. কলেজ (১৯৪৫)।

**নলহাটি** (Nalhati) : বীরভূম জেলা ; রামপুরহাট মহ.র থানা ও শহর। থানার আ. ২৩৯ ব মা ; জন. ১,০২,১১৬ ; ঘনতা ৭৩৬। ...নলহাটি থানার মধ্যে ১৩ ইউনিয়ন বোর্ড। ...নলহাটি ইউনিয়নের জন. ১০,৩২৭ ; ও শহরের জন. ৬,৪২৭। থানার পশ্চিমাংশের ৮৫ গ্রাম লইয়া সমাজ উন্নয়ন পরিকল্পনা ব্লক গঠিত হইয়াছে। ...থানায় ৩ উচ্চ বিদ্যালয় : নলহাটি, লোহাপুর ও কুরমগ্রাম। —শহর, লুপলাইনের স্টেশন (১৩৭ মা) ; ও আজিমগঞ্জ রেলশাখার (২৮ মা) জংশন। স্বাস্থ্যকর স্থান ; নিকটে ছোট ছোট পাহাড় আছে। ইহা একটি পীঠস্থান, দেবী ললাটেশ্বরী। রেজি. অপিস (১৮৯৫)। সমবায় ব্যাংক।

**নলিতা বাড়ী** (Nalitabari) : পূ.পাক. ; ময়মনসিংহ জেলা, জামালপুর মহ র থানা। আ. ২০৭ ব মা। কংস নদীর তীরে গ্রাম, ডাকঘর।

**নশীপুর** (Nashipur) : মুর্শিদাবাদ জেলা ; ভগবানগোলা থানার বড় গ্রাম। জন. ১০,৬৭৮। কলিকাতা-লালগোলা রেলপথের স্টেশন (১২৫ মা)। এখানকার জমিদারদের 'রাজা' উপাধি। এই জমিদার বংশের আদিপুরুষ বাংলার ইতিহাসের কুখ্যাত দেবী সিংহ, পশ্চিমা অগ্রবাল বা আগরওয়ালা বণিক। ওয়ারেন হেস্টিংসের শাসনকালে ইনি উত্তরবঙ্গে দিনাজপুর রাজ্যের দেওয়ান রূপে কার্যকালে অকথ্য অত্যাচার করেন।... এই বংশের পরবর্তীরা বহু পুণ্যকর্মদ্বারা যশস্বী হন।

**নসরৎবাদ** (Nasratbad) : গৌড় (দ্র.)-এর অপর নাম। বাঙলার সুলতান নসরৎ সাহ (১৫২৩) এখানে এক মসজিদ নির্মাণ করেন।

**নসস্** (Knossos) : ক্রীট দ্বীপের প্রাচীন রাজধানী ; খ্রী.পূ. ৪ হাজার বৎসর পুরাতন। প্রাগৈতিহাসিক নব-প্রস্তর যুগের চিহ্ন হইতে সভ্য সমাজ ও রাষ্ট্রগঠনের যুগ পর্যন্ত বিভিন্ন সংস্কৃতি স্তরের সামগ্রী মাটি খুঁড়িয়া পাওয়া গিয়াছে। এই নগর মাইনোয়ান (Minoan) সভ্যতার কেন্দ্র ছিল। স্যার আর্থার ঈভান্স (Evans) দীর্ঘকাল এখানে খননকার্য করিয়া নগরীর প্রাসাদ, কবরগৃহ প্রভৃতি আবিষ্কার করিয়াছেন। প্রাসাদের সুদৃশ্য প্রাচীরচিত্র (ফ্রেস্কো) ও অন্যান্য সামগ্রী হইতে

খ্রীষ্টের দুইহাজার বৎসর পূর্বকালীন সভ্যতার তথ্যাদি জানা যায়। (দ্র. ঈজ্যন সভ্যতা)।

**নহরকাটিয়া** (Naharkatiya): আসামের উ.-পূর্বে তৈল অঞ্চলের স্থান। তিনসুকিয়া হইতে ১৫ মা দক্ষিণে, পাণ্ডু-তিনসুকিয়া রেলপথের স্টেশন (৩১০ মা)। এখানে ১০,৬৯৭ ফুট গভীর কূপ হইতে পেট্রোলিয়াম তৈল নিষ্কাশিত হয়। এখানে এশিয়ার গভীরতম তৈলকূপ। বিদেশী কোম্পানি এইখানে কার্য করিতেছে।

**নাইজার নদী** (Niger river): প. আফ্রিকার নদী; নীল ও কংগো ছাড়া ইহা তৃতীয় দীর্ঘতম নদী (২,৬০০মা)। অতলান্তিক হইতে মাত্র ১৭৫ মা উত্তরে নদীর উৎপত্তি, কিন্তু বহু পথ ঘুরিয়া গিনী উপসাগরে পড়িতেছে। মোহনায় বিশাল বদ্বীপ। নদীর শেষ দিক ও উপর দিক নাব্য; কিন্তু মাঝে মাঝে প্রপাত থাকায় অখণ্ডভাবে নাব্য নহে। টিম্বকটু এই নদীতীরে।

**নাইজার কলোনি** (Niger Colony): ফরাসী পশ্চিম আফ্রিকার কলোনী; মকরক্রান্তি রেখার দক্ষিণে; ১৯২২-এ গঠিত। আ. ৪,৯৯, ৪১০ ব মা; জন. ২১,৬৫,০০০ ('৫১); ইহার মধ্যে মাত্র দুই হাজার ইউরোপীয়। কলোনীর দক্ষিণে নাইজেরিয়া। রাজধানী নিয়ামি (Niamey) নাইজার নদীতীরে অবস্থিত। নাইজারের কিয়দংশ লইয়া ১৯৪৭-এ আপার ভল্টা (Upper Volta) প্রদেশ নূতন করিয়া গঠিত হইয়াছে। বিচিত্র আফ্রিকান আদিম উপজাতিরা এখানে বাস করে।...দেশের উত্তরাংশ মরুময়, মধ্যাংশ বনময়। দক্ষিণাংশ পশুচারণের উপযুক্ত। বনে সিংহ, হাতী, গণ্ডার প্রভৃতি পাওয়া যায়। প্রধান উৎপন্ন—চীনাবাদাম, কলাই, ধান তুলা; সোডিআম-সালফেট, লবণ ইত্যাদি। টিনের খনি আছে। অধিকাংশ দ্রব্য নাইজেরিয়ায় রপ্তানি হয়।

**নাইজেরিয়া** (Nigeria): পশ্চিম আফ্রিকার ব্রিটিশ কলোনী। ইহা ব্রিটিশ রাজ্যের সর্ববৃহৎ কলোনিয়াল টেরিটোরি। নাইজেরিয়ার দক্ষিণে গিনি উপসাগর; পশ্চিমে দাহোমে ও ফরাসী নাইজার; পূর্বে ফরাসী কামেরুন্স। আ. ৩,৭৩,২৫০ ব মা; জন. ৩'১২কোটি পূর্বতন জারমান কলোনি কামেরুন্স-এর অংশবিশেষ ব্রিটিশ ম্যানডেটরূপে নাইজেরিয়ার অন্তর্গত হইয়াছে। প্রধান শহর ও রাজধানী লাগোস (Lagos)। এখান হইতে সুদানের প্রসিদ্ধ বাণিজ্য কেন্দ্র কানো (Kano) পর্যন্ত রেলপথের পার্শ্বে রবারের বন। কানো শহর চীনাবাদাম ও সাভানা তৃণ-অঞ্চলের উৎপন্ন সামগ্রীর বাজার।

নাইজার নদীর দুই তীরে ক্ষুদ্র ক্ষুদ্র বহু নিগ্রো উপজাতির রাজ্য ছিল। অধিবাসীরা প্রধানত চাষী ও পশুপালক। পাম-তৈল (Palm-oil) প্রধান উৎপন্ন দ্রব্য; সাবানাদি প্রস্তুতে ইহার ব্যবহার প্রচুর। এ ছাড়া স্বর্ণ, টিন, রৌপ্য, সীসা, কয়লা, চামড়া চীনাবাদাম, তুলা, কোকো, মেহগনি, রবার রপ্তানি হয়। ১৯৫২ অব্দের আইন অনুসারে শাসনব্যবস্থায় দেশীয় লোকেরা যোগদানের সুযোগ পাইয়াছে। প্রতিনিধি সভায় ১৩৬ বেসরকারী সভ্য। গবর্নর ও ১২ মন্ত্রী লইয়া শাসন-পরিষদ।

**নাইরোবি** (Nairobi): পূর্ব-আফ্রিকার ব্রিটিশ কলোনি কেনিয়ার রাজধানী (জন. ১'২০ লক্ষ)। উগান্ডা রেলপথে মোম্বাসা বন্দর হইতে ৩৩০ মা। শহরটি ৫,৫০০ ফুট উচ্চ মালভূমে অবস্থিত বলিয়া জলবায়ু খুব প্রতিপ্রদ। শহরের প্রধান কারবার মাংস প্যাকিং, ফল-ক্যানিং। রপ্তানির সামগ্রী কফী, চা। এখানে ইউরোপীয় ও দেশীয়দের স্কুল আছে। হোটেল, রেস-কোর্স। কেনিয়া পর্বত ৮০ মা দূরে।

**নাকাশীপাড়া** (Nakashipara): নদীয়া জেলা; কৃষ্ণনগর সদর মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১৪০ ব মা; জন. ৮১,৭৪৭; ঘনতা ৫৮৪। কলিকাতা-ভগবানগোলা লাইনের মুড়াগাছা (৭৩ মা) বা বেথুয়াডহরী (৭৯ মা) স্টেশন হইতে পশ্চিমে। গ্রামে ডাকঘর, ডিস্পেন্সারি, প্রা. স্কুল আছে; জন. ২০৩।

**নাকোদর** (Nakodar): পূ. পঞ্জাব; জলন্ধর জেলার তহশীল ও মিউনি. শহর। জলন্ধর জং. হইতে শাখা লাইনের শেষ স্টেশন (২০ মা)। জন. ১১,৩০৭। ব্যাংক: প. ন্যাশনাল; সমবায়।

**নাগপাটম** (Nagapattinam: Negapatam): মদ্রাজ; তাঞ্জোর জেলার তালুক ও শহর; তা.-নাগোর

রেলপথের স্টে. (৫৩ মা)। বঙ্গোপসাগরের প্রাচীন বন্দর; এখনো মালয় উপকূলের সহিত বাণিজ্য চলে। পোর্তুগীজদের অন্যতম প্রাচীন উপনিবেশ; ১৬৬০-এ ডাচদের ও ১৭৮১-এ ইংরেজের অধিকারে আসে। মেত্তুর ও পাইকরা জলবিদ্যুৎ কেন্দ্র হইতে শক্তি দ্বারা বহুবিধ শিল্পকারখানা চালিত হয়। জন. ৫৭,৯৭৩। ব্যাংক: স্টেট, ইন্ডিয়ান, ইন্ডিয়ান ওভারসীজ, কুম্ভকোনম।

**নাগপুর** (Nagpur): মধ্যপ্রদেশের জেলা। রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় (১৯৫৬) নাগপুর ও মধ্যপ্রদেশের পশ্চিমাংশ বোম্বাই রাজ্যভুক্ত হইয়াছে। কারণ, এই অঞ্চল মারাঠি ভাষী সংখ্যাগরিষ্ঠ। জেলার আ. ৩,৮৪৩ ব মা; জন. ১২,৩৪,৫৫৬। বৃষ্টি ৪৬"। শহর (জন. ৪,৪৯,০৯৯) কলিকাতা-বোম্বাই রেলপথের উপর অবস্থিত (৭০৩ মা) বড় জং. স্টেশন। এখান হইতে কলি.-বোম্বাই ছাড়া উত্তরে ছিন্দওয়ারা (৯২ মা), উত্তর-পূর্বে আমলা (১০৬ মা) দক্ষিণে নাগবীর হইয়া চান্দা-ফোর্ট (১৩৯ মা) পর্যন্ত লাইন গিয়াছে।...নাগপুর মধ্যপ্রদেশ রাজ্যের রাজধানী থাকায় এখানে হাইকোর্ট ছিল, অনেকগুলি কাপড়ের কল আছে। ব্যাংক: ইলাহাবাদ, বিকানীর, ইন্ডিয়া, মহারাষ্ট্র, নাগপুর, কানাড়া, সেনট্রাল, স্টেট, লক্ষ্মী, নিউ সিটিজেন, প. ন্যাশনাল, ইউনা. কমার্স প্রভৃতি।...নাগপুর মধ্যযুগে গোন্ড উপজাতিদের রাজধানী ছিল; ১৭৪৩-এ মারাঠারা এই অঞ্চল অধিকার করে। কালে এখানে ভোঁসলারা স্বাধীন রাজ্য স্থাপন করে। ১৮১৭-এ ভোঁসলা ব্রিটিশদের নিকট পরাজিত ও সীতাবলডিতে সন্ধি করিতে বাধ্য হয়; তখন হইতে এই দেশ ইংরেজের তাঁবে আসে। ডালহৌসির সময় (১৮৪৮-৫৬) রাজা অপুত্রক থাকায় রাজ্য ব্রিটিশভারতভুক্ত হয় ও ১৮৬১ অব্দে মধ্যপ্রদেশ গঠিত হয়। নাগপুর শহর সেই হইতে প্রদেশের রাজধানী। ১৯৫৬ হইতে বোম্বাই রাজ্যের মারাঠাওয়াডাভুক্ত নগর।...নাগপুর বিশ্ববিদ্যালয় ১৯২৩-এ স্থাপিত হয়।

**নাগরকয়েল** (Nagarcoil): তিরু-কোচীন রাজ্যের (বর্তমান কেরল) তিরুবঙ্কুরের শহর। জন ৭৯,৩০৯। ব্যবসায়ের স্থান। ৭টি ব্যাংক। ৯ শতকের জৈন মন্দিরের ধ্বংসাবশেষ আছে। নারিকেল, নারিকেলের ছোবড়া হইতে বহুবিধ সামগ্রী ও তালগুড় তৈয়ারির কারখানা আছে।

**নাগরপুর** (Nagarpur): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, টাঙ্গাইল মহ.র থানা। আ. ১১১ ব মা। ব্রহ্মপুত্র-যমুনা এবং ধলেশ্বরীর সঙ্গমে থানার এলাকা অবস্থিত। টাঙ্গাইল হইতে সড়ক আছে।

**নাগরাকাটা** (Nagrakata): জলপাইগুড়ি জেলা; সদর মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১০৭ ব মা; জন. ৪২,৩৮৯; ঘনতা ৩৯৭। গ্রাম নর্থ-ঈ. রেলপথের স্টেশন; কাটিহার হইতে ১৭০ মা। জলঢাকা নদী গ্রামের পশ্চিম দিয়া প্রবাহিত। ডাকঘর।

**নাগরোটা** (Nagrota): পূ. পঞ্জাব; কাঙড়া জেলার শহর; পাঠানকোট হইতে ছোট লাইনের শেষ স্টেশন (৬৮ মা)। জন. ২,৫০৩। হিমালয় ব্যাংক।

**নাগা উপজাতীয় অঞ্চল** (Naga Tribal Area): আসামের পার্বত্যপ্রদেশের (নে-ফা) রাজনৈতিক বিভাগ; ইহা নাগা পাহাড় জিলা হইতে পৃথক অঞ্চল। ইহার পশ্চিমে ও দক্ষিণে নাগা পাহাড় জেলা; পূর্বে বর্মা রাজ্য। এই অঞ্চলের আ. ২,০৫৫ ব মা; কিন্তু মাত্র ৫৭ ব মা স্থানের আদমসুমারী (১৯৫১) গৃহীত হইয়াছে। জন. ৭,০২৫; ঘনতা ১৪১। এই অঞ্চল তুয়েনসাঙ সীমান্ত বিভাগ নামেও পরিচিত।

**নাগা পাহাড়** (Naga Hills): আসামের পূর্ব সীমান্তের জেলা। ইহার দক্ষিণে মনিপুর; দ.-পূ.—বর্মা দেশ; পূ.—নেফা-অন্তর্বর্তী তুয়েনসাং সীমান্ত বিভাগ বা নাগা উপজাতীয় অঞ্চল অথবা নাগা ট্রাইবাল এরিয়া। আ. ৪,২৯৩ ব মা; জন. ২, ০৬,০০০,। ১৯৫১-এ হিন্দু ৫,৬৭০; মুসলমান ৫২০; খ্রীষ্টান ৯৩,৪০৩; উপজাতীয় ধর্মী ১,০৩, ০১৩। প্রধান শহর—কোহিমা (দ্র.)।

দেশ পার্বত্য। দিয়াং নদী জেলার মধ্যভাগ দিয়া প্রবাহিত। কোহিমা, ইম্ফল ও দেরগাঁও (শিবসাগর জেলা)-র সহিত সড়কদ্বারা যুক্ত। এই জেলায় আসামী, কাছাড়ি, গারো, কুকী, অঙ্গামী, লোহ্‌টা, সেমা প্রভৃতি ভাষাভাষীর বাস। ...ভারতের বাহিরে

বর্মার মধ্যে সাগাইঙ বিভাগে নাগা হিলসের অংশ আছে; সেই অংশের আ. ২৩,২৪৫ ব মা। জন. ৮৩,৬১০ ('৩১)।

**নাগার্জুন কোন্ডা** (Nagarjuna Konda): অন্ধ্র রাজ্যে গুন্টুর জেলার প্রাচীন স্থান; গুন্টুর হইতে ১৫ মা দূরে। ১৯২৭-এ প্রত্নতত্ত্ববিদরা এই স্থান খনন করিয়া ২য় ও ৩য় শতকের বৌদ্ধ বিহারের স্তূপ, চৈত্য, প্রার্থনাগৃহাদি পাইয়াছিলেন। ...এখন এই অঞ্চলে নন্দীকোন্ডা বাঁধ নির্মিত হইবার পরিকল্পনা গৃহীত হইয়াছে; বাঁধ হইলে এই স্থান জলে ডুবিয়া যাইবে। সেইজন্য এখানকার স্থাপত্যাদির নিদর্শন-সমূহ সরাইবার ব্যবস্থা হইতেছে।

**নাগার্জুন পর্বত** (Nagarjun Hills): বিহার; গয়া জেলায় বরাবর পর্বতের নিকটবর্তী একটি শৈলগুহা; ইহা ৪০' দীর্ঘ ও ১৭' প্রস্থ; খাড়াই ৪ ফুট। এখানে অশোকের পৌত্র দশরথ কর্তৃক আজিবকদের উদ্দেশ্যে শিলালেখ খোদিত আছে।

**নাগাসাকি** (Nagasaki): জাপানের পশ্চিম উপকূলের বন্দর। বন্দরের নিকটবর্তী তাকাশিমা (Takashima) দ্বীপে কয়লা খনি আছে। নাগাসাকি মৎস্য ব্যবসায় ও কয়লা শিল্পের কেন্দ্র; জাহাজ নির্মাণ, ইনজিনিয়ারিং ও অন্যান্য বহু শিল্পের কারখানা আছে। নগরের পরিপার্শ্ব পার্বত্য হওয়ায় বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র হইতে পারে নাই। প্রধান রপ্তানি সামগ্রী—কলকব্জা, বৈদ্যুতিক যন্ত্রপাতি। প্রধান আমদানি—খনিজ তৈল। মহাযুদ্ধের সময় ৯ অগস্ট, ১৯৪৫ মার্কিনরা এখানে দ্বিতীয় আণবিক বোমা ফেলে। ইহার ফলে নগরের এক তৃতীয়াংশ ধ্বংস ও প্রায় ৭৫,০০০ লোক হতাহত হয়। ১৯৪০-এ জনসংখ্যা ছিল ২,৫৩,০০০; ১৯৫০-এ ২,৪১,৬৩৮। যুদ্ধ পূর্বের অবস্থা এখনো ফিরিয়া আসে নাই।

**নাগেশ্বরী** (Nagesvari): পূ. পাক.; রঙপুর জেলা, কুড়িগ্রাম মহ.র থানা। আ. ১৫২ ব মা। গ্রাম, ডাকঘর।

**নাগোদ** (Nagod): পূর্বতন মধ্যভারত বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। রাজ্যের আ. ৫০২ ব মা; জন. ৮৭,৯১১ ('৪১)। আয় ছিল প্রায় আড়াই লক্ষ টাকা। কোনো কর দিতে হইত না। রাজা ৯ তোপ সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫৫,৪০০ টা. ভাতা দেওয়া হয়। ...১৯৪৮-এ বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত হয়; ১৯৫৬ নভেম্বর হইতে মধ্যপ্রদেশভুক্ত। নাগোদ শহর সাতনার পশ্চিমে, রেলপথ নাই। ...এই রাজ্যে বারহুত অবস্থিত। ...ভামারা (Bhamara) নামক স্থানের একটি মন্দিরের স্থাপত্যকলা বিখ্যাত।

**নাগোয়া** (Nagoya): জাপানের ৩য় বৃহত্তম নগর; মৃৎ-শিল্প (পটারী), রেশম ও সুতীর কাপড় বয়ন-কেন্দ্র। জন. ১৩ লক্ষ। ...নাগোয়া বন্দরে প্রায় ১০০ স্টীমার লাইনের জাহাজ নিয়মিতভাবে আসা-যাওয়া করে।

**নাঙ্গা পর্বত** (Nanga Parbat): কাশ্মীরের পশ্চিমাংশে হিমালয়ের গিরিশৃঙ্গ; ২৬,৬৬০ ফুট উচ্চ। ইউরোপীয় অভিযানকারীরা বহুবার ইহার উপরে উঠিবার চেষ্টা করিয়াছিল, অধিকাংশ অভিযাত্রীর মৃত্যু হয়। কিষণ-গঙ্গা ও আস্তর নদীর উপত্যকা দ্বয়ের মধ্যে এই বিরাট পর্বত স্তূপ; ইহা অত্যন্ত খাড়া; এই স্তূপকে ঘুরিয়া সিন্ধু নদী ১৫-১৭ হা. ফুট গভীর খদ দিয়া প্রবাহিত; উপত্যকা মাত্র ১২-১৬ মা প্রস্থ। বুরজিল (Burjil) গিরিপথ দিয়া গিলগিট শহরে যাওয়া যায়।

**নাঙ্গাল** (Nangal): পূ. পঞ্জাবের বিলাসপুর (রাজ্য) জেলার শহর। অম্বালা-নাঙ্গাল রেলপথের শেষ স্টেশন (৯৭ মা)। জন. ৮,২৩৪। প. ন্যাশ. ব্যাংক। শতদ্রু নদী বাঁধিয়া ভাকরা-নাঙ্গাল পরিকল্পনার বাঁধ ও খাল নির্মিত হইয়াছে, শতদ্রুর জলধারা অন্যপথে চালনা করিয়া ভাকরার বাঁধ হইতেছে। (দ্র. ভাকরা-নাঙ্গাল)।

**নাচোল** (Nachole): পূ. পাক.; রাজসাহী জেলার নবাবগঞ্জ মহকুমার থানা ও গ্রাম। গ্রাম গোদাগাড়ী-রোহনপুর-(কাটিহার) লাইনের উপর (২১ মা)। গ্রামের পাশ দিয়া বড় সড়ক গিয়াছে। পার্টিশনের পূর্বে মালদহ জেলার অন্তর্গত ছিল। আ. ১১০ ব মা।

**নাজারেথ** (Nazareth, হীব্রু Natsrat): ইস্রায়েল রাজ্যের শহর, প্রাচীন গালিলী র রাজধানী। ...হাইফা হইতে ২০ মা অভ্যন্তরে। প্রবাদ এইখানে যীশুখ্রীষ্ট বাল্যকাল অতিবাহিত করেন; সেইজন্য তাঁহাকে

নাজারিন বলা হয়। ...৬ শতকের পূর্বে এখানে তীর্থ-যাত্রীরা আসে নাই।...মৃত্তিকা খনন করিয়া ক্রুজেড যুগের ৫টি প্রার্থনা গৃহ পাওয়া গিয়াছে। জন. ১৫ হা.।...মাতা মেরীর চার্চ, সুন্দর ঘরবাড়ি ভক্তদের দেখানো হয়। তবে মেরীর খাস গৃহ আশ্চর্য দৈবযোগে ইতালীয় লোরেটো গ্রামে স্থানান্তরিত (১২৯৫ অব্দ) হইয়া আছে। ১৫ শতক হইতে খ্রীষ্টানদের তীর্থ, সেখানে ভক্তদের ভিড় হয়।

**নাজিরপুর** (Nazirpur) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা, পিরোজপুর মহ.র থানা। আ. ৯৫ ব মা। গ্রাম পিরোজপুর শহরের উত্তরে অবস্থিত। ডাকঘর।

**নাজিরহাট** (Nazirhat) : পূ. পাক. ; চট্টগ্রাম জেলার গ্রাম ও রেল স্টেশন। চট্. হইতে না. পর্যন্ত ২৩ মা শাখা লাইন আছে। গ্রাম কর্ণফুলীর উপনদীতীরে। ...মাইজভাণ্ডার গ্রামে প্রসিদ্ধ পীর গোলাম রহমান শাহ বাস করিতেন। তাঁহার সমাধি দেখিতে প্রত্যহ বহু লোকসমাগম হয়।

**নাজিরা** (Nazira) : আসাম ; শিবসাগর জেলার থানা। আ. ২০৭ ব মা ; জন. ১,০৪,৩৩৪ ; ঘনতা ৫০৪ ।... পাণ্ডু-তিনসুকিয়া রেলপথের স্টেশন (২৫৯ মা)। জন. ৪,২৫০।

**নাটাল** (Natal) : দক্ষিণ-আফ্রিকা ইউনিয়নের একটি প্রদেশ। ইহার উত্তরে অরেন্জ ফ্রী স্টেট ও ট্রান্সভাল, উ.-প.—বাসুতোলন্ড ; উ.-পূ.—সোয়াজিলন্ড ও মোজাম্বিক ; প.—কেপ কলোনি, দ.—ভারতমহাসাগর। আ. ৩৩,৫৭৮ ব মা (জুলুলন্ড সমেত) ; জন. ২৪,০৮,৪৩৩ ('৫১) ; ইহার মধ্যে শ্বেতাঙ্গ মাত্র ২,৭৪,৪৬৮। অবশিষ্টের অধিকাংশ বান্টু জাতীয় ; ভারতীয় কুলি ১৮৬০ হইতে ১৯১০ পর্যন্ত এদেশে যাইত। ভারতীয় ও পাকিস্থানীর সংখ্যা ২ লক্ষের উপর।... রাজধানী—পিটারমরিৎস্বার্গ (Pieter-maritzburg) ; বন্দর—ডারবান (Durban) ; উপকূল ৩৬০ মা। প্রদেশের উ.-পশ্চিমাংশে ড্রাকেনস্বার্গ পর্বত (Drakenberg) বিস্তৃত। প্রদেশ ৪৫টি জেলায় বিভক্ত।...১৪৯৭-এ খ্রীষ্টের জন্মদিনে (Nativity) এই দেশ ভাস্কো-ডি-গামা আবিষ্কার করিয়া নাটাল (Natal) নাম দেন। জুলু-রা এখানকার আদি বাসিন্দা। ওলন্দাজ ঔপনিবেশিকরা ১৭২১-এ আসে। ইংরেজরা ১৮৪৪-এ এই দেশ অধিকার করে। ১৮৪৪-এ নাটাল কেপ কলোনির সহিত যুক্ত হয় ; ১৮৫৬-র চার্টার-অনুসারে নাটাল স্বতন্ত্র প্রদেশ হয়। জুলুদের সহিত যুদ্ধের পর জুলুলন্ড (১০,৩৬২ ব মা) নাটাল ভুক্ত হয় (১৮৯৭)। বুয়র-যুদ্ধের পর ট্রান্সভালের কিয়দংশ অধিকৃত হয় (১৯০৩)। ১৯১০ হইতে দ. আফ্রিকা ইউ-নিয়ন অন্তর্ভুক্ত।...দেশে প্রচুর কয়লা। সমুদ্রতীরে তিমি মাছের ব্যবসা কেন্দ্র। প্রধান উৎপন্নদ্রব্য চিনি, কফী, চা, তুলা। এই সব বাগানে বহু ভারতীয় 'কুলি' খাটে। ভারতীয়দের অনেকে ব্যবসায়ী ও ব্যবহারজীবী। ইহাদের জন্য ২১৭ বিদ্যালয় আছে।

**নাটোর** (Natore) : পূ. পাক. ; রাজসাহী জেলার মহকুমা। আ. ৮৩৫ ব মা। ৭ থানা। ...না. থানার আ. ১৫৬ ব মা। আত্রাই, বড়াল প্রভৃতি নদী প্রবাহিত। নাটোর ঈ. বে. রেলওয়ের স্টেশন, দর্শনা হইতে ৯১ মা ও কলিকাতা হইতে ১৪৬ মা। স্টে. হইতে শহর দুই মা দূরে। ইংরেজ আমলের গোড়া হইতে ১৮২৫ পর্যন্ত নাটোর রাজসাহী জেলার সদর শহর ছিল।...নাটোরের রাজবংশ এককালে প্রায় অর্ধবঙ্গের অধীশ্বর ছিলেন। ১৮ শতকের প্রারম্ভভাগে উ. বঙ্গ বা 'নিজ চাকলা রাজসাহী' নামে বিরাট জমিদারী ইহারা পান। ইহার আয়তন ছিল ১৩,০০০ ব মা ; আয় ছিল ২৭ লক্ষ সিক্কা টাকা। ...রঘুনন্দন ও রামজীবন নামক দুই ভ্রাতা এই রাজবংশের প্রতিষ্ঠাতা। ইহারা মুর্শিদকুলী খাঁর সময়কার লোক। এই বংশের রানীভবানী স্বনামধন্যা। ১৭৯৩ পর্যন্ত এ-অঞ্চলে জমিদাররাই পুলিস-বাহিনী পরিচালনা করিতেন। ১৭৯০ হইতে নাটোরের রাজা রামকৃষ্ণ শান্তিরক্ষার জন্য সরকার হইতে বাৎসরিক ৩৬,৯২৩ টাকা পাইতেন। দশ শালা বন্দোবস্ত প্রবর্তিত হইবার পর যথাসময়ে রাজস্ব না দিতে পারায় জমিদারীর বহু অংশ নিলাম হইয়া যায়।

**নাত, নাত্স** (Nantes) : ফ্রান্সের ৭ম শহর ও ৬ষ্ঠ বাণিজ্যিক বন্দর, লোয়ার নদীর মোহনায় অবস্থিত।

১৬ শতকে এই নগর হিউগোনট খ্রীষ্টানদের প্রধান ঘাঁটি ছিল। দীর্ঘ নয়মাস কাল রাজা ৪র্থ হেন্‌রী এই নগর অবরোধ করিয়া হিউগোনটদের বশে আনিবার চেষ্টা করেন; ব্যর্থ হইলে অবশেষে (১৫৯৮) তাহাদিগকে ধর্মস্বাধীনতা দান করেন। প্রায় শত বৎসর নানা শিল্পে এই নগর শীর্ষস্থান অধিকার করিয়া ছিল। ১৭শ লুই নাতের ঘোষণা (Edict of Nantes) নাকোচ করিয়া দেওয়ায় (১৬৮৫) প্রায় ৪ লক্ষ কারিগর ফ্রান্স ত্যাগ করিয়া প্রুশিয়া ও অন্যান্য দেশে গিয়া বাস করে। ...জন. ২ লক্ষ।

**নাথদ্বার** (Nathdwara); রাজস্থান; উদয়পুর জেলার মিউনি. শহর ও স্থানীয় শস্যাদির বাজার (জন. ১২,৩৪১)। উদয়পুর হইতে ২৫ মা উ.-পূর্বে ও মাবলি রেল জং. হইতে ১৪ মা দ.-পূর্বে নাথদ্বার স্টেশন। না. শহর উত্তম সড়ক দ্বারা যুক্ত। নিকটে বনস নদী। —বিখ্যাত হিন্দুতীর্থ, ১৭ শতকের বিষ্ণুমন্দির মধ্যে প্রস্তরমূর্তিগুলি বিখ্যাত। ১৪৯৫-এ এই মূর্তি মথুরায় খোদিত হয়। ১৬৯১-এ নাথদ্বারে প্রতিষ্ঠিত হয়।

**নাথরঙ, না-ত্রাং** (Nhatrang): ভিয়েৎনাম রাজ্যের শহর; সাইগন হইতে রেলপথে ২০০ মা উ.-পূর্বে এক নদীর তীরে। ফরাসীদের প্রতিষ্ঠিত সমুদ্রবিজ্ঞানাগার, পাস্তর ইন্‌স্টিটিউট প্রভৃতি প্রতিষ্ঠান আছে। "না-ত্রাং স্থানটি বেশ মনোরম। সমুদ্রথেকে বেশ উচু ও সুরক্ষিত। এর উত্তর দিকে সুপ্রশস্ত নদী এসে সাগরে পড়েছে। নদীর পরপারেই উচু পাহাড়। পাহাড়ের উপরে প্রাচীন কোঠারের ভগ্নাবশেষ। না-ত্রাং-এর অধিবাসীরা সকলেই আনামী।" (প্রবোধচন্দ্র বাগচি)।

**নাদিয়াদ** (Nadiad): বোম্বাই; কয়রা জেলার শহর ও ও বড় জং.; বরোদা-আমেদাবাদ লাইনের স্টে. (৩৩মা), কয়রা হইতে ১২ মা পূ.-দক্ষিণে। নাদিয়াদ হইতে রেল লাইন উত্তর-পূর্বে কপাড়বঞ্জ (Kapadvanj; ২৮ মা) ও অপর শাখা পেটলাদ (Petlad) হইয়া ভদরান (Bhadrun; ৩৭ মা) পর্যন্ত গিয়াছে। জন. ৬২,৫৪৫। ব্যাংক: সেনট্রাল, দেবকরন, স্টেট, প. ন্যাশনাল। ...ডিগ্রী কলেজ (১৯৪৭): নাদিয়াদের পার্শ্ববর্তী গ্রাম সর্দার বল্লভভাই পাটেলের (১৮৭৫-১৯৫০) জন্মস্থান।

**নানকানা সাহেব** (Nankana Sahib): পাক. পঞ্জাব; শায়েখপুরা জেলার তহশীল ও শহর; লাহোর-শোরকোট (১৫৬ মা) রেলপথের স্টে. (১০৮ মা)। শিখদের তীর্থস্থান। গুরু নানকের জন্মস্থান (১৪৬৯)। পাকিস্তান সরকারের সহিত ব্যবস্থা করিয়া ভারত হইতে শিখ তীর্থযাত্রীরা এখানে যাইতে পারে।

**নান কিঙ** (Nanking; Nan-ching): চীন; কিআঙ-সু (Kiangsu) প্রদেশের রাজধানী; ইয়াঙ-সি-কিআঙ মোহনা হইতে ১৩০ মা ভিতরে। জন. ১০·৮৫ লক্ষ ('৪৭)। খ্রীষ্টপূর্ব ৩০০-র আগে এইস্থানে Kin-ling (কিন-লিঙ) নামে নগর স্থাপিত হয়। এই স্থানের নাম বহুবার পরিবর্তিত হয়। অতঃপর ১৪ শতকে মিঙ রাজবংশ পুরাতন নগরের নিকটে নান-কিঙ (দক্ষিণ-নগর) স্থাপন করে। ১৪২১ পর্যন্ত ইহা চীনের রাজধানী ছিল। ঐ বৎসরে পিকিঙ-এ (উত্তর-নগর) রাজধানী স্থানান্তরিত হয়। তাইপিঙ (Taiping) বিদ্রোহীদের দ্বারা নগর আক্রান্ত হয় ও অনেক অংশ ধ্বংশপ্রাপ্ত হয় (১৮৬৪)।

১৯২৮-এ জাতীয়তাবাদী চীন সরকার পুনরায় নান-কিঙে চীনের রাজধানী স্থানান্তরিত করেন। জাপান কর্তৃক আক্রান্ত হইলে চীন-সরকারকে নান-কিঙ ছাড়িয়া (১৯৩৭) চুঙ-কিঙে (Chungking) চলিয়া আসিতে হয়। যুদ্ধ শেষে ১৯৪৬-এ পুনরায় নান-কিঙ জাতীয়তাবাদী চীনের রাজধানী হয়। ১৯৪৮-এ সমগ্র চীন কম্যুনিস্ট-শাসনে আসিলে নূতন চীনের রাজধানী পিকিঙ (দ্র.) হয়। ...নগর ৩০ মাইল দীর্ঘ প্রাচীর দ্বারা বেষ্টিত। প্রাচীরের উচ্চতা কোথাও কোথাও ৭০ ফুট। পার্পল (Purple) পর্বতের পাদদেশে মিঙ রাজবংশের সমাধির নিকটে ডক্টর সান-ইয়াৎ-সেনের সমাধিস্থান দ্রষ্টব্য।

**নানুর** (Nanur): বীরভূম জেলা; সিউরী সদর মহকুমা অন্তর্গত থানা ও গ্রাম। থানার আ. ১১১·৪ ব মা; জন. ৬৯,৩৫৯; ঘনতা ৫৮১। অন্তর্গত গ্রাম ১৩১টি। থানায় তিনটি উচ্চ-বিদ্যালয়: চণ্ডীদাস মেমোরিয়াল, নানুর (১৯৪৪); কির্ণাহার (১৮৯৮); খুজুটিপাড়া (১৯৩০)। নানুর গ্রাম বোলপুর হইতে ১২ মাইল পূর্বে।

তাল সরকারী সড়ক নির্মিত হইয়াছে। এখানে কবি চণ্ডীদাসের বাসভূমি ছিল বলিয়া লোক-বিশ্বাস। বাশুলি দেবীর মন্দির আছে। জন. ১,৭৮৪।

**নান্দুরা** (Nandura) : মধ্যপ্রদেশ রাজ্য ( বর্তমানে বোম্বাই রাজ্য ) ; বুলদানা জেলার শহর, দয়ালগঙ্গা নদীতীরে ; নাগপুর-বোম্বাই রেলপথের স্টে. (১৯৬ মা) ; বোম্বাই হইতে ৩২৫ মা। জন. ১৫,৭২২। স্টেট ব্যাংক, মলকাপুর সমবায় ব্যাংক।

**নানদরবার** (Nandurbar) : বোম্বাই ; পশ্চিম-খানদেশ জেলার শহর ; ১৭ শতক হইতে ব্যবসায়ের কেন্দ্র। এখানকার আঙুর ও তরমুজ বিখ্যাত। সুরাট ভুসাবল (২১২ মা) রেলপথের স্টে. (১০০ মা)। জন. ২২ হা.।

**নানদের** (Nander) : হায়দরাবাদ রাজ্যের জেলা ( বর্তমান বোম্বাই রাজ্য ) ; বেনগঙ্গা ও দ.-পূর্বে মঞ্জিরা নদী। জেলার মধ্য দিয়া গোদাবরী প্রবাহিত। দক্ষিণ দিকে অজণ্টা পাহাড়। কালো-মাটিতে প্রচুর তুলা ও অন্যান্য ফসল সুপর্যাপ্ত জন্মে। জেলার আ. ৪,১২২ ব মা ; জন. ৯,৪৯,৫৫০। ...শহর (জন. ৬৫ হা.) গোদাবরীর বামতটে অবস্থিত। এই স্থানটি শিখদের অন্যতম তীর্থস্থান। ১৭০৮-এ গুরু গোবিন্দ সিংহ নানদের-এর নিকট নিহত হন। গুরুদ্বার মন্দির আছে। সেকেন্দরাবাদ-মানমদ ( ৩৯১ মা ) লাইনের স্টে. ( ১৭৩ মা )। এখান হইতে মোটর পথে লাতুর ৮৬ মা। ব্যাংক : হা. স্টেট, স্টেট, সেনট্রাল, সমবায়।

**নাভা** (Nabha) : বর্তমান পেপসু-র অন্তর্গত (জুলাই, ১৯৪৮) ও মধ্য-ভূখণ্ডে অবস্থিত। নাভা তৃতীয় ফুলকিয়ান রাজ্য। আ. ৯৪৭ ব মা ; জন. ৩,৪০,০০০। ১৭৬৩ অব্দে এই শিখ-রাজ্যটি গঠিত হয়। পাতিয়ালা ও নাভা দরবারের মধ্যে বিবাদ বাধিলে ১৯২৮ সালে নাভা-র রাজা রিপুদমন সিংহকে ব্রিটিশরাজ গদিচ্যুত করেন ও তাহার পুত্র প্রতাপ সিংহকে রাজা করেন। রাজস্ব ছিল ২৫,০৫,০০০ টাকা ; রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৪,১০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। নাভা শহর ( জন. ৩৫,০২১ ) অম্বালা হইতে ৫০ মা পূর্বে। দিল্লী হইতে অম্বালা হইয়া ১২৩ মা। পাতিয়ালা, প. ন্যাশ. ও স্টেট ব্যাংক।

**নামকাল** (Nammakal) : মন্দ্রাজ ; সালেম জেলার তালুক ও শহর। শহরের উপকণ্ঠে ৩০০ ফুট খাড়াই-এর উপর শৈল দুর্গ।...শহরে ( জন. ১৬,৮৬২ ) বহু তাঁতির বাস। স্টেট, কারুর বৈশ্য, সালেম ব্যাংক।

**নামকুম** (Namkum) : বিহার ; রাঁচি হইতে ৩ মা দ.-পূর্বে শহরতলী ; এইখানে গবর্নমেণ্টের লাক্ষা ও রেশম গবেষণাগার আছে। এই প্রতিষ্ঠান বিহার ও ভারত গবর্নমেণ্টের যৌথ আনুকূল্যে পরিচালিত।

**নামচি** (Namchi) : সিকিম রাজ্যের প্রদেশ। জন. ৮০,৩১১। শহর—গাংটক হইতে ১৯ মা দ.-পশ্চিমে হিমালয়ের পাদদেশে অবস্থিত। এখান হইতে ১৭ মা দূরে সিকিমের দুইটি বিখ্যাত বৌদ্ধ বিহার আছে।

**নামুর** (Namur) : বেলজিয়ামের শহর ; মঁজ ও সাঁব্রে নদীর সঙ্গমস্থলে, ব্রুসেলস হইতে ৩৫ মা দ.-পূর্বে অবস্থিত ; অবস্থানিক বৈশিষ্ট্যহেতু য়ুরোপীয় প্রথম ও দ্বিতীয় মহাযুদ্ধে ( ১৯৪৫ ) জারমানরা এই শহর প্রায় ধ্বংস করে। জন. ৩১ হা.।

**নায়গ্রা জলপ্রপাত** (Niagara Falls) : উত্তর আমেরিকা ; ইরি ও অন্টারিও হ্রদের মধ্যবর্তী নায়গ্রা নদীর ( সেন্ট লরেন্স নদীর অংশ ) নিম্নাংশের জলপ্রপাত। ইহা কানাডা-র অন্টারিও প্রদেশ ও মার্কিন-যুক্তরাষ্ট্রের নিউ-ইঅর্ক স্টেটের মধ্যে বিস্তৃত ; কানাডা অংশে ৩,১০০ ফুট, নিউ-ইঅর্ক অংশে ১,০৮০ ফুট। কানাডার জলপ্রপাত দেখিতে ঘোড়ার নালের মতো অর্ধচক্রাকার (Horseshoe) ; উচ্চতায় ১৫৮ ফুট। মার্কিন জলপ্রপাত ১৬৭ ফুট উচ্চ। দুই জলপ্রপাতের মধ্যে গোট দ্বীপ ( Goat Is. )। প্রতি ঘণ্টায় ১০ কোটি ঘন ফুট জল পড়ে। ইহা হইতে প্রচুর বৈদ্যুতিক শক্তি সৃষ্টি করিয়া উভয় দেশ লাভবান হইতেছে ; কানাডা অংশে প্রায় ১০ লক্ষ অশ্বশক্তি ও মার্কিন অংশে ৩ লক্ষ অশ্বশক্তি সৃষ্টি হয়। জলপ্রপাতের প্রাকৃতিক দৃশ্য মনোরম। বৎসরে ৮/১০ লক্ষ লোক বেড়াইতে আসে। নায়গ্রা ফলস (Niagara Falls) নামে ২টি নগর : অন্টারিও প্রদেশের শহরের জন. ২০,৫৮৯ ; নিউ-ইয়র্ক স্টেটের শহরের ৯০,৪৭২। এখানে বিশ্ববিদ্যালয় আছে।

**নারওয়ানা** (Narwana) : পে-প-স্থ ( বর্তমান পঞ্জাব ) রাজ্যের শহর ; পাতিয়ালা হইতে ৫৫ মা দ.-পূর্বে। ... দিল্লী-ফিরোজপুর রেলপথের স্টেশন ( ১০০ মা ) ; এখান হইতে কুরুক্ষেত্র পর্যন্ত শাখা রেল ( ৫৪ মা ) আছে। বয়নশিল্প-কেন্দ্র ও শস্যের বাজার। জন. ৭ হা.।

**নারওয়াল** ( Narawal ) : পাক. পঞ্জাব ; সিয়ালকোট জেলার তহশীল ও শহর। লাহোর-নার. রেলশাখা ৫৪ মা। নার. হইতে শিয়ালকোট রেলশাখা ৮৬ মা। এখান হইতে চক্ অমরু ( ৩২ মা ) পর্যন্ত আর একটি রেলশাখা আছে।

**নারা** (Nara) : জাপানের প্রাচীন শহর ; ওসাকা হইতে ১৮ মা পর্বে। ৭০৯-৭৮৪ পর্যন্ত জাপানের রাজধানী ছিল। বহু বৌদ্ধমন্দির আছে। তন্মধ্যে হোরিযুজি প্রাচীনতম। ৭৩২-এ ৩৭ টন ওজনের এক ঢালাই করা ঘণ্টা নির্মিত হয়। তোদাইজি মন্দিরের বিরাট বুদ্ধ মূর্তি ( ৫৩ ফুট উচ্চ ) দর্শনীয়।...নারার জন. ৮২ হা.।

**নারায়ণগঞ্জ** ( Narayanganj ) : পূ. পাক. ; ঢাকা জেলার মহকুমা। আ. ৬৮০ ব মা। শহর, বুড়িগঙ্গা নদীতীরে, বড় বন্দর ও গঞ্জ। পাট, ধানের বাজার ; পাটকল, কাপড় কল ও বহুবিধ শিল্পের কারখানা ; ইন্‌জিনীয়ারিং কাজ, জাহাজ মেরামতী। বহু অপিস, আদালত, রেজি. অপিস ( ১৮৮৩ ), স্কুল, কলেজ। ব্যাংক : সেন্ট্রাল, হবীব, হিন্দ্, মুসলীম কমার্শিয়াল, স্টেট ব্যাংক অব ইন্‌ডিয়া ; ইউনাইটেড। এখান হইতে গোয়ালন্দ ( ১০৪ মা ), বরিশাল প্রভৃতি বহুস্থানে নিয়মিত স্টীমার সার্ভিস আছে। ইহা পূর্ববঙ্গের একটি রেলমুখ ; এখান হইতে রেলপথ ঢাকা ( ৯ মা ), ময়মনসিংহ ( ৮৬ মা ) হইয়া তিস্তামুখ ( ১৫৭ মা ) পর্যন্ত গিয়াছে। অপর লাইন ভৈরববাজার হইয়া সরাসরি চট্টগ্রাম ( ২৩৬ মা ) গিয়াছে। ...জন. ৫৬ হা.। ...১৬ শতকের একটি প্রাচীন মসজিদ আছে।

**নারায়ণগড়** (Narayangarh) : মেদিনীপুর জেলা ; সদর মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১৯৫ ব মা ; জন. ৭৫,৫০০ ; ঘনতা ৩৮৮। গ্রাম—খড়গপুর হইতে ১৪ মা ; ওড়িশার ট্রাংক সড়কের উপর অবস্থিত। —সাহজাদা খুররম ( পরে শাহজহান) বিদ্রোহী হইয়া এই পথে দাক্ষিণাত্যে পলায়নকালে এইখানে একরাত্রি আশ্রয় পান ; পরে আশ্রয়দাতা জমিদারকে ফরমানের দ্বারা 'মাড়ি সুলতান' অর্থাৎ পথের সুলতান উপাধি দেন। ...গ্রামের নিকট কসবা বা মুসলমানযুগের সৈন্য ছাউনি ছিল। শাহজহানের ২য় পুত্র বাঙলার সুবাদারী করার সময়ে এখানে মসজিদ নির্মাণ করেন (১৬৫৩)।

**নারায়ণগড়** (Naraingarh) : পূ. পঞ্জাব ; অম্বালা জেলার তালুক ও শহর। উচ্চতা ২,১৫৪ ফুট। দেহরাদুন হইতে পশ্চিমে সুবাথুর পথে ৭৫ মা। জন. ৪,২৯৬। সমবায় ব্যাংক।

**নারায়ণপেট** (Narayanpet) : হায়দরাবাদ ( বর্তমান বোম্বাই রাজ্য ) ; মহবুবনগর জেলার শহর। বোম্বাই-পুণা-গুন্‌টকল রেলপথের স্টে. (৪১৫ মা)। রায়চুর হইতে ২৯ মা উত্তরে না. রোড স্টেশন ; এখান হইতে ১০ মা দূরে শহর। তাঁতেবোনা রেশমী কাপড়ের জন্য স্থানের খ্যাতি। জন. ২০,৭১০। হা. স্টেট ব্যাংক।

**নালন্দা** (Nalanda) : বিহার ; পাটনা জেলার গ্রাম ; পাটনার ২৮ মা দ.-পূর্বে। বখতিয়ারপুর জং. (৩০২ মা) হইতে দক্ষিণমুখী বখ.-রাজগীর (৩২৫ মা) লাইট রেলপথের স্টেশন। রাজগীর হইতে ৭ মা উত্তরে। বড়গাঁও নামক বিস্তৃত স্থানে প্রাচীন নালন্দা বিহারের ধ্বংসাবশেষ আছে। ইহার কিয়দংশ খোঁড়া হইয়াছে এবং প্রাচীন যুগের বহু অট্টালিকা, স্তূপ ও কূপাদির সন্ধান পাওয়া গিয়াছে। ৪র্থ হইতে ১২শ শতক পর্যন্ত এই বিহার পূর্বভারতের প্রধান বিদ্যাকেন্দ্র ছিল। ৭ম শতকে হিউএন-সাঙ এখানে ছয় বৎসর সংস্কৃত ভাষা ও বৌদ্ধ দর্শন অধ্যয়ন করেন। তাঁহার ভ্রমণ-কাহিনীতে বিহারের বিস্তৃত বিবরণী আছে। ৮ম শতকের প্রারম্ভে চৈনিক পরিব্রাজক ইৎসিঙ এখানে আসেন ও তিনি একখানি জীবনী-সংগ্রহে এখানকার কয়েকজন প্রবাসী চীনা ভিক্ষু-বিদ্যার্থীর নাম উল্লেখ করিয়াছেন। তিব্বতী বহু বিদ্যার্থী এখানে আসেন। নালন্দা বিহারে ১০ হাজার ছাত্র অধ্যয়ন করিত ; এক হাজার অধ্যাপক নিযুক্ত ছিলেন। বিহারের ব্যয় নির্বাহের জন্য কয়েকখানি গ্রাম রাজাদের দ্বারা প্রদত্ত

ছিল। ...বর্তমানে খননকার্যের ফলে বহু মূল্যবান তথ্য, অপরূপ মূর্তি ও স্থপতি-নিদর্শন আবিষ্কৃত হইয়াছে। সেগুলি স্থানীয় মিউজিয়মে সুরক্ষিত আছে। ...সম্প্রতি নালন্দায় বৌদ্ধ সংস্কৃতি আলোচনার জন্য নালন্দা পালি বিদ্যায়তন প্রতিষ্ঠিত হইয়াছে। এখানে পৃথিবীর নানাস্থান হইতে বৌদ্ধ-দর্শন অধ্যয়ন করিবার জন্য ছাত্র আসিতেছেন। ...বড়গাঁও গ্রামে উচ্চ বিদ্যালয় আছে। নালন্দা কলেজ বিহার-শরীফে অবস্থিত (৬ মা), নালন্দায় নহে।

**নাশভিল** (Nashville) : মার্কিন যুক্তরাষ্ট্র; টেনেসি স্টেটের রাজধানী। তুলা, কার্পাস ও তামাকের ব্যবসায় ও বয়নশিল্পের কেন্দ্র। ভানডেরবিল্ট বিশ্ববিদ্যালয় (Vanderbilt Univ.); জন পীবডি শিক্ষণ-কলেজ, নিগ্রোদের মেডিকেল কলেজ বিখ্যাত বিদ্যায়তন। জন. ১,৭৪,৩০৭।

**নাসিক** (Nasik) : বোম্বাই রাজ্যের জেলা; জে. র মধ্যে পশ্চিমঘাট পর্বতমালা; গিরনা ও গোদাবরী নদীর উৎপত্তি এই জেলার পাহাড়ে। ...হায়দরাবাদ রাজ্যের অউরঙ্গাবাদ জেলায় নাসিক জেলার কয়েকটি টুকরা অংশ ছিল। জেলার খাস আয়তন ছিল ৫,৯২২ ব মা, ১৯৪৯-এ সুরগজা করদরাজ্য (১৩১ ব মা) এই জেলা-ভুক্ত হইলে আ. হয় ৬,০৫৩ ব মা। জন. ১৪·৩০ লক্ষ। ...হিন্দু ৭৭ শতাংশ, উপজাতি ১৫% ও মুসলমান ৬%। জেলা পার্বত্য, বৃষ্টি ২৯"। কৃষিক্ষেত্র কম। নাসিক শহর (জন. ৯৭ হা.) গোদাবরী তীরে। বোম্বাই নগর হইতে না. রোড স্টে. ১১৭ মা। কলিকাতা ১,২৩৩ মা। এখান হইতে জেলার প্রায় প্রতি শহরের সহিত স্টেট্ বাস সার্বিস আছে; পুণা, অহমদনগর পর্যন্ত বাস-এ যাওয়া যায়। ......বহু শিল্পের কেন্দ্র। কলেজ। শহরতলীতে ১৯৪৯-এ ২০০ জন যুবক একটি কলোনি গড়িয়াছে। ......রামায়ণের কাহিনীর সহিত এই স্থানের নামোৎপত্তি কল্পিত হয়; লক্ষ্মণ সূর্পণখার নাসিকা ছেদন করেন বলিয়া এই স্থানের নাম নাসিক। হিন্দু-তীর্থ।...অন্ধ্র-শাতবাহন, রাষ্ট্রকূট প্রভৃতি রাজবংশের রাজত্বকালে ইহা বিশিষ্ট স্থান ছিল। স্থানীয় মন্দির-গুলির স্থাপত্য বৈশিষ্ট নাই। নাসিক পর্বতের গুহাহর্ম্য কারলীর গুহা হইতে প্রাচীন বলিয়া অনুমিত।...... ব্যাংক : মহারাষ্ট্র, দেবকরণ, স্টেট, প. ন্যাশনাল প্রভৃতি।

**নাসিরনগর** (Nasirnagar) : পূ. পাক.; ত্রিপুরা জেলা। ব্রাহ্মণবেড়িয়া মহ.র থানা। আ. ১২৮ ব মা। গ্রাম, ডাকঘর।

**নাসিরাবাদ** (Nasirabad) : বোম্বাই; পূর্ব-খানদেশ জেলার শহর, পূর্বে তালুকের সদর ছিল; এখন জলগাঁও হইয়াছে। ভুসাবল হইতে দ.-পূর্বে ৮ মা; বোম্বাই হইতে ২৬৮ মা। জন. ১৪,৭০৯। সমবায় ব্যাংক।

**নাসিরাবাদ** : ময়মনসিংহের পূর্বনাম (দ্র.)।

**নাসিরাবাদ** (Nasirabad) : অজমের স্টেটের শহর। জন. ২৪,৫০৪।...... অজমের খানড়োয়া রেলপথের স্টেশন (১৫ মা)।

**নাসিরীগঞ্জ** (Nasirganj) : বিহার; শাহাবাদ জেলা, সাসারাম মহ.র থানা ও শহর। থানার আ. ৭৭ ব মা; জন. ৭০,৬৩৮; ঘনতা ৯১৩। শহর (জন. ৮,৭৪১) শোন নদীর পশ্চিমে আরা খাল শাখার তীরে অবস্থিত।

**নিআনডারথাল** (Neanderthal) : জারমানির উত্তর-রাইন-ওয়েস্টফেলিয়া-প্রদেশে ডুসেলডোর্ফ নগরের নিকটস্থ উপত্যকা। এখানকার এক চুনাপাথরের গুহায় ১৮৫৬ অব্দে আদি লুপ্ত মানবের খর্পরাংশ পাওয়া গিয়াছিল। সেই হইতে নি.-ম্যান এই শব্দের ব্যবহার চলিত হইয়াছে।

**নিআমী** (Niamey) : ফরাসী পশ্চিম আফ্রিকা; নাইজার (Niger) প্রদেশের রাজধানী। পার-সাহারা মোটর পথের শেষ স্টেশন। জন. ৮ হা.। বিমান বন্দর।

**নিউ** (Niue or Savage Is.) : দ. প্রশান্ত মহাসাগরে নিউজীলন্ড-অন্তর্গত কুক দ্বীপপুঞ্জের অন্যতম দ্বীপ। জন. ৪,৬১৩ ('৫৩)। এখান হইতে বহু প্রকারের ফল রপ্তানি হয়। পৃথক স্ট্যাম্প আছে।

**নিউ অরলিন্স** (New Orleans) : মার্কিন যুক্তরাষ্ট্র; লুইজিয়ানা স্টেটের প্রধান নগর ও বন্দর; শিক্ষা ও বাণিজ্য কেন্দ্র। ইহা মিসিসিপি নদীর তীরে, মোহনা হইতে ১০০ মা ভিতরে অবস্থিত। পূর্বে ইহা ফরাসীদের ছিল। দ্র. লুইজিয়ানা। জন. ৫,৭০,৪৪৫ ('৫০)।

**নিউ আয়ারলন্ড** ( New Ireland ) : প্রশান্ত মহাসাগরের বিসমার্ক দ্বীপপুঞ্জের (দ্র.) অন্তর্গত নিউ-মেকলেনবুর্গের ( New-Mecklenburg ) নূতন নাম। নিকটস্থ সমস্ত দ্বীপ মিলিয়া আ. ৩,৩৪০ ব মা ; জন. ৪২,০০০ ('৫২)।

**নিউ ইয়র্ক স্টেট** (New York State) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ইহার উ. ও প.—কানাডার অন্টারিও প্রদেশ; পূ.—ভেরমণ্ট (Vermont), মাসাচুসেটস, কানেকটিকট ও আতলান্তিক মহাসাগর; দ.—পেনিসিলভানিয়া, নিউ জার্সি। আ. ৪৯,৫৭৬ ব মা ; জন. ১,৪৮,৩০,১৯২ ('৫০)। রাজধানী আলবেনি (Albany)। ...জনসংখ্যায় শিল্প-উৎপাদনে, বৈদেশিক বাণিজ্যে, মুদ্রা-চলাচলে, গ্রন্থ-পত্রিকা প্রকাশণে, নাট্য-প্রযোজনায় এই স্টেট সমগ্র যুক্তরাষ্ট্রের মধ্যে সর্বশ্রেষ্ঠ। এই স্টেট পর্যটকদের খুবই আকর্ষণীয় স্থান ; পর্যটক-ব্যবসায়ের দ্বারা স্টেটের পঞ্চম সর্বোচ্চ আয় হইয়া থাকে।

**নিউ-ইয়র্ক শহর** (New York City) : মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ-ইয়র্ক স্টেটের প্রধান নগর ; নিউইয়র্ক উপসাগর-তীরে হাডসন নদীর মোহনায় অবস্থিত। নগর তিনটি ভূখণ্ডে ব্যাপ্ত ; মানাহাটা দ্বীপে অবস্থিত শহরতলীও ইহার অন্তর্গত। ইহা পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম নগর ও বন্দর। বন্দরে বৎসরে ৫০০০ জাহাজ আসে-যায় ; তজ্জন্য বন্দরের বিরাট ব্যবস্থা করিতে হইয়াছে।...'লিবার্টি' মূর্তির উপর হইতে নগরের সমগ্র ছবিটি দেখা যায়। এই মূর্তিটি ১৫১ ফুট উচ্চ পাদ-পীঠের উপর ১৫২ ফুট উচ্চ ; ইহা ১৮৮৫ সালে ফ্রান্স মার্কিন রাষ্ট্রকে উপহার দেয়। নগরে বহু আকাশ-চুম্বী অট্টালিকা ; এম্পায়ার স্টেট বিল্ডিঙ (Empire State Building) ১,২৫০ ফুট উচ্চ। প্রতি বৎসর প্রায় ৫০ হাজার দর্শক এই অট্টালিকার ১০২ তলার উপর উঠিয়া আনন্দ পায়। রকফেলার সেণ্টার হইতেছে মার্কিন দেশের রেডিও স্টেশন। রাষ্ট্রসংঘের (U. N.) সুবৃহৎ অট্টালিকা এই নগরীর প্রান্তে নির্মিত হইয়াছে।...এই নগরীতে বহু মিউজিয়াম, লাইব্রেরি ও বিশ্ববিদ্যালয় আছে। Metropolitan Museum of Art এখন সংগ্রহ-গৌরবে খ্যাত।...নিউ-ইয়র্ক শহর মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যবসায়িক ও আর্থিক ব্যবস্থার কেন্দ্র ; বহু রেলের কেন্দ্র ; শহরের মাথার উপর দিয়া ও মাটির ভিতর দিয়া রেল আছে।

১৬০৯-এ হেনরি হাডসন (Henry Hudson) এই অঞ্চল আবিষ্কার করেন। ওলন্দাজরা প্রথমে নগর স্থাপন করে ; নাম দেয় নিউ আমস্টারডাম (New Amsterdam)। ইংরেজরা ১৬৬৪-অব্দে এই নগর অধিকার করে। ডিউক-অব-ইয়র্ক-এর নামানুসারে N. Y. নাম হইল।

নগরের বিমানঘাঁটির নাম La Guardia Field. নিউ-ইঅর্ক মহানগরীর আয়তন জলভাগ লইয়া ৩৬৫ ব মা ; স্থলাংশ ২৯১ ব মা। জন. ৭৮,৯১,৯৫৭ ('৫০)। প্রোটেস্টাণ্ট খ্রীষ্টানদের চার্চ ১৪১৮ ; ক্যাথলিক চার্চ ৫২৫। ইহুদীদের ধর্মমন্দির ১,৩৩০। নগরের উদ্যান ও পার্ক ৮৮২টি। টেলিফোন ২৩,৬৫,০০০। রেডিও ২১,৫৮,৪৭০। টেলিভিশন প্রায় ১৫ লক্ষ। আয়—১২৫'১৪ কোটি ডলার। নিউ-ইয়র্ক স্টেটে সকাল ও সন্ধ্যায় দৈনিক সংবাদপত্রের সংখ্যা ৯৩ ; গ্রাহক ৮৪ লক্ষ। রবিবারের কাগজ ১৯ ; গ্রাহক ৯৫,৭৭,০০০। নিউ-ইয়র্ক স্টেট য়ুনিভার্সিটি ( ছাত্র. ২৬,৪২৩ ) ছাড়া প্রাইভেট নি. ই. য়ুনিভার্সিটিতে ৩৫,৬৯২ ছাত্র আছে। ১৮৩১ অব্দে ইহা প্রতিষ্ঠিত হয়।

**নিউ ইংলন্ড** (New England) : মার্কিন যুক্তরাষ্ট্রের ৬টি স্টেটের সাধারণ নাম : মেইন, নিউ হাম্পশায়ার, ভেরমণ্ট, মাসাচুসেটস, রোড্‌হড আইলন্ড, কনেকটিকাট। এই ছয়টি স্টেটের আ. ৬৩,২০৬ ব মা ; জন. প্রায় ১কোটি। ...১৬২০ অব্দে ইংলন্ড হইতে পিউরিটানরা 'মেফ্লাওয়ার' জাহাজে করিয়া আসিয়া উপনিবেশ স্থাপন করে।

**নিউ কালিডোনিয়া** (New Caledonia) : প্রশান্ত মহাসাগরের ফরাসীদের দ্বীপ ; অস্ট্রেলিয়া হইতে ৭০০ মা পূর্বে। কয়েকটি দ্বীপ লইয়া ইহা ফরাসীদের সাগরপারের টেরিটরি ; ঔপনিবেশিকদের কাউন্সিল আছে। রাজধানী নুমিয়া (Noumea)। আ. ৯,৪০১ ব মা ; জন. ৬৫,০০০ ( '৫৩ )। দ্বীপ পার্বত্য ও অরণ্যপূর্ণ। অধিবাসীরা পলিনেশিয়ান ; তাহারা ছাড়া জাভানী, টঙকিনী, ভারতীয় লোক এখানে আছে।

দ্বীপে বহুবিধ মূল্যবান খনিজের মধ্যে নিকেল ধাতু-চূরই সর্বোত্তম। অধিবাসীদের প্রধান উপজীবিকা পশুপালন ও কফী চাষ। এই দ্বীপ ১৭৭৪-অব্দে ক্যাপ্‌-টেন কুক আবিষ্কার করেন। ১৭৯৩-এ ফরাসীরা দ্বীপমধ্যে প্রবেশ করে এবং অল্পকালের মধ্যে সীল মাছ ও চন্দন কাঠের জন্য লোকে আসিতে সুরু করে। ১৮৪৩-এ ফরাসী পাদরীরা উপনিবেশ স্থাপন করে। মাঝে ব্রিটিশরা দাবীদারী হয়; কিন্তু ১৮৫৩-অব্দে ফরাসীরা দ্বীপ দখল করিয়া বসে। ১৮৬৪-১৮৯৬ ফরাসীদের Penal Settlement ও রাজনীতিক বন্দীদের নির্বাসনের স্থানরূপে ব্যবহৃত হয়।

**নিউগিনী** (New Guinea): প্রশান্ত মহাসাগরের নিরক্ষরেখার দক্ষিণে দ্বীপ; অস্ট্রেলিয়া ও নিউগিনীর মধ্যে আরাফুরা সাগর, টোরেস প্রণালী ও কোরাল বা প্রবাল সাগর। নিউগিনী পৃথিবীর ২য় বৃহত্তম দ্বীপ, গ্রীনল্যান্ডের পরেই। আ. ৩,১২,৩২৯ ব মা। জন. ১৭ লক্ষের উপর। দ্বীপের উপকূল খুবই আঁকাবাঁকা। পৃথিবীর দ্বীপের মধ্যে সর্বোচ্চ গিরিশৃঙ্গ (১৬,৪০০ ফুট)। সাগরতীর জলা ও জঙ্গল পূর্ণ।…দ্বীপের তিনটি ভাগ; পশ্চিমাংশ ওলন্দাজদের ইন্দোনেশিয়ান সাম্রাজ্য অন্তর্গত ছিল; পূর্ব-উত্তরাংশ নিউগিনী টেরিটরি (দ্র.) ও পূর্ব দক্ষিণাংশ পাপুয়া (দ্র.)।…পশ্চিম অংশ সাধারণত নিউগিনী নামে চলিত; ইন্দোনেশিয়ানরা এই অংশকে বলে আইরিয়ান (Irian)। ইহা নি. গি.র প্রায় অর্ধেক; আ. ১,৫১,৭৮৯ ব মা। জন. ৭·৭৫ লক্ষ ('৫৪)।…১৬০৬-এ ওলন্দাজরা সবপ্রথম এই দ্বীপে আসে ও ১৮২৮ হইতে ইহারা এই দ্বীপ দখল আরম্ভ করে; ১৮৮৫ অব্দে তাহাদের দাবী স্বীকৃত হয়। ওলন্দাজরা যখন ইন্দোনেশিয়া দ্বীপগুলি ছাড়িয়া যায়, তখন তাহারা নিউগিনীর উপর তাহাদের দাবী ছাড়ে নাই; কারণ এই দ্বীপবাসীদের সহিত কী ভাষা, কী সংস্কৃতিতে ইন্দোনেশিয়ানদের (জাভা-সুমাত্রা প্রভৃতি) সম্বন্ধ নাই। ইন্দোনেশিয়ান নয়া রিপাবলিক এই দ্বীপ দাবী করে; কিন্তু অস্ট্রেলিয়া ও অন্যান্য ইউ-রোপীয় রাষ্ট্ররা এই দ্বীপের উপর ইন্দোনেশিয়ানদের অধিকার স্বীকার করিতেছেন না।…

**নিউগিনী টেরিটরী** (New Guinea Territory): নিউগিনী দ্বীপের পূর্ব-উত্তরাংশ এবং নিকটবর্তী কতক-গুলি দ্বীপ লইয়া গঠিত। এই টেরেটরীর আ. ৯৩,০০০ ব মা; জন. ১১,৪৩,৫৬৪ ('৫৩); ইহার মধ্যে বিদেশী ১১,০৬৪। এই অঞ্চল পূর্বে জারমানদের কলোনি ছিল (১৮৮৪—১৯১৪); তখন ইহার নাম ছিল কাইজার উইলহেলমলন্ড। ১ম মহাযুদ্ধের সময় অস্ট্রেলিয়ান ফৌজ ইহা দখল করে। যুদ্ধ শেষে অস্ট্রেলিয়ার উপর ইহার শাসনভার ন্যস্ত হয় (১৯২০)। ২য় মহাযুদ্ধের সময় জাপানীরা ইহার অধিকাংশ দখল করে (১৯৪২)। ১৯৪৫-এ অস্ট্রেলিয়া ও মিত্রবাহিনী ইহা উদ্ধার করে। ১৯৪৭ হইতে সংযুক্ত রাষ্ট্রসংসদ (U. N. O) অছি হয়। ১৯৪৯ হইতে অস্ট্রেলিয়ার ট্রাস্টি-টেরিটরী। পূর্ব-দক্ষিণাংশ পাপুয়া। পোর্ট মর্সবী (Morseby) নিউগিনী টেরিটরি ও পাপুয়ার রাজধানী। দ্র. পাপুয়া।

**নিউ জার্সি** (New Jersey): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ইহার উত্তর ও উ.-পূ.—নিউ-ইয়র্ক স্টেট; প.—পেনিসিলভানিয়া, দ-প.—ডেলাওআর; পূ.—ও দ.-পূ.—অতলান্তিক। আ. ৭,৮৩৬ ব মা; জন. ৪৮,৩৫,৩২৯ ('৫০)। রাজধানী ট্রেনটন (Trenton; জন. ১,২৮,০০৯)।…অতলান্তিক তীরে ১৬৬৪ অব্দে প্রথম উপনিবেশ। ১৭৮৭ যুক্তরাষ্ট্রভুক্ত। শিল্পে এই ক্ষুদ্র স্টেট খুবই উন্নত; জনবসতি অত্যন্ত ঘন। বর্তমান সংবিধান ১৯৪৭-এ গৃহীত হয়। উৎপন্ন দ্রব্য—বৈদ্যুতিক কলকব্জা, কেমিকেলস, রঙ প্রভৃতি। অন্যান্য শহর—নিউআর্ক (Newark; ৪,৩৮,৭৬৬), জার্সি সিটি (Jersey City; ২,৯৯,০১৭)।…(ইংলিশ) চ্যানেল দ্বীপপুঞ্জের একটি দ্বীপের নামানুসারে নিউ জার্সি নামকরণ হয়।

**নিউ-জীলন্ড** (New Zealand): দ. প্রশান্ত মহাসাগরের দুইটি দ্বীপ; অস্ট্রেলিয়ার ১,২৫০ মা দ.-পূর্বে অবস্থিত। উত্তর-নিউ-জীলন্ড ও দক্ষিণ-নি. জী. ছাড়া কতকগুলি দ্বীপ নিউজীলন্ড শাসনব্যবস্থার অন্তর্গত। ইহাদের মিলিত আ. ১,০৩,৯৩৯ ব মা; জন. ১১,৬০,৭০৪ ('৫১)। ইহা ছাড়া পশ্চিম সামোআ (W. Samoa)

ট্রাস্ট-টেরিটরি ও রস (Ross Dependency) অধীন দেশ। নি.জী.মূল ভূখণ্ডে মাওরী আদিবাসীদের সংখ্যা ১,১৫,৬৭৬ ('৫১)। জনসংখ্যার ৯৩·৫% ইউরোপীয়; ৫·৮% মাওরী। রাজধানী: ওয়েলিংটন।

দ্বীপ দুইটি ডাচ নাবিক টাসমান কর্তৃক ১৬৪২-এ আবিষ্কৃত ও হলন্ডের অন্তর্গত জীলন্ড (Zeeland, Sealand) নামানুসারে নয়াদ্বীপের নাম দেওয়া হয় নিউ-জীলন্ড। কুক ১৭৬৯-এ উপকূল ভ্রমণ করিয়া যান; তাহার পরে বহু বণিক ও নাবিক এখানে আসে। ১৮১৪ অব্দে প্রথম ধর্মযাজকরা আসে। ১৮৪০-এ মাওরী সর্দাররা ব্রিটিশদের হাতে দ্বীপের ভার অর্পণ করে ও সেই হইতে উহা ব্রিটিশদের কলোনি। ১৯০৭-এ নিউ-জীলন্ড ডোমিনিয়ন শাসনাধিকার লাভ করে ও বর্তমানে ইহা ব্রিটিশ কমনওএলথ অন্তর্গত আত্মশাসিত ডোমিনিয়ন। ব্রি. ক্রাউনের প্রতিনিধি গবর্নর-জেনারেল দেশের সর্বোচ্চ শাসক। ...পার্লামেন্টের ২ কোঠা:—আইনসভা (সদস্য ৩৬, সাত বৎসরের জন্য নির্বাচিত) ও প্রতিনিধি সভা (সদস্য ৮০; ইহার মধ্যে ৩ জন মাওরী; ৩ বৎসরের জন্য নির্বাচিত)।

বন্দর ও বৃহত্তম শহর অকল্যান্ড (Auckland; জন. ৩,০৮,৫০০)।

দ্বীপের আগ্নেয়মণ্ডলে বহু উষ্ণ প্রস্রবন আছে। কয়লা, স্বর্ণ, রৌপ্য, টাংস্টান প্রভৃতি খনিজ পাওয়া যায়। প্রধান উপজীবিকা কৃষি ও গোপালন। প্রচুর পরিমাণে মাখন, পনীর, মাংস বিদেশে রপ্তানি হয়।

বহু স্রোতস্বিনী বাঁধিয়া জলবিদ্যুৎ উৎপন্ন হইতেছে। অধিবাসীর ৯৫% এই বিদ্যুৎ ব্যবহার করিতে পারে।

এখানকার সামাজিক নিরাপত্তার (Social Security) ব্যবস্থা অতি উত্তম। সকল প্রকার রোজগার ও ফার্ম-জাত দ্রব্যের উপর শতকরা ৫ ভাগ ট্যাক্স ধার্য আছে; ইহা হইতে বৃদ্ধ ও বৃদ্ধা, বেকার ও বে-রোজগারী অক্ষম, প্রসূতি ও বিধবা, অনাথ ও দরিদ্র পরিবার, চিররোগী, নিরাশ্রয় প্রভৃতি পোষণ ব্যবস্থা হয়। পৃথিবীর মধ্যে মৃত্যুহার এখানে সর্বাপেক্ষা কম। সাধারণ পরমায়ু ৬৫ বৎসরের উপর; ভারতের ২৫ বৎসর।

নিউ-জীলন্ড অন্তর্গত দেশ—

উত্তর দ্বীপ (North Is.); আ. ৪৪,২৮১ ব মা; জন. ১৩,১৩,৮৫৫; দক্ষিণ দ্বীপ; আ. ৫৮,০৯৩ ব মা; জন. ৬,২৪,৫৫১; স্টুয়ার্ট দ্বীপ (Stewart Is); আ. ৬৭০ ব মা; জন. ৫৭৬; চাথাম দ্বীপপুঞ্জ (Chatham Is); আ. ৩৭২ ব মা; জন. ৪৭১। ইহা ছাড়া কয়েকটি ক্ষুদ্র দ্বীপ ও অধিবাসীহীন দ্বীপ আছে।

নিউ-জীলন্ড অন্তর্গত টেরিটোরি:—টকেলাউ দ্বীপপুঞ্জ (Tokelau Is.); আ. ৪ ব মা; জন. ১,৫৮০)। কুক দ্বীপপুঞ্জ ও নিউ (Cook Islands, Niue); আ. ১৯৯ ব মা; জন. ১৯,৬৩২।

**নিউ ফরেস্ট** (New Forest): ইংলন্ডের হাম্পশায়ার কাউন্টির বনভূমি। আ. ১৪৪ ব মা। ১০৭৯ অব্দে উইলিয়াম (ডিউক অব নরমান্ডি) শিকারের জন্য এই বন খাস করিয়া রাখেন।

**নিউফাউন্ডল্যান্ড** (Newfoundland): কানাডার পবাংশের প্রদেশ। ইহার পশ্চিমে কুইবেক; পূ. ও দ.—অতলান্তিক। আয়তন লাব্রাডর (Labrador) সমেত ৫৫,৩৬৪ ব মা; জন. ৩,৬১,৪১৬ ('৫১)। ... রাজধানী সেন্ট জন্‌স। নি.ফা. উত্তর আমেরিকার প্রাচীনতম ব্রিটিশ কলোনি। ১৪৯৭-এ জন ক্যাবট এই দ্বীপ আবিষ্কার করেন। ১৫৮৩ ইংরেজরা অধিকার করে; কিন্তু ফরাসীদের সহিত দখল লইয়া ইংরেজদের কয়েকবার বিবাদ হয়। ইউট্রেখট চুক্তিতে (Treaty of Utrecht, 1713) স্থির হয় এই দ্বীপের অধিকারী ব্রিটেন। ল্যাব্রাডর নিউফা.র অধীন প্রদেশ। জনমত-দ্বারা ১৯৪৯, মার্চ-এ নিউফা. কানাডা ডোমিনিয়নের অন্তর্গত ১০ম প্রদেশ হইয়াছে।

নিউফা. দ্বীপ বন্ধুর দেশ ও বহু হ্রদপূর্ণ। কানাডার ন্যায় তীব্র শীত এখানে নাই। অধিকাংশ লোকই মৎস্য ব্যবসায়ী; কড (Cod) মাছই প্রধান। উৎপন্ন দ্রব্য: কা[illegible], কাষ্ঠমণ্ড, কাগজ প্রভৃতি। খনিজ সম্পদ প্রচুর আছে। ল্যাব্রাডর-এ অমূল্য বনভূমি আছে।

**নিউ ব্রান্‌সুইক** ( New Brunswik ) : কানাডার দক্ষিণ-পূর্বাংশের প্রদেশ। ইহার উত্তরে কুইবেক; পশ্চিমে মার্কিন যুক্তরাষ্ট্রের মেইন (Maine) স্টেট; পূর্বে সেন্ট লরেন্‌স উপসাগর। আ. ২৭,৯৮৫ ব মা ( স্থলাংশ ২৭,৪৭৩ ব মা ) ; জন. ৫,১৫,৬৯৭ ('৫১)। রাজধানী ফ্রেডারিকটন ( Fredericton ; জন. ১৬,০১৮)।

দেশের অধিকাংশ অরণ্যময়। বিচিত্র বনজ ও খনিজসম্পদ আছে। কাগজের জন্য মণ্ড (pulp) তৈয়ারি হয়। সুপর্যাপ্ত জলবিদ্যুৎশক্তি উৎপন্ন হয়।

এই প্রদেশ ১৫৩৪-এ কার্টিয়ার (Cartier) আবিষ্কার করেন। ১৭১৩-এ ইউট্রেখট চুক্তির ফলে ইংরেজ অধিকারে আসে। ১৭৬১ হইতে ইংরেজরা বসতি স্থাপন করে। এই প্রদেশ নোভা-স্কোশিআর সঙ্গে বহুদিন যুক্ত থাকিবার পর ১৭৮৪-এ পৃথক হইয়া যায়।

**নিউ-ব্রিটেন দ্বীপ** (New Britain Is.): প্রশান্ত মহাসাগরে বিসমার্ক (দ্র.) দ্বীপপুঞ্জের অন্তর্গত নিউ-পমারেনিয়া (Neu Pommerin) দ্বীপের নূতন নাম; ইহা নিউগিনী ও নিউ-আয়ারলন্‌ড দ্বীপের মধ্যে অবস্থিত। প্রধান দ্বীপ ৫০ মা প্রস্থ, ৩০০ মা দীর্ঘ। পার্শ্ববর্তী ইয়র্ক দ্বীপ ও কয়েকটি ক্ষুদ্র দ্বীপ লইয়া নিউ-ব্রি.-র আ. ১৪,১৫০ ব মা; জন. ৮৬,৩৮১। ইহার মধ্যে মাত্র ৩,১৪১ জন বিদেশী। ...ইহা ব্রিটিশ ম্যান্‌ডেট শাসিত দেশ ছিল। অস্‌ট্রেলিয়া যুক্ত রাষ্ট্র-সংঘের ট্রাস্‌ট টেরিটরি রূপে বর্তমানে শাসন করিতেছে। বর্তমানে ইহা নিউগিনীর অংশ। প্রধান শহর : রাবাউল (Rabaul)।

**নিউমিডিয়া** (Numedia) : আফ্রিকার উত্তরে প্রাচীন রাজ্য; বর্তমানে অলজেরিয়ার মধ্যে পড়ে। রোমের সমসাময়িক এই রাজ্য এককালে খুবই পরাক্রমশালী ছিল। খ্রী. পূ. ২ শতকে রাজা জুগুর্থা রোমানদের সহিত যুদ্ধে পরাভূত হন ও তাঁহার রাজ্য ক্রমে রোমান সাম্রাজ্যভুক্ত হয়।

**নিউ-মেক্‌সিকো** (New Mexico) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ইহার উত্তরে কোলোরাডো; দ.—মেক্‌সিকো; পূ.—টেক্‌সাস। আ. ১,২১,৬৬৬ ব মা; জন. ৬,৮১,১৮৭ ('৫০)। রাজধানী সানতা-ফে (Santa Fe ; জন. ২৭,৯৯৮ ) ...১৮৪৮-এ মেক্‌সিকোর নিকট হইতে অধিকৃত ও ১৯১২-এ যুক্তরাষ্ট্রভুক্ত হয়। শাসনকার্য স্পেনীশ ও ইংরেজিতে পরিচালিত হয়। যুক্তরাষ্ট্রের রেড-ইন্‌ডিয়ানদের বৃহত্তম কলোনি এই স্টেটে। বৃষ্টি কম, খনিজ সম্পদ আছে। শুষ্ক চাষ হয়।

**নিউ-সাউথ-ওএল্‌স** (New South Wales) : অস্‌ট্রেলিয়ার প্রাচীনতম প্রদেশ। ইহার উত্তরে কুইনস-লন্‌ড; দ.—ভিকটোরিয়া, প.—দক্ষিণ অস্‌ট্রে.; পূ.—প্রশান্ত মহাসাগর। আ. ৩,০৯,৪৩৩ ব মা; জন. ৩৪,২১,৭৩৮ ('৫২)। রাজধানী—সিডনি (Sydney; জন. ১৬,২১,৩৪০)। ...১৭৮৮ অব্দে এই প্রদেশ ব্রিটিশ অধিকারে আসে; ১৯০১-এ অস্‌ট্রে. কমনওএলথ অন্তর্গত হয়। নিউসা.র পার্লামেন্‌টের ২ কোটা : আইন পরিষদে ৬০ সদস্য, ১২ বৎসরের জন্য নির্বাচিত; ১৫ জন সদস্য পালাক্রমে ৩ বৎসর অন্তর মুক্তি পান। আইন সভায় ৯৪ সদস্য। ...এই প্রদেশ সম্পূর্ণ দক্ষিণ নাতিশীতোষ্ণ মণ্ডলে অবস্থিত। স্বর্ণ, রৌপ্য, কয়লা, দস্তা, তামা, লৌহ প্রভৃতি পাওয়া যায়। ১৯৩১ সালে এগুলির মূল্য ছিল ৪৬ কোটি পাউণ্ড। বনভূমি প্রচুর।

**নিউ হ্যাম্‌পশায়ার** (New Hampshire) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ইহার উত্তরে কানাডা; দ.—মাসাচুসেট্‌স; প.—ভেরমন্‌ট; পূ.—মেইন। আ. ৯,৩০৪ ব মা; জন. ৫,৩৩,২৪২ ('৫০)। রাজধানী—কনকর্ড ( Concord ; জন. ২৭,৯৮৮ )। ...১৬২৩-এ এখানে প্রথম উপনিবেশ স্থাপিত হয়। এই স্টেট সর্বপ্রথম গ্রেটব্রিটেনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে ও সংবিধান গ্রহণ করে (১৭৮৪)। ১৭৮৮-এ এই স্টেট যুক্তরাষ্ট্রভুক্ত হয় (আদি ১৩ স্টেটের অন্যতম)। মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে এই স্টেটের সর্বাপেক্ষা অধিকসংখ্যক সদস্যযুক্ত আইন সভা আছে (৩৫০ হইতে ৪০০)। পোর্টস্‌মাউথ (Portsmouth) এই স্টেটে, এখানে ১৯০৫, সেপ., রুশ-জাপান যুদ্ধের সমাপ্তি ঘটাইবার জন্য চুক্তি হয়।

**নিউ-হেব্রাইডিজ** (New Hebrides) : দক্ষিণ প্রশান্ত মহাসাগরের কয়েকটি দ্বীপসমষ্টি। প্রধান দ্বীপগুলির

নাম—এস্‌পিরিটু সানটো (Espiritu Santo), মালেকুলা (Malekula), এপি (Epi), আমব্রায়াম (Ambrym), এফাতে (Efate) প্রভৃতি। ইহা ছাড়া ব্যাঙ্কস (Banks) ও টোরস (Torres) দ্বীপপুঞ্জ ছুইটি নিউ হে. শাসন ব্যবস্থার সহিত যুক্ত। ইহাদের মিলিত আ. ৫,৭০০ ব মা ; জন. ৫২,৫৮৯ ('৫২) ; ইহার মধ্যে মাত্র ৪,০৮৫ জন বিদেশী। রাজধানী— ভিলা (Vila ; জন. ১,৫০০)। ১৬০৬-এ কুইরোস (Quiros) এই দ্বীপগুলি আবিষ্কার করেন। ১৭৭৪-এ কাপ্তেন কুক নি. হে. নাম দেন। ১৯০৬ হইতে ফরাসী ও ইংরেজ মিলিতভাবে শাসন করিতেছে (Condominium)।

প্রধান উৎপন্ন—শুকনা নারিকেল, কোকো, কফি, চন্দনকাঠ, কচ্ছপের খোলা প্রভৃতি। রপ্তানির ৯২ শতাংশ ফরাসীদেশে যায় ; আমদানি দ্রব্যের ৫২ শতাংশ আসে অস্ট্রেলিয়া হইতে।

**নিকলি** (Nikli) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, কিশোরগঞ্জ মহ.-র থানা। আ. ৫৫ ব মা। ...গ্রাম, ডাকঘর।

**নিকাইয়া** (Nacaia) : আলেকজেন্দার স্থাপিত নগর। তাহার প্রিয় অশ্ব বুকোফলিয়া মারা গেলে তাহার স্মরণার্থে এই নগর পত্তন করেন। উহা বর্তমান পাক-পঞ্জাবের জালালপুর (দ্র.) বলিয়া অনুমিত।

**নিকারাগুয়া** (Nicaragua) : মধ্য-আমেরিকার রিপাবলিক। পূ.—অতলান্তিক ; প.—প্রশান্ত মহাসাগর; উ.—হনডুরাস; দ.—কোস্টারিকা। আ. ৫৭,১৪৩ ব মা ; জন. ১৫,০৩,১৮৯ ('৪৩) ; ইহার মধ্যে শ্বেতকায় মাত্র ১৭ শতাংশ, নিগ্রো ৯। রাজধানী মানাগুয়া (Managua)।

১৫২২-এ স্পেনীশরা প্রথম এই দেশে আসে। এখানকার রেড-ইন্‌ডিয়ান সর্দারের নাম ছিল নিকারাগুয়া, সেই হইতে দেশের নাম। ১৮২১-এ স্পেনীশদের বিরুদ্ধে কলোনিগুলির বিদ্রোহকাল পর্যন্ত নিকারা. গুয়াতেমালার অন্তর্গত ছিল। মধ্য আমেরিকান ইউনিয়ন ভাঙ্গিয়া গেলে ১৮৩৮ হইতে নি. পৃথক স্টেট। মার্কিন সরকার এ পর্যন্ত নানা ভাবে এই রাজ্যের উপর খবরদারি করিতেছে। নানা অন্তর্বিপ্লবের পর ১৯৪৮-এ সংবিধান প্রণীত হয়। দেশের ভাষা স্পেনীশ। অধিবাসীর অধিকাংশ সংকরবর্ণ।

দেশ পার্বত্য ; আগ্নেয়গিরিমণ্ডলে অবস্থিত। মেহগনি, রেড-উড, দেবদারু, রবার, ইপিকাক মূল প্রভৃতি বনজ ও ভেষজ সম্পদ পর্যাপ্ত। প্রচুর মেহগনিকাষ্ঠ বিদেশে রপ্তানি হয়। কফি, কোকো, কলা, আখ প্রভৃতি উৎপন্ন হয়। স্বর্ণখনি অনেক।

**নিকোবর দ্বীপপুঞ্জ** (Nicober Is.) : বঙ্গোপসাগরে আন্দামান দ্বীপপুঞ্জের ৭৫ মা দক্ষিণে ১৯টি দ্বীপের সমষ্টি ; ইহাদের ৭টি জনশূন্য। আ. ৬৩৫ ব মা ; জন. ১২,০০৯ ('৫১)। দ্বীপপুঞ্জ তিনটি স্বাভাবিক ভাগে বিভক্ত : (১) বৃহৎ নিকোবর (দক্ষিণ), (২) কামোত্রা (Camotra : মধ্য) ; (৩) কার নিকোবর (উত্তর)।

এখানকার মঙ্গোল-উদ্ভূত আদিবাসীরা প্রায় ১৫০০ বৎসর যাবৎ এখানে বাস করিতেছে। ইহাদের অন্তর্বাণিজ্য খুব উন্নত। কার-নিকোবরে জনসংখ্যা সর্বাপেক্ষা অধিক। ১৭৫৬-১৮৪৮ পর্যন্ত এই দ্বীপপুঞ্জ ডেনমার্কের নামেমাত্র অধীন ছিল। ১৮৬৯ হইতে বিটিশদের অধীনে আসে। ২য় মহাযুদ্ধের সময় ১৯৪২-৪৫ এই দ্বীপ জাপানীদের অধীন ছিল। আন্দামান সহ ১৯৪৭ হইতে আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ ভারতের 'ঘ' শ্রেণীর রাজ্য। আ.র চীফ কমিশনার-এর অধীন সহ.-কমিশনার নি.র শাসক।

**নিকোসিয়া** (Nicosia ; Levkosia) : কাইপ্রাসের রাজধানী ; ৩৩ মা পূর্বে ফামুগাস্তা বন্দরের সহিত রেলপথে যুক্ত। জন. ৪১ হা। লেবাননের উপকূল হইতে ১৫০ মা ও পোর্ট সৈয়দ হইতে ২৮০ মা। ...ব্রিটিশ গবর্নর এই শহরে থাকেন। কাইপ্রাস গ্রীক চার্চের অন্তর্গত। কয়েকটি গ্রীক চার্চ এখন মসজিদ।

**নিগোমবো** (Nigombo) : সিংহলের পশ্চিমস্থ জেলা। নিগোম. বন্দর কলোম্বোর উত্তরে অবস্থিত।

**নিজনি-নবগোরদ** (Nijni-novgorod) : রুশের শহর ; ভল্‌গা ও ওগা নদীর সঙ্গমে প্রতিষ্ঠিত (১২১২)। এখানকার বার্ষিক 'মেলা'-য় ইউরোপ ও এশিয়ার বণিকদের পণ্য-বিনিময় হইত। সোবিয়েত আমলে ইহার নূতন নাম 'গোর্কি (Gorki)' হইয়াছে।

**নিজাম রাজ্য** (Nizami's Dominion) : দ্র. হায়দরাবাদ।

**নিজাম স্টেট রেলওয়ে** (Nizam's State Railway) : ১৮৭৪-এ নিজাম স্টেট কর্তৃক রেলপথ খোলা হয়। ১৯৫১ হইতে সেন্ট্রাল রেলওয়ে জোন অন্তর্গত। ... রেলপথের দৈর্ঘ্য ১,৩৬০ মা [ব্রড্ গেজ ৮০২ মা; মিটর গেজ ৮৫৮ মা], মূলধন ১৭.৫৮ কোটি টাকা। মোট আয় ৬,৪৭,৮০,০০০ টা.। নেট আয় ১,৮৮,১২,৭৫০টা.। ...যাত্রী—২,৫৪,১৪,৫০০।

**নিজামাবাদ** (Nizamabad) : হায়দরাবাদ রাজ্যের জেলা; বর্তমানে রাজ্যপুনর্গঠন (১৯৫৬) ব্যবস্থায় অন্ধ্র-তেলেঙ্গনার অন্তর্গত। উত্তরে আদিলাবাদ; দ.—মেদাক জেলা। জেলার পশ্চিমে মঞ্জিরা ও উত্তরে গোদাবরী নদী প্রবাহিত। জন. ৭.৭৩ লক্ষ। —শহর (জন. ৫৫,২০২) সেকেন্দরাবাদের উত্তরে; রেলপথে ১০৫ মা। মানমদ জং. হইতে ২৮৬ মা। ...নি. হইতে বোধন পর্যন্ত শাখা রেলপথ (১৭ মা) আছে। হা. স্টেট ব্যাংক।

**নিজামসাগর** (Nizamsagar) : হায়দরাবাদ (বর্তমান অন্ধ্ররাজ্যের তেলেঙ্গনা); মেদাক জেলার জলাধার; ১৯৩৭-এ মঞ্জিরা নদীতে ১১৫ ফুট উচ্চ বাঁধ নির্মাণ করিয়া ১৫ মা লম্বা ও ১০ মা প্রস্থ এক জলাধার নির্মিত হয়। এখান হইতে খাল দিয়া ১,৩৫,০০০ একর জমিতে সেচ হয়।

**নিডমঙ্গলম** (Nidamangalam) : মদ্রাজ; তাঞ্জোর জেলার শহর; তা.-নাগোর রেলপথের মধ্যে (১৯ মা) জং. স্টেশন। এখান হইতে শাখা রেলপথ মান্নারগুড়ি ৮ মা। জন. ৪, ৫৩৭। মান্নার ও মার্চেন্টস ব্যাংক।

**নিডদবোলু** (Nidadavole) : অন্ধ্র, পশ্চিম গোদাবরী জেলার শহর। ওয়ালটেয়ার-বিজয়ওয়াডা রেলপথের স্টে. (১৩৮ মা); রাজমহেন্দ্রীর ৯ মা দ.-পশ্চিমে। এখান হইতে শাখা রেলে সমুদ্রতীরস্থ নরসাপুর ৫৮ মা। জন. ১১,৬৭৯। অন্ধ্র ও স্টেট ব্যাংক।

**নিনেভা** (Ninevah) : প্রাচীন অসীরিয়া সাম্রাজ্যের রাজধানী। ইরাক রাজ্যের উত্তরে তাইগ্রীস নদীর পূর্বতীরে, আধুনিক মোসাল শহরের অপর পারে আদি প্রাচীন নিনেভা নগরের ধ্বংসাবশেষ অবস্থিত। আদি রাজধানী অসুর ত্যাগ করিয়া এই নব নগর নির্মিত হয়। সেনাকরিব ও অসুরবানিপাল সম্রাটদ্বয়ের রাজত্বকাল নগরীর শ্রী ও সমৃদ্ধির যুগ। সাড়ে সাত মাইল দীর্ঘ প্রাচীর ও পরিখাবেষ্টিত নগরীর চিহ্ন দেখা যায়। খনন করিয়া অসুরবানিপালের বিরাট গ্রন্থাগার ও অতি উৎকৃষ্ট ভাস্কর্য-নিদর্শন পাওয়া গিয়াছে। ভাস্কর্যের নমুনাগুলি লন্ডনের ব্রিটিশ মিউজিয়ামে রক্ষিত আছে। গ্রন্থাগারে ২৫ হাজার ইষ্টক পত্র (tablet) পাওয়া যায়। ইহার অনেকগুলিতে অসীরিয়ার ইতিহাস, সাহিত্য ও ব্যাকরণ সংক্রান্ত তথ্য রহিয়াছে। খ্রীষ্টপূর্বাব্দ ৭২৫-এ নিনেভা অসীরিয়ার রাজধানী হয় ও ৬১২-এ মীড়গণ এই নগরী ধ্বংস করে।

**নিপানি** (Nipani) : বোম্বাই (বর্তমানে মহীশূর রাজ্য-ভুক্ত); বেলগাঁও জেলার শহর; মিরাজ-হুবলি রেলপথের চিকোদি রোড জং. হইতে পশ্চিমে মোটরপথ। বেল-গাঁও হইতে ৩৭ মা উ.-পশ্চিমে। জন. ২৪,৩২৫। ব্যাংক : বেলগাঁও, কানাডা ইনডাস্ট্রি প্রভৃতি। তামাকের বাজার ও বিড়ি শিল্পের কেন্দ্র।

**নিমতিতা** (Nimtita) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহ.; সমশেরগঞ্জ থানার গ্রাম; ধুলিয়ানের ৫ মা দ.-পূর্বে। এখানে গালা বা লাক্ষা উৎপাদন হয়। নিমতিতার জমিদাররা স্কুল, ডিসপেন্সারি প্রভৃতির প্রতিষ্ঠাতা। ডাকঘর। জন. ৬৬৮। বারহারোয়া লাইনের স্টে. (১৬৯ মা)।

**নিম্বহেরা** (Nimbahera) : রাজস্থান; উদয়পুর বিভাগ, চিতোরগড় জেলার তহশীল। আ. ১,১১৩ ব মা; জন. ২,২২,১৬৫। ...শহরের জন. ১০,০৮৫। চিতোরগড় হইতে ১১ মা দক্ষিণে। অজমের-রাতলাম রেলপথের স্টে. (১৩৪ মা)।

**নিমখেরা** (Nimkhera) : পূর্বতন মধ্যভারত করদ-রাজ্যের ভুঁইয়া রাজার দেশ। মধ্যভারত ইউনিয়ন-ভুক্ত হইয়াছিল। রাজা বার্ষিক ২০ হাজার টাকা ভাতা পান। বর্তমানে মধ্যপ্রদেশ অন্তর্গত।

**নিমরানা** (Nimrana) : পূর্বতন রাজপুতানার ক্ষুদ্র করদরাজ্য। বর্তমানে রাজস্থানের আলবার জেলার বেহরোর (Behror) মহকুমার মিউনি. শহর (জন. ৩১৬৬)। ...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়।

**নিমাসরাই** (Nimasarai) : পুরাতন মালদহ ; মহানন্দা ও কালিন্দীর সঙ্গমস্থলে মহানন্দার পূর্বতীরে অবস্থিত ও মধ্যযুগে রাজধানী-পাণ্ডুয়ার বন্দর ছিল। নূতন মালদহ বা ইংরেজ বাজার হইতে জলপথে কিংবা নদী পার হইয়া একটি পাকা সড়ক ধরিয়া নিমাসরাই পৌঁছানো যায়।

**নিমসার** : ( দ্র. নৈমিষারণ্য )

**নিমাড়** (Nimar) : মধ্যপ্রদেশের জেলা। উ. ও প.—মধ্যভারত ; দ.-প.—বোম্বাই-এর খানদেশ। সীমান্তে উত্তরে নর্মদা ও দক্ষিণভাগে তাপ্তি নদী প্রবাহিত। আ. ৪,২২৮ ব মা ; জন. ৫,২৩,৫০১। বৃষ্টি—৩২"। জেলায় তুলার চাষ হয়। সদর শহর খানডোয়া। বুরহানপুরে কাপড়ের কল আছে ; এখানকার জঙ্গলের কাঠ নেপানগরের কাগজের কলে মণ্ড (pulp) করিবার জন্য প্রেরিত হয়।

**নিয়ান্জা** (Nyanza) : আফ্রিকার বান্টুদের ভাষায় নিয়ান্জার অর্থ হ্রদ। দ.-পূর্ব আফ্রিকায় আলবার্ট নিয়ান্জা, ভিক্টোরিয়া নি., এডোয়ার্ড নি. নামে হ্রদ আছে। (দ্র. পৃথক পৃথক নাম)।

**নিয়ামতপুর** (Niamatpur) : বর্ধমান জেলার কুলটি থানার কয়লা অঞ্চলের শহর। জন. ১১, ৭৫৬।

**নিয়ামতপুর** (Niamatpur) : পূ. পাক; রাজসাহী জেলা, নওগাঁও মহ.র থানা। আ. ১৫৯ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর।

**নিয়াসালন্ড** (Nyasaland) : পূর্ব-দক্ষিণ আফ্রিকার ব্রিটিশ আশ্রিত দেশ ; ইহা ব্রি. পূ. আফ্রিকার (দ্র.) অন্তর্গত। ইহার উত্তরে টাঙ্গানিকা ; উ.-পশ্চিমে উত্তর-রোডেশিয়া ; অন্যদিকে পোর্তুগীজ-মোজাম্বিক। আ. ৪৯,১৭৭ ব মা ( স্থলভাগ ৩৬,৮৭০ ব মা ) ; জন. ২৫, ১১, ৫৭৫ ('৫৩) ; ইহার মধ্যে আফ্রিকান ২৫ লক্ষ। রাজধানী—জোমবা (Zomba ; জন. ৫,৪৩০)। নিয়াসা হ্রদের পশ্চিম তীরে মালভূমিপ্রধান উর্বর দেশ। কফি, তুলা, তামাক ও চা-এর চাষ হয়। ইউরোপীয়দের কলোনি এই এলাকায়।

**নিয়াসা** (Nyasa) : আফ্রিকার মহাহ্রদ মণ্ডলের দক্ষিণতম হ্রদ ; পূর্বউপকূল হইতে ৩০০ মা অভ্যন্তরে, ১,৫০০ ফুট উচ্চ মালভূমে অবস্থিত। দৈর্ঘ্য ৩৫০ মা, প্রস্থেও প্রায় ৪০ মা। নিয়াসা হ্রদ ও তন্নিকটবর্তী দেশ ১৮৫৯-এ ডেভিড লিভিংস্টোন কর্তৃক আবিষ্কৃত হয়। ১৮৭৪-এ খ্রী. মিশনারী এইখানে আসেন। ১৮৯১-এ ব্রিটিশ প্রোটেক্টোরেট হইয়া নাম হয় ব্রি. সেন্ট্রাল আফ্রিকা ; ১৯০৭-এ নিয়াসালন্ড নাম হয়। ব্রি. কলোনিয়াল দপ্তর হইতে গবর্নর নিযুক্ত হন ; কার্যনির্বাহক সভা ; আইন পরিষদ ( ২ জন আফ্রিকান সদস্য ) আছে।

**নিরঞ্জনা নদী, নৈরঞ্জনা, নীলাঞ্জন** (Nairanjana river) : বুদ্ধগয়ার সমীপবর্তী নদী। নিরঞ্জনা ও মোহনা নদী দুইটি মিলিত হইয়া ফল্গু নাম লইয়াছে। গৌতম সিদ্ধার্থ ইহার তীরে 'বুদ্ধত্ব' লাভ করেন।

**নিষাদ রাজ্য** (Nisada) : প্রাচীন ভারতে নিষাদ নামে অনার্য উপজাতির বাস ছিল। রামায়ণে আছে নিষাদ রাজের রাজধানী ছিল শৃঙ্গবেরপুর, গঙ্গার উত্তর তটে প্রয়াগের বিপরীত দিকে অবস্থিত। ...জুনাগড় শিলা-লেখে নিষাদ নাম প্রথম পাওয়া যায়।

**নীপার** (Dneper River) : দ.-প. সোবিয়েত রুশিয়া ও ইউক্রাযেনের নদী ; দৈর্ঘ্যে ইউরোপের তৃতীয় নদী (১,৪৫০ মা) ; অববাহিকামণ্ডল প্রায় ২ লক্ষ ব মা। ভলদাই পর্বতের দক্ষিণে মূল নদী উঠিয়া বহু শাখা-নদীর জলধারা লইয়া কৃষ্ণসাগরে পড়িতেছে। অত্যন্ত সমভূমির মধ্যদিয়া নীপার প্রবাহিত ; তবে জাপো-রোজে (Zrporozhe) নদীপ্রপাত থাকায় নৌচলাচলের অসুবিধা ছিল। এখন সেখানে নীপার জলবিদ্যুৎ কারখানা করিয়া ও খাল কাটিয়া যাতায়াতের সুবিধা করিয়া দেওয়া হইয়াছে। বর্তমানে কৃষ্ণসাগর হইতে নীপার দিয়া খালেখালে ভল্গা, লাদোগা, নেভা হইয়া শ্বেত-সাগরে যাওয়া-আসা চলে। স্কান্দানেভিয়ার তীরের সহিত ভূমধ্যসাগর যুক্ত হইয়াছে।

**নীপার শিল্প মণ্ডল** (Dnieper Industrial Region) : সোবিয়েত রাশিয়ার নীপার নদীতে বাঁধ দিয়া বিরাট জলবিদ্যুৎ কারখানা নির্মিত হইয়াছে। নীপ্রোপেত্রোস্ক (Dniepropetrovsk), নীপ্রোদেরজিনস্ক (Dnieprodzerzhinsk ) ও মেলিতোপাল ( Melitopol )

নামক শিল্পনগরী গড়িয়া উঠিয়াছে। এখানে বহুপ্রকার যন্ত্রপাতি প্রস্তুত হইতেছে।

**নীমাচ** (Neemuch, Nimachi) : মধ্যভারতের শহর। পূর্বতন গবালিয়র রাজ্যের অন্তর্গত ছিল; উদয়পুর স্টেটের সীমান্তে রাজপুতানার প্রাকৃতিক পরিবেশের মধ্যে অবস্থিত। অজমের-খানডোয়া রেলপথের স্টে. (১৫০ মা)। রতলাম ৮৩ মা। জন ২১,০৯৫। ব্যাংক: রাজস্থান, প. ন্যাশনাল, সমবায়।

**নীমেন** (Niemen river): সোবিয়েত ইউনিয়নের নদী; লিথুনিয়ার মধ্য দিয়া প্রবাহিত হইয়া বাল্‌টিক সাগরে পড়িতেছে। পূর্বে এই অঞ্চল প্রুশিয়ার অন্তর্গত ছিল; নদীর জারমান নাম মেমেল। এই নদী প্রায় ৩০০ মা নাব্য; নীপার ও অন্যান্য নদীর সহিত খালের দ্বারা যুক্ত। টিলসিট (বর্তমান সোভেতস্ক) শহরের নিকট দুই ধারায় বিভক্ত হইয়াছে।

**নীলখেরি** (Nilokheri) পূ. পঞ্জাব; করনাল জেলার শহর, দিল্লী-কালকা রেলপথের স্টে. (৮৯ মা)। করনাল শহর ও কুরুক্ষেত্রের মধ্যে অবস্থিত এই অঞ্চলে পশ্চিম পঞ্জাব আগত উদ্‌বাস্তুরা বহু কলোনী গড়িয়াছে।...জন. ৬,২৮৭। স্টেট ব্যাংক।

**নীলগিরি** (Nilgiri): মদ্রাজের জেলা। ইহার উত্তরে মহীশূর; প.—মালাবার; পূ.—কোয়াম্বতুর। আ. ৯৮৪ ব মা; জন. ৩,১১,৭২৯। সদর শহর উটকামনড় (Ootacamund)। জেলার তিনটি তালুক।..নীলগিরি পর্বত এই জেলার অধিকাংশে বিস্তারিত। সিন্‌কোনা প্রধান কৃষিজাত সম্পদ; নাডুবত্তম (Nadubattam)-এ কুইনাইন তৈয়ারির কারখানা। অসংখ্য ইউকালিপ্‌টাস, চা, কফী বাগান। পাইকরা জলবিদ্যুৎ কেন্দ্র এই জেলার মধ্যে।

**নীলগিরি পাহাড়** (Nilgiris): দক্ষিণ ভারতের পাহাড়; ইহা মদ্রাজের দ. অংশে অবস্থিত। উচ্চতম শৃঙ্গ দোদাবেটা (Dodabetta; ৮,৭৬০ ফুট)। অধিত্যকায় চা, কফি, সিন্‌কোনার চাষ হয়। টোডা নামে আদিম জাতির লোক এখানে দেখা যায়। বৃষ্টি ৫০″-১৮০″। আনামলয় পর্বত ও নীলগিরির মধ্যে পালঘাট গিরিপথ (Gap) দিয়া পশ্চিম ভারতে যাওয়া যায়।

**নীলগিরি** (Nilgiri); পূর্বতন ঈ. ই. এজেন্সির করদ রাজ্য। আয়তন ২৫৩ ব মা; জন. ৭৩,১০০ ('৪১)। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৪০,০০০ ভাতা দেওয়া হয়।...বর্তমানে ওড়িশার বালেশ্বর জেলার মহকুমা। আ. ২৬৩ ব মা। জন. ৬০ হা.। গ্রাম ২৬৫টি।

**নীলগিরি পার্বত্য রেলপথ** (Nilgiri Mountain Railway): দ ভারতে মেত্তুপালায়ম (দ্র.) স্টেশন হইতে উটকামনড় বা উটি পর্যন্ত (৭,৫০০ ফুট উচ্চ) রেলপথ। প্রথম ১৬ মা কুন্নুর পর্যন্ত ১৮৯৬এ খোলা হয়। অবশিষ্ট ১২ মা ১৯০৮-এ নির্মিত হয়।

**নীলনদ** (Nile river): আফ্রিকার নদী; আরবী ভাষায় অন-নিল, সাধারণত লোকে বলে অল বাহার বা নদী। মধ্য আফ্রিকার ভিক্‌টোরিয়া হ্রদে উঠিয়া উগান্ডা, সুদান ও মিশরের মধ্য দিয়া প্রবাহিত হইয়া ভূমধ্যসাগরে পড়িতেছে (৩,৬০০ মা)। ইথিওপিয়া হইতে ব্লু-নীল আসিয়া সুদানের খারতুমের নিকট নীলনদের সহিত মিশিয়াছে। ইথিওপিয়ার বৃষ্টির ফলে নীলে বাৎসরিক বান হয়। মোহনায় সুবৃহৎ ব-দ্বীপ। মিশরকে নীলনদের দান বলে। প্রাচীন মিশরের সভ্যতা ইহারই তীরে। নীলনদের ধারার মধ্যে ৬টি প্রপাত (Cataracts) আছে; খারতুমের নিকট দেশের উচ্চতা ১২১৭ ফুট; এখান হইতে ৬টি ধাপে জল নামিতেছে। প্রথম ধাপে অসুয়ান বাঁধ। ইহার পরে আরও দুইটি হইয়াছে—সেনার ও জেবেল-আউলিয়া। এই তিনটি জলাধারে ২২ হাজার কোটি ঘন গজ জল আটকানো হয়। এই জল নানাস্থানে ব্যারাজ বাঁধিয়া ছাড়িয়া দেওয়া হয়। ফলে বহু সহস্র একর জমিতে চাষের সুবিধা হইয়াছে। ইহা হইতে ব্যাপক ও কঠিন পরিকল্পনা গৃহীত হইয়াছে; নীলের উৎপত্তিস্থলের দিকে হ্রদগুলিকে বাঁধ দিবার কার্য আরম্ভ হইয়াছে।

**নীলফামারি** (Nilphamari): পূ. পাক.; রঙপুর জেলার মহকুমা। শহর কলিকাতা হইতে রেলপথে ২৫৫ মা। পূর্বে এখানে অনেকগুলি নীলকুঠি ছিল; এখনো পুরাতন কুঠির ধ্বংসাবশেষ দেখা যায়। মহ.র আ. ৬৩৯ ব মা। থানার আ. ১৪২ ব মা।

**নীলাচল** (Nilachal) : (১) ওড়িশা; পুরী-জগন্নাথ তীর্থ বা পুরুষোত্তম তীর্থ। চৈতন্যদেব এইখানে জীবনের শেষ দ্বাদশ বৎসরকাল বাস করেন। (২) মদ্রাজের নিলগিরির অপর নাম।

**নীলেশ্বর** ( Nileswara ) : মঙ্গলুরের ৪১ মা দ.-পূর্বে গ্রাম; এখানে চরকায় সুতা ও খদ্দর তৈয়ারি হয়। (দ্র. কসারগড়)।

**নীস্টার** (Dniester River) : সোবিয়েত ইউনিয়নের নদী; কার্পেথিয়ান পর্বতের উত্তরে উঠিয়া ইউক্রায়েন রিপাবলিক ও মলডাবিয়ার মধ্য দিয়া আসিয়া কৃষ্ণ-সাগরে পড়িতেছে (৮৬৫ মা)।

**নুজবিদ** (Nuzvid) : অন্ধ্র; কৃষ্ণা জেলার তালুক ও শহর। জন. ১৬,৯২৯। ওয়ালটেয়ার-বিজয়ওয়াডা রেলপথের স্টে. (১৯২ মা)। ভারতলক্ষ্মী, বিজয় কমার্স ব্যাংক।

**নুবর এলিয়া** (Nuwara Eliya) : সিংহলের মধ্য-প্রদেশের জেলা। আ. ৪৭৩ ব মা। জন. ২,৬৮,১২১। এই জেলার প্রধান উৎপন্ন সামগ্রী চা; ১,০৫,৬৮৬ একর জমিতে চা-এর চাষ হয়। দারুচিনি, ধান প্রভৃতি উৎপন্ন হয়। এখানকার জনসংখ্যার মধ্যে ভারতীয় তামিলই অধিক (১,৫৩,৬৯৪); বৌদ্ধ অপেক্ষা হিন্দুর সংখ্যা বেশি। —প্রধান শহর, নুবর এলিয়ার জন. ১০,৮২৮। কান্ডি হইতে ২৫ মা দ.-পূর্বে ৬,১৯৯ ফুট উচ্চ মালভূমে অবস্থিত। শৈল স্বাস্থ্যনিবাস।

**নুরপুর** (Nurpur) : পৃ. পঞ্জাব, কাংড়া জেলার তহশীল ও মিউনি. শহর। চাকী নদীর উপশাখাতীরে, কাশ্মীর যাইবার পথের ধারে অবস্থিত। পাঠানকোট-জোগিন-দরনগর রেলশাখায় নুরপুর রোড স্টে. (২৩ মা)। নুরপুর শাল শিল্পের জন্য খ্যাত। জন. ৩,২০০।

**নুরেনবের্গ** ( Nurenberg) : প. জারমানি : বাভেরিয়া প্রদেশের শহর। জন. ৩.৬০ লক্ষ। ইহা পুরাতন নগর; গথিক স্থাপত্যের কয়েকটি উৎকৃষ্ট নিদর্শন আছে। ...বহু শিল্প ও কারখানার কেন্দ্র। শিশুদের খেলনা, পেন্সিল, ফাউন্টেনপেন হইতে এরোপ্লেনের ইন্‌জিন, ক্রেন প্রভৃতি প্রস্তুত হইত। ২য় মহাযুদ্ধের সময় নগর ভীষণভাবে বিধ্বস্ত হয়। যুদ্ধান্তে ১৯৪৬-এ এখানে জারমান যুদ্ধ-অপরাধীদের বিচার হইয়াছিল। ট্রিবিউনাল নাৎসীদের অত্যাচার কাহিনীর বিস্তারিত বর্ণনা প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগীদের নিকট হইতে সংগ্রহ করেন।

**নেকমরদ** (Nekmarad) : পৃ. পাক.; দিনাজপুর শহরের ৮ মাইল পশ্চিমে শিবগঞ্জের রাস্তার ধারে নেকমর্দন নামে মুসলমান সাধুর সমাধি আছে। সেখানে প্রতি বৎসর সুবৃহৎ মেলা বসে; গবাদি জন্তু, হাতী, উট, দুম্বা, ভুটিয়া ঘোড়া প্রভৃতি বিক্রয়ার্থ আসে।

**নেগ্রি-সেমবিলান** (Negri-Sembilan) : মালয় শব্দ, অর্থ নয়টি রাষ্ট্র। মালয়-ফেডারেশনের অন্যতম স্টেট। আ. ২,৫৫০ ব মা; জন. ২,৬৭,৬৬৮ ('৫১)। রাজধানী—সেরেমবান ( Seremban)। পূর্বে ৯টি ক্ষুদ্র রাজ্যের সমষ্টি ছিল। সকলেই মালাক্কার সুলতানের অধীন ছিলেন। ১৫১১-র পর জোহোরের আধিপত্য হয়। ক্রমে রাজ্যগুলি ১৮৭৪-৮৯-এর মধ্যে ব্রিটিশ আশ্রয়ে আসে। ১৮৯৫-এ নে. সে. ফেডারেটেড মালয় স্টেটস-এর অন্তর্গত হয়। ২য় মহাযুদ্ধের পরে এই রাজ্য মালয় ফেডারেশনভুক্ত হইয়াছে। অধিবাসীদের ৪৩ শতাংশ চীনা, ৩৮ মালয়। . মুসলমান সুলতান শাসক।

**নেজদ** (Nejd) : সউদি আরাবিয়ার প্রদেশ; পূর্বে আরাবিয়ার রাজার উপাধি ছিল 'হেজাজ এবং নেজদ ও তাহার অধীনস্থ দেশসমূহের রাজা' (অল মমলাক)। ১৯৩২ হইতে 'সউদি আরাবিয়া' নাম গৃহীত হয়। ... নেজদ আরাবিয়ার মধ্য ভাগ; ইহার পশ্চিমাংশ মালভূমি, পূর্বদিকে ক্রমশই নামিয়া গিয়াছে। উত্তরে শামার, পশ্চিমে আসীর ও পূর্বদিকে অল হাসা—এই তিনটি দেশ নেজদের অধীন। রাজধানী রিয়াদ মধ্যস্থলে অবস্থিত; রিয়াদ যথার্থভাবে সউদি আরাবিয়ার রাজধানী। মরূদ্যান-জেলায় স্থায়ী আরবদের বসতি; উহার বাহিরে বেদুইনদের বিচরণভূমি। খেজুর প্রধান উৎপন্ন ও রপ্তানি সামগ্রী; এছাড়া যব, গম, ডুমুর, কাঠবাদাম প্রভৃতির চাষ আছে। ১৮ শতকের মাঝামাঝি নেজদ ওহাবী আন্দোলনের কেন্দ্র হয় ও ১৮১১-এর মধ্যে এই নূতন ইসলামী সম্প্রদায়ের লোকে তামাম আরাবিয়া জয় করে। ১৮১৮-এ মিশরীয় সৈন্যবাহিনী ইহাদের আক্রমণ করিয়া প্রায় ধ্বংস করিয়া

দেয়। কিন্তু অল্পকালের মধ্যে তাহারা প্রবল হইয়া রিয়াদায় কেন্দ্র স্থাপন করিল (১৮২১)। ইহার পর ওহাবীরা নিষ্প্রভ হইয়া পড়ে এবং প্রায় শতাব্দীকাল পরে আরাবিয়ায় পুনপ্রতিষ্ঠ হয়। (দ্র. সউদি আরাবিয়া)। নেজদের সুনির্দিষ্ট সীমান্ত নাই; মোটামুটিভাবে আ. ৪'৫০ লক্ষ ব মা; জন. ৪৫ লক্ষ।

**নেজবী** (Nasbby): ইংলন্ডের নর্দাম্পটন শহরের নিকটস্থ গ্রাম। এখানে ১৬৫৫-এ পার্লামেন্টীয় দল অলিভার ক্রমওয়েলের নেতৃত্বে রাজা চার্লসকে যুদ্ধে পরাভূত করেন।

**নেত্রকোনা** (Netrakona): পূ. পাক.; ময়মনসিংহ জেলার মহকুমা, থানা ও শহর। শহর—ময়মনসিংহ-মোহনগঞ্জ লাইনের উপর (৩৭ মা)। মহ.র আ. ১,১৪৭ ব মা। থানার আ. ১০৭ ব মা।

**নেদারলন্ডস** (Koninkrijk der Nederlanden): ইউরোপের রাজ্য; জারামানির উত্তর-পশ্চিমে ও বেলজিয়ামের উত্তরে। আ. ১২,৫০৪ ব মা; জন. ১,০২,০০,২৮০ ('৫১)। রাজধানী—দি হেগ (The Hague, Den Haag; জন. ৫,৯২০,৮৫)। ইংরেজিতে এই দেশকে হলন্ড (দ্র.) বলে। অধিবাসীদের ভাষা ডাচ; ইহা জারমান ভাষার একটি উপভাষা। ফরাসীরা ইহাদের Hollandais বলে; বাংলায় আমরা ওলন্দাজ বলি।

দেশের অর্ধাংশ সমুদ্র হইতে নিচু। প্রাচীনকালে এই সব অঞ্চলে জারমানিক উপজাতিসমূহের বাস ছিল এবং দেশ বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল। বাটাভি নামে উপজাতি রোম সাম্রাজ্যের সীমান্তে থাকিলেও রোমের নিকট তাহারা নতি স্বীকার করে নাই (খ্রী. পূ. ১৩ পর্যন্ত)। ৮ম শতকে নেদার. শার্লেমান সাম্রাজ্যের অন্তর্গত হয়। ইহার পর এই অঞ্চল বুরগন্ডি (Burgundy) ও অস্ট্রিয় হাপ্সবুর্গদের হাতে চলিয়া যায়। ১৬ শতকে নেদার. স্পেনীশরা দখল করে। স্পেনের অত্যাচারে ওলন্দাজরা বিদ্রোহী হয় (১৫৬৮); অরেন্জ পরিবারের উইলিয়ামের নেতৃত্বে কিছুকালের মধ্যেই ইহারা স্বাধীনতা ঘোষণা করে। দেশের উত্তরাংশের ৭টি ক্ষুদ্র রাজ্য ১৫৭৯-তে মিলিত হইয়া রিপাবলিক শাসন প্রতিষ্ঠিত করে। ১৬০২-এ ডাচ ঈস্ট ইন্ডিয়া কোম্পানি গঠিত হয়। ১৬৪৮-এ নে. স্বাধীন রাজ্য বলিয়া সকলের স্বীকৃতি লাভ করে। ১৬৮৯-এ ডাচদের স্টাট-হোলডার বা অরেন্জ পরিবারের ৩য় উইলিয়াম ইংলন্ডের রাজা হন। ১৮ শতকে স্পেন ও ফরাসীদের সঙ্গে বিবাদের ফলে রিপাবলিক বিনষ্ট হয়। ১৭৯৫-এ ৫ম উইলিয়াম ফরাসীদের দ্বারা পরাজিত হয়। নেপোলিয়নের পরাজয়ের পর অরেন্জ বংশীয় ৫ম উইলিয়মের পুত্রের চেষ্টায় বেলজিয়াম ও নে. একত্র হয়। ১৮৩০-এ বেলজিয়াম স্বতন্ত্র হইয়া যায়। দশ বৎসর পরে ১৮৪০ এ নে.-এ রাজতন্ত্র প্রবর্তিত ও ১৮৪৮-এ নতুন সংবিধান গৃহীত হয়। প্রথম মহাযুদ্ধে নে. নিরপেক্ষ থাকে। ২য় মহাযুদ্ধেও প্রথমদিকে নিরপেক্ষ ছিল; কিন্তু ১৯৪০, মে মাসে জারমানরা নে. দখল করে। যুদ্ধ শেষে (১৯৪৫) পুরাতন শাসন পুনপ্রর্বর্তিত হয়। ১৯৪৮ এ বৃদ্ধা রানী পঞ্চাশ বৎসর রাজত্বের পর সিংহাসন ত্যাগ করিলে তাঁহার কন্যা জুলিয়ানা রানী হন। ১৯৪৯, ২১ ডিসেম্বর নে.-র নিকট হইতে ইন্দোনেশিয়া স্বাধীনতা অর্জন করে। দেশের অধিকাংশই নিম্নভূমি ও খালিয়াড়ি; বিল ও জলাভূমিতে পূর্ণ। সমুদ্রের জল যাহাতে দেশের মধ্যে ঢুকিতে না পারে, সেই জন্য সমুদ্রতীরে মাটির দীর্ঘ বাঁধ বাঁধা হইয়াছে। দেশের মধ্যে অগণিত খাল আছে, এগুলিতে জাহাজ পর্যন্ত চলিতে পারে। বাঁধ দেওয়াতে বহু জমি কৃষির উপযোগী হইয়াছে। নে-র কয়লা নাই। তাই উইন্ড মিল বা বায়ু-চালিত ইন্জিন-দ্বারা কল-কারখানা চালানো হয় ও খাল হইতে জল নিষ্কাষণের কাজে ইহা ব্যবহৃত হয়। সমুদ্রের সহিত সংগ্রাম করিয়া অধিবাসীরা পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ সমুদ্রচারী জাতি হইয়াছে। জাহাজ-নির্মাণ শিল্পে এই ক্ষুদ্র দেশ পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছে। বিমান চালনায় ইহারা অগ্রণী। KLM নামে বিমান-কোম্পানি সর্বাগ্রে ইউরোপ হইতে এশিয়ায় চলাফেরা শুরু করে। নে.-র কৃষি ও গো-পালন খুবই উন্নত। দুগ্ধ, মাখন ও ডিমের ব্যবসা সরকার কর্তৃক

নিয়ন্ত্রিত। ডাচ বা ওলন্দাজদের সাম্রাজ্য অন্তর্গত। ইন্দোনেশিয়া এখন স্বাধীন রিপাবলিক; তবে নিউগিনী (দ্র.) লইয়া চূড়ান্ত মীমাংসা এখনো হয় নাই। .. দ. আমেরিকার সুরিনাম (দ্র.) ও কয়েকটি দ্বীপ ছাড়া ডাচ্‌দের আর কলোনি নাই।

**নেপল্‌স** (Naples; Napoli): ইতালির বন্দর ও বিশিষ্ট শিল্প এবং ব্যবসায়কেন্দ্র। ২য় মহাযুদ্ধের সময়ে নগরের বহু অট্টালিকা ও মধ্যযুগীয় চার্চ প্রভৃতি ধ্বংস হয়। জন ১০,২৭,০০০

**নেপানগর** (Nepanagar): News Paper শব্দদ্বয়ের আদ্যাক্ষর দুইটি লইয়া কথাটির সৃষ্টি। ভারতীয় সংবাদ-পত্রের জন্য যে কাগজ ব্যবহৃত হয় তাহা সবই প্রায় বিদেশ হইতে আসে। দেশে এই কাগজ তৈরীর জন্য ১৯৪৮-এ এক কোম্পানি গঠিত হয়। নানা কারণে সে কোম্পানি বানচাল হইয়া যায়। অধুনা উহা পুনর্গঠিত হইয়াছে ও মধ্যপ্রদেশ রাজ্যে হোসাঙ্গাবাদ জেলায় বিরাট কারখানা স্থাপিত হইয়াছে। বৎসরে ৩০,০০০ টন কাগজ প্রস্তুত হইবে। নেপানগর স্টেশন দিল্লী-বোম্বাই পথে ৬৩০ মা, খানড়োয়া হইতে ২৫ মা।

**নেপাল** (Nepal): মধ্য হিমালয়ের দক্ষিণ পাদমূলের স্বাধীন দেশ। ইহার উ.—তিব্বত; দ.—ভারতের উত্তর প্রদেশ ও বিহার; পূ.—পশ্চিমবঙ্গ ও সিকিম। আ. ৫৩,০০০ ব মা; জন. ৮৫,৯৬,০০০। রাজধানী—কাঠমান্ডু, ইহা ভারত সীমান্ত হইতে ৭৫ মা দূরে। ...নেপাল খুব প্রাচীন দেশ। এখানে হিমালয় ভেদ করিয়া তিব্বতী-বর্মী নানা উপজাতি এবং উ. ভারত হইতে বৈশ্য-ক্ষত্রিয়-ব্রাহ্মণদের নানা শাখা গিয়া বাস করিয়াছে। ফলে বহু ও বিচিত্র জাতি ও ভাষা-ভাষী লোক এখানে বাস করে; নেওয়ার ও গুর্খারা ভারতীয়; ভোট, মগসি, গুরুঙ, লেপচারা হিমালয়ের প্রান্তবাসী। গুর্খারা রাজপুত বংশীয় বলিয়া দাবী করে।...কাঠমান্ডুর পশুপতিনাথ মন্দির হিন্দুদের তীর্থস্থান। নেওয়ারগণ অর্ধ-বৌদ্ধ ভাবাপন্ন। ...পূর্বে নেপাল মহাযান বৌদ্ধধর্মের বিশিষ্ট কেন্দ্র ছিল; বহু সহস্র বৌদ্ধ গ্রন্থ এখানে পাওয়া গিয়াছে। এই সূত্রে তিব্বতের সহিত ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল বৌদ্ধ ধর্মাবলম্বী উপজাতি। সাধারণ লোক বা গুর্খা, রানারা হিন্দু।

দেশ বহু ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল। এই সুযোগে ভারত হইতে ১৭৬৮-অব্দে রাজা পৃথ্বীনারায়ণের নেতৃত্বে গুর্খারা নেপাল আক্রমণ করিয়া অধিকার করে। দেশ এক রাজা হয়। সেই হইতে একের পর এক রাজা রাজত্ব করিতেছেন। ১৭৯১ ও ১৮০১-এ ইংরেজ-দের সহিত বাণিজ্য সম্বন্ধ স্থাপিত হয়। কালে গুর্খারা ব্রিটিশ অধিকৃত উত্তর ভারতের দেশ আক্রমণ করায় নেপাল-যুদ্ধ (১৮১৪-১৬) হয়; গুর্খারা পরাজিত হইলে সগৌলিতে সন্ধি হয়, সন্ধি অনুসারে কাঠমান্ডুতে ইংরেজ রেসিডেণ্ট রাখিতে নেপাল স্বীকৃত হয়; গঢ়বাল, কুমায়ুন ও সিমলা পাহাড় এই যুদ্ধের ফলে ইংরেজের আয়ত্তে আসে।

১৮৪৬এ রানা-পরিবারের জঙ্গ বাহাদুর চিরকালের জন্য তাঁহার পরিবারের প্রধান ব্যক্তিই রাজ্যের মন্ত্রিত্ব পাইবেন স্থির করেন; সেই হইতে ঐ পরিবারের প্রধান ব্যক্তি প্র. মন্ত্রী নির্বাচিত হইতে থাকে। যথার্থ রাজা পেনশন পাইয়া পৃথকভাবে বাস করিতেন। ১৮৫০-এ জঙ্গ বাহাদুর বিলাত যান ও দেশে ফিরিয়া শাসন সংস্কার করেন। ১৮৫৪-এ নেপালের সহিত তিব্বতের বিবাদ হয় এবং তারপর হইতে একজন নেপালী দূত লাসায় মোতায়েন থাকে। ইতিমধ্যে ইংরেজের সঙ্গে নেপালের বন্ধুত্ব খুব গভীর হইতে থাকে। উভয় মহাযুদ্ধের সময়ই নেপাল বহু সহস্র গুর্খা সৈন্য পাঠাইয়া মিত্রশক্তিকে সাহায্য করে। নেপাল বৎসরে ব্রিটিশ রাজ হইতে ১০ লক্ষ টাকা করিয়া পাইত। ১৯২৯-এ তৎকালীন রানা ভীম শামশের জঙ্গ মহারাজা হন। ইঁহার শাসনে দেশের অনেক উন্নতি হইয়াছিল। ইতিপূর্বে চন্দ্র শামসেরের সময়ে ১৯২৩-এ ব্রিটিশরা নেপালের পূর্ণ স্বাধীনতা মানিয়া লয়। ১৯৪৭-এ নেপালের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে এক বাণিজ্যচুক্তি হয়। ১৯৫০, ৭ নবেম্বর রাজা ত্রিভুবন সিংহাসনচ্যুত হন। ভারতের সহায়তায় রাজা ১৯৫১, ১৫ ফেব্রুয়ারি কয়েকটি সর্তে গদি ফিরিয়া পান। সর্তগুলি হইল— মন্ত্রিসভার

অর্ধেক নির্বাচিত হইবে, অর্ধেক সদস্য রানা-পরিবার হইতে আসিবে এবং সকল মন্ত্রীই রাজার নিকট দায়ী থাকিবেন; সেই সময় গণ-পরিষদ আহ্বানের কথাও ঘোষিত হয়। ইহার ফলে দীর্ঘকালের রানাশাহীর (১৮৪৬-১৯৫১) একাধিপত্য নষ্ট হইয়া যায়। সাধারণ লোকের প্রতিনিধিরূপে এম. পি. কয়রলা প্র. মন্ত্রী হন। ১৯৫১ নবেম্বরে সব প্রথম।

বর্তমানে নেপাল সম্পূর্ণ স্বাধীন দেশ। ভারত ও অন্যান্য রাষ্ট্রের সহিত দূত বিনিময়াদি চলিতেছে।

দেশ পার্বত্য। মধ্যস্থল উপত্যকা; এখানে ধান, ভুট্টা, গম প্রভৃতি উৎপন্ন হয়। উত্তরে হিমালয়ের পর্বতরাশি থাকে থাকে উঠিয়া গিয়াছে। খনিজ সম্পদ আছে, কিন্তু এখনও পর্যন্ত অনাবিষ্কৃত। রাস্তাঘাট অনুন্নত। ১৯২৭ সালে বিহার-রক্সৌল হইতে অমলেকগঞ্জ পর্যন্ত ২৯ মাইল ও ১৯৪৭-এ বিহার-জয়নগর হইতে জনকপুর হইয়া বিজুলপুরা (Bijulpura) পর্যন্ত ৩৫ মাইল দীর্ঘ দুই লাইট রেলপথ আছে। ১৯৫৪-এ অমলেকগঞ্জ হইতে কাঠমান্ডু পর্যন্ত ৮০ মা দীর্ঘ মোটরপথ নির্মিত হইয়াছে। সারা দেশে মোটর পথ মাত্র ২৩৭ মা। (Dhursing) ধুর্‌সিং হইতে ভীমফেড়ি হইয়া কাটমান্ডু উপত্যকা পর্যন্ত দড়ি পথ (১৪ মা) আছে। বিমানপথে কাঠমান্ডু পাটনার সহিত যুক্ত (১৪৫ মা)।

পাট, তৈলবীজ, ঘি, আলু, ভেষজমূল, চামড়া প্রভৃতি বিদেশে রপ্তানি হয়। বস্ত্র, লবণ, পেট্রোল প্রভৃতি আমদানি সামগ্রী। বর্তমানে পাটকল, বস্ত্রকল স্থাপিত হইয়াছে। মোরাঙ-এ ও কাঠমান্ডু উপত্যকায় জলবিদ্যুৎ কেন্দ্র চালু হইয়াছে।

১৯৫২-এ নেপালে ৪৫৫টি প্রাথমিক বিদ্যালয় ও ২৭৪টি সংস্কৃত বিদ্যালয়, ১৯০টি মধ্য-বিদ্যায়তন ও ২টি ইন্টারমিডিএট কলেজ ছিল। ৪৫ হাজার লোকের সৈন্যবাহিনী আছে। ব্রিটিশদের সহিত চুক্তি অনুসারে কয়েক সহস্র গুর্খা সৈন্য বহির্ভারতে নিযুক্ত হয়।

**নে-ফা** ( NEFA : North-Eastern Frontier Agency ) : উত্তর-পূর্ব সীমান্ত এজেন্সি (দ্র.)। ইহার শাসন ব্যবস্থা আসাম হইতে সম্পূর্ণ পৃথক। আসামের গবর্নর পরামর্শ-সভার সাহায্যে শিলং হইতে শাসন করেন। ইহা কেন্দ্রীয় বহির্দপ্তর মন্ত্রীর খাস অধীন। বর্তমানে নে-ফা-র অন্তর্গত ৬টি বিভাগ :

(১) কামেঙ (Kameng Frontier Division) সীমান্ত বিভাগ— প্রধান শহর বোমডিলা (Bomdila)
(২) সুবনসিরি (Subansivi) ,, জিরো ( Ziro )
(৩) সিয়াং ( Siang ) ,, আলঙ ( Along )
(৪) লোহিত ( Lohit ) ,, তেজু ( Tezu )
(৫) তিরাপ ( Tirap ) ,, বোর্খুম ( Borkhum)
(৬) তুয়েনসাঙ (Tuensang) ,, তুয়েনসাঙ (Tuensang)

**নেব্রাস্‌কা** ( Nebraska ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। উ.—সাউথ-ডাকোটা; দ.—কানসাস। আ. ৭৭,২৩৭ ব মা; জন. ১৩,২৫,৫১০ ('৫০)। রাজধানী লিনকন ( Lincoln ; জন. ৯৮,৮৮৪ )। ১৫৪১-এ এই প্রদেশ স্পেনীশদের দ্বারা আবিষ্কৃত; ১৮০৩-এ ইহা ফরাসীদের নিকট হইতে লুইসিআনা-র সঙ্গে ক্রীত হয়। ১৮৬৭-এ যুক্তরাষ্ট্রভুক্ত হয়। ১৮৭৫-এ বর্তমান সংবিধান গৃহীত হয়। ১৯৩৭-এ সংবিধান সংশোধনের ফলে স্টেটে এক কামরার আইন-সভা প্রবর্তিত হয় এবং সদস্যরা কোনো দলগত নামে নির্বাচিত হন না। এই দিক দিয়া নে. যুক্তরাষ্ট্রের মধ্যে অনন্য। প্রধান শহর ওমাহা (Omaha)। নে. রেড-ইন্‌ডিয়ান শব্দ, অর্থ বিস্তৃত জলাশয়।

**নেভা** ( Neva River ) : সোবিয়েত রুশিয়ার নদী; লাদোগা হ্রদ হইতে (৪৫ মা) ফিন্‌লন্‌ড উপসাগরে পড়িতেছে। লাদোগা হ্রদে বহু নদী পতিত হইতেছে বলিয়া নেভা নদীতে জলপ্রবাহ প্রবল। মোহনার নিকট লেনিনগ্রাডে ইহার পাঁচটি ধারা। একটি ধারা হইতে ২০ মা দীর্ঘ খাল ধরিয়া লেনিনগ্রাডে বড় বড় জাহাজ আসে।...পশ্চিম হইতে খর বায়ু-প্রবাহ নদী-স্রোতে বাধা সৃষ্টি করে। মাঝে মাঝে তজ্জন্য লেনিনগ্রাড অঞ্চল প্লাবিত হয়। নেভা হইতে খালের দ্বারা ভল্‌গা, দ্বীনা প্রভৃতি নদীতে চলাফেরা করা যায়।

**নেভাডা** ( Nevada ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ইহার উত্তরে অরিগন ও ইডাহো (Idaho ) ; প. ও দ.—

কালিফোরনিয়া ; দ.—উটা ও আরিজোনা। আ. ১, ১০,৫৪০ ব মা ; জন. ১,৬০,০৮৩ ('৫০)। আয়তনে ষষ্ঠ, জনসংখ্যায় ৪৮। রাজধানী কারসন সিটি (Carson City).

১৮৪৮-এ নেভাডা মেক্সিকোর নিকট হইতে মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক অধিকৃত হয়। ১৮৬১-এ ইহা টেরিটোরি ও ১৮৬৪-এ যুক্তরাষ্ট্রভুক্ত স্টেট হয়। ঐ বৎসরেই বর্তমান সংবিধান গৃহীত হয়। যুক্তরাষ্ট্রের মধ্যে এই স্টেটের জনসংখ্যা সর্বাপেক্ষা কম। নে. শব্দ স্পেনীশ, অর্থ তুষারাবৃত দেশ।

নে. ও আরিজোনার সীমান্তে কলোরেডো নদী বাঁধিয়া বিখ্যাত বুলডার (Boulder) বা হুভার বাঁধ নির্মিত হইয়াছে। ইহা পৃথিবীর সর্বোচ্চ বাঁধ (৭২৬ ফু.)। এই স্টেটে জুয়া খেলা আইনসঙ্গত ; বিবাহ-তালাক (Divorce) অত্যন্ত সহজ ; এই জন্য লোকে নেভাডাকে divorce capital of nation বলে। এখানে মৃত্যু-দণ্ডনীয় লোককে গ্যাস-চেম্বারে মারা হয়, বৈদ্যুতিক চেয়ারে নয়।

স্বর্ণ, টাঙস্টান, রৌপ্য, তামা প্রভৃতি পাওয়া যায়।

**নেভিস, বেন** (Ben Nevis): স্কটলন্ডের ও গ্রেট ব্রিটেনের উচ্চতম পর্বত। ৪,৪০৬ ফুট উচ্চ।

**নেভিস** (Nevis Is.): প. ইন্ডিস দ্বীপপুঞ্জের লীওয়ার্ড দ্বীপাবলীর অন্তর্গত দ্বীপ। আ. ৫০ ব মা ; জন. ১১, ৩৮২। রাজধানী—চার্লস্টাউন (Charlestown)। ১৬২৮-এ ইংরেজরা অধিকার করে। নারিকেল প্রধান উৎপন্ন দ্রব্য।

**নেললুর** (Nellore): অন্ধ্ররাজ্যের জেলা ; বঙ্গোপসাগর-তীর ও পূর্বঘাট পর্বতমালার মধ্যে অবস্থিত। আ. ৭,৯৭৪ ব মা ; জন. ১৭,৯৫,৬৩২। বৃষ্টি ৩৬"। এই জেলা ভারতের মধ্যে অভ্র উৎপাদনে দ্বিতীয়, প্রথম হাজারিবাগ। খনিজ এলাকায় মজদুরদের স্বাস্থ্য, ও তাহাদের সন্তানদের শিক্ষাদির ব্যবস্থা ধীরে ধীরে অগ্রসর হইতেছে। সদর শহর (জন. ৮১,৪৬৭) বিজয়ওয়াডা-মদ্রাজ লাইনের উপর (১৫৮ মা)। মদ্রাজ ১১০ মা। ব্যাংক: অন্ধ্র, ইন্ডিয়ান, স্টেট, প্রিমিয়ার ও সমবায়।

**নৈগাঁও-রিবাহি** (Naigaon-Ribahi): পূর্বতন মধ্যভারত-বুন্দেলখণ্ড এজেন্সির ক্ষুদ্র রাজ্য ; ছত্তরপুর রাজ্য ও হামীরপুর জেলার মধ্যে অবস্থিত। আ. ১৬ ব মা ; জন. ২,৮৮৮ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫,০০০ টা. ভাতা দেওয়া হয়। বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত ছিল, এখন মধ্যপ্রদেশ।

**নৈনী** (Naini): উত্তরপ্রদেশ ; ইলাহাবাদ জেলার শহর ; জং. স্টেশন ইলাহাবাদ হইতে ৪ মা। নৈনী হইতে অপর লাইন মানিকপুর হইয়া কাটনি গিয়াছে (১৬৩ মা)।

নৈনীর জেলে নেহেরু প্রমুখ রাজনৈতিক নেতারা এককালে আটক ছিলেন। হিগিনবোথাম (Higginbotham) সাহেবের দ্বারা স্থাপিত কৃষি কলেজ একখানে অবস্থিত। ভারতের নানাস্থান হইতে ছাত্ররা আসে।

**নৈনীতাল** (Nainital): উত্তরপ্রদেশের কুমায়ুন বিভাগের জেলা। উ.—আলমোড়া ; প.—গড়বাল ; দ.—মুরাদাবাদ, রামপুর ও পীলীভীত জেলা ; পূ.—নেপাল রাজ্য। জেলার উত্তরাংশ পার্বত্য। আ. ২,৬৭৭ ব মা ; জন. ৩,৩৫,৮৭১। ৪ তালুক। বৃষ্টিপাত ৪৬"—৭৭"। —শহর, ৬,৩৪৬ ফুট উচ্চ পার্বত্যদেশে অবস্থিত। কাঠগোদাম রেল স্টেশন (কলিকাতা ৮৫০ মা) হইতে মোটর পথ (২২ মা)। ... ১৮৪১-এ শহরের পত্তন হয় ; যুক্ত প্রদেশের (U. P) গবর্নরদের গ্রীষ্মাবাস ছিল। নৈনীতালের হ্রদ বিখ্যাত। ভ্রমণবিলাসীদের প্রিয় স্থান। নিকটে গন্ধকী জলের উৎস আছে। নৈনীতালে প্রাকৃতিক দৃশ্য অতি মনোরম। কাঠগোদাম হইতে নৈ. হইয়া রানীখেত, অলমোড়া, রামগড় প্রভৃতি শৈল-শহরে যাতায়াতের মোটরপথ আছে।...শহরের জন ১২,৩৫০। ১৮৮০-অব্দে পাহাড় ধ্বসিয়া ভিকটোরিয়া হোটেল ধ্বংস হয় ও বহু লোক চাপা পড়িয়া মারা যায়। ব্যাংক: ইলা. স্টেট। নৈনী-ব্যাংকের রেজি. অফিস।

**নৈমিষারণ্য** (Naimisharanya): পৌরাণিক স্থান। লখনৌ-বালামৌ-সীতাপুর লাইনের স্টে. (৫৪ মা)। স্থানীয় নাম নিমখারবন বা নিমসর। এইখানে

ষাট হাজার ঋষি প্রাচীন কালে বাস করিতেন বলিয়া পৌরাণিক আখ্যান আছে। তৎপূর্বে এই স্থানে অসুরদের বাস ছিল। বিষ্ণু 'নিমেষ' মধ্যে তাহাদের বধ করেন বলিয়া স্থানের নাম হয় নৈমিষারণ্য হয়। এখানে শ্রীরামচন্দ্রের অশ্বমেধ যজ্ঞ আরম্ভ হয়।

**নৈহাটি** (Naihati): ২৪ পরগনা জেলার বারাকপুর মহকুমার থানা ও শহর। থানার আ. ১৬ ব মা; জন. ৭৫,২৯৬; ঘনতা ৪,৮৪৬। শহর গঙ্গার তীরে; কলিকাতা-রানাঘাট লাইনের উপর স্টেশন (২৪ মা)। গঙ্গার রেলসেতু—ভিক্টোরিয়ার ৫০ বৎসর রাজত্ব পূর্তি বা জুবিলি উপলক্ষে নির্মিত হয় (১৮৮৭)। নৈ. হইতে জুবিলি সেতু পার হইয়া বান্ডেল লাইন গিয়াছে (২ মা)। শহরের নিকট বহু কল ও কারখানা; বৃহৎ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। নৈ. রেল-স্টেশনের নিকটে বঙ্কিমচন্দ্রের বাটি কাঁঠালপাড়া। ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ। শহরের জন. ৫৫,৩১৩। নারীর অনুপাত হাজার করা পুরুষের তুলনায় ৬০৩। উদ্বাস্তু ৯,৪২৩।

**নোভায়া জেমলিয়া** ( Novaya Zemlya ): উত্তর মহাসাগরে অবস্থিত দুইটি সোবিয়েত-দ্বীপের মিলিত নাম। শৃগাল, ভালুকাদির লোমশ চর্ম এবং তিমি, সিন্ধুঘোটক, সীলমাছ প্রভৃতি সংগ্রহের স্থান। কয়লা, তাম্র, আসবেস্টস্ খনিজ সম্পদ আছে। ১৮৭৭-এ দ্বীপগুলি রুশিয়ার দখলে আসে।

**নোভা-স্কোটিয়া** ( Nova Scotia ): কানাডার প্রদেশ; ইহা একটি উপদ্বীপ। ইহার উত্তরে সেন্ট লরেন্স উপসাগর; দ. ও পূ.—অতলান্তিক। আ. ২০,৭৪৩ ব মা; জন. ৬·৭৩ লক্ষ ('৫৪)। রাজধানী হালিফাক্স (Halifax)। এখানে ডালহৌসী বিশ্ববিদ্যালয় আছে। ১৭ শতকের গোড়ার দিকে ফরাসীরা দখল করিয়া নো. স্কো.-র নাম দেয় আকাদী 'Acadie)। ১৭১৩-এ ইউত্রেখ্‌ট-এর সন্ধির পর ইংরেজরা এই দেশটি পায়। ১৯২৮-এ পৃথক আইনসভা রদ হয়; এখন কানাডার পার্লামেণ্টে ১০ ও হা. অব্ কমন্সে ১২ জন সদস্য প্রেরিত হয়।

কৃষিপ্রধান দেশ। গো পালন ও মাছের ব্যবসা প্রধান। কয়লা, স্বর্ণ জিপসাম, লবণ প্রভৃতি পাওয়া যায়। জাহাজ নির্মাণ, কাগজ ও কাগজের মণ্ড প্রস্তুতের কারখানা আছে।

**নোয়াখালি** ( Noakhali ): পূ. পাক.; চট্টগ্রাম বিভাগের জেলা। উ.—ত্রিপুরা জেলা; উ.-পূ.—ত্রিপুরা রাজ্য ( ভারত ); পূ.—চট্টগ্রাম জেলা; প.—বাখরগঞ্জ জেলা; দ.—বঙ্গোপসাগর। আ. ১,৫১৮ ব মা। মহকুমা দুইটি—সদর ও ফেনী। জেলায় ছোট বড় অনেকগুলি দ্বীপ আছে। নোয়াখালির প্রাচীন নাম ভুলুয়া। কিংবদন্তী মিথিলা হইতে বিশ্বম্ভরশূর ১২০২ অব্দে ভুলুয়া রাজ্য স্থাপন করেন। নো. শহর মেঘনা নদীতীরে অবস্থিত ছিল; শহর ভাঙিতে আরম্ভ করিলে জেলার সদর শহর মাইজদি নামক গ্রামে স্থানান্তরিত করা হয়। ১৯৪৬-এ গান্ধীজি এই জেলায় কয়েকমাস থাকিয়া হিন্দু-মুসলমানের মিলন চেষ্টা করেন।

**নোয়াপাড়া** ( Noapara): ২৪ পরগনা জেলা; বারাকপুর মহ.র থানা। আ. ৬ ব মা; জন. ৭৫,০৭৭; ঘনতা ১২,৫১৩। ইচ্ছাপুর ডিফেন্স স্টেট ( বা আয়ুধ নির্মাণা-গার ) এই থানার মধ্যে।

**নোহর** ( Nohar ): রাজস্থান; গঙ্গানগর জেলার মিউনি. শহর। জন. ১০,৮০৬। বিকানীর-ভাটিনডা রেলপথের হনুমানগড় ( ১৪৪ মা ) জং. হইতে সাদুলপুর লাইনের স্টেশন ( ৪৬ মা )। শহরের নিকট প্রাচীন ঘর্ঘরার খাত। বিকানীর ব্যাংক।

**নৌরু** ( Nauroo ) প্রশান্ত মহাসাগরে নিরক্ষ রেখার উপর অবস্থিত ক্ষুদ্র দ্বীপ। আ. ৮ ব মা; জন. ৩,৪০৪। ১৭৯৮-এ এই দ্বীপ কাপ্তেন ফিআর্ন ( Capt. Fearn ) আবিষ্কার করেন। ১৮৮৮-অব্দে জারমানি অধিকার করে। ১ম মহাযুদ্ধের সময় ব্রিটিশের মাধ্যমে অস্ট্রেলিয়ার হাতে আসে। ২য় মহাযুদ্ধের পর হইতে রাষ্ট্রসংঘের নির্দেশে অস্ট্রেলিয়া, নিউজিলন্ড ও ব্রিটেন যুক্তভাবে খবরদারী করিতেছে। এখানে প্রচুর অত্যুৎকৃষ্ট ফস্‌ফেট পাওয়া যায়।

**পক প্রণালী** ( Palk Strait ): ভারত ও সিংহলের মধ্যে প্রণালী; মন্দ্রাজের জনৈক ইংরেজ কর্মচারীর

নামানুসারে নামকরণ। ৪০-৮৫ মা প্রস্থ; ৮৫ মা দীর্ঘ। এই প্রণালী সমুদ্রগামী জাহাজ চলাচলের পক্ষে অনুকূল নহে; তজ্জন্য মান্নার উপসাগর হইতে পক উপসাগর পর্যন্ত খাল কাটিবার প্রস্তাব হইতেছে। ইহা সফল হইলে সিংহল ঘুরিয়া জাহাজ-সমূহকে যাওয়া-আসা করিতে হইবে না।

**পকোক্কু** (Pakokku): বর্মা রাজ্য; মাগওয়ে বিভাগের জেলা; চিন পাহাড় ও ইরাবতী নদীর মধ্যে শুষ্ক অঞ্চল; বৃষ্টি ২৬″। বহু বিস্তারিত সেগুন বন। পেট্রো., কয়লা, লবণ। জেলার মধ্যে ইরাবতী ও চিন্দউইন নদীপথে স্টীমার সার্বিস আছে।···জেলার আ. ৫,৩৫০ ব মা; জন. ৫·৬০ লক্ষ।—শহর (জন. ২৩,১১৫) ইরাবতী নদীর দ. তটে; চিন্দউইন নদী ১০ মা উত্তরে ইরাবতীর সহিত মিশিয়াছে; পকোক্কু হইতে চিন্দউইন দিয়া উত্তরে হোমালিন (Homalin) পর্যন্ত স্টীমার সার্বিস (৩৯২ মা) আছে; মান্দালয় হইতে ৭৫ মা দ.-পশ্চিম।

**পক্ষীতীর্থ** (Pakshitirtha): এই নামে কয়েকটি হিন্দুতীর্থ আছে। মদ্রাজরাজ্যের চেংগলপেট জেলায় বেদগিরি পাহাড়ের উপর হরপার্বতীরমন্দিরে প্রতিদিন মধ্যাহ্নে একজোড়া শ্বেতপক্ষী আসে ও পুরোহিতের প্রদত্ত পানীয় গ্রহণ করিয়া চলিয়া যায়। তীর্থযাত্রীদের বিশ্বাস ইহারা হর-পার্বতী।···পুরীতে একটি প. আছে।

**পখতুনিস্তান** (Pakhtoonistan): পাকিস্থানের পশ্চিমে সীমান্ত প্রদেশের অধিবাসীরা ও আফগানিস্থানের অধিবাসীরা ও পাঠানরা পখতুনভাষী। পখতুনভাষীরা পৃথক স্টেট করিবার জন্য আন্দোলন করিতেছে। পখতুন ভাষা ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠির অন্তর্গত; আরবী ও পারসি শব্দবহুল হইলেও ইহা উর্দু হইতে পৃথক। এখানকার লিরিক কবিতা বহু প্রাচীন। ১৭ শতকে কুশলখান খট্টক ও রহমন বাবা কবিদ্বয় পাঠানদের জাতীয় কবি বলিয়া বিবেচিত হন। আফগানিস্থানে আধুনিক গ্রন্থাদি পখতুন ভাষায় লিখিত হইতেছে।

**পঞ্চকেদার** (Panchakhedar): হিমালয়ের গড়বাল অঞ্চলে পর্বত মধ্যে ৫টি সংলগ্ন তীর্থ: কেদার, তুঙ্গনাথ, রুদ্রনাথ, মধ্যমেশ্বর ও কল্পেশ্বর। হিন্দুদের মধ্যে লোক-প্রবাদ যে সদাশিবরূপী মহাদেব অর্জুন কর্তৃক আক্রান্ত হইয়া মহিষরূপ লইয়া পলায়নপর হন ও কেদারনাথের মধ্যে দেহের অর্ধেক লইয়া আশ্রয় করেন; অবশিষ্টাংশের মধ্যে বাহু তুঙ্গনাথে, মুখ রুদ্রনাথে, নাভি মধ্যমেশ্বরে ও জটা কল্পেশ্বরে থাকে।

**পঞ্চকোট** (Panchakote): মানভূম জেলার প্রাচীন রাজ্য পঞ্চকোট ও পাতকুম। এই উভয় রাজ্যের রাজারা আপনাদিগকে পশ্চিম প্রদেশাগত ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিয়া থাকেন; বর্তমানে তাঁহারা বাঙলা ভাষাভাষী। মুসলমান যুগে এই জমিদার রাজ্যের সম্পত্তির আ. ছিল ১,৭৭৯ ব মা। ১৭৬৫ অব্দে বাঙলা-বিহারের দেওয়ানী ঈ. ই. কোম্পানীর হস্তগত হইলে মানভূমও ইংরাজদের জমিদারীর অন্তর্গত হয়।...ষাট বৎসর পূর্বেও জমিদারীর আয়তন ছিল ১,৮১০ ব মা। মানভূমের ৪৫টি পরগনার ১৯টি এই জমিদারী ভুক্ত ছিল। পঞ্চকোটের রাজারা জ্ঞানানুরাগী ছিলেন। মাইকেল মধুসূদন দত্ত কিছুকাল ইহাদের দপ্তরে কাজ করেন। (দ্র. পান্‌চেত)।

**পঞ্চগনি** (Panchgani): বোম্বাই; সাতারা জেলার শৈলনগর (৪,৩০০ ফুট)। পুণা হইতে ৬৩ মা বাস্ সার্বিস আছে। ভারতের সর্বোত্তম যক্ষ্মা হাসপাতাল ডাঃ বিলিমোরার Bel Air Sanatorium নামে প্রসিদ্ধ।...এখানে বহু উৎকৃষ্ট স্কুল আছে।

**পঞ্চগৌড়** (Pancha Gaur): সরস্বতী নদীতীরস্থ দেশ, কনৌজ, উৎকল, মিথিলা ও বঙ্গের গৌড়; এই পঞ্চ ভূভাগের সাধারণ নাম।

**পঞ্চদ্রাবিড়** (Pancha Dravida): অন্ধ্র, চোল, পাণ্ড্য, কেরল ও কর্ণাট; এই পঞ্চভূভাগের সাধারণ নাম।

**পঞ্চনদ** (Panchanada): শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা ও বিতস্তা নদী। পঞ্জাবের অপর নাম। সিন্ধু ও কুভা বা কাবুল যোগে সপ্তসিন্ধু হয়; পুরাতন পারসিকদের মধ্যে এই দেশ হপ্তহেন্দু (সপ্তসিন্ধু) নামে পরিচিত ছিল। 'হিন্দু' শব্দের উৎপত্তি 'সিন্ধু' হইতে।

**পঞ্চপ্রয়াগ** (Pancha Prayag): ভাগীরথী ও অলকানন্দার সঙ্গমস্থলে দেবপ্রয়াগ; অলকা. ও পিণ্ডার

নদের সঙ্গমে কর্ণপ্রয়াগ ; অলকা. ও মন্দাকিনীর সঙ্গমে রুদ্রপ্রয়াগ ; অলকা. ও নন্দ বা নন্দকিনীর সঙ্গমে নন্দপ্রয়াগ ; অলকা. ও বিষ্ণুগঙ্গার সঙ্গমস্থলে জোশী-মঠের নিকটে বিষ্ণুপ্রয়াগ। এই পঞ্চপ্রয়াগ। ( পৃথক নাম দ্রষ্টব্য )।

**পঞ্চবটী** (Panchabati) : দণ্ডকারণ্য বা বর্তমান নাসিকের নিকট স্থান ; রামায়ণ মতে এইখানে রাম, সীতা ও লক্ষ্মণ বাস করিতেন।

**পঞ্চমহল জেলা** ( Panchmahals ) : বোম্বাই রাজ্যের জেলা। পূর্বে এই জেলার আ. ছিল ১,৬০৬ ব মা। ১৯৪৮, জুন ১০ই নিম্নলিখিত করদরাজ্যগুলি এই জেলা-ভুক্ত হয় : দেওগড়-বরিয়া, লুনাওয়াড়া, সন্তরামপুর, জম্বুঘোড়া ও সংজেলি। বর্তমান আ. ৩,৫০০ ব মা। জন. ১১,৪৮,৪৩২ ( '৫১ )। ভাষা গুজরাটি। মূল্যবান বনভূমি। বনরক্ষার জন্য সরকারী ব্যবস্থা আছে। ...প্রাচীনকালের বহু কীর্তি-চিহ্ন প্রত্নতত্ত্ব বিভাগ রক্ষা করিতেছেন। জেলার প্রধান শহর গোধড়া (দ্র.)। অন্যান্য শহর দোহদ, কলোল।

**পঞ্চশীল মহাবিদ্যালয়** ( Panchasila University ) : সুমাত্রা দ্বীপের পদঙ শহরে বিশ্ববিদ্যালয় ১৯৫১-এ স্থাপিত।

**পঞ্চাল** ( Panchala ) : প্রাচীন ভারতের রাজ্য। পূর্বে আরাবল্লী পর্বতমালা হইতে হিমালয় পর্যন্ত বিস্তৃত দেশ ; পরে বিভক্ত হয়। উত্তর পঞ্চাল—গঙ্গার উত্তর তটে সাহাবাদ জেলা হইতে বরেলী পর্যন্ত। দক্ষিণ পঞ্চাল—গঙ্গার দক্ষিণ তট হইতে আরম্ভ করিয়া চর্মণ্বতী বা চম্বল পর্যন্ত বিস্তৃত। উ. পঞ্চালের রাজধানী ছিল অহিছত্র—দ্রোণাচার্যের রাজধানী। দ. পঞ্চালের রাজধানী কাম্পিলা—দ্রুপদরাজের রাজধানী। দ্রৌপদীকে এই জন্য পাঞ্চালী বলা হইত। বুদ্ধদেবের সময় কান্যকুব্জ পঞ্চালরাজ্যের রাজধানী ছিল।

**পঞ্জাব** ( Punjab ) : পূর্বতন ব্রিটিশ ভারতের প্রদেশ। ১৯৪৭, ১৪ অগস্ট হইতে প্রদেশ দ্বিধা-বিভক্ত হয়—পূর্ব পঞ্জাব ও পশ্চিমপঞ্জাব। পূর্বপঞ্জাব ভারত ইউনিয়ন ভুক্ত রাজ্য ও পশ্চিমপঞ্জাব পাকিস্তানের অন্তর্গত প্রদেশ। পার্টিশনের পূর্বে অখণ্ড পঞ্জাবের আয়তন ছিল ৯৯,০২৭ ব মা। জন. ২,৮৪,১৯,০০০ ('৪১)। হিন্দু শতকরা ২৬·৮, মুসলমান ৫৬·৫ ও শিখ ১৩।...১৮৪৯-এ পঞ্জাব ব্রিটিশ ভারত ভুক্ত হয়। ১৮৫৯ হইতে লেফ. গবর্নর বা ছোটলাট নিযুক্ত হন। ১৯০১-এ এই প্রদেশের কয়েকটি জেলা ও সীমান্তের কয়েকটি জেলা লইয়া উ.-প. সীমান্ত প্রদেশ গঠিত হয়। ১৯১২-এ দিল্লী ভারত সাম্রাজের রাজধানী হইলে উহা পৃথক প্রদেশ রূপে গঠিত হয়। ১৯২১-এ এই প্রদেশের জন্য গবর্নরের পদ সৃষ্ট হয়।...তখন এই প্রদেশে ৫ বিভাগ ও ২৯ জেলা ছিল। রাজধানী লাহোর; গ্রীষ্মাবাস সিমলা। মিউনিসিপাল শহর ছিল ১০৭।... ১৯৩৫-এ নূতন ভারত শাসন আইন প্রবর্তিত হইলে এখানে এক কোঠার ব্যবস্থাপক সভা স্থাপিত হয় ; সদস্যসংখ্যা ১৭৫। কেন্দ্রীয় কাউন্সিল অব স্টেটে ১৬ ও রাষ্ট্র পরিষদে ৩০ সদস্য ছিলেন।...রাজস্ব ছিল প্রায় ১১ কোটি টাকা।... জলসেচনের ব্যাপক ব্যবস্থা হওয়ায় কৃষি খুবই উন্নত ; গম ও তুলা পর্যাপ্ত উৎপন্ন হইত। খাল খননে ৩২ কোটি টাকা ব্যয়িত হইয়াছিল। ৬০% কৃষিজীবী। সুতা ও পশমের বয়ন শিল্পে ইহারা উন্নত ছিল। অধিবাসীরা পরিশ্রমী ; সমর বিভাগে বহু লোক নিযুক্ত হইত। পঞ্জাব বিশ্ববিদ্যালয় লাহোরে ১৮৮২-অব্দে প্রতিষ্ঠিত হয়। ৫১ কলেজ অন্তর্গত ছিল। সমবায় বিভাগ এই প্রদেশে বিশেষ প্রসার লাভ করিয়াছিল ; ১১৯ কেন্দ্রীয় ব্যাংক ; কৃষিসমিতি প্রায় ১৮,০০০। সমবায়ে প্রায় ২ কোটি টাকার মূলধন। ( দ্র. পঞ্জাব, পূর্ব )।

**পঞ্জাব, পশ্চিম** ( West Punjab ) : ১৯৪৭, ১৫ অগস্ট ইন্‌ডিয়ান ইন্‌ডিপেন্‌ডেন্স অ্যাক্ট অনুসারে ভারত বিভক্ত হয়। পাকিস্তান অন্তর্গত পঞ্জাবের আয়তন হইল ৬২,৯৮৭ ব মা। লাহোর, রাওয়াল পিণ্ডি ও মুলতান বিভাগের ১৬ জেলা এই পাক. পঞ্জাব অন্তর্গত হয়। জন. ১,৮৮,১৪,২০১ ('৫১)। অধিকাংশই মুসলমান ; পার্টিশনের পর অধিকাংশ হিন্দু দেশ ত্যাগ করে। রাজধানী লাহোর ( জন. ৮·৫০ লক্ষ )।

প. পঞ্জাবের উ.-পশ্চিমে শুষ্ক মালভূমি ও দক্ষিণ অংশে বিখ্যাত লবণ পর্বত ( ৫০০০ ফুট )। এই প্রদেশে বহু নদী ও খাল ; সেজন্য কৃষি খুবই উন্নত। আটোকের

নিকট পেট্রোলিয়াম খনি ও বিতস্তা উপত্যকায় কয়লা। খেওড়া শহরের পার্বত্য লবণ খনি পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ। কৃষিকার্যে শতকরা ৯২ লোক নিযুক্ত। পার্টিশনের পর বহু শিল্প-প্রতিষ্ঠান স্থাপিত হইয়াছে। ৮৩০ রেজিস্টার্ড ফ্যাক্টরির মধ্যে ৫৭৭ কারখানায় প্রায় ৮৪ হাজার শ্রমিক নিযুক্ত।...পশমী ও সুতার কাপড় তাঁতে তৈয়ারি হয়। খেলার সরঞ্জামের জন্য সিয়ালকোট বিখ্যাত। ৯টি ট্যানিং ফ্যাক্টরি চালু ও অনেকগুলি পরিকল্পিত।... পঞ্জাব বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র লাহোর; সেখানেই ইহারা নূতনভাবে বিদ্যায়তন গড়িতেছে।...দুইটি দেশীয় রাজ্য—বহবলপুর ও খয়েরপুর প. পঞ্জাবের সহিত যুক্ত।

**পঞ্জাব, পূর্ব** ( East Punjab ): ১৯৪৭, অগস্ট মাসে পঞ্জাব প্রদেশ দ্বিখণ্ডিত হইলে পূর্ব পঞ্জাব ভারত ইউনিয়নের অন্তর্গত হয়। উ.—কাশ্মীর; প.—পশ্চিম পঞ্জাব বা পাকিস্তান; পূ.—হিমালয় প্রদেশ ও উত্তর প্রদেশ; দ.—রাজস্থান। রাজ্যের মধ্যস্থলে পাতিয়ালা ও পূর্ব পঞ্জাব দেশীয় রাজ্য ইউনিয়ন বা পে-প-সু রাজ্য।......আ. ৩৭,৩৭৮ ব মা; জন. ১,২৬,৪১,০০০ ('৫১)।...জন সংখ্যার ৬৫.৫ হিন্দু, ৩০.৫ শিখ, ২.৬ মুসলমান, ১.৪ অন্যান্য। তপশীলী হিন্দু ২০.৮৫%। বর্তমানে জলন্ধর ও অম্বালা বিভাগ ও লাহোর বিভাগের অমৃতসর জেলা ও লাহোর এবং গুরুদাসপুর জেলার অংশ লইয়া ১৩ জেলা লইয়া রাজ্য গঠিত হইয়াছিল [ ২৯ জেলার স্থলে ]। ঘনতা ৩৩৮। অধিবাসীরা শিখ ও হিন্দু; পঞ্জাবী ভাষী শিখরা পৃথক রাষ্ট্র গঠনের পক্ষপাতী। হিন্দুরা হিন্দী বা উর্দু ভাষী। পঞ্জাব দ্বিখণ্ডিত হইলে এখানকার সুপ্রসিদ্ধ খাল সেবিত শস্যক্ষেত্রের অধিকাংশ পশ্চিম পঞ্জাবের অন্তর্ভুক্ত হয়। পূ. পঞ্জাবে কেবল সিরহিন্দ খাল (Sirhind Canal) ও যমুনা খাল ( W. Jumna Canal ) দ্বারা দ.-পূর্ব অংশ এবং বারি দোয়াব খাল দ্বারা উত্তর ভাগ জলসিঞ্চিত হয়। কৃষিকার্য খুব উন্নত। ভারত ইউনিয়নের ছোলা ও গম উৎপন্নে পঞ্জাব দ্বিতীয়, যব চাষে তৃতীয় এবং বজরা ও আখের চাষে চতুর্থ স্থান অধিকার করে। এ ছাড়াও বহুবিধ শস্য উৎপন্ন হয়।...ভাক্‌রা-নাংগাল জলসেচ ও বিদ্যুৎসবরাহের বিরাট ব্যবস্থা শেষ হইলে বহু সহস্র একর জমিতে সেচের ব্যবস্থা হইবে। পূর্ব-পঞ্জাবের জন্য নূতন রাজধানী চণ্ডীগড়ে নির্মিত হইয়াছিল। ১৯৪৭-এর পার্টিশনের পর বহু লক্ষ শিখ ও হিন্দু পশ্চিমপঞ্জাব হইতে আসিয়া এই রাজ্যে বাস করিতেছে এবং তাহাদের দ্বারা বহু শিল্পকেন্দ্র স্থাপিত হইয়াছে। ভারতের পশমী বয়ন কারখানার ৬৬ ভাগ এই দেশেই আছে। কম্বল, কার্পেট, শাল, চাদর, রেশম ও চর্মদ্রব্য, নানাপ্রকার ধাতুশিল্প প্রভৃতি কুটিরশিল্প হইয়াছে।...এখানকার বিশ্ববিদ্যালয় সিমলা পাহাড়ে সোলান-এ অবস্থিত। ১৯৪৭ অক্টোবরে উহা স্থাপিত হয়। পঞ্জাব, হিমাচল প্রদেশ, পে-প-সুর ৭২টি কলেজ ইহার অন্তর্গত। বিশ্ববিদ্যালয়ের ২০ বিভাগ নানা শহরে স্থাপিত।

পঞ্জাবের আয় ১৯.৭৪ লক্ষ টাকা ( ১৯৫৩-'৫৪ )। ব্যয় ২০ কোটি; শিক্ষার ২.৪৪ কোটি; পুলিশ ২.৮৫ কোটি। সমবায় সমিতি ১৪,৮২০; সদস্য ৭,৯৮,৯৭৮। মূলধন প্রায় ১৩ কোটি টাকা।

...পূর্বের পঞ্জাবদেশীয় রাজ্যগুলি পে-প-সু ও হিমাচল প্রদেশের অন্তর্গত হইয়াছে। রাজ্য পুনর্গঠন ( ১৯৫৬ নবেম্বর ) ব্যবস্থায় পঞ্জাব ও পেপসু মিলিয়া একরাজ্য হইয়াছে; পাঞ্জাবী ও হিন্দী দুই ভাষা রাষ্ট্রভাষা। হিসার জেলার লোহারু সাব-তহশীল রাজস্থান ভুক্ত হইয়াছে। পে-প-সু.র সহিত মিলিত পঞ্জাবের আ. ৫৮, ১৪০ ব মা [ পার্টিশনের পর পূর্ব-পঞ্জাবের আ. ছিল ৩৮,৩৭৮ বমা ]; জন. ১.৭২ কোটি [ পূর্বে ছিল ১.২৬ কোটি ]।

**পঞ্জাব স্টেটস** ( Punjab States Agency ): পূর্বতন রাজনৈতিক এজেন্সি; আ. ৩৮,১৪৬ ব মা। পরিচালন কেন্দ্র—লাহোর। নিম্নলিখিত স্টেট: বহবলপুর, খয়েরপুর, পাতিয়ালা, চম্বা, ঝিন্দ, মন্ডি, নাভা, কপুরতলা, ফরিদকোট, সুকেত, লোহারু, মালের-কোটলা, দুজনা ও পাটৌডি। ১৯২১-এ এই এজেন্সি কেন্দ্রীয় ভারত সরকারের খাস শাসনাধীনে আসে। ১৯৪৭-এর পার্টিশনের পর বহবলপুর ও খয়েরপুর

পাকিস্তানে যোগদান করে; অবশিষ্ট রাজ্যগুলি হিমাচল প্রদেশ, পে-প-স্থ ও পূ. পঞ্জাব অন্তর্গত হয়।

**পঞ্জাব পার্বত্য স্টেটস** (Punjab Hill States Agency): পূর্বতন করদরাজ্য এজেন্সি। •আ. ১১,৩৭৫ ব মা; জন. ১০'৯০ লক্ষ। টেহরি (টে.-গঢ়বাল), বশহর, সিরমুর, বিলাসপুর প্রভৃতি ২২টি করদরাজ্য ও ৯টি সামন্তরাজ্য লইয়া এই এজেন্সি গঠিত ছিল। ১৯৩৬-এ এই স্টেটগুলি পঞ্জাব স্টেটস এজেন্সির তত্ত্বাবধানভুক্ত করা হয়। সিমলায় পরিচালন অপিস ছিল। পার্টিশনের পর রাজ্যগুলি উত্তরপ্রদেশ, পঞ্জাব, পে-প-স্থ ও হিমাচল প্রদেশের মধ্যে গিয়াছে।

**পটওয়ার** (Potwar): প. পাক.; উ.-প. সীমান্ত প্রদেশে সিন্ধু ও সোহান নদীর মধ্যবর্তী স্থান, আটোকের দক্ষিণে অবস্থিত ভূভাগের ভূতাত্ত্বিকদের ব্যবহৃত নাম। এখানে প্রাগৈতিহাসিক মানবের প্রস্তর নির্মিত সামগ্রী পাওয়া গিয়াছে। ইহাকে সোহান সংস্কৃতি বলা হয়।

**পট্‌সডাম** (Potsdam): পূর্ব জারমানির ব্রানডেনবুর্গের রাজধানী; বের্লিন হইতে ১৬ মা দূরে এক হ্রদের মধ্যে অবস্থিত শহর। জন. ১'১৩ লক্ষ। ২য় মহাযুদ্ধে জারমানি পরাভূত হইলে জারমানির ভবিষ্যত সম্বন্ধে সন্ধিপত্র রচিত হইবার পূর্ব পর্যন্ত কিভাবে পরাজিত জাতিকে শাসন করিতে হইবে তৎসম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করিবার জন্য ব্রিটিশ, মার্কিন ও সোবিয়েত প্রতিনিধিরা মিলিত হন (১৯৪৫ অগস্ট)। স্থির হয়, সমস্ত জারমানির জন্য কোনো কেন্দ্রীয় গবর্নমেণ্ট স্থাপিত হইবে না এবং যে চতুর্শক্তি জারমানির যে-যে অংশ দখল করিয়া আছে সেই সেই অংশ এক নিয়ন্ত্রণ-কাউন্সিল মারফত তাহারাই শাসন করিবে। পূর্ব-সীমান্ত সাময়িকভাবে নূতন করিয়া নির্দিষ্ট হইলে পূর্ব-প্রুশিয়ার কোনিগ্‌সবের্গ (বর্তমান কলিনিন গ্রাদ) সোবিয়েতকে ও পূর্ব-প্রুশিয়ার অবশিষ্টাংশ এবং ওডার ও পশ্চিম নাইসে (Neisse) নদীদ্বয়ের সীমানা পর্যন্ত ভূভাগ পোলন্ড্‌কে প্রদত্ত হইল।

**পটাশপুর** (Patashpur): মেদিনীপুর জেলা; কাঁথি মহ.র থানা। আ. ১৩৮ ব মা; জন ১,০০,৭৩৫; ঘনতা ৭২৯। এই থানার অনেক স্থলে উত্তম কাপড় বোনা হয়।...কাঁথি রোডের এগরা হইতে প. পর্যন্ত ভাল পথ আছে।

**পটিয়া** (Patia): পূ. পাক.; চট্টগ্রাম জেলার থানা; কর্ণফুলী নদীর বামতীরে শহর। থানার আ. ১৯৭ ব মা। বাজার, ডাকঘর, রেজি. অপিস (১৮৮৪)। চট্টগ্রাম-দোহাজারী রেলপথের স্টেশন (১৮ মা)। কর্ণফুলীর উপর সেতু নির্মিত হওয়ায় সর্ববিধ পরিবাহন সহজ ও দ্রুত হইয়াছে।

**পটুয়াখালি** (Patuakhali): পূ.; পাক.; বাখরগঞ্জ জেলার মহকুমা; দক্ষিণে বঙ্গোপসাগর। মহ.র আ. ১,১৮২ ব মা। থানার আয়তন ১৩২ ব মা। শহরের জন. ১০,৮৪৭। বরিশাল হইতে স্টীমারে ৪২ মা। শস্যাদি ব্যবসার কেন্দ্র। ডাকঘর, তার, আদালত (১৮৬৮), রেজি. অপিস (১৮৭১); স্কুল।

**পট্টডাকাল** (Pattadakal): বাদামি হইতে ১০ মা উ.-পূর্বে মালপ্রভা নদীতীরে ও অইহোলের নিকটবর্তী ক্ষুদ্র গ্রাম। এককালে ইহা বিশিষ্ট নগর ছিল; এখানকার বহু মন্দির তাহার সাক্ষ্য। পাপনাথ মন্দির (৬৮০ অব্দ), বিরূপাক্ষ শিব মন্দির (৭৪০), গলগনাথ মন্দির (৭ম শতক), জৈন মন্দির, প্রভৃতির স্থাপত্য বৈশিষ্ট্য আছে। ইহাদের মধ্যে পাপনাথ মন্দিরে দ্রবিড় স্থাপত্যশিল্পের বিশুদ্ধ রূপ প্রকাশ পাইয়াছে; ইলোরার কৈলাস মন্দির বোধ হয় এই মন্দিরের আদর্শে খোদিত। বাদামি, অইহোল, পটডাকাল, গদগ প্রভৃতি স্থানে চালুক্যদের শ্রেষ্ঠ স্থাপত্য নিদর্শন দেখা যায়।

**পট্টি** (Patti): পূ. পঞ্জাব; অমৃতসর জেলার শহর; অমৃতসর-খেমকরণ রেলপথের (৪৮মা) স্টেশন (২৭ মা)। জন. ১৪,২৯৭। ব্যাংক: হিন্দু. কমার্স, প. ন্যাশনাল, তারন-তারন সমবায়।

**পট্টিকেরা** (Pattikera): ত্রিপুরা অঞ্চলে ১১ শতকে পট্টিকেরা রাজ্যের উল্লেখ পাওয়া যায়। ইহা কুমিল্লার ময়নামতী পাহাড়ের উপর অবস্থিত ছিল; সম্প্রতি ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। (দ্র. ময়নামাটি)।

**পট্টুকোট্টাই** (Pattukottai): মদ্রাজ,; তাঞ্জোর

জেলার তালুক ও শহর; মদ্রাজ-মায়াবরম-করাইকুডি রেলপথের স্টেশন (৭১ মা)। বৃহৎ খালের ধারে অবস্থিত কৃষি অঞ্চল। জন. ১৮,০৮২। স্টেট ও শ্রীনাডিঅম্বল ব্যাংক।

**পঠারি** ( Pathari ): মধ্যভারতের ক্ষুদ্র করদরাজ্য; মধ্যপ্রদেশের সাগর জেলার পশ্চিম সীমান্তে। আ. ৩০ ব মা; জন. ৪,১৭১ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১৮,২৫০ টাকা ভাতা দেওয়া হয়। ৬ শতকের মন্দিরের ভগ্নস্তূপ আছে; হিন্দু বাস্তুবিদ্যা মতে নির্মিত। পঠারি মধ্যভারত ইউনিয়নের অন্তর্গত ছিল, এখন মধ্যপ্রদেশের শহর।

**পণ্ডারপুর** ( Pandharpur ): বোম্বাই; সোলাপুর জেলার তালুক ও শহর; ভীমা নদীর নিকটবর্তী; মহরাষ্ট্রদের তীর্থস্থান; এখানকার বিঠোল ( বিঠোবা ) বিখ্যাত দেবতা।...বোম্বাই-পুণা-মদ্রাজ লাইনের কুরডুওয়াডি জং. ( ২৩৪ মা ) হইতে মিরাজের শাখা লাইনে অবস্থিত (৩৩ মা)। সোলাপুর হইতে পশ্চিমে ৩৯ মা। শস্য ও কার্পাসের বাজার। জন. ৪০,৫১৪। ব্যাংক: মিরাজ স্টেট, নিউ সিটিজেন ও ২ সমবায়।

**পণ্ডিচেরী** ( Pondichery ): দ্র. পুডুচ্চেরী।

**পতামদা** ( Patamda ): বিহার; মানভূম জেলার থানা, বরাহভূম তহশীল অন্তর্গত। আ. ২১০ ব মা; জন. ৬৪,৩৭৭; ঘনতা ৩০৭। রাজ্য পুনর্গঠনে এই থানা বঙ্গভুক্ত হয় নাই।

**পদঙ** ( Padang ): ইন্দোনেশিয়া; সুমাত্রা দ্বীপের বন্দর শহর (জন. ৫২ হা.), ভারতমহাসাগর তীরে, পদঙ মালভূমের পাদদেশে অবস্থিত। মালভূমের কয়লা এই বন্দর হইতে রপ্তানি হয়।...এখানে ১৯৫১-এ পঞ্চশীল মহাবিদ্যালয় স্থাপিত হইয়াছে।

**পদরৌনা** ( Padrauna ): উত্তর প্রদেশ; গোরখপুর জেলার শহর ও সীবান-গোরখপুর লুপ লাইনের স্টে. (৬০ মা)। শস্যের বাজার; ইক্ষুচাষ ও চিনির কারবার কেন্দ্র। জন. ১০,৩৯০। ব্যাংক: সেনট্রাল, হিন্দু কমার্স, প. ন্যাশনাল।

**পদরা** ( Padra ): বোম্বাই; বড়োদা জেলার তালুক ও শহর; বড়োদা হইতে ৮ মা দ.-পশ্চিমে। তাঁতের কাজ; কালিকো ছাপ, রঙরেজ শিল্পের জন্য স্থানের খ্যাতি।...জন ১৫,৮২৯। সমবায় ব্যাংক।

**পত্নীতলা, পাটনীটোলা** ( Patnitola ): পূ. পাক.; বগুড়া জেলার থানা। আ. ১৩৫ ব মা। পূর্বে এই থানা দিনাজপুর জেলার বালুরঘাট মহকুমাভুক্ত ছিল। পার্টিশনের সময় পূর্ব পাকিস্তানের মধ্যে যায়। গ্রাম, আত্রাই নদীতীরে; ঈ. বি. রেলওয়ের আক্কেলপুর ( ২০১ মা ) হইতে পশ্চিমে, রাজপথ আছে।

**পদেরিয়া** ( Paderia ): নেপাল রাজ্য; ভগবানপুর জেলার গ্রাম। লুম্বিনী বা রুম্মিনীদাই এই গ্রামের এক মা উত্তরে অবস্থিত। ১৮৯৫-এ এখানে অশোক-নির্মিত স্তম্ভ আবিষ্কৃত হয়; সিদ্ধার্থ-গৌতম বুদ্ধের জন্মস্থানে অশোক এই স্তম্ভ প্রোথিত করেন বলিয়া লোক-বিশ্বাস।

**পদ্মানদী** ( Padma River ): মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানের নিকটে গঙ্গা যেখান হইতে ভাঙিয়া ভাগীরথী ধারায় গিয়াছে, তাহার পর হইতে ব্রহ্মপুত্রের সহিত মিলিত হইবার পূর্ব-পর্যন্ত অংশের নাম পদ্মা। ইহা রাজশাহী ও পাবনার দক্ষিণ দিয়া দুই বঙ্গের সীমা নির্দেশ করিয়া প্রবাহিত। এই নদীর বেগ অতি প্রবল। ঈ. বি. রেলওয়ের সেতু ( হার্ডিঞ্জ ব্রীজ ) ইহার উপর নির্মিত ( ১৯০৯-১৫ )।

**পনম-পেন** ( Pnompen, Phnom ): দ্র. নম্-পেন।

**পম্পা** ( Pampa ): তুঙ্গভদ্রা নদীর শাখা; ঋষ্যমুখ পর্বতের অনগণ্ডি শৈলের নিকট উঠিয়াছে। রামায়ণে পম্পা সরোবরের উল্লেখ আছে।

**পম্পিয়াই** (Pompeii) **পোম্পেয়ুস**: প্রাচীন ইতালির সমৃদ্ধ নগর; বিসুভিয়াস আগ্নেয়গিরির পাদদেশে নেপলস হইতে ১৩ মা দ.-পূর্বে অবস্থিত। ৭৯ খ্রী. অ. অগ্ন্যুৎপাতে নগর ধ্বংস হয়। প্রায় ২০০০ লোক, ( মোট অধিবাসীর আনু. ১০ শতাংশ ) নিহত হয়। ১৮ শতকের মধ্যভাগ হইতে এখানে খননকার্য সুরু (১৭৬৩) হইলে প্রাচীন রোমান নাগর-জীবনের বহু উপাদান আবিষ্কৃত হয়। নগরটি আগ্নেয়গিরির ভস্মে কবরিত হওয়ায় সেদিনের নগরের সমস্ত কিছুই প্রায় অবিকৃতভাবে পাওয়া গিয়াছে। পাঁচ ও বিশ হাজার দর্শক

বসিবার মতো ২টি অ্যাম্ফিথিএটর, বহু গৃহ, আসবাব-পত্র, দোকান, মন্দির, প্রভৃতি আবিষ্কৃত হইয়াছে।

**পম্বন** (Pamban) : রামেশ্বর দ্বীপের জংশন স্টে.; মদ্রাজ-এগমোর হইতে ৩৬৬ মা। এখান হইতে একটি শাখা লাইন রামেশ্বরম (৭ মা), অপরটি ধনুষ্কোটি (১৬ মা) পর্যন্ত গিয়াছে।

**পরভনী** (Parbhani) : হায়দরাবাদ রাজ্যের (বর্তমান বোম্বাই রাজ্য) জেলা। জেলার উ.-পূর্বে পেনগঙ্গা, দ.-পশ্চিমে গোদাবরী, মধ্যভাগে পূর্ণা প্রবাহিত। কালোমাটিতে প্রচুর কার্পাস জন্মে। আ. ৪,৩৩৪ ব মা; জন. ১০,০৯,১৪৫। ৭ তালুক।—শহরের জন. ৩৩, ২৪৯। তুলা ব্যবসায়ের কেন্দ্র। মানমদ-সেকেন্দরাবাদ রেলপথের স্টে. (১৮১ মা)। এখান হইতে পুরলী-বৈজনাথ পর্যন্ত রেল শাখা (৪০ মা) গিয়াছে।...স্টেট, হা. স্টেট ব্যাংক।

**পরমগুডি** (Paramakudi—gudi) : মদ্রাজ; রামনাথ-পুরম জেলার তালুক ও শহর। মাদুরাই হইতে ৪০ মা দ.-পূর্বে বৈগাই নদীতীরে। মদ্রাজ-ধনুষ্কোটি (৪২২) রেলপথের স্টে. (৩৫৮ মা)। জন. ২২,৫১২। পাণ্ড্যয়ন ব্যাংক।

**পরলাকীমেদী** (Parlakimedi) : ওড়িশা; গঞ্জাম জেলার জমিদার-রাজার সংস্থান বা এস্টেট। রাজা ওড়িশার প্রাচীন গঙ্গ বংশীয়; ইঁহারা পুরুষানুক্রমে বহু শতাব্দী রাজত্ব করিয়াছিলেন।...আ. ৬১৩ ব মা। রাজস্ব ছিল ৮·৭১ লক্ষ টাকা; গবর্নমেণ্টকে ৩১,৬৭০ টাকা দিতে হইত।...মহারাজা সাহেব ওড়িশায় দুইবার প্রধানমন্ত্রী হন। বহু প্রতিষ্ঠান ও সৎকর্মানু-ষ্ঠানের সহিত ইঁহার যোগ ছিল। পুন্ডি-তে (৪২৮ মা) তাঁহার লবণ কারখানা আছে। শহর (জন. ২১, ০৪২) কলিকাতা-মদ্রাজ লাইনের নৌপদা জং. (৪৩৬ মা) হইতে শাখা লাইনের উপর স্টেশন (২৪ মা)।

**পরেশনাথ পাহাড়** (Pareshnath Hill) : বিহার; হাজারিবাগ জেলার পাহাড়; উচ্চতা ৪,৪৮৭ ফুট। এই পাহাড় বিন্ধ্য, সাতপুরা, মহাদেব ও মহাকাল প্রভৃতি পর্বতমালারই অনুক্রমণ। উপরে জৈন তীর্থ-ঙ্কর পরেশনাথের মন্দিরে প্রতিদিন বহু যাত্রী আসে। পাদদেশে মধুবন নামক স্থানে ফাল্গুনী পূর্ণিমায় জৈন পঞ্চকল্যাণ মেলা বসে।...পূর্বে গিরিডি হইতে লোকে পদব্রজে বা পুস্-পুস নামে মানুষ-ঠেলা গাড়িতে করিয়া এখানে আসিত। গ্রান্ড কর্ড রেলপথ খোলা হইলে পরেশনাথ স্টেশন (১৯৮ মা) হইতে সহজে যাওয়া যায়। ৩ মা দূরে পর্বত পাদদেশ। সেখান হইতে পাকদণ্ডি পথ সাড়ে পাঁচ মাইল। এক সময় পর্বতোপরে গবর্নমেণ্ট সৈন্যদের বিশ্রামাগার নির্মাণ করিয়াছিলেন; কিন্তু তাহা কার্যকরী হয় নাই। এখন সেই বাড়ি ডাকবাংলারূপে ব্যবহৃত হয়।

**পরেশনাথের মন্দির** (Pareshnath Temple) : কলিকাতার উত্তরাংশে বদ্রীদাস টেম্পল স্ট্রীটে অবস্থিত জৈন মন্দির ও উদ্যান। বিবিধ বর্ণের প্রস্তর ও কাচের দ্বারা সুসজ্জিত এই মন্দির মধ্যে জৈন তীর্থঙ্কর শীতলা-নাথজীর মূর্তি আছে।

**পলতা** (Palta) : কলিকাতার ১৬ মা উত্তরে স্টেশন ও বারাকপুর মিউনি.র অন্তর্গত ভাগীরথী তীরস্থ গ্রাম। কলিকাতার পানীয় জল সরবরাহের কারখানা; অন্যান্য কলকারখানাও আছে।

**পলাশবাড়ি** (Palasbari) : (১) আসাম; কামরূপ জেলার গৌহাটি মহ.-র থানা ও শহর। থানার আ. ২৬৭ ব মা; জন. ৮৫,৮১৭; ঘনতা ৩২০।...শহরের জন. ৪,৭০৬। (২) পূ. পাক.; রঙপুর জেলা; গাইবাঁধা মহ.র থানা। আ. ৭৩ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর।

**পলাশী** (Plassey, Palasi) : নদীয়া জেলা; কৃষ্ণনগর সদর মহ.র কালীগঞ্জ থানার গ্রাম; কলিকাতা-লালগোলা রেলপথের স্টেশন (৯৩ মা); মুর্শিদাবাদের ২৯ মা দক্ষিণে। ভাগীরথী-গঙ্গা পশ্চিমে প্রবাহিত। এইখানে ১৭৫৭, ২৩ জুন ক্লাইভের সৈন্যবাহিনীর সহিত নবাব সিরাজদ্দৌলার সেনাদের যুদ্ধ হয়। প্রধান সেনাপতি মীরজাফর বিশ্বাসঘাতকতা করিয়া বিপুল সৈন্যবাহিনী লইয়া যুদ্ধ না করায়, ক্লাইভ অতি সহজেই জয়লাভ করেন। এই যুদ্ধের পর সিরাজ মীরজাফরের পুত্র মীরনের আদেশে নিহত হন; ক্লাইভ মীরজাফরকে নবাব বলিয়া স্বীকার করিয়া

লইলেন।...যুদ্ধ ক্ষেত্রে কোথায় কোন সেনাপতি ছিলেন, তাহা স্তম্ভ গাঁথিয়া গাঁথিয়া দেখানো আছে। পলাশী গ্রামের জন. ২,৪৯৫। উচ্চ ইং. বিদ্যালয়।

**পলিনেশিয়া** (Polynesia) : প্রশান্ত মহাসাগরীয় অসংখ্য দ্বীপপুঞ্জকে সুবিধার জন্য তিনটি ভাগে বিভক্ত করা হয় : মাইক্রোনেশিয়া, মেলানেশিয়া ও পলিনেশিয়া। প. শব্দের অর্থ 'বহুদ্বীপ'। এই দ্বীপপুঞ্জ নিরক্ষরেখার উভয় পার্শ্বে প্রায় ৪০° অক্ষাংশ এবং দেশান্তর ১০০° লইয়া বা সামোয়া দ্বীপ হইতে হাওয়াই দ্বীপাবলী পর্যন্ত বিস্তৃত। পলিনেশিয়ান জাতি বলিতে এই সব দ্বীপবাসীকে বুঝায়। দ্বীপগুলি ক্ষুদ্র। অধিকাংশই প্রবাল-দ্বীপ। কতকগুলি আগ্নেয়গিরি জাত।... দ্বীপগুলি অতিশয় উর্বর। তুলা, ইক্ষু, নারিকেল, ইয়াম, রুটি-ফল প্রভৃতি কৃষিজাত ফসল উৎপন্ন হয়।

**পল্লব রাজ্য** (Pallava) : দক্ষিণ ভারতে তামিলনাড অংশের প্রাচীন রাজ্য; ৬-৯ শতক পর্যন্ত প্রবল। পল্লব রাজগণের সময়ে দাক্ষিণাত্যে ভাস্কর্য, চিত্রকলা ও স্থাপত্য-শিল্পের বিশেষ উন্নতি হয়, মহাবলীপুরমের মন্দির উল্লেখযোগ্য। সিংহবিষ্ণু নামে রাজা পাণ্ড্য, চের ও চোল রাজগণকে পরাভূত করিয়া সিংহলের রাজাকেও দমন করিয়াছিলেন। ইহার পুত্র মহেন্দ্রবর্মণ চালুক্য বংশীয় পুলকেশী কর্তৃক পরাজিত হন। পরবর্তী পল্লবরাজ নরসিংহবর্মণের নিকট পুলকেশী পরাভূত ও নিহত হন। ইহারা হর্ষবর্ধনের সমকালীন (৭ শতক)।

**পল্লবরম** (Pallavaran) : মদ্রাজ; চেংগলপেট জেলার শহর (জন. ১০ হা.)। চামড়া ট্যানিং ও চামড়ার সামগ্রী তৈয়ারির বিশিষ্ট কেন্দ্র। মুসলমানদের বার্ষিক মেলা হয়। নিকটে মদ্রাজ বিমানবন্দর মীনাম্বকম।

**পল্লীবাসল** (Pallivasal) : পল্লীবাসল বা মুনার গ্রাম; তিরু-কোচীন (কেরল) রাজ্যে পেরিয়ারের উপনদী মুদ্রাপুজার তীরে, কোট্টায়ম শহরের ৬০ মা উ.পূর্বে চা-বাগান অঞ্চলে অবস্থিত। ১৯৪০-এ নিকটস্থ জলপ্রপাতে জলবিদ্যুৎ কারখানা স্থাপিত হয়। ১৯৫৬এ পাপনাশম গ্রামের জলবিদ্যুতের সহিত গ্রিড্ প্রথার ব্যবস্থা করা হয়। তিরু-কোচীন রাজ্যের প্রধান প্রধান শহরে ও বহু শিল্প-কারখানায় বিদ্যুৎশক্তি সরবরাহ হইতেছে। আলাওয়ের আলমুনিয়াম কারখানায় যে প্রচুর তাপশক্তির প্রয়োজন তাহা এই হাইডেল হইতে পাওয়া যায়।

**পশুপতি** (Pashupati) : নেপাল রাজ্যে বাঘমতী নদী-তীরে; কাঠমানডু নগরের অব্যবহিত পূর্বে অবস্থিত শহর, নেপালীদের নিকট কাশীর ন্যায় পবিত্রস্থান। এখানকার পশুপতিনাথ মন্দির হিন্দুদের তীর্থ। শিবচতুর্দশীর সময় বহু সহস্র হিন্দু ভারত হইতে এখানে তীর্থ করিতে যায়।

**পশুরাম** (Pasuram) : পূ. পাক.; নোয়াখালি জেলা ফেনী মহ.র থানা। আ. ৪৪ ব মা। ত্রিপুরা রাজ্যের সীমান্তে বিলোনিয়ার দক্ষিণে গ্রাম; ডাকঘর।

**পশ্চিম ইন্‌ডিস দ্বীপপুঞ্জ** (The West Indies) : উত্তর ও দক্ষিণ আমেরিকার মধ্যে অতলান্তিক মহাসাগরের ক্ষুদ্র-বৃহৎ বহু দ্বীপ ও দ্বীপপুঞ্জ আছে। উহাদের সাধারণ নাম ওয়েস্ট ইন্‌ডিস। কলম্বাস প্রথম এই দ্বীপগুলি আবিষ্কার করিয়া ভাবিয়াছিলেন যে এগুলি ভারতীয় দ্বীপপুঞ্জ। পরযুগে সেই ভুল দূর হইলেও এই দ্বীপগুলি প. ভারতীয় নামেই চালু থাকিল।...ইহার ৩ ভাগ—(১) কারীব সাগরের (Caribian Sea) উত্তরাংশে গ্রেটার আন্টিলিস (Antilis) অন্তর্গত কিউবা, হাইতি, জামেকা, পোর্তোরিকো, প্রভৃতি। (২) লেসার আন্টিলিস অন্তর্গত (ক) লীওয়ার্ড ও (খ) উইন্‌ডওয়ার্ড দ্বীপপুঞ্জ। (৩) ফ্লোরিডার নিকটস্থ বাহামাস (Bahamas) দ্বীপপুঞ্জ। (দ্র. পৃথক নাম)।

**পশ্চিমঘাট** (The Western Ghat) : দাক্ষিণাত্যের পশ্চিমে উত্তর দক্ষিণে বিস্তৃত পশ্চিমঘাট বা সহ্যাদ্রি পর্বত সমুদ্রতীর হইতে কোথাও ৫০-৬০ মা কোথাও প্রায় ৫-৬ মাইল দূরে অবস্থিত। এই পর্বতমালার গড় উচ্চতা ৪ হা. ফুট। উহা তাপ্তি উপত্যকা হইতে অবিচ্ছিন্নভাবে মালাবারের দক্ষিণ সীমা অবধি বিস্তৃত হইয়া নীলগিরির সহিত যুক্ত। এই পর্বতমালায় ২টি ঘাট বা গিরিপথ দিয়া রেলপথ আরব সাগর তীরে পৌঁছিয়াছে—নাসিকের নিকট থলঘাট ও পুণার নিকট ভোরঘাট। এই পর্বতে বহু জলপ্রপাত থাকায়

জলবিদ্যুৎ সৃষ্টির সুবিধা হইয়াছে। শিরাবতী নদীর গারসোপা জলপ্রপাত বিখ্যাত।

**পশ্চিম দিনাজপুর** (West Dinajpur): প. বঙ্গের প্রেসিডেন্সি বিভাগের জেলা। ১৯৪৭-এ পার্টিশনের পূর্বে রাজসাহী বিভাগের অন্তর্গত অখণ্ড দিনাজপুরের আয়তন ছিল ৩,৯৫৩ ব মা। পার্টিশনের ফলে দিনাজপুর ও ঠাকুর গাঁ মহাকুমা দুইটি পাকিস্তানী দিনাজপুর ভুক্ত হইয়াছে। প. দিনাজপুরের অবশিষ্ট থাকে বালুরঘাট মহকুমা। এই মহ.র ৮ থানার ৪টি—পত্নীতলা, ধামইরহাট, পোরসা ও ফুলবাড়ি থানা—পাকিস্তান-রাজসাহী জেলার নওগাঁও মহকুমা ভুক্ত হইয়াছে। ১৯৪৭-এর পর জেলা পুনর্গঠন করিয়া ২টি মহকুমা সৃষ্টি করা হয়—বালুরঘাট ও রায়গঞ্জ। রায়গঞ্জ পূর্বে সামান্য চৌকি ছিল; এখন জেলার সদর শহর।...এই জেলার ৩ দিকেই পাকিস্তান; উ.-পূর্বে দিনাজপুর; দ.—বগুড়া ও রাজসাহী; পূ.—মালদহ ও বিহার, পূর্ণিয়া জেলার বারসোই থানা। ১৯৫৬-এ রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় পূর্ণিয়া জেলার কিষণগঞ্জ শহর ব্যতীত কিষণগঞ্জ মহকুমার ৭৬২ ব মা স্থান এই জেলাভুক্ত হইয়াছে; ইহা একটি পৃথক মহকুমা হইবে। প. দিনাজপুর জেলার আ. ১,৩৫৮ ব মা; জন. ৭,২০,৫৭৩; হিন্দু ৬৯·৩%, মুসলমান, ২৯.৩%। উদ্বাস্তু ১,১৫,৫১০। উদ্বাস্তুর সংখ্যায় এই জেলা চতুর্থ। দশ বৎসরে শতকরা ২১ জন করিয়া লোক বৃদ্ধি হইয়াছে।

**পশ্চিম পঞ্জাব** (West Punjab): পশ্চিম পাকিস্তানের প্রদেশ (দ্র. পঞ্জাব, পশ্চিম)।

**পশ্চিম পাকিস্তান** (Western Pakistan): পাকিস্তান রাজ্যের ২টি প্রদেশ: পশ্চিম ও পূর্ব। ১৯৫৫ অক্টো. ১৪ই হইতে প. পাকিস্তান এই ১০টি কমিশনার-শাসিত বিভাগে বিভক্ত হইয়াছে: পেশাওয়ার, ডেরা-ইসমাইল খাঁ, রাওয়ালপিণ্ডি, লাহোর, মুলতান, বহবলপুর, খয়েরপুর, হায়দরাবাদ, কোয়েটা ও কালাত। রাজধানী—লাহোর।

**পশ্চিম বঙ্গ** (West Bengal): দ্র. বঙ্গ, পশ্চিম।

**পাইঅঙ-ইয়াঙ** (Pyong-Yang): উত্তর কোরিয়া বা কোরিয়ান পীপল্‌স ডেমোক্রাটিক রিপাবলিকের রাজধানী। প্রাচীন শহর, নিকটে কয়লার খনি আছে। ১২ শতকে প্রতিষ্ঠিত। কোরিয়ান যুদ্ধের সময় মার্কিন ও ইউনাইটেড নেশন্‌সের বহু উৎপাত এই অঞ্চলের উপর দিয়া গিয়াছিল। জন ২·৬০ লক্ষ।

**পাইকগাছা** (Paikgacha): পূ. পাক.; খুলনা জেলা, সদর মহ.র থানা। আ. ২৪৪ ব মা। এই এলাকায় রিজার্ভ বন আছে। ডাকঘর, বাজার।

**পাইকর** (Paikar): বীরভূম জেলা; মুরারৈ থানার গ্রাম; ডাকঘর। মুরারৈ স্টেশন (লুপ লাইনের ১৫৫ মা) হইতে ৪ মা পূর্বে জঙ্গীপুর সড়কের উপর অবস্থিত। উচ্চ ইংরেজি বিদ্যালয়ের (১৯৪২) কাছে কয়েকটি প্রস্তর খণ্ড আছে। ইহার একটিতে বিজয়সেনের নাম উৎকীর্ণ; অপরটিতে চেদিরাজ গাঙ্গেয়দেবের পুত্র কর্ণদেবের নাম (১০৪২ অব্দ) পাওয়া যায়।

**পাইকরা** (Pykara): মদ্রাজ; নীলগিরি মালভূমিতে পাইকরা নদীর জলপ্রপাত বাঁধিয়া বিদ্যুৎ উৎপাদন হয়। এই পরিকল্পনা ১৯২৯-এ সুরু হয়। জলপ্রপাতের অববাহিকা (catchment)-র আয়তন ৫৮ ব মা। কিন্তু ইহা দিয়া বারোমাস সমান ভাবে জল যায় না বলিয়া কৃত্রিম জলাশয় সৃষ্টি করিতে হইয়াছে। পরিকল্পনা কার্যকর হইলে ৪০,০০০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইবে।

**পাইপিং** (Peipeing): চীনের রাজধানী পেকিং-এর সাময়িক নাম। ১৯২৮-এ যখন রাজধানী দক্ষিণ চীনের নানকিংঙ-এ পরিবর্তিত হয় সেই সময়ে পেকিং-এর নাম হয় পাইপিং। ১৯৩৭ হইতে ১৯৪৫ পর্যন্ত এই নগরী জাপানীদের দখলে ছিল। ১৯৪৯-এ সেপ্টম্বর ২১ চীন জনরাজতন্ত্র এই নগরীতে পুনর্প্রতিষ্ঠ হইলে পেকিং নাম পুনরায় চালু হয়।

**পাংশা** (Pangsa): পূ. পাক.; ফরিদপুর জেলা, গোয়ালন্দ মহ.র থানা। আ. ১৬১ ব মা; ডাকঘর; রেজি. অপিস কলিকাতা-গোয়ালন্দ রেলপথের স্টেশন।

**পাকপত্তন** (Pakpattan): পাক পঞ্জাবের মণ্টগোমারি জেলার শতদ্রু নদীতীরস্থ মুসলীম তীর্থস্থান ও শহর; এখানে চিস্তি পরিবারের বাবা ফরিদউদ্দীন গঞ্জ শক্কর

( ১১৭৩-১২৬৫ )-এর দরগা আছে। পূর্বে এটি হিন্দু তীর্থস্থান ছিল। আলেকজেন্দারের প্রতিদ্বন্দ্বীদের মধ্যে অক্সিদ্রাকাই (Oxydrakai) নামে যে জাতির কথা পাওয়া যায়, তাহারা এই স্থানে ছিল বলিয়া অনুমান করা হয়; প্রাচীন নাম অজুধান। লাহোর-কসুর-লোধরান রেলপথের (২৫৬) স্টেশন (১২৯ মা)। জন. ১৭,৮৫২। বহু শিল্পের কেন্দ্র। পাকপত্তন খাল শতদ্রুর দ. দিক হইতে বাহির হইয়া মণ্টগোমারি ও মুলতান জেলার মধ্য দিয়া গিয়াছে ( প্রায় ১৬৫ মা দীর্ঘ )।

**পাকিস্তান** (Pakistan): ব্রিটিশ পার্লামেণ্টের ইন্‌ডিয়ান ইন্‌ডিপেন্‌ডেন্স অ্যাক্ট অনুসারে ১৫ অগস্ট, ১৯৪৭-এ পাকিস্তান ডোমিনিয়নের জন্ম হয়। ১৯৩০ ডিসেম্বরে মুসলীম লীগের বার্ষিক অধিবেশনে স্যর মোহম্মদ ইকবাল 'পাকিস্তান'-এর আদর্শবাদ সর্বপ্রথম উল্লেখ করেন। ১৯৩১-এ হিন্দুস্থান ও পাকিস্তান পৃথকীকরণের প্রথম প্রস্তাব হয়; তবে তখন মুসলীম লীগ কর্তৃক উহা সমর্থিত হয় নাই। ২য় মহাযুদ্ধ আরম্ভ হইলে কন্‌গ্রেস ও মু. লীগের মধ্যে ব্রিটিশ সাম্রাজ্যকে যুদ্ধে সাহায্য দান সম্বন্ধে আদর্শের পার্থক্য স্পষ্টভাবে দেখা দিল। ১৯৪২-এ গান্ধীজির 'Quit India' আন্দোলন সম্বন্ধে মুসলীমদের মত হইল Divide and quite India, অর্থাৎ ভারত বিভক্ত করিয়া মুসলীমরাজ্য গড়িয়া ইংরেজ ভারত ত্যাগ করুক। যুদ্ধের পর কন্‌গ্রেস পুনরায় মন্ত্রিত্ব গ্রহণ করিয়া কয়েকটি প্রদেশ শাসনে সহযোগিতা করিল; কিন্তু পঞ্জাব, সিন্ধু ও বাংলাদেশে মুসলমানের সংখ্যাধিক্য হেতু কন্‌গ্রেসী গবর্নমেণ্ট প্রতিষ্ঠিত হইতে পারে নাই, সেখানে লীগ মন্ত্রিপরিষদ হয়। ১৯৪৬-এর অগস্ট মাসে কলিকাতা ও পূর্ববঙ্গে মুসলমানরা হিন্দুনিধনে প্রবৃত্ত হয়। পঞ্জাবেও অশান্তি দেখা দিল। বিহারে মুসলমান ধ্বংস শুরু হয়। পরিস্থিতি এমনই সঙ্কটময় হইল যে হিন্দু ও মুসলমান উভয়েই ভারত পার্টিশন করাই স্থির করিল। তদনুযায়ী পাকিস্তানের সৃষ্টি। ...পাকিস্তান পৃথিবীর ৫ম বৃহত্তম স্টেট; এবং মুসলীম রাজ্যসমূহের মধ্যে বৃহত্তম; জনসংখ্যায় পৃথিবীর আর কোনো একটি মুসলমান রাজ্যে এত মুসলমান নাই। পাকিস্তান দুই ভাগে বিভক্ত: পশ্চিমাংশের মধ্যে পঞ্জাব, সিন্ধু, বেলুচিস্থান, বহবলপুর এবং খয়েরপুর প্রভৃতি দেশীয় করদরাজ্য; পূর্বাংশ পূর্ববঙ্গ ও আসামের সিলেট জেলা। [ পৃথক প্রদেশগুলি দ্রষ্টব্য ]। পাকিস্তান ডোমিনিয়নের আ. ৩,৬৪,৭৩৭ ব মা; জন. ৭,৫৮,৪২,০০০ ( '৫১ )। উভয় পাকিস্তানের মধ্যে ভারত থাকায় সহস্রাধিক মাইলের ব্যবধান; সমুদ্রপথে প্রায় ৩,০০০ মা দূরত্ব। ...করাচি রাজধানী; উহা পৃথক স্টেটরূপে শাসিত হয়। ...এই রাজ্যের অধিকাংশ অধিবাসী মুসলমান; পশ্চিমাংশের হিন্দু, পঞ্জাবী, শিখ ও সিন্ধিরা প্রায় নাই বলিলেই হয়। পূর্ববঙ্গ হইতে বহু লক্ষ হিন্দু চলিয়া আসিয়াছে এবং আসিতেছে। . পার্টিশনের পূর্বে ভারত-পাকিস্তানের শতকরা ৮০% জন নিরক্ষর ছিল; পাকিস্তানে মাত্র ১৩·৮% লোক অক্ষরজ্ঞানসম্পন্ন ছিল; ইহার মধ্যে পূর্ববঙ্গে ৯৬·৯%, উ.-প.-সী. প্রদেশে ৯৮·৭, বেলুচিস্তানে ৯৭·৮% নিরক্ষর। ... বর্তমানে শিক্ষা বিস্তারের জন্য সরকার বিশেষ চেষ্টা করিতেছেন।... ৬ বিশ্ববিদ্যালয়, ১২৭ কলেজ ( পুরুষ ), ২৩ কলেজ ( নারী ); উচ্চ স্কুল ১,৮৬৩টি বালক ও ১৬৮টি বালিকাদের জন্য। প্রাইমারী স্কুল, মকতবাদি ৪১ হাজার। শিক্ষণ-কলেজ, টেকনিক্যাল, ইনজিনীয়ারিং আদি শিক্ষার কলেজ ও স্কুল বাড়িতেছে। ১৯৫৩-এ ৭১১ সংবাদপত্রের মধ্যে উর্দু ৪৭৪, বাংলা ৬৪, ইংরেজী ১০১। পাকিস্তান সংবিধান ইসলামীয় ধর্মকেন্দ্রিক।... পূর্ব পাকিস্তান নদীমাতৃক দেশ; প. পাকিস্তান বহু সহস্র মাইল খাল দ্বারা সিঞ্চিত; তজ্জন্য উভয়ত্র প্রচুর খাদ্য-শস্য ও বাণিজ্যিক ফসল উৎপন্ন হয়। চাউল, দাইল, পাট পূর্ববঙ্গে ও গম, যব, ছোলা, ইক্ষু ( গুড় ), সরিষা ও তুলা প. পাকিস্তানে পর্যাপ্ত। বহু লক্ষ টন তুলা ও পাট রপ্তানি হয়।.. খনিজ সম্পদের মধ্যে পেট্রোলিয়াম প. পঞ্জাবে ৫·৫৪ কোটি গ্যালন উৎপন্ন হয় ( '৫২ )। কয়লা খুবই কম; ভারত ও পূর্ব আফ্রিকা হইতে আমদানি করিতে হয়। ...রেলওয়ে: নর্থ ওয়েস্টার্ণ রেল ৫,৩৬২ মা; পূর্ব পাকিস্তানে ইস্টার্ণ বেঙ্গল রেল ১,৬৯৬ মা। ...বন্দর ৩টি—করাচি, চট্টগ্রাম

ও চালনা। করাচি আন্তর্জাতিক বিমান বন্দর। চারটি দেশীয় কোম্পানির বিমান সার্বিস আছে।

**পাকিস্থানের-প্রদেশ**—পূর্ব পাকিস্তান ( পূর্ববঙ্গ ) : আ. ৫৪,৫০১ ব মা ; জন ৪,২০,৬২,৬১০। পঞ্জাব ও বহবলপুর : আ. ৭৯,৭১৬ ব মা ; জন. ২,০৬,৫১, ১১০। উ.-প. সীমান্তপ্রদেশ আ. : ৩৯,২৫৯ ব মা ; জন. ৫৮,৯৯,৯০৫। বলুচিস্তান ও করদরাজ্য : ১,৩৪,০০২ ব মা ; জন. ১১,৭৪,০৩৬। করাচি : আ. ৮১২ ব মা ; জন. ১১,২৬,৪১৭। মোট আয়তন : ৩,৬৪,৭৩৭ ব মা ; জন. ৭,৫৮,৪২,১৬৫।

পাকিস্তান অন্তর্গত করদরাজ্যের মোট আয়তন ১,১২,০৬৪ ব মা ; জন. ৩৩,৪৮,০২০ ( '৫১ )। রাজ্যের নাম—বহবলপুর, কলাত, খয়েরপুর, লাসবেলা, খরন, চিত্রল, দির, সোয়াত, অম্ব ও ফুলেরা। পাকিস্তানের ভাষা : বলুচিস্থানে বলুচি ও ব্রাহুই ; সীমান্তে পশ্‌তু ; পঞ্জাবে পাঞ্জাবী ; সিন্ধুতে সিন্ধী ; পূর্ব পাকিস্তানে বাংলা। রাষ্ট্রভাষা উর্দু। বাংলাভাষী মুসলমান সংখ্যাধিক্যর জন্য বাংলাভাষাকে অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার দাবী জানাইয়াছে।

**পাকুড়** (Pakur) : বিহার ; সাঁওতাল পরগণা জেলার মহকুমা। আ. ৬৯৯ ব মা ; জন. ২,৭৭,৪২১ ; ঘনতা ৩৯৭। ৬টি থানার দুইটি পাকুড় দামিন কোহ পার্বত্য অঞ্চলে ; অপর ৪টি : পাকুড়, পাকুড়িয়া, মহেশপুর, হিরণপুর। হিরণপুরের হাট বিখ্যাত।......

—মহকুমার সদর শহর। ঈ. রেলওয়ে লুপ লাইনের স্টেশন ( ১৬৮ মা )। পাহাড় ভাঙ্গিয়া নানা আকারের পাথর কুচি করা প্রধানতম শিল্প ও ব্যবসায়। যন্ত্র সাহায্যে এই সব ভাঙ্গাভাঙ্গির কাজ হয়। রেলপথে, রাস্তায় ও ইমারতের কন্‌ক্রীটের জন্য পাথর কুচির চাহিদা। রেশম গুটি ও লাক্ষাও গ্রাম অঞ্চলে উৎপন্ন হয়।...সাঁওতালদের জন্য খ্রীষ্টান মিশনারীদের বহু প্রকার প্রতিষ্ঠান আছে।...এখান হইতে দুমকা ও গড্ডা যাইবার ভালো পথ আছে।... শহরের জন. ৬,০৩০। স্কুল, বালিকা বিদ্যালয়।

**পাগান** (Pagan) : বর্মার প্রাচীন নগর ; ইরাবতী নদীতীরে মিকতিলা (Meiktila=মিথিলা) জেলার গ্রাম। ...প্রোম হইতে স্টীমারে পকোকুর পথে পাগান ঘাট। প্রায় ২০ মা জুড়িয়া প্রাচীনকালের ধ্বংসাবশেষ দেখা যায়। কিংবদন্তী এখানে ১৩,০০০ বৌদ্ধ মন্দির ছিল। ১২৮৭ অব্দে চীন সম্রাট কুবলাই খান বর্মা আক্রমণ করিয়া নগর ধ্বংস করেন ; তবুও এখনো এখানে বহু শত বুদ্ধ মন্দির রহিয়াছে ; ১৩৬ মন্দির গবর্নমেণ্টের হেপাজতে আছে। এইসব মন্দিরের স্থাপত্য-শিল্প অতি বিচিত্র—বাংলাদেশের বা পূর্ব ভারতীয় রীতি হইতে সিংহলী রীতি সবই দেখা যায়। বিশেষভাবে দর্শনীয় আনন্দ পাগোডা, ইহা ২০০ ফুট চতুষ্কোণ, সাততলা, ১৮৩ ফুট উচ্চ। চারি যুগের চারটি বুদ্ধ মূর্তি ৩০ ফুট উচ্চ।...এখানকার লাক্ষার কাজ বিখ্যাত। লাক্ষা শিল্প শিক্ষাদানের জন্য সরকারী স্কুল আছে।

**পাগোপাগো** ( Pagopago ) : মার্কিনী সামোআর রাজধানী ও পোতাশ্রয়। শক্তিশালী বেতার কেন্দ্র ; কয়লা বোঝাই স্টেশন ; নৌবন্দর। জন. ১,৬১০।

**পাচপাহাড়** (Pachpahar) : মধ্যভারত ইউনিয়ন ( বর্তমান মধ্যপ্রদেশ ) ; গুণা জেলার শহর ; গুণার ২৬ মা পূ.-দক্ষিণে। পূর্বে ঝালোয়ার রাজ্যভুক্ত ছিল। জন. ১১,০১২। স্টেট, ও গুণা সমবায় ব্যাংক।

**পাঁচপুর** Panchpur) : ওড়িশা ; ময়ূরভঞ্জ জেলার মহকুমা। আ. ৭৬১ ব মা ; জন. ১,৮৩,৪১৪। থানা ৪।

**পাঁচবিবি** (Panchbibi): পূ. পাক. ; বগুড়া জেলার থানা। দর্শনা হইতে রেলপথে ১৪৬ মা। কলিকাতা ২০১ মা। এই গ্রামের কয়েক মাইলের মধ্যে বহুদূর বিস্তৃত প্রাচীন ধ্বংসস্তূপ পাল রাজাদের কীর্তি বলিয়া অনুমিত।

**পাচভদ্র** ( Pachbhadra, Pachpadra ) : রাজস্থান ; যোধপুর জেলার শহর। যোধপুর শহরের ৫৫ মা পশ্চিমে লবণ কারখানার জন্য খ্যাত। জন. ২,১৭৮।... বালুতরা জং. হইতে লবণ ডিপো পর্যন্ত শাখা রেল ১৫ মা। লুনি-মুনাবাও রেলপথের জং. স্টে. ( ৫০ মা )।

**পাচমঢ়ী** (Panchmarhi) : মধ্যপ্রদেশ রাজ্যের হোসাংগাবাদ জেলার মহকুমা ও শহর। সাতপুরা পর্বতমালার অনুক্রমণ মহাদেব পাহাড়ের উপর অবস্থিত ( ৪,৫০০ ফুট ) ; ম. প্র. সরকারের গ্রীষ্মাবাস। ভ্রমণবিলাসীদের উপভোগের বহু স্থান ও প্রতিষ্ঠান

আছে। বোম্বাই-জবলপুর রেলপথের মধ্যে পিপারিয়া স্টেশন (৫০৫ মা) হইতে ৩২ মা; মোটর পথ।... এখানে হিন্দী পাবলিক স্কুল স্থাপিত হইয়াছে।

**পাঁচলা** ( Panchla ) : হাওড়া জেলার থানা। আ. ২৭ ব মা; জন. ৭৩,৯২০ ; ঘ ২,৬৯৮। মধ্য দিয়া ডানকুনি কাটা খাল গিয়াছে।

**পাচোড়া** ( Pachora) : বোম্বাই ; পূর্ব খানদেশ জেলার তালুক ও শহর ; বোম্বাই-ভুসাবল রেলপথের জং. (২৩২ মা); এখান হইতে ছোট রেল জামনের পর্যন্ত ৩৫ মা।...জন. ১৫,০৪৪। বড়োদা, স্টেট, পূ. খানদেশ ও সমবায় ব্যাংক।

**পাঞ্চেত** ( Panchet ) : দ্র. পান্‌চেত।

**পাটকাই পর্বত, পাতকোই** ( Patkai Htills ) : আসাম ও ব্রহ্মদেশের সীমানার মধ্যে অবস্থিত অরণ্য-পূর্ণ পর্বতমালা ; গড় উচ্চতা ৪ হা. ফুট ; উচ্চতম স্থান ৭ হা. ফুট। এই পাহাড়ের পাঙসাউ (Pangsau) গিরিপথ দিয়া লিডো ( Lido ) যাইবার যুদ্ধকালীন পথ নির্মিত হয় ; উহা Stilwell Road নামেও পরিচিত ছিল।

**পাটগ্রাম** (Patgram) : পূ. পাক. ; রঙপুর জেলার থানা, কুচবিহার সীমান্তে অবস্থিত। পূর্বে জলপাইগুড়ির মধ্যে ছিল। লালমণির হাট (পূ. পাক) হইতে যে রেলপথ তিস্তা নদীর পূর্বতীরে জলপাইগুড়ি জেলার মধ্য দিয়া ছিল, তাহা পূ. পাকিস্তান সৃষ্ট হইবার পর বুয়াইমারিতে শেষ হইয়াছে ; পাটগ্রাম সেই রেলপথে পাকিস্তানের চেকিং স্টেশন (৪৬ মা)।...কুচবিহার জেলার মাথাডাঙ্গা ও মেখলীগঞ্জ শহরে যাওয়া-আসার মধ্যস্থলে অবস্থিত।

**পাটড়ি** ( Patdi, Patri ) : সৌরাষ্ট্র ( বোম্বাই রাজ্য ) অন্তর্গত স্থান। পূর্বতন কাঠিয়াওয়াড়ের করদরাজ্য। আ. ৩৯ ব মা. ; জন. ৩,১৪৭ ('৪১)। .. রাজা ২০,০০০ টাকা ভাতা পান। শহর, ছোট কচ্ছ উপসাগর বা Little Runn of Cutch-এর তীরে, বিরামগ্রাম জং হইতে খরঘোড়া শাখা রেলপথের (২৩ মা) স্টেশন (১৮ মা)।

**পাটণা** ( Patna ) : পূর্বতন ঈ. স্টেটস এজেন্সির ( ওড়িশা ) করদরাজ্য ; সম্বলপুর জেলার দক্ষিণে। আ. ২,৫৩০ ব মা ; জন. ৬,৩২,২২০ ('৪১)। রাজ্যের আয় ৯-১০ লক্ষ টাকা ; কর ১৩,০০০ দিতে হইত। ... ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ২,৪১,৬০০ টাকা ভাতা পান। .. বর্তমানে এই স্টেট ওড়িশা রাজ্যের অন্তর্গত বলাঙ্গির জেলার মহকুমা। ( দ্র. পাটণাগড় )।

**পাটণাগড়** ( Patnagarh ) : ওড়িশা ; বলাঙ্গির জেলার মহকুমা। আ. ৭২৭ ব মা ; জন. ১,৫৭,৪১৫। ৩ থানা। —থানার আ. ২৯১ ব মা ; জন. ৬৭,৯৭৮। গ্রাম ১২৩। —শহরের জন. ৫,৯০০। বলাঙ্গির হইতে ২৪ মা। এই জেলার কাণ্ডবঞ্জি গ্রামে ৫ দিন ব্যাপী রথযাত্রা হয়।

**পাটন** ( Patan ) : নেপাল ; কাঠমান্ডুর ৩ মা দক্ষিণে শহর ; গুর্খাদের নেপাল বিজয়ের পূর্বে ইহা একটি রাজ্যের রাজধানী ছিল। কিংবদন্তী অশোকের সাম্রাজ্য নেপাল পর্যন্ত বিস্তৃত ছিল। পুরাতন রাজধানী মঞ্জু-পাটনের পরিবর্তে তিনি ললিত-পাটন নামে নূতন নগর প্রতিষ্ঠিত করিয়া ৫টি বৌদ্ধ স্তূপ নির্মাণ করেন, একটি নগর-কেন্দ্রে ও অপর চারটি চার দিকে নগর-প্রাচীরের বহির্ভাগে। এই স্থাপত্যগুলি এখনো আছে।...প্রবাদ অশোকের এক কন্যা চারুমতী পিতার সহিত এখানে গিয়াছিলেন এবং সেখানে ভিক্ষুনীরূপে বাস করেন ; তাঁহার স্বামী দেবপালের নামানুসারে দেবপাটন নামে এক জনপদ স্থাপিত হয়।

**পাটন, অনহিলপত্তন** ( Patan ) : বল্লভীরাজ্যের ধ্বংসের পর ৮ম শতক হইতে ১৪ শতক পর্যন্ত পাটন গুজরাট তথা পশ্চিম ভারতের শক্তি ও সংস্কৃতির কেন্দ্র ছিল।...পরে বড়োদা রাজ্যের অন্তর্গত হয়। এখন বোম্বাই রাজ্যের মেহসানা জেলার শহর, মেহসানা হইতে উ.-পশ্চিমে ২৫ মা দূরে। জন. ৪৩,০৪৪। বড়োদা ও দেবকরন ব্যাংক।...এখানে শতাধিক জৈন মন্দির আছে। এই সব মন্দিরের ভাণ্ডাগারে বা লাইব্রেরিতে মহামূল্যবান জৈন গ্রন্থাদির পুঁথি আছে। বহুকাল সেসব সম্পদ লোকচক্ষুর বাহিরে ছিল ; অধুনা ধীরে ধীরে প্রকাশিত হইতেছে।

**পাটনা বিভাগ** ( Patna Division ) : বিহার রাজ্যের

বিভাগ; একজন কমিশনার দ্বারা শাসিত। জেলা ৩টি: পাটনা, গয়া, সাহাবাদ। আ. ১১,৩৩৬ ব মা; জন. ৮২·৮৭ লক্ষ, পঞ্চাশ বৎসর পূর্বে ১৯০১-এ ছিল ৫৬·৪৭ লক্ষ। ১৩,১৪৫ গ্রাম ও শহর (শ. ২৬)। ঘনতা ৫৭৫।

**পাটনা জেলা** (Patna District): বিহার; পাটনা বিভাগের অন্তর্গত জেলা। আ. ২,১১৬; জন. ২৭ ২৮ লক্ষ; ১৯০১-এ ছিল ১৬·২৪ লক্ষ। গ্রাম ও শহরের সংখ্যা ২,২৯৬ [শ. ৮]। হিন্দু ২৩·৮০ লক্ষ। মুসলমান ২·৪০ লক্ষ। ঘনতা ১,১৯৫ ('৫১)। জেলার উত্তরে গঙ্গা ও পশ্চিমে শোননদী ছাড়া আরও বহু নদী আছে। বারিপাত ৫০''। কৃষিজাত বিবিধ ফসলের মধ্যে চাউল পর্যাপ্ত উৎপন্ন হয়।...শহরে ও গ্রামে নানা প্রকার দড়ি, সতরঞ্চ প্রভৃতি বোনা হয়।...প্রাচীন মগধের হিন্দু, বৌদ্ধ ও মধ্যযুগের মুসলমানদের বহু কীর্তি-চিহ্ন জেলার মধ্যে দেখা যায়। নগরের নিকট কুম্‌হরার নামক স্থানে প্রাচীন পাটলিপুত্র খনিত হইয়াছে। পাটনা জেলার মহকুমা—পাটনা সিটি, পাটনা সদর, দানাপুর, বাঢ় ও বিহার।

পাটনা সিটি মহকুমার আ. ৩০ ব মা; জন. ১,৬৪, ৮৭০; ঘনতা ৫,৪৪৫। পাচটি থানা এই সিটীর মধ্যে আছে। পাটনা সদর মহকুমার আ. ২৯৫ ব মা; জন. ৪,৬৬,৪৫০; ঘনতা ১,৫৮৬।

**পাটনা** (Patna): বিহার রাজ্যের রাজধানী; গঙ্গার দক্ষিণে ১০-১২ মা লম্বা এই বিশাল নগর নানা স্থানিক নামে পরিচিত। বিহার-ওড়িশা বাংলাদেশ হইতে পৃথক প্রদেশরূপে গঠিত হইলে ১৯১২ হইতে পাটনা রাজধানী। ১৯৩৬-এ ওড়িশা পৃথক রাষ্ট্র হইলে পাটনা বিহারের রাজধানী।...১৯১৭-এ পাটনা বিশ্ব-বিদ্যালয় স্থাপিত হয়; ১৯৫২-এ বিহার বিশ্ববিদ্যালয় গঠিত হয়। পাটনা আবাসিক ও স্থানিক বিশ্ববিদ্যালয়; বিহার অ্যাফিলিয়েটিং।...পাটনায় বহু দর্শনীয় স্থান ও প্রতিষ্ঠান আছে।...বাঁকিপুরের খোদাবক্স লাইব্রেরী, জালানের সংগ্রহালয়, মিউজিয়াম প্রভৃতি। পাটনার 'গোলা' ১৭৮৬-অব্দে জন্ গার্সটন সাহেব দুর্ভিক্ষ-প্রতিষেধক শস্যভাণ্ডারের জন্য নির্মাণ করান তলদেশের বেড় ৪২৬ ফুট; ১২ ফুট প্রস্থ প্রাচীর অল্পে অল্পে উঠিয়া গম্বুজাকৃতি হইয়াছে। অভ্যন্তর ১০৯ ফুট, উচ্চতা ৯০ ফুট। ১,৩৭,০০০ টন্ শস্য ধরিতে পারে। ভিতরে সামান্য শব্দ করিলে বহুক্ষণ প্রতিধ্বনিত হইতে থাকে। গোলার বাহির ঘিরিয়া সিঁড়ি আছে।

প্রাচীন পাটলীপুত্র (দ্র.) অদূরে। মীরকাসেম মুর্শিদাবাদ হইতে রাজধানী পরিবর্তন করিয়া এইখানে লইয়া আসেন ও উদয়নালার যুদ্ধে পরাভূত হইবার পর (১৭৬৩) পাটনার ইংরেজদের হত্যা করেন। এই কার্যে রেনহার্ড নামে এক সুইস্ সাহসিক তাঁহার সহায়তা করেন। এই ব্যক্তি ইতিহাসে সমরু ও ইহার স্ত্রী বেগম সমরু নামে খ্যাত।...কলিকাতা হইতে ৩৩১ মা (ঈ. মেন)। পাটনা জং. হইতে দিঘাঘাটে (৪ মা) গঙ্গা পার হইয়া (ন.-ঈ.-রেল) শোনপুরের মেলার স্থানে যাওয়া যায়। অপর শাখা রেল গ্রান্ড কর্ডস্থিত গয়া পর্যন্ত ৫৪ মা।...পাটনা নগরের জনসংখ্যা ২,৮৪,৫০০। পঞ্চাশ বৎসরে ১,৪৮,৭০০ লোক বাড়িয়াছে। ১১টি ব্যাংক: ইলাহাবাদ, বিহার, বিকানীর, ছোটনাগপুর বি. স্টেট, সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশ., ইউনাইটেড, ইউনা. কমার্স, ইউনা. ইন্ডাস্ট্রি। পাটনায় বিমান বন্দর আছে; বিমানপথে কলিকাতা (২৯৪ মা), বারানসী (১৩০), দিল্লী (৫৫১), গোরখপুর (২৪০), লখনৌ (২৯২), কাঠমান্ডু (১৪৫ মা) যুক্ত।

**পাটনীটোলা, পত্নীতোলা** (Patnitola): পূ. পাক.; রাজসাহী জেলার নওগাঁও মহ.র থানা। পূর্বে বালুরঘাট মহ.র থানা ছিল। আ. ১৩৫ ব মা। ১৯৪৭-এ পার্টিশনের সময় পূর্ব-পাক. ভুক্ত হয়। গ্রাম, আত্রাই নদীতীরে; রাজসাহী-দিনাজপুর সড়কের উপর অবস্থিত। ঈ. বি. রেলওয়ের আক্কেলপুর হইতে রাস্তা আছে।

**পাটলিপুত্র** (Pataliputra): প্রাচীন মগধের রাজধানী। গঙ্গা ও শোন নদের সঙ্গমস্থলে অবস্থিত; অপর দিকে গণ্ডকী আসিয়া গঙ্গায় পড়িতেছে। পাটনা নগরীর নিকট কুম্‌হরার গ্রামে প্রাচীনযুগের ধ্বংসাবশেষ খনিত হইয়াছে। এই স্থানের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য দেখিয়া অজাতশত্রু এখানে দুর্গ নির্মাণ করেন;

ইহার পৌত্র উদয়াশ্ব রাজগৃহ হইতে রাজধানী এইখানে স্থানান্তরিত করিয়া নগর প্রতিষ্ঠা করেন। ইহা নন্দ ও মৌর্যবংশীয় রাজাদের রাজধানী ছিল। চন্দ্রগুপ্তমৌর্য পারসিকশিল্পী ও স্থপতিদের দ্বারা নগর সুদৃঢ় ও সুন্দর করেন। মেগাস্থেনীসের ভারত বিবরণ ( লুপ্ত ) গ্রন্থে এই নগরীর বিস্তৃত বর্ণনা পাই ; তিনি ইহাকে পালিবোথরা (Palibothra) বলিয়াছেন। ···আশোকের সময় দারুময় নগরী প্রস্তরময় করিয়া নির্মিত হয়। মৌর্য, সুঙ্গ, কণ্বদের পর নগরীর দ্রুত পতন হয়। ৫ শতকের প্রারম্ভ ভাগে চীন পরিব্রাজক ফা-হিয়ান এই নগরীর ধ্বংসাবশেষ দেখিয়া বলেন যে নগরীর অট্টালিকাদি দৈত্যদের দ্বারা নির্মিত হইয়াছিল। প্রত্নতত্ত্ব বিভাগ পাটলিপুত্রের খনন কার্য করিয়া বহু জিনিস পাইয়াছেন ; পাটনা মিউজিয়মে অনেক নিদর্শন রক্ষিত আছে।

**পাটাগোনিয়া** (Patagonia) : দ. আমেরিকার ভূখণ্ড ; ১৫২০-এ মাজালিন কর্তৃক আবিষ্কৃত। ১৮৮১ এই দেশ আর্জেনটাইন ও চিলি রাজ্যের মধ্যে বিভক্ত হয়। এখানকার অধিবাসীরা অতিকায় মানুষ ছিল। এখন প্রায় লুপ্ত।

**পাটেঙ্গা** (Patenga) : পূ. পাক. ; চট্টগ্রামের বিমান বন্দর ; শহর হইতে ১০ মা দূরে।

**পাঠানকোট** (Pathankot) : পূর্ব-পঞ্জাব রাজ্যের গুরু-দাসপুর জেলার তহশীল ও শহর। কলিকাতা হইতে অমৃতসর ( ১,১৩৬ মা ) হইয়া পাঠানকোট ১,১৬০ মা। এখান হইতে মিটার গেজ রেলপথ জ্বোগীন্দর-নগর (২০৪ মা) পর্যন্ত গিয়াছে ; পথে কাংড়া (১১৮ মা) পড়ে। পাকিস্তান হইবার পর পাঠানকোট হইতে জম্মু হইয়া কাশ্মীরের শ্রীনগর যাইতে হয়। জন. ৩২,৪১৯। স্টেট, প. ন্যাশনাল ব্যাংক।

**পাণ্ডবেশ্বর** (Pandavesvara) : বর্ধমান জেলা ; আসান-সোল মহ.র অন্ডাল থানার গ্রাম ; অ.-সাইথিয়া রেলপথের স্টেশন (১৩ মা), কলিকাতা হইতে ১২৯ মা। এইখানে অজয় নদের উপর রেলসেতু আছে।··· চারিদিকেই কয়লার খনি ; পশ্চিম দিকে পলাশস্থল পর্যন্ত ১৮ মা রেল আছে।

**পাণ্ডু** (Pandu) : আসাম, কামরূপ জেলার শহর। ব্রহ্মপুত্র নদীর বামতটে। আমিনগাঁও হইতে স্টীমারে পার হইয়া যাইতে হয়। পাণ্ডু হইতে গৌহাটি হইয়া রেলপথে লামডিং ( ১১৭ মা ) ও তথা হইতে তিনসুকিয়া, করিমগঞ্জ প্রভৃতি স্থানে যাওয়া যায়। কলিকাতা হইতে মনিহারী হইয়া পাণ্ডু ৬৩৬ মাইল। পূর্বে পার্বতীপুর ( ২৩৩ ) হইয়া ৪৫৭ মা ছিল। পাণ্ডু হইতে শিলং পর্যন্ত মোটর সার্বিস ( ৬৮ মা ) আছে।

**পাণ্ডুয়া** (Pandua): হুগলী জেলার থানা। আ. ১১১ ব মা; জন. ৮৫,৮৭২ ; ঘনতা ৭৭৬। ···পাণ্ডুয়া গ্রাম (জন. ৩,৫৯১) হুগলী শহর হইতে ১৪ মা উ.-পশ্চিমে। শের-শাহ সড়কে কলিকাতা হইতে ৪১ মা ও ই. রেলপথে স্টেশন ৩৮ মা। কালনার সহিত পাকা রাস্তার দ্বারা যুক্ত। উচ্চ ইং. বিদ্যালয়, ডাকঘর, হাসপাতাল আছে। গ্রামে বহু মুসলমানের বাস ; আসরফী পরিবারের সম্ভ্রান্ত লোক ও আইমাদার বা পীরোত্তরাদি ভোগকারী লোকের বাস। প্রাক্-মুঘল যুগে সমৃদ্ধ নগরী ছিল। কিংবদন্তী এখানে হিন্দু রাজার রাজধানী ছিল ; পরে গৌড়ের সুলতান শামসুদ্দীন ইউসুফ শাহ ( ১৪৭৬-৮৩ ) এই অঞ্চল অধিকার করেন ও বহু হিন্দু দেবালয়াদি ধ্বংশ করিয়া স্থানীয় ইমারত ও মসজিদাদি নির্মাণ করেন। সেই যুগের একটি মিনার ( ১২৭ ফুট উচ্চ ) দূর হইতে দেখা যায় ; ইহার ভিতরে সূক্ষ্ম মীনার কাজ আছে। এখানকার পীরের আস্তানায় মুসলমানদের সমাগম হয়। ...১৮৬২ অব্দের বর্ষার পর ম্যালেরিয়ায় সমৃদ্ধ গ্রাম ধ্বংশ হয় ; ৬,৯৬১ জন লোকের মধ্যে এই মড়কে ৫,১০২ জন মারা যায়। ··· ১৮ শতকে এই স্থান উৎকৃষ্ট কাগজ তৈয়ারির জন্য খ্যাত ছিল।

**পাণ্ডুয়া** (Pandua) : প্রাচীন পৌণ্ড্র হইতে পা. শব্দ আসিয়াছে বলিয়া অনেকে মনে করেন। সেখানে মধ্যযুগে পাঠান মুসলমানদের রাজধানী নির্মিত হয়। মালদহ হইতে দিনাজপুরের পথে ছয় মাইল দূরে, মহানন্দা নদীর পূর্বদিকে প্রায় ১৬ মা দীর্ঘ ও ৮ মা প্রস্থ স্থান জুড়িয়া ধ্বংসাবশেষ রহিয়াছে। ১৪-১৫ শতকের পাঠান সুলতানদের নির্মিত বড় দরগা, ছোট

দরগা, আদিনা, একলাখী, সোনা মসজিদ প্রভৃতি ইমারত বাংলার মুসলমান স্থাপত্যের শ্রেষ্ঠ নিদর্শন। আদিনার ন্যায় বৃহৎ মসজিদ ভারতে ছিল না। প্রাচীন হিন্দু গৌড়ের অট্টালিকা ও মন্দিরাদি ভাঙ্গিয়া যে এগুলি নির্মিত হয়, তাহা ভাস্কর্য দেখিলে বুঝা যায়। মালদহ জেলার আদিনা স্টেশনে নামিয়া বা মালদহ হইতে মোটরবাসে যাওয়া যায়।

**পাণ্ডুলেনা** (Pandulena): বোম্বাই রাজ্যের ২৩টি বৌদ্ধ গুহার সাধারণ নাম; নাসিক হইতে ৫ মা দ.-পশ্চিমে পর্বতগাত্রে খোদিত। কয়েকটি গুহা ১ম-২য় শতকে নির্মিত, পরে ৬-৭ শতকে আভ্যন্তরীণ সংস্কারাদি হয়। এগুলি ত্র্যম্বক পর্বতের এক পার্শ্বে অবস্থিত। গুহার মধ্যে ৩টি বড় বিহার ও ১টি উৎকৃষ্ট চৈত্য আছে। একটি বিহার ৪১'×৪৬' ফুট; পার্শ্বে ১৮টি কুঠরী (cell)। বারান্দার কারুকার্য এখনো দেখা যায়। এই সকল গুহার বিস্তারিত বিবরণ ফার্গুসন ও বার্জেস সাহেবের ভারতীয় গুহা-মন্দির (Cave Temples of India) গ্রন্থে আছে।

**পাণ্ড্য** (Pandya): দক্ষিণ ভারতের প্রাচীন রাজ্য; অশোকের অনুশাসনে চের, চোল ও পাণ্ড্য রাজ্যের উল্লেখ আছে। অনুমান উত্তর ভারত হইতে পাণ্ডবদের কোনো শাখা এইখানে উপনিবেশ স্থাপন করেন ও রাজধানীর নাম মথুরা (মদুরাই) রাখেন। অশোকের সময় (খ্রী. পূ. ৩ শতক) পাণ্ড্যরা প্রবল ও স্বাধীন রাজ্য ছিল। মেগাস্থেনীস পাণ্ড্য রাজের শক্তি ও বৈভবের কথা লিপিবদ্ধ করিয়াছিলেন। খ্রী. পূ. ৩০ অব্দে রোমান সম্রাট অগস্টাসের দরবারে Pandion নামে যে রাজা দূত পাঠাইয়াছিলেন তিনি এই পাণ্ড্য দেশীয় কোনো রাজা হইবেন। বহির্বাণিজ্যে পাণ্ড্যরা কৃতিত্ব লাভ করিয়াছিল এবং তাহাদের বংশধর তামিল চেটিয়াররা পূর্বভারতে উপনিবেশ স্থাপন করিয়া ধনশালী হয়। ১২ শতক পর্যন্ত মদুরাই-এ ইহারা স্বাধীনভাবে রাজত্ব করে। ১৩১০-এ মালিক কাফুর এই অঞ্চল অধিকার করেন। মদুরাই রাজধানী হইবার পূর্বে কোরকাই Korkai) ছিল প্রধান নগর। স্থানীয় কিংবদন্তী অনুসারে তামিল সভ্যতার কেন্দ্র ছিল কোরকাই; প্রবাদমতে এখানকার তিন ভ্রাতা পাণ্ড্য, চের ও চোল রাজ্য স্থাপন করেন। বর্তমানে কোরকাই নগণ্য গ্রাম—তাম্রপর্ণী নদীতীরে, তিরুনেলবেলি জেলার অন্তর্গত। পূর্বে ইহা বড় বন্দর ও মুক্তা ব্যবসায়ের কেন্দ্র ছিল। নদী মজিয়া আসিলে মদুরাই রাজধানী ও কায়ল (Kayal) নূতন বন্দর হয়। কালে তাহাও নষ্ট হইয়া যায়।

**পান্ঢুরনা** (Pandhurna): মধ্যপ্রদেশ (বোম্বাই রাজ্য); নাগপুর জেলার কাটোল-সাওনের তালুকের একটি শহর; নাগপুর-ইতরসি রেলপথের স্টে. (৬৫ মা)। জন. ১৪,০৩৭। স্টেট ব্যাংক।

**পাতকোই পর্বত** Patkai Mts.): দ্র. পাটকাই।

**পাতারহাট** (Patarhat): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা; বরিশাল সদর মহ.র গ্রাম, ব্যসায়ের বড় গঞ্জ, মেহদিগঞ্জ থানার মধ্যে। ডাকঘর, রেজি. অপিস (১৮৭৩)।

**পাতিয়ালা** (Patiala): পঞ্জাবের শিখ করদরাজ্য। পাতিয়ালা, নাভা ও ঝিন্দ—এই তিনটি শিখ রাজ্যের পূর্ব পুরুষ জনৈক চৌধুরীফুল ছিলেন; সেইজন্য এই রাজ্যগুলিকে ফুলিকান রাজ্য বলে। নলগড় ও কালসিয়ার রাজারাও ফুলিকানী বলিয়া দাবী করেন।...মুঘল সাম্রাজ্যের পতনকালে এই অঞ্চলে দেশীয় সর্দারদের অভ্যুদয় হয়। ১৭৫৩-এ এক ভট্টি রাজপুত পা. পত্তন করেন; ইহারা চন্দ্রবংশীয় এবং ইহাদের গজ নামে এক পূর্বপুরুষ গজনী শহর স্থাপন করিয়াছিলেন বলিয়া তাঁহাদের বিশ্বাস।...১৮০৯-এ বিটিশদের আওতায় আসে ও সেই হইতে ইংরেজের বশংবদ ছিল। পাতিয়ালা রাজ্যের বাহিরে, পঞ্জাব ও কুমায়ুন অঞ্চলে টুকরা রাজ্যখণ্ড আছে। মোট আ. ৫,৯২৪ ব মা; জন. ১৯,৩৬,২৫৯ ('৪১)। রাজ্যের আয় ছিল প্রায় দেড় কোটি টাকা। ব্রি. যুগে মহারাজা ১৭ তোপের সম্মান পাইতেন। ১৯৪৮-এ পা. ভারতভুক্ত হইলে স্থির হয় মাহারাজা তাঁহার জীবিতকাল পর্যন্ত ১৭ লক্ষ টাকা বাৎসরিক ভাতা পাইবেন। ...এবং পাতিয়ালা রাজ্য 'পাতিয়ালা ও পূর্ব পঞ্জাব স্টেটস ইউনিয়ন' ভুক্ত হয়; রাজা এই নূতন স্টেটের প্রথম রাজ্যপ্রমুখ হইয়াছিলেন। রাজ্যপুনর্গঠন (১৯৫৬)

ব্যবস্থায় পে-প-সু ও পঞ্জাব একটি রাজ্যরূপে গঠিত হইয়াছে।

পাতিয়ালা ( জন. ৯৭,৮৬৯ ) পূর্বতন পা. রাজ্যের রাজধানী। পরে পে-প-সু-র প্রধান নগর। দিল্লী হইতে অম্বালা ( ১২৩ ) হইয়া রেলপথে ১৫৭ মা। ব্যবসার কেন্দ্র ; বৈদ্যুৎ সামগ্রী, জুতা, বস্ত্রাদি তৈয়ারি হয়। কলেজ। ব্যাংক : পাতিয়ালা, সেন্ট্রাল, পঞ্জাব-সিন্ধু, প. ন্যাশনাল, সমবায়।

**পাতিয়ালা এন্ড ইস্ট পঞ্জাব স্টেটস ইউনিয়ন** (Patiala and East Punjab States Union) : সংক্ষেপে PEPSU বা পে-প-সু বলা হয়। দ্র. পেপসু।

**পাতৌডি** (Pataudi) : পঞ্জাবের ক্ষুদ্র করদরাজ্য ; দিল্লীর দ.-পশ্চিমে। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বাৎসরিক ৪৮,০০০ টাকা প্রদত্ত হয়।...আ. ৫৩ ব মা ; জন. ২১,৫২০ ( '৪১ )। বর্তমানে পূ. পঞ্জাবের গুরগাঁও জেলার অন্তর্গত। শহর (জন. ৪,১০৫) দিল্লী-বিকানীর রেলপথের স্টেশন ( ৩৭ মা )। গুরগাঁও হইতে ১৭ মাইল দ.-পশ্চিমে।

**পাত্রসায়ের** (Patrasayer : বাঁকুড়া জেলা ; বিষ্ণুপুর মহ.র থানা। আ. ১২৪ ব মা ; জন. ৬০,৯৪০ ; ঘনতা ৪৯১।—শহর (জন ৪,৭৮৯ ) বাঁকুড়া-দামোদর ছোট রেললাইনের স্টেশন ( ৩৫ মা )। বর্ধমান-বাঁকুড়া সড়ক এখান দিয়া গিয়াছে। স্থানটি পিতল-কাঁসার বাসন, সুতী ও রেশমের কাপড় ও শাঁখার জন্য প্রসিদ্ধ।

**পাথরকাঁন্দি** ( Patharkandi ) : আসাম ; কাছাড় জেলা ; করিমগঞ্জ মহ.র থানা। আ. ২৭৭ ব মা ; জন. ৯০,৯০৯ ; ঘনতা ৩২৮। পা. গ্রাম, কুশিয়ারীর এক করদ নদীতীরে ও শিলচর হইতে ৩৪ মা দ.-পশ্চিমে পাকিস্থানের সীমান্তে অবস্থিত। করিমগঞ্জ হইতে কালকলি ঘাট পর্যন্ত যে রেলপথ ( ২২ মা ) আছে, তাহার উন-শেষ স্টেশন। এই স্থানে সীমান্ত লইয়া পাকিস্তানের সহিত প্রায়ই অশান্তি হয়।

**পাথরঘাটা** ( Patharghata ) : পূ. পাক ; বাখরগঞ্জ জেলা, পিরোজপুর মহ.র থানা। আ ৯০ ব মা। গ্রাম ও বন্দর বিষখালি নদীর মুখে, প্রায় সমুদ্রের নিকট অবস্থিত।

**পাডুয়া** ( Padua, Padova ) : ইতালির শহর। জন. ১·৬৩ লক্ষ ( '৫১ )। মধ্যযুগে বিবিধ জ্ঞান-বিজ্ঞানের কেন্দ্র। ১২২১-এ বিশ্ব বিদ্যালয় স্থাপিত হয়। এই পর্যন্ত 'ভেনিসীয়ানদের দখলে ছিল। তারপর ১৮৬৬ পর্যন্ত অস্ট্রিয়ার অধীন থাকে। শেষ বৎসর ইতালির অন্তর্ভুক্ত হয়। গেলিলিও বিশ্ববিদ্যালয়ের (স্থা. ১৩ শতক ) অধ্যাপক ; দান্তে, পেত্রার্ক, তাসো ছাত্র ছিলেন।

**পানচেত পাহাড়** (Panchet Hill) : বিহার ; মানভূম ( ধানবাদ ) জেলার পাহাড়। বরাকর ও দামোদর নদীদ্বয়ের মধ্যে প্রায় ৩ মা দীর্ঘ ও ২,০০০ ফুট গড় উচ্চ পাহাড়। এই স্থানে দামোদর নদকে বাঁধাইয়া বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা হইয়াছে। এই বাঁধ ১৩৩ ফুট উচ্চ। বাঁধ নির্মিত হওয়ায় যে জলাশয় সৃষ্টি হইয়াছে তাহাদ্বারা সেচকার্য চলিবে ও ৪০,০০০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইবে। জলাশয়-সৃষ্টির ফলে ২২,৮০০ একর জলে ডুবিয়া যাইবে। ইহা দামোদর উপত্যকা-পরিকল্পনার অন্তর্গত।

**পানজিম** ( Panjim, Pangim ; Nova Goa ) : ভারতস্থিত পোর্তুগীজ রাজ্য গোআ ( Goa )-র বন্দর ও শহর। এখান হইতে বোম্বাই পর্যন্ত স্টীমার সার্বিস ( ২৫৫ মা ) ও বেলগাঁও পর্যন্ত মোটর সার্বিস আছে। ব্যবসায় কেন্দ্র। কমার্স ও মেডিক্যাল স্কুল ; কৃষি গবেষণাগার। ...পুরাতন গোআর পতনের পর ১৭৬৩ হইতে গবর্নমেন্টের শাসনকেন্দ্র হয় ও ১৮৪৩ হইতে পোর্তুগীজ ভারতের রাজধানী। জন. ১৪,২১৩।

**পান্না** ( Panna ) : পূর্বতন বুন্দেলখণ্ড এজেন্সির করদ-রাজ্য। রাজ্যর আ. ছিল ২,৫৮০ ব মা ; জন. ২,৩১,১৭০ ( '৪১ )। রাজস্ব ছিল প্রায় ৯ লক্ষ টাকা ; কর দিতে হইত ৯,৯৫৫ টাকা।... রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১,৪৭,৩০০৲ টাকা ভাতা দেওয়া হয়। প্রথমে বিন্ধ্যপ্রদেশ ইউনিয়নের অন্তর্গত জেলা ; এখন মধ্যপ্রদেশ ভুক্ত। পূর্বে এখানে হীরক পাওয়া যাইত ; ১৯৫৪-এ রুশীয় বিশেষজ্ঞরা হীরক খনন সম্বন্ধে উপদেশ দিবার জন্য ভারতসরকার কর্তৃক আমন্ত্রিত হইয়া-ছিলেন। পান্নায় রেলস্টেশন নাই। রেবা হইতে ৭০ মা উ.-পশ্চিমে। জন. ১২,২৪৪। বিকানীর ব্যাংক।

**পানপোষ** ( Panposh ) : ওড়িশা ; সুন্দরগড় জেলার মহকুমা। আ ৭৪১ ব মা ; জন. ১,৬৪,৪৫১। থানা ৫।...প্রধান শহর বীরমিত্রপুর ( জন. ৯,৫০০ )। রৌড়কেলা (দ্র.) জং. হইতে বীরমিত্রপুর পর্যন্ত শাখা রেল (১৬মা) আছে। কলিকাতা ২৭৩ মা। এখানে কয়লার খনি ও নোয়ামুণ্ডিতে লৌহ আকর আছে।

**পানরুটি** (Panruti) : মদ্রাজ ; দক্ষিণ আরকট জেলার শহর ; কুড্ডলুর-বিল্লপুরম রেলপথের স্টে. (১৪ মা)। মদ্রাজ ১১১ মা। কারু শিক্ষালয়, পরীক্ষা খামার। কাজুবাদাম, কাসাভা-স্টার্চ প্রভৃতির ব্যবসায়-কেন্দ্র। জন. ১৮,৩৪২। সেন্‌ট্রাল, ইন্‌ডিয়ান, লক্ষ্মীবিলাস ব্যাংক।

**পানাগড়** ( Panagarh ) : বর্ধমান জেলা ; আসানসোল মহকুমার কাকসা থানার অন্তর্গত গ্রাম। গ্রানড্ ট্রাংক রোডের উপর অবস্থিত। কলিকাতা হইতে রেলপথে ৮৯ মা। ২য় মহাযুদ্ধের সময় এখানে আমেরিকানদের বিরাট যুদ্ধঘাঁটি স্থাপিত হয়। এখনো কয়েকটি মিলিটারি অপিস ও গুদাম আছে। যুদ্ধের সময় যে বিরাট বিমান ঘাঁটি নির্মিত হয়, তাহা এখনো ব্যবহৃত হয়। ...জন. প্রায় ৭ হা.। ...পানাগড় হইতে রাস্তা অজয় নদী ( ১৪ মা ) পার হইয়া একদিকে বোলপুর, (২৬ মা) অন্য দিকে সিউরী (৫০ মা) গিয়াছে। অজয়ের উপর সেতু নির্মিত হইতেছে ; উহা শেষ হইলে কলিকাতা হইতে পানাগড় হইয়া বীরভূম, সাঁওতাল পরগনা প্রভৃতি স্থানে দ্রুত যাওয়া-আসা চলিবে।

**পানামা** ( Panama ) : মধ্য আমেরিকার রিপাবলিক। পূর্বে দ. আমেরিকার কলোম্বিয়া রাজ্যের অন্তর্গত ছিল। ১৯০৩-এ স্বাধীন রিপাবলিক হয়। অধিবাসীরা স্পেনীশ, রেড্ ইন্‌ডিয়ান ও নিগ্রো সঙ্করবর্ণ। রাজধানী পানামা প্রশান্ত মহাসাগরতীরে ; অতলান্তিকতীরে কোলোন ( Colon ) বন্দর। উভয় বন্দরের মধ্যে রেলপথ আছে। ...এখানকার বনজসম্পদ মূল্যবান ; কৃষিজাত কলা প্রধান রপ্তানি সামগ্রী। ...ইহারা প্রায় সকল বিষয়েই মার্কিন যুক্তরাষ্ট্রের উপর নির্ভরশীল। রাজ্যের মধ্য দিয়া পানামা খাল গিয়াছে ; এই অঞ্চলটি আন্তর্জাতিক এলাকা, পা. সরকারের কোনো হাত এখানে নাই। আসলে মার্কিনরাই খালের খবরদারী করে। পা. রাষ্ট্রের আ. ২৮,৫৭৫ ব মা। জন. ৮'০৫ লক্ষ ('৫০)। ৭ হইতে ১৫ বৎসর বয়স্কদের জন্য শিক্ষা আবশ্যিক। ১৯৩৫-এ ন্যাশনাল ইউনিভার্সিটি স্থাপিত হয়। রাষ্ট্রভাষা স্পেনীশ। তবে ইংরেজির চলও খুব বেশি। পানামার কোনো সৈন্যবাহিনী নাই।

**পানামা খাল** (Panama Canal) : ১৯০৪-১৪ সালের মধ্যে খাল নির্মিত হয়। এই অঞ্চলে একটি পাহাড় ও নদী আছে ; পাহাড় কাটিয়া গেইলার্ড কাট (Gaillard cut) ও চার্জেস নদীর মুখ বাঁধিয়া ( ২৪ মা ) জলাশয় করা হইয়াছে। খালের দুই দিকে লক ৮০ ফুট উচ্চ ; জলাশয়ে উঠিতে তিন ধাপে লক্ পার হইতে হয়। হ্রদের মধ্য দিয়া গিয়া পুনরায় জাহাজকে লক দিয়া নামিতে হয়। এই ভাবে প্রশান্ত ও অতলান্তিকের মধ্যে যাওয়া-আসা চলে। ...জলাশয় সমেত খালের দৈর্ঘ্য ৫০ মা ; জাহাজগুলি একই সময়ে যাওয়া-আসা করিতে পারে সেরূপ ব্যবস্থা ভালই আছে ; সময় ৭-৮ ঘণ্টা লাগে। ১৯৪৯-৫০-এ ৫,৪৪৮ জাহাজে ২৮'০১ মিলিয়ন লং টন মাল চলাচল করে। ...খাল কাটার খরচ ৩৩৬,৬৫০,০০০ ডলার। বার্ষিক টোল হইতে আয় ১ কোটি ৩৬ লক্ষ ডলার প্রাপ্য হয় মার্কিণ যুক্ত রাষ্ট্রের। পূর্বেকার সর্তানুসারে পানামা ২, ৫০, ০০০ ডলার ( ১৯৩৯ হইতে ৪,৩০,০০০ ) বৎসরে পাইয়া থাকে।

**পানামা কেনাল জোন** (Panama Canal Zone) : পানামা খালের দুই পার্শ্বে পাঁচ মাইল করিয়া স্থান লইয়া একটা পরিমণ্ডল মার্কিন যুক্তরাষ্ট্রের তত্ত্বাবধানে আছে। সমগ্র স্থানের আ. ৫৫৩ ব মা (জলভূমি ১৯১ ব মা) ; জন. প্রায় ৫০ হাজার ; ইহার মধ্যে প্রায় ২০ হাজার আমেরিকান।

**পানিপথ** (Panipat) : পূর্ব-পঞ্জাবের করনাল জেলার শহর ; দিল্লী-কালকা রেলপথের ( ন. রেল ) স্টেশন ( ৫৫ মা )। এখান হইতে শাখা রেল ঝিন্দ (৪৪ মা) পর্যন্ত গিয়াছে। যমুনা নদী অদূরে প্রবাহিত। ... বর্তমানে এখানে পঞ্জাবী উদ্‌বাস্তুদের বিরাট উপ-

নিবেশ গড়িয়া উঠিয়াছে। জন. ৫৪,৯৮১। সেন্ট্রাল ও প. ন্যাশ. ব্যাংক। আর্যাবর্তের মধ্যে প্রবেশ করিতে হইলে পঞ্জাব অতিক্রম করিয়া এই স্থান দিয়া প্রায় প্রত্যেক বিজয়ীকে আসিতে হইয়াছে। তাহার কারণ আছে; উত্তরে শিবালিক পর্বতমালা ও দক্ষিণে আরাবল্লী পর্বত ও থর মরুভূমি ভেদ করিয়া প্রাচীন-কালে সৈন্য বাহিনীর চলাচল সহজসাধ্য ছিল না। সেইজন্য যমুনার পশ্চিমে এই সংকীর্ণ শত মাইল সমতল ভূমি ভেদ করিয়া তাহাদের আসিতে হইত। যে রাজা বাহিরের আক্রমণকারীকে এইখানে বাধা দিতে পারিতেন তিনি ইন্দ্রপ্রস্থ, হস্তিনাপুর অথবা দিল্লীর সম্রাট হইতে পারিতেন। যুগে যুগে এই প্রান্তরেই ভারতের ভাগ্য নিয়ন্ত্রিত হইয়াছে। পানিপথের উত্তরে থানেশ্বর ও তিরৌরী; কুরুক্ষেত্রও এই এলাকার কাছাকাছি। ...পানিপথের প্রথম যুদ্ধ—ইব্রাহিম লোদী ও বাবরের সহিত ১৪২৬, এপ্রিল ২১; বাবর জয়ী হন।...২য় যুদ্ধ—হিমু বা বিক্রমাদিত্য ও অকবরের সেনাপতি বয়রাম খানের সহিত ১৫৫৬, নভেম্বর ৫ই যুদ্ধ হয়—অকবর জয়ী হন।...৩য় যুদ্ধ—মহারাষ্ট্রদের সহিত কাবুলের আহমদ শাহ আবদালি বা দুরানির যুদ্ধ হয় ১৭৬১, জানুয়ারী ৭ই। মহারাষ্ট্ররা পরাভূত হয়।

**পানিহাটি** (Panihati)ঃ ২৪ পরগনা জেলার বারাকপুর মহ.র খড়দহ থানার অন্তর্গত গঙ্গাতীরস্থ মিউনি-শহর; সোদপুর স্টেশনের (১° মা) নিকট। ... বর্তমান শহরতলী আগরপাড়া লইয়া পানিহাটি একটি বড় শিল্পনগর: কাপড়ের কল; রাসায়নিক প্রস্তুতের কারখানা; রবারের জিনিস-পত্র তৈয়ারির ফ্যাক্টরী; চীনামাটির বাসন তৈয়ারির কারখানা প্রভৃতি আছে। জন. ৪৯,৫১৪; ইহার মধ্যে উদ্বাস্তু ১৫,৯৮৩; হাজার-করা পুরুষে নারীর সংখ্যা ৬০২ মাত্র। ...শ্রীচৈতন্যের পার্ষদ রাঘব পণ্ডিতের পাট এই গ্রামে আছে বলিয়া ইহা বৈষ্ণবতীর্থ; শ্রীচৈতন্য ও নিত্যানন্দ এই গ্রামে আসিয়াছিলেন।

**পাপনাথ মন্দির** (Papnath)ঃ দ্র. পট্টডাকাল।

**পাপনাশম** (Papanasam)ঃ মদ্রাজ; তিরুনেলবেলি জেলার শহর। জন. ৮,৪৩৫। মদ্রাজের ৩য় জল-বিদ্যুৎ পরিকল্পনা; ১৯৩৮-এ সুরু হয়। তাম্রপর্ণী নদীর প্রপাত পাপনাশমের নিকট ৩০০ ফুট নিম্নে পড়িতেছে। এই জলপ্রপাত হইতে প্রচুর বিদ্যুৎ উৎপন্ন হইতেছে। পাইকারা হাই-ডেল-এর সহিত যুক্ত হইয়া দ. ভারতের বহু শহরে ও তিরু-কোচীন (কেরল) স্টেটের মধ্যে বিজলী শক্তি সরবরাহ করিতেছে।

**পাপুয়া** (Papua)ঃ প্রশান্ত মহাসাগরে নিরক্ষ রেখার দক্ষিণে অস্ট্রেলিয়া হইতে টোরেস প্রণালীর দ্বারা বিভক্ত দ্বীপের নাম নিউগিনী। এই বৃহৎ দ্বীপের আ. ৩,১২,৩২৯ ব মা। [ভারতের উত্তর প্রদেশ, বিহার ও মধ্য প্রদেশের সমবেত ক্ষেত্রফলের প্রায় সমান]। দ্বীপের পশ্চিমাংশ ওলন্দাজদের, পূর্বাংশ দুইভাগে বিভক্ত—পাপুয়া ও নিউগিনী টেরিটরী। ১৮৮৪ হইতে পাপুয়া অংশ ব্রিটিশদের আশ্রিত দেশ। ১৮৮৮ হইতে কলোনী। ১৯০৬-এ এই অংশ অস্ট্রেলিয়াকে প্রদত্ত হয়; এই অংশ ও কয়েকটি নিকটবর্তী দ্বীপপুঞ্জের আয়তন ৯০,৫৪০ ব মা অর্থাৎ জাপানের প্রধান দ্বীপাংশের সমান। বিদেশীর সংখ্যা ৪,৬৯১ ('৫৩)। দ্বীপে প্রবল বৃষ্টি হয় এবং তজ্জন্য বহু নদী আছে; একটি নদী প্রায় ৫০০ মা নাব্য। নারিকেল প্রধান উৎপন্ন সামগ্রী। (দ্র. নিউগিনী)।

১৯৫৪-তে নিউগিনীর পাপুয়া অংশের বিমান সার্ভে কালে একটি পর্বতবেষ্টিত বিশাল স্থানে বহু সহস্র আদিম পাপুয়ানদের উপনিবেশ দেখা যায়। সেখানে লোক চাষবাস করিয়া সুখে বাস করিতেছে; সভ্য মানুষ এতদিন ইহাদের খবর পায় নাই। বিমান-বিহারীরা এখানে নামিয়া অধিবাসীদের সহিত মিত্রতা করে। ইহারা ১২ হাজার ফুট উচ্চ পর্বত বেষ্টনীর অন্তরালে বাস করিতেছে বলিয়া এতকাল অজ্ঞাত ছিল।

**পাবনা** (Pabna)ঃ পূর্ব পাক.; রাজসাহী বিভাগের জেলা। উত্তরে বগুড়া, পশ্চিমে রাজসাহী জেলা, পূর্বে ব্রহ্মপুত্র, যমুনা ও ময়মনসিংহ এবং দক্ষিণে পদ্মা নদী ও কুষ্টিয়া এবং ফরিদপুর জেলা। পদ্মা ও যমুনা

ছাড়া করতোয়া, বড়াল, ইচ্ছামতী প্রভৃতি বহু নদী আছে; চলন বিল এককালে অতি বৃহৎ জলাশয় ছিল, ক্রমেই মজিয়া আসিতেছে। জেলার আয়তন ১,৮৩৬ ব মা; জন. ১৫,৮৮,০০০ ('৫১)। মহকুমা — পাবনা ও সিরাজগঞ্জ। পাবনা জেলায় রবীন্দ্রনাথের জমিদারী ছিল; তাঁহার সাহিত্যে এখানকার বহু গ্রাম ও শহরের উল্লেখ আছে।

—পাবনা শহর। ঈশ্বরদি হইতে মোটর পথে ১৮ মা। শহর ইচ্ছামতী নদীর উপর অবস্থিত, পদ্মা প্রায় দুই মাইল দক্ষিণে সরিয়া গিয়াছে। পাবনা গেঞ্জির কলের জন্য বিখ্যাত ছিল। ...এডোয়ার্ড কলেজ প্রথম শ্রেণীর কলেজ। টেকনিক্যাল স্কুল প্রভৃতি আছে। ... পাবনা শহর হইতে কিছুদূরে হিমাইতপুর গ্রামে অনুকূল ঠাকুরের সৎসঙ্গ আশ্রম ছিল; এখন দেওঘরে। পাবনার বহু গেঞ্জির কলও প. বঙ্গের নানাস্থানে উঠিয়া আসিয়াছে। ...ব্যাংক: ইউনাইটেড, সমবায়। ...ঢাকা হইতে নদীপথে উ.-পশ্চিমে ৭৬ মা।

**পাবা** (Paba): পূ. পাক.; রাজসাহী জেলা, সদর মহ.র থানা; আ. ১১৭ ব মা। রাজসাহীর অব্যবহিত উত্তরে গ্রাম।

**পাবাপুরী** (Pabapuri): গুজরাটি জৈনদের মতে ২৪শ তীর্থংকর মহাবীরের মৃত্যুস্থান (খ্রী. পূ. ৫৬৯)। বিহারশরীফ হইতে নওয়াদা যাইবার পথের পার্শ্বে এক পাবাপুরী আছে। অন্যমতে কুশিনগর হইতে ১২ মা উ.-পূর্বে গণ্ডকী নদীতীরে। আর এক মতে পাবা মল্লদের রাজধানী ছিল; সেই পাবা ছাপরা জেলার নিকটবর্তী কোন গ্রাম।

**পাম্‌পাস** (Pampas): দ. আমেরিকার আর্জেন্টাইনের তৃণপূর্ণ সমতল ক্ষেত্রের নাম। পূর্বাঞ্চলে পশুচারণ ভূমি।

**পামীর** (Pamirs): মধ্য এশিয়ার পার্বত্য মালভূমি। হিন্দুকুশ, হিমালয়, কুইনলুন ও থিএনশান পর্বতরাজির নাভিকেন্দ্র বলা হয়; গড় উচ্চতা ১৩,০০০ ফুট। এখানকার পর্বতসমূহ বহু উপত্যকা বা পামীর দ্বারা বিভক্ত। নদী উপত্যকা ছাড়া পর্বতগাত্র প্রায় বৃক্ষশূন্য। তবে গ্রীষ্মকালে তুষার গলিয়া গেলে প্রচুর তৃণ জন্মে ও দীর্ঘশৃঙ্গী মেষ বিচরণ করিতে আসে। উপত্যকায় খিরগীজদের বাস। এই অঞ্চল সোবিয়েত রুশ অন্তর্গত হওয়ায় এখানে নানা প্রকার বৈজ্ঞানিক গবেষণা চলিতেছে; তন্মধ্যে আবহতত্ত্ব গবেষণার জন্য যে মন্দির নির্মিত হইয়াছে, তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য। পামীরে রুশ, ভারত, আফগনিস্তান ও চীন রাজ্য চতুষ্টয় মিলিয়াছে। ১৮৯৫-এ ইঙ্গ-রুশীয় সন্ধির দ্বারা সীমানা নির্ধারিত হইয়া আছে।

পামীর, তাজিক সো. সো. রিপাবলিকের গোরনো বাদাকশান ওবলাস্ট অন্তর্গত। দেশীয় লোকে পমীরকে বলে বাম-ই-দুনিয়া (Roof of the world) স্তালিন গিরিশৃঙ্গ (২৪,৫৯০ ফুট) সোবিয়েতের মধ্যে উচ্চতম।

**পার্‌থ** (Perth): অস্ট্রেলিয়া; প. অস্ট্রেলিয়া (West Australia) রাজ্যের রাজধানী। ফ্রীমানটেল বন্দর হইতে ১২ মা অভ্যন্তরে অবস্থিত। ১৮২৯-এ স্থাপিত। বিশ্ববিদ্যালয় আছে। জন. ৩ লক্ষ ('৫০)।...স্কটলন্ডে এই নামের একটি পুরাতন শহর আছে।

**পারথিয়া** (Parthia): পারস্যের খুরাসান প্রদেশ ও কাস্পিয়ন হ্রদের দক্ষিণাংশের প্রাচীন নাম। পারস্য বিজিত হইলে পারদরা গ্রীকদের অধীনতা মানিয়া লয়, কিন্তু খ্রী. পূ. ২৫০-এ আরসিকি নামে নেতা স্বাধীন হইয়া সমগ্র পারস্য জয় করে। মিত্রদত্ত (Mithradates) নামে দুইজন রাজার সময়ে পারদদের শক্তি ইরাক পর্যন্ত বিস্তৃত হয়। ইহারা রোমানদের প্রগতি বন্ধ করে; জুলিয়াস সীজার-এর বন্ধু কন্সাল ক্রোসাস যুদ্ধে নিহত হন। পারদরা গ্রীক সভ্যতা ও সংস্কৃতির দ্বারা এতদূর প্রভাবান্বিত হইয়াছিল যে তাহারা গ্রীক্ নাট্যকারদের নাটক অভিনয়াদি উপভোগ করিতেন; ক্রোসাসের ছিন্নমুণ্ড যখন আনা হয় তখন সম্রাট গ্রীক-নাট্যের অভিনয় দেখিতেছিলেন। পারসিক ধর্মাদি বিষয়ে পারদদের অনুরাগি ছিলেন না বলিয়া মনে হয়। ...এক সময়ে ইহাদের সাম্রাজ্য সীমা ভারতকে স্পর্শ করে এবং গন্দফরাস (Gondophores) নামে এক পারদ রাজা ভারতের উ.-পশ্চিমে রাজত্ব করিতেন। বলিয়া জানা যায় (খ্রী. অব্দ ৬০)। ভারতে পারদগণ

পহ্লব নামেও পরিচিত ছিল।...পারদরা পারস্যে ৪৭৫ বৎসর রাজত্ব করে। ২২৬ খ্রী. অব্দে পার্থিয়ানরা নূতন পারসিক রাজবংশ ( সাসনীয় ) দ্বারা বিতাড়িত হয়।

**পারনামবুকো** ( Pernambuco : ব্রাজিল যুক্তরাষ্ট্রের স্টেট। ইহার রাজধানীর অপর নাম রেসীফে (Recife)। জন ৩'৫০ লক্ষ।

**পারম** (Perm) : সোবিয়েত রাশিয়ার শহর ; বর্তমান নাম মলোটোভ ( দ্র )।

**পারল হারবার** (Pearl Harbour) : হাওয়াই দ্বীপ-পুঞ্জের ওআহু দ্বীপের আমেরিকান নৌ ও বিমান ঘাঁটি হনলুলু হইতে ৬ মা উ.-পশ্চিমে। ১৯৪১, ৭ ডিসেম্বর যুদ্ধ ঘোষণা না করিয়া জাপানী বোমারু বিমান অকস্মাৎ মার্কিনী এই ঘাঁটির উপর হানা দিয়া বহু জাহাজ ধ্বংস করে। পর দিন ( ৮ই ) মার্কিন যুক্তরাষ্ট্র জাপানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এক বৎসরের মধ্যে হারবার মেরামতী হয়।

**পারলিস** (Perlis) : মালয় ফেডারেশনের অন্তর্গত ক্ষুদ্রতম রাজ্য ; শাসক মুসলমান সুলতান। এই রাজ্য থাইলন্ড রাজ্য সংলগ্ন। ১৮২১ পর্যন্ত কেদা রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। ১৮৪১-এ সিয়ামিরা ইহাকে পৃথক স্টেট করে। ১৯০৯-এ ব্রিটিশদের আশ্রিত রাজ্য হয়। ১৯৪৮-এ মালয় ফেডারেশনভুক্ত হয়। রবার, চাউল, টিন, নারিকেল প্রধান বিক্রেয় সামগ্রী। আ. ৩১৬ ব মা। জন. ৭০ হাজার, অধিকাংশই মালয়।

**পার-সাইবেরিয়ান রেলপথ** : দ্র. ট্রান্স-সাইবেরিয়ান রেলপথ।

**পারস্য** (Persia) : ইরান দেশের পূর্ব নাম ( দ্র. )। খ্রী. পূ. সহস্রাধিক বৎসর পূর্বে এই দেশে মীড্, পারসি প্রভৃতি আর্যভাষী জাতির নানা শাখা উপনিবেশ স্থাপন করে। খ্রী. পূ. ৭—৮ শতকে জরথুস্ট্র ইহাদের ধর্ম সংস্কার করেন। বাবিলনীয় অসুরীয় জাতিদের সংস্পর্শে আসিয়া মীড্‌গণ কথঞ্চিৎ সভ্য হয়। খ্রী. পূ. ৬৪০-এ মীড্‌গণ অসুরীয়দের হাত হইতে স্বাধীন হইয়া পারসিদের জয় করিয়া সাম্রাজ্য পত্তন করে। শতাব্দীকালের মধ্যে পারসিরাও শক্তিশালী হইয়া উঠে (৫৫৩ খ্রী. পূ.) নূতন রাজবংশের নাম অখামনীয়। এই বংশের খশরু পা. সাম্রাজ্যের স্থাপয়িতা। এই বংশের কয়ম্বস, দারায়ুস, জারক্সেসের রাজত্বকালে পা. সাম্রাজ্য সিন্ধুনদ হইতে মিশরও গ্রীস পর্যন্ত বিস্তার লাভ করে। খ্রী. পূ. ৩৩০-এ মকিদানের রাজা আলেকজেন্দার পারস্য সাম্রাজ্য জয় ও পারস্যের রাজধানী প্রভৃতি ধ্বংস করেন। আলেক.-র মৃত্যুর পর গ্রীকরা (৩২৩-১৭৫ খ্রী. পূ.) পারস্য ও পশ্চিম এশিয়ায় রাজত্ব করে। এই সময়ে গ্রীক প্রভাব সর্বত্র দেখা দিয়াছিল। ইহারা ১৭৫ খ্রী. পূ. হইতে ২০০ খ্রী.অ. পর্যন্ত রাজত্ব করে। ইহারা ইতিহাসে পার্সিয়ান নামেও খ্যাত। ইহার পর আর্দশির সাসনীয় বংশ প্রতিষ্ঠা করেন। এই বংশ আরবদের দ্বারা অধিকৃত হইবার পূর্ব পর্যন্ত রাজত্ব করে(২০০—৬৪১অব্দ) ...৬৪১-এ আরবের মুসলমানগণ পারস্য জয় করিলে লোকে ইসলাম ধর্ম গ্রহণ করে। বোগদাদ খালিফাদের রাজধানী হইলে পারসিকরাই সেখানে সর্বেসর্বা হইয়া উঠে। ৬৪১ হইতে ১২৫৮ পর্যন্ত ছয় শত বৎসর পারস্যের পৃথক ইতিহাস নাই, উহা আরব খলিফাদের ইতিহাস অন্তর্গত কাহিনী। তবে এই সময়ে পারসিক ভাষা নূতন ভাবে দেখা দিল ; নূতন পারসিক সাহিত্যের জন্ম হইল। ১২৫৮এ মংগোল সর্দার হুলাগু খাঁ পারস্য অধিকার ও বোগদাদ ধ্বংস করেন। ১৩৯৫-এ তৈমুরলঙ্গ প. এশিয়া আক্রমণ ও তাঁহার বংশধরগণ এদেশে রাজত্ব করেন। ইহাদের পর সাফবিদ বংশ ( ১৪৯৯—১৭৩৬)। এই বংশের শ্রেষ্ঠ সম্রাট শাহ আব্বাস ভারতের আকবর ও জাহাঙ্গীরের সমসাময়িক। এই বংশের শেষ রাজা দস্যুসর্দার নাদির শাহের হস্তে নিহত হন। ১৭৩৭ নাদির ভারত আক্রমণ ও লুণ্ঠন করে। নাদিরের মৃত্যুর পর অরাজকতা পর্বের শেষে কজর বংশীয়রা রাজা হন। শেষ শাহ ১৯২৫-এ রেজা শাহ পহ্লবী দ্বারা রাজ্যচ্যুত হন। ১৯ শতকে উত্তরে রুশ, দক্ষিণে ইংরেজ, পূর্বে আফগণ ও পশ্চিমে তুর্করা পারসিকদের নানাভাবে বিব্রত করে। বিশেষভাবে রুশ ও ইংরেজ অর্থনৈতিক দিক হইতে দেশকে প্রায় ভাগাভাগি করিয়া লয়। সোবিয়েত রুশের অভ্যুদয়ের পর তাহারা তাহাদের দাবী-দাওয়া ত্যাগ করে। পরবর্তী ইতিহাসের জন্য ইরান দ্রষ্টব্য।

**পারস্য** (Persia)

পারস্যের রাজবংশ :—

অথামনিয় খ্রী. পূ. ৫৫৯—৩৩১

আলেকজেন্দার ও সেল্যুকিদগণ } খ্রী. পূ. ৩২৩—১২৯

আরাদির্কিদ বা পহ্লব } খ্রী. পূ. ২৪৯—খ্রী. অ. ২২৬

সাসানীয় খ্রী. অ. ২২৬—৬৫১

[ আরব মুসলমানদের দ্বারা বিজিত ]

দামাসকাসের খলিফাধীন ৬৬১—৭৫০

বোগদাদের খলিফাধীন ৭৫০—১২৫৮

মংগল ইলখানরা ১২৫৬—১৩৪৯ [ নানা বংশ নানাস্থানে রাজা।

তৈমুরলঙ ও বংশধরগণ ১৩৬৯—১৫০০

সাফাবিদ বংশ ১৫০১—১৭৩৬। আফগানবংশ ১৭২২—২৯

নাদিরশাহ ১৭৩৬—৪৭। জন্দবংশ১৭৫০—৯৪

কাজারবংশ ১৭৯৪—১৯২৬

পেহ্লবীবংশ ১৯২৬ হইতে বর্তমান।

**পারা** ( Para ) : ব্রাজিল যুক্ত রাজ্যের স্টেট ও নদী, প্রধান শহরের নাম বেলেম (দ্র.) বা পারা।

**পারাগুয়ে** (Paraguay ) : দক্ষিণ আমেরিকার রিপাবলিক। উপকূলহীন দেশ। উত্তরে ও পূর্বে ব্রাজিল, দক্ষিণে আর্জেন্টাইন, ও পশ্চিমে বলিভিয়া। পারানা, পারাগুয়ে ও পিলকোমাইও নদীত্রয় দেশের পূর্বে, মধ্যে ও পশ্চিমে প্রবাহিত। আ. ৬২,০০০ ব মা; জন. ১৩'০৪ লক্ষ। এই দেশ ১৫২৬-এ ক্যাবট আবিষ্কার করেন। ১৫৩৫-এ স্পেনীশদের দ্বারা অধিকৃত হয়। ১৮১১-এ স্পেনের শাসন হইতে মুক্ত হইয়া দীর্ঘকাল ডিক্‌টেটরী শাসন চালু থাকে। ১৮৪৪ হইতে প্রেসিডেন্ট নির্বাচনপ্রথা প্রবর্তিত হয়। ১৮৬৪-৭০ সীমান্ত লইয়া ব্রাজিলের সহিত যুদ্ধ চলে। এই যুদ্ধে ৫ লক্ষ লোক মারা যায়; ১৮৭৫-এ অবশিষ্ট ২'৫০ লক্ষ লোকের মধ্যে পুরুষ ছিল মাত্র ৩০ হাজার। বলিভিয়ার সহিতও 'গ্রান চাকো' নামে উপত্যকার স্বামীত্ব লইয়া যুদ্ধ হয়; ১৯৩৪-এ পারাগুয়েই উহার অধিকাংশ পায়। দুই দেশের এই যুদ্ধের রসদপত্র ও যুদ্ধোপকরণ আমেরিকার একটি কোম্পানি নিরপেক্ষভাবে উভয়কে সরবরাহ করিয়াছিল।...দেশ সমতল, উর্বর; পশুপালনের উপযোগী জমি বিস্তর।... রাষ্ট্রভাষা স্পেনীশ; গুরানী নামে রেড ইন্‌ডিয়ান ভাষাও চালু আছে। বাসিন্দাদের মধ্যে স্পেনীশ, পোর্তুগীজ, ইতালীয়ান, স্থানীয় রেড ইন্‌ডিয়ান ও সংকরবর্ণ অধিক। রাজধানী আসানশন (Asuncion)

**পারামারিবো** ( Paramaribo ) : দ. আমেরিকায় ডাচ্ গিয়েনা বা সুরিনামের রাজধানী, সুরিনাম নদীতীরে, সমুদ্র হইতে ১৩ মা অভ্যন্তরে অবস্থিত। কোকো, কফি, কমলালেবু, চিনি, রম্ মদ্, কাঠ, বক্সাইট ও স্বর্ণ রপ্তানি হয়। জন. ৮৩ হা.।

**পারিস** (Paris) : ফ্রান্‌সের রাজধানী; সাইন নদীর উভয় তীরে। জন. ২৭'২৫ লক্ষ ('৪৬)। ...৫০৮ খ্রী.অ. এইখানে রাজধানী স্থাপিত হয়, ও সেই হইতে পারিস ফ্রান্সের রাজধানী আছে; কেবল ২য় মহাযুদ্ধের সময় কয়েক বৎসর ভিচিতে (Vichey) রাজধানী পরিবর্তিত হয়। পারিস অতি সৌখীন ও সুন্দর নগর; বহু দর্শনীয় স্থান ও প্রতিষ্ঠান আছে। সোরবোন বিশ্ববিদ্যালয়, মিউজে গিমে (Guimet), বিব্‌লিওথেক ন্যাশনালে বা জাতীয় গ্রন্থাগার, ল্যুভের যাদুঘর, ঈফেল তোরণ, নোত্‌রেডাম ক্যাথিড্রেল প্রভৃতি অসংখ্য স্থান দর্শনীয়। কয়েক মাইল দূরে ভার্সাই নগর, বুরবন রাজবংশের প্রাসাদ।...পারিসে বহু আন্তর্জাতিক সভা ও সন্ধি-বৈঠক বসিয়াছে :—(১) ১৭৬৩ সপ্তবর্ষী যুদ্ধ (Seven years' war)-এর অবসানে ইংলন্ড, ফ্রান্‌স ও স্পেনের মধ্যে সন্ধি হয়; এই সন্ধি-সর্তানুসারে কানাডা ও ভারতে ফরাসী অধিকৃত স্থানগুলি ইংরেজ পাইয়াছিল। (২) নেপোলিয়নের রাজ্য ত্যাগের পর (১৮১৪, মে) মিত্রশক্তির মধ্যে সন্ধি হয়। (৩) নেপোলিয়নের পতনের পর (১৮১৫) আন্তর্জাতিক সন্ধি হয়। (৪) ক্রিমিয়ান যুদ্ধের পর এখানে রুশিয়া, তুর্কী, ইতালি মিলিত হইয়া সন্ধি করে। (৫) স্পেনীশ-আমেরিকান যুদ্ধের পর ১৮৯৮ ডিসেম্বরে সন্ধি হয়। (৬) ১ম মহাযুদ্ধের পর ভার্সাই-তে সন্ধিপত্র রচিত হয় (১৯২১)।

**পারুর** (Parur, Paravur) : তিরু-কোচিন (কেরল)

ইউনিয়নের শহর। পেরিয়ার নদীতীরের মোহনায়, কোট্টায়াম হইতে ৪৫ মা উ.-পশ্চিমে। নারিকেল ছোবড়জাত দড়ি ও নানা সামগ্রী, নারিকেল শাঁস ( copra ) প্রভৃতির ব্যবসায়ের কেন্দ্র। পূর্বে তিরুবঙ্কুড় রাজ্যের অন্তর্গত ছিল। জন. ১৮,২১৪। ৯টি ব্যাংক।

**পারেল** ( Parel ) : বোম্বাই নগরীর অংশ। এখানে হাফ্‌কিন ( Haffkine ) ইনস্টিটিউট আছে। এই বীক্ষণাগারে প্লেগ ও অন্যান্য ব্যাধির ভ্যাকসিন প্রস্তুত হয়। ১৯০০ অব্দে স্থাপিত।

**পারোলা** ( Parola ) : বোম্বাই, পূর্ব খানদেশ জেলার তালুক ও মিউনি. শহর। মহসাবাদ স্টে. ( ভুষাবল হইতে ২৮ মা ) হইতে মোটর পথে ২২ মা দূরে শহর। জলগাঁও হইতে ৩১ মা। জন. ১৫,৬০৫। সমবায় ব্যাংক।

**পার্বতী নদী** ( Parvati river) : মধ্যভারত অঞ্চলের। নদী; ভোপালের অষ্ট শহরের ১৯ মা দ.-পশ্চিমে বিন্ধ্যপর্বতে উঠিয়া উত্তরে প্রায় ২১৫ মা মধ্যভারত ইউনিয়ন ও রাজস্থানের মধ্য দিয়া গিয়া সায়োই-মাধো-পুরের দক্ষিণে চম্বল নদীতে পড়িতেছে। মধ্যপথে আতরু ( Atru )র নিকট জলসেচের খাল আছে।

**পার্বতীপুর** (Parvatipur) : পূর্ব পাক; দিনাজপুর জেলার সদর মহ.র থানা। শহর (জন. ৬,৫২১ ) ঈ. বি রেলের বড় জংশন। কলিকাতা (শিয়ালদহ) হইতে ২২৩ মা। কানপুর-কাটিহার-আমিনগাঁও মিটার রেলপথ এখান দিয়া গিয়াছে। দর্শনা হইতে পা. ১৭৯ মা। পা. হইতে দিনাজপুর হইয়া কাঞ্চন জং ৩০ মা। পা. হইতে লাল-মনির হাট ৪৫ মা। এগুলি পাকিস্তানের সীমান্ত স্টেশন।

**পার্বতীপুরম** (Parvatipuram) : অন্ধ্র রাজ্য; বিশাখা-পটনম জেলার তালুক ও শহর; বিশাখা.-রায়পুর রেলপথের স্টে. (৮৮ মা)। ব্যবসায় কেন্দ্র। জঙ্গল মহল হইতে শাল, সেগুন, বাঁশ, ট্যানিং-এর জন্য গাছের ছাল প্রভৃতি আসে। জন. ২১,০১০। অন্ধ্র ব্যাংক।

**পার্বত্য চট্টগ্রাম** : দ্র. চট্টগ্রাম, পার্বত্য জেলা।

**পার্বত্য ত্রিপুরা** : দ্র. ত্রিপুরা।

**পালই** ( Palai ) : তিরু-কোচীন ( কেরল ) ইউনিয়নের শহর। জন. ১৩,৪২১। কয়েকটি দক্ষিণ দেশীয় ব্যাংক ও সেণ্ট্রাল ব্যাংক আছে।

**পালওয়াল** ( Palwal ) : পূ. পঞ্জাব; গুরগাঁও জেলার তালুক ও শহর। দিল্লী-মথুরা রেলপথের স্টে. (৩৭ মা)। জন. ১৩,৯১৫। প. ন্যাশনাল ব্যাংক।

**পালং** ( Palang ) : পূ. পাক; ফরিদপুর জেলা, মাদারি-পুর মহ.র থানা। আ. ৬৪ ব মা। মা. হইতে তার-পাশার স্টীমার পথে পালং শহর। পৌঁছাইতে ৮।৯ ঘণ্ট সময় লাগে। বারভুঁইয়া চাঁদরায় ও কেদার রায়ের সময়ে এই অঞ্চলের উন্নতির সূত্রপাত হইয়াছিল। এই স্থানের চারিপার্শ্বে এককালে বহু হিন্দু গ্রাম ও সংস্কৃত চর্চার চতুষ্পাটি, টোল ছিল। কুরাশী, দেভোগে, মাঝিসার, ধানুকা প্রভৃতি গ্রাম বিখ্যাত ছিল। ⋯এখানে স্কুল, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭২ ) আছে।

**পালকোল্লু** (Palakol; Palakollu) : অন্ধ্র রাজ্য; পূর্ব গোদাবরী জেলার শহর। জন. ২২,৯৮৩। নিডাডাবুলু-নরসপুর রেলপথের (৪৮মা.) স্টেশন (৪২ মা)।⋯অন্ধ্র ও স্টেট ব্যাংক। গোদাবরী খাল নিকট দিয়া প্রবাহিত।

**পালঘর** ( Palghar ) : বোম্বাই; থানা জেলার তালুক ও শহর; বো.-সুরাট রেলপথের স্টে. (৫৪ মা)। জন. ৭,১৬৮। সমবায় ব্যাংক।

**পালঘাট** ( Palghat ) : মদ্রাজ ( বর্তমানে কেরল ); মালাবার জেলার তালুক ও শহর। মদ্রাজ-মঙ্গলুর রেলপথের ওলবক্কোট ( Olavakkot ) জং. ( ৩৩৩ মা ) হইতে শাখা লাইনের শেষে পালঘাট শহর ( ৩ মা ); নীলগিরি পর্বতের গিরিপথে অবস্থিত বলিয়া বিশিষ্ট ব্যবসায় কেন্দ্র। জন. ৬৯,৪৯৫। ১২টি দক্ষিণী ব্যাংক। পালঘাট গিরিপথ ( P.Gap) দিয়া মদ্রাজের সমতল হইতে মালাবারের সমতলে যাইবার একমাত্র পথ।

**পালটবা** ( Pltava ) : সোবিয়েত ইউক্রেইন-এর শহর। জন. প্রায় দেড় লক্ষ; বহু কৃষিজাত শিল্পের কেন্দ্র। শহর হইতে ৩ মা দূরে এক যুদ্ধে (১৭০৯, জুলাই ৯ ) রুশের সম্রাট পিটার সুইডেনের সৈন্যবাহিনীকে পরাভূত করেন। রুশ হইতে সুইডিশদের শক্তি অন্তর্হিত ও দক্ষিণ-রুশে জারের প্রভুত্ব প্রতিষ্ঠিত হয়।

**পালদেও** ( Paldeo ) : পূর্বতন মধ্যভারত-বুন্দেলখণ্ড এজেন্সির জাইগীর রাজ্য। আ. ৫২ ব মা; জন. ৯,৮২০

('৫১)। প্রধান শহর নয়াগাঁও। ...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১০,৪০০ টাকা ভাতা দেওয়া হয়। বিন্ধ্যপ্রদেশ ভুক্ত হয়, বর্তমানে মধ্যপ্রদেশ অন্তর্গত।

**পালনপুর** (Palanpur) : পূর্বতন রাজপুতানার অন্তর্গত করদরাজ্য। বর্তমানে বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের বনসকণ্ঠ জেলার তালুক। পালনপুর করদ-রাজ্যের মুসলমান নবাব আফগান বংশীয়; ১৪ শতকে এই রাজ্য স্থাপিত হয়। ১৮১৭ হইতে ইংরেজদের সহিত মিত্রতাসূত্রে আবদ্ধ। রাজ্যের আয়তন ছিল ১,৭৯৪ ব মা। জন. ৩'১৬ লক্ষ। রাজ্যের আয় ১৯'৩৪ লক্ষ টাকা। নবাব ১৯ তোপের সম্মানাধিকারী ছিলেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২,৭৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়।

**পালনপুর** (Palanpur) : বোম্বাই; বসনকণ্ঠ জেলার তালুক ও শহর (জন. ২২,৬২৯)। আ. ৫৩১ ব মা; জন. ১,৩১,৯৯৪; ঘনতা ২৪৬। দিল্লী-অজমের-পালনপুর (৪৫৬)-দীসা-গান্ধীধাম হইয়া কান্দলা বন্দর পর্যন্ত রেলপথ (১৯৩ মা) গিয়াছে। বোম্বাই হইতে পালনপুর ৩৬৯ মা; অহমদাবাদ ৮৩ মা। ব্যা. অব ইন্‌ডিয়া; সমবায় ব্যাংক।

**পালনি** (Palni) : মদ্রাজ; মাদুরাই জেলার তালুক ও শহর। কোয়াম্বতুর-ডিনডিগুল রেলপথের স্টে. (৬৮ মা)। পালনি পাহাড় হইতে একটি নদী নামিয়া শহরের দক্ষিণ দিয়া গিয়াছে। এই পর্বতের শিবমন্দির প্রসিদ্ধ। এখানে যেসব স্ত্রীলোক তীর্থ করিতে যায় তাহাদের মাথা কামাইতে হয়; সেই সব চুল কয়েক হাজার টাকায় কন্‌ট্রাকটাররা লইয়া যায়। জন. ৩১,৪১২। লক্ষ্মীবিলাস ও পাণ্ড্যন ব্যাংক।

**পালমকোট্টা** (Palamcottah) : মদ্রাজ; তিরুনেল-বেলী জেলার শহর; তাম্রপর্ণী নদীতীরে তিরু-হইতে ৩ মা-এর মধ্যে অবস্থিত; পূর্বে জেলার সদর ছিল। তিরু.-তিরুচেন্দুর রেলপথের স্টে. (৩ মা)। এখান হইতে মোটরপথে কুমারিকা অন্তরীপ ৫০ মা। ... জন. প্রায় ৪০ হা.। ...খ্রীষ্টান মিশনারীদের বিশিষ্ট কেন্দ্র। তালগুড়ের বাজার বিখ্যাত। পাণ্ড্যন ব্যাঙ্ক।

**পাল লহরা** (Pal Lahara) : পূর্বতন স্টে. স্টেটস এজেন্সির করদরাজ্য। আ. ৪৫০ ব মা; জন. ৩৪,১৩০ ('৪১)। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২৫,০০০ টাকা ভাতা প্রদত্ত হয়। ...বর্তমানে এই রাজ্য ওড়িশার ঢেঙকানাল জেলার মহকুমা। আ. ৪৫০ ব মা; জন. ৪০,৭৯৯। ২ থানা। —থানার আ. ২৬২ ব মা; জন ২৩,৪৪০। গ্রাম ১৬৪। —শহর, ঢেঙ. হইতে ৬০ মা উ.-পশ্চিমে।

**পালাম** (Palam) : দিল্লীর বিমান-বন্দর। দিল্লী-রেওয়ারি রেলপথের স্টে. ১১ মা। জন. ৪,৬৭২। প. ন্যাশ. ও হিমালয় ব্যাংক।

**পালামৌ, পালামু** (Palamau) : বিহার; ছোটনাগপুর বিভাগের জেলা। উ.—সাহাবাদ ও গয়া জেলা; প.—উত্তর প্রদেশের মির্জাপুর জেলা ও মধ্যপ্রদেশের সরগুজা; দ.—রাঁচি ও পূর্ব হাজারিবাগ। পালামৌর দক্ষিণাংশ পার্বত্য; কোয়েল নদী শোন নদে পড়িতেছে। জঙ্গল অঞ্চলে লাক্ষাদির চাষ হয়। লৌহ, কয়লা, চুনাপাথর খনিজ সম্পদ। ...আ. ৪,৯২১ ব মা; জন. ৯,৮৫,৭৬৭। ১৯০১-এ ৬'২১ লক্ষ ছিল। ...গ্রাম ও শহর ৩,২০২ (শ. ৩)। হিন্দু ৮'৭২ লক্ষ; মুসলমান ৯৭ হা। ঘনতা ১৯৪১-এ ৩৩৩; ১৯৫১ এ ৩৩০। ... জেলার ২ মহকুমা: পালামৌ (ডালটনগঞ্জ) ও লতেহর। ...সদর শহর ডালটনগঞ্জ কোয়েল নদী-তীরে। পালামৌ ক্ষুদ্র শহর; এখানে পুরাতন কেল্লা আছে। জেলার মধ্য দিয়া গোমো-বরকাকানা রেলপথ গিয়াছে; ডেহরী (গ্রান্ড কর্ড রেল) হইতে রেলপথ আছে। জপলার সিমেন্ট কারখানা বিখ্যাত।

**পালার নদী** (Palar river) : মদ্রাজের নদী (২৩০ মা দীর্ঘ)। উত্তর আরকট ও চেঙ্গলপেট জেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়া বঙ্গোপসাগরে পড়িতেছে।

**পালারমো** (Palermo) : সিসিলি দ্বীপের রাজধানী। জন. ৫ লক্ষ। এই প্রাচীন নগর ফিনিকদের দ্বারা স্থাপিত হয়; পরে কার্থেজীয়দের অধিকারভুক্ত হয়। ১২ শতকের নর্মান যুগের ইমারতে ইসলাম-আরবের প্রভাব দেখা যায়। এইখানে যুগে যুগে বহুবার যুদ্ধ হইয়া গিয়াছে। ২য় মহাযুদ্ধের সময় শহরের কিছু ক্ষতি হয়।

**পালি** ( Pali ) : রাজস্থান ইউনিয়নের জেলা; পূর্বে জোধপুর রাজ্যের অন্তর্গত ছিল। রাজস্থানের শুষ্ক পরিমণ্ডলের দ.-পূর্ব দিকে আরাবল্লী পর্বতের উ.-পশ্চিমে অবস্থিত। আ. ৪,৭৫১ ব মা। জন. ৬,৬০,,৮৫৬। গ্রাম ৮৪৩; শ. ১০। ঘনতা ১৩৯। —শহর, মাড়োয়াড়-লুনি রেলপথের স্টেশন। জন. ২৪,১০০। বিকানীর ও জোধপুর কমার্স ব্যাংক।

**পালিতানা** (Palitana) : সৌরাষ্ট্র ইউনিয়নের অন্তর্গত (বর্তমানে বোম্বাই রাজ্য) ভূতপূর্ব কাঠিয়াবাড়ের করদরাজ্য। আ. ৩০০ ব মা। জন. ৭৬,৪৩২ ('৪১)। রাজার উপাধি ঠাকুর-সাহেব। ইনি ১১ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ১,৮০,০০০ টাকা ভাতা পান। ভাবনগর-সুরেন্দ্রনগর রেলপথের সিহোর জং. ( ১৩ মা ) হইতে শাখা লাইনের শেষ স্টে. পালিতানা ( ১৮ মা. )। অশ্ব-আবাদের বিশিষ্ট কেন্দ্র ছিল। জন. ২৪,০৯৭। সৌ. স্টেট ব্যাংক।...শহরের দেড় মাইল দূরে শত্রুঞ্জয় পর্বত; এখানে ৮৬৩টি জৈন মন্দির আছে; সেগুলি অতি পরিচ্ছন্ন ও নিভৃত; অন্যান্য দেবস্থানের মত জনতা ও কোলাহল নাই। কতকগুলি মন্দির ১১ শতকে নির্মিত। মুসলিম অসহিষ্ণুতায় দীর্ঘকাল ইহারা দুঃখ ভোগ করিলেও আপনার বৈশিষ্ট্য বজায় রাখে। ১৬ শতকে ইসলামী উগ্রতা শমিত হইলে জৈনরা মন্দিরাদি নির্মাণে মন দিতে পারে।

**পালেজা ঘাট** (Paleza Ghat) : পাটনা-দিঘাঘাটের অপর পারে গঙ্গাতীরস্থ ঘাট-স্টেশন। মোকামা ঘাটের অপর পারে সেমেরিয়া ঘাট-স্টেশন হইতে পালেজাঘাট ১১৩ মা। শোনপুর জংশন হইতে ৫ মা।

**পালেমবং** (Palembong) : ইন্দোনেশিয়ান রিপাবলিকের অন্তর্গত সুমাত্রা দ্বীপের বৃহত্তম নগর। প্রাচীন কালে হিন্দু সংস্কৃতির বিশিষ্ট কেন্দ্র ছিল। চীন পরিব্রাজক ইৎ-সিং পালেমবঙে আসিয়া সংস্কৃত শিক্ষা করেন ও দেশে ফিরিয়া যাইবার পূর্বে দীর্ঘকাল এই নগরে থাকিয়া বহু সংস্কৃত গ্রন্থ স্থানীয় পণ্ডিতদের সহায়তায় অনুবাদ করেন। ৮ম শতকে শ্রীবিজয় সাম্রাজ্যের রাজধানী।...১৬১৭ হইতে ওলন্দাজরা এখানে বাণিজ্য আরম্ভ করে।...জন. ১০৮,১৪৫। মুসি নদীর বন্দর। জাকর্তা হইতে সমুদ্র পথে ২৬০ মা। বহুপ্রকার শিল্পের, পেট্রোল-সাফাই ও বহুবিধ পে. জাত সামগ্রী প্রস্তুত কেন্দ্র। রবার, কাঠ, কফি, চা, ধুনা, মশলা, সিনকোনা, বেত প্রভৃতি রপ্তানি হয়।

**পাঁশকুড়া** (Panchkura) : মেদিনীপুর জেলা; তমলুক মহ.র থানা। আ. ১৫৫ ব মা; জন. ১,৭৬,৪০৫; ঘ. ১,১৪০। ভূমি উর্বর; কাঁসাই নদী ও মেদিনীপুর কাটা-খাল হইতে জলসেচনের ব্যবস্থা উত্তম। থানার পূর্বে রূপনারায়ণ নদী ও কোলাঘাট; কোলাঘাট হইতে মেদিনীপুর খাল বাহির হইয়াছে। পাঁশকুড়ার মৌজা-নাম দক্ষিণ গোপালপুর। ( জন. ১,০৫২ )। কলিকাতা-খড়গপুর রেলপথের স্টেশন (৪৪ মা)। এখান হইতে তমলুক পর্যন্ত বাস সার্ভিস ( ১৬ মা ) আছে। জেলার বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র ও সমৃদ্ধ স্থান। বহুবিধ তরি-তরকারি নিত্য কলিকাতা, জামসেদপুর প্রভৃতি স্থানে রপ্তানি হয়।...ডাকবাংলা, চিকিৎসালয়, স্কুল, বালিকা বিদ্যালয়, বয়ন-বিদ্যালয়, রেজি. অপিস, ডাকঘর, টেলিগ্রাফ অফিস প্রভৃতি আছে।

**পাসরুর** (Pasrur) : পাক-পঞ্জাব; সিয়ালকোট জেলার তহশীল ও শহর। সিয়া.-নরওয়াল ( ৯৬ ) রেলপথের স্টেশন ২১ মা। জন. ১০,৫২৩। বহুবিধ শিল্পের কেন্দ্র।

**পাসিঘাট** (Pasighat) : আসাম; নে-ফা-র অন্তর্গত সিয়াং সীমান্ত বিভাগের শহর, দিহং নদীতীরে আবর পাহাড়ের পাদদেশে, সদিয়া হইতে ২৫ মা উ.-পশ্চিমে। মোহনবাড়ি (দ্র.) হইতে বিমান সার্বিস ১৫ মা। পাসিঘাট ব্রহ্মপুত্রের প্লাবনে প্রায় ধ্বংস হইয়া আসিয়াছে (১৯৫৬)। সে জন্য শহর মিরজা পাহাড়ে স্থানান্তরিত করা হইতেছে।

**পাহং** (Pahang) : মালয় ফেডারেশনের অন্তর্গত রাজ্য; চীন সাগরতীরে অবস্থিত; উপকূল ভাগ ১৩০ মা। রাজ্যের একাংশ পার্বত্য। পর্যাপ্ত বনসম্পদপূর্ণ ও বহু নদীধৌত দেশ। টিন, সীসা, স্বর্ণ প্রধান খনিজ। রাজ্যের আ. ১৩,৮২০ ব মা। জন. ২·৫০ লক্ষ ('৪৭)। মুসলমান সুলতান শাসক। অধিবাসীরা প্রধানত

মালয় ও চীনা। বহু সহস্র ভারতীয় আছে।... রাজধানী– কুয়ালা-লিপিস (Kuala-lipis)।

**পাহাড়তলী** (Pahartali) : পূ. পাক. ; চট্টগ্রামের ৩ মা উত্তরে রেল স্টেশন ; লাকসাম হইতে ৭৮ মা। এখানে পূর্ববঙ্গ রেলওয়ের কারখানা আছে।

**পাহাড়পুর** (Paharpur) : পূ.-পাক. ; রাজসাহী জেলার গ্রাম। কলিকাতা হইতে বগুড়া জেলার অন্তর্গত (ঈ. বি. রেল) জামালগঞ্জ স্টেশন (১৯০ মা) হইতে ৩ মা পশ্চিমে। এইখানে বাংলার পাল রাজাদের সময়ে ৭-১২ শতকের মধ্যে এক বিশাল ধর্মায়তন নির্মিত হয়। ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগ এই স্থানের ৮০ ফুট উচ্চ এক ইষ্টকময় স্তূপ খনন করিয়া 'সোমপুর ধর্মশালা বিহার' আবিষ্কার করেন। মহাস্থানগড় বা প্রাচীন পৌণ্ড্রবর্ধন ও বাণগড় বা প্রাচীন কোটিবর্ষ হইতে যথাক্রমে উত্তর-পশ্চিমে ও দক্ষিণ-পূর্বে ৩০ মা দূরে এই বিরাট বিহার ও সঙ্ঘারাম অবস্থিত। মহানগরীর কোলাহল হইতে দূরে শান্ত পরিবেশের মধ্যে বিহার নির্মিত হইয়াছিল বলিয়া অনুমান হয়।...পাহাড়পুরের প্রধান স্তূপের মন্দিরের গঠনরীতির সহিত যবদ্বীপের বরবুধর ও কাম্বোজের অংকোরবটাদি স্থাপত্যরীতির আশ্চর্য মিল দেখা যায়। প্রধান মন্দির বা বিহার ঘিরিয়া সমচতুর্ভুজ সঙ্ঘারামটি অবস্থিত ; সঙ্ঘারামের প্রত্যেকটি ভুজ ৮১২ ফুট লম্বা। ইহাতে সারিসারি ১৮৯ কুঠুরি ও প্রবেশমুখে একটি বড় দালান আছে। কুঠুরিগুলির সম্মুখ দিয়া ৮৯ ফুট বারান্দা ঘুরিয়া গিয়াছে। এই ঘরগুলির মধ্যে ৯২টিতে উচ্চ পূজার বেদী আছে।...মহাবিহারের পাদমূলে চারিদিকে প্রস্তর গাত্রে উৎকীর্ণ ৬৩টি অপূর্ব মূর্তি পাওয়া গিয়াছে। ...বিহারের অদূরে নদী ছিল ; নদীতীরে ঘাট ও তৎসংলগ্ন মন্দিরের প্রবেশপথেও নানা স্থানে পঞ্চতন্ত্র: হিতোপদেশবর্ণিত গল্প খোদিত আছে। ইতস্তত বহু হিন্দু দেবদেবীর মূর্তিও পাওয়া গিয়াছে। সে সব মূর্তি ভাস্কর্যের অনুপম নিদর্শন। নিকটে জৈন মন্দিরও ছিল। ...এখানকার পোড়ামাটির মূর্তিগুলির মধ্যে বাংলার জীবজন্তুর মূর্তিই অধিক।

**পাহরা** (Pahra) : পূর্বতন মধ্যভারত-বুন্দেলখণ্ড এজেন্সির জায়গীর ; ইহাকে পাহরী বাঁকা বলিত। ঝাঁসী জেলার নিকটে। আ. ২৭ ব মা ; জন. ৪,০৭২ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫,৩০০ টাকা ভাতা দেওয়া হয়। বিন্ধ্যপ্রদেশ অন্তর্ভুক্ত, বর্তমানে মধ্যপ্রদেশ।

**পিংগলা** (Pingla) : মেদিনীপুর জেলার থানা। আ. ৮৭ ব মা ; জন. ৫০, ৩৬৩ ; ঘনতা ৫৮৪।...গ্রাম— বালিচক স্টেশন হইতে দক্ষিণে সবং পর্যন্ত যে রাস্তা গিয়াছে তাহার পূর্বদিকে।

**পিট্‌সবার্গ** (Pittsburg) : মার্কিন যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া স্টেটের শিল্পনগর ; যুক্তরাষ্ট্রের স্টীল করপোরেশনের কেন্দ্র ; লৌহ-ইস্পাত প্রস্তুতের অন্যতম প্রধান স্থান ; এই অঞ্চলে কয়লা, স্বাভাবিক গ্যাস, পেট্রোলিয়াম প্রভৃতি পাওয়া যায় বলিয়া ইস্পাত ছাড়াও বহু প্রকার শিল্পের কারখানা হইয়াছে। জন. ৬·৭৩ লক্ষ।

**পিটারমারিৎজবুর্গ** (Pietermaritzburg) : দক্ষিণ আফ্রিকা ইউনিয়নের নাটাল প্রদেশের রাজধানী। ১৮৩৮-এ ডাচ্-বুয়রদের দ্বারা স্থাপিত। ডারবান বন্দর হইতে ৪৫ মা উ.-পশ্চিমে অবস্থিত। নাটাল বিশ্ববিদ্যালয়ের কলেজ, মিউজিয়াম প্রভৃতি আছে। জন. ৬০ হা. [শ্বেতাঙ্গ ২৮ হা., অবশিষ্ট আফ্রিকান ও অন্যান্য]।

**পিন্ড-দাদন-খান** (Pind-Dadan-Khan) : পাক-পঞ্জাব ; ঝিলাম জেলার তহশীল। শহর (জন. ১১,৪৪৫) খুশব-মালাকবাল (৬০ মা) শাখা রেলের স্টেশন (৪৮ মা)। ঝিলাম হইতে ৪৫ মা দ.-পশ্চিমে শিল্প শহর। এখান হইতে লবণ পাহাড়ের নানা স্থানে ভ্রমণ করিতে যাওয়া যায়।

**পিন্‌ডাস** (Pindus) : গ্রীসের উত্তরে থেসালি (Thessaly) ও অলবানিয়া (Albania)-র মধ্যবর্তী পর্বতমালা ; উচ্চতম শিখর ৮,০৩০ ফুট।

**পিন্‌ডিগেব** (Pindi-gheb) : পাক-পঞ্জাব ; আটোক জেলার তহশীল। শহর (জন. ১২,৬৪১) কাম্পবেলপুর হইতে ৩৬ মা দ.-পশ্চিমে। শস্য ও অশ্ববিক্রয় কেন্দ্র।

**পিন্‌মনা** (Pyinmana) : বর্মারাজ্যের মান্দালয়

বিভাগের ইয়ামেথিন (Yamethin) : জেলার শহর ও জংশন, রেংগুন হইতে ২২৫ মা উত্তরে। জংশন হইতে একটি রেলশাখা চিয়াকপাদং ( Kyaukpadaung ) পর্যন্ত (১৩৯ মা) গিয়াছে। জন. ১৭,৬৫৬।

**পিনাইন** (Pennine chain) : ইংলন্ডের পর্বতশ্রেণী, দেশের মধ্যভাগে উত্তর-দক্ষিণে প্রসারিত জলচ্ছেদক। উত্তরে টাইন-ফাঁক (Tyne Gap) চেভিয়ট হইতে পৃথক করিতেছে। ইহা ভঙ্গিল পর্বত। এখানে চুনা পাথরের গুহা ও ক্ষয়িত পাহাড়ের নানা বৈশিষ্ট্য আছে। দৃশ্য অতি মনোরম।

**পিপরাওয়া** (Piprawa) : উত্তর-প্রদেশ ; বস্তি জেলার গ্রাম। গোরখপুর-গোনৃডা রেলপথের নয়াগড় স্টেশনের বার্ড়পুর-এর উত্তরে ৬ মা দূরে অবস্থিত। এই স্থানে বুদ্ধের উদ্দেশ্যে এক স্তূপ নির্মিত হয়। ১৮৯৮-এ এখানকার জমিদারীর মালিক মিঃ পেপি (Peppe) স্তূপ মধ্যে একটি পাথরের কৌটা পান ; তাহাতে বুদ্ধাস্থি ছিল ; পালি ভাষায় ব্রাহ্মীলিপিতে খোদিত আছে "...সলিল নিধনে বুধস ভগবতে...।" কপিলা-বস্তুর নিকট এই স্তূপ ছিল। এই উদ্যানে মহারাজ অশোকের এক লাট বা প্রস্তর স্তম্ভ পাওয়া গিয়াছে। কৌটাটি কলিকাতার মিউজিয়মে রক্ষিত আছে। লুম্বিনী, বর্তমান রুমিন-দাই ( নেপালে ) পিপরাওয়া হইতে ৯ মা পূর্বে। কপিলবাস্তু রুমিন-দাই-এর ১০/১৫ মা পশ্চিমে অবস্থিত। বর্তমানে নেপাল-অন্তর্গত তৌলিয়াকোট পিপরাওয়া হইতে ৯ মা উত্তর-পশ্চিমে ; এখানে বহুদূর বিস্তৃত প্রাচীন ধ্বংসরাশি দেখা যায়।

**পিপলাদা** (Piplada) : রাজস্থান ; কোটা মহ.র তহশীল। আ. ৩০০ ব মা ; জন. ৪২,৭৩৯। প্রধান শহর—ইন্দ্রগড়।

**পিপলোদা** ( Piploda ) : মধ্যভারত এজেন্সির ক্ষুদ্র করদরাজ্য। আ. ৬৬ ব মা ; জন. ১১,৫৭৮ ('৪১)। জাওরা রাজ্যের পশ্চিমে সইলানা (Sailana) র উত্তরে অবস্থিত। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩০,০০০ টা. ভাতা দেওয়া হয়। বর্তমানে বোম্বাই-রাজ্যের পঞ্চমহল জেলার মধ্যে শহর ও স্টেশন ; গোধরা হইতে ৩১ মা পূর্বে। এখান হইতে দেওগড়-বারিয়া পর্যন্ত শাখা রেল গিয়াছে ( ১০ মা )। ...গুড়, চিনি, তুলার বাজার।

**পিপার** ( Pipar ) : রাজস্থান ; জোধপুর জেলার শহর। জন. ৮,৯১৭। বস্ত্রবয়ন ও রঙরেজি শিল্প। শস্যের বাজার। জোধ. হইতে ৩২ মা পূর্বে। মাড়োয়ার-বিকানীর রেলপথের পিপার রোড স্টেশন ( ৯৩ মা ) ; সেখান হইতে বিলারা পযন্ত শাখা রেল লাইনের ( ৩৯ মা , উপর পিপার সিটি ( ১২ মা ) স্টেশন।

**পিপারিয়া** ( Pipariya ) : মধ্যপ্রদেশ ; হোসঙগাবাদ জেলার শহর। জন. ৫,৮৭৪। ইতরসি-ইলাহাবাদ রেলপথের স্টে. ( ৪২ মা ) ; ইলা. হইতে ৩৩৫ মা। বোম্বাই এখান হইতে ৫০৫ মা। পিপা. হইতে পাচমারি পর্যন্ত ভালো রাস্তা ( ৩২ মা ) আছে।

**পিমপ্রি** ( Pimpri ) : পুণার নিকটস্থ শিল্পস্থান ; এখানে পেনিসিলিন কারখানা স্থাপিত হইয়াছে।

**পিয়াপন** ( Pyapon ) : বর্মা রাজ্যের ইরাবতী বিভাগের জেলা। উত্তরে মবিন, পশ্চিমে মিয়াংমিও, পূর্বে হানথ-ওয়াডি ও দক্ষিণে বঙ্গোপসাগর। ইরাবতীর বদ্বীপে বহু নদীসেবিত জেলা। চাউল প্রধান উৎপন্ন। জেলার আ. ২,১৫৪ ব মা ; জন. ৩,৮৫,০০৮ ('৪১)। অধিবাসীর ১০ শতাংশ ভারতীয় ছিল।...শহর (জন. ১২,৩৩৮) ইরাবতীর এক খাড়ির মুখে, সমুদ্রের নিকটে। রেংগুন হইতে স্টীমার পথে ৪৫ মা দ.-পশ্চিম।

**পিয়ুং-ইয়াং** ( Pyong-yang ) : উত্তর-কোরিয়ার রাজ-ধানী ; প্রাচীন নগর ; পূর্বে প্রাচীর বেষ্টিত ছিল ; পুরাতন বৌদ্ধ মন্দির এখনো আছে। ট্রান্স-সাই-বেরিয়ান রেলপথ ও চীনা রেলপথের সহিত যুক্ত। জন. ৩·৪২ লক্ষ। চিনি, রাসায়নিক, মেশিন কারখানা, রেয়ন ও কটনমিল, দেশলাই কারখানা প্রভৃতি। বিশ্ববিদ্যালয়। ·· মিউজিয়াম ; কোরিয়ান নৃত্য-বিদ্যালয় ( কাইসাঙ, Keisang )। ...কোরিয়ান যুদ্ধে ( ১৯৫০-৫১ ) নগরের বহু ক্ষতি হয়। এইখানে যুদ্ধবিরতি ও সন্ধি সম্বন্ধে বৈঠক বসিয়াছিল।

**পিরল্যা** ( Piralya ) : নবদ্বীপের নিকটস্থ পিরল্যা গ্রাম হইতে পিরালী ব্রাহ্মণগণের উৎপত্তি বলিয়া প্রবাদ। কলিকাতার ঠাকুর পরিবার এই পিরালী বংশ জাত।

**পিরাই** ( Prai ) : পেনাঙ দ্বীপের অপর পারে ওয়েলেসলি প্রদেশের বন্দর ; এখান হইতে একটি রেলপথ সিঙাপুর,

অপর একটি সিয়াম রাজ্যের সীমান্ত পদং বেসর ( Padang Bessar ) ও তথা হইতে ব্যাংকক পর্যন্ত গিয়াছে।

**পিরহাস, পিরর্ছস, পিরীফস** ( Pyrrhus, Piraeus ): গ্রীসের বন্দর ; আথেন্স হইতে ৫ মা দূরে। প্রাচীন কালে পারসিকদের সহিত যুদ্ধের সময় ( খ্রী. পূ. ৪৫০ ) থেমিস্টক্লিসের চেষ্টায় নৌবন্দর নির্মিত হয়। ৪০৪-এ স্পার্টানরা এই বন্দর ধ্বংস করে।...বর্তমান যুগে এই বন্দর গড়িয়া উঠিয়াছে। ২য় মহাযুদ্ধের সময় এই বন্দর ভীষণভাবে বিধ্বস্ত হয়। পুনর্গঠিত হইয়াছে। জন. ১,৮৪,৮০২।

**পিরিনিস** ( Pyrenees ): ফ্রান্স ও স্পেনের মধ্যস্থিত পর্বত ; ২৫০ মা দীর্ঘ, ২৫-৯০ মা প্রস্থ। সর্বোচ্চ শিখর ১১,১৬৮ ফুট। বহুবিধ খনিজ প্রাচীনকাল হইতে খনিত হইতেছে। তিনটি রেলপথ ও পাঁচটি মোটরপথ পর্বত অতিক্রম করিয়াছে। আন্দোরা ( Andorra ) নামে অর্ধ-স্বাধীন ক্ষুদ্র রাজ্য পর্বত উপত্যকায় অবস্থিত।

**পিরোজপুর** (Pirojpur): পূ. পাক. ; বাখরগঞ্জ জেলার মহকুমা, থানা ও শহর। খুলনা-বরিশাল স্টীমারে ১০ ঘণ্টার পথশেষে হুলারহাট ; সেখান হইতে ৪ মা দ.-পশ্চিমে দামোদর নামে ছোট নদীর তীরে অবস্থিত। বরিশাল হইতে দ.-পশ্চিমে ২৭ মা। জন. ১৩,৭৭১। ১৮৬৬-এ শহরের পত্তন। ডাকঘর, তার, রেজি. অপিস ( ১৮৬৫ ) আছে।......নিকটস্থ রায়ের কাঠি গ্রামে হিন্দু জমিদার বাস করিতেন।

**পিলানী** (Pilani): রাজস্থান ; ঝুনঝুন জেলার শহর। জন. ১১,৯৯৪। ঝুন. হইতে ২০ মা উ.-পূর্বে। মোটর-পথ। বিড়লা ভ্রাতাদের দানে এখানে বিরাট বিদ্যায়তন স্থাপিত হইয়াছে। সাহিত্য, ইতিহাস, ভাষা ও দর্শনাদির উচ্চতম শিক্ষা ব্যবস্থা ছাড়া নানাবিধ বিজ্ঞান ও প্রয়োগ-শিল্পের অধ্যয়ন-অধ্যাপনা ও গবেষণার ব্যবস্থা আছে। মণ্টেসরী শিক্ষা ও ইনজিনীয়ারিং কলেজ বিশেষ ভাবে উল্লেখযোগ্য। ভারত সরকার কর্তৃক Drug Research Lab. ও Central Electronics Engineering Institute (১৯৫৩, সেপ. ২১ ) স্থাপিত হইয়াছে।...ব্যাংক : ইউনা. কমার্স।

**পিজা** (Pisa): ইতালির নগর ; ফ্লোরেন্স হইতে ৫০ মা। শ্বেতপ্রস্তর নির্মিত ১৯০ ফুট উচ্চ ক্যাথিড্রল ( ১০৬৩-১১১৮ খ্রী. অ. ) ও ক্যাম্পানিল তোরণ ( ১১৭৪—১৩৫০ ) বিখ্যাত স্থাপত্য। ক্যাম্পানিল হেলানো তোরণ (leaning tower) নামে পরিচিত ; ইহা ১৮০ ফুট উচ্চ ; লম্ব হইতে প্রায় ১৪ ফুট হেলিয়া গিয়াছে। পিজা গ্যালিলিও-র জন্মস্থান। বিশ্ববিদ্যালয় ১৩৩৮-এ প্রতিষ্ঠিত।...জন. ৭৭ হা.।

**পীঠপুরম** ( Pithapuram ), **পিটাপুরম, পিষ্টপুর**: অন্ধ্র. রাজ্য ; পূর্ব-গোদাবরী জেলার তালুক ও শহর। কলিকাতা-মদ্রাস লাইনের স্টেশন (৬৩৩ মা)। মদ্রাস ৩৯৯ মা। এইখানে এক ধনী ও দাতা জমিদার ছিলেন ; তাঁহার প্রতিষ্ঠিত কোকনদের কলেজ পীঠপুরম রাজ-কলেজ নামে পরিচিত। জন. ২২,৩১৮। অন্ধ্র ব্যাংক।

**পীতসাগর** (Yellow Sea): চীনাভাষায় হোয়াঙ-হাই। উত্তর-চীনের পূর্বদিকে প্রশান্ত মহাসাগরের অংশ। হোয়াং-হো (নদী) প্রচুর বালি আনে বলিয়া এই সাগর অগভীর।

**পীরগঞ্জ** (Pirgang): পূ. পাক. ; দিনাজপুর জেলার ঠাকুরগাঁ মহ.র থানা, গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৮২)। দিনাজ.-রুহিয়া রেলপথের স্টেশন (২৬ মা) ; কলিকাতা হইতে পার্বতীপুর হইয়া ২২৬ মা।

**পীরগঞ্জ** (Pirganj): পূ. পাক. ; রঙপুর জেলা, সদর মহ.র থানা। আ. ১৫৮ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৯৪ )। রঙপুর হইতে দক্ষিণমুখী সড়কের উপর অবস্থিত ( ২৬ মা ) ; এই রাস্তা মিঠাপুকুর, পীরগঞ্জ, পলাশবাড়ি প্রভৃতি স্থান হইয়া বগুড়া পর্যন্ত গিয়াছে। গাইবাঁধা ১৮ মা পূর্বে।

**পীরগাছা** ( Pirgacha ): পূ. পাক. ; রঙপুর জেলা, সদর ম.হর থানা। আ. ১০২ ব মা। গ্রাম, ডাকঘর। সান্তাহার-লালমনিরহাট ( ১০৫ মা ) রেলপথের স্টেশন ( ৮৪ মা )।

**পীর পঞ্জাল** ( Pir Panjal ): কাশ্মীরের পর্বতমালা ; ঝিলাম ও চেনাব নদীর মধ্যে অবস্থিত। কাশ্মীর উপত্যকার দ.-পশ্চিমে ১৩-১৫ হাজার ফুট উচ্চ ; উচ্চতম শিখর ১৫, ৫০০ ফুট। পী.প. গিরিপথ ১১,৪০০

ফুট উচ্চ স্থানে। শ্রীনগর হইতে দ.-পশ্চিমে ৩৫ মা দূরে। পাকিস্তানের এই পথ এখন কমই ব্যবহৃত হয়। মারী হইতে শ্রীনগর পর্যন্ত মোটরপথ ঝিলাম নদীর উপত্যকা দিয়া পী. প. গিরিপথ দিয়া ছিল। রাবলপিণ্ডি হইতে এই পথে শ্রীনগর ছিল ১৮৫ মা; এখন অমৃতসর হইতে বানিহাল-পথে ২৫০ মা। পী. প. এর পূর্বদিকে বানিহাল গিরিপথ (দ্র.)।

**পীলীভীত** (Pilibhit): উত্তর প্রদেশ; রোহিলখণ্ড বিভাগের জেলা। উ.-নেপাল ও নৈনিতাল; প.-বরেলী; দ.-সাহজাহানপুর ও পূ.-খীরী জেলা। ঘর্ঘরা, সারদা নদী ও খাল প্রবাহিত। আ. ১,৩৭৮ ব মা। জন. ৫·০৪ লক্ষ। ৩ মহকুমা। ··জেলার প্রধান উপন্ন চিনি। —সদর শহর (জন. ৪৬,২২৫) বড় জংশন; লখনৌ-বরেলী রেলপথের স্টে. (১৬৩ মা)। কলিকাতা ৮০২ মা। পী. হইতে সাহজানপুর (৫২ মা) ও টনকপুর (৩৮ মা) লাইন গিয়াছে। ব্যাংক: সেন্ট্রাল, স্টেট, বরেলী কর্পোরেশন। ১৮ শতকে রোহিলা সর্দাররা বাস করিত; তাহাদের নির্মিত এক বড় মসজিদ আছে।

**পুন্চ** (Poonch, Punch): কাশ্মীরের জম্মু প্রদেশের অন্তর্গত সামন্ত রাজ্য; প.-পীর পঞ্জাল। মুসলমান সর্দাররা কাশ্মীর-জম্মুর হিন্দু রাজাদের বিরোধী ছিলেন। এই এলাকাকর আ. ১,৬২৭ ব মা; জন. ৪২১,৮২৮। ৯০ শতাংশ মুসলমান। কয়লা, পেট্রোল, বক্সাইট, চুনাপাথর প্রভৃতির আকর আছে। ···পুন্চ শহরের জন. ৮,৬০৮। এখানে ভারত-পাকিস্তানের মধ্যে যুদ্ধ চলে (১৯৪৭-৪৮)। এখন এই অংশ আজাদ কাশ্মীর অন্তর্গত।

**পুঠিয়া** (Puthia): পূ. পাকিস্তান; রাজসাহী জেলার থানা। আ. ৭৫ ব মা। পুটিয়া প্রাচীন গ্রাম, রাজসাহী-নাটোর রাস্তার উপর অবস্থিত; আবদুলপুর জং. (১৩৬ মা) হইতে রাজসাহী যাইবার রেলপথে নন্দনগাছি স্টেশন হইতে ৪ মা উত্তরে। ১৬ শতকে বৎসাচার্য নামে এক সাধকের ধর্মসাধনায় মুগ্ধ হইয়া অকবর-সেনাপতি মানসিংহ ইঁহাকে এক পাঠান-সর্দারের-বাজেয়াপ্ত-জমিদারী দিতে চান। বৎসাচার্য দান গ্রহণ করেন নাই। মানসিংহ বৎসাচার্যের পুত্র পীতাম্বরকে উহা দান করেন; জহাঙ্গীর ইঁহাদিগকে 'রাজা' খিতাব দেন। ···এই বংশের রানী শরৎসুন্দরী দানশীলতার জন্য খ্যাতা। ...কালে পুটিয়ার জমিদারী বহু তরফে ভাগ হইয়া যায়।

**পুণা, পুণে** (Poona): বোম্বাই রাজ্যের জেলা। উ.—থানা ও অহমদনগর জেলা, দক্ষিণে সাতারা (উত্তর), সোলাপুর ও ভূতপূর্ব ফলতান রাজ্য, পূ.-অহমদনগর ও সোলাপুর, প.—সহ্যাদ্রি বা পশ্চিমঘাট পর্বত। ···১৯৪৮ মার্চ-এ ভোর করদরাজ্যের অধিকাংশ পুণা জেলার অন্তর্গত হওয়ায় বর্তমান আয়তন ৬,০২৫ ব মা; জন. ১৯·৫১ লক্ষ। পূর্বে আয়তন ছিল ৫,৩৬৯ ব মা। জন. ছিল ১৩·৬০ লক্ষ। ...জেলার পশ্চিমাংশ পার্বত্য। সেদিকে বৃষ্টি প্রচুর হয়। কিন্তু অন্যত্র তেমন নহে। খাদ্য-শস্য অপ্রচুর; একমাত্র আখের গুড় প্রচুর উৎপন্ন হয় ও রপ্তানিও হয়। ...সেন্ট্রাল রেলওয়ে জেলার মধ্য দিয়া গিয়াছে।

পুণা সুবৃহৎ নগর, দুইটি ক্ষুদ্র নদীর সঙ্গমে, ১,৮০০ ফুট উচ্চে অবস্থিত; সহ্যাদ্রি হইতে ৩০ মা ও বোম্বাই নগর হইতে ১১৯ মা দূরে। ১৯৫০ হইতে মিউনি. কর্পোরেশন।

ব্রিটিশ যুগের পূর্বে পুণা ছিল মহারাষ্ট্র পেশবাদের রাজধানী; এবং তজ্জন্য এখন পর্যন্ত উহা মহারাষ্ট্র সংস্কৃতির প্রধান কেন্দ্র। পুণা বিশ্ববিদ্যালয় ১৯৪৮-এ স্থাপিত। মহারাষ্ট্র ও সংস্কৃত শিক্ষার ও গ্রন্থ প্রকাশন কেন্দ্র। ভাণ্ডারকার রিসার্চ ইন্স্টিটিউট, সার্ভেন্টস অব্ ইণ্ডিয়া সোসাইটি, ডেকান এডুকেশন সোসাইটি, ভারত ইতিহাস সংশোধক মণ্ডল, শিক্ষণ প্রসারক মণ্ডলী, শিবাজী মিলিটারি স্কুল (পাবলিক), কার্ভের নারী মহাবিদ্যালয় প্রভৃতি উল্লেখযোগ্য। পুণায় কতকগুলি সরকারী প্রতিষ্ঠান আছে: আবহবিদ্যা কার্যালয় (Meteorological office), খড়কবাসনার ন্যাশনাল ডিফেন্স একাডেমি (১৯৫৫), ভারতীয় সৈন্য বিভাগের স্থল, জল ও আকাশযুদ্ধের সকলপ্রকার শিক্ষার কেন্দ্র। ১৫০০ ছাত্র-শিক্ষার ব্যবস্থা হইয়াছে; সৈন্যবিভাগের মেডিক্যাল কলেজ, ইন্জিনীয়ারিং স্কুল

(খিরকিতে); সেন্ট্রাল ওয়াটার এন্ড পাওয়ার স্টেশন নামে গবেষণা আয়তনে নদী ও জলশক্তি সম্বন্ধে গবেষণা করা হয়। ভারত সরকার যে ১১টি ন্যাশনাল রিসার্চ ল্যাবরেটরি স্থাপন করিয়াছেন, তাহার অন্যতম রাসায়নিক বিজ্ঞানাগার এইখানে।

পুণায় দর্শনীয় স্থান বহু: লেডি থ্যাকারসে-র পর্ণকুঠির নামে প্রাসাদোপম অট্টালিকা; আগাখানের প্রসাদ; য়েরবাদা জেল; ফার্গুসন কলেজ, ভাণ্ডারকার গবেষণা মন্দিরের পুঁথিশালা। পেশবাদের যুগের বহু স্থান আছে।—পুণার জনসংখ্যা ৫·৪০ লক্ষ। ১৯৩১-এ ছিল ২·১৫ লক্ষ। এখানে ২৬টি ব্যাংক: সেন্ট্রাল, স্টেট, দেবকরন, প. ন্যাশ., ইউনা. কমার্স., বড়োদা, মহারাষ্ট্র, পুণা ব্যাংক প্রভৃতি। কয়েকটি সমবায় ব্যাংক।

**পুণ্ড্রবর্ধন** (Pundravardhana): উত্তর বঙ্গের (পূর্ব পাকিস্তান) বগুড়া জেলার মহাস্থানগড় (দ্র.) প্রাচীন পুণ্ড্রদেশ বা পৌণ্ড্রদেশ। প্রাচীন সংস্কৃত-গ্রন্থে ও পুরাণাদিতে পৌণ্ড্রজাতির উল্লেখ আছে। পৌণ্ড্রক বাসুদেব শ্রীকৃষ্ণের সহিত প্রতিদ্বন্দ্বিতা করিতে গিয়া নিহত হন।...খ্রী.পূ. ৪ শতকে পু. ব. মৌর্যসাম্রাজ্য ভুক্ত ছিল ও 'মহামাত্য' দ্বারা শাসিত হইত। ৭ শতকে চীন পরিব্রাজক হুয়েনৎসাঙ এই নগরীর বিস্তারিত বর্ণনা দিয়াছেন। রাজধানীর পরিধি ছিল প্রায় পাঁচ মা। ২০ বৌদ্ধ সংঘারাম, ১০০ হিন্দু মন্দির ও ৬০০০ বৌদ্ধ শ্রমণ ছিল। জৈন সম্প্রদায়ের সাধুও বাস করিতেন।...১৪ শতকে এই অঞ্চল মুসলমানদের দ্বারা অধিকৃত হয়। মালদহ জেলার পাণ্ডুয়া প্রাচীন পু. এলাকার অন্তর্গত ছিল, এবং উহা পু. শব্দের অপভ্রংশ। উত্তর বঙ্গের পোদ নামে উপজাতি এই পৌণ্ড্রদের বংশধর বলিয়া অনুমিত হয়। ইহার পৌণ্ড্র ক্ষত্রিয়।...এতদঞ্চলে অসংখ্য শিলালিপি ও প্রাচীন স্থানের ধ্বংসাবশেষ মৃত্তিকা খনন করিয়া আবিষ্কৃত হইয়াছে। মহাস্থানগড়, পাহাড়পুর প্রভৃতি স্থান সুপরিচিত।

**পুতাও** (Putao) বা **ফোর্ট হার্জ** (Fort Herz): বর্মার উত্তর-পূর্ব সীমান্তে মিচিনা (Myitygina) জেলার শহর। মি. হইতে ১৪০ মা উত্তরে, আসাম সীমান্তের নিকট অবস্থিত।

**পুত্তালম** (Puttalam): সিংহলের উ.-পশ্চিম প্রদেশের জেলা; তামিল শব্দ; পুত অর্থে নূতন, আলম লবণ তৈয়ারির পাত্র। আ. ৯১০ ব মা। জন. ৪৩,০৮৩। জেলার অধিকাংশ স্থান অরণ্যময় এবং বন্য হস্তীর নিবাসস্থল।...প্রবাদ অনুসারে বিজয় সিংহ এইখানে প্রথম আসিয়া উঠেন; তম্মান-নুয়ারার ধ্বংসাবশেষ এখনো দেখা যায়। মার্কো পোলো উল্লিখিত 'বেত্তেলের' ও ইবন বাতুটা বর্ণিত 'বট্টাল' বর্তমান পুত্তলম। অধিবাসীদের মধ্যে সিংহলী মুসলমানদের সংখ্যা সর্বাধিক।...প্রধান শহর পুত্তালমের জন. ৭,৭৯২; সিংহলী মুসলমান ৫ হাজারের উপর। এই জেলায় ৪৫ হা. একর জমিতে নারিকেল উৎপন্ন হয়। লবণ তৈয়ারির কেন্দ্র।

**পুত্তুর** (Puttur): মদ্রাজ (বর্তমানে মহীশূর); দ. কানাড়া জেলার শহর; মঙ্গলুরের ২৫ মা দ.-পূর্বে। কেওলিন মৃত্তিকা, গ্রানাইট পাথর, সেগুন বন নিকটে। জন. ১১,১৭৫। ব্যাংক: কানাড়া, জয়লক্ষ্মী, কর্ণাটক, বিজয়, কা. ইনডাস্ট্রি।

**পুডুক্কোটাই** (Pudukkotai): মদ্রাজের পূর্বতন করদরাজ্য; ১৮ শতকের মধ্যভাগে ইংরেজদের সহায়তায় এই রাজ্য সুপ্রতিষ্ঠিত হয়। রাজ্যের আ. ছিল ১,১৮৫ ব মা; জন. ৪·৩৮ লক্ষ ('৪১)। আয়. ছিল ২৭-২৮ লক্ষ টাকা; কোনো কর ভারত সরকারকে দিতে হইত না।...১৯৪৮ মার্চে রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২,৬৬,৫০০ টাকা ভাতা দেওয়া হয়। এই রাজ্য মধ্যে বহু হিন্দু ও জৈন মন্দির, অসংখ্য মূর্তি ও কয়েকটি শৈল-মন্দির আছে। বর্তমানে এই রাজ্য মদ্রাজ তিরুচিরপল্লী জেলাভুক্ত ৩টি তালুকে বিভক্ত।

পুডুক্কোটাই শহরের জন. ৪৪,৫৬৫। তিরুচির-পল্লী জেলার শহর। মদ্রাজ-ধনুষ্কোটি মি. রেলপথের স্টেশন (২৮২ মা)। তিরু. হইতে দ.-পূর্বে ৩৭ মা। শিল্প কেন্দ্র। গিরিমাটি ও মার্বেল পাথর নিকটের পাহাড়ে পাওয়া যায়। ১০টি ব্যাংক, অধিকাংশই দক্ষিণ-ভারতীয়।

**পুতুচ্চেরী, পুদুচ্চেরি** ( Pondichery ) : তামিল পুতুচ্চেরীর অর্থ নূতন নগর। পূর্বতন ফরাসী ভারতের রাজধানী ; মদ্রাস হইতে ১২২ মা দক্ষিণে সমুদ্রতীরে অবস্থিত ; স্থলপথে ১০৫ মা। পন্ডুচে রাজ্য ১১৫ ব মা ; জনসংখ্যা ২,২২,৫৭২ ( '৫১ )। ...আরিকামেডু ( দ্র.) নামে প্রাচীন বন্দর-নগর হইতে ২ মা দক্ষিণে। ১৬৭৪-এ ফ্রাঁসোআ মারতিন কর্তৃক স্থাপিত ; ১৬৯৩-এ ওলন্দাজরা এই স্থান অধিকার করে, কিন্তু ১৬৯৯-এ পুনর্প্রদত্ত হয়। ইংরেজরা চার বার এই স্থান অধিকার করে ও দুর্গাদি সমস্ত ভাঙ্গিয়া ফেলে। শেষবারের মতো, নেপোলনীয় যুদ্ধাবসানে ১৮১৪ অব্দে ফরাসীরা এই ভূখণ্ড ফিরিয়া পায় এবং সেই হইতে ১৯৫৪ পর্যন্ত শাসন করে। ...পু. ৮টি মিউনিসিপাল কমিউন-এ বিভক্ত ; গ্রামগুলি বিচ্ছিন্ন, মাঝে মাঝে খাস মদ্রাস রাজ্যাংশ থাকায় ফরাসীদের পক্ষে রাজ্য শাসনের সুবিধা ছিল না। ...ভারতীয় রেলওয়ের দ্বারা পু. যুক্ত ; মেত্তুর জলবিদ্যুৎ কারখানা হইতে বিদ্যুৎ সরবরাহ হয়। পু.-তে ভাল বন্দর বা পোতাশ্রয় নাই। জাহাজ এক মাইল দূরে নোঙর করে ও সেখান হইতে নৌকা বা লঞ্চে করিয়া ডাঙায় আসিতে হয়।...ভারত স্বাধীন হওয়ার পর হইতে স্থানীয় অধিবাসীরা স্বাধীনতা লাভের জন্য আন্দোলন আরম্ভ করে। ১৯৫৪ নভেম্বর হইতে ফরাসীরা এখানকার স্বামিত্ব ত্যাগ করে।...এই শহরে শ্রীঅরবিন্দ আশ্রম অবস্থিত। শহরের জন. ৬০ হা.।

**পুনাকা** ( Punakha ) : ভুটান রাজ্যের রাজধানী ও সুদৃঢ় নগর। শীতকালে রাজনিবাস ; গ্রীষ্মকালে তাসিচোড় জংগ। পুনাকা, সংকোষ নদীর উপরিভাগে, দারজিলিঙ হইতে ১০৫ মা উ.-পূর্বে অবস্থিত। ১৫৭৭-এ স্থাপিত। এখানে যাইবার দুইটি পথ : বকসা দুয়ার ও সিকিমের গাংটক হইয়া।

**পুনালুর** ( Punalur ) : তিরু-কোচীন ( কেরল ) রাজ্যের শহর ; কুইলন হইতে ২৪ মা উ.-পূর্বে ; এখানে বয়ন শিল্পের যন্ত্রাদি, প্লাইউড্, কাগজ তৈয়ারির কল-কারখানা আছে। জন. ১২,২৫৯।

**পুরলী-বৈজনাথ** ( Purli-Vaijnath ) : হায়দরাবাদ ( বর্তমানে বোম্বাই রাজ্য ) ; বীর জেলার শহর ; বিজয়ওয়াড়া-ওয়াডি লাইনের বিকারাবাদ জং. (২৬৮ মা) হইতে পু.-বৈ. পর্যন্ত ব্রডগেজ রেলপথ ( ১৬৮ মা ) ; সেখান হইতে পরভনী পর্যন্ত মিটার রেলপথ ( ৪০ মা ) আছে। জন. ১৬,৫৪৭। সেন্ট্রাল, হা. স্টেট ব্যাংক।

**পুরশুড়া** ( Pursura ) : হুগলী জেলা ; আমারবাগ মহ.র থানা। আ. ৩৯ ব মা ; জন. ৫৮,৫০৮ ; ঘ. ১,৫০৮। গ্রাম দামোদর নদীর পশ্চিমে, চাঁপাডাংগার পরপারে।

**পুরশুণ্ডি** ( Pursundi ) : বীরভূম জেলা ; সিউরী সদর মহ., খয়রাশোল থানার অজয় নদীর তীরস্থ গ্রাম। এখানে ৭টি পাথরের মন্দির ও ৭টি জলাশয় আছে ; মন্দিরগুলি ঊর্ধ্বীকৃত স্তূপ, উপরে কলসাকার প্রস্তরখণ্ড। একটি মন্দিরের ধ্বংস মধ্যে ভগ্ন বুদ্ধমূর্তি পাওয়া গিয়াছে। স্থানীয় জমিদার তেওয়ারিরা ৩৫০ বৎসর পূর্বে চুরুলিয়ার রাজাদের পণ্ডিত রূপে আসেন। ইহারা মাটির ভিতর হইতে অকবর, জহাঙ্গীর ও শাহজহানের ১০০০ স্বর্ণ মুদ্রা পান, তার ২১৬টি কলিকাতা মিউজিয়ামে আছে। ...পুরশুণ্ডি এখন কয়লা মণ্ডলের অন্তর্গত গ্রাম ; অন্ডাল-সাঁইথিয়া রেলপথের ভীমগড় ( ১৭ মা ) হইতে যে রেলশাখা পলাশথলী গিয়াছে সেইপথে, অথবা চুরুলিয়া কয়লা অঞ্চল হইতে বড় কোলাঘাটে অজয় পার হইয়া পুরশুণ্ডি যাওয়া যায়। এককালে যখন অজয় নাব্য ছিল তখন যেসব গ্রাম উহার তীরে সমৃদ্ধ হইয়াছিল, পুরশুণ্ডি তাহাদের অন্যতম।

**পুরী** ( Puri ) : ওড়িশার জেলা। উ.—ঢেঙকানাল ও কটক জেলা ; দ. ও প্.—বঙ্গোপসাগর, গঞ্জাম জেলা। দশপাল্লা, খন্দপাড়া, নয়াগড় ও রানপুর করদরাজ্যগুলি পুরী জেলার অন্তর্গত হইয়া বর্তমানে আয়তন ৪,০৪৩ ব মা.। জন. ১৫,৭২,২৬২। পূর্বে আ. ২,৪৫১ ব মা ছিল। ...পুরী প্রাচীন দেশ ; বৌদ্ধ, জৈন, শৈব, বৈষ্ণব নানা ধর্মান্দোলনের চিহ্ন নানা স্থানে দেখা যায়।... উর্বর জেলা, প্রচুর ধান্য উদ্‌বৃত্ত হয়।...পুরীর ৩ মহকুমা : পুরী, খুরদা ও নয়াগড়।...

পুরী মহ.র আ. ১,৫২১ ব মা ; জন. ৭,২৬,৪৮২।

১২ থানা। —থানার আ. ১৪৫ ব মা। জন. ৭৮,৩৮২। গ্রাম ২০০। ...পুরী শহর সমুদ্রতীরে; দীর্ঘ সৈকত। এখানে থাকিবার বহু হোটেল ও যাত্রীনিবাস আছে। জেলার সদর শহরে সকল অপিস ও প্রতিষ্ঠান; স্কুল, কলেজ, বিধবা আশ্রম প্রভৃতি। জন. ৪৯,০৫৭। ব্যাংক: স্টেট; সমবায়। কলিকাতা (হাওড়া) হইতে ট্রেনে ৩১০ মা। পূর্বে হাঁটাপথে লোকে তীর্থ করিতে আসিত।

পুরীর অপর নাম জগন্নাথ ও শ্রীক্ষেত্র; হিন্দুদের অন্যতম প্রধান তীর্থস্থান। জগন্নাথের মন্দির প্রাচীন; কৃষ্ণ, বলরাম ও সুভদ্রার দারুমূর্তি পূজিত হয়। রথযাত্রার সময়ে বহুলক্ষ লোক সমবেত হয় ও দীর্ঘকাল ধরিয়া নানারূপ উৎসব চলে। পুরীতে ১১১টি মঠ ও মন্দির আছে। শ্রীচৈতন্যর শেষ লীলাভূমি পুরী; এখানকার সমুদ্রে তাঁহার দেহান্ত হয়।...জগন্নাথ মন্দিরে বহু শত পাণ্ডা ও কয়েক সহস্র ছড়িদার আছে; ছড়িদাররা দেশে দেশে ঘুরিয়া তীর্থযাত্রী সংগ্রহ করে, প্রসাদ বিতরণ করে। ধর্মের বিরাট ব্যবসায় এখানে চলিতেছে। শোনাযায় মন্দিরের আয় বার্ষিক ৯-১০ লক্ষ টাকা। লোকে অতি স্বল্পমূল্যে 'প্রসাদ' কিনিতে পায়। পুরী মন্দিরে পূর্বে অ-হিন্দু ও হিন্দুদের মধ্যে কতকগুলি বিশেষ জাতির প্রবেশাধিকার ছিল না। ১৯৪৮ হইতে সকল হিন্দু প্রবেশ করিতে পারে।...স্নান যাত্রার পর ১৫ দিন এই মন্দিরের সকল প্রকার কার্যের ভার পড়ে শবরদেব উপর। অনেকে অনুমান করেন জগন্নাথের মূর্তি শবরদের দেবতা ছিল; কালে সেগুলিকে ব্রাহ্মণরা হিন্দু দেবতা করিয়া লন। এ শ্রেণীর মূর্তি ভারতের আর কোথাও দেখা যায় না।

**পুরুলিয়া** (Purulia): বিহার; মানভূম জেলার মহকুমা ছিল, সাব-জেলা বলা হইত। পুরুলিয়া সাব-জেলার আ. ৩,৩১২ ব মা; জন. ১৫,৪৭,৫৫৯; ঘনতা ৪৬৬। অন্তর্ভুক্ত থানা—পুরুলিয়া, বলরামপুর, হুরা, অরসা, পঞ্চ, ঝালদা, জয়পুর, বাঘমুণ্ডি, চণ্ডিল, ইচাগড়, বড়বাজার, পতামদা, বন্দুয়ান, মানবাজার, রঘুনাথপুর, সনতুরি, নিতুরিয়া, কাশীপুর, পারা, চাস, চন্দনকিয়ারী। ...পুরুলিয়া সাব্-জেলার চণ্ডিল ও চাস থানাদ্বয় এবং বরাহভূম থানার পতামদা পুলিশ স্টেশন ছাড়া অবশিষ্টাংশ প. বঙ্গ ভুক্ত হইয়াছে (১৯৫৬ নভেম্বর)। পুরুলিয়ায় প্রধান ভাষাভাষী লোকের সংখ্যা (১৯৫১):—

| | | |
|---|---|---|
| বাংলা ভাষী মোট | | ৮,০৫,০৬৩ |
| হিন্দী ভাষী | „ | ৫,০২,৫০৩ |
| সাঁওতালী | „ | ২,১৩,৩২১ |
| মুণ্ডারী | „ | ৮,৪৮৩ |

পুরুলিয়া প. বঙ্গের নূতন জেলা; জেলার সদর শহর পু. কলিকাতা হইতে আসানসোল-আদরা হইয়া ২০০ মা। টাটানগর হইতে রেলপথে ৫০ মা; পু. হইতে ছোট লাইন মুরি জং. (৩৮ মা) হইয়া রাঁচি (৭৪ মা) দিয়া লোহাবড়গায় (১১৭ মা) গিয়া শেষ হইয়াছে। ...শহরের জন. ৪১,৪৬১। অধিবাসীদের মধ্যে বেশির ভাগ বাঙালী। এখানকার কুষ্ঠাশ্রম খ্রীষ্টান মিশনারীদের দ্বারা ১৮৮৮ অব্দে প্রতিষ্ঠিত; ৬০০ বিঘা জমির উপর এই কলোনী। এত বড় কুষ্ঠনিবাস ভারতে আর নাই।...শহরের নিকট সাহেব বাঁধ (১৫০ বিঘা) দর্শনীয়; ১৮৮৪-অব্দে কয়েদীদের দ্বারা উহা খনন করানো হয়। ...ব্যাংক: সেনট্রাল, স্টেট, ইউনাইটেড। ছোটনাগপুর ডিগ্রী কলেজ, হরিপদ গ্রন্থাগার, স্কুল, বালিকা বিদ্যালয় প্রভৃতি আছে।

**পুরুষপুর** (Purushpur): বর্তমান পেশোবার; অল্ বেরুনীর পুরুষবার। প্রাচীন গান্ধারের রাজধানী। কণিষ্কের স্কন্ধাবার এখানে ছিল বলিয়া মনে হয়। এখানকার বিরাট বৌদ্ধ মঠ সুলতান মামুদ কর্তৃক ধ্বংস হয়।

**পুলগাঁও** (Pulgaon): মধ্যপ্রদেশ (বর্তমান বোম্বাই রাজ্য); ওয়ার্ধা জেলা, অর্বী তালুকের শহর; নাগপুর-বোম্বাই রেলপথের স্টেশন (৪৫৩ মা); ওয়ার্ধা ২১ মা পূর্বে। পুলগাঁও হইতে ছোট রেলপথ তালুকের সদর শহর অর্বী পর্যন্ত (২২ মা) গিয়াছে। —জন. ১৮,৬৭৯। নাগপুর ও লক্ষ্মী ব্যাংক। এখানে কেন্দ্রীয় সরকারের বৃহত্তম গোলা বারুদ প্রভৃতির ডিপো আছে।

**পুলবাজার** (Poolbazar): দার্জিলিঙ জেলার থানা। আ. ৫৩ ব মা; জন. ২৬,৯২৯; ঘনতা ৫০৮। ...ইহা

বঙ্গদেশের উত্তরতম থানা, ইহার পরেই সিকিম রাজ্য ; মধ্যস্থলে রমাম নদী রঙ্গিতে পড়িয়া তিস্তায় গিয়া মিলিয়াছে।

**পুলিন্দ দেশ** ( Pulinda ) : বুন্দেলখণ্ড ও মধ্যপ্রদেশ রাজ্যের সাগর জেলা প্রভৃতি লইয়া প্রাচীন দেশ। গ্রীক ভৌগোলিক প্‌টলেমির Phyllitai পুলিন্দদের দেশ ছিল। উত্তর বঙ্গের পোদ বা পৌণ্‌ড্র ক্ষত্রিয়গণ পুলিন্দদের বংশধর বলিয়া মত শোনা যায়।

**পুষ্কর** ( Pushkara ) : রাজস্থান ; অজমের হইতে ৬ মা দূরে অবস্থিত শহর ও হ্রদ ; হ্রদের চারিদিকে বহু মন্দির, জলের মধ্যে অসংখ্য কুমীর। হ্রদের অনতিদূরে ব্রহ্মার মন্দির ও সাবিত্রীর মন্দিরে বহু তীর্থযাত্রী যায়। পুষ্কর ছাড়া আর কোথাও ব্রহ্মার মন্দির নাই।

**পুষ্কর দ্বীপ** ( Pushkara dvipa ) : মধ্য এশিয়ায় অক্ষু (Oxus) নদীর উত্তরের দেশ ; পণ্ডিতদের অনুমান পুষ্কর শব্দ হইতে ভুষ্কর ও তাহা হইতে বুখার বা বোখারা (Bokhara) হইয়াছে। কুচা (Kucha) প্রাচীন কুশদ্বীপ ; শকস্থান (Seisthan) প্রাচীন শকদ্বীপ।

**পুষ্কলাবতী, পুষ্করাবতী** ( Puskalavati ) : গ্রীকদের Peukelaotis ; সিন্ধুতীরে অবস্থিত প্রাচীন ভারতের নগর ; গান্ধারের অন্যতম রাজধানী। কিংবদন্তী শ্রীরামচন্দ্রের ভ্রাতা ভরতের পুত্র পুষ্কর দ্বারা এই নগর স্থাপিত হয়। ইহা বর্তমান চারসাদা ( Charsadda ), পেশোবার হইতে ১৭ মা উ.-পূর্বে।

**পুষ্পপুর** ( Pushpapur ) : পাটলিপুত্রের প্রাচীন নাম। বুদ্ধদেবের সময় ইহা ক্ষুদ্র গ্রাম ছিল। বুদ্ধদেব বলিয়াছিলেন কালে এই স্থান প্রবল হইবে।

**পুসা** (Pusa) : বিহার ; দ্বারবঙ্গ জেলার শহর, গণ্ডক নদীতীরে। কৃষি গবেষণাকেন্দ্ররূপে খ্যাত ছিল। দিল্লীতে কৃষিগবেষণাগার স্থানান্তরিত হইয়া গেলে পুসায় উদ্ভিদ গবেষণাংশ মাত্র থাকে। ·· মিঃ ফিপ্‌স (Phipps) নামে এক আমেরিকান পুসার জন্য বহু অর্থ দান করিয়াছিলেন। লর্ড কর্জনের বিশেষ চেষ্টায় এই গবেষণাগারের পত্তন হয়। ১৯৩৪-এর বিহার ভূমিকম্পে অট্টালিকাদির বিশেষ ক্ষতি হয়। ...মোকামা ঘাটে ( ঈ. রেল. লুপ লাইন, ২৮১ মা ) গঙ্গা পার হইয়া সেমেরিয়া ঘাট ( ন.-ঈ. রেল ) হইতে ৪৬ মা।

**পুসাদ** (Pusad) : মধ্যপ্রদেশ (বর্তমানে বোম্বাই রাজ্য) ; অকোলা জেলা, বাসীম তালুকের শহর, বাসীম হইতে ২৫ মা দূরে, পুসা নদীতীরে। কার্পাস, তৈলবীজ ও সেগুন কাঠের বাজার। জন. ১৫,১২৯। ব্যাংক : স্টেট, প. ন্যাশনাল, লক্ষ্মী ও সমবায়।

**পুসান** (Pusan) : কোরিয়ার দক্ষিণাংশের বন্দর। জন. প্রায় ৫ লক্ষ। এখান হইতে রেলপথে উ. চীন তথা ইউরোপে যাওয়া যায়। বন্দরের উপসাগরের অপর পারে জাপানের শিমোনোসেকি বন্দর। কোরিয়ান যুদ্ধের সময় ( ১৯৫০-৫২ ) এই বন্দর দিয়া রাষ্ট্রসঙ্ঘের সৈন্য ও রসদপত্র আসিত।

**পূর্ণা** (Purna) : হায়দরাবাদ ( বর্তমান বোম্বাই রাজ্য ) ; পরভনী জেলার শহর। সেকেন্দ্রাবাদ-মানমদ মিটার রেলপথের জং. স্টে. ( ১৯২ মা ) । এখান হইতে উত্তরে হিঙ্গোলি পর্যন্ত রেলশাখা ( ৫০ মা ) আছে। ...জন. ৯,১৭২। হা. ব্যাংক।

**পূর্ণা নদী** ( Purna river ) : মধ্যপ্রদেশ ( বর্তমানে বোম্বাই রাজ্যে ) ; বেরার বিভাগের নদী, তাপ্তির উপনদী ; পূর্ণাতে বেরারের বহু স্রোতস্বিনী মিলিত হইয়াছে। ...পূর্ণা নামে নদী হায়দরাবাদ রাজ্যে আছে।

**পূর্ণিয়া** (Purnea) : বিহার ; ভাগলপুর বিভাগের জেলা। উ.—নেপালরাজ্য ও দার্জিলিঙ জেলা ; পূ.—জলপাইগুড়ি ; প.—দিনাজপুর ও মালদহ ; দ.—গঙ্গানদীর অপর পারে সাঁওতাল পরগনা ও ভাগলপুর এবং সহরসা জেলা। কোশী, লচ্ছাধারা, লিবরী, পনার-রীগা, মহানন্দা প্রভৃতি দক্ষিণ-বাহী নদী। দক্ষিণে গঙ্গা। জমি উর্বর, নানাবিধ ফসল উৎপন্ন হয়। বর্তমানে পাটের চাষ বৃদ্ধি পাইতেছে। ...জেলার ৩ মহকুমা : পূর্ণিয়া, কিষণগঞ্জ ও অরেরিয়া। পূর্ণিয়া জেলার আ. ৪,৯৯৮ ব মা ; ইহা হইতে কিষণগঞ্জ মহকুমার ৭৬২ ব মা বঙ্গভুক্ত হইয়াছে ( ১৯৫৬ )। জেলার জন. ২৫'২৫ লক্ষ ; তন্মধ্যে কিষণগঞ্জের ২'৮০ লক্ষ বঙ্গদেশ মধ্যে গিয়াছে। ...১৯৫১-এ জেলা

ঘনতা ছিল ৫১৬ ; হিন্দুর সংখ্যা ১১·০১ লক্ষ ; মুসলমান ৮·১৭ লক্ষ। ...পূর্ণিয়া শহর ( জন. ১৫,০৬০ ) কাটিহার-মুরলিগঞ্জ ( ৫২ মা ) রেলপথের স্টেশন ( ১৭ মা )। বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র ; বড় মেলার জন্য প্রসিদ্ধ; ডিগ্রী কলেজ। স্টেট ব্যাংক।

**পূর্বঘাট** (Eastern Ghats) : দ. ভারতের পূর্বদিকে অসংলগ্ন ও বিচ্ছিন্ন পর্বতশ্রেণীর সাধারণ নাম ; গড় উচ্চতা ২০০০ ফুট।

**পূর্বধলা** (Purbadhala) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, নেত্রকোনা মহ.র থানা। আ. ১২৪ ব মা। গ্রাম, ডাকঘর ; ময়মন.-জরিয়া-জঞ্জাইল রেলপথের স্টেশন ( ৩৫ মা )।

**পূর্বপাকিস্তান** ( Eastern Pakistan ) : দ্র. বঙ্গ, পূর্ব।

**পূর্ববঙ্গ** ( East Bengal ) : দ্র. বঙ্গ, পূর্ব।

**পূর্ববঙ্গ ও আসাম** ( East Bengal & Assam ) : ১৯০৫, ১৬ অক্টোবর বঙ্গচ্ছেদ করিয়া আসামের সহিত বঙ্গদেশের ৩ বিভাগ—ঢাকা, রাজসাহী ও চট্টগ্রাম—জুড়িয়া এক লেফ.গবর্নরের শাসনাধীনে দেওয়া হয়। ১৯১২ এপ্রিল হইতে বঙ্গচ্ছেদ রদ হইলে আসাম পৃথক হয় এবং বিভাগ তিনটি বঙ্গদেশের অপর দুইটি বিভাগ —প্রেসিডেন্সি ও বর্ধমানের সহিত যুক্ত হইয়া নূতন বঙ্গদেশ গঠিত হয়। —পূর্ববঙ্গের রাজধানী ছিল ঢাকা ও শৈলাবাস শিলং।

**পূর্ববঙ্গ রেলপথ** ( Eastern Bengal Railway ) : পূর্বপাকিস্থান বা পূর্ববঙ্গের রেলপথ ; ১৯৪৭, অগস্টের পার্টিশনের পর পূর্বতন বেঙ্গল-আসাম রেলওয়ের ( বা ঈস্ট-বেঙ্গল রেলওয়ে ও আসাম-বেঙ্গল রেলওয়ে ) অধিকাংশ পাকিস্থানের ভাগে পড়ে। মোট দৈর্ঘ্য ১,৬৮২ মা [ ৫৪৩ মা ব্রড গেজ ; ১,১১৯ মা মিটর গেজ ; ২০ মা. ২'-৬" গেজ ]। হেড অপিস—চট্টগ্রাম।

**পূর্ব রেলওয়ে** ( Eastern Railway ) : ১৯৫৫-এ পূর্বাঞ্চলের রেলওয়ে জোনকে দ্বিধা করিয়া নূতন দক্ষিণ-পূর্ব রেলওয়ে জোন সৃষ্টি করা হয়। পূর্বতন বেঙ্গল-নাগপুর রেলওয়ের যে অংশ পূর্ব রেলওয়ের অন্তর্ভুক্ত করা হইয়াছিল, তাহা এই নূতন দ.-পূর্ব জোন ভুক্ত হইয়াছে। পূ. রে. বলিতে এখন বুঝায় মুঘলসরাই পর্যন্ত পূর্বতন ঈ. আই. রেলওয়ে। পূ. রেলওয়ের হেড অপিস কলিকাতা, ৩, কয়লাঘাট স্ট্রীট। দ.-পূর্ব রেলপথের হেড অফিস কলিকাতা, ১১, গার্ডেন রীচ।

**পূর্বস্থলী** ( Purvasthali ) : বর্ধমান জেলা ; কালনা মহকুমার থানা ও গ্রাম। মেগাস্থেনীস মতে গঙ্গারাড় (Gangaridai) দেশের রাজধানী ছিল পারথলিস (Parthalies) ; পণ্ডিতদের মধ্যে কেহ কেহ মনে করেন পূর্বস্থলী প্রাচীন পারথলিস। ...থানার আ. ১৩৩ ব মা ; জন ১,০৪,৬২৮ ; ঘ ৭৮৭। গ্রামের সংখ্যা ২১১। —গ্রাম ( জন. ৩,০১০ ) কলিকাতা-ব্যান্ডেল-বারোহারা রেলপথের স্টেশন ( ৭০ মা ), নবদ্বীপ ধামের পরবর্তী স্টেশন। প্রাচীন গ্রাম ; পূর্বে বহু মন্দির ও চতুষ্পাটি ছিল। নিকটে চুপী গ্রাম (দ্র.)।... এই থানার কিয়দংশ কালনা ও কিয়দংশ মন্তেশ্বর রেজি. অপিস অন্তর্গত।

**পেকিং** ( Peking ) : চীন জনরাজতন্ত্রের রাজধানী। সামরিক ও প্রাকৃতিক গুরুত্বপূর্ণ অবস্থিতির জন্য বহু প্রাচীনকাল হইতে এখানে রাজধানী বারে বারে নানা নামে প্রতিষ্ঠিত হইয়াছে। মংগোল সম্রাট কুবলাই খান ( ১২৬৭ ) এইখানে রাজধানী স্থাপন করিয়া নাম দেন তা-তু বা মহা-নগরী। ১৪২১-এ মাঞ্চু সম্রাটগণ এইখানে রাজধানী করিয়া নাম দেন পে-কিং বা উত্তর-নগরী। মাঞ্চু বা মিং সম্রাটগণ নূতনভাবে নগর নির্মাণ করেন। এখানকার প্রাসাদ, প্রমোদবন, মন্দিরাদি অতুলনীয় ঐশ্বর্যপূর্ণ। মাঞ্চুদের সময়ে প্রাসাদের কতক অংশে চীনারা প্রবেশ করিয়া রাত্রিযাপন করিতে পারিত না। নগরের কয়েকটি অংশের মধ্যে উত্তরের তাতার নগর প্রায় ১৫ মা প্রাচীর দ্বারা বেষ্টিত ; উহার উচ্চতা ৫০ ফুট, উপরিভাগের প্রস্থ ৪০ ফুট ; ৯টি সিংহদ্বার প্রবেশপথ। ইহার দক্ষিণে চীনা নগর ; ইহাও প্রাচীরবেষ্টিত। চীন রিপাবলিক প্রতিষ্ঠিত হইবার পর হইতে এবং বিশেষভাবে জাপানীদের পরাজয়ের পর নয়াচীনের শাসনকালে নগরীর বহু পরিবর্তন হইয়াছে। ঊনবিংশ শতকের শেষভাগ হইতে এখানে ইউরোপীয় আদর্শে বিশ্ব-

বিদ্যালয়ের পত্তন হয়। বহু মিশনারী কলেজ বর্তমানে জাতীয় সরকার কর্তৃক পরিগৃহীত।

পেকিং পাই-হো নদীর উপর অবস্থিত; এখান হইতে তিএনসিন (Tientsin) বন্দর ৭২ মা ও সমুদ্র-তীর ১০০ মা। তিএনসিন নাব্য খালের দ্বারা ইয়াংৎসে (Yangtze) নদী ও হান্‌কৌ সামুদ্র-বন্দরের সহিত যুক্ত। পেকিং রেলপথের বড় জংশন; এখান হইতে সুই য়ুয়ান (Sui-yuan) দিয়া মংগোলিয়া যাওয়া যায় (৮১৭ মা); হান্‌কৌ রেলপথে ১,২৪৪ মা; মুকডেন (মাঞ্চুরিয়া) এখান হইতে ৮৪৭ মা। ...বর্তমানে এশিয়ার মধ্যে পেকিং মহানগরী নানা ভাবে লোকের দৃষ্টি আকর্ষণ করিতেছে। ...পেকিং কেন্দ্রীয় সরকারের খাস মিউনিসিপালটি; ৭০৭ বর্গ কিলোমিটার। জন. ২০,৩১,০০০ ('৫২)। ১৯২৯-এ পেকিং-এর নিকট আদিমানুষের ফসিল খর্পর পাওয়া যায় (Sinanthropus pekinensis)।

**পেগু** (Pegu): বর্মা রাজ্যের বিভাগ। আ. ২০,২২৩ ব মা; জন. ৩৪·৩৬ লক্ষ ('৪১)। জেলা: প্রোম, থারাওয়াডি (তারাবতী), পেগু, হান্‌থাওয়াডি (হংসবতী)।

পেগু জেলা দক্ষিণ বর্মায় অবস্থিত; পশ্চিমে পেগু য়োম (পর্বত) ও পূ.—সিতাং নদী। জেলার উ. ও পূ. —টংগু, দ.—হানথাওয়াডি (রেঙ্গুন), প.—থারাওয়াডি। আ. ৪,১১৪ ব মা; জন ৫·৮৩ লক্ষ ('৪১)। উত্তরাংশ জঙ্গলপূর্ণ; দক্ষিণ দিক সিতাং নদীর বদ্বীপ, ক্রমশই পলি পড়িয়া বড় হইয়া যাইতেছে। জেলায় প্রচুর ধান হয়। ...এই অঞ্চলে ৬ শতকে মন্ (Mon) নামে উপজাতি (ইহাদিগকে বর্মীরা তলাইঙ Talaing বলে) আসিয়া উপনিবেশ স্থাপন করে। ১৩ শতকে তলাইঙরা পরাক্রমশালী রাজ্য গড়ে। ১৬৩৫-এ তিনটি রাজ্যকে এক করিয়া তলাইঙরা আভায় রাজধানী স্থানান্তরিত করে। ইতিমধ্যে বর্মীরা প্রবল হইয়া উঠে ও তাহাদের রাজা আলঙপো ১৭৫৭ অব্দে তলাইঙদের রাজ্য ধ্বংস করিয়া দেয়। এখন মন্ বা তলাইঙদের পৃথক অস্তিত্ব দেখা যায় না। ১৮৫২-এ ব্রিটিশরা এই অংশ অধিকার করে ও ১৮৬২-এ আরাকান ও তেনাসেরিমের সহিত যুক্ত করিয়া ব্রিটিশ বর্মা পত্তন করে।...

—শহর (জন, ২২ হা.) ৫৭৩ অব্দে তলাইঙদের দ্বারা পেগু নদীতীরে স্থাপিত। রেঙ্গুন হইতে রেলপথে ৪৭ মা। মৌলমেন যাইতে হইলে এখানে ট্রেন বদল করিতে হয়। পেগুর নিকট দীর্ঘ শায়িত বুদ্ধমূর্তি দর্শনীয়।

**পেচোরা** (Pechora): সোবিয়েত রুশিয়ার কোমি অটোনমাস রিপাবলিকের প্রধান নদী। দীর্ঘ ১০২০ মা; অববাহিকা মণ্ডল ১,৩০,০০০ ব মা। উরাল পর্বত হইতে উঠিয়া তুন্‌দ্রার মধ্য দিয়া আরকৃটিক মহাসাগরে পড়িতেছে। অক্টোবর হইতে মে মাস পর্যন্ত নদী তুষারাবৃত থাকে। ৪৭০ মা সাধারণত নাব্য; বসন্ত ও গ্রীষ্মকালে ১০৪০ মা নাব্য হয়।

**পেটলাদ** (Petlad): বোম্বাই রাজ্য; কয়রা জেলার তালুক ও শিল্প-শহর। সুতা ও কাপড়ের কল, রঙের কারখানা, বিজলী, টেলিফোন প্রভৃতি আছে। জন. ২৯,৬৬৭। বড়োদা ও সমবায় ব্যাংক। ...আনন্দ-কামবে রেলশাখার স্টে. (১৪ মা); নদিয়াদ হইতে ভদ্রান পর্যন্ত যে সরু রেলপথ (৩৭ মা) আছে, তাহা পেটলাদ হইয়া (২৩ মা) গিয়াছে।

**পেট্রাপোল** (Petrapole): ২৪-পরগনা; বনগাঁর পরবর্তী সীমান্ত স্টেশন, ইহার পরবর্তী বেনাপোল পূর্ব পাকিস্তান অন্তর্গত। কলিকাতা হইতে ৫২ মা ও বনগাঁ হইতে ৪ মা দূরে।

**পেড়োর গড় বা পেঁড়ো-বসন্তপুর** (Perorgarh): হাওড়া-আমতা ছোট রেলের মুন্সিরহাট স্টেশন (১৯ মা) হইতে ৫ মা দূরে মোটরপথের উপর পে. গড় বা গড়-মান্দারণ (দ্র.)। ভূরিশ্রেষ্ঠ (ভুরশুট বা ভুরশো) রাজ্যের কায়স্থ-রাজা পাণ্ডুদাসের রাজধানী; মাদাদিয়া খাল বা রোন নদের তীরে অবস্থিত; রাজার নামানুসারে পাণ্ডুয়া নামে খ্যাত ছিল। পাণ্ডুয়া হইতে পেঁড়ো শব্দ।

**পেড়াপুরম** (Peddapuram): অন্ধ্র; পূ. গোদাবরী জেলার তালুক। শহর (জন. ২৩,২৯২) কাকিনাদ হইতে ১১ মা উ.-পশ্চিমে। অন্ধ্র ব্যাংক। রেশম বয়ন-শিল্পকেন্দ্র।

**পেত্রা** (Petra): জর্দন রাজ্যে অবস্থিত প্রাচীন যুগের

শহর ; গ্রীকে পেত্রা অর্থ শিলা, হীব্রু সেলা। দ. আরাবিয়া ও উত্তরের সহিত বাণিজ্যপথের উপর এই সমৃদ্ধ নগর অবস্থিত ছিল। নাবাতিয়ানরা (Nabatean) খ্রী. পূ. ৫০—খ্রী. অ. ২০০ পর্যন্ত এখানে গ্রীকো-রোমান স্থপতি-ভাস্করদের অনুকরণে পাহাড় কাটিয়া বহু গৃহ, মন্দির, চত্বরাদি, জলাধার প্রভৃতি নির্মাণ করিয়াছিল। এই স্থানের অস্তিত্ব লোকে ভুলিয়া গিয়াছিল। ১৮১২ অব্দে আবিষ্কৃত হয়।

**পেত্রোগ্রাদ** (Petrograd) : প্রথম মহাযুদ্ধ আরম্ভ হইলে ১৯১৪-এ রুশিয়ার রাজধানী সেন্টপিটার্সবার্গের নাম পেত্রোগাদ রাখা হয়। বলশিভিকি বিপ্লবের পর ১৯২৪-এ নাম হয় লেনিনগ্রাদ।

**পেন্নার নদী** ( Pennar river ) : অন্ধ্র দেশের নদী ; অনন্তপুর, কুড্ডাপ্পা, ও নেল্লোর জেলার মধ্য দিয়া প্রবাহিত হইয়া বঙ্গোপসাগরে পড়িতেছে। চিত্রাবতী ও পাপাগ্নি উপনদী দক্ষিণ হইতে আসিয়া মিশিয়াছে। উপর-পেন্নারে বাঁধ নির্মাণে ৮৪ লক্ষ টাকা ব্যয়িত হইয়াছে। মদ্রাজ রাজ্যে পেন্নার নদী আছে, তাহার অপর নাম পোন্নায়ার।

**পেন্সিলভানিয়া** (Pensylvania) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; যে আদি ১৩টি স্টেট মিলিতভাবে ব্রিটিশদের বিরুদ্ধে বিদ্রোহী হয় পেন. তাহাদের অন্যতম। ( ১৭৮৭, ডিসে. ১২ )। উইলিয়াম পেন্ (Penn) নামে এক কোয়েকার খ্রীষ্টান এইখানে প্রথম উপনিবেশ স্থাপন করেন ( ১৬৮২ )। ১৭৭৬ হইতে ১৮০০ পর্যন্ত ফেডারেল গবর্ণমেণ্টের কেন্দ্র ছিল ফিলাডেলফিয়াতে; ফি. এই স্টেটের বৃহত্তম নগর। এই নগরে মার্কিন স্বাধীনতা ঘোষণা পত্র (Declaration of Independence) ও সংবিধান রচিত হয়। গেটিসবার্গ এই স্টেটেই অবস্থিত। ...স্টেটের আ. ৪৫,৩৩৩ ব মা ; জন. ১·০৫ কোটি ('৫০)। ...রাজধানী হ্যারিসবার্গ হইলেও ফিলাডেলফিয়া, পিটসবার্গ প্রভৃতি নগরীগুলি বিখ্যাত। পিটস্বার্গের লৌহ-ইস্পাত কারখানা জগৎবিখ্যাত। স্টেটে নানা শিল্পের প্রায় ২০ হাজার কারখানা আছে।

**পেনগঙ্গা** ( Penganga river ) : হায়দরাবাদ ও মধ্যপ্রদেশের সীমান্তের নদী ; মধ্যভারতে অজন্টা পাহাড়ে উঠিয়া ওয়ার্ধা নদীতে পড়িতেছে ( ৩৪০ মা )।

**পেনাং** (Penang) : মালয় ফেডারেশন অন্তর্গত ( ১৯৪৮ হইতে) সেট্‌লমেণ্ট অব্ পেনাং (Settlement of Penang)-এর দ্বীপাংশ ; ওয়েলেসলি প্রদেশ লইয়া এই সেট্‌লমেণ্ট-একক গঠিত। ইহার আ. ৪০০ ব মা ; জন. ৪,৪৬,৩২১। এতদঞ্চলে পে. ইংরেজদের প্রথম উপনিবেশ ( ১৭৮৬ )। ঈ. ই. কোম্পানীর প্রেসিডেন্সি ( ১৮০৬-২৬ )। ১৮৬৭ হইতে স্ট্রেটস্ সেট্‌লমেণ্টের অন্যতম প্রদেশ। ...১৯৪১-এ জাপানীদের দ্বারা অধিকৃত। ১৯৪৮ হইতে ফেডারেশন ভুক্ত। পেনাং দ্বীপাংশ ১৫ মা দীর্ঘ ও ৯ মা প্রস্থ। আ. ১১৪ ব মা ; জন. ২,৬২,৭০৫। প্রভিন্স ওয়েলেসলি হইতে মালাক্কা প্রণালীর একটি শাখার দ্বারা বিভক্ত। পশ্চিমাংশে অরণ্যময় শৈল, রবার, ধান, নারিকেল প্রধান উৎপন্ন দ্রব্য। দ্বীপে বিমান বন্দর আছে। পে. প্রণালী স্টিমারে পার হইয়া ওয়েলেসলি হইতে সিঙ্গাপুর ও প্রদেশ থাই পর্যন্ত রেলপথ পাওয়া যায়।...অধিবাসীদের মধ্যে ৭০ শতাংশ চীনা, ১৮ মালয় ও ১২ ভারতীয়। .. পে.-শব্দ মালয়, অর্থ সুপারি। ...প্রধান শহর—জর্জটাউন।

**পেনাং প্রণালী** ( Penang channel ) : মালাক্কা প্রণালীর শাখা ; পে. দ্বীপ ও প্রভিন্স ওয়েলেসলির মধ্যে ২—১০ মা প্রস্থ। প্রণালী প্রবেশের সংকীর্ণতম স্থানে পে. পোতাশ্রয় অবস্থিত ; এখানে ফেরীঘাট। মালয় ফেডারেশনের জাহাজ নোঙর করিবার প্রধান স্থান।

**পেনুকোণ্ডা** (Penukonda) : অন্ধ্র ; অনন্তপুর জেলার তালুক ও শহর। গুন্টকল-বঙ্গলুর রেলপথের স্টে. (৮৯ মা)। অনন্তপুর হইতে ৪৬ মা দক্ষিণে। জন ১২, ২০০। অন্ধ্র ব্যাংক। ...তালিকোটার যুদ্ধে বিজয়নগরের রাজারা পরাজিত ( ১৫৬৫ ) হইয়া প্রায় ৩,০০০ ফুট উচ্চ পাহাড়ের উপর প্রাচীন কালের দুর্গে আশ্রয় গ্রহণ করেন।

**পেপসু** ( PEPSU : Patiala and East Punjab States Union) : পাতিয়ালা ও পূর্ব পঞ্জাবের করদ রাজ্যগুলির ইউনিয়নের সংক্ষেপিত ও চলতি নাম

পেপসু। পাতিয়ালা, কপুরতলা, নাভা, ঝিনদ, ফরিদ-কোট, মালের কোটলা, নলগড় ও কালসিয়া—এই ৮টি স্টেট লইয়া ১৯৪৮, ১৫ জুলাই পেপসু রাজ্য গঠিত হয়; ইতিপূর্বেই রাজ্যগুলি ভারতভুক্ত হইয়াছিল। .. প্রথম ৫টি রাজ্য অনেকটা অখণ্ড; কিন্তু অবশিষ্টগুলি বিচ্ছিন্ন; ফলে পেপসু ও পূর্ব-পঞ্জাব রাজ্য পরস্পরের মধ্যে প্রবিষ্ট; কয়েকটি enclaves আছে। এই রাজ্য-গুলির মধ্যে পাতিয়ালাই প্রধান। .. রাজ্যের অধিবাসী-দের অধিকাংশই পঞ্জাবীভাষী ও শিখধর্মী; জাতিতে জাঠ। ১৯৪৭ অগস্টে ভারত বিভক্ত হইলে বহু সহস্র মুসলমান এতদঞ্চল হইতে প. পাকিস্তানে ও অন্যত্র চলিয়া যায় ও বহু হতাহত হয়। প. পাকিস্তান হইতেও বহু হিন্দু ও শিখ এদেশে আসে। উদ্বাস্তুদের পুনর্বসনের জন্য ভারত সরকার বহু কোটি টাকা ব্যয় করিয়াছেন; বহু শিক্ষা প্রতিষ্ঠান, কারখানা, স্কুল-কলেজ প্রভৃতি স্থাপিত হইয়াছে। লোকেদের প্রধান জীবনোপায় কৃষি। কিন্তু বৃষ্টিপাত মাত্র ২৫″; খালের জলসেচের উত্তম ব্যবস্থা থাকায় গম, জোয়ার, বজরা, ভুট্টা, ইক্ষু ও তুলা এবং চা উৎপন্ন হয়। ... . কপুরতলায় চিনির বড় কারখানা আছে। ......রাজ্যের ভাষা পঞ্জাবী; এই ভাষায় বহু গ্রন্থ, পত্রিকাদি প্রকাশিত হইতেছে। পঞ্জাবী শিখ ও প. হিন্দুদের মধ্যে পঞ্জাবীভাষা ও হিন্দী ভাষা লইয়া দীর্ঘকাল অশান্তি, ভাষা লইয়া রাজ্যে সাম্প্রদায়িকতা চলিতেছে। ১৯৫৬ নভেম্বরে রাজ্য পুন-র্গঠন ব্যবস্থায় পঞ্জাব ও পেপসু মিলিয়া দ্বিভাষিক পঞ্জাব রাজ্য হইয়াছে। অকালী শিখরা এই সিদ্ধান্ত মানিয়া লইয়াছে; কিন্তু পঞ্জাবী হিন্দুরা মহাপঞ্জাব সৃষ্টির জন্য আন্দোলন করিতেছে। . ইউনিয়নের আ. ১০,১২০ ব মা; জন. ৩৪·৮৭ লক্ষ। জেলা ৮টি; তহশীল ২৪; মিউনি. ২২; গ্রাম ৫,৮৪৭; রাজস্ব—৬,৩৪,৯৩,০০০৲। প্রধান সদর শহর পাতিয়ালা।

**পেম্বা** (Pemba): ভারত মহাসাগরের দ্বীপ; জান্‌-জিবার-আশ্রিত রাজ্যের অন্তর্গত আফ্রিকার পূর্ব-উপকূলস্থিত প্রবাল দ্বীপ; লবঙ্গ চাষের জন্য বিখ্যাত। আ. ৩৮০ ব মা। জন. ১·১৫ লক্ষ ('৫০)। ১৯শতকের শেষ পর্যন্ত দাস ব্যবসায়ের ঘাঁটি ছিল। এখানকার বৃষ-যুদ্ধ খেলা বিখ্যাত।

**পেরনামবুকো** (Pernambuco): ব্রাজিলের স্টেট; কৃষিপ্রধান। চিনির জন্য খ্যাত। আ. ৩৭,৪৪৮ ব মা; জন. ৩৪·৩১ লক্ষ। রাজধানী রেসীফে (দ্র. Recife)।

**পেরাক** (Perak): মালয় ফেডারেশনের অন্যতম স্টেট; মালয় উপদ্বীপের পশ্চিমে, মালাক্কা প্রণালীর পূর্বদিকে। পশ্চিমে সীমান্ত-পর্বত প্রায় ৭,৫০০ ফুট পর্যন্ত উচ্চ। উ.-পশ্চিমে কেদা ও পেনাং, পূ.—কেলান্তন ও দ.—সেলাংগর রাজ্য। দেশ মূল্যবান অরণ্যে পূর্ণ; টিন খনি সুপর্যাপ্ত। রবার, ধান, নারিকেল। রাজ্যের আ. ৭,৮৯০ ব মা; জন. প্রায় ১০ লক্ষ। রাজধানী তাইপিং। অধিবাসীদের মধ্যে শতকরা ৪৫ চীনা, ৩৫ মালয়, ১৫ ভারতীয় ও অবশিষ্ট স্থানীয় আদিম। মুসলমান সুলতান শাসক। ১৭ শতকের মধ্যভাগে ওলন্দাজরা এই অঞ্চলে প্রথম আসে। ১৮১৮-এ ব্রিটিশ বণিক-দের সঙ্গে সুলতানের বাণিজ্যিক চুক্তি হয়।...১৮৭৪-এ এদেশ ব্রি. প্রোটেকটোরেট ঘোষিত হয়। ২য় মহাযুদ্ধের পর সুলতান মালয় ফেডারেশনের মধ্যে প্রবেশ করিয়াছেন। সুলতানের বাসস্থান কুআলা কাংসার। বৃহত্তম নগর ইপোঃ (৮০,৮৯৪)।

**পেরাদেনিয়া** (Peradeniya): কলোম্বো হইতে ৭১ মা দূরে সিংহলের রয়েল বোটানিকাল গার্ডেন বা উদ্ভিদ উদ্যান অবস্থিত।

**পেরাম্বুর** (Perambur): মদ্রাজের উপকণ্ঠে সেমবিয়ে-মের (Sembiem) নিকটে রেলকোচ (Railcoach) কারখানা। ১৯৫১ জুন মাসে কার্য আরম্ভ হয়; ১৯৫৫ অক্টোবর ২, শ্রীজওহরলাল নেহেরু কর্তৃক উন্মোচিত হয়। এখানে যাত্রীবাহী রেলগাড়ি নির্মিত হইতেছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত এই কারখানার জন্য প্রায় ৭·৩০ কোটি টাকা ব্যয়িত হইবে। আটটি য়ুরোপীয় দেশ হইতে কলকব্জা আসিয়াছে।

**পেরিম দ্বীপ** (Perim): আদন (Aden) কলোনীর অন্তর্গত ক্ষুদ্র দ্বীপ। আ. ৫ ব মা। বাবেলমনডপ প্রণালীতে আদন হইতে ১০০ মা পশ্চিমে অবস্থিত। টেলিগ্রাফ কেব্‌ল-এর আস্তানা; আলোকস্তম্ভ

**পেরিয়াকুলম** ( Periyakulam ) : মদ্রাজ ; মদুরাই জেলার তালুক ও শহর ; রেল স্টেশন নাই। মদু. হইতে ৪০ মা উ.-পশ্চিমে। পালনি পাহাড়, কার্দামন পাহাড় ও কম্বম উপত্যকার বনজ ও কৃষিজাত চা, কফী প্রভৃতির ব্যবসায় কেন্দ্র। কোডাইকানাল এখান হইতে ৯ মা উ.-পশ্চিমে। জন. ৩১,০১২। পাণ্ড্যয়ন, পাথিনেন প্রভৃতি ব্যাংক।

**পেরিয়ার** (Periyar river) : তিরু-কোচীনের ( কেরল ) নদী ; কোচীন ও তিরুবঙ্কুড় রাজ্যের মধ্য দিয়া প্রবাহিত হইয়া আরব সাগরে পড়িতেছে ; তিরু-বঙ্কুড়ের পূর্বস্থিত পর্বতের মধ্যে বৃহৎ জলাধার হইতে জলবিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা হইতেছে। অতিরিক্ত জল পাহাড়ের মধ্যে সুড়ঙ্গ করিয়া মদুরাইর নিকটবর্তী সুরুলি-বৈগাই উপত্যকা সিঞ্চিত করিতেছে। আলওয়ে (দ্র.) এই নদীর উপর অবস্থিত।

**পেরু** (Peru) : দ. আমেরিকার রিপাবলিক ; প্রশান্ত মহাসাগর তীরে অবস্থিত। আ. ৭·২২ লক্ষ ব মা। জন. ৮৩ লক্ষ। আন্দিস পর্বত পশ্চিমাংশের অনেক-খানি জুড়িয়া আছে। ইহা প্রাচীন ইন্‌কা (Inca) সভ্যতার (স্থা. ১২১৩ অব্দ) কেন্দ্র ও সাম্রাজ্য।...এখনো অধিবাসীদের অর্ধেক রেড্‌ ইন্‌ডিয়ান। ...১৫৩৩-এ স্পেনীশ সাহসিক পিজারো পেরু অধিকার করে ; প্রায় তিনশত বৎসর স্পেনের অধীন থাকিবার পর মধ্য ও দ. আমেরিকার স্পেনীশ কলোনীসমূহ বিদ্রোহী হয় (১৮২১)। ১৮২৪, ডিসেম্বর ৯, আয়াকুচোর (Ayacu-cho) শেষ যুদ্ধের পর পেরু সম্পূর্ণ স্বাধীন হয়।...পেরু স্পেনীশ সংস্কৃতির অন্যতম প্রধান কেন্দ্র ছিল। শতাব্দী পরে ১৯২৪-এ পেরুর স্বাধীনতা উৎসব উদ্‌যাপন উপ-লক্ষ্যে শাসকরা রবীন্দ্রনাথকে নিমন্ত্রণ করিয়া লইয়া যান ; রবীন্দ্রনাথ আরজেন্টাইন পৌঁছিয়া অসুস্থ হইয়া পড়েন বলিয়া রাজধানী লিমা যাইতে পারেন নাই।...দুই বিশ্ব যুদ্ধের সময় পেরু তুলা ও তামা বিক্রয় করিয়া প্রভূত ধন লাভ করে। তবে দেশের আর্থিক উন্নতি প্রায় সম্পূর্ণভাবে বিদেশী মূলধনের উপর নির্ভরশীল।...শাসন-প্রথা মার্কিনী ধরনের। ১৯৩৩-এর সংবিধান মতে প্রেসিডেণ্ট ও ৭ জনের ক্যাবিনেটের উপর ন্যস্ত। ব্যবস্থা সভা ২ কোঠার— সিনেট ( ৫০ ) ও প্রতিনিধি সভা (১৫৩)। প্রেসিডেণ্ট পুনর্নির্বাচনে দাঁড়াইতে পারেন না ; একজন প্রে. একাধিক্রমে ২০ বৎসর রাজত্ব করেন বলিয়া এই আইন করা হইয়াছে। ক্যাবিনেটের প্রধান মন্ত্রী প্রে. কর্তৃক মনোনীত হন। তবে সুপ্রীম কোর্ট ( হাইকোর্ট )-এর বিচারকগণ প্রে.-র তালিকা হইতে কন্‌গ্রেস কর্তৃক নির্বাচিত হন। রাজধানী লিমা (Lima), প্রশান্ত সাগর তীরস্থ বন্দর কল্লাও (Callao) হইতে আন্দিস পার হইয়া লিমা আসিতে হয়। দেশ পার্বত্য। তাম্র, রৌপ্য, কয়লা, পেট্রোলিয়াম খনিজ পূর্ণ। স্বর্ণও পাওয়া যায়।...কৃষি ও পশুপালন প্রধান উপজীবিকা ; শিল্পাদি অনুন্নত। ...খনিজের মধ্যে রৌপ্য উৎপাদনে পেরুর স্থান পৃথিবীর মধ্যে চতুর্থ ; পেট্রোলিয়ামও অন্যতম। এ সমস্তেরই মালিক মার্কিনী কোম্পানী। ..পেরুতে ৫টি বিশ্ববিদ্যালয় ; তন্মধ্যে San Marcos ১৫৫১-এ স্থাপিত হয় ; ইহা আমেরিকার প্রাচীনতম বিশ্ব-বিদ্যালয়।

**পেলি পর্বত** (Mount Pelee) : পশ্চিম ইন্‌ডিস দ্বীপ-পুঞ্জের মার্তিনিক (Martinique) দ্বীপের আগ্নেয়গিরি ; বহুবার অগ্ন্যুৎপাত হইয়াছে। ১৯০২-এ প্রায় ৩০,০০০ লোকসমেত সাত পিয়ের (St. Pierre) শহর ধ্বংস হয়।

**পেলোপনেসি** (Peloponnese) : প্রাচীন গ্রীসের দক্ষিণাংশ ; বর্তমান নাম মোরিয়া, মোরিন্থ যোজক দ্বারা যুক্ত ।...আথন্স ও স্পার্টার মধ্যে গ্রীসের আধিপত্য লইয়া যে সংগ্রাম চলে ( খ্রী. পূ. ৪৬১-৪০৪ ) তাহা পেলোপনেশীয় যুদ্ধ নামে খ্যাত। ৪৫৫-এ আথেন্স অধিকৃত হয় ও কিছুকালের জন্য স্পার্টার সার্বভৌমত্ব স্বীকৃত হয়।

**পেশাওর, পেশাবর** ( Peshawar ) : পুষ্‌তু ভাষায় পেষৌর, পেখৌর ; সংস্কৃত পুষ্পপুর।... পাকিস্থান, উ.-প. সীমান্ত প্রদেশের রাজধানী। ন-ও. রেলপথের স্টেশন, কলিকাতা হইতে ১,৪৬৩ মা। গ্রান্ড ট্রাংক রোড্‌ কলিকাতা হইতে পে. পর্যন্ত গিয়াছে। পে. হইতে খাইবার গিরিসংকটের (Khyber Pass) মধ্য দিয়া রেলপথ আফগানিস্থান-সীমান্ত লন্‌ডি খাল পর্যন্ত

(২১ মা) গিয়াছে। পাকিস্তানের বৃহৎ সৈন্যশিবির এখানে অবস্থিত। বর্তমানে বহু শিল্প শিক্ষা, ও সংস্কৃতির কেন্দ্র। বিশ্ববিদ্যালয় হইয়াছে। জন. ১'১৪ লক্ষ।... পে. র নিকট তখৎ-ই-বাহী (Takhat-i-Bahi) নামক গ্রামে বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ খনন করিয়া পাওয়া গিয়াছে। এই স্থান পার্থিয়ান রাজা গণ্ডফারেসের রাজধানী ছিল বলিয়া অনুমিত।...ব্যাংক : অস্ট্রেলেশিয়া; সেন্ট্রাল এক্স্চেঞ্জ; গ্রিন্ডল; হবীব; মুসলীম কমার্শিয়াল।

**পেশাওয়ার** (Peshawar District) প. পাক.; উ.-প. সীমান্ত প্রদেশের জেলা; পূর্বদিকে সিন্ধু নদী; অপর তিনদিক সফেদ কোহ পর্বত দ্বারা বেষ্টিত। কাবুল ও সোয়াৎ নদী প্রবাহিত; বহু খাল-সেবিত।...জেলার প্রধান শহর পেশা., নওশরা ও চারসাদা।...আ. ১,৫৪৭ ব মা। জন. ৯ লক্ষ।...

**পেসকদোরস** (Pescadores Is.): চীনা Pen-hu Chun-tao, জাপানী Boko-Vetto। তাইবান (Taiwan) বা ফরমোসা দ্বীপের নিকটস্থ ৬৪টি দ্বীপের নাম। ফরমোসা ও দ্বীপগুলির মধ্যে ৩০ মা প্রস্থ প্রণালী। দ্বীপগুলি কুয়ো-মিন্-টাঙ বা ন্যাশনালিস্ট দলের আয়ত্তে আছে।

**পৈঠান:** দ্র. প্রতিষ্ঠান।

**পো** (Po river): ইতালির উত্তরাংশে পূর্বগামী নদী; আদ্রিয়াতিক সাগরে পড়িয়াছে (৪২৫ মা); ৩৪৫ মা নাব্য। মোহনা বহু ধারায় বিভক্ত; সমুদ্রে ক্রমান্বয়ে নূতন চর পড়িয়া বদ্বীপ হইতেছে।...আল্প্স্ ও আপিনাইন পর্বতের মধ্যে প্রায় ২৯ হা. ব মা অববাহিকা।

**পোড়াদহ** (Poradahu): পূ. পাকিস্তান; কুষ্টিয়া জেলার শহর। ঈ. বি. রেলওয়ের জংশন; কলিকাতা ১২৩ মা, দর্শনা হইতে ৩১ মা। শাখা রেলপথে গোয়ালন্দ (৫২ মা)। মূল লাইন উত্তরবঙ্গে হলদিবাড়ি গিয়াছে। বিশিষ্ট ব্যবসায়ের কেন্দ্র।

**পোতল** (Potala): তিব্বতের রাজধানী লাসা-স্থিত দালাই-লামার প্রাসাদের নাম। পোতল পাহাড়ের উপর দুর্গ ও প্রাসাদ; ৭ম শতকে রঙ-সন-গমপো কর্তৃক নির্মিত। কিংবদন্তী বাংলাদেশের কোনো বিহারের আদর্শে নির্মিত হয়; হইতে পারে পাহাড়পুরের সোমপুর ধর্মশালা বিহার ও মহাস্থানগড় নির্মাতাদের আদর্শ ছিল।

**পোনানি** (Ponani, Ponnani): মদ্রাজ (বর্তমান কেরল রাজ্য); মালাবার জেলার তালুক ও শহর, সমুদ্রতীরে অবস্থিত; পোনানি নদী কোয়াম্বতুর জেলার পাহাড়ে উঠিয়া এই শহরের পার্শ্ব দিয়া গিয়া সমুদ্রে পড়িতেছে। কোজিকোট (কালিকট) হইতে দক্ষিণে ৩৪ মা। জন. ২৩,৩৩৪। অধিবাসীদের মধ্যে মোপ্লা মুসলমানের সংখ্যা বেশি। এখানে ৪টি দক্ষিণী ব্যাংক আছে।

**পোনাবালিয়া** (Ponabalia): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, ঝালকাটির ৩ মা দক্ষিণে একটি প্রাচীন গ্রাম। এখানকার শিব-স্বয়ম্ভুর মন্দির বিখ্যাত; ভৈরবের নাম ত্র্যম্বকেশ্বর। শিবরাত্রির সময়ে বহু হিন্দুর সমাগম ও তদুপলক্ষে মেলা হইত।

**পোন্নুরু** (Ponur, Ponnuru): অন্ধ্র; গুন্টুর জেলার শহর, কৃষ্ণার বদ্বীপে। নিকটস্থ রেল-স্টেশন নিডুব্রোলু-র বাসিন্দা সমেত জন সংখ্যা ১৭,০৫৫।

**পোন্নায়ার** (Ponnaiyar): মদ্রাজের নদী; বিজয়ওয়াড়া হইতে ৮০ মা। মহীশূরের মালভূমে উঠিয়া, সালেম ও দক্ষিণ আরকট জেলার মধ্য দিয়া বঙ্গোপসাগরে পড়িতেছে (২৫০ মা)। ইহাকে দক্ষিণী পেন্নারও বলে।

**পোপকাটিপাটল** (Popocatepetl): মধ্য আমেরিকার জীবন্ত আগ্নেয়গিরি (১৭,৫২০ ফুট)। ইহা আজ্টেক শব্দ, অর্থ ধূমায়িত পর্বত। মেক্সিকো নগর হইতে ৪৫ মা দ.-পশ্চিমে। ১৭০২-এ শেষ উদ্গীরণ হইয়াছিল। এখনো মাঝে মাঝে প্রচুর গাঢ় ধূম্র উঠিয়া থাকে। আগ্নেয়গিরি মুখে প্রচুর গন্ধক জমিয়া আছে, সামান্য অংশই ব্যবহৃত হইয়াছে।

**পোরবন্দর** (Porbander): সৌরাষ্ট্রের জেলা। গুজরাটের পূর্বতন করদরাজ্য। বর্তমানে বোম্বাই রাজ্যান্তর্গত। আ. ৬২৪ ব মা। জন. ১'৪৭ লক্ষ। রাজ্যের আয় ছিল প্রায় ২০ লক্ষ; কর দিতে হইত ২১,৩০২ টাকা।...এখানকার রাজাকে মহারাজা-রাণা-

সাহেব বলে; তিনি ১৩ তোপ সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হওয়ায় তাঁহাকে বার্ষিক ৩,৮০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...১৫৪২-এ নবনগর হইতে বিতাড়িত এক রাজকুমার প্রাচীন সুদামাপুরী নামক স্থানে রাজ্য পত্তন করেন। সুদামার একটি মন্দির এখনো আছে। প্রাচীন কালের বন্দর মিয়ানি এককালে প্রসিদ্ধ ছিল।

পোরবন্দর রাজধানী সমুদ্রতীরে; সমুদ্রগামী জাহাজ তীর হইতে দেড় মাইল দূরে দাঁড়ায়। পশ্চিম উপকূল, সিন্ধু, পারস্য সাগরের তীরের সহিত বাণিজ্য চলে। আহমদাবাদ হইতে রেলপথে ২৯৬ মা। বোম্বাই ৬০২ মা। বিমান বন্দর। জন. ৫৮,৮২৮। সেন্ট্রাল, স্টেট, দেবকরণ, সৌরাষ্ট্র, স্টেট ব্যাংক।

**পোরসা** (Porsa): পূ. পাক.; বগুড়া জেলার থানা। আ. ২০২ ব মা। পূর্বে এই থানা দিনাজপুর জেলার বালুরঘাট মহ.র মধ্যে ছিল। ১৯৪৭-এর পার্টিশনের সময় পূর্ব পাকিস্তান ভুক্ত হয়।

**পোর্ট অব্ স্পেন** (Port of Spain): দ. আমেরিকা; ব্রিটিশ কলোনী ত্রিনিদাদ দ্বীপের অতলান্তিক মহাসাগর তীরস্থ বন্দর ও রাজধানী; বহু দেশের বাণিজ্য-পোত আসা-যাওয়া করে। পেট্রোলিয়াম, আস্‌ফাল্ট, কোকো, কফি প্রভৃতি রপ্তানি হয়। জন. ১·০৬ লক্ষ।

**পোর্ট আর্থার** (Port Arthur): চীনা লু-শুন-কো; জাপানী রিওজুন (Ryo-jun)। চীনের বন্দর, লিয়াও-তুং উপদ্বীপের দক্ষিণ প্রান্তে অবস্থিত।...১৮৯৪-এ চীন-জাপানের যুদ্ধের সময় উহা জাপানীরা দখল করে। রুশিয়ার মধ্যস্থতায় চীন ও জাপানের মধ্যে শান্তি স্থাপিত হয়। কিন্তু ১৮৯৮-এ রুশ চীনের নিকট হইতে এই স্থান ইজারা লইয়া এক সুদৃঢ় দুর্গ ও বন্দর নির্মাণ করে। রুশের প্রশান্তসাগরীয় বন্দর ব্লাদিবোস্তক বৎসরের অধিকাংশ সময় তুষারাবৃত থাকে বলিয়া রুশের পক্ষে পূর্ব-সাগরে এই বন্দর পাওয়া অপরিহার্য হইয়া পড়ে। পার-সাইবেরিয়ান রেলের সহিত পোর্ট আর্থার যুক্ত। ...রুশ-জাপানের যুদ্ধে রুশকে পরাভূত করিয়া জাপানীরা পোর্ট আর্থার দখল করে (১৯০৫, জানু. ২)। চীন ১৯০৫ হইতে ১৯৪৫ পর্যন্ত জাপানীদের দখলে থাকে। ২য় মহাযুদ্ধের পর ১৯৪৫-এ সোভিয়েত মিত্রতা হয়; তখন চীনকে নামত ঐ স্থান ফিরাইয়া দেওয়া হয়। কিন্তু সোবিয়েতের দখলেই ছিল। ১৯৫৫-এ রুশ ইহার উপর সমস্ত দাবী ত্যাগ করিয়া সম্পূর্ণভাবে চীনকে প্রত্যর্পণ করিয়াছে। ...চীন জন-রাজতন্ত্রের উত্তর-পূর্ব প্রদেশে পোর্ট আর্থার দাইরেন একটি মিউনিসিপাল অঞ্চল। আ. ৩,৩৯৯ বর্গ কি. মি.। জন. ১০·৫৪ লক্ষ।

**পোর্ট এলিজাবেথ** (Port Elizabeth): দক্ষিণ আফ্রিকার কেপ্ প্রভিন্সের শহর; ভারত মহাসাগর তীরস্থ বন্দর। বহু শিল্পের কারখানা। জন. ১·৮৯ লক্ষ; তন্মধ্যে ৭৮ হাজার শ্বেতকায়।

**পোর্ট ওখা** (Port Okha): দ্র. ওখা

**পোর্ট ব্লেয়ার** (Port Blair): আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী; দ. আন্দামানে অবস্থিত। কলিকাতা হইতে ৮১০, মদ্রাজ ৮৪০ মা। বিমান বন্দর। ...১৭৮৯-এ জলদস্যুতা নিবারণের জন্য ইংরেজ বয়েল ন্যাভির লেফ. ব্লেয়ার ইহা দখল করেন। ১৭৯৬-১৮৫৬ পর্যন্ত পরিত্যক্ত। ১৮৫৬-এ শহর পুনর্গঠন করিয়া ১৮৫৮ হইতে দ্বীপান্তরিত ব্যক্তিদের কারাগার স্থাপিত হয়। সিপাহী বিদ্রোহের অপরাধীরা প্রথম প্রেরিত হয়। ১৮৭২-এ এই বন্দরে বড়লাট মেয়ো ঘাতকের হস্তে নিহত হন। ...১৯২১ হইতে এখানে দ্বীপান্তরে প্রেরণ রদ হয়। ১৯৪২, মার্চ ২৩ জাপানীরা অধিকার করে। ...১৯৪৭ হইতে আন্দামান ভারত সরকার কর্তৃক 'গ' শ্রেণীর রাজ্যরূপে শাসিত। বহু উদ্‌বাস্তু বাঙালী এখানে উপনিবেশ স্থাপন করিতেছে। জন. ৪,১১১।

**পোর্ট মোর্সবী** (Port Moresby): পাপুআ-নিউগিনীর রাজধানী ও সমুদ্র বন্দর; ১৮৭৩-এ কাপ্তেন জন্ মোর্সবী কর্তৃক আবিষ্কৃত। ১৮৮৩ হইতে ব্রিটিশ অধিকার ভুক্ত। ২য় মহাযুদ্ধের সময় মিত্রশক্তির বিশিষ্ট ঘাঁটি। পেট্রোলিয়াম সন্ধানের কাজ নিকটে আরম্ভ হইয়াছে জন. ৩ হা.।

**পোর্ট লুই** (Port Louis): মরিশাস দ্বীপের রাজধানী ও ভারত মহাসাগরের বন্দর; কয়লা লওয়ার

স্থান। জন. ৭৫ হা.। বহুবিধ শিল্পের কেন্দ্র। চিনির কারখানা ; সিগারেট, দেশলাই প্রভৃতি তৈয়ারি হয়।

**পোর্ট লামি** (Port Lamy) : ফরাসী আফ্রিকার নিরক্ষীয় মণ্ডলে চাদ (Tchad) প্রদেশের প্রধান শহর ; চারি (Chari) নদীর তীরে। জন. ২৩ হা.।

**পোর্টস্‌মাউথ** ( Portsmouth ) : ইংলন্ডের বন্দর ও নগর। বিরাট নৌ ঘাঁটি ( naval base )। জন. ২'৫৪ লক্ষ ('৫৩)। শুষ্ক ডকে নেলসনের জাহাজ Victory রক্ষিত ছিল। চার্লস ডিকেন্স ও জর্জ মেরেডিথের জন্মভূমি।

**পোর্ট সাইদ, সৈয়দ বন্দর** (Port Said) : ভূমধ্যসাগর তীরে সুয়েজ খালের প্রবেশমুখে মিশরের বন্দর। ১৮৫৯-এ সৈয়দ পাশা কর্তৃক স্থাপিত হয়। এই বন্দরে নানাদেশের লোকের বাস। জন. ১'৭৮ লক্ষ। লবণ, চাউল, পশম, রাসায়নিক প্রভৃতির কারখানা। এখান হইতে সুয়েজ শহর ও কাইরো পর্যন্ত রেলপথ আছে। সমুদ্র তীরে ফার্দিনান্দ দ. লেসেপ্সের বিরাট মূর্তি ও আলোক স্তম্ভ ( ১৭৪ ফুট ) আছে।

**পোর্ট সুদান** (Port Sudan) : লোহিত সাগর তীরস্থ সুদানের বন্দর ; ১৯০৫ এ স্থাপিত। এখান হইতে রেলপথ সুদানের মধ্যে গিয়াছে। জন. প্রায় ৫০ হা.। সুদানের বহির্বাণিজ্যের শতকরা ৮৫ ভাগ এই বন্দর দিয়া যাওয়া-আসা করে। বিমান বন্দর।

**পোর্ট সোয়েটেনহাম** (Port Swettenham) : মালয় উপদ্বীপের সেলংগর রাজ্যের পশ্চিমে মালাকা উপসাগরস্থিত বন্দর ; এখান হইতে মালয় ফেডারেশনের রাজধানী কুয়ালা-লুম্‌পুর পর্যন্ত রেলপথ (২৭ মা) আছে। জন. ১২ হা.।

**পোর্টো নোভো** ( Porto Novo ) : (১) মদ্রাজের দ. আরকট জেলায় করমণ্ডল উপকূলের ছোট বন্দর ; পুদুচ্চেরী হইতে ৩৫ মা দক্ষিণে। জন. ১৪ হা.। ১৭৮১, জুলাই মাসে স্যর আয়ার কূট্ মহীশূরপতি হায়দার আলিকে এক যুদ্ধে পরাভূত করেন।

(২) ফরাসী পশ্চিম আফ্রিকার ডাহোমি রাজ্যের রাজধানী। জন. ২৭ হা.।

**পোর্টো রিকো, পোএরতো রিকো** ( Porto Rico, Puerto Rico ) : পশ্চিম ইন্‌ডিস দ্বীপপুঞ্জের অন্তর্গত আনটাইলিস-এর একটি দ্বীপ। ১৬ শতকের গোড়া হইতে স্পেনীশ কলোনী। ...কলম্বাস ১৪৯৩, ১৯ নভেম্বর এই দ্বীপে আসেন ; তখন এই দ্বীপে আরাবাকান ইন্‌ডিয়ানরা বাস করিত ; স্পেনীশরা নিগ্রো দাস আমদানি করে ; ১৮৭৩ পর্যন্ত দাসত্ব প্রথা এখানে চালু ছিল। স্পেনীশ-আমেরিকান যুদ্ধের পর ১৮৯৮-এ স্পেন এই দ্বীপ মার্কিন যুক্তরাষ্ট্রকে সমর্পণ করে। অধিবাসীদের বারো-আনি শ্বেতকায় ( স্পেনীশ-বংশোদ্ভব ), অবশিষ্ট চার-আনি নিগ্রো-মুলেটো। সরকারী ভাষা ইংরেজি হইলেও, অধিকাংশ লোক স্পেনীশই বলে। পোর্টো রিকান জাতীয়তাবাদীরা মার্কিনদের তাঁবে থাকিতে অনিচ্ছুক ; তজ্জন্য মাঝে মাঝে বৈপ্লবিক কাণ্ড ঘটে। ১৯৪৮ হইতে দ্বীপবাসীদের ভোট দ্বারা গবর্নর নির্বাচিত হইতেছে। ১৯৩২-এ দ্বীপের নাম Peurto R. হয়। দ্বীপের আ. ৩,৪৩৫ ব মা ; জন. ২২'১০ লক্ষ ('৫০) ; ঘনতা বর্গ মাইলে ৬৪৬ ; এরূপ ঘনতা খুব কম দেশেই। রাজধানী সান জুয়ান, নিউইয়র্ক হইতে ১,৪০০ মা। ...দেশ অতি উর্বর ; বৃষ্টিপাত ৬০"। বহুবিধ ফল, শস্যের চাষ আছে ; ইক্ষুর চাষ প্রচুর। দ্বীপে বহু চিনির কল ; চিনির পরেই তামাক ; সিগার, সিগারেটের কারখানা অনেক। জলবিদ্যুৎ শক্তি হইতে বহু কল চালিত হয়।

**পোর্তুগল** ( Portugal : Republica Portuguesa ) : ইউরোপের দ.-পশ্চিম কোণে আইবেরীয় উপদ্বীপের পশ্চিমাংশের রিপাবলিক। ১১৪৩ পর্যন্ত পো. স্পেনের অন্তর্গত ছিল ; তবে ইহারা কখনো মূর আরবদের অধীন হয় নাই। রাজা জন ( ১৩৮৫-১৪৩৩ )-এর দীর্ঘ রাজত্বকালে পো. বাণিজ্যিক সাম্রাজ্যের পত্তন হয়। রাজকুমার হেনরীর দেশ আবিষ্কার করা ছিল নেশার মত ; তাঁহার উৎসাহে ও চেষ্টায় পশ্চিম উপকূল আবিষ্কৃত হয়। বার্থোলিমো ডিআজ ( Diaz ) ১৪৮৯ অব্দে উত্তমাশা অন্তরীপ পর্যন্ত গিয়াছিলেন। ভাস্কো দ গামা ( Gama ) উত্তমাশা ঘুরিয়া ভারত আবিষ্কার করেন (১৪৯৭-৯৮)। ১৬ শতকের মধ্যে ভাগে পো.-এর সাম্রাজ্য আফ্রিকা, ভারতের মালাবার, সিংহল, আরা-

কান, ইন্দোচীন ও মালয় পর্যন্ত বিস্তৃত ও আমেরিকার ব্রাজিলে উপনিবেশ স্থাপিত হয়। ১৫৮০-১৬৪০ স্পেন ও পোর্তুগল একই স্পেনীশ রাজা (২য় ফিলিপ) কর্তৃক শাসিত হয়। ইতিমধ্যে ওলন্দাজ, ইংরেজ ও ফরাসীরা প্রতিদ্বন্দ্বীরূপে পূর্ব সাগরে দেখা দিল। পোর্তুগীজ খ্রীষ্টানী ধর্মমূঢ়তার জন্ত তাহারা কোথাও সমাদ্রিত হয় নাই। ১৬৪০-এ পোর্তুগীজরা স্পেন হইতে স্বাধীন হইল বটে, কিন্তু তখন তাহাদের সাম্রাজ্যে ভাঙন ধরিয়াছে। আমেরিকা, আফ্রিকা, এশিয়ার এই বিস্তৃত ও বিচ্ছিন্ন সাম্রাজ্য মুষ্টিমেয় পোর্তুগীজদের পক্ষে রক্ষা করাও অসম্ভব।...নেপোলনীয় সমরে পো. জড়িত হইয়া পড়ে ও তথাকার রাজা ব্রাজিলে পলায়ন করেন। ১৮০৭-২১ পর্যন্ত সেখানে থাকিয়া তিনি দেশে ফিরিলেন। ইহার পর বৎসর ব্রাজিল স্বাধীনতা ঘোষণা করিয়া সাম্রাজ্য হইতে বিচ্ছিন্ন হইয়া গেল।

পোর্তুগীজরা ব্রিটিশ আদর্শে শাসনপ্রথা ও পার্লামেণ্ট স্থাপন করিল বটে, কিন্তু দেশের মধ্যে রাজতন্ত্রশাসন-বিরোধী দলও দেখা দিল; অবশেষে ১৯১০-এ রাজা মানুএল দেশ ত্যাগ করিতে বাধ্য হইলেন। ১৯১১ জুনে রাজতন্ত্র লোপ করিয়া সাধারণ-তন্ত্র প্রতিষ্ঠিত হইল বটে, কিন্তু শান্তি আসিল না। ১৯১০হইতে ১৯২৬-এর মধ্যে ৪৩বার গবর্নমেণ্টের পতন; ও ১৬ বৎসরে ৮ জন প্রেসিডেণ্ট হয়। এতদসত্ত্বেও ১ম মহাযুদ্ধে পোর্তুগীজ সৈন্য মিত্রপক্ষে ইউরোপে ও আফ্রিকায় যুদ্ধ করে ও জারমান আফ্রিকা জয় করিয়া লয়। ১৯২৮-এ সালজার (Antonio de Oliveira Salzar) রাজনীতি ক্ষেত্রে প্রবেশ করেন; প্রথমে অর্থসচিব, পরে প্রধান মন্ত্রী ও ১৯৩২ হইতে রাজ্যের সর্বেসর্বা প্রায় একনায়ক হইয়া উঠেন। ইনি দেশের সকল প্রকার উদারনীতিক মতবাদ দমন ও জনমত প্রকাশপ্রচেষ্টা রুদ্ধ করিয়া দেশ শাসন করিতেছেন। স্পেনীশ অন্তর-বিপ্লবের সময়, ২য় মহাযুদ্ধের সময় পোর্তুগল নিরপেক্ষ থাকে; সেই সময় বাণিজ্যে ও ব্যবসায়ে উহারা বেশ উন্নতি করে। সালজারের সময় দেশের শিল্পাদির উন্নতি, শিক্ষাদি প্রসার লাভ করিয়াছে। ১৯৪৯ এপ্রিল হইতে পো. NATO-র সদস্য।

দেশের শতকরা প্রায় ৬০ ভাগ লোক কৃষিজীবী; গমই প্রধান ফসল; শিল্পজাত সামগ্রী দেশ মধ্যেই ব্যবহৃত হয়। রপ্তানি সামগ্রীর মধ্যে প্রধান হইতেছে কর্ক (Cork); কর্ক গাছ এখানে পর্যাপ্ত এবং কর্ক চালানে ইহারা প্রতিদ্বন্দ্বীহীন। ১৯৪৮-এ ১,৪০,৪৪২ টন কর্ক রপ্তানি হয়। এ ছাড়া রেজিন ও তারপেন-টাইনও রপ্তানি হয়।

পোর্তুগলের আ. ৩৫,৪১৩ ব মা; [ তু. পশ্চিম বঙ্গ ৩০,৭৭৫ ব মা]; জন. ৮৬,১৮,০০০ ('৫০); ঘনতা ২৪৩। রাজধানী লিসবন।

পোর্তুগলের উপনিবেশ:—

আফ্রিকায়—

আঙগোলা— আ. ৪,৮৭,৭৮৮ ব মা; জনসংখ্যা ৪৫,৯৫,০০০ ('৪৮)।

কেপ ভার্দ দ্বীপপুঞ্জ—আ. ১,৫৩৯ ব মা; জন. ১,৬১,০০০।

মোজাম্বেক—আ. ২,৯৭,৬৫৪ ব মা; জন. ৬২,৫৮,০০০।

পো. গিনী—আ. ১৩,৯৪৪ ব মা; জন. ৪,৩১,০০০।

সাও থোম (Sao Tome) ইত্যাদি—আ. ৩৭২ ব মা; জন. ৫৭,০০০।

এশিয়ায়—

মাকাও (Macao)—আ. ৫ ব মা; জন. ৩,৮৯,০০০।

ভারতবর্ষ (গোয়া, দামন, দিউ প্রভৃতি)—আ. ১,৫৩৭ ব মা। জন. ৬,৬৭,০০০।

টিমোর দ্বীপ—আ. ৭,৩৩০ ব মা; জন. ৪,৪০,০০০।

মোট আয়তন: ৮,১০,১৭০। মোট জনসংখ্যা: ১,২৯,৯৭,০০০।

**পোর্তুগীজ গিনী** (Portuguese Guinea): দ্র. গিনী, পোর্তুগীজ।

**পোর্তুগীজ পশ্চিম আফ্রিকা**: দ্র. আঙগোলা।

**পোর্তুগীজ পূর্ব আফ্রিকা**: দ্র. মোজাম্বিক।

**ভারত** (Portuguese India: Estado da India): ভারতের পশ্চিমাংশের পোর্তুগীজ-অধিকৃত বিচ্ছিন্ন অঞ্চল-সমষ্টি। মালাবার উপকূলে গোয়া ও নিকটবর্তী তিনটি দ্বীপ (Angediva, Sao Jorge, Morcegos), কামবে উপসাগর-এ দামন,

দাদরা ( Dadra ) ও নগর-হাবেলি এবং গুজরাট-উপকূলে দিউ, গগোলা ( Gogola ) ও সিমবর ( Simbor ) লইয়া এই উপনিবেশ। ইহাদের মোট আ. ১,৫৩৭ ব মা; জন. ৬,৩৭,৮৪৬ ('৫০)। দ্র. গোয়া, দামন, দিউ।

**পোলন্‌ড** (Poland : Rzecpospolita Polska) : মধ্য ইউরোপের স্বাধীন রিপাবলিক, ১৯১৯-এ ১ম মহাযুদ্ধের পর ইহার নবজন্ম হয়। পোলরা স্লাভ জাতীয়। ইহাদের ভাষা স্লাভনিক বা রুশীয় ঘেঁসা। ১০ শতকের পূর্বের ইতিহাস অস্পষ্ট। টিউটনিক নাইটরা প্রুশিয়ায় উপনিবেশ স্থাপন করিয়া পোলন্‌ড প্রভৃতি ভূভাগের অধীশ্বর হয়। ১৪১০-এ পোলদের এক সর্দার (Wladislaus) লাদিস্‌লাউস (১৩৮৬-১৪৩৪) নাইটদের পরাভূত করিয়া বাল্টিক সাগরতীর জয় করে। ১৪—১৬ শতক পোলদের স্বর্ণময় যুগ। ১৬ শতকে ক্ষুদ্র জমিদাররা অত্যন্ত প্রবল, অত্যাচারী ও স্বার্থান্বেষী হইয়া রাজশক্তিকে হীনগ্রস্ত করিয়া তোলে। তাহাদের এক আইন ছিল যে ব্যবস্থাপক সভায় কোনো প্রস্তাবে যদি একজন সদস্যের অমত থাকিত, তবে উহা গৃহীত হইতে পারিত না; এই liberum Veto-র জন্য আইন-সভায় অরাজকতা দেখা দিল। ১৫৭২-এ রাজপদ নির্বাচন সাপেক্ষ হইল। ১৬—১৭ শতকে দ.-পূ. ইউরোপে তুর্কীরা প্রবল হইয়া মধ্য ইউরোপ আক্রমণ করে; ভিয়েনা অবরুদ্ধ হয়। পোলদের রাজা জন সোবিস্‌কী (Sobieski) তুর্কীদিগকে পরাজিত করিয়া ভিয়েনা রক্ষা করেন। কিন্তু এই রণগৌরব দেশের দ্রুত অধঃপতন ঠেকাইতে পারে নাই; আত্মকলহে রাষ্ট্র এতই দুর্বল হইয়া পড়িল যে ১৭৭২, ১৭৯২ ও ১৭৯৬-এর মধ্যে তিনবার ভাগবাটোয়ারা হইয়া ১৭৯৬-এ পোলন্‌ডের স্বাধীন সত্তা লোপ পাইল। বাঁটোয়ারার বড় অংশ পায় রুশিয়া; আর দুই অংশ প্রুশিয়া ও অস্‌ট্রিয়ার ভাগে পড়ে। এই ভাবে ১৯১৮ পর্যন্ত কাটে। ১ম মহাযুদ্ধের পর পোলিশ সাধারণতন্ত্র গঠিত হইল; বাল্টিক তীরে যাইবার মতো সংকীর্ণ রাজ্যাংশের দ্বারা (Polish Corridor) জারমানি দ্বিখণ্ডিত হইল। ১৯১৮ হইতে ১৯৩৯ পর্যন্ত পোলদের নূতন রাষ্ট্র নানাভাবে উন্নতি লাভ করে।... ২য় মহাযুদ্ধের সূত্রপাত হইল জারমানির পোলন্‌ড আক্রমণ হইতে (১ সেপ্‌টেম্বর, ১৯৩৯)। পশ্চিম দিক হইতে জারমান নাৎসিরা আক্রমণ করিলে বুঝা গেল সমগ্র দেশ অচিরকালের মধ্যে নাৎসিদের কবলে পড়িবে; তখন সোবিয়েত রুশ পূর্বদিক হইতে পোলন্‌ড আক্রমণ করিয়া অধিকাংশ নিজের দখলে আনিল।...১৯৪১ জুন মাসে জারমান সোবিয়েত অনাক্রমণ চুক্তিপত্র নাকোচ করিয়া নাৎসি বাহিনী রুশ আক্রমণ করিলে পোলন্‌ড ভীষণভাবে নাৎসিদের দ্বারা বিধ্বস্ত হইল। যুদ্ধশেষে পোলন্‌ডের ভিতর কম্যুনিস্ট ও অন্যান্য দলের মধ্যে শক্তিলাভ লইয়া দ্বন্দ্ব চলে; অবশেষে ১৯৪৭ জানুয়ারিতে কম্যুনিস্ট দল ভোটাধিক্যে শাসন পরিষদ দখল করে। ইতিমধ্যে ১৯৪৫ অগস্টে পোল-সোবিয়েত-এর মধ্যে সীমান্ত নির্দেশ হইয়াছিল; এই চুক্তি মতে পোলন্‌ডের পশ্চিম সীমান্ত জারমানির মধ্যে আগাইয়া দেওয়া হয়। সোবিয়েতের সহিত সীমান্ত নির্দেশের ফলে পোলন্‌ডকে ৬৯,৮৬০ ব মা স্থান ও ১,০৭,১২,০০০ অধিবাসী রুশিয়ার পক্ষে ছাড়িয়া দিতে হয়; এবং পশ্চিমে জারামনির মধ্য হইতে ৩৮,৯৮৬ ব মা স্থান তাহাকে দিয়া তাহার ক্ষতি পোষাইয়া দেওয়া হয়। এই অংশে ৮৬,২১,০০০ পোল ও জারমান বাস করিত। পোলরা ১৯৪৮-এর মধ্যে পশ্চিমাংশের সকল জারমানদের দেশ হইতে তাড়াইয়া দেয়; এবং সোবিয়েত অংশের ভাগে-পড়া পোলন্‌ড হইতে পোলদিগকে আনিয়া জারমান পরিত্যক্ত অংশে পুনর্বসতির ব্যবস্থা করে। এই উদ্‌বাস্তু চলাচল দীর্ঘকাল মধ্য-ইউরোপে ভীষণ সমস্যা ছিল; UNO-র বিশেষ একটি পরিষদ (UNRRA) এবিষয়ে সহায়তা করে।

পোলন্‌ড সমতলভূমির দেশ। কৃষিই এখানকার প্রধানতম শিল্প; কৃষি ও খামারজাত খাদ্যসামগ্রী সে রপ্তানি করিত। জারমানির নিকট হইতে বহু শিল্পকেন্দ্র ও খনিজ এলাকা (সাইলেশিয়া) পাওয়ায় এখন শিল্পেও পোলরা উন্নতি করিতেছে।... রাজধানী ওয়ারস্ ( Warsaw ; Warszava )। বাল্টিক বন্দর Gdynia এখন ইউরোপের অন্যতম শ্রেষ্ঠ বন্দর;

এ ছাড়া Gdansk (ডানজিগ), ও জারমানির বন্দর Stettin (Szezecin) ইহারা পাইয়াছে। জারমান অংশের সমস্ত শহরের পুরাতন নামের বদলে এখন পোলিশ নাম ব্যবহৃত হইতেছে। পো.র বাণিজ্য-তরণী এখন পৃথিবীর সর্বত্র যাওয়া-আসা করিতেছে। ...রাষ্ট্র সংবিধান ১৯৩৬-এর সোবিয়েত কনস্টিটিউশনের আদর্শে রচিত হয় (১৯৫২, জুলাই)।

আয়তন ১,১৯,৭০৩ ব মা [তু. উত্তর প্রদেশের আ. ১,১৩,৪০৯ ব মা], পূর্বে ছিল ১,৫০,০০০ ব মা। জন সংখ্যা—২ কোটি ৫০ লক্ষ। ঘনতা ২০৮।...ভাষা পোলিশ। পোলিশ সাহিত্য খুবই উন্নত। ক্রাকৌ (Cracow) বিশ্ববিদ্যালয় ও ১৪৭৪-এ মুদ্রাযন্ত্র স্থাপিত হইবার পর হইতে পোলিশ ভাষায় সাহিত্য গ্রন্থাদি রচনার সূত্রপাত হয়। দেশ বারেবারে খণ্ডিত হইলেও সৃষ্টির কাজ নানাভাবে চলিতে থাকে। Henryk Sienkiewite (১৮৪৬-১৯১৬) নোবেল পুরস্কার পান ১৯০৫-এ। Boleslaw Prus (১৮৪৭-১৯১২) ও S. Raymont (১৮৬৮-১৯২৫) বিখ্যাত লেখক; শেষোক্ত তাঁহার Peasant নামে উপন্যাসের জন্য ১৯২৪-এ নোবেল পুরস্কার পাইয়াছিলেন।

**পোলবা, পলবা** (Polba): হুগলি জেলার চুচুড়া মহ.র থানা। আ. ১১০ ব মা; জন. ৮৩,৫৯৪; ঘনতা ৭৫৮।—গ্রাম, হুগলির পশ্চিমে। ডাকঘর।

**পোলাচি** (Pollachi): মদ্রাজ; কোয়াম্বতুর জেলার তালুক ও শহর; কো.-ডিন্‌ডিগুল রেলপথের জং. স্টে. (২৯ মা)। এখান হইতে একটি রেলশাখা পালঘাট হইয়া ওলাবকোট (৩৬ মা) পর্যন্ত গিয়াছে। জন. ৪,১৮৫০। এখান হইতে আনামলয় পাহাড়ের সেগুন কাঠ, চা, কফী, রবার, সিনকোনা, লাক্ষা রপ্তানি হয়। ব্যাংক: সেন্ট্রাল, স্টেট ও দক্ষিণ দেশীয় কয়েকটি। ...১৮০০ অব্দে এখানে খ্রী.-পূ. ১ম শতকের রোমান মুদ্রা পাওয়া গিয়াছিল।

**পোলান্-নরুবা** (Polunnaruwa): সিংহলের উত্তর-মধ্য প্রদেশের শহর (জন. ২,৩১২); অনুরাধাপুর হইতে ৫০ মা দ.-পূর্বে। সিংহলের প্রাচীন নগর। ৩৬৮ অব্দে সিংহল রাজাদের বাসস্থান নির্মিত হয়; ৮ শতকের পূর্বে এখানে রাজধানী হয় নাই। পরাক্রমবাহুর (১২ শতক) সময় সিংহলের স্বর্ণযুগ। ১২৮৮ এই নগর পরিত্যক্ত হইয়াছিল। গভীর অরণ্য মধ্য হইতে সিংহল গবর্নমেন্টের প্রত্নতত্ত্ব বিভাগ প্রাচীন স্থাপত্য ভাস্কর্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করিতেছেন। এখানকার বহু অট্টালিকাদির মধ্যে 'বাত দা গে' স্তূপের কারুকার্য ও বিন্যাস অতি উত্তম।

**পৌণ্ড্রবর্ধন**: দ্র. পুণ্ড্রবর্ধন।

**প্রতাপগড়** (Pratapgarh; Partapgarh): উত্তরপ্রদেশ রাজ্য; ফয়জাবাদ বিভাগের জেলা। উ.—সুলতানপুর, পূ.—জৌনপুর, দ.—প্রয়াগ ও গঙ্গানদী, প.—রায়বরেলী। সমতল ভূমি উর্বর। বৃষ্টি ৩৮"। আ. ১,৪৫৭ ব মা; জন. ১১·১০ লক্ষ। ৩টি তহশীল। সদর শহর—বেলা।

—শহর (জন. ৪,৫৭৬) মুঘলসরাই-সহারানপুর রেলপথের স্টে. (৯০ মা)। ইলাহাবাদ-ফয়জাবাদ রেলপথের জংশন (৩৬ মা) দিয়া পূর্বের লাইন অতিক্রম করিয়াছে। কলিকাতা ৫০১ মা। ব্যাংক: স্টেট, হিন্দু কমার্স ও সমবায়।

**প্রতাপগড়** (Pratapgad, Partabgarh): বোম্বাই রাজ্য; উত্তর সাতারা জেলার শৈলদুর্গ। শিবাজী এইখানে দুর্গ নির্মাণ করেন; বিজাপুরের সুলতানের সহিত সম্মুখ-সমর সম্ভব নয় বুঝিয়া শিবাজী এই দুর্ভেদ্য দুর্গে আশ্রয় লন। আফজল খাঁ এই দুর্গের নিকট নিহত হন।... মহাবালেশ্বর (দ্র.) শৈল-নগরী নিকটে অবস্থিত।

**প্রতাপগড়** (Pratapgarh): পূর্বতন রাজস্থানের করদ রাজ্য। আ. ৮৭৩ ব মা; জন. ৯১,৭৬৩ ('৪১)। রাজ্যের আয় ছিল সাড়ে পাঁচ লক্ষ টাকার উপর। মহারাওয়াল (রাজা) ১৫ তোপের সম্মান পাইতেন। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,০২,০০০ টাকা ভাতা দেওয়া হয়।...বর্তমানে রাজস্থান ইউনিয়নের চিতোরগড় জেলার মহকুমা। আ. ৬১৯ ব মা; জন. ১,০০,৭১৫; ঘনতা ১৬৩। ...প্রতাপগড় শহরে রেল স্টেশন নাই। উদয়পুর হইতে ৭৫ দ-পূর্বে; জন. ১৪,৫৬৮।

**প্রতিষ্ঠান, পইঠান, পৈঠান** (Pratisthana) : প্রাচীন ভারতের নগর ; গ্রীক পেরিপ্লাস গ্রন্থে পৈঠানের উল্লেখ আছে। অন্ধ্রবংশীয় ২য় পুলমায়ী (২ শতক) গোদাবরী নদীতীরে পৈঠান নামে রাজধানী স্থাপন করেন। অউরঙ্গাবাদ হইতে ২৮ মা দক্ষিণে অবস্থিত। ...প্রত্নতত্ত্ববিভাগ খননকার্য করিয়া এখানে ৬টি স্তর পাইয়াছেন, প্রাচীনতম ২০০০ খ্রী. পূর্বের বলিয়া অনুমিত।... অশোকের ১৪শ শিলালিপিতে পৈঠান অধিবাসীদের উল্লেখ আছে।

**প্রদ্যোৎনগর** (Prodyatnagar) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলার জামালপুর মহ.র দেওয়ানগঞ্জ থানার গ্রাম। নারায়ণগঞ্জ-ময়মন.-বাহাদুরাবাদ রেলপথের উনশেষ স্টেশন (১৪১ মা)। ব্রহ্মপুত্রের বাহাদুরাবাদ ঘাট ৪ মা দূরে।

**প্রভাস** (Prabhasa) : (১) কাঠিয়াবাড়ের একাংশের পৌরাণিক নাম। সোমনাথ-পাটন বা প্রভাস-পাটন নামে পরিচিত। (২) ইলাহাবাদের ৩২ মা দ.-পশ্চিমে মন্ঝানপুর তহশীলে যমুনা নদীর দক্ষিণতটে একটি পর্বতের উপর পভোসা (Pabhosa) গ্রাম। প্রাচীন কৌশম্বীর ৩ মা উ.-পশ্চিমে অবস্থিত।...শিলালিপিতে পভোসার ২টি গুহার উল্লেখ আছে।

**প্রভেন্স** (Provence) : ফ্রান্সের দ.-পূর্বাংশে ভূমধ্যসাগর তীরের পূর্বতন প্রদেশ ; বর্তমানে ৩-৪টি ডিপার্টমেণ্ট বা জেলার মধ্যে বিভক্ত। রোন নদী পশ্চিমে, পূর্বদিকে আল্পস ও দক্ষিণে ভূমধ্যসাগর। এখানকার লোকেদের ভাষা ও সংস্কৃতি ফরাসীদের হইতে পৃথক। ১৪৮৬ অব্দে ফ্রান্স রাজ্যভুক্ত হয়। এখানকার উপভাষায় গ্রন্থাদি লিখিত হইতেছে ; মিসত্রাল এই ভাষায় কাব্য লিখিয়া নোবেল পুরস্কার পান (১৯০৪)।

**প্রয়াগ** (Prayag) : ইলাহাবাদের হিন্দু নাম। গঙ্গা-যমুনার সঙ্গমস্থলের এই স্থানটি প্রাচীন যুগ হইতে বিখ্যাত। হুয়েন-ৎসাঙ ৭ শতকের প্রয়াগ তীর্থের বিস্তারিত বর্ণনা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। এখানকার দুর্গমধ্যস্থিত অক্ষয়বট হিন্দুদের তীর্থ। সঙ্গম ক্ষেত্রে কুম্ভমেলা হয়। আকবর এইখানে দুর্গ নির্মাণ করিয়া নাম দেন ইলাহি-আবাদ বা ইলাহাবাদ। দুর্গমধ্যে অশোকের একটি স্তম্ভ আছে। (দ্র. ইলাহাবাদ)।

**প্রশান্ত মহাসাগর** (Pacific Ocean) : পৃথিবীর ৫টি মহাসাগরের মধ্যে বৃহত্তম ও সমুদ্রভাগের অর্ধেক। ইহা বেরিং প্রণালী হইতে আনটারকটিকা (Antarctica) পর্যন্ত বিস্তৃত ; পূর্বদিকে দুই আমেরিকা, পশ্চিমে এশিয়া ও অস্ট্রেলেশিয়া। উ.-দক্ষিণে দৈর্ঘ্য প্রায় ৮,৫০০ মা ; নিরক্ষরেখার নিকট প্রায় ১১ হাজার মা। উপসাগরাদি লইয়া সমগ্রের ক্ষেত্রফল সাত কোটি ব মা। গড় গভীরতা ১৪ হা. ফুট ; চরম গভীরতা ৩৪,৪৪০ফুট (দ্র. মিনডানো)। এই সাগরজলের লবণতা অপেক্ষাকৃত কম।...এই মহাসাগরে অসংখ্য দ্বীপ আছে।...১৫১৩-এ স্পেনীশ নাবিক বলবোআ (Balboa, ১৪৭৫-১৫১৭) এই মহাসাগর পানামার পাহাড় হইতে প্রথম দর্শন করেন। পোর্তুগীজ নাবিক মাজেলান (Magellan, ১৪৮০-১৫২১) এই সাগর অতিক্রম করিয়া (১৫২০-২১) ইহার নাম দেন প্রশান্ত, কিন্তু আসলে ইহা তেমন শান্ত নহে।...ভূগর্ভস্থিত ভূমিকম্পে যে তরঙ্গ উঠে তাহা প্রবলবেগে (ঘণ্টায় ৪-৫ শত মা) চলিয়া ক্ষুদ্র দ্বীপের সর্বনাশ করে। ...এই মহাসাগরের পশ্চিমাংশস্থিত এশিয়ার দ্বীপগুলি আগ্নেয়। ...২০ শতক হইতে জাপানের অভ্যুদয়, দ. আমেরিকার রিপাবলিকগুলির নবজাগরণ, পানামা খাল খনন, চীনের জনরাজতন্ত্র প্রতিষ্ঠা, ইন্দোনেশিয়ার স্বাধীনতা, অস্ট্রেলিয়া, নিউজিলন্ডের শিল্পোন্নতি প্রভৃতি বিচিত্র ঘটনাবলী প্রশান্ত মহাসাগরে বহুবিধ রাজনৈতিক তথা অর্থনৈতিক সমস্যা সৃষ্টি করিয়াছে।...মহাসাগর পার হইবার জন্য বহু জাহাজ বন্দর হইতে বন্দরে ও দ্বীপ হইতে দ্বীপে যাওয়া-আসা করে। বর্তমানে আকাশ-পথে বিমান সার্বিস চলিতেছে।

**প্রাই** (Prai) : পেনাঙ ; ওয়েলেস্লি প্রভিন্সের বন্দর, রেলওয়ে মুখ। জন. ২,৬৮২।

**প্রাইআ** (Praia) : পোর্তুগীজ অধিকৃত কেপ ভার্দ দ্বীপ-পুঞ্জের রাজধানী ও সান্তিআগে (বা Sao Tiago) দ্বীপের বন্দর। জন. ৬ হা.।

**প্রাগ, প্রাহা** (Prague ; Praha) : চেকোস্লোভাকিয়ার

রাজধানী। বোহেমিয়ার সমতলভূমে ১১ শতকে জারমানরা আসিয়া বাস করিতে আরম্ভ করে। ১৩৪৮-এ যথার্থভাবে নগরের পত্তন হয়। প্রাগের বিখ্যাত গথিক গির্জা এই শতাব্দীতে নির্মিত। জারমান বিশ্ববিদ্যালয় (১৩৪৮) ছিল; চেকরা স্বাধীন হইবার পর নূতন চেক্ বিশ্ববিদ্যালয় স্থাপন করিয়াছে। বিবিধ শিল্পের কেন্দ্র।...জন. প্রায় ১০ লক্ষ।

**প্রাগ্‌জ্যোতিষপুর** Prajyotispur): প্রাচীন কামরূপ রাজ্যের রাজধানী। এই স্থানে অসুরদের রাজ্য ছিল বলিয়া পুরাণাদিতে উক্ত। বোধ হয় নরকাসুর প্রা স্থাপন করেন; গৌহাটির নিকটবর্তী কোন স্থান।

**প্রিটোরিয়া** (Pretoria): দ. আফ্রিকা ইউনিয়নের ট্রান্সভাল রাজ্যের রাজধানী ও ইউনিয়নের দ্বিতীয় রাজধানী। ট্রান্সভাল রিপাবলিকের প্রথম প্রেসিডেন্ট ম. প্রিটোরিয়াস (১৮১৯-১৯০১)-এর নিকট হইতে জায়গা কিনিয়া তাঁহার নামানুসারে শহর পত্তন করেন (১৮৫৫)। প্রেসিডেন্ট ক্রুগারের সময় (১৮৮১-১৯০০) শহরের অনেক উন্নতি হয়। বুয়র যুদ্ধের পর ইংরেজদের সহিত এইখানে সন্ধি-চুক্তি হয় (১৯০২, মে)। জন. ২'৮৪ লক্ষ ('৫১) [শ্বেতাঙ্গ বুয়রাদি ১'৫১ লক্ষ; আফ্রিকান ও অন্যান্য ১'৩৩ লক্ষ]। বিশ্ববিদ্যালয়; জুলজিক্যাল গার্ডেন; পশুচিকিৎসা গবেষণাগার; প্রে. ক্রুগারের বাড়ি ও সমাধিস্থান; অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত র‍্যাড্‌ক্লিফ মানমন্দির ও বহু প্রকার শিল্প প্রতিষ্ঠান আছে।

**প্রিন্স এডোয়ার্ড দ্বীপ** (Prince Edward Island): কানাডা রাজ্যের ক্ষুদ্রতম প্রদেশ; সেন্ট লরেন্স উপসাগরের দক্ষিণে অবস্থিত। ১৪৯৭-এ জন ক্যাবট কর্তৃক আবিষ্কৃত। সপ্তবর্ষী যুদ্ধের পর ১৭৬৩ অব্দে ইংরেজদের অধিকারে আসে। ১৮৭৩-এ কানাডা ডোমিনিয়ন ভুক্ত হয়।... আ. ২,১৮৪ ব মা ; জন. প্রায় ১ লক্ষ। গবাদি পশুপালন ও মৎস্য ব্যবসায় প্রধান উপজীবিকা।... রাজধানী শার্লটটাউন (Charlottetown)। জন. ১৬ হা.।

**প্রিন্সটন** (Princeton): মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ-জারসি স্টেটের নিউ-আর্ক নগরের উপকণ্ঠে অবস্থিত আবাসিক শহর। প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের জন্য খ্যাতি। ১৭৫৬-এ এখানে কলেজ প্রতিষ্ঠিত হয়; ১৮৯৬ পর্যন্ত ইহার নাম ছিল কলেজ অব্ নিউজারসি। বিশ্ববিদ্যালয়ের বিরাট গ্রন্থাগার, রকেফেলার ল্যাবরেটরীসমূহ অতি বিখ্যাত। জন. ১২ হা.।

**প্রুশিয়া** (Prussia : জারমানির ভূতপূর্ব রিপালিক। বর্তমানে প্রুশিয়া নামে কোনো দেশ বা প্রদেশ নাই।... প্রুশিয়া বলিতে মধ্যযুগে বুঝাইত বাল্টিক উপসাগরতীরস্থ দেশ। প্রুৎসি (Prutzi) নামে 'হীদেন' বা অসভ্য উপজাতির মধ্যে একদল খ্রীষ্টান যোদ্ধা সন্ন্যাসী (টিউটনিক অর্ডার) এখানে গিয়া বাস করে ও কালে রাজ্যস্থাপন করে। জনৈক মঠাধ্যক্ষ লুথারের ধর্মমত গ্রহণ করিয়া গৃহী হন ও রাজ্য বংশানুগত করেন। কালে এই বংশের কোন উত্তরাধিকারী না থাকায় পূর্বের ব্যবস্থানুসারে ব্রানডেনবুর্গের ইলেক্টর প্রুশিয়ার অধীশ্বর হন (১৬১৮)। ১৭০১ এ ব্রান্ডেনবুর্গের ইলেক্টর 'প্রুশিয়ার রাজা' বলিয়া আপনাকে ঘোষণা করেন। অতঃপর প্রুশিয়ার বিখ্যাত রাজা ফ্রেডারিক পোলন্ড ও অস্ট্রিয়ার সহিত যুদ্ধ করিয়া বহু দেশ অধিকার করেন।

প্রুশিয়ার রাজবংশের নাম হোহেনজোলার্ন; ইহারা লুথার-পন্থী; ইহারা অস্ট্রিয়ান্ 'হোলি রোমান সম্রাট'-এর তাঁবে থাকিতে বরাবরই অনিচ্ছুক। ১৯ শতকে উভয় দেশের মধ্যে বিরোধ স্পষ্টতর হয়; কিন্তু ইতিমধ্যে নেপোলিয়নের দৌরাত্ম্য প্রতিরোধ করিবার জন্য জারমান ফেডারেশন গঠিত হইল। নেপোলিয়নকে শেষ যুদ্ধে পরাভূত করিবার জন্য প্রুশিয়ানদের অংশ ছিল খুব বেশী। তজ্জন্য সকলেই তাহাকে স্বাভাবিক নেতা রূপে স্বীকার করিয়া লয়। ১৮৬৬-অব্দে অস্ট্রিয়াকে প্রুশিয়ানরা পরাজিত করে এবং ডেন্‌দের নিকট হইতে শেলজুয়িগ-হলস্টাইন প্রদেশ অধিকার করে। এই ভাবে প্রুশিয়া জারমানির মধ্যে একছত্র হইয়া উঠে।

এই সময়ে প্রুশিয়ার প্রধান মন্ত্রী ছিলেন বিস্‌মার্ক। তাঁহার কূটনীতি বলে ফরাসীদের আলসেস লোরেন প্রদেশ প্রুশিয়ার অধিকারে আসিল। পারিসের ভার্সাই প্রাসাদে যে দরবার হয় তাহাতে

সমবেত জারমান রাজারা প্রুশিয়ার রাজাকে জারমান-সম্রাট বলিয়া ঘোষণা করেন। এইভাবে প্রুশিয়া হইতে জারমান সাম্রাজ্যের পত্তন হইল। ১৮৭২-৩ ফ্রান্সের সঙ্গে যুদ্ধে প্রবৃত্ত হইয়া প্রুশিয়ান সৈন্য অতি অল্পকালের মধ্যে পারিস অবরোধ করে; ইতিপূর্বে ফরাসী সম্রাট ৩য় নেপোলিয়ন প্রুশিয়ান সৈন্যদের হস্তে বন্দী হইয়াছিলেন।

জারমানরা পরাজিত হইলে সম্রাট কাইজার উইলিয়াম বিতাড়িত হইলেন ও প্রুশিয়া রিপাবলিক রাজ্যরূপে গঠিত হয়।

প্রথম মহাযুদ্ধের পর প্রুশিয়ার পূর্বাংশের কিছুটা পোলনড্‌কে প্রদত্ত হয় এবং পূর্বপ্রুশিয়া মূল প্রুশিয়া হইতে বিচ্ছিন্ন হইয়া যায়। নাৎসি আমলে পৃথক রিপাবলিকের অস্তিত্ব লোপ পায়, অখণ্ড জারমানি গঠন করিয়া প্রুশিয়া প্রভৃতি রিপাবলিকগুলিকে 'প্রদেশে' পরিণত করা হয়। ...২য় মহাযুদ্ধের সময় বার্লিন প্রায় ধ্বংস হয়।...বর্তমানে পূর্বপ্রুশিয়া এবং আরও অনেকখানি স্থান পোলনড্ রাজ্যের অন্তর্গত হইয়াছে; এবং সে অঞ্চল হইতে জারমান বাসিন্দারা সম্পূর্ণ ভাবে বিতাড়িত হইয়াছে। প্রুশিয়া ইউরোপের মানচিত্র হইতে লুপ্ত।

**প্রেসিডেন্সি বিভাগ** (Presidency Division): ১৯৪৭-এর পূর্বে অখণ্ড বঙ্গের প্রে. বিভাগের আয়তন ছিল ১৭,৮৫৩ ব মা। অন্তর্গত জেলা ছিল:—২৪-পরগনা, কলিকাতা, নদীয়া, মুর্শিদাবাদ, যশোহর ও খুলনা। পার্টিশনের ফলে খুলনা ও যশোহরের অধিকাংশ এবং নদীয়ার কিয়দংশ পূর্ব পাকিস্তানের মধ্যে গিয়াছে।

বর্তমান প্রেসিডেন্সি বিভাগের অন্তর্গত জেলা:—২৪-পরগনা, কলিকাতা, নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি, দার্জিলিং ও কোচবিহার। আ. ১৬,৬১২ ব মা; জন. ১,৩৭,০৭,৭৭৮; ঘনতা ৮১০। প্রে. কমিশনরের অপিস চুঁচুড়াতে।

**প্রোদাতুর** (Proddatur) অন্ধ্র; কুড্ডাপা জেলার তালুক ও শহর; পেন্নার-উপশাখা চিত্রবতী নদীর উত্তরে; রেল স্টেশন নাই। জন. ৩৬,৭৯৩। ব্যাংক: স্টেট, কানাড়া ইনডাস্ট্রি। নিকটে ইয়ারাগুন্‌টলা (Yerraguntla) স্টেশনের কাছে বহু বিস্তৃত চুনাপাথরের আকর আবিষ্কৃত হইয়াছে। ইয়ারাগুন্‌টলা স্টেশন মদ্রাজ-রায়চুর রেলপথের উপর (১৮৬ মা)।

**প্রোম্** (Prome): বর্মা রাজ্যের পেগু বিভাগের জেলা। আ. ২৯৩ ব মা। জন. ৪,৩৬,৭১৪ ('৪১)। প্রোম শহর ইরাবতী নদীতীরে; রেংগুন হইতে রেলপথে ১৬১ মা। ...প্রোমের নিকট প্রাচীন শ্রীক্ষেত্র বা বর্মী ভাষায় থেয়খেত্তয় (Thayekhettaya) শহরের কয়েক মাইল দূরে মহজা (Hmaza) স্টেশনের নিকট প্রাচীন নগরের চিহ্ন বিদ্যমান। বোবজির স্তূপ কিজন্য যে নির্মিত হইয়াছিল বুঝা যায় না। নিকটস্থ শোয়েডং-শহর রেশমী লুংগি তৈয়ারির প্রধান কেন্দ্র। জন. প্রায় ১০ হা.।

**প্লিমাউথ** (Plymouth): ইংলনডের দ.-পশ্চিমে ইংলিশ চানেল তীরে নৌ-ঘাটি ও সামুদ্র-বন্দর। এই বন্দর হইতে স্যার ফ্রান্সিস ড্রেক ভূ-প্রদক্ষিণে বাহির হন। ...জন. ২·০৯ লক্ষ। বোম্বাই হইতে প্লি. ৫,৯৯৭ মা।

**ফকলনড্ দ্বীপপুঞ্জ** (Falkland Islands): দ. অতলান্তিক মহাসমুদ্রের মাজেলিন প্রণালীর পূর্বদিকে ৩০০ মা দূরে কতকগুলি দ্বীপসমষ্টি। ব্রিটিশ কলোনী। প্রধান জীবনোপায় মেষপালন। রপ্তানির সামগ্রী পশম, তিমিতৈল, তিমিমাংস, সীলমাছের তৈল। সকল দ্বীপের মোট আয়তন ৪,৬১৮ ব মা; জন. ২,২৩০ ('৫২)। রাজধানী স্ট্যানলি।... ১৮৩৩ হইতে ব্রিটিশ অধিকারে থাকিলেও আর্জেন্টিনা এই দ্বীপগুলির উপর দাবী করে।

**ফকিরহাট** (Fakirhat): পূ. পাক.; খুলনা জেলা, বাগেরহাট মহ.-র থানা। আ. ৬১ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর।

**ফকিরাগ্রাম** (Fakiragram): আসাম রাজ্য; গোয়ালপাড়া জেলার শহর। কাটিহার-শিলিগুড়ি-আমিনগাঁও নূতন রেলপথ এই জংশনে আসিয়া (২৯৬ মা) পুরাতন লাইনের সঙ্গে মিশিয়াছে। ফকিরাগ্রাম হইতে গোলকগঞ্জ হইয়া ধুবড়ি ৪২ মা।

**ফজিলকা** (Fazilka): পূ. পঞ্জাব; ফিরোজপুর জেলার

তহশীল ও শহর। পাকিস্তানের সীমান্তে শতদ্রু নদী অদূরে। ফিরোজপুর-ফজিলকা ব্রড্ রেলপথ ৫৫ মা। রেওয়ারি হইতে মিটার রেলপথ কোট-কাপুর (২১৩ মা) হইয়া ফজিলকা (২৬২ মা)। জন. ২৫,৯৩৪। স্টেট ব্যাংক। পশমের বাজার ; পশমী কাপড় বয়ন কেন্দ্র ; তুলা জিনিং।

**ফটিকছড়ি** (Fatikchari) : পূ. পাক. ; চট্টগ্রাম জেলার থানা। আ. ২৯২ ব মা ; গ্রাম, বাজার, ডাকঘর, রেজি. অপিস (১৮৭৩)। চট্ট. হইতে স্থলপথে ২৬ মা ; জলপথে ৪৫ মা। নাজিরহাট রেল স্টেশন হইতে ৪ মা।

**ফতুল্লা** ( Futulla ) : পূ. পাক. ; ঢাকা জেলা, নারায়ণগঞ্জ মহ.র থানা ; আ ৩৩ ব মা। নারায়ণগঞ্জের উপকণ্ঠে শহরতলী।

**ফতুহা** ( Futuah ) : বিহার. ; পাটনা জেলার থানা ও শহর। পুনপুন নদীর ও গঙ্গার দক্ষিণতটে রেল জং.। কলিকাতা হইতে ৩২৫ মা, পাটনা হইতে ১২ মা দ.-পূর্বে। এখান হইতে ইসলামপুর পর্যন্ত ছোট রেলপথ আছে। জন. ৮,৪৮২। শস্যের বাজার।

**ফতুহা-ইসলামপুর লাইট রেলওয়ে** ( Futuah-Islampur Light Railway ) : মার্টিন বার্ন কোম্পানি পরিচালিত রেলপথ। দৈর্ঘ্য ২৭ মা। গেজ ২′—৬″।

**ফতেগড়** ( Fatehgarh ) : উত্তরপ্রদেশ ; ফরুরুখাবাদ জেলার সদর শহর। ফতেগড় ফর. তিন মাইলের মধ্যে প্রায়-সংলগ্ন শহর, গঙ্গানদীর তীরে। উভয়স্থানের জন. ৮০,৪০০। ...ফতেগড়ের নিকট প্রাগৈতিহাসিক যুগের তাম্র সামগ্রী পাওয়া গিয়াছে। কাটিহার-লখনৌ-আগরা রেলপথের স্টেশন ; লখনৌ হইতে ( ২৯ মা )।

**ফতেজঙ্গ** ( Fatehjang ) : পাক পঞ্জাব ; আটোক জেলার তহশীল ও শহর ; রাওয়ালপিণ্ডি-কোহাট ( ১১০ ) রেলপথের স্টেশন (৩০ মা)। জন. প্রায় ৬ হা.।

**ফতেপুর** ( Fatehpur ) : রাজস্থান ; সিকার জেলার মিউনি. শহর। জন. ২৬,৭৫১। জয়পুর ব্যাংক। সিকার জং. হইতে ফতেপুর-শেখাবতী রেলশাখার স্টে. ( ৩০ মা )।

**ফতেপুর** ( Fatehpur ) : উত্তরপ্রদেশ ; ইলাহাবাদ বিভাগের জেলা। উ.—গঙ্গা, দ.—যমুনা, পূ.—ইলাহাবাদ, প.—কানপুর। সমতল ভূমি। আ. ১,৬২১ ব মা ; জন. ৯,০৮,৯৮৫। ৩ তহশীল : ফতেপুর, খাজুয়া ও খসা। প্রধান শহর ফতেপুর ইলা. হইতে ৭৩ ও কানপুর হইতে ৪৯ মা। জন. ২৪,৪০১। ব্যাংক : ইলাহাবাদ, প. ন্যাশনাল, সমবায়। ...ফতে. হইতে ৩০ মা দ.-পশ্চিমে কোরা গ্রামে মুঘলদের ১৮ শতকের একটি গ্রীষ্মাবাস বা বরদুয়ারি আছে।

**ফতেপুর সিকরি** ( Fatehpur Sikri ) : উত্তরপ্রদেশ ; আগরা জেলার শহর। আগরা-বায়না ব্রডগেজ রেলের স্টেশন ( ২৩ মা )। এইখানে অকবর শাহ এক নূতন রাজধানী স্থাপন করেন। সেলিমচিস্তির কবর, মসজিদ, প্রাসাদাদির স্থাপত্য ও কারুকার্য বিশেষভাবে প্রশংসিত। এইখানে ১৫৬৯ হইতে ১৫৮৪ পর্যন্ত অকবরের রাজধানী ছিল।...এখানকার জামি মসজিদ, সেলিমচিস্তির কবর স্থান, বুলন্দ দরজা, আম দরবার, খাস দরবার, হারেম, ক্রীড়ার স্থান প্রভৃতি এখনো প্রায় অটুট রহিয়াছে।...১৫২৭ অব্দে বাবর এই স্থানে রাজপুতদের যুদ্ধে পরাজিত করেন। সেই স্থানে আকবর নয়া রাজধানী স্থাপন করেন।

**ফয়জপুর** (Faizpur) : বোম্বাই ; পূর্ব খানদেশ জেলার শহর। সাতপুরা পাহাড়ের দক্ষিণ পাদমূলে, জলগাঁও হইতে ২২ মা উ.-পূর্বে অবস্থিত ; তুলা ও কাঠের বাজার।

**ফয়জাবাদ, ফৈজাবাদ** (Fyzabad, Faizabad) : উত্তরপ্রদেশের বিভাগ। ৬টি জেলা বিভাগের অন্তর্গত :—ফয়জাবাদ, গোন্ডা, বহরাইচ, বারাবংকী, সুলতানপুর, প্রতাপগড়।...বিভাগের জন. ৮৩,৭১,৯৮৪ ('৫১) ; ১৯৪১ হইতে জনসংখ্যা ১০·৪% বাড়িয়াছে।

**ফয়জাবাদ** (Fyzabad, Faizabad) : উত্তরপ্রদেশ ; ফয়জাবাদ বিভাগের জেলা। উ.—গোন্ডা ও বস্তী জেলা এবং ঘর্ঘরা নদী, পূ.—আজমগড়, দ.—সুলতানপুর, প.—বারাবংকী জেলা।...সমতল ভূমি...বৃষ্টিপাত ৪২″। কৃষিপ্রধান।...আ. ১,৬৮৯ ব মা ; জন. ১৪,৮৩,২১২।—সদর শহর (জন. ৮২,৫০০ ) কলিকাতা-

লখনৌ রেলপথে ৫৪৩ মা। ফ. হইতে ইলাহাবাদ পর্যন্ত রেল আছে (৫৫ মা)। ব্যাংক : ইলা, স্টেট, প. ন্যাশনাল। ফয়জাবাদ এক সময়ে আউধের নবাবদের রাজধানী ছিল।

**ফরবেশগঞ্জ, ফারবিসগংজ** ( Forbesganj ) : বিহার; পুর্ণিয়া জেলার অরেরিয়া মহকুমা। আ. ১১০ ব মা; জন. ১,১৫,৭২৪; ঘনতা ৬০৯। শহর (জন. ১১,৫৫১) কাটিহার-যোগবানী রেলশাখার স্টে. (৫৯ মা); কলিকাতা হইতে মনিহারী হইয়া ৩০০ মা। সেন্ট্রাল ও স্টেট ব্যাংক। ...পাট এখানকার প্রধান রপ্তানি দ্রব্য। ...এ. জে. ফরবেস্ নামক এক সাহেব জমিদারের নাম হইতে শহরের নামকরণ। তরাই-এর গভীর অরণ্য অদূরে দেখা যায়। নেপাল রাজ্যে প্রবেশের অন্যতম সিংহদ্বার রূপে খ্যাত। নেপাল সীমান্তস্থিত যোগবানী এখান হইতে ৮ মা উত্তরে অবস্থিত।

**ফরমোসা** ( Formosa ) : তাইওয়ানের স্পেনীশ নাম। স্পেনীশ নাবিকরা দ্বীপের সৌন্দর্য দেখিয়া ইহার নাম দেয় ফরমোসা বা beautiful। দ্র. তাইওয়ান।

**ফররুখাবাদ** ( Farukhabad ) : উত্তর প্রদেশ; ইলাহাবাদ বিভাগের জেলা। উত্তর-পূর্ব দিকে গঙ্গা প্রবাহিত। উ.—সাহজহানপুর; পূ.—হরদোই ও কানপুর; দ.—ইটাবা; প.—এটা ও মৈনপুর।...আয়. ১,৬৮৩ ব মা; জন. ১০·৯২ লক্ষ। জেলার সদর শহর ফতেগড় ( দ্র. ) ফররুখাবাদ হইতে ৩ মা পূর্বে। ...এই জেলায় কনৌজ অবস্থিত। ...ফররুখাবাদ শহর ( জন. ৮০,৩৩২ ) গঙ্গার অদূরে, কানপুর হইতে ৮০ মা উ.-পশ্চিমে। রাস্তা ও রেলের জংশন। কলিকাতা হইতে ৭৫২ মা; আগরা ১৭১ মা। ...শিকোহাবাদ ( ৭৪৫ মা ) হইতে ব্রড্ গেজ শাখা রেলপথে ৬৬ মা। ছাপা কাপড়, জরি, পিতলের সামগ্রীর জন্য প্রসিদ্ধ। ব্যাংক : স্টেট, প. ন্যাশনাল, বরৈলী ও সমবায়।

**ফরাক্কা** ( Farakka ) : মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার থানা ও গ্রাম; ভাগীরথী-গঙ্গার তীরে অবস্থিত, অপর পারে মালদহ জেলা। বাংলা সরকার এইখানে গঙ্গার উপর সেতু নির্মাণের প্রস্তাব পেশ করিয়াছেন; এই রেলসেতু নির্মিত হইলে মালদহ ও প. দিনাজপুর কলিকাতার সহিত বন্ধেল-বারহারোয়া লাইন দিয়া যুক্ত হইতে পারে। এখানে ব্যারাজ করিবারও প্রস্তাব হইয়াছে; সেটি হইলে ভাগীরথীর জল নিয়ন্ত্রণ হইবে। ...থানার আ. ৫৭ ব মা; জন. ৫৮,৭৯১; ঘনতা ১,০৩১। গ্রাম সংখ্যা ৫৯; কুলিগ্রামে (জন. ৮,৩৮৯) উচ্চ ইং. বিদ্যালয় আছে।

**ফরাসী ইন্দোচীন** : দ্র. ইন্দোচীন, ভিয়েৎ-নাম, আন্নাম, কাম্বোডিয়া, লাওস।

**ফরাসী কংগো** ( French Congo ) : দ্র. ফরাসী নিরক্ষীয় আফ্রিকা; কংগো।

**ফরাসী ওশেনিয়া** ( Etablissements Francaise de l 'Oceanie ) : পূর্ব প্রশান্ত মহাসাগরে বহু দূর ব্যাপিয়া কতকগুলি দ্বীপ ফরাসীদের অধিকারভুক্ত; তাহিতি ( দ্র. ) বৃহত্তম দ্বীপ। ...সকল দ্বীপের মোট আয়তন ১,৫২০ ব মা। জন. ৫৫,৭৩৪ ('৪৬)। অধিবাসীরা অধিকাংশই ফরাসী ( ৪৯ হা. )।

**ফরাসী গিনি** ( French Guinea ) : দ্র. গিনী, ফরাসী।

**ফরাসী গিয়েনা** ( French Guiana ) : দ্র. গিয়েনা।

**ফরাসী নিরক্ষীয় আফ্রিকা** (French Equatorial Africa : Afrique Equatoriale Francaise) : ১৯৪৬ এর সরকারী ইস্তাহার দ্বারা ফ. নি. আ. গঠিত হইয়াছে; গাবুন (Gabun), মধ্য কংগো (Middle Congo), উবংগি শারি (Ubangi Shari) ও চাদ (Chad) ইহার অন্তর্গত। গবর্নর-জেনারেল ব্রাজাভিলে ( Brazza Ville ) বাস করেন। গবর্নরগণ চারিটি প্রদেশের রাজধানীতে থাকেন। কলোনীর মোট আয়তন ৯, ৭৭, ১৮০ ব মা; জন. ইউরোপীয় ২১,৮৮৫; আফ্রিকান ৪৪,১৩,০০০। ...ফ্রান্সের ন্যাশনাল এসেমব্লিতে ৭ জন, রিপাবলিক কাউন্সিলে ৮ জন, ফ্রেন্চ ইউনিয়নের এসেমব্লিতে ৭ জন প্রতিনিধি প্রেরিত হয়।

**ফরাসী পশ্চিম আফ্রিকা** (French West Africa : Afrique Occidentale Francaise) : নিম্নলিখিত কলোনীগুলি ফ. প. আ.র অন্তর্গত :—সেনেগল (Senegal), গিনী (Guinea), আইভরি কোস্ট* (Ivory Coast), আপার ভলটা (Upper Volta), দাহোমি

(Dahomey), ফরাসী সুদান (French Sudan), মরিটানিয়া (Mauritania), নাইজার (Niger), ডাকার (Dakkar and dependencies)। মোট আ. ১৮,১৫,৭৬৮ ব মা; জন ১,৭৩,৬২,০০০ (ইউ-রোপীয় ৬২,২৩৬)। স্থানীয় অধিবাসী বহু উপজাতিতে বিভক্ত। গবর্নর-জেনারেল ডাকারে থাকেন। ৮টি প্রদেশে পৃথক গবর্নর আছেন।

**ফরাসী পার-সমুদ্র ডিপার্টমেন্ট ও টেরিটরি** (French Overseas Depart. and Territories):

১। গবর্নমেন্ট জেনারেল অব্ অলজিরিয়া।

২। পার-সমুদ্র ডিপার্টমেন্ট :—মার্তিনিক, হুয়াদেলুপ, রিইউনিয়ন, গিয়েনা।

৩। পার-সমুদ্র টেরিটরি :— (১) ফরাসী পশ্চিম আফ্রিকা; (২ ফরাসী নিরক্ষীয় আফ্রিকা; (৩) মাদাগাস্কার; (৪) কোমোরো; (৫) ফ. সোমালিলন্ড; (৬) ভারতে ফরাসী উপনিবেশ (বর্তমানে নাই); (৭) নিউ কালিদোনিয়া প্রভৃতি; (৮) ওশেনিয়ার কলোনী; (৯) সাঁত পিয়রে ও মিকুইলন।

৪। অছিত্ব (Territories under Trusteeship):— (১) টোগোলন্ড; (২) কামারুন্স্।

৫। আংলো-ফ্রেঞ্চ যুগ্মশাসন (Condominium):— নিউ হেব্রাইডিস্।

**ফরাসী ভারত** (French India; Etablissements Francaise de l'Inde): পুদুচেরি (Pondichery), কারিকল, মাহে, ইয়ানন (Yanon) ও চন্দননগর। ১৯৫৪ হইতে এই কলোনীগুলি ভারতভুক্ত। মোট আয়তন ১৯৬ ব মা। জন. ৩,১৮,০০০।

**ফরিদকোট** (Faridkot): পঞ্জাবের ভূতপূর্ব করদরাজ্য; পে-প-সুর (বর্তমানে পঞ্জাবের) অন্তর্গত। এখানকার রাজা পাতিয়ালা, নাভা, ঝিন্দের পূর্বপুরুষ চৌধুরী কুলের বংশধর। এই রাজবংশ হিন্দু। ১৭ শতকে রাজ্য স্থাপিত হয়।...রাজারা ১১ তোপের সম্মান অধিকারী ছিলেন। রাজ্যের আয়তন ৬৩৯ ব মা। জন. ২ লক্ষ। আয় ছিল ১৭·৮৪ লক্ষ টাকা। কর দিতে হইত না। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বাৎসরিক ৩,৮১,০০০ টা. ভাতা দেওয়া হয়। ...ফরিদকোট শহর পেপসুর ভাটিন্ডা জেলার সদর। এখানে উদ্বাস্তদের বিরাট নগরী নির্মিত হইয়াছে। ... দিল্লী-ফিরোজপুর রেলপথের স্টেশন (২১৯ মা।) জন. প্রায় ২০ হা.। ব্যাংক: প. ন্যাশনাল, পাতিয়ালা, সমবায়।

**ফরিদগঞ্জ** (Faridganj): পূ. পাক.; ত্রিপুরা জেলা, চাঁদপুর মহ.র থানা। আ. ৯২ ব মা।... গ্রাম চাঁদপুরের দক্ষিণে।

**ফার ঈস্টার্ন টেরিটোরি** (Far Eastern Territory: রুশীয়—Dalne Vostochnyy Kray): সোবিয়েত রুশের (RSFSR) দূরপ্রাচ্য এলাকার অস্থায়ী রাজ্য; ১৯৩৮ হইতে মারিটাইম ও খবরোবস্ক (Maritime, Khabrovsk) টেরিটরির অন্তর্গত। প্রশান্ত মহাসাগর তীরে আমুর ও উস্সুরি নদীর বামতটে স্থানীয় বলশিভিকিরা ১৯২০-এ ফা. ঈ. রিপাবলিক গঠন করে। ইতি-মধ্যে ১৯১৮-এ এই অঞ্চলে মার্কিন, ব্রিটিশ ও জাপানী সৈন্যরা আক্রমণ করে (Allied intervention)। ১৯২২-এ বিদেশী সৈন্যরা বিতাড়িত হইলে ইহারা রুশীয় সোবিয়েতে যোগদান করে।

**ফরিদপুর** (Faridpur): পূ. পাক.; পাবনা জেলার সদর মহ.র থানা। আ. ৮২ ব মা। গ্রাম, ডাকঘর। গ্রাম বড়াল নদীর বামতটে। ঈশ্বরদি-সিরাজগঞ্জ রেলপথের বড়াল ব্রিজ স্টেশনে নামিয়া যাওয়া যায়।

**ফরিদপুর** (Faridpur): বর্ধমান জে.র আসানসোল মহ.র থানা। আ. ১২০ ব মা; জন. ৫৪,৫০৬; ঘ. ৪৫৩। ...দুর্গাপুর (দ্র.) এই থানার অন্তর্গত।...গ্রাম শের-শাহ সড়কের ধারে। সড়কের উত্তরে জঙ্গল।

**ফরিদপুর** (Faridpur): পূ. পাকিস্তান; ঢাকা বিভাগের জেলা। পদ্মানদী উত্তরে ও পূর্বে প্রবাহিত; জেলার পশ্চিমে গড়াই-কুমার-মধুমতী নদী; মধ্যভাগে বহু নদী ও বিল। আয়তন ২,৮২১ ব মা; জন. ২৩·৬২ লক্ষ ('৩১); ২৭·১৮ লক্ষ ('৫১)। মহকুমা:— ফরিদপুর, গোয়ালন্দ-রাজবাড়ি, মাদারিপুর ও গোপাল-গঞ্জ।... অধিবাসীদের মধ্যে মুসলমানই অধিকাংশ; হিন্দুদের মধ্যে নমশূদ্র সখ্যাগরিষ্ঠ। ইহাদের মধ্যে বহু খ্রীষ্টান। শহর (জন. ২৫,৬৭১) কলিকাতা হইতে

১৬৬ মা (ঈ. বি. রেল)। পাঁচুরিয়া জং. ( ১৫১ মা ) হইতে ফরিদপুর ১৫ মা। কন্‌গ্রেসের সভাপতি (লখনৌ, ১৯১৬) অম্বিকাচরণ মজুমদার এখানকার উকিল ছিলেন।... ভক্ত সাধক জগবন্ধুর সমাধি এখানে আছে।...রাজেন্দ্র কলেজ নামে ডিগ্রী কলেজ বহুদিন পূর্বে স্থাপিত হয়।... ব্যাংক : ইউনাইটেড।

**ফরিদাবাদ** (Faridabad) : পূ. পঞ্জাব ; গুরগাও জেলার শহর ; গুর. হইতে ১৮ মা পূর্বে ও নয়াদিল্লী হইতে ১৪ মা দ.-পশ্চিমে। দিল্লী-আগরা লাইনের স্টে. (১৯ মা)। জন. ২৩,১২৫। স্টেট, প. ন্যাশনাল ব্যাংক। এখানে পশ্চিম পঞ্জাব হইতে বহু সহস্র হিন্দু উদ্‌বাস্তু আসিয়া বাস করিতেছে।

**ফল্‌গু** (Phalgu rivar) : বুদ্ধগয়ার এক মাইল দূরে নদী ; নিরঞ্জন বা নীলাঞ্জ নদী ও মোহনা নদীর মিলিত নাম। এই নদী হিন্দুদের তীর্থ।

**ফলতা** (Falta) : ২৪ পরগনা জেলার ডায়মণ্ডহারবার মহকুমার থানা। আ. ৫২ ব মা ; জন. ৮৯,১১২ ; ঘ. ১,৭০১। কলিকাতা ( বেলেঘাটা বজবজা ) লাইনের মাঝেরহাট জং. ( ৮ মা ) হইতে সরু রেলপথ ফলতা পর্যন্ত ( ২৭ মা ) গিয়াছে। ভাগীরথী গঙ্গার বামতটে অবস্থিত বিখ্যাত বাণিজ্যকেন্দ্র ছিল। ফলতার অপর পারে দামোদর গঙ্গায় মিশিয়াছে ; আরও ৫ মা দক্ষিণে রূপনারায়ণ আসিয়া পড়িয়াছে।... এখানে একটি পরিত্যক্ত দুর্গ আছে। সিরাজদ্দৌলা ১৮৫৬-এ কলিকাতা আক্রমণ করিলে তথাকার ইংরেজরা পলাইয়া গিয়া ফলতার দুর্গে আশ্রয় লয়। এইখান হইতে সৈন্যাদি সংগ্রহ করিয়া কলিকাতা আক্রমণ ও পুনরধিকার করে।... ফলতার নিকটস্থ চণ্ডীদেউল ও সহরা গ্রাম লইয়া জনসংখ্যা ৩,২৬১। বিজ্ঞানাচার্য জগদীশচন্দ্র বসুর 'মায়াপুরী' নামে উদ্যান ফলতায় গঙ্গার ধারে অবস্থিত ; এখানে বহু দেশবিদেশের উদ্ভিদ আছে।

**ফলতান** (Phaltan) : দাক্ষিণাত্যের করদরাজ্য। আ. ৩৯১ ব মা ; জন. ৭১,৪৭৩। রাজস্ব ৪·৪০ লক্ষ ; কর ৯,৬০০৲।... রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বাৎসরিক ১,৪০,৪৪২ টা. ভাতা পান। বর্তমানে বোম্বাই রাজ্যের উ. সাতারা জেলার অন্যতম তালুক। শহর ( জন. ১২,১৪২ ) সাতারার ৩৭ মা উ.-পূর্বে, নীরা নদীর খালের ধারে অবস্থিত। ফলতান ও লক্ষ্মী সমবায় ব্যাংক।

**ফলিয়া** (Phalia) : পাক পঞ্জাব ; গুজরাট জেলার চেনাব ও ঝিলাম নদীর মধ্যে অবস্থিত তহশীল ও শহর।

**ফলোদি** (Phalodi) : রাজস্থান ; জোধপুর বিভাগের মহকুমা ও মিউনি. শহর। থর মরুভূমির প্রান্তে অবস্থিত ; উট, মেষ, লবণ ও চামড়ার ব্যবসায় কেন্দ্র।...মহ.র আ. ৩,৫৭৩ ব মা ; জন. ১১০,৮৫৮। শহরের জন. ১৫,২২৪। জোধপুর-পোকরন ( ১৩৫ মা ) শাখা রেলপথের স্টে. ( ৮১ মা )।

**ফাগওয়ারা** (Phagwara) : পে-প-সুর ( বর্তমান পঞ্জাব ) অন্তর্গত কপুরতলার শহর হইলেও উহা যথার্থভাবে জলন্ধর জেলার মধ্যে অবস্থিত। সহারানপুর—অমৃতসর রেলপথের স্টেশন ; অমৃতসরের ৬২ মা পূর্বে। জলন্ধর সিটী হইতে ১৪ মা ; এখান হইতে একটি রেলশাখা নওশহর জং. হইয়া দক্ষিণে শতদ্রু তীর পর্যন্ত রাহোন ( ৪১ মা ) আর একটি উত্তরে জাইজোনদোয়াব (৫৭ মা) পর্যন্ত গিয়াছে।...জন. ২১,৮৬৮। ব্যাংক : পাতিয়ালা, প. ন্যাশনাল, স্টেট।

**ফাডুৎস** (Faduz) : লিখটেনস্টাইন রাজ্যের রাজধানী ; সুইসদেশের সীমান্তে রাইন নদীর নিকট। জন. ৩ হা.।

**ফারকাটিং** (Furkating) : আসাম ; শিবসাগর জেলার গোলাঘাট মহকুমার শহর। পাণ্ডু-তিনসুকিয়া রেলপথের জং. স্টেশন ( ২০৪ মা )। এখান হইতে শাখা লাইন জোড়হাট হইয়া মারিয়ানা ( ৫২ মা ) গিয়া মিশিয়াছে।

**ফালাকাটা** (Phalakata) : জলপাইগুড়ি জেলা; আলিপুরদুয়ার মহ.র থানা। আ. ১২৩ ব মা ; জন ৫৭,০০০ ; ঘনতা ৪৫৪। —গ্রাম (জন. ৩০১১) মাদারিহাট হইতে ফা. হইয়া আলিপুরদুয়ার পর্যন্ত বড় রাস্তার ধারে। জলপাইগুড়ি হইতে ৩০ মা পূর্বে। চা-বাগান নিকটে।

**ফাঁসিদেওয়া** (Phansideoa) : দার্জিলিং জেলা; শিলিগুড়ি মহ.র থানা। আ. ৬৪ ব মা ; জন. ২৩,৩১৯ ; ঘনতা ৪৪৫। থানা বিহার সীমান্তে, শিলিগুড়ির দক্ষিণে অবস্থিত।

**ফিউম** ( Fiume ) : রিয়েকা ( Rijeka ) : আদ্রিয়াতিক উপসাগরতীরস্থ বন্দর। ১৯১৪ পর্যন্ত উহা অস্ট্রিয়া-হাংগারি রাজ্যের অন্তর্গত ও বুডা-পেস্টের সহিত রেলের দ্বারা যুক্ত ছিল। প্রথম মহাযুদ্ধের পর ইতালি ও যুগো-স্লাভিয়া উভয়েই এই বন্দর দাবী করে। তখন ইতালীয় যোদ্ধা-কবি দ' আনানজিও একদল স্বেচ্ছাসেবক লইয়া এই বন্দর দখল করেন (১৯১৯)। ১৯২০-এ উহা স্বাধীন নগরী বলিয়া ঘোষিত হয়। ...পরে উহা যুগোস্লাভিয়া ফিরিয়া পায়। বর্তমানে ঐ বন্দরের নাম Rijeka।

**ফিজি** (Fiji) : প্রশান্ত মহাসাগরের পলিনেসিয়ার দ্বীপা-বলী ; অস্ট্রেলিয়ার সিডনী হইতে উ.-পূর্বে ২০০০ মা দূরে ৩২০টি দ্বীপের সাধারণ নাম ফিজি ; ইহার মধ্যে ১০৬টি জনশূন্য। মোট আ. ৭,০৮৩ ব মা ; জন. ৩,২০,০০০ ('৫৩)। ইহার মধ্যে ভারতীয়দের সংখ্যা ১,৫৪,০০০ ; ফিজিয়ান ১,৪০,০০০। বৃহত্তম দ্বীপ ভিটি লেবু (৪০১০ ব মা) ও ভানুআ লেবু ( ২,১৭৩ ব মা ) ; রাজধানী সুবা (Suva) ভিটি লেবুতে। সুবার বিমান বন্দর অস্ট্রেলিয়া, কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরে চলাফেরার পথে অবস্থিত। ...অধিকাংশ দ্বীপ আগ্নেয় ; জলবায়ু সামুদ্রিক ; দ্বীপের একাংশে প্রচুর বৃষ্টি ; ফসল নানাবিধ : নারিকেল, ইক্ষু, কলা, আনারস, ইয়াম প্রভৃতি। ...এই দ্বীপ ১৬৪৩-এ টাসমান কর্তৃক আবিষ্কৃত ; ১৭৭৩-এ কাপ্তেন কুক আসেন। ১৮০৪-এ প্রথম ইউরোপীয় উপনিবেশ। ১৮৭৪-এ ব্রিটিশ অধিকারভুক্ত হয় এবং অনতিকাল মধ্যে ইক্ষু ক্ষেত্রে কাজ করিবার জন্য ভারত হইতে 'কুলি' আমদানি করা হয়। এখন সেই ভারতীয়দের বংশধরগণ দ্বীপে সংখ্যাগরিষ্ঠ। ...ব্রিটিশ উপনিবেশ দপ্তর হইতে শাসিত হইলেও বহুলপ্রকারে স্বায়ত্ত-শাসন প্রবর্তিত হইয়াছে। শিক্ষা সর্বজনীন করিবার চেষ্টা হইতেছে।

**ফিনল্যান্ড** ( Finland : Suomen Tasavalta ) : উত্তর ইউরোপের রিপাবলিক ; পূর্বদিকে রাশিয়া, পশ্চিমে বথ্নিয়া উপসাগর ও সুইডেন, উত্তরে নরওয়ে, দক্ষিণে ফি. উপসাগর। দেশে অসংখ্য নদনদী ও হ্রদ ; গ্রীষ্মকাল ক্ষণস্থায়ী, শীতকাল দীর্ঘ। দেশের এক-তৃতীয়াংশ মূল্যবান বৃক্ষারণ্য পূর্ণ। এদেশে কয়লা বা পেট্রোলিয়াম নাই ; জ্বালানীর জন্য কাঠ ও পীট্ (Peat) ব্যবহৃত হয়। অধিবাসীরা ফিন্, ভাষা ফিনীশ ; এই ভাষা উরালীভাষাবর্গের অন্তর্গত, ইউরোপীয় আর্য ভাষার সহিত কোনো সম্বন্ধ নাই। তবে অধিকাংশ লোকে সুইডিশ ভাষা বোঝে।...খ্রী. ১ম শতকে তুর্কোদ্ভব এক উপজাতি ঘুরিতে ঘুরিতে এইখানে আসিয়া উপনিবেশ স্থাপন করে। ১১৫৫-এ সুইডেন কর্তৃক অধিকৃত ও খ্রীষ্টধর্মে দীক্ষিত হয়। প্রায় ৬৫০ বৎসর ফিন্‌রা সুইডেনের অধীন থাকে। ১৭২১-এ রুশিয়ার পিটার ফিন্‌দের দেশের কিয়দংশ লাভ করেন। নেপোলনীয় যুদ্ধের সময়ে ফ্রান্সের চাপে সুইডেন রুশকে ফিন্‌লন্‌ড দিতে বাধ্য হয় (১৮০৯)। এই দেশে ১৮৮৯ হইতে স্বদেশী আন্দোলন দেখা দেয়। ১ম মহাযুদ্ধের সময় ১৯১৭-এ ইহারা স্বাধীনতা ঘোষণা করে ; ১৯১৯-এ রিপাবলিক রাষ্ট্র গঠিত হয়। ইহার পর ২০ বৎসর ফিন্‌রা শিল্পে, বাণিজ্যে, শিক্ষাপ্রচারে খুবই অগ্রসর হয়।—২য় মহাযুদ্ধ আরম্ভ হইলে (১৯৩৯, সেপ.), সোবিয়েত রুশ ফিন্‌দের আক্রমণ করে ( নভেম্বর )। ১০৫ দিন ফিন্‌রা বীরের মতো লড়াই করে ; অবশেষে পরাভূত হইয়া দেশের ১০ শতাংশ রুশকে ছাড়িয়া দিতে বাধ্য হইল ; সেখানে সোবিয়েত আওতায় Karelo-Finnish রাষ্ট্র গঠিত হইয়াছে। ফিন্‌রা মহাযুদ্ধের পর পুনরায় শিল্পাদির উন্নতিতে মন দিয়াছে ; কিন্তু যুদ্ধের ক্ষতিপূরণ বাবদ রুশ ও রাষ্ট্রীয় সংঘকে বহু কোটি টাকার সামগ্রী বৎসরে বৎসরে দিতে বাধ্য ( ১৯৪৮ হইতে ) হওয়ায় দেশ রক্তহীন হইয়া পড়ে। এতৎসত্ত্বেও এই ক্ষুদ্র দেশের সর্বোদয় বিস্ময়-কর। দেশে নিরক্ষর লোক নাই ; তিনটি বিশ্ববিদ্যালয় চলিতেছে। ...অধিবাসীদের শতকরা ৬০ ভাগ কৃষি-জীবী, ১৭ ভাগ শিল্পাশ্রয়ী। প্রধান শিল্পজাত সামগ্রী কাষ্ঠমণ্ড ( wood pulp ) ও কাগজ। ...বহু রাজ-নৈতিক দলাদলির পর ১৯৪৮-এ পার্লামেন্টারি শাসন প্রবর্তিত হইয়াছে ; জনতার দ্বারা মনোনীত তিন শত জনের একটি সমিতি কর্তৃক রাষ্ট্রপতি ছয় বৎসরের জন্য নির্বাচিত হন ; তিনি প্রধান মন্ত্রী ও ক্যাবিনেট সাহায্যে

রাজ্যশাসন করেন। পার্লামেন্ট ( Diet )-এর সদস্য সংখ্যা ২০০, তিন বৎসরের জন্য আনুপাতিক সংখ্যা প্রতিনিধি রীতি অনুসারে নির্বাচিত হয়। ফিন্‌লন্‌ডে এককালে সুইডিশ ভাষাই ছিল রাষ্ট্র ভাষা। কিন্তু বর্তমানে ফিন্‌ভাষা সুইডিশকে স্থানচ্যুত করিতেছে। এখন ৮·৬% লোক সুইডিশভাষী। ১৯ শতকে দ্বিতীয় সিকা হইতে ফিন্‌ভাষায় সাহিত্য সৃষ্টি সুরু হয়; ১৯৩৯ এ Eemil Sillampaa সাহিত্যের জন্য নোবেল পুরস্কার পান।··· ফিন্‌দেশের আ. ১,৩০,০৯১ ব মা; জন. ৪১·১৬ লক্ষ ( '৫২ )। কারেলী উপদ্বীপ সোবিয়েত চক্রমধ্যে পড়িলে এখানকার প্রায় ৪,৫০,০০০ উদ্‌বাস্তুকে ৪৬ হাজার নয়া ফার্মে পুনর্বসন করিতে হইয়াছে। বথ্‌নিয়া উপসাগরের প্রবেশমুখে অলন্‌ড দ্বীপপুঞ্জের ( ৫৭২ ব মা ) বাসিন্দাদের অধিকাংশ সুইড। ইহাদের আধা স্বরাজ দেওয়া হইয়াছে।

**ফিনিশিয়া** ( Phoenicia ): পশ্চিম এশিয়ার প্রাচীন দেশ। বর্তমান সীরিয়ার উপকূলে লেবানন পর্বতের পশ্চিমে ভূমধ্যসাগর তীরে সংকীর্ণ দেশে ফিনিকরা বাস করিত। সমুদ্রতীরে বাণিজ্য করিবার জন্য অধিবাসীরা প্রাচীন ইতিহাসে প্রসিদ্ধ। ভূমধ্যসাগর তীরে ইহাদের অসংখ্য বাণিজ্য ঘাঁটি স্থাপিত হয়। উত্তর আফ্রিকায় কার্থেজ ( দ্র. ) বৃহত্তম উপনিবেশ। টায়ার, সিডন, বিবলস প্রভৃতি রাষ্ট্র নগরী ফিনিশিয়ায় অবস্থিত ছিল। ব্যবসায়ী বলিয়া ইহাদিগকে হিসাবপত্রাদি রাখিবার জন্য অতি প্রাচীনকালেই লিখন পদ্ধতি আবিষ্কার করিতে হয়। একপ্রকার সেমেটিক লিপি ইহারা গ্রীসে প্রবর্তিত করে; গ্রীক্ লিপি তথা ইউরোপীয় অন্য লিপিসমূহের আদি রূপ এই ফিনিক লিপির মধ্যে পাওয়া যায়।

পারস্য সম্রাট জারক্সেস খ্রী. পূ. ৫ম শতকে গ্রীস্ আক্রমণকালে ফিনিক নৌবাহিনীর সাহায্য গ্রহণ করেন; নৌচালনায় ইহাদের অসামান্য কৃতিত্ব ছিল। ···আলেকজেন্দার এশিয়া আক্রমণকালে টায়ারবাসীদের নগর ধ্বংস করেন। সেই হইতে ইতিহাসে ইহারা প্রায় লুপ্ত।··· ফিনিক শব্দটি ও বৈদিক 'পনি' শব্দটি একই বলিয়া কেহ কেহ অনুমান করেন; বণিক, পণ্য প্রভৃতি শব্দ তুলনীয়।··· পনিদের সম্বন্ধে বৈদিকরা বলিতেন যে তাহাদের ভাষা দুর্বোধ 'মৃদবাক' ইত্যাদি।

**ফিরোজপুর** ( Ferozpore ): পূর্ব পঞ্জাবের জালন্ধর বিভাগের জেলা। উত্তর ও পশ্চিমে শতদ্রু নদ ও পরপারে প. পাকিস্তান; পূ.—লুধিয়ানা জেলা ও পে-প-সু; দ.—রাজস্থান। ··· আ. ৪০৬৩ ব মা; জন. ১৩,২৬,৫০০ ( '৫১ )। তহশীল: ফিরোজপুর, জীরা, মোগা, মুক্তেশ্বর ও ফজিলকা।... মোগায় খ্রীষ্টান. মিশনারীদের শিক্ষা-তথা-কৃষি বিদ্যায়তন বিখ্যাত প্রতিষ্ঠান। ...জেলার বৃষ্টি ১০"—১২"। তবে জলসেচনের জন্য বহুবিস্তৃত খাল থাকায় কৃষিকার্য ভালরূপে চলে। সিরহিন্দ খাল এই জেলার মধ্য দিয়া গিয়াছে। ···ফিরোজপুর শহর, শতদ্রু নদীর বামতীরে, অপর পারে প. পাকিস্তান। দিল্লী হইতে লাহোর রেলপথে ভারত সীমান্তের শেষ স্টেশন ( ২৪১ মা )। ফিরোজ হইতে উ.-পূর্বে জালন্ধর পর্যন্ত (৭৩ মা) ও দ.-পশ্চিমে ফজলিকা পর্যন্ত (৫৫ মা) রেলপথ। ক্যান্টনমেন্ট এলাকা সমেত জন. ৮২,৫০২। ব্যবসায় কেন্দ্র: বহু প্রকার শিল্প প্রতিষ্ঠিত হইয়াছে।...ফিরোজশাহ তুঘলক ( ১৩৫১—৮৮ ) এই নগরের স্থাপয়িতা। ১৮৩৫ হইতে ব্রিটিশদের অধিকারে আসে। ব্যাংক: প. ন্যাশনাল, স্টেট, সমবায়।

**ফিরোজাবাদ** ( Firozabad ): উত্তরপ্রদেশ; আগরা জেলার তহশীল ও শহর। আগরার ২৪ মা পূর্বে; মুঘলসরাই-দিল্লী রেলপথে ৩৪৭ মা; এখান হইতে টুন্‌ডলা জং. ১০ মা দক্ষিণে। জন. ৬৫,৪৩৮। ইলা. ব্যাংক; প. ন্যাশনাল। এই স্থান কাঁচের চুড়ির কারখানার জন্য খ্যাত।

**ফিরোজশাহ** (Ferozshah): পঞ্জাব; ফিরোজপুর শহর হইতে পূর্ব-দক্ষিণে ১১ মা দূরে গ্রাম; এই স্থানে ১৮৪৫, ডিসেম্বর এক যুদ্ধে স্যর হিউ গাফ (Gough) শিখসৈন্যদের পরাজিত করেন।

**ফিলাডেলফিয়া** (Philadelphia): মার্কিন যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়ার প্রধানতম নগর। জন. ২০·৬৪ লক্ষ ( '৫২ )। শিল্পনগরী; বিশ্ববিদ্যালয় ও নানা শিক্ষায়-

তনের মধ্যে এখানকার মেডিক্যাল স্কুল খ্যাত। ১৬৮২ অব্দে উইলিয়ম পেন্ (Penn) এই নগরী স্থাপন করেন।

**ফিলিপাইন** (Philippines Islands : Republica de Filipinas) : প্রশান্ত মহাসাগরের রিপাবলিক; এশিয়ার উপকূল হইতে প্রায় ৫২২ মা দূরে। ১১টি বড় ও ৭,২৭১টি ছোট দ্বীপ লইয়া গঠিত রাষ্ট্র। মোট আয়. ১,১৪,৮৩৪ ব মা [ ১১ দ্বীপের আ. ১,০৬,৯১৪ ব মা ]; জন. ২১৮ কোটি ( '৫৪ ); ঘনতা ১৯১। অধিবাসীরা ফিলিপিনো নামে পরিচিত হইলেও মূলত ইহারা মালয় জাতীয়; তবে স্পেনীশ ও চীনদের সহিত সংমিশ্রণ হইয়াছে। ৯০% লোক খ্রীষ্টান। অবশিষ্ট মুসলমান ও আদিম। দুর্গম পার্বত্য অঞ্চলে এখনো বন্য বর্বর লোকের বাস আছে; তাহারা সভ্য মানুষকে এড়াইয়া চলে।... ১৫২১-এ পোর্তুগীজ নাবিক মাজেলিন ( Fernando de Magalhaes ) ভূপ্রদক্ষিণ কালে এই দ্বীপ প্রথম আবিষ্কার করেন। এখানে তিনি নিহত হন। ১৫৫৫-এ স্পেন এই দ্বীপ জয় করিয়া নাম দেন 'ফিলিপিনাস', রাজকুমার ফিলিপের নামানুসারে। এই সময়ে স্পেনের রাজা ২য় ফিলিপ (১৫৫৬-৯৮); ইহার পুত্র ৩য় ফিলিপ তখন রাজকুমার। ৩০০ বৎসর স্পেনীশরা এখানে রাজত্ব করে। ১৮৯৮-এ এই দ্বীপগুলি মার্কিন সরকারের দ্বারা বিজিত হয়।...১৯৪২-এ জাপানীরা এই দ্বীপ দখল করে। ১৯৪৪, অক্টোবরে মার্কিন সৈন্যদের দ্বারা পুনরধিকৃত হয়। অতঃপর ১৯৪৬, জুলাই ৪ঠা ফিলিপাইন স্বাধীন রিপাবলিকরূপে ঘোষিত হয়।...পূর্বে স্পেনীশ ছিল রাষ্ট্রভাষা; বর্তমানে ইংরেজী, স্পেনীশ ও দেশীয় মালয় ভাষা তগলোগ্ সরকারী ভাষারূপে ব্যবহৃত হয়। শিক্ষা বিষয়ে ইহারা খুব অগ্রসর হইতেছে, রাজস্বের এক তৃতীয়াংশ শিক্ষা খাতে বরাদ্দ হয়।...রাজ্যে ১৫ বিশ্ববিদ্যালয়; স্পেনীশ বিশ্ববিদ্যালয় সান্দো টমাস (Sando Tomas) প্রাচ্যের প্রাচীনতম ( ১৬১১ )। রাজধানী কুইজোন (Quezon), মানিলার শহরতলী লুজোন দ্বীপে অবস্থিত; মানিলা, কুইজোন সিটি ও রিজাল নগর লইয়া জন সংখ্যা ১১'৮০ লক্ষ।... চেবু (Cebu) দ্বীপে মাজেলিন আদিমদের দ্বারা নিহত হন। ...মিন্দানো দ্বীপ (৩৬,৫০০ ব মা)-এর নিকট সাগর গভীরতম। ফিলাপাইনস দ্বীপপুঞ্জে প্রায় অর্ধেক বনভূমি; কৃষিজাত উৎপন্নের মধ্যে ধান্য, শন (hemp), নারিকেল শাঁস ও তৈল, চিনি, কাঠ প্রভৃতি রপ্তানি সামগ্রী। খনিজেও দ্বীপ সম্পদবান।... ফিলিপিনোরা স্বাধীন হইলেও রাজনৈতিক মতবাদে ও অর্থনৈতিক ব্যবহারে মার্কিনদের দ্বারা বহুল পরিমাণে নিয়ন্ত্রিত। মানিলা নগরে ১৯৫৪, ১৯ ফেব্রুয়ারি (SEADO, South East Asia Defence Organisation) দ.-পূর্ব এশিয়ার রক্ষণ বিষয়ে আটটি রাষ্ট্র মিলিত হন, ইহার সদস্য : ব্রিটেন, মার্কিন যুক্তরাষ্ট্র, ফ্রান্স, অস্ট্রেলিয়া, নিউজীলন্ড, পাকিস্তান, প্রদেশথাই ( থাইলন্ড ) ও ফিলিপাইনস।

**ফু-কিয়েন** (Fu-Kien) : চীনের প্রদেশ; ইহার পূর্বে ফরমোসা প্রণালীর অপর পারে তাইওয়ান (ফরমোসা) দ্বীপ। দেশ পার্বত্য, অনুর্বর। আ. ৪৬,৩৩২ ব মা; জন. ১,১১,৫০,০০০; ঘনতা ৩০৯। রাজধানী ফু-চৌ। ...আময় বন্দর এই প্রদেশে।

**ফুজিয়ামা** (Fujiyama) : জাপানের সর্বোচ্চ পর্বত ( ১২,৩৯৫ ফুট ); পূর্বে আগ্নেয়গিরি ছিল। টোকিও হইতে ৬০ মা। ফুজি জাপানীদের জাতীয় পর্বত।

**ফুনান** (Funan) : কাম্বোডিয়া ও থাইলন্ডে (সিয়ামদেশে) মেনাম নদী হইতে মেকং নদীর তটদেশ পর্যন্ত বিস্তৃত ভূভাগ প্রাচীন যুগের চীনা সাহিত্যে ফু-নান নামে খ্যাত।...এই শব্দ স্থানীয় ভাষাজাত—প্নোম বা ভোনম্-এর অর্থ পর্বত।...মালয়, সিয়াম, কাম্বোডিয়া, কোচীন চীন এই ফুনান রাজ্যের অন্তর্গত ছিল।...কৌণ্ডিন্য নামে এক ব্রাহ্মণের দ্বারা এখানে রাজ্য প্রতিষ্ঠিত হয়। ...এদেশে শৈব, বৈষ্ণব ও বৌদ্ধধর্ম প্রচলিত হয়; সংস্কৃত ভাষা ও সাহিত্যের প্রসার হয়।

**ফুরফুরা** (Phurphura) : হাওড়া জেলার শিয়াখালার নিকটবর্তী ফুরফুরা গ্রাম মুসলমানদের একটি বিখ্যাত পীরস্থান।

**ফুলছড়ি** (Fulchari) : পূ. পাক.; রঙপুর জেলা, গাইবাঁধা মহ.র থানা। আ. ৭৩ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর। ব্রহ্মপুত্র-যমুনার তীরে অবস্থিত; বোনারপাড়া হইতে শাখা রেল ঘাট পর্যন্ত গিয়াছে; নদীর অপর পারে

ময়মনসিংহ জেলার বাহাদুরাবাদ ঘাট। পূর্ব পাকিস্তানের উত্তরাংশের সহিত ঢাকা-চট্টগ্রামের যাওয়া-আসার এই প্রশস্ত পথ।...কলিকাতা হইতে সান্তাহার হইয়া ২৫১ মা।

**ফুলতলা** (Fultola, Phultala) : পূ. পাক.; খুলনা জেলা, সদর মহ-র থানা। আ. ২৯ ব মা। গ্রাম, ডাকঘর। খুলনা লাইনের স্টেশন, কলিকাতা হইতে ৯৯ মা। খুলনা ১০ মা। ভৈরব নদী নিকটে।

**ফুলপুর** (Phulpur) : ময়মনসিংহ জেলা; সদর মহ-র থানা। গ্রাম, রেজি. অপিস (১৮৯৫)। ম.-এর উত্তরে হালুয়া ঘাট যাইবার সড়কের উপর অবস্থিত গ্রাম।...থানার আ. ২৩০ ব মা।

**ফুলবনী** (Phulbani) বা **খন্দমহল** : ওড়িশা রাজ্যের জেলা। খন্দমহল নামে পরিচিত; পূর্বে খন্দমহল গঞ্জাম জেলার মহকুমা ছিল। ১৯৪৮-এ বাউদ নামে পূর্বতন করদরাজ্যকে খন্দমহলের সহিত মিলিত করিয়া ফুলবনী নামে নতুন জেলা গঠিত হয়। পরে ১৯৪৯-এ গঞ্জামের বল্লীগুডা অংশও জুড়িয়া দেওয়া হয়। ...আ. ৪,২৩৭ ব মা; জন. ৪,৫৬,৪৯০। ওড়িয়া ও কুই ভাষা চলিত। ...জেলার উ.—বোলাংগির ও ঢেঙকানাল; পূ.—পুরী ও গঞ্জাম; দ.—কোরাপুট; প.—বোলাংগির ও কালহাণ্ডি। —প্রধান শহর ফুলবনী। ব্রহ্মপুর (Berhampore) নিকটতম রেল স্টেশন। এখান হইতে বাউদ প্রভৃতি স্থান মোটর সার্বিস দ্বারা যুক্ত।

**ফুলবাড়ি** (Phulbari) : পূ. পাক.; রঙপুর জেলা, কুড়িগ্রাম মহ.র থানা। আ. ৫৪ ব মা। গ্রাম, বাজার। সিঙ্গীমারি বা ধরলা নদীর অদূরে।

**ফুলবাড়ি** (Phulbari) : পূ. পাক.; দিনাজপুর সদর মহ.র গ্রাম, রেজি. অপিস (১৮৭৫)। ঈ. বে. রেলওয়ের স্টেশন (২২২ মা); যমুনা নদী অদূরে। স্টেশনের নিকট দামোদরপুর গ্রামে হরিপুকুর ও খোলাকুটী পুকুরের মধ্যে রাস্তা তৈয়ারির সময় ১৯১৫ অব্দে গুপ্তবংশীয় রাজাদের তাম্রশাসন পাওয়া যায়। সেগুলি ইতিহাসে 'দামোদরপুর তাম্রশাসন' নামে পরিচিত।

**ফুলবাড়িয়া** (Phulbaria) : পূ. পাক.; ময়মনসিংহ জেলা, সদর মহ.র থানা। আ. ১৮৪ ব মা। গ্রাম, ডাকঘর। ময়মনসিংহ শহরের দ.-পূর্ব দিকে অবস্থিত।

**ফুলিয়া** (Fulia) : নদীয়া জেলা; রানাঘাট মহ.র শান্তিপুর ও হাসখালি থানার অন্তর্গত সমাজ উন্নয়ন ব্লকের কেন্দ্র; কলিকাতা-শান্তিপুর রেলপথের স্টেশন (৫৪ মা); রানাঘাট হইতে শান্তিপুর সড়কের ধারে অবস্থিত। ১৯৪৭-এর পর এখানে গবর্নমেণ্ট উদ্‌বাস্তুদের জন্য শহর নির্মাণ করিয়া দেন। ..রামায়ণকার কৃত্তিবাসের জন্মস্থান (১৪৪০)। যবন হরিদাস এখানে এক 'গোফা' বা মাটির ঘরে বাস করিতেন। ...১৩০১-এ রবীন্দ্রনাথ, নবীনচন্দ্র সেন প্রভৃতি সাহিত্যিকগণ কৃত্তিবাসের স্মৃতিরক্ষার্থ বঙ্গীয় সাহিত্য মারফত আবেদন প্রকাশ করেন। ১৩২২-এ স্যার আশুতোষ মুখোপাধ্যায় কর্তৃক কৃত্তিবাস স্মৃতিস্তম্ভ স্থাপিত হয়।

**ফেজ** (Fez) : মরোক্কোর ফরাসী পরিমণ্ডলের নগর। এখানকার কাইবান বিশ্ববিদ্যালয় ইসলামিক জগতে প্রসিদ্ধ। জন. ১·৮০ লক্ষ। শ্বেতাঙ্গ ১৬ হা.। ... মুসলমানরা 'ফেজ' নামে যে টুপি ব্যবহার করিত তাহার উৎপত্তি এই ফেজ নগরে। উ.-প. আফ্রিকার রেলপথের বিশিষ্ট স্টেশন; তানজিয়র, কাসারাংকা, মরোক্কো প্রভৃতি নগর হইতে আলজিরিয়া যাইবার পথে অবস্থিত। বিমান বন্দর।

**ফেঞ্চুগঞ্জ** (Fenchuganj) : পূ. পাকিস্তান; সিলেট জেলার রেল স্টেশন; কুশিয়ারা নদীর উপর বাজার। আখাউড়া-কুলাউড়া-সিলেট রেলপথের স্টেশন। সিলেট হইতে ১৪ মা। চা, ধান প্রভৃতির বাজার।

**ফেনি** (Feni) : পূ. পাকিস্তান; নোয়াখালি জেলার মহকুমা ও শহর। চট্টগ্রাম হইতে ৫৬ মা। ফেনী জং. হইতে বেলোনিয়া ১৭ মা। ফেনীতে কলেজ আছে। মহ.র আ. ৩৪০ ব মা; থানা—১৫৫ ব মা। শহরের জন. ৫,৪২১।

**ফেরো** (Faeroe, Faroe, Danish—Faeroer) : অতলান্তিক মহাসাগরে আইস্‌লন্‌ড দ্বীপ হইতে ২৫০ মা দূরে ২১টি দ্বীপের সাধারণ নাম; ইহার অর্থ মেষ দ্বীপ। ডেনমার্ক রাষ্ট্রের অংশ; ১৯৪৮ হইতে বহুল পরিমাণে স্বায়ত্তশাসন অধিকার পাইয়াছে। মেষপালন, মৎস্য

শিকার প্রধান উপজীবিকা। আ. ৫৪০ ব মা। জন. ৩১,৬৬৭।...রাজধানী থরশাভেন (Thorshavn)।

**ফোর্ট উইলিয়ম** (Fort William): কলিকাতার 'গড়ের মাঠ'-এর পশ্চিম প্রান্তে গঙ্গাতীরে যে কেল্লা বা দুর্গ অবস্থিত তাহা ফোর্ট উইলিয়ম নামে খ্যাত। এই দুর্গটি অষ্টকোণ বিশিষ্ট ও পরিখার দ্বারা বেষ্টিত। চারিদিকে ঢালু মৃত্তিকার বেষ্টনী, ভিতরে একটি ছোট-খাট শহর। ১০,০০২ সৈনিকের বাসোপযোগী ব্যারাক, অস্ত্রশালা, গির্জা, কুচকাওয়াজের মাঠ, দোকান-পশরা প্রভৃতি আছে। ভিতরে যাতায়াতের ছয়টি ফটক; অনুমতি ছাড়া প্রবেশ নিষেধ। ইংরেজ সৈন্য দেশ হইতে চলিয়া যাওয়াতে, তাহাদের গির্জাগুলি সভাগৃহ রূপে ব্যবহৃত হইতেছে।...১৬৮৬ অব্দে জবচার্নক হুগলি হইতে সুতানুটিতে আসেন। কিন্তু ১৬৯০ এর পূর্বে আড্ডা স্থাপন করিতে পারেন নাই। ১৬৯১ অউরঙ্গজেবের নিকট বৎসরে ৩০০০ টাকা নজর দানের বিনিময়ে ইংরেজরা বঙ্গসুবায় বিনাশুল্কে বাণিজ্য করিবার অনুমতি পায়। ১৬৯৬ বর্ধমান মহারাজার বিরুদ্ধে শোভা সিংহ ও অন্যেরা বিদ্রোহী হইলে কোম্পানি আত্মরক্ষার জন্য গড় নির্মাণের অনুমতি পাইল। ১৬৯৮ সম্রাটের পৌত্র আজিম-উল-শান সুবেদার হইয়া আসিলে ইংরেজরা সুতানুটি, কলিকাতা ও গোবিন্দপুর কিনিবার অনুমতি লাভ করে। গঙ্গার তীরে লম্বায় ৩ মা ও প্রস্থে ১ মা স্থান।..শোভাসিংহের বিদ্রোহের সময় যে ক্ষুদ্র দুর্গ নির্মিত হয়, সেটি ছিল বর্তমান লালদীঘির পশ্চিম পাড়ে যেখানে জেনারেল পোস্টাপিস প্রভৃতি অট্টালিকা আছে, গঙ্গার ধারে সেইখানে পুরাতন কেল্লা ছিল। ১৭৫৬-এ সিরাজ-উদ্দৌলা কলিকাতা আক্রমণ করিয়া এই দুর্গ অধিকার ও কিয়দংশ ধ্বংস করেন। পলাশীর যুদ্ধে সিরাজের পতনের পর এই পুরাতন দুর্গ পরিত্যক্ত ও বর্তমান দুর্গ বা কেল্লার পত্তন হয়। ১৭৭৩-এ ওয়ারেন হেস্টিংসের গবর্নর-জেনারেলগিরির সময় নির্মাণ কার্য শেষ হয়। ইংলন্ডের তৎকালীন রাজা ৪র্থ উইলিয়মের নামানুসারে দুর্গের নাম হইল 'ফোর্ট উইলিয়ম'। 'ফোর্ট উইলিয়ম কলেজ' ছিল লালদীঘির উত্তরে বর্তমান রাইটার্স বিলডিং যেখানে অবস্থিত সেইখানে। ১৮০০ অব্দে স্থাপিত হয়।.. ১৯৫১-এ ফো. উ.র জনসংখ্যা ৯,১১৩।

**ফ্রাংকফুর্ট** ( Frankfurt am Main ): পশ্চিম জারমানির হেসে (Hesse) বিভাগের নগর; মেইন নদীতীরে। জন. ৫.৩২ লক্ষ। ঐতিহাসিক, সাংস্কৃতিক বাণিজ্যিক ও ইহুদীদের প্রধান ব্যাংকিং কেন্দ্র। নাৎসিদের সময় ইহুদীদের সর্বস্ব ধ্বংস হয়; ২য় মহাযুদ্ধের সময় নগরের ৪৫% বিধ্বস্ত হয়। বর্তমানে পুনর্গঠিত হইয়াছে। কবি গেটের জন্মস্থান।

**ফ্রাংকফুর্ট** (Frankfurt am der Oder): পূর্ব জারমানির শহর, ওডার নদীর বামতটে, পোলন্ড সীমান্তে। মধ্যযুগের শহর। জন. ৫২ হা.।

**ফ্রান্স** ( France; Republique Française ): ইউরোপের রাষ্ট্র; দৈর্ঘ্যে ৬০০ ও প্রস্থে ৫০০ মা। রাশিয়া ছাড়া ইউরোপে এত বড় দেশ আর নাই। আ. ২,১১,৭৪১ ব মা; জন. ৪.২০ কোটি।...ফ্রান্সের উত্তরে ইংলিশ চানেল ও ডোভার প্রণালী; ইংলন্ডের নিকটতম উপকূল মাত্র ২২ মা দূরে। পূর্বে বেলজিয়াম ও জারমানি; এদিকে রাইন নদী প্রায় ১০০ মা জারমানি ও ফ্রান্সের সীমান্ত; পূর্বদিকে আল্পস পর্বত, সুইটজারলন্ড এবং ইতালি অবস্থিত। দক্ষিণে ভূমধ্যসাগর এবং স্পেন; স্পেন ও ফ্রান্সের মধ্যে পীরেনীজ পর্বত প্রাকৃতিক বাধা স্বরূপ বিদ্যমান। পশ্চিমে অতলান্তিক মহাসাগর। ফ্রান্সের তটরেখা ১৯৫০ মা।... আল্পসের সর্বোচ্চ শিখর মঁ ব্লঁ (Mont Blanc) ইতালি ও ফ্রান্সের সীমান্তে অবস্থিত ( ১৫,৭৮১ ফুট উচ্চ )।... দেশের দ.-পূর্ব ভাগ মালভূমি; এই মালভূমি ও আল্পসের পার্বত্য উপত্যকার মধ্যে রোন নদী। এই অঞ্চলের নাম পূর্বে ছিল বারগানডি, এখন প্রভেন্স প্রদেশ; এখানকার ভাষা ফরাসী হইতে পৃথক একটি উপভাষা, সাহিত্যাদি রচিত হইয়া সমৃদ্ধ হইতেছে।

ফ্রান্স কৃষিপ্রধান দেশ হইলেও শিল্প-বাণিজ্যের উন্নতি দ্বারা সমাজ জীবনে ভারসাম্য রক্ষা করিতে সমর্থ হইয়াছে। কৃষিজাত ফসলের মধ্যে আঙ্গুর ও তাহা হইতে প্রচুর মদ্য (wine) প্রস্তুত ও রপ্তানি হয়। ভারী

শিল্পে সরকারী দৃষ্টি গিয়াছে; ইন্‌জিনীয়ারিং ও অন্যান্য শিল্প উন্নত হইতেছে।...খনিজ সম্পদের মধ্যে আলসেস-লোরেন অংশের লৌহ খনি উল্লেখযোগ্য। কয়লা প্রচুর না থাকায় বিদেশ হইতে উহা আমদানি করিতে হয়; সেইজন্য সার (Saar) ও রুর (Ruhr)-এর প্রতি ইহার শ্যেনদৃষ্টি। ... পশম, রেশম, লিনেন, রেয়নাদির বয়নশিল্পে ফরাসী কারিগরদের সুনাম আছে। ফ্রান্সের বনজ সম্পদ ও বনজাত সামগ্রী প্রচুর। শিল্পকলার মধ্যে চিত্র ও ভাস্কর্যে ফরাসীরা অমর খ্যাতি অর্জন করিয়াছে; পৃথিবীর কয়েকজন শ্রেষ্ঠ চিত্রশিল্পী ও ভাস্কর ফরাসী। ফরাসী সাহিত্য পৃথিবীর সেরা সাহিত্যের অন্যতম। আর্ট ও সাহিত্যে বহু শৈলীর জন্য তাহারা সমাদৃত ও অন্যের দ্বারা অনুকৃত। দর্শন, ধর্ম, বিজ্ঞানের নানা বিভাগে ও সমাজতত্ত্ব বিষয়ে ফরাসী মনীষীদের নাম সর্বদেশে পরিচিত। ...ফ্রান্‌স অতীত কালে গালিয়া বা গল (Gaul) নামে পরিচিত ছিল; রোমান সেনাপতি জুলিয়াস সীজার এই দেশের কিয়দংশ জয় করেন (খ্রী. পূ. ৫৭-৫৮)। প্রায় ৫০০ বৎসর এই দেশ রোমান সাম্রাজ্যভুক্ত ছিল এবং স্থানীয় ভাষা লাতিন ভাষার প্রভাবে গঠিত হয়। ৫ শতকে পার-রাইন অঞ্চল হইতে জারমানিক জাতীয় ফ্রাংকরা গলিয়ায় প্রবেশ করে ও সাইন নদীর উভয় তীরে উপনিবেশ স্থাপন করে; এই ফ্রাংক জাতিদের নাম হইতে কালে সমগ্র দেশের নাম হয় ফ্রান্‌স। ফ্রাংক বংশের শ্রেষ্ঠ সম্রাট শার্লামেন (৭৬৮-৮১৪)। ইঁহার মৃত্যুর পর সাম্রাজ্য ভাঙিয়া যায় ও কাপেট বংশীয় হিউ কাপেট যখন রাজা হইলেন, তখন ফ্রান্‌স বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য ও জমিদারিতে বিভক্ত হইয়া যায়; পারিস নগরের চারি পাশে ক্ষুদ্র সীমানার মধ্যে ফ্রান্‌সের রাজার শাসন সীমায়িত হয়। ইহার পর আসে ভালয় (Valois) বংশ (১৩২৮-১৫৮৯); এই সময়ে ইংলণ্ডের রাজারা নানা অজুহাতে ফ্রান্‌সের সিংহাসন দাবী করে; থামিয়া থামিয়া এক শত বৎসর এই যুদ্ধ চলে। এই যুদ্ধের দীর্ঘ অবসানে ফ্রান্‌সের বহু জমিদার হীনবল হইয়া যায়, এবং কেন্দ্রীয় রাজার শক্তি বৃদ্ধি পায়। রিফর্মেশন বা ধর্মসংস্কারের তরঙ্গে একদল ফরাসী (Huguenots) নব ধর্মমত গ্রহণ করায় গোঁড়া ক্যাথলিক রাজসরকার ও জনতার দ্বারা খুবই নিপীড়িত হয়। অবশেষে বুরবন রাজবংশের ৪র্থ হেনরী নান্‌তে শহরের ঘোষণায় (Edict of Nantes) হিউগোনটদের ধর্মীয় স্বাধীনতা দিলেন; কতকগুলি নগরীতে তাহারা প্রায়-স্বাধীন ভাবে বাস ও ধর্ম কর্ম করিবার অধিকার লাভ করে (১৫৯৮)। এই বুরবন বংশীয় রাজা ১৪শ লুই-এর সময় (১৬৪৩-১৭১৫) ফ্রান্‌সের বাহিরে কলোনিয়াল সাম্রাজ্যের পত্তন হয়। কিন্তু রাজা, রাজানুচর ও জমিদারদের যথেচ্ছাচার, বিলাসব্যসন, অর্থের অপব্যয় প্রভৃতি কারণের জন্য দেশ-মধ্যে বিপ্লবের সূচনা হইল; কানাডা, ভারতবর্ষ, ফ. সাম্রাজ্যচ্যুত হইল। এই বিপ্লব আনিবার দায়িত্ব ছিল লেখক ও ভাবুকদের; ভলটেয়ার, রুশো প্রভৃতি লেখকদের তীব্র লেখনী ফরাসীদের মনকে বিদ্রোহী করিয়া তোলে। দেশে যে বিপ্লব দেখা দিল, তাহা ইতিহাসে ফরাসী বিপ্লব নামে খ্যাত (১৭৮৯)। এই বিপ্লবের অভিঘাতে রাজা ১৬শ লুই ও তাঁহার পত্নীর শিরচ্ছেদ হয়। ইহার পর দীর্ঘকাল জনতার উপদ্রবে বহু লোক নিহত হয়; ইহাকে ইতিহাসে Reign of Terror বলে। এই বিপ্লবের প্রতিক্রিয়ায় নেপোলিয়ন বোনাপার্টির আবির্ভাব হইল। নেপোলিয়ন ফ্রান্‌সের শাসন সুব্যবস্থিত করিলেন বটে, কিন্তু অচিরকালের মধ্যে সমস্ত ইউরোপের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। ইতিমধ্যে ১৮০৪-এ তিনি আপনাকে সম্রাট বলিয়া ঘোষণা করিলেন। ১৮১৪-এ তাঁহার পতন সুরু হইল ও ১৮১৫-এ ওয়াটারলুর যুদ্ধে পরাজিত হইয়া সেণ্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হইলেন। ইহার পর বুরবন রাজারা ফিরিয়া আসিল; কিন্তু দেশ এক-রাট শাসন বরদাস্ত করিতে নারাজ; ১৮৪৮ এ বিপ্লব হইল। ১৮৪৮-এ দ্বিতীয় বার রিপাবলিক তন্ত্র স্থাপিত হইল; কিন্তু প্রেসিডেণ্ট ১৮৫২-এ ৩য় নেপোলিয়ন নাম লইয়া সম্রাট হইয়া বসিলেন। প্রুশিয়ার সহিত যুদ্ধে (১৮৭০-৭১) ফরাসীরা পরাভূত হইলে রাজপদ শেষ বারের মত রদ করা হইল। ১৮৭১-এ তৃতীয় রিপাবলিক প্রতিষ্ঠিত হয়। ... প্রথম মহাযুদ্ধে (১৯১৪-১৮) ফ্রান্‌স জারমানির হস্তে

খুব লাঞ্ছিত হইলেও শেষ পর্যন্ত মিত্রশক্তির সাহায্যে জয়ী হয়। আলসেস লোরেন ফ্রান্স ফিরাইয়া পাওয়াতে তাহার শিল্পোন্নতি সম্ভব হইল। ক্ষতিপূরণ বাবদ জারমানির নিকট হইতে বহু অর্থ ও সামগ্রী লাভ করিয়া সে পুনঃপ্রতিষ্ঠিত হয়। ...দ্বিতীয় মহাযুদ্ধের সময় উত্তর ফ্রান্স নাৎসি জারমানরা দখল করে; প্রেসিডেন্ট পেতাঁ (Petain) জারমানদের সহিত আপস করিয়া ভিসি নগরীতে রাজধানী স্থানান্তরিত করিলেন; কিন্তু অন্যেরা যুদ্ধ চালাইতে লাগিল। জারমানির এবারও পরাজয় হইল বটে; কিন্তু ফ্রান্সের শাসন বিষয়ে শান্তি আসিল না। গত দশ বৎসরে কত মন্ত্রীর যে বদল হইয়াছে তাহার ঠিক নাই; ৬৪ ঘণ্টার মন্ত্রিত্বও হইয়াছে। ...ফ্রান্সের কলোনীর মধ্যে দারুণ অশান্তি; ভারতের রাজ্যাংশ সে ভারত সরকারকে ফেরত দিয়াছে; ইন্দোচীনকে স্বাধীনতা দিয়াছে। কিন্তু মরোক্কা, অলজেরিয়া প্রভৃতি দেশে পূর্ণ বাদশাহীগিরি চালাইতেছে। ...২য় মহাযুদ্ধের পর ফ্রান্সের ৪র্থ রিপাবলিক পর্ব ১৯৪৭ হইতে আরম্ভ হইয়াছে। ১৯৪৬, অক্টোবর ১৩ই নূতন সংবিধান গৃহীত হয়; এই সংবিধান মতে ন্যাশনাল এসেম্ব্লির উপর রাষ্ট্রের সর্বময় কর্তৃত্ব ভার ন্যস্ত। সদস্য সংখ্যা ৬২৭। ইহারা প্রত্যক্ষ জনমতের দ্বারা নির্বাচিত। ...৩২০ জন সদস্যের একটি Council of the Republic (পরামর্শ দাতা সভা) আছে; সদস্যরা জটিল নির্বাচন পদ্ধতির দ্বারা মনোনীত হন। এই দুই সভা প্রেসিডেন্ট নির্বাচন করেন; প্রেসিডেন্টের শাসনকাল ৭ বৎসর। ইনি প্রিমিয়ার বা প্রধান মন্ত্রীকে ও প্রধান মন্ত্রী তাঁহার ক্যাবিনেটকে মনোনীত করিয়া এসেম্ব্লির কাছে পেশ করেন। মন্ত্রীরা যৌথভাবে এসেম্ব্লির নিকট দায়ী। নূতন সংবিধান মতে ফ্রান্সের রাষ্ট্রকে 'ইউনিয়ন' বলা হয় (যেমন ব্রিটিশ কমনওয়েলথ); ফরাসী রিপাবলিক, সাগরপারের 'ডিপার্টমেণ্ট' (অলজিরিয়া প্রভৃতি) ও টেরিটরিগুলি লইয়া এই ইউনিয়ন গঠিত। এই সব প্রাক্তন কলোনী হইতে ৭৫ জন ডেপুটি ন্যাশনাল এসেম্ব্লিতে ও ৬৫ জন কাউন্সিল অব রিপাবলিকে নির্বাচিত হইয়া আসেন। এ ছাড়া আর একটি প্রতিষ্ঠান আছে; তাহাকে বলে এসেম্ব্লি অব দ ফ্রেঞ্চ ইউনিয়ন; ইহার সদস্য সংখ্যা ২৪০। ... ফ্রান্স NATO-র সদস্য। ফ্রান্সের কলোনীর আয়তন ৪৬ লক্ষ ব মা; জন. ৬·৫০ কোটি। ফ্রান্সের নিজ জন সংখ্যা ৪২০ কোটি। (দ্র. ফরাসী পার-সমুদ্র রাজ্য)। ফ্রান্স ৯০টি জেলা বা ডিপার্টমেণ্টে বিভক্ত; ইহার মধ্যে ৩টি জেলা অলজিরিয়ায়। ১৯৪৭ হইতে পার-সমুদ্র কলোনীগুলি ইউনিয়নের জেলা।... ফ্রান্সের রাজধানী প্যারিস। ১৭ বিশ্ববিদ্যালয়; এছাড়া কলেজ দ ফ্রাঁস-এর ন্যায় বহু আকাদামি আছে। প্রাথমিক শিক্ষা (৬-১৪ বৎসর বয়স) অবৈতনিক ও আবশ্যিক। ...১৯০৫ হইতে রাষ্ট্র তহবিল হইতে কোনো অর্থ ধর্মসম্প্রদায়কে প্রদত্ত হয় হয় না; দেশের অধিকাংশ লোক রোমান ক্যাথলিক, দশলক্ষ প্রোটেস্টাণ্ট।

**ফ্রিজিয়া, ফ্রিগিয়া** (Phrygia): পশ্চিম এশিয়া মাইনরে হালিস (Halys) নদীতীরের পরাক্রান্ত জাতি; খ্রী. পূ. ১০ শতকে ইহারা থ্রেস্ হইতে আসিয়া এখানে উপনিবেশ স্থাপন করে। মিডাস (Midas) নামে রাজা ৮ শতকে প্রবল হন। অসীরিয়ার রাজা সারাকুনের শিলালেখে মুসকুদের রাজা মিত (Mita) নাম পাওয়া যায়। লিডিয়ার রাজা ক্রোসাস্ কর্তৃক ইহারা অবলুপ্ত হয় (খ্রী. পূ. ৫৪৭)।

**ফ্রীটাউন** (Freetown): আফ্রিকার পশ্চিম উপকূলস্থিত ব্রিটিশ কলোনী সিএরা লিওনের রাজধানী; এতদঞ্চলের সর্বোৎকৃষ্ট বন্দর ও পোতাশ্রয়। জন. ৬৫ হা.। চীনাবাদাম ও কোলাবাদাম রপ্তানি হয়।

**ফ্রুন্জে** (Frunze): মধ্যএসিয়া খিরগিজ সোবিয়েত রিপাবলিকের রাজধানী—পূর্ব নাম পিশপেক (Pishpek)। বলশেভিক নেতা ফ্রুন্জে (M. V. Frunze)-র নামানুসারে শহরের নামকরণ হইয়াছে। সুতা ও চিনির কল আছে। জন. ৯৩ হা. ('৩৯)।

**ফ্লরেন্স** (Florence; Firenxe): ইতালীর অন্যতম শ্রেষ্ঠ নগরী; মধযুগে দান্তে, বোকাচ্চিও, মাকিয়াভেলি, মাইকেল-এন্জেলো প্রভৃতির জীবনীর সহিত এই নগরী অচ্ছেদ্যভাবে যুক্ত। ...মধ্যযুগীয় বহু অট্টালিকা ও

কলা মন্দির দর্শনীয়। ইতালীয় রেনাসান্স আন্দোলনের প্রধান কেন্দ্র এবং পৃথিবীর শ্রেষ্ঠ আর্ট সম্পদ সংগ্রহের জন্য এখনো খ্যাত। মাইকেল-এনজেলো, দা ভিন্‌চি, রাফেল, দোনাতেলো, ভেরেচ্চিত্ত, চেলিনি প্রভৃতির শিল্পসাধনার স্থান। জন. ৩৮৯ লক্ষ। ···বর্তমানে বহু শিল্প কারখানার কেন্দ্র।

**ফ্লানডার্স** ( Flanders ) : বেলজিয়ামের একটি প্রদেশ। ফ্লেমিং নামে একটি স্বাধীন উপজাতির বাসভূমি ছিল। ১৩৮৫-১৪১৭ ফ্রান্সের অন্যতম প্রদেশ বারগানডির ডিউকের অধীন ছিল। তারপর বহু ভাগ্য বিপর্যয়ের পরে বেলজিয়ামের অন্তর্গত হয়। মধ্যযুগে বয়ন শিল্পের কারুতার জন্য বিখ্যাত। ফ্লেমিংদের ভাষা ফ্লেমিশ—জারমান ঘঁ্যাসা ; গেন্‌ট বিশ্ববিদ্যালয় (১৯৩০) ফ্লেমিং সংস্কৃতি চর্চার কেন্দ্র। ফ্লেমিশ ভাষা ও সাহিত্য ১৯ শতক হইতে নূতনভাবে আলোচিত হইতেছে ; নূতন শক্তিশালী লোকের আবির্ভাব দেখা দিতেছে।

**ফ্লোরিডা** ( Florida ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৫১৩-এ স্পেনীসদের Pasena florida বা পুষ্প উৎসবের দিনে আবিষ্কৃত হয় বলিয়া Florida নাম। প্রায় ৪০০ বৎসর স্পেনের কলোনী ছিল ; ১৮১৯-এ মার্কিন সরকার এই স্থান স্পেনের নিকট হইতে ক্রয় করে। ১৮৪৫-এ যুক্তরাষ্ট্র অন্তর্ভুক্ত হয়। দক্ষিণী বিদ্রোহীদের সঙ্গে ১৮৬১-তে যোগদান করে ; ও ১৮৬৮ পুনরায় যুক্তরাষ্ট্রে প্রবেশ করে।...কৃষিপ্রধান স্টেট ; নানাবিধ ফল ও সব্‌জির বাগান, মৎস্য শিকার, পশুপালন প্রধান উপজীবিকা। ···রাজধানী তাল্লা-হাসি ( Tallahassee )। আ. ৫৮,৬৬৬ ব মা ; জন. ২৭·৭১ লক্ষ। ...মিআমি বৃহত্তম নগর ও শিল্প কেন্দ্র।

**বউঠাকুরানীর হাট** : বরিশাল ; বাকলা চন্দ্রদ্বীপ পরগনার মাধবপাশার হাট। ( দ্র. চন্দ্রদ্বীপ )। রবীন্দ্রনাথের এই নামে উপন্যাস আছে।

**বউধ-খন্দমহল** ( Baud-Kondmahals ) : ওড়িশার জেলা। আ. ৪,২৮২ ব মা ; জন. ৪,৫৬,৮৯৫। ৩টি মহকুমা : বউধ, খন্দমহল ও বল্লীগুডা। বউধ মহকুমার আ. ১,৩৩০ ব মা ; জন. ১,৬৭,৭১৩। —থানার আ. ৩৮৪ ব মা ; জন. ৬৫,২০৭। গ্রাম ৩৭৭। —শহর বউধগড়, বা বউধরাজ, মহানদীতীরে। জন. ৫,৫০০। ফুলবনীর সহিত মোটরপথে যুক্ত। বউধের নবগ্রহ মন্দির বিখ্যাত।

**বউধ, বৌধ** (Baud) : পূর্বতন ঈ. স্টেটস বা ওড়িশা স্টেটস এজেন্সির করদ রাজ্য। আ. ১১৫৬ ব মা ; জন. ১,৪৬,১৬৫ ( '৪১ )। মহানদীর দক্ষিণে রাজ্য অবস্থিত ; রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৫৯,৩০০ টাকা ভাতা দেওয়া হয়।...প্রায় দেড় হাজার বৎসর পূর্বে এক ব্রাহ্মণ কর্তৃক এই রাজ্য স্থাপিত হয় ; কালে বহুদূর বিস্তৃত হয়। পরে আটমল্লিক, খন্দমহল প্রভৃতি পৃথক রাজ্যে পরিণত হয়।...বর্তমানে ওড়িশার জেলা।

**বউফাল** ( Bauphal ) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা, পটুয়াখালি মহ.-র থানা। আ. ১৫৪ ব মা। পূর্বে তেঁতুলিয়া নদী।

**বংশীহারী** (Bansihari) : পূ. দিনাজপুর জেলা ; রায়গঞ্জ মহ.-র থানা। আ. ১৩৪ ব মা ; জন. ৫১,২৭৬ ; ঘনতা ৩৮২।—গ্রাম, টাংগন নদীর তীরে, কালিয়াগঞ্জ-বালুরঘাট সড়কের উপর।—শতাধিক বৎসর পূর্বে বুকানন সাহেব ভ্রমণকালে এই অঞ্চলে বহু প্রাচীন নগর ও মন্দিরাদির ধ্বংসাবশেষ দেখেন। নিয়মিতভাবে খনন কার্য এখনো হয় নাই।

**বক্রেশ্বর** (Bakreswara) : বীরভূম জেলার সিউরী সদর মহকুমার অন্তর্গত। দুবরাজ চৌকীর ইলাকা মধ্যে অবস্থিত গ্রাম। অনডাল-সাঁইথিয়া রেলপথের দুবরাজ স্টেশন হইতে ৫ মা পশ্চিমে।... এখানে ৭টি উষ্ণ প্রস্রবণ আছে ; উষ্ণতম কুণ্ডের জল ১৬২° ও শীতলতম মাটির তাপ ১২৮° ; বাহিরের তাপ ৭৭° ও জলের তাপ ৮৩° মাত্র। এই উষ্ণ কুণ্ড ও দুবরাজপুরের নিকট উৎক্ষিপ্ত গ্রানাইট প্রস্তর খণ্ড বিজ্ঞানীদের বিস্ময়ের বিষয়।...এই কুণ্ড হইতে বক্রেশ্বর নদী বাহির হইয়াছে। এই জলের গুণাগুণ লইয়া সরকার হইতে গবেষণা সুরু হইয়াছে। ···ইহা ৫১ পীটের অন্যতম। শিবরাত্রির সময় বিরাট মেলা হয়।

**বক্‌সর** (Buxar) : বিহার ; শাহাবাদ জেলার মহকুমা।

আ. ৬৮৩ ব মা ; জন. ৫,৩৬,৭৫৪ ; ঘনতা ৬৮৭।... অন্তর্গত থানা : বক্সর, রাজপুর, ইতারহি, ডুমরাও, ব্রহ্মপুর। —থানার আ. ৯৬ ব মা ; জন. ৮৫,২২৪ ; ঘনতা ৮৮৮।—সদর শহর (জন. ১৮,০৪৭) কলিকাতা হইতে (ঈ. রেল) ৪০৪ মা। ...ব্যাংক : ইলাহাবাদ ও বিহার। ১৭৬৪, ২৩-এ অক্টোবরে এইখানে মীরকাসেম, অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ও দিল্লী-সম্রাট শাহ আলমের মিলিত সৈন্যবাহিনী ইংরেজ সেনাপতি হেক্টর মনরোর সৈন্যের নিকট পরাভূত হয়। ৭ মা দ.-পশ্চিমে চৌসা গ্রামে ১৫৩৯-এ হুমায়ুন শেরশাহের নিকট যুদ্ধে পরাভূত হন।

**বক্সা** (Buxa) : জলপাইগুড়ি জেলার আলিপুর-দুয়ার মহ.র অন্তর্গত স্থান ; আলিপুর-দুয়ার জংশন হইতে জয়ন্তি পর্যন্ত যে শাখা রেলপথ (১৬ মা) আছে বক্সা রোড স্টেশন সেই পথের উপর অবস্থিত (১২ মা)। কলিকাতা হইতে পার্বতীপুর হইয়া ৩৪৫ মা। ব. রো. স্টে. হইতে বক্সা দুর্গ ৫ মা দূরে ভুটান সীমান্তের নিকট ১৮০০ ফুট উচ্চ স্থানে অবস্থিত ; এখানে সৈন্য ছাউনি আছে। ভুটান যুদ্ধের সময় ১৮৬৫ অব্দে দুর্গ নির্মিত হয়। এখান হইতে সিনচল গিরিপথ (৫,৭০০ ফুট) দিয়া তিব্বত যাওয়া-আসা চলে। ব্রিটিশ শাসনের শেষ যুগে রাজনৈতিক বন্দীদিগকে এই দুর্গম স্থানে আটক রাখা হইয়াছিল।

**বখতিয়ারপুর** (Bakhtiarpur) : বিহার ; পাটনা জেলার বাঢ় মহকুমার শহর ও জংশন ; কলিকাতা হইতে ৩০২ মা। এখান হইতে সরু রেলপথ বিহার-শরীফ হইয়া রাজগীর পর্যন্ত গিয়াছে (৩৩ মা)। বখতিয়ারপুর-বিহার লাইট রেলওয়ে ( Bakhtiarpur-Bihar Light Railway ) পাটনা জেলা বোর্ড কর্তৃক পরিচালিত। দৈর্ঘ্য ৩৩ মা। গেজ ২´-৬´´। বিহার-শরীফ, নালন্দা, সিলাও, রাজগীর প্রভৃতি স্টেশন এই লাইনের উপর।

**বগড়ি, বগড়ী** (Bagri) : বঙ্গদেশের দ.-পশ্চিমাংশের প্রাচীন স্থানিক নাম ; এই ভূভাগে বাগ্‌দি নামে উপজাতি এককালে প্রবল ছিল। ...বল্লাল সেনের পঞ্চ ভুক্তির ( বিভাগ ) অন্যতম ( বঙ্গ, বরেন্দ্র, মিথিলা, রাঢ় ও বগড়ী )। বগড়ীর প্রাদেশিক রাজধানী ছিল শাখহাটি বা শেখহাটি। এখানে বল্লাল-প্রতিষ্ঠিত-বলিয়া-কথিত ভুবনেশ্বরী দেবীমূর্তি আছে ; বাংলার ভাস্কর্য শিল্পের অতি অপূর্ব নিদর্শন। মূর্তিটি ৫´-৬´´ খাড়াই ; প্রস্থ ২´-৫´´।

**বগাটিপাড়া** ( Bagatipara ) : পূ. পাক. ; রাজশাহী জেলা, নাটোর মহ.র থানা। আ. ৫৯ ব মা। গ্রাম বড়াল নদীতীরে।

**বগুড়া** ( Bogra, Bagura ) : পূ. পাক. ; রাজসাহী বিভাগের জেলা ; করতোয়া, আত্রাই প্রভৃতি নদী প্রবাহিত। পলিমাটির দেশ, প্রচুর শস্য ও পাট জন্মে। ...আ. ১৯৩১ ব মা ; জন. ১২·৮৩ লক্ষ। পার্টিশনের পর দিনাজপুর হইতে বালুরঘাট মহকুমার কয়েকটি থানা এখন এই জেলাভুক্ত হইয়াছে ; ধামাইর হাট, পাটনীটোলা বা পত্নীতলা ও পোরসা। ...বগুড়া জেলা প্রাচীন বরেন্দ্রভূমি ও পৌণ্ড্রবর্ধন। মহাস্থান, পাহাড়পুর প্রভৃতি স্থানে প্রাচীন হিন্দু, বৌদ্ধ, জৈন সংস্কৃতির ও স্থাপত্যের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। ...মুসলমানদের জয়ের পর এদেশের অধিকাংশ ইসলাম গ্রহণ করে। পার্টিশনের পূর্বে ৮৫ শতাংশ মুসলমান ছিল। বগুড়া শহর ব্রিটিশ যুগে ১৮২১-এ স্থাপিত।...১৮৫৯-এ জেলা গঠিত হয়। বগুড়া শহর ( জন. ২১,৬৮১ ) করতোয়া নদীতীরে ; এককালে এই নদী খরস্রোতা ছিল। ..সান্তাহার-লালমনিরহাট রেলশাখার স্টেশন (৩৩ মা)। কৃষিজাত দ্রব্যের বাজার ; বর্তমানে কতক গুলি শিল্পের কেন্দ্র হইয়াছে। স্কুল, এডোয়ার্ড কলেজ, ব্যাংক প্রভৃতি।

**বগুলা** ( Bagula, Bagoola ) : নদীয়া জেলা ; রানাঘাট মহ., হাঁসখালি থানার গ্রাম ; স্কুল, ডিসপেন্সারি, প্রভৃতি আছে। জন. ৩,১৭২। কলিকাতা হইতে রেলপথে ৫৮ মা। ১১ মা উত্তরে ভারতের শেষ রেলস্টেশন বানপুর ; তারপরে পূর্ব পাকিস্তান।

**বঙ্গ** ( Banga ; Bengal ) : বর্তমানে 'বঙ্গ' বলিতে পূর্ব বঙ্গ বা পূর্ব পাকিস্তান ও পশ্চিম বঙ্গ বুঝায় ; কিন্তু এখন যাহা পূর্ব বঙ্গ বলিয়া উক্ত, পূর্বে তাহাই 'বঙ্গ' নামে অভিহিত ছিল। পশ্চিম বঙ্গকে গৌড় ও রাঢ় বলিত। সংস্কৃতে পূর্ব ও মধ্য বঙ্গই 'বঙ্গ' নামে প্রখ্যাত ছিল।

তানজোরে ১১ শতকের উৎকীর্ণ শিলালিপিতে 'বঙ্গলম্' শব্দ পাওয়া যায়।... পুরাণাদি মতে অঙ্গ, বঙ্গ পুণ্ড্র, সুহ্ম প্রভৃতি বলিরাজের পুত্র।... অন্য মতে এই প্রদেশের আদিবাসীদের উপাস্য দেবতা 'বঙগা' নাম হইতে এই দেশের নামের উদ্‌ভব। সাঁওতালদের দেবতাকে 'বোঙ্গা' বলে। আবুল ফজলের মতে 'বঙ্গ' পূর্বকালে আল বা পাড় দিয়া ঘেরা ছিল বলিয়া বঙ্গাল এই নাম হইয়াছে।' পাঠান আমল হইতে 'বাঙলা' নামের চলিত; বাদশাহ আকবরের সময়ে 'সুবা বাঙলা' নামে এই ভূখণ্ড পরিচিত হয়।... মুসলমানেরা প্রত্যক্ষভাবে এই দেশ ৫০০ বৎসরের উপর শাসন করে (১১৯৬-১৭৬৫)। তন্মধ্যে পাঠান ও তুর্কীরা ১১৯৬-১৫৭৬; মুঘলরা ১৫৭৬-১৭৬৫। ইহার পর ইংরেজরা ১৭৬৫-১৯৪৭। ১৭৬৫, ১২ অগস্ট ইংরেজ ঈস্ট ইন্‌ডিয়া কোম্পানি দিল্লীর বাদশাহের নিকট হইতে বঙ্গ-বিহার-ওড়িশার দেওয়ানী প্রাপ্ত হয়। ১৭৭২—সালে বিলাতের পার্লামেন্টের এক আইন মতে ফোর্ট উইলিয়ামের গবর্নর জেনারেল পদ সৃষ্টি হয়। ঈ. ই. কোম্পানির স্থানীয় প্রধান কর্তাকে প্রেসিডেন্ট বলিত বলিয়া দেশের সাধারণ নাম হয় বেঙ্গল প্রেসিডেন্সি।... আসাম ১৮২৬-এ অধিকৃত ও বেঙ্গল প্রেসিডেন্সি ভুক্ত হইল। ১৮৩৩ নূতন সনদ গ্রহণ কালে কোম্পানিকে সকল প্রকার বাণিজ্য বন্ধ করিতে ও কেবলমাত্র শাসনকার্যে মনোনিবেশ করিতে হয়। ১৮৩৪, ১৬ জুন হইতে ভারতের গবর্নর-জেনারেল বঙ্গ-দেশের শাসনকর্তা হইলেন। ১৭৬৫ অব্দে কোরা ও ইলাহাবাদ জেলা বেঙ্গল প্রে.র অন্তর্গত হইয়াছিল। প্রায় ষাট বৎসর পরে ১৮৩৪ এ আগরা প্রদেশ পৃথক করিয়া দেওয়া হয় এবং বঙ্গদেশে স-কউন্সিল গবর্নর-জেনারেল ( G. G. in Council ) নিযুক্ত হয়। ২০ বৎসর পরে ১৮৫৪ অব্দে বঙ্গদেশের জন্য (বঙ্গ, বিহার, ওড়িশা, আসাম) পৃথক লেফটেনেন্ট-গবর্নরের পদ সৃষ্টি হয়। গবর্নর-জেনারেলের জন্য লাটভবন ( বর্তমানে রাজভবন ) ১৮০৪-এ নির্মিত হয়। লেফ. গবর্নরের থাকিবার জন্য আলিপুরের বেলভে-ডিয়ারের বাড়ি নির্মিত হইল।... আরও ২০ বৎসর পরে ১৮৭৪-এ আসামকে পৃথক করিয়া চীফ-কমিশনরের শাসনাধীনে দেওয়া হইল। আসামের বাজেট-ঘাটতি পূরণের জন্য সিলেট ও ধুবড়ি জেলা দুইটি আসামের অন্তর্গত করা হয়।... আরও ৩০ বৎসর পরে ১৯০৪-এ বঙ্গচ্ছেদ প্রস্তাব উত্থাপিত হইল এবং বাঙ্গালীদের আপত্তি ও আন্দোলন সত্ত্বেও ১৯০৫, ১৬ অক্টোবর ( ১৩১২, ৩০ আশ্বিন ) পূর্ববঙ্গ ও আসাম নামে নূতন প্রদেশ গঠন করিয়া একজন লেফ. গবর্নর নিযুক্ত করা হইল। ঢাকা রাজধানী। পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ অন্তর্গত স্থান :— আসাম, ঢাকা, চট্টগ্রাম ও রাজসাহী বিভাগ।... বঙ্গদেশের মধ্যে থাকিল খাস বাংলার বর্ধমান ও প্রেসিডেন্সি বিভাগ, বিহার, ওড়িশা।... ১৯০৪ হইতে ১৯১১ পর্যন্ত বঙ্গচ্ছেদের বিরুদ্ধে যে স্বদেশী আন্দোলন চলিতেছিল, তাহারই প্রতিক্রিয়ায় সম্রাট ৫ম জর্জ দিল্লী দরবারে (১৯১১ ডিসেম্বর) ঘোষণা করিলেন যে বঙ্গচ্ছেদ রদ হইল; সেই সঙ্গে ইহাও ঘোষিত হইল যে ভারতসাম্রাজ্যের রাজধানী কলিকাতা হইতে দিল্লীতে স্থানান্তরিত হইবে। পূর্ববঙ্গ ও আসাম পুনরায় চীফ-কমিশনারের শাসনাধীনে গেল এবং পূর্ব-বঙ্গের বিভাগগুলি বঙ্গের সহিত মিলিত হইল। এই সময়ে বিহার-ওড়িশাকে বঙ্গদেশ হইতে পৃথক করিয়া নূতন একটি প্রদেশরূপে গঠন করা হইল। ১৯১২ এপ্রিল হইতে বঙ্গদেশ বলিতে বুঝাইল ৫টি বিভাগ : প্রেসি-ডেন্সি, বর্ধমান, রাজসাহী, ঢাকা ও চট্টগ্রাম। ইহার জন্য লেফ. গবর্নরের স্থলে অধিক বেতনে গবর্নর নিযুক্ত হইলেন। ১৯১২ এপ্রিল হইতে দিল্লীতে বড়লাট চলিয়া গেলেন। সঙ্গে সঙ্গে কলিকাতার বহু অপিসও স্থানান্তরিত হইল।...১৯১২ হইতে ১৯৪৭ অখণ্ড বঙ্গ ছিল। রাজনৈতিক ও সাম্প্রদায়িক বিরোধিতার ফলে পাকিস্তান পৃথক রাজ্য হইল; পুনরায় বঙ্গচ্ছেদ হইল, ১৯৪৭, ১৫ অগস্ট। পার্টিশনের পূর্বে অখণ্ড বঙ্গদেশ ৫ বিভাগ; ২৮ জেলা ( কলিকাতা সমেত ), ২৬ জেলাবোর্ড, প্রায় ৫০০০ ইউনিয়ন বোর্ড; ১১৭ মিউনিসিপালটি; ১৪০ শহর; গ্রাম ও মৌজা ৯১,২০০; বিশ্ববিদ্যালয় ২টি—কলিকাতা ( স্থাপিত ১৮৫৪ ) ও ঢাকা ( ১৯২১ )। পার্টিশনের পূর্বে অখণ্ড বঙ্গের

আয়তন ছিল ৮২,৯৫৫ ব মা; জনসংখ্যা (১৯৩১) ৫,১০,৮৭,৩৩৮ (ত্রিপুরা-কোচবিহার সমেত); ৫,০১,১৫,৫৪৮ (খাস্ বাংলা) (১৯৪১); ৬,০৩,০৬,৫২৬ [ত্রিপুরা-কোচবিহার সমেত]।

**বঙ্গ, পশ্চিম** (West Bengal): ১৯৪৭, ১৫ অগস্ট পশ্চিমবঙ্গ রাজ্য গঠিত হয়। র‍্যাড্‌ক্লিফ সীমানা নির্ধারণ কমিটির মতে পূর্ববঙ্গ ও উত্তরবঙ্গের কিয়দংশ পাকিস্তান অন্তর্গত করা হয়। পশ্চিমবঙ্গের অংশে অখণ্ড বঙ্গের ৩৬·২% ভাগ জমি ও ৩৫·১৪% লোক পড়িয়াছিল। পার্টিশনের ফলে প. বঙ্গ দুই টুকরা হইয়াছে। উত্তর বঙ্গের সহিত কলিকাতা ও দ. বঙ্গের যাতায়াতের পথ অত্যন্ত জটিল, সময়সাপেক্ষ, ব্যয়সাধ্য ও অসুবিধা-কর হইয়া উঠিয়াছে। পার্টিশনের পর দেশীয় রাজ্য কোচবিহার বঙ্গভুক্ত হইয়া এখন একটি জেলায় পরিণত হইয়াছে। ফরাসী চন্দননগর ১৯৫০, জানুয়ারি হইতে হুগলি জেলার মহকুমা। অখণ্ড বঙ্গের আ. ছিল ৭৭,৪৪২ ব মা। বর্তমানে প. বঙ্গ রাজ্যের আ. ৩০,৭৭৫ ব মা। উত্তরে হিমালয় অন্তর্গত সিকিম ও ভুটান। পূর্ব ও পশ্চিমে প্রাকৃতিক সীমান্ত নাই বলিলেই হয়। দক্ষিণে বঙ্গোপসাগর। আয়তনে প. বঙ্গের স্থান ৯ম ও জন-সংখ্যায় ৫ম। জনসংখ্যা ২,৪৮,১০,৩০৮ ('৫১)। ইহার পরেও পূর্ববঙ্গ হইতে বহু লোক আসায় বর্তমান জন সংখ্যা বাড়িয়াছে। ১৯০১ হইতে ৫০বৎসরে বৃদ্ধি৯০,৭৮,০৮৭ (চন্দননগর সমেত)। ...ঘনতা বর্গ মাইলে ৮০৬। ...পশ্চিমবঙ্গে ২ বিভাগ [পূর্বে ৫ ছিল]: প্রেসিডেন্সি (৯ জেলা) ও বর্ধমান (৭ জেলা)। প্রেসিডেন্সি বিভাগের জেলা—কলিকাতা, ২৪-পরগনা (বর্ধিত), নদীয়া (খণ্ডিত), মুর্শিদাবাদ, মালদহ (খণ্ডিত), পশ্চিম দিনাজপুর (খণ্ডিত), জলপাইগুড়ি, দার্জিলিং ও কোচ-বিহার। বর্ধমান বিভাগ—বর্ধমান, বীরভূম, মেদিনীপুর, বাঁকুড়া, হুগলী, হাওড়া ও পুরুলিয়া। প. বঙ্গ রাজ্য রাজ্যপালের (গবর্নর) শাসনাধীন। আইন সভার (এসেম্‌ব্লি) সদস্য ২৫২; আইন পরিষদ (কাউন্সিল) কেন্দ্রীয় লোক সভায় ৩৬; রাষ্ট্র সভায় ১৪। নগর ও শহরের সংখ্যা ১১৪ (১৯৫১); ৭৭ (১৯১১ সালে)। গ্রাম ও মৌজা ৩৯,৮৫১ ('৫১)। বসতিপূর্ণ গ্রাম ৩৫,০৬৩।...শহরবাসী ২৪·৪০%। গ্রামবাসী ৭৫·২০%। গৃহপ্রতি বাসিন্দা ৪·৬৩ (গ্রামে ৪·৭০ ও শহরে ৪·৪৩)।...পুরুষ ও নারীর অনুপাত ১০০০; ৮৪৫ (১৯৫১)। পঞ্চাশ বৎসর পূর্বে অনুপাত ১০০০ : ৮৬৩। ধর্মানুসারে জনসংখ্যা—হিন্দু ৭৮·৪৪। মুসলমান ১৯·৮৫ ...রাজধানী— কলিকাতা; শৈলাবাস— দার্জিলিং। প্রধান বিমান বন্দর দমদম, বারাকপুর, বাগডোগরা কোচবিহার, জলপাইগুড়ি, বালুরঘাট।...বঙ্গদেশ কৃষিপ্রধান; মোট কর্ষিত ভূমির ৮৮% ভাগে ধান্য, ১০% ভাগে পাট ও অবশিষ্ট অংশে অন্যান্য ফসল উৎপন্ন হয়। চা-বাগিচা দার্জিলিং ও জলপাইগুড়িতে সীমাবদ্ধ; প্রায় ১,৭০,৩৬৪ একর ভূমিতে চা হয়। খনিজের মধ্যে কয়লা প্রধান। শিল্পে বঙ্গদেশ উন্নত। ৯০ পাট কলে প্রায় ৩,১০,০০০ লোক কাজ করে। মূল-ধন ৪৮ কোটি টাকা এই শিল্পে খাটিতেছে। ৩২ কাপড়ের ও সুতার কল। ইন্‌জিনীয়ারিং শিল্পজাত সামগ্রী ভারতের মোট উৎপাদনের ৭৫%। আসান-সোল অঞ্চলে লৌহ, আলুমিনিয়াম, কাগজের কল। কলিকাতার আশেপাশের কারখানায় বহুবিধ সামগ্রী প্রস্তুত হইতেছে।...ভারত সরকারের চিত্তরঞ্জন রেল-ইন্‌জিন তৈয়ারির কারখানা এই দেশের পশ্চিম সীমান্তে অবস্থিত। ...১৯৫৬ নভেম্বর রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় পুরুলিয়া নামে নূতন জেলা গঠিত হইয়াছে। পশ্চিম বঙ্গের ভাগীরথী-গঙ্গা ও বদ্বীপ মধ্যস্থিত শাখা নদী ছাড়া নাব্য নদী নাই; গঙ্গার উত্তরাংশও বারো মাস নাব্য নহে। অন্যান্য নদী দামোদর, অজয়, ময়ূরাক্ষী, কাঁসাই প্রভৃতিতে বর্ষাকালে বন্যা হয়; এই সব অনিয়ন্ত্রিত নদী দেশের ক্ষতি করে বেশি। সেইজন্য নদী নিয়ন্ত্রণের জন্য দামোদর, ময়ূরাক্ষী ও কাঁসাই পরিকল্পনা ও গঙ্গার বন্যা নিয়ন্ত্রণের জন্য ফারাক্কায় বারাজ নির্মাণের পরিকল্পনা গৃহীত হইয়াছে। ...দুর্গাপুরের বারাজ, খাল ও কয়লা-চুল্লি-প্লান্ট সমাপ্ত হইলে বহু সুবিধা হইবে বলিয়া আশা হয়।...ভারত গবর্নমেণ্ট কতকগুলি জাতীয় রাজপথ নির্মাণ করিয়াছেন। কলিকাতা হইতে দিল্লী, বোম্বাই, মাদ্রাজ, বিহার, আসাম, বনগাঁ রাজপথ, এছাড়া স্থানীয় সরকার বহু রাজপথ নির্মাণে

রত।...১৯৫১-এর সেন্সাস মতে বাংলাদেশের ২৪·৫৫% লোক অক্ষর জ্ঞান সম্পন্ন ( পুরুষ ৩৪·৭ ; নারী ১২·৭ )। রাজ্যমধ্যে বিশ্ববিদ্যালয় ৩টি : কলিকাতা, যাদবপুর ও বিশ্বভারতী। তবে বিশ্বভারতী কেন্দ্রীয় সরকার কর্তৃক নিয়ন্ত্রিত। কলেজের সংখ্যা ( সর্ব শ্রেণী ) ১০৫ ; উচ্চস্কুল ১,১৬৮ ; মধ্য ১.২৯৯ ; প্রাথমিক স্কুল ১৪,৯০৩ ; বুনিয়াদী স্কুল ১১৩। অন্যান্য টেকনিক্যাল স্কুল প্রভৃতি ১১৬ ; কৃষি বিদ্যালয় ১ ; পশু চিকিৎসা কলেজ ১.; সমাজ শিক্ষা কেন্দ্র ১,২৫২।

রাজ্য পুনর্গঠন কমিটির সুপারিশ অনুসারে ১৯৫৬ নভেম্বর হইতে বিহারের বাংলা ভাষাভাষী কিছু স্থান প. বঙ্গের অন্তর্গত হইয়াছে : পুর্ণিয়া জেলার কিষণগঞ্জ মহকুমার মহানন্দা নদীর পূর্বদিকস্থ অঞ্চল ও গোপালপুর থানার কিয়দংশ, পুরুলিয়া-মানভূমের সাব্ ডিস্ট্রিক্ট হইতে চাস, চনডিল ও পটমদা থানা বাদে অবশিষ্টাংশ। পুনর্গঠন কমিটি বিহার হইতে ৩,৮১২·ব মা স্থান প. বঙ্গের মধ্যে দিবার জন্য সুপারিশ করেন ; কেন্দ্রীয় সরকার সেইটি কমাইয়া প্রায় ৩০০০ ব মা. করিয়াছেন।

**বঙ্গ, পূর্ব :** পূর্ববঙ্গের আয়তন ৫৪,৫০১ ব মা [ অখণ্ড বঙ্গের ৭৩·৮% ] ; অধিবাসীদের মধ্যে বাঙালী মুসলমান প্রধান ; প্রায় ৪০ লক্ষ হিন্দু দেশত্যাগ করিয়া প. বঙ্গে আসিয়াছে। বহু লক্ষ মুসলমানও বঙ্গ ও বিহার হইতে আসিয়া পূর্ববঙ্গে বাস করিতেছে। মোট জনসংখ্যা ৪,২১,১৯,০০০ ( '৫১ ) ; গড় ঘন বসতি ৭৮০। চট্টগ্রাম অঞ্চলে বৌদ্ধ আছে। পূর্ববঙ্গ সরকার নানা শিল্প ও জনউন্নয়ন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। শিক্ষার দ্রুত অগ্রসর হইতেছে ; রাষ্ট্রভাষা বাংলা করিবার চেষ্টা চলিতেছে। এখানে ২ বিশ্ববিদ্যালয়—ঢাকা ও রাজসাহী।...রাজধানী ঢাকা। চট্টগ্রাম ও চালনা বা পোর্ট জিন্না বন্দর। এই প্রদেশে ৩টি বিভাগ, ১৭টি জেলা। ঢাকা বিভাগে ৪ জেলা—ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর ও বাখরগঞ্জ। চট্টগ্রাম বিভাগে ৫ জেলা—চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, নোয়াখালি, ত্রিপুরা ও (কয়েকটি থানা বাদে)। রাজসাহী বিভাগে ৮ জেলা-রাজসাহী ( মালদহের এক তৃতীয়াংশ সহ ), রঙপুর, দিনাজপুর ( পূর্বতন দিনাজপুর জেলার ১ অংশ ও জলপাইগুলি জেলার কিছু অংশ সহ ), পাবনা, বগুড়া, কুষ্টিয়া ( নদীয়ার কিয়দংশ ), যশোহর (কিয়দংশ বাদে) ও খুলনা।

**বঙ্গ, পূর্ব ( পূর্ব পাকিস্তান )** ( East Bengal ; East Pakistan ) : পূর্ব পাকিস্তান র‍্যাড্‌ক্লিফ রোয়েদাদ অনুসারে নূতন গঠিত প্রদেশ ( ১৯৪৭, ১৫ অগস্ট )। উত্তরে জলপাইগুড়ি ও কোচবিহার ও আসাম রাজ্য ; পূর্বে ত্রিপুরা রাজ্য, আসাম ও ব্রহ্মদেশ ; দক্ষিণে বঙ্গোপসাগর ; পশ্চিমে পশ্চিমবঙ্গ।...পূর্ববঙ্গ যথার্থ নদীমাতৃক দেশ। প্রধান কৃষিজাত ফসল ধান ও পাট। ভারত ও পাকিস্তানের মোট পাটের ৮০% পূর্ববঙ্গে উৎপন্ন হয়। দক্ষিণাংশে নারিকেল ও সুপারির চাষ আছে।

**বঙ্গনপল্লি** ( Banganapalle ) : দ. ভারতের ভূতপূর্ব ক্ষুদ্র মুসলমানী করদ রাজ্য। ১৮ শতকে মহীশূর ও হায়দরাবাদের মধ্যে এই রাজ্যের উপর পালাক্রমে আধিপত্য চলে ; অবশেষে নিজাম ১৮০০-এ ইংরেজকে উহা অর্পণ করেন। আ. ২৫৯ ব মা ; জন. ৪৪,৫৯১ ( '৪১ )। রাজস্ব ৪·৫৮ লক্ষ। ব্রিটিশকে কোনো কর দিতে হইত না।... নবাব ৯ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইয়া গেলে নবাবকে বার্ষিক ৫৩,০০০ টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে অন্ধ্ররাজ্যের কুরনুল জেলার সাব্-তালুক।

**বঙ্গলুর** ( Bangalore ) : মহীশূর রাজ্যের জেলা ; দাক্ষিণাত্য মালভূমে অবস্থিত। আ. ৩,১৩৮ বমা ; জন. ২১,২৭,০৬১।—নগর (জন. ৭,৭৯,০০০) সৈন্যাবাস সমেত আ. ২৬ ব মা। রাস্তা, রেলওয়ে ও বিমানপথের জংশন। নগরের নিকট জক্কার ( Jakkar ) বিরাট বিমানবন্দর। ...নগর বহু শিল্প প্রতিষ্ঠানের কেন্দ্র—টাটা ( Tata )-দের প্রতিষ্ঠিত ও ভারতসরকার কর্তৃক পরিচালিত বিজ্ঞান-মন্দির (Institute of Science) ; সি. ভি. রমনের Institute of Physics ; গব্য গবেষণাগার ( Indian Dairy Research Institute )। মহীশূর সরকার প্রতিষ্ঠিত মিউজিয়ামে

(খ্রী. ১৮৬৫) এই রাজ্যের ও বিশেষভাবে হালেবিদ ও বেলুরের মন্দিরের বহু ভাস্কর্য নিদর্শন রক্ষিত আছে। ..বহু কারখানার কেন্দ্র টাটাদের হিন্দুস্থান এয়ারক্রাফট লিমিটেড (H A L) নামে কারখানায় মোটর গাড়ি, এরোপ্লেন, রেলগাড়ির নানা অংশ নির্মিত হইতেছে। এছাড়া হিন্দুস্থান মেশিন টুল, ভারত ইলেকট্রনিক্স, টেলিফোন, প্রভৃতি বহু কোম্পানির কাজ হইতেছে। ...এই সব কারখানার জন্য শিবসমুদ্রম জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হইতে বিদ্যুৎশক্তি সরবরাহ হয়।... এখানে ৩৪টি ব্যাংক, রিজার্ভ ব্যাংকের অন্যতম অফিস। ...মাদ্রাজ হইতে রেলপথে ২২২ মা। মহীশূর ৮৬ মা দূরে।

**বজবজ** (Budge-Budge): ২৪-পরগনা জেলার আলিপুর মহকুমার মিউনি. শহর। কলিকাতা (বেলিয়াঘাটা) স্টেশন হইতে ১৬ মা দূরে গঙ্গার তীরে অবস্থিত। স্টীমার পথেও যাওয়া যায়। বজবজ ভারতের একটি প্রধান কেরোসিন ও পেট্রোল-বন্দর। ...শহরের নিকট বিড়লাপুরে পাটকল; কানেস্তারা তৈয়ারি কারখানা প্রভৃতি আছে। জন. ৩২,১৯৬। ...বাটানগর এখান হইতে ৩ মা উ.-পূর্বে।...থানার আ. ৫৫ ব মা; জন. ১,৪৭,১২৯; ঘনতা ২,৬৭৫। পঞ্চাশ বৎসরে ৭৮·৭% বাড়িয়াছে।

১৯০০-এ মিউনি. হয়; কিন্তু শহর এমন নিচু-জলার মধ্যে অবস্থিত যে এখানকার জল-নিকাশ এক ভীষণ সমস্যা।

**বজ্রযোগিনী** (Vajrayogini): পূ. পাক.; ঢাকা জেলার বিক্রমপুর পরগনার গণ্ড গ্রাম; রামপালের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। পালরাজগণের সময় বজ্রযোগিনী বৌদ্ধ তান্ত্রিক সাধনার ক্ষেত্র ছিল। বজ্রযোগিনী হেরুক ভৈরবের শক্তি; পরে এই দেবীকে হিন্দু তান্ত্রিকরা দশমহাবিদ্যার অন্তর্গত ছিন্নমস্তার সহিত অভিন্ন করিয়া দেন। নেপালে এখনো বজ্রযোগিনীর মন্দির আছে। ...দীপঙ্কর শ্রীজ্ঞান অতীশের জন্মস্থান বলিয়া পণ্ডিতদের মত।

**বজ্রাসন** (Vajrasana): বুদ্ধগয়ায় বুদ্ধদেব যেস্থানে বসিয়া সিদ্ধ হন, সেই স্থানকে বজ্রাসন বলে।

**বজ্রেশ্বরী** (Vajreswari): বোম্বাই-এর গন্ধকী উষ্ণ-প্রস্রবণ। থানা শহর হইতে রেলপথে ২৭ মা, মোটরপথ আছে।...তানসা নদীতীরে বজ্রেশ্বরীর মন্দির ও বিখ্যাত ৮টি উষ্ণ কুণ্ড। এখান হইতে দুই মা দূরে গণেশপুরীতে ১০ কুণ্ড আছে।

**বড়গাঁও** (Baragaon): বিহার; পাটনা জেলার গ্রাম; নালন্দার বিহার এই গ্রামের পার্শ্বে অবস্থিত। এই গ্রামের কাছাকাছি প্রাচীন কালের বহু স্থাপত্যাদির ধ্বংসাবশেষ বিদ্যমান।... হাইস্কুল আছে।

**বড়গাছিয়া** (Bargachia): হাওড়া জেলার সদর মহ.র জগৎবল্লভপুর থানার গ্রাম (জন. ১০৯)। হাওড়া-আমতা ছোট রেলপথের জং. স্টেশন (১৬ মা); এখান হইতে একটি শাখা লাইন চাঁপাডাঙ্গা পর্যন্ত গিয়াছে। স্বাস্থ্যকেন্দ্র, চিকিৎসালয়, রেজি. অপিস, ডাকঘর।

**বড়গুনা** (Barguna): পূ. পাক., বাখরগঞ্জ জেলা, পটুয়াখালি মহ.র থানা। আ. ১২২ ব মা। গ্রাম, ডাকঘর। আমতলীতে নদী পার হইয়া সড়ক আছে। ঝালকাটি হইতে স্টীমার সার্বিস আছে (৪৮ মা)।

**বড়জোড়া** (Barajora): বাঁকুড়া জেলা; সদর মহ.র থানা। আ. ১৫২ ব মা; জন. ৬৯,৮৩১; ঘ. ৪৬০।— গ্রাম, দুর্গাপুরের নিকস্থ শেরশাহ সড়ক হইতে বাঁকুড়া আসিবার রাস্তার উপর। জন. ৩ হা.।

**বড়নগর** (Baranagar): মুর্শিদাবাদ জেলা; আজিমগঞ্জের ১ মা উত্তরে, ভাগীরথীর পশ্চিমতীরে অবস্থিত বিশিষ্ট গ্রাম। ইহা নাটোরের রাজবংশের গঙ্গাবাস ছিল। রানী ভবানী প্রতিষ্ঠিত বহু মন্দির আছে। মন্দিরগুলির ভাস্কর্য ও চারি বাংলার মন্দিরের স্থাপত্য অবশ্য দর্শনীয়।

**বড়পেটা** (Barpeta): আসাম রাজ্য; কামরূপ জেলার মহকুমা ও সদর শহর।—মহকুমার আ. ১,২৫৪ ব মা। জন. ৫,৩১,৪২৩; ঘনতা ৪৩০। মহকুমার মধ্যে ৪ থানা: বড়পেটা সদর, সরভোগ, পাতাচারকুচি, তারাবাড়ি।—শহরের জন. ২১,১৩৭। পূর্ববঙ্গ হইতে আগত কয়েক সহস্র উদ্বাস্তু এই থানায় বাস করিতেছে। মনিহারী-পাণ্ডু রেলপথের বড়পেটা রোড স্টেশন (৩৪৬ মা); আমিনগাঁও হইতে ৬৩ মা

আগে। স্টেশন হইতে শহর পর্যন্ত মোটর সার্বিস আছে ( ১৩ মা )। এই স্থান মহাপুরুষিয়া বৈষ্ণব সম্প্রদায়ের প্রধান কেন্দ্র; শঙ্করদেব ইহার প্রথম প্রবর্তক; শঙ্করদের শ্রীচৈতন্যর প্রায় সমসাময়িক ( জন্ম. ১৪৪৯ )। এখানকার এন্ডি ও মুগার কাপড় বিখ্যাত। আসাম কো. অপ. আপেক্স ব্যাংক।

**বড়াইগ্রাম** ( Baraigram ): পূ. পাক.; রাজসাহী জেলা, নাটোর মহ.র থানা। আ. ১৫২ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর। গ্রাম বড়াল নদীতীরে; নাটোর হইতে রাস্তা আছে।

**বড়ানুদ্দিন, বোরহানদ্দি,** ( Barhanuddin, Baranadi ): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, ভোলা মহ.র থানা ও গ্রাম; ভোলা হইতে ১৫ মা সড়ক।

**বড়াল নদী** (Baral river): উত্তর বঙ্গের নদী; রাজসাহী জেলার চারঘাটের নিকট পদ্মা হইতে ভাঙিয়া নাটোর মহকুমা ও পাবনার মধ্য দিয়া আসিয়া শাহজাদপুরের দক্ষিণে করতোয়ার সহিত মিশিয়া যমুনা ( ব্রহ্মপুত্র ) বা হুরা সাগরে পতিত হইতেছে।...রবীন্দ্র সাহিত্যে বড়াল নদীর বহু উল্লেখ আছে।

**বড়িশা** (Barisha): ২৪-পরগনা জেলার আলিপুর সদর মহ.র বেহালা থানার গ্রাম। মাঝেরহাট হইতে ফলতা রেলপথের স্টেশন। সখেরবাজার ( ৩ মা ) এই গ্রামের অন্তর্গত। এখানকার জমিদারদের নিকট হইতে ঈ. ই. কোম্পানি কলিকাতার গ্রাম ক্রয় করেন। এই গ্রামের নিকট প্রতাপাদিত্যর খুল্লতাত বসন্ত রায়ের রাজধানী ও রায়গড় দুর্গ অবস্থিত ছিল; এখন নিশ্চিহ্ন। ...ইন্টার আর্টস ও সায়েন্স কলেজ আছে ( ১৯৫০ )। ডাকঘর, উচ্চ বিদ্যালয় ( ১৮৫৬ )।

**বড়োদা রাজ্য** (Baroda State): প. ভারতের পূর্বতন বিশিষ্ট করদরাজ্য; রাজধানী বড়োদা। বোম্বাই প্রদেশ ও কাঠিয়াবাড়ের মধ্যে রাজ্যের খণ্ড অংশ ছড়াইয়া ছিল। প্রধান বিভাগ—বড়োদা, মেহসানা, নওসারি ও আমরেলি। রাজ্যের আয়তন ছিল ৮,২৩৫ ব মা; জন. ২৮,৫৫,০১০ ('৪১)। ভারত স্বাধীন হইবার পর ১৯৪৮-এ বড়োদা ভারতভুক্ত হয়।... ১৯৪৯ মে মাসে বড়োদা রাজ্য বোম্বাই-এর ৩টি জেলায় পরিণত হয়—বড়োদা, মেহসানা ও আমরেলি। অবশিষ্ট অংশের পেটলাদ ও ভদ্রান তালুক সুরাট জেলাভুক্ত এবং নওসারি সম্পূর্ণরূপে কয়রা জেলার অন্তর্ভুক্ত করা হয়। বর্তমানে সকলগুলিই বোম্বাই রাজ্যের অন্তর্গত। এই রাজ্যকে পূর্বে গয়কাবাড়ের রাজ্য বলা হইত। ...পুণার পেশোয়াদের গৌরবময় যুগে পিলজি রাও গয়কাবাড় সেনাপতিরূপে গুজরাটের বড়োদা অঞ্চল জয় ও শাসন করেন। ১৭২৫-এর মধ্যে পিলজি এই শাসন কেন্দ্রের সর্বময় কর্তা হইয়া উঠেন। এই স্থানের রাজারা কখনো তেমনভাবে ব্রিটিশ আধিপত্য ধ্বংসের জন্য চেষ্টান্বিত হন নাই। ১৭৭২-এর মধ্যে এখানে ঈ. ই. কোম্পানির কর্মচারীদের প্রভুত্ব কায়েম হয়। ...প্রায় ১০০ বৎসর নির্বিঘ্নে রাজত্ব করিবার পর কুশাসনের অভিযোগে ব্রিটিশরা গয়কাবাড় মলহর-রাওকে গদিচ্যুত করে; ও সায়জীরাও নামে এক বালককে সিংহাসনে বসাইয়া দেয়। এই সায়জীরাও-এর রাজত্বকালে রাজ্যে বহুবিধ উন্নতি হইয়াছিল। প্রাথমিক শিক্ষা বিস্তার, প্রাথমিক গ্রন্থাগার স্থাপন, সস্তায় গুজরাটী সাহিত্য প্রচার, টেকনিক্যাল স্কুল বা কলাভবন, সংগ্রহালয়, চিত্রালয় প্রভৃতি বহু প্রতিষ্ঠান স্থাপন সকল বিষয়ে বড়োদা রাজ্য ছিল অগ্রসর। ...রাজ্য ভারতভুক্ত হইবার কিছুকাল পরে গয়কাবাড় রাজ ( ইনি সায়জীরাও-এর পৌত্র ) ভারত সরকারের সার্বভৌমত্ব সম্বন্ধে সন্দেহ করিয়া ষড়যন্ত্রে লিপ্ত হন ও একটি প্রতিরোধী দল গড়িয়া তুলেন। ভারত সরকারের পক্ষে গয়কাবাড়রাজের এই শ্রেণীর দুবৃত্তপনা সহ্য করা কঠিন হইয়া উঠিলে; সরকার রাজাকে গদিচ্যুত করিয়া তাঁহার পুত্রকে শাসক বলিয়া স্বীকার করিয়া লন। গয়কাবাড়ের প্রতি জনতার কোনো সহানুভূতি ছিল না। সরকার তৎসত্ত্বেও তাঁহাকে বার্ষিক ২৬ লক্ষ টাকা ভাতা মঞ্জুর করেন।

**বড়োদা জেলা** (Baroda Dt.): বড়োদা রাজ্য ভারতভুক্ত হইবার পর স্টেটের বড়োদা জেলা বোম্বাই রাজ্য অন্তর্গত জেলায় পরিণত হয় (১৯৪৯)।... জেলার উত্তরে নর্মদা নদী।...পুরাতন বড়োদা জেলা ছাড়া কয়েকটি

করদরাজ্য ইহার মধ্যভুক্ত করা হইয়াছে; যেমন ছোট-উদয়পুর, ভদরবা; তাছাড়া সংখেড়, মেবাস ও পাণ্ডু মেবাস-এর ছোট ছোট বহু রাজ্য বড়োদা জেলার ভুক্ত করা হইয়াছে। এই জেলায় উৎকৃষ্ট তুলা উৎপন্ন হয়। জেলা ৪০ মা দীর্ঘ ও ৩৫ মা প্রস্থ। এখানে ৭০০ প্রাথমিক বিদ্যালয়, ৫০০ গ্রন্থাগার, ৩০০ কুস্তির আখড়া আছে। জন. ১১,৯৪,৭৪৬।

**বড়োদা নগর** (Baroda City): পূর্বতন বড়োদা রাজ্যের রাজধানী; গয়কাবাড়ের বহু প্রাসাদ, সংগ্রহালয়; রাজ্যের ন্যায়মন্দির, স্কুল, কলেজ, কলাভবন, স্টেট লাইব্রেরি প্রভৃতি বহু দর্শনীয় স্থান আছে। ...জন. ২,১১,৪০৭। ...অনেকগুলি ব্যাংক। বহু প্রকার শিল্পের কেন্দ্র; কাপড়ের ও অন্যান্য কল ও কারখানা অনেক। প্রায় ৩০,০০০ শ্রমিক এই সকল প্রতিষ্ঠানে কাজ করে। ...বোম্বাই হইতে রেলপথে ২৪৪ মা। দিল্লী ৬১৮ মা। অহমদাবাদ ৬৩ মা। কলিকাতা হইতে প্রত্যক্ষ রেল সংযোগ নাই।

বড়োদা বিশ্ববিদ্যালয় ১৯৪৯-এ প্রতিষ্ঠিত; ইহা আবাসিক ও শৈক্ষিক প্রতিষ্ঠান। ৪টি সংশ্লিষ্ট কলেজ।

**বদরটুনি** (Badartuni): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, বরিশাল সদর মহ.র হিজলী থানার গ্রাম। বরিশাল-চাঁদপুর-ঢাকা স্টীমার পথে, বাখরগঞ্জ জেলার উত্তর সীমান্তে নয়াভাঙানী ও মেঘনা নদীর সঙ্গম স্থলে অবস্থিত স্টেশন; ইহার অপর পারে ফরিদপুর ও নোয়াখালি। ...বদরটুনির ২৩ মা পশ্চিমে ইদিলপুর গ্রাম।

**বদরগঞ্জ** (Badarganj): পূ. পাক.; রঙপুর জেলা, সদর মহ.র থানা। আ. ১৬৭ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অফিস (১৯০৩)। লালমনিরহাট-পার্বতীপুর রেলপথের স্টেশন (৩৫ মা)।

**বদরপুর** (Badarpur): আসাম; কাছাড় জেলার শহর ও পূর্বের এ. বি. রেলওয়ের জংশন ও রেল কারখানা। বর্তমানে উ.-পূ. রেলপথের স্টেশন। কলিকাতা হইতে পাণ্ডু (৬২৬ মা), লামডিং হইয়া বদরপুর প্রায় ৮৪১ মা। শহর বরাক নদীতীরে। এখান দিয়া মনিপুর যাইবার পার্বত্য পথ আছে। বদরপুর হইতে একটি শাখা রেল কাটাখাল হইয়া লালাঘাট পর্যন্ত গিয়াছে; কাটাখাল হইতে আর একটি শাখা লাইন শিলচর গিয়াছে (১৯ মা)।

**বদরিনাথ, বদ্রীনাথ** (Badrinath): উত্তর প্রদেশ; গঢ়বাল জেলার হিমালয় পর্বতের শিখর (২৩,২১০ ফুট)। ইহা হিন্দুদের তীর্থ। মন্দির ১০,৪০০ ফুট উচ্চ স্থানে অবস্থিত। হরিদ্বার হইতে হৃষিকেশ ও লছমন ঝোলা হইয়া বদরিনাথ ১৮৪ মাইল হাটাপথ। মাঝে বহু চটি বা আশ্রয় আছে। আদি মন্দির শঙ্করাচার্যর দ্বারা নির্মিত বলিয়া প্রবাদ। শীতকালে এই স্থান তুষারাবৃত হইলে পাণ্ডারা যোশীমঠে নামিয়া আসে। বৈশাখ মাসে যাত্রীদের জন্য পথ উন্মুক্ত হয়। প্রধান পুরোহিতকে 'রাবল' বলে; ইহারা দক্ষিণ ভারতীয় নম্বুদ্রি ব্রাহ্মণ বংশীয়।

**বনগাঁ, বনগ্রাম** (Bongaon): পশ্চিমবঙ্গ, ২৪-পরগনা জেলার বারাসত মহকুমার থানা ও শহর। পার্টিশনের সময় বনগাঁ ও গাইঘাটা থানা দুইটি যশোহর জেলা হইতে ভারতকে প্রদত্ত হয়। যশোহরের ক্ষেত্র ফলের ১০·২৪% ও জনসংখ্যার ৭·২৮% সেই সময় ২৪-পরগনা ভুক্ত হয়। ...বনগাঁ প. বঙ্গের সীমান্ত শহর, ইছামতী নদীতীরে। শেষ রেল স্টেশন পেটরাপোল; ইহার পরেই পূ. পাকিস্তানের বেনাপোল স্টেশন। কলিকাতা হইতে যশোহর-খুলনার রেলপথে ৪৭ মা। ...রানাঘাট-বনগাঁর লাইনে ২১ মা। ...জন. ২৩,৬২৪। বহু সহস্র উদ্বাস্তু। —স্কুল; দীনবন্ধু মহাবিদ্যালয় বা ইণ্টার কলেজ (১৯৪৮)।

**বনপাশ** (Bonpas): বর্ধমান জেলা; ভাতার থানার গ্রাম। নিকটস্থ কামারপাড়া নামে গ্রাম এককালে অস্ত্রশস্ত্র নির্মাণের জন্য খ্যাত ছিল। এখানে কয়েকঘর লোক যাত্রার সাজ-পোষাক তৈয়ারি করে; বংশানুক্রমে তাহারা এই কাজ করিতেছে; পূর্বে নবাবদের দামী কিংখাব মখমলের পোষাক ইহারা করিয়া দিত। ...হাইস্কুল, ডাকঘর। —স্টেশন লুপ লাইনের খানা জংশনের পরের স্টেশন। কলিকাতা ৭৩ মা। জন. ৩,২২৯।

**বনবাসী** (Banavasi): গ্রীক ভৌগোলিক প্টলেমির

গ্রন্থে ও বৌদ্ধ গ্রন্থে বনবাসীর উল্লেখ পাওয়া যায়। ২ শতকে দ. ভারতে কদম্ব রাজবংশের রাজধানী বলিয়া উল্লিখিত। ১৩ শতকে যাদবগণের অধিকারে আসে। ১৫৬০-এ বিজয়নগরের অধীন হয়। এখানকার বিখ্যাত শিবমন্দির গাত্রে ১২ শিলালিপি আছে। ...এখানে চৈত্র মাসে রথযাত্রার মেলা হয়। স্থানটি বোম্বাই (বর্তমানে মহীশূর) রাজ্যের উত্তর কানাড়া জেলার গ্রাম। ... তুঙ্গভদ্রার করদনদী বরদার তীরে। হুয়েনৎসাঙ উল্লিখিত কোঙ্কনপুর।

**বনসওয়ারা** (Banswara) : পূর্বতন রাজপুতানার করদ রাজ্য। উত্তরে প্রতাপগড় ; পূর্বে জাওরা ; দক্ষিণে ঝাবুয়া ও পঞ্চমহল ; পশ্চিমে মাহী নদী ও ডুংগারপুর রাজ্য। পূর্বের আ. ১,৬০৬ ব মা ; জন. ২,৫৮,৭৬০। ...১৫২৯ পর্যন্ত বনসওয়ারা ও ডুংগারপুর শিশোদিয়া রাজপুত বংশীয়দের একশাসনাধীন ছিল। এই সময়ে পৃথক হয়। ...মারাঠাদের উপদ্রব হইতে রক্ষা পাইবার জন্য ইহারা ইংরেজের শরণাপন্ন হয় ও ১৮১৮-এ সন্ধি করে। রাজ্যের আয় ছিল ৪,১৩,০০০ টাকা। কর ১৭,৫০০ দিতে হইত। মহারাবাল (রাজা) ১৫ তোপের সম্মান পাইতেন। রাজধানী পূর্বে রাসনা নামে এক ভীল সর্দারের গ্রাম ছিল। তাহাকে মারিয়া ১৬ শতকে জগমন সিংহজি নগর পত্তন করেন। ...১৯৪৮ এপ্রিলে এই করদরাজ্য ভারতভুক্ত হয়। রাজা বার্ষিক ১,২৬,০০০ টাকা ভাতা পান। এখন ইহা রাজস্থান ইউনিয়নের জেলা, পার্বত্য বিভাগের অন্তর্গত। আ. ২,২৬৬ ব মা ; জন. ৩,৫৬,৫৫৯। জেলার ঘনতা ১৮২ ; অর্ধশতাব্দী পূর্বে (১৯০১) ছিল ৮৫। —বনসওয়ারা শহর (জন. ১৫,৫৫৮) মহী নদীর তীরে। রাজস্থান ব্যাংক।

**বনসকণ্ঠ** (Banaskantha) : বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের জেলা ; ১৯৪৯-৫০-এ গঠিত। প্রধান শহর পালনপুর। উ. ও পূর্বে রাজস্থান, দ.—মেহসানা জেলা; প.—কচ্ছ উপসাগর। পূর্বদিকে আরাবল্লী পাহাড়ের অংশ। জেলার অধিকাংশ তৃণশূন্য ও বালুকাময় ; পূর্বতন করদরাজ্য পালনপুর, সিরোহী, দনত ও সবরকণ্ঠ এজেন্সির অন্তর্গত কয়েকটি রাজ্য এক করিয়া এই জেলা গঠিত। ...আ. ৪,৩৯৫ ব মা ; জন. ৭,৪৮,০০০।

১৮৫৬ নভেম্বর রাজ্য পুনর্গঠনে আবু তালুক রাজস্থান ভুক্ত হইয়াছে।

**বনারাস, বারাণসী** (Banaras) : উত্তর প্রদেশের জেলা। উত্তরে জৌনপুর ও গাজিপুর ; পশ্চিমে ইলাহাবাদ ; দক্ষিণে মির্জাপুর ও পূর্বে বিহারের সাহাবাদ জেলা। আ. ১০০৮ ব মা ; জন. ১৯,৭৮,৬৩৪। ...প্রধান শহর বানারস, গঙ্গার তীরে ; কলিকাতা হইতে ৪২৯ মা রেলপথে ; মোটর পথে ৪২২ মা। (দ্র. কাশী)। এখানে উ. ভারতের বড় বড় ব্যাংকগুলির শাখা আছে। প্রাচীন বারাণসী, বানারাস নামে প্রচলিত হয়। ১৯৫৬ হইতে পুনরায় বারাণসী নাম সরকারী ভাবে চলিত হইয়াছে।

**বনিয়ামবড়ি** (Vaniambadi ; Vaniyambadi) : মদ্রাজ; উ. আরকোট জেলা ; ভেলোর তালুকের শহর। পলার নদীতীরে ; নিকটে জবোডি পাহাড়ের জঙ্গলে কষায়নী ত্বক (ট্যানিঙের জন্য) ও নক্স ভোমিকা পাওয়া যায়। গবাদির চামড়া, মেষাদির ছাল বিক্রয়ের কেন্দ্র ; ট্যানারি আছে। ইসলামিয়া কলেজ। জন. ৩৮,৬৯৪। ব্যাংক : সালেম ; বনিয়া মহাজন।

**বন্দলিকে** (Bandalike) : মহীশূর রাজ্যের শিমোগা জেলার শিকারপুর তালুকের গ্রাম ; প্রাচীন কালের নগর। ৯-১৬ শতকের মধ্যে রাষ্ট্রকূট, চালুক্য, কলচুরি, হোয়েশল, বিজয়নগরের রাজাদের প্রদত্ত ৩০ শিলালিপি এখানে পাওয়া গিয়াছে।

**বন্দিবাস** (Wandiwash) : মদ্রাজ ; উত্তর আরকোট জেলার পূর্বদিকের গ্রাম। এইখানে ১৭৬০, ২২ জানুয়ারি ললীর (Lally)-র ফরাসী সৈন্য স্যর আয়ার কুট (Coote)-এর সৈন্যের নিকট পরাভূত হয়। ১৭৬১ সেপ্টেম্বরে ৯ মাস অবরোধের পর পণ্ডিচেরিও (পুদুচেরি) ইংরেজরা অধিকার করে। ১৭৬৩ প্যারিসের সন্ধিতে ফরাসীরা পণ্ডিচেরী প্রভৃতি কয়েকটি স্থান ছাড়া সমস্ত রাজ্য হইতে বঞ্চিত হয়। বন্দিবাসের যুদ্ধে ফরাসীদের শেষ যুদ্ধ।

**বন্দোরা, বন্দরা** (Bandra) : বোম্বাইনগর হইতে ১০ মা উত্তরে আরব সমুদ্রতীরস্থ বন্দর ও শহরতলী ; বোম্বাই-এর লোকের ভ্রমণের ও চিত্ত বিনোদনের

স্থান। জন. ১১,৭৮৯। কতকগুলি কারখানা, গবর্নমেন্ট ট্যানিং ইনস্টিটিউট, বোম্বাই-এর গোখানা প্রভৃতি আছে।

**ববেরু** ( Baberu ): প্রাচীন বাবিলনের ভারতীয় নাম। পালিভাষায় ববেরু জাতক আছে। ভারতীয় স্বার্থবহের দল ববেরুতে ব্যবসায়ের জন্য যাওয়া-আসা করিত।

**বরউন্‌ধা** (Baraundha): পূর্বতন মধ্যভারতের বুন্দেলখণ্ড এজেন্‌সির করদ রাজ্য; পান্নার রাজার নিকট হইতে সনদ পাইয়া ইহারা সামন্ত রাজা হইয়াছিলেন। ব্রিটিশযুগে রাজা ৯ তোপের সম্মান পাইতেন। রাজ্যের আ. ছিল ২২৮ ব মা; জন. ১৭,৩০৬ ('৪১)। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১৪,৫০০ টাকা ভাতা দেওয়া হয়। ...রাজধানী, কালিঞ্জর হইতে ১০ মা উ.-পূর্বে। .. বিন্ধ্যপ্রদেশ ইউনিয়ন ভুক্ত স্থান ছিল, বর্তমানে মধ্যপ্রদেশ অন্তর্গত।

**বরদো** ( Bordeaux ): ফ্রান্সের দ.-পশ্চিমে গারোন নদীর উপর অবস্থিত বাণিজ্যিক নগর। গারোন নদী ভূমধ্যসাগরের সহিত খালের দ্বারা যুক্ত। ...জাহাজ নির্মাণ, চিনি সাফাই, মদ চোলাই, রাসায়নিক কারখানা। বিশ্ববিদ্যালয় ১৪৪১-এ স্থাপিত। ফ্রাংকো-জারমান যুদ্ধকালে (১৮৭০-৭১) ও ১ম মহাযুদ্ধের সময়ে ও ২য় মহাযুদ্ধের সময়ে ১৯৪০-এ অস্থায়ী রাজধানী হইয়াছিল। ...জন. ২'৫৩ লক্ষ। কয়েকটি উৎকৃষ্ট আর্ট মিউজিয়াম আছে।

**বরদোলি** ( Bardoili ): বোম্বাই; সুরাট জেলার তালুক ও শহর (জন. ৯,৮৪৬), সুরত-ভুসাবল রেলপথের স্টেশন (২০ মা) দেবকরন নানজী ব্যাংক আছে। ১৯২১ সেপ্টেম্বরে গান্ধীজি এইখানে প্রথম সত্যাগ্রহ আন্দোলন প্রবর্তনের প্রস্তাব করেন। ২৩ নভেম্বর কার্যারম্ভের দিন স্থির হয়। ইতিমধ্যে বোম্বাইতে যুবরাজ প্রিন্স অব্ ওএলসের (পরে ৮ম এডোয়ার্ড) আগমন উপলক্ষে ভীষণ দাঙ্গা হওয়ায় সত্যাগ্রহ স্থগিত হয়। পুনরায় অহমদাবাদের কন্‌গ্রেস অধিবেশনের পর সত্যাগ্রহ করিবেন স্থির হয়, এমন সময়ে উত্তর প্রদেশে চৌরিচরের জনতা নিষ্ঠুরভাবে বহু পুলিশ চৌকিদারকে হত্যা করে। অতঃপর গান্ধীজি বরদোলিতে কন্‌গ্রেস কমিটির সভায় (১৯২২, ফেব্রুয়ারি ১১-১২) গঠনমূলক প্রস্তাব পেশ করেন। চরকা-কাটা, খদ্দর বোনা, জাতীয় বিদ্যালয় স্থাপন, অস্পৃশ্যতা বর্জন, মাদকাদি সেবন নিবারণ প্রভৃতি ভবিষ্যতের কার্য স্থির হয়। অসহযোগ আন্দোলনের সূত্রপাত হইল।

**বরবংকী, বড়াবাঁকি** ( Barabanki ): উত্তর প্রদেশের ফয়জাবাদ বিভাগের জেলা। প.—সীতাপুর ও লখনৌ; দ.—রায়বরেলি; উ.—বহরাইচ ও গোন্‌ডা; পূ.—ফয়জাবাদ। আ. ১,৭২২ ব মা; জন. ১২,৬৪,০০০। ঘর্ঘরা ও গোমতী নদী প্রবাহিত; বিল ও হ্রদ অনেক। বৃষ্টি ৪০"। নানাবিধ শস্য, চিনি, চামড়া রপ্তানি হয়। নবাবগঞ্জ প্রধান ব্যবসায়ের কেন্দ্র। প্রধান শহর বরবংকী ও নবাবগঞ্জ প্রায় সংলগ্ন। ...কাটিহার হইতে ৪৬৪ মা। জন. ৬,০৭৯।

**বরবুদুর** (Borobudor; Boroboedoer): জাভা দ্বীপের মধ্যভাগে বিরাট বৌদ্ধস্তূপ; এই মন্দির বুদুর গ্রামের বিহার বা বর অর্থাৎ মন্দির। বৌদ্ধজগতের এত বড় কীর্তি আর কোথাও নাই; ইহার তলদেশ চতুষ্কোণ, ২০৪০ ফুট প্রতি পার্শ্ব। উচ্চতা ১১৮ ফুট। সাতটি ধাপের মত উঠিয়াছে; এবং প্রত্যেক তলায় প্রাচীর-গাত্রে বুদ্ধ-জীবনের অসংখ্য কাহিনী ভাস্করিত। কেহ কেহ অনুমান করেন যে বঙ্গদেশের পাহাড়পুরের স্তূপমন্দিরের আদর্শে উহা নির্মিত। ৭ম শতকে আরম্ভ হয় ও ১৪ শতকের পূর্বে সমাপ্ত হয়।...ওলন্দাজ পণ্ডিতগণ এই মন্দির সম্বন্ধে আলোচনাপূর্ণ বহু গ্রন্থ লিখিয়াছেন।

**বরম্বা** ( Baramba ): পূর্বতন ঈ. স্টে. এজেন্‌সির (ওড়িশা) করদরাজ্য। আ. ১৪৩ ব মা; জন. ৫৩ হা. ('৪১)। মহানদী প্রবাহিত দেশ। এই রাজ্যে ইতস্তত প্রাচীন বৌদ্ধকীর্তি দেখা যায়। মালিয়াবুন্দের রেশম ও সুতির কাপড় বিখ্যাত। রাজস্ব ৪৫ হা.। কর দিতে হইত ১,৪০০৲। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ২৭ হা. টাকা ভাতা পান। বর্তমানে এই রাজ্য ওড়িশা রাজ্যের কটক জেলার অন্তর্গত।

**বরহমপুর, ব্রহ্মপুরম** ( Berhampur): ওড়িশা; গঞ্জাম জেলার প্রধান শহর; ছত্রপুর সদর শহর হইলেও

বরহমপুরই এতদঞ্চলের সংস্কৃতির কেন্দ্র। কলিকাতা হইতে ৩৭৫ মা। জন. ৬২,৩৪৩। কলেজ; বিজলী। ...ব্যাংক: প্রাদেশিক জমি বন্ধকী; সমবায়; স্টেট; ইউনাইটেড্।...শহর হইতে বহু স্থানে যাইবার মোটর সার্বিস আছে। ভুবনেশ্বর হইতে ১১৩ মা।

**বরাক নদী** ( Barak river ): পূর্ব ভারতের নদী; মনিপুর হইতে উঠিয়া দক্ষিণগামী; জিরি নদীর সহিত মিলিত হইয়া কাছাড়ের সমভূমির মধ্য দিয়া পশ্চিম দিকে প্রবাহিত। বদরপুরের নিকট বরাক নদী সুরমা ও কুশীয়ারা নামে দুই শাখায় বিভক্ত হইয়া শ্রীহট্টের সমভূমে পুনরায় একত্রিত হইয়াছে। এই মিলিত স্রোতধারা স্থানভেদে বহু নামে পরিচিত, যথা, কালনী, ভেড়ামোহনা, ধলেশ্বরী ও শেষে মেঘনা। নদীগুলি পূ. পাকিস্থানের অন্তর্ভুক্ত।

**বরাকর নদী** ( Barakar ): পার্বত্য নদী (১৫৫ মা); ছোটনাগপুর, মানভূম জেলার মধ্যে প্রবাহিত; দামোদর নদীতে পড়িয়াছে। এই নদী দামোদর ভ্যালি কর্পোরেশনের (DVC) জলসেচন ও বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনার অন্তর্গত। বরাকরের উপর মাইথন ( Maithon ), তিলাইয়া ও পাঞ্চেত বাঁধ ও জলাধার নির্মিত হইয়াছে।

**বরাকর** ( Barakar ): বর্ধমান জেলার আসানসোল মহ.র শিল্প শহর; বরাকর নদীতীরে, গ্রানড্ কর্ড রেলপথের স্টেশন; নদীর অপর পারে বিহার। জন. ১০,৪৪০। বেঙ্গল আয়রন স্টীল ওয়ার্কস শহর হইতে ২ মা দূরে কেন্দুয়া গ্রামে। মাইল বারো দূরে হাদলা পাহাড়ের উপর কল্যানীশ্বরীর মন্দির ৪।৫ শত বৎসর পূর্বে নির্মিত; এখানে নিঃসন্তান জননীরা পূজা দিতে আসে। এই মন্দিরের গঠন শৈলীর মধ্যে বৈশিষ্ট্য আছে।

**বরাবর ও নাগার্জুনী পাহাড়** ( Barabar and Nagarjuni hills ): বিহার; গয়া জেলার পাহাড়; গয়া হইতে ১৯ মা উত্তরে। বরাবর পাহাড়ে ৪টি ও নাগার্জুনী পাহাড়ে ৩টি গুহা ইতিহাস-বিখ্যাত। নিকটে সীতামঢ়ী নামে আর একটি পাহাড়েও গুহা আছে। প্রথম দুইটি পাহাড়ের গুহাগুলি কঠিন পাথর খোদাই করিয়া নির্মিত। বরাবরের লোমশ ঋষি ও সুদামা গুহাদ্বয়ের অভ্যন্তর প্রায় একরূপ। লোমশ ঋষির গুহার প্রবেশমুখ কাঠের ঘরের ছাঁদে খোদাই। খিলানের গায়ে অতি সুন্দর হাতীর সারি খোদিত। সুদামার মধ্যে কাঠের ঘরের অনুকরণে দাগকাটা পাথর খুব ভাল করিয়া পালিশ এবং গুহা ঘরটি একটি পিপার ( বা ব্যারেল ) মতো; দৈর্ঘ্য ৩২´-৯″ প্রস্থ ১৬´-৬″; উচ্চতা ১২´-৩″। ইহার ভিতরে গর্ভগৃহ, অর্ধগোলাকার ছাদ ১২´-৩″ খাড়াই। সমস্ত দিক হইতে বিচার করিলে এগুলি সাধারণ কুঁড়েঘরের অনুকরণে খোদাই করা হইয়া ছিল।

নাগার্জুন পাহাড়ে গোপীগুহা ৪৪´×১১´×১০´। এখানে অশোকের পৌত্র দশরথের খোদিত লিপি আছে ( খ্রী. পূ. ২৬১ )। বরাবর পাহাড়ে অশোকের প্রাচীর লিপি হইতে জানা যায় এগুলি আজীবক সম্প্রদায়ের সাধুদের জন্য নির্মিত হয়। পাটনা-গয়া রেলপথের বেলা স্টেশন ( ৪৫ মা ) হইতে ৮ মা দূরে এই গুহাগুলি অবস্থিত কিংবদন্তী পর্বতোপরি বাণ-রাজার শিবলিঙ্গ প্রতিষ্ঠিত আছে; ভাদ্রমাসে সেখানে বড় মেলা হয়।...এই পাহাড়কে মহাভারতে গোরথগিরি বলা হইয়াছে; পরে প্রবরগিরি নামে আখ্যাত হয় এবং প্রবর শব্দ হইতে বরাবর শব্দের উৎপত্তি।

**বরাভুম, বরাহভুম** ( Barabhum, Barahabhum ): মানভূম জেলা; পুরুলিয়া সাব্জেলার থানা ও শহর; বলরামপুর নামেও প্রচলিত। লাক্ষা ব্যবসায়ের বড় কেন্দ্র। জন. ৭,৭২৫। ১০ মা দ.-পূর্বে বরাবাজার গ্রামে গিরিমাটির আকর। ...এই গ্রামে প্রাচীন বরাহভুমের জমিদারদের বাস আছে। কলিকাতা-সিনী জং. ( ১৭২ ) হইতে আদরার পথে স্টেশন ৩১ মা; পুরুলিয়া এই রেলপথে ২০ মা দ.-পশ্চিমে।... বরাভুম তহশীলের ৩টি থানার পটমদা ছাড়া অন্য ২টি প. বঙ্গভুক্ত হইয়াছে।

**বরাবানি, বড়বানী** ( Barabani ): বর্ধমান জেলা; আসানসোল মহ.র থানা। আ. ৬০ ব মা, জন. ৫০,৫৩০; ঘ. ৮৩৭। অনডাল-সীতারামপুর লুপ লাইনের উপর কয়লা অঞ্চলের স্টেশন ( ১৩৩ মা )।

**বরাহনগর** (Baranagar) : ২৪-পরগনা জেলা ; বারাকপুর মহ.র শিল্প থানা। আ. ৮ ব মা ; জন. ১,৫৪,৩১১ ; ঘনতা ২০,০৪৯। পঞ্চাশ বৎসর পূর্বে ঘনতা ছিল ২,৫৯৪। এই সময়ের মধ্যে জন. ২৯৯'৪ বাড়িয়াছে। বরানগর ও কামারহাটি শিল্প-শহর এই থানার মধ্যে।

—শহর ( জন. ৭৭,৮৩৩ ) কলিকাতার উপকণ্ঠে শহরতলী। পৃথক মিউনি.। ...ভাগীরথী তীরে। এখানে চট ও কাপড়ের কল, জিনিং ( তুলাবীজ ছাড়ানো ) ফ্যাকটরি, গাঁটবাধা ( প্রেস্ ), রাসায়নিক দ্রব্য উৎপাদন, নানাবিধ যন্ত্রনির্মাণের কারখানা আছে। ভারতীয় সংখ্যাতত্ত্ব গবেষণাগার এই শহরে অবস্থিত ( Indian Slatistical Institute )। এখানে মালিপাড়া নামক পল্লীতে একটি বৈষ্ণব শ্রীপাট আছে। কিংবদন্তী শ্রীচৈতন্যদেব এখানে আসিয়াছিলেন। শ্রীগৌরাঙ্গ গ্রন্থমন্দির ও মিউজিয়াম দর্শনীয় স্থান। শ্রীচৈতন্যের হস্তাক্ষর ও বৈষ্ণব মহাজনগণের ব্যবহৃত দ্রব্যাদি ও বহু তীর্থের রজ ও স্মৃতিচিহ্ন সংগৃহীত আছে। ...এক সময়ে এখানে পোর্তুগীজদের বাণিজ্য কেন্দ্র ছিল ; পরে ওলন্দাজদের হস্তগত হয়। ১৭৯৫-এ ঈ. ই. কোম্পানির আয়ত্তে আসে। ব্যাংক : ইউনাইটেড।

**বরাহভুম** (Barahabhum) : মানভূম জেলার পুরাতন দেশ। প্রবাদ পশ্চিম হইতে শ্বেতবরাহ ( অন্যমতে কেশ ) ও নাথবরাহ নামে দুই ক্ষত্রিয় ভ্রাতা পাতকুম রাজ্যে আসেন। কনিষ্ঠ নাথবরাহ পাতকুম রাজার নিকট হইতে রাজ্যের পূর্বাংশ প্রাপ্ত হন ও সেই হইতে এই রাজ্যের নাম বরাহভুম হয়। ঈ. ই. কোম্পানি বাংলার দেওয়ানী লাভের সময় (১৭৬৫) বিবেকনারায়ণ বরাহভূমের রাজা ছিলেন ; তিনি ইংরেজের বিরুদ্ধাচরণ করেন বলিয়া গদিচ্যুত হন ; তাঁহার পুত্র রঘুনাথ ইংরেজের সহিত প্রথম জমিদারী বন্দোবস্ত করিলেন ; সেই হইতে এই রাজ্য জমিদারীতে পরিণত হয়। ... এই পরগনায় চারটি তরফ বা বিভাগ ছিল : সতেরখানি, পঞ্চসর্দারী, ধাদকা ও তিন সওয়া। এই তরফগুলিতে তরফসর্দার উপাধিকারী চারিজন জমিদার বা তালুকদার ছিলেন। ইঁহারাই বরাহ রাজাদের প্রধান সহায় ছিলেন। বরাহভুম রাজ্য বা পরগনার আয়তন ছিল ৬৪২ ব মা। এই স্থানের অধিকাংশ ভাগ পর্বত ও গভীর অরণ্যপূর্ণ। অধিবাসীগণ প্রধানত মুণ্ডা ও ভূমিজ, সাঁওতাল, খেরিয়া, ধাঙড়। লোকেরা হিন্দু ; মারাংবুরু দুষ্ট দেবতার পূজা স্বহস্তে করে। পূর্ব দেশাগত বৈষ্ণব ও গোস্বামীগণ এই ভূমিজদের গুরু। ...১৯ শতকের মধ্যভাগ পর্যন্ত রাজারা প্রবল ছিলেন। ১৮৬২-অব্দে রাজা গঙ্গানারায়ণের সহিত ইংরেজের সংঘর্ষে প্রথমবার মানভূমের ডেপুটি কমিশনার পরাভূত হন। পরে সৈন্য পাঠাইয়া তাঁহাকে পরাজিত করিয়া রাজ্য খাস করা হয়। এখনো রাজবংশ আছেন। ইঁহারা বরাবাজার গ্রামে বাস করেন।

**বরিশাল** (Barisal) : পূর্ব পাকিস্তান ; বাখরগঞ্জ জেলার সদর শহর, কীর্তন খোলা নদীতীরে অবস্থিত। জেলার মধ্যে ১,১২৭ মা নদী ও কৃত্রিম খাল ৪৭ মা। এই জলপথ দিয়া পূর্ব বঙ্গের নানা জেলা হইতে নৌকা বা স্টীমারে যাওয়া-আসা চলে। স্টীমারে বরিশাল হইতে মাদারিপুর হইয়া তারপাশা ১০০ মা ; ঢাকা জলপথে ১২০ মা ; খুলনা ১৪০ মা। কয়েকটি স্কুল ; অশ্বিনীকুমার দত্তের পিতার নামে স্থাপিত ব্রজমোহন কলেজ এককালে খুবই বিখ্যাত ছিল। বহু শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্ম-সংস্থানের জন্য শহর প্রসিদ্ধ। বঙ্গ-ভঙ্গের পর বরিশাল বয়কট আন্দোলনের অগ্রদূত হয়। ১৯০৬এ এখানে প্রাদেশিক কন্‌ফারেন্স ও তৎসহ সাহিত্য সম্মেলন আহূত হয়। ...১৯৮০-এ রাজনীতিক নেতৃত্বের জন্য যে কয়জন লোক বঙ্গ ( ৬ জন ) ও পঞ্জাব হইতে ( ২ জন ) নির্বাসিত হন তাহার মধ্যে বরিশালের লোক ছিলেন চারিজন। ...জন. ৬১,৩১৬।

**বরুণা নদী** ( Varuna ) : বরুণা, অসি ও গঙ্গা এই তিনটি নদীর সঙ্গমে যে জনপদ গড়িয়া উঠে তাহা বারাণসী নামে প্রসিদ্ধ। পৌরাণিক মতে দুর্গার দুই সহচরী জয়া ও বিজয়া এই নগরীতে পাপীদের অবাধ প্রবেশ অধিকার দিবার জন্য বরুণা ও অসি নদীরূপে আবির্ভূতা হন। ভাদ্র মাসের শুক্ল দ্বাদশীতে বরুণা-অসি সঙ্গমে বামনোৎসব হয়।

**বরেন্দ্রী, বরেন্দ্রভুম** (Varendrabhum) : উত্তর বঙ্গের প্রাচীন নাম ; রাজনৈতিক রাষ্ট্রের নাম নহে। পাবনা,

বগুড়া, রাজসাহী প্রভৃতি জেলার সাধারণ নাম। অধিবাসীরা বারেন্দ্র নামে পরিচিত; তবে এই নাম বিশেষভাবে উত্তর বঙ্গের ব্রাহ্মণদের কতকগুলি শাখা সম্বন্ধে প্রযুক্ত হয়। কৈবর্তসর্দার দিব্যোক পাল রাজাদের বিরুদ্ধে বিদ্রোহী হন বারেন্দ্রীতে।

**বরেলী** ( Bareilly ) : উত্তর প্রদেশ; রোহিলখণ্ড বিভাগের জেলা। উ.—নৈনিতাল; পূ.-পীলিভিত ও সাহারনপুর; প.—রামপুর, দ.—বদায়ুন। আ. ১,৫৫৪ ব মা। জন. ১২,৭০,৮১৪। ...১৬৩২ অব্দে রোহিলা-আফগান দুই ভ্রাতা এই অঞ্চলে আসিয়া বাস করে; ইহাদের একজনের পৌত্র আলি মহম্মদ খান ১৭০৭-২০-এর মধ্যে রোহিলাদের সঙ্ঘবদ্ধ করিয়া বরেলীতে প্রধান ঘাঁটি তৈয়ারি করেন (দ্র. রোহিলখণ্ড)। ১৮০১-এ রোহিলা সর্দার সাদাৎ আলি খান নিজ দেশ রক্ষার জন্য যে ব্রিটিশ সৈন্য মোতায়ান রাখেন, তাহার ব্যয় বাবদ বহু লক্ষ টাকা ঈ. ই. কোম্পানীর নিকট ধার পড়িয়া যায়; সেই ঋণশোধ বাবদ এই জেলা ইংরেজ সরকারকে দিয়া দিতে হয়।

—বরেলী শহর; মিউনি. (১৮৫৮), মিলিটারি ঘাটি ও সৈন্যনিবাস ছিল। বর্তমানে বহু শিল্পের কেন্দ্র; কলিকাতা হইতে ৭৫৫ মা। এখান হইতে কাঠগোদাম ৬৬ মা; লখনৌ ১৯৯ মা; আলিগড় ১০৪ মা। ...জন. ২,০৮,০৮৩।

**বরোচ** ( Broach ) : বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের জেলা। পূর্বে আ. ছিল ১,৪৬৮ ব মা। রাজপিপলা করদরাজ্য ১৯৪৮-এ অন্তর্ভুক্ত হইলে আয়তন হয় ২,৯৪৯ ব মা। জন. ৭,০৬,০৩৫ ('৫১)। জেলার পশ্চিমে কাম্বে উপসাগর। ...স্থানীয় কালো মাটিতে পর্যাপ্ত উৎকৃষ্ট শ্রেণীর তুলা চাষ হয়।। জেলায় ৩৯টি তুলার কল (জিনিং) ও শহরে ২ কাপড়ের কল আছে। ..বরোচ সদর শহর নর্মদা তীরে মোহনা হইতে ৩০ মা ভিতরে অবস্থিত; ইহা পূর্বকালের ভৃগুকচ্ছ বা Barugaza। জন. ৬২,৭২৯। সেনট্রাল, স্টেট, দেবকরন ব্যাংক।

**বরোয়া, বারোয়ান, বরওয়ান, বরঞা** ( Barwan ) : মুর্শিদাবাদ জেলা, কাঁদী মহ.র থানা। এই থানা পূর্বে বীরভূম জেলার অন্তর্গত ছিল; ১৮৭৯-এ এই থানা (১০৮ ব মা) মুর্শি. জেলা ভুক্ত ও রামপুরহাট এবং নলহাটি ঐ জেলা হইতে লইয়া বীরভূম ভুক্ত করা হয়। ...আ. ১০৮ ব মা; জন. ৮১,৯১৭; ঘ. ৭৬১।... ময়ূরাক্ষী নদীতীরে গ্রাম। থানার এলাকায় ১৫৪ গ্রাম; উচ্চ বিদ্যালয় মাত্র ২টি।

**বর্ধমান বিভাগ** ( Burdwan Division ) : পার্টিশনের পূর্বে ও পরে বর্ধমান বিভাগের বিশেষ পরিবর্তন হয় নাই। বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর, হাওড়া ও হুগলি জেলা লইয়া গঠিত। আ. ১৩,৯৮৪ ব মা; জন. ১,১১,০২,৫৩০; ঘনতা ৭৮৬। হিন্দু ৮৬·৩%; মুসলমান ১২·৫%। বিভাগীয় কমিশনের অপিস চুঁচুড়ায় অবস্থিত। পুরুলিয়া জেলা এই বিভাগভুক্ত হইয়াছে।

**বর্ধমান জেলা** ( Burdwan District ) : বর্ধমান বিভাগের জেলা। জেলার অন্তর্গত ৪ মহকুমা:— বর্ধমান সদর, কাটোয়া, কালনা, আসানসোল। গ্রাম ২,৬৬৩ [ ১৪ শহর ]। আ. ২,৭০৫ ব মা; জন. ২১,৯১,৬৬; ঘনতা ৮১০। [ ৫০ বৎসরে ৬·৬৩ লক্ষ বৃদ্ধি পাইয়াছে ]। হিন্দু ৮৩·৭%; ১৮,৩৫,১০৬; মুসলমান ১৫·৬%; ৩,৪১,৮৭৮। পঞ্চাশ বৎসরে জেলার জনসংখ্যা ৪০·৪% গড়ে ১-এর ও কম বৃদ্ধি। গ্রামে এই পর্বে মাত্র ২৯·৬% ও শহর অঞ্চলে ৬৯·৩% বৃদ্ধি হইয়াছে। শহরের বৃদ্ধির কারণ আসানসোল মহ.র শিল্পোন্নতি। ...বর্ধমান জেলার মধ্য দিয়া রেলপথ যায় ১৮৫৬-এ। দামোদর প্রধান নদী; ইহার উপরদিকে বহু বাঁধ ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা হইতেছে। জেলার পশ্চিমাংশ আসানসোল মহকুমায় কয়লা পাওয়া যায় এবং বহু শিল্পের কেন্দ্র হইয়াছে। অধুনা দুর্গাপুরে ব্যারাজ ও খাল হইলে কয়লা অঞ্চল হইতে কলিকাতার বন্দরে আসা-যাওয়া সহজ হইবে। দুর্গাপুরে ইস্পাত কারখানা স্থাপিত হইতেছে।

**বর্ধমান** ( Burdwan ) : বর্ধমান জেলার সদর শহর; বাঁকা নদীতীরে পূর্ব রেলপথের স্টেশন (৬৭ মা)। শেরশাহ সড়ক বা গ্রানড ট্রাংক রোড শহরের মধ্য দিয়া গিয়াছে। দামোদর নদী শহরের দক্ষিণে অদূরে। ১৯৫১-এ জনসংখ্যা ৭৫,৩৭৭।...পূর্বে এস্থান অতি

স্বাস্থ্যকর ছিল। ১৮৬৩ অব্দে ম্যালেরিয়া মহামারী আকারে দেখা দেয়; উহা বর্ধমান ফিভার নামে খ্যাত। বর্ধমান সর্বপ্রথম ১৫৭৪-এ মুসলমানী ইতিহাসে উল্লিখিত। এই বৎসর পাঠানরাজ দায়ুদখাঁ রাজমহলের নিকট মুঘলদের নিকট পরাজিত ও নিহত হইলে, তাঁহার পলায়নপর পরিবার বর্ধমানে ধৃত হন।…শের আফগনকে খুন করাইয়া জাহাঙ্গীর নুরজাহানকে বিবাহ করেন। শে. আ.র কবর বর্ধমানের মধ্যে আছে। জাহাঙ্গীরপুত্র বিদ্রোহী খুরম (পরে বাদশাহ শাহজহান) ১৬২৪-এ বর্ধমান অধিকার করিয়া কিছুকাল বাস করেন।…১৬৯৫-এ সুভা বা শোভা সিংহ নামে এক তালুকদার মুঘলদের বিরুদ্ধে বিদ্রোহী হয় ও রহিম খাঁ নামে পাঠান-সামন্তের সহায়তায় বর্ধমানের রাজা কৃষ্ণরায়কে সপরিবারে নিহত করে। সুভা সিংহকে বর্ধমান রাজার এক কন্যা ছুরিকাঘাতে হত্যা করে। রহিম খাঁ অউরঙজেবের পৌত্র আজিম-উশান-এর দ্বারা পরাভূত ও নিহত হয়। আজিম-উশান বর্ধমানে ৩ বৎসর ছিলেন; শহরের বড় মসজিদ তাঁহার সময়ে নির্মিত। ১৭৬০-এ মীরকাসেম নবাব হইয়া ইংরেজ ঈ. ই. কোম্পানিকে বর্ধমান, মেদিনীপুর ও চট্টগ্রাম দান করিতে বাধ্য হন। সেই হইতে ইংরেজের প্রভুত্বের সূত্রপাত।…১৮৮৫ অব্দে জেলার বর্তমান সীমানা স্থির হয়। বিভাগীয় চীফ কমিশনর বর্ধমান শহরে ১৮৫৪-১৮৭১ ও পুনরায় ১৮৮৪-১৮৯৬ পর্যন্ত বাস করেন। শাহজহানের সময়ে লাহোর হইতে কাপুর নামে একব্যক্তি বর্ধমানে আসেন; ইনি রাজবংশের প্রতিষ্ঠাতা। ১৬৫৭-এ ইনি স্থানীয় চৌধুরী ও ফৌজদার নিযুক্ত হন। ১৬৯৬-এ সুভা সিংহের বিদ্রোহের ফলে জগতরাম ছাড়া পরিবারের সকলেই নিহত হইয়াছিলেন। জগতরামের পুত্র কীর্তিচন্দ্রের সময় বর্গীর হাঙ্গামা হয়। ছেয়াত্তুরের মন্বন্তরে দেশ প্রায় উৎসন্ন যায়। তৎপরে তেজচন্দ্র ও মহাতপ চাঁদের সময় বর্ধমানের উন্নতি হয়। মহাতপ চাঁদ সাঁওতাল বিদ্রোহ ও সিপাহী বিদ্রোহের সময় ইংরেজদের বিশেষ সহায়তা করেন; তজ্জন্য তিনি ব্যক্তিগতভাবে ১৩ তোপের সম্মান লাভ করেন; ইনি মহাভারত বাংলা ভাষায় অনুবাদ করিয়া বিনামূল্যে বিতরণ করেন। রাজবাটি, গোলাপ বাগ, কৃষ্ণসায়র প্রভৃতি তাঁহার সময়ের কীর্তি। ১৮৭৯-এ মহাতাপ চাঁদের মৃত্যু হয়। বর্ধমান শহরে যে বিরাট কার্জন-তোরণ দেখা যায়, তাহা বিজয়চাঁদ নির্মাণ করেন। বর্ধমান …রাজ কলেজ ও স্কুল রাজাদের দানে চলিত; এখন তাহা আধা-সরকারী প্রতিষ্ঠান।…

**বর্ধমান-কাটোয়া রেলওয়ে** ( Burdwan-Katwa Railway ) : কোম্পানির পরিচালিত রেলওয়ে। ৩৩ মা। গেজ ২´-৬´´।

**বর্মা** ( Burma : Pyee-Daung-Su Myanma-Nainggan ) : দক্ষিণ-পূর্ব এশিয়ার স্বাধীন রাষ্ট্র। ইহার চরম দৈর্ঘ প্রায় ১,২০০ মা, ও চরম প্রস্থ ৫৭৫ মা। আ ২,৬১,৬১০ ব মা। ১৯৪১-এর সেন্সাস অনুসারে ১,৬৮,২৪,০০০। ১৯৫২-এ আন্দাজ ১,৮৮,৬০,০০০। বর্মা দেশ বনজ, খনিজ ও কৃষিজাত সামগ্রীতে সম্পদবান। প্রাকৃতিক গঠন ও পরিবেশ বৈশিষ্ট্যপূর্ণ। পর্বতশ্রেণী হিমালয়ের পূর্বপ্রান্ত হইতে নির্গত হইয়া বর্মার মধ্যে উত্তর-দক্ষিণে লম্বমান; এইসব পর্বতমালা ও তাহাদের মধ্যস্থিত নদী উপত্যকা লইয়া বর্মা দেশ। নদীর মধ্যে ইরাবতী, সালুইন ও সিটাং ( Sittang ) প্রধান। ইরাবতী মোহনা হইতে ৯০০ মা. নাব্য। ইহার উপনদী চিন্দুইন প্রায় ৩০০ মা নাব্য। পার্বত্য অঞ্চলের সেগুন কাষ্ঠ বিখ্যাত। রক্ষিত বনভূমি ২ কোটী একর। ইরাবতীর অববাহিকার উত্তরাংশে ইনাংইয়ং ( Ynanyang ) অঞ্চলে পেট্রোলিয়াম খনি, শান মালভূমিতে রৌপ্য, সীসা, দস্তা, তাম্র, নিকেল ও উলফ্রাম ( টাংস্টান ) ও মগক (Mogok)-এ নানা মূল্যবান মণি (ruby)-র খনি আছে। এই সমস্ত খনির মালিক ব্রিটিশ কোম্পানিরাই ছিল। … যুদ্ধের পূর্বে পেট্রোলিয়াম প্রায় ১০ লক্ষ মেট্রিক টন বা ৭,৩৯৩ ব্যারেল উৎপন্ন হইত; যুদ্ধের সময় সমস্ত নষ্ট হইয়া যায়। ১৯৫৪-এ ১৩'২১ লক্ষ ব্যারেল মাত্র। …দক্ষিণ বর্মা ধান্য-উৎপাদনের প্রধান স্থান; বসান (Bassein) হইতে বহু কোটি টাকার ধান্য ও চাউল

রপ্তানি হইত।" বর্তমান গবর্নমেণ্ট শিল্প ও বাণিজ্যের উন্নতির জন্য চেষ্টা করিতেছেন।

**বলকান উপদ্বীপ** ( The Balkans ): ইউরোপের দ.-পূর্ব কোণের উপদ্বীপ; যুগোস্লাভিয়া, রুমানিয়া আলবেনিয়া, বুলগেরিয়া, তুর্কী, গ্রীসকে লইয়া উপদ্বীপ গঠিত। দেশ পার্বত্য, উপত্যকাসমূহ উর্বর। বিভিন্ন ভাষাভাষী নানা স্তরের সভ্যতা ও সংস্কৃতির সমাবেশ।

**বলকান** ( Balkan ): মধ্য এশিয়ার সোবিয়েত কাজকস্থান রিপাবলিকের হ্রদ; ৩৩০ মা দীর্ঘ। আ. ৮,৫০০ ব মা। এই হ্রদের তীরে কারাগন্ডা (Karaganda) নামে বিরাট নগরী নির্মিত হইয়াছে; এখানে প্রচুর তাম্রচুর পাওয়া গিয়াছে; কারাগন্ডা হইতে রেলপথ পার-সাইবেরিয়ান রেলের সহিত যুক্ত। ...বলকান নগর হ্রদের তীরে, কারাগন্ডা হইতে ২২০ মা দ.-পূর্বে। জন. ১০ হা.।

**বলরামপুর** ( Balarampur ): মেদিনীপুর শহর হইতে কয়েক মাইল দূরে গ্রাম। এখানে বুনিয়াদী শিক্ষা-শিক্ষণ প্রতিষ্ঠান আছে।

**বলরামপুর** (Balarampur): উত্তর প্রদেশ; অযোধ্যার বৃহত্তম তালুক, গোন্ডা জেলার মধ্যে। আ. ১,২৬৮ ব মা। জহাঙ্গীরের সময় বলরাম দাস কর্তৃক এই শহর স্থাপিত। সিপাহী বিদ্রোহের সময় এই বংশের জমিদার ব্রিটিশদের সহায়তা করায় বিশেষ পদমর্যাদা লাভ করেন। রাজস্ব ২৫ লক্ষ টাকা; কর ৬'৮০ লক্ষ। ...শহর ( জন. ২৩,০৮৮ ) গোরখপুর হইতে ১১৩ মা। ব্যাংক: প. ন্যাশনাল, স্টেট, সমবায়।

**বলসান** ( Balsan ): হিমাচল প্রদেশের স্টেট। আ. ৫৭ ব মা; জন. ৬, ৬৪৯ ( '৪১ )। সিমলা হইতে ৩০ মা পূর্বে। রাজবংশ রাজপুত। ব্রিটিশ সরকারকে কর দিতে হইত। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা ১১,২৫০ টাকা ভাতা পান।

**বলহরশাহ, বল্লারপুর** (Balharshah): মধ্যপ্রদেশের চান্দা জেলার শহর; কয়লা ও সেগুন কাঠের বন এ অঞ্চলে প্রচুর। বল্লালশাহ ( ১৪৭৩-৯২ ) নামে গোন্ড রাজার দুর্গ আছে। ..ওয়ার্ধা-কাজিপেট রেল-পথের স্টেশন। জন. ৮,৭১২।

**বলাগড়** ( Balagar ): হুগলি জেলার থানা। আ. ৮০ ব মা; জন. ৬৭,৬১৩; ঘ. ৮৫০।...থানা গঙ্গা তীরে। —বলাগড় একটি প্রাচীন স্থান; এখানকার চণ্ডী মন্দিরের প্রাচীর গাত্রে ইষ্টকের কারুকার্য (টেরাকোটা) অতি সুন্দর।...বানডেল-বারহারোয়া রেলপথের স্টেশন ( ১৬ মা )।

**বলাঙ্গির** ( Bolangir ): ওড়িশার জেলা; পূর্বতন ঈ. স্টে. এজেন্সির করদরাজ্য পাটনা, সোনপুর জুড়িয়া ১৯৪৯ নভেম্বরে এই নূতন জেলা গঠিত হয়। উত্তরে—সম্বলপুর, দ.—কলাহাণ্ডি ও গঞ্জাম। মহানদীর উপশাখা সুকেত জেলার মধ্যে প্রবাহিত; এই অঞ্চলে প্রচুর ফসল উৎপন্ন হয়।. জেলার আ. ৩,৪১২ ব মা.; জন. ৯,১৭,৮৭৫। ৪ মহকুমা: বলাঙ্গির, টিটলাগড়, পাটনাগড় ও সোনপুর।...মহ.র আ. ৮৬৮ ব মা; জন. ২,৬১,৭২৪।—থানার আ. ২৩৪ ব মা; জন. ৮২,৬৮১। গ্রাম ২৯৫।—শহরের জন. ১৩,৬৪৬। বিজলী; রাজেন্দ্র কলেজ। সমবায় ব্যাংক। সম্বলপুর ৮৫ মা; সোনপুর ৩২ মা; পাটনাগড় ২৪ মা। টিটলাগড় স্টেশন হইতে ২৪ মা পশ্চিমে।

**বলিভিয়া** ( Bolivia Republica de Bolivia ): দ. আমেরিকার রিপাবলিক। উত্তর ও পূর্বে ব্রাজিল, দক্ষিণে পারাগুয়ে ও চিলি; পশ্চিমে চিলি ও পেরু। আন্দিজ পর্বতমালার ১২,০০০ ফুট মালভূমির উপর অবস্থিত। টিটিকাকা হ্রদ ( ১২,০০০ ফুট উচ্চে ) এই দেশের সীমান্তে। আমাজোনের বৃহত্তম উপনদী মাদিরা এই দেশে প্রবাহিত। খনিজের মধ্যে রৌপ্য, তাম্র, সোরা, টিন ও আন্টিমনি প্রধান। টিন ও আন্টিমনি উৎপাদনে বলিভিয়ার স্থান তৃতীয়। সুক্রে (Sucre)-তে বিশ্ববিদ্যালয়, হাইকোর্ট; রাজধানী লা পাজ (La Paz)। ..১৫৪৪-এ স্পেনীশরা ইংকা (Inca)-দের রাজ্য ধ্বংস করিয়া এই ভূভাগ অধিকার করে। তখন এই অঞ্চল পেরু রাজ্যের অন্তর্গত ছিল (Altaperu)। ১৮০৯ হইতে স্পেনীশ উপনিবেশসমূহ বিদ্রোহী হইতে আরম্ভ করে। ১৮২৫,১৬ অগস্ট এইখানে রিপাবলিক ঘোষিত হয়। এই স্বাধীনতা আন্দোলনের নেতা ছিলেন সাইমন বলিভার (১৭৮৩—১৮৩০);

তাঁহার নামানুসারে রাজ্যের নামাকরণ হয়। আভ্যন্তরীণ কলহের জন্য এপর্যন্ত ১২ বার সংবিধানের রদ বদল হইয়াছে। প্রতিবেশীদের সহিত বলিভিয়া চিরদিন কলহ ও যুদ্ধ করিয়া রাজ্যের বহু অংশ হারাইয়াছে। পূর্বে আয়তন ছিল প্রায় ৯ লক্ষ ব মা; এখন ৪,০৯,৩৮৮ ব মা। চিলি ১৮৮২-এ ইহার উপকূল অংশ কাড়িয়া লয়। দীর্ঘকাল পারাগুয়ের সহিত গ্রানচাকো উপত্যকার জন্য যুদ্ধ চলে (১৯২৮-৩৪)।

**বলিয়া** (Ballia): উত্তর প্রদেশ; কাশী বিভাগের জেলা; ঘর্ঘরা ও গঙ্গার মধ্যে অবস্থিত, বিহার সংলগ্ন; পশ্চিমে গাজিপুর ও আজমগড়। বলিয়া জেলা প্রায়ই বন্যায় ক্ষতিগ্রস্ত হয়। আ. ১,২৩১ ব মা; জন. ১১,৯৪,৬৩৭। প্রধান শহর বলিয়া, ন. ঈ. রেলওয়ের স্টেশন; কলিকাতা-মোকামাঘাট-ছাপড়া (৩৯১ মা) হইয়া বলিয়া ৪১ মা। জন. ৩,৬৩৮। স্টেট ও সেন্ট্রাল ব্যাংক।

**বলুচিস্তান** (Baluchistan): পাকিস্তানের অন্যতম প্রদেশ। উ.—আফগনিস্তান; পূ.—সিন্ধু প্রদেশ; দ.—আরব সাগর; প.—ইরান। ইহা প্রাচীনকালের গেদ্রোশিয়া দেশ। পার্বত্য, শুষ্ক, প্রায়শ তৃণশূন্য মরুসদৃশ। স্থানভেদে বারিপতি ৩″-১০″। পর্বতের নিম্ন উপত্যকায় জলসেচনের সাহায্যে জওয়ার, যব, গম প্রভৃতির চাষ হয়; আঙ্গুর তরমুজ, খেজুর, আপেল উৎপন্ন হয়; এই সব পাকিস্তানে বিক্রয়ার্থে যায়। অধিবাসীরা বলুচি (২৭ শতাংশ), পাঠান (২২%) ও ব্রাহুই (১৫%)। ব্রাহুই ভাষা দ.ভারতীয় দ্রবিড় ভাষাগোষ্ঠীর অন্তর্গত। অধিকাংশ লোক মুসলমান; যাযাবর, উটাদি পশুপালক। খনিজ সম্পদ কয়লা, জিপসাম, ক্রোমাইট, চুনাপাথর, গন্ধক, লবণ ও সীসা। এসম্বন্ধে তথ্যাদি অসম্পূর্ণ ও গবেষণার ক্ষেত্র বহু ব্যাপক। প্রাগৈতিহাসিক যুগের বহু জনস্থান চিহ্ন আবিষ্কৃত হইয়াছে। ১৯৪৭-৪৮-এ এই দেশ পাকিস্তান ভুক্ত হয়। বর্তমানে বলুচিস্তানের ২টি ভাগ: খাস অংশের আ. ৫২,৯০০ ব মা; জন. ৬·২২ লক্ষ ('৫১); [illegible] অংশের আ. ৮১,২৩৯ ব মা; জন. ৫·৫৬ লক্ষ; এই অংশে আছে কালাত, খরান, লাসবেলা ও মাকারন। বলুচিস্তানের মোট আ. ১,৩৪,১৩৯ ব মা; জনসংখ্যা ১১,৭৮,০০০। রাজধানী কোয়েটা।

**বল্‌খ** (Balkh): আফগনিস্তানের উত্তরাংশে পার্বত্য জেলা; হিন্দুকুশ ও অক্সাস নদীর মধ্যে অবস্থিত; অধিবাসীরা বেশির ভাগ উজবেগ জাতীয়। ...এই স্থান প্রাচীন বাকট্রিয়া বা বাহ্লিক। ...প্রধান শহর মজর্‌ই-শরীফ অর্থাৎ নগরের মাতা; কিন্তু আসলে মৃত্তিকার প্রাচীর বেষ্টিত ক্ষুদ্র মধ্যযুগীয় শহর।

**বল্লভ-বিদ্যানগর** (Vallabha-Vidyanagar): বোম্বাই; কয়রা জেলার আনন্দ শহরের নিকট স্থান। এখানে বিড়লা ইনজিনীয়ারিং কলেজ, বণিজ মহাবিদ্যালয়, বিঠলভাই প্যাটেল মহাবিদ্যালয় বা ডিগ্রী কলেজ আছে।

**বল্লভী** (Vallabhi), **বল্লভীপুর** (V.-pur): গুজরাট বা সৌরাষ্ট্রের প্রাচীন নগর; হুয়েনৎসাঙ ৭ শতকে এখানে আসেন। ইৎ-সিঙ বলেন বল্লভী বিদ্যাচর্চার বিশিষ্ট কেন্দ্র ছিল। ভাবনগরের উত্তর-পশ্চিমে বালা (Wale) নামক স্থানের ধ্বংসাবশেষ প্রাচীন বল্লভীপুর বা বলভদ্র নগর বলিয়া অনুমিত হয়। ...গুর্জর দেশ বল্লভীর দক্ষিণে অবস্থিত ছিল।

**বশহর** (Bashahr): পূর্বতন পঞ্জাব পার্বত্য স্টেট্‌সের করদ রাজ্য। আ. ৩,৬২২ ব মা; জন. ১,১৬,৩০৫ ('৪১)। রাজধানী রামপুর। ...বর্তমানে হিমাচল প্রদেশ ভুক্ত।

**বসওয়ার্থ** (Bosworth): ইংলন্ড; লিচেস্টার কাউন্টির গ্রাম। এখানে ১৪৮৫ অব্দে ৩য় রিচার্ড যুদ্ধে নিহত হন। গোলাপ-সমরের এই শেষ যুদ্ধ; ইহার পর টিউডর বংশীয় হেনরী (৭ম) রাজা হন।

**বস্‌টন** (Boston): মার্কিন ম্যাসাচুসেট্‌স স্টেটের প্রধান নগর ও বন্দর। এখানকার ডক ও ঘাট খুবই বড়; জুতা ও চামড়ার ব্যবসায়ে পৃথিবীর মধ্যে অদ্বিতীয় স্থান। ...পিলগ্রিম ফাদার্সরা আমেরিকায় ১৬১০-এ আসেন; ১৬২০-এ বস্‌টন স্থাপিত হয়। এখন হার্ভার্ড বিশ্ববিদ্যালয় ও আরও ৯টি বিশিষ্ট বিদ্যায়তন বস্‌টন ও চার্লস নদীর অপর পারে কেমব্রিজ শহরে অবস্থিত। ...জন. ৮ লক্ষের উপর।

**বস্‌নিয়া** (Bosnia): বস্‌নিয়া ও হারৎসোগোভিনা

(Herzogovina) যুগোস্লাভিয়ার অন্তর্ভুক্ত প্রদেশ। আদ্রিয়াতিক উপসাগরের পূর্বতীরে অবস্থিত। ৬-৭ শতকে স্লাভীয় উপজাতিরা আসিয়া উপনিবেশ করে। কনস্টান্টিনোপলের পতনের অল্পকালের মধ্যে এতদঞ্চল তুর্কীদের অধীনে আসে (১৪৬৩)। ১৯০৮-এ অস্ট্রিয়া এই দেশ দুটিকে সম্পূর্ণরূপে আপন সাম্রাজ্য ভুক্ত করিয়া লয়। ...১৯১৪, ২৭ জুন বস্‌নিয়ার প্রধান শহর সারাজেভো তে অস্ট্রিয়ার যুবরাজ বিপ্লবীদের হস্তে নিহত হন; ইহাই ১ম মহাযুদ্ধের প্রত্যক্ষ কারণ। ১ম মহাযুদ্ধের (১৯১৪-৪৮) শেষে সকল দক্ষিণীস্লাভরা মিলিত হইয়া যুগোস্লাভিয়া রিপাবলিক গঠন করে। ২য় মহাযুদ্ধের পর ১৯৪৬ হইতে বস.-হারৎসো. যুগোস্লাভিয়ার ৬টি রাজ্যের অন্যতম। ...আ. ১৯,৯০৯ ব মা; জন. ২৭,৬১,৯৬১। ...রাজধানী সারাজেভো। ...দেশ পার্বত্য; প্রায় অর্ধেক দেশ অরণ্য-পূর্ণ, চারি-আনি কৃষির উপযুক্ত ও অবশিষ্টাংশ পশুচারণ ভূমি। ...অরণ্যসম্পদ ব্যতীত খনিজ সম্পদের মধ্যে কয়লা, ম্যাঙ্গানিজ, সীসা, পারদ, রৌপ্য, লবণ পাওয়া যায়।

**বসপরাস** (Bosporus, Bosphorus): কৃষ্ণসাগর (Black sea) ও মমরা সাগরের মধ্যবর্তী ১৭ মা দীর্ঘ প্রণালী। প্রস্থ ½ হইতে ২½ মা। ইহার উভয় দিকে তুর্কী রাজ্য। তুর্কী ব্যতীত অন্য কোনো জাতির রণতরী এই প্রণালী দিয়া চলাচল করিতে পারে না। ইস্তানবুল এই প্রণালী তীরে। ১৯৩৬ আন্তর্জাতিক চুক্তিমতে তুর্কী কর্তৃক এই প্রণালীকে সুদৃঢ়কৃত।

**বসরা** (Basra; Basrah): ইরাকের নগর ও বন্দর; শত-অল-আরব নদীর পশ্চিমতীরে, পারস্য সাগর হইতে ৩৫ মা ভিতরে। রেলপথে বাগদাদ ২৭০ মা। জন. ২·০৭ লক্ষ। ইহা স্থানিক ও আন্তর্জাতিক বিমান বন্দর।

**বসুতোলন্ড** (Basutoland): আফ্রিকার ব্রিটিশ অধিকৃত দেশ; নাটাল ও কেপ প্রভিন্সের মধ্যে অবস্থিত। আ. ১১,৭১৬ ব মা; জন. ৬ লক্ষ—এর মধ্যে শ্বেতকায় দুই হাজারের মতো। অধিবাসীরা বানটু জাতীয়, ইহারা বহু উপজাতিতে বিভক্ত; পশু-পালন প্রধান উপজীবিকা। রাজধানী মসেরু।

**বসিরহাট** (Basirhat) ২৪-পরগনা জেলার মহকুমা শহর; ইছামতী-যমুনা নদীতীরে অবস্থিত। ১৪৬৭ অব্দে নির্মিত একটি মসজিদ এখানে আছে। ... কলিকাতা-বনগাঁ লাইনের বারাসাত হইতে ছোট রেল বসিরহাট পর্যন্ত (২৭ মা) ছিল। বারাসাত ও হাবরা হইতে পাকা পথে মোটর সার্বিস চলে। কলিকাতা ৩৫ মা দূরে। এখান হইতে সাতক্ষীরা (খুলনা) যাইবার সড়কের পূর্বাংশ পাকিস্তান অন্তর্গত। মহকুমার আ. ৮১৮ ব মা; জন. ৭,১৩,৬১৯, গ্রাম ৬৬১; ঘ. ৮৭৩। —থানার আ. ১০১ ব মা; জন. ১,৩৭,৯৫১; ঘ. ১,৩৭৩। —শহরের জন. ৩৪,৮২৩। সাদার্ন ও টাকিসমবায়-ব্যাংক। ইন্টার-কলেজ (১৯৪৭)।

**বস্তার** (Bastar): মধ্যপ্রদেশ অন্তর্ভুক্ত পূর্বতন ঈ. স্টে. এজেন্সির করদরাজ্য। পার্বত্য দেশ। আয়তন ১৩,৭০১ ব মা; জন. ৬,৩৩,৮৮৮ ('৪১)। ১১ হা. বর্গমাইল স্থান জঙ্গলপূর্ণ। ১৪ শতকে বরঙ্গল (দ্র.) রাজ্যের পতনের পর চন্দ্রবংশীয় এক রাজা এখানে রাজ্য স্থাপন করেন। মারাঠাদের আক্রমণের পূর্ব পর্যন্ত (১৮ শতক) ইহারা স্বাধীন ছিল। ...রাজধানী জগদলপুর। রায়পুর (৫১৫ মা) হইতে ১৮৪ মা মোটরপথ। ...রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বার্ষিক ২,১০,০০০ টাকা ভাতা পান। —বস্তার জেলা পূর্বতন বস্তার ও কাঁকের রাজ্যদ্বয় লইয়া গঠিত। পূর্বে ওড়িশা, দক্ষিণে অন্ধ্র, পশ্চিমে পূর্বতন হায়দরাবাদ। আ. ১৫,১৫৫ ব মা। জন. ৯,১৩,৭৪৬।

**বস্তি** (Basti): উত্তরপ্রদেশ; গোরখপুর বিভাগের জেলা। আ. ২,৮২২ ব মা; জন ২৩,৮৭,০০০। বস্তি সদর শহর (জন. ৩৩,২০৩) কাটিহার হইতে (ন. ঈ. রেল) ৩৫৪ মা। এখানে সেন্ট্রাল, স্টেট ও নারঙ্গ ব্যাংক।

**বহরমপুর** (Berhampore): মুর্শিদাবাদ জেলার মহকুমা ও জেলার সদর শহর; গঙ্গাতীরে, কলিকাতা-রানাঘাট-লালগোলা রেলপথের স্টেশন (১১৫ মা)। খাগড়া ঘাটে নদী পার হইয়া গঙ্গার পশ্চিমতীর হইতে ভাল রাস্তায় কাঁদি-সাঁইথিয়া হইয়া সিউরী আসা যায়। ...

এখানকার একটি পল্লীর নাম খাগড়া; তথাকার কাঁসার বাসন, হাতীর দাঁতের কারুশিল্প বিখ্যাত।...এক সময়ে এই শহর সাহিত্যাদি চর্চার বিশিষ্ট কেন্দ্র ছিল।...রেশম শিল্প বিদ্যালয় ও রেশম গবেষণা কেন্দ্র।...জন. ৫৫,৬১৩। স্কুল; কৃষ্ণনাথ কলেজ (১৮৫৩); মহিলা কলেজ (১৯৪৬); ইউনিয়ন খ্রীশ্চান ট্রেনিং কলেজ (L. T., B. T., ১৯৩৮)।

**বহরাইচ** (Bahraich): উত্তরপ্রদেশ; ফয়জাবাদ বিভাগের জেলা। ঘর্ঘরার বহু শাখা-নদী ধৌত জেলা। বৃষ্টি ৪৫"। আ. ২,৭৪০ ব মা; জন. ১৩,৪৭,৯০০।—সদর শহর (জন. ৪৪,৭৪১) গোন্ডা হইতে ৩৮ মা। এখানকার সৈয়দ সালার মাসুদের দরগা বিখ্যাত; পূর্বে এইটি সূর্য মন্দির ছিল বলিয়া প্রবাদ।...এই জেলায় বহু প্রাচীন বৌদ্ধ কীর্তির চিহ্ন আছে।... শহর ব্যবসায়ের কেন্দ্র; সেন্ট্রাল, স্টেট ব্যাংক।

**বহাবলপুর** (Bahawalpur): পাকিস্তান অন্তর্গত করদ-রাজ্য। উত্তর-পশ্চিমে পাক-পঞ্জাব ও সিন্ধু; পূর্বে ও দক্ষিণে পঞ্জাবের ফিরোজপুর জেলা ও রাজস্থান। আ. ১৫,৯১৮ ব মা। দক্ষিণাংশ মরুময়। জন. ১৮·২৩ লক্ষ ('৫১)। ঘনতা ৩০২। শতদ্রু নদী হইতে জল সেচনের বহু খাল দেশ-মধ্যে আসিয়াছে। এখানকার নবাব আব্বাসী খলিফাদের বংশধর বলিয়া দাবী করেন। কাবুলের দুরানী আমীরদের পতনের পর পশ্চিমভারতে অরাজকতার সুযোগে আদিপুরুষ সিন্ধু হইতে আসিয়া বংএ রাজ্য স্থাপন করেন (১৮০৯)। রাজা ১৭ তোপ সম্মানাধিকারী। ১৯৪৮-এ নবাব পাকিস্তানে যোগ দেন।...নগর প্রাচীর বেষ্টিত। লাহোর হইতে ২৪৪ মা।

**বাউড়িয়া** (Bauria): হাওড়া জে.; উলুবেড়িয়া মহ.র থানা। আ ৬ ব মা; জন. ৩১,৪১৮, ঘ. ৫,৬১০।—শিল্প শহর, ভাগীরথীতীরে ও কলিকাতা-খড়্গপুর লাইনের স্টেশন (১৫ মা); উলুবেড়িয়া ৫ মা পরে। পাটের ও সুতার কল বিখ্যাত। জন. ১২,৫৭৭।

**বাওনী** (Baoni): পূর্বতন মধ্য ভারতীয় বুন্দেলখণ্ড এজেন্সির মুসলমান করদরাজ্য। আ. ১২২ ব মা; জন. ২৫ হা.। কানপুরের দক্ষিণে ৫২ গ্রাম লইয়া এই রাজ্য; ১৭৮৪-এ পুণার পেশোয়ার নিকট হইতে গাজি-উদ্দিন জায়গীর পাইয়া পরে রাজ্য গড়েন। ব্রিটিশ পর্বে নবাব ১১ তোপের সম্মানাধিকারী ছিলেন।... রাজ্য ভারতভুক্ত হইলে নবাবকে ৪৬,৮৫০ টাকা ভাতা দেওয়া হয়। ...১৯৪৮-এ ইহা বিন্ধ্যপ্রদেশ ভুক্ত ও ১৯৫০-এ উত্তরপ্রদেশ অন্তর্গত হইয়াছে।

**বাকট্রিয়া** (Bactria): প্রাচীন পারসিক সাম্রাজ্যের ২০ সত্রপী (Satrapy) বা প্রদেশের অন্যতম; উহা মধ্য এশিয়ার বাল্‌খ বা প্রাচীন ভারতীয় বাহ্লিক দেশ। আলেকজেন্দার কিয়দংশ জয় করেন; পরবর্তীকালে সেল্যুকাস বাকট্রিয়ায় সাম্রাজ্য বিস্তার ও গ্রীক্ উপ-নিবেশ স্থাপন করেন। খ্রী. পূ. ২২৫-এ দিওদোতাস এখানে রাজ্য গড়েন। কালে এই বাকট্রিয়ান গ্রীকরা উত্তর-পশ্চিম ভারতে কয়েকটি রাজ্য স্থাপন করেন; তাঁহাদের বহু মুদ্রা পাওয়া গিয়াছে। বা. গ্রীকদের মারফত চীন ও ভারতের রপ্তানি মাল পশ্চিম এশিয়া ও ইউরোপে যাইত। ১ম শতকে শক ও পহ্লবদের আক্রমণে বা. গ্রীকদের রাজ্য ধ্বংস হয়। এই দেশের ঔপনিবেশিক গ্রীকদের ভাস্কর্যশিল্পে বুদ্ধের মূর্তি খোদিত হইতে প্রথম দেখা যায়।

**বাঁকা পাহাড়ী** (Banka Pahari): পূর্বতন মধ্যভারত বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য; বান্দা জেলার দক্ষিণে চারখারির উত্তরে অবস্থিত। আ. ৫ ব মা; জন. ১,২৪১। রাজা ৩,০০০ টাকা ভাতা পান। বর্তমানে উত্তরপ্রদেশ ভুক্ত।

**বাঁকিপুর** (Bankipore): বিহারের রাজধানী; পাটনা শহরের অংশ। দ্র. পাটনা।

**বাকু** (Baku): আজারবৈজান সো. সো. রিপাবলিকের (Azerbaidjan S. S. R.) রাজধানী; কাস্পিয়ান হ্রদের বন্দর। পেট্রোলিয়াম অঞ্চলে নগর অবস্থিত। এখান হইতে কৃষ্ণসাগর তীরস্থ বাটুম (Batum) বন্দরে ২ পাইপ-লাইন দিয়া তৈল যায়; অন্যত্র জাহাজ করিয়া প্রেরিত হয়।...জন. প্রায় ৯ লক্ষ। বিশ্ববিদ্যালয়, মিউজিয়াম, নাট্য ও সঙ্গীতশালা।

**বাঁকুড়া** (Bankura): প. বঙ্গ; বর্ধমান বিভাগের জেলা; ভূমি অনুর্বর ও বন্ধুর; শুশুনিয়া পর্বত ১,৪৪২ ফুট উচ্চ

দামোদর, দ্বারকেশ্বর, কাঁসাই ও ধলকিশোর প্রধান নদী। বৃষ্টিপাত ৫৬"। জেলার পশ্চিমাংশ লালমাটি বা ল্যাটেরাইট; পূর্বাংশ পলিমাটি। জেলায় প্রায়ই অন্নাভাব। বর্তমানে দামোদর নদীর খাল প্রভৃতি নির্মিত হওয়ায় এবং কাঁসাই নদীতে বাঁধের নির্মাণকার্য শেষ হইলে জল সেচনের দ্বারা খাদ্য শস্য উৎপন্ন হইবে বলিয়া আশা করা যায়।...শাল, তুঁত ও কুল গাছে রেশম ও লাক্ষা উৎপন্ন হয়। জেলা সূতী, তসর ও রেশমের বস্ত্রাদি বয়নের জন্য প্রসিদ্ধ। ...মাথা-তামাকের বিরাট ব্যবসায় আছে।...গ্রামাঞ্চলে মোটা কম্বল, কাঠের খেলনা, বৈষ্ণবের মালা প্রভৃতির কুটির-শিল্প। প্রাচীনকালে এই অঞ্চল কর্ণসুবর্ণ রাজ্যের অন্তর্গত ছিল। ৮ শতক হইতে বিষ্ণুপুরের মল্ল-রাজাদের উদ্ভব; বহু শতাব্দী ইহারা প্রবল ছিলেন। মুসলমানযুগে ইহা 'সুবাবাংলা'র বর্ধমান চাকলার অন্তর্গত হয়।...১৭৬০ সেপ্টেম্বর মাসে বাংলাদেশের নবাব মীরকাসেম আলি বাংলা সুবার সিংহাসন লাভ করার বিনিময়ে ঈ. ই. কোম্পানিকে বাঁকুড়া সমেত বর্ধমান, মেদিনীপুর ও চট্টগ্রাম দান করেন। ১৭৬৫ দেওয়ানী লাভের পর বাঁকুড়া ও বীরভূম একটি জেলা রূপে গঠিত হয়। ১৭৯৩-এ বাঁকুড়া বর্ধমান জেলা ভুক্ত হয়। ৮৮ বৎসর পরে বাঁকুড়া পৃথক জেলা হইল ১৮৮১ অব্দে। . জেলার আ. ২,৬৫৭ ব মা; জন. ১৩, ১৯,২৫৯; ঘনতা ৪৯৮। মহকুমা ২টি: বাঁকুড়া ও বিষ্ণুপুর। গ্রাম ৩,৫৩০; শহর ৫। হিন্দু ৯১·৬৬ ও মুসলমান ৪ ৪ শতাংশ; অবশিষ্ট আদিম উপজাতি। বাঁকুড়া মহকুমা আ. ১,৯৩৩·৪ ব মা; জন. ১৯৮,৯৩৪। ৮ থানা: বাঁকুড়া সদর, ওন্দা, ছাতনা, গঙ্গাজলহাটি, বারজোড়া, মেঝিয়া, শালতোড়া, পাটরা।...বাঁকুড়া জেলার সদর শহর। শহর দ্বারকেশ্বর নদীর দক্ষিণে কিয়দ্দূরে, খড়্গপুর-আদরা রেলপথের স্টেশন; কলিকাতা হইতে ১৪৪ মা। এখান হইতে দামোদর নদ লাইট রেলপথ রায়নগর পর্যন্ত (৬০ মা) গিয়াছে।... ব্যাংক: ইউনা., স্টেট, সেন্ট্রাল ও সমবায়।...স্কুল; মেডিক্যাল স্কুল; রেজি. অপিস (১৮৬৪); সরকারী আদর্শ কৃষিক্ষেত্র; সমবায় তন্তুবায় সমিতি; কুষ্ঠাশ্রম। ...সম্মিলনী কলেজ (I. A.); বাঁ. কলেজ; খ্রীষ্টান ওয়েসলিয়ান মিশনের দ্বারা স্থাপিত।...বাঁকুড়া-দামোদর নদী রেলপথ (Bankura-Damodar River Railway)—বাঁকুড়া শহর হইতে দামোদর তীর পর্যন্ত ৬০ মা। গেজ ২'-৬"। ম্যাকলিওড কোম্পানির দ্বারা পরিচালিত।

**বাখরগঞ্জ** (Bakhargunj): মুঘল যুগে বাখরগঞ্জ জেলা সুবে বাংলার সরকার-বাকলার অন্তর্গত ছিল; তৎপূর্বে এই অঞ্চলের নাম ছিল চন্দ্রদ্বীপ; এখনও এখানকার পরগনার নাম বাকলা-চন্দ্রদ্বীপ (দ্র. চন্দ্রদ্বীপ।...মুর্শিদাবাদ নবাব-সরকারের কর্মচারী আগা বাখর এই অঞ্চলের সর্বময় কর্তা ছিলেন (১৭৪১-৫৩)। তিনি যে শহর পত্তন করেন তাহা বাখরগঞ্জ নামে খ্যাত ছিল। বরিশাল সদর শহরের ১৩ মা দক্ষিণে অবস্থিত এই বাখরগঞ্জে ১৮০১ পর্যন্ত জেলার সদর ছিল। এই গ্রাম বরিশাল-পটুয়াখালি স্টীমার পথে রঙ্গশ্রী স্টেশনের পার্শ্বে অবস্থিত; রঙ্গশ্রী শীতলপাটির জন্য বিখ্যাত। জেলার সদর শহর বাখরগঞ্জে ছিল বলিয়া, জেলার নামই সদরের নামে চালিত হয়। এখানে রেজি. অপিস আছে (১৮৭২ স্থাপিত)।

**বাখরগঞ্জ** (Bakarganj, Backergunge): পূর্ব পাকিস্তান; ঢাকা বিভাগের জেলা। চাউল, দাইল, নারিকেল, সুপারি, পাট উৎপন্ন হয়।... আ. ৩,৭৮৩ ব মা। —জেলার মহকুমা: বরিশাল, পটুয়াখালি, পিরোজপুর, ভোলা। —প্রাচীন চন্দ্রদ্বীপ রাজ্য এই জেলার মধ্যে ছিল।

**বাগগুহা** (Bagh Caves): মধ্য ভারত ইউনিয়নের দক্ষিণাংশে বর্তমান মধ্যপ্রদেশ রাজ্যের নর্মদার উত্তরে, বিন্ধ্যপর্বতের উত্তর সানুদেশে বাগনদীর উপত্যকায় পর্বত গাত্রে গুহা মন্দির। নিকটতম রেলস্টেশন মাউ (Mhow) হইতে ধারা (Dhara ৩৩ মা)-টানডা (১৬ মা)-হইয়া ৯০ মা। স্থানটি গবালিয়র স্টেটের অন্তর্গত হইলেও রাজধানী হইতে অনেক দূরে। প্রাচীনকালের মালব-গুর্জর পথের নিকটবর্তী এই স্থানে ৬-৭ শতকে গুহাগুলি নির্মিত। এগুলি (১) বৌদ্ধ বিহার। প্রাচীরগাত্রে অজন্টার ন্যায় চিত্র শোভিত।

অনেকগুলি গুহা নষ্ট হইয়া গিয়াছে। নন্দলাল বসু ও অসিতকুমার হালদার এইখানে গিয়া গুহার চিত্রগুলির প্রতিলিপি করেন ; সেগুলি গবালিয়রে আছে। শান্তি-নিকেতনের কলাভবনে বাগগুহার কয়েকটি প্রাচীরচিত্র অঙ্কিত আছে।

**বাগদাদ** ( Bagdad ) : ইরাকের রাজধানী ; তাইগ্রিস নদীতীরে, মোহনা হইতে ৩৪০ মা উপরে ; ইস্তানবুলের অপর পারস্থিত হায়দারপাশা স্টেশন হইতে বাগদাদ হইয়া বাসোরা পর্যন্ত রেলপথ ১৯৪০-এ নির্মিত হয়। বাগ. আন্তর্জাতিক বিমান বন্দর।··· ৭৬৩-এ খলিফ অল্ মনসুর প্রাচীন টেসিফোন ও বাবিলনের নিকট এই নগরীর পত্তন করেন। বহু শতাব্দী আরব খলিফাদের রাজধানী ছিল ; ১২৫৮-এ মংগোল সর্দার হুলাগু খাঁর দ্বারা লুণ্ঠিত ও ধ্বংসিত হয়। বহু শতাব্দী পরে ১৯২১-এ ইরাকের নূতন রাজধানী হয়। জন. প্রায় ৮ লক্ষ।

**বাগনান** ( Bagnan ) : হাওড়া জেলা ; উলুবেড়িয়া মহ.র থানা। আ. ৬৩ ব মা ; জন ১,২৪,৪৬৩ ; ঘ. ১৯৬৬। —গ্রাম প্রাচীন। এই থানার পশ্চিমে রূপনারায়ণ নদী। ( দ্র. দেউলটি, বাজেশিবপুর )

**বাগ্রাম** ( Begram ; Bagram ) : আফগনিস্তানের গ্রাম। ঘোড়বন্দ ও পঞ্জসির নদীদ্বয়ের সঙ্গমস্থলের নিকট চারিকর নামে শহরের ৫ মা পূর্বে অবস্থিত ; এখানে প্রাচীনকালের বহু স্থাপত্যাদির ধ্বংসাবশেষ আছে ; ইহা প্রাচীন কপিশা ( দ্র. ) বলিয়া অনুমিত। এখানে বুদ্ধের প্রস্তরমূর্তি আবিষ্কৃত হইয়াছে। পূর্বতন গান্ধার পদ্ধতিতে যে পাশ্চাত্য রীতি দেখা গিয়াছিল, বাগরাম-প্রস্তর মূর্তিতে তাহার পরিবর্তন পরিলক্ষিত হয় ; ইহা ক্রমশই ভারতীয় ভাবাপন্ন হইতেছে।

**বাঘা** ( Bagha ) : পূ. পাক. ; রাজসাহীর ২০ মা দ.-পূর্বের গ্রাম ; এখানে সরকারী রেশম গবেষণা অপিস।

**বাগেরহাট** ( Bagerhat ) : পূ. পাকিস্তান ; খুলনা জেলার মহকুমা ; ৭ থানা। —থানার আ. ১২৬ ব মা। ভৈরবনদতীরে। খুলনার অপর পারে রূপসা হইতে সরু রেলপথ বা. পর্যন্ত গিয়াছে ( ২০ মা )। মোটর পথ ও জলপথেও খুলনার সহিত যুক্ত। বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র। এখানে স্যর প্রফুল্লচন্দ্র রায়ের নামে লোকে 'প্রফুল্লচন্দ্র কলেজ' স্থাপন করে। জন. ১২,৬৯৬।

**বাঘমতি** ( Baghmati ) : নেপালের নদী। কাঠমণ্ডু যে উপত্যকার মধ্যে অবস্থিত বাঘমতি তাহার মধ্য দিয়া প্রবাহিত ; অতঃপর বিহারের মধ্য দিয়া বহু দূর ঘুরিয়া বুড়িগণ্ডকে পড়িয়াছে ( ২২৫ মা দীর্ঘ )।

**বাঘল** ( Baghal ) : পূর্বতন পঞ্জাবের সিমলা পার্বত্য করদরাজ্য। আ. ১২০ ব মা ; জন. ২৭,৫২৭। রাজপুত বংশীয় রাজা, রাজ্যের আয় ৫০ হা. ; কর ছিল ৩·৬ হা। ··· রাজধানী অর্কি, সিমলা হইতে ২০ মা।··· রাজা ১৮,৭০০ টাকা ভাতা পান। ১৯৪৮ হইতে হিমাচল প্রদেশের অন্তর্গত।

**বাঘাট** (Bhagat) : পঞ্জাবের সিমলার পার্বত্য করদরাজ্য। আ. ৩৩ ব মা ; জন. ১১,০২২। রাজা রাজপুত বংশীয়। কসৌলি এই রাজ্যের অন্তর্গত। রাজা ৮০,০০০ টাকা ভাতা পান। ১৯৪৮ হইতে হিমাচল প্রদেশ অন্তর্গত।

**বাগেরপাড়া** ( Bagherpara ) : পূ. পাক. ; যশোহর জেলা, সদর মহ.র থানা, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭৪ )। যশোহর-নড়াইল সড়কের উত্তরে গ্রাম অবস্থিত।

**বাঘেলখণ্ড** ( Baghelkhand ) : বাঘেল রাজপুতদের বাসভূমি হইতে মধ্য ভারতের ভূখণ্ড বিশেষের নাম। সম্ভবত ১৩-১৪ শতকে বাঘেলরা এই স্থানে উপনিবেশ গড়ে। কিন্তু বাঘেলখণ্ড এই ভৌগোলিক নাম ১৭-১৮ শতকের পূর্বে প্রচলিত ছিল না। প্রাচীন কাল হইতে এই স্থানে চেদি, কলচুরি প্রভৃতি বহু জাতির উত্থানপতন হইয়াছে। ...বাঘেলখণ্ডি হিন্দী মধ্য ভারতের কিয়দংশে ও বাঘেলি হিন্দী মধ্যপ্রদেশের বিলাসপুর প্রভৃতি জেলায় প্রচলিত। সেন্ট্রাল ইন্ডিয়ান এজেন্সির মধ্যে ১৮৭১-এ বাঘেলখণ্ড এজেন্সির সাবডিভিশন গঠিত হয়। সাতনা ( Satna ) ইহার কেন্দ্র। ১৯৩১-এ ইহাকে বুন্দেলখণ্ড এজেন্সির মধ্যে মিশাইয়া দেওয়া হইয়াছিল। ভারত স্বাধীন হইবার সময় রেবা, বারৌণ্ডা, মাইহার, নাগোদ প্রভৃতি করদরাজ্য বুন্দেল খণ্ডের মধ্যে ছিল।

**বাঙকক্** (Bangkok) : প্রদেশ থাই বা সিয়াম ( Thai-

land) রাজ্যের রাজধানী ও বন্দর ; সমুদ্র হইতে ২০ মা ভিতরে মেলাম নদীর উভয় তীরে অবস্থিত। থাই-দের প্রাচীন রাজধানী আয়ুথিয়া (অযোধ্যা)-র পতনের পর ১৭৬৭ অব্দে এখানে রাজধানী স্থাপিত হয়। এখানকার প্রাসাদ, মিউজিয়াম ও লাইব্রেরী দর্শনীয়। ২ বিশ্ববিদ্যালয় আছে। ...চাউল ও কাষ্ঠ রপ্তানির বন্দর ; নদী গভীর বলিয়া সমুদ্রগামী জাহাজ বন্দরে আসিতে পারে। জন. ১১·৭৯ লক্ষ। বড় রেল স্টেশন ও বিমান বন্দর।

**বাঙকার হিল** (Bunker Hill) : মার্কিনী স্বাধীনতা সংগ্রামের সময় বস্টন শহরের কাছে এক পর্বতে (Breed's Hill) ইংরেজদের সহিত যুদ্ধে মার্কিনীরা জয়ী হয় (১৭৭৫, জুন ১৭)।

**বাঙালবাড়ি** (Bangalbaree) : প. দিনাজপুর জেলা ; হেমতাবাদ থানার গ্রাম ; কাটিহার-রাধিকাপুর রেলপথের স্টেশন (৪৪ মা)। চাউলের জন্য বিখ্যাত।

**বাঙালি নদী** (Bangali river) : রঙপুর ও বগুড়া জেলার মধ্যে প্রবাহিত নদী ; রঙপুর শহর যে অঞ্চলে অবস্থিত তাহা ঘাঘট ও তৎপরের অংশ আলাই ও নিম্নাংশ বাঙালি নামে পরিচিত ; করতোয়ায় পড়িতেছে। ঘাঘট এককালে তিস্তার একটি প্রধান শাখা ছিল।

**বাজনা** (Bajana) : সৌরাষ্ট্র রাজ্যের অন্তর্গত পূর্বতন করদরাজ্য। আ. ১৮৩ ব মা ; জন. প্রায় ১৪ হা. ('৪১)। রাজা ব্রিটিশ ও জুনাগড় সরকারকে কর দিতেন। ...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৬৫,৫০০ টাকা ভাতা দেওয়া হয়। শহর, ধরঙ্গধর হইতে উ.-পূর্বে ২২ মা। ১৯৫৬ নবেম্বর হইতে বোম্বাই রাজ্যভুক্ত।

**বাজিতপুর** (Bajitpur) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, কিশোরগঞ্জ মহ.র থানা। আ. ৭২ ব মা।...শহর, ডাকঘর। বহু ভদ্র হিন্দুর বাস ছিল। ময়.-ভৈরব রেলপথের স্টেশন সরারচর (৬৯ মা) হইতে পূর্বদিকে গ্রাম অবস্থিত। তাঁতের কাপড় বিখ্যাত।

**বাঞ্ছারামপুর** (Bancharampur) : পূ. পাক. ; ত্রিপুরা জেলা, ব্রাহ্মণবাড়িয়া মহ.র থানা। আ. ৬৭ ব মা ; গ্রাম, ডাকঘর, বন্দর। মেঘনা তীরে। দ. কোনাকুনি নদী পার হইয়া ঢাকা জেলার বৈদ্যবাজার যাওয়া যায় ও সেখান হইতে ফতুল্লা হইয়া ঢাকা পৌঁছানো যায়।

**বাটানগর** (Batanagar) : বাটা সু কোম্পানির কারখানা নগর। ২৪-পরগনার মহেশতলা থানার গঙ্গাতীরে অবস্থিত। কলিকাতা (বেলেঘাটা)-বজবজ লাইনের নঙ্গী স্টেশন (১৪ মা) হইতে অদূরে। এখানে আধুনিক পাশ্চাত্য আদর্শে বিরাট শহর ও জুতার কারখানা স্থাপিত হইয়াছে।

**বাটুম** (Batum) : জর্জিয়া-সো. সো. রিপাবলিকের নগর ; কৃষ্ণসাগর তীরস্থ বন্দর, তুর্কী সীমান্ত অদূরে। পেট্রোলিয়াম সাফাই কেন্দ্র। বহু কল-কারখানা ও শিল্প-সংস্থা আছে। ৮ মা দূরে সোবিয়েতের বিশাল চা বাগিচা।...জন. ৭০ হা. ('৩৯)। বাকু হইতে ৬০০ মা পাইপ-লাইন দিয়া পে. আসে।

**বাড়বাকুণ্ড** (Barabakunda) : চট্টগ্রাম জেলার সদর মহকুমার গ্রাম। ঈ. বি. রেলপথে চট্টগ্রাম হইতে ২০ মা উত্তরে সীতাকুণ্ডের পরের স্টেশন। পূর্বদিকে পাহাড়ে কুণ্ডের জলের উপর সতত একটি অগ্নিশিখা দেখা যায়। কুণ্ডের জল উষ্ণ ; আয়তন মাত্র ৬ ফুট দীর্ঘ ও প্রস্থ, গভীরতা অতলস্পর্শ। শিবরাত্রির সময় যাত্রীর ভিড় হয়। নিকটস্থ পাহাড়ে কুমারী কুণ্ডেও অগ্নিশিখা দেখা যায় ; তবে তাহা বাড়বাকুণ্ডের ন্যায় অবিশ্রান্ত নহে। ...অনুমান এই সকল স্থানে পেট্রোলিয়াম আছে।

**বাণগড়** (Bangarh) : পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট মহকুমার মধ্যে পুনর্ভবা নদীর পূর্বতীরে বাণনগর বা বাণগড়ের বিস্তীর্ণ ধ্বংসাবশেষ অবস্থিত। ইহা প্রাচীন কোটিবর্ষ নগর। প্রবাদ অসুররাজ বাণের রাজধানী ছিল ; বাণরাজের কন্যা উষার সহিত শ্রীকৃষ্ণের পৌত্র অনিরুদ্ধের বিবাহ লইয়া বিবাদ হয় ; যুদ্ধে বাণ পরাভূত হন। ...বাণগড়ের ইষ্টকাদি লইয়া পার্শ্বস্থ লোকে গৃহাদি নির্মাণ করিয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে খনন কার্য করিয়া বহু মূল্যবান তথ্যাদি পাওয়া গিয়াছিল (১৯৩৪-৩৮)। ১৯৪৮-এ ইহার প্রতিবেদন প্রকাশিত হয়। কলি. বিশ্ব. আশুতোষ ম্যুজিয়ামে এইখানে-প্রাপ্ত সামগ্রীগুলি রক্ষিত আছে।

বাদুরঘাটে 'প্রাচ্য ভারতী' নামে ক্লাবেও কিছু কিছু আছে।

**বাণীপুর** ( Banipur ): ২৪-পরগনা জেলা; বারাসাত মহকুমার. হাবরা থানার অন্তর্গত গ্রাম। এখানে সমাজ উন্নয়ন পরিকল্পনা অনুসারে কার্য হইতেছে। বইগাছি শিক্ষক-শিক্ষণ বিদ্যালয় ( Basic Training ) আছে। পোঃ তাবাবেড়িয়া। হাবরা ( দ্র. ) স্টেশন হইতে ভাল সড়ক আছে।

**বাতাবিয়া** ( Batavia ): ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তা ( Jakarta )-র পূর্বতন নাম। ···ওলন্দাজ গব. জেনারেল পিটার বোট্ (Both) এইখানে (১৬১০) প্রথম ফ্যাক্টরি ও পরে শহর পত্তন ( ১৬১৯ ) করেন।

**বাতাপি** ( Vatapi ): প্রাচীন রাজধানী; অন্ধ্র-সাতবাহন সাম্রাজ্যের পতনের পর, ৬ শতকের মধ্যভাগে বাতাপি-পুরে পুলকেশী ( ১ম ) চালুক্য রাজ্য স্থাপন করেন। এই বাতাপি বর্তমান বাদামি ( দ্র. )। ···৭৫৩-এ রাষ্ট্রকূটদের আক্রমণে বাতাপিপুরের চালুক্য বংশের প্রাধান্য বিনষ্ট হয়।

**বাথারস্ট** ( Batharst ): পশ্চিম আফ্রিকার ব্রিটিশ কলোনী গামবিয়া ( Gambia ) রাজ্যের রাজধানী; একটি দ্বীপে অবস্থিত। জন. প্রায় ২০ হা.।

**বাঁদরবন** (Bandarban): পূ. পাক.; পার্বত্য চট্টগ্রাম জেলা, রাঙামাটি মহ. র থানা। আ. ৪৫৭ ব মা। সাত-কানিয়া হইতে সড়ক আছে।

**বাদল** (Badal): পূ. পাক.; দিনাজপুর জেলার গ্রাম; এখানে পালবংশীয় রাজা নারায়ণপালের স্তম্ভলিপি পাওয়া গিয়াছে; প্রশস্তি লেখক গুড়মিশ্র। স্তম্ভে গরুড়ের মূর্তি থাকায় ইহা গরুড়স্তম্ভ নামেও খ্যাত।

**বাদলগাছি** (Badalgachi): পূ. পাক.; রাজসাহী জেলা, নওগাঁও মহ. র থানা। আ. ৮১ ব মা। ন. র উত্তরে রাস্তার ধারে গ্রাম; ডাকঘর।

**বাদাকশন** (Badakshan): আফগনিস্তানের একটি ক্ষুদ্র প্রদেশ; পৃথিবীর মধ্যে এই স্থানেই সর্বোৎকৃষ্ট Lapis lazuli ও অন্যান্য মূল্যবান প্রস্তর পাওয়া যায়। উত্তরে তাজিকস্তান সো. রিপাবলিক; দ.-পূর্বে পাকিস্তান। ইহারই সংকীর্ণ ওয়াখান (Wakhan)-অঞ্চল চীনের সিনকিয়াং-কে স্পর্শ করিতেছে। আ. ২০ হা. ব মা; জন. ৪·৫০ লক্ষ। প্রধান শহর ফয়জাবাদ। ১৮৯৫-এ রুশের সহিত পন্জ ( Panj ) নদী বরাবর সীমানা নির্দিষ্ট হয়।

**বাদামপাহাড়** ( Badampahar ): ওড়িশা; ময়ূরভঞ্জ জেলার গরুমহিষানী ও বাদামপাহাড় অঞ্চলে প্রচুর লৌহআকর পর্বত আছে। জামসেদপুরের লৌহ-ইস্পাত কারখানায় এই চুর লওয়া হয়। টাটানগর জং. হইতে শাখা রেলপথে ৫৬ মা।

**বাদামি** (Badami): চালুক্য রাজাদের রাজধানী বাতা-পির ( Vatapi ) আধুনিক নাম। বোম্বাই ( বর্তমান মহীশূর ) রাজ্যের বিজাপুর জেলার তহশীল ও শহর; হুবলি-সোলাপুর রেলপথের স্টেশন ( ৭৮ মা )। জন. ৬,৮০৯। সমবায় ব্যাংক। ···নগর একটি পাহাড়ের নীচে ও হ্রদের তীরে সুরম্য পরিবেশের মধ্যে অবস্থিত। পাহাড়ের চতুর্স্তম্ভ যুক্ত কয়েকটি গুহা খোদিত; একটি গুহার শিলালেখ হইতে জানা যায় পুলকেশীর পুত্র মঙ্গ-লিসা ৫৭৮ অব্দে এখানে রাজধানী স্থাপন করেন। ভাস্কর্য দক্ষতা বাহিরে নাই, কিন্তু অভ্যন্তরে আছে। একটি খোদিত গুহা ৭০'×৬৫'×১৫'। ১৪টি স্তম্ভ ছাদকে ধরিয়া আছে। এসব ছাড়া ধ্বংসিত মন্দিরও অনেক।

**বাদাহস্** ( Badzos ): স্পেনের নগর; গোয়াদিয়ানা নদীতীরে; অবস্থানিক গুরুত্বের জন্য বিখ্যাত স্থান; পোর্তুগীজ সীমান্ত হইতে ৪ মা দূরে। জন. শহরতলী সমেত ৫৬ হা.।

**বাদুড়িয়া** ( Baduria ): ২৪-পরগনা জেলার বসিরহাট মহ.র মিউনি. শহর; ইছামতী তীরে; কলিকাতা-বনগাঁ রেলপথের মসলন্দপুর ( ৩৪ মা ) হইতে ভাল পথে মোটর সার্বিস আছে ( ৪ মা )। জন. ১৬,৩৮৫। ...থানার আ. ৮১ ব মা; জন. ৮৯,৫৯২; ঘ. ১,১০৬। বাদুড়িয়ার নিকট হায়দারপুর গ্রামে তিতুমীরের জন্ম-স্থান। ডাক; টেলিগ্রাফ; স্কুল; রেজি. অপিস।

**বাদুল্লা** ( Badulla ): সিংহলের শহর; (জন. ১৩,২৩১)। কোলোম্বো হইতে রেলপথে বন্দরবেল্লা হইয়া বাদুল্লা ১৮২ মাইল। অতি মনোহর প্রাকৃতিক দৃশ্যের মধ্যে

এই জনপদ। এখানকার মুটিয়ানগনে রবিহার ও কটরগামের দেউল বিখ্যাত। সাড়ে ৩ মা দূরে হুনহিলদে জলপ্রপাতে জলবিদ্যুৎ পরিকল্পনা গৃহীত হইয়াছে।

**বান্‌ডুঙ** (Bandung ; Bandoeng) : জাভাদ্বীপের শহর; জাকার্তার দক্ষিণে গুন্‌টুর আগ্নেয়গিরির নিকট ; শিল্প ও বাণিজ্য কেন্দ্র। জন. ১,৬৭,০০০। টেক্‌নিক্যাল কলেজ ; শক্তিশালী রেডিও স্টেশন। এখানে ১৯৫৪ এপ্রিল মাসে (১৮-২৪) আফ্রিকা-এশিয়ার ২৯টি জাতির প্রতিনিধিদের বৈঠক বসে ; এই দুই মহাদেশের নিপীড়িত জাতিদের উন্নতি ও আত্মকর্তৃত্ব সম্বন্ধে আলোচনা হয়। এশিয়া ও আফ্রিকার স্বাধীন দেশসমূহের এই প্রথম সম্মেলনে শান্তি ও সহযোগিতা বিষয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রস্তাব গৃহীত হয়।

বান্‌ডুঙ-সম্মেলনে যোগদানকারী রাষ্ট্র : ১ আফগনিস্তান, ২ ভিয়েৎনাম, ৩ ভিয়েৎমিঙ, ৪ লাও, ৫ কম্বোডিয়া, ৬ মিশর, ৭ সুদান, ৮ গোল্ড কোস্ট বা গানা, ৯ লিবেরিয়া, ১০ ইথিওপিয়া, ১১ ইরাক, ১২ লিবিয়া, ১৩ ইরান, ১৪ সিরীয়া, ১৫ লেবানন, ১৬ জর্দন, ১৭ মধ্য-আফ্রিকান ফেডারেশন, ১৮ সউদি আরাবিয়া, ১৯ য়েমেন, ২০ নেপাল, ২১ চীন, ২২ ভারত, ২৩ পাকিস্তান, ২৪ জাপান, ২৫ তুর্কী, ২৬ প্রদেশথাই, ২৭ ফিলিপাইনস, ২৮ ইন্‌দোনেশিয়া, ২৯ বর্মা।

**বান্‌দা, বাঁদা** ( Banda ) : উত্তর প্রদেশ রাজ্য ; ঝাঁসী বিভাগের জেলা। জেলার আ. ২,৯১৩ ব মা ; জন. ৭,২২,৫৬৮। ...এই জেলায় কালিঞ্জর দুর্গ ও চিত্রকূট পর্বত অবস্থিত। ...শহর ( জন. ৩০,৩২৭ ) জেলা ও মহকুমার সদর ; কলিকাতা হইতে ইলাহাবাদ-মানিকপুর হইয়া ৭১৬ মা। ব্যাংক : ইলাহাবাদ, সেন্‌ট্রাল, সমবায়।

**বানপুর** (Banpur) : নদীয়া জেলা ; কৃষ্ণনগর সদর মহ.র কৃষ্ণগঞ্জ থানার গ্রাম ও পশ্চিমবঙ্গের সীমান্ত রেল স্টেশন ; ইহার পর পূ. পাকিস্তানের সীমান্ত স্টেশন দর্শনা। ভারতের পক্ষ হইতে এখানে ভিসা প্রভৃতির পরীক্ষা হয়। কলিকাতা ( শিয়ালদহ ) হইতে ৬৯ মা। ...এই স্থানের নিকটে মাটীয়ারি গ্রামে কৃষ্ণনগর রাজবংশের আদি রাজধানী ছিল।

**বানরীপাড়া** ( Banripara ) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা, পিরোজপুর মহ.র থানা ও গ্রাম। ঝলায়হাট ঘাট হইতে নিয়মিত স্টীমার যায়। এককালে সম্পন্ন হিন্দু মধ্যবিত্তদের বাস ছিল। এখানকার কায়স্থরা কৌলীন্যের জন্য খ্যাত।

**বান্নু** ( Bannu ) : প. পাকিস্তানের উ.-প. সী. প্রদেশের জেলা। জেলার উত্তরে ও পশ্চিমে ওয়াজিরস্তানের পর্বতমালা। পূ.—কোহাট ও মিয়ানওয়ালি ( পঞ্জাব ) জেলা ; দ.— ডেরাইসমাইল খাঁ। আ. ১,৬৯৫ ব মা জন. ৩·০৬ লক্ষ।...দেশ শুষ্ক, বারিপাত মাত্র ১২″। জলসেচনের উপর ৩০% কৃষির নির্ভর।... প্রাচীন যুগে হিন্দু, বৌদ্ধ ও গ্রীক সভ্যতা ও সংস্কৃতির কেন্দ্র ছিল। ১৮৩৮-এ এই অঞ্চল শিখদের ও ১৮৪৮-এ ব্রিটিশদের দখলে আসে। ...দাউদখেল হইতে সরু রেলপথে বান্নু শহর ৯৪ মা।

**বানিয়াচং** ( Baniachong ) : পূ. পাক. ; সিলেট জেলা ; হবিগঞ্জ মহ.র গ্রাম ; ইহা নাকি এককালে ভারতের বৃহত্তম গ্রাম ছিল ; জনসংখ্যা ছিল ৩০,০০০। ...হবিগঞ্জ হইতে ১৬ মা ও আজমিরিগঞ্জ ঘাট হইতেও প্রায় ততখানি পথ। গ্রামটি পরিখা ও মাটির প্রাচীর দিয়া ঘেরা। জনশ্রুতি কান্যকুব্জ হইতে কেশব মিশ্র ব্যবসায়সূত্রে এতদঞ্চলে নৌকাযোগে আসেন ও এই স্থানে গ্রাম পত্তন করেন।... কেশব মিশ্রের পৌত্র গোবিন্দ খান মুসলমান হইয়া হবিব খান নাম লন।

**বানিহাল** ( Banihal ) : কাশ্মীরের গ্রাম ; অনন্তনাগ হইতে ২০ মা দক্ষিণে ; মেষ-আবাদ ও গবেষণাবাড়ি। নিকটে শ্লেট পাথরের স্তর আছে।... বানিহাল পাস ( B. Pass )—জম্মু-শ্রীনগর সড়কের গিরিপথ ; পীর পাঞ্জাল পর্বতমালার পূর্বাংশে অবস্থিত। জম্মু হইতে চেনাব নদীর উপত্যকা দিয়া শ্রীনগরের পথ ; বানিহাল পথ ৯,২৯০ ফুট উচ্চ। শীতকালে এপথ দুর্গম। ভারত ও কাশ্মীর সরকার এইখানে সুড়ঙ্গ কাটিয়া পথ নির্মাণ করিতেছেন ; এই পথ দিয়া বারোমাস মোটর চলাচল সম্ভব হইবে। একাংশ ১৯৫৬ সালের শেষভাগে খোলা হইয়াছে।

**বানোকবার্ন** ( Bannockburn ) : স্কটলন্ড ;

স্টারলিংশায়ারের ক্ষুদ্র শহর। ১৩১৪, জুন ২৪ এখানে রবার্ট ব্রুস ইংলনডের রাজা ২য় এডোয়ার্ডকে পরাভূত করিয়া স্কটলনড স্বাধীন করেন।

**বানোদ** ( Vanod, Wanode ): সৌরাষ্ট্রের অন্তর্গত পূর্বতন কাঠিয়াওয়াডের করদরাজ্য। আ. ৫৭ ব মা। ব্রি. সরকারকে কর দিতে হইত।... রাজা ৩৮,৪৩০ টাকা ভাতা পান। বর্তমানে বোম্বাই রাজ্যভুক্ত।

**বাণ্ডেল, বান্ডেল** (Bandel): হুগলি জেলার শহর ও রেল জংশন; কলিকাতা হইতে ২৫ মা। বন্দর শব্দ হইতে বাণ্ডেল হইয়াছে বলিয়া অনুমান। ১৬ শতকে এই স্থানে পোর্তুগীজরা বাণিজ্যকেন্দ্র গড়ে। ১৫৯৯-এ এখানে তাহারা যে-গির্জা ঘর নির্মাণ করে, তাহা ১৬২৬-এ মুঘলরা ধ্বংস করে। ১৬৬০-এ নূতন চার্চ নির্মিত ও ১৮৮০-এ বাড়ানো হয়। বাদশাহী ফারমানে পাদরীরা ৭৭৭ বিঘা জমি দেবত্র ভোগ করে।...বাণ্ডেলে বিরাট রেলওয়ে কলোনী। এখান হইতে নৈহাটি পর্যন্ত রেলপথ গঙ্গা পার হইয়া ( জুবিলি ব্রিজ, ১৮৮৭ ) গিয়াছে। অন্য রেলপথ বারহারোয়া গিয়াছে।

**বাপাটলা** (Bapatla): অন্ধ্র রাজ্য; গুনটুর জেলার তালুক ও শহর। শহর ( জন. ২২,৪২৪ ) শস্যের বাজার। ব্যাংক: অন্ধ্র, স্টেট, বাপাটলা।...চোল রাজাদের মন্দির ও অন্যান্য সৌধাদির ধ্বংসাবশেষ আছে। ...কৃষি ডিগ্রী কলেজ।

**বাফীন উপসাগর** (Baffin Bay): আরকটিক মণ্ডলে বাফীন দ্বীপ ও গ্রীনলনড-এর মধ্যস্থিত উপসাগর; ৮০০ মা দীর্ঘ ও ২৮০ মা প্রস্থ; ১৬১৬ অব্দে উইলিয়াম বাফীন কর্তৃক উত্তর-পশ্চিম সমুদ্রপথ আবিষ্কার চেষ্টা-কালে আবিষ্কৃত। দ্বীপের বাসিন্দারা এস্‌কিমো।

**বাবা বুদন** (Baba Budan): মহীশূর রাজ্যের কাদুর জেলার পর্বত; পূর্ব নাম চন্দ্রগিরি। উচ্চতম শিখর মুলাইনাগিরি ৬,৩১৭ ফুট উচ্চ। এই পর্বতে প্রচুর লৌহচুর আছে; এবং ইহা মহীশূরের লৌহ-ইস্পাত কারখানায় ব্যবহৃত হয়।...১৭ শতকে বাবা বুদন নামে এক ফকির আরাবিয়া হইতে কফী বীজ আনিয়া রোপন করেন। সেই হইতে এই অঞ্চলে কফীর চাষ প্রবর্তিত হয়। ১৮৪০—৫০-এর মধ্যে পাশ্চাত্য পদ্ধতিতে কফী চাষের উন্নতির সূত্রপাত হয়। বাবা বুদনের কবর-স্থানকে হিন্দুরা দত্তাত্রেয় পীঠ জ্ঞানে পূজা করে।

**বাবিলোন** (Babylon): বাব্-ইলু ( দেব-দ্বার ); সংস্কৃত ববেরু। মেসোপটেমিয়ার প্রাচীন নগর। ইরাক রাজ্যের ইউফ্রাতিস নদীতীরে অবস্থিত ছিল; এখন প্রায় নদীতীর হইতে ১০ মা দূরে। বর্তমান বাগদাদের ৫৫ মা দক্ষিণে। হামুরাবি নামে রাজার সময়ে গৌরবের যুগ।... অসুরীয় সম্রাট সেনাকরীব কর্তৃক ধ্বংসিত হয় ( খ্রী. পূ. ৭ম শতক )। নেবুকাডনজরর ( মৃ. ৫৫২ খ্রী. পূ. ) সময়ে পুনর্প্রতিষ্ঠ হয়। রানীর মনোরঞ্জনার্থে কৃত্রিম পাহাড় ও উদ্যানাদি নির্মাণ করেন; ইহা বাবিলনের ঝুলানো বাগান (Hanging garden) নামে পৃথিবীর সপ্তাশ্চর্যের অন্যতম দর্শনীয় স্থান ছিল। এই নগরীতে আলেক্‌জেন্দারের মৃত্যু হয়।

**বাবিলোনিয়া** (Babylonia): প. এশিয়ার প্রাচীন রাজ্য; ভারতীয় সাহিত্যে বভেরু নামে পরিচিত। বর্তমান ইরাক রাজ্যে তাইগ্রিস-ইউফ্রাতেস নদীর দোয়াবে অবস্থিত ছিল। আদি যুগে নদী দুইটি পৃথক ভাবে পারস্য সাগরে পড়িত। সেই যুগে এই মোহনার নিকট সুমেরীয় (Sumerian) নামে এক সুসভ্য জাতির বহু নগরীর পত্তন হয়; বহু শতাব্দী ইহারা বিচ্ছিন্নভাবে রাজত্ব করে; উর, ইরিদু, উরুক, লরসা, লগস, নিপুর, কিশ প্রভৃতি স্থানে মাটির তলদেশ হইতে প্রাপ্ত প্রত্নতাত্ত্বিক উপাদান হইতে এই সকল স্থানের ইতিহাস রচনার চেষ্টা হইয়াছে। খ্রী. পূ. ৩০ শতকের শেষভাগে আমোরাইট ( Amorite ) নামে আর একটি জাতির অভ্যুদয় হয়। এই বংশের রাজা হামুরাবি তাঁহার জন্মভূমি বাবিলু ( Babylon )-এ রাজধানী স্থাপন করেন। ইনি ইতিহাসের প্রথম আইন সং-গ্রাহক; অষ্টকোণ ঢোলকাকৃতি পাথরে আইনগুলি খোদাই করা। ( খ্রী. পূ. ১৭৯১-৯৯ )। হামুরাবির বংশধরগণ বহু শতাব্দী রাজত্ব করেন। তৎপরে এখানে আসে কাসাইত ( Kassite ) নামে উপজাতি; ইহারা অশ্ব ব্যবসায়ী ও অশ্বারোহী; এই নূতন বাহন-বলে ইহারা অচিরে দোয়াবের উপর প্রভুত্ব স্থাপন করে। এই বর্বর ও দুর্ধর্ষ জাতির লোকে বাবিলনীয় সভ্যতা ও

সংস্কৃতি, তাহাদের ভাষা সবই গ্রহণ করে। অতঃপর অসুরীয় জাতি বাবিলনিয়া দখল করে; ইহারা বাবিলনীয়লিপি প্রভৃতি গ্রহণ করে; কিন্তু নিজ ভাষা বজায় রাখে। ইহাদের রাজধানী নিনেভায় ছিল (দ্র. অসীরিয়া)। অসুরীয় সম্রাট সেন্নাচেরেব দিগ্বিজয়ে বাহির হইয়া বাবিলন মহানগরী জয় করিয়া ধ্বংস করেন (৬৮৯)। ...অসুরীয়দের পতনের পর আর একবার বাবিলনীয়রা মাথা খাড়া করিয়া উঠে; কালদীয় বংশের আবির্ভাব হইল (৬২৫) ও এই বংশের নেবুকাডনজর (খ্রী. পূ. ৬০৪—৫৬১) পারস্য সাগর হইতে মিশর সীমান্ত পর্যন্ত রাজ্য বিস্তার করেন; কিন্তু দীর্ঘকাল এই সাম্রাজ্য টিঁকিল না। এবার পারসিকরা আসিল; বাবিলনিয়া পারসিক সাম্রাজ্য অন্তর্গত (৫৩৯) হইল। তদনন্তর আলেকজেন্দারের দ্বারা অধিকৃত হয় (৩৩১)। আলেকজেন্দার দিগ্বিজয় করিয়া বাবিলন নগরীতে আসিয়া দেহত্যাগ করেন। তাঁহার ইচ্ছা ছিল প্রাচ্য ও প্রতীচ্যের এই সঙ্গম স্থল বাবিলনে তাঁহার রাজধানী করিবেন। বাবিলনিয়ার ইতিহাস প্রায় সমস্তই মৃত্তিকা খনন করিয়া উদ্ধার করা হইয়াছে। ইহাদের লিপিকে কীলকাক্ষর (Cuneiform) বলা হয়। কাদার টালিতে নরম থাকিতে নরুনের মত কলম দিয়া চাপিয়া চাপিয়া লেখা হইত। লেখ 'বই' রোদে শুকাইয়া বহু ক্ষেত্রে পোড়াইয়া ব্যবহার্য করার রীতি ছিল। বাবিলনীয়রা ভাল জ্যোতিষী ছিল। আমদের সপ্তাহের 'বার' তাহাদের দান।

**বাবুগঞ্জ** (Babuganj): বাগরগঞ্জ জেলা; বরিশাল মহ.র থানা। আ. ৫৬ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অফিস।

**বাবেল মনডব** (Bab el mandab): এশিয়া ও আফ্রিকার মধ্যে লোহিত সাগর ও আরব সাগরের সংযোজক প্রণালী। প্রস্থ ১৫ মা। ডুবা-পাহাড়ে ধাক্কা লাগিয়া পূর্বকালে জাহাজ ডুবি হইত বলিয়া আরবরা ইহাকে অশ্রুদ্বার বলিত।

**বাভেরিয়া, বেয়ার্ন** (Bavaria, Bayern): পশ্চিম জারমানির একটি প্রদেশ (Lander)। আ. ২৭, ১১২ ব মা; জন ৯১'১০ লক্ষ। উদ্‌বাস্তু ২১'৫০ লক্ষ। রাজধানী মিউনিক (Munich)। বাভেরিয়া শিক্ষা ও শিল্পে উন্নত দেশ। মিউনিক বিশ্ববিদ্যালয়ে দশ সহস্রের উপর ছাত্র আছে; এছাড়াও অনেকগুলি বিশ্ববিদ্যালয় বিশেষ বিশেষ বিদ্যার জন্য প্রসিদ্ধ।

**বামণ্ডা, বামড়া** (Bamra): পূর্বতন ঈ. স্টেটস এজেন্সির করদরাজ্য। প.—সম্বলপুর জেলা; উ.—গাংপুর ও বোনাই; পূ.—পাললহরা, তালচের; দ.—অংগুল ও রেরাখোল। দেশ পার্বত্য; ব্রাহ্মণী নদী পূর্বদিকে। আ. ১,৯৭৪ ব মা; জন. ১,৭৮,২৭৭ ('৪১)। বাসিন্দা ওড়িয়া ও মুণ্ডা। রাজধানী দেবগড় বা বামড়া। ...১৭ শতক হইতে রাজবংশের ইতিহাস পাওয়া যায়। ১৯৪৮ হইতে ভারতভুক্ত। ভারতভুক্ত হইবার পর রাজা ৯৫,৩০০ টা. বার্ষিক ভাতা পাইতেছেন। ...বর্তমান ওড়িয়া রাজ্যের জেলা সম্বলপুরের অন্তর্গত মহকুমা (দেবগড়)। —বামড়া কলিকাতা-নাগপুর রেলের স্টেশন (২৯৭ মা) হইতে ৪০ মা দক্ষিণে।

**বামনগোলা** (Bamangola): মালদহ জেলার থানা; পুনর্ভবা ও টাংগন নদীর মধ্যে। এই থানার সীমান্তপারে পূর্ব পাকিস্তানের রাজসাহী জেলা। আ. ৭১ ব মা; জন. ৩৯,৭৬৫; ঘ ৪৯৮। —গাজোল হইতে গ্রাম পর্যন্ত পথ।

**বামনঘাটি** (Bamanghaty): ওড়িশা; ময়ূরভঞ্জ জেলার মহকুমা। —আ. ৭৩৭ ব মা; জন. ২,৬০,২২০। থানা ৩। লৌহচুর আকর গরুমহিষানি এই মহকুমার অন্তর্গত। ... টাটানগর হইতে ওনলাজুড়ি জংশন হইয়া রেলপথ গরুমহিষানি (৪০ মা) ও বাদামপাহাড় গিয়াছে (৫৬ মা)।

**বামনা** (Bamna): পূ. পাক; বাখরগঞ্জ জেলা, পিরোজপুর মহ.র থানা। আ. ৩৪ ব মা। গ্রাম, ডাকঘর। বিষখালী নদীতীরে। ঝালকাটি-বড়গুনা স্টী. পথে ২৮ মা।

**বামরুলি** (Bamrauli): ইলাহাবাদের ৮ মা দূরে বিমান বন্দর। নিখিল ভারত গ্লাইডিং (Gliding) ইনস্টিটিউটের কেন্দ্র।

**বামাকো** (Bamako): আফ্রিকা; ফরাসী সুদানের রাজধানী, আপার নাইজার নদীতীরে। ২ মা দূরে

কুলুবা (Koulouba) শাসন কেন্দ্র। জন. ১ লক্ষ। বহু শিল্পসংস্থা ও কারখানা; বিমান বন্দর; ফ্লাইং-ক্লাব; মেডিক্যাল স্কুল প্রভৃতি।

**বামিয়ান** (Bamian, Bamiyan): আফগনিস্তানের কাবুল প্রদেশের শহর। জন. ৮ হা.। কোহিবাবা পর্ব্বতের পাদদেশে, কাবুল হইতে ৫০ মা উ.-পশ্চিমে। ৮,৩৪৮ ফুট উচ্চ মালভূমে অবস্থিত। মধ্যএশিয়া হইতে কাবুল উপত্যকায় আসিতে হইলে নিকটস্থ গিরিপথ অতিক্রম করিতে হয়; আলেকজেন্দার এই পথ দিয়া প্রবেশ করেন। এককালে এই স্থান বৌদ্ধধর্ম ও সংস্কৃতির কেন্দ্র ছিল; পর্বতগাত্রে বহু খোদিত গুহা-মধ্যে বৌদ্ধ ভিক্ষুরা বাস করিতেন। ...বামিয়ানের বেলেপাহাড় খোদাইকরা দুই বিশাল বুদ্ধমূর্তি আছে (১৭৫ ও ১১৫ ফুট)। বড় মূর্তির পর্বতগাত্রে কুলুঙ্গি-গুলিতে বহু রঞ্জিত চিত্র বা ফ্রেস্‌কো ছিল; ছোট মূর্তি সম্পূর্ণভাবে খোদাই নহে। দেহাংশ মাটি চুন দিয়া গড়া; তার উপর সোনালি রং। ৬৩০ অব্দে হুয়েন্-ৎসাঙ এই অঞ্চল দিয়া ভারতে প্রবেশ করেন; তিনি ভাবিয়াছিলেন মূর্তিটি ধাতুনির্মিত।...এখানে একটি গুহা আছে, যাহার তলদেশ চতুষ্কোণ, কিন্তু উপরাংশ গম্বুজাকৃতি। ...৭ শতকে এখানে বৌদ্ধ রাজারা বাস করিতেন। ...বামিয়ানে বৌদ্ধধর্ম ও ভারতীয় সভ্যতা লোপ পাইবার প্রায় তেরো শত বৎসর পর বিংশ শতকে ফরাসী প্রত্নতাত্ত্বিকেরা গুহাগুলি আবিষ্কার করেন।

**বায়ো** (Bayeux): ফ্রান্‌সের উ.-পশ্চিমস্থিত প্রাচীন ক্ষুদ্র শহর। এখানকার বিখ্যাত টাপেস্ট্রি (B. Tapestry) বা কন্থায় নর্মান্ডির ডিউক উইলিয়ামের ইংলন্‌ড-বিজয় কাহিনী সূচীর দ্বারা তোলা। ইহা ২৭০ ফুট দীর্ঘ ও ২০ ইঞ্চি প্রস্থ। বহুকাল অযত্নে পড়িয়াছিল; ১৮৪২-এ প্যারিসের ল্যুভের মিউজিয়ামে আনা হয়।

**বারওয়ানী** (Barwani): মধ্যভারত ইউনিয়নের পূর্বতন করদরাজ্য। সাতপুরা পর্বতমালার উত্তরে ও নর্মদা নদীর দক্ষিণে অবস্থিত। আ. ১,১৮১ ব মা; জন. ১,৭৬,৬৬৬ ('৪১)। রাজ্য ১৪ শতকে প্রতিষ্ঠিত। ...রাজবংশ শিশোদিয়া রাজপুত। রানা ১১ তোপ সম্মানাধিকারী ছিলেন। ... রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,৪৫,০০০ টা. ভাতা দেওয়া হয়।... শহর; জন. ১৩,৮৮৭। নর্মদার নিকট; রেলপথ নাই। ...বর্তমানে ইহা বোম্বাই রাজ্য অন্তর্গত।

**বারওয়ালা** (Barwala): সৌরাষ্ট্র অন্তর্গত পূর্বতন কাথিওয়াড়ের করদরাজ্য, বর্তমানে বোম্বাই রাজ্যভুক্ত। আ. ৪৫ ব মা। ... রাজা ৩৬,৫১০ টাকা ভাতা পান।

**বারগেন** (Bergen): নরওয়ে-র দক্ষিণ উপকূলে অবস্থিত বন্দর-নগর, মৎস্য ও বিশেষ করিয়া কড্ মাছ শীকার ও রপ্তানির কেন্দ্র। এখানে সামুদ্রিক জীব গবেষণাগার আছে; প্রতি বৎসর মৎস্য ব্যবসায়ীদের আন্তর্জাতিক সম্মেলন বসে।...বিশ্ববিদ্যালয়, বহু সাংস্কৃতিক প্রতিষ্ঠান, শিল্প ও বাণিজ্য কেন্দ্র। জন. ১'১০ লক্ষ।

**বারদী** (Baradi): পূ. পাক; ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার মেঘনা তীরবর্তী গ্রাম; এখানে লোকনাথ ব্রহ্মচারী (জন্ম. ১৭৩০) নামে এক সাধক ছিলেন, ইনি 'বারদীর ব্রহ্মচারী' নামে পরিচিত।

**বারবাদোস** (Barbados): পশ্চিম ইন্‌ডিসের উইন্ড্-ওয়ার্ড দ্বীপপুঞ্জের পূর্বে অবস্থিত ব্রিটিশ কলোনী; ১৬২৭ হইতে ইংরেজদের হাতে বরাবর আছে। আ. ১৬৬ ব মা; জন. ২'২০ লক্ষ। অধিবাসীর অধিকাংশ ইংরেজি ভাষী নিগ্রো। এই কলোনীতে জনসংখ্যা অত্যধিক, বর্গ মাইলে ঘনতা ১,১৬১। আর কোনো দেশে এত ঘনতা দেখা যায় না। চিনি ও তুলা প্রধান উৎপন্ন ও রপ্তানি সামগ্রী। রাজধানী ব্রিজ্‌টাউন।

**বারবারি** (Barbary): উ. আফ্রিকার পুরাতন নাম। বার্বার (Barber) নামে অনির্দিষ্ট সংজ্ঞায় অধিবাসীরা পরিচিত ছিল। বর্তমানের ত্রিপোলি, টিউনিসিয়া, অল-জেরিয়া, মরোক্ক প্রভৃতি দেশের উপকূল ছিল জল-দস্যুদের আড্ডা। আটলাস পর্বতমালার দেশীয় নাম বারবারি অদ্রি।

**বারবারিকে** (Barbarike): সিন্ধুনদের মোহনার একটি শাখা নদীতীরে আলেকজেন্দার যে শহর করেন, তাহার নাম বারকে (Barke; তুলনীয় Bark, Barque, embark); প্‌টলেমির ভূগোলে বারবারি (Barbari) নামে বন্দর ও 'পেরিপ্লাস' গ্রন্থে Barbarike

emporium-এর উল্লেখ আছে। খ্রী. ২ শতক পর্যন্ত এই শাখা নদী কিয়দ্দূর নাব্য ছিল ; ইহার ভারতীয় নাম ভম্বুরা (Bhambura).

**বারমিংহাম** (Birmingham) : লন্ডন ছাড়া ইংলন্ডের বৃহত্তম নগরী। জন. ১১'১২ লক্ষ। প্রধানত ধাতব শিল্পের কেন্দ্র। প্রায় সকল প্রকার জিনিসই কারখানায় প্রস্তুত হয়—রেলইনজিন, মোটরগাড়ি, রেলগাড়ি, অস্ত্র-শস্ত্র, যন্ত্রপাতি, কাঁচের জিনিস প্রভৃতি। বিশ্ববিদ্যালয়ের সূত্রপাত হয় ১৮২৮-এ।

**বারমুডা** (Bermuda) : ব্রিটিশ ক্রাউন কলোনী ; অতলান্তিক মহাসাগরে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক হইতে ৬৭৭ মা দূরে প্রায় ৩০০ ক্ষুদ্র দ্বীপের সমষ্টিগত নাম ; ২০ দ্বীপে বসতি আছে। বর্তমানে ব্রিটিশ ও মার্কিন নৌ ও বিমান ঘাঁটি।...আ. ২২ ব মা ; জন. ৪০ হা.। রাজধানী—হামিলটন।...১৫১৫ স্পেনীশ নাবিক de Bermudez কর্তৃক আবিষ্কৃত ; ১৬৪৮-এ ইংরেজ অধিকারে আসে।...

**বারমুলা** (Bermula) : কাশ্মীর রাজ্যের জেলা ও শহর ; ঝিলাম নদীতীরে। ঝিলামের অপর পারে হুস্কপুর, কনিষ্কের পুত্র হুবিষ্ক কর্তৃক প্রতিষ্ঠিত। জন. ১৭,০৬৪। জম্মু-কাশ্মীর ব্যাংক ও সমবায় ব্যাংক। বিতস্তা নদী হইতে যে জল-বিদ্যুৎ উৎপাদিত হয় তদ্দ্বারা কাশ্মীর উপত্যকা আলোকিত এবং শ্রীনগরের রেশম ও পশম কারখানাগুলি পরিচালিত হয়।

**বারমের** ( Barmer ) : রাজস্থানের জেলা। জোধপুর-বিভাগের শুষ্ক অঞ্চলমধ্যে অবস্থিত। পার্বত্য, শিলা ও মরুময় দেশ। পাকিস্থানের সিন্ধুদেশ সংলগ্ন। আ. ৯,৭৩৪ ব মা ; জন ৪,৪১,৩৬৮ ; ঘনতা ৪৫। জেলায় সাজিমাটির আকর আছে। —শহর, জন. ২০,৮১২।

**বারসিলোনা** ( Barcelona ) : স্পেনীশ বার্থেলোনা ; স্পেনের ভূমধ্যসাগরতীরস্থ বন্দর ও নগর। মাদ্রিদের পরেই স্পেনের দ্বিতীয় নগর ও শ্রেষ্ঠ বন্দর। বয়ন ও কাগজ শিল্প প্রধান। বিশ্ববিদ্যালয়, মিউজিয়াম, গ্রন্থাগার প্রভৃতি বিখ্যাত। ইহা কাটালান দেশে অবস্থিত। জন. ১২'৭৭ লক্ষ।

**বারসোদা** ( Varsoda ) : বোম্বাই রাজ্য ; পূর্বতন মহীকণ্ঠের করদরাজ্য। আ. ১১ ব মা। বড়োদাকে কর দিতে হইত। রাজা ১২,৫০০ টাকা ভাতা পান।

**বারহাট্টা** (Barahatta) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, নেত্রকোনা মহ.র থানা। আ. ৭৩ ব মা। ময়.-মোহনগঞ্জ শাখা রেলপথের স্টেশন ( ৪৮ মা )।

**বারসলীগঞ্জ** ( Warsleganj ) : বিহার ; গয়া জেলা, নওয়াদা মহ.র থানা। আ ৭৮ ব মা ; জন. ৭১,৩৮০ ; ঘনতা ৯১৫। —শহর ( জন. ৭৭৭৩ ) গয়া-কিউল রেলপথের স্টেশন ( ৪৯ মা ) নওয়াদা হইতে ১২ মা।

**বারহারোয়া** ( Barharwa ) : বিহার ; সাঁওতাল পরগনা জেলা, রাজমহল মহকুমার থানা ও গ্রাম। থানার আ. ৭২ ব মা; জন. ৪১,৬৭৯ ; ঘনতা ৫৭৩। হাওড়া-ব্যাণ্ডেল লুপলাইন ( ১৮৫ মাইল ) এবং হাওড়া-খানা লুপ লাইন ( ১৭৭ মাইল ) বারহারোয়া জংশনে মিলিয়াছে। ...কিছুকাল হইতে ব্যাণ্ডেল-বারহারোয়া লাইনের বার.-র পূর্বে কয়েক মাইল গঙ্গায় ভাঙ্গিয়া গিয়াছে। ঐ লাইনের ট্রেনগুলি বার. হইতে ১৮ মা দূরে ধুলিয়ানগঙ্গা স্টেশন পর্যন্ত যায়।

**বারহুত** ( Barhut, Bharut ) : বিন্ধ্যপ্রদেশ ( বর্তমানে মধ্যপ্রদেশ রাজ্য ) ; সাতনা শহরের নিকটে ১৮৭৩-এ একটি বৌদ্ধস্তূপের চিহ্ন আবিষ্কৃত হয় ; স্তূপের ইষ্টকাদি লোকে বহু পূর্বেই ভাঙিয়া লইয়া গিয়াছিল ; রেলিং ও তোরণগুলি ছিল। ১৮৭৬-এ সেগুলি কলিকাতার মিউজিয়মে স্থানান্তরিত করা হয়। ...খ্রী.পূ. ১৫০ অব্দে সুঙ্গ রাজাদের সময়ে ধনভূতি নামে কোনো ব্যক্তির আনুকূল্যে নির্মিত হইয়াছিল।

**বারাকপুর** ( Barackpore ) : ২৪-পরগনার মহকুমা ; ভাগীরথীর পূর্বদিকে ; কলিকাতার উপকণ্ঠ হইতে নদীয়া জেলার সীমান্ত পর্যন্ত ; প্রস্থে ৫-৬ মাইলের বেশি নয়। গঙ্গাতীরস্থ এই শিল্পাঞ্চলে বহু শিল্পনগরী গড়িয়া উঠিয়াছে। মহকুমার আ. ১১৯ ব মা ; জন. ২,০৮,৭৪২ ; ঘ. ৭,৩৭১। গ্রাম ১০১। —ক্যান্টনমেন্ট কলিকাতা শিলাঞ্চলের অন্তর্গত শিল্প-শহর ; জন. ১৬,১৮৯।

বারাকপুর শহর টিটাগর থানার মধ্যে অবস্থিত। এখানকার গঙ্গাতীরে মহাত্মা গান্ধীর চিতাভস্মের উপর

বিরাট ঘাট ও উদ্যান নির্মিত হইয়াছে; প্রতিবৎসর তাঁহার মৃত্যু দিনে লোকে এখানে সমবেত হইয়া উপাসনা, মন্ত্রপাঠাদি করে। কলিকাতা (শিয়ালদহ) হইতে রেলপথে ১৪ মা উত্তরে। মোটরবাস্ পথও আছে। ...দমদমের সেনানিবাস উঠিয়া গেলে এইখানে উহা ১৭৭২-এ স্থাপিত হয়। সেই হইতে ১৮০১ পর্যন্ত ঈ. ই. কোম্পানির প্রধান সেনানায়ক এখানে বাস করিতেন। কিন্তু ঐ বৎসর গ.-জে. ওয়েলেসলি প্রধান সেনানায়ক পদে নিযুক্ত হইলে, এইস্থান বড়লাটদের অন্যতম বাসস্থান হয়। তজ্জন্য ভাগীরথীতীরে প্রকাণ্ড উদ্যান ও লাট-প্রাসাদ নির্মিত হইল। ১৯১২ পর্যন্ত বড়লাটের অন্যতম বাসস্থান ছিল। বর্তমানে প. বঙ্গের পুলিশ ট্রেনিং কেন্দ্র (পূর্বে রাজসাহীর সরদায় ছিল)। ...বারাকপুরে ঘোড়দৌড়ের মাঠ আছে। নিকটে মনিরামপুর গ্রামে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের বাড়ি। ...এখানকার সৈন্যনিবাসে ১৮২৪ ও ১৮৫৭ বিদ্রোহ হয়। জন. ৪২,৬০৯।

**বারাণসী** (Varanasi): প্রাচীন ভারতের রাজ্য ও নগরী। বরুণা (বরণা) ও অসী নদীর সঙ্গমে অবস্থিত বলিয়া এই নাম। অপর নাম কাশী। কিছুকাল গবর্নমেণ্ট নির্দেশে Banaras বানারস লেখা হইত; পুনরায় ১৯৫৬ হইতে বারাণসী লিখিবার নির্দেশ হইয়াছে। বৌদ্ধ জাতকে বারাণসীর নাম অজস্র।

**বারাসাত** (Barasat): চব্বিশপরগনা জেলার মহ., থানা ও শহর। মহ.র আ. ৩৮৪ ব মা; জন. ৩,৯৩, ৯৮০; ঘনতা ১,০২৬; গ্রামের সংখ্যা ৫৯৪। থানা ৫: বারাসাত সদর, হাবরা, দেগঙ্গা, আমডাঙা, রাজার-হাট। বারাসাত থানার আ. ১০৪ ব মা; জন. ১,১১,-৪৪২; ঘনতা ১,১৪৭। ...বারাসাত শহরের জন. ১৬,০২৭।...১৮ শতকের শেষভাগে এইখানে বহু ইংরেজ বণিকের বাগানবাটি ও সৈনিক বিভাগের উর্ধ্বতন কর্মচারীদের শিক্ষার জন্য কলেজ ছিল। ১৮৬১ পর্যন্ত বারাসাত ২৪-পরগনার সদর ছিল; ঐ বৎসর আলিপুরে স্থানান্তরিত হয়। মিউনি. (১৮৬৯)। এখানকার চিকন শিল্প বিখ্যাত ছিল।...ইণ্টার কলেজ (১৯৫০)। কলিকাতা হইতে রেলপথে ১৪ মা, মোটর সার্বিস আছে।

**বারাসাত-বসিরহাট লাইট রেলওয়ে** (Barasat-Basirhat Light Railway): একটি কোম্পানি কর্তৃক পরিচালিত রেলওয়ে। দৈর্ঘ্য ৫২ মা। গেজ ২′—৬″। এই রেলপথ ১৯৫৫ সালে বন্ধ করা হয়। ব্রড্ গেজ লাইন বসিরহাট হইয়া হাসনাবাদ পর্যন্ত নির্মাণের পরিকল্পনা হইয়াছে।

**বারি** (Bari): রাজস্থান; ভরতপুর জেলার শহর। জন. ১২,১৮১। ধোলপুর হইতে রেলপথে ২০ মা। হিন্দু. কমার্স. ব্যাংক। মধ্যযুগের একটি দুর্গ আছে।

**বারিগাজা, বারুগাজা** (Barygaza): প্টলেমির ভূগোলে উল্লিখিত; ইহা ভৃগুকচ্ছ, বর্তমান ব্রোচ।

**বারি দোয়াব** (Bari Doab): পঞ্জাবের বিপাশা (Beas) ও ইরাবতী (Ravi) নদীদ্বয়ের মধ্যস্থিত দেশ; অমৃতসর, গুরুদাসপুর, লাহোর জেলা প্রভৃতি এই দোয়াবে অবস্থিত।...জল সেচনের বহু খাল আছে।

**বারিন্দ** (Barinda): মালদহ জেলার মহানন্দার পূর্বদিকের উত্তর-বঙ্গকে বারিন্দ বা বরেন্দ্র ভূমি বলিত।

**বারিপদ** (Baripada): ওড়িশা; ময়ূরভঞ্জ রাজ্যের (বর্তমান জেলার) প্রধান শহর। জন. ৯,২৭৭। এখানে ময়ূরভঞ্জ স্টেট ব্যাংক আছে। ...থানার আ. ২৩২ ব মা; জন. ৮৪,৯৮৬। গ্রাম ৩৩৬।... শহরে কলেজ আছে। কলিকাতা-মদ্রাজ রেলপথের রূপসা জং. (১৩২ মা) হইতে তালবাঁধা লাইনের মধ্যবর্তী স্টেশন (৩২ মা)।

**বারিয়া** (Baria; Bariya): বোম্বাই; পূর্বতন বড়োদা ও গুজরাট স্টেটসের অন্তর্গত করদরাজ্য। আ. ৮১০ ব মা; জন. ১,৮৬,০৬২ ('৪১)। রাজা চৌহান বংশীয়; রাজ্যের আয় ছিল ১২ লক্ষ টাকা; কর দিতে হইত ২১,৯২৪ টাকা।......১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২,২৫,০০০ টা. ভাতা দেওয়া হয়।...বর্তমানে এই রাজ্য বোম্বাই-এর পঞ্চমহল জেলাভুক্ত দেবগড়-বারিয়া (দ্র.) তালুক অন্তর্গত।

**বারুইপুর** (Baruipur): ২৪-পরগনা জেলা; আলিপুর মহকুমার থানা ও শহর। ১৮৫৮ হইতে ১৮৮৩ পর্যন্ত ইহা পৃথক মহকুমা ছিল। বর্তমানে থানার আ. ৮৩ ব মা; জন. ১,০৫,৩২১; ঘনতা ১,২৭১। থানার

প্রায় বারো-আনি অংশ ( ৫৭ ব মা ) সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে।...এই অঞ্চলে পান ব্যবসায়ী বারুজীবীর বাস।... বারুইপুর মিউনি. শহর (১৮৬৯), কলিকাতা হইতে দক্ষিণে ১৬ মা। এখান হইতে একটি রেলপথ ডায়মণ্ড হারবারে ( ২১ মা ) ও অপরটি লক্ষ্মীকান্তপুরে (২২ মা) গিয়াছে। জন. ৯,২৩৮। ডাক, টেলিগ্রাফ, ২ স্কুল, রেজি. অপিস। রাসযাত্রা এবং রথযাত্রার সময় মেলা হয়।

**বারেটা** ( Barehta ) : রাজস্থান ; ধোলপুরের নিকটস্থ গ্রাম। ১৭০৭-এ অউরঙ্গজেবের মৃত্যুর পর তাঁহার দুই পুত্র আজিম ও মুয়াজিমের মধ্যে এইস্থানে যুদ্ধ হয় ; যুদ্ধে আজিমের মৃত্যু হয়। মুয়াজিম বাহাদুর শাহ নামে বাদশাহ হন ( ১৭০৭ )।

**বারোগিল** ( Baroghil Pass ) : পূর্ব হিন্দুকুশ পর্বতের গিরিপথ ; ১২,৪৬০ ফুট উচ্চ, আফগনিস্তান-পাকিস্তানের যাওয়া-আসার অন্যতম গিরিপথ। বৎসরের ৮ মাস ভারবাহী জন্তু এই পথ অতিক্রম করিতে পারে।

**বার্কলি** ( Barkley ) : মার্কিন যুক্তরাষ্ট্র ; কালিফোর্নিয়া স্টেটের নগর, বিশ্ববিদ্যালয়-কেন্দ্র। জন. ১,১৪,০০০।

**বার্নপুর** ( Burnpur ) : বর্ধমান জেলা ; আসানসোল শহরের প্রায় সংলগ্ন শিল্পনগরী। বার্ন ( Burn ) নামে সাহেব কোম্পানি এখানে কারখানার স্থাপন করে ; এখন মার্টিন-বার্ন কো এখানকার বিরাট লৌহ-ইস্পাত কারখানার মালিক। এখন পর্যন্ত ইহা ভারতের দ্বিতীয় লৌহনগরী। কলিকাতা হইতে ১৪২ মা। জন. ১৮,৪৮৭। স্টেট ব্যাংক।...নিকটে হীরাপুর নামে আর একটি শিল্পকেন্দ্র আছে।

**বালটিক সাগর** ( Baltic Sea ) : উত্তর ইউরোপের সাগর ; অগভীর সমুদ্র ২০-১০০ ফ্যাদম। এই সাগর প্রবেশের পথ ডেনমার্ক ও সুইডেনের মধ্যস্থিত স্কাগার র‍্যাক ও কাটিগাট প্রণালী অতি সংকীর্ণ। কীল খাল দিয়া নর্থ সীর সহিত যুক্ত।... শীতকালে বালটিকের উত্তর দিকে জল জমিয়া বরফ হয়।

**বালটিমোর** (Baltimore) : মার্কিন যুক্তরাষ্ট্রের মেরিলন্‌ড স্টেটের প্রধান শহর ; লর্ড বালটিমোর ১৬৫২-এ উপনিবেশ স্থাপন করেন।...এখানে বিখ্যাত জন হপকিনস বিশ্ববিদ্যালয় অবস্থিত। জন. ৯·৫০ লক্ষ।

**বালটিস্তান** (Baltistan) : কাশ্মীরের উত্তরে লদক প্রদেশের অন্তর্গত পার্বত্য ভূভাগ ; ছোট তিব্বত (Little Tibet) নামেও পরিচিত। সিন্ধু নদ প্রবাহিত। অধিবাসীরা তিব্বতী মুসলমান। মোটা পট্টু বা পশমের কাপড় তৈয়ারি হয়। প্রধান শহর—স্কারদু (Skardu)। এই ভূভাগে কারাকুরামের সর্বোচ্চ গিরিশৃঙ্গ কে-টু ( K2 ), গাশেরব্রুম প্রভৃতি অবস্থিত।

**বালবোআ** (Balboa) : পানামা খালের মুখে প্রশান্ত মহাসাগর তীরস্থ বন্দর ; মার্কিনদের সামরিক নৌবন্দর ও শহর। জন. ৪,১৬৮।

**বালা, ওয়ালা** ( Vala, Wala ) : সৌরাষ্ট্র ( বর্তমানে বোম্বাই রাজ্য ) অন্তর্ভুক্ত পূর্বতন কাথিওয়াড়ের করদ-রাজ্য। আ. ১৯০ ব মা ; জন. ১৬,১৯৭ ( '৪১ )। ঠাকুরসাহেব ( রাজা ) বড়োদা ও জুনাগড়কে কর দিতেন।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৮৮,৭৫০ টা. ভাতা দেওয়া হয়।...শহর, ভবনগর হইতে ১৯ মা উ.-পশ্চিমে।...নিকটে প্রাচীন বল্লভীপুর ; হুয়েনৎসাঙ এই স্থানে আসিয়াছিলেন। ধ্বংসাবশেষ মধ্যে মুদ্রা, তাম্রশাসন, পোড়ামাটির মূর্তি প্রভৃতি পাওয়া গিয়াছে। ৫—৮ শতক পর্যন্ত শক্তিশালী রাজ্যের কেন্দ্র।

**বালাক্লাভা** ( Blaklava ) : সোবিয়েত ( ইউক্রেইন ) ক্রিমিয়ার অন্তর্গত ক্ষুদ্র বন্দর ; ১৮৫৪ ক্রিমিয়ান যুদ্ধের সময় ব্রিটিশদের সমর ঘাঁটি ; এখানে ব্রিটিশ ( ২৫ অক্টো., ১৮৫৪ ) অশ্বারোহী সৈন্যদের তথাকথিত Charge of the Light Brigade হইয়াছিল ; এ সম্বন্ধে টেনিসনের বিখ্যাত কবিতা আছে।

**বালাঘাট** (Balaghat) : মধ্যপ্রদেশ ; ছত্রিশগড় বিভাগের জেলা ; অধিকাংশ সাতপুরা পাহাড়ের অন্তর্গত ; পশ্চিমাংশ বেনগঙ্গা নদীর পলিমাটির দেশ। খনিজ সম্পদ বকসাইট, অভ্র, তাম্র, মাঙ্গানিস।..আ. ৩,৫৫৭ ব মা ; জন. ৬,৯৩,৩৭৯। অধিবাসীর প্রায় চারি আনি গোণ্ড। এই জেলায় মারাঠি, হিন্দী ও গোণ্ডি ভাষা চলিত।.. ১৮৬৭-এ জেলা গঠিত হয়। বালাঘাট শহর, জেলার সদর। জন. ১৬,২৯১। মাঙ্গানিস রপ্তানির কেন্দ্র।

**বালাতন** (Balaton Lake) : হাংগেরির বৃহত্তম হ্রদ; ২৫০ ব মা। হাংগেরিয়ান সাহিত্য ও পুরাণের কাহিনীর সহিত এই হ্রদ জড়িত। ... রবীন্দ্রনাথ এই হ্রদের পাশে একটি গাছ পুঁতিয়াছিলেন ও ইহার তীরে কিছুকাল হোটেলে বাস করেন। গাছটি সযত্নে রক্ষিত আছে।

**বালাসিনোর** (Balasinor) : পূর্বতন গুজরাট স্টে. এজেন্সির করদরাজ্য। আ. ১৯৫ ব মা; জন. ১১,১৫১ ('৪১)। মুসলমান নবাবকে বাবি বলিত; তিনি ৯ তোপের সম্মান পাইতেন। ১৯৪৯-এ রাজ্য ভারত-ভুক্ত হইলে নবাবকে বার্ষিক ৬৮,০০০ টাকা ভাতা দেওয়া হয়।...বর্তমানে বোম্বাই রাজ্যের খয়রা (Khaira) জেলার তালুক।...শহর (জন. ১৩,০৬৬) অহমদাবাদ হইতে ৪১ মা। সিমেন্ট কারখানা আছে।

**বালিচক** (Balichak) : মেদিনীপুর; সদর মহ.র দেবরা থানার গ্রাম, বাণিজ্যপ্রধান স্থান; অনেকগুলি চাউলের কল আছে। কলিকাতা হইতে ৫৭ মা দূরে স্টেশন। জন. ১৮৩।...৩ মাইল দূরে কেদার গ্রামে কেদারেশ্বর শিবমন্দির। মুঘলযুগে এই অঞ্চল কেদারকুণ্ড পরগনা নামে খ্যাত ছিল। মন্দিরের পার্শ্বস্থ কুণ্ড হইতে সর্বদা ভুড়ভুড় শব্দে বুদ্বুদ উঠে।

**বালিগুডা** (Balliguda) : ওড়িশা রাজ্য; বউদ-খন্দমহল বা ফুলবনী জেলার মহকুমা। আ. ২,১৭৩ ব মা; জন. ২,০৩,৬৮৯। পূর্বে ইহা গঞ্জাম জেলার অন্তর্গত ছিল; ১৯৪৯-এ ফুলবনীর সহিত যুক্ত হয়। এই অঞ্চলে বহু বিস্তৃত অরণ্য আছে।...বালিগুডা থানার আ. ৫৫০ ব মা; জন. ৫০,৭২৯। ...শহর, রাসেলকোনডা বা ভঞ্জনগর হইতে মোটর পথে ৭০ মা; ব্রহ্মপুর ১২০ মা।

**বালিদ্বীপ** (Bali Island) : ইন্দোনেশিয়ান ইউনিয়নের দ্বীপ; পূর্বে ডাচ্ পূর্ব দ্বীপালির অন্তর্গত ছিল। যবদ্বীপ পূর্বে অবস্থিত। ভারতের বাহিরে এই একমাত্র দ্বীপ যেখানে হিন্দুধর্ম এখনো কোনো রকমে টিকিয়া আছে। বালিনীদের নৃত্যকলা ও শিল্পসজ্জা অতিশয় সুন্দর। তাহাদের বিবাহ, শ্রাদ্ধ, পূজা-পার্বন অতি জটিল ভাবে নিষ্পন্ন হয়। ...৭ শতকে এখানে হিন্দুধর্ম প্রচারিত হয়; ৯-১০ শতকে বহু জাবানী হিন্দু এই দ্বীপে গিয়া বাস করে। ১৫৯৭-এ ওলন্দাজ বণিকরা এই দ্বীপে প্রথম আসে ও বাণিজ্য শুরু করে। ১৯০৮-এর পূর্বে ওলন্দাজী শাসন পাকা হয় নাই। ১৯৪২-৪৫ জাপানীদের দখলে ছিল। ১৯৪৮ হইতে ইন্দোনেশিয়ান রিপাব্লিক ভুক্ত।...আ. ২,২৪৩ ব মা; জন. ১০·৭৪ লক্ষ। রাজধানী—বুলেনঙ।

**বালিপাড়া সীমান্ত** (Balipara Frontier Tract) : আসামের উপজাতীয় অঞ্চলের মধ্যে উ.-পূ.-সীমান্ত এজেন্সির (NEFA : North Eastern Frontier Agency) মধ্যে বালিপাড়া অন্যতম। এই অংশ দরং জেলার উত্তরে অবস্থিত। বা. ফ্র. ট্রা.-এর আয়তন ১২,১০৪ ব মা; তন্মধ্যে মাত্র ৫৩১ ব মা স্থানের আদমসুমারী (১৯৫১) গৃহীত হইয়াছে। জন. ৯,৭২১; ঘনতা ১৭।

**বালিয়াকান্দি** (Baliakandi) : পূ. পাক.; ফরিদপুর জেলা, গোয়ালন্দ মহ.র থানা, গ্রাম, ডাকঘর, রেজি. অপিস। আ. ১২৪ ব মা। পাংসা-ফরিদপুর সড়কের ধারে অবস্থিত।

**বালিয়াডাঙ্গী** (Baliadangi) : পাক-দিনাজপুর জেলা; সদর মহ. র থানা। আ. ১১০ ব মা। গ্রাম, ডাকঘর।

**বালিয়ারিক দ্বীপপুঞ্জ** (Balearic Isles) : ভূমধ্যসাগরে স্পেনের পূর্বে স্পেনীশ দ্বীপপুঞ্জ ও প্রদেশ। ৪টি প্রধান দ্বীপ : মাজোর্কা (Majorca), মিনর্কা (Minorca), ইভীথা (Iviza) ও ফর্মেনতেরা (Formentera) এবং আরও অসংখ্য ক্ষুদ্র দ্বীপ প্রায় ১৮০ মা বিস্তৃত। আ. ১,৯৩৫ ব মা; জন. ৪·৩৬ লক্ষ। রাজধানী পালমা (Palma)। কার্থেজীয়, রোমান, ভান্ডাল, ও আরবরা পরে পরে এই দ্বীপের উপর আধিপত্য করে। ১৩৪৯ অব্দে স্পেনের আরাগন রাজাদের আয়ত্তে আসে।

**বালী** (Bally) : হাওড়া জেলার শহর; কলিকাতা হইতে ৫ মা। গঙ্গাতীরে অবস্থিত প্রাচীন বর্ধিষ্ণু গ্রাম। গঙ্গার উপর উইলিংডন ব্রিজকে (দ্র.) লোকে বালীব্রিজ বলে। নূতন নাম বিবেকানন্দ সেতু। বালীর নিকটে বহু মিল ও কারখানা। জন. ৬৩,১৩৮।...থানার আ. ১৮ ব মা; জন. ১,১০,১৮৯; ঘ.০৬,২৯৭। ...বালীর দক্ষিণে ঘুসুড়ীতে ভোটবাগানে তিব্বতীদের একটি মন্দির

আছে। বালীগ্রামে পূর্বে কাগজ তৈয়ারি হইত বলিয়া মেটে রঙের কাগজকে বালির কাগজ বলে

**বালীগঞ্জ** ( Ballygunj ) : কলিকাতার উপকণ্ঠ ; ধনী ও উচ্চ মধ্যবিত্তদের বাসস্থল। শিয়ালদহ ( বেলেঘাটা ) স্টেশন হইতে ৪ মা। ট্রাম ও বাসের দ্বারা যুক্ত। এই জংশন হইতে একটি শাখা বজবজ ( ১৭ মা ), অপরটি সোনারপুর গিয়াছে। স্টেশনের অনতি-দূরে পারসিদের শ্মশান বা টাওয়ার অব্ সাইলেন্স।

**বালুরঘাট** ( Balurghat ) : প. দিনাজপুর জেলার মহকুমা। আ. ৫৮৬ ব মা ; জন. ৩,২৭,১১৪ ; ঘনতা ৫৬০। গ্রাম ১০৪৮। মহ.র অন্তর্গত ৫টি থানা : বালুরঘাট, হিলি, তপন, কুমারগঞ্জ ও গঙ্গারামপুর। ১৯০৪-এ মহকুমা গঠিত হয়।··· থানার আ. ১৪৪ ব মা ; জন. ১,০১,৪৭১ ; ঘনতা ৭০০। ..পার্টিশনের পূর্বে পাটনীতোলা, ধামারহাট, পোরসা ও ফুলবাড়ি থানা বালুরঘাট মহ.র মধ্যে ছিল ; এখন এই থানাগুলি রাজসাহী বা পূর্ব পাকিস্তান ভুক্ত হইয়াছে। বিমান-বন্দর ২ মা দূরে।...জন. ১৮,১২১। স্কুল ; ইণ্টার কলেজ। কালিয়াগঞ্জ হইতে ৬০ মা মোটরপথ, হিলি স্টেশন হইতে ৬০ মা।

**বালেশ্বর** ( Balasore ) : ওড়িশার জেলা ; পশ্চিম-বঙ্গের সংলগ্ন। সুবর্ণরেখা নদী উ.-পূ. সীমান্তে ও বৈতরণী নদী দ. সীমান্তে প্রবাহিত। উলুবেড়িয়ার নিকট হইতে একটি নাব্যখাল মেদিনীপুর, বালেশ্বর ও কটক জেলা হইয়া মহানদী পর্যন্ত আসিয়াছে। ভদ্রক হইতে ৩১ মা দ.-পূর্বে চাঁদবালি বন্দর হইতে কলিকাতা পর্যন্ত স্টীমার সার্বিস আছে। জেলার আয়তন ছিল ২০৮৫ ব মা ; ১৯৪৮-এ নীলগিরি করদরাজ্য এই জেলা ভুক্ত হইলে আ. হয় ২,৬৫৪ ব মা ; জন. ১১,০৬,০১২। জেলার ২ মহকুমা : বালেশ্বর ও ভদ্রক। বালেশ্বর মহকুমার আ. ১,১৬০ ব মা ; জন. ৫,৮০,০১২। ১০ থানা।—থানার আ. ১৭৭ ব মা। জন. ৯৮,০১৩। গ্রাম ৩৯৪।—শহরের জন. ২২,৮৫১। মিউনি. ১৮৭৭-এ স্থাপিত। ফকিরমোহন কলেজ, বিজলী। ব্যাংক : সেন্ট্রাল, স্টেট, সঙ্ঘবায়। ...কলিকাতা হইতে রেলে ১৪৪ মা। বালেশ্বর জেলার সুবর্ণরেখা তীরে পিপলিতে ঈ. ই. কোম্পানি ১৬৩৪ এ প্রথম কুঠি নির্মাণ করে ; পরে বালেশ্বরে ১৬৪২-এ উঠাইয়া আনে ; সেই হইতে শহরের উন্নতির আরম্ভ। এককালে এখানে পোর্তুগীজ, দিনেমার, ও ফরাসীদেরও কুঠি ছিল ; পোর্তু.রা দাস ব্যবসায়ের কেন্দ্ররূপে এই বন্দর বহুকাল ব্যবহার করিয়াছিল।

**বাঁশখালি** ( Banskhali ) : পূ. , পাক. ; চট্টগ্রাম জেলার থানা। আ. ১৩৯ ব মা। গ্রাম, বাজার, ডাক-ঘর, রেজি. অপিস। অন্য নাম কালিপুর। দোহাজারী হইতে সাতকানিয়া হইয়া পথ।

**বাঁশবেড়িয়া, বাঁশবেড়ে, বংশবাটিকা** (Bansberia ) : হুগলি জেলা ; চুঁচুড়া সদরের মগরা থানার ভাগীরথী-তীরস্থ শিল্পশহর ; পাটকল, হাড়গুঁড়াকল প্রভৃতি। বাণ্ডেল-কাটোয়া রেললাইনের স্টে. ; বাণ্ডেল হইতে ৩ মা ; কলিকাতা হইতে ২৮ মা। জন. ৩০,৬২২ ; উদ্‌বাস্তু ৩,৪০২। ··· এখানে শিখ সমাজের একটি মন্দির বা গুরুদ্বার আছে। ···বাঁশ. প্রাচীন স্থান। এখানে 'রায়মহাশয়' উপাধিধারী প্রাচীন জমিদার বংশের বাস। আদিপুরুষ অউরঙজেবের নিকট হইতে এই উপাধি পান। ইহাদের গড়বেষ্টিত বাড়ি এখনো বিদ্যমান ; গড়ের মধ্যে কয়েকটি মন্দির আছে ; তন্মধ্যে 'হংসেশ্বরী' মন্দিরের অনুরূপ মন্দিব বঙ্গদেশে আর নাই। ছয় তল ও ত্রয়োদশ চূড়াসমন্বিত ৭০ ফুট উচ্চ এই মন্দির বারাণসীর স্থাপত্য আদর্শে নির্মিত (১৮১৪)। টেরাকোটা বা পোড়ামাটির অসংখ্য মূর্তি দ্বারা মন্দিরের বহির্গাত্র আচ্ছাদিত। ··· ১৮৪৩-এ স্থাপিত তত্ত্ববোধিনী সভার বিদ্যালয়ে অক্ষয়কুমার দত্ত এখানে কয়েক বৎসর শিক্ষা দেন।

**বাশহর** ( Bashahr ) : পূর্বতন পঞ্জাব পার্বত্য করদ-রাজ্যের অন্যতম বৃহৎ রাজ্য। আ. ৩,৬২২ ব মা ; জন. ১,১৬,৩০৫ ( '৪১ )। ১৮১৫-এ গুরখা যুদ্ধের পর এই রাজ্য প্রতিষ্ঠিত হয় ; রাজারা রাজপুত বংশীয়। রাজ্যের আয় ছিল প্রায় সাড়ে চার লক্ষ টাকা, কর দিতে হইত ৩,৯৪৫ টা.। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৮০,০০০ টাকা ভাতা দেওয়া হয়।··· বর্তমানে হিমাচল প্রদেশ ভুক্ত।

**বাঁসদা** ( Bansda ): গুজরাটের পূর্বতন করদরাজ্য; সুরাটের নিকটবর্তী। আ. ২১২ ব মা; জন. ৫৪,৭৩৫। রাজা সোলাংকি বংশীয় রাজপুত; ইনি নরেন্দ্রমণ্ডলের সদস্য ও ৯ তোপের সম্মানাধিকারী ছিলেন। রাজস্ব ৭·৫০ লক্ষ টাকা। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,৬০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের সুরাট জেলার তালুক ও শহর। শহরের জন. ৪,৪৫৫। সমবায় ব্যাংক। বিলিমোড়া-বঘাই রেলপথের স্টেশন; বাঁসদা রোড হইতে বাঁসদা রাজধানী যাইতে হয়।

**বাসাওয়াড়** ( Vasavad, Wassawad ): সৌরাষ্ট্র অন্তর্গত ( বোম্বাই রাজ্য ) পূর্বতন কাঠিয়াবাড়ের ক্ষুদ্র করদরাজ্য ( ১৭ ব মা )। ব্রি. সরকারকে কর দিতে হইত। রাজা ৩৪,৪০০ টাকা ভাতা পান।... রাজকোট হইতে ৩৬ মা পূ-দক্ষিণে। জন. ৫,৭৭৬।

**বাসাইল** ( Basail ): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, টাঙ্গাইল মহ.র থানা। আ. ১১৬ ব মা।...টা.র পূবে।

**বাহমনী রাজ্য** ( Bahmani Kingdom ): দক্ষিণ ভারতের মুসলমান রাজ্য ( ১৩৪৫-১৫২৬ )। দিল্লীর বাদশাহ মহম্মদ ইবন তুগলকের ( ১৩২৫-৫১ ) রাজত্বে হাসান বা জাফর খান নামে এক সাহসিক আলাউদ্দীন বাহমন শাহ উপাধি লইয়া রাজা হন। পারস্যের বিখ্যাত বাহমনের বংশধর বলিয়া ইনি আত্মপরিচয় দান করেন। ...হাসান এক ব্রাহ্মণের ভৃত্য ছিলেন এবং রাজা হইয়া কৃতজ্ঞতা প্রদর্শনার্থ বাহমনী উপাধি গ্রহণ করেন বলিয়া যে কিংবদন্তী প্রচলিত আছে, তাহা ইতিহাসস্বীকৃত নহে। এই বাহমনী বংশে ১৪ জন রাজা রাজত্ব করেন। ১৫২৬-২৭ পর্যন্ত রাজ্য নামেমাত্র ঠিঁকিয়া থাকে। ১৪ শতকের শেষ দিকে রাজ্য বিভক্ত হইতে থাকে এবং কালে আহমদনগর, বিজাপুর, গোলকুণ্ড, বেরার, ও বিদর এই ৫টি রাজ্যে বিভক্ত হয়।

**বাহরেন** ( Bahrain, Bahrayn ): পারস্য উপসাগরে আরাবিয়ার উপকূল হইতে ২০ মা দূরে বাহরেন দ্বীপপুঞ্জ। মোট আ. ২১৩ ব মা; জন. ১·১০ লক্ষ। রাজধানী মানামা ( Manamah )-র জন. ৪০ হা.। আধুনিক শহর।...বাহরেন মুক্তা ব্যবসায়ের কেন্দ্র; গ্রীষ্মকালের ছয় মাস এখানে আরব, ভারতীয়, ইউরোপীয় ও আমেরিকান মুক্তা ব্যবসায়ীর ভিড় জমে। ১৯৩২-এ এখানে পেট্রোলিয়ম আবিষ্কৃত হয় ও বিরাট কারখানা প্রতিষ্ঠিত হয়। সাউদি আরাবিয়া হইতে পাইপ লাইন করিয়া তৈল আসে। প্রায় ২,০০০ ব্রিটিশ, মার্কিনী এই শিল্প উপলক্ষে বাস করে।... আরাবিয়ার জন্য আমদানি মালের ইহা অন্যতম প্রবেশ-বন্দর ( entre-port )।

**বাহাদুরাবাদ** ( Bahadurabad ): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, জামালপুর মহ.র শহর ও ব্রহ্মপুত্র-যমুনার নদীবন্দর; বাহাদুরাবাদ ঘাটের অপর পারে তিস্তামুখ ঘাট ঢাকা হইতে রেলপথে ১৩৪ মা; গোয়ালন্দ হইতে স্টীমারে ১৪০ মা।

**বাহিয়া** ( Bahia ): ব্রাজিল যুক্তরাজ্যের স্টেট; বন্দর ও রাজধানী। ১৫১০-এ স্থাপিত। ব্রাজিলের প্রচীনতম জনপদ। ১৭৬৩ পর্যন্ত ব্রাজিলের রাজধানী ছিল। জন. ৩·৩০ লক্ষ।

**বাহুরিবাঁধ** ( Bahuriband ): মধ্যপ্রদেশ; জবলপুর জেলার গ্রাম; সিহোরা হইতে ১৭ মা। বিখ্যাত ১২ ফুট উচ্চ প্রাচীন জৈনমূর্তি। নিকটে বহু মন্দির ও ১২১৮-এ নির্মিত সতী-স্তম্ভ আছে। এই স্থান প্টলেমি উল্লিখিত Tholobana বলিয়া অনুমিত।

**বাহুলারা** (Bahulara): বাঁকুড়া জেলা; ওনদা স্টেশন হইতে ৫ মাইল দূরে, দ্বারকেশ্বর নদীতীরে সিদ্ধেশ্বরী মন্দির; ওড়িশার মন্দির আদর্শে বাঙলাদেশে যে ৫টি রেখা দেউল আছে, তাহার মধ্যে বা. মন্দির সর্বোৎকৃষ্ট। ইহার পোড়া মাটির কারুকাজ অতি সুন্দর। মন্দির ৮-১০ শতকের মধ্যে কোনো সময়ে নির্মিত বলিয়া অনুমিত।

**বাহেমা দ্বীপপুঞ্জ** ( The Bahamas or Lucayos ): পশ্চিম ইনডিস-এর ব্রিটিশ কলোনী (১৭৮৩)। মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার উপদ্বীপ হইতে হাইতি (Haiti) দ্বীপ পর্যন্ত ৬৫০ মা ব্যাপিয়া প্রায় ৭০০ ক্ষুদ্র দ্বীপের সমষ্টি। ২০টিতে বসতি আছে। মোট আ. ৪,৪৬৬ ব মা; জন. ৮৬,৬০০ হা.। অধিবাসীদের মধ্যে নিগ্রো ৬৭%। রাজধানী নাসাউ (Nassau; জন. ৪৬ হা.)।

**বাহ্লিক** (Balhika) : মধ্য এশিয়ার প্রাচীনকালের দেশ। মহাভারত, বৃহৎসংহিতা প্রভৃতিতে এই দেশের উল্লেখ আছে। এখানকার অশ্ব বিখ্যাত ছিল। ইহাই গ্রীকদের বাকট্রিয়া ও পরযুগের বাল্‌খ (Balkh)।

**বিকানীর** (Bikaner) : পূর্বতন রাজপুতানার করদরাজ্য। আ. ২৩,৩১৭ ব মা, জন. প্রায় ১ লক্ষ।...দেশের অধিকাংশ মরুময়; বৃষ্টি ১২" মাত্র। গভীর কূপ খনন করিয়া (১৫০-৩০০ ফুট) জল পাওয়া যায়।...১৪৫০-এ মাড়বার রাজবংশের টিকাজি বিকানীর নামে রাজপুত এখানে উপনিবেশ স্থাপন করেন। বিকানীর নামে রাজ্য ও রাজধানীর নামকরণ করা হয়।...মহারাজা ১৭ তোপ পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে তিনি ১৭ লক্ষ টাকা বার্ষিক ভাতা পান। বর্তমানে বিকানীর রাজস্থান ইউনিয়নের অন্তর্গত জেলা। আ. ৮,৪৪৭ ব মা; জন. ৩,৩০,৩২৯ ('৫১); ঘনতা ৩৯।

বিকানীর নগর (জন ১,১৭,১১৩) বি. স্টেট রেলওয়ের স্টেশন ছিল; বর্তমানে উত্তর রেলওয়ের (N. R) অন্তর্গত। দিল্লী হইতে রেওয়ারি, লোহারু, সাহুলপুর, রতনগড় হইয়া বিকানীর ২৮৭ মা।.. জয়পুর-যোধপুর রেলপথের মধ্যে মেরতা জং. হইতে ১০৭ মা। ব্যাংক : বি. ব্যাংক, জয়পুর, হিন্দু মার্কাণ্টাইল, প. ন্যাশনাল।

**বিকিনী** (Bikini) : মধ্য-প্রশান্ত মহাসাগরের জনহীন প্রবাল দ্বীপ; মার্শাল দ্বীপপুঞ্জের অন্তর্গত; ১৯৪৬ জুলাই ১ ও ২৫-এ মার্কিন যুক্তরাষ্ট্র হইতে আটম বা আনবিক বোমা বিস্ফোরণ করা হয়।

**বিক্রমপুর** (Vikrampur) : পূ. পাক.; ঢাকা জেলার মুন্সীগঞ্জ মহকুমার অন্তর্গত পরগনা। পরগনার সীমানা বহুবার বদল হয়; কিয়দংশ ফরিদপুরের অন্তর্গত।...মুন্সীগঞ্জ হইতে ৩ মা পশ্চিমে বিক্রমপুরের প্রাচীন রাজধানী রামপাল; প্রবাদ পালবংশীয় রাজা রামপালদেব নগরের প্রতিষ্ঠাতা। পাল যুগের বহু শিল্পদ্রব্য, প্রস্তর মূর্তি, মৃদ্ভাস্কর্য পাওয়া গিয়াছে। রামপাল একটি বিস্তীর্ণ নগর ছিল।. নিকটস্থ পঞ্চসার, দেওভোগ, বজ্রযোগিনী, সোনারঙ প্রভৃতি স্থানে প্রাচীন হিন্দু-বৌদ্ধযুগের বহু চিহ্ন আছে। বল্লালসেনও বোধহয় এখানে অট্টালিকাদি নির্মাণ করেন; বল্লাল বাড়ি, বল্লাল দীঘি প্রভৃতি তাহার নিদর্শন।...গত শতাব্দীতে এই অঞ্চলে এক কৃষক ৭০ হাজার টাকা মূল্যের এক হীরকখণ্ড মাটির মধ্যে পাইয়াছিল। রামপালের নিকট ধামদ গ্রামে একখানি ২৪ পাতার সোনার পুঁথি পাওয়া যায়; প্রত্যেকটি পাতার ওজন ৩০ ভরি করিয়া। এই স্থানে সংস্কৃত শাস্ত্র, জ্যোতিষাদি বিজ্ঞান ও বৌদ্ধ তথা তান্ত্রিক ধর্ম আলোচনার বহু কেন্দ্র ছিল। ... সেন বংশীয় রাজারা পশ্চিমবঙ্গ হইতে তুর্কীদের দ্বারা বিতাড়িত হইলে রামপালে দীর্ঘকাল বাস করেন। অতঃপর মুসলমানরা এ স্থানও অধিকার করে। রামপালের ঠিক উত্তরে কজি-কসবা গ্রামের দুর্গাবাড়ি নামক স্থানে আদম শহীদ বা বাবা আদমের মসজিদের ভগ্নাবশেষ দেখা যায়। উহা ১৪৮৩ অব্দে নির্মিত হয়। ইহা ঢাকার প্রাচীনতম মসজিদ।

**বিক্রমশিলা** (Vikramsila) : পূর্ব ভারতের বিখ্যাত বৌদ্ধ বিহার। বিহার ভাগলপুর জেলার কহলগাঁও-এর নিকট অবস্থিত ছিল বলিয়া অনুমিত হয়। ৮ শতকের পালরাজ ধর্মপাল এই বিহার নির্মাতা বলিয়া কিংবদন্তী। বঙ্গের বহু পণ্ডিত এখানে অধ্যয়ন-অধ্যাপনা করিতেন। ইহাদের মধ্যে সমধিক খ্যাত দীপঙ্কর, অতীশ শ্রীজ্ঞান (১১ শতক)। তিব্বত হইতে বহু ভোট যুবক এখানে আসিয়া বিদ্যাশিক্ষা করিতেন।... ১২ শতকের শেষে তুর্কীদের দ্বারা ইহা বিধ্বস্ত হয় বলিয়া লোকবিশ্বাস। 'বিক্রমশিলায় পাহাড়ের গায়ে অনেক ভাস্কর্যকলার নিদর্শন পাওয়া যায়। একেবারে খোলা জায়গায় থাকার দরুণ মূর্তিগুলি প্রায় নষ্ট হয়ে গেছে।' (অসিত হালদার)।

**বিঙ-দিঙ** (Binh-Dinh) : ভিয়েৎনাম (আনাম)-এর বাণিজ্যিক শহর। জন. ১'৪৮ লক্ষ।... নিকটে প্রাচীন চম্পা রাজ্যের রাজধানী চবন (Chaban)-এর ভগ্নাবশেষ দেখা যায়।

**বিজনা** (Bijna) : পূর্বতন মধ্যভারতীয় এজেন্সির করদ-রাজ্য। আ. ৭ ব মা; জন. ১,৭৪২। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৩,০০০ টাকা ভাত দেওয়া হয়। ১৯৪৮-এ প্রথমে বিন্ধ্যপ্রদেশ ও পরে ১৯৫০-এ উত্তরপ্রদেশভুক্ত হয়। ঝান্সী জেলার গ্রাম।

**বিজনী** (Bijni) : আসামের বৃহত্তম জমিদারী ; প্রাচীন কোচ রাজ্যের ধ্বংসাবশেষ লইয়া গঠিত। বহু জনহিতকর প্রতিষ্ঠান এখানে আছে। কাটিহার হইতে রেলপথে ৩০৫ মা।

**বিজনোর, বিজনৌর** (Bijnor, Bijnaur) : উত্তরপ্রদেশ ; রোহিলখণ্ড বিভাগের জেলা। গঙ্গানদী পশ্চিমে প্রবাহিত। বৃষ্টি ৪৫″। এই জেলায় প্রচুর চিনি প্রস্তুত হয়। আ. ১,৮৬৭ ব মা ; জন. ৯,৮৪,১৯৬। দিল্লী এখান হইতে ৭৫ মা উ.-পূর্বে। সদর শহর কলিকাতা হইতে ৮৯৩ মা। জন. ৩০,৬৪৬। ব্যাংক : প. ন্যাশনাল, সমবায়।

**বিজপুর** (Bijpur) : বারাকপুর মহকুমার থানা। আ. ১৬ ব মা ; জন. ১,০৫ ১৮৫ ; ঘনতা ৬,৫৮৬।

**বিজয়ওয়াড়া** (Vijayawada, Bezwada) : অন্ধ্ররাজ্যের কৃষ্ণা জে.র তালুক ও শহর। বিজয়ওয়াড়া বড় জংশন স্টেশন ; কলিকাতা হইতে ৭৬৪ মা।...জন. ১,৬০,৮৩১। কৃষ্ণা নদী শহরের নিকট প্রবাহিত ; নদীর ধারে ৬০০ ফুট খাড়াই গ্রানাইট শৈল। পূর্বে এই অঞ্চলে বৌদ্ধপ্রভাব যথেষ্ট ছিল ; দক্ষিণদিকে পাহাড়ের গাত্রে কতকগুলি গুহা ও কুটরি আছে। উন্দবল্লী গুহামন্দির পাঁচতলা ; এখানে ১৭ ফুট দীর্ঘ বিষ্ণু অনন্তনাগশায়ী ; উন্দবল্লী বোধহয় মহাবল্লীপুরমের মন্দিরাদির সমকালীন।

**বিজয়নগর** (Vijayanagar) : মধ্যযুগে দক্ষিণ ভারতের হিন্দু রাজ্য। ১৪ শতকে দ. ভারতে মুসলীম শক্তি প্রবল হইলে সঙ্গম নামে একব্যক্তির পঞ্চপুত্র তুঙ্গাভদ্রা নদীতীরে এক হিন্দুরাজ্য স্থাপন করিয়া মুসলীমদের প্রগতি বন্ধ করে। পঞ্চভ্রাতার মধ্যে হরিহর ও বুক্ক প্রধান। ইহাদের রাজধানী বিজয়নগর বর্তমান আনেগুনডির নিকট স্থাপিত হয়। তুঙ্গাভদ্রার বামতটে হাম্পি (বেলারি জেলা—অন্ধ্র.) প্রাচীন বিজয়নগর। সঙ্গম বংশ ১৩৩৬ হইতে ১৪৮৬ পর্যন্ত রাজত্ব করেন। এই সময়ে সায়ণ ছিলেন রাজ্যের মন্ত্রী ও সেনাপতি। ইনি বেদের ভাষ্যকার। ইহার ভ্রাতা মাধবও মহাজ্ঞানী ছিলেন। সঙ্গম বংশের পর শালুব বংশ (১৪৮৬—১৫০৫)। তৎপরে তুলুব বংশ (১৫০৫—৬৫)। তুলুব বংশীয় কৃষ্ণদেব রায়ের রাজত্বকাল (১৫০৯—২৯)। বিজয়নগরের ইতিহাসের গৌরবময় যুগ ; ১৫৬৫-তে বিজাপুর, গোলকুণ্ডা, বিদর ও আহমদনগরের চারিটি শক্তি একত্র হইয়া বিজয়নগর আক্রমণ করে ও তালিকোটের যুদ্ধে বিজয়নগরের সৈন্যদের পরাজিত করে। রামরাজা বন্দী হইয়া প্রাণ দেন ও মুসলমানেরা রাজধানী ধ্বংস করে। বিজয়নগরের গৌরবময় যুগে রাজধানীর যে সমসাময়িক বর্ণনা আমরা ইতালীয় বনিক নিকোলো কোন্তি (Conti, ১৪২০), আব্দুর রজ্জক (১৪৪৩), দোমিঙ্গোজ পাএস (Paes, ১৫২২) ও নুনিজ (Nuniz)-এর গ্রন্থ হইতে পাই—তাহা অতীব বিস্ময়কর। রজ্জক লেখেন, 'পৃথিবীতে ইহার ন্যায় নগর কেহ কখনো চক্ষে দেখে নাই, কানেও শোনে নাই। পর পর সাতটি দুর্ভেদ্য দুর্গপ্রাকারে ইহা সুরক্ষিত।...মধ্যবর্তী ভূভাগ হিরাটের বড় বাজারের প্রায় দশ গুণ।'

**বিজওয়ার** (Bijwar) : পূর্বতন মধ্যভারত এজেন্সির করদরাজ্য ; ছত্রপুর ও পান্না রাজ্যের মধ্যে অবস্থিত। আ. ৯৮০ ব মা ; জন ১,২০,৯৯০ ('৪১)। মহারাজা ১১ তোপের সম্মান পাইতেন ; রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৭০,৭০০ টাকা ভাতা দেওয়া হয়।...বিন্ধ্যপ্রদেশ ইউনিয়ন (মধ্যপ্রদেশ রাজ্য) অন্তর্গত শহর। জন. ৬,১৬৩।

**বিজান্তিউম** (Byzantine Empire) : বর্তমান তুর্কীনগর ইস্তাম্বুল বা কনস্টান্টিনোপলের গ্রীক যুগের নাম বৈজান্তিউম। রোমান সম্রাট কনস্টান্টাইন (৩২৩-৩৭) এই নগরীতে রাজধানী স্থাপন করেন। ৩৯৫ হইতে ১৪৫৩ পর্যন্ত কন্. সাম্রাজ্যর রাজধানী ছিল। ঐ বৎসর তুর্কীরা এই নগর অধিকার করে।...এখানকার স্থাপত্য-কীর্তি এখনো বিস্ময় উৎপাদন করে ; তুর্কীরা বহু চার্চ ও প্রাসাদকে মসজিদ ও হারেমে পরিণত করে।

**বিজাপুর** (Bijapur) : বোম্বাই রাজ্যের (বর্তমানে মহীশূর রাজ্য) জেলা। আ. ছিল ৫,৭০৭ ব মা। ১৯৫০-এ মুধোল ও জামখণ্ডি করদরাজ্যদ্বয় পুরাপুরি ও রামদুর্গ, অউন্ধ ও কুরুন্দওয়াড করদরাজ্যত্রয়ের কিয়দংশ করিয়া লইয়া নূতন জেলা গঠিত হয়। আ. ৬,৬০১ ব মা ; জন. ১৩.৯৭ লক্ষ। লোকেরা লিঙ্গায়েৎ

শৈব সম্প্রদায়ভুক্ত। ইহা বীরশৈবদের বিশিষ্ট স্থান। অধিবাসীরা মারাঠি ও কানাড়ী; আদালতের ভাষা কানাড়ী। বিজাপুর শহর (জন. ৬৫,৭৩২) জেলার সদর। বোম্বাই হইতে ২৪৫ মা। বহু শিল্পের কেন্দ্র।

**বিজাপুর** রাজ্য (Bijapur): দ. ভারতে বাহমনী সাম্রাজ্য ভাঙিয়া গেলে ৫টি রাজ্যে বিভক্ত হইয়া পড়ে; বিজাপুর তাহার অন্যতম। ইউসুফ আদিল শাহ বিজাপুরের প্রথম রাজা (১৪৮৯-৯০)। ১৬১৮-১৯-এ বিজাপুর বিদর রাজ্য গ্রাস করিয়া নিজ রাজ্যান্তর্গত করে। বিজাপুরের রাজার সহিত শিবাজীর সংগ্রাম চলে। শাহজহান এই রাজ্য অধিকার করেন।...বিজাপুরের স্থাপত্য ও ভাস্কর্য ভারতের শিল্প ইতিহাসের বিশিষ্ট পরিচ্ছেদ। এখানে গোলগম্বুজ, জামিমসজিদ, মিতারি মহল, আশরী-ই-শরীফ দুর্গ প্রভৃতি বহু অট্টালিকা আছে। গোলগম্বুজ ম. আদিল শাহর কবর। ইহা ৬০০ ফুট চতুষ্কোণ স্থান। প্রবেশপথে নক্করখানা ৯৪'×৮৮' গৃহ; ইহা এখন মিউজিয়াম। মূল কবর গৃহ ১৯৬' বাহিরের দিকে। চার কোণে ৭-তলা তোরণ; মধ্যস্থলে গম্বুজ ১২৪' ব্যাস [রোমের সেণ্টপিটারের গম্বুজ ১৩৯'; লণ্ডনের সেণ্ট পল চার্চের গম্বুজ ১০৮']। অভ্যন্তরের ক্ষেত্রফল ১৮,২২৫ বর্গ ফুট। ৫৭ ফুট উচ্চ হইতে গম্বুজের খিলান আরম্ভ। গম্বুজের শিখরংশ মেঝে হইতে ১৭৮' উচ্চ।

**বিজিয়ানগরম ও বিজয়নগরম** (Vijianagram): অন্ধ্র রাজ্যের বিশাখাপটনম জেলার একটি শহর। কলিকাতা হইতে মদ্রাজ পথে ৫০৮ মা। জন. ৬৭,১৫৬। ব্যাংক: অন্ধ্র, স্টেট, ইন্‌ডিয়ান ও সমবায়। পাট ও চটের কেন্দ্র। মহারাজ কলেজ (১৮৭৯), সংগীত বিদ্যালয় (১৯১৯) ও সংস্কৃত কলেজ (১৮৬০) স্থানীয় জমিদার-মহারাজের পৃষ্ঠপোষকতায় চলিত। রামতীর্থম নামক স্থানে বৌদ্ধ স্থাপত্যের ধ্বংসাবশেষ আছে।

**বিঠুর** (Bithur): উত্তর প্রদেশ; কানপুর হইতে ১৫ মা উত্তরে শহর। এইখানে শেষ পেশোয়া পেনশনপ্রাপ্ত হইয়া বাস করিতেন (১৮১৮)। পেশোয়ার পোষ্যপুত্র নানা সাহেব এখানে সিপাহী বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করেন। ১৮৫৭, ১৬ আগস্ট পেশোয়ার প্রাসাদ ইংরেজরা ধ্বংস করে। ... লোকবিশ্বাস এই স্থানে বাল্মীকি তাঁহার রামায়ণ রচনা করেন।.. জন. ২,৫৪৩।

**বিড়ল, বিরল** (Biral): পাক-দিনাজপুর জেলা; সদর মহ.র থানা। আ. ১৩৮ ব মা। গ্রাম, ডাকঘর। দি.-বারসোই রেলপথের স্টেশন।

**বিদর** (Bidar): হায়দরাবাদ রাজ্যের জেলা; প্রাচীন বিদর্ভ। আ. ৪৮,২৫ ব মা; জন. ১১,৭২,৫৫০ ('৫১)। প্রধান শহর বিদর, হায়দরাবাদ হইতে ৭৫ মা উ.-পশ্চিমে অবস্থিত। চালুক্যদের রাজধানী কল্যাণী বিদর শহরের ৩৬ মা উ.-পশ্চিমে।.মধ্যযুগে দ. ভারতে বাহমনী সাম্রাজ্য ধ্বংসের মুখে যে পাঁচটি স্বাধীন মুসলীম রাজ্য গড়িয়া উঠে, বিদর তাহাদের অন্যতম। ইহারা ইতিহাসে বারিদশাহী (১৪৯২—১৬১৯) নামে খ্যাত। বিজাপুরের রাজা এই দেশ জয় করিয়া নিজ রাজ্য অন্তর্গত করেন (১৬১৯)। বিদর 'বিদরী' নামে ধাতুকার্যের জন্য বিখ্যাত ছিল। বিদর শহরের রেল স্টেশনের নাম মহম্মদাবাদ-বিদর। পরভানী (দ্র.) জং. হইতে পুরলি-বৈজনাথ হইয়া বিকরাবাদ রেলপথের স্টেশন (১৫১ মা)। শহরের জন. ৩১,৩৩২।

**বিদর্ভ** (Vidarbha): প্রাচীন ভারতের রাজ্য; বিদর্ভ-রাজ ভীষ্মকের কন্যা রুক্মিণী শ্রীকৃষ্ণের প্রধানা পত্নী। কৃষ্ণ রুক্মিণীকে বিদর্ভ হইতে হরণ করিয়া লইয়া যান।... হায়দরাবাদ রাজ্যের উত্তর-পশ্চিমাংশ, খান্দেশ, বেরার প্রভৃতি ভূভাগকে বোধ হয় বিদর্ভ বলিত; বিদর শব্দ বিদর্ভ-এর প্রাকৃত রূপ বলিয়া মনে হয়। রাজ্য-পুনর্গঠন কমিটি মধ্যপ্রদেশের মারাঠি ভাষী জেলাগুলি লইয়া বিদর্ভ রাজ্য গড়িবার সুপারিশ করেন। তাহা গ্রাহ্য না হইয়া জেলাগুলিকে বোম্বাই রাজ্যভুক্ত করা হয়।

**বিদিশা** (Vidisa), **বেদিসা** (Vedisa): মধ্যভারতে বেত্রবতী ও বেশ নদীর সঙ্গমস্থলে অবস্থিত নগর; অন্য নাম বৈশ্যনগর, বেসনগরের পূর্বরূপ।...পূর্ব মালব বা প. দশার্ণর রাজধানী।...প্রাচীন বিদিশার আধুনিক নাম ভিলসা। ইহা মধ্যভারতের মহম্মদগড় করদরাজ্যের অন্তর্গত স্থান; ভূপাল-ঝাঁন্‌সি রেলপথের স্টেশন

(৩৪ মা) ভিলসার পূর্বের স্টেশন। উত্তর ভারত হইতে এই পথ দিয়া সার্থবহ দল উজ্জয়িনী হইয়া ভৃগুকচ্ছ বন্দরে যাইত।..এই পথের উপর অশোক ভিলসা ও সাঞ্চির স্তূপ পত্তন করেন। এইখানে হিলি ও ডরাসের শুম্ভ আছে (দ্র. বেসনগর)।

**বিদেহ** (Videha): প্রাচীন ভারতের দেশ; বিহারের তিরহুত বা তীরভুক্তি বা মিথিলার অপর নাম। এই দেশের রাজাদের 'জনক' বলিত। সীতার এক নাম বৈদেহী।

**বিদ্যাধরী নদী** (Bidyadhari): কলিকাতার নিকটস্থ ২৪-পরগনার নদী। হাড়োয়া বিল হইতে উৎপত্তি; করাটিয়া ও আঠারোবাঁকি নদীদ্বয় ইহাতে আসিয়া মিশিয়াছে। যুক্ত স্রোত মাতলা নামে ক্যানিং শহরের নিকট দিয়া প্রবাহিত হইয়া বঙ্গোপসাগরে পড়িতেছে। কলিকাতার ময়লা জল ও বৃষ্টির জল এই নদীতে পড়ায় ইহা ক্রমশই মজিয়া আসিতেছে। কলিকাতা কর্পোরেশন বিদ্যাধরী সম্বন্ধে বহু পরিকল্পনা গ্রহণ ও বর্জন করিয়াছেন; সমস্যার এখনো সমাধান হয় নাই।

**বিনপুর** (Binpur): মেদিনীপুর জেলা; ঝাড়গ্রাম মহ.র থানা। ইহার পশ্চিমে মানভূম (বিহার)। আ. ৩৬৫ ব মা; জন. ১,৩৬,৯৩৩; ঘ. ৩৭৫। শিল্প-সম্ভাবনা-পূর্ণ অঞ্চল; ৭৬টি গ্রাম ঝাড়গ্রাম সমাজ উন্নয়ন পরিকল্পনা ব্লকের অন্তর্ভুক্ত।

**বিন্ধ্য পর্বত** (Vindhya Hills): ভারতের মধ্যভাগে পূর্ব-পশ্চিমে লম্বমান প্রায় ৭০০ মা পর্বতমালা; উচ্চতা ১৫০০—৬০০০ ফুট।...এই পর্বত হিমালয় হইতে প্রাচীন।

**বিন্ধ্যপ্রদেশ** (Vindhya Pradesa): ভারতের সংবিধান অনুসারে 'গ' শ্রেণীর রাজ্য; ১৯৫০, জানুয়ারি হইতে চীফ্ কমিশনর দ্বারা শাসিত হইয়াছিল। ১৯৫২ হইতে এখানে লেফ.-গবর্নর ও ৬০ সদস্যের এক ব্যবস্থাপক সভা প্রবর্তিত হইয়াছিল। রাজ্যপুনর্গঠন কমিটির সুপারিশ মতে বিন্ধপ্রদেশ ইউনিয়নের পৃথক অস্তিত্ব নাই উহা মধ্যপ্রদেশ ভুক্ত হইবে।

ভারত স্বাধীন হইলে দেশীয় রাজারা ভারতসরকার ভুক্ত হইতে থাকে; তখন ৩৫টি দেশীয় করদরাজ্য লইয়া বিন্ধ্যপ্রদেশ গঠিত হয়; পূর্বতন বুন্দেলখণ্ড ও বাঘেলখণ্ড এজেন্সির রাজ্যগুলি ইহার অন্তর্গত হয়। পরে ১০টি রাজ্য ১৯৫০-এ উত্তরপ্রদেশ রাজ্যান্তর্গত করা হয়। বিন্ধ্যপ্রদেশের আ. ২৩,৬০৩ ব মা; জন. ৩৫,৭৪,৬৯০ ('৫১)। অধিকাংশই হিন্দু এবং হিন্দী বা বুন্দেলখণ্ডী ও বাঘেলখণ্ডী উপভাষা বলে। ...এই প্রদেশের খনিজ সম্পদ মূল্যবান; কয়লা, চুনাপাথর, কুরুন্দম, হীরক ও অন্যান্য বহু খনিজ আছে।...বনভূমি মূল্যবান কাষ্ঠবৃক্ষ পূর্ণ; কাগজের কল চালাইবার মতো বাঁশ ও সাবুই ঘাস পর্যাপ্ত।...এককালে এই অঞ্চল ভারতীয় হিন্দু সংস্কৃতির যে বিশিষ্ট কেন্দ্র ছিল তাহার প্রমাণ এখানকার খাজুরাহো ও অন্যান্য স্থানের মন্দিরাদির ধ্বংসাবশেষ।...বিন্ধ্যপ্রদেশের রাজধানী রেওয়া।

বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত দেশীয় রাজ্য:—অজয়গড়, বড় উনধা, বিজওয়ার, ছত্তরপুর, চারখারি, দতিয়া, মাইহার, নাগোদ, ওরছা, পান্না [এইগুলি তোপসম্মান পাইত]; আলিপুরা, ভয়সুণ্ডা, গরৌলি, গৌরীহর, জাসো, কামতা-রাজোলা, খানিয়াধন, কোঠি, নয়-গাওয়ান-রেবাই, পহরা, পলদেও, সোহওয়াল, তারাওন [এইগুলির তোপসম্মান ছিল না]। বিন্ধ্যপ্রদেশের যে ১০টি করদরাজ্য উত্তরপ্রদেশ অন্তর্গত হইয়াছে (১৯৫০,২৫ জানুয়ারি):—সমথার, সরিলা, জিগনি, বিহাট, বাঁকাপাহাড়ি, বাওনি, বেরি, ধুরওয়াই, টারি-ফতেপুর ও বিজনা।

বিন্ধ্যপ্রদেশের শাসন বিভাগ বা জেলা:—রেওয়া (৬,৩৩,৭০৬); সাতনা (৫,৫৫,৬০৩); সিধি (৪৬৪,৩০১); সাহদোল (৬৫০, ৭৫৬); পান্না (২,৫৯,৭০৩); ছত্তরপুর (৪,৮১,১৪০); টিকমগড় (৩,৬৬,১৬৫); দতিয়া (১,৬৪,৩১৪)।

**বিন্ধ্যাচল** (Vindhyachal): উত্তরপ্রদেশ; মির্জাপুর জেলার শহর। মির্জাপুর হইতে ৪ মা পশ্চিমে গঙ্গাতীরে। কলিকাতা হইতে রেলপথে ৪৫৫ মা। এককালে স্বাস্থ্যনিবাস বলিয়া খ্যাতি ছিল। নিকটবর্তী পর্বতোপরি গুহামধ্যে বিন্ধ্যবাসিনী অষ্টভুজা কালীমূর্তি। এই কালীমূর্তি ঠগীদের দ্বারা বিশেষভাবে পূজিত হইত বলিয়া প্রবাদ।

**বিপাসা** ( Beas : গ্রীক Hyphasis ) : পঞ্জাবের পঞ্চনদের অন্যতম ; শতদ্রু নদের শাখা ( ২৯৫ মা )। হিমালয়ের পীরপঞ্জাল গিরিমালার দ.-পূর্বস্থিত রোহটাগ গিরিপথের নিকট প্রায় ১৩,০০০ ফুট উচ্চ স্থানে উঠিয়া কুলু উপত্যকার মধ্য দিয়া প্রবাহিত ; মনডির পাশ দিয়া আসিয়া পঞ্জাবে প্রবেশ করিয়াছে। বিপাশা ও শতদ্রু মধ্যবর্তী স্থানকে জলন্ধর দোয়াব বলে। ইহা ভারতের মধ্যে পড়িয়াছে। ...আলেকজেন্দার এই বিপাসা তীর পর্যন্ত আসিয়াছিলেন।

**বিবলাস** ( Biblos ) : প্রাচীন ফিনিশিয়া রাজ্যের বন্দর ও শহর ; বর্তমানে লেবাননের বন্দর জুবিএল ( Jubiel )। মিশর হইতে পাপাইরাস এই বন্দরে আসিত। গ্রীকদের পুঁথি অনুলেখনের কেন্দ্ররূপে এই স্থান খ্যাতি লাভ করে। বাইবেল শব্দ এই বিবলাস হইতে উদ্‌ভূত।

**বিড়লাপুর** ( Birlapur ) : কলিকাতার দক্ষিণে বজবজের নিকট ; বিড়লাদের শিল্প নগর। পাটকল আছে।

**বিরাট দেশ** (Virat) : মহাভারতে উক্ত রাজ্য , পাণ্ডবরা এখানে এক বৎসর কাল অজ্ঞাত বাস করেন। দেশের অন্য নাম মৎস্য ( দ্র. )। ...বিরাট বর্তমানে বৈরাট নামে লিখিত হয় ; উহা দিল্লীর ১০০ মা দক্ষিণে ও জয়পুরের ৫০ মা উত্তরে অবস্থিত। এখানে অশোকের শিলালেখ আছে।

**বিরাটনগর** ( Biratnagar ) : নেপাল রাজ্যের পূর্বাঞ্চলে ভারত সীমান্তে অবস্থিত শহর। বিহারের সীমান্তস্থিত যোগবানী শহর হইতে ৫ মা উত্তরে। এখানে কয়েকটি ধানের কল আছে।

**বিরুদুনগর** ( Virudhunagar ) : পূর্বনাম বিরুদুপটি ; মদ্রাজ রাজ্যের রামনাথপুরম জে.র শহর। তিরুচিরপল্লী হইতে একটি লাইন মানিয়ারী ( ১৭৬ মা ) হইয়া তুতিকোরিন বন্দর-শহর ( ১৯৬ মা ) ও অপর শাখা তেনকাশী, শেনকোটা ( ৮১ মা) হইয়া তিরুবন্দর পর্যন্ত ( ১৮০ মা ) গিয়াছে। শহরের জন. ৩৫,৪৫৬। সেন্ট্রাল, ইন্ডিয়ান, ইন্ডো-কমার্স, নদর ব্যাংক।

**বিলখা** ( Bilkha ) : পূর্বতন কাথিওয়াড়ের করদরাজ্য। আ. ৭৩৫ ব মা ; জন. ৩১,৭১০ ( '৪১ )। সৌরাষ্ট্র রাজ্যের ( বোম্বাই ) শহর ; জুনাগড় হইতে রেলপথে ১৪ মা। জন. ৫,৪২২।

**বিলগ্রাম** ( Bilgram ) : উত্তর প্রদেশ ; হারদোই জেলার শহর (জন. ১০,২৯২)। গঙ্গাতীরে কনৌজ হইতে ৩১ মা উ.-পশ্চিমে অবস্থিত। এই স্থানের যুদ্ধে হুমায়ুন শেরশাহ কর্তৃক পরাজিত হন ( ১৫৪০, মে ১৭ )। হুমায়ুন কোনো প্রকারে গঙ্গা পার হইয়া একাকী বহু কষ্টে আগরায় পৌঁছান। ···নিকটে হিন্দুযুগের ধ্বংস চিহ্ন ও ১৩ শতকের মসজিদ আছে।

**বিলাসপুর** ( Bilaspur ) : মধ্যপ্রদেশ রাজ্য ; ছত্রিশগড় বিভাগের জেলা। মহানদীর অববাহিকার মধ্যে অবস্থিত এই জেলায় চাউল ও অন্যান্য বহুবিধ শস্য উৎপন্ন হয়। জেলার উত্তরাংশে শাল বন। ...গবর্নমেন্ট কোরবা (Korba) নামক স্থানে আলুমিনিয়াম কারখানা স্থাপন করিয়াছেন। —জেলার আ. ৭,৬১৮ ব মা ; জন. ১৬,৭৯,৬৩৭। হিন্দী, ছত্রিশগড়ী ও ওড়িয়া ভাষা চলিত। —সদর শহর বিলাসপুর, কলিকাতা-নাগপুর রেলপথের স্টেশন ( ৪৪৭ মা )। জন. ৩৯,১০০। সেন্ট্রাল, স্টেট ও সমবায় ব্যাংক।

**বিলাসপুর** (Bilaspur) : হিমাচল প্রদেশ অন্তর্গত জেলা। পঞ্জাবের পূর্বতন করদরাজ্য। আ. ৪৫০ ব মা ; জন. ১·২৭ লক্ষ। রাজা ১১ তোপের সম্মানাধিকারী ছিলেন। ১৯৪৮, ১২ অক্টোবরে ভারতভুক্ত হইলে 'গ' শ্রেণীর রাজ্য হয়। রাজাকে বাৎসরিক ৭০ হা. টাকা ভাতা দেওয়া হয়। ১৯৫৪ জুলাই হইতে এই রাজ্য হিমাচলপ্রদেশ ভুক্ত হইয়াছে। ...এই দেশে ভাঁক্‌রা বাঁধ ( দ্র. ) অবস্থিত।

**বিলাসীপাড়া** (Bilasipara) : আসাম ; গোয়ালপাড়া জেলার গ্রাম, ফকিরাগ্রাম স্টেশনের ১২ মা দক্ষিণে সঙকোশ ও গৌরাঙ নদী যে স্থানে ব্রহ্মপুত্রে মিলিত হইয়াছে তাহার নিকট অবস্থিত প্রসিদ্ধ বাজার ও বন্দর ; ধুবড়ি হইতে ২১ মা উ.-পূর্বে। ময়মনসিংহ হইতে আগত এক জমিদার বংশ এখানে বাস করে।... এখান হইতে ৫ মা পশ্চিমে বগড়ীবাড়ি একটি বাণিজ্য-প্রধান স্থান।···থানার জন. ১,২০,৬৯৮।

**বিলিমোড়া** (Bilimora) : বোম্বাই রাজ্য ; সুরত জেলার

শহর; পূর্বে বড়োদা রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। বোম্বাই-বড়োদা রেলপথের স্টেশন (১৩২ মা)। সুরত হইতে ৩০ মা দ.-পূর্বে। জন. ১৬,৬৬৯। বড়োদা, সমবায় ব্যাংক।

**বিলোনিয়া** ( Belonia, Beloniya ): ত্রিপুরা রাজ্যের বিভাগ। আ. ৩৯৪ ব মা; জন. ৪০,২০৯; ঘনতা ১০২।…শহর, নোয়াখালি জেলার নিকট ত্রিপুরা সীমান্তে অবস্থিত।…ফেনী জং. হইতে বিলোনিয়া পর্যন্ত (১৮ মা) ঈ. বে. রেলওয়ে ও ভাল সড়ক আছে।

**বিল্লুপুরম** (Villupuram): মদ্রাজ; দক্ষিণ আরকোট জেলার তালুক ও শহর; মদ্রাজ-ধনুষ্কোটি মি. রেলপথের (৯৯ মা) বড় জংশন। জন. ৩৫,৮২৬। ব্যাংক: ইন্‌ডিয়ান, ইন্‌ডো-কমার্স; তিরু. পার্মানেন্ট।

**বিশাখাপটনম** ( Vishakhapatnam ): পূর্ব নাম ভিজাগাপাটম ( Vizagapatam )। অন্ধ্র রাজ্যের জেলা। আ. ৮,১২২ ব মা; জন. ২০,৭৩,৭০০। বোবিলি, বিজিয়ানগরম প্রভৃতি জমিদারী এস্টেট এই জেলার মধ্যে অবস্থিত। জেলার পশ্চিমদিকে পূর্ব-ঘাট পর্বতমালায় প্রচুর অরণ্য; মাঙ্গানিস আকর। সমতলে পাট, শন প্রভৃতির চাষ হয়। ১৯৩৬ পর্যন্ত এই জেলার আয়তন ছিল ১৮,৯৮০ ব মা; ঐ বৎসর জেলার প্রায় অর্ধাংশ ওড়িশার নবগঠিত কোরাপেট জেলা ভুক্ত করা হয়; কারণ অধিকাংশ অধিবাসী ওড়িয়া-ভাষী। বিশাখাপটনম বঙ্গোপসাগরের বন্দর ও জাহাজ নির্মাণ কেন্দ্র। হীরাচাঁদ ওয়ালচাঁদ কোম্পানি ভারতসরকারের পৃষ্ঠপোষকতায় এখানে জাহাজ-নির্মাণ কর্মে প্রবৃত্ত হয়; ১৯৪৮-এ প্রথম ভারতীয় জাহাজ সমুদ্রে প্রেরিত হয়। সমুদ্রগামী জাহাজ প্রবেশের জন্য ১৯৩৩-এ ডক প্রভৃতি নির্মিত হয়।…শহরে বহুবিধ শিল্প প্রতিষ্ঠান আছে।…ওয়ালটর (Waltair) এই শহরের উপকণ্ঠে ২ মা দূরে; এখানে অন্ধ্র বিশ্ববিদ্যালয় অবস্থিত।…কলিকাতা-মদ্রাজ রেলপথের স্টে. (৫৪৪ মা)। মদ্রাজ এখান হইতে ৫৮৪ মা। জন. ১,০৭,-৮১৫। ব্যাংক: অন্ধ্র, ভারতলক্ষ্মী, স্টেট ও সমবায়। মার্কিনী ক্যালটেক্স কোম্পানি কর্তৃক পেট্রোলিয়াম রিফাইনারী বা পরিশোধন কেন্দ্র স্থাপিত হইয়াছে।

**বিষ্ণুপুর** (Bishnupur): ২৪-পরগনা জেলার সদর মহ.র থানা। আ. ৮৩ ব মা; জন. ১,৪৩,৫৮৩; ঘনতা ১,৭৪৩। গ্রামে জন. ১,৭৮৩; থানা, হাসপাতাল, ডিসপেনসারি, ডাকঘর, স্কুল, রেজি. অপিস। কলিকাতা-ডায়মণ্ডহারবার সড়কের উপর এই গ্রাম অবস্থিত; এখানে খ্রীষ্টান মিশনারীদের উচ্চ বিদ্যালয় ও উপনিবেশ আছে।…মাঝেরআট জং. হইতে ফলতা ছোট লাইনের স্টেশন (১১ মা)।…থানায় ৫ উচ্চ বিদ্যালয়।

**বিষ্ণুপুর** ( Vishnupur ): প. বঙ্গ; বাঁকুড়া জেলার মহকুমা ও শহর। জেলার আ. ৭১৪ ব মা; জন. ৩,৫৩,৮৯৬; ঘ. ৪৯৬। এই মহ.য় মুসলমানের বাস অধিক, বিশেষভাবে ইন্দাস ও কতুলপুর থানায়।… থানার আ. ১৪৭ ব মা; জন. ৭৩,৭৪১; ঘ. ৫০৩। প্রাচীন ও মধ্যযুগে এতদঞ্চল মল্লভূম নামে খ্যাত ছিল। মল্লভূমের প্রথম রাজধানী ছিল প্রদ্যুম্নপুর, পরে ১৪ শতকে বিষ্ণুপুরে রাজধানী স্থানান্তরিত হইলে তদবধি ইহারা বিষ্ণুপুররাজ বলিয়া পরিচিত। এককালে বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান ও সাঁওতাল পরগনা জেলার কতক অংশ এবং ছোটনাগপুরের অধিত্যকাভূমের কিয়দংশ লইয়া মল্লভূম রাজ্য হইয়াছিল। রঘুনাথ মল্ল নামে কোনো ব্যক্তি এই বংশের আদিমল্ল; খ্রী. ৬৯৫ হইতে মল্লাব্দ গণনা করা হয়। অনুমান হয় এই সময়ে মল্লভূম রাজ্যের পত্তন হইয়াছিল। বহু শতাব্দী মল্লরাজগণ বাংলার সীমান্তে রাজত্ব করে। এই রাজাদের মধ্যে বীর হাম্বীর সুবিখ্যাত। ১৫৬৫-এ বাংলার নবাব সোলেমান কোররাণীর পুত্র দাউদ খাঁ বিষ্ণুপুর আক্রমণ করিলে পরাভূত ও নিহত হন।…মুসলমানরা এই রাজ্যে কখনো প্রতিপত্তি লাভ করিতে পারে নাই। ১৮ শতকের শেষভাগে মারাঠা-বর্গীর উৎপাতে ও গৃহবিবাদের ফলে রাজারা দুর্বল হইয়া পড়ে। ছিয়াত্তরের মন্বন্তর প্রত্যক্ষত ইহাদের অধঃপতনের কারণ।…১৮০৬-এ মল্লভূম বর্ধমানের মহারাজার নিকট বিক্রীত হয়।…বিষ্ণুপুরের স্থাপত্য বিখ্যাত; মদনমোহন বা জোড়বাংলা মন্দির গাত্রে যে সব পোড়ামাটির দৃশ্যাবলী আছে, তাহা অতীব সুন্দর।…এখানকার বিখ্যাত 'দলমাদল' কামান (১২.৫´ দীর্ঘ পরিধি

১১২") -এর উপর মরিচা পড়ে না। বিষ্ণুপুর সংগীত-চর্চার জন্য প্রাচীন কাল হইতেই বিখ্যাত। 'বিষ্ণুপুরী ঢঙ্' ভারতের সর্বত্র বিদিত।···এখানকার শাঁখার জিনিস, তুলসীর মালা, রেশমের শাড়ি, পাট ও তসরের কাপড়, পিতল, কাঁসার বাসনপত্র, ও তামাক বিশেষ প্রসিদ্ধ।···মল্লরাজারা বৈষ্ণবধর্ম গ্রহণ করিয়া মদন-মোহন, মদনগোপালের মূর্তি প্রতিষ্ঠিত করেন। কলিকাতার বাগবাজারের 'মদনমোহন ঠাকুর' পূর্বে বিষ্ণুপুরে ছিল। মোকদ্দমার খরচের জন্য কলিকাতার গোকুল মিত্রের নিকট হইতে 'ঠাকুর' বন্দুক রাখিয়া রাজা চৈতন্য সিংহ টাকা ধার করেন। সেই হইতে উহা বাগবাজারে মিত্র পরিবারের সম্পত্তি।

**বিষ্ণুপুর** ( Vishnupur, Bishnupur ) : সদর মিউনি. শহর; ধলকিশোর নদীর কয়েক মা. দূরে; কলি.-খড়গপুর—আদরা রেলপথের স্টেশন ( ১২৪ মা ); খড়গপুর ৫৩ মা ও বাঁকুড়া ২০ মা। বাঁ. হইতে বাস সার্ভিস আছে। জন. ২৩,৯৮১। রেজি.অফিস (১৮৭৩)। স্কুল, কলেজ, টেকনিকাল স্কুল, ডাক, টেলিগ্রাফ।

**বিস্কে উপসাগর** ( Bay of Bicay ) : স্পেনের উত্তরে ও ফ্রান্সের পশ্চিমে অতলান্তিক মহাসাগরের অংশ। জোয়ার ও বাতাসের দ্বন্দ্বে প্রবল ঝড় হয়।

**বিস্‌মার্ক দ্বীপপুঞ্জ** (Bismark Islands) : প্রশান্ত মহা-সাগরের পূর্বতন জারমান অধিকৃত দ্বীপপুঞ্জ। ১৮৯৪ হইতে জারমানদের দখলে ছিল। ১৯১৪-এ ব্রিটিশরা অধিকার করে; এখন অস্‌ট্রেলিয়ার অন্তর্গত ট্রাস্ট টেরিটরি ও নিউগিনীর অংশ। আ. ১৯,২০০ ব মা; জন. ২ লক্ষ। রাজধানী—রবাউল (Rabaul)।

**বিসুভিয়াস** (Visuvius) : ইতালির আগ্নেয়গিরি; ৪০০ ফুট উচ্চ। পূর্বে উচ্চতর ছিল; অগ্ন্যুৎপাতের ফলে অর্ধাংশ উড়িয়া গিয়াছে।···৭৯ খ্রী. অব্দে রোমান নগরী পম্‌পাই ও হারকুলনিয়াম অগ্ন্যুৎপাতে ধ্বংসপ্রাপ্ত হয়।

**বিহাট** (Bihat) : পূর্বতন মধ্যভারত এজেন্‌সির করদ-রাজ্য। আ. ১৬ ব মা; জন. ৪,৩৬৫। রাজা ৫,৬০০ টাকা ভাতা পান। ১৯৪৮-এ রাজ্য বিন্ধ্যপ্রদেশ ভুক্ত ও ১৯৫০-এ উত্তরপ্রদেশ অন্তর্গত ও হামীরপুর জেলা ভুক্ত হয়।

**বিহার** (Vihara) : বৌদ্ধ ভিক্ষু-ভিক্ষুনীদের আবশ্যিক দেশ পর্যটনের পর বর্ষাকালে চারি মাস বিশ্রামের জন্য ( বস্সবাস ) মগধের রাজধানী রাজগৃহের উপকণ্ঠে এক বিহার নির্মিত হয়। সেই 'বিহার' হইতে কালে তদঞ্চলের নাম বিহার হয় এবং পরে ঐ নামে প্রদেশ ও রাজ্য হইয়াছে। অধিবাসীদিগকে 'বিহারী' বলে।

**বিহার-ওড়িশা প্রদেশ** (Bihar-Orissa Province) : ১৯১২ এপ্রিল হইতে বিহার, ছোটনাগপুর ও ওড়িশাকে বঙ্গদেশ হইতে পৃথক করিয়া নূতন প্রদেশ গঠিত হয়। ১৯১২–১৯২১ পর্যন্ত ছোটলাট বা লেফ.-গবর্নর শাসন-কর্তা ছিলেন। ১৯২১-এ এখানে লাট বা গবর্নরের পদ সৃষ্ট হয়। বিহারের প্রথম গবর্নর লর্ড সত্যেন্দ্র প্রসন্ন সিংহ।···তখন এই যুক্ত প্রদেশে ৫ বিভাগ ও ২১ জেলা ছিল। আয়তন ছিল ৮৩,৮৫৪ ব মা; জন. ৩ কোটি ৭৭ লক্ষ। ···১৯১২ হইতে পাটনা রাজধানী ও রাঁচি গ্রীষ্মাবাস হয়।...অতঃপর ১৯৩৬-এ ওড়িশা পৃথক প্রদেশ রূপে গঠিত হইলে বিহারও পৃথক প্রদেশ হয়।···পাটনা বিশ্ববিদ্যালয় ১৯১৭-এ স্থাপিত হয়; ১৮৫৭ হইতে ১৯১৬ পর্যন্ত এদেশের কলেজগুলি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত ছিল।

**বিহার প্রদেশ** ( Bihar Province ) : ১৯৩৬ এপ্রিল হইতে এই প্রদেশ ওড়িশা হইতে পৃথক হয়। আয়তন হয় ৬৯,৩৪৮ ব মা; জন সংখ্যা ৩,৬৩,৪০,০০০ ('৪১ )।

**বিহার রাজ্য** ( Bihar State ) : বিহার ভারত ইউনিয়নের অন্যতম রাজ্য।··গঙ্গার অববাহিকা ভূমি ও দক্ষিণে ছোটনাগপুরের পার্বত্য ও শিলাময় মালভূমি —এই দুইটি প্রাকৃতিক বিভাগ। গণ্ডক, সরযূ, কুশী প্রভৃতি গঙ্গার উপনদীগুলি উত্তরে প্রবাহিত; শোন, পুনপুন, ফল্গু প্রভৃতি দক্ষিণাংশের পার্বত্য নদী। দক্ষিণের মালভূমে পরেশনাথ পাহাড়।··· দেশের গড় বৃষ্টিপাত ৪০"—৫০"। উত্তরাংশে বৃষ্টি যথেষ্ট; সেইজন্য প্রচুর ফসল উৎপন্ন হয়। ছোটনাগপুরে তুঁতের ও লাক্ষার ( ভারতের মোট লাক্ষার ৬০% ভাগ ) চাষ হয়। আম, লিচু, নানাপ্রকার দাইল, তরকারি উৎপন্ন হয়। রাজ্যে ৩০ চিনির কলে বৎসরে ৬০ লক্ষ মণ চিনি হয়। খনিজ সম্পদে বিহার

(ছোটনাগপুর) সর্বশ্রেষ্ঠ। লৌহ, কয়লা, অভ্র, কেওলিন মাটি প্রভৃতি খনিজ সম্পদ প্রচুর। ভারতের যত কয়লা উৎপন্ন হয় তার ৬০ শতাংশ এই রাজ্যে এবং তার ৫০ অংশ ঝরিয়া কয়লার খাদ হইতে উঠে। বনসম্পদ ছোটনাগপুরে প্রচুর; সেখানে সাবুই ঘাসও হয়; তাহা কাগজের কলে ব্যবহৃত হয়। দামোদর পরিকল্পনা (D V C) অনুসারে এখানে অনেকগুলি বাঁধ ও জলবিদ্যুৎ সরবরাহ কারখানা নির্মিত হইয়াছে। বনভূমি ৯০·৪৩ লক্ষ একর, মোট আয়তনের ২০·০৯%।...এই রাজ্যে হিন্দু, বৌদ্ধ ও জৈনদের কয়েকটি প্রধান তীর্থস্থান আছে, যথা গয়া, দেওঘর, বুদ্ধগয়া, পরেশনাথ, পাবাপুরী। বিহারের আ. ৭০,৩৩০ ব মা; জন. ৪,০২,২৫,৯৪৭; ঘনতা ৫৭৫। রাজ্যের আয় ৩৫·৭৭ কোটি টাকা (১৯৫২-৫৩)। ব্যয় ৩১·৩৬ কোটি টাকা। বিহারের আইনসভায় ৩৩০টি আসন; ভোটকেন্দ্র ২৭৬; ভোটার ১,৮০,৮০,০০০। আইনপরিষদে ৭২ জন সদস্য; ৬০ জন নির্বাচিত।...রাজ্যের সরকারী ভাষা হিন্দী, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে হিন্দীর মাধ্যমে শিক্ষা প্রদত্ত হয়। অধিবাসীর মধ্যে আদিবাসীরা বহু উপজাতিতে বিভক্ত: সাঁওতাল, মুণ্ডা, ওরাঁও, হো, খারিয়া প্রভৃতি। আদিবাসীদের মধ্যে খ্রীষ্টানের সংখ্যা খুব বেশি। মানভূম, সিংহভূমে বহু লক্ষ বাঙালীর বাস। হিন্দু ৭৫·৪৮ লক্ষ। মুসলমান ৪৫·৬৪ লক্ষ। উপজাতি ৪০·৫০ লক্ষ। খ্রীষ্টান ৪ ২২ লক্ষ। রাজ্যে বিভাগ: পাটনা, ভাগলপুর, ত্রিহুত ও ছোটনাগপুর (দ্র. পৃথক বিভাগগুলি)। রাজধানী পাটনা ও গ্রীষ্মাবাস রাঁচি। হাইকোর্ট পাটনায়।... পাটনা ও বিহার ২ বিশ্ববিদ্যালয়। বিহারে ১৭ জেলা ও ১টি সাব্ জেলা—পুরুলিয়া। মহকুমা—৫৬; পুলিশ থানা ৪৭৭; গ্রাম ৭১,৩৭৮ (গড় জনসংখ্যা ৫২৫); শহর ১১৩ (৫ শহরের জন. লক্ষাধিক); মিউনিসিপালটি ৬১; জেলাবোর্ড ১৭; মিউনিসিপাল কর্পোরেশন ১। বিহারের পূর্বাংশে বাঙলাভাষী লোকের সংখ্যা অধিক বলিয়া সেই অংশ প. বঙ্গভুক্ত হইবার প্রস্তাব বহু পুরাতন। ১৯৫৫-এ রাজ্যপুনর্গঠন কমিটি (S R C) বিহারের ৩,৮১২ ব মা বঙ্গদেশভুক্ত করিবার সুপারিশ করিয়াছিলেন। কিন্তু পরে কন্‌গ্রেস কমিটি তাহা হ্রাস করিয়া ৩০০০ ব মা করিয়াছেন। সেইভাবে নূতন আইন ১৯৫৬ নবেম্বর হইতে কার্যকরী হইয়াছে।

**বিহার শরীফ** (Bihar Sharif): পাটনা জেলার মহকুমা ও শহর। বখতিয়ারপুর ছোট লাইনে ১৮ মা। নিকটে নালন্দা, রাজগীর প্রভৃতি স্থান। জন. ৬৩,১২৪। ব্যাংক অব্ বিহার।...বিহার শরীফ মহকুমার আ. ৭৮২ ব মা; জন. ৮,৩৪,৩৯০; ঘনতা ১,১২৫। অন্তর্গত থানা: বিহার, অষ্টবান, গিরিয়াক ও সিলাও। বিহার থানার আ. ১৫৯ ব মা; জন. ২,৪২,৬৮৪; ঘনতা ১০৫৫।... নালন্দা ডিগ্রী কলেজ এইখানে অবস্থিত, নালন্দায় নহে।

**বিজা, বেজা** (Bija, Beja): হিমাচল প্রদেশের অন্তর্গত পূর্বতন পঞ্জাব পার্বত্য করদরাজ্য। আ. ৪ ব মা।...রাজা ৩,০০০ টাকা ভাতা পান।

**বীড়** (Bhir): হায়দরাবাদ রাজ্যের উ.-প. স্থিত জেলা (বর্তমানে বোম্বাই রাজ্যের মারাঠাওয়াডা অঞ্চল); গোদাবরী, মঞ্জীরা নদী সীমান্তে প্রবাহিত। আ. ৪,১৩২ ব মা; জন. ২৫,৬৭৬। মারাঠি-ভাষী অধিবাসী।...শহরের জন. ২৫,৬০০। হা. স্টেট ব্যাংক। জেলার মধ্যে রেলপথ নাই। অউরঙ্গাবাদ হইতে ৭০ মা দ.-পূর্বে। চর্মশিল্পের জন্য খ্যাত।

**বীনা** (Bina): মধ্যপ্রদেশ রাজ্যের সাগর জেলার শহর। কানপুর-ইতারসি রেলপথে (২৩৩ মা) ও কাটনি-কোটা রেলপথের মধ্যে (১৬৩ মা) জংশন। এখান হইতে ৮ মা দূরে এরান গ্রামে জৈন ও বৌদ্ধ প্রাচীন কীর্তির অবশেষ দেখা যায়।. জন. ১২,৭৩০।

**বীরগঞ্জ** (Birganj): পাক-দিনাজপুর জেলা; ঠাকুরগাঁ মহ.র থানা ও গ্রাম; দি. ও ঠাকুরগাঁর মধ্যে রাস্তার ধারে অবস্থিত। রেজি. অফিস (১৮৯৪) আছে।

**বীরগঞ্জ** (Birganj): নেপাল রাজ্যের শহর; বিহার সীমান্তে অবস্থিত; রকসৌল-আমলেরগঞ্জ রেলপথের প্রথম স্টেশন। কাঠমণ্ডু ৫৫ মা দূরে। শস্য ও তৈল-বীজাদির বাজার। নেপালের বহু প্রকার জিনিসপত্র এই শহর দিয়া আগম-নিগম হয়।

**বীরচন্দ্রপুর** (Birchandrapur): বীরভূম জেলার, রামপুরহাট মহ.র ময়ূরেশ্বর থানার অন্তর্গত গ্রাম; লুপ লাইনের মল্লারপুর স্টেশনের (১২১ মা) ৭ মা পূর্বদিকে ও কাঁদির ৫ মা দূরে অবস্থিত। বীরচন্দ্রপুর ও উহার পার্শ্বস্থ গর্ভাবাস গ্রাম বৈষ্ণবদের তীর্থস্থান। নিত্যানন্দ প্রভুর জন্মভূমি। মাঘ মাসে শুক্লা ত্রয়োদশী তিথিতে গর্ভাবাসে এবং দোল ও রাসযাত্রার সময় বীরচন্দ্রপুরে উৎসব হয়। ...গর্ভাবাসের প্রাচীন নাম একচক্রাপুর। নিত্যানন্দের পুত্র বীরভদ্র গোস্বামী পার্শ্বের গ্রামে জন্মগ্রহণ করেন; সেই হইতে সেগ্রাম ভদ্রপুর নামে খ্যাত।

**বিরনগর** (Birnagar): নদীয়া জেলার রানাঘাট মহকুমার মিউনি. শহর। চুর্নি নদীতীরে, কলিকাতা-লালগোলাঘাট রেলওয়ের স্টেশন (৫১ মা)। কৃষ্ণনগর হইতে ১৩ ও রানাঘাট হইতে ৫ মা। প্রচীন নাম উলা। এককালে বহু পণ্ডিত ও ধনাঢ্য সম্ভ্রান্তদের বাস ছিল। ১৮৫৭-এর পর ম্যালেরিয়াতে গ্রাম জনশূন্য-প্রায় হইয়া যায়। গত অর্ধশতাব্দীর মধ্যে স্থানীয় লোকের ও গবর্নমেণ্টের চেষ্টায় গ্রাম পুনর্গঠিত হইয়াছে। জন. ৩,৮৯৩।

**বিরপুর** (Virpur): সৌরাষ্ট্রের (বোম্বাই রাজ্য) অন্তর্গত পূর্বতন কাঠিয়াবাড়ের করদরাজ্য। আ. ৬৬ ব মা; জন. ৮,৫৯৪। বারোটি গ্রাম লইয়া রাজ্য। রাজা ব্রিটিশ ও জুনাগড় সরকারকে কর দিতেন।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজা ৪৪,৫০০ টা. ভাতা পান।

**বীরভূম** (Birbhum): বর্ধমান বিভাগের জেলা। প্রাচীন কালে এই জেলায় বহু তান্ত্রিক বাস করিতেন; এখনো এই জেলায় ৪।৫টি পীঠস্থান আছে। স্থানীয় অধিবাসীরা ডোম ও হাড়ি; নানা তন্ত্রাচারের সহিত ইহাদের নাম জড়িত। ...১৩ শতকে এই অঞ্চল গৌড়ের মুসলমান সুলতানদের দ্বারা অধিকৃত হয়। রাজনগর, হেতমপুর প্রভৃতি স্থানে মুসলমান শাসকদের বহু কীর্তি এখনো দেখা যায়। ১৮ শতকে আসাদুল্লা খাঁ নামক পাঠানকে মুর্শিদাবাদের নবাব 'বীরভূম জমিদারী' প্রদান করেন। অতঃপর ১৭৬৫ ঈ. ই. কোম্পানি বঙ্গের দেওয়ানি পাইয়া এই অঞ্চল শাসনে ও শোষণে মন দেন (১৭৭৮)। রাজাদের ক্ষমতা লুপ্ত হইলে পশ্চিমদিক হইতে নিরন্তর দস্যুর উৎপাত হইতে থাকে। শাসন ব্যবস্থা ভাল করিবার জন্য ১৭৯৩-এ বীরভূম পৃথক জেলা হয়। এদিকে চিরস্থায়ী বন্দবস্ত প্রবর্তিত হইলে রাজারা যথাসময়ে রাজস্ব দিতে অসমর্থ হইতে লাগিলেন এবং ধীরে ধীরে তাঁহাদের রাজ্য নিলামে উঠিতে লাগিল; কয়েক বৎসরের মধ্যে রাজ-নগরের সমস্ত গৌরব দূর হইল। ১৮৫৭-এ সাঁওতাল বিদ্রোহ হয়। ১৮৫৮-৬০-এর মধ্যে রেলপথ নির্মিত হয়। ১৮৭৯-এ বাড়োয়া পরগনা মুর্শিদাবাদ জেলার এবং রামপুরহাট ও নলহাটি থানা বীরভূম জেলা ভুক্ত হয়। তদবধি জেলার সীমানার পরিবর্তন হয় নাই। ...বর্তমানে কৃষির উন্নতির জন্য গবর্নমেণ্ট ময়ূরাক্ষী পরিকল্পনা গ্রহণ করায় বহু সহস্র একর জমিতে জলসেচ পাইতেছে।... জেলার ২ মহকুমা: সিউরী ও রামপুরহাট। প্রধান সহর সিউরী। জেলার বিশিষ্ট স্থান: শান্তিনিকেতন, কেন্দুবিল্ব, নান্নুর, একচক্রা। আ. ১,৭৫৪ ব মা; জন. ১০,৬৬,৮৮৯ ('৫১)। ঘনবসতি ৬১২ বর্গ মাইলে। গ্রাম ২,২০৭, শহর ৫। হিন্দু ৭,৭৪,৫২৭ (৭২·৬%) এবং মুসলমান ২,৯০,৫১৮ (২৬·৮%)। জেলায় ৪টি কলেজ ও একটি বিশ্ববিদ্যালয় (বিশ্বভারতী); বুনিয়াদি বিদ্যালয়, সমাজ উন্নয়ন পরিকল্পনা কেন্দ্র অনেকগুলি।

**বীরমিত্রপুর** (Birmitrapur): ওড়িশা; সুন্দরগড় জেলার পানপোষ মহকুমার শহর। রৌড়কেলা (২৫৭ মা) হইতে শাখা লাইনের শেষ স্টেশন (১৬ মা)। এইখানে বিরসা পাথুরে চুন কোম্পানির কারখানা আছে।

**বীরসিংহ** (Birsinha): মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার গ্রাম; ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মস্থান। বিদ্যাসাগরের বাড়ি প্রভৃতি এখনো আছে। এখানে একটি কলেজ স্থাপিত হইয়াছে। ...চন্দ্রকোনা রোড স্টেশন (১০২ মা) হইতে ঘাটাল যাইবার পথে ক্ষীরপাই গ্রামের নিকট বীরসিংহ গ্রাম।

**বীরসিংহপুর** (Birsinhapur): বীরভূমের 'বীর' রাজাদের রাজধানী; জেলার নাম এই 'বীর' রাজাদের নাম হইতে হইয়াছে। সিউরী শহরের ৬ মা পশ্চিমে বী.

গ্রামের জঙ্গলাকীর্ণ ধ্বংসাবশেষ বিদ্যমান। 'বীর' শব্দ সাঁওতালী ভাষায় জঙ্গল। জেলার ডোম জাতির লোকেরা আপনদিগকে 'বীরবংশী' বলে।

**বুএনস অ্যারেস** ( Burnas Aires ): দ. আমেরিকার আরজেন্টাইন রিপাবলিকের রাজধানী ; লাপ্লাটা নদী-তীরের বন্দর ও শিল্পনগরী। জন. প্রায় ৩০ লক্ষ। এত বড় নগর দ. আমেরিকায় নাই, ইহা জনসংখ্যায় পৃথিবীর মধ্যে নবম নগরী। ১৫৩৫-এ শহর পত্তন ও ১৮৫৩-এ রাজধানী প্রতিষ্ঠিত হয় ; ইহার পর হইতে শতাব্দীর মধ্যে অভাবনীয় উন্নতি হইয়াছে। পশুমাংস ও শস্য রপ্তানির বড় কেন্দ্র।...বিশ্ববিদ্যালয়, জাতীয় গ্রন্থাগার, থিয়েটর, মিউজিয়াম প্রভৃতি ; স্পেনীশ সাহিত্য প্রকাশের বিশিষ্ট কেন্দ্র।

**বুকারেস্ত** ( Bucharest ): রুমানিয়ার রাজধানী ; ওয়ালেশিয়ান সমতলে অবস্থিত ; বিবিধ শিল্প ও বিশেষভাবে পেট্রোলিয়াম ব্যবসায়ের কেন্দ্র। জন. ১০·৪১ লক্ষ ('৪৮)।

**বুখাসাগরম** ( Bukhasagaram ): তুঙ্গভদ্রা-পরিকল্পনা অন্তর্গত বিদ্যুৎকেন্দ্র। অন্ধ্র-মহীশূর দিয়া যে খালটি আসিয়াছে ( ২১৫ মা দীর্ঘ ) তাহার প্রান্তে অবস্থিত।

**বুখারা, বোখারা** ( Bukhara, Bokhara ): মধ্য এশিয়ার উজবেকিস্তান সোবিয়েত রিপাবলিকের শহর। প্রায় হাজার বৎসর পূর্বে প্রতিষ্ঠিত রোদেপোড়া ইটের নির্মিত ১৫ মা প্রাচীর দ্বারা শহর বেষ্টিত ; ৩৬৫টি মসজিদ ইহার মধ্যে আছে। স্থাপত্য শৈলীর মধ্যে বৈশিষ্ট্য আছে। আধুনিক বোখারা ৮ মা দূরে ; পার-কাস্‌পিয়ান রেলপথের স্টেশন।...এই অঞ্চল ১৮৭৩-এ রুশিয়ার সাম্রাজ্য ভুক্ত হইয়াছিল। প্রথম মহাযুদ্ধের পর আমীর বিতাড়িত হন ; ১৯২০-এ উজবেকিস্তান রিপাবলিক গঠিত ও ১৯২৫-এ সোবিয়েত অন্তর্গত হয়।

**বুদা-পেশ্‌ত** ( Budapest ): হাংগেরির রাজধানী ; দানিয়ুব নদীর উভয় পার্শ্বে বুদা ও পেশ্‌ত নগরী অবস্থিত। হা.র প্রায় বারো আনি শিল্প এই নগরে ও উহার উপকণ্ঠে কেন্দ্রীভূত। রাজ্যের অর্ধেক শিল্প-শ্রমিকও এখানে বাস করে।...শহরতলী লইয়া জন. ১৬ লক্ষের উপর।

**বুড়ি-গঙ্গা** ( Buri-Ganga ): ঢাকা নগরের পাশ দিয়া প্রবাহিত নদী ; এখন এই নদীর তেমন প্রবলতা নাই। কিন্তু পূর্বকালে গঙ্গা-পদ্মার একটি বড় খাত এই অঞ্চল দিয়া প্রবাহিত হইত ; তখন উহা আরও উত্তর দিকে ছিল। এই সকল নদীধারার গতি ও প্রকৃতির এত পরিবর্তন হইয়াছে যে তাহাদের পূর্বরূপ এখন কল্পনা করা কঠিন।

**বুড়িচং** ( Burichang ): পূ. পাক. ; ত্রিপুরা জেলা, কুমিল্লা মহ.র থানা। আ. ১১৬ ব মা। গ্রাম ; ডাকঘর।

**বুঁদি** ( Bundi ): পূর্বতন রাজস্থান স্টেট্‌স এজেন্সির অন্যতম করদরাজ্য। আ. ২,২০৫ ব মা ; জন. ২,৪৯,৩৭৪ ('৪১)। চোহান রাজপুত হারাবতী বংশীয় মহারাও এখানকার রাজা ছিলেন ; ১৩ শতকে রাজ্য স্থাপিত। 'মহারাও' উপাধি উদয়পুরের মহারানাদের প্রদত্ত। ১৬ শতকে মুসলমানদের সহিত সন্ধি করিয়া শান্তিতে বাসের চেষ্টা করে। মারাঠাদের কবল ও লুণ্ঠন হইতে রক্ষা পাইবার জন্য ১৮১৮-এ বুঁদি ইংরেজের আশ্রয় গ্রহণ করে। রাজা ১৭ তোপের সম্মান পাইতেন। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে মহারাওকে বার্ষিক ২·৮১ লক্ষ টাকা ভাতা দেওয়া হয়। ... রাজস্থান ইউনিয়নের মালভূম প্রদেশের জেলা ; চম্বল নদী এক-প্রান্তে প্রবাহিত। জেলায় প্রায় ১০০০ ব মা অরণ্য আছে। কোটা বিভাগের জেলা। আ. ২,১৩৯ ব মা ; জন. ২·৮০ লক্ষ। ২ মহকুমা, ৬ শহর, ৭২৩ গ্রাম। ... —বুঁদি শহর ( জন. ২২,৭০০ ) বনময় পর্বতদ্বারা বেষ্টিত উপত্যকায় অবস্থিত ; রেলপথ নাই ; জয়পুর হইতে ১০০ মা. দক্ষিণে, কোটা স্টেশন হইতে মোটর আছে। ...রাজস্থান ব্যাংক।

**বুদায়ুন, বদায়ুঁ** ( Budaun, Badyun ): উত্তর প্রদেশ ; রোহিলখণ্ড বিভাগের জেলা। উ.-বরেলী, দ.—গঙ্গা। আ. ২,১০০ ব মা ; জন. ১২,৫১,১৫২। হিন্দীভাষী। তহশীল ৫টি।— প্রধান শহর ( জন. ৫৫,৫২১ কলিকাতা হইতে ৮০৯ মা ; ...স্টেট ও বরেলীর ২ব্যাংক।_ ১১৯৬ অব্দে কুতুবউদ্দীন কর্তৃক অধিকৃত ; ইলতুতমিশ নির্মিত (১২২৩) বিশাল জুমামসজিদ এখনো আছে। আফগানদের শাসনকালে বিশিষ্ট স্থান ছিল।

মুসলমান ঐতিহাসিক অল্-বদোনী (Al-Baduni)-র জন্মস্থান।

**বুদ্ধগয়া** ( Buddha Gaya ) : বিহার রাজ্যান্তর্গত গয়া জেলার ফল্গু বা নিরঞ্জনা নদীতীরস্থ গ্রাম; গয়া শহর হইতে ৭ মা দক্ষিণে। এখানে মহাবোধি মন্দির অবস্থিত; গয়া হইতে বাস্, এক্কা, রিক্শ পাওয়া যায়। যাত্রীদের বিশ্রামের জন্য সিংহল, বর্মা, তিব্বতী জাপানী ও চীনাদের নির্মিত বিহার, বিড়লাদের ধর্মশালা ও বুদ্ধগয়ার মোহন্তের যাত্রীনিবাস আছে।... প্রায় আড়াই হাজার বৎসর পূর্বে সিদ্ধার্থ গৌতম এইস্থানে এক পিপ্পল বা অশ্বত্থ বৃক্ষতলে বুদ্ধত্ব লাভ করেন; সেইস্থান পরবর্তীকালে বোধিপল্লঙ্ক বা বজ্রাসন নামে পরিচিত হয়। প্রারম্ভিক গুপ্তকালে সেখানে একটি অখণ্ড শিলাসন স্থাপিত হয়, উহা এখনো আছে। —খ্রী. পূ. ৩য় শতকে অশোক সর্বপ্রথম এখানে এক বিহার নির্মাণ করিয়াছিলেন। বুদ্ধগয়া সম্বন্ধে প্রাচীনতম এবং প্রামাণিক লেখা চীন-পরিব্রাজক ফা-হিয়েনের ভ্রমণকাহিনীতে পাওয়া যায় (৪০০); তখনকার বিহারে ক.শ্যপ বুদ্ধের মূর্তি রক্ষিত ছিল। এই বিহারের নিকট সিংহলরাজ মেঘবর্মণ নির্মিত আর একটি বিহার সম্বন্ধে তিনি উল্লেখ করিয়াছেন। বর্তমান মন্দিরের দক্ষিণে এখনো ধ্বংসাবশেষ দেখা যায়। ৭ম শতকে হুয়েনৎসাঙ যখন এখানে আসেন তখন তিনি ১৮০ ফুট উচ্চ এক মন্দির দেখেন; প্রবাদ উহা অশোক প্রতিষ্ঠিত মন্দিরের উপর নির্মিত। সেই মন্দিরই বারেবারে সংস্কার করা হয়। শেষ সংস্কার করা হয় ব্রিটিশ যুগে; প্রত্নতত্ত্ব-বিভাগের কানিংহাম সাহেবের সহকারী বেগ্লার (J. D. M. Beglar) জীর্ণোদ্ধার করেন (১৮৮০)। হিন্দু বুদ্ধগয়ার মন্দিরাদি প্রায় চারিশত বৎসর বুদ্ধগয়ার মোহান্তদের হাতে ছিল। ১৫৯০ অব্দে গোঁসাই ঘমন্ডী গিরি এখানে সর্বপ্রথম আসেন; কালে মোহান্তরা বিরাট জমিদারীর মালিক হন। বর্তমান মোহান্তি হরিহরনাথ গিরি ১৯৩৫ হইতে গদি পাইয়াছেন।...১৮৯১-এ মহাবোধি সোসাইটি স্থাপয়িতা (অনাগরিক) ধর্মপালের আহ্বানে এখানে 'বিশ্ব-বৌদ্ধ সম্মেলন' হয়। ১৮৯৪ হইতে এখানে বৌদ্ধদের বিশেষ অধিকার প্রতিষ্ঠিত করিবার আন্দোলন আরম্ভ হয়; ভারত স্বাধীন হইবার পর ১৯৪৯-এ বুদ্ধগয়ায় বৌদ্ধদের বিশেষ অধিকার স্বীকার করিয়া বিহার রাজ্য পরিষদে আইন পাশ হয়। বর্তমানে ৪ জন ভারতীয় বৌদ্ধ, মোহান্ত ও তিনজন হিন্দু লইয়া গঠিত কমিটির উপর মন্দিরের ভার ন্যস্ত আছে। জেলার ম্যাজিস্ট্রেট কমিটির সভাপতি। ১৯৫৩, মে ২৮ বৈশাখী পূর্ণিমার দিন হইতে এই কমিটি কার্যকরী হয়।...বুদ্ধগয়ার চারিদিকে অসংখ্য বুদ্ধমূর্তি ও বৌদ্ধ ভাস্কর্য ও স্থাপত্যচিহ্ন পড়িয়া আছে; অনেকগুলি এখন মোহান্ত কর্তৃক হিন্দুদেবদেবীতে পরিণত করা হইয়াছে। চারিপার্শ্বে অনেক কিছু দেখিবার আছে।

**বুধগাঁও** ( Budhgaon) : বোম্বাই; দ. সাতরা জেলার শহর (জন. প্রায় ৫ হা.); সাংলি হইতে ৪ মা উ.-পূর্বে। মিরাজ ছোট তরপ রাজ্যের করদাতা স্টেট ছিল।

**বুন্দেলখণ্ড** ( Budelkhand ) : উত্তর প্রদেশের দক্ষিণাংশ ও বিন্ধ্যপ্রদেশের শৈলময় অংশে বুন্দেল রাজপুতগণ ১৩-১৪ শতকে আসিয়া প্রথমে উপনিবেশ ও পরে রাজ্য স্থাপন করে। তাহাদের নাম হইতে এই স্থানের নাম। বেতোয়া, কেন, ধাসান প্রভৃতি নদী প্রবাহিত।

**বুন্দেলখণ্ড এজেন্সি** ( Bundelkhand Agency ) : মধ্যভারতের করদ ও দেশীয় রাজ্যগুলিকে যে চারিটি এজেন্সির অন্তর্গত করা হয়, বুন্দেলখণ্ড তাহার অন্যতম। সাতনায় রেসিডেন্টের বাস ছিল।...১৯৪৭-এর পর মধ্যভারত রাজ্য গঠিত হইলে বুন্দেলখণ্ডের রাজ্যগুলি নূতন রাজ্যান্তর্গত হয়। ওরচা, ছত্রপুর, বিজাবর, পান্না, চরখারি, অজয়গড়, জাসো, নাগোদ, মাইহার স্টেট লইয়া বু. এজেন্সি ছিল; বুন্দেলখণ্ডের পূর্বদিকে বাঘলখণ্ড। আ. ছিল ১১,৬৭১ ব মা; জন. ১,৭২,৮৮,০০০ ('৪১)। বর্তমানে মধ্যপ্রদেশভুক্ত।

**বুরজিল** ( Burzil Pass ) : কাশ্মীরের উ.-পূর্বে শ্রীনগর-গিলগিট যাইবার পথে গিরিপথ (১৩,৭৫৫)।

**বুরহানপুর** ( Burhanpur ) : মধ্যপ্রদেশ (বর্তমানে বোম্বাই রাজ্য); নিমার জেলার শহর; তাপ্তি

নদীতীরে। বোম্বাই হইতে ২৭৬ মা ও কলিকাতা হইতে ১০২৪ মা, নাগপুর ১৮৫ মা পশ্চিমে। ১৪০০ অব্দে খানদেশের ফারুকি বংশীয় নবাবদের দ্বারা স্থাপিত এই নগরী মুঘল যুগে প্রসিদ্ধি লাভ করে। ১৬০০-এ অকবর কর্তৃক অধিকৃত ও দাক্ষিণাত্যের রাজধানী স্থাপিত হয়। এই নগরের নিকট জায়নাবাদে শাহ-জাহানের পত্নী মমতাজের মৃত্যু হয় (১৬২৯)। ১৬৩৫-এ রাজধানী অউরঙ্গাবাদে স্থানান্তরিত হইলে নগরীর বৈশিষ্ট্য হ্রাস পায়। নিজাম, সিন্ধিয়া ও ইংরেজদের হাতবদল হইয়া ১৮৬০ এ স্থায়ীভাবে ব্রিটিশ ভারতভুক্ত হয়।...এখানকার রেশম ও কিংখাব শিল্প বিখ্যাত। ...জন. ৭০,০৬৬। দেবকরণ, লক্ষ্মী ব্যাংক, সেফ্ ব্যাংক।

**বুরিয়াৎ-মংগোল রিপাবলিক** ( Buryat--Mongol Autonomous Soviet Socialist Rep. ): রুশীয় সোবিয়েতের ১৪টি আত্মশাসিত রিপাবলিকের অন্যতম; ১৯২০-এ গঠিত। ইয়াকুতস্ক রিপাবলিকের দক্ষিণে, পূর্বে সাইবেরিয়া। আ. ১৬১,৭৭৬ ব মা; জন. ৫'৫০ লক্ষ। অধিবাসীদের মধ্যে বৌদ্ধধর্মীয়রা সংখ্যাগরিষ্ঠ। পশু-পালন প্রধান উপজীবিকা; সংঘ চাষবাড়িতে প্রায় ৪০ লক্ষ উট, ঘোড়া, ভেড়া বৈজ্ঞানিকভাবে পালিত হইতেছে। ৭০০ স্কুল, ১০ উচ্চ টেকনিক্যাল কলেজ ও ৩ উচ্চ জ্ঞান-বিজ্ঞান কেন্দ্র খোলা হইয়াছে।·· প্রধান শহর উলান উদে ( Ulan Ude ); এখানে লৌহ ও অন্যান্য কারখানা স্থাপিত হইয়াছে। পার-সাইবেরিয়া রেলের সঙ্গে শাখা রেলপথে নগর যুক্ত।

**বুলগেরিয়া** ( Bulgaria ; Narodna Republika Bulgaria ): বলকান উপদ্বীপের রাষ্ট্র। দেশ পার্বত্য; বীচ্, ওক প্রভৃতি বৃক্ষের বনভূমি আবৃত। এখান-কার গোলাপ চাষ বিখ্যাত।...দেশে প্রচুর কয়লা আছে। আ. ৪২,৭৯৬ ব মা; জন. ৭২,৯০,০০০ ( '৫২ )। জনতার ১১ ৪% মুসলমান। অবশিষ্ট অধিকাংশই গ্রীক চার্চের খ্রীষ্টান। কৃষ্ণসাগর তীরস্থ বর্না ( Varna )-র বর্তমান নাম স্তালিন বন্দর। রাজধানী সোফিয়া; দ্বিতীয় শহর প্লোবদিব ( Plovdiv ) বহু শিল্পের কেন্দ্র। ভারতের সহিত বুলগেরিয়ার বাণিজ্যিক সম্বন্ধ স্থাপিত হইয়াছে। গত ১০।১৫ বৎসরের মধ্যে এখানে বহু ভারীশিল্প প্রতিষ্ঠিত হইয়াছে। কম্যুনিজমের প্রভাবে দেশের সকলদিকে উন্নতি হইতেছে। রোহদোপ পর্বতে বিরাট বাঁধ নির্মাণ করিয়া জলাধার হইতে কৃষিক্ষেত্রে জলসেচন হইতেছে। শিক্ষা আবশ্যিক হওয়ায় বহুযুগের নিরক্ষরতা প্রায় দূরীভূত হইয়াছে।

**বুলদানা** ( Buldana ): মধ্যপ্রদেশ (বর্তমানে বোম্বাই-রাজ্য); বেরার বিভাগের জেলা। জেলার দক্ষিণাংশে সহ্যাদ্রি পর্বত বা অজন্টা পাহাড়। নদীর মধ্যে পূর্ণা ও পেনগঙ্গা তাপ্তিতে পড়িয়াছে। জেলার কালো-মাটিতে প্রচুর তুলা, তৈলবীজ, জোয়ার উৎপন্ন হয়। এই জেলায় এক হ্রদের জল হইতে প্রচুর সোডিয়াম কার্বোনেট ও লবণ প্রস্তুত হয়। বুলদানা, জেলার সদর শহর (জন. ১০,৮০০ ) ২,১১৯ ফুট উচ্চ মালভূমে অবস্থিত; মালকাপুর স্টেশন ( বোম্বাই হইতে ৩০৮ মা ) হইতে দক্ষিণে ২৮ মা মোটর পথ। নিকটে গভীর সেগুন জঙ্গল। সমবায় ব্যাংক।

**বুলন্দ দরওজা** ( Buland Darwaza ) : ফতেপুর শিকরীর সিংহদ্বার; ১৭৬ ফুট উচ্চ। পৃথিবীতে এত উচ্চ ও বড় দ্বার আর কোথাও নাই।

**বুলন্দশহর** ( Bulandshahr ): উত্তর প্রদেশ; মিরাট বিভাগের জেলা। জেলা স্বভাব-উর্বর; তদুপরি খাল হইতে জলসেচনের ব্যাপক ব্যবস্থা থাকায় কৃষিজাত ফসল পর্যাপ্ত: গম, যব, ভুট্টা, ইক্ষু ও তুলা। এ অঞ্চলে অন্যতম শ্রেষ্ঠ ব্যবসায়কেন্দ্র খুরজা অবস্থিত। ...আ ১,৯১৪ ব মা; জন. প্রায় ১৫ লক্ষ। বুলন্দ-শহর, জেলার সদর, জন. ৩৭,৫০০। ব্যবসায়ের কেন্দ্র। দিল্লী এখান হইতে ৪০ মা উ.-পশ্চিমে। ব্যাংক: স্টেট, প. ন্যাশনাল। ১৪ শতকের মুসলমান ঐতিহাসিক জিয়াউদ্দীন বরনীর জন্মস্থান। এই স্থানের পূর্ব নাম ছিল বরনী। নিকটে ৭-৮ শতকের হিন্দু ও বৌদ্ধ যুগের ধ্বংসাবশেষ দেখা যায়।...

**বুলসার** (Bulsar): বোম্বাই রাজ্য; সুরত জেলার মহ. ও শহর, কামবে উপসাগরের বন্দর, সুরত হইতে ৪০ মা দক্ষিণে। বো.-বড়োদা রেলপথের স্টেশন (১২১

মা)। ব্যবসায়ের কেন্দ্র। জন. ২৫,৪০০। ব্যাংক: দেবকরণ, ইউনা. কমার্স। ২ মা দূরে একটি আলোক-স্তম্ভ আছে।

**বুলাবায়ো, বুলুওয়াইও** (Bulawayo): দ. রোডেশিয়ার বৃহত্তম শহর; স্বর্ণখনির কেন্দ্র। পূর্বে ইহা মাতাবেলে নামে জুলুদের রাজধানী ছিল। জন. ১,২০,০০০ [শ্বেতাঙ্গ ৪৫ হা.]। বিখ্যাত মানমন্দির।

**বুলোঞ, বুলোন** (Boulogne): উ-ফ্রান্সের বন্দর; ডোভার প্রণালীর উপর অবস্থিত।

**বৃন্দাবন** (Vrindavana, Brindavan): বৈষ্ণব তীর্থ। উত্তর প্রদেশ, মথুরা জেলার শহর, যমুনা নদীর তীরে; মথুরা জংশন (৮৬৮ মা) হইতে ৬ মা রেল ও মোটর-পথ। শ্রীকৃষ্ণের লীলাময় জীবনের কিংবদন্তীমূলক কাহিনীর সহিত ভক্তগণ বহুস্থান জড়িত করিয়াছেন। এখানে বহু বৈষ্ণব মন্দির আছে, কিন্তু ১৬ শতকের পূর্বের প্রাচীন মন্দির নাই।...গৌড় দেশীয় বহু বৈষ্ণব এখানে গিয়া বাস করেন; বহু সহস্র বাঙালীর বাস। রূপ ও সনাতন গোস্বামী, কৃষ্ণদাস কবিরাজ প্রভৃতি বহু শ্রীচৈতন্যভক্তের জীবন এইখানে কাটে।...মদন-মোহন মন্দির, সাহজীর মন্দির, লালাবাবুর মন্দির প্রভৃতি উত্তর ভারতের হিন্দু স্থাপত্যের উৎকৃষ্ট নিদর্শন। শেঠ রাধাকৃষ্ণ ও শেঠ গোবিন্দ দাস নির্মিত মন্দির দক্ষিণী দ্রবিড় ঢঙে তৈয়ারি। গোবিন্দের মন্দিরের খ্যাতি এককালে বহু দূর বিস্তৃত ছিল; ইহার স্থাপত্য রীতি ও কলা অতি সুন্দর। অউরঙজেব এই মন্দিরের কিয়দংশ ধ্বংস করেন বলিয়া প্রবাদ। এখানকার বিগ্রহ জয়পুরে রাতারাতি সরাইয়া ফেলা হইলে বিগ্রহ অপবিত্র হইতে পারে নাই। সেই হইতে বৃন্দাবনের এই মন্দির দেবতা শূন্য।—শহরের জন. ২২,১১৯।

**বেগমগঞ্জ** (Begamganj): পূ. পাক; নোয়াখালি জেলা, সদর মহ.-র থানা। আ. ১৫৯ ব মা। গ্রাম, ডাকঘর।

**বেগমপেট** (Begumpet): হায়দরাবাদের উপকণ্ঠ-নগর। এখানে ভারতীয় উচ্চতর বিমানশিক্ষার বিদ্যালয় (Advanced Flying School) আছে। ইহাকে ১নং এয়ার কোর্স একাডেমি বলে। ২নং টি জোধপুরে; সেখানে প্রাথমিক বিমান-শিক্ষা দেওয়া হয়।... ১৯৫৬ হইতে এই স্থান অন্ধ্র-তেলিঙ্গানা প্রদেশান্তর্গত।

**বেগুসরাই** (Begusarai): বিহার; মুঙ্গের জেলার মহ. ও শহর; গঙ্গার উত্তরে। জন. ১৫,১৪১। মোকামা ঘাটে (২১৫ মা) গঙ্গা পার হইয়া বারুণী জং. হইতে ১০ মা।—মহকুমার আ. ৭১৫ ব মা; জন. ৭,৯৩,৯৪২; ঘনতা ১,১১০। ৬টি থানা।

**বেঙগয়েলা** (Benguala): পোর্তু. আফ্রিকা বা আঙ-গোলার অতলান্তিক মহাসাগর তীরস্থ বন্দর। পূর্ব-কালে কিউবা বা ব্রাজিলে কৃষ্ণাঙ্গ দাস প্রেরণের কেন্দ্র ছিল। এখান হইতে ভারত মহাসাগর তীরস্থ বেইরা (Beira) পর্যন্ত রেলওয়ে আছে।...বিমান বন্দর। বহু শিল্পের কেন্দ্র। জন. ১৪ হা.।

**বেঙ্গল আসাম রেলওয়ে** (Bengal Assam Railway) ঈস্ট বেঙ্গল রেলওয়ে (দ্র.) ১৮৮৪-এ ভারত গবর্নমেণ্ট নিজ তত্ত্বাবধানে আনেন; তখন নাম হয় ঈস্ট বেঙ্গল স্টেট রেলওয়ে (E. B. S. Rly)। ১৯৪২ সালে আসাম বেঙ্গল রেলওয়ের সহিত মিলাইয়া নাম হয় বেঙ্গল আসাম রেলওয়ে (B. A. Ry.); এখন পাকিস্তানের মধ্যে যে অংশ পড়িয়াছে তাহা ঈস্টার্ন বে. রেলওয়ে (E. B. Ry.) নামে ও ভারতভুক্ত অংশের কিয়দংশ ঈস্টার্ন (ব্রড গেজ) (Eastern Railway) ও উত্তরাংশ (মিটার গেজ) নর্থ-ঈস্টার্ন রেলওয়ে (North-Eastern Railway) নামে পরিচিত।

**বেঙ্গল-ডুয়ার্স রেলওয়ে** (Bengal-Duars Rly.): পার্টিশনের পূর্বে লালমনিরহাট হইতে মাদারিহাট (১৩৫ মা) পর্যন্ত যে মিটার গেজ রেলপথ ছিল তাহার নাম। এখন পূর্ব পাকিস্তানের অধিকাংশই ঈ. বে. রেলের অন্তর্গত। ...শিলিগুড়ি হইতে বাগরাকোট পর্যন্ত ২০ মা নূতন রেলপথ নির্মাণ করিয়া এখন আসাম যাইবার রেলপথ সরাইয়া দেওয়া হইয়াছে।

**বেঙ্গল-নাগপুর রেলওয়ে** (B. N. Rly): ১৮৮৬,২৩ ফেব্রুয়ারি লন্ডন নগরে বেঙ্গল-নাগপুর রেলওয়ের কোম্পানি সংগঠিত হয়। এই কোম্পানি এই বৎসর 'নাগপুর-ছত্রিশগড় স্টেট রেলওয়ে' নাম লইয়া রেল-পথের পরিচালনার ভার গ্রহণ করে। ঐ রেলপথের

দৈর্ঘ্য ছিল ৮০৩ মা। ১৮৬৩ সালে কাজ আরম্ভ ও ১৮৯১-এর মধ্যে ৬০০ মা ব্রড গেজ লাইন শেষ হয়। ইতিমধ্যে ১৮৮০ হইতে রেলচলাচল সুরু হয়। ২য় মহাযুদ্ধের পূর্বে বে.-না.-রে.-এর দৈর্ঘ্য ছিল ৩,৩১৮ মা; (সরু রেল ৯২৫ মা)। স্টেশন ৫০৪। বাংলা, বিহার, ওড়িশা, মধ্যপ্রদেশ, মদ্রাজ প্রদেশের মধ্যে অবস্থিত ছিল। ...বর্তমানে সাউথ-ঈস্টার্ন রেলওয়ে। ...মূলধন ৮৭,১২,৭৫,০০০ টাকা। মোট আয় ২৯,৫২,০০,০০০। নিট আয় ৫, ৩২,০০,০০০ টাকা। যাত্রী ৬,৬১,২৩,০০০ (১৯৫০- ৫১)।

**বেঙ্গল প্রভিন্সিয়াল রেলওয়ে** (Bengal Provincial Railway): এই প্রাইভেট কোম্পানির তত্ত্বাবধানে ২টি রেলপথ: তারকেশ্বর-মগরা-ত্রিবেণী রেল—৩৩ মা এবং জামালপুরগঞ্জ-দাসঘরা— ১৪ মা। ১৮৯৪-এ স্থাপিত।

**বেঙ্গী, বেঙ্গীপুর** (Vengi): দ. ভারতে চালুক্য রাজাদের বিশিষ্ট নগরী; বর্তমানে অন্ধ্ররাজ্যের গোদাবরী জেলার এলোরু শহরের ৭ মা উত্তরে পেড্‌ডু-বেংগী গ্রাম; গোদাবরী ও কৃষ্ণানদীর মধ্যবর্তী সমুদ্র নিকটবর্তী উপদ্বীপ বেঙ্গী মণ্ডলম নামে খ্যাত ছিল। বেঙ্গীর শালঙ্কায়ন বংশীয় রাজা হস্তিবর্মন সমুদ্রগুপ্তের দ্বারা পরাজিত হন।

**বেচুয়ানাল্যান্ড** (Bechuanaland Protectorate): ব্রিটিশ দক্ষিণ আফ্রিকার দেশ। সাউথ আফ্রিকা ইউনিয়নের মধ্যে অবস্থিত। দেশ মালভূমি, দক্ষিণাংশে কালাহারি মরুভূমি। স্বর্ণ, রৌপ্য, আসবেস্টস আকর আছে। আ. ২,৭৫,০০০ ব মা। কেপ্ প্রভিন্সের মাফেকিং (Mafeking) অন্তর্গত শহরে হাই কমিশনার থাকেন।

**বেতাগী** (Betagi): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, পাটুয়াখালি মহ.র থানা। আ. ৫৯ ব মা। গ্রাম, ডাকঘর। বিষখালী নদী অদূরে। ঝালকাটি-বড়গুনা স্টীসার্বিসের স্টেশন (২০ মা)।

**বেতিয়া** (Bettiah): বিহার; চম্পারন জেলার মহকুমা ও শহর। মহকুমার আ. ১,৯১৭ ব মা; জন. ১০,৬১,৬৮২; ঘনতা ৫৩৬। শহর (জন. ৩০,৬৩৪) উত্তর-পূর্ব রেলওয়ের স্টেশন, মুজফ্‌ফরপুর হইতে ৭৭ মা, মোতিহারী হইতে ২৯ মা। ...সেন্ট্রাল, স্টেট ব্যাংক। ...এখন হইতে ১৯ মা উ.-পশ্চিমে লৌরিয়ানন্দন গড় গ্রামে অশোকের খোদিত স্তম্ভলিপি আছে।

**বেতুল** (Betul): মধ্যপ্রদেশের জেলা; সাতপুরার মালভূমে অরণ্যময় শিখর দ্বারা বেষ্টিত; শিখর ৩,৬৫৮ ফুট। তাপ্তি প্রবাহিত। পাহাড়ে শাল, সেগুন, হরিতকী গাছ, লাক্ষা; কৃষি প্রধান জীবনোপায়। কয়লা ও গ্রাফাইট আকরে কাজ হয়। আ. ৩,৮৮৫ ব মা; জন. প্রায় ৫ লক্ষ। অধিবাসীদের মধ্যে গোন্দ উপজাতির লোক ৩৮ শতাংশ। মুসলমান মাত্র ২%; অবশিষ্ট হিন্দু। —সদর শহর (জন. ১৫,৫৬৩), নাগপুর-ইতরসি রেলপথের স্টেশন (৬৭ মা)। বহু রাস্তার জংশন। ব্যাংক: স্টেট, লক্ষ্মী ও সমবায়।

**বেত্রবতী নদী** (Betwa): বিন্ধ্যপর্বতে উঠিয়া ভিলসা হইয়া (প্রাচীন বিদিশার মধ্য দিয়া) উত্তরপূর্ববাহিনী; কানপুর জেলার গঙ্গায় পড়িতেছে। লৌকিক নাম বেতোয়া এই নদী হইতে জলসেচনের খাল কাটা হইয়াছে। ঝাঁসির ১৮ মা দক্ষিণে ঢুকওয়াঁ (Dukwan) গ্রামে বাঁধ দিয়া জলাধার নির্মিত হইয়াছে ও জলবিদ্যুৎ উৎপন্ন হইতেছে। নদীর মোট দৈর্ঘ্য প্রায় ৩৮০ মা; নদী নাব্য নহে।

**বেথসায়দা** (Bethsaida): ফিলিস্তানের প্রাচীন শহর; জর্দন নদীর পূর্বে ও গালিলি হ্রদের উত্তর সীমান্তে অবস্থিত ছিল; এইস্থানে সম্ভবত খ্রীষ্ট শিষ্য জন্, জেমস, পিটার প্রভৃতি জন্মগ্রহণ করেন। যীশু এখানে পঞ্চসহস্র দরিদ্রকে ভোজ দেন বলিয়া কিংবদন্তী।

**বেথেলহাম** (Bethelham, Beitslhm): ফিলিস্তানের গ্রাম; জেরুসালেম হইতে ৫ মা দক্ষিণে। যীশু খ্রীষ্টের জন্মস্থান বলিয়া লোকবিশ্বাস। ১৯৪৮-এর পর এই গ্রাম জর্দনের মধ্যে পড়িয়াছে। জন. প্রায় ১০ হা. অধিকাংশই খ্রীষ্টান।

**বেদসা** (Bedsa): বোম্বাই; নাসিকের নিকটে পাহাড়ে যেসব গুহামন্দিরের একটি অঞ্চল আছে বেদসা তাহারই অন্তর্গত। কারলী হইতে ১১ মা ও ভাজা হইতে ৫ মা পূর্বে বেদসার পর্বতগুহাগুলি অবস্থিত।

ভাজার গুহা হইতে এগুলি অপেক্ষাকৃত আধুনিক। বেদসা গুহার সম্মুখে অশোকের দুইটি বড় 'লাট' বা স্তম্ভ আছে। (দ্র. ভাজা)।

**বেনগঙ্গা** ( Wainaganga ) : মধ্যপ্রদেশের নদী ও উপত্যকা। মহাদেব পর্বতে উঠিয়া নদী দক্ষিণগামী হইয়া গোদাবরী নদীতে পড়িতেছে। এই অঞ্চলে ম্যাঙ্গানিজ ও পাঁচ নদী অঞ্চলে কয়লা পাওয়া যায়।

**বেনাপোল** ( Benapol ) : পূ. পাকিস্তান ; যশোহর জেলার সীমান্ত স্টেশন ; কলিকাতা হইতে ৫৩ মা। পশ্চিম বঙ্গের সীমান্ত পেত্রাপোলের অপর পারে। এখানে ভিসা প্রভৃতির পরীক্ষা হয়। নিকট দিয়া কলিকাতা-যশোহর রাস্তা গিয়াছে। বেনাপোলের নিকট যবন হরিদাসের সাধনপীঠ ও তুলসীমঞ্চ অবস্থিত। ...বেনাপোল হইতে পূ. পাকিস্তানের ঈ. বে. রেলওয়ে যশোহর ( ২২ মা ) ও খুলনা ( ৫৪ মা ) গিয়াছে।

**বেনেলুক্স** ( Benelux ) : বেলজিয়াম ( Be ),. নেদারলন্‌ডস ( Ne ) ও লুক্‌সেমবুর্গ ( Lux ),—এই তিনটি রাজ্যের নামের আদ্যাংশ লইয়া ইহারা শুল্কাদি ব্যাপারে মিলিত হয় ( ১৯৪৭ )।

**বেয়োন, বেইয়ন** (Bayonne) : ফ্রান্সেরদ.-প. সীমান্তে পীরিনীজের নিকট বাস্ক-দেশের বন্দর; বেয়নেট প্রথমে এইস্থানে উদ্‌ভাবিত হয় বলিয়া অনুমিত হয়। .. জন. ৩২ হা.।

**বেরা** ( Bera ) : পূ. পাক. ; পাবনা জেলা, সদর মহ.র থানা। আ. ৯২ ব মা। গ্রাম বড়াল নদীতীরে; পাবনা হইতে সড়ক আছে।

**বেরাবল** ( Veraval ) .এলাপুর : সৌরাষ্ট্রের ( বোম্বাই) বন্দর ; পূর্বতন জুনাগড় রাজ্যের অন্তর্গত ছিল। বন্দরের নিকটে আলেকস্তম্ভ আছে। রাজকোট হইতে রেলপথের শেষ স্টেশন ( ১১৪মা ) ; বোম্বাই রেলপথে ৬১৬ মা। ...সোমনাথ মন্দির নিকটে থাকায় অতি প্রাচীনকাল হইতে এই বন্দর সুপ্রসিদ্ধ। গুজরাটের সুলতানদের সময় মক্কার হজ-যাত্রীরা এই বন্দর হইতে জাহাজে চড়িত। হরসাদ মন্দিরের এক শিলালিপিতে ( ১২৬৪ ) সমসাময়িক চারিটি অব্দ দেওয়া থাকায় বল্লভী অব্দের আরম্ভ কাল যে ৩১৯ খ্রী. অ. তাহা হিসাব করিয়া জানা গিয়াছে।...বেরাবলের উত্তরে দেওকা নদীতীরে দুই মাইল দূরে বিখ্যাত জলেশ্বর মন্দির। ...আধুনিক বন্দরের অনেক উন্নতি হইয়াছে।...জন. ৪০,৩৭৮। ব্যাংক : বড়োদা, ব্যাংক অব্‌ ইন্‌ডিয়া, সেন্‌ট্রাল, দেবকরণ, ইউনিয়ন ব্যা. সৌ. স্টেট।

**বেরার** ( Berar ) : মধ্যপ্রদেশের বিভাগ ( ১৯৫৬ হইতে বোম্বাই রাজ্যের মারাঠাওয়াডার অন্তর্গত )। জেলা —অমরাবতী, ইয়োৎমল, অকোলা ও বুলদানা। আ. ১৭,৮০৮ ব মা ; জন. ৩৬·০৪ লক্ষ। অধিবাসীরা মারাঠীভাষী। দেশ উর্বর ও কার্পাস চাষের জন্য খ্যাত। পূর্বে ইহা নিজামের রাজ্যান্তর্গত ছিল। কিন্তু হায়দরাবাদ রাজ্য রক্ষার জন্য ব্রিটিশ সৈন্য মোতায়ান রাখার ব্যয় বহু বৎসর জমিয়া যাওয়ায় ও নিজাম সেই টাকা পরিশোধ করিতে না পারায় ১৮৫৩-এ বেরার ব্রিটিশদের দিয়া দিতে হয়। হায়দরাবাদস্থিত ব্রিটিশ রেসিডেন্ট Hyderabad Assigned Districts রূপে বেরারের জেলাগুলি ১৯০৩ পর্যন্ত শাসন করিয়াছিলেন। ১৯০৩-এ লর্ড কর্জন বেরারকে স্থায়ীভাবে ব্রিটিশ রাজ্য বলিয়া ঘোষণা করেন। নিজাম এই স্থান পুনরুদ্ধারের বহু চেষ্টা করিয়া ব্যর্থ হন। অবশেষে ( ১৯৩৬ ) তাঁহার অধিকার মানিয়া লইয়া ইংরেজ সরকার নিজামের জ্যেষ্ঠ পুত্রকে প্রিন্স অব্‌ বেরার উপাধি দান করেন। কিন্তু কার্যত উহা সেন্‌ট্রাল প্রভিন্সের ( মধ্যপ্রদেশ ) শাসনাধীন থাকিল। ভারত স্বাধীন হইবার পর ১৯৫০-এ বেরার ও সেন্‌ট্রাল প্রভিন্স মধ্যপ্রদেশ রাজ্য নামে অভিহিত হয়। রাজ্য পুনর্গঠিত ব্যবস্থায় ১৯৫৬ নভেম্বর হইতে বেরার বোম্বাই রাজ্যভুক্ত হইয়াছে।

**বেরি** (Beri) : পূর্বতন মধ্যভারতের বুন্দেলখণ্ড এজেন্‌সির করদরাজ্য। আ. ৩২ ব মা ; জন. ৫,০৯২। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৭,৭৫০ টা. ভাতা দেওয়া হয়।...১৯৪৮-এ বিন্ধ্যপ্রদেশ ও ১৯৫০-এ উত্তরপ্রদেশ অন্তর্গত হয়।—বেরি, এটা জেলার শহর।

**বেরিং প্রণালী** (Bering Strait) : এশিয়া ও উত্তর আমেরিকার আলাস্কার মধ্যে প্রশান্ত ও উত্তর মহা-

সাগরদ্বয়কে এই প্রণালী যুক্ত করিতেছে। প্রস্থ ৫৬ মা; সাগরের গভীরতা মাত্র ১৮০ ফুট।...১৬৪৮-এ দেজনেফ (Dezhnev) প্রথম এই প্রণালী আবিষ্কার করেন। ভিটাস বেরিং রুশের পক্ষে ১৭২৮-এ এই সমুদ্রপথ অতিক্রম করেন। ইহার নাম অনুসারে প্রণালীর নামকরণ হইয়াছে। প্রণালীর মধ্যে ক্ষুদ্র কয়েকটি দ্বীপে রুশ ও মার্কিনদের ঘাঁটি আছে।

**বেরুত** (Beirut): প. এশিয়ার লেবানন রিপাবলিকের রাজধানী; ভূমধ্যসাগরের বন্দর; দামাস্কাস হইতে রেলে ৫০ মা; এখন হাইফা (৬০ মা) ও ত্রিপোলির সহিতও রেলের দ্বারা যুক্ত। ফরাসী ও মার্কিনদের ২ বিশ্ববিদ্যালয় আছে। মার্কিন বিশ্ববিদ্যালয় ১৮৬০-এ স্থাপিত; এখানে সহশিক্ষা প্রচলিত। বেরুত হইতে বহু আরবী গ্রন্থ ও ইসলামীয় ইতিহাসাদি প্রকাশিত হইয়াছে।... জন. ২·০১ লক্ষ।

**বের্গেন** (Bergen): নরওয়ের বন্দর, জন. ১১০ লক্ষ। বিশ্ববিদ্যালয়; বাণিজ্য, শিল্প ও কারুকলা কেন্দ্র। বন্দর মাছের ব্যবসায়ের জন্য বিখ্যাত।

**বের্ন** (Berne): সুইট্জারলন্ডের রাজধানী। শব্দের অর্থ ভালুক-আবাস (Bear's den); এখনো নগরে পোষা-ভালুক রাখা আছে। ...বহু শিল্পের কেন্দ্র। জন. ১·৫৪ লক্ষ। ১৮৮৭-অব্দে বের্নে আন্তর্জাতিক কপিরাইট (Copy Right) কনভেনশন বা বৈঠক বসে।

**বের্লিন** (Berlin): জারমানির বৃহত্তম নগরী; ১৮৭১ হইতে ১৯১৮ জারমান সাম্রাজ্যের ও ১৯১৮-৪৬ পর্যন্ত জারমান রিপাবলিকের রাজধানী। বহু বিদ্যা ও শিল্পের কেন্দ্র গড়িয়া উঠায় জনসংখ্যা ৪০ লক্ষ হইয়াছিল। ...২য় মহাযুদ্ধের সময় বের্লিনের বহু অট্টালিকা মিত্রশক্তির আকাশ-বোমার দ্বারা চূর্ণিত হয়। ১৯৪৫, ২মে সোবিয়েত রুশের সৈন্য বের্লিনে প্রবেশ করিলে, সেই দিনই জারমানরা আত্মসমর্পণ করে। যুদ্ধান্তে জারমানির পূর্বাংশ সোবিয়েত-এর পরিমণ্ডলে পড়িলেও মিতালির খাতিরে বের্লিনের উপর চতুর্শক্তির (ব্রিটিশ, ফরাসী, মার্কিনী ও রুশীয়দের) খবরদারীর ভার পড়ে। কালে বের্লিনের মধ্যে দুইটি ভাগ হইয়া যায়, পশ্চিমাংশ পড়িল গিয়া ব্রিটিশ প্রমুখদের হাতে, পূর্বাংশ থাকিল সোবিয়েতের তাবে। যৌথশাসনের কর্তৃত্বাদি লইয়া বিবাদ সুরু হইতে বিলম্ব হইল না; সোবিয়েতরা ১৯৪৮-এ প্রায় চারিমাস পশ্চিম বের্লিন অবরোধ করে; কিন্তু মার্কিনী বিমান বাহিনী নাগরিকদের যাবতীয় প্রয়োজনীয় সামগ্রী—মাখন, তরকারি হইতে কয়লা, পেট্রোল সমস্তই ক্ষিপ্রতার সহিত সরবরাহ করিতে থাকিলে অবরোধ চেষ্টা ব্যর্থ হয়। ...১৯৪৮ জুলাই-এ সোবিয়েত মোতায়েন সৈন্য পূর্ব এলাকা হইতে সরাইয়া লওয়া হয়। পশ্চিমাংশ ত্রিশক্তির কবলেই রহিল; ও ১৯৫০-এর সংবিধান অনুসারে বের্লিন ফেডারেল রিপাবলিক জেলা (Lander) ও শহর লইয়া একটি মিউনিসিপ্যাল কর্পোরেশন (২৪০ সদস্য) গঠিত হইয়াছে। নগরীর ৫৫ শতাংশ পশ্চিমাংশের মধ্যে; জন. ২১·৪৭ লক্ষ। বের্লিনের পূর্বাংশ জারমান ডিমক্রাটিক রিপাব্লিক বা সোবিয়েত চক্রান্তর্গত রাজ্যের রাজধানী। জন. ১১·৯০ লক্ষ।

**বের্লিন কন্‌গ্রেস** (The Congress of Berlin): ১৮৭৮-এ বের্লিনে তৎকালীন মহাশক্তিদের বৈঠক বসে; তুর্কী সুলতান রাশিয়ানদের দ্বারা পরাভূত হইলে তুর্কীর অধীনস্ত বলকান দেশগুলির ভবিষ্যৎ এই বৈঠকে স্থিরীকৃত হয়। রুমানিয়া, সার্বিয়া, মন্‌টিনিগ্রো তুর্কী হইতে স্বাধীন হইল; বসনিয়া-হার্জোগোবিনা অস্ট্রিয়াকে ও কাইপ্রাস দ্বীপ ব্রিটিশদের দেওয়া হইল।

**বের্লিন ফতোয়া** (Berlin Decree): প্রুশিয়ানদের যেনা (Jena)-র যুদ্ধে পরাভূত করিয়া নেপোলিয়ন বের্লিন হইতে (১৮০৬ নভেম্বর) ফতোয়া দেন যে অতঃপর ইউরোপের কোনো বন্দরে ইংরেজদের জাহাজ প্রবেশ করিতে পারিবে না।

**বেলকুচি** (Belkuchi): পূ. পাক.; পাবনা জেলা, সিরাজগঞ্জ মহ.র থানা। আ. ৬০ ব মা। গ্রাম, ডাকঘর। করতোয়া ও যমুনার মধ্যে, উল্লাপাড়ার পূর্বে অবস্থিত।

**বেলগাঁও** (Belgaum): বোম্বাই; দক্ষিণ বিভাগের জেলা; ১৯৫৬ রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় এই জেলা কানাড়াভাষী মহীশূর রাজ্য (কেবল চাঁদগড় তালুক

ব্যতীত ) অন্তর্গত হইয়াছে। পশ্চিমে প. ঘাট পর্বত ও কোলহাপুর জেলা ; উ.—দক্ষিণ-সাতরা; পূ.—বিজাপুর; দ.—ধারবার ও উ. কানাড়া এবং গোয়া। কৃষ্ণা ও ঘাট-প্রভা নদী। পূর্বে আয়তন ছিল ৪,৬৫৭ ব মা ; ১৯৪৭-এর পর কতকগুলি করদরাজ্য এই জেলা ভুক্ত হওয়ায় আ. ৫,৫২৪ ব মা ; জন. ১৭,২৭,০০০। আথনী, বেলগাঁও, নিপানি প্রভৃতি শহর ব্যবসা ও শিল্পের কেন্দ্র। অধিবাসীরা কানাড়ী ও মারাঠী। — শহর ও সৈন্য ছাউনি। জন. ১,০০,১৮৫। বোম্বাই হইতে দক্ষিণে রেলপথে ৩৬৫ মা। কর্ণাটকের প্রায় শহরের সহিত রাস্তা দিয়া যুক্ত। স্বাস্থ্যকর স্থান ; লোকে বলে ইহা 'গরীবের মহাবালেশ্বর'। হাসপাতাল, প্রসূতি-সদন, ১৫টি বিদ্যালয়, কলেজ, বহুবিধ ক্লাব আছে। সুবৃহৎ গ্রন্থাগার। ব্যাংক ১৪টি— স্টেট, সেন্ট্রাল প্রভৃতি। ... ১৯২৪ এ এখানে জাতীয় কংগ্রেস অধিবেশনে মহাত্মা গান্ধী সভাপতি ছিলেন।

**বেলগ্রেড, বিওগ্রাদ** (Belgrade ; Beograd) (শ্বেত-গড়) : যুগোস্লাভিয়া রাজ্যের রাজধানী ; দানিয়ুব ও সাবা (Save) নদীর সঙ্গমে অবস্থিত। এই স্থান বহু জাতি দ্বারা আক্রান্ত ও অধিকৃত হইয়াছে। তুর্কীরা একাধিকবার জয় করে।...১৮৭৮-এ সার্বিয়া স্বাধীন হইলে বে. রাজধানী হয়। ২য় মহাযুদ্ধের সময়ে জারমানদের দ্বারা বিধ্বস্ত ও অধিকৃত হয় ( ১৯৪১-৪৪ )।...নগরের জন. ৪·৭০ লক্ষ। বহু প্রকার শিল্পের কেন্দ্র, মেশিনারী, মোটর গাড়ি, এরোপ্লেন প্রভৃতি নির্মিত হয়। বিশ্ব-বিদ্যালয়, নৃতত্ত্ব-সংগ্রহালয়, মিউজিয়াম প্রভৃতি।

**বেলঘরিয়া** (Belgharia) : ২৪-পরগনা জেলা ; বারাকপুর মহ.র শিল্পশহর। কলিকাতা (শিয়ালদহ) হইতে ৮ মা উত্তরে রেলস্টেশন। স্টেশনের ১ মা পূর্বে নিমতা প্রাচীন গ্রাম। বেলঘরিয়াতে ভাগ্যলক্ষ্মী, হিন্দুস্থান, মোহিনী কাপড়ের কল আছে।

**বেলজিয়াম** (Belgiam) : ইউরোপের একটি ক্ষুদ্র দেশ ; ইহার আয়তন মাত্র ১১,৭৮৩ ব মা (পূ.-পাকিস্তানের চট্টগ্রাম বিভাগের সমান)। অধিবাসীর সংখ্যা ৮৬, ৫৩,৭০০। ইহাদের মধ্যে ফ্লেমিশভাষী ওয়ালুন নামে একটি জাতি আছে ; তাহাদের ভাষা ও সংস্কৃতি পৃথক। সেইজন্য বেলজিয়ামের রাষ্ট্রভাষা ফরাসী ও ফ্লেমিশ। ইউরোপের মধ্যে বে.-এ সর্বাপেক্ষা ঘনবসতি —বর্গ মাইলে ৭৩৪। দেশের অধিকাংশ সমতল ও নিম্নভূমি। দক্ষিণাংশে আর্দেন (Ardennes) মালভূমে বন ও পশুচারণ ক্ষেত্র বিস্তর। এইখানে কয়লা, সীসা, দস্তা প্রভৃতি খনিজ পাওয়া যায়। এই রাজ্যের ধাতুশিল্প, কাচশিল্প, রাসায়নিক দ্রব্য, রেল-লাইন ও রেলগাড়ি প্রভৃতি তৈয়ারির কারখানাগুলি বিখ্যাত। এইসব শিল্পজাত সামগ্রি রপ্তানি হয়। এই ক্ষুদ্র দেশে ৪টি বিশ্ববিদ্যালয়।...রাজধানি ব্রুসেলস। শেলট্ (Schelde) নদীতীরে আন্‌টোয়ার্প প্রধান বন্দর। গেণ্ট, টুর্নাই কাঁচশিল্পের জন্য প্রসিদ্ধ। শার্লরোআ (Cherleoi) নগরে পৃথিবীর বৃহত্তম কাচের কারখানা। বেলজিয়ামের এক মাত্র বৈদেশিক অধিকার কংগো ( দ্র. )।

**বেলডাঙগা** ( Beldanga ) : মুর্শিদাবাদ জেলা ; সদর মহ.র থানা ; গঙ্গার উভয় তীরে বিস্তৃত। আ. ১৪৩ ব মা ; জন. ১,৫১,৩৩৯ ; ঘ ১,০৫৬। থানার এলাকায় গ্রাম ১১৪। —গ্রামের জন. ৬,২৮৬। বহরমপুরের ১০ মা দক্ষিণে। কলিকাতা হইতে লালগোলা লাইনে ১০৫ মা।...থানায় ৩টি উচ্চ বিদ্যালয় আছে। বে. গোবিন্দ সুন্দরী বিদ্যালয় ১৮৯০-এ স্থাপিত।...নিকটে রামপাড়া-ফরিদপুর গ্রামে মীরমদনের কবর আছে। স্টেশনের নিকট বিরাট চিনির কল পরিত্যক্ত অবস্থায় নষ্ট হইতেছে।

**বেলদা** (Belda) : মেদিনীপুর জেলা ; কাঁথি মহ.র কাঁথি রোড্ স্টেশনের ( ৯১ মা ) নিকটবর্তী স্থান বেলাদা নামে পরিচিত। কাঁথি-এগরা-বেলদা সড়ক ৩৭ মা।

**বেলফাস্ট** (Belfast) : উত্তর আয়ারলন্ড (N. Ireland)-এর রাজধানী ও নিরাপদ পোতাশ্রয় ; জাহাজ নির্মাণের বিস্তৃত ডক। বিশ্ববিদ্যালয়।...জন. ৪·৫০ লক্ষ।

**বেলারি** ( Bellary ) : অখণ্ড মদ্রাজের জেলা। আ. ৬,১৩৬ ব মা ; জন. ১০·৬৭ লক্ষ ('৪১)। ১৯৫৩ সেপ্টম্বরে অন্ধ্ররাজ্য গঠনের সময় এই জেলার ৩টি তালুক—আদোনি, আলুর ও রায়দুর্গ—অন্ধ্ররাজ্যভুক্ত করা হয় ; কারণ এখানে তেলেগুভাষীরা সংখ্যা-গরিষ্ঠ। অপর ৭টি তালুক কানাড়ীভাষী সংখ্যাগরিষ্ঠ

বলিয়া মহীশূর রাজ্যের অন্তর্গত করিয়া বেলারি জেলা সৃষ্টি করা হয়। অন্ধ্ররাজ্যভুক্ত তালুক তিনটি কুরনুল জেলার মধ্যে আসিয়াছে। এই ৩ তালুকের আ. ২,৩৫৫ ব মা; জন. ৪,৪৭,৭৭৮। মহীশূর অন্তর্গত জেলা: ৭ তালুক ও ৫৬৪ গ্রাম পূর্বতন মদ্রাজ অন্তর্ভুক্ত বেলারি জেলা হইতে লইয়া মহীশূরকে দেওয়া হইয়াছে। এই জেলায় মাঙ্গানিস ও লৌহখনি আছে; এখানকার (সানদুর তালুক) লৌহচুর সম্পদ ভারতের মধ্যে সর্বোৎকৃষ্ট। আ.৩,৮২১ ব মা; জন. ৭,৭৩,৭১২ ('৫১)। প্রধান শহর বেলারি। ...গদগ-গুন্টকল রেলপথের স্টেশন। জন. ১০,৭৬৪। কয়েকটি ব্যাংক আছে। রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় (১৯৫৬) বেলারি জেলার সিরুগুপ্পা, বেলারি, হসপেট তালুক-এর মধ্যে এবং মল্লপুরম সাব্-তালুকের কিয়দংশ মহীশূর রাজ্য হইতে বাহির করিয়া অন্ধ্ররাজ্যমধ্যে দেওয়া হইয়াছে।

**বেলুড়** (Belur): হাওড়া জেলার গঙ্গাতীরস্থ শহর। স্টেশন কলিকাতা পূ. রেলপথে ৫ মা। গঙ্গাতীরে রামকৃষ্ণ মিশনের মঠ বা কার্যালয়, মন্দির, মহাবিদ্যালয় প্রভৃতি আছে। পরমহংসদেবের দুইজন মার্কিনী শিষ্যার দানে বিরাট মন্দির নির্মিত হইয়াছে (১৯৩৭); মন্দির মধ্যে পরমহংসদেবের মর্মর মূর্তির নিত্য পূজা হয়। স্বামী বিবেকানন্দ স্বয়ং এই মন্দিরের পরিকল্পনা করিয়াছিলেন; তাঁহার তিরোধানের বহু বৎসর পরে মন্দির নির্মিত হয়; এরূপ অর্থব্যয়ে বাংলাদেশে আর কোনো মন্দির আধুনিক কালে নির্মিত হয় নাই। ফাল্গুন মাসে পরমহংসদেবের জন্মোৎসবে বহু সহস্র লোক সমাগম হয়। স্বামী বিবেকানন্দের সমাধি মন্দির, স্বামী ব্রহ্মানন্দের মন্দির, সারদামণির মন্দির প্রভৃতি দেখিতে নিত্য বহু লোক আসে।

...স্টেশনের নিকট লৌহ কারখানা, আলুমিনিয়াম চাদর প্রস্তুতের কারখানা; পাটকল, কাপড়ের কল ও ছোটখাটো বহু কলকারখানা আছে।...জন. ৩০'০৯১। ব্যাংক: ইউনাইটেড।

**বেলুর** (Balur or Bailur): মহীশূর; হাসান জেলার গ্রাম; হাসান স্টেশনের উত্তর-পশ্চিমে কাবেরীর উপনদীতীরে অবস্থিত। প্রাচীন শিলালিপি প্রভৃতিতে বেলাপুর নামে খ্যাত স্থান, দ. ভারতের কাশী বলিয়াও উল্লিখিত। এখানে ১২ শতকের বিখ্যাত চেন্ন-কেশব মন্দির অবস্থিত; হোয়শালারাজ বিষ্ণুবর্ধন জৈনধর্ম ত্যাগ করিয়া বৈষ্ণব হইয়া এই বিশাল মন্দির নির্মাণ করেন। জনকাচার্য নামে শিল্পী ইহার নির্মাতা। ৪০০'×৩৪০' স্থান উচ্চ প্রাচীর দ্বারা বেষ্টিত; পূর্বদিকে বৃহদাকার দুইটি গোপুরম ও মধ্যে মূল মন্দির; ইহার কারুকার্য অতি সুন্দর। ফার্গুসন বলিয়াছেন যে এই মন্দিরের সূক্ষ্মাতিসূক্ষ্ম কার্যে যে মেহনতের প্রয়োজন হইয়াছিল, তাহা বোধহয় পৃথিবীতে আর কোথায়ও দৃষ্ট হয় না। ভাস্কর্য নিদর্শনগুলি শিল্পের চরম প্রকাশ না হইলেও, সেগুলি সুন্দর, ভদ্ররুচিকে কচিৎ আঘাত করে। হালবিদের ভাস্কর্য হইতে বেলুরের নিদর্শনগুলি আরও পরিচ্ছন্ন ও মোলায়েম।

**বেলো-রুশিয়া** (Belorussia, Byelorussia, Byelaruskaya S. S. Respublika), **শ্বেতরুশিয়া**: সোবিয়েত-রুশ ও পোলন্ডের মধ্যে অবস্থিত একটি সোবিয়েত রিপাবলিক। আ. ৮১,০৯০ ব মা; জন. ৯৩ লক্ষ। ৮০% শ্বেতরুশীয়, ১০% ইহুদী, অবশিষ্ট রুশীয় ও ইউক্রেনীয়। ১৯১৯ জানু. হইতে রাষ্ট্র গঠিত। রাজধানী মিনস্ক (Minsk)। কৃষিপ্রধান দেশ।

**বেসনগর** (Besnagar): ভিল্সার নিকট লেখযুক্ত এক প্রস্তরের স্তম্ভ (স্থানীয় নাম 'খামবাবা') আছে; শিলা-লেখ হইতে জানা যায় খ্রী.পূ. ৯০-এ হিলিওদোরাস নামে এক গ্রীক্ বাসুদেবের [শ্রীকৃষ্ণ] উদ্দেশ্যে গরুড়-ধ্বজ স্থাপন করেন। এই লোকটি তক্ষশিলার গ্রীক রাজা Antialkidas-এর রাজদূত রূপে বিদিশার রাজা ভগদ্রের রাজসভায় আসেন। (দ্র. বিদিশা)

**বেসারাবিয়া** (Bessarabia): সোবিয়েত রুশের অন্তর্গত দেশ; রুমেনিয়ার পূর্বদিকে নিস্তার (Dniester) ও প্রুথ (Pruth) নদীদ্বয়ের মধ্যে অবস্থিত। জলা দেশ, বহুবার মালিকানার বদল হইয়াছে।...১৮১২-এ রুশিয়ার দখলে আসে। ১৯১৮ রুমানিয়া রাজ্যভুক্ত হয়। ১৯৪০-এ সোবিয়েত রুশ অধিকার করে। ২য় মহাযুদ্ধের সময় জারমানরা সাময়িকভাবে দখল

করে। ১৯৪৪-এ রুশের পুনরধিকারে আসে ; এখন ইউক্রায়েনের অন্তর্গত।

**বেসিন** (Bassein) : বর্মীভাষায় বাথিয়েন ; বর্মা রাজ্যের, ইরাবতী বিভাগের জেলা ; সমতল দেশ, বহু নদী ও খাড়িপূর্ণ ; প্রচুর ধান্য উৎপন্ন হয়। বৃষ্টি ১০৯"। আ. ৪,১৪৯ ব মা ; জন. ৬'৬৪ লক্ষ। অধিবাসীর মধ্যে কারেন ( Karen )-এর সংখ্যাধিক্য। দক্ষিণ বর্মার শহর ; ইরাবতীর গভীর ও প্রশস্ত শাখা বেসিন নদী-তীরের বন্দর। নদী মোহনা হইতে ৭০ মা ভিতরে ; রেঙ্গুন হইতে নানা নদী ও খালপথে স্টীমার যায় ; ( ১৮০—২০২ মা ) রেলপথে হেনজাদা ঘুরিয়া যাওয়া হয়।…বেসিনের বর্মী ছাতা ও পাতার তৈরী ঝুড়ি বা 'ফা' বিখ্যাত।…জন. ৪৫,৬৬২।

**বেসিন** ( Bassein ) : মারাঠি ওয়াসাই, Vasai ; বোম্বাই, থানা জেলার শহর ; উলাস নদীর খাড়িতে আরব সাগরতীরের বন্দর ; বোম্বাই হইতে বেসিন রোড রেলপথে ৩০ মা। জন. ১৪ হা.। …প্রায় দুই শত বৎসর ( ১৫৩৪-১৭৩৯ ) পোর্তুগীজদের দখলে ছিল। ১৭৩৯ এ মারাঠারা, ১৭৮০-তে ইংরেজরা অধিকার করে।… ৪ মা দক্ষিণে সোপার গ্রাম ; ইহা প্রাচীন সুপারক ( দ্র. ) বলিয়া মনে করা হয়।

**বেহালা** ( Behala ) : ২৪-পরগনা জেলা ; আলিপুর সদর মহ.র থানা। আ. ২০ ব মা ; জন ১,৯৩,৩৭৯ ; ঘনতা ৫,৬৪১। শিল্পথানা। কলিকাতার উপকণ্ঠ ও বৃহত্তর কলিকাতার অন্তর্গত। কলিকাতা হইতে ট্রাম ও বাস্ সার্বিস আছে।… বেহালা প্রাচীন গ্রাম। এখানে ধর্মতলায় ধর্মঠাকুরের মন্দিরে চণ্ডীমূর্তি, ধ্যানী বুদ্ধমূর্তি আছে।… 'কলিকাতা অন্ধ বিদ্যালয়' এইখানে অবস্থিত। দেড়শতের উপর ছাত্র এখানে আছে।

**বেহিস্তুন** ( Behistun ) : ইরান-রাজ্যের পশ্চিমদিকে কারমানশাহ-হামাদন রাস্তার ধারে গ্রাম ( ২০ মা ) ; অদূরে ১৭০০ ফুট উচ্চ একটি খাড়া পাহাড় আছে ; জমি হইতে ৩০০ ফুট উচ্চে পারস্য সম্রাট দরায়ুসের শিলালেখ ও রিলীফ ছবি খ্রী.পূ. ৫ শতকে উৎকীর্ণ। দরায়ুস সাম্রাজ্যর ৩টি ভাষায় একই বিষয় লিপিবদ্ধ করেন ; এই শিলালেখ হইতে পারস্যের প্রাচীন ইতিহাস জানা গিয়াছে। ১৮৩৫-এ হেনরী রলিনসন নামে এক ইংরেজ এই পাহাড়ের গায়ে উঠিয়া বহু বৎসরের পরিশ্রমে লেখের ছাপ গ্রহণ করেন। এই লেখ তিনটি ভাষায় লিখিত—প্রাচীন পারসিক, বাবিলনীয় ও ইলামাইট। এই ত্রিভাষিক লেখের তুলনা দ্বারা প্রাচীন বাবিলনীয় লিপির উদ্ধার হয়।… বেহিস্তুন শিলালেখের ভাষা ও বিষয় লইয়া বহু গবেষণা হইয়াছে। বাংলায় ইহার তর্জমা হইয়াছে ; ( দ্র. বরেন্দ্রকুমার বসু লিখিত প্রাচীন ইতিহাসের কথা )।

**বৈকাল হ্রদ** ( Lake Baikal ) : সাইবেরিয়ার বৃহত্তম হ্রদ ; সমুদ্রপৃষ্ঠ হইতে ১,৩১২ ফুট উচ্চে অবস্থিত। ইহা পৃথিবীর মধ্যে গভীরতম হ্রদ ( ৪,৫০০ ফুট গভীর ) ; জল স্বচ্ছ ও সুপেয় ; শীতকালে জমিয়া যায়। দৈর্ঘ ২৫০ মা ; প্রস্থে ২০-৪৫ মা।… প্রায় ৩০০ নদী পার্শ্বস্থ পর্বত হইতে এই হ্রদে পড়িতেছে ; কিন্তু একটিমাত্র (Angara) নির্গত হইয়া ইনিসি নদীতে পৌঁছায়। হ্রদের দ.-পূর্ব কোণে মঙগোল শিবিরে চেঙগীস খাঁ বা তেমুচিনের জন্ম হইয়াছিল বলিয়া অনুমিত হয়। ( দ্র. আঙগারা )।

**বৈগ্রাম, বাইগ্রাম** ( Baigram ) : পূ. পাকিস্তান ; দিনাজপুর জেলার গ্রাম, হিলি স্টেশন হইতে ২ মা উ.-পূর্বে। 'শিবের মণ্ডপ' নামে পরিচিত স্তূপ খনন করিয়া একটি পুরাতন মন্দিরের ধ্বংসাবশেষ পাওয়া গিয়াছে। ইহার নিকটে এক পুষ্করিণী হইতে ১২৮ গুপ্তাব্দে ( ৪৪৭-৪৪৮ খ্রী. অ. ) উৎকীর্ণ তাম্রশাসন হইতে জানা যায় শিবনন্দী নামক এক ব্যক্তির দ্বারা মন্দির প্রতিষ্ঠিত হয়।

**বৈদ্যবাজার** ( Baidyabazar ) : পূ. পাক,; ঢাকা জেলা, নারায়ণগঞ্জ মহ.র থানা। গ্রাম মেঘনা তীরে ; ডাকঘর।

**বৈদ্যবাটি** ( Baidyabati ) : হুগলি জেলা ; শ্রীরামপুর মহ.র শহর ; কলিকাতা হইতে রেলপথে ১৫ মা উত্তরে ও হুগলি হইতে ১০ মা দক্ষিণে, গঙ্গাতীরে অবস্থিত। শিল্পশহর ; নানা শস্য ও ফসলের ব্যবসায়স্থল। জন. ২৪,৮৮৩। এখানকার ভদ্রকালী দেবী প্রসিদ্ধ।

**বৈভার, বেভার** ( Vaibhar ) : রাজগৃহের নিকট গিরিব্রজের পঞ্চ পর্বতের অন্যতম। পর্বতোপরি বৌদ্ধ

বিহার ছিল, পরে তাহার উপর জৈন মন্দির স্থাপিত হয়। ...এই পর্বতের সপ্তপর্ণী ( সপ্তপনী ) গুহায় প্রথম বৌদ্ধ সংগীতি (synod) আহুত হইয়াছিল বলিয়া কিংবদন্তী। বর্তমানে 'সোন ভাণ্ডার' নামে খ্যাত।

**বৈরাট** ( Bairath ): রাজস্থানের জয়পুর জেলার বৈরাট তহশীল অন্তর্গত মিউনি. শহর ( জন. ৫,২১৮ ); জয়পুর হইতে ৪১ মা উ.-পূর্বে অবস্থিত। সড়ক আছে। ইহা প্রাচীন বিরাট নগর, মৎস্যরাজ্যের রাজধানী। এখানে অশোকের শিলালেখ ও প্রাচীন যুগের বহু মুদ্রা পাওয়া গিয়াছে। হুয়েনৎ-সাঙের সময়ে ( ৭ শতকে ) এখানে ৮টি বৌদ্ধ বিহার ছিল।... সুলতান মামুদ কর্তৃক এই অঞ্চল লুণ্ঠিত হয়। অকবরের সময় এখানে তাম্রখনি ছিল। এই তাম্রখনি পূর্বেও ছিল এবং এই খনিজ শিল্পকে কেন্দ্র করিয়া এখানে নগর গড়িয়া উঠে।

**বৈশালী** (Vaishali): প্রাচীন ভারতের রাজ্য ও নগর। খ্রী.পূ. ৬ শতকে লিচ্ছবি নামে এক পরাক্রান্ত জাতির প্রধান নগর। মুজফ্ফরপুর জেলার বসার ( Basarh ) গ্রাম খনন করিয়া প্রাচীন যুগের বহু সীল, খেলনা, পুতুল, গৃহস্থালির জিনিসপত্র আবিষ্কৃত হইয়াছে।...বৈশালীতে ধনশালী বণিকের বাস ছিল। বুদ্ধদেব ও মহাবীর উভয়েই এই স্থানে ধর্মপ্রচার করেন। বুদ্ধদেবের মৃত্যুর এক শত বৎসর পরে এখানে দ্বিতীয় বৌদ্ধ সংগীতি আহূত হয়।...শ্রেষ্ঠী ও বণিক পরিচালিত এই নগরী কালে দুর্বল হইয়া পড়ে ও মগধের দ্বারা অধিকৃত হয়।...১৯৫৬-এ এখানে স্নাতকোত্তর জৈন গবেষণাগার প্রতিষ্ঠিত হয়।

**বোকারো নদী** ( Bokaro river ): বিহার ; হাজারিবাগ জেলার দামোদরের উপনদী ( ৪৫ মা ); ধানবাদের ৩৫ মা পশ্চিমে বোকারো ও কোনারের মিলিত ধারা দামোদরে পড়িয়াছে। দামোদর পরিকল্পনার অন্তর্গত থার্মাল স্টেশন বোকারোতীরে স্থাপিত। নদীতে ৭০৫ ফুট দীর্ঘ বাঁধ নির্মিত হইয়াছে। বো. থার্মাল প্লান্টের জন্য বোকারো জলাধারের জল যথেষ্ট নহে। সেই জন্য কোনার জলাধার হইতে নিয়ন্ত্রিত জল আনাইবার ব্যবস্থা হইয়াছে।...বোকারো স্টেশন, কলিকাতা-গোমো-বরকাকানা রেলপথের উপর ( ২০৬ মা ); এখান হইতে রাঁচি রোড স্টেশন ৩০ মা দূরে।...বোকারো নদীর তীরে সুবৃহৎ শহর ও কারখানা নির্মিত হইয়াছে। ... বেরমো অঞ্চলের নিকৃষ্ট কয়লা যন্ত্র সাহায্যে ধূলিচূর্ণ করিয়া এই কারখানার জ্বালানির জন্য ব্যবহৃত হইতেছে। স্টীম-টারবাইনের বলে ৪টি বিদ্যুৎ উৎপাদক জেনারেটর ( বর্তমানে ৩টি ) স্থাপন করিয়া ১২ লক্ষ কি. ও. বিদ্যুৎ উৎপন্ন ব্যবস্থা হইয়াছে। বিহারের জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির ( কোনার, তিলাইয়া প্রভৃতি ) সহায়ক হিসাবে থার্মাল স্টেশন ব্যবহৃত হইবে।..বিহারে সকল জলবিদ্যুৎ কেন্দ্র বোকারোর সহিত গ্রিড্ প্রণালীতে আবদ্ধ হইয়াছে।...বোকারো ও রামগড় কয়লা অঞ্চল প্রায় ২৬০ ব মা ; মজুত আনুমানিক কয়লা ১,০০০ মিলিয়ন টন ; ইহার অর্ধেক অতি উৎকৃষ্ট কয়লা। অবশিষ্ট বেরমো অঞ্চলের কয়লা নিকৃষ্ট ; উহা বোকারোর থার্মাল পাওয়ার স্টেশনে ব্যবহৃত হয়।

**বোগোটা** ( Bogota ): দ. আমেরিকার কলম্বিয়া রাজ্যের রাজধানী ; ৮,৭০০ ফুট উচ্চে, ভূমিকম্প পরিমণ্ডলে অবস্থিত ; তজ্জন্য প্রায়ই নগর ক্ষতিগ্রস্ত হয়। জন. ৫ লক্ষ ১০ হা.।

**বোগোর** (Bogor): ইন্দোনেশিয়ার জাভা দ্বীপের শহর ; পূর্বনাম Buitenzorg। জাকার্তার ৩০ মা দক্ষিণে ; এখানকার উদ্ভিদউদ্যান বিখ্যাত। রবার গবেষণা কেন্দ্র। নিকটে চা-বাগান। জন. ৬৫,৪৩১। এইখানে ১৯৫৪ ডিসেম্বর ২৮-২৯ ভারত, পাকিস্তান, ইন্দোনেশিয়া, এবং সিংহলের প্রধান মন্ত্রীরা সম্মিলিত হইয়া এসিয়া-আফ্রিকার জাতিদের সম্মেলন আহ্বান ব্যবস্থা করেন। বোগোর কনফারেন্সে স্থির হইল যে এশিয়া-আফ্রিকার ২৫টি (পরে ২৯ হয়) রাষ্ট্রকে বানডুঙে আহ্বান করা হইবে।

**বোঘাজ-কুই** ( Boghaz-kui ): তুর্কীর বর্তমান রাজধানী আংকারার নিকটস্থ ৯০ মা পূর্বে হিটাইটদের রাজধানী 'বোঘাজ-কুই বা হাটুসাস নামক স্থানে ১৯০৭-এ হিউগো ভিংক্লের ( Hugo Winckler )

নামে জারমান প্রত্নতত্ত্ববিদ্ প্রায় এক হাজার পোড়া মাটির 'পাটা' (Tablets) পাইয়াছিলেন।...হাটুসাস-এর ভগ্নাবশেষ বহুদূর বিস্তৃত। ১৯১৫-এ চেক্ ভাষা-তত্ত্ববিদ্ হ্রোজনী (Hrozny) প্রথম সেগুলির পাঠোদ্ধার করেন। এগুলি বাবিলনীয় লিপির মতো তীরাক্ষরে লিখিত, কিন্তু ভাষা হিটাইটি। ইহার মধ্যে কতকগুলি পাটায় লেখা আছে যে মিত্তানিদের রাজা দশরথপুত্র মাত্তিউজা মিত্র, বরুণ, নাসত্য (অশ্বিনীযুগল) ও ইন্দ্র দেবতাদের নামে শপথ করিতেছেন যে হিটাইট নৃপতি শুবিলি লিউমার সহিত তাঁহার শত্রুতার অবসান করিলেন। ইহা আন্দাজ খ্রী.পূ. ১৪০০ অব্দে অনুষ্ঠিত হয়।

**বোচাগঞ্জ** (Bochaganj): পাক-দিনাজপুর জেলার ঠাকুরগাঁ মহ.র থানা ও গ্রাম। দিনাজ.-রুহিয়া রেলপথের স্টেশন গেতাবগঞ্জ (১৮ মা) হইতে পথ আছে।

**বোড়াল** (Boral): ২৪-পরগনা জেলা; সোনারপুর থানার গ্রাম। রাজনারায়ণ বসুর জন্মভূমি। কলিকাতার দক্ষিণে গড়িয়া (৮ মা) হইতে ৩ মা দূরে; এখানে উচ্চ বিদ্যালয় আছে। ...জন ১২,২৬৭।

**বোণাই** (Bonai): পূর্বতন ওড়িশা স্টেটের করদ-রাজ্য; পার্বত্য অঞ্চল; গাংপুর, বামণ্ডা, কেউঁঝর স্টেটের দ্বারা বেষ্টিত ছিল। আ. ১,২৮০ ব মা; জন. ৯২,৫৩৭ ('৪১)। রাজা ২০০৲ কর দিতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫২,৮০০ টাকা ভাতা দেওয়া হয়। বোণাই বর্তমানে সুন্দরগড় জেলা ভুক্ত।

**বোন্** (Bonn): পশ্চিম জারমানির বা জারমান ফেডারেল রিপাবলিকের রাজধানী; নর্থ-রাইন-ওয়েস্টফালিয়া প্রদেশ অন্তর্গত। ২য় মহাযুদ্ধের সময় নগরের প্রায় অর্ধেক ধ্বংস হয়। মহাযুদ্ধান্তে প.জা.র সংবিধান এখানে রচিত হয়। বিশ্ববিদ্যালয় (১৮১৮)। বিঠোফেনের জন্মস্থান। জন. ১'১২ লক্ষ।

**বোনারপাড়া** (Bonarpara): পূ. পাকিস্তান; রংপুর জেলার গাইবান্ধা মহকুমার গ্রাম ও ঈ. বি. রেলের জংশন; কলিকাতা হইতে ২২৫ মা। সান্তাহার-কাউনিয়া লাইনের মধ্যে এই জংশন হইতে ব্রহ্মপুত্র-যমুনা তীরবর্তী ফুলছড়ি (৮ মা) পর্যন্ত রেল আছে; নদীর পরপারে ময়মনসিংহের বাহাদুরাবাদ ঘাট।

**বোবিলি সংস্থানম** (Bobilli Estate): অন্ধ্র রাজ্যের শ্রীকাকুলম জেলার শহর। জন. ২২,৪৭৭। এখানকার জমিদারের রাজা উপাধি। ...কলিকাতা-ভিজিয়ানগরম (৫০৮ মা) জং. হইতে রায়পুর লাইনের স্টেশন (৭৩ মা)। এখান হইতে সালুর পর্যন্ত রেলশাখা (১১ মা)। ভারতলক্ষ্মী ব্যাংক।

**বোম্বাই** (Bombay): মারাঠী মুম্বই, মুম্বয়ী; মুম্বা দেবীর নাম বা মহা-অম্বা (মহামাতা) মূল শব্দ হইতে। মতান্তরে পোর্তুগীজ bombaia = good (bom) bay, উত্তম উপসাগর। বাঙলায় বোম্বাই; হিন্দীতে বংবই, বম্বই।

বোম্বাই-এর করদ রাজ্য:—১৯৪৭-এর পূর্বে বোম্বাই প্রদেশে বড়লাটের এজেন্টদের সহিত সম্বন্ধযুক্ত ১৬৪টি ক্ষুদ্র ও বৃহৎ রাজ্য ছিল; তন্মধ্যে ২০টি মাত্র তোপের সম্মান পাইবার অধিকারী ছিল। ...বর্তমানে এগুলি বোম্বাই রাজ্যের জেলাসমূহের মধ্যে চলিয়া গিয়াছে।

**বোম্বাই নগর** (Bombay city): বোম্বাই নগর বলিতে খাস সিটি ও বৃহত্তর বোম্বাই বুঝায়। ইহার বাহিরে বহু শহর আছে, তাহা শহরতলী অঞ্চল। বোম্বাই সিটির আ. ২৫ ব মা; জন ২৩,২৯,০২০। স্ববার্বান অঞ্চল ৬৬ ব মা; জন. ৫,১০,২৫০। মোট বৃহত্তর বোম্বাই ৯১ ব মা; জন. ২৮,৩৯,২৭০। বোম্বাই নগরী দ্বীপের উপর অবস্থিত। এই অঞ্চল পোর্তুগীজদের দখলে ছিল; ১৬৬১-এ ইংলন্ডের রাজা ২য় চার্লস পোর্তুগীজ-রাজকন্যাকে বিবাহ করায় এই দ্বীপ যৌতুক স্বরূপ পান। ১৬৬৮-এ তিনি ঈ. ই. কোম্পানিকে এই দ্বীপ ১০ পাউণ্ড খাজনায় দান করেন। ১৬৭০-এ পারসিরা এখানে বসবাস আরম্ভ করে। ১৬৭৮ সুরাট হইতে কোম্পানির অপিস এখানে স্থানান্তরিত হয়; ... মারাঠাদের সম্পূর্ণ পরাজয় ও অধঃপতনের পর হইতে এই স্থানের দ্রুত উন্নতি হইতে থাকে। ১৮৪০-এ বোম্বাই ব্যাংক (পরে ইম্পিরিয়ালের সহিত যুক্ত হয়), ১৮৫৭ বিশ্ব-বিদ্যালয়, ১৮৬২ ব্যবস্থাপক সভা, ১৮৭২-এ মিউনিসি-

প্যালিটি, ১৮৮২ কর্পোরেশন গঠিত হয়। বোম্বাই-এর ডক ১৮৫০-এর পর নির্মিত হয়। প্রথম কাপড়ের কল ১৮৫৩-এ স্থাপিত হয়। বোম্বাই যথার্থ ভাবে 'প্রাসাদ নগরী'; সমুদ্রের তীরে অতি মনোরম স্থান। অনেকগুলি দর্শনীয় স্থান আছে; যেমন মিউজিয়াম, আপোলা বন্দরের ঘাট। বহু রেলপথ এখান হইতে বাহির হইয়াছে। কলিকাতা ১,৩৪১ মা; দিল্লী ৮৩৫, মদ্রাজ ৯৬৭ মা। এখানকার বিমান বন্দর সান্টা ক্রুজ। আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক অনেকগুলি বিমান নিয়মিতভাবে আসা-যাওয়া করে। বাণিজ্য ও শিল্প বিষয়ে বোম্বাই ভারতের সর্বপ্রধান নগর বলা যায়। কার্পাস বয়ন শিল্পের অন্যতম কেন্দ্র; এখানে ৬৫টি কাপড়ে কল (৬৫,২০০ তাঁত) ও অন্যান্য বয়ন শিল্পের কারখানা আছে ১৬৬টি। এ ছাড়া খাদ্য, তামাক, ইন্‌জিনীয়ারিং প্রভৃতি বহু কারখানা আছে। এখানে ভারতের প্রায় সকল ব্যাংকের ৮০টি অপিস আছে; রিজার্ভ ব্যাংক অব ইন্‌ডিয়া ও স্টেট ব্যাংক-এর (ইম্‌পিরিয়াল) কেন্দ্রীয় অপিস এইখানে অবস্থিত। বিদেশী ব্যাংক:—টোকিও, চার্টার্ড ব্যাংক, Comptoir National d Escompte de Paris, গ্রিন্‌ড্‌লে, হবীব (পাকিস্তান), হংকং-শাংহাই, লয়েডস, ন্যাশনাল সিটি ব্যা. অব নিউ ইয়র্ক, নেদারলন্‌ডস ট্রেডিং সোসাইটি প্রভৃতি।

**বোম্বাই রাজ্য** (Bombay State): ভারত ইউনিয়নের রাজ্য; ভারতের পশ্চিম উপকূলে উত্তর-দক্ষিণে বিস্তৃত, দৈর্ঘ্যে প্রায় ৭০০ মা; প্রস্থে ১২৫ হইতে ২০০ মা। সমগ্র রাজ্য ৫টি প্রাকৃতিক বিভাগে বিভক্ত; গুজরাটের সমভূমি; পশ্চিম উপকূলে পশ্চিমঘাট বা সহ্যাদ্রি বিস্তৃত; পর্বতমালার পশ্চিমাংশের সমভূমি ৫।৬ মা হইতে ৫০।৬০ মা প্রশস্ত। বৃষ্টিপাত গড়ে ১০০"; কোনো কোনো অংশে ২০০"—৩০০" বৃষ্টিপাত হয়। ...পশ্চিমঘাটের পূর্বদিকে নর্মদা হইতে কৃষ্ণা পর্যন্ত উত্তর-দক্ষিণে বিস্তৃত মালভূমি; এই অঞ্চলের মৃত্তিকা অতি উর্বর; কিন্তু বৃষ্টি কম। নদীগুলিতে গ্রীষ্মকালে জল থাকে না। এখানে তুলার চাষ ভাল হয়।...উত্তরে সাতপুরা পর্বতমালা এবং দক্ষিণে অজণ্টা পাহাড়ের মধ্যবর্তী তাপ্তীর উপত্যকাভূমি; ইহা খানদেশ নামে খ্যাত।...দক্ষিণাংশ মালাবর মণ্ডলে প্রচুর বৃষ্টিপাত হয়। উপকূল ভাগে বহু সংখ্যক ক্ষুদ্র খরস্রোতা নদী আছে। পশ্চিমঘাট পর্বতে দুইটি মাত্র 'ঘাট' বা পথ দিয়া রেলপথ সমুদ্রতীরে গিয়াছে (ভোরঘাট ও থালঘাট)। বোম্বাই রাজ্য তুলা ও তামাক উৎপাদনে দ্বিতীয়; চীনাবাদামে তৃতীয় স্থান। ধান, জোয়ার, বাজরা, যব প্রভৃতি যথেষ্ট উৎপন্ন হয়। বনভূমি মোট আয়তনের ১৬%। খনিজ সম্পদ বক্সাইট, মাংগানিস ও কাঁচ তৈয়ারির উপযুক্ত বালুকা প্রভৃতি। ...তুলার বয়নশিল্পে এই রাজ্য শ্রেষ্ঠ; ভারত ইউনিয়নের শতকরা ৫০ ভাগ বস্ত্রাদি এখানে তৈয়ারি হয় ও ভারতের ৪১৬টি কাপড়ের কলের ২০১টি এই রাজ্যে। ভারতের আমদানির ৫২% ও রপ্তানির ১৮% ভাগ। বোম্বাই রাজ্যের আয়তন ১,১১,৪৩৪ ব মা। ঘনতা ৩২৩। পূর্বতন ১৬৪টি ছোট বড় করদ ও দেশীয় রাজ্য ১৯৪৮-৪৯-এর মধ্যে ভারতভুক্ত হইয়া বোম্বাই-এর জেলাসমূহের অন্তর্গত হইয়াছে। এই রাজ্যের পশ্চিমে আরবসাগর, সৌরাষ্ট্র ও কচ্ছ; উত্তরে রাজস্থান; পূর্বে মধ্যপ্রদেশ ও হায়দরাবাদ; দক্ষিণে মহীশূর ও মদ্রাজ।...জন সংখ্যা ৩,৫৯,৫৬,০০০ ('৫১)।... অধিবাসীরা গুজরাটী, মারাঠী, ও কানাড়ী। রাজ্যে ৬টি বিশ্ববিদ্যালয়—বোম্বাই, পুণা, ধারবারে কর্ণাটক বিশ্ববিদ্যালয়, অহমদাবাদে গুজরাট বিশ্ববিদ্যালয়, বড়োদার মহারাজ সায়াজিরাও বিশ্ববিদ্যালয় ও বোম্বাই-এর মহিলা বিশ্ববিদ্যালয়। রাজ্য ৩ বিভাগে বিভক্ত; উত্তর বিভাগে ১৪ জেলা (বোম্বাই নগর সমেত); মধ্য বিভাগে ৭ জেলা; দক্ষিণ বিভাগে ৮ জেলা। বোম্বাই নগর লইয়া মোট ২৯ জেলা। তালুক ৩০২। মিউনিসিপ্যালিটি ২২৪; ৩ কর্পোরেশন। গ্রাম ৩৪,২২৭।....বোম্বাই আইনসভার সদস্য ৩১৬; আইন পরিষদ ৭২। কেন্দ্রীয় লোকসভায় স্টেট হইতে ৪৫ ও রাষ্ট্রসভায় ১৭ সদস্য। ১৯৫৩-৫৪-এর আয় ৬৭,৮৩,৫৮,০০০।...রাষ্ট্রপুনর্গঠন কমিটির সুপারিশে রাজ্যের সীমানা ও আয়তনের বদল হইয়াছে।

রাষ্ট্র পুনর্গঠন কমিটির সুপারিশ অনুসারে গুজরাটী-ভাষী অংশ লইয়া পৃথক গুজরাট স্টেট হইতেছে; কানাড়ীভাষী অংশ কানাড়া স্টেট অন্তর্গত হইবে; এবং হয়দরাবাদের পশ্চিমাংশের মারাঠীভাষী জেলাগুলি বোম্বাই রাজ্যভুক্ত হইবে। রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় বোম্বাই রাজ্য ভারতের বৃহত্তম রাষ্ট্র হইয়াছে। বর্তমান আয়তন হয় ১,৫১,৩৬০ ব মা।

**বোম্বাই প্রেসিডেন্সি** ( Bombay Presidency ): ব্রিটিশ ভারতের অন্যতম প্রেসিডেন্সি; অপর ২টি বঙ্গ ও মদ্রাজ। ইহা বলুচিস্থানের সীমান্ত হইতে মহীশূর পর্যন্ত বিস্তৃত ছিল; সিন্ধী, গুজরাটী, মহারাষ্ট্রীয় ও কানাড়ী এই চারি ভাষাভাষী জাতি লইয়া প্রে. গঠিত ছিল। সমগ্র প. ভারত ও বিশেষত মহারাষ্ট্র রাজ্যগুলি লর্ড ওয়েলেসলি ও মারকুইস হেস্টিংসের সময়ে ১৮০৩-১৮২৭-এর মধ্যে ব্রিটিশ ভারতভুক্ত হয়। আরাবিয়ার দক্ষিণস্থিত আদন ( Aden ) ১৮০৯-এ বো. প্রে. র অন্তর্গত হয়। ১৮৪৩ সিন্ধুপ্রদেশ অধিকৃত ও বো. প্রে. ভুক্ত হয়। ১৮৬১ সিন্ধিয়ার নিকট হইতে পঞ্চমহল অঞ্চল আদায় করিয়া এই প্রদেশ অন্তর্গত করা হয়। ...তারপর আদন পৃথক হয়; সিন্ধু নূতন প্রদেশ গঠিত হয় ( ১৯৩৭ )। ১৯৪৭-এ বোম্বাই স্টেট হইল। ১৯৫৬ নভেম্বর হইতে বোম্বাই দ্বিভাষিক একক রাজ্য হইয়াছে, মারাঠী ও গুজরাটী রাষ্ট্রভাষা হইবে। তদনুসারে নূতন বোম্বাই রাজ্য এইভাবে গঠিত হইয়াছে: বোম্বাই-এর মধ্যস্থি কানাড়ীভাষাভাষী জেলাগুলি (ধারবার, বিজাপুর, উ. কানাড়া ও বেলগাঁও জেলা) মহীশূর রাজ্যভুক্ত হইয়াছে; বনসকণ্ঠ জেলার আবু তালুক রাজস্থান মধ্যে গিয়াছে। এছাড়া অবশিষ্ট বোম্বাই রাজ্য ছাড়া বেলগাঁও জেলার চাঁদগড় তালুক, হায়দরাবাদ রাজ্যের মারাঠীভাষী জেলাগুলি (ওসমানাবাদ, ভীর, অউরঙ্গাবাদ, পরভানী ও নান্দেদ জেলা), মধ্যপ্রদেশ রাজ্যের বুলদানা, আকোলা, অমরাবতী, ইয়োৎমল, ওয়ার্ধা, নাগপুর, ভাণ্ডারা ও চান্দা জেলাগুলি, সৌরাষ্ট্র ও কচ্ছ রাজ্যদ্বয় লইয়া নূতন বোম্বাই রাজ্য গঠিত হইয়াছে। ইহার আ. ১,৮৮,২৪০ ব মা; জন. ৪·৭৮ কোটি।



**বোম্বাই, বড়োদা ও মধ্যভারত রেলওয়ে** (Bombay, Baroda and Central India Ry.—B. B. & C. I.): ১৮৬০ সালে এই রেলপথ খোলা হয়। মোট দৈর্ঘ্য ৪,০৮৭ মা; ইহার মধ্যে ব্রডগেজ ১,২৬৬ মা; মিটর গেজ—২,২৪০ মা; সরু ( ২'-৬" ) ৫৮০ মা। মূলধন ১১,১৮,১৬,০০০ টাকা। মোট আয় ৬৫,৯৭, ১৯,০০০ টা.; নেট লাভ ১২,৯০,৩৮,০০০ টা.। যাত্রী—২৮,৯০,৮৬,৭৭৬ ( ১৯৫০-৫১ )।... ১৯৫১ হইতে ওয়েস্টার্ন বা পশ্চিম রেলওয়ে জোন অন্তর্গত।

**বোয়ালখালি** (Boalkhali): পূ. পাক.; চট্টগ্রাম জেলার থানা। আ. ১৩৯ ব মা; গ্রাম, ডাকঘর। কর্ণফুলী নদীর বামতটে, পটিয়ার উত্তরে অবস্থিত।

**বোয়াল সর বা সরোবর** ( Boyal sar ): হিমাচল প্রদেশ ইউনিয়নের অন্তর্গত মন্ডি ( দ্র. ) রাজ্যে এক সরোবরে ৭ খানি শিলা ভাসিতে দেখা যায়। জ্বালামুখী তীর্থ হইতে ৫২ মা ঈশান কোণে এই সরোবর আছে।

**বোয়ালিয়া** ( Boalia ): পূ. পাক.; রাজসাহী জেলা, সদর মহ.র থানা। আ. ১৫ ব মা। রাজসাহী শহর এই থানার অন্তর্গত; রাজসাহীর অপর নাম রামপুর-বোয়ালিয়া।

**বোরনিও** ( Borneo ): পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জের দ্বিতীয় বৃহত্তম দ্বীপ। পার্বত্য ও অরণ্যময় দেশ; বহু খনিজ সম্পদপূর্ণ। অতি প্রাচীনকালে এখানে হিন্দু উপনিবেশ ছিল; ৪ শতকে মূলবর্মন নামে এক রাজার স্থানীয় শিলালেখ হইতে জানা যায় যে তিনি সেখানে বৈদিক যজ্ঞাদি নিষ্পন্ন করেন। ভারতের বণিকদের নিকট এই দ্বীপ সুপরিচিত ছিল।... ১৫১১-এ পোর্তুগীজদের দ্বারা আবিষ্কৃত। ১৬০৪-এ ওলন্দাজরা এখানে আসিয়া রাজ্য স্থাপন করে। ১৬০৯-এ ইংরেজ ঈ. ই. কোম্পানির লোক বাণিজ্যের জন্য আসে। কালে বোরনিও দ্বীপের ৪টি ভাগ হয়। ১ম—ডাচ নেদারলন্ডস বা ওলন্দাজদের বোরনিও; ২য়—ব্রিটিশ ক্রাউন কলোনী বা উত্তর বোরনিও; ৩য়—সারবাক রাজ্য; ৪র্থ—ব্রিটিশ আশ্রিত রাজ্য ব্রুনাই।... ওলন্দাজী বোরনিও ১৯৫০-এ ইন্দোনেশিয়ান রিপাবলিক ভুক্ত হয়; ইহার দেশীয় নাম কালিমন্তন ( Kali-

mantan)। ইহার আ. ২,০৮,২৮৫ ব মা (সমগ্র দ্বীপের প্রায় দুই-তৃতীয়াংশ); জন. ২১·৬৯ লক্ষ। রাজধানী পাংকাই-পিনাঙ (জন. ১৫ হা.)।

**বোরনিও, ব্রিটিশ** (North Borneo): বো. দ্বীপের উত্তরাংশ; মধ্যভাগ পার্বত্য। ১৮৮১ হইতে রাজকীয় সনদ প্রাপ্ত ব্রিটিশ নর্থ বো. কোম্পানি ১৯৪৬ পর্যন্ত এই দ্বীপাংশ শাসন করিয়াছিল। ১৯৪৬ হইতে লাবুয়ান দ্বীপ ইহার অন্তর্গত হয় এবং ব্রিটিশ কলোনিয়াল অপিসের আয়ত্তে আসে। আ. ২৯,৮৩১ ব মা; জন ৩·৩৪ লক্ষ। রাজধানী-জেস্‌লটন (Jesselton); জাপানীদের অধিকার কালে (১৯৪২-৪৫, সেপ.) দেশের খুবই ক্ষতি হইয়াছিল। (দ্র. সারবাক, ব্রুনাই)

**বোলন গিরিপথ** (Bolan Pass): বলুচিস্থান ও সিন্ধু-প্রদেশের মধ্যে অবস্থিত পর্বতমালার সংকীর্ণ গিরি-সংকট। এই গিরিপথ দিয়া সামরিক সড়ক ও সিবি জং. হইতে রেলপথ (১৮৮৫-৮৬) কোয়েটা পর্যন্ত গিয়াছে; পথ ৬০ মা মাত্র।

**বোলপুর** (Bolepur): বীরভূম জেলার সিউরী মহকুমার থানা ও চৌকী। থানার আ. ১২৮·৮ ব মা; জন. ৭৭,৪৪০। ঘন বসতি ৬০১। গ্রাম ১৫৫। বোলপুর মিউনি. শহর।...১৯৩১-১৯৫১-এর মধ্যে গ্রামাঞ্চলে ১৩.২% হ্রাস পাইয়াছে। ১৯৪১-৫১ এই থানার ১৪·২, গ্রামাঞ্চলে ১৬·২ ও শহরে ৬·৮ বৃদ্ধি হয়।...বোলপুর-লুপলাইনের স্টেশন ৯১ মা। মিউনি. আয়তন ৫·০৭ ব মা; জন. ১৪,৮০২। ধান-চাউলের কেন্দ্র; ১৮ ধানকল, ২ তেলকল।...বোলপুর হইতে ইমামবাজার (১২ মা), সিউরী (২২ মা), নান্নুর (১৪ মা) ও পালিতপুর পর্যন্ত রাস্তা আছে। এখানে ইউনা. ব্যাংক অব্ ইন্‌ডিয়া', স্টেট ব্যাংক পে. অপ. আছে। —রেজি. অপিস (১৮৭৬); পূর্বে এই অপিস সুরুলে ছিল। ইলামবাজার ও আহমদপুর এই অপিসের এলাকা মধ্যে। বোলপুরে চৌকী ও মুন্সেফী আদালত আছে। থানা ও সার্কেল অফিসার; কৃষি; বনবিভাগ। উচ্চ বিদ্যালয় ২টি; বালিকা বিদ্যালয়, ইণ্টার কলেজ (১৯৫০)। ডাক; তার; টেলিফোন; বিজলী; সরকারী হাসপাতাল। ২ মা এর মধ্যে শান্তিনিকেতন। কঙ্কালী পীঠস্থান ৫ মা দূরে কোপাই নদীতীরে। ...বোলপুর থানায় ন্যাশনাল এক্‌সটেনশন ব্লক, কমিউনিটি প্রোজেক্ট প্রভৃতির কার্য আরম্ভ হইয়াছে। ডাক বাংলা, হোটেল, ধর্মশালা।

**বোলোন্তা** (Bolgna): ইতালির নগর; মিলানো হইতে চলাপথে ৫০ মা। মধ্যযুগের বহু অট্টালিকা, প্রাসাদ, চার্চ (১৩০) বিদ্যমান। বিশ্ববিদ্যালয়ের প্রাচীনতম প্রতিষ্ঠানে (১১ শতক) ইউরোপের নানা দেশ হইতে বিদ্যার্থীরা আইন বা স্মৃতিশাস্ত্র অধ্যয়ন করিতে আসিত। দান্‌তে, পেতরার্ক এখানকায় ছাত্র। বিজ্ঞানী গালভানীর জন্মস্থান। এখানকার কলা-ভবনে র‍্যাফেলের Saint Cecilia-র চিত্রমূর্তি রক্ষিত আছে। জন. ২·৫০ লক্ষ।

**বোহিমিয়া** (Bohemia): চেকোস্লোভাকিয়া রিপাবলিকের ৪ প্রদেশের অন্যতম। ১৯৪৮-এ প্রাচীন ঐতিহ্যযুক্ত নাম উঠাইয়া প্রদেশটিকে ১৯ জেলায় বিভক্ত করা হইয়াছে; সুতরাং বর্তমানে বো. নামে কোন স্টেট বা প্রদেশ ভূগোলে নাই।

**ব্রজরাজনগর** (Brajarajnagar): ওড়িশা; সম্বলপুর জেলার গ্রাম। এখানে কাগজের কল আছে (ওরিএণ্ট পেপার মিলস)। ইহা ঝাড়সুগুদার নিকট গ্রাম।

**ব্রহ্মগিরি** (Brahmagiri): মহীশূর রাজ্য; চিটলদুর্গ জে.র মোলকালমুরু তালুকের মধ্যে অবস্থিত গ্রানাইট পাহাড় ৬০০ ফুট উচ্চ। ইহার নিকটে সিদ্দাপুর; এখানে আশোকের শিলালেখ পাওয়া গিয়াছে। এই শিলালেখে 'ইসিলা' নামে কোনো রাজধানীর উল্লেখ আছে। ...ব্রহ্মগিরি অতি প্রাচীন স্থান; প্রাগৈতিহাসিক যুগ হইতে বহু জনতার উপনিবেশ চিহ্ন এইখানে পাওয়া গিয়াছে। এই প্রাচীন স্থানেই 'ইসিলা' মহানগরী ছিল বলিয়া অনুমিত। তোশলীর নিকট ধৌলিতে অনুরূপ শিলালেখ উৎকীর্ণ। ব্রহ্মগিরিতে খনন কার্য করিয়া ইতিহাসের বহু উপাদান পাওয়া গিয়াছে।

**ব্রহ্মপুত্র নদী** (Brahmaputra): পূর্ব-ভারতের নদী। হিমালয় পর্বতের উত্তরে তিব্বতে মানস সরোবরের

নিকট উঠিয়া সহস্র মাইল সাংপো (Tsang-po) নামে পূর্ববাহী; ভারতের সীমান্তে সদিয়া অঞ্চলে লোহিত ও ডিবং নদীদ্বয় ইহাতে আসিয়া পড়িয়াছে। আসামের মধ্যে এই নদী দ.-পশ্চিমগামী ও পরে সমকোণে দক্ষিণ বাহিনী হইয়া দুইটি শাখায় বিভক্ত হইয়া পাকিস্তানের ভিতর যমুনা নামে প্রবাহিত ও পদ্মার সহিত মিলিয়া বঙ্গোপসাগরে পড়িতেছে। সুবর্নশ্রী, মানস, তোরসা, তিস্তা, করতোয়া, ব্রহ্মপুত্রের দ. তীরের উপনদী। ডিবং, ডিহং, লোহিত, ধনশ্রী বামতীরের উপনদী। ব্র. নদী প্রায় ১,৮০০ মা দীর্ঘ ডিব্রুগড় পর্যন্ত নাব্য। ডিব্রুগড়, তেজপুর, গৌহাটি, ধুবড়ী প্রভৃতি নগর ইহার তীরে অবস্থিত।...গত কয়েক বৎসরে অতিরিক্ত বন্যাজলে উ.-পূ. আসাম ও বিশেভাবে ডিব্রুগড়ের বিশেষ ক্ষতি হইতেছে। ইন্‌জিনীয়ারগণ এই বন্যা নিয়ন্ত্রণ সমস্যার সমাধান চেষ্টা করিতেছেন।

**ব্রহ্মাবর্ত** (Brahmavarta): পঞ্চনদ বা পঞ্জাবের অধুনালুপ্ত সরস্বতী, দৃষদ্বতী নদীদ্বয়ের মধ্যবর্তী দেশ; মহাচারনিষ্ঠ আর্যগণের বাসভূমি বলিয়া প্রবাদ।

**ব্রাজাভিল** (Brazzaville): ফরাসী কংগোর (Afrique Equatoriale Francaise) প্রধান শহর ও কঙ্গো নদীর বন্দর। পর্যটক পিয়ারে ব্রাজা (Brazza) কর্তৃক স্থাপিত এই শহর কংগোর মোহনা হইতে রেলপথে ৩২০ মা। জন. ৪১ হা.।

**ব্রাজিল** (Brazil; United States of; Estados Unidos do Brasil,): দ. আমেরিকার বৃহত্তম রাষ্ট্র; ২৬ পৃথক রাষ্ট্র লইয়া ইউনিয়ন। সোবিয়েত রিপাবলিক, কানাডা ও চীন ছাড়া এত বড় রাষ্ট্র আর নাই। ইহার অধিকাংশ নিবিড় অরণ্যময়; কেবল পূর্বদিকে কৃষি হয় ও জনবসতি ঘন। আমাজোন ও তাহার অসংখ্য শাখা নদীর নাব্য জলপথ প্রায় ৪০,০০০ মা। কফী, রবার, কোকো প্রধান উৎপন্ন দ্রব্য। পৃথিবীর প্রায় $\frac{৩}{৪}$ অংশ কফী ব্রাজিলে উৎপন্ন হয়। কোকো, তামাক ও চিনি উৎপাদনে বিশিষ্ট স্থান আছে। খনিজের মধ্যে হীরক, স্বর্ণ, ক্রোমাইট, মাংগানিজ ও মূল্যবান প্রস্তর পাওয়া যায়। কয়লা ৫০০ কোটি টন মজুত আছে বলিয়া অনুমান। ১৯৪৬-এর সংবিধান মতে খনিজ সম্পদ রাষ্ট্রায়ত্ত হইয়াছে, প্রাইভেট ব্যক্তি বা কোম্পানিকে আর দেওয়া হয় না। রাজ্যের আ. ৮৫,১৬,০৩৭ ব মা; জন. ৫.২০ কোটি। ইহার মধ্যে ৬ লক্ষাধিক রেড ইন্‌ডিয়ান।...১৫০০ অব্দে পোর্তুগীজ নাবিক কাবরাল (Pedro Alvares Cabral) কর্তৃক এই দেশ আবিষ্কৃত।

**ব্রাহ্মণবাড়িয়া** (Brahmanbaria): পূ. পাকিস্তান; ত্রিপুরা জেলার মহকুমা, থানা ও শহর, তিতাস নদী (মেঘনার উপনদী) তীরে। ঢাকা-টঙ্গি (১৩ মা)-ভৈরববাজার (৬৪ মা)-আখাউরা লাইনের স্টেশন (১৭ মা)।

**ব্রাহ্মণী** (Brahmani) **নদী**: (১) ছোটনাগপুরের শঙ্খ ও দ. কোয়েল উপনদী দুইটি মিলিয়া ব্রাহ্মণী নামে ওড়িশার বোনাইগড় ও তালচের অঞ্চল ভেদ করিয়া কটক জেলার উত্তরে বঙ্গোপসাগরে পড়িতেছে। প্রায় ৩০০ মা দীর্ঘ। ইহার অববাহিকায় বিহার ও ওড়িশার খনিজ মণ্ডল। এই নদী হইতে জলসেচনের জন্য কটকের সমতল অংশে খাল আছে। (২) সাঁওতাল পরগনা ও বীরভূম জেলার নদী; রাজমহলের পাহাড়ে উঠিয়া বীরভূমে দ্বারকা নদীর সহিত মিলিয়া বহরমপুরের ১৬ মা উত্তরে গঙ্গায় পড়িতেছে।

**ব্রিটিশ কলাম্বিয়া** (British Columbia): কানাডা ডোমিনিয়নের প্রদেশ। প্রশান্ত মহাসাগরতীরে। আ. ৩,৬৬,২৫৫ ব মা; জন. ১১.৬৫ লক্ষ। ভিক্‌টোরিয়া রাজধানী (জন. ১.০৪ লক্ষ)। প্রধান নগর ও বন্দর ভাংকুভার (দ্র.)

**ব্রিটিশ দক্ষিণ আফ্রিকা** (British South Africa): বসুতোলন্‌ড, বেচুয়ানালন্‌ড প্রোটেকটোরেট ও সোয়াজিলন্‌ড বিলাতের কমনওএলথ রিলেশন্‌স্ অপিস হইতে প্রত্যক্ষভাবে রানী কর্তৃক নিযুক্ত হাই-কমিশনারের মারফত শাসিত হয়। এই হাই-কমিশনার আবার দ. আফ্রিকা ইউনিয়নেরও হাই-কমিশনার। (দ্র. বসুতোলন্‌ড, বেচুয়ানালন্‌ড, সোয়াজিলন্‌ড।)

**ব্রিটিশ দক্ষিণ-মধ্য আফ্রিকা** (British South-

Central Africa ) : দক্ষিণ রোডেসিয়া, উত্তর রোডেসিয়া ও নিয়াসালনড ১৯৫৩ অগস্ট হইতে মিলিত হইয়া ফেডারেল স্টেট হইয়াছে।

**ব্রিটিশ দ্বীপপুঞ্জ** (British Islands) :ইউরোপের পশ্চিম উপকূলের নিকট অতলান্তিক মহাসাগরে গ্রেট ব্রিটেন ও আয়ারলনড ও ছোট বড় প্রায় ৫০০০ দ্বীপ লইয়া ব্রি. দ্বীপ. গঠিত।...ইংলনড. ওয়েলস ও স্কটলনড এই তিনটি দেশ লইয়া গ্রেট ব্রিটেন ; গ্রেট ব্রিটেন ও আয়ারলনডের উত্তরাংশ [ আয়ার স্বাধীন রাষ্ট্রের ২৬ কাউন্টি ছাড়া ] বা ৬টি কাউন্টির আলস্টার বা নর্থ আয়ারলনডকে ইউনাইটেড কিংডম (United Kingdom বা U. K. ) বা ব্রিটিশ যুক্তরাজ্য বলে।

**ব্রিটিশ পশ্চিম আফ্রিকা** (British West Africa) : নাইজেরিয়া প্রোটেকটোরেট, গামবিয়া কলোনী ও প্রোটেকটোরেট, সিএরা লিওন কলোনী ও প্রোটেক., টোগোলনড অংশে ও কামারুনস-এ ব্রিটিশ ট্রাস্টিশীপ কায়েম।

**ব্রিটিশ পশ্চিম ইনডিস** (British West Indies) : বাহমাস, বারবাদোস, জামাইকা ( কেইমন, তুর্কস, কাইকোস ), লীওয়ার্ড-দ্বীপ ( আন্টিগোয়া ও বারবুদা, মনটেসরাট, সেণ্ট কিট্‌স-নেভিস, ভারজিন ) ; ট্রিনিডাড ও টোবাগো ; উইনডওয়ার্ড দ্বীপ ( ডোমিনিকা, গ্রেনাডা, সেণ্ট লুসিয়া, সেণ্ট ভিনসেণ্ট )।

**ব্রিটিশ পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় দ্বীপাবলী** (British West Pacific Islands) : পশ্চিম প্রশান্ত মহাসাগরের ব্রিটিশ অধিকৃত দ্বীপগুলির জন্য হাই-কমিশনার সলোমন দ্বীপের হোনিয়ারা (Honiara)-য় বাস করেন। প্রধান দ্বীপবর্গ : (১) গিলবার্ট ও এলিস দ্বীপের কলোনী, (২) ব্রিটিশ সলোমন দ্বীপ প্রোটেকটোরেট, (৩) নিউ হেবরাইডিস।

**ব্রিটিশ পূর্ব-আফ্রিকা** ( British East Africa ) : কেনিয়া, টাংগানিকা ও উগানডার গবর্নরদের লইয়া ঈস্ট আ. হাই-কমিশন ১৯৪৮-এ গঠিত হয় ; ইহা ফেডারেশন নহে। হাই-কমিশন বা এডমিনিস্ট্রেটরকে সহায়তা করিবার জন্য ঈ. আ. সেন্ট্রাল লেজিসলেটিভ এসেমব্লি আছে ; ২৩ সদস্যর মধ্যে ৭ জন হাই-কমিশন কর্তৃক, তিনটি দেশ হইতে ৫ জন করিয়া ১৫ জন ও ১ আরব মনোনীত। রেলওয়ে, শুল্ক, প্রভৃতি কতকগুলি বিষয় সমন্ধে এই সভা আইন করিতে পারে।

**ব্রিটিশ যুক্তরাজ্য** ( British United Kingdom ) : ব্রিটিশ কমনওএলথ অব্ নেশনসের আটটি সদস্য রাষ্ট্রের অন্যতম। গ্রেটব্রিটেন ও উত্তর আয়ারলনড-এর বাহিরে যে সব কলোনী আছে, সেগুলি যুক্তরাজ্যের অধীন ; তাহাদের শাসন ও শোষণের জন্য ইহারা কাহারও নিকট দায়ী নহে ; কলোনীগুলি সংযুক্ত রাষ্ট্র পরিষদের ( United Nations ) সদস্য হইতে পারে না।...উপনিবেশ ও আশ্রিত দেশগুলি ব্রিটিশ কলোনিয়াল অপিসের তত্ত্বাবধানে আছে।

ব্রিটিশ যুক্তরাজ্যে উপনিবেশ ও আশ্রিত দেশ : আদন, বাহমাস, বারবাদোস, বারমুডা, ব্রি. গিনী, ব্রি. হনডুরাস, কাইপ্রাস, ফকলনড দ্বীপ, ফিজি, গামবিয়া, জিবরালটার, গোলড্ কোস্ট ( বর্তমানে ঘানা স্বাধীন রাষ্ট্র ), হংকং, জামাইকা, কেনিয়া, লীওয়ার্ড দ্বীপপুঞ্জ, মালয়, মাল্টা, মরিশিয়াস, নাইজেরিয়া, নর্থ রোনিও, সারাবাক, রোডেশিয়া, নাইসালনড, সেণ্ট হেলেনা, সিচিলিস, সিএরা লিওন, সিঙাপুর, সোমালিনড, টাংগানিকা, ট্রিনিডাড ও টোবাগো, উগানডা, পশ্চিম প্রশান্ত মহাসাগর হাই কমিশন, উইনড ওয়ার্ড দ্বীপপুঞ্জ, জানজিবার।

**ব্রিনডিসি** ( Brindisi ) : ইতালীর বন্দর ও শহর ; আদ্রিয়াতিক সাগরের দক্ষিণে অবস্থিত। সুয়েজ খাল কাটার পর এখান দিয়া য়ুরোপীয় ডাক ( মেল্ ) যাইত। জন. ৫৬ হা.।

**ব্রিস্টল** ( Bristol ) : ইংলনডের শিল্পনগর ও পশ্চিম সাগরতীরের বন্দর। বিশ্ববিদ্যালয়। জন. ৩·৯৭ লক্ষ। এইখানে রাজা রামমোহন রায়ের মৃত্যু হয়। (১৮৩৩) দ্বারকানাথ ঠাকুর তাঁহার সমাধির উপর একটি স্মৃতি স্তম্ভ নির্মাণ করাইয়া দেন।

**ব্রিসবেন** ( Brisbane ) : অস্ট্রেলিয়ার অন্যতম রাজ্য কুইনসলনডের রাজধানী ; প্রশান্ত মহাসাগর তীর হইতে ৪৫ মা ভিতরে ব্রিসবেন নদীর উপর অবস্থিত।... জন. ৪·৪০ লক্ষ।

**ব্রুকলীন** ( Brooklyn ) : নিউইয়র্ক মহানগরীর একটি অংশ ; লংআইলন্ডের উপর। আ. ৮৮·৮ ব মা ; জন. ২৭·৩৮ লক্ষ। নিউইয়র্কের সহিত ১,৫৯৫ ফুট দীর্ঘ সেতুর দ্বারা যুক্ত। ইহা ১৮৮৬ অব্দে নির্মিত হয়।

**ব্রুগেস, ব্রুঝ** ( Bruges ) : বেলজিয়ামের পতনোন্মুখ শহর। ১৬ শতকের পূর্বে পশম শিল্পের জন্য খ্যাত ছিল। এখানকার একটি চার্চের তোরণ ৩৫২ ফুট উচ্চ ; সেখানে ৪৮টি ঘণ্টা আছে। কবি লংফেলো The Belfry of Bruges নামে কবিতায় ইহা অমর করিয়াছেন। শহরের মধ্যে বহু খাল আছে ও সেগুলির উপর ৫৪টি সেতু বা ব্রিজ হইতে শহরের নামকরণ। জন. ৫৩ হা.।

**ব্রুনাই** (Brunei) : বোরনিও দ্বীপের উ.-পশ্চিম উপকূলের ব্রিটিশ আশ্রিত ( ১৮৪৭ ) সুলতান শাসিত রাজ্য। সারাবক টেরিটরি উত্তরাংশে অবস্থিত। আ. ২,২২৬ ব মা ; জন. ৪০,৬৫৭। রাজধানী—ব্রুনাই সমুদ্র উপকূল হইতে ৯ মা অভ্যন্তরে ব্রুনাই নদীতীরে। সিঙাপুর ৭৫৮ মা। ১৯৪১-১৯৪৫ জাপানীদের অধীন ছিল।...১৯২৯-এ এখানে পেট্রোলিয়াম খনি আবিষ্কৃত হয়। ১৯৫২-এ প্রায় ৫২ লক্ষ টন পে. উৎপন্ন হয়। স্থানীয় পরিশোধনাগার আছে।

**ব্রুসেলস** ( Brussels ) : বেলজিয়ামের রাজধানী ( ১৮৩১ হইতে )। সামান্য জলাভূমি ( bruoc sella ) হইতে কালে এই বিরাট নগরী ও আন্তর্জাতিক বাণিজ্যকেন্দ্র হইয়া উঠিয়াছে। মধ্য-ইউরোপ যাইবার অন্যতম প্রধান পথ এই নগর দিয়া।...জন. ৯·৬৬ লক্ষ ('৫০)।

**ব্রেনার, ব্রেনেরো** (Brenner ; ইতালীয় Brennero) : অস্ট্রিয়া-ইতালীর টাইরলী আলপস পর্বতের মধ্য দিয়া গিরিপথ ( ৪,৪৯৫ ফুট উচ্চ)। এই গিরিপথ দিয়া বারো-মাস চলাচল সম্ভব। ১৭৭২-এ গাড়ির রাস্তা হয়, ১৮৬৭-এ রেলপথ হয়।

**ব্রেমন** ( Bremen ; Frei Hansestadt Bremen ) : প. জারমানির নগর ও দ্বিতীয় শ্রেষ্ঠ বন্দর ; বেসার ( Wesser ) নদীতীরে অবস্থিত। ২য় মহাযুদ্ধের পর ইহা মার্কিনী মণ্ডলে পড়ে। এখন ইহা ফ্রী সিটি বা স্বাধীন নগর। এই জেলার জন. ৫·৫৯ লক্ষ।

**ব্রেস্ট** (Brest) : ফ্রান্সের উ.-পশ্চিমে ব্রিটানী জেলায় অতলান্তিক মহাসাগরতীরস্থ সুদৃঢ় বন্দর ও নৌঘাঁটি। বিশাল ডক্ প্রভৃতি ২য় মহাযুদ্ধের সময় প্রায় ধ্বংসিত হয়। জন. ৭৫ হা.।

**ব্রেস্ট-লিটোভস্ক** ( Brest-Litovsk ) : বেইলরুশ সোবিয়েত রিপাবলিকের শহর। পূর্বে পোলন্ডের অন্তর্গত ছিল। রুশীয় বলশিভিকি বিপ্লবের পর এইখানে রুশের সহিত জারমানি ও তাহার মিত্রদের সঙ্গে সন্ধি হয় ( ১৯১৪, মার্চ ৩ )। ১৯৪০ হইতে সোবিয়েত অন্তর্গত। জন. ৫০ হা.।

**ব্রেসলাউ** (Breslau ; পোলিশ—Wroclaw) : পোলন্-ডের শহর। জন সংখ্যা ২·৮০ লক্ষ ( '৫০ )।

**ব্লেনহীম** ( Blenheim ; জারমান ব্লিন্ট্‌হীম— Blind-heim) : জারমানি ; বাভেরিয়া রাজ্যের গ্রাম ; ১৭০৪ অব্দে ফরাসী ও বাভেরিয়ানদের মিলিত সৈন্য-বাহিনীকে ব্রিটিশ সেনাপতি মার্লবরো ও প্রুশিয়ান সেনাপতি প্রিন্স ইউজিনের সৈন্যদল পরাভূত করে। যথার্থ এই যুদ্ধ হোক্‌স্টাট গ্রামে হইয়াছিল।

**ব্লুমফনটেইন** ( Bloemfontein ) : অরেঞ্জ ফ্রী স্টেটের রাজধানী। জন. ৬৮ হা. [ ৩০ হা. শ্বেতাঙ্গ ]।

**ব্লু নীল নদী** ( The Blue-Nile ) : মিশরের নীলনদের উপনদী ; ইথিওপিয়ার মালভূমে উঠিয়া নীলনদের সহিত খারতুমের নিকট মিশিয়াছে। ইহার পূর্বে সেন্নার নামক স্থানে বাঁধ নির্মাণ করিয়া প্রায় ৩ লক্ষ ভূমিতে জলসেচন হইতেছে।

**ব্লাকসী** ( Black Sea ) : দ্র. কৃষ্ণসাগর।

**ভগবানগোলা** ( Bhagawangola ) : মুর্শিদাবাদ জেলা ; লালগোলা মহ.র থানা, বাজার ও ডাকঘর ; কলিকাতা হইতে রেলপথে ১৩৪ মা। বহরমপুর হইতে ২২ মা উত্তরে। নবাবী আমলে বর্দ্ধিষ্ট নগর ও বাণিজ্য কেন্দ্র ছিল। ইহার একদিকে ভাগীরথী, অপর দিকে জলাঙ্গী নদী। মারাঠারা এইস্থান লুণ্ঠন করে। পলাশীযুদ্ধের পর সিরাজদ্দৌলা এখান হইতে নৌকা যোগে পলায়ন করেন।...থানার আ. ১১৭ ব মা ; জন. প্রায় ৯০ হা. ; ঘনতা ৭৭০। এই এলাকায় গ্রাম ১০৪ ; থানার মাত্র ২টি উচ্চ ইংরাজী

বিদ্যালয়। (দ্র. নশীপুর)।... নিকটস্থ তেলিয়া-বুধরি গ্রাম পদকর্তা গোবিন্দ দাসের জন্মস্থান।

**ভগবানপুর** ( Bhagavanpur ): মেদিনীপুর জেলা; কাঁথি মহ.র থানা। আ ১৪০ ব মা; জন. ১,৪০,৪৮৯; ঘনতা ১,০০৪। এই থানার গোপীনাথপুরে সুদৃশ্য পালকি ও কাঠের সামগ্রী প্রস্তুত হয়।...গ্রাম (জন. ৭৭৩), ডাকঘর, স্কুল, রেজি. অপিস।...কাঁথি রোড স্টেশন হইতে ভগবানপুর ৩০ মা মোটরপথ।

**ভঙ্গীর** ( Bhongir, Bhangir ): হায়দরাবাদ (অন্ধ্র-তেলিঙ্গনা); নলগোডা জেলার শহর; বিজয়ওয়াড়া-হায়দরাবাদ রেলপথের স্টেশন (১৪৯ মা); হা. হইতে ৩৪ মা। এখানকার মৃৎ-শিল্প (পটারী) বিখ্যাত। প্রাগৈতিহাসিক যুগের নানাবিধ চিহ্ন এক প্রাচীন শৈলদুর্গের পাদদেশে পাওয়া গিয়াছে।... জন. ১৭,৮৭৩। হা. স্টেট, সমবায় ব্যাংক।

**ভজ্জি** ( Bhajji ): হিমাচল প্রদেশের অন্তর্গত পূর্বতন পঞ্জাব পার্বত্য করদরাজ্য। আ. ৯৪ ব মা; জন. ১৬,৪৭৪। রাজা ১৬,০০০ টাকা ভাতা পান। রাজধানী ছিল সিওনী।

**ভঞ্জনগর** ( Bhanjanagar ): ওড়িশা; গঞ্জাম জেলা; ঘুমসার মহ.র থানা ও শহর। থানার আ. ২৬১ ব মা; জন. ৮০,৭৮২।—শহরের জন. ৮,৪৬০। ইহার পূর্ব-নাম রাসেলকোনডা। ১৮ শতকের ওড়িয়া-কবি উপেন্দ্রভঞ্জের নামানুসারে অধুনা নামকরণ হইয়াছে। ব্রহ্মপুর মোটরপথে ৪০ মা।

**ভদ্রক, ভদরক** (Bhadrak ): ওড়িশা; বালেশ্বর জেলার মহ., থানা ও শহর। মহ.র আ. ১,০৭৬ ব মা; জন. ৪,৪৭,২৭০। ৭ থানা।—থানার আ. ২১২ ব মা; জন. ৯০,২৪৬। গ্রাম ২০০।—শহর (জন. ১৮,৮০০)। ব্যাংক: স্টেট, সমবায়। কলেজ। চাঁদবালি বন্দর এই মহকুমার মধ্যে। কলিকাতা হইতে ১৮৩ মা।

**ভদ্রাচলম** ( Bhadrachalam ): অন্ধ্র; পূর্ব-গোদাবরী জেলার তালুক ও শহর। হিন্দুদের তীর্থ। ভদ্রাচলম রোড স্টেশন হইতে মোটর বাসে গোদাবরীতীরে বোরগাম পাহাড় (২০ মা); নদীর পরপারে ভদ্রাচলম শহর। এখানে শ্রীরামচন্দ্রের বিরাট মন্দির, চারিদিকে ছোট ছোট আরও ২৪টি মন্দির দ্বারা বেষ্টিত। এই মন্দিরের ধনরত্ন প্রচুর। বৈশাখী মেলায় বহু সহস্র লোক আসে।

**ভদ্রাবতী** ( Bhadravati ): মহীশূর রাজ্যের শিমোগা জেলার শহর; তুঙ্গভদ্রার শাখা ভদ্রানদী তীরে, শি. হইতে ১০ মা দ.-পূর্বে অবস্থিত। বহুবিধ শিল্পের কেন্দ্র; লৌহ-ইস্পাত কারখানা, সিমেন্ট, চুল্লির ইট, কাগজ, চন্দন তৈল, রাসায়নিক সার (fertilizer) প্রস্তুতের কারখানা প্রভৃতি। এখানকার কাষ্ঠকোহল (Wood alchohol) কারখানা ভারতে অদ্বিতীয়।... লৌহ কারখানার লৌহচুর আসে বাবা বুদান পাহাড় হইতে; ম্যাঙ্গানিজ আসে শিমোগা হইতে।... জন. ৪২,৪৫১। ব্যাংক: মহীশূর, কানাড়া, পীপলস।

**ভদ্রেশ্বর** ( Bhadreswara ): হুগলী জেলা; শ্রীরামপুর মহ.র থানা। আ. ১৫ ব মা; জন. ৮০,৭৫৩; ঘনতা ৫,২৪৪।—শহর (জন. ৩৬,১৯২) হুগলী নদীতীরে। শিল্প-শহর। পাটের কল প্রধান। ভদ্রেশ্বর শিবের মন্দিরে শিবরাত্রি, বারুণী ও পৌষ সংক্রান্তিতে বহু যাত্রীর সমাগম হয়।...নিকটবর্তী তেলিনীপাড়া গ্রামে জমিদারদের বাস।

**ভবানী নদী** ( Bhavani river ): মদ্রাজ; কোয়াম্বতুর জেলার উ.-পশ্চিমে পশ্চিমঘাটে বহু ধারায় নির্গত হইয়া ভ. নদী সত্যমঙ্গলম-এর পাশ দিয়া আসিয়া ভবানী শহরের নিকট কাবেরীতে পড়িতেছে। ১১০ মা দীর্ঘ। সত্যমঙ্গলম হইতে ১০ মা দূরে ময়ার নদী ইহাতে মিশিয়াছে।...ভবানী নদীর নিচেরদিকে বাঁধ নির্মাণের দ্বারা জল সেচনের বিরাট পরিকল্পনা গৃহীত হইয়াছে।

কোয়াম্বতুর জেলার মেতুপুলয়ম ( Mettupulayam ) স্টেশন হইতে ২০ মা দূরে এই নদীর উপর ১,৫২০ ফুট দীর্ঘ ও ১৬০ ফুট উচ্চ বাঁধ নির্মিত হইতেছে। (দ্র. ময়ার পরিকল্পনা)।

**ভবানীপুর** (Bhawanipur): পূ. পাক.; বগুড়া জেলার গ্রাম, হিন্দু-তীর্থ। বগুড়া হইতে ১০ ক্রোশ, নৈঋত কোণে, করতোয়া নদীর ৪ মা পূর্বে পীঠস্থান। ইহা নাটোরের সাধক রাজর্ষি রামকৃষ্ণের সাধন-ক্ষেত্র। শাস্ত্রীয় প্রবাদানুসারে সতীর তল্প এখানে

পড়িয়াছিল ; দেবীর নাম অপর্ণা, ভৈরব বামন। স্থানীয় বহু কিংবদন্তী আছে।

**ভবানীপুর** ( Bhowanipur ) : কলিকাতা কর্পোরেশনের ওয়ার্ড। আয়তন ৬১০ একর ; গৃহসংখ্যা ২২,১২৩ ; জন. ১,১৮,৭০১ ('৫১)।

**ভরতপুর** ( Bharatpur ) : রাজপুতনার পূর্বতন করদ-রাজ্য। আ. ১,৯৭৮ ব মা ; জন. ৫,৭৫,৬২৯ ('৪১)। রাজস্ব ৩১·৬৭ লক্ষ টাকা। ১৭ শতকে চুড়ামন নামে জাঠসর্দার আগরার দক্ষিণে কয়েকটি দুর্গ নির্মাণ করেন ; ইহার ভ্রাতা বদন সিংহ জ্যেষ্ঠকে দূর করিয়া দিয়া নিজে 'ঠাকুর' উপাধি লইয়া রাজা হন। এই বংশের সুরজমল ১৭৩৩-এ ভরতপুর স্থাপন করেন। তৃতীয় পানিপথের যুদ্ধের পর জাঠরা আগরা লুণ্ঠন করিয়া সেখান হইতে একটি মর্মর নির্মিত প্রাসাদ ভাঙিয়া বা খুলিয়া আপনাদের রাজধানী ডিগ-এ আনয়ন করে ও পুনরায় যথাযথভাবে নির্মাণ করে ; উহা এখনও অটুট-ভাবে আছে। আগরার এক জোড়া বিশাল দরজাও তাহারা আনিয়াছিল ; উহাও ডিগ-এ আছে।... মহারাজা ১৭ তোপের সম্মানাধিকারী ছিলেন। ১৯৪৯ এপ্রিলে ভরতপুর রাজপুতানার অন্যান্য রাজ্যের সহিত ভারতভুক্ত হয়। ১৯৪৯ মে মাসে কিছুকালের জন্য মৎস্য ইউনিয়ন অন্তর্গত হয়। এখন ভরতপুর রাজ-স্থানের পূর্ব সমভূম অঞ্চলের জেলা। আ. ৩,১৩৩ ব মা ( শহর ১৭, গ্রাম ১,৮৩৮ ) ; জন. ৯,০৭,৪০০। ভরত-পুর শহর (জন. ৩৭,৩২১) দিল্লী হইতে মথুরা (৯০মা) হইয়া ২১ মা।

**ভরতপুর** ( Bharatpur ) : মুর্শিদাবাদ জেলা ; কান্দী মহকুমার থানা। আ. ১৩২ ব মা ; জন. ১,১০,৪২৬ ; ঘন. ৮৩০। পূর্বে ব্রাহ্মণী নদী, উ.-পশ্চিমে ময়ূরাক্ষী। এই থানায় ১২৮টি মৌজা, উচ্চ বিদ্যালয় নাই। — গ্রামে ( জন. ৩,৪২১ ) ডাকঘর, হাসপাতাল, পাঠশালা রেজি. অপিস আছে। কলিকাতা-বান্ডেল-বারহারোয়া লাইনের তেনিয়া ( ১০৫ মা ) স্টে. হইতে ৮ মা দূরে গ্রাম অবস্থিত ; কান্দি হইতেও পথ আছে।

**ভরত-ভায়না** ( Bharat-Bhayna ) : পূ. পাক. ; খুলনা জেলা, দৌলতপুর হইতে ১৩ মা দক্ষিণে বুড়ী-ভদ্রা নদীতীরে অবস্থিত এক স্তূপ দেখা যায় ; উহা ১০ ফুট উচ্চ ও পরিধি ৯০০ ফুটেরও অধিক। ইহা প্রাচীন বৌদ্ধ স্তূপ বলিয়া অনুমিত হয়।

**ভলগা** ( Volga ) : রাশিয়ার প্রধান এবং ইউরোপের দীর্ঘতম নদী ( ২,৩০০ মা ) ; প্রায় সাড়ে পাচলক্ষ বর্গমাইল ভূখণ্ড জুড়িয়া অববাহিকা। ভলগা কাস্পিয়ান হ্রদে পড়িতেছে। কুইবিশেভ-এ বাঁধ দিয়া বিশাল হ্রদ ( ৩০০ মা × ১৫ মাইল ) নির্মাণ করিয়া বহুবিস্তৃত খাল ও নাব্য জলপথ খনন করা হইয়াছে। এ ছাড়া জলবিদ্যুৎ উৎপন্ন করিয়া বহুদূর পর্যন্ত বিদ্যুৎশক্তি নীত হইতেছে। ভল্গা ও ডন্ ( Don ) নদীর মধ্যে খাল কাটা হওয়াতে কৃষ্ণসাগর হইতে খাল ও নদীপথে লেনিনগ্রাদ পর্যন্ত যাওয়া যায়।

**ভলদাই** ( Valdai hills ) : সোবিয়েত রুশের পর্বত ; উচ্চতম অংশ ১,০৫০ ফুট মাত্র। এই মালভূমি অংশ হইতে ভল্গা, পশ্চিম-দ্বীনা ( Dvina ), লোভাট ও একটু দক্ষিণে নীপার নদী উঠিয়াছে।

**ভাইসোন্ধা** ( Bhaisondha ) : পূর্বতন মধ্যভারত বুন্দেলখণ্ড এজেন্সির অন্তর্গত ক্ষুদ্র করদরাজ্য। আ. ৩১ ব মা ; জন. ৫,১৪৭ ( '৪১ )। ১৯৪৮-এ ভারত-ভুক্ত হইলে রাজাকে ৫,৬০০ টাকা ভাতা দেওয়া হয়। ঐ বৎসর উহা বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত ও ১৯৫০ হইতে উত্তরপ্রদেশের বান্দা জেলাভুক্ত হইয়াছে।

**ভাকরা-নাঙ্গাল** ( Bhakra-Nangal Project ) : ভারতের সর্ববৃহৎ জলসেচন ও জলবিদ্যুৎ উৎপাদক কেন্দ্র। শতদ্রু নদী বাঁধিয়া এই পরিকল্পনা কার্যকরী হইতেছে। ভাকরা দিল্লী হইতে ২০০ মা উত্তরে ; পঞ্জাব, অম্বালা জেলার রূপার স্টেশন হইতে ৫০ মা উপরে শতদ্রুতে বাঁধ নির্মিত হইতেছে। ১৯৫৫ নভেম্বর মাসে বাঁধ নির্মাণ কার্য আরম্ভ হইয়াছে ; শেষ হইতে বহু বৎসর লাগিবে। কাজ শেষ হইলে ৩৬ লক্ষ একর জমিতে তুলা, ইক্ষু, দাইল প্রভৃতি পর্যাপ্ত পরিমাণে ফলিবে। ১৯৫৪-এ নাঙ্গাল বাঁধ নির্মাণ করিয়া শতদ্রুর জল খালের মধ্যে প্রেরণ করা হয় ; নাঙ্গাল বাঁধ ভাকরার ৮ মা দক্ষিণে অবস্থিত। ভাকরা-নাঙ্গালের কাজ শেষ হইলে ৩,৬৫,০০০ কি. ও. বিদ্যুৎ উৎপন্ন হইবে।

খালের জল পেপসু হইয়া রাজস্থানের উত্তরাংশ পর্যন্ত যাইতেছে। এই বাঁধ বাঁধিবার জন্য শতদ্রুর জল প্রথমে অন্যপথে প্রেরিত হইতেছে; তজ্জন্য পাহাড়ের ভিতর দিয়া দুইটি সুড়ঙ্গ করিতে হইয়াছে। বহু বৈজ্ঞানিকের মিলিত চেষ্টায় কাজ হইতেছে।

ভাকরার বাঁধের তলদেশের প্রস্থ ১,০১০ ফুট; ৬৮০ ফুট উচ্চে ইহা মাত্র ৩০ ফুট প্রস্থ। দৈর্ঘ্যে এই বাঁধ ১,৭০০ ফুট। উচ্চতায় উহা কুতবমিনারের তিন গুণ।

**ভাগলপুর বিভাগ** ( Bhagalpur Division ): বিহার রাজ্যের বিভাগ; ৫ জেলা—ভাগলপুর, মুঙ্গের, সহরসা, পুর্ণিয়া, সাঁওতাল পরগনা। আ. ১৮,৭০১ ব মা; জন. ১,০৪,৩৩,৭১৭; ঘনতা ৫৬১। গ্রাম ২২,৭০৭; শহর ২৬।

**ভাগলপুর জেলা** ( Bhagalpur District ): বিহারের জেলা। সহরসা জেলা সৃষ্ট হইবার পূর্বে ইহার আ. ছিল ৪,২২৬ ব মা। ...এখন আ. ২,১৮৪ ব মা। গঙ্গা উত্তরাংশ দিয়া প্রবাহিত। দক্ষিণাংশ পার্বত্য।... জন. ১৪·৩০ লক্ষ ( হিন্দু ১২·৬৪ লক্ষ। মুসলমান ১·৬৪ লক্ষ ); ঘনতা ৬৭৩। ... ২ মহকুমা—ভাগলপুর ও বাঁকা। —ভাগলপুর শহর কলিকাতা হইতে ২৫৭ ও পাটনা হইতে ১৩১ মা। এখান হইতে মন্দার পর্বত পর্যন্ত শাখা রেল আছে ( ২৬ মা )।... রেশমের কাপড়ের ( বাপ্তা ) জন্য প্রসিদ্ধ। ভাগলপুর বড় শহর; বহু সহস্র বাঙালীর বাস। শহরের জন. ১,১৪,৫৩০। ব্যাংক: ইলাহাবাদ, সেন্ট্রাল, হিন্দুস্থান কমার্স, স্টেট, পঞ্জাব ন্যাশ.। এখানে গবর্নমেন্টের রেশমশিল্প প্রতিষ্ঠান আছে। মাড়োয়ারীকলেজ, সুন্দরবতী মহিলা মহাবিদ্যালয়, ডিগ্রীকলেজ ও টি. এন. জি. কলেজ। এম. এ. ও আইন পর্যন্ত অধ্যাপনা হয়।

**ভাগীরথী** ( Bhagirathi : River Hooghly ): ভাগীরথী বা **হুগলী** নামে পরিচিত নদী; গঙ্গার শাখা। মুর্শিদাবাদ জেলার মূল গঙ্গাধারা হইতে সুতি থানার নিকট ভাঙিয়া ভাগীরথী নামে প্রবাহিত। মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান, হুগলী, হাওড়া, কলিকাতা, ২৪-পরগনার মধ্য দিয়া আসিয়া বঙ্গসাগরে পড়িতেছে। অজয়, দামোদর, রূপনারায়ণ পশ্চিম দিক হইতে আসিয়া ইহাতে পড়িতেছে। এই নদীগুলি বর্ষাকালে প্রচুর বালুকা বহিয়া আনে; গঙ্গার ধারা বাহিয়া যে জল আসে, তাহা স্রোতাভাবে নদীগর্ভে পলি সৃষ্টি করিতেছে। ফলে ভাগীরথীর উত্তরাংশ বর্ষাকালে প্রয়লঙ্করী হইয়া সর্বনাশ করে এবং বর্ষান্তে এমনই শীর্ণ হইয়া যায় যে নৌকা চলাচল সম্ভব হয় না। এই নদী নিয়ন্ত্রণের জন্য ফরাক্কা বারাজের প্রস্তাব গৃহীত হইয়াছে। ...বাংলার মধ্যযুগের প্রধান প্রধান স্থান ভাগীরথী বা তাহার শাখা সরস্বতী প্রভৃতির তীরে অবস্থিত ছিল। এখনো কলিকাতা-হাওড়ার উত্তরে ও দক্ষিণে বহুদূর পর্যন্ত অসংখ্য কারখানা, চটকল, জেটি, ডক প্রভৃতি এই নদীতীরে আছে। ভাগীরথীর দক্ষিণাংশে খাল, খাড়ি দিয়া সুন্দরবনের মধ্যে যাওয়া যায়। অপরদিকে উলুবেড়িয়ার নিকট হইতে খাল মেদিনীপুর হইয়া ওড়িশায় গিয়াছে; এই খাল নাব্য। ...ভাগীরথীর উপর তিনটি সেতু—১টি রেল সেতু—বান্‌ডেল-নৈহাটির মধ্যে জুবিলি সেতু নামে খ্যাত। অপরটি বালিব্রিজ (বিবেকানন্দ সেতু)—সাধারণ পরিবাহন ও রেল চলাচল হয়। তৃতীয়টি কলিকাতা-হাওড়ার মধ্যে নূতন সেতু—কেবলমাত্র সাধারণ পরিবাহনের জন্য ব্যবহৃত হয়।—প্রবাদ ভগীরথ সগর বংশ উদ্ধারের জন্য গংগাকে আনয়ন করেন। নদী বিজ্ঞানী উইলকক সাহেব মনে করেন ইহা খাল, কোনো অতীত কালে খাত হয়; ভগীরথের উপাখ্যান রূপক মাত্র।

**ভাগ্যকুল** ( Bhagyakul ): পূ. পাক.; ঢাকা জেলার মুন্সিগঞ্জ মহ.র গ্রাম, পদ্মাতীরে। এখানকার বিখ্যাত রায় পরিবার বিশিষ্ট ব্যবসায়ী ও শিল্পপতি রূপে খ্যাত। ...ভাগ্যকুল হইতে ২ মা দূরে রাঢ়িখাল গ্রাম জগদীশচন্দ্র বসুর জন্মস্থান। নিকটস্থ ষোলঘর গ্রাম এককালে বিখ্যাত ছিল।

**ভাঙগর** ( Bhangar ): ২৪-পরগনা জেলা; আলিপুর মহ.র থানা। আ. ১২৫ ব মা; জন. ১,১৫,০৫৭; ঘনতা ৯২১। আলিপুরের পূর্ব দিকে অবস্থিত; দমদমা-রাজারহাট রাস্তা দিয়া ভাঙ্গর-রঘুনাথপুর বাসে যাওয়া

যায়। জন. ১,৬৯৮। ডাকঘর ; থানার লক্ষাধিক লোকের মধ্যে সাক্ষর লোক ১৮ হাজারের কিছু বেশি। ২ হাইস্কুল।

**ভাঙ্গা** ( Bhanga ) : পূ. পাক. ; ফরিদপুর জেলা, সদর মহ.র থানা ও গ্রাম ; প্রাচীন প্রসিদ্ধ স্থান।

**ভাটকাল** ( Bhatkal ) : বোম্বাই ( বর্তমানে মহীশূর রাজ্য ) ; দ.-কানাড়া জেলার শহর, আরব সাগরতীরে ; কারোয়ার হইতে ৬৩ মা দ.-পূর্বে। মাছ, সুপারি, নারিকেলের রাজার। ১৫০৫-এ পোর্তুগীজদের দ্বারা অধিকৃত ; ১৪-১৬ শতকেও প্রসিদ্ধ বন্দর। জন. প্রায় ১১ হা.।

**ভাটগাঁও** (Bhatgoan) : নেপালের শহর ; কাঠমাণ্ডুর পূর্ব দিকে ৬ মা দূরে। জন. ৯৪ হা.। এই শহরের মধ্যে আধুনিক বৈভব প্রবেশ লাভ করে নাই।

**ভাটপাড়া** ( Bhatpnra) : ২৪-পরগনা জেলা ; বারাক-পুর মহকুমার ভাগীরথীতীরস্থ নগর। প. বঙ্গে যে সাতটি নগরের জনসংখ্যা লক্ষাধিক, ভাটপাড়া তাহার অন্যতম। ভাটপাড়া মুলাজোড়, আঠপুর, জগদ্দল ও কাঁকিনাড়া এই নগরের অন্তর্গত। কলিকাতার ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির সুবৃহৎ বিদ্যুৎ সরবরাহ কারখানা মুলাজোড়ে অবস্থিত। এখানে বহু চটকল ও অন্যান্য কারখানা আছে। জন. ১,৩৪,৯১৬। ...এক-কালে ভাটপাড়া বা ভট্টপল্লীর পণ্ডিতসমাজ জ্ঞান-চর্চার জন্য খ্যাত ছিলেন। ...নিকটে জগদ্দল নামে প্রাচীন স্থান আছে।

**ভাটিকান** ( Vatican : Stato della Citta del Vaticano ) : পোপের রাজধানী ; রোম নগরের একাংশ। রোমান কাথলিক চার্চের ধর্মগুরু পোপ এখানে বাস করেন। টাইবার নদীতীরে ভাটিকান টিলার উপর অবস্থিত ১০৮ একর জমি ; ইহার মধ্যে প্রাসাদই ১৩ একর বা ৪০ বিঘার উপর। প্রাসাদে ৭০০০ ঘর আছে। ভা. গ্রন্থাগারে বহু মূল্যবান গ্রন্থ ও পুঁথিআছে। ... ভা.-এর নিজস্ব রেললাইন ( ১ মা), রেডিও, ডাকটিকিট আছে। ...জন. ৯০০।

**ভাটিন্ডা** (Bhatinda) : পে-প-সু (পঞ্জাব) রাজ্যের শহর ও বিরাট জং. স্টেশন ; ইহা প্রাচীন নগর ; শেরশাহ্ এখানে গোবিন্দগড় নামে দুর্গ নির্মাণ করেন। বর্তমান জন. প্রায় ৩৫ হা.। ব্যাংক : বড়োদা, পাতিয়ালা, স্টেট, প. ন্যাশনাল। ...শহর হইতে একটু দূরে মুসলমানী যুগের দুর্গ আছে। শহরের মধ্যে বাবা রতনের দরগা একমাত্র দর্শনীয় স্থান ; ঘোরীদের সময় এক হিন্দু ইসলাম গ্রহণ করে ; দরগা তাঁহারই নামে।

**ভাটিপ্রোলু** (Bhattiprolu) : অন্ধ্ররাজ্য ; গুন্টুর জেলার শহর, কৃষ্ণা-নদীর বদ্বীপে, গুন্টুর-রেপালে ( ৩৭ মা ) ব্রড্‌ রেলপথের স্টেশন (৩১ মা)। জন. ১৫ হা.। অন্ধ্র ব্যাংক। এখানে একটি বৌদ্ধ স্তূপের ধ্বংসাবশেষ বিদ্যমান ; এই স্তূপের ব্যাস ১৩২ ফুট। গোদাবরী ও কৃষ্ণা নদীর মধ্যে যে এগারটি স্তূপের চিহ্ন পাওয়া গিয়াছে, তন্মধ্যে ভাটিপ্রোলুর স্তূপটিই প্রাচীনতম। ১৮৯২-এ স্তূপমধ্যে খননকালে মণিমুক্তাপূর্ণ একটি পেটিকা পাওয়া যায় ; সেটি মদ্রাজ মিউজিয়ামে আছে।

**ভাটিয়াপাড়া** ( Bhatiapara ) : পূ. পাক. ; ফরিদপুর জেলা, গোপালগঞ্জ মহ.র কাশিয়ানী থানার অন্তর্গত গ্রাম, মধুমতী তীরে অবস্থিত।

**ভাটেরা, ভট্টপাঠক** (Bhatera): পূ. পাকিস্তান ; সিলেট জেলার কুলাউরা জংশন হইতে ৯ মা দূরে ( সিলেট রেলপথে ) ভাটেরার টিলায় কেশবদেব ও ঈশানদেবের দুই খানি তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে। ইহাতে একটি রাজবংশের ও পাঁচজন রাজার গুণকীর্তি লিখিত আছে।

**ভাণ্ডারিয়া** (Bhandaria) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা, পিরোজপুর মহ.র থানা ও শহর।

**ভাণ্ডীরবন** ( Bhandirban ) : বীরভূম জেলা ; বীর-সিংহপুরের ধ্বংসাবশেষের নিকট জঙ্গলপূর্ণ অংশ। এই বনে ভাণ্ডেশ্বর শিবমন্দির আছে। প্রবাদ রামায়ণোল্লিখিত বিভাণ্ডকমুনি এখানে শিবপূজা করেন।

**ভাতার** ( Bhatar) : বর্ধমান জেলা ; সদর মহ.র থানা। আ. ১৬০ ব মা ; জন ৮৪,৬৩৩ ; ঘনত্ব ৫২৯। থানার একাংশ গুসকরা সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত। গ্রাম ( জন. ৮৫৪ ), ডাকঘর, রেজি. অপিস, ডিসপে.,

পাঠশালা, উচ্চ বিদ্যালয়। ...এই থানার এমার গ্রামের স্কুল ১৮৪৩-এ স্থাপিত।

**ভাজা** (Bhaja) **:** প্রাচীন ভারতের শৈলমন্দির ও বিহার। বোম্বাই-পুণা রেলপথের মালবলি (Malavali) স্টেশন (৮৫ মা) হইতে এক মাইলের মধ্যে ভাজা গ্রাম ; ভাজা গুহাগুলি Bhaja caves নামে খ্যাত। প. ঘাট পর্বতের মধ্যে আন্দাজ খ্রী. পূ. ২ শতকের ১৮টি খোদিত বৌদ্ধগুহা আছে। ...১২ নং গুহাটির মধ্যে স্তূপ পরিক্রমণ পথ আছে। প্রাচীনতর যুগের কাষ্ঠনির্মিত গৃহের অনুকরণে বিহারটি পরিকল্পিত ও সেইভাবে প্রস্তরে খোদিত। ...দক্ষিণের সর্বশেষ গুহাটি একটি বিহার ছিল ; আয়তন ১৬½ × ১৭½ ফুট ; ইহার প্রাচীর গাত্র বিচিত্র ভাস্কর্যপূর্ণ। বৈদিক ইন্দ্রাদি দেবতার ভাস্কর্য মূর্তি খোদিত দেখা যায়। ...কারলী হইতে ভাজা ৪ মা উত্তরে।

**ভানকুবার দ্বীপ** ( Vancouver Is. ) **:** কানাডা রাজ্যের ব্রিটিশ কলোম্বিয়া স্টেটের প্রশান্ত মহাসাগর তীরস্থ দ্বীপ। আ. ১২,৪০৮ ব মা ; জন. ২,১৫,০০০। ব্রি. কলোম্বিয়ার রাজধানী ভিক্টোরিয়া (জন. ৫১ হা.) এই দ্বীপে অবস্থিত।...ভান্‌কুবার শহর ও বন্দরের জন. ৩·৪৫ লক্ষ। ...এখানে প্রায় ২ হা. ভারতীয় বাস করে।

**ভান্‌ডারা, ভংডারা** ( Bhandara ) **:** মধ্য প্রদেশ ( বর্তমানে বোম্বাই, মারাঠাওয়াড়া বিভাগ ); ছত্রিশগড় বিভাগের জেলা। জেলার অধিকাংশ সমতল, উন্মুক্ত ; দক্ষিণাংশ শিলাময় ও অরণ্যপূর্ণ। আ. ৩,৫৮০ ব মা ; জন. ১০,৭১,৬৫৭। মারাঠী ও হিন্দী ভাষী।...৩টি মহকুমা। ভান্‌ডারা, গোন্‌ডিয়া ও সকোলি।...প্রধান শহর—ভানডারা ( জন. ২২,৬৪০ ), ভান্‌ডারা রোড্ স্টেশন ( ৬৬৪ মা ) হইতে ৭ মা দূরে ; বেণগঙ্গা নদী অদূরে অবস্থিত ;

**ভাবড়া** ( Bhabra ) **:** দ্র. বৈরাট। অশোকের বৈরাট শিলালেখের অন্যতম নাম ভাবড়া বা ভাবরু।

**ভাবনগর, ভাউনগর** ( Bhavnagar, Bhaunagar ) **:** পূর্বতন পশ্চিম ভারতীয় স্টেটস্ এজেন্‌সি বা কাঠিয়াবাড়ের করদরাজ্য। আ. ২,৯৬১ ব মা ; জন. ৬,১৮, ৪২৯ ( '৪১ )। ১৩ শতকে গোহিল রাজপুতরা এই অঞ্চলে উপনিবেশ করে। বর্তমান রাজ্য ১৭২৩-এ স্থাপিত। মহারাজা ১৩ তোপের সম্মান পাইতেন। রাজ্য ১৯৪৮-এ ভারতভুক্ত হইলে রাজাকে ১০ লক্ষ টাকা ভাতা দেওয়া হয়।...ভাবনগর শহর সৌরাষ্ট্রের ( বর্তমানে বোম্বাই রাজ্য ) অন্যতম জেলা গোহিলবাড-এর অন্তর্গত। বন্দর, উপকূল-বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র ; বিমান-বন্দর। ভারত সরকারের অন্যতম ন্যাশনাল ল্যাবরেটরী লবণ গবেষণার জন্য স্থাপিত হইয়াছে ( Central Salt Research Institute )। ১৯৫৪ এপ্রিল মাসে খোলা হয়। জন. ১,৩৭,৯৫১।

**ভাবনগর স্টেট রেলওয়ে** (Bhavnagar State Railway ) **:** ১৮৮০ সালে স্টেট কর্তৃক খোলা হয়। ১৯৪৮-এ সৌরাষ্ট্র রেলওয়ে ও ১৯৫১ হইতে ওয়েস্টার্ন রেলওয়ের অন্তর্গত।

**ভাভুআ** ( Bhabua ) **:** বিহার ; শাহাবাদ জেলার মহকুমা। আ. ১,২৮৭ ব মা ; জন. ৪,৪০,১৩৮ ; ঘনতা ৩৫৬। অন্তর্গত থানা :—ভাভুআ, চৈনপুর, অধৌরা, চাঁদ, মোহনিয়া, রামগড়, দুর্গাবতী ও কুদরা।—থানার আ. ৩০১ ব মা ; জন. ১,২৭,৭০৩ ; ঘনতা ৪২১।... ভাভুআ মিউনি. শহর ; জন. ৭,৮৫৮। ভাভুআ রোড গ্রান্ড কর্ড রেলের ( ৩৭৮ মা ) স্টেশন।

**ভামারা** ( Bhamara ) **:** বিন্ধ্যপ্রদেশ অন্তর্গত পূর্বতন নাগোদ রাজ্যভুক্ত গ্রাম ; বর্তমানে মধ্যপ্রদেশভুক্ত স্থান। এখানকার গুপ্তযুগের মন্দির হইতে সংগৃহীত একটি লাল পাথরের দরজা-জাম্ব (Jamb) কলিকাতার মিউজিয়ামে আছে। ইহার লতানে কারুকার্য অতি মনোরম।

**ভামো** ( Bhamo ) **:** বর্মা রাজ্য ; উত্তর বর্মার কাচিন স্টেটের জেলা। আ. ৪,১৪৮ ব মা ; জন. ১·৩০ লক্ষ ( '৪১ )। জেলার উত্তরাংশে মিচিনা। ইরাবতী প্রবাহিত।...ভামো শহর ইরাবতী তীরে ; মিচিনার ৮০ মা দক্ষিণে। কথা পর্যন্ত রেলে গিয়া স্টীমারে যাইতে হয়। চীনের সহিত ব্যবসায়ের বড় কেন্দ্র। জন. প্রায় ৮ হা.।

**ভারত** ( Union of India, Republic of India ) **:** এই দেশ ভারতবর্ষ, হিন্দুস্থান, ইন্দোস্তান, ইন্‌ডিয়া

ইনতো, প্রভৃতি বিচিত্রনামে অভিহিত হইয়াছে। এখন কেবলমাত্র ভারত নাম চলিত। সিকিম, দেশীয় রাজ্য ও বিদেশী উপনিবেশগুলি সহ সমগ্র অবিভক্ত ভারতের আয়তন ছিল ১৬,৩৭,২১৭ ব মা। ১৫ আগস্ট, ১৯৪৭ ভারত বিভক্ত হইলে ৩,৬৫,৯০৭ ব মা ভূখণ্ড লইয়া পাকিস্তান গঠিত হয়। বর্তমান ভারত ইউনিয়নের আ. ১২,৬৯,৮৪০ ব মা। পোর্তুগীজ ভারতের (দ্র.) আ. ১,৪৭০ ব মা। ভারত ইউ. উত্তর-দক্ষিণে ২০০০ মাইল ও পূ.-পশ্চিমে ১,৭০০ মা দীর্ঘ; ইহার উপকূলভাগ ৩,৫০০ মা ও সীমান্ত রেখা ৮,২০০ মা দীর্ঘ। ভারতের সীমান্তে আছে—পাকিস্তান, চীন, তিব্বত, সিনকিয়াং, ভুটান, নেপাল ও বর্মা দেশ। ১৯৫১ অব্দের সেন্সাস মতে ভারতের জন. ৩৫,৬৮,২৯,৪৮৫ (জম্মু-কাশ্মীর ও উ.-পূর্ব সীমান্ত এজেন্সি বাদে)। ভারত আয়তনে পৃথিবীর ৭ম ও জনসংখ্যায় ২য় বৃহত্তম দেশ। ১৯৪১ হইতে ১২·৫% জনসংখ্যা বাড়িয়াছে। হাজার করা পুরুষে ৯৪৭ নারী। ঘনতা বর্গ মাইলে ৩১২। জনসংখ্যার ১৭·৩% শহরে ও ৮২·৭% গ্রামে বাস করে। ৭০% কৃষির উপর নির্ভরশীল। ১০০ জনসংখ্যার ৪৭ মালিক-চাষী, ৯ বর্গাদার, ১৩ ভূমিহীন ক্ষেতমজুর, ১ জমিদার, ১০ শ্রমশিল্পে নিযুক্ত, ৬ ব্যবসায়ে, ২ যানবাহনে ও ১২ জন চাকুরি ও বিবিধ কর্মে নিযুক্ত।

**ভারতের উদ্বাস্তু**

১৯৪৭-এ ভারত বিভক্ত হইলে পাকিস্তান হইতে হিন্দু ও শিখ ভারতে আসে। তাহাদের সংখ্যা—

| | | |
|---|---|---|
| আসাম— | ২,৭৪,৪৫৫ (মোট জনসংখ্যার | ৩·১৩%) |
| প. বাংলা— | ২০,৯৯,০৭১ ( „ | ৯·২৪%) |
| পঞ্জাব— | ৩২,৩১,৯৮১ ( „ | ৩৪·২৫%) |
| মধ্যপ্রদেশ— | ১,১২,৭৭১ ( „ | ০·৫৩%) |
| ওড়িশা— | ২০,০৩৯ ( „ | ০·১৪%) |
| বোম্বাই— | ৩,৩৮, ৯৬ ( „ | ০·৯৫%) |
| মদ্রাজ— | ৮,৯২৯ ( „ | ০·০২%) |
| বিহার— | ৭৭,৫৫২ ( „ | ০·১৯%) |
| উত্তরপ্রদেশ— | ৪,৮০,২৭০ ( „ | ০·৭৭%) |
| তিরুবাংকুর-কোচীন— | ৩০৭ ( „ | ০.০০৩%) |

হিমাচল প্রদেশ, পে-প-সু, রাজস্থান, মধ্যভারত প্রভৃতি স্টেটেও বহু সহস্র উদ্বাস্তু আছে।

**ভারতের কৃষি, জলসেচ, বন, শ্রমশিল্প**—ভারতের প্রায় ২৫ কোটি লোক কৃষির উপর নির্ভরশীল। ১৫ বিঘার কম জমি আছে এমন পরিবারের সংখ্যাই অধিক। উৎপাদনের চার-পঞ্চমাংশই খাদ্যশস্য। ভারতে গবাদি পশুর সংখ্যা (১৫ কোটি) সমগ্র পৃথিবীর গবাদির এক-চতুর্থাংশ। ১৯৫২-৫৩-এর হিসাবে—ধানের জমি ৭,৪২,০৯,০০০ একর, উৎপাদন ২,২৪,৯৫,০০০ টন; গমের জমি ২,৪০,৪১,০০০ একর, উৎপন্ন ৬৭,৬২,০০০ টন; রবিশস্যের জমি ১০,১০,৪১,০০০ একর, উৎপন্ন ১,৭৩,৯৮,০০০ টন; তুলার জমি ১,৫৬,৭৮,০০০ একর, উৎপন্ন ৩০,৫০,০০০ বেল (Bales); পাটের জমি ১১,৯৬,০০০ একর, উৎপন্ন ৩১,২৮,০০০ বেল; তামাক, রবার, বাদাম, গুড় ইত্যাদির জমি ৩,৪৪,৬৫,০০০ একর, উৎপন্ন ১,২১,৮১,০০০ টন; ১৯৫১-এর হিসাবে চা-এর জমি ৭,৭৯,০০০ একর, উৎপন্ন ৬৪,১০,০০,০০০ পাউণ্ড; কফির জমি ২,২৪,০০০ একর, উৎপন্ন ৫,৪০,০০,০০০ পাউণ্ড।

প্রায় ৫ কোটি একর জমি জলসেচ পায়। প্রায় ৬০,০০০ মা জল-খাল আছে। জলসেচ-পরিকল্পনায় এ-পর্যন্ত ১২০ কোটি টাকা পুঁজি নিয়োগ করা হইয়াছে।

ভারতে ১,৬০,১০৪ ব মা বন আছে; ইহার ১,০১,৬৩৮ ব মা সংরক্ষিত বন।

ভারতে কৃষির পরেই বস্ত্রশিল্পের স্থান। এই শিল্পে ৬,৫৯,৭৫৯ শ্রমিক নিযুক্ত আছে (১৯৪৯)। সুতা উৎপাদন (১৯৫৩): ১,৫০,৩০,০০,০০০ পাউণ্ড; পরিচ্ছদ: ৪,৯০,৫৬,০০,০০০ গজ। রেশমশিল্পে ৩ লক্ষের উপর ও পশমশিল্পে ১৫ হাজারের উপর শ্রমিক ('৪৯)। কয়লা খনিতে ৩,৪১,৭৩৮ শ্রমিক, উৎপাদন (১৯৫৩): ৩,৫৮,৪৪,০০০ টন। লৌহ ও ইস্পাত শিল্পে ৬৩,৪৫০ শ্রমিক (১৯৪৯); ইস্পাত উৎপাদন ('৫৩): ১৪,৮০,০০০ টন; কাঁচা লোহা ('৫৩): ১৩,২০,০০০ টন। এলিউমিনিয়াম উৎপন্ন ('৫৩) ৩,৭৫৮ টন। অন্যান্য উৎপাদন:

সিমেন্ট ৩৭,৮০,০০০ টন ('৫৩); কাগজ ১,৭৬,৮৮০ টন ('৫৩); অভ্র ১,৫২,২০৪ কিলোওআট ('৫২)। অভ্রশিল্পের অবনতি হইয়াছে; ১৯৫৩ (জুন) যেখানে ১২ হাজার শ্রমিক ছিল, ১৯৫৪ ডিসেম্বরে সেস্থানে ৬ হাজার মাত্র শ্রমিক এই শিল্পে নিযুক্ত আছে। পাট-শিল্পে ৩ লক্ষের উপর, বিদ্যুৎশিল্পে ১,২০,৭৭৯ ও চিনিশিল্পে প্রায় ১ লক্ষ শ্রমিক কাজ করে ('৪৯)।

ভারতে খনিজসম্পদ প্রচুর। কয়লা, লৌহ, অভ্র, তামা (১৯৪৮-এ ৩,২২,২৮২ টন), ম্যাংগানিজ (১৯৪৮-এ রপ্তানি ৫,২৫,৮৭৬ টন), ইলমেনাইট (Ilmenite) ('৪৮-এ ২,২৬,৪১৬ টন), স্বর্ণ ('৪৮-এ ১,৮০,৪৩০ আউন্স), লবন ('৪৮; ২২,৬৪,৫৩৬ টন) প্রধান খনিজ দ্রব্য। ইহা ছাড়া রৌপ্য, গ্রাফাইট, হীরক প্রভৃতি পাওয়া যায়। পেট্রোলিয়াম ('৫১) উৎপন্ন ২,৭০,০০০ মেট্রিক টন।

**ভারতের নগর, বন্দর, গ্রাম**—১ লক্ষ জনসংখ্যার উপরে বাস করে এমন শহরের সংখ্যা ৭৩; বৃহত্তম শহর কলিকাতা (৪৫ লক্ষের উপর); তৎপরে বোম্বাই (১১,৮৫,৭২২) মদ্রাজ (১৪,১৬,০৫৬), হায়দরাবাদ (১০,৮৫,৭২২)। ভারতের প্রধান বন্দর ৫টি—কলিকাতা, বোম্বাই, মদ্রাজ, বিশাখাপট্টম ও কোচিন। কাঁদলা (দ্র.) বন্দরের সম্প্রতি উন্নয়ন হইতেছে। স্বাভাবিক পোতাশ্রয় ভারতে অতি অল্পই। মোট শহরের সংখ্যা ৩,১১৩; গ্রামের সংখ্যা ৫,৫৮,০৮৯।

**ভারতের ভাষা, সাহিত্য, পত্রিকা:** ভারতের ভাষাসমূহ ইন্দো-ইউরোপীয়, দ্রাবিড়, মুনডা বা কোল ও ভোট-চীন ভাষা-বর্গের অন্তর্গত। সমগ্র ভারতে (জম্মু-কাশ্মীর ও নেফা ছাড়া) ৭৮২ টি ভারতীয় ভাষায় ও ৬৩টি অ-ভারতীয় ভাষায় অধিবাসীরা কথা বলে (১৯৫১ সেন্সাস)। এক মধ্যপ্রদেশেই ৩৭৭টি উপভাষা প্রচলিত আছে। উর্দু বা হিন্দোস্থানী, পঞ্জাবী ও হিন্দীর সব রকম উপভাষা মিলাইয়া কথা বলে ১৪,৯৯,৪৪,৩১১ লোক। পনেরোটি ভাষা সংবিধান কর্তৃক স্বীকৃত জাতীয় ভাষা: আসামী, বাংলা, গুজরাটী, হিন্দী, হিন্দোস্তানী বা উর্দু, কানাড়ী, কাশ্মীরী, মালয়ালম, মারাঠী, ওড়িয়া, পঞ্জাবী, সংস্কৃত, তামিল, তেলেগু। রাষ্ট্রভাষা—ইংরেজি ও হিন্দী। সংস্কৃত ও তামিল ভাষা প্রাচীনকাল হইতে উন্নত। অন্যান্য ভাষাগুলি আধুনিক যুগে দ্রুত উন্নতি করিতেছে। বাংলা, মারাঠী, গুজরাটী প্রভৃতি সাহিত্য, কাব্য, উপন্যাসাদিতে অতি সমৃদ্ধ।

ভারতে কোন ভাষায় কত পত্রিকা প্রকাশিত হয় (বন্ধনী মধ্যে সংখ্যা দেওয়া হইল): ইংরেজী(১,২২৬), হিন্দী (১,৭৪৮), উর্দু (৮৩৭), বাংলা (৭৫৯), তামিল (৫০১), মারাঠী (৩৩১), তেলেগু (৩২৭), গুজরাটী (৩০২), কানাড়ী (১৮৯), মালয়লম (১৬৪), গুরুমুখী (১০৪), আসামী (৬৬), ওড়িয়া (৬৩), সিন্ধী (৫৩), সংস্কৃত (১০), দ্বি-ভাষিক ও বহু ভাষিক (৭৩২) এবং অন্যান্য (৬৪)।

**ভারতের যানবাহন**—ভারতের রাস্তাঘাট পৃথিবীর উন্নত দেশগুলির তুলনায় হীন। প্রতি ১০০ ব মা-এ মার্কিন যুক্তরাষ্ট্রে ১০০ মা, গ্রেটবিটেনে ২০০ মা ও জাপানে ৪০০ মা রাস্তা আছে; আর ভারতে আছে মাত্র ১৯·৬ মা তবে দ্রুত উন্নতি হইতেছে। মোট রাস্তা ২,৩৯,১৩৭ মাইল; ইহার ১,৮১,৪০৬ মাইলে মোটর চলাচল করিতে পারে। (১৯৫০-এর হিসাব) ২৫,০০০ মা জাতীয় সড়ক (National Highways)। প্রধান ট্রাংক-রোড ৪টি—গ্রান্ড ট্রাংক রোড বা শেরশাহ সড়ক (কলিকাতা-দিল্লী), কলিকাতা-মদ্রাজ, মদ্রাজ-বোম্বাই ও বোম্বাই-দিল্লী; ইহাদের মোট দৈর্ঘ্য ৫,০০০।

পার্বত্য-অঞ্চলে দড়ি-পথ (rope-ways) আছে। দার্জিলিং, কালিম্পং, চেরাপুঞ্জি ও আন্নামালাই এর দড়ি-পথ বিখ্যাত। শিল্প ও খনিজ অঞ্চলে মাল সরবরাহের জন্য দড়ি-পথের ব্যবহার আছে। ভারতে প্রায় ১০০টি দড়ি-পথ আছে।

১৯৫২-এ ভারতের মোট রেলপথ ৩৪,১২০ মা; ইহার ৯৬৫ মা ব্যক্তিগত মালিকানায় চালিত; অবশিষ্ট রাষ্ট্রায়ত্ত। ২৩৬ মা বৈদ্যুতিক রেল। ভারতের রেলপথ এই তিন রকমের—(১) বড় লাইন (ব্রড্‌গেজ ৫ ফুট ৬ ইঞ্চি)—১৫,৭০২ মাইল; (২) মিটার লাইন (৩ ফু. ৩ৢ ই.)—১৫,০৬১ মা; (৩) ছোট লাইন (২ ফু. ৬ ই. ও ২ ফু.)—৩,৩৫৭ মা। সমগ্র রেলপথ ৭টি

অঞ্চলে (Zone) বিভক্ত : উত্তর, উত্তর-পূর্ব, পূর্ব, দক্ষিণ-পূর্ব, দক্ষিণ, পশ্চিম ও মধ্য-রেলপথ ( প্রত্যেকটি স্বতন্ত্র-ভাবে দ্র. )। রেলওয়ে ভারতের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান। ইহার পুঁজি ৮৬০ কোটি টাকা।

ভারতে রেল প্রথমে এপ্রিল ১৮৫৩-অব্দে খোলা হয়। বর্তমানে লোকচলাচলের ৮০% ভাগ ও মাল-চলাচলের ৭০% রেল বহন করে। ১ কোটি টন কয়লা বৎসরে রেলের জন্য লাগে।

ভারতের বিমানপথ মোট ২৭,১৬৩ মা। ইহার ১৪,০৫০ মা দেশ-অভ্যন্তরে ; ১৩,১১৩ মা দেশ-বহির্ভাগে ( আন্তর্জাতিক )। ১৯৩০-'৪৫-এর মধ্যে ভারতের বিমান-সংভরন উন্নতি লাভ করে। ১৯৫৩ হইতে বিমান-সংভরণ জাতীয়কৃত হইয়াছে।

ভারতের জলপথ-ব্যবস্থা খুব প্রাচীন। বর্তমানে ৫,৫০০ মা জলপথে নিয়মিত স্টীমার চলাচল করে। দীর্ঘতম পথ—কলিকাতা-ডিব্রুগড়—ব্রহ্মপুত্র হইয়া ১,১৩৫ মা ও কলি. পাটনা—গঙ্গা হইয়া ৯২০ মা।

ভারতে ৪২,০৮৪টি ডাকঘর ; ৮,২৪০টি টেলিগ্রাফ অফিস ; ৪,২১৭টি ফোন-এক্সচেঞ্জ ও ১,৮৪,০১০টি ফোন আছে ( মার্চ, '৫২ )। গত চার বৎসরে অনেক বাড়িয়াছে।

**ভারতের রাজ্যসমূহ**—ভারতের রাজ্যগুলিকে ৪ ভাগে ভাগ করা হইয়াছিল। 'ক'-শ্রেণীর রাজ্য গভর্নর-শাসিত ; 'খ'-শ্রেণীর রাজ্য রাজ-প্রমুখ বা লেফ. গভর্নর-শাসিত, 'গ' ও 'ঘ'-শ্রেণীর রাজ্য চীফ-কমিশনার-শাসিত। একটি মাত্র টেরিটোরি হইলে উহা 'ঘ'-শ্রেণীর অন্তর্গত।

'ক'-শ্রেণীর রাজ্য : অনধ্র, আসাম, বিহার, বোম্বাই, মধ্যপ্রদেশ, মদ্রাজ, ওড়িশা, পূব-পঞ্জাব, পশ্চিম বাংলা, উত্তর প্রদেশ। ইহাদের মোট আ. ৭,৬৬,৫৩৬ ব মা ; জন. ২৭,৮৮,০২,৫৪০ ( '৫১ )।

'খ'-শ্রেণীর রাজ্য ৮টি : হায়দরাবাদ, জম্মু ও কাশ্মীর, মধ্যভারত, মহীশূর, পেপসু, রাজস্থান, সৌরাষ্ট্র ও তিরুবংকুর-কোচিন। ইহাদের মোট আ. ৪,২১,৭৯৫ ব মা ; জন. ৬,৭৮,৮৬,৫০০ ('৫১)।

'গ'-শ্রেণীর রাজ্য ১০টি : অজমের, ভোপাল, কুর্গ, দিল্লী, হিমাচল প্রদেশ-ও-বিলাসপুর, কুচবিহার, মনিপুর, ত্রিপুরা, বিন্ধ্যপ্রদেশ ও পণ্ডিচেরি। ইহাদের মোট আয়তন ৭৫,৫৫০ ব মা ; জন. ১,৩০,৫৪,৬৪৫ ('৫১)।

'ঘ'-শ্রেণীর রাজ্য-ও-টেরিটোরি ২টি : আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং সিকিম। ইহাদের মোট আয়তন ৫,৯৫৯ ব মা ; জন. ১,৬৮,৬৯৬ ('৫১)। ১৯৫৬ রাজ্যপুনর্গঠন কমিটির সুপারিশের পর রাজ্য সীমান্তের অনেক পরিবর্তন হইয়াছে ; নূতন রাজ্যগুলির নাম ও আয়তন, জনসংখ্যা প্রদত্ত হইতেছে :—

| | পূর্বের | | বর্তমানের | |
|---|---|---|---|---|
| | আয়তন বর্গমাইল | জন সংখ্যা কোটি | আ. ব মা | জন. কোটি |
| অন্ধ্র প্রদেশ | ১১০,২৫০ | ৩·২২ | ৬৩,৬০৮ | ২·০৫ |
| আসাম | ৮৪,৯২৪ | ·৯০ | ৮৫,০১২ | ·৯০ |
| বিহার | ৬৭,৮৩০ | ৩·৯০ | ৭০,৩৩০ | ৪·০২ |
| বোম্বাই | ১৮৮,২৪০ | ৪·৭৮ | ১১১,৪৩৪ | ৩·৫৯ |
| জম্মু-কাশ্মীর | ৯২,৭৮০ | ·৪৪ | | |
| কেরল | ১৪,৯৮০ | ১·৩৬ | ৯,১৪৪ | ·৪২ |
| মধ্যপ্রদেশ | ১৭১,২০০ | ২·৬১ | ১,৩০,২৭২ | ২·১২ |
| মহীশূর | ৭২,৭৩০ | ১·৯০ | ৩৩,৩০৯ | ·৯৮ |
| ওড়িশা | ৬০,১৪০ | ১·৪৬ | ৬০,১৩৬ | ১·৪৬ |
| মদ্রাজ | ৫০,১৭০ | ৩·০০ | ৬০,৩৬২ | ৩·৫৭ |
| পঞ্জাব | ৪৬,৬১৬ | ১·৬০ | ৩৭,৩৭৮ | ১·২৬ |
| রাজস্থান | ১,৩২,৩০০ | ১·৬০ | ১,৩০,২০৭ | ১·৫৩ |
| উত্তর প্রদেশ | ১১৩,৪৯০ | ৬·৩২ | ১১৩,৪০৯ | ৬·৩২ |
| প. বঙ্গ | ৩৩,২৭৯ | ২·৬২ | ৩০,৭৭৯ | ২·৪৮ |

৬টি প্রদেশ কেন্দ্রীয় সরকারের খাস শাসনাধীন—আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ, দিল্লী, হিমাচল প্রদেশ, লাক্কাদ্বীপ ও আমিনদ্বীপ, মনিপুর ও ত্রিপুরা। ক, খ, গ শ্রেণীর রাজ্য বা রাজপ্রমুখ রাজ্যশাসন ব্যবস্থা লোপ করা হইয়াছে। পুরাতন পে-প সু(১০,০৭৮ ব মা) পঞ্জাব-ভুক্ত ; মধ্যভারত ৪৬,৪৭৮ ব মা, ও বিন্ধ্যপ্রদেশ ২৩,-৬০৯ ব মা ও ভুপাল ৬,৮৭৮ ব মা মধ্যপ্রদেশভুক্ত হইয়াছে ; সৌরাষ্ট্র ২১,৪৫১ ব মা ; কচ্ছ ১৬,৭২৪ ব মা বোম্বাই রাজ্যভুক্ত হইয়াছে ; অজমের ২,৪১৭ ব মা রাজস্থানভুক্ত ; হায়দরাবাদ রাজ্য ত্রিধা হইয়াছে ;

মারাঠাওয়াড়া বোম্বাই রাজ্যভুক্ত; তেলিঙ্গনা অংশ অন্ধ্ররাজ্যভুক্ত ও দক্ষিণাংশ মহীশূরভুক্ত হইয়াছে; হায়দরাবাদের ৮২,১৬৮ ব মা তিন রাজ্য মধ্যে গিয়াছে। মধ্যপ্রদেশের পশ্চিমাংশ বা বিদর্ভ বোম্বাইভুক্ত হইয়াছে।

**ভারতের শিক্ষা:** ১৯৪১-এ শিক্ষিতের হার ছিল ১৪.৬%। ১৯৫১ তে ১৬%-এর কিছু বেশি।

ভারতের সমগ্র শিক্ষা-ব্যবস্থা মোটামুটি ৩ ভাগে বিভক্ত—প্রাথমিক (৬ বৎসর হইতে ১১ বৎসর), মাধ্যমিক (১১ হইতে ১৬/১৭) ও বিশ্ববিদ্যালয়িক। প্রাথমিকের পূর্বে একটি স্তর—নার্সারি-শিক্ষা কোনো কোনো শহরে চালু আছে। মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয়িক শিক্ষার মধ্যবর্তী একটি স্তর—ইনটারমিডিএট-শিক্ষা (২ বৎসরের) বেশির ভাগ প্রদেশে এখনও চালু আছে; তবে ইহা উঠাইয়া দিবার কথা চলিতেছে। ভারতে ৩৩টি বিশ্ববিদ্যালয়। ইহার মধ্যে ৪টি কেন্দ্রীয় সরকারের (বারাণসী, আলিগড়, দিল্লী, বিশ্ব-ভারতী)। ১৯৫০-এ শিক্ষাপ্রতিষ্ঠান নিম্নলিখিত সংখ্যায়

| | |
|---|---|
| অনুমোদিত | |
| বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহ— | ৪৯৮ |
| প্রফেশনাল কলেজ — | ২৮২ |
| মাধ্যমিক বিদ্যালয়— | ১৯,৯২৬ |
| প্রাথমিক বিদ্যালয়— | ২,০৬,৮৯৮ |
| প্রফেশনাল বিদ্যালয়— | ২৫,৮০৭ |
| অননুমোদিত | |
| বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান— | ৯,০৭১ |
| মোট | ২,৬২,৪৮২ |

সমস্ত প্রতিষ্ঠানগুলিতে ২,৩৬,০৪,০০০ ছাত্রছাত্রী পাঠ করে। অনুমোদিত প্রতিষ্ঠানে মোট ৭,৪৩,৪৩২ শিক্ষক আছেন। অনু. প্রতিষ্ঠানসমূহের জন্য মোট ব্যয় হয় ৯৮,৫৯,০০,০০০৲; ইহার ৫৫,৫৮,০০,০০০৲ সরকার দেয়।

সিনেমা গৃহের সংখ্যা ৩,৩১৬; মোট বসিবার স্থান ২০ লক্ষ (১৯৫৩)।

**ভারতমহাসাগর** (Indian Ocean): ভারতের দক্ষিণে, আফ্রিকার পূর্ব উপকূল হইতে অস্ট্রেলিয়ার পশ্চিম উপকূল পর্যন্ত বিস্তৃত জলভাগের আন্দাজ আয়তন ২.৭০ কোটি ব মা। গভীরতম অংশ ২২,৯৬০ ফুট; গড় গভীরতা ১১,৬৯০ ফু.। ২য় মহাযুদ্ধের পর ভারত মহাসাগর তীরে বহু স্বাধীন রাষ্ট্র সৃষ্ট হইয়াছে। পূর্বের দুর্বল রাষ্ট্রগুলি সঙ্ঘবদ্ধ হইয়া অথবা আন্তর্জাতিক কূট-নীতিবলে প্রবল হইতেছে। ব্রিটিশ সাম্রাজ্য ত্রিধা হইয়া ভারত, পাকিস্তান ও বর্মা তিনটি পৃথক রাজ্য হইয়াছে; এবং ডাচদের দ্বীপগুলি স্বাধীন হইয়া ইন্দো-নেশিয়ান রিপাবলিক হইয়াছে। এই মহাসাগরের উপবৃত্তের উত্তরে অবস্থিত সিংহল আন্তর্জাতিক রাজ-নীতির দিক হইতে অতিশয় গুরুত্বপূর্ণ।

**ভারজিন দ্বীপ** (Virgin Island): পশ্চিম ইন্ডিস দ্বীপবর্গের অন্তর্গত ছোট বড় ১০০ দ্বীপ। ব্রিটিশ ও মার্কিনদের মধ্যে ভাগাভাগি হইয়াছে। ব্রি. অংশের আ. ৬৭ ব মা। রাজধানী স্টেন্ট টমাস। ১৮৬৭ প্রথম স্ট্যাম্প বাহির হয়। মার্কিন যুক্তরাষ্ট্র ১৯১৭-এ ১.৫০ কোটি ডলার দিয়া ডাচদের নিকট হইতে কতক-গুলি দ্বীপ ক্রয় করে। মোট আয়তন ১৩২ ব মা; জন. ২৭ হা.। রাজধানী সার্লোটি আমেলি, উৎকৃষ্ট বন্দর।

**ভারজিনিয়া** (Virgirnia): মার্কিন যুক্তরাষ্ট্রের অতলা-ন্তিক মহাসাগর তীরে অবস্থিত স্টেট। প্রথম ইংরেজ উপনিবেশ ১৬০৬ অব্দে। ইংলন্ডের কুমারী রানী (Virgin Queen) এলিজাবেথের নামানুসারে স্যর ওয়াটার র‍্যালে কৃত নামাকরণ। ...জর্জ ওয়াশিংটন, জেফারসন প্রমুখ প্রথম ১২ জন প্রেসিডেন্টের ৭ জন এই রাজ্যের লোক ছিলেন। আ. ৪০,৮১৫ ব মা; জন ৩৩.১৮ লক্ষ। তামাকের চাষের জন্য বিখ্যাত। রিচমন্ড শহরে যত সিগারেট তৈয়ারি হয় পৃথিবীর আর কোনো শহরে তাহা হয় না। ...ভার্জিনিয়া দক্ষিণী বিদ্রোহী দলে যোগ দিলে, পশ্চিম অংশের লোকে ১৮৬২-তে পৃথক স্টেট গঠন করে; উহা ওয়েস্ট ভার্জিনিয়া (দ্র.) নামে খ্যাত।

**ভারদুন** (Verdun): ফ্রান্সের উ.-পশ্চিমে নগর; মাজ (Meuse) নদীতীরে অবস্থিত। এইখানে ১ম মহা-

যুদ্ধের সময় ( ১৯১৬, ফেব্রু-সেপ্‌. ) ফরাসী ও জারমানদের মধ্যে দীর্ঘকাল লড়াই চলে। ৮৪৩ অব্দে এখানে শার্লামেনের রাজ্য ত্রিভক্ত হয়।

**ভারসাই** (Versailles): ফ্রান্সের রাজধানী পারিসের ১১ মা দূরে শহরতলীতে ১৪শ লুই ( Louis XIV ) এক বিরাট প্রাসাদ নির্মাণ করেন; ১৬৮৩ হইতে রাজারা এখানে বাস করিতে আরম্ভ করেন। নানা দেশের শিল্প-সম্ভারে গৃহগুলি পূর্ণ। ১৮৩১ হইতে ইহা জাতীয় মিউজিয়াম হইয়াছে। ফ্রাংকো-প্রশিয়ান যুদ্ধের পর এই প্রাসাদের দরবারগৃহে প্রুশিয়ান রাজা 'জারমান সম্রাট' বলিয়া ঘোষিত হন (১৮৭১)। ১ম মহাযুদ্ধের পর জারমানরা পরাজিত হইলে সেই কক্ষেই ভারসাই সন্ধি-শর্ত ( ১৯১৯, ২৮ জুন ) জারমানদের সহি করিতে হয়। মূল প্রাসাদের নিকট গ্রাঁদ ত্রিআনন ও পেতিত ত্রি. নামে ২টি প্রাসাদ আছে।

**ভালপারাইজো, ভালপারিজো** (Valparaiso): দ. আমেরিকার চিলি রাজ্যের প্রধান নগর ও প্রশান্ত মহাসাগর তীরে এই মহাদেশের বৃহত্তম বন্দর। জন. ২'২২ লক্ষ।

**ভালুকা** ( Bhaluka ): পূ. পাক; ময়মনসিংহ জেলা, সদর মহ.র থানা। আ. ১৫৫ ব মা। গ্রাম, ডাকঘর। মধুপুর জঙ্গলের পূর্বদিকে অবস্থিত।

**ভালেট্টা** ( Valetta ): মাল্‌টা দ্বীপের রাজধানী ও বন্দর। জন. ২৩ হা.। ব্রিটিশ ভূমধ্যসাগরীয় নৌবাহিনীর প্রধান ঘাঁটি। মধ্যযুগের বহু অট্টালিকা; বিশ্ববিদ্যালয় আছে।

**ভিবানডি** ( Bhiwandi ): বোম্বাই রাজ্য; থানা জেলার তালুক ও শহর। থানা হইতে ৯ মা দূরে বো.-আগরা রেলপথের স্টেশন। এই তালুকে বহু মোমিন মুসলমানের বাস; তাহারা ভাল তাঁতী; ইহাদের বোনা শাড়ি দক্ষিণে বিশেষ খ্যাত। সুতা ও কাপড়ের ২টি কল আছে। জন. ২৫,৭৬৪। বো. স্টেট সমবায় ব্যাংক, জোধপুর কমার্স ও বন্‌থিয়া ব্যাংক।

**ভিবানি** ( Bhiwani): পূ. পঞ্জাব; হিসার জেলার তহশীল ও শহর। যমুনা খাল নিকটে। জন. ৫২,১৮৩। ব্যাংক: প. ন্যাশনাল, স্টেট, সমবায়।

**ভিক্‌টোরিয়া** ( Victoria ): অস্‌ট্রেলিয়ার অন্যতম স্টেট। ১৮৫১ পর্যন্ত নিউসাউথ ওএলস কলোনির সহিত যুক্ত ছিল। ১৯০১-এ অস্‌.-কমনওএলথের অন্তর্গত হয়। আ. ৮৭,৮৮৪ ব মা, জন. ২২'৩৩ লক্ষ ('৫০)। স্টেটের রাজধানী মেলবোর্ন।... এখান হইতে প্রচুর পশম, গম, দুগ্ধজাত মাখন পনীরাদি রপ্তানি হয়।

**ভিক্‌টোরিয়া** ( Victoria ): কানাডা; ভাংকুভার দ্বীপে অবস্থিত বন্দর ও ১৮৬৬ হইতে ব্রিটিশ কলোম্বিয়ার ( B. C. ) রাজধানী। কানাডার Astrophysical বিজ্ঞানাগারে ৭২" দূরবীক্ষণ আছে; এখানে স্টেটের আবহ বিজ্ঞানাগার প্রতিষ্ঠিত। জন. ১'০৪ লক্ষ।

**ভিক্‌টোরিয়া জলপ্রপাত** (Victoria Falls) আফ্রিকার রোডেশিয়া রাজ্যের জামবেসি নদীর জলপ্রপাত; ১৮৫৫-এ লিভিংস্টোন ইহা আবিষ্কার করেন। ২৩৬-৩৫৪ ফুট উচ্চ হইতে জল নিচে পড়িতেছে। এইখানে নদী খুবই প্রশস্ত। আর একটি স্থানে নদী খাড়া পাহাড়ের মাঝখান দিয়া, অত্যন্ত বাঁকাচোরা পথে প্রায় ৪৫০ মা গিয়াছে; জল হইতে ৩১০ ফুট উচ্চে জামবেসি সেতু ( ৬৫০ ফুট দীর্ঘ ) দিয়া রেলপথ ও মোটর পথ আছে।...প্রপাতের নিচে জলবিদ্যুৎ কারখানা নির্মিত হইয়াছে।

**ভিক্‌টোরিয়া নীয়ানজা** ( Victoria Nyanza ): আফ্রিকার বৃহত্তম হ্রদ; মধ্য আফ্রিকায় কেনিয়া, উগান্ডা ও টাংগানিকার দ্বারা বেষ্টিত। নীলনদ ( White Nile ) এই হ্রদের উত্তর হইতে নির্গত। হ্রদ ৩,২৭৬ ফুট উচ্চে অবস্থিত। আ. ৩২,০০০ ব মা। ইহা আয়তনে পৃথিবীর দ্বিতীয় স্বাদুজলের হ্রদ।

**ভিকনা থোরী** ( Bhikna Thoree ): নেপালের তরাই অঞ্চলের শহর; ভারত সীমান্তে অবস্থিত; নরকাটিয়াগঞ্জ হইতে ভি. থো. পর্যন্ত মি. রেলপথ ( ২১ মা ) আছে। বিহার ও নেপালের মধ্যে ব্যবসায় কেন্দ্র।

**ভিটা** (Bhita ): প্রাচীন নগর। ইলাহাবাদ হইতে ১১ মা দ.-পশ্চিমে যমুনার অপর তীরে প্রত্নতত্ত্ব বিভাগ হইতে খননকার্য করিয়া এক প্রাচীন নগরের সন্ধান পান; প্রাগৈতিহাসিক যুগ হইতে এই স্থানে লোকবসতি ছিল। মৌর্যযুগ ( খ্রী. পূ. ৪ শতক ) হইতে গুপ্তযুগ

( ৪-৫ শতক ) পর্যন্ত ইহা সুদৃঢ় নগর ছিল। তারপর জঙ্গলে পরিণত হয়। নগরের চারিদিকে ১১ ফুট প্রস্থ মাটির প্রাচীর ছিল। মাঝে মাঝে সৈন্যদের বুরুজ। নগরে মৌর্য যুগের গৃহস্থের বাড়ির চিহ্ন আছে ; এক-ইটের গাঁথুনি দেওয়াল এখনো আছে ; অথচ উহা কাদার গাঁথুনি। ভিটা সম্বন্ধে প্রত্নতত্ত্ব বিভাগ অতি বিস্তারিত প্রতিবেদন প্রকাশ করিয়াছেন।

**ভিতরগাঁও** ( Bhitargaon ) : উত্তর প্রদেশ ; কানপুর জেলার গ্রাম ; এখানে প্রাচীন কালের ইষ্টক নির্মিত তোরণাকৃতি বিশাল সৌধের ধ্বংসাবশেষ দৃষ্ট হয়, ইহার স্থাপত্যবৈশিষ্ট্য আছে। উচ্চতা ৭০ ফুট ; ইহার তলদেশ চতুষ্কোণ, ৩৬´ ফুট ব্যাস। ইহার গঠন দেখিলে মন্দির মনে হয় না।

**ভিবপুরী** ( Bhivpuri ) : বোম্বাই ; পুণা রেলপথে ( ৫৮ মা ) ভি. রোড স্টেশনের নিকট টাটা কোম্পানি জলবিদ্যুত কারখানা অবস্থিত ; অন্ধ্র নামে নদীতে ১৯০ফুট উচ্চ বাঁধ দেওয়া হইয়াছে। ৮,৭০০ ফুট দীর্ঘ টানেলের ভিতর দিয়া জল লইয়া পুনরায় ৬,০০০ ফুট দীর্ঘ লৌহ পাইপের মধ্য দিয়া জল আনিয়া টারবাইন চালাইয়া বিদ্যুৎ উৎপন্ন করা হইতেছে। প্রায় ৭০ হা. কি. ও. বিজলী উৎপন্ন হয়। অন্ধ্র নদীতে বাধ দেওয়া হইয়াছে বলিয়া কোম্পানির নাম অন্ধ্র ভ্যালি পাওয়ার সাপ্লাই কোং। অন্ধ্রদেশের সহিত কোন যোগ নাই।

**ভিয়েঁ তিয়েঁ** ( Vientiane ) : লাওএস ( Laos )-এর রাজধানী। মেকঙ নদীতীরস্থ বন্দর ; প্রদেশ থাই বা সিয়ামের সীমান্তে অবস্থিত। জন. ১০ হা.। বিমান-বন্দর।

**ভিয়েনা** ( Vienna : Wien ) : অস্ট্রিয়ার রাজধানী। ১২৭৬ হইতে ১৯১৮ পর্যন্ত হাপসবার্গ রাজপরিবারের বাসস্থান ও রাজধানী। ১৫২৯ ও ১৬৮৩-এ তুর্কীদের দ্বারা ভিয়েনা অবরুদ্ধ হয়। দ্বিতীয়বার পোলন্ডের রাজা রক্ষা করেন। ১৮১৪-এ ভিয়েনার কন্‌গ্রেসে নেপোলিয়নের পতনের পর ইউরোপ পুনর্গঠিত হয়। এখানকার বিশ্ববিদ্যালয় অতি প্রাচীন ( ১৩৬৫ )। নগরী স্থাপত্যসৌন্দর্যের জন্য বিখ্যাত। অস্ট্রিয়ার মোট জনসংখ্যার এক-চতুর্থাংশ ভিয়েনায় বাস করে। জন. ১৭·৬৬ লক্ষ। এই নগর সংগীতের জন্য খ্যাত য়ুরোপের বহু শ্রেষ্ঠ সংগীতকার এখানে ছিলেন।

**ভিরা** (Bhira) : বোম্বাই ; কোলাবা জেলার গ্রাম ( জন. প্রায় ২ হা. )। প. ঘাট পর্বতের পাদদেশে, বোম্বাই হইতে ৫০ মা দ.-পূর্বে। ১৯২৭ হইতে নীলামুল নদী বাঁধিয়া টাটা কোম্পানির জলবিদ্যুত কারখানা চলিতেছে। বোম্বাই-এর কাপড়ের কলে, অন্যান্য কারখানায় ও রেলওয়েতে বিজলি সরবরাহ হয়। ৯৩ হা. কি. ওয়াট বিজলি উৎপন্ন হয়।

**ভিলওয়ারা** ( Bhilwara ) : রাজস্থানের পূর্ব সমতল অঞ্চলের জেলা। আ. ৪,৬৭১ ব মা। গ্রাম ১,৪৪৭, শহর ৭। জন. ৭,২৭,৩৫৬। রাজপুতনার শাহপুরা (দ্র.) করদরাজ্য লইয়া এই জেলা গঠিত।— শহর। জন. ২৯,৬৬৮। আজমের ৮২ মা. দূরে।

**ভিলসা** (Bhilsa) : মধ্যভারত ইউনিয়নের (বর্তমান মধ্যপ্রদেশ রাজ্যের) শহর (জন. ২০ হা.) ; পূর্বতন গবালিয়র রাজ্যের অন্তর্গত। ভিলসার ৪ মা দ.-পশ্চিমে সাঁচি স্তূপ। উত্তরে কিয়দ্দূরে বেসনগর। ২ মা উ.-পশ্চিমে উদয়গিরি পাহাড় ; সেখানে ৪-৫ শতকের হিন্দু গুহা-মন্দির আছে। ১২৩৫-এ ইলতুতমিস কর্তৃক ও ১২৯০-এর কাছাকাছি সময়ে আলাউদ্দীন খলজি কর্তৃক ও ১৫৩২-এ গুজরাটের বাহাদুর শাহ কর্তৃক এই সব স্থান লুণ্ঠিত হয়। বেত্রবতী নদীতীর হিন্দুদের তীর্থ। সেখানকার বিজয়মণ্ডল মসজিদ হিন্দুদের বিজয় মন্দির ভাঙ্গিয়া নির্মিত হয়। জহাঙ্গীরের আদেশে নির্মিত একটি বড় কামান এখানে আছে, উহা ২০ ফুট লম্বা। উহার মুখের ফোকর ১০ ইঞ্চি।

**ভিলাই** (Bhillai) : মধ্যপ্রদেশের দুরগ জেলার শহর ; কলিকাতা হইতে ৫৩০ মা। এইখানে একটি লৌহ-ইস্পাত কারখানা স্থাপিত হইতেছে ; সোবিয়েত রুশের ইন্‌জিনীয়ারগণের দ্বারা ইহা পরিকল্পিত ও নির্মিত হইতেছে। দুরগ জেলার পাহাড়ে ও বস্তার জেলায় প্রচুর লৌহচুর আছে। এখানে বৎসরে প্রায় দশ লক্ষ টন কাঁচা লোহা প্রস্তুত হইবে।

**ভিশী** (Vichy) : মধ্য ফ্রান্সের লয়ার নদীর উপনদী আলিয়ের (Allier) তীরের শহর ; স্বাস্থ্যনিবাস ; এখান-

কার জল বোতলে করিয়া রপ্তানি হয়, উহা Vichy-water নামে খ্যাত। জন. ২৯ হা.।.. ১৯৪০-৪৪ যুদ্ধের সময়, মার্শাল পেতাঁ (Petain) এইখানে রাজধানী পরিবর্তন করিয়া শাসনকার্য পরিচালন করেন।

**ভিসচুলা** (Vistula river) : পোলন্ডের নদী কার্পেথিয়ান পাহাড়ে উঠিয়া বাল্‌টিক সাগরের দানৎসিক উপসাগরে পড়িতেছে। ক্রাকাউ, ওয়ার্স প্রভৃতি প্রধান শহরগুলি এই নদীর নিকট। দৈর্ঘ্য ৬৭০ মা।

**ভীমফেডি** (Bhimphedi) : নেপাল রাজ্যের শহর; কাঠমণ্ডু হইতে ১৫ মা দ.-পশ্চিমে। আমলেকগঞ্জ হইতে মোটরপথের শেষ ঘাঁটি; এখান হইতে কাঠমণ্ডু যাইবার চড়াই-পথের আরম্ভ; পাহাড়ের মধ্য দিয়া পাকদণ্ডী রাস্তা। মালপত্র চলাচলের জন্য ১৪ মা দড়িপথ (ropeway) আছে। এই রোপ-ওয়ে ৪,৫০০ ফুট উঠিয়াছে এবং ১০ হন্দর ভার এক সঙ্গে বহন করিতে পারে।. বর্তমানে কাঠ. পর্যন্ত মোটরপথ নির্মিত হওয়ায় চলাচল সুগম হইয়াছে।

**ভীমবাঁধ** (Bhimbandh) : বিহার; মুঙ্গের জেলার উষ্ণ প্রস্রবণ। জলের তাপ ১৪৪°—১৫০° পর্যন্ত।

**ভীমা** (Bhima) : দাক্ষিণাত্যের নদী। পশ্চিমঘাটের পূর্ব ঢালুতে পুণার ৩৫ মা উত্তর-পশ্চিমে উঠিয়া কৃষ্ণা নদীতে পড়িতেছে। প্রায় ৪৫০ মা দীর্ঘ। বোম্বাইরাজ্যে ও হায়দরাবাদে বিরাট অববাহিকা সৃষ্ট হইয়াছে। ধোন্দ ও পণঢারপুর শহর এই নদীর তীরে অবস্থিত।

**ভীমাবরম** (Bhimavaram) : অন্ধ্ররাজ্য ; প. গোদাবরী জেলার শহর। ব্যবসায়ের কেন্দ্র। জন. ৩০,৪৯৬। বিজয়ওয়াডা হইতে ১৬৭ মা।

**ভুটান** (Bhutan ; Druk-yul) : পূর্ব হিমালয়ের পাদদেশে, আসামের উত্তরে পূর্ব পশ্চিমে বিস্তৃত প্রায়-স্বাধীন রাজ্য। দেশ পার্বত্য ও অরণ্য আবৃত। চমোলহরি (২৪ হা. ফুট) এখানকার হিমালয়ের উচ্চতম শৃঙ্গ। ভুটানের মধ্য দিয়া ব্রহ্মপুত্রের উপনদী মানস আসিয়া গোয়ালপাড়ার নিকট মিলিত হইয়াছে। গম, যব, ভুট্টা ও নিম্নদেশে ধান্য উৎপন্ন হয়।...আ. ১৮,০০০ ব মা; জন. প্রায় ৩ লক্ষ। ভোট, লেপচা প্রভৃতি উপজাতির বাস। ভুটানের ধর্ম তিব্বতীদের ধর্মেরই অনুরূপ; তিব্বতের দালাইলামা ইহাদের প্রধান ধর্মগুরু। ...ভুটানীরা প্রায়ই উত্তরবঙ্গের উপর হানা দিয়া লোকদের আতঙ্কিত করিয়া তুলিত। ১৮৬৪-এ ভুটানে অভিযান প্রেরিত হয়। অতঃপর ১৮৬৬-এ সিনচলে সন্ধি হইল। এই সন্ধি অনুসারে যে, 'আঠারো দুয়ার' বা গিরিপথ ভুটানীদের অধিকারে এতকাল ছিল, তাহা ইংরেজকে অর্পণ করে ও তজ্জন্য রাজা ৫০,০০০ টাকা দানবরাদ্দ পান, ১৯১০-এ অর্থসাহায্য এক লক্ষ টাকা করা হয়।...ভারত স্বাধীন হইলে ভুটানকে আত্মশাসিত স্টেট বলিয়া তাহারা স্বীকার করিয়া লইল ও বার্ষিক টাকা বাড়াইয়া ৫ লক্ষ করিয়া দিল। সন্ধির শর্তানুসারে ভুটান অস্ত্রশস্ত্র আমদানি করিতে পারিবে, কিন্তু বাহিরে চালান দিতে পারিবে না। আভ্যন্তরীণ শাসন বিষয়ে রাজা স্বাধীন। ১৯৪৯, অগস্ট ৮ সন্ধিপত্র স্বাক্ষরিত হয়। সেই সময়ে দেওয়ানগিরি নামে অঞ্চল (৬৫ ব মা) ভুটানকে প্রত্যার্পন করা হয়; উহা ১৮৬৫ অব্দে অধিকৃত হইয়াছিল। ...ভুটানের রাজধানী পুনাখা (Punakha)। রাজার পক্ষের প্রতিনিধি কালিম্পঙে বাস করেন; সিকিমের ভারতীয় পোলিটিকাল অফিসার ভারতের প্রতিনিধিরূপে ভুটানের সঙ্গে রাজকার্য পরিচালনা করেন।...ভুটানের জঙ্গলে হাতী, কস্তুরী মৃগ ও অন্যান্য জাতির হরিণ, একপ্রকার ছোট জাতের ঘোড়া (ভুটান পনি) পাওয়া যায়; ভুটানী ঘোড়াকে ভুটানীরা 'টাঙ্গন' বলে।

**ভুবনেশ্বর** (Bhuvanesvara) : ওড়িশা রাজ্যের নূতন রাজধানী। ইহা প্রাচীন স্থান। অদূরে উদয়গিরি, খণ্ডগিরি পর্বত। অশোকের রাজধানী তোসলি (বর্তমান শিশুপালগড়) ২ মাইলের মধ্যে; ধৌলির অশোক অনুশাসন ৪-৫ মা মধ্যে অবস্থিত। বহু সহস্র মন্দির বা দেবালয় এক সময়ে এখানে ছিল। ভুবনেশ্বরের লিঙ্গরাজ শৈব মন্দিরের স্থাপত্যসৌন্দর্য অতুলনীয়; ইহা ১৮০ ফুট উচ্চ। উচ্চ প্রাচীরদ্বারা বেষ্টিত প্রাঙ্গণের মধ্যে লিঙ্গরাজ মন্দির ব্যতীত বহু দেবালয়, নাটমন্দির, ভোগমন্দির প্রভৃতি আছে। এখানকার মন্দিরে তীর্থযাত্রী পুরীর তুলনায় কমই। নগরের ইতস্তত আরও অনেক মন্দির; তন্মধ্যে মুক্তেশ্বরের গঠনশৈলী

লিঙ্গরাজাদি মন্দির হইতে অন্যরূপ। মেঘেশ্বর, বৈতাল প্রভৃতি দেবালয় বিখ্যাত। মন্দিরাদি ব্যতীত ভুবনেশ্বরের দর্শনীয় স্থান অনেক—যথা, বিন্দুসাগর পুষ্করিনী, কেদার-গৌরী কুণ্ড, ও নিকটস্থ ধৌলি, শিশুপালগড়, উদয়গিরি, খণ্ডগিরি। লিঙ্গরাজ মন্দির নির্মাণকার্য ৭ম শতকে আরম্ভ হয়; ১১ শতকের শেষ পর্যন্ত নানা অংশ নির্মিত হয়। পুরী হইতে ৩০ মা ও কলিকাতা হইতে ২৭২ মা।

**ভুরঙ্গামারী** ( Bhurangamari ): পৃ. পাক.; রঙপুর জেলা, কুড়িগ্রাম মহ.র থানা। আ. ৯২ ব মা; আসাম সীমান্তের নিকট রায়ঢাকা নদীতীরে গ্রাম, ডাকঘর।

**ভুরশুট** (Bhurshut), **ভুরশো**: হাওড়া জেলার গ্রাম। মধ্যযুগে ভুরিশ্রেষ্ঠ নামে রাজ্য ছিল; হাওড়া, হুগলী ও মেদিনীপুর জেলার কিয়দংশ লইয়া উহা গঠিত ছিল। বহু পণ্ডিত ও বণিক এবং শ্রেষ্ঠীর আবাসস্থল ছিল।

**ভুলুই** ( Bhului ): বাঁকুড়া জেলা; মেঝিয়া গ্রামের ৩ মা পশ্চিমের প্রাচীন গ্রাম; 'অদ্ভুত রামায়ণ' প্রভৃতির গ্রন্থকার জগৎরায়ের বাসস্থান।

**ভুলুয়া** ( Bhulua ): প্রাচীন বঙ্গের রাজ্য। বর্তমান নোয়াখালির অন্তর্গত। কিংবদন্তী ১২০২ অব্দে মিথিলার বিশ্বম্ভর শূর ভুলুয়া রাজ্যের প্রতিষ্ঠা করেন। এই বংশের লক্ষ্মণমাণিক্য যোদ্ধা ও সংস্কৃত কবি ছিলেন। বাবুহর গ্রামে এই বংশের একটি কামান এখনো দেখা যায়। চন্দ্রদ্বীপের রাজা রামচন্দ্রের সহিত যুদ্ধে ইহারা একবার পরাজিত হন।

**ভুষণা** (Bhusana): ফরিদপুর জেলা; সদর মহ.র থানা ও গ্রাম। কালুখালি জং.-কাশিয়ানী রেলপথের বোয়ালমারী (৩১ মা) হইতে আধ মা দূরে ভূষণা অবস্থিত। ইহা প্রাচীন ও ইতিহাসপ্রসিদ্ধ স্থান। বারভূঁইয়াদিগের অন্যতম মুকুন্দরাম এখানকার অধিপতি ছিলেন। সীতারামরায়ের অভ্যুদয়ে ভূষণার বাণিজ্যকেন্দ্র ক্রমে মহম্মদপুরে (যশোহর) চলিয়া যায়; ফলে ভূষণার পতন সুরু হয়। প্রাকারবেষ্টিত প্রাচীন নগরীর জঙ্গলাকীর্ণ ভগ্নাবশেষ মধ্যে নানা শিল্পের পল্লীনাম এখনো শোনা যায়।

**ভুসাওয়াল** ( Bhusawal ): বোম্বাই রাজ্য; পূর্ব-খানদেশ জেলার তালুক, শহর ও জংশন। বোম্বাই ২৭৬ মা; কলিকাতা ৯৪৭ মা। জন. ৫৪,৩৪৬।

**ভূকৈলাস** ( Bhukailasa ): কলিকাতা; খিদিরপুরের নিকটস্থ প্রাচীন গ্রাম। এখানকার হিন্দু জমিদার পরিবার ( রাজা উপাধি ) বিখ্যাত ছিলেন।

**ভুজ** ( Bhuj ): কচ্ছের ( বর্তমান বোম্বাই রাজ্য ) রাজধানী (জন. ৩০ হা.)। কান্দলা যাইবার রেলপথে ভীমসর হইতে ছোট লাইন ভুজ পর্যন্ত গিয়াছে ( ৩৬ মা )। এখানে বিমানবন্দর আছে। বোম্বাই বিমানপথে ৩৯৮ মা; অহমদাবাদ ১৮০ মা; করাচি ২০০ মা। জন. ৩১ হা.।

**ভূমধ্যসাগর** ( Mediterranean Sea ): ইউরোপ, এশিয়া, আফ্রিকা বেষ্টিত 'মধ্যধরনী' সাগরের চরম দৈর্ঘ্য ২,৩৩০ মা, চরম প্রস্থ ৪৯৫ মা। অতলান্তিক মহাসাগরের সহিত সঙ্কীর্ণ জিবরলটার প্রণালী দ্বারা, লোহিত সাগর তথা ভারত মহাসাগরের সহিত সুয়েজ খালের দ্বারা, কৃষ্ণসাগরের সহিত বসপরাস প্রণালীর দ্বারা যুক্ত। গভীরতম অংশ মাল্টা ও ক্রীটের মধ্যে ১৪,৪৩৬ ফুট। অন্যান্য সাগর-জল হইতে ইহার জলের লবণ ভাগ ( হাজারাংশে ৩৮ ) বেশি।…সাগরে বহু দ্বীপ: ইতালির পশ্চিমে—বেলারিক দ্বীপপুঞ্জ, কর্সিকা, সার্দিনিয়া, সিসিলি; পূর্বে—মাল্টা, ক্রীট, কাইপ্রাস, রোডস, দোদেকানেস, আইওনিয়ান দ্বীপপুঞ্জ, ঈজান দ্বীপপুঞ্জ। ঐতিহাসিক দিক হইতে এই সাগর অতি প্রসিদ্ধ। প্রাচীন যুগের মিশর, ক্রীট, ফিনিশিয়া, গ্রীস ও রোম এবং কার্থেজ-এর ইতিহাস এই সাগরের সহিত অচ্ছেদ্যভাবে যুক্ত। মধ্যযুগে আরবদের দখলে সিসিলি, স্বাধীন ভেনিস ও জেনোয়া প্রসিদ্ধ।…আধুনিক যুগে সুয়েজ খাল কাটা হইলে ভারত, প্রাচ্যদেশ ও পূর্ব দ্বীপাবলীতে যাইবার পথ বহু সহস্র মাইল কমিয়া যায়।

**ভৃগুকচ্ছ** ( Bhrigukachchha ), **ভরুকচ্ছ**: পশ্চিম ভারতের প্রাচীন বন্দর; বর্তমান বরোচ বলিয়া অনুমিত। গ্রীকর প্টলেমি মতে Barygaza বন্দর সমুদ্র হইতে ৩০ মা অভ্যন্তরে নর্মদাতীরে অবস্থিত।… শিলালিপি ও সাহিত্যে এই বন্দরের উল্লেখ আছে।

**ভেড়ামারা** ( Bhairamara ) : পূ. পাক. ; কুষ্টিয়া জেলা, সদর মহ.র থানা। আ. ৫৯ ব মা। গ্রাম ঈ. বি. রেলের জং. ( ১১৫ মা )। এখান হইতে মেন্ লাইন সারা পুলের উপর দিয়া ও শাখা লাইন রায়তা পর্যন্ত গিয়াছে ( ৯ মা )। এখানে 'সর্বানন্দ মঠ' আছে।

**ভেদরগঞ্জ** ( Bhedarganj ) : পূ. পাক. ; ফরিদপুর জেলা, মাদারিপুর মহ.র থানা। আ ৮৩ ব মা। গ্রাম, ডাকঘর।

**ভেনিস** (Venice) : ইতালির আড্রিয়াতিক সাগর তীরস্থ বন্দর-নগর ; নদীমোহনায় সাগরের উপর নির্মিত। পথসমূহ জলপথ, গন্ডোলা নৌকায় চলাফেরা চলে। মধ্যযুগের ইতালির অন্যতম শ্রেষ্ঠ রিপাবলিক, বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র ; জেনোয়া ও কনস্টান্টিনোপলের তীব্র প্রতিদ্বন্দ্বীরূপে ইতিহাসে প্রসিদ্ধি লাভ করে। ভেনিস কাঁচের জিনিস ও সুক্ষ্ম সুচিকর্মের শিল্পের জন্য প্রসিদ্ধ। জন. ৩,২৩,৪০০। কলা সংগ্রহালয়, ডিউকের প্রাসাদ প্রভৃতি দর্শনীয়।

**ভেনেজুএলা** (Venezuela) : দ. আমেরিকার উত্তর দিকস্থ রিপাবলিক রাষ্ট্র। উত্তরে কারীব সাগর। দক্ষিণে ব্রাজিল। আ. ৩,৬৩,১২৮ ব মা ; জন. ৫০ লক্ষ। অধিবাসীদের মাত্র শতকের ১০ ভাগ স্পেনীস, ৭০ ভাগ বর্ণসঙ্কর ও ১০ ভাগ রেড ইন্ডিয়ান আদিম ও নিগ্রো। এখানকার লোকে ভেনিসবাসীদের ন্যায় নদী ও হ্রদের জলের উপর মাচা বাঁধিয়া বাস করিত। স্পেনীশরা এই দেশে আসিয়া মাচা বাঁধা ঘর দেখিয়া ইহাকে 'ছোট ভিনিস' বলিত। অরনিকো প্রধান নদী, প্রায় ৭০০ মা নাব্য। পৃথিবীর শ্রেষ্ঠ জলপ্রপাত অ্যাঙ্গেল ( Angel ) ৩,২১২ ফুট উচ্চ হইতে নামিতেছে।...এই অঞ্চল ১৪৯৮-এ স্পেনীসদের দ্বারা আবিষ্কৃত। দেশ কৃষি, পশুচারণ ও বনখণ্ডে বিভক্ত। কফী, কোকো, তুলা, তামাক ও চিনি প্রধান উৎপন্ন দ্রব্য। মারাকাইবো হ্রদ অঞ্চলে পেট্রোলিয়ম খনি আছে ; পূর্বে মোটা তেল বিদেশে রপ্তানি হইত, এখন কয়েকটি রিফাইনারী হইয়াছে ; মালিকরা বিদেশী। গবর্নমেন্ট কোম্পানিগুলির মুনাফার অর্ধেক রাজস্বরূপে পাইয়া থাকেন। স্বর্ণ, উৎকৃষ্ট প্রস্তর, গন্ধক, লবণ, হীরক প্রভৃতির খনি আছে মার্কিনী স্টীল কর্পোরেশন আনুমানিক ৫০০ মিলিয়ন মে. টন্ লৌহ আকর ইজারা পাইয়াছে। নানা শিল্পে মার্কিনী ধনপতিদের ১,২০০ মিলিয়ন ডলার খাটিতেছে।...রাজধানী কারাকাস ( Caracas, জন. ২ লক্ষ ) ; বন্দর,—লা-গুইরা।

**ভেরমণ্ট** ( Vermont ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; ১৭২৪-এ প্রথম উপনিবেশ ; ১৭৯১ ইউনিয়নভুক্ত। আ. ৯,৬০৯ ব মা ; জন. ৩'৭৭ লক্ষ। রাজধানী মণ্ট পেলার।

**ভেলোর** (Vellore) : মদ্রাজ ; উত্তর আরকোট জেলার তালুক ও জেলার সদর শহর। জন. ১,০৬,৬০৩। মদ্রাজ হইতে ৮৬ মা। এখানে মধ্যযুগের একটি দুর্গ আছে, উহার নির্মাণ-কুশলতা অত্যন্ত বৈজ্ঞানিক, পরিখার দ্বারা বেষ্টিত ; পাকদণ্ডী রাস্তা দিয়া উপরে উঠিতে হয় ; দুর্গমধ্যে বৃহৎ কুচ কাওয়াজের ময়দান ও চারিদিকে দ্বিতল গৃহ। দুর্গমধ্যে মন্দির, গোপুরমাদি, বহু কারুকার্যযুক্ত মণ্ডপ ও অট্টালিকা। দুর্গের পশ্চিমে অনতিদূরে টিপুসুলতানের পরিবারের কবরস্থান। এই দুর্গে টিপুর আত্মীয়-স্বজন ১৮০৬ পর্যন্ত আটক ছিল। ঐ বৎসর এখানকার সিপাহীদের মধ্যে বিদ্রোহ দেখা দেয়। ইংরেজরা ১৫০০ সিপাহী নিহত করিয়া দুর্গ দখল করে। সিংহলের শেষ রাজাকে ১৮১৬-এ অন্তরীণাবদ্ধ করিয়া এই দুর্গে রাখা হয়।

**ভৈরববাজার** (Bhairavabazar) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, কিশোরগঞ্জ মহ.র ব্রহ্মপুত্র ( মেঘনা ) নদতীরস্থ বড় গঞ্জ ও বাজার। ভৈরববাজারের অপর পারে আশুগঞ্জ। পাকিস্থানের ঈ. বে. রেলওয়ের জংশন ; মেঘনার উপর দিয়া সেতু নির্মিত হওয়ায় চট্টগ্রাম হইতে আখাউড়া হইয়া ভৈ. বা. আসা যায় ( ১৬০ মা )। ভৈ. বা. হইতে একটি রেলপথ টংগী জংশন হইয়া ঢাকা, নারায়ণগঞ্জ ( ৬৩ মা ) ; অপরটি ময়মনসিংহ ( ৮২ মা ) হইয়া ব্রহ্মপুত্রতীরস্থ বন্দর পর্যন্ত গিয়াছে। স্কুল, রেজি. অপিস (১৯০৮) প্রভৃতি আছে।

**ভোজরাজ্য** ( Bhoja ) : প্রাচীন ভারতের রাজ্য ;

বিদর্ভের এক নাম ; ধারা হইতে ভোপাল পর্যন্ত বিস্তৃত বিন্ধ্যপাদমূলে স্থিত প্রদেশ। অশোক অনুশাসনে ভোজ, পুলিন্দ, পিতেনিক প্রভৃতি উপজাতির নাম আছে ; ভোজ-রা নর্মদার নিকট বাস করিত।

**ভোপাল** ( Bhopal ) : ব্রিটিশযুগে মধ্যভারতের মুসলমান নবাবের করদরাজ্য ছিল। রাজ্যের উত্তরে ও পশ্চিমে মধ্যভারত ইউনিয়ন, দক্ষিণে মধ্যপ্রদেশ রাজ্য ছিল। ইহা মালব উপত্যকার মধ্যে অবস্থিত ; ভূমি উর্বর। দেশের খনিজ সম্পদ লৌহ, বক্সাইট, অভ্র প্রভৃতি।...এই দেশখণ্ড প্রাচীন ভারতের বিশিষ্ট স্থান ; সাঁচি স্তূপ এই রাজ্যে।...মুঘলযুগের অবসানে ১৮ শতকের প্রথমদিকে দোস্ত মহম্মদ নামে জনৈক আফগান সর্দার এখানে রাজবংশ প্রতিষ্ঠিত করেন।... নবাব ১৯ তোপের সম্মানাধিকারী ছিলেন। ভোপালের আ. ছিল ৬,৯১৮ ব মা ; জন. ৮,৩৮,১০৭ ('৫১)। রাজ্যের আয় ছিল ১'৩৪ কোটি টাকা।...১৯৪৯, জুন মাসে রাজ্য ভারতভুক্ত হয় ও 'গ' শ্রেণীর রাজ্য বলিয়া ঘোষিত হয়। নবাবকে ১১ লক্ষ টাকা বার্ষিক ভাতার ব্যাবস্থা হয়। রাজ্যশাসন ব্যবস্থা অর্পিত হইল চীফ কমিশনারের উপর ; ৩০ জন সদস্য লইয়া আইন সভা ও মন্ত্রিপরিষদ গঠিত হইয়াছিল। রাজ্যের নানাদিকে উন্নয়ন কার্য আরম্ভ হয় ; ট্রাক্টরের সাহায্যে ২,৫০,০০০ একর জমি চাষের উপযোগী করা হইয়াছে।... —মধ্যপ্রদেশ রাজ্যের রাজধানী। নগর একটি সুবৃহৎ হ্রদের উপর অবস্থিত। ভোজ-পাল নামে রাজা বাঁধ দিয়া এই হ্রদ তৈয়ারি করেন ; সেই হইতে স্থানের নাম ভোপাল। ভোপাল হইতে উজ্জয়িনী পর্যন্ত রেলপথ ( ১১৪ মা ) মধ্যে সেহোড় ( Sehore ) সৈন্য ছাউনি ( ২৪ মা ) ছিল। রাজপ্রাসাদ, জুমা মসজিদ, মোতি মসজিদ প্রভৃতি দর্শনীয় অট্টালিকা। ১৯৫৬ রাজ্যপুনর্গঠন বিধি অনুসারে ভোপাল রাজ্য মধ্যপ্রদেশ ভুক্ত হইয়াছে এবং ভোপাল নগর এই বৃহত্তর হিন্দী ভাষাভাষী মধ্যপ্রদেশের রাজধানী হইয়াছে। মধ্যপ্রদেশের রাজধানী নাগপুর এখন বোম্বাই রাজ্যর মারাঠাওয়াড়া অন্তর্গত। ভোপাল নগরের জন. ১,০২,৩৫৯। কলিকাতা হইতে ৯৫৬ মা।

**ভোর** ( Bhor ) : দাক্ষিণাত্যের পূর্বতন করদরাজ্য ; পশ্চিমঘাটের মধ্যে অবস্থিত। এখানকার মারাঠা রাজার উপাধি পন্থসচিব ; ইনি ৯ তোপের সম্মানাধিকারী ছিলেন। রাজ্যের আ. ৯১০ ব মা ; জন. ১'৫৬ লক্ষ ( '৪১ )। রাজস্ব ৬ লক্ষ টাকা। দেয় কর ৪,৬৮৪ টাকা। ১৯৪৯ এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বাৎসরিক ৮৯,০৪২ টা. ভাতা দেওয়া হয়।...বর্তমানে এই রাজ্য পুণা ও কোলাবা জেলার মধ্যে বিভক্ত হইয়া গিয়াছে। ভোর শহরের জন. ৭,৩৯৩।...ভোর ঘাট পশ্চিমঘাট পর্বতের গিরিপথ ; এইখান দিয়া বোম্বাই-পুণা রেলপথ গিয়াছে ; ভোর রাজ্য হইতে উহা উত্তরে অবস্থিত।

**ভোলা** ( Bhola ) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলার মহকুমা ও শহর। ১৮৭৬-এর বন্যার পর দক্ষিণ সাহাবাজপুর মহকুমা সদর শহর ভোলায় স্থানান্তরিত হয় (১৮৭৭)। সুপারি, নারিকেল প্রভৃতি প্রধান উৎপন্ন ফসল ও রপ্তানি সামগ্রী। খুলনা হইতে জলপথে ১৪৩ মা।

**ভোলাহাট** ( Bholahat ) : পূ. পাক. ; রাজসাহী জেলা, নবাবগঞ্জ মহ.র থানা, বাজার ও ডাকঘর। পূর্বে মালদহ জেলার অন্তর্গত ছিল।...কালিন্দী নদীর তীরে অবস্থিত পাকিস্থানের সীমান্ত থানা।

**মউ-রানীপুর** ( Mau-Ranipur ) : উত্তর প্রদেশ ; ঝাঁসী জেলার মউ তালুকের শহর। ঝাঁসী-মানিকপুর রেলপথের স্টেশন ( ৪০ মা ) ; জেলার ব্যবসায়ের প্রধান কেন্দ্র। এখানকার প্রাচীন মন্দিরাদিতে বুন্দেলখণ্ডের মহোবা প্রভৃতির স্থাপত্যেশৈলী দেখা যায়। ইষ্টক নির্মিত একটি দুর্গ আছে।...জন. ১৫,৯৮১। স্থানীয় বার্ষিক পশুমেলা বিখ্যাত।

**মউনাথ ভঞ্জন** (Maunath Bhanjan) : উত্তর প্রদেশ ; আজমগড় জেলা, মহম্মদাবাদ মহ.র শহর ( জন. ৩৪,৬৮১ ) ; বারাণসী হইতে ৫৭ মা।

**মকসুদপুর** ( Maksudpur ) : পূ. পাক. ; ফরিদপুর জেলা, গোপালগঞ্জ মহ.র থানা, গ্রাম, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭২ )। গ্রামটি ভাঙ্গার দ.-পশ্চিমে।

**মংপু** ( Mungpoo ) : দার্জিলিঙ জেলার সদর মহকুমার

রংগলি-রংলিওট থানার শহর। সোনাদা স্টে. হইতে যাওয়া যায়। এই অঞ্চলে সরকারী সিন্‌কোনা চাষের বাগান। মংপু ইহার কেন্দ্র। নিকটবর্তী খাসমহলগুলি সমেত প্লানটেশনের আয়তন ৩৭,৬৫১ একর। মংপুর জন. প্রায় ৬ হা.।

**মক্কা শরীফ** ( Mecca ) : সউদি আরাবিয়ার প্রধান শহর ও ইসলাম জগতের প্রধানতম তীর্থস্থান। জেদ্দা বন্দর হইতে ৪৫ মা মোটরে যাইতে হয়। হঃ মহম্মদের জন্মস্থান। এখানকার কা'বা প্রস্তর ও কূপ জম্‌জমের জল পবিত্রজ্ঞানে লোকে তীর্থ করিতে আসিত ; এখনও মুসলমানরা হজ্ করিতে আসে। কা'বা এক-খানি বিরাট রেশমী পরদা দিয়া ঢাকা ( কিস্‌বা ) ; মিশর হইতে প্রতি বৎসর উহা প্রেরিত হয়। পুরাতন কিস্‌বা কাটিয়া কাটিয়া হজযাত্রীদেব নিকট বিক্রয় করা হয়। বিরাট মসজিদের প্রাঙ্গণে জম্‌জম কূপ ; ইহার জল যাত্রীদের দ্বারা সংগৃহীত হয়। মক্কা যাইতে হইলে যাত্রীদিগকে শাদা বস্ত্র পরিতে হয়। জন. ১'২০ লক্ষ। হজযাত্রীদের জন্য সরাইখানা, বাসাবাড়ি প্রভৃতি আছে।

**মগধ** ( Maghada ) : প্রাচীন ভারতের দেশ ও রাজ্য ; বর্তমান বিহার রাজ্যের দক্ষিণাংশ, গঙ্গা, শোন ও দক্ষিণের পার্বত্য অঞ্চলের মধ্যে অবস্থিত। মহাভাবতের জরাসন্ধের রাজধানী গিরিব্রজ বর্তমান রাজগীর ; নিকটস্থ পাহাড়ে সেযুগের চিহ্নাদি কল্পিত করা হয়। শিশুনাগ বংশীয় বিম্বিসার, অজাতশত্রু প্রভৃতি রাজাদের রাজধানী ছিল রাজগৃহ। বুদ্ধদেবের জীবনের অনেকাংশ এই অঞ্চলে কাটে। অজাতশত্রুর পৌত্র উদয়াশ্ব পাটলিপুত্রে রাজধানী প্রতিষ্ঠিত করেন ; কাশী হইতে সিংহভূম পর্যন্ত তাঁহার রাজ্য বিস্তৃত হয়। কালে নন্দ, মৌর্য, শুঙ্গ ও কাণ্ব বংশীয়রা পাটলিপুত্র হইতে মগধ সাম্রাজ্য শাসন করেন। কাণ্ববংশের ( খ্রী. পূ. ৭২-২৭ ) প্রায় তিনশত বৎসর পরে মগধে গুপ্ত সম্রাজ্যের পত্তন হয় ( খ্রী.অ. ৩২০ ) ; পাটলিপুত্র পুনরায় রাজধানী হইয়াছিল। কিন্তু কালে সাম্রাজ্যের ভারকেন্দ্র পশ্চিমে কাণ্যকুব্জ, উজ্জয়িনীর দিকে স্থানান্তরিত হইতে থাকিলে মগধ ও পাটলিপুত্রের প্রাধান্য ও বিশিষ্টতা হ্রাসপায়। বঙ্গের পালরাজগণের শিলালেখে মগধের মধ্যে অবস্থিত স্কন্ধাবার ( Royal camp )-এর উল্লেখ পাওয়া যায় ; কিন্তু রাজধানী এখানে ছিল না। ৫ শতক হইতে ১২ শতক পর্যন্ত নালন্দা মগধের জ্ঞানচর্চার শ্রেষ্ঠ কেন্দ্র ছিল।

**মগরা** ( Magra ) : হুগলি জেলার সদর মহকুমার থানা। আ. ২৫ ব মা ; জন. ৫২,১০৮ ; ঘনতা ২,০৮৪। শিল্পাঞ্চল বাঁশবেড়িয়া শহর।...মগরা বাণিজ্যপ্রধান স্থান। কলিকাতা হইতে ২৯ মা। এখান হইতে ছোট রেলপথ একদিকে ত্রিবেণী, অন্যদিকে তারকেশ্বর গিয়াছে। এই পথে মহানাদ (দ্র.) নামে প্রাচীন স্থানে পূর্বকালের গড় প্রভৃতি দেখা যায়।

**মগরা হাট** (Magra Hat) : ২৪-পরগনা জেলা ; ডায়মণ্ড হারবার মহ র থানা। আ. ১১৮ ব মা ; জন. ১,৯৯,৬৯৮ ; ঘনতা ১,৬৩১। ইহা একটি ব্যবসায়ের বড় কেন্দ্র, চাউলের কারবার প্রধান। কলিকাতা হইতে ২৫ মা।

**মঙগরল** ( Mangrol ) : সৌরাষ্ট্রের ( বর্তমান বোম্বাই রাজ্য) শহর ; আরবসাগরের নিকট পোতাশ্রয় ও আলোক স্তম্ভ, জুনাগড় হইতে ৩৬ মা দ.-পশ্চিমে। ১৮ শতকের সুন্দর মসজিদ আছে। জন. ২০,০৮৫।

**মঙগল** (Mangal) : হিমাচল প্রদেশের অন্তর্গত পূর্বতন করদরাজ্য। আ. ১৪ ব মা। ব্রিটিশ সরকারকে কর দিতে হইত। ...রাজা ৩,০০০ টাকা ভাতা পান।

**মঙগলকোট** (Mangalkot) : বর্ধমান জেলা ; কাটোয়া মহকুমার থানা। আ. ১৫১ ব মা ; জন. ৮৮,১৭১ ; ঘনতা ৬৩১। গ্রাম ১২৮। এই থানায় মুসলমানের বসতি বেশি। থানার একাংশ গুসকরা সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত। গ্রাম (জন. ৩,১৪৭) পুরাতন বাদশাহী সড়কের উপর কুনুর নদীতীরে অবস্থিত ; গুসকরা হইতে মোটরপথ আছে :

**মঙগলদই** ( Mangaldai ) : আসাম ; দরঙ জেলার মহকুমা ; এই মহকুমায় ৬ থানা : মঙ্গলদই সদর, পানেরি, উদলগুড়ি, মাঝবাট, দলগাঁও, কলাইগাঁও। মহ.র আ. ১,২৭২ ব মা ; জন. ৪,০২,৫০১ ; ঘনতা ৩১৬। এই মহ. চা-চাষের অনুকূল নহে। সদর

শহরের জন. ৩,৫৭১ ; রেলপথ নাই। আসাম আপেক্স ব্যাংক।

**মঙগলোর, মঙ্গলুর** (Mangalore) : মদ্রাজ ( বর্তমানে মহীশূর রাজ্য ) ; দক্ষিণ কানাড়া জেলার সদর শহর, আরবসাগর তীরের বন্দর ; মদ্রাজ হইতে রেলপথে ৫৫০ মা। বোম্বাই স্টীমারে ৪৪০ মা। খ্রীষ্টান ক্যাথলিক মিশনের বড় কেন্দ্র ; দুইটি কলেজের একটি জেসুইটদের। ...প্রাচীন ও মধ্যযুগে বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র। এখনো কফী, কাজু-বাদাম, মরিচ, চা, চন্দন রপ্তানি হয়। ...লক্ষাদ্বীপবাসীরা এখানে ব্যবসা করিতে আসে। ...১৪ শতকে প্রায় ৪০০০ মুসলীম বণিক এখানে বাস করিত। পশ্চিমঘাটের উৎকৃষ্ট সেগুন কাঠ দিয়া হায়দার আলি ও টিপুসুলতানের যুদ্ধজাহাজ এখানকার বন্দরে নির্মিত হইত। জন. ১,১৭,০৯৫। এখানে ২০টি ব্যাংক আছে।

**মঙগোলিয়া** (Mangolia : People's Republic : Bughut Nairaındukho Mongol Arat Ulus) : চীনদেশের উত্তরে ও সোবিয়েত সাইবেরিয়ার দক্ষিণে মঙগোলদের স্বাধীন রিপাবলিক। চীন সাম্রাজ্যের মধ্যে থাকাকালীন মঙগোলরা বৌদ্ধধর্ম গ্রহণ করে তিব্বতী লামাদের নিকট হইতে। বৌদ্ধ বিহার-গুলি বৌদ্ধধর্ম ও দর্শন অধ্যয়ন ও অধ্যাপনের বিশিষ্ট কেন্দ্র।...১৯১২-এ চীনে সাধারণতন্ত্র প্রতিষ্ঠিত হইলে, মঙগোলরা তাহাদের প্রধান লামা (ধর্মগুরু) র নেতৃত্বে পৃথক রাজ্য গড়ে। ১৯২১-এ তাহারা জনরাজ্য স্থাপন করিয়া সোবিয়েত রুশের সহিত মৈত্রীচুক্তি করে ; ১৯২৪-এ লামা-শাসনের অবসান ও সোবিয়েত আদর্শে রাজ্যশাসন ব্যবস্থা প্রবর্তিত হয়। ...১৯৪৬, জানুয়ারি ৫ চীনের জনরাজতন্ত্র সরকারী ভাবে মংগোলিয়ার পূর্ণ স্বাধীনতা স্বীকার করে। মঙগোলদের লিপিমালা অত্যন্ত জটিল ; এখন রুশীয় লিপি গৃহীত হইয়াছে (১৯৪৬)।...রাজধানী উলান বাতোর (Ulan Bator), জন. ১ লক্ষ। পূর্ব নাম উরগা। এখানে আধুনিক বিশ্ববিদ্যালয় হইয়াছে। বহির্মঙগোলিয়ার আ. ১৫'৩১ বর্গ কিঃ মিঃ। জন. প্রায় ১০ লক্ষ। দেশে ১৮ প্রদেশ ( aimak ) ও ৩২২ জেলা (somon)।

**মঙগোলিয়া, অন্তর মঙগোলিয়া** ( Inner Mongolia—চীনা Nei Meng-ku ) : মঙগোলিয়াকে সাধারণত দুই অংশে বিভক্ত করা হয়। (১) বহির্মঙগোলিয়া ( Outer M. ) স্বাধীন রাষ্ট্র। (২) অন্তর মঙগোলিয়া ( Inner M. ) চীন জনরাজতন্ত্রের অন্তর্গত। এখন ইহাও কোনো শাসন-একক নহে ; ৫ প্রদেশ ও ১ মিউনিসিপাল এলাকা লইয়া উত্তর-পশ্চিম বিভাগ বলা হয়। সিয়ান (Sian) মিউনি. এলাকা ; ৫ প্রদেশ :— শেন্‌সি ( Shensi ), কান্‌সু ( Kansu ), নিংসিয়া ( Ningsia ), চিংঘাই ( Chinghai ) ও সিংকিয়াং ( Sinkiang )।

**মঞ্জিরা নদী** ( Manjira river ) : হায়দরাবাদ রাজ্যের মধ্য-উত্তরাংশের নদী ; প্রায় ৩৮৫ মা প্রবাহিত হইয়া গোদাবরীতে পড়িতেছে। হায়দা. নগরের উত্তরে সুবৃহৎ নিজাম সাগর এই নদী বাঁধিয়া নির্মিত।

**মঠওয়ার** ( Mathwar ) : পূর্বতন ভীল এজেন্‌সির করদ-রাজ্য। আ. ১৩৮ ব মা ; জন. ৩,৮৮৯। রাজা ৬,০০০ টাকা ভাতা পান। মধ্যভারত (বর্তমানে বোম্বাই) রাজ্যান্তর্গত।

**মঠবাড়ির চর** ( Matbarir char ) : পূ. পাক. ; ফরিদ-পুর জেলা, মাদারিপুর মহ.র থানা। আ, ৪২ ব মা। গ্রাম, ডাকঘর ; পদ্মার নিকট অবস্থিত।

**মঠবাড়িয়া** ( Mathbaria ) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা, পিরোজপুর মহ.র থানা। আ. ১১৮ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস।

**মণ্ডপেশ্বর গুহা** ( Mandapeswar ; Montpezir Caves) : বোম্বাই নগর হইতে ২৩ মা দূরে ও বোরিবলি ( Borivli ) স্টেশন হইতে এক মা দূরে পর্বত গাত্রে কতকগুলি গুহা আছে ; তিনটি গুহায় হিন্দুযুগের চিহ্ন বিদ্যমান। পশ্চিমের গুহা বৌদ্ধ বিহার ছিল, উহা ১৫৫৫ অব্দে পোর্তুগীজরা উপসনা-গৃহে পরিবর্তন করে : উহার ধ্বংসাবশেষ দেখা যায়। নিকটে খ্রীষ্টের বহু মূর্তি আছে।

**মণ্ডলা** ( Mandla ) : মধ্যপ্রদেশ রাজ্যের জেলা। মৈকাল পর্বতশ্রেণী দেশের মধ্যে অবস্থিত বলিয়া উহা সাধারণভাবে পার্বত্য। আ. ৫,১১১ ব মা। নর্মদা

জেলার মধ্য দিয়া প্রবাহিত। জন. ৫,৪৭,৬২০।...মধ্যপ্রদেশের এই অঞ্চলে খন্দ বা নিষাদদের বাসভূমি ছিল। হৈহয় রাজাকে মারিয়া খন্দ সর্দার একলব্য রাজ্য পত্তন করেন বলিয়া প্রবাদ। কালে জবলপুরের উর্বর অঞ্চল হইতে বিতাড়িত হইয়া খন্দরা মণ্ডলার নিকট রামনগর নামে গ্রামে ও পরে মণ্ডলাতে প্রতিষ্ঠিত হয়। এই রাজারা নর্মদার তীরে পর্বতোপরি যে দুর্গাদি নির্মাণ করেন, সেসবের ধ্বংসাবশেষ এখনো বিদ্যমান। মণ্ডলা জেলার সদর শহর নর্মদাতীরে; শহরের জন. ১৪,২৪৩। প. ন্যাশ. ব্যাংক। নিকট-জঙ্গলে প্রচুর লাক্ষা ও শহরে তাহার ব্যবসায়। নাগপুর ১৮০ মা দূরে।

**মন্ডি** (Mandi) পূর্বতন পঞ্জাবের করদরাজ্য। আ. ১,১৩৯ ব মা; জন. ২,৩২,৫৯৩ ('৪১)। শহর বিপাশা নদীতীরে, সিমলা হইতে ৪৫ মা উ.-পশ্চিমে। রাজ্যের আয় ছিল ১২-১৩ লক্ষ টাকা। রাজা ১১ তোপ পাইতেন। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ২,২০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। হিমাচল প্রদেশের শহর। জন. ৯,৭৫১। প. ন্যাশ. ব্যাংক। বিপাশা নদীতীরে বাঁধ দিয়া ১৫২৭ অব্দে শহর স্থাপিত হয়; মন্ডি হইতে ৩৫ মা দূরে জোগীনদরনগরে মন্ডি জলবিদ্যুৎ কারখানা প্রতিষ্ঠিত।

**মতলব বাজার** (Matlab Bazar): পূ. পাক.; ত্রিপুরা জেলার চাঁদপুর মহ.র থানা। আ. ১৪৮ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৮৮)। হা. স্কুল।

**মৎস্য দেশ** (Matsya desa): প্রাচীন ভারতের রাজ্য; মহাভারতোক্ত বিরাট রাজার দেশ। আলওয়ার রাজ্যের মচ্ছেরি গ্রাম ও বৈরাট নামে প্রসিদ্ধ বৌদ্ধ স্থান যথাক্রমে মৎস্য ও বিরাট।...

রাজপুতনার আলওয়ার, ভরতপুর, চোলপুর ও করৌলি রাজ্যচতুষ্টয় লইয়া মৎস্য ইউনিয়ন গঠিত হয়, ১৯৪৮ এপ্রিল। পরে ১৯৪৯, মে ১০ই এগুলিকে রাজস্থান অন্তর্গত করা হয়। এখন মৎস্য ইউনিয়ন নাই।

**মথুরা** (Muttra, Mathura) গ্রীকদের Methora (Madoura): উত্তর প্রদেশ; আগরা বিভাগের জেলা। যমুনা নদী জেলার মধ্য দিয়া প্রবাহিত। উ.-পঞ্জাব, আলিগড়; দ.-আগরা, রাজস্থানের ভরতপুর। আ. ১,৪৫৩ ব মা; জন. ৯,১২,২৬৪।—মথুরা ভারতের পৌরাণিক, ঐতিহাসিক ও বৈষ্ণব সাহিত্যে প্রসিদ্ধ স্থান। প্রাক্-আর্য যুগ হইতে অসুর ও পরে আভীরদের রাজ্য ছিল। কিংবদন্তী ইহা মধু অসুরের রাজধানী; মধুপুত্র লবণকে শ্রীরামচন্দ্রের ভ্রাতা শত্রুঘ্ন বধ করেন। অতঃপর এইস্থান অরণ্যসঙ্কুল হইয়া মধুবন নামে পরিচিত হয়। মহাভারত যুগে কংস এইখানে বিরাট সাম্রাজ্যের কেন্দ্র স্থাপন করেন। কংস শ্রীকৃষ্ণের একধর্মরাজ্য পরিকল্পনার বিরোধিতা করেন ও শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত হন। ঐতিহাসিক যুগে মথুরা জৈন ও বৌদ্ধদের ধর্মপ্রচার কেন্দ্র হয়। মৃত্তিকা খনন করিয়া বহু স্থাপত্য ভাস্কর্য নিদর্শন পাওয়া গিয়াছে। ফা-হিয়ান ও হুয়েনৎসাঙ এই স্থান বৌদ্ধ সংস্কৃতি কেন্দ্র বলিয়া বর্ণনা করিয়াছেন। মথুরার মিউজিয়ামে কুশান সম্রাট বীম কাদফিসেস ও কনিষ্কের ভগ্ন প্রতিমূর্তি রক্ষিত আছে। পণ্ডিতগণ অনুমান করেন, রোমান সম্রাটদের অনুকরণে রাজমূর্তি স্থাপন প্রথা ভারতে প্রবর্তিত হয়। মুদ্রার মধ্যে কনিষ্কের মূর্তি এই ভাবনা হইতেই প্রদত্ত হয় বলিয়া মনে হয়। শ্রীকৃষ্ণ বা বাসুদেব সম্প্রদায় এখানে গড়িয়া উঠে।......সুলতান মামুদ এই নগরী লুণ্ঠন করেন (১০১৭)। পরযুগে কেশবদেবের মন্দির অউরঙজেব কর্তৃক ধ্বংসিত হয়। হিন্দু স্থাপত্যাদির বহু নিদর্শন এখানকার মিউজিয়ামে রক্ষিত আছে।...আধুনিক মথুরা ভারতের বৈষ্ণবদের সাহিত্যে সুবিদিত; মথুরা ও বৃন্দাবন শ্রীকৃষ্ণের লীলাকাহিনীর সহিত যুক্ত।...মথুরা বিরাট রেল জংশন ও আগরা-দিল্লীর মধ্যে অবস্থিত। বৃন্দাবন পর্যন্ত শাখা রেল আছে। কলিকাতা হইতে ৭৯৭ মা। ...এখানে বৈষ্ণব মহাবিদ্যালয়, প্রেম মহাবিদ্যালয়, ইনজিনীয়ারিং কলেজ, ভেটারিনারি কলেজ আছে। জন. ১,০৫,৭৭৩। ইলা., সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশ. ব্যাংক। গোবিন্দ ব্যাংক; সমবায় ব্যাংক।

**মথুরাপুর** (Mathurapur): ২৪-পরগনা জেলা; ডায়মণ্ড হারবার মহকুমার থানা। আ. ৪২৩ ব মা; জন,

২,০২,১০০ ; ঘনতা ৪৭৭।—কলিকাতা ( শিয়ালদহ )-লক্ষ্মীকান্তপুর রেলপথের স্টেশন মথুরাপুর রোড (৩৪ মা)। ৪ মা. পূ.-দ. কোণে বড়াশী মাধবপুর গ্রামে সুপ্রসিদ্ধ চক্রতীর্থ ( দ্র. )। নিকটস্থ ছত্রভোগ গ্রাম শ্রীচৈতন্যের জীবনেতিহাসের সহিত যুক্ত।

**মদন** ( Madan ) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা ; নেত্রকোনা মহ.র থানা। আ. ১০২ ব মা। গ্রাম।

**মদনপল্লী** ( Madanpalli ) : অন্ধ্র কুড্‌ডাপা জেলার শহর ; মদ্রাজ হইতে ১২৬ মা উ.-পশ্চিমে। এখানে থিওজোফিকাল সোসাইটির কেন্দ্র। জন. ১৬,১৮২।

**মদাইরা** ( Madeira ) : উ.-প. আফ্রিকার পশ্চিমে অতলান্তিক মহাসাগরের পোর্তুগীজ দ্বীপ। সমস্ত দ্বীপ গাছপালায় পূর্ণ। আ. ৩০০ ব মা ; জন. ২·৫০ লক্ষ। এখানকার মদ বিখ্যাত ( Madeira Wine )।

**মদিনা** ( Medina ) : সউদি-আরাবিয়া রাজ্যের হেজাজ অংশের শহর ; মক্কা হইতে ২২০ মা উত্তরে ওয়াদি হামদা মরূদ্যানে অবস্থিত। ইসলাম জগতের দ্বিতীয় পবিত্র স্থান ; এখানে হঃ মহম্মদের কবর আছে, এবং তাহা দেখিতে মক্কার হজযাত্রীদের অনেকে গিয়া থাকে। এইখানে ৬২২ অব্দে হঃ মহম্মদ মক্কা হইতে পলায়ন করিয়া আশ্রয় গ্রহণ করেন ও জীবনের শেষ দশ বৎসর এখানেই বাস করেন। আবুবকর ও ওমর-এর কবর এখানেই আছে। লোহিতসাগর তীরস্থ ইয়েনবো (Yenbo) বন্দর দিয়া বহু যাত্রী মদিনায় যায় ; মক্কা হইতে মরুপথে উট ও বর্তমানে মোটর বাস যাত্রীদের লইয়া যাওয়া-আসা করে। বিমানপথে মক্কা-মদিনা যুক্ত।…মদিনা অঞ্চল খেজুর চাষের জন্য বিখ্যাত ; ইহাই অধিবাসীদের প্রধান জীবনোপায়। জন. ১২,০০০।

**মদুরা** (Madura, Madaera) : ইন্দোনেশিয়ান রিপাবলিকের দ্বীপ। আ. ১,৬৭২ ব মা ; জন. ১৬·৩০ লক্ষ। এখানে কয়েকটি উষ্ণ প্রস্রবণ আছে। রাজধানী পামেকাসন ( Pamekasan, জন. ১৫ হা. )।

**মদুরাই, মদুরা** ( Madura, Madurai ) : মদ্রাজ রাজ্যের জেলা ও সদর শহর। আ. ৪,৯১৭ ব মা ; জন. ২৮,৯২,০০০। তামিলভাষী অধিকাংশ।…জেলার মধ্য-পশ্চিমে পালনি পর্বত ও শৈলশহর কোডাইকানাল ( দ্র. )। …মদুরাই বড় রেল জংশন। শহরের নিকট অন্নমলয় ও অজগরমলয় পাহাড়ে গুহা ও শৈল-খোদিত জৈন মন্দির আছে। মদুরাইর হিন্দু মন্দিরগুলি ভারত-বিখ্যাত। সর্বশ্রেষ্ঠ মীণাক্ষী মন্দির। ইহা ৮৪৭ × ৭২৯ ফুট ভূমির উপর অবস্থিত। ৯ গোপুরম শোভিত এই বিশাল দেবায়তনের বৃহত্তম গোপুরমটি ১৫২ ফুট উচ্চ। দ্রাবিড় মন্দিরগুলি প্রাচীর ও পরিখা বেষ্টিত দুর্গসদৃশ। এই বেষ্টনীর মধ্যে বহু মন্দির, মণ্ডপ (Hall)। স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের বৈশিষ্ট্য আছে। মদুরাইর নায়ক বংশের তিরুমল্লের দ্বারা মন্দিরের অধিকাংশ নির্মিত হইয়াছিল ( ১৬২৩-৬০ )। সহস্রস্তম্ভ মণ্ডপ নামে বিশাল হলে ৯৯৭টি স্তম্ভ আছে। আয়তনের বাহিরে বসন্ত মণ্ডপম ( বা তিরুমল্লের চৌলত্রি ) ৩৩৩ × ১০৫ ফুট হল।…এই বিশাল দেবায়তনের মধ্যে ও বাহিরে বহু-কিছু দেখিবার আছে।…মদুরাই শহর আধুনিক সময়ে সুতার কলের জন্য বিখ্যাত ; এখানকার তাঁত শিল্প খুব উন্নত ও সঙ্ঘবদ্ধ। জন. ৩,৬১,৯৫৪। এখানে ২০টি ব্যাংক।

**মদ্রদেশ** ( Madradesa ) : প্রাচীন ভারতের দেশ ; পঞ্জাবের ইরাবতী ও চন্দ্রভাগা নদীদ্বয়ের মধ্যস্থলে মদ্র-দেশ ছিল বলিয়া অনুমান করা হয়। রাজধানী—সাকল ; ইহা শল্য ও সাবিত্রীর পিতা অশ্বপতির দেশ বলিয়া মহাভারতে কথিত। পাণ্ডুপত্নী মাদ্রী এই দেশের রমণী।—সমুদ্রগুপ্তের শিলালেখে মদ্রক ও যৌধেয়াদি জাতি সাম্রাজ্যের প্রত্যন্তবাসী বলিয়া উল্লিখিত হইয়াছে।

**মদ্রাজ** (Madras City) : মদ্রাজ রাজ্যের রাজধানী ; ১৬৩৯-এ চন্দ্রগিরির রাজা ঈ. ই. কোম্পানিকে যে জমি দান করেন তাহার উপর সেন্ট জর্জ দুর্গ নির্মিত হয় এবং তাহার চারিদিকে শহর গড়িয়া উঠে। এখানে ভাল বন্দর বা পোতাশ্রয় নাই ; বহু অর্থব্যয়ে সমুদ্রে বাঁধ দিয়া কৃত্রিম পোতাশ্রয় নির্মিত হইয়াছে। বিশ্ববিদ্যালয় ১৮৫৭-এ স্থাপিত হয়।… মদ্রাজ নগরের জন. ১৪,২৯,৯৮৫। এখানে সর্বশ্রেণীর ৬৩টি ব্যাংক আছে ; রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়ার শাখা ; চার্টার্ড

ব্যাংক, লয়েডস, প্রভৃতি। কলিকাতা হইতে ১,৪৩২ মা; জলপথে ৮৫০ মা। বিমানপথেও যাওয়া-আসা চলে। …মদ্রাজ জেলার আ. ৩০ ব মা।

**মদ্রাজ প্রেসিডেন্সি** (Madras Presidency): ইংরেজ ঈ. ই. কোম্পানির লোকে বঙ্গোপসাগর তীরে পেড্ডা-পালি (Peddapali, বর্তমান নাম নিজামপত্তন) নামক গ্রামে সর্বপ্রথম ব্যবসায়ের কেন্দ্র স্থাপন করে ও ১৬৩৯ অব্দে মদ্রাজের নিকট বাস করিবার ও আত্মরক্ষার জন্য দুর্গ নির্মাণ করিবার অনুমতি লাভ করে। অতঃপর দ. ভারতের রাজনৈতিক অশান্তির সুযোগ লইয়া ইহারা আপনাদের প্রতিপত্তি বৃদ্ধি করে। ১৭৬৩ অব্দে কর্ণাটের নবাব কোম্পানিকে চেংগলপেট জেলা জায়গীর দান করেন। তারপর বিবিধ যুদ্ধের ও সন্ধির ফলে উত্তর সরকার বা উত্তরের জেলাগুলি ১৭৬৫-৬৬-র মধ্যে ইংরেজের আয়ত্তে আসে। ১৮০১-এ ওড়িশার সীমান্ত হইতে কুমারিকা পর্যন্ত দেশ ইংরেজের অধীন রাজ্যে পরিণত হয়। …এই বিশাল প্রদেশে অন্ধ্র, তামিল, মালায়ালি ও কার্ণাটিক জাতির বাস।…রাজ্য গঠনের সুরু হইতেই ইংরেজ শাসনকর্তা 'গবর্নর' নামে ও প্রদেশ 'প্রেসিডেন্সি' নামে অভিহিত হইত। … ভারত স্বাধীন হইবার পর এই দেশাংশ মদ্রাজ স্টেট নামে অভিহিত হয়।

**মদ্রাজ রাজ্য** (Madras State): মদ্রাজ ১৯৪৭ অগস্ট হইতে 'ক' শ্রেণীর রাজ্য বা স্টেট। ১৯৫৪-এ অন্ধ্র রাজ্য পৃথক হইয়া গেলে সীমান্তের পরিবর্তন হয়। অখণ্ড মদ্রাজের আ. ছিল ১·৪২ লক্ষ ব মা। জন. ৫ কোটি ৭০ লক্ষ (১৯৫১, অন্তর্ভুক্ত দেশীয়রাজ্য সহ)। শতকরা ৮৮ হিন্দু; অবশিষ্ট মুসলমান, খ্রীষ্টান প্রভৃতি। এই রাজ্যে দেশীয় খ্রীষ্টানের সংখ্যা (২০·৪৩ লক্ষ) ভারতের মধ্যে সর্বাধিক। ভাষা তামিল, তেলেগু, কানাড়ী, মালয়ালম ও তুলু এবং উর্দু। অখণ্ড মদ্রাজে ২৬ জেলা ছিল। ৮১ মিউনি. শহর। রাজস্ব ৫৯·৭০ কোটি (১৯৫১)। —রাজধানী—মদ্রাজ। … লাক্কাদ্বীপ (Laccadive Islands) ১৪টি ক্ষুদ্র দ্বীপের সমষ্টি, উপকূল হইতে ২০০ মা দূরে। এগুলি মদ্রাজ সরকারের শাসনাধীন; অধিবাসীরা মালয়ালী মুসলমান।

অন্ধ্র রাজ্য পৃথক হইয়া গেলে বর্তমানে মদ্রাজ রাজ্যের আ. ৬০,২৬২ ব মা; জন. ৩,৫৭,৩৭,০০০; ঘনতা ৪৪৬। ২৬টি জেলার মধ্যে ১৪টি জেলা এখন এই রাজ্যভুক্ত। দেশীয় রাজ্য পুদুকোট্টাই, বংগলপলী এই রাজ্যান্তর্গত ও সনদুর রাজ্য মহীশূর রাজ্যের বেলারি জেলাভুক্ত হইয়াছে। এই রাজ্যে বহু শিল্পকেন্দ্র: সুতা, চিনি, অটোমোবাইল, সিমেন্ট, সাইকেল, সিগার, দেশলাই-এর কারখানা। ১১ কোটি টাকার চামড়া মদ্রাজ হইতে রপ্তানি হয়।…কুটির-শিল্পের মধ্যে তাঁত, গুড়, নারকেলের ছোবড়া হইতে প্রস্তুত সামগ্রী, দেশলাই প্রধান।…কৃষ্ণা ও কাবেরী প্রধান নদী; এই নদী ও উপনদীতে বাঁধ দিয়া মুচুকুন্দ, পাইকরা, মোয়ার, পাপনাশম, মেত্তুর প্রভৃতি জলবিদ্যুৎ কেন্দ্র নির্মিত হইয়াছে।

রাজ্য পুনর্গঠন কমিশনের সুপারিশমতে ত্রিবাঙ্কুর-কোচীন ইউনিয়ন রাজ্যের তামিলভাষী ৫টি তালুক মদ্রাজের সহিত যুক্ত হইয়াছে ও মালাবার ও দ. কানাড়া জেলা, কোয়াম্বটুর জেলার কোলেগল তালুক মদ্রাজ হইতে বাহির হইয়া গিয়াছে। রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় এই রাজ্যের আয়তন দাড়াইয়াছে ১৯৫৬-এ ৫০,১৭০ ব মা। ১৯৪৭-এ ১,৪২,০০০ ব মা। ১৯৫৪-এ ৬০,৩৬২ ব মা। এই রাজ্যের অন্তর্গত ৫টি করদ রাজ্যের আ. ছিল ১০,৬৯৮ ব মা।

**মদ্রাজ ও দক্ষিণ মারাঠা রেলওয়ে** (Madras & Southern Mahratta Railway—M & S. M. Ry.): ১৮৫৬ সালে রেলপথ আরম্ভ হয়। ব্রড্ গেজ লাইন ১,১২২ মা; মিঃ গেজ ১৮,১০ মা। মূলধন ৬০·৯৭ কোটি টাকা। মোট আয় ২৩·৭৫ কোটি। নেট আয় ৫·৭৭ কোটি। যাত্রী ৯·৮৪ লক্ষ। ১৯৫১ হইতে সাদার্ন বা দক্ষিণ রেলওয়ে জোনের অন্তর্গত।

**মধুখালি** (Madhukhali): পূ. পাক.; ফরিদপুর জেলা, সদর মহ.র থানা। আ. ৪৭ ব মা। গ্রাম, ডাকঘর। কালুখালি-কাশিয়ানী রেলশাখার জং. স্টেশন (২০ মা)। এখান হইতে পশ্চিমে ৭ মা দূরে চন্দনা ও গড়াই নদীর সঙ্গমস্থলে কামারখালি ঘাট পর্যন্ত শাখা রেল আছে। উভয় স্থানই বাণিজ্য প্রধান।

**মধুপুর জঙ্গল** (Madhupur Jungle) : পূ. পাক. ; ময়মনসিংহ ও ঢাকা জেলার মধ্যে প্রায় ৪২০ ব মা স্থান জুড়িয়া জঙ্গল ; উহা লম্বা প্রায় ৪৫ মা, প্রস্থে ৬-১৬ মা। স্থানীয় লোকে গড় গজালি বলে।

**মধুপুর** (Madhupur) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, টাঙ্গাইল মহ.র থানা। আ. ১৮৫ ব মা। সিংজানী হইতে ২৪ মা দক্ষিণে গ্রাম, ডাকঘর। ১৭৮৭-এ সন্ন্যাসী বিদ্রোহের একটি কেন্দ্র।

**মধুপুর** ( Madhupur ) : বিহার ; সাঁওতাল পরগনা জেলার দেওঘর মহকুমার মিউনি. শহর। কলিকাতা হইতে ১৭৫ মা। এখান হইতে শাখা রেলে গিরিডি যাইতে হয় (২৬ মা)। স্বাস্থ্যকর স্থান হিসাবে এককালে বাঙালী ধনী ও মধ্যবিত্তকে আকর্ষণ করিয়াছিল ; বাঙালীদের বহু ঘরবাড়ি আছে। জন. ১৭,১৪৪।

**মধুবন** ( Madhuvana) : (১) বৃন্দাবনের একাংশের নাম। (২) পরেশনাথ পাহাড়ের পাদদেশস্থ স্থানের নাম।...মধুকবন— অগস্ত্যাশ্রম ও পঞ্চবটীর মধ্যস্থিত দণ্ডকারণ্যের এক অংশ।

**মধুবনী** (Madhubani) : বিহার ; দরভংগা ( দ্বারবঙ্গ ) জেলার মহকুমা। আ. ১,৫০৪ ব মা; জন. ১৩,৬১,৬৯৯ ; ঘনতা ৯০৫। শহর, দর. সকরী-জয়নগর ( ৪২ মা) রেলপথের স্টে. (২৩ মা। জন. ২৩,৮০৩। সেন্ট্রাল, সমবায় ব্যাংক।...ডিগ্রী কলেজ।

**মধুমতী** (Madhumati) : যশোহর-খুলনা ও ফরিদপুর-বাখরগঞ্জ জেলার মধ্যস্থিত নদী ( দ্র. গড়াই )।

**মধেপুরা, মাধিপুরা** (Madhepura) : বিহার ; সহরসা জেলার মহ.। আ. ১,১৫৬ ব মা ; জন. ৮,৭৬,৬৫১ ; ঘনতা ৭৫৮। সদর শহর, কাটিহার-মানসি ( ৭১ মা )-সহরসা ( ১৮ মা ) জং. দিয়া মুরলীগঞ্জ লাইনের স্টেশন (১১১ মা)। স্টেশনের নাম দৌরাম-মধেপুরা।

**মধ্য আমেরিকা** (Central America) : নিকারাগুয়া, গোয়াতেমালা, হন্‌ডুরাস, কোস্‌টারিকা, সালভেদর, পানামা এই ৬টি স্পেনীশ-ভাষী গণতন্ত্র রাজ্য ও ব্রিটিশ হন্‌ডুরাস লইয়া ভূখণ্ডকে মধ্য আমেরিকা বলা হয়। দেশগুলি প্রধানত আগ্নেয়গিরির ক্রিয়ায় উৎপন্ন ও পর্বতসঙ্কুল।...উপকূলভাগে প্রচুর বারিপাত হয়। উদ্ভিদ সংস্থান নিবিড় ও বিচিত্র। স্বর্ণরৌপ্যাদি খনিজ।

**মধ্যদেশ** (Madhyadesa) : প্রাচীন ভারতের আর্য বাসভূমি। মনুসংহিতা মতে মধ্যদেশের উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্যাচল, পূর্বে প্রয়াগ ও পশ্চিমে বিনশন। পালি গ্রন্থ মতে মধ্যদেশ পূর্বকালে প্রয়াগ ছাড়াই কাজঙ্গল পর্যন্ত বিস্তৃত ছিল।

**মধ্যপ্রদেশ ও বেরার** (Central Provinces and Berar ; C. P.) : ব্রিটিশ ভারতের অন্যতম প্রদেশ। ১৮৫৩-এ মারাঠা সর্দার ভোঁসলাদের বংশ লোপ হইলে লর্ড ডালহৌসি নাগপুর রাজ্য বাজেয়াপ্ত করিয়া ব্রিটিশ ভারত অন্তর্গত করেন। ১৮৬১ অব্দে মধ্যপ্রদেশ নামে নূতন প্রদেশ গঠিত হয়। হায়দরাবাদ নিজামের বন্ধকী প্রদেশ বেরার ১৯০২-এ চিরস্থায়ীভাবে ম. প্র. অন্তর্গত হয়। বেরারের আ. ১৭,৮০৯ ব মা ; জন. ৩৬ লক্ষ। এ ছাড়া অনেকগুলি দেশীয় রাজ্য ছিল। তাহাদের আ. ৩৩,৭৪৯ ব মা ; জন. ২৮·৩৪ লক্ষ। ... ১৯০৩ হইতে প্রদেশের নাম হয় মধ্যপ্রদেশ ও বেরার। ১৯৪১-এ মধ্যপ্রদেশ ও বেরারের আয়তন ছিল ৯৮,৫৭৫ ব মা ; জন. ১,৬৮,১৩,৫৮৪ ( '৪১ )।

**মধ্যপ্রদেশ রাজ্য** ( Madhya Pradesa ) : ১৯৪৭, অগস্টে ভারত স্বাধীন রাষ্ট্র হইলে মধ্যপ্রদেশ ও বেরার 'মধ্যপ্রদেশ' নামে অভিহিত হয়। আয়তনে ম. প্র. ভারতের বৃহত্তম রাজ্য ১,৩০,২৭২ ব মা; জন. (দেশীয় রাজ্যসহ) ২,১২,৪৭,৫৩৩ ( '৫১ )। ঘনবসতি ১৬৩। ...রাজ্য একটি বিস্তীর্ণ মালভূমি ; নর্মদা, তাপ্তী, বেণগঙ্গা, ওয়ার্ধা, মহানদী প্রভৃতি প্রবাহিত ; নদী কোনটিই নাব্য নহে। বৃষ্টিপাত কম, গড়ে ৪০"-৪৫"। ফসলের মধ্যে তুলা, তৈলবীজ, জওয়ার প্রচুর উৎপন্ন হয়। বিস্তীর্ণ বনভূমি হইতে শাল, সেগুন প্রভৃতি মূল্যবান কাঠ ও কেন্দু নামক গাছের পাতা বিড়ির জন্য সংগৃহীত হয়। বিড়ির পাতা সরবরাহ এই রাজ্যের একচেটিয়া ব্যবসায়। বনাঞ্চলে সবাই ঘাস ও বাঁশ এত প্রচুর যে এইখানে ভারতের সর্বপ্রথম খবরের কাগজ তৈয়ারির কারখানা নেপানগরে খোলা হইয়াছে। খনিজ সম্পদে রাজ্য সমৃদ্ধ : কয়লা, লৌহ,

বক্সাইট, চুনাপাথর, তাম্র, অভ্র প্রভৃতি বিচিত্র খনিজ আছে। মাঙ্গানিজের প্রায় একচেটিয়াত্ব; ভিলাইতে বিরাট লৌহ-ইস্পাত কারখানা নির্মাণের পরিকল্পনা গৃহীত হইয়াছে। বহুবিধ শিল্পকারখানা প্রতিষ্ঠিত হওয়ায় রাজ্যের দ্রুত উন্নতি আশা করা যাইতেছে। মধ্যপ্রদেশের পশ্চিমাংশে মারাঠাভাষী (৩১%) ও উত্তরাংশে হিন্দীভাষীর সংখ্যাধিক্য (৫৬%)। দেশের মধ্যে বহু উপজাতির বাস (২০ লক্ষ); তন্মধ্যে খন্দ (Gondh) (৭%) প্রধান। এই দেশে দর্শনীয় বহু স্থান আছে—জবলপুরের মার্বেল পাহাড় ও নর্মদা প্রপাত, চিত্রকূট জলপ্রপাত (৯৪ ফুট), রামটেক, চান্দা, অমরাবতীর মন্দিরাদি। সেওনির জৈন মন্দির বিখ্যাত।... পাঁচমাড়ী পাহাড় স্বাস্থ্যনিবাস; সেবাগ্রাম মহাত্মাজীর বাসস্থান ছিল।... এই রাজ্যের পূর্বতন ১৫ দেশীয় রাজ্য ২২টি জেলার অন্তর্ভুক্ত হইয়াছে। রাজ্য 'ক' শ্রেণীর। এক কামরা আইনসভা; সদস্য ২৩৩। কেন্দ্রীয় লোকসভায় ২৯ ও রাষ্ট্র পরিষদে ১২ সদস্য। রাজস্ব ২৫ কোটি টাকা। ...রাজধানী নাগপুর; শৈলাবাস পাঁচমাড়ী। ...বিশ্ববিদ্যালয় নাগপুর (১৯২৩) ও সাগর (১৯৪৬)।... তাঁতশিল্প এখানে খুবই উন্নত এবং স্টেটের দৃষ্টিও এদিকে আছে। অন্তর্ভুক্ত দেশীয়রাজ্য :—মকরাই, বস্তার, সুরগুজা, চাংভাকর, চুইখাদান, কাওয়ার্ধা, খয়রাগড়, নন্দগাঁও, শক্তিসরণগড়, কাঁকের, কোরিয়া, রায়গড়, জশপুর, উদয়পুর। ১৯৫৬ পর্যন্ত ২২টি জেলা ছিল :—নাগপুর, ওয়ার্ধা, চাঁদা, বেতুল, ছিনদওয়ারা, জবলপুর, সৌগড় বা সাগর, মান্দলা (মণ্ডলা), হোসাংগাবাদ, নিমর, বিলাসপুর, দুর্গ (দ্রুগ্), ভানড়ারা, বালাঘাট, অমরাবতী, ইয়োৎমল, আকোলা, বুলদানা, রায়পুর, বস্তার, রায়গড় ও সুরগুজা।

**মধ্যপ্রদেশ** (Madhya Pradesa): ১৯৫৬-এর রাজ্য পুনর্গঠন আইন অনুসারে মধ্যপ্রদেশের আকার ও আয়তনের অনেক পরিবর্তন হইয়াছে। রাজ্যের পশ্চিমাংশের মারাঠী ওয়াড়া বা মারাঠিভাষী জেলাগুলি বোম্বাই রাজ্যভুক্ত হইয়াছে। বুলদানা, অকোলা, অমরামতী, ইয়োৎমল, ওয়ার্ধা, নাগপুর, ভানড়ারা ও চাঁদা জেলাগুলি লইয়া বিদর্ভ রাজ্য সৃষ্টির প্রস্তাব হয়। উহা পরিত্যক্ত হয়; এখন এই মারাঠীভাষী জেলাগুলি বোম্বাই রাজ্যভুক্ত হইয়াছে। মধ্যভারত ইউনিয়ন, বিন্ধ্যপ্রদেশ ও ভূপাল-এর পৃথক অস্তিত্ব নাই; এগুলি মধ্যপ্রদেশ অন্তর্গত হইয়াছে। নাগপুর বোম্বাই রাজ্য-মধ্যে যাওয়াতে রাজধানী ভোপালে স্থানান্তরিত হইতেছে। আয়তন ১,৭১,২০০ ব মা; জন. ২·৬১ কোটি। আয়তনে এখন দ্বিতীয় রাজ্য; পূর্বে প্রথম ছিল।

**মধ্যপ্রাচ্য** (Middle East): ইউরোপীয়দের নিকট তাহাদের পূর্বদিকে আফ্রোশিয়ায় যে সব দেশ অবস্থিত, তাহাদের সাধারণ সংজ্ঞা মধ্যপ্রাচ্য। তুর্কী, লেবানন, সীরিয়া, ইরাক, ইরান, জর্দন, ইস্রাইল, মিশর ও বর্তমানে সুদান ও সাউদি আরাবিয়াকে বিদেশী লোকেরা 'মধ্যপ্রাচ্য' বলিয়া অভিহিত করে। মধ্যপ্রাচ্য সংরক্ষণ সংস্থা বা Middle East Defence Organization-কে MEDO বলা হয়।

**মধ্যভারত এজেন্সি** (Central India Agency): 'মধ্যভারত' এজেন্সি নামে দেশীয় রাজ্যের একক ছিল; ২৮টি তোপসম্মানী রাজ্য ও ৬১ ক্ষুদ্র রাজ্য মোট ৮৯টি লইয়া গঠিত। ইন্দোর, রেওয়া, হীরাপুর ও লালগড় এই ৪ রাজ্য ছাড়া নিম্ন কয়েকটি বর্গে রাজ্যগুলি শ্রেণীত ছিল। (১) ভোপাল এজেন্সি ১২ রাজ্য (২) বুন্দেলখণ্ড এজেন্সি ৩৩ রাজ্য, (৩) মালব এজেন্সি ৪০ রাজ্য, মোট ৮৯। আ. ৫১,৬৫১ ব মা; জন. ৬৬ লক্ষ।

**মধ্যভারত** (Madhya Bharat): পূর্বতন মধ্যভারত এজেন্সির ২৪টি করদরাজ্য একত্র করিয়া ১৯৪৮, মে ২৮-এ এই নূতন রাজ্য গঠিত হয়। রাজস্থান, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ ও বোম্বাই রাজ্য দ্বারা বেষ্টিত। বিন্ধ্যাচল ও সাতপুরা পাহাড়; নর্মদা, শিপ্রা, চম্বল, বেতোয়া প্রভৃতি নদী। রাজ্যের আয়তন ৪৬,৪৭৮ ব মা; জন. ৭৯,৫৪,১৫৪ ('৫১); ঘনতা ১৭১। রাজ্যের দক্ষিণাংশে কার্পাস চাষ হয়; ইন্দোর, উজ্জয়িনী, গবালিয়র, রতলাম ও দেওয়াসে কাপড়ের কল আছে। এখানকার জনসংখ্যার ৭৭ শতাংশ হিন্দু, ১৫ শতাংশ

উপজাতি ও ৬ শতাংশ মুসলমান। সাক্ষর লোক ছিল মাত্র ১০·৮ শতাংশ। রাজ্য তালিকা :—আলিরাজপুর, বারওয়ানি, দেওয়াস (বড় তরপ), দেওয়াস (ছোট), ধার, গবালিয়র, ইন্দোর, জাওরা, ঝাবুয়া, খিলচিপুর, নরসিংগড়, রায়গড়, রাতলাম, সইলানা সীতামৌ, জোবাট, কাথিবারা, করওয়াই, মঠওয়ার, পিপলোদা, নিমখেরা, জামনিয়া ও রাজগড়।

মধ্যভারত রাজপ্রমুখ শাসিত দেশ (১৯৪৮, মে ২৮) ছিল ; গবালিয়রের সিন্ধিয়া রাজপ্রমুখ, ও ইন্দোরের হোলকার উপ-রাজপ্রমুখ ছিলেন। রাজধানী গ্রীষ্মকালে গবালিয়র, শীতকালে ইন্দোর। ...বর্তমানে ১৬ জেলা। গ্রাম ২১,২০১। মিউনি. ৮৪। পঞ্চায়েৎ ৪,৫৫৭। জেলার নাম—উত্তর বিভাগ : গির্দ (Gird), ভিন্দ, মোরেনা, শিবপুরী, গুণা, রাজগড়, শাজাপুর ও ভিলসা ; দক্ষিণ বিভাগ : ইন্দোর, দেওয়াস, উজ্জয়িনী, ধার, নিমার (খড়গাঁও), রাতলাম মন্দসৌর, ঝাবুয়া। ...১৯৫৬ নভেম্বর হইতে মধ্যভারত ইউনিয়ন মধ্যপ্রদেশ ভুক্ত হইয়াছে। রাজপ্রমুখ শাসনের অবসান হইয়াছে। ভোপাল মধ্যপ্রদেশের নূতন রাজধানী।

**মধ্যসৌরাষ্ট্র** (Central Saurashtra): সৌরাষ্ট্রের জেলা : রাজকোট, মোর্বি, গোন্ডল ও জেতপুর প্রভৃতি ১৪ তালুক। আ. ৪,৪১৭ ব মা ; জন. ১০·৪৫ লক্ষ ; ঘনতা ২৩৭। প্রধান শহর রাজকোট।

**মনচেরিয়াল** (Mancherial): হায়দরাবাদ রাজ্যের (অন্ধ্র-তেলেঙ্গনা বিভাগ) শহর ; কাজিপেট-ওয়ার্ধা রেলপথের স্টে. (৬৭ মা)। ওয়ার্ধা ১৬৩ মা। জন. ৯,০২৪।

**মনটগোমরী** (Montgomery): পাক-পঞ্জাবের জেলা। আ. ৫,৫৭৪ ব মা ; জন সংখ্যা -১৫১-এ ১৮·১৪ লক্ষ ; ১৮৯১-এ ছিল ৪·১৬ লক্ষ। —শহর (জন. ৩৮,৩৪৫) লাহোর-মুলতান রেলপথের স্টেশন (১০৪ মা)। কলিকাতা হইতে ১,৩৮১ মা। ...এখানকার এক জাতের গরু বিখ্যাত।

**মনটরিল** (Montreal), **মঁরেঅল** : কানাডার বৃহত্তম নগর ; অটোয়া ও সেন্টলরেন্স নদীর সঙ্গমস্থলে দ্বীপে অবস্থিত। বিশিষ্ট বাণিজ্য ও বহুবিধ শিল্পের কেন্দ্র, পোতাশ্রয় ও বন্দর। এখানে ২ বিশ্ববিদ্যালয় ; অধিবাসীরা বেশির ভাগ ফরাসীভাষী। জন. ১০·৪৬ লক্ষ।

**মনটানা** (Montana): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৮০৯ প্রথম উপনিবেশ। ১৮৫৮-এ খনিজের সন্ধান পাইলে লোকবসতি আরম্ভ হয়। ১৮৮৯-যুক্তরাষ্ট্র ভুক্ত। আ. ১,৪৭,১৩৮ ব মা ; জন. ২৮ লক্ষ ('৫৪)। রাজধানী—হেলেনা (Helena)।

**মনটেকার্লো** (Montecarlo): ফ্রান্সের দক্ষিণে ভূমধ্যসাগর তীরস্থ মোনাকো (দ্র.) রাজ্যের প্রধান শহর। নীস (Nice) হইতে ১০ মা উ.-পূর্বে। এখানে বিখ্যাত জুয়াখেলার (Casino) আড্ডা আছে ; বৎসরে প্রায় ৬৫ হা. জুয়াড়ি এখানে আসে। ১৯৩৭ স্থানীয় প্রিন্স বা শাসক জুয়া-দোকানীদের নিকট হইতে একলক্ষ পাঃ কর পান। সমুদ্রতীরে বহু সুন্দর হোটেল আছে। জন. প্রায় ৮ হা.।

**মনটেনিগ্রো** (Montenegro): যুগোস্লাভিয়ার অন্যতম স্টেট। আ. ৫,৩৪৩ ব মা ; জন. ৩·৭৬ লক্ষ। ১ম মহাযুদ্ধের পর সার্বিয়ার সহিত যুক্ত হয় (১৯১৮, নবেম্বর)। আ. ছিল ৩,৭৩৮ ব মা। প্রধান শহর সেটিনিয়া (Cetinje)।

**মনটেভিডো** (Montevido): দ. আমেরিকার উরুগুয়ে রাজ্যের রাজধানী ও লা প্লাটা নদীতীরস্থ বন্দর। কয়লা বোঝাই-এর বন্দর। এখান হইতে প্রচুর মাংস রপ্তানি হয়। ...জন. প্রায় ৮ লক্ষ। বিশ্ববিদ্যালয় ১৮৫৯-এ প্রতিষ্ঠিত।

**মনড্যা** (Mandya): মহীশূর রাজ্যের নূতন জেলা ; মহীশূর জেলা হইতে কাটিয়া ১৯৩৯-এ গঠিত। আ. ১,৯১৫ ব মা ; জন. ৬,৩৫,৫৮৮। কাবেরী নদী প্রবাহিত। কৃষ্ণরাজসাগর হইতে জল সেচন হয় ; শিবসমুদ্রম দ্বীপস্থ জলবিদ্যুৎ কেন্দ্র হইতে বিজলী সরবরাহ হয়। জেলার দক্ষিণাংশে ইক্ষুর ব্যাপক চাষ হয়। শ্রীরঙ্গপট্টম এই জেলার মধ্যে অবস্থিত। ...মনড্যা শহর (জন. ২১,১৫৮) বঙ্গলুর-মহীশূরের মধ্যে স্টেশন (৫৮ মা)।

**মনমাদ, মনমার** (Manmad ; Manmar): বোম্বাই রাজ্য ; নাসিক জেলার শহর। অজন্টা-ইলোরা যাইতে

হইলে এই পথে যাইতে হয়। মনমাদের নিকট কতকগুলি বৌদ্ধগুহা আছে। জন. ১৮,৬৫০। দেব-করন, বো. স্টে. কো.অপ. ব্যাংক।

**মন্‌রোবিয়া** ( Monrovia ): আফ্রিকা ; লাইবেরিয়া রাজ্যের রাজধানী ও অতলান্তিকের বন্দর। মার্কিন প্রে. মন্‌রো-র নামানুসারে। ১৮২২-এ আমেরিকান কলোনিজেশন সোসাইটি কর্তৃক প্রাক্তন-দাসদের পুনর্বসনের জন্য এই স্থান মনোনীত করা হয়। ১৮৬৩ এখানে কলেজ অব ওয়েস্ট আফ্রিকা প্রতিষ্ঠিত হয়। ...বহু চার্চ মিশন ; বিমান বন্দর। জন. ১২ হা.।

**মনিকর্নিকা** ( Manikarnika ): কাশী নগরীর গঙ্গা-তীরস্থিত একটি বিশিষ্ট ঘাট ও শ্মশান। হিন্দুদিগের পবিত্র স্থান। নামের উৎপত্তি সম্বন্ধে বিভিন্ন পুরাণে নানা প্রকার আখ্যান দেওয়া আছে।

**মনিপুর** ( Manipur ): ভারতের 'গ' শ্রেণীর রাজ্য ; উত্তর-পূর্ব সীমান্তে অবস্থিত। আ. ৮,৬২৮ ব মা ; জন. ৫,৭৭,৬৩৫ ; ঘনতা ৬৭। ১৯৫১-এ মনিপুরে হিন্দু ৩,৫৭,৩২৫ ( অধিকাংশই বৈষ্ণবধর্মী ); মুসলমান ৩৭, ১৯৭ ; খ্রীষ্টান ৬৮,৫০০ ; উপজাতীয় ১,২৪,৪৮৫। পূর্বে মনিপুর দেশীয় রাজ্য ছিল। ১৯৪৯, অক্টোবরে ভারতভুক্ত হয়। রাজধানী—ইম্ফল।

পর্বতমালা বেষ্টিত মনিপুর উপত্যকার গড় উচ্চতা ২,৬০০ ফুট। বৃষ্টি ৬৫"। রাজ্যে ৪০টি উপজাতির বাস। তন্মধ্যে নাগা ও কুকিরা প্রধান। বহু উপভাষা চলিত। মনিপুরী ও ইংরেজী সরকারী ভাষা। মনিপুরী ভাষা বাংলা লিপিতে লিখিত হয়। বাংলার বৈষ্ণব গোস্বামীদের দ্বারা ১৮ শতকে বৈষ্ণব ধর্ম প্রচারিত হয়। বাংলা ভাগবত ও চৈতন্যচরিতামৃত প্রভৃতি ধর্মগ্রন্থ মনিপুরবাসীরা পাঠ করে। ১৭১৭ অব্দে নাগা-জাতীয় জনৈক রাজা হিন্দু ধর্ম গ্রহণ করেন। ইনি বারংবার ব্রহ্মদেশ আক্রমণ করেন। বর্মীরা প্রতিশোধ লইতে উদ্যত হইলে মনিপুর রাজ ইংরেজের সহায়তা গ্রহণ করেন। ১ম বর্মী যুদ্ধের সময়ে বর্মীরা মনিপুর আক্রমণ করে, কিন্তু যুদ্ধান্তে বর্মীরাজ ও ইংরেজ কর্তৃক মনিপুর স্বাধীন রাজ্য বলিয়া ঘোষিত হয় ( ১৮২৬ )। ১৮৯১-এ মনিপুর রাজ্যের সিংহাসনের অধিকার লইয়া গৃহবিবাদের সুযোগে ইংরেজ মনিপুর যুদ্ধে প্রবৃত্ত হয়। ফলে ১৮৯১ হইতে ১৯০৭ পর্যন্ত নাবালক রাজার অছিরূপে ইংরেজ পলিটি-কাল এজেন্ট দেশ শাসন করে। অতঃপর বরাবর ভারতীয় সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল।...বর্মা হইতে দুইটি পার্বত্যপথ মনিপুরে প্রবেশ করিয়াছে। ২য় মহাযুদ্ধের সময় এই পথ বহুল ব্যবহৃত হয়। মনিপুরী নৃত্য প্রাচ্য নৃত্য-কলায় বিশেষ সমাদৃত। মনিপুরীদের জাতীয় খেলা হইল 'পোলো'। মনিপুরী তাঁত সর্বত্র আদৃত হইতেছে। ধান্য প্রধান উৎপন্ন ফসল।

**মনিপুর রোড** ( Manipur Rood ): আসাম রাজ্যের নওগাঁও জেলার রেলস্টেশন। উ.-পূ. রেলপথের পাণ্ডু-তিনসুকিয়া রেলপথে অবস্থিত ( ১৬১ মা )। এখান হইতে ইম্ফল পর্যন্ত মোটর পথ আছে (৯০ মা)।

**মনিপুর** (Manipur): মহাভারতে উল্লিখিত চিত্রাঙ্গদার পিতৃভূমি। অনেকের অনুমান ইহা কলিঙ্গ দেশের রাজধানী ছিল। বর্তমান মণিপট্টম চিলকা-হ্রদের নিকটবর্তী বন্দর বিশেষ।

**মনিরামপুর** (Manirampur): (১) পূ. পাক. ; যশোহর জেলা, সদর মহ.র থানা, বাজার, ডাকঘর, রেজি-অপিস (১৮৭৪) ; য. হইতে কেশবপুর সড়কের ধারে অবস্থিত। (২) বারাকপুরের নিকটস্থ পল্লী ; সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়র বাড়ি এইখানে।

**মনিহারী** (Manihari): বিহার ; পূর্ণিয়া জেলার গ্রাম ও উ.-পূ. রেলওয়ের স্টেশন ; কলিকাতা হইতে সকৃরিগলি জং. ( ২১৭ মা ) ; এখানে গঙ্গা পার হইয়া মনিহারী ঘাট।

**মনোহরদি** (Manohardi): পূ-পাক. ; ঢাকা জেলা, নারায়ণগঞ্জ মহ.র থানা। আ. ৯৮ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস ( ১৯০৭ )।

**মন্তেশ্বর** (Mantesvra): বর্ধমান জেলার কালনা মহ-কুমার থানা। আ. ১১৮ ব মা ; জন. ৭৮,৫৫৯। গ্রাম ১৩৪। ঘনতা ৬৬৭। থানায় ৬টি উচ্চ বিদ্যালয় আছে। গ্রাম খাড়ি নদীর পূর্বতীরে। রেজি. অপিস, ডাকঘর, ডিসপে., উচ্চ বিদ্যালয়। গুসকরা হইতে মোটরপথ।

**মন্দোসর** ( Mandasor, Mandsaur ): মধ্যভারত

ইউনিয়নের ( মধ্যপ্রদেশ ) জেলা ও শহর। পূর্বে ইহা গবালিয়র রাজ্যের অন্তর্গত ছিল। শহর ( জন. ২২ হা. ) অজমের রাতলাম রেলপথের স্টেশন। অজমের হইতে ১৮১ মা। ১৮১৮-এ এইখানে ব্রিটিশ ও ২য় মলহর রাও হোলকার এর মধ্যে সন্ধি হয়।...সিপাহীবিদ্রোহের সময় এই স্থানে ১৮৫৭-এ ইংরেজদের সহিত ভীষণ যুদ্ধ হয়। ...মন্দোসরের নিকট প্রাচীন দশপুর নগর ছিল; সেখানে যশোধর্মনের লাট বা স্তম্ভ এবং গুপ্ত যুগের শিব ও গণেশ মূর্তি প্রভৃতি পাওয়া গিয়াছে। ৪৬১ বিক্রমাব্দ নরবর্মন ও ৫৮৯ বি. অ. যশোধর্মন-বিষ্ণু-বর্ধনের লিপি আবিষ্কৃত হইয়াছে।

**মন্দাকিনী** (Mandakini river): উত্তরপ্রদেশের নদী। গঢ়বাল-কুমায়ুন অঞ্চলের অলকানন্দার শাখা, অপর নাম কালি। কেদারনাথ পর্বতের দক্ষিণে উঠিয়া গঢ়-বালের মধ্য দিয়া প্রবাহিত ও রুদ্রপ্রয়াগের নিকট অলকানন্দার সহিত মিলিত হইয়াছে। দৈর্ঘ্য ৫৫ মা।

**মন্দার গিরি** (Mandar Hills): বিহার; ভাগলপুর জেলার পাহাড় ( ৭০০ ফুট )। ভাগল. শহর হইতে শাখা রেলপথ (৩১ মা) মন্দার পর্যন্ত গিয়াছে। পর্বতের ইতঃস্তত প্রাচীন অট্টালিকার ধ্বংসাবশেষ দেখা যায়।... লোকবিশ্বাস বিষ্ণু এইখানে মধুকৈটব দৈত্যের শিরচ্ছেদ করেন। পাহাড়ের এক স্থানে পাথরের গায়ে মধু-কৈটবের মূর্তি খোদাই দেখানো হয়।... অশোকের এক লাঠ বা স্তম্ভ এখানে আছে।

**মন্দিরবাজার** (Mandirbazar): ২৪-পরগনা জেলা; ডায়মণ্ডহারবার মহ. র নূতন থানা। মথুরাপুর রোড্ স্টেশন হইতে ৬ মা পশ্চিমে অবস্থিত গ্রাম; রাস্তার পাশ দিয়া খাল। কেশবেশ্বরের মন্দির বিখ্যাত।

**ময়না** (Mayna), **ময়নাগড়, ময়না নগর**: মেদিনীপুর জেলা; তমলুক মহকুমার থানা। আ. ৫৭ ব মা; জন. ৬৯,৬৩৯; ঘনতা ১,১২৫। কাঁসাই, হলদি ও কালিঘাই নদী।...ময়নাগড় প্রাচীন শহর; তমলুক হইতে ৯ মা। এখানে কর্ণসেন ও তাঁহার পুত্র লাউ ( লব )-সেনের বিশাল গড়ের ধ্বংসাবশেষ এখনো আছে। গড়ের ক্ষেত্রফল ৬২,৫০০ বর্গফুট; চারিদিকে পরিখা। ইছাইঘোষের নিকট প্রথমে কর্ণসেন পরাভূত হন; বহুকাল পরে কর্ণসেনের পুত্র লাউসেন ইছাই-ঘোষকে পরাভূত ও নিহত করেন। ( দ্র. অজয়গড়, ঢেকুর )। ময়না গ্রামে যোগদ ব্রহ্মচারী বিদ্যালয় আছে।

**ময়নাগুড়ি** (Mainaguri): জলপাইগুড়ি জেলার সদর মহ.র থানা। আ ২৫২ ব মা; জন. ৮৮,৩১৫। ঘনতা ৩৫১। ...ম. শহর ব্যবসায়ের বড় কেন্দ্র ( জন. ১,১৩৪ ), ধরলা নদীতীরে অবস্থিত।

**ময়নামতী, মইনামাটি** (Maynamati, Mainamati): পূ. পাক.; ত্রিপুরা জেলার কুমিল্লা শহরের ৫ মা পশ্চিমে অনুচ্চ শৈল। এই ভূভাগে প্রাক্‌মুসলীম পর্বের বহু চিহ্ন বিদ্যমান। রাজা মানিকচন্দ্রের পত্নী ময়নামতীর কাহিনী এই স্থানের সহিত জড়িত। পটিকেরক বা পটিকের নামে রাজ্য এইখানে ছিল। বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ ও বহু জৈন এবং হিন্দু দেবদেবীর মূর্তি পাওয়া গিয়াছে। রনবঙ্কমল্ল হরিকালদেবের তাম্র শাসন ( শকাব্দ ১১৪১ ) এই ঢিবিতে পাওয়া যায়। ...২য় মহাযুদ্ধের সময় যুদ্ধের বিমানঘাঁটি প্রভৃতি নির্মাণকালে ক্ষুদ্র শৈল প্রায় নিশ্চিহ্ন হইয়া সমতল হইয়া গিয়াছে।

**ময়মনসিংহ** ( Mymansing ): পূ. পাকিস্তান; ঢাকা বিভাগের জেলা। অখণ্ড বঙ্গের এবং এখনো পূর্ব পাকি-স্তানের বৃহত্তম জেলা। জেলার উত্তরাংশ পার্বত্য ও জঙ্গলপূর্ণ; এখানে হাজোং নামে আদিম জাতির বাস। অরণ্যে হাতী আছে। বহু নদী জেলার মধ্যে প্রবাহিত। নানা কৃষিজাত উৎপন্নের মধ্যে পাট প্রধান। ...আ. ৬,১৫৬ ব মা; জন. ৫৮·০৪ লক্ষ। জেলার ৬ মহকুমা: উত্তর সদর, দক্ষিণ সদর, জামালপুর, টাং-গাইল, নেত্রকোনা, কিশোরগঞ্জ।...এই জেলায় বড় বড় হিন্দু জমিদার ছিলেন: সন্তোষ, মুক্তগাছা, শেরপুর, আঠারবাড়ি, গৌরীপুর, আমবাড়িয়া বড় তরফ, ময়মন-সিংহ মহারাজার এস্টেট, কালিপুর ছোট তরফ, রাম-গোপালপুর। জমিদারী স্বত্ব বিলোপ আইন অনুসারে এখন ইহারা প্রায় নিশ্চিহ্ন। সবশুদ্ধ এখানে ১০,৭৪৯টি জমিদারী স্বত্ব ছিল। ...সদর শহরের ( জন. ৫৩ হা. ) পাশ দিয়া ব্রহ্মপুত্রের যে ধারা বহিত, তাহা মজিয়া

আসিয়াছে। ব্যাংক : সেন্ট্রাল; স্টেট ব্যাং. অব্ ইন্ডিয়া; মুসলীম কমার্শিয়াল, ইউনাইটেড। এখানকার আনন্দমোহন কলেজ আনন্দমোহন বসুর নামানুসারে প্রতিষ্ঠিত। বিদ্যাময়ী বালিকা বিদ্যালয় বিখ্যাত প্রতিষ্ঠান।

**ময়ূরভঞ্জ** (Mayurbhanj) : পূর্বতন ঈ. স্টে. এজেন্সির করদরাজ্য। আয়তন ৪,২৪৩ ব মা; জন. সংখ্যা ১০ লক্ষাধিক ছিল। এই অঞ্চল অতি প্রাচীন; বৌদ্ধধর্মের শেষ পর্বের বিচিত্র সাধনার কেন্দ্র ছিল; এখানকার ভাস্কর্য ও স্থাপত্যের বৈশিষ্ট্য সর্ববাদীসম্মত। রাজবংশ প্রাচীন; মুঘল ও মারাঠাদের রাজত্বকালে রাজারা প্রায়-স্বাধীন ভাবে রাজ্য শাসন করিতেন। ১৭৬১ অব্দে ঈ. ই. কোম্পানি মেদিনীপুরের জমিদারী স্বত্ব লাভ করিলে রাজারা ইংরেজের সংস্পর্শে আসেন। ১৮২৯-এ ইংরেজ সরকারের সহিত মৈত্রী-সন্ধি স্থাপিত হয়। ...রাজধানী বারিপদ (দ্র.) নানাদিক হইতে আধুনিক শহর হইয়া উঠিয়াছিল। ..রাজ্যের আয় ছিল ২৯,৪১,০০০ টাকা; বার্ষিক কর দিতে হইত ১,০৬৮ টাকা মাত্র। ...১৯৪৯ জানুয়ারিতে রাজ্য ভারতভুক্ত হইলে উহা ওড়িশার জেলায় পরিণত হয় এবং রাজাকে বার্ষিক ৩,২৭,৪০০ টাকা ভাতা দেওয়ার ব্যবস্থা হয়।...

**ময়ূরভঞ্জ জেলা**—ওড়িশা রাজ্যের জেলা। মেদিনীপুরের সংলগ্ন। জেলার আ. ৪,০২৪ ব মা; জন. ১০,২৮,৮২৫। ...মহকুমা ৪টি : সদর, বামনঘাটি, পাঁচপুর ও কাপটিপদ। ...ময়ূরভঞ্জ মহকুমার আ. ২,১০৫ ব মা; জন. ৪,৪০,০১৯। থানা ৯টি। বারিপদ প্রধান শহর। ...এই জেলার লৌহ আকর হইতে জামসেদপুরের লৌহ কারখানায় লৌহচুর সরবরাহ হয়। গরুমহিষাণী, স্থলাইপেট, বাদামপাহাড়ী হইতে লৌহচুর রেলগাড়ি করিয়া টাটানগরে নীত হয়।

**ময়ূরম** (Mayuram) : মদ্রাজ; তাঞ্জোর জেলার তালুক মায়াবরম (Mayavaram)-এর বর্তমান নাম। ...এখানকার শিবমন্দিরে এক বিরাট গোপুরম আছে। নবেম্বর মাসে এখানে বহু হিন্দু যাত্রী তীর্থ করিতে আসে। ...জন. ৪৩,৩৬৪। ৬টি ব্যাংক, অধিকাংশই দক্ষিণ দেশীয়।

**ময়ূরাক্ষী** (Mayurakshi) **নদী** : বিহার; সাঁওতাল পরগনায় উঠিয়া বীরভূম ও মুর্শিদাবাদ জেলার মধ্যদিয়া পূর্বদিকে ভাগীরথী গঙ্গায় পড়িয়াছে (১৫০ মা)। সিউরীর নিকট তিলপাড়ার (দ্র) ব্যারাজ সেতু নির্মাণ করিয়া জলসেচের ব্যবস্থা হইয়াছে। ময়ূরাক্ষী পরিকল্পনার সুযোগ পাইবে সাঁওতাল পরগনা, বীরভূম ও মুর্শিদাবাদ জেলার ১,৪০০ ব মা পরিমিত স্থান। সেচ পাইবে ৬ লক্ষ একর খরিফ-শস্য (জুন হইতে অকটোবর), ও ১,২০,০০০ একর রবি-শস্য (নবেম্বর-মে)। ইহার ভিতর ২০,০০০ একর মাত্র পতিত জমি। ১৯২৮ সালে ময়ূরাক্ষী পরিকল্পনার কথা প্রথম শোনা যায়; কিন্তু ১৯৪৮-এর পূর্বে তিলপাড়ার বাঁধ বা ব্যারাজ আরম্ভ হয় নাই; ১৯৫১-এ ইহার নির্মাণ কার্য শেষ হয়। তিলপাড়া ব্যারাজ হইতে সেচ-খাল জেলার নানাদিকে গিয়াছে; প্রায় ১,০৬০ মা ময়ূরাক্ষী নদী বাঁধিয়া মসানজোড় জলবিদ্যুৎ কেন্দ্র নির্মিত হইয়াছে।

**ময়ূরেশ্বর** (Mayuresvara) : বীরভূম; রামপুরহাট মহ.র থানা। আ. ১৪৭ ব মা; জন ৯১,৮৩৫; ঘনতা ৬২৫। ...ময়ূরেশ্বর ক্ষুদ্র গ্রাম; জন. ৫৫৪। ডাকঘর, ডিসপেন্সারি, পাঠশালা আছে। ...সাঁইথিয়া-কাঁদি সরকারী সড়ক হইতে ভাঙিয়া উত্তরে গেলে ম. গ্রাম। ময়ূরেশ্বর নামে প্রাচীন শিবলিঙ্গ আছে।

**মরদান** (Mardan) : পাকিস্তান; উ.-প. সী. প্রদেশের জেলা; পূ.-দক্ষিণে সিন্ধু নদ; উত্তর ও পশ্চিমে হিমালয়ের শাখা। আ. ১,০৯৮ ব মা; জন. ৫·৯৮ লক্ষ। সোয়াত খালধৌত দেশ। সৈন্যছাউনি সমেত মরদান শহরের জন. ৪২,৪১৪। ...শহর হইতে ৭ মা উ.-পূর্বে শাহবাজগড়, যেখানে অশোকের খরোষ্ঠি শিলালেখ আছে।

**মরমরা সাগর** (Sea of Marmara) : এশিয়ান ও ইউরোপীয় তুর্কীর মধ্যে সাগর; ভূমধ্যসাগর হইতে এই সাগরে প্রবেশ মুখে দার্দানেলিস প্রণালী এবং কৃষ্ণসাগরের সহিত বসপরাস প্রণালী দ্বারা যুক্ত। দৈর্ঘ্য ১৭ মা; প্রস্থ ৫০ মা।

**মরাক্কেশ** (Marrakesh) : মরোক্কো রাজ্যের নগর; উপকূল হইতে ৯০ মা ও রাজধানী ফেজ্ হইতে ২৫০

মা.। ঐতিহাসিক দিক হইতে ইহাই মরোক্কোর রাজধানী। জন. ২,৩৮,২৩৭। পার-সাহারা যাত্রী সার্থবহের দল এই শহর দিয়া যাওয়া-আসা করে।

**মরিটনিয়া** (Mauretania): উত্তর আফ্রিকার ভূমধ্যসাগর তীরস্থ প্রাচীন দেশ; বর্তমান অলজিরিয়া; মরোক্কো প্রভৃতি স্থান, নিউমিডিয়া পশ্চিমে। রোমানরা এই দেশ খ্রী. পূ. ১ শতকে অধিকার করে। রোমানদের পতনের পর ভান্ডাল্‌দের (Vandals) দখলে আসে।

**মরিয়ানী** (Mariani): আসাম; শিবসাগর জেলার জোড়হাট মহ.র শহর। পাণ্ডু তিনসুকিয়া রেলপথের জং. স্টেশন (২২৮ মা); এখান হইতে ফারকাটিং পর্যন্ত শাখা রেলের (৫৩ মা) উপর জোড়হাট শহর ১০ মা দূরে অবস্থিত।

**মরিশাস** (Mauritius): ভারত মহাসাগরের দ্বীপ; ব্রিটিশ কলোনী। মাদাগাস্কার হইতে ৫০০ মা পূর্বে। আ. ৭২০ ব মা; জন. ৪·২০ লক্ষ। বহুকাল হইতে এই দ্বীপ আরব নাগরিকদের নিকট সুপরিচিত ছিল। ১৭১০-এ ইহা ফরাসীদের দখলে, ১৮১৪-এ নেপোলনীয় যুদ্ধের অবসানে কায়েমিভাবে ইংরেজদের দখলে আসে।...ব্রিটিশ সাম্রাজ্যে দাসপ্রথা রদ হইয়া গেলে মরিশাসের বাগিচার জন্য ভারতীয় চুক্তিবদ্ধ কুলি-প্রথা (indentured labour) ১৮৩৪-এ প্রবর্তিত হয়। সেইজন্য এখন এখানে ভারতীয়দের সংখ্যাধিক্য। মোট জনসংখ্যা ৪২০ লক্ষের মধ্যে ভারতীয় ৩,২২,৭৭২ ('৫২)।...এখানকার প্রধান উৎপন্ন চিনি। ২৩·২৮ কোটি টাকার চিনি রপ্তানি হয় ('৫২)। ১৫৯৮-এ ওলন্দাজরা কলোনী করে; প্রিন্স মরিস (Maurice)-এর নামানুসারে দ্বীপের নামকরণ হয়।

**মরোক্কো** (Morrocco: Moghreb al Aksa দূরতম পশ্চিম): আফ্রিকার রাজ্য; উত্তর-পশ্চিম কোণে অতলান্তিক ও ভূমধ্যসাগর তীরে, আটলাস পর্বতের উত্তর ও দক্ষিণে বিস্তীর্ণ দেশ।...আরবরা ৭ম শতকের শেষদিকে এখানে আসে। মরাকেশ নগর ১০৬২-তে স্থাপিত; প্রতিষ্ঠাতারা ইতিহাসে অল্‌মোরাবিদ নামে খ্যাত। বর্তমান রাজবংশ ১৭ শতক হইতে এখনও রাজত্ব করিতেছেন।...ভূমধ্যসাগরের উপকূল কালে জলদস্যুদের আড্ডা হইয়াছিল। ১৯১২-এ ফ্রান্স ও স্পেনের প্রোটেক্‌টোরেট ঘোষিত হয়। অলজেরিকাসের বৈঠকে (Alegericas Conference) স্থির হইল অর্থনৈতিক ব্যাপারে মরোক্কো আন্তর্জাতিক; ১৯১১-এ মরোক্কোর উপর ফ্রান্সের অভিভাবকের দায়িত্ব (Protectorate) দেওয়া হইল। স্পেন, ফ্রান্স ও ব্রিটেন যুক্তভাবে ১৯২৩-এ টানজিয়ার এলাকাকে আন্তর্জাতিক ঘোষণা করে। ২য় মহাযুদ্ধের সময় স্পেন ইহা দখল করে, কিন্তু ১৯৪৫-এ পুনরায় আন্তর্জাতিক শাসনাধীনে আসে।...১৯৫৩ ফরাসী মরোক্কো অগস্ট মাসে নূতন সুলতানকে বসানো হয়; ১৯৫৫ হইতে চারিদিকে ফরাসীদের বিরুদ্ধে বিদ্রোহ দেখা দিয়াছে। মরোক্কোর দুইটি বিভাগ—ফরাসীমণ্ডলে সুলতান বাস করেন। স্পেনীশ মহল অপেক্ষাকৃত ক্ষুদ্র; তজ্জন্য সমস্যা সেখানে কম নহে। তানজিয়ার (Tangier) বন্দর এলাকা ১৯২৩ হইতে আন্তর্জাতিক (২২৫ ব মা)। ফরাসী অংশের আয়তন ১,৫৩,০০০ ব মা। রাজধানী রবাট (Rabat)। স্পেনীশ অংশের আয়তন ১৮,০০০; তেতুয়ান (Tetuan) রাজধানী। কাসাব্লাংকা (Casablanca) জন. ৫৫০ লক্ষ) প্রধান নগর ও বন্দর।

**মলয় পর্বত** (Malay Hills): দ. ভারতে পশ্চিমঘাট পর্বতমালার দক্ষিণাংশকে সাধারণভাবে মলয়গিরি বলা হয়। আনামলয় পর্বত অন্যতম। ম. প. অগস্ত্যমুনির আশ্রম ছিল বলিয়া কিংবদন্তী।

**মলুকু, মলাকজ** (Moluccas): ইন্দোনেশিয়ান রিপাবলিকের অন্যতম দ্বীপ; মধ্যযুগে স্পাইস বা মশলাদ্বীপ নামে খ্যাত। অনেকগুলি দ্বীপপুঞ্জ লইয়া স্টেটের আ. ৩৩,৩১৫ ব মা; জন. ৫·২৫ লক্ষ। সাগু, নারিকেল ও মশলাপাতি প্রধান রপ্তানি সামগ্রী।

**মল্লারপুর** (Mallarpur): বীরভূম জেলা; রামপুরহাট মহ.র ময়ূরেশ্বর থানার সমৃদ্ধিশালী গ্রাম ও বাজার। গ্রামে মল্লেশ্বর শিব প্রতিষ্ঠিত। মল্ল বা মাল নামে উপজাতির বাস ছিল; এই মালরা পটুয়ার কাজ করিত; এখন অধিকাংশই মুসলমান।.. ম. হইতে ৭ মা পূর্বে বীরচন্দ্রপুর, একচক্রপুর।

**মস্‌কট** (Muscat)—**ওমন** (Oman) : মস্‌কট-ওমনের নামে-মাত্র স্বাধীন সুলতানী রাজ্য আরাবিয়ার পূর্ব-কোণে অবস্থিত। আ. ৮২,০০০ ব মা ; জন. ৫·৫০ লক্ষ। রাজ্যের উপকূল প্রায় সহস্র মা। মস্‌কটের খেজুর বিখ্যাত ; বাগান প্রায় ১৫০ মা বিস্তৃত। ... রাজধানী মস্‌কট ( জন. ৫,৫০০ )। ব্যবসায় উপলক্ষ্যে পাকিস্তান ও ভারত হইতে ব্যবসায়ীরা বাস করে।

**মস্‌কৌ** (Moscow, Moskva) : সোবিয়েত উইনিয়ন ও সো. রিপাবলিকের রাজধানী। ভলগার উপনদী-তীরে অবস্থিত। ১১৪৭-এ নগরী প্রতিষ্ঠিত। ১২৬৩ হইতে ১৭০৩ পর্যন্ত রুশিয়ার রাজধানী। ১৯১৭-র বল্‌শিভিকি বিপ্লবের পর হইতে পুনরায় রাজধানী হইয়াছে। ...মস্‌কৌ বিরাট জংশন। বহু শিল্প ও কারখানার কেন্দ্র। খাল ও নদীপথ দিয়া কাস্‌পিয়ান হ্রদ ও ব্লাকসীর সহিত যুক্ত। ...নেপোলিয়নের আক্রমণের সময় ( ১৮১২ ) নগর পুড়িয়া ধ্বংস হয় ; ১৮১৬-এ পুনর্গঠিত হয়। রুশের দুর্গ-প্রাসাদ ক্রেমলিন-এর স্থাপত্য শৈলী সম্পূর্ণ নিজস্ব। নগরমধ্যে বহু চার্চ, লেনিনের কবর-সৌধ, লেনিন লাইব্রেরি, রেড স্কোয়ার, প্রভৃতি বহু দর্শনীয় স্থান আছে। ...জনসংখ্যা প্রায় ৫১ লক্ষ।

**মসানজোড়** ( Masanjore ) : বিহার ; সাঁওতাল পরগণার পাহাড় ; ময়ূরাক্ষী নদী পাহাড়ের সংকীর্ণ পথ দিয়া প্রবাহিত। এই স্থানে বাঁধ দিয়া নদী নিয়ন্ত্রণ ব্যবস্থা হইয়াছে। সিউড়ি হইতে যে-পথ দুমকা গিয়াছে বাঁধ সেই পথের ধারেই ; এখান হইতে দুমকা ১২ মা। বাঁধ ( ১১২ ফুট উচ্চ ) নির্মিত হওয়ায় প্রায় ১৯,০০০ একর ভূমি জলমগ্ন হইবে। ১৯৫৬ নবেম্বর জলবিদ্যুৎ সরবরাহের কল স্থাপিত হইয়াছে। এখান হইতে বিহার ও প. বাংলা প্রচুর বিদ্যুৎশক্তি পাইতেছে। ... বিহার ও প. বাংলা সরকার যৌথভাবে ইহার পরিচালনা করেন। এই বাঁধ নির্মাণের ব্যয়-সাহায্য কানাডা সরকার হইতে পাওয়া যায় ; সে জন্য প্রধান মন্ত্রীর নামে বাঁধের নাম হইয়াছে।

**মসূরী** (Mussoorie) : উত্তরপ্রদেশ ; দেহরাদুন জেলার পার্বত্য শহর। ৬-৭ হাজার ফুট উচ্চে অবস্থিত। দেহরাদুন হইতে মোটর পথ ( ৯ মা )। পথ সংকীর্ণ। মসূরী হইতে সিমলা পর্যন্ত ভাল পথ আছে (১৪৮ মা)। —জন. ৭,১৩৩। ব্যাংক : ইলা. স্টেট ; প. ন্যাশনাল। ল্যান্ডর (Landour) নামে শহর নিকটে।

**মঁ সেনী** ( Mont Cenis : ইতালীয়ান—মনটে চেনিজিও Mont Cenisio) : আল্‌পসের গিরিশৃঙ্গ ( ১১,৭৯২ ফুট ) ; ফ্রান্স ও ইতালীর মধ্য দিয়া প্রাচীন গিরিপথ ( ৬,৮৮৪ ফুট )। ১৮০২-১০ নেপোলিয়ন প্রথম রাস্তা নির্মাণ করেন। ১৮৭০-এ রেলওয়ে টানেল ( ৭½ মা দীর্ঘ ) খনন শেষ হয়। এই গিরিপথ দিয়া হানিবল তাঁহার সৈন্য লইয়া ইতালিতে প্রবেশ করেন।

**মহবুবনগর** (Mahboobnagar, Mahbub) : হায়দরাবাদের ( বর্তমান অন্ধ্র-তেলিঙ্গনা ) জেলা। আ. ৫,৩২৬ ব মা ; জন. ১১,৮৫,৫৩৯ ( '৫১ )। প্রধান শহর—মহবুবনগর। অন্ধ্রদেশের রাজধানী কুরনুল ৪৬ মা দক্ষিণে। হায়দার স্টে. ব্যাংক।

**মহম্মদগড়** (Muhammadgarh) : পূর্বতন মধ্যভারত এজেন্সির করদরাজ্য ; ভোপালরাজ্যের উত্তরে। আ. ৪৫ ব মা ; জন. প্রায় ৩ হা.। রাজধানী নবাব-বাসোদা। রাজ্য ভারতভুক্ত হইলে ১২,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...মধ্যভারত ইউনিয়ন ( বর্তমান মধ্যপ্রদেশ ) অন্তর্গত। ভিলসা ও সাঁচির পূর্বে অবস্থিত।

**মহম্মদপুর** (Muhammadpur) : পূ. পাক. ; যশোহর জেলা, মাগুরা মহ.র থানা, বাজার, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭৪ )। মধুমতী তীরস্থ ও বোয়ালমারি বাজার স্টেশন হইতে ৬-৭ মা পশ্চিমে অবস্থিত গ্রাম ; খুলনা হইতে নদীপথে প্রায় ৬৫ মা। মধ্যযুগে রাজা সীতারামের রাজধানী ছিল ; বঙ্কিমচন্দ্রের 'সীতারাম' উপন্যাসে বর্ণিত।

**মহম্মদবাজার** ( Muhammadbazar ) : বীরভূম জেলার সিউরী মহকুমার থানা। আ. ১২১ ব মা ; জন. ৫৩,৩৯১ ; ঘনতা ৪৪১। ১২২ গ্রামের ৭৫·৫ ব মা স্থান লইয়া সমাজ উন্নয়ন পরিকল্পনার মণ্ডল গঠিত ও আদর্শ গ্রাম পাটেলনগর নামে স্থাপিত হইয়াছে। গ্রামটি সিউরী হইতে উ.-পূ. ৭ মা। বাস্‌ সার্বিস আছে। একশত বৎসর পূর্বে এখানে লৌহ তৈয়ারির

কারখানা ছিল। থানায় একটি মাত্র উচ্চ বিদ্যালয় কাইজুলি গ্রামে অবস্থিত।

**মহলোগ** ( Mahlog ); **মাইলোগ** ( Mailog ): হিমাচল প্রদেশের অন্তর্গত পূর্বতন পঞ্জাবের করদ-রাজ্য। আ. ৪৯ ব মা; জন. প্রায় ৯ হা.। রাজা ১৬,৫০০ টাকা ভাতা পান।

**মহাকান্তার** (Mahakantara): সমুদ্রগুপ্তের প্রশস্তিতে উল্লিখিত স্থান; ইহা দক্ষিণ ঝাড়খণ্ড নামেও খ্যাত ছিল। বর্তমান গঞ্জাম জেলার পশ্চিমস্থ সম্বলপুরাদির অনির্দিষ্ট স্থান।

**মহাকোশল** (Mahakosala): দক্ষিণ কোশল নামেও পরিচিত। প্রাচীন ভারতের রাজ্য। মধ্যপ্রদেশের গন্‌ডোয়ানা বা ছত্রিশগড় অঞ্চলের নাম। ১১-১২ শতকে রত্নপুর রাজধানী ছিল।...সমুদ্রগুপ্তর সময় (৪ শতক) মহেন্দ্র এখানকার রাজা ছিলেন। মধ্য-প্রদেশের রায়পুর হইতে ৪৫ মা দূরে অবস্থিত সিরপুর নামে নগণ্য গ্রামে খননকার্য করিয়া প্রাচীন যুগের সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হইয়াছে। মহাযান বৌদ্ধ-ধর্ম এখানে একসময়ে প্রবল ছিল বলিয়া মনে হয়।

**মহাড** (Mahad): বোম্বাই; কোলাবা জেলার তালুক ও শহর; প. ঘাট পর্বতের ঢালুর নিচে প্রায় সমতলে অবস্থিত; কিয়দ্দূরে শিবাজীর রায়গড় দুর্গ। রেল স্টেশন নাই। জন. ১০,২৬৭।

**মহাদেবপুর** (Mahaderpur): পূ. পাক.; রাজসাহী জেলা, নওগাঁও মহ.র থানা। আ. ২৫১ ব মা। গ্রাম আত্রাই নদীতীরে। ডাকঘর।

**মহানদী** ( Mahanadi ): ওড়িশার প্রধান নদী; মধ্য-প্রদেশের মালভূমে উৎপত্তি; নদীর দৈর্ঘ্য ৫২০ মা; অববাহিকা মণ্ডল ৫৭,০০০ ব মা। সমতলে আসিয়া বহু শাখায় বিভক্ত হইয়া সমুদ্রে পড়িতেছে। শাখা নদী—বড়ও, কুয়াখি, কাঠজুরি, মহানদী ও বিরূপা। পাহাড়ী অঞ্চলে সম্বলপুরের নিকট হীরাকুড়ে বাঁধ নির্মিত হইলে নদী নিয়ন্ত্রিত হইবে। ...কটক নগর এই মহানদী তীরে অবস্থিত। এই নদীতে ভীষণ বন্যা হয়। ১৮৬৮ হইতে এপর্যন্ত ৩৯ বার বন্যায় দেশ হইয়াছে।

**মহানন্দা নদী** (Mahananda river): উত্তরবঙ্গের নদী। দার্জিলিঙের পাহাড়ে উঠিয়া প. বঙ্গ, বিহার ও পাকি-স্তানের রাজসাহীর মধ্য দিয়া আসিয়া গোদাগাড়ির নিকট পদ্মায় পড়িয়াছে। দৈর্ঘ্য প্রায় ২২৫ মা।

**মহানাদ** (Mahanad): হুগলি জেলার মগরার ৮মা দূরে ছোট রেলপথের স্টেশন।...এখানে হিন্দুযুগের প্রাচীন মন্দির দেখা যায়। জঙ্গলের মধ্যে একটি ভগ্ন গড় আছে নিকটে দ্বারবাসিনী নামক স্থানে গোপরাজগণের রাজধানী ছিল বলিয়া প্রবাদ। জীয়ৎকুণ্ড পুষ্করিণী, সাতসতীনের দীঘি, দ্বারবাসিনী দেবীর মন্দির ও পাপ-হরণ সরোবর প্রভৃতি দ্রষ্টব্য।...রাজা চন্দ্রকেতু প্রতিষ্ঠিত মহাদেব জটেশ্বরনাথের মন্দির দেখিতে অতি সুন্দর। শিবরাত্রির মেলা 'মানাদের জাত' নামে পরিচিত।

**মহাবন** (Mahaban): উত্তরপ্রদেশ; মথুরা জেলার শহর, যমুনা নদীর তীরে; মথুরা হইতে ৫ মা দ.-পূর্বে। হিন্দুদের অন্যতম তীর্থস্থান। প্রাচীন যুগের ধ্বংসা-বশেষ দেখা যায়। ১০১৮ অব্দে গজনীর মামুদ কর্তৃক লুণ্ঠিত হয়।...জন. ৪ হা.।

**মহাবলেশ্বর** (Mahavalesvar): বোম্বাই রাজ্য; উত্তর সাতারা জেলার তালুক ও শহর। শহর সহ্যাদ্রি পর্বতের উপর ( ৪,৭০০ ফুট ) অবস্থিত; হোটেল, ক্লাব, জিমখানা, রেসকোর্স প্রভৃতি আছে। নিকটে প্রাচীন মহাবলেশ্বর শিবমন্দির একটি তীর্থ স্থান। কৃষ্ণানদী এই পর্বত হইতে নির্গত।...পশ্চিমে কিয়দ্দূরে শিবাজীর দুর্গ প্রতাপগড়। পুনা ৭৫ মা।

**মহারাষ্ট্র** (Maharastra): মহারাষ্ট্র নামে কোনো রাজ-নৈতিক দেশ বা ভূখণ্ড নাই। তবে মারাঠা শক্তি ও সংস্কৃতি যতদূর বিস্তৃত হয় ও যেখানে স্থায়ীভাবে মরাঠিরা বাস করে সেই ভূভাগকে ম. বলা হয়। এই অর্থে বোম্বাই রাজ্যের উত্তর ( গুজরাট বিভাগ ) ও, দক্ষিণ (কানাড়া প্রভৃতি )-স্থিত কয়েকটি জেলা বাদ পড়ে। আবার হায়দরাবাদের উত্তর-পশ্চিমাংশ ও মধ্য-প্রদেশের পশ্চিমাংশ মহারাষ্ট্র মণ্ডল অন্তর্গত।...কিন্তু মারাঠীভাষী সিন্ধিয়া ( গবালিয়র ), হোলকার (ইন্দোর) ও গয়কাবাড় ( বড়োদা ) প্রভৃতির রাজ্য মারাঠীভাষীর দেশ নহে।

**মহালছড়ি** (Mahalchari) : পূ. পাক. ; পার্বত্য চট্টগ্রাম জেলা, রামগড় মহ. র থানা ও শহর। উপর-কর্ণফুলী নদীর তীরে অবস্থিত।

**মহাস্থানগড়** (Mahasthangarh) : পূ. পাক. ; বগুড়া শহর হইতে ৭ মা উত্তরে করতোয়া নদীতীরে প্রাচীন মহাস্থানগড়ের ধ্বংসাবশেষ অবস্থিত। ভাল পথ আছে। ...পণ্ডিতদের মতে মহা. প্রাচীন পুণ্ড্র বা পৌণ্ড্রবর্ধন (দ্র.) রাজ্যের রাজধানী। প্রাচীন ভগ্নাবশেষ উ.-দক্ষিণে প্রায় ৪,৫০০ ফুট ও পূ.-পশ্চিমে ৩,০০০ ফুট বিস্তারিত ; ভূমি হইতে প্রায় ১৫ ফুট উচ্চ। প্রত্নতত্ত্ব-বিভাগ খননকার্য করিয়া কিছু কিছু লুপ্ত ইতিহাস উদ্ধার করিয়াছেন। .. প্রাচীন মানচিত্রে এই স্থানের নাম 'মুস্তানগড়' রূপে লিখিত আছে। ...১৩ শতক পর্যন্ত মহাস্থানে হিন্দুদের প্রভুত্ব ছিল ; ১৪ শতকের প্রারম্ভে শাহ সুলতান আউলিয়া নামে বাল্‌ক-দেশবাসী জনৈক মুসলমান মহাস্থানের রাজা পরশুরামকে যুদ্ধে নিহত করিয়া এই স্থান অধিকার করেন। এই পীরের দরগা এখনো দেখা যায়। দরগার নিকট ছোট একটি মস্‌জিদ আছে, উহা ১৭১২ অব্দে মুঘল বাদশাহ ফরুকখশিয়রের সময়ে নির্মিত হইয়াছিল।...প্রাচীন-কালের দুর্গ ভগ্নাবস্থায় এখনো আছে। দুর্গের পূর্বদিকে করতোয়া নদী ও অপর তিনদিকে বিস্তৃত পরিখার চিহ্ন দেখা যায়। দুর্গের ভিতর ইতস্তত বহু প্রস্তরখণ্ড পড়িয়া আছে। খোদার পাথর নামে প্রস্তরখণ্ডটি ( ১১´ দীর্ঘ, ৩´ বেড় ) কোনো দেবালয়ের চৌকাঠ ছিল বলিয়া মনে হয়। খননকার্য করিতে গিয়া এখানে একটি প্রস্তরখণ্ডে চারিটি ধ্যানী বুদ্ধমূর্তি ও একটি ভক্তের মূর্তি পাওয়া যায়, উহা বৌদ্ধ মন্দিরের ধ্বংসাবশেষ বলিয়া মনে হয়। এগুলি রাজসাহী বরেন্দ্র অনুসন্ধান সমিতির গৃহে রক্ষিত আছে। মহা-স্থান হইতে ৪ মা পশ্চিমে ভাসোয়া বিহার ( ভাসু বিহার ) পুরাতন বৌদ্ধবিহারের ধ্বংসাবশেষ অবস্থিত। হুয়েনৎসাঙ এই বিহারের বর্ণনা লিখিয়া গিয়াছেন। এখানে ৭০০ ভিক্ষু ও বহু শ্রমণ বাস করিত। নিকটে তিনি অশোক নির্মিত স্তূপ দেখিয়াছিলেন।

**মহিষাদল** (Mahisadala) : মেদিনীপুর জেলা; তমলুক মহকুমার থানা। আ. ১২৫ ব মা ; জন. ১,৪১,৩৯০ ; ঘনতা ১,১৩২। —গ্রামের নাম গড়কমলপুর ( জন. ২,০৩৬ )। পাঁশকুড়া-তমলুক হইয়া বাস্‌ সার্বিস পথে ২৮ মা। নদীপথে উলুবেড়িয়া ডায়মণ্ডহারবার হইতেও যাওয়া যায়। রাজা উপাধিধারী একটি প্রাচীন জমিদার বংশের বাস আছে। ইহাদের ১৭ চূড়ার একটি বৃহৎ ও বিখ্যাত রথ আছে ; রথযাত্রার সময় মেলা হয়। স্কুল, ইন্টার কলেজ ( ১৯৪৬ ), রেজি. অপিস, ডাকঘর ; টেলিগ্রাফ অপিস তমলুক।

**মহিষাসন** ( Maishassan ) : আসাম ; কাছাড় জেলার পূর্বসীমান্তের রেল স্টেশন ; পূর্বতন আসাম-বেঙ্গল রেলওয়ের লাটু স্টেশন এখন পূ. পাকিস্থানের শেষ স্টেশন ; ইহার পরেই আসাম রাজ্য ; সেই সীমান্তে মহিষাসন স্টেশন। সিলচর ৩৮।

**মহীকণ্ঠ** ( Mahikantha ) : বোম্বাই প্রদেশের মহী নদীর উত্তরে কতকগুলি দেশীয় রাজ্য লইয়া একটি এজেন্সি ছিল ; ইহাদের মধ্যে ইদর রাজ্য ছিল প্রধান। এই এজেন্সির আ. ১১,০০০ ব মা ; জন. ৫·৮২ লক্ষ ছিল। এখন বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের অন্তর্গত ; পৃথক অস্তিত্ব নাই ; তবে ঐ অঞ্চলকে সাধারণভাবে মহীকণ্ঠ বলা হয়।...মহী নদী বিন্ধ্যপর্বতের পশ্চিম সীমান্তে উঠিয়া কাম্বে উপসাগরে পড়িতেছে ; দৈর্ঘ্য ৩০০০ মা।

**মহীপাল** (Mahipala) : মুর্শিদাবাদ জেলা ; আজিমগঞ্জ-নলহাটি রেলপথের বাড়ালা স্টেশন ( ৭ মা ) হইতে ভাগীরথীকূলস্থিত গয়সাবাদ পর্যন্ত প্রায় ৭-৮ মা স্থানে প্রাচীন মহীপাল নগরের ধ্বংসাবশেষ বিদ্যমান। ভগ্নস্তূপের নিকট বহু প্রস্তরখণ্ড দৃষ্ট হয় ; হস্তীর ন্যায় আকৃতি সশৃঙ্গ অদ্ভুত প্রাণীর প্রস্তরমূর্তি, ১২ হাত উচ্চ পুরুষমূর্তি প্রভৃতি পাওয়া গিয়াছে। শেষোক্ত মূর্তিটি কলিকাতার যাদুঘরে আছে। ...এই মহীপাল পাল-বংশীয় মহীপাল হইতে ভিন্ন বলিয়া অনুমিত।

**মহীপাল দীঘি** (Mahipaldighi) : প. দিনাজপুর জেলার কুশমুণ্ডি থানা ও গ্রাম হইতে ৭ মা পূর্বে মালদহ-দিনাজপুর সড়কের ধারে অবস্থিত বিশাল সরোবর। ৩,৮০০ ফুট দীর্ঘ ও ১,১০০ ফুট প্রস্থ জলাশয় সম্বন্ধে বহু

কিংবদন্তী এখনো শোনা যায়। পালবংশীয় রাজা মহীপাল কর্তৃক খাত বলিয়া অনুমিত। ২ মা দূরে প্রাচীন হিন্দু রাজধানী পঞ্চনগরের ধ্বংসাবশেষ আছে। নিকটে নীলকুঠির ধ্বংসাবশেষ দেখা যায়।

**মহীশূর** ( Mysore ) **মৈসুর, মহিসুর :** দ. ভারতের পূর্বতন করদরাজ্য ; ভারত ইউনিয়নের 'খ' শ্রেণীর রাজ্য বা স্টেট ছিল। পশ্চিমঘাট ও পূর্বঘাট পর্বত-মালার মধ্যে, নীলগিরি পর্বতের উত্তরাঞ্চলে এই রাজ্য। রাজ্যের গড় উচ্চতা ২০ হা. ফুট ; তবে একাংশ 'ময়দান' বা সমতলভূমি ; অপরাংশ 'মালনাদ' বা মালভূমি। বনভূমিতে মূল্যবান চন্দন ও আবলুস বৃক্ষ। রাজ্যে স্বর্ণখনি, লৌহ, মাঙ্গানিজ প্রভৃতি খনিজ আছে। কোলারের স্বর্ণ-খনিতে ভারতের ৯০% স্বর্ণ উৎপন্ন হয়। রেজিস্টার্ড ফ্যাকটরীর সংখ্যা প্রায় ৬০০ ; বিমান প্রস্তুত, মেশিন-টুল, টেলিফোন, বিজলীর যন্ত্রপাতি, চীনামাটির বাসনপত্র প্রভৃতির কারখানা আছে। অধিকাংশ কারখানা জলবিদ্যুৎ শক্তিবলে চালিত হয়। ...রাজ্যের আ. ৩৩,১৮৯ ব মা ; জন. প্রায় ১ কোটি [ বেলারী জেলা সংযুক্ত হইবার পরের সংখ্যা ]। জেলার সংখ্যা ১০ ; তালুক ৮২। গ্রাম ১৬,৫১৭। অধিবাসীদের মধ্যে ৬৬% লোক কানাড়ী ; রাষ্ট্রভাষা কানাড়ী। মহীশূর বিশ্ববিদ্যালয় ১৯১৬-এ স্থাপিত। রাজ্যপুনর্গঠন হইলে বোম্বাই রাজ্যের ২ জেলা কর্নাটক ভুক্ত হইয়াছে ; অন্ধ্র হইতে বেলারী পূর্বেই রাজ্যভুক্ত হইয়াছিল। ২ কানাড়া জেলা অন্তর্ভুক্ত হওয়ায় আরবসাগরতীরে রাজ্যের সমুদ্র উপকূল মিলিয়াছে। রাজ্যের ইতিহাস দক্ষিণ ভারতের প্রাচীন ও মধ্যযুগীয় ইতিহাসের সহিত মিশিয়া আছে। বিজয়-নগরের সাম্রাজ্য ধ্বংস হইলে (১৫৬৫) এক প্রাদেশিক শাসনকর্তা মহীশূর অঞ্চলে স্বাধীন রাজ্য স্থাপন করেন। ১৮ শতকের শেষভাগে হাইদার আলি এই রাজ্য অধিকার করেন। ইহার পুত্র টিপু সুলতান ১৭৯৯-এ ইংরেজদের সহিত যুদ্ধে নিহত হইলে প্রাচীন হিন্দু রাজবংশ পুনঃপ্রতিষ্ঠিত হয়। কয়েকজন বিচক্ষণ প্রধান মন্ত্রীর চেষ্টায় রাজ্যের প্রভূত উন্নতি হইয়াছে ; শেষাদ্রি আয়ার, স্যর মির্জা ইসমাইলের নাম স্মরণীয়।...১৯৪৯, জুন ২৭ মহীশূর ভারতভুক্ত হয়। বেলারী জেলার মহীশূর রাজধানী, বঙ্গলুর প্রধান নগর। এখানে প্রাচীনকালের বহু নগরীর স্থাপত্য নিদর্শন এখনো দেখিবার মতো। রাজ্যপুনর্গঠন ব্যবস্থায় ( ১৯৫৬ ) মহীশূরের আয়তন ও জনসংখ্যা বৃদ্ধি পাইয়াছে। পুরাতন মহীশূরের বেলারী জেলার কয়েকটি তালুক ব্যতীত অবশিষ্ট সমগ্র জেলা, বোম্বাই হইতে হস্তান্তরিত কানাড়ীভাষাভাষী ৪টি জেলা ধারবার, বিজাপুর, উত্তর কানাড়া ও বেলগাঁও জেলা ; হায়দরাবাদের রায়চুড় ও গুলবর্গা জেলা ২টি ; মদ্রাজ রাজ্য হইতে দ. কানাড়া, কোয়াম্বতুর জেলার একটি তালুক এবং কুর্গ নূতন মহীশূর রাজ্যভুক্ত হইয়াছে। এখন ইহা কানাড়ীভাষীদের দেশ। বর্তমান আ. ৭২,৭৩০ ব মা ; জন. ১ কোটি ৯০ লক্ষ। ১৯৪৭-এ আ. ছিল ৩৩,১৮৯ ব মা।

**মহীশূর নগর** ( Mysore City ) : মহীশূর রাজ্যের রাজধানী ; বঙ্গলুর হইতে ৮৬ মা ; ২,৪৯৩ ফুট উচ্চে অবস্থিত। সুরম্য রাজপ্রাসাদ। এখানকার দশহারা উৎসব দর্শনীয়। রাজসিংহাসন সম্বন্ধে কিংবদন্তী যে উহা অউরঙজেব কর্তৃক উপহৃত। ...মহীশূর বিশ্ববিদ্যালয় (১৯১৬) এখানে অবস্থিত।...কৃষ্ণানদী বাঁধিয়া বিশাল কৃষ্ণরাজসাগর জলাশয় ( প্রায় ৫০ ব মা ) হইতে শিবসমুদ্রমে নিয়মিত নির্গত জলদ্বারা জলবিদ্যুৎ উৎপাদন হইতেছে। এই স্থান নগর হইতে প্রায় ১০ মা দূরে। ... ভারত সরকারের ন্যাশনাল ল্যাবরেটরির অন্যতম Central Food Technological Institute ১৯৫০, অগস্ট ২৫-এ খোলা হয়। ...নগরের জন. ২,৪৪,৩২৩। এখানে ১৪টি নানারকমের ব্যাংক আছে। পঞ্জাব ন্যাশ., ইউনা. কমার্স, ইন্ডিয়ান ব্যাংক উল্লেখযোগ্য।

**মহীশূর স্টেট রেলওয়ে** (Mysore State Railway) : ১৮৮১ সালে এই রেল স্টেট কর্তৃক নির্মিত হয়। দৈর্ঘ্য ৭১১ মা [ মি. গেজ ৬০৯ মা ; ২'.৬" গেজ ১০২ মা ]। মূলধন ৭,৭৬,৮৪,০০০। মোট আয় ২,৪৩,৯০,০০০। নেট আয় ৫১,২৩,০৪০। যাত্রী ২,০৩,০১,০০০।...১৯৫১ হইতে সাদার্ন বা দক্ষিণ রেলওয়ে জোন অন্তর্গত।

**মহুবা** ( Mahuva ) : সৌরাষ্ট্র ইউনিয়নের ( বর্তমান

বোম্বাই রাজ্য ) শহর ও কাম্বে উপসাগর মুখে বন্দর ; বোম্বাই-অহমদাবাদ (৩০৬) হইয়া রেলপথে ৫৩৪ মা। জন. ২৬ ৭১৮। দেবকরণ, সৌ. স্টেট ব্যাংক।

**মহেঞ্জোদেড়ো** ( Mohenjodero ) : পাকিস্তান ; সিন্ধুদেশের লারকানা জেলার গ্রাম। মৃত্তিকা খনন করিয়া প্রাচীন যুগের নগর আবিষ্কৃত হইয়াছে (দ্র. সিন্ধু সভ্যতা)। দুর্গ-নগর ২০-৪০ ফুট উচ্চ কৃত্রিম টিলার উপর নির্মিত ; ইহার নিকটে ২ শতকের একটি বৌদ্ধ স্তূপ ছিল। ১৯২২-এ রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহেঞ্জো-দেড়ো ও দয়ারাম সাহানী হরাপ্পার (দ্র) খননকার্যে ব্রতী হন। মহেঞ্জো. সুবিন্যস্ত নগরী, অধিবাসীরা সুসভ্য ছিল। প্রশস্ত সরল রাস্তা, রাস্তার পাশে আচ্ছাদিত নর্দমা, গৃহস্থের বাড়িতে স্নানাগার ; নগর মধ্যে বৃহৎ স্নানাগার, শস্য সংরক্ষণের পাকা ঘর ইত্যাদি। এ ছাড়া বহু সহস্র মাটির অতি পরিচ্ছন্ন সীলমোহর, মাটির বাসনপত্র, খেলনা, ধাতুনির্মিত নর্তকীর মূর্তি প্রভৃতি পাওয়া গিয়াছে। সীলগুলির উপর চিত্রলেখা আছে ; তাহার সঠিক পাঠোদ্ধার সর্বসম্মতিক্রমে স্বীকৃত হয় নাই।

**মহেন্দ্রগিরি** ( Mahendragiri ) : ওড়িশা হইতে মদুরাই পর্যন্ত পূর্বঘাট পর্বতমালার সাধারণ প্রাচীন নাম ; গঞ্জামের নিকট পর্বতাংশকে এখনো মহেন্দ্রগিরি বলে ( ৪,৯২৩ ফুট )। পর্বতোপরি প্রস্তরনির্মিত পাঁচটি সুদৃঢ় ইমারত আছে। একটি মন্দির ; উহা চোল রাজাদের সময়ে ১১ শতকে নির্মিত।

**মহেশখালি, মাইসখালি, মহিষখালি** (Maheskhali) পূ. পাক ; চট্টগ্রাম জেলা, কক্সবাজার মহ.র থানা। আ. ১২২ ব মা। ইহা একটি দ্বীপ ; এখানে মৈনাক পর্বতের উপর আদিনাথ তীর্থ। সমতল ভূমি হইতে ৬৯টি সোপানের দ্বারা শিবমন্দিরে উঠা যায়। চট্টগ্রাম হইতে ৭৫ মা দূরে, কক্সবাজারগামী স্টীমারে যাইতে হয়। কক্স. হইতে নৌকা বা শাম্পান যোগেও লোকে যায়।…অধিবাসীরা অধিকাংশই মগ। এখানে বৌদ্ধমন্দির আছে।

**মহেশতলা** (Mahestala) : ২৪-পরগনা জেলা ; আলিপুর মহকুমার থানা ; গঙ্গাতীরে। আ. ২১ ব মা ; জন. ৯৩,১৯৫ ; ঘনতা ৪,৫৪৬। এই থানার মধ্যে বাটানগর ( দ্র. )।

**মহেশপুর** (Maheshpur) : পূ. পাক. ; যশোহর জেলা, ঝিনাইদহ মহ.র থানা। পূর্বে এই থানা ( আ. ১৯৫ ব মা ) বনগাঁ মহকুমার অন্তর্গত ছিল। পার্টিশনের সময় এই থানা পূর্ব-পাকিস্তান ভুক্ত হয়।

**মহেশ্বরপাশা** ( Mahesvara-pasha ) : পূ. পাক. ; খুলনা জেলা, দৌলতপুর শহরের সংলগ্ন মহেশ্বরপাশা গ্রামে ২ শতাধিক বৎসরের প্রাচীন জোড়-মন্দির আছে। জনৈক গোপীনাথ গোস্বামী গোবিন্দ রায় বিগ্রহের জন্য এই মন্দির প্রতিষ্ঠা করেন।

**মহোবা** ( Mahoba ) : জেজকাভুক্তির চন্দেল রাজাদের রাজধানী। এই বংশের প্রতিষ্ঠাতা চন্দ্রবর্মন মহা-উৎসব করিয়া যজ্ঞও করেন ( ৯ শতক ) ; সেইজন্য এই স্থানের নাম মহোৎসব বা মহোবা। …এই অঞ্চলে হিন্দু রাজাদের বহু কীর্তি বিদ্যমান। কিরাটসাগর ( কিরাটবর্মণ ১০৭০-১১১৫ কর্তৃক নির্মিত ), ও মদনসাগর জলাশয় এখনো দেখিবার মতো আছে ; হ্রদগুলির চারিদিকে মন্দিরাদির ধ্বংসাবশেষ বিদ্যমান। … বর্তমানে উত্তর প্রদেশ রাজ্যের হামিরপুর জেলার তহশীল ও শহর। ঝাঁসী হইতে ট্রেনে ৮৬ মা। … জন. ১৯,২৪৪। ইলা., সেন্ট্রাল, সমবায় ব্যাংক।

**মাইক্রোনেশিয়া** ( Micronesia ) : প্রশান্ত মহাসাগরে ফিলিপাইন দ্বীপপুঞ্জের পূর্বদিকে কারোলাইন, গিলবার্ট, মার্শাল প্রভৃতি দ্বীপসমূহের সাধারণ ভৌগোলিক নাম মাইক্রোনেশিয়া। ইহার অর্থ 'ক্ষুদ্র দ্বীপ'।

**মাইজদি** ( Maijdi ) : পূ. পাক. ; নোয়াখালি জেলার সদর শহর, নোয়াখালি নদীগর্ভে নষ্ট হইয়া যাওয়ায় আদালত অপিস এইখানে হইয়াছে। লাকসাম হইতে নো. রেলপথের স্টেশন ( ২৫ মা ) ; নো. হইতে ৪-৫ মা উত্তরে।

**মাইথন** ( Maithon Dam ) : বিহার ; হাজারিবাগ ও সাঁওতাল পরগনার সীমান্ত দিয়া বরাকর নদী প্রবাহিত হইয়া দিসেরগড়ের নিম্নে দামোদরে পড়িতেছে। আসানসোল হইতে কয়েক মা পশ্চিমে • ধানবাদ জেলায় বরাকর নদীতে বাঁধ নির্মিত হইয়াছে। ইহা-

দ্বারা বন্যা নিয়ন্ত্রিত ও সেচকার্য হইবে। বাঁধ ১৬২ ফুট উচ্চ। ইহার ফলে যে জলাশয় সৃষ্টি হইবে তাহার ফলে ২৬,৫০০ একর ভূমি জলে ডুবিয়া যাইবে; প্রায় ২০ হা. একর ইহার মধ্যে চাষের জমি। জলবিদ্যুৎ উৎপন্ন হইবে ৬০ হা. কিলোওয়াট।

**মাইবং, মৈবং** ( Maibong ): আসাম; সংযুক্ত মিকির ও উ. কাছাড় পার্বত্য জেলার শহর; কাছাড়ীদের রাজধানী ছিল; প্রাচীন কীর্তি কিছু কিছু এখানে দেখা যায়। ডিমাপুর হইতে মাইবং-এ ও সেখান হইতে পরে খাসপুরে রাজধানী স্থানান্তরিত হয়। লামডিং হইতে ৭৫ মা।

**মাইসিনী** ( Mycenae ): গ্রীসের প্রাচীন নগরী। ১৮৭৬-এ শ্লীমান্ এখানে প্রাক্-হেলেনিক যুগের স্থাপত্যাদি আবিষ্কার করেন। ঈজান সভ্যতার অন্যতম কেন্দ্র।

**মাইহর** (Maihar): মধ্যভারতের বুন্দেলখণ্ড এজেন্সির পূর্বতন দেশীয় রাজ্য। রাজ্যের আ. ৪১২ ব মা; জন. ৮০ হা. ('৪১)। রাজস্ব ছিল ৪'০৮ লক্ষ টাকা। রাজা ৯ তোপ পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫৬,৫০০ টাকা ভাতা দেওয়া ও রাজ্য বিন্ধ্য-প্রদেশ অন্তর্গত হয়; এখন মধ্যপ্রদেশভুক্ত। —রাজধানী ইলাহাবাদ-ইতারসি রেলপথের স্টেশন (১৩৩ মা)। এখানকার রাজদরবারে সংগীতাচার্য আলাউদ্দীন খাঁ সাহেব ছিলেন।

**মাউ** (Mhow): মধ্যভারত ইউনিয়নের পূর্বতন হোলকার রাজ্যের অন্তর্গত শহর। ইন্দোর হইতে ১৩ মা দক্ষিণে ও ১,৯২৬ ফুট মালভূমে অবস্থিত। ১৮১৮ সালের মন্দোসরের সন্ধি শর্তানুসারে এখানে সৈন্য ছাউনী। মাউ-এর জনসংখ্যা ৪৪,৬৫৫।

**মাকড়দহ** (Makardaha): হাওড়া জেলার ডোমজুর থানার গ্রাম; হাওড়া-আমতা রেলপথের স্টেশন (৮ মা)। সপ্তগ্রাম বন্দরে যাইবার পথে সরস্বতী নদীর উপর অবস্থিত। নদী মজিয়া যাওয়াতে গ্রামের বাণিজ্যিক বৈশিষ্ট্য স্থানচ্যুত হইয়াছে। ...জন. প্রায় ৩ হা.। ডাকঘর, উচ্চ বিদ্যালয়, পাঠাগার, ডিস-পেন্সারি।

**মাকরন** (Makran): বলুচিস্থান ও ইরানের দক্ষিণাংশের সাধারণ নাম; প্রাচীনকালের গেড্রোশিয়া। এই অঞ্চল দিয়া আলেকজেন্দার সসৈন্যে ভারত হইতে প্রত্যাবর্তন করেন। ৮ শতকে আরবরা মাকরন পথে ভারত প্রবেশ করে। সে সময়ে এতদঞ্চলে চাষবাস চলিত। ...ইরানী মাকরন-এর মধ্যে জাস্ক বন্দর পড়ে। পাকিস্তানী মাকরন করদরাজ্য। আ. ২৩,১৯৬ ব মা; জন. ১'৪৩ লক্ষ। শুষ্ক দেশ। খেজুর চাষ ও সমুদ্রতীরে মৎস্যশিকার অধিবাসীদের জীবিকার প্রধান উপায়।

**মাকরনা** ( Makrana ): রাজস্থানের শ্বেতপ্রস্তর খনির জন্য বিখ্যাত। পূর্বতন জোধপুর রাজ্যের ও বর্তমান নাগৌর জেলার শহর। জন. ১৩,৯৪৩। এখানকার মার্বেল পাথরে তাজমহল, কলিকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল নির্মিত। ..জয়পুর-জোধপুর রেলপথের জং. স্টেশন।

**মাকরাই** (Makrai): পূর্বতন মধ্যভারত স্টেটের করদ-রাজ্য। আ. ১৫১ ব মা; জন. ১৪,৩৫৭ ('৪১)। রাজ্য ১৯৪৮-এ ভারতভুক্ত হইলে রাজাকে ২৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে মধ্য প্রদেশের হোসঙ্গাবাদ জে.র অন্তর্ভুক্ত। গভীর অরণ্যময় দেশ। —গ্রাম, হোসাঙ্গাবাদ হইতে ৬০ মা দ.-পশ্চিমে।

**মাকাও** ( Macao ): চীন দেশের দক্ষিণে হংকং হইতে কান্টন নদীর মোহনায় মাকাও উপদ্বীপ ও ক্ষুদ্র ২টি দ্বীপ; হংকং হইতে ৪০ মা দূরে, পোর্তুগীজ কলোনী (১৫৫৭)। আ. ৫ ব মা; জন. ৩'৯০ লক্ষ। অধিকাংশই চীনা। পোর্তুগীজ ৪ হা.। ...চীনা নাম আও-মান (Ao-man)—বন্দর-দ্বার; চীনা নাবিকদের সমুদ্র দেবীর মন্দিরকে লোকে বলিত মা (মাতা) কাও (গৃহ); পোর্তুগীজরা লোকমুখে শোনে মা-কাও; সেই হইতে স্থানের নাম।

**মাকালু** (Makalu): হিমালয়ের গিরিশৃঙ্গ (২৭,৭৯০); এভারেস্টের দক্ষিণে নেপালের মধ্যে অবস্থিত।

**মাকুম** (Makum): আসাম; লখীমপুর জেলার শহর; ডিব্রুগড়-লেডো (৬৩ মা) রেলপথের জং. স্টেশন (৩৫ মা)। তিনসুকিয়া হইতে ৫ মা দূরে; লেডো ২৮ মা।

মাকুমে ৫০ ব মা বিস্তৃত স্থানে কয়লা খনি আছে। মাকুমের কয়লা অতি উৎকৃষ্ট। ১৮৮১ হইতে এখানে কাজ হইতেছে।

**মাগওয়ে বিভাগ** ( Magwe division ) : বর্মার উত্তরাংশের বিভাগ। সদর শহর—ইনানজং (Yenangyang)। অন্তর্ভুক্ত জেলা : পকোকু, মিনবু, মাগওয়ে ও থেতমিও। বর্মার শুষ্ক অঞ্চল ; বৃষ্টি ২৫″—৪৫″। বহুবিস্তৃত সেগুন বন। পেট্রোলিয়াম খনির কেন্দ্র। আ. ১৭,৩০২ ব মা ; জন. ১৭,১৭,৪০৪ ( '৪১ )।

**মাগওয়ে জেলা** ( Magwe ) : বর্মাদেশের মধ্যভাগে ইরাবতী নদীর পূর্বদিকে অবস্থিত জেলা। আ. ৩,৭২৪ ব মা ; •জন. ৫·৬০ লক্ষ। বৃষ্টি ১৬৩″। জমি উর্বর ; ধান, তুলা প্রভৃতির চাষ হয়। চাউক, ইনানজং ( Yanangyang ) পেট্রোলিয়ামের প্রধান কেন্দ্র। মাগওয়ে শহর ইরাবতী তীরে (জন. ৮,২০৯)। জেলার সদর ইনানজং। প্রোম হইতে জলপথে ৪৫ মা।

**মাগডিবুর্গ** (Magdeburg) : প. জারমানির নগর ; এল্বে নদীতীরে ; পূর্বতন স্যাকসনী রাজ্যের রাজধানী ; হান্সা লীগের বিশিষ্ট সদস্য ছিল। জন. ৩·৩৪ লক্ষ।

**মাগ্‌নিতোগোরস্ক** ( Magnitogorsk ) : সোবিয়েত রুশের শিল্পনগরী ; লৌহ-ইস্পাত কারখানার সমস্ত উপকরণ নিকটেই পাওয়া যায়। ইহাকে রুশিয়ার পিটসবার্গ বলা হয়। ক্ষুদ্র গ্রাম ছিল ; এখন জনসংখ্যা ৪-৫ লক্ষ। উরাল নদীর উত্তরদিকে বাঁধ নির্মাণ করিয়া জল সরবরাহ হয়।

**মাগুরা** (Magura) : পূ. পাক. ; যশোহর জেলার মহকুমা, থানা ও শহর। উ.-পূর্বে গড়াই নদী। এই মহকুমায় রেলপথ নাই। যশোহর ও চুয়াডাঙ্গা হইতে সড়ক আছে। স্কুল, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৬৫ )। —মহ. র আ. ৪৩১ ব মা। থানা ১৫৩ ব মা।

**মাচকুণ্ড** ( Machkund ) : নদী ; ওড়িশা ও অন্ধ্রর অনেকখানি সীমানার মধ্য দিয়া গিয়াছে। নদীর উপর ডুডুমা (Duduma) জলপ্রপাত ও নিকটবর্তী কৃত্রিম জলাধার হইতে ১ লক্ষ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন করিবার ব্যবস্থা হইয়াছে। এই পরিকল্পনা ওড়িশা ও অন্ধ্র রাজ্যের যুক্ত প্রচেষ্টার ফল। —মা. কোরাপট জেলার শহর ; জন. ৮,৫৯১।

**মাজদিয়া** ( Majdia ) : নদীয়া জেলার শহর ; পূ. পাকের সীমান্ত-ঘাঁটি বানপুরের পূর্ববর্তী রেল স্টেশন, কলিকাতা হইতে ৬৬ মা। ইহার পূর্বনাম ছিল শিবনিবাস (দ্র.)। মাজদিয়ার নিকট মাথাভাঙ্গা নদী চূর্ণী ও ইছামতী ধারায় বিভক্ত হইয়াছে। ইছামতী ধারা মাজদিয়া স্টেশনের দক্ষিণে প্রধান রেলপথের নীচ দিয়া গিয়া নদীয়া, যশোহর, ২৪-পরগনা ও খুলনা জেলা দিয়া প্রবাহিত।

**মাজোরকা** (Majorca : স্পেনীশ Mallorca) : ভূমধ্যসাগরস্থিত স্পেনীশ বেলারিক দ্বীপপুঞ্জের বৃহত্তম দ্বীপ। আ. ১,৩০০ ব মা ; জন. ৪ লক্ষ।

**মাজোরে** ( Maggiore Lake ) : ইতালির বৃহত্তম হ্রদ ; উত্তরাংশ সুইট্‌জারলন্ডের সংলগ্ন। দীর্ঘ ৪০ মা ; প্রস্থ আধ হইতে ৭ মা ; গভীরতা ১,২০০ ফুট। তিচিনো নদী হ্রদমধ্য দিয়া প্রবাহিত। পর্বতমালায় দ্রাক্ষার ক্ষেত।

**মাঝেরহাট** ( Majherhat ) : ২৪-পরগনা জেলার গ্রাম ; কলিকাতা-বজবজ রেলপথের জং. ( ৮ মা ) ; এখান হইতে ছোট রেল ফলতা পর্যন্ত ( ২৮ মা )।

**মাটাবেলেলন্ড** ( Matabaleland ) : আফ্রিকা ; দ. রোডেশিয়ার জুলু মহাপরিবারের উপজাতি মাটাবেলেদের বাসভূমি। প্রধান শহর বুলাওয়ো (Bullawayo)।

**মাটিয়ারি** ( Matiari ) : নদীয়া জেলার কালিগঞ্জ থানার গ্রাম, বানপুরের নিকট। কৃষ্ণনগর রাজবংশের প্রতিষ্ঠাতা ভবানন্দ মজুমদারের রাজধানী ছিল ; রাজবাটির ভগ্নাবশেষ এখনো দৃষ্ট হয়। ভবানন্দের পৌত্র রাঘব কৃষ্ণনগরে রাজধানী স্থাপন করেন। জন. ৪,৮৮২।

**মাটিয়ালি** ( Metelli ) : জলপাইগুড়ি জেলার সদর মহকুমার থানা। আ. ৯২ ব মা ; জন. ৪৯,১৮৮ ; ঘনতা ৫৩৪।

**মাড়ইল, মণ্ডয়েল** ( Marail ) : পূ. পাক. ; রাজসাহী জেলার খেতুর (দ্র.) হইতে ৪ মা দূরে মাড়ইল গ্রামে ধ্বংসপ্রাপ্ত ৪টি স্তূপ আছে। একটি ৪০ ফুট উচ্চ।

খনন করিয়া জৈন তীর্থংকর শান্তিনাথ, ঋষভ প্রভৃতির মূর্তি পাওয়া গিয়াছে। পূর্বে এই স্থানের লোকেরা জৈন ছিল বলিয়া অনুমিত; বর্তমানে এখানকার অধিবাসীরা অধিকাংশই সাওতাল।

**মাতর** (Matara): সিংহলের দক্ষিণ প্রদেশের অন্যতম জেলা; সমুদ্রতীরে বিস্তারিত। আ. ৪৮১ ব মা; জন. ৩,৫১,৯৪৭ ('৪৭); ঘনতা ৭৩২। প্রধান শহর মাতর (জন. ২২,৯০৮)। কোলোম্বো হইতে ৯৭ মা।

**মাতলা** (Matla): ২৪-পরগনা জেলা; ক্যানিং শহরের পার্শ্ব দিয়া নদীর নাম; ইহার উপরাংশ বিদ্যাধরী (দ্র.)। বিদ্যাধরী, করতোয়া, আঠারবাঁক নদীর জলধারার মিলিত হইয়া মাতলা নামে বঙ্গোপসাগরে পড়িতেছে। ...ক্যানিং-এর পাশে মাতলা শহরতলি। স্কুল, রেজি. অপিস প্রভৃতি আছে।

**মাতালে** (Matale): সিংহলের মধ্যপ্রদেশের জেলা। আ. ৯০২ ব মা; জন. ১,৫৫,৭২০। ...প্রধান শহর মাতালে, (জন. ১৪,০৯০)।

**মাথাভাঙ্গা** (Mathabhanga): কোচবিহার জেলার মহকুমা। আ. ৩৪৩ ব মা; জন. ১৪৮,৬৯১; ঘনতা ৩২৫।—থানার আ. ২৪২ ব মা; জন ১,০২,৯৩৬।—শহর (জন. ৪,২৫৬) জলঢাকা নদীতীরে, কোচবিহার হইতে ১৫ মা পশ্চিমে। ...নদীয়ার এক নদীর নাম।

**মাথেরান** (Matheran): বোম্বাই; কোলাবা জেলার শৈলাবাস। বোম্বাই ও পুণা হইতে ৩ ঘণ্টার পথ। শহর ২,৫০০ ফুট উচ্চ স্থানে অবস্থিত।

**মাদ্রিদ** (Madrid): স্পেনের রাজধানী; দেশের অভ্যন্তরে মালভূমের উপর অবস্থিত। ৯ম শতকে আরবদের দ্বারা অধিকৃত হয়। ১০৮৩ তে স্পেনীশরা পুনরধিকার করে। ১৫৬০ ২য় ফিলিপ এইখানে রাজধানী স্থাপন করেন।... বিশ্ববিদ্যালয় ও প্রাদো চিত্রশালা বিখ্যাত। ...জন. ১৫'২৭ লক্ষ।

**মাদাইরা** (Madeira): অতলান্তিক মহাসাগরস্থিত দ্বীপপুঞ্জ; মরোকো উপকূল হইতে ৪০০ মা পশ্চিমে। ১৪২০-এ পোর্তুগীজদের দ্বারা আবিষ্কৃত ও পরে উপনিবেশিত। প্রচুর মদ প্রস্তুত ও রপ্তানি হয়। আ. ৩০৫ ব মা; জন ২'৭০ লক্ষ। রাজধানী ফান্‌চেল (Funchel). জন ৪০ হা.।

**মাদাগাস্কার** (Madagascar): ভারত মহাসাগরের দ্বীপ; আফ্রিকার মোজাম্বিক উপকূল হইতে ২৫০ মা দূরে। ইহা ফরাসীদের কলোনী। আ. ২,২৮,০০০ ব মা; জন. ৪০'৫০ লক্ষ। অধিবাসীরা মালয় জাতীয়—'হোভা' নামে পরিচিত; ইহারা খ্রীষ্টান। ...রাজধানী অস্তনারিবো; বন্দর তমতাবে (Tamtave)। ...১৫৪৮-এ পোর্তুগীজদের দ্বারা প্রথম উপনিবেশিত হয়; ১৬৪২ দ্বীপ ফরাসীদের অধিকারে আসে ও সেই হইতে তাহাদের অধীন। ১৮ শতকে হোভারা প্রবল হইয়া উঠে ও দ্বীপের অধীশ্বর হয়। ১৮৯৫-এ এই দ্বীপ ফরাসীদের আশ্রিত ও পরে অধিকৃত রাজ্য বলিয়া ঘোষিত হয়। ২য় মহাযুদ্ধের পর হোভারা ১৯৪৭-এ স্বাধীনতার জন্য বিদ্রোহী হয়।

**মাদারগঞ্জ** (Madarganj): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, জামালপুর মহ.র থানা। আ. ৮৭ ব মা। বাজার, ডাকঘর, ব্রহ্মপুত্র-যমুনার তীরে গঞ্জ।

**মাদারিপুর** (Madaripur): পূ. পাক; ফরিদপুর জেলার মহকুমা, থানা ও শহর। ..শহরের একদিকে আড়িয়াল খাঁ ও অন্যদিকে কুমার নদী। ইহা প্রসিদ্ধ বাণিজ্য কেন্দ্র। মাদার ফকীর নামে সর্বসম্প্রদায় দ্বারা সম্মানিত এক মুসলমান সাধুর নাম হইতে স্থানের নাম। খুলনা হইতে স্টীমারে ১৩ ঘণ্টার পথ (৯৫ মা); বরিশাল ৫৭ মা। জন. ২৬,৬২৪।

**মাদারিহাট** (Madarihat): জলপাইগুড়ি জেলার আলিপুর-দুয়ার মহকুমার থানা। আ. ১৪৭ ব মা; জন. ৫৯,৪৮৬; ঘনতা ৪০৫। —গ্রাম, শিলিগুড়ি-আমিনগাঁও রেলপথের স্টেশন (৭২ মা)। ...পূর্বে বেঙ্গল-ডুয়ার্স রেলওয়ের শেষ স্টেশন ছিল; লালমনিরহাট হইতে ১৩৫ মা।

**মাধবপাশা** (Madhavapasa): পূ. পাক.; বরিশাল হইতে ৭ মা উ.-পশ্চিমের ইতিহাসপ্রসিদ্ধ গ্রাম। বরিশাল হইতে রাস্তা আছে। চন্দ্রদ্বীপ (দ্র.) রাজাদের শেষ রাজধানী।

**মান্** (Isle of Man, Mona): আইল অব্ মান

আইরিশ সাগরের ব্রিটিশ দ্বীপ। আ ২২১ ব মা; জন. ৫৪,৫০০। রাজধানী ডগলাস (জন. ২০ হা.)।

**মানকর** (Mankar): বর্ধমান জেলা; সদর মহকুমার গলসি থানার গ্রাম। জন. ২,৬৮৬। রেশমের কারখানার জন্য বিখ্যাত ছিল। এখানকার কদমার খ্যাতি প্রবাদগত। ডাকঘর, টেলিগ্রাম, রেজি. অপিস, স্কুল।

**মান্চুরিয়া** (Manchuria): চীন দেশের উত্তর-পূর্ব অঞ্চলের এক প্রদেশের নাম ছিল; এই অংশ ১৯৩২ হইতে ১৯৪৫ পর্যন্ত জাপানের তাঁবেদার রাজ্য মাংচুকুও (Manchukuo) নামে প্রচলিত ছিল। চীন জনরাজতন্ত্র সুপ্রতিষ্ঠ হইলে তাহারা এই জাতিগত নামের পরিবর্তে দেশটিকে কয়েকটি প্রদেশে বিভক্ত করিয়াছে। মান্চুরিয়া নামে কোনো দেশ তাহাদের ভূগোলে নাই। পূর্বে এই নামের প্রদেশের আ. ছিল প্রায় ৫ লক্ষ ব মা; জন. ছিল ৪·৫০ কোটি। সেখানকার প্রধান উৎপন্ন সোয়াবীন (Soyabean); পার্বত্য অঞ্চলে বৃহৎ বনভূমি। কয়লা, লৌহ, স্বর্ণ, রৌপ্য, সীসা পর্যাপ্ত; জাপানীদের আওতায় শাসনকালে বহু ভারী শিল্পের কারখানা স্থাপিত হয়। ...পার-সাইবেরিয়ান রেলপথের শাখা চিটা (Chita) ও হারবিন (বর্তমান নাম পিন্‌কিয়াং) হইয়া ব্লাদিভোস্তক ও দক্ষিণে পেকিং মুকডেন (বর্তমান ফেং-তিএন-ফু) হইয়া পোর্ট আর্থার ও কোরিয়ায় গিয়াছে। মান্চুরিয়াকে ১৯৫০ হইতে উত্তর-পূর্ব অঞ্চল (East China Pepople's Rep.) বলা হয়। নূতন সংবিধানে সে নাম আর নাই। তবে উত্তর-পূর্ব অঞ্চলের মধ্যে ৭টি প্রদেশ ও ৫টি মিউনি. অঞ্চল ধরা হয়।

**মান্চেস্টার** (Manchester): ইংলন্ডের লাংকাশায়ার জেলার প্রধান নগর; ব্রিটেনের ৪র্থ বন্দর। জন. ৭ লক্ষ। লন্ডন হইতে ১৮৯ মা উত্তরে।

**মান্টুআ** (Mantua): ইতালির নগর। লাতিন কবি ভার্জিলের জন্মস্থান। মধ্যযুগের সুদৃঢ় নগর। সান আনদ্রিয়া চার্চ রেনাসাঁ যুগের (১৪৭২-৯৪) একটি শ্রেষ্ঠ নিদর্শন। ডিউকের প্রাসাদ (১৩০২-অব্দ) ও দুর্গ দর্শনীয়। চিত্রশিল্পী আনদ্রিয়া মন্‌তেনার (Mantegna, 1431-1506) ফ্রেস্কো এখানে আছে। ...বর্তমান জন. ৪০ হা.।

**মান্ডবী** (Mandvi): কচ্ছ (বর্তমান বোম্বাই রাজ্য) রাজ্যের জেলা। জন. ৬৮ হা.। বন্দর-শহর (জন. ২৯,০৭৪) হইতে রাজধানী ভুজ (দ্র.) পর্যন্ত সড়ক আছে। শহর রুকমাবতী নদীর উপর। তীর হইতে দুই মা দূরে জাহাজ নোঙ্গড় ফেলে।

**মানডু, মানডুগড়** (Mandu): মধ্যযুগের মুসলীম মালবের রাজধানী। মধ্যভারতের পূর্বতন ধারা রাজ্যের অন্তর্গত ছিল, বর্তমানে মধ্যপ্রদেশ রাজ্য অন্তর্গত। বিন্ধ্যপর্বতের একটি শাখার উপর নগর অবস্থিত। এই দুর্গম স্থানে পর্বতের মালভূমের উপর মালবের রাজধানীর ২০ ব মা বিস্তৃত ধ্বংশাবশেষ। ভারতে প্রাক্ মুগল যুগের আফগন স্থাপত্যের শ্রেষ্ঠ নিদর্শন জামি মস্‌জিদ ১৪৫৪ অব্দে নির্মিত। মসজিদের মধ্যস্থলের প্রাঙ্গণ ২৭০ ফুট দৈর্ঘ্যে ও প্রস্থে। চারিদিকে স্তম্ভ-শোভিত বারান্দা। এখানে বহু দর্শনীয় স্থান আছে,—জাহাজ মহল, হিন্দোল মহল, চম্পাবাওরি, বজ বাহাদুর নির্মিত রূপমতীর প্রাসাদ। এই স্থান হইতে দূরে নর্মদা দেখা যায়।. মালব দেশের সুলতান হুসং শাহ মানডুতে তাঁহার রাজ্য স্থাপন করেন (১৪৬৫)। পূর্বে এই স্থানে হিন্দু রাজাদের রাজধানী ছিল। ...১৫২৬-এ গুজরাটের রাজা বাহাদুর শাহ কর্তৃক মানডু অধিকৃত হয়।...১৫৬৭-এ বাহাদুর শাহকে পরাভূত করিয়া অকবর শাহ মালব রাজ্য মুঘল সাম্রাজ্যভুক্ত করেন। জাহাঙ্গীর মানডুতে আসিবার সময় স্যর টমাস রো (Roe) তাঁহার সঙ্গে ছিলেন; বাদশাহের সঙ্গে ৫০০ হাতী আসে। এইখানে শাহজাহানের জন্ম হয়।...মুঘল শক্তির অবসানের সঙ্গে সঙ্গে এই স্থানের বিশিষ্টতা লোপ পাইল এবং কালে সমস্ত ধ্বংস প্রাপ্ত হইল।

**মান্দা** (Manda): পূ. পাক; রাজসাহী জেলা, নওগাঁও মহ.র থানা। আ. ১৪৩ ব মা। রাজ. হইতে উত্তরের রাস্তার ধারে অবস্থিত। গ্রাম আত্রাই নদীতীরে; বাজার, ডাকঘর।

**মান্দালয়** (Mandalay): বর্মার উত্তরাংশের বিভাগ। সদর শহর মান্দালয়। অন্তর্ভুক্ত জেলা: ইয়ামেথিন,

মিঙজান, মিতিল্লা, চিয়াকসু ও মান্দালয়। ইরাবতী নদী প্রবাহিত। আ. ১২,৪৯৪ ব মা; জন. ১৯,০৭,৭০৩। ...বর্মার জেলা। ইরাবতী নদীরতীরে। উত্তরে ও পশ্চিমে শোয়েবো, দক্ষিণে মিতিলা, পূর্বে শান রাজ্য। আ. ২,১১৩ ব মা। জন. ৪,০৮,৯২৬।

**মান্দালয়** (Mandalay), **মণ্ডপ :** বর্মার শহর। ইরাবতী তীরে, রেংগুন হইতে রেলপথে ৩৬৮ মা। ১৮৫৭-এ রাজা মিনডোন কর্তৃক স্থাপিত; ১৮৮৫ পর্যন্ত বর্মার রাজধানী। এই শহরে বহু বৌদ্ধ মন্দির; একটি ৮৭৫ মণ ওজনের পিতলের বুদ্ধমূর্তি আছে। মা.-রেঙ্গুন স্টীমার সার্বিস ছিল। এখান হইতে ভামো নদীপথে যাওয়া যায়। স্কুল, কলেজ, কৃষি বিদ্যালয়। শহরের আ. ২৪.৫ ব মা; জন. ১,৬৩,৫২৭।

**মানভুম** (Manbhum) : বিহার; ছোটনাগপুর বিভাগের জেলা। দেশ শিলাময় ও বন্ধুর। বরাকর, দামোদর, কসাই ও সুবর্ণরেখা প্রধান নদী। জঙ্গল অঞ্চলে শাল, কুসুম, পলাশ, কুল গাছে লাক্ষা ও রেশমগুটি হয়। জেলায় কয়লা, লোহা, তামা, অভ্র, চুনাপাথর প্রভৃতি পর্যাপ্ত। ধানবাদ, ঝরিয়া, কাতরাস কয়লা অঞ্চলরূপে ভারত-খ্যাত স্থান। গ্রাম অঞ্চলে তসর গুটি ও লাক্ষার চাষ বহু লোকের উপজীবিকা। ঝালদা ও বলরামপুর লাক্ষা কারবারের জন্য খ্যাত; ঝালদা লোহার হাতিয়ারাদির জন্য প্রসিদ্ধ।...

জেলার আ. ৪,১৪৭ ব মা; জন. ২০,৩২,১৪৬। ২ মহকুমা : পুরুলিয়া ও ধানবাদ। ধানবাদকে এখন সাব্-জেলা বলিয়া পৃথক একক দেখানো হয়। পুরুলিয়ার আ. ৩,৩৩৯ ব মা; জন. ১৫,৪৭,৫৫৯। ধানবাদের আ. ৭৯০ ব মা; জন. ৪,৮৪,৫৮৭। পুরুলিয়ার অধিকাংশ এখন প. বঙ্গ ভুক্ত হইয়াছে। পুরুলিয়া মহকুমার অন্তর্গত থানা : পুরুলিয়া, বাঘমুণ্ডি, চাণ্ডিল, বরাহভুম, মানবাজার, রঘুনাথপুর, ও ঝালদা।...ধানবাদ মহ.র থানা : ধানবাদ, কাতরাসগড়, বাঘমারা, মাহুদা, তোপচাঁচি। ...অধিবাসীরা মিশ্রিত— ওড়িয়া, বিহারী, বাঙালী, মুনডা প্রভৃতি উপজাতি। এই জেলায় খ্রীষ্টান মিশনারীরা বহুকাল হইতে আদিবাসীদের সহিত কাজ করিতেছে। রাষ্ট্র পুনর্গঠন কমিশনের সুপারিশে মানভুমের কিয়দংশ বাংলাভুক্ত হইয়াছে। পুরুলিয়া সাব্-জেলার চাস ও চণ্ডিল থানা এবং বরাহভুম থানার পাটমদা ছাড়া অবশিষ্ট মহকুমা বা সাব্-জেলা বাংলার মধ্যে আসিয়াছে (১৯৫৬ নবেম্বর)। মানভুমের গ্রাম অঞ্চলেও সাধারণ লোকের মধ্যে ছউ-নৃত্যে যেসব গান গীত হয় তাহা বিশুদ্ধ বাংলা। তুষু গান নামে লোকসংগীতও বাংলা। (দ্র. পুরুলিয়া)।

**মানস** (Manas) : ব্রহ্মপুত্রের উপনদী; ভুটানের মধ্যে বহু ধারা মিলিত হইয়া আসামের গোয়ালপাড়া জেলার পশ্চিম দিয়া প্রবাহিত। (২২০ মা দীর্ঘ)।

**মানস সরোবর** (Manasarowar Lakes) : তিব্বতের দক্ষিণে কৈলাস ও জস্কর পর্বতমালার মধ্যে মানস সরোবর ও রাক্ষসতাল (Rakas Tal) নামে ২টি স্বাদু জলের হ্রদ আছে। মা. কে তিব্বতী ভাষায় 'ৎসো মোবঙ' বলে। ইহা ১৪,৯৫০ ফুট উচ্চ স্থানে অবস্থিত; রাক্ষসতাল ৪ মা দূরে ৫০ ফুট নিম্নে। মানস ২০০ ব মা ও রাক্ষসতাল ১৪০ ব মা। হ্রদের দক্ষিণে গুরলা মান্ধাতা গিরিশিখর (২৫,৩২৫ ফুট) ও উত্তরে কৈলাস পর্বত শিখর (২২,০২৮ ফুট)। বদরীনাথ হইতে ১৯০ মা দুর্গম হাঁটাপথ। এই হ্রদের নিকট হইতে ব্রহ্মপুত্র, সিন্ধু উঠিয়াছে। হ্রদের তীরে তিব্বতীদের বৌদ্ধ ও হিন্দুদের শিবমন্দির আছে। তিব্বতের আদিম ধর্ম 'বন' (Bon)-এর সাধুরা নিকটবর্তী কৈলাস পর্বত ও মানস সরোবর তীরে বাস করিত।

**মানসালু** (Manealu Peak) : হিমালয়ের নেপাল মধ্যে মানসালু পর্বতশৃঙ্গের উচ্চতা ২৬,৬৫৮ ফুট। জাপানী পর্বতারোহীরা এই পর্বতের শৃঙ্গে উঠিবার চেষ্টা করিতে ছিল (১৯৫৬)।

**মানসী** (Mansi) : বিহার; মুঙ্গের জেলার বেগুসরাই মহ.র থানা ও শহর। ...কাটিহার-খাগারিয়া রেলপথের জং. স্টে. (৭২ মা); এখান হইতে সহরসা (২৭ মা) হইয়া দৌরাম-মাধেপুর (৪০ মা) পর্যন্ত শাখা রেল আছে।

**মানসেরা** (Manshera) : পাক-পঞ্জাবের হাজরা জেলার গ্রাম।" আবোটাবাদ হইতে ১২ মা উত্তরে। সিন্ধুর

একটি উপনদীর উপত্যকায় পর্বতগাত্রে অশোক কর্তৃক উৎকীর্ণ শৈললিপি আছে। উহা খরোষ্টি লিপিতে প্রাকৃত ভাষায় লিখিত। অশোকের অপর খরোষ্টি শৈললিপি সবজগড় (Shabazgarh) পর্বতগাত্রে উৎকীর্ণ; সে-টি পেশাওয়ার হইতে ৪০ মা উ.-পূর্বে।

**মানহাইম** (Mannheim): প. জারমানির উরটেমবেগ-বাডেন প্রদেশ বা Land-এর নগর; রাইন ও নেকার নদীর সঙ্গমস্থলে অবস্থিত; অতি সুপরিকল্পিত নগর, বিবিধ ব্যবসায়ের কেন্দ্র। ...জন. ২·৪৪ লক্ষ।

**মানাওস** (Manaos): ব্রাজিলের স্টেট আমাজিনোসের রাজধানী ও আমাজোন-শাখা রিও-নিগ্রো নদীর বন্দর; সমুদ্র হইতে ১,০০০ মা ভিতরে অবস্থিত হইলেও সমুদ্রগামী জাহাজ মানাওস পর্যন্ত যাইতে পারে। রবার ও বনজ সামগ্রী পর্যাপ্ত। জন. ১·৪২ লক্ষ।

**মানাগুয়া** (Managua): মধ্য আমেরিকার নিকারাগুয়া রিপাবলিকের রাজধানী। জন. ১·৪৭ লক্ষ। ১৯৩১-এ ভূমিকম্পে শহর প্রায় ধ্বংস হয়; পুনর্গঠিত হইয়াছে।

**মানিকগঞ্জ** (Manikganj): পূ. পাক; ঢাকা জেলার মহকুমা, থানা ও শহর। মহ.র আ. ৫০৯ ব মা। থানার আ. ৭৫ ব মা। শহর ধলেশ্বরী নদীর উপর, ঢাকা হইতে ৩০ মা উ.-পশ্চিমে। শহরের নিকট শিববাড়ী গ্রামে শিব ও মনোহারিনী বালা ভৈরবী প্রতিষ্ঠিত; যোগী জাতীয় লোকের এই শিবের পূজারী। শিবরাত্রির সময় মেলা হয়। মা. হইতে ১৪ মা পশ্চিমে পদ্মা ও ব্রহ্মপুত্র যমুনার সঙ্গমে আড়িচা স্টীমার স্টেশন।

**মানিকচক** (Manikchak): মালদহ জেলার থানা। আ. ১২২ ব মা; জন. ৭৭,৫৮৭; ঘনতা ৬৩৫। মুর্শিদাবাদ হইতে শেরশাবাদিয়া ও বিহার হইতে আগত মুসলমানরা উপনিবেশ স্থাপন করিয়াছিল। ...গঙ্গাতীরে রাজমহলের অপর পারে মানিকচক গ্রাম। এখান হইতে মোটর বাসে মালদহ যাইবার পথ (২৩ মা)।

**মানিক্যলা** (Manikyala): পাক-পঞ্জাব.; রাওয়ালপিণ্ডি জেলা; লাহোর-পেশোয়ার রেলপথের মস্‌কিয়ালা স্টেশন (১৬৪ মা)-এর নিকটে বৌদ্ধস্তূপ ছিল। ইহা বোধ হয় হুবিষ্ক কর্তৃক নির্মিত; স্তূপ মধ্যে কনিষ্ক ও পরবর্তী যুগের রাজাদের মুদ্রাদি পাওয়া গিয়াছে। মনে হয় স্তূপটি ৮ শতকে যশোবর্মণ নামে রাজা পুনর্নির্মাণ কালে নিজস্ব মুদ্রাও স্তূপ মধ্যে প্রোথিত করেন। ইহার উচ্চতা অনুমান ১০০ ফুট ছিল; ব্যাস ১২৭ ফুট; বেড় ৫০০ ফুট। চারিদিকে উঠিবার চারিটি সিঁড়ি ছিল। ...এখান হইতে ২ মা দূরে আর একটি স্তূপ ছিল; ইহা হুয়েনৎসাঙ কর্তৃক বর্ণিত হইয়াছে। এই স্তূপের মধ্যে কনিষ্ক, রোমান সম্রাট আন্টোনিয়াসের (খ্রী. পূ. ৪৩) মুদ্রাদি পাওয়া গিয়াছিল।

**মানিটোবা** (Manitoba): কানাডা ডোমিনিয়নের প্রদেশ (১৮৭০)। নদী ও হ্রদবহুল দেশ। আ. ২,৪৬,৫১২ ব মা [জল ২৬,৭৮৯]। জন. ৭·৭৬ লক্ষ ('৫১)। রাজধানী—উইনিপেগ।

**মানিলা** (Manila): ফিলিপাইন দ্বীপপুঞ্জের রাজধানী ও বন্দর। জন. ১১·৮০ লক্ষ (কুইজন ও রিজাল শহর সমেত)। ...১৫৭১-এ স্পেনীশদের দ্বারা দুর্গনগর নির্মিত হয়। ফিলিপাইনের প্রাচীনতম শিক্ষাপ্রতিষ্ঠান সন্ত টমাস বিশ্ববিদ্যালয় ১৬১১ অব্দে স্থাপিত। এখানকার বন্য কলাগাছের (abaca) বাকলা হইতে মজবুত শন পাওয়া যায়; ইহা Manila hemp নামে খ্যাত। মহাযুদ্ধের পূর্বে ১·৫০ লক্ষ টন মানিলা দড়ি রপ্তানি হয়।

**মান্নার** (Mannar district): সিংহলের উত্তর প্রদেশের জেলা। আ. ৯৬৪ ব মা; জন. ৩১,৫৩৮; ঘনতা ৩৩। অধিকাংশ লোকই গ্রামবাসী। এই জেলায় ক্যাথলিক খ্রীষ্টানের সংখ্যা বেশি। ১৫৪৩-এ সাধু জেভিয়ার ভারত হইতে এখানে মিশনারী পাঠাইয়া প্রচারকার্য করেন।

**মান্নার** (Mannar): সিংহলের শহর; কোলোম্বো হইতে ১৯২ মা উত্তরে মান্নার উপসাগর তীরের স্টেশন। ...মান্নার উপসাগর ৮০-১০০ মা প্রস্থ ও প্রায় ১০০ মা দীর্ঘ। এখানকার সাগর জলে মুক্তা (Pearl) পাওয়া যায়।

**মান্নারগুডী** (Mannargudi): মদ্রাজ; তাঞ্জোর জেলার তালুক ও শহর। ব্যবসায়ের কেন্দ্র। জন. ২৯,৮৩৯। স্টেট, কুম্ভকোনম্ ও স্থানীয় ব্যাংক।

**মান্যখেট** (Manyakhet) **:** প্রাচীন ভারতের রাষ্ট্রকূটদের রাজধানী ; রাজা আমোঘবর্ষ (৮১৫-৮৭৭) এই নগরীর প্রতিষ্ঠাতা।...হায়দরাবাদ রাজ্যের (বর্তমান মহীশূর) ভীমা নদীর একটি উপনদীর উপর বর্তমান মালখেড্। শোলাপুর হইতে ৬০ মা দ.-পূর্বে স্টেশন।

**মাবর** ( Mawar ) **:** দ. ভারতের প্রাচীন বন্দর ; মার্কো-পোলো বর্ণিত সমৃদ্ধ প্রদেশ ; কুমারিকা অন্তরীপ হইতে নেল্লোর পর্যন্ত ভূখণ্ড— অধুনা করমণ্ডল উপকূল— মুসলমানদের সময়ে 'মাবর' নামে পবিচিত ছিল।

**মাবলী** ( Mavli ) **:** রাজস্থান ; উদয়পুর জেলার বল্লভ-নগর মহ.র তহশীল ও শহর। মা. তহশীলের আ. ৩০১ ব মা ; জন. ৭৫,৫৮৪। মাবলি হইতে ১৪ মা দ.-পূর্বে নাথদ্বার তীর্থ।

**মামল্লপুরম** ( Mamallapuram ) **মহামল্লপুরম মহাবলীপুরম :** মদ্রাজ ; চিংগলপেট জেলায় সমুদ্রতীরস্থ প্রাচীন নগর, পালার নদীর মোহনায় অবস্থিত ছিল। ইহা পল্লবরাজদের রাজধানী কাঞ্চীপুরমের বন্দর। কা. ৪০ মা ভিতরে পালার নদীর উপর অবস্থিত। সমুদ্র তীরে উ.-দ. লম্বমান দুইটি অনুচ্চ পাহাড় আছে। এই পাহাড় কাটিয়া গুহা ও পাহাড় খোদাই করিয়া মন্দির এবং পাথর দিয়া তৈয়ারি মন্দিরাদি আছে। পল্লববংশীয় মহেন্দ্রবর্মণের সময় ( ৬১০-৬৪০ ) পাহাড়ে গুহা কাটিয়া মণ্ডপ করা হয়। পরবর্তী রাজা নরসিংহবর্মণের সময়ে ( ৬৪০-৬৮ ) মণ্ডপ ছাড়া পাহাড় খোদাই করিয়া মন্দির নির্মিত হয় ; এগুলিকে সপ্ত রথ (Seven Pagodas) বলে। এগুলিকে দ্রাবিড় স্থাপত্য ও কৈলাস-ইলুরার শৈল-মন্দিরের পূর্বাভাস বলা যাইতে পারে। রথগুলি কঠিন গ্রানাইট পাথর খোদাই করিয়া তৈয়ারি। ইহাদের মধ্যে ৫টি রথ বা মন্দির বিখ্যাত। পঞ্চপাণ্ডবের নামে পাঁচ মন্দির। মন্দির বা রথগুলি বড় নহে ; বৃহত্তমটি ৫২´ দীর্ঘ, প্রস্থে ৩৫´ ও উচ্চতায় ৪০´। এগুলি বৌদ্ধদের বিহার অন্তর্গত চৈত্য ছিল বলিয়া মনে হয়।...দ্রৌপদী রথের আকার বাংলা দেশের চালাঘরের মতো। ...এ ছাড়া কয়েকটি প্রাকৃতিক ও কৃত্রিম গুহামধ্যে পৌরাণিক বিষয়ের ভাস্কর্য আছে : মহিষ-মর্দিনী, অর্জুনের তপস্যা, শ্রীকৃষ্ণের গোবর্ধনধারণ প্রভৃতি। ...বিরাট গ্রানাইট পাথরের উপর গঙ্গাবতরণের চিত্র খোদিত আছে ; লোকজন, জীবজন্তু, হস্তীযূথ, নদীতীরে তপস্বী, জলমধ্যে নাগগণ প্রভৃতি খোদিত আছে ; হস্তীযূথ স্বাভাবিক আকারের। ...দ. ভারতের অবশ্যদর্শনীয় স্থানসমূহের অন্যতম এই মহাবলীপুরম।

**মায়াপুর** ( Mayapur ) **:** নদীয়া জেলা ; কৃষ্ণনগর মহ.র অন্তর্গত গ্রাম ; প্রাচীন নাম স্বরূপগঞ্জ। কৃষ্ণনগর শহর হইতে ৮ মা দূরে, গঙ্গা ও জলঙ্গী নদীর সঙ্গমে অবস্থিত, মহেশগঞ্জ হইতে ১ মা। নবদ্বীপ শহর গঙ্গার অপর পারে। ...মায়াপুরই প্রাচীন নবদ্বীপ, শ্রীচৈতন্যদেবের জন্মভূমি।...জন্মস্থানে যোগীপীঠ মন্দির অতি সুন্দর ; ইতস্তত আরও অনেক মন্দির আছে, তন্মধ্যে শ্রীবাস অঙ্গন মন্দির বিখ্যাত। গৌড়ীয় মঠ সম্প্রদায় নির্মিত শ্রীচৈতন্য মঠও দর্শনীয়। নিকটস্থ বামনপুকুর গ্রামে চাঁদকাজীর সমাধি ও বল্লালসেনের প্রাসাদের ধ্বংসাবশেষ দৃষ্ট হয়।...এখানে ঠাকুর ভক্তিবিনোদ রিসার্চ ইনস্টিটিউট নামে বৈষ্ণব শাস্ত্র গবেষণাগার আছে। সেখান হইতে বহু বৈষ্ণব গ্রন্থ প্রকাশিত হইয়াছে। ডাকঘরের নাম স্বরূপগঞ্জ।

**মারকুলি** (Markoli) **:** পূ. পাক. ; সিলেট জেলার সুরমা ও বরাক নদীর সঙ্গমে গোয়ালনন্দ-সিলেট স্টীমার-পথের বড় গঞ্জ। এখান হইতে ছাতক, সুনামগঞ্জে জলপথে যাওয়া যায়।

**মারগেরিটা** ( Margherita ) **:** আসাম ; লখীমপুর জে.র খনি ও শিল্প এলাকার শহর। তিনসুকিয়া হইতে লিডো ( ৩৫ ) রেলপথের স্টেশন ( ২৮ মা )। ডিগবয় ৮ মা পূর্বে। ডিব্রুগড় হইতে ৫০ মা উ.-পূর্বে। এই অঞ্চল পেট্রোলিয়াম, কয়লা ও চা-এর জন্য খ্যাত। এখান হইতে লিডো পর্যন্ত কয়লা অঞ্চল। ডিগবয়-মারগেরিটার কয়লা খাদে ও পেট্রো. খনিতে প্রায় ২০ হা. লোক কাজ করে। মা. নাম ইতালীয়, রানী মা. হইতে হইয়াছে ; এখানে যে বিদেশী কো. কাজ করে, ইতালীতে তাহাদের কয়লার খনি আছে।

**মারগুই** (Mergui) **:** বর্মার তনেসেরিম বিভাগের জেলা ; উপকূলের নিকটে কতকগুলি দ্বীপ আছে। এই জেলা

১৮২৪-এ ব্রিটিশ অধিকারে আসে। গভীর অরণ্যময় দেশ; টিন ও টাংগস্টান খনির কাজ হয়।...আ. ১১,৩২৫ ব মা; জন. ১·৮০ লক্ষ ('৪১)। ... শহর (জন. ২৪,৪০৫)। বন্দর ও বিমান বন্দর।

**মারতাবান** ( Martaban ) : বর্মার থাটন জেলার শহর; সালাউন নদীর দ. তটে। ইহা তলায়িং ( Talaing ) জাতির প্রাচীন রাজধানী। বৃহদাকার glazed কুম্ভ বা কলসী তৈয়ারির জন্য খ্যাত ছিল। পরিব্রাজক ইবন্‌বাতুটা ( ১৩৫০ ) ও অন্যান্য ভ্রমণকারীরা এই কলসীর উল্লেখ করিয়াছেন। দক্ষিণে মারতাবান উপসাগর। রেলপথে রে. হইতে ১১০ মা।

**মারতিনিক** ( Martinique ) : পশ্চিম ইন্‌ডিস দ্বীপ-পুঞ্জের ফরাসী দ্বীপ। আ. ৩৮৫ ব মা; জন. ৩·৮২ লক্ষ ('৫২)। ১৯৪৬ হইতে ইহা ফ্রান্সের পার-সাগরীয় জেলা। রাজধানী ও বন্দর ফোর্ত দ. ফ্রাঁস ( Fort de France)। চিনি, রাম্‌ মদ, কলা প্রধান রপ্তানি সামগ্রী।

**মরমুগাঁও, মারমোগোয়া** ( Mormugao, Marmogao ) : পোর্তুগীজ অধিকৃত গোয়া (Goa ) জেলার শহর ও আরবসাগর তীরস্থ বন্দর। জন. ১১,২০০। ... বঙ্গলুর হইতে লোন্‌ডা হইয়া ৪৩৫ মা।

**মারশাল দ্বীপ** ( Marshall Island ) : প্রশান্ত মহা-সাগরের ( নিরক্ষরেখা ১০° ও অক্ষাংশ ১৭০° ) দ্বীপবর্গের সাধারণ নাম। মোট আ. ১৫০ ব মা; জন. ১০ হা.। জারমান ( ১৮৮৫ ১৯১৪ ), জাপান ( ১৯১৪-১৯৫১ ) ও তারপর মার্কিন যুক্তরাষ্ট্রের অধীন।

**মারসাই** (Marseilles ) : ফ্রান্সের ভূমধ্যসাগর তীরস্থ বন্দর। পূর্বে ভারতবর্ষ, অস্ট্রেলিয়া ও প্রাচ্যের বিলাতী ডাক, ও লন্ডন-যাত্রীরা এইখানে নামিয়া স্থলপথে যাইত। ফ্রান্সের ৯০ শতাংশ সাবান এখানে প্রস্তুত হয়; বহুবিধ শিল্পের কেন্দ্র। মদ, জলপাই-তৈল, খৈল, চিনি, সিমেণ্ট প্রভৃতি প্রধান রপ্তানি সামগ্রী। জন. ৬·৩৬ লক্ষ। জনসংখ্যা ক্রমশই কমিতেছে।

**মারাকাইবো** ( Maracaibo ) : দ. আমেরিকা; ভেনে-জুয়েলা রাজ্যের হ্রদ, সমুদ্রের সহিত অগভীর খাদ দিয়া যুক্ত। আ. ৫,০০০ ব মা। ১৯১৭ সালে পেট্রোলিয়াম খনি আবিষ্কৃত হয়। মা. শহর ও বন্দর তৈল রপ্তানির কেন্দ্র। জন. ২,৩২,০০০ ( '৫০ )।

**মারাথন** (Marathon) : গ্রীসের আটিকা দেশের গ্রাম; আথেন্স হইতে ২২ মা উ.-পূর্বে; খ্রী. পূ. ৪৯০ অব্দে আথেনীয় সেনাপতি মিলিটাইডিসের নেতৃত্বে পারসিক সৈন্য পরাজিত হয়।

**মারিয়ানে** ( Marianne or Ladrone Islands ) : প্রশান্ত মহাসাগরের দ্বীপপুঞ্জ। মার্কিনীরা ইহার মালিক। রাজধানী সাইপেন (Saipen)। প্রায় ৫০০ মা বিস্তৃত; গুআম বৃহত্তম দ্বীপ।

**মারী** (Murree) : পাক-পঞ্জাবের রওয়ালপিণ্ডি জেলার পর্বত; মারী নামে একটি শহর এই পর্বতোপরি (৬,৯৮৯ ফুট) অবস্থিত। রা. হইতে ৩৭ মা মোটরপথ। পূর্বে কাশ্মীর যাইবার পথ ছিল মারী দিয়া। উ.-প. সী. প্রদেশের গবর্নরের গ্রীষ্মাবাস নাথাইবালি মারী পাহাড়ে।

**মারে-ডার্লিং** ( Murray Darling ) : অস্ট্রেলিয়ার নদী; মারে নদী অস্-আল্‌পস নামে পর্বত হইতে উঠিয়া প্রথমে পশ্চিমে ও পরে দ. মুখী হইয়া দ. মহা-সাগরে পড়িয়াছে।...ডার্লিং নদী বহু উত্তরে উঠিয়া, অনেকগুলি নদীর জলধারা লইয়া মারের সহিত মিলিত হইয়াছে; এই নদীর দৈর্ঘ্য ২,৩৪৫ মা। ডারলিং নদীর উপযোগিতা সর্বাধিক।

**মার্কিন যুক্তরাষ্ট্র** ( United States of America : USA ) : উত্তর আমেরিকার বিশাল ফেডারেল রিপাবলিক। রাষ্ট্রের আয়তন ৩০,২২,৩৮৭ ব মা; জন. ১৫·৩৭ কোটি ('৫০)। কানাডার সীমান্ত ৩,৯৮৭ মা; মেক্সিকোর সী. ২,০১৩ মা। যুক্তরাষ্ট্রের সীমার মধ্যে ফ্লোরিডায় স্পেনীশরা সর্বপ্রথম ১৫৬৫ অব্দে উপনিবেশ স্থাপন করে; ইংরেজরা ১৬০৭ এপ্রিলে ভার্জিনিয়ায় প্রথম আসিয়া বাস করে। ফরাসীরা এই উপনিবেশ-গুলির উত্তরে বর্তমান কানাডায় ( নিউ ফ্রান্স ) বাস করিত; ফরাসীদের সহিত দীর্ঘকালের যুদ্ধের ( ১৭৫৬-৬৩ ) অবসানে ইংরেজরা কানাডা দখল করিল। ১৩টি স্ব স্ব প্রধান উপনিবেশ ছিল।· ব্রি. পার্লামেণ্ট এই কলোনীগুলির উপর ট্যাক্স ধার্য করিলে

ঔপনিবেশিকরা ব্রিটিশ পার্লামেণ্টের ট্যাক্স ধার্য করিবার অধিকার স্বীকার করিল না। ১৭৭৬, জুলাই ৪, তেরোটি কলোনীর প্রতিনিধিরা মিলিত হইয়া স্বাধীনতা ঘোষণা করিল। এই ঘোষণার পর ব্রিটিশদের সহিত মার্কিনী ঔপনিবেশিকদের যুদ্ধ হয় (American War of Iudependence)। ফরাসীরা বিদ্রোহীদের সাহায্য করিয়াছিল। অতঃপর ১৭৮২, ৩০ নবেম্বর, গ্রেটব্রিটেন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা স্বীকার ও ১৭৮৩, সেপ্টেম্বর ৩, শান্তির সন্ধিচুক্তি সম্পন্ন করিল। ১৩টি কলোনী লইয়া যুক্ত রাষ্ট্রের পত্তন হইল। ১৭৮৭, সেপ. ১৭ই, যুক্তরাষ্ট্রের সংবিধান ( Constituition ) গৃহীত হয়। স্বাধীনতা লাভের পর জর্জ ওয়াশিংটনকে—যিনি যুদ্ধে মার্কিনদের নেতা ছিলেন তাঁহাকে—প্রেসিডেণ্ট নির্বাচন করা হয়। এই সময়ে কলোনীর জনসংখ্যা ছিল ৪০ লক্ষ, ইহার মধ্যে ৭ লক্ষ ছিল নিগ্রো ক্রীতদাস। কলোনীগুলি আপালিশিয়ান পর্বতের পূর্বদিকে অতলান্তিক মহাসাগর-তট পর্যন্ত বিস্তৃত ছিল। . তখন আ. ছিল ৮,৮৮,৮১১ ব মা। অতঃপর ফরাসীদের নিকট হইতে লুইসেনিয়া ক্রয় করায় দেশের মধ্যাংশে নূতন নূতন কলোনী সংগঠন সম্ভব হইল। ১৮১৯-এ স্পেনীশদের নিকট হইতে ফ্লোরিডা ক্রীত হয়। মেক্সিকোর সাম্রাজ্য বহুদূর বিস্তৃত ছিল; সেই দেশের টেক্সাস দেশ ১৮৪৫-এ যুক্তরাষ্ট্র ভুক্ত হইল। ১৮৪৬-এ ব্রিটেনের সহিত পশ্চিম সীমান্ত লইয়া সন্ধি হইলে যুক্তরাষ্ট্রের সীমান্ত প্রশান্ত মহাসাগর পর্যন্ত গেল; ১৮৪৬ মেক্সিকোর সহিত যুদ্ধ করিয়া কালিফোর্ণিয়া অংশ দখল করিল। এই ভাবে মা. যুক্তরাষ্ট্র গঠিত হইল। য়ুরোপ হইতে আগত ঔপনিবেশিকরা বসতি আরম্ভ করিল; ১৮৪৭ হইতে ১৮৬০-এর মধ্যে য়ুরোপ হইতে ৩০ লক্ষ লোক এদেশে প্রবেশ করে। ক্রীতদাস প্রথার উচ্ছেদ লইয়া ১৮৬১ অব্দে আমেরিকান কলোনীগুলির মধ্যে অন্তর্বিপ্লব দেখা গেল। দাস-প্রথার পক্ষে ১১টি দক্ষিণী স্টেট পৃথক রাজ্য গঠন করে। তখন প্রেসিডেণ্ট আব্রাহাম লিন্‌কলন; উত্তর ও দক্ষিণে যুদ্ধ আরম্ভ হয়। এই যুদ্ধে ইংরেজরা-ক্রীত-দাস প্রথার সমর্থক বিদ্রোহী দক্ষিণী স্টেটগুলিকে সহায়তা দান করিল। অবশেষে উত্তরের দলরা জয়ী হয়। ...বিদ্রোহী স্টেটগুলি একে একে ফেডারেল স্টেট ভুক্ত হইল। ...১৮৬৭ অব্দে রুশিয়ার নিকট হইতে আলাস্কা ক্রীত হইল। স্পেনীশ-দের সহিত যুদ্ধের ফলে ১৮৯৮-এ ফিলিপাইনস, দ্বীপপুঞ্জ, হাওয়াই দ্বীপপুঞ্জ, ১৮৯৯-এ পোর্টোরিকো গুআম মার্কিনীদের দখলে আসে। ১৯০৪-এ পানামা খাল-অঞ্চল ইহাদের আয়ত্তে আসে। ...ইহার পর প্রথম মহাযুদ্ধে ১৯১৭-এ মার্কিনীরা যোগদান করে। ...মহাযুদ্ধান্তে ভার্সাই সন্ধিতে মার্কিনরা যোগ দিল না, লীগ অব নেশনকের সদস্য হইল না। ...১৯৩৯ সেপ. ২য় মহাযুদ্ধ আরম্ভ হইলে মার্কিনী রাষ্ট্র নিরপেক্ষ থাকে; কিন্তু জাপান ( ১৯৪১, ডিসেম্বর ৭ ) অতর্কিত-ভাবে পার্লহারবারের ( হাওয়াই দ্বীপে ) মার্কিনী নৌঘাঁটির উপর বোমা নিক্ষেপ করিলে মার্কিনীরা বিশ্বযুদ্ধে জড়াইয়া পড়িল। অস্ত্রশস্ত্র হইতে ঔষধ-পথ্য সমস্তই তাহারা সরবরাহ করিল। ২টি আণবিক বোমা নিক্ষেপ করিয়া জাপানকে প্রায় বিনা শর্তে আত্ম-সমর্পন করিতে বাধ্য করিল।

মার্কিন যুক্তরাষ্ট্র ৪৮টি স্টেট ও ১টি জেলা লইয়া গঠিত; ১৭৮৭ অব্দের সংবিধানের এপর্যন্ত ২২টি সংশোধনী গৃহীত হইয়াছে; সংবিধান মতে কার্যসভা, আইন সভা ও বিচার সভা (executive, legislature, judiciary ) রাষ্ট্র পরিচালনার উচ্চ ও প্রধানতম প্রতিষ্ঠানত্রয়। মার্কিনী কন্‌গ্রেস-এ ( পার্লামেণ্টের ন্যায় ) দুইটি কোঠা—সিনেট ( ৯৬ সদস্য ) ও হাউস অব্‌ রিপ্রেজেণ্টেটিভ বা প্রতিনিধি সভা ( ৪৩৫ সদস্য ) প্রেসিডেণ্ট ৪ বৎসরের জন্য নির্বাচিত হন; তিনি মন্ত্রিপরিষদ গঠন করেন। ইহাদের সেক্রেটারি বলে। কেন্দ্রীয় শাসনাদর্শে স্টেটগুলির শাসনযন্ত্র গঠিত; তবে স্টেটগত সংবিধানের মধ্যে তফাত আছে—সকল স্টেটের সংবিধান এক ছাঁচে ঢালাই নহে।

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম ১৩টি রাজ্য:— ডেলাওয়ারে ( ১৭৮৭ ডিসেম্বর ৭ ); পেন্‌সিলভানিয়া ( ১৭৮৭ ডিসে. ১২ ); নিউ জারসি ( ১৭৮৭ ডিসেম্বর ১৯ ); জর্জিয়া ( ১৭৮৮ জানু. ২ ); কনেকটিকাট ( ১৭৮৮ জানু. ৯ ); মাসাচুসেটস ( ১৭৮৮ ফেব্রু. ৬ );

মেরীলন্ড (১৭৮৮ এপ্রিল ২৮); সাউথ কারোলিনা (১৭৮৮ মে ২৩); নিউ হাম্পশায়ার (১৭৮৮ জুন ২১); ভার্জিনিয়া (১৭৮৮ জুন ২৫); নিউইয়র্ক (১৭৮৮ জুলাই ২৬); নর্থ কারোলিনা (১৭৮৯ নবেম্বর ২১); রোহ্‌ড আইলন্ড (১৭৯০ মে ২০)।

যুক্তরাষ্ট্রের জনসংখ্যা অত্যন্ত বিচিত্র; এখানকার আদিবাসী রেড ইন্‌ডিয়ান; তাহাদের সংখ্যা মাত্র ৩·৩৪ লক্ষ। আফ্রিকা হইতে আমদানি নিগ্রো দাসদের বংশধরদের সংখ্যা এখন ১,২৮,৬৫,০০০। চীনা ৭৭ হা. জাপানী ১·২৭ লক্ষ। অবশিষ্ট লোক ইউরোপীয় বংশোদ্ভব। ১৮২০-১৯৫০ পর্যন্ত সকল দেশের ৩,৯৩,২৫,৪৮২ লোক এখানে আসিয়াছিল। ইহার মধ্যে ইউরোপ হইতে আসে ৩·৩২ কোটি।...জন সংখ্যা ১৭৯০-এ ছিল ৩৯,২৯,০০০; ঘনতা ৪·৫। ১৯০০-এ ৭·৬০ কোটি; ঘনতা ২৫·৬। ১৯৫০-এ ১৫·৬০ কোটি; ঘনতা ৫৪·৬। রাষ্ট্রে গ্রাম, শহর ও নগরের সংখ্যা ৫৯,২৪৯। লক্ষাধিক জনপূর্ণ শহর ১০৮। এক হাজারের কম বাসিন্দা গ্রাম ৫১,২৪০। জাতীয় ঋণ ১৯১৯-এ মাথাপিছু ছিল ২৪২ ডলার। ১৯৫১-এ ১,৬৫৫ ডলার। শিক্ষার জন্য ব্যয় ৪৩২ কোটি বা মাথাপিছু ২০১ ডলার। সর্বশ্রেণীর বিদ্যালয়ের সংখ্যা ১,৯০,৩৮৯। শিক্ষক ১১,৬৩,৮৪৭। ছাত্রসংখ্যা ৩ কোটি।

**মার্তণ্ড** (Martand): কাশ্মীর রাজ্যের সূর্যমন্দির।... জম্মু হইতে শ্রীনগরের পথের নিকটে ইসলামাবাদ (প্রাচীন অনন্তনাগ) শহর; এখান হইতে কয়েক মা গেলে একটি উচ্চ মালভূমির উপর মার্তণ্ড মন্দিরের ভগ্নাবশেষ দেখা যায়। ইহা ৬৩ ফুট দীর্ঘ, উচ্চতাও প্রায় অনুরূপ; মন্দিরটি কাশ্মীরি স্থাপত্য শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন। কাশ্মীরের কর্কোটবংশীয় রাজা মুক্তাপীড়-ললিতাদিত্যের সময়ে (৭২৪-৬০) মন্দির নির্মিত হয়। পরে তথাকার মুসলমান রাজা সিকন্দর বুৎসিকান (১৩৮৬-১৪০০)-এর আদেশে ইহা ধ্বংস হয়।

**মাল** (Mal): জলপাইগুড়ি জেলার সদর মহকুমার থানা। আ. ১৯৭ ব মা; জন. ৮৮,১৫৮; ঘনতা ৪৪৭। ...গ্রাম (জন. ৩,৭৬০) শিলিগুড়ি হইতে ২৯ মা

**মালকন্দ** (Malkand): প. পাক.; উ.-প. সী. প্রদেশের এজেন্‌সি; দির, সোয়াৎ, চিত্রল, অম্ব ও ফুলরা ও অনেকগুলি উপজাতি এই এজেন্‌সীর অন্তর্গত ছিল। সমগ্রের জন. ১২·৪১ লক্ষ। দপ্তরকেন্দ্র মালকন্দ—দুর্গ ও শহর; পেশাবার হইতে ৪৪ মা পার্বত্য গিরিপথে অবস্থিত। উপর-সোয়াত খাল পাহাড়ের মধ্য দিয়া ও একস্থানে ২ মা সুড়ঙ্গের মধ্য দিয়া প্রবাহিত হইয়া জলবিদ্যুৎ উৎপাদন করিতেছে (২০ হা. কি. ওয়াট)।

**মালকাপুর** (Malkapur): মধ্যপ্রদেশ (বর্তমানে বোম্বাই মারাঠাওয়াড়া বিভাগ); বুলদানা জেলার তহশীল ও শহর। বুলদানা শহর এখান হইতে মোটর-পথে ২৮ মা; বোম্বাই ৩০৮ মা; নাগপুর ২০৪ মা। ...জন. ২৪,৯৪১।

**মালখেড** (Malkhed): প্রাচীন মান্যখেট। হায়দরাবাদ রজ্যের গুলবর্গা জেলার (বর্তমান মহীশূর রাজ্যান্তর্গত) স্থান। ওয়াডি (Wadi) স্টেশন হইতে মালখেড রোড (১৬ মা) স্টেশন হইতে ২০ মা দূরে মান্যখেট বা আধুনিক মালখেড। এখান হইতে ৩০ মা দূরে জটাগিরি (Yad-giri) চালুক্য রাজদের রাজধানী ছিল (১০৩০ পর্যন্ত)

**মালটা** (Malta): ভূমধ্যসাগরের দ্বীপ; জিবরল্টর প্রণালী ও সুয়েজ খালের মধ্যস্থলে সিসিলির দক্ষিণে গোজো, কোমিনো ও আরও কয়েকটি দ্বীপ লইয়া মালটার স্বায়ত্তশাসনপ্রাপ্ত ব্রিটিশ ক্রাউন কলোনী; বৈদেশিক নীতি ও দেশরক্ষা সম্পূর্ণভাবে ব্রি. উপনিবেশ দপ্তরের আয়ত্তাধীন।... সিসিলি-র ৬০ মা দক্ষিণে ও টিউনিসিয়ার ১৮০ মা উত্তরে অবস্থিত। ব্রিটিশ ও N.A.T.O-র নৌবাহিনীর কেন্দ্র ও বিরাট আয়ুধাগার (arsenal)। এখানকার সরকারী ভাষা ইংরেজিও মালটিজ; মালটিজ ভাষা সেমেটিক, আরবী-ইটালিয়ান মিশ্রিত।... মালটা দ্বীপের আ. ৯৫ ব মা; জন ২,৭৮,৩১১। গোজো প্রভৃতি সমগ্র কলোনীর আ. ১২২ ব মা; জন. ৩·০৬ লক্ষ। রাজধানী—ভালেট্টা।

**মালদা, মালদহ** (Malda, Maldaha): প. বঙ্গের জেলা ও শহর। অখণ্ড বঙ্গে মালদহ রাজসাহী বিভাগের জেলা। আ. ছিল ২০০৪ ব মা; জন্‌. ছিল প্রায় ১১ লক্ষ। ১৯৪৭-এর পার্টিশনের ফলে পূর্বতন

জেলার ৫ থানা (শিবগঞ্জ, নবাবগঞ্জ, গোমস্তাপুর নাচোল ও ভোলাহাট) পূর্ব পাকিস্তানের রাজসাহী জেলা ভুক্ত হইয়াছে। পূর্বতন আয়তনের ৬৯·৪১ শতাংশ ও জনসংখ্যার ৬৮·৫০ অংশ বর্তমান মালদহের অন্তর্গত আছে; মালদহের প্রায় ৬০০ ব মা ও ১৯৪১-এর হিসাবে ৩,৮৮,৩০৩ সংখ্যক অধিবাসী পাকিস্তানের মধ্যে গিয়াছে।...বর্তমান আ. ১.৪০৮ ব মা; জন. ৯,৩৭,৫৮০; ঘনতা ৬৭৪। হিন্দু ৬২·৯২; মুসলমান ৩৬·৯৭। উদ্বাস্তু সংখ্যা ১৯৫১-এ ৬০,১৯৮।... মালদহে মহকুমা নাই। ১০টি থানা—ইংরেজ বাজার, কালিয়াচক, মালদা, হবীবপুর, রাতুয়া, মানিকচক, খারবা, হরিশচন্দ্রপুর, গাজোল, বামনগোলা।...জেলার শহর ও গ্রাম১,৫৭৯। মালদহ জেলার পলিমৃত্তিকায় চাষ ভাল হয়। উৎকৃষ্ট আমের জন্য বিখ্যাত; বার্ষিক প্রায় ৪৩ লক্ষ টাকার আম বিক্রয় হয়। কলিকাতা হইতে সোজাসুজি কোনো রেলপথ না থাকায় আমের ব্যবসায় খুবই ক্ষতিগ্রস্ত। কলিকাতা বা পশ্চিম-দক্ষিণ বঙ্গ হইতে মালদহ ও উত্তর বঙ্গ প্রায়-বিচ্ছিন্ন। মুর্শিদাবাদে ফারাক্কা ব্যারাজ নির্মিত হইলে তবেই এই সঙ্কটময় অবস্থার অবসান হইতে পারে। এই জেলায় ইতিহাস-প্রসিদ্ধ গৌড়ও পাণ্ডুয়া অবস্থিত। গৌড়ের কিয়দংশ পাকিস্তানের মধ্যে পড়িয়াছে (দ্র. গৌড়)।

**মালদহ-ইংরেজবাজার** (Maldah): মালদহ জেলার সদর শহর; মহানন্দা নদীর উপর অবস্থিত। কাটিহার-সিংহাবাদ [ইহার পর পাকিস্তান ঈ. বি. রেল] লাইনের মালদহ স্টেশন হইতে নদী পার হইয়া মূল শহর ইংরেজবাজারে আসিতে হয়। কলিকাতা হইতে লুপ লাইনে রাজমহল (১৯৬ মা) হইয়া গঙ্গা পার হইয়া মানিকচক হইতে মোটর পথ (২৩ মা) জন. ৪,৫০০। স্টেট, ইউনাইটেড ব্যাংক। ইন্টার কলেজ (১৯৪৪)। স্কুল, বালিকা বিদ্যালয়, গ্রন্থাগার, রামকৃষ্ণ মিশন বিদ্যাপীট, বিজলী।

**মালদা থানা**; আ. ৮৭·৪ ব মা; জন. ৩৭,৪২০। শহর ১, গ্রাম ১১২। ৬টি ইউনিয়ন।...মালদহ (Old Malda) কালিন্দী নদীর বামতটে, ইংরেজবাজার বা আধুনিক মালদহের অপর পারে। কাটিহার হইতে সিংহাবাদ (৬৯) রেলপথে পুরাতন মালদা স্টেশন (৫৩ মা)। এখান হইতে সীমান্ত ১৬ মাইল মাত্র।

**মাল দ্বীপপুঞ্জ** (Maldive Islands): ভারত মহাসাগরে সিংহল হইতে ৪০০ মা পশ্চিমে ১৩টি প্রবাল দ্বীপের সমষ্টি। আ. ১১৫ ব মা; জন. ৯৩ হা.। রাজধানী মালে (Male)। অধিবাসীরা সবই মুসলমান; দ্বীপগুলি ব্রিটিশ আশ্রয়ে আছে। শাসন বিষয়ে ইহারা সিংহল গবর্নমেন্টের অধীন ছিল; ১৯৫২ ডিসেম্বরে সুলতান শাসনের পরিবর্তে রিপাবলিক গঠিত হয়। কিন্তু প্রজাতন্ত্র সহ্য হইল না; পুনরায় ১৯৫৪ ফেব্রুয়ারীতে নূতন সুলতান নির্বাচিত হইয়াছেন।

**মালব** (Malwa): বিন্ধ্যাচলের উত্তরে, রাজস্থানের দক্ষিণে মধ্যভারত অন্তর্গত মালভূমির সাধারণ নাম। মালব, মল্ল বা মাল্লোই নামে এক দুর্ধর্ষ জাতি উত্তর-পশ্চিম ভারতে আলেকজেন্দারের সময় বাস করিত; এই জাতি কালে বর্তমান মালব ও দক্ষিণ মালাবার, মালয়ালমে গিয়া বাস করে। ইহারাই এশিয়ার মালয় উপদ্বীপাদিতে গিয়া বসবাস করে বলিয়া মনে হয়।

প্রাচীন ভারতের অবন্তী পরযুগে মালব নামে খ্যাত হয়। বহু রাজবংশ একের পর এক এই উর্বর মালভূমে রাজত্ব করে; উজ্জয়িনী ছিল রাজধানী। ৯-১১ শতকে পরমার রাজারা ধারা নগরে রাজত্ব করেন। ১৩ শতকে ইলতুতমিস মালব আক্রমণ করেন। কিন্তু অধিকারে আনেন আলাউদ্দীন খলজি (১৩০৫)। তুঘলকদের পতনের পর ১৪০৬-এ মালব স্বাধীনতা ঘোষণা করে। হুসং শাহ মান্ডুতে রাজধানী নির্মাণ করেন। গুজরাটের বাহাদুর শাহ মালব দেশ নিজ-রাজ্যভুক্ত করেন (১৫৩১) ও ত্রিশ বৎসর পর আকবর মালবকে পুনরায় দিল্লী সাম্রাজ্যভুক্ত করেন। মুঘল সাম্রাজ্যের অধঃপতন কালে মালবে রাজপুত ও পরে মারাঠারা প্রবল হয়।...কালে মধ্যভারত ব্রিটিশের করায়ত্ত হইলে ইন্দোরের পোলেটিক্যাল এজেন্টের উপর মালবের দেশীয় রাজ্যগুলির উপর খবরদারীর ভার অর্পিত হয়।...বর্তমানে মালব নামে কোনো শাসন একক বা ভৌগোলিক রাজ্য নাই।

**মালবল্লী** (Malvally): মহীশূর রাজের প্রায় দক্ষিণ

সীমান্তের গ্রাম। এখানে ১৭৯৯, ২৭ মার্চ টিপু সুলতান জেনারেল হ্যারিসের নিকট পরাজিত হন। আর্থার ওয়েলেসলি (ভাবী ডিউক অব্ ওয়েলিংটন) এই যুদ্ধের একাংশের ভারপ্রাপ্ত কর্ণেল ছিলেন।

**মালবান** ( Malvan ): বোম্বাই; রত্নগিরি জেলার তালুক ও শহর এবং জেলার দক্ষিণতম বন্দর। এক-কালে শিবাজীর বন্দর ছিল। রেলপথ নাই। মাছের ব্যবসায়ের কেন্দ্র; হাঙরের তৈল, কাজুবাদাম, নারিকেলের ছোবড়াজাত সামগ্রী প্রভৃতি প্রস্তুত হয়। জন. ২৯,৮৫১।

**মালমো** ( Malmo ): সুইডেনের বন্দর; কোপেন-হাগেনের অপর পারে সাউন্ড প্রণালীর উপর অবস্থিত। বাণিজ্যকেন্দ্র। জন. ২ লক্ষ।

**মালয় উপদ্বীপ** ( Malaya Peninsula ): এশিয়ার পূ.-দ. কোণের ব্রিটিশ অধিকৃত উপদ্বীপ; ক্রা-যোজক-দ্বারা ইন্দোচীনের সহিত যুক্ত। চরম দৈর্ঘ্য ৭০০ মা; প্রস্থে ৪৫ হইতে ২০০ মা। অধিবাসীরা প্রধানত মালয়। উপদ্বীপের মধ্যভাগে মালভূমি এবং উভয় উপকূলের নিকট সমভূমি। এখানে প্রচুর বৃষ্টিপাত হয়। মালভূমি অরণ্যাকীর্ণ; অরণ্যভূমি পরিষ্কার করিয়া রবার বৃক্ষের চাষ হইতেছে; রবার বাগিচার মালিক ব্রিটিশ কোম্পানি। পৃথিবীর $\frac{1}{3}$ রবার এইখানে উৎপন্ন হয়। কৃষিজাত দ্রব্যের মধ্যে ইক্ষু, নারিকেল, চা, তামাক, কর্পূর, সাগু, মশলা প্রভৃতি। খনিজের মধ্যে টিন প্রধান। পৃথিবীর মোট টিনের $\frac{1}{3}$ মালয়ে উৎপন্ন হয়।

**মালয় ফেডারেশন** ( Federation of Malaya ): ১৯৪৮ ফেব্রু. মাসে 'ফেডারেশন অব্ মালয়' গঠিত হয়। ব্রিটিশ অধিকৃত ও রক্ষিত দেশগুলি—

( ১ ) ফেডারেশন অব্ মালয় অন্তর্গত—

( ক ) ব্রিটিশ আশ্রিত—জোহোর, পেরাক, সেলংগর, নেগ্রিসেমবিলন, পাহং, কেদা, কেলান্তন, ত্রেংগান্নু, পেরলিস।

( খ ) ব্রিটিশ উপনিবেশ—পেনাং ও মালাক্কা ( পূর্বে স্ট্রেটস সেটলমেন্টের অন্তর্গত ছিল )।

( ২ ) সিঙাপুর কলোনী (পূর্বে স্ট্রে সেঃ অন্তর্গত)।

( ৩ ) উ.-প.-বোর্নিও-র সারবাক (Sarawak)।

( ৪ ) উত্তর বোর্নিও-র কলোনী ( লাবুআন দ্বীপ যাহা পূর্বে স্ট্রে. সে. অন্তর্গত ছিল )।

( ৫ ) ব্রুনাই রাজ্য।

এই সবগুলি রাজ্য ও দেশ পৃথক হইলেও ইহাদের সকলের উপর খবরদারি করিবার ভার অর্পিত হইয়াছে কমিশনর জেনারেলের উপর। ইহার দপ্তরখানা সিঙাপুরে। পূর্বের গবর্নর-জেনারেল পদ উঠিয়া গিয়াছে ( ১৯৪৮ )।

মালয় ফে.-র আয়তন ৫০,৬৯০ ব মা; জন. ৫৪ লক্ষ। ইহার মধ্যে মালয় ২৫ লক্ষ, চীনা প্রায় ১৯ লক্ষ, ভারতীয় ৫,৩০,৬৩৮। য়ুরোপীয় ছিল নয় হাজার। রাজধানী, কুয়ালা-লামপুর। ( দ্র. পৃথক রাজ্য ও সিঙাপুর )।

**মালয় স্টেটস** (Malay States): মালয় ফেডারেশন গঠিত হইবার পূর্বে মালয় উপদ্বীপ এইভাবে বিভক্ত ছিল:

(ক) স্ট্রেটস সেটলমেণ্ট (Straits Settlement)

(খ) ফেডারেটেড মালয় স্টেটস ( Federated Malay States )

(গ) আন-ফেডারেটেড স্টেটস (Un-federated States)

ক-বর্গে ক্রাউন বা খাস কলোনী—সিঙাপুর, পেনাং, মালাক্কা, লাবুয়ান। খ-বর্গে ব্রিটিশ রক্ষিত রাজ্য—পেরাক, সেলাংগর, নেগ্রিসেমবিলান, পাহং। গ-বর্গে—জোহোর, কেদা, পেরলিস, কেলান্তন, ত্রেংগান্নু। ( পৃথক পৃথক নাম দ্রষ্টব্য )।

**মালাকওয়াল** ( Malakwal ): পাক-পঞ্জাব; গুজরাট জেলার শহর ও বড় জংশন; লালমুসা হইতে ৪৫ মা।

**মালাক্কা** ( Malacca ): মালয় উপদ্বীপের প্রাচীনতম ব্রিটিশ কলোনী; বর্তমানে মালয় ফেডারেশনের অন্তর্ভুক্ত। আ. ৬৩৩ ব মা; জন. ২.৪০ লক্ষ ('৪৭)।

**মালাক্কা প্রণালী** (Strait of Malacca): মালয় উপ-দ্বীপ ও সুমাত্রা দ্বীপের মধ্যবর্তী প্রণালী; দৈর্ঘ্য ৫৫০ মা; প্রস্থ ৩৫ হইতে ১৮৫ মা। ভারত মহাসাগর

হইতে প্রশান্ত মহাসাগরে যাইবার ইহাই একমাত্র নিরাপদ জলপথ। সিঙাপুর প্রবেশমুখে অবস্থিত।

**মালাদ** (Malad) : বোম্বাই ; থানা জেলার শহর ; সাল-সিটি দ্বীপে, বোম্বাই হইতে ১৭ মা উত্তরে। এখানে বোম্বাই-এর ফিল্‌ম বা ছবি তোলার অনেকগুলি স্টুডিও আছে। অন্যান্য শিল্পও আছে। জন. ৪৫,১৩৪ ; দশ বৎসরে প্রায় ৩৩ হা. লোক বৃদ্ধি হইয়াছিল।

**মালাবার** (Malabar) : দ.-প. ভারতে ভারত মহাসাগর তীরস্থ ভূভাগ ; ইহার পূর্বদিকে পশ্চিমঘাট ও কার্দামন পর্বতমালা। এই দেশের অধিবাসীরা প্রধানত মালয়া-লামভাষী। পূর্বে বোম্বাই, মদ্রাজ, কোচীন ও তিরুবঙ্কুর রাজ্য মধ্যে বিস্তারিত ছিল। ঘাট পর্বত অরণ্যপূর্ণ ; সমুদ্রতীরে ধান ও অন্যান্য ফসল জন্মে ; নারিকেল গাছ প্রচুর। প্রধান ঐশ্বর্য মশলাপাতি।

**মালাবার জেলা** (Malabar Dt.) : মদ্রাজের জেলা ছিল ; বর্তমানে রাজ্য পুনর্গঠন আইন মতে ১৯৫৬ নবেম্বর হইতে কেরল রাজ্যভুক্ত হইয়াছে। কোয়াম্ব-তুর ও আরব সাগরের মধ্যে অবস্থিত। এখানকার পর্বতমালার মধ্যস্থিত পালাঘাট গিরিপথ ভারতের অন্যান্য অংশে যাইবার প্রধান পথ ; এখান দিয়া রেলপথ মদ্রাজের সহিত যুক্ত। এই জেলার উপকূল ভাগ ১৪৫ মা। আ. ৫,৭৯৫ ব মা ; জন. ৪৭,৫৮,৩৪২। অধিবাসীর মালয়ালামভাষী। এখানে বৃষ্টিপাত ১২০"।

**মালাবার হিল** ( Malabar Hill ) : বোম্বাই নগরীর এক অংশের নাম।

**মালিন্দী** (Malindi) : পূ. আফ্রিকার কেনিয়া রাজ্যের বন্দর ও পোর্তুগীজ পূ.-আফ্রিকার পুরাতন রাজধানী। ১৪৯৮-এ ভাস্‌কো-দি-গামা এই বন্দর হইতে ভারত যাত্রা করেন এবং সমুদ্রপথে ভারতীয় বণিকরা তাঁহাকে পথ দেখাইয়া দেয়। ···মোমবাসা হইতে ৬৫ মা উ.-পূর্বে অবস্থিত ; জন. সাড়ে তিন হাজার।

**মালিপুরম** ( Malippuram ) : তিরু-কোচীন ( বর্তমান কেরল ) রাজ্যর শহর। জন. ২৪,০০০।

**মালিয়াড়া** ( Maliara ) : বাঁকুড়া জেলা ; বড়জোড়া থানার গ্রাম। বাড়. হইতে ৫ মা। জন. ৫,৩৪১।··· দেও অধয়্যা নামে মানসিংহের এক সঙ্গী দেশে ফিরিয়া না গিয়া এখানেই বাস করেন। বর্তমান জমিদার তাঁহারই বংশধর।

**মালীআ** ( Maliya, Malia ) : সৌরাষ্ট্রের অন্তর্গত ( বোম্বাই রাজ্য ) পূর্বতন করদরাজ্য। আ. ১০৩ ব মা ; জন. ১০,৭৮৮। ঠাকুর ( রাজা ) বড়োদা ও জুনাগড় সরকারকে কর দিতেন।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৪৭,৫০০ টাকা ভাতা দেওয়া হয়।...মালীআ শহর, কচ্ছ রান-এর নিকট ; লবণ তৈয়ারির স্থান।... বীরমগাম হইতে ধাহীনসরা জং. ( ১২২ মা ) হইয়া শাখা রেলপথের শেষ স্টেশন ( ১৫ মা )।

**মালেগাঁও** ( Malegaon ) : বোম্বাই ; নাসিক জেলার তালুক ও বয়নশিল্পখ্যাত শহর। শহর গির্না নদী-তীরে ; রেল স্টেশন নাই। নাসিক হইতে ৬০ মা উ.-পূর্বে। জন. ৫৫,০২২। স্টেট, দেবকরণ ; নিউ সিটিজেন ব্যাংক।

**মালের কোটলা** ( Maler Kotala ) : পূর্বতন পঞ্জাবের দেশীয় রাজ্য। আ. ১৬৫ ব মা ; জন. ৮৮ হা.। নবাবরা কুর্দ বংশীয় মুসলমান ; ১৪৪২ মালের নামক প্রচীন স্থানে রাজ্য স্থাপিত হয়।···১৮০৯ ইংরেজের সহিত মৈত্রী-সন্ধি হয়।...নবাব ১১ তোপের সম্মান পাইতেন ; রাজস্ব ছিল ৮৫ লক্ষ টাকা। রাজ্য ভারত-ভুক্ত হইলে নবাবকে ১,১০,০০০ টা. ভাতা দেওয়া হয়। এই রাজ্য পে-প-সু অন্তর্গত ছিল, বর্তমানে পঞ্জাবভুক্ত।—শহর (জন. ৩২,৫৭৫) লুধিয়ানা-জাকাল-দিল্লী রেলপথের স্টেশন (২৮ মা) ; দিল্লী ১৭৬ মা। পাতিয়ালা, প. ন্যাশনাল ব্যাংক।

**মাল্যবান** ( Malyavan ) : রামায়ণে আছে এই পর্বত কিষ্কিন্ধ্যার নিকটবর্তী , প্রস্রবণ পর্বত অদূরে। মহীশূর রাজ্যান্তর্গত রত্নগিরি (পূর্বে বোম্বাই ) জেলায় অবস্থিত।

**মাশোনাল্যান্ড** ( Mashonaland ) : আফ্রিকা ; দক্ষিণ রোডেশিয়া রাজ্যের উ.-পূর্বাংশে মাশোনা নামে বান্টু জাতির উপশাখার বাসভূমি ; ১৮৮৮ ব্রিটিশ প্রোটেক্-টোরেট। ১৯২৩ হইতে উহা দ. রোডেশিয়ার অংশ। রাজধানী সালেসবেরি। মাশোনা ভূমের আ. ৮০,২৩৬ ব মা ; জন. শ্বেতকায় ২৬ হা.।

**মাস্‌কি** ( Maski, Muski ) : হায়দরাবাদ রাজ্যের

( বর্তমানে মহীশূর ) রায়চুর জেলার গ্রাম; রায়চুর হইতে ৫০ মা দ.-পশ্চিমে ( জন. ৫,২৮৩ )। এইখানে অশোকের এক শিলালেখে 'অশোক' নাম পাওয়া গিয়াছে। অন্য সর্বত্র 'দেবানাং পিয়ো পিয়দসি' মাত্র আছে।

**মাসাওয়া** ( Massawa ): আফ্রিকা; ইরিত্রিয়া রাজ্যের প্রধান সুদৃঢ় বন্দর, কিয়দংশ মূল-ভূমে ও কিয়দংশ লোহিত সাগরস্থিত নিকট-দ্বীপের উপর নির্মিত। কফী ও চর্ম প্রধান রপ্তানির সামগ্রী। জন. ১৭,০০০।

**মাসাচুসেট্‌স** ( Massachusetts ): মার্কিন যুক্ত-রাষ্ট্রের স্টেট। ১৬২৮ প্রথম উপনিবেশ। আদি ১৩ ইউনিয়নের অন্যতম ( ১৭৮৮ ); আলগোন্‌কিন লালমানুষদের একটি উপজাতির নাম হইতে স্টেটের নাম। আ. ৮,২৫৭ ব মা; জন. ৪৭ লক্ষ। রাজধানী বস্‌টন। আমেরিকার প্রধানতম শিল্পপ্রধান স্টেট; এখানে ৩৯ নগর ও ৩১৬ শহর। ৭৪ বিমান বন্দর।

**মাসিদোনিয়া** ( Macedonia ): দ.-পূর্ব ইউরোপের ভূখণ্ড; বর্তমানে গ্রীস, যুগোস্লাবিয়া ও কিয়দংশ বুলগেরিয়ার মধ্যে। পার্বত্য দেশ। এককালে এখানে স্বর্ণ ও রৌপ্যখনি ছিল। খ্রী.পূ. ৭০০ অব্দে পাহাড়ীদের রাজ্য ছিল। ২য় ফিলিপ গ্রীকদের সভ্যতা ও সংস্কৃতি আয়ত্ত করিয়া সমগ্র গ্রীসের অধিপতি হন ( খ্রী.পূ. ৩৩৮ )। ইঁহার পুত্র বিশ্বজয়ী আলেকজেন্দার। মাসিদনের রাজ্য খ্রী.পূ. ১৬৮ পর্যন্ত বিদ্যমান ছিল; সেই সময়ে রোমানদের অধিকারভুক্ত হয়। বর্তমানে মাসিদোনিয়ার যে অংশ গ্রীসের মধ্যে আছে তাহার আ. ১৩,২৬২ ব মা; জন. প্রায় ১৫ লক্ষ। যুগোস্লা-বিয়ার অন্তর্গত মা. এই রাষ্ট্রের ৬টি সংশ্লিষ্ট গণতন্ত্রের অন্যতম; রাজধানী Skoplje। রাজ্যের আ. ১০,২২৯ ব মা; জন. ১·০৩ লক্ষ।

**মাসুলিপাটাম** (Machilipatanam, Masulipatam): অন্ধ্র রাজ্যের কৃষ্ণা জেলার বন্দর-শহর; কৃষ্ণানদীর বদ্বীপে সমুদ্রতীরে অবস্থিত। নিখিলভারত কাটুনি-সঙ্ঘের বিশিষ্ট কেন্দ্র; অন্ধ্র বিশ্ববিদ্যালয়ের আইন কলেজ।... ১৬১১ অব্দে ইংরেজদের কুঠি স্থাপিত হয়। দীর্ঘকাল ওলন্দাজ, ইংরেজ ও ফরাসীদের মধ্যে এই স্থান লইয়া বিবাদ চলে; অবশেষে ১৭৫৯-এ ফরাসীদের দাবী পরিত্যক্ত হয়; কিন্তু নিকটস্থ কয়েকটি স্থান ১৯৪৭ পর্যন্ত ফরাসীদের রাজ্যভুক্ত ছিল। এককালে এখানকার সূক্ষ্ম বস্ত্র ও ছিট বিখ্যাত ছিল। ...জন. ৭৮,০২১। ব্যাংক: অন্ধ্র, ভারতলক্ষ্মী, স্টেট ও সমবায়। বিজয়ওয়াড়া হইতে ৫০ মা।

**মাসেরু** ( Maseru ): দ. আফ্রিকা; বসুতোলন্‌ড-এর তথাকথিত রাজধানী। জন. ৩,৪০০।

**মাহিষ্মতী** ( Mahismati ): প্রাচীন ভারতের নগর। প্রথমে হৈহয় রাজবংশের ও পরে অবন্তীরাজ্যের রাজ-ধানী। ইন্দোর হইতে ৪০ মা দক্ষিণে নর্মদাতীরে ছিল বলিয়া অনুমিত।... নিমার জেলাস্থিত নর্মদা নদীর দ্বীপ। মান্ধাতার এই রাজধানী ছিল বলিয়া কেহ কেহ মনে করেন।

**মাহে** ( Mahe ): পূর্ব নাম ময়ালী; মালাবার ( কেরল ) জেলার উপকূলে কোজিকোড্‌ ( কালিকট ) বন্দর হইতে ৩৩ মা উত্তরে ফরাসীদের অধিকৃত শহর ও বন্দর। ১৯৫৪-এ ইহা ভারতভুক্ত হয়। জন. ১৯,৬০০।

**মাহেশ** ( Mahesh ): হুগলি জেলা; শ্রীরামপুরের নিকটবর্তী গ্রাম; মাহেশের রথযাত্রা বিখ্যাত; পুরী ছাড়া এতবড় রথের মেলা আর কোথাও নাই।... বঙ্কিমচন্দ্রের 'রাধারাণী' উপন্যাসে এই মেলার বর্ণনা আছে।... মাহেশ ও বল্লভপুর গ্রামে জগন্নাথদেব ও রাধাবল্লভজীর দুইটি প্রাচীন মন্দির আছে।... বৈষ্ণব-গণের দ্বাদশ গোপালের অন্যতম গোপাল কমলাকর সিপলাই-এর পাট মাহেশে অবস্থিত।

**মিউনিক, ম্যুনখেন** ( Munich : Munchen ): বাভেরিয়ার রাজধানী; জারমানির ৪র্থ বৃহত্তম নগর। এই নগরে হিটলারের নাৎসি দল প্রথম গঠিত হয়। বোমার দ্বারা বিধ্বস্ত হয়।... জন. ৮·৩১ লক্ষ।

**মিওয়াট** ( Mewat ): দিল্লীর দক্ষিণে 'মিও' নামে এক আদিম জাতির বাসভূমি; ১৭৭৫-এর পর এই ভূভাগ আলওয়ার ও ভরতপুর রাজ্যের অন্তর্গত হয়।

**মিংগুন** ( Mingun ): বর্মা; মান্দালয়ের ৯ মা উত্তরে মিংগুনে রাজা বোদপিও কর্তৃক আরব্ধ এক অসমাপ্ত বৌদ্ধ মন্দির আছে। মন্দিরের নিকটে পৃথিবীর

অন্যতম বৃহৎ ঘণ্টা আছে। ১৭৩৫-এ উহা ঢালাই হয়। ইহার ওজন ১৭৬ টন, খাড়াই ২৪ ফুট ; ভিতরের ঘণ্টা ৭ টন। পরিধি ১৬'-৩"।

**মিকির, সংযুক্ত মিকির ও উত্তর কাছাড় পার্বত্য জেলা** ( United Mikir-North Cachar Hills District ) : আসাম পার্বত্যবিভাগের ( Assam Hills Division ) অন্তর্গত নূতন জেলা ; ১৯৫১-এ গঠিত। শিবসাগর ও নওগাঁ জেলার অংশ এবং কাছাড় জেলার মহকুমা উত্তর-কাছাড়-পার্বত্য অংশ লইয়া এই সংযুক্ত জেলা হইয়াছে। ...উ—নওগাঁ ; পূ.—শিবসাগর ও নাগা পর্বত এবং মনিপুর ; দ.—কাছাড় ; প.—খাসি-জয়ন্তিয়া পার্বত্য জেলা। আ. ৫,৮৯২ ব মা ; জন ১,৬৫,৪৪৪। এই সংখ্যা ঠিক নহে, কারণ সেন্সাস গ্রহণের পর সীমানা নির্ধারিত হয়। জেলার ২ মহকুমা : উত্তর কাছাড় ও মিকির পাহাড়।

**মিকির পাহাড়** ( Mikir Hills ) আসামের পূর্ব-মধ্য ভাগে, ব্রহ্মপুত্র উপত্যকার প্রায় ৬৫ মা দীর্ঘ ও ৪০ মা প্রস্থ পার্বত্য দেশ ; উচ্চতম স্থান ৪,৪৭০ ফুট। কয়লা, লৌহচুর ও চুন পাওয়া যায়। উত্তরাংশে চা-বাগান। মিকির উপজাতির বাসভূমি। প্রধান শহর—ডিফু ( Diphu )।

**মিচিনা** ( Myitkyina ) : বর্মা ; কাচিন স্টেটের জেলা ; ইহা বর্মার বৃহত্তম জেলা। ইহার একদিকে চীনের ইউনাম স্টেট ও অপর দিকে ভারতের আসাম জেলা। উচ্চ পর্বত দ্বারা বেষ্টিত। মূল্যবান প্রস্তরের খনি আছে। ...আ. ২৯,১২৩ ব মা ; জন. ২·৯৯ লক্ষ ('৪১)। মিচিনা শহর ( জন. ৭,৩২৮ ) রেঙ্গুন রেলপথে ৭২৫ মা।

**মিজো** ( Mizo ) : আসামের লুসাই পার্বত্য জেলার বর্তমান নাম মিজো।

**মিটামাইন** ( Mitamain ) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, কিশোরগঞ্জ মহ.র থানা। আ. ১২৫ ব মা। গ্রাম, ডাকঘর। বোলাই নদীর পূর্বে।

**মিঠাপোখর** ( Mithapokhar ) : পূ. পাক. ; রঙপুর জেলা, সদর মহ.র থানা। আ. ১৯৮ ব মা। রঙ.র দক্ষিণে গ্রাম, ডাকঘর।

**মিডিয়া, মীড** ( Media, Medes ) : প্রাচীন পারস্যের উত্তর দিকে অবস্থিত দেশ। খ্রী. পূ. নবম শতক হইতে এখানে মীড জাতির বাস। দীর্ঘকাল অসুরীয়দের অধীন থাকে। মিডিয়া সাম্রাজ্যর প্রতিষ্ঠাতা ( ৬২৫-৫৯৩ খ্রী. পূ. ) Cyaxares বাবিলনের রাজার সহিত একযোগে অসুরীয় রাজধানী নিনেভা লুণ্ঠন ও ধ্বংস করেন। ইহার বংশধর আস্তিকসকে ( Astyages ) দূর করিয়া পার্সি সর্দার কাইরুস রাজা হন ( ৫৫০ )। মীডরা আর্য ভাষাভাষী জাতি। পারসিকরা মীডদের নিকট হইতে বহু বিষয়ে ঋণী।

**মিথিলা** ( Mithila ) : প্রাচীন ভারতের দেশ। কিংবদন্তী মিথি নামে এক রাজা উত্তর বিহারে আর্য উপনিবেশ স্থাপন করেন ; তাহা হইতে মিথিলা নাম ; আধুনিক মুজঃফরপুর, দ্বারবঙ্গ প্রভৃতি স্থান। 'এখানকার রাজাদের উপাধি ছিল 'জনক'। ...মধ্যযুগে মিথিলা নব্য ন্যায়শাস্ত্র চর্চার কেন্দ্র ছিল। ...মিথিলার ভাষা হিন্দী নহে ; উহা বাংলার সহিত বেশি মেলে ; তথাকার লিপিও বাংলা লিপির মতো। মৈথিলী ভাষার সাহিত্য নগণ্য নহে ; বিদ্যাপতি এখানকার শ্রেষ্ঠ কবি।

**মিনদানো** ( Mindanao ) : প্রশান্ত মহাসাগরের দ্বীপ-পুঞ্জ ; ফিলিপাইনস রাজ্যের অন্তর্গত। ...ইহার নিকট পৃথিবীর অন্যতম গভীরতম সমুদ্র ; ৫৪,০০০ ফুট গভীর।

**মিনবু** ( Minbu ) : বর্মা ; মাগেওয়ে বিভাগের জেলা ; ইরাবতী পূর্ব সীমান্তে। আ. ৩,৬০২ ব মা ; জন. ৩·০২ লক্ষ ( '৪১ )। প্রধান শহর মিনবু, ইরাবতীর তীরে, অপর পারেই মাগোয়ে শহর। নিকটে পেট্রো-লিয়াম ও কর্দম-উদ্গারী পাহাড় ( mud volcanoes ) আছে। জন. ৬ হা.। প্রোম স্টী. পথে ১০০ মা।

**মিনিয়াপোলিস** ( Minneapolis ) : মার্কিন যুক্তরাষ্ট্রের মিনেসোটা স্টেটের প্রধান নগর। জন. ৫·২৫ লক্ষ। বিশ্ববিদ্যালয়।

**মিনেসোটা** ( Minnesota ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। এই রাজ্যে প্রায় ১,১০০ হ্রদ আছে। আ. ৮৪,৬৮২ ব মা ; জন. ৩০ লক্ষ। ঘনবসতি ৩১·৭ মাত্র। রাজধানী মিনিয়াপোলিস।

**মিয়ানওয়ালি** ( Mianwali ) : পাক. পঞ্জাব ; রাওয়ালপিণ্ডি বিভাগের জেলা। প.—সিন্ধুনদ ; উ.-পূ. ও প.—লবণ পাহাড় ; সিন্ধ-সাগর দোয়াব মধ্যে অবস্থিত। লবণ, কয়লা, ফিটকারি, জিপসাম, চুনাপাথর পার্বত্য অংশে সুপর্যাপ্ত। সিন্ধুনদে বাঁধ দিয়া জলবিদ্যুৎ পরিকল্পনা গৃহীত হইয়াছে। আ. ৫,৪০১ ব মা ; জন. ৫·৫০ লক্ষ। সদর শহর (জন. ২২,৮২৫)। কাম্পবেলপুর হইতে রেলপথে ১১২ মা।

**মিয়ানী** (Miani) : প. পাকিস্তান ; সিন্ধু প্রদেশের গ্রাম। হায়দরাবাদ শহরের উ.-প. ৬ মা দূরে মিয়ানীতে স্যর চার্লস নেপিয়ার সিন্ধুর মীরগণকে পরাভূত করেন ( ১৮৪৩,১৫ ফেব্রুয়ারি )। হা. হইতে পূর্বে দাবো (Dabo) নামক স্থানেও সিন্ধীরা হারিয়া যায়। এই যুদ্ধের শেষে সিন্ধু ব্রিটিশ রাজ্যান্তর্গত হয়।

**মিরাজ** ( Miraj ) : দাক্ষিণাত্য স্টেটস এজেন্সির ২টি মহারাষ্ট্রীয় করদরাজ্য ; বড় তরপ বা সিনিয়র মিরাজ ও ছোট তরপ বা জুনিয়র মিরাজ। বড় তরপের আ. ৩৬৮ ব মা ; জন ১,০৮,৫৪৭ ( '৪১ )। আয় ছিল ৫·২৭ লক্ষ টাকা ; দেয় কর ১২,৫৫৮ টাকা। ১৯৪৯-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৮৫,৮০০ টাকা ভাতা দেওয়া হয়। প্রধান শহর মিরাজ। মিরাজ ছোট তরপ রাজ্যের আ. ছিল ১৯৪ ব মা ; জন. ৪৬, ২৯৫ ('৫১)। আয় ছিল ৩,২৩,০০০ টাকা ; দেয় কর ৬,৪১৩ টাকা। ১৯৪৯-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫০,৪৫৪ টাকা ভাতা দেওয়া হয়। প্রধান শহর বুধগাঁও।…বর্তমানে রাজ্য দুইটি বোম্বাই রাজ্যের ও মহীশূর রাজ্যের দ. সাতারা বা সাংগলি, বেলগাঁও, ধারবার ও সোলাপুর জেলার মধ্যে বিভক্ত হইয়া গিয়াছে।

**মিরাজ** ( Miraj ) : দ. সাতারা বা সাংগলি জেলার তালুক ; জন. ২·৮৫ লক্ষ।… মিরাজ শহর (জন. ৩২,৪৫৫), সাংগলির ৬ মা পূ.-দক্ষিণে অবস্থিত ; শাখা রেল আছে। মিরাজ বড় রেল-জংশন।

**মিরিক** (Mirik) : দার্জিলিং জেলার কার্সিয়ং মহকুমার থানা। আ. ৩৮ ব মা ; জন. ১৬,১৩৬ ; ঘনতা ৪২৯।…উচ্চতা ৫,৫৬৬ ফুট।

**মির্জাগঞ্জ** (Mirzaganj) : পূ.-পাক. ; বাখরগঞ্জ জেলা, পটুয়াখালি মহ.র থানা। আ. ৫৭ ব মা। গ্রাম বুড়ীশ্বর নদীর নিকট ; ডাকঘর।

**মির্জাপুর** (Mirzapur) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা টাঙ্গাইল মহ.র থানা। আ. ১৪৪ ব মা।… গ্রাম দক্ষিণের প্রায় সীমান্তে অবস্থিত। ঢাকার জয়দেবপুর হইতে পথ আছে।

**মির্জাপুর** ( Mirzapur ) : উত্তর প্রদেশ ; বারাণসী বিভাগের জেলা। জেলার দক্ষিণে মধ্যপ্রদেশ। আ. ৫,২১৩ ব মা ; জন. ১০,১৭,২৮৯। বৃষ্টি ৪২"। সদর শহর গঙ্গাতীরে। কার্পেট, সতরঞ্জ ও পিতলের জিনিস তৈয়ারির জন্য বিখ্যাত। জন. ৮৬,৫২৮। ব্যাংক : ইলা., স্টেট, প. ন্যাশনাল, সেন্ট্রাল, সমবায়। কলিকাতা ৪৫০ মা।

**মিলান, মিলানো** ( Milan, Milano ) : ইতালির নগর। উত্তর ইতালির লম্বার্ডি সমতলের বিশিষ্ট বাণিজ্যকেন্দ্র। এখানে একটি চার্চে লিওনার্দো-দা-ভিনচির বিখ্যাত "শেষ ভোজ" ছবিটি আছে। রেশম, পুস্তক প্রকাশন ও বিবিধ শিল্পের কেন্দ্র। …জন. ১২·৯২ লক্ষ ( '৫০ )।

**মিয়লাপুর** ( Mylapur ) : মদ্রাজের উপকণ্ঠে শহর। প্টলেমি উল্লিখিত মেলিয়াপুরম (Meliyapuram)। লোকপ্রবাদ খ্রীষ্টীয় সাধু টমাসের সমাধি কবর এখানে আছে।

**মিশমী** (Mishmi Hills) : আসামের পার্বত্য অঞ্চলের উ.-পূ. সীমান্তের (Nefa) জেলা। উত্তরে ও পূর্বে চীন জনরাজতন্ত্র ; দক্ষিণে লখীমপুর ; পশ্চিমে আবোর পার্বত্য জেলা। এই অঞ্চল নে-ফার মধ্যে ; পথ দুর্গম এবং অতি অল্প অংশের জরিপ ও জন. সুমার গৃহীত হইয়াছে। মোট ৩৪,৯৬৯ ব মা.র মধ্যে ৩৯২ ব মা স্থানের আদমসুমারী গৃহীত হইয়াছে। জন. ৩২,১৬৩ ; ঘনতা ৮২।

**মিশর** ( Egypt : Jamhuryat Misr ) : আফ্রিকার রাজ্য। নীলনদের উপত্যকা ও ব-দ্বীপ ছাড়া মিশরের অধিকাংশই মরুভূমি। দেশের আ. ৩·৮৬ লক্ষ ব মা ; কিন্তু কর্ষণ বা বাসোপযোগী স্থানের আ. ১৩,৫০০ ব মা

মাত্র। এই নদী উপত্যকায় মিশরের লোকের বাস। মিশরে বৃষ্টি হয় না বলিলেই হয়। সম্পূর্ণ নির্ভর নীল নদের উপর। ১৯০৯-এ আসোয়ান ( Asuan Dam ) (দ্র.) নামক বাঁধ নির্মিত হওয়ায় কৃষিকার্য প্রসার লাভ করিয়াছে। রাজ্যে শতকরা ৬২জন কৃষিজীবী। অবশিষ্টরা ভূমিহীন ; এই ভূমিহীন ফেলাদের জমি বন্দবস্ত করিয়া দেওয়া হইতেছে। ...মিশরের তুলা বিখ্যাত। প্রায় এককোটি কান্তার ( qantar ) ওজনের তুলা উৎপন্ন ও ৬৫ লক্ষ কান্তার বিদেশে রপ্তানি হয়। কাইরো, আলেকজেন্দ্রিয়া, ইব্রাহিম ও অসযুৎ (Asyut)-এ বিশ্ববিদ্যালয় আছে। প্রত্যেক প্রতিষ্ঠানে বহু সহস্র ছাত্র-ছাত্রী। প্রত্যেক শিশুর পক্ষে শিক্ষা আবশ্যিক হইয়াছে। সর্ব প্রকার অধিবাসীর সংখ্যা প্রায় ২ কোটি। মুসলমান ১'৭৪ কোটি ; কপট খ্রীষ্টান ১১'৮৭ লক্ষ ; কপট প্রোটেস্টান্ট ৯৭ হা.। মু. ৯১'৪৬% ; খ্রীষ্টান ৭'৯%। খ্রী.। পূ. ২০০০ বৎসরের পূর্বের ইতিহাস অত্যন্ত অস্পষ্ট। খ্রী. পূ. প্রায় ২৯০০ অব্দে প্রবাদ মতে মনস নামে রাজা উত্তর ও দক্ষিণ মিশর এক করেন ; রাজধানী ছিল থিনিস। ৩০টি রাজবংশের পর মিশর আলেকজেন্দার কর্তৃক বিজিত হয়। গ্রীকরা এখানে খ্রী. পূ. ৩৪৩ হইতে ৩০ অব্দ পর্যন্ত রাজত্ব করে। এই সময়ে আলেকাজেন্দারের অন্যতম সেনাপতি প্‌টলেমির বংশধরগণ রাজা ছিলেন। প্‌টলেমিদের পরে রোমানরা মিশরের অধীশ্বর হয় এবং তাহারা খ্রী. পূ. ৩০ হইতে খ্রী. পূ. ৬৪০ অব্দ পর্যন্ত রাজত্ব করে। এই সময়ে মিশরে খ্রীষ্ট ধর্ম প্রচারিত হয়। গ্রীক-রোমান যুগে রাজধানী ছিল আলেকজেন্দ্রিয়া।

অতঃপর মধ্যযুগ। আরবরা ৬৪০ হইতে মিশরে প্রভুত্ব আরম্ভ করে। ইসলাম ধর্ম ও আরবী ভাষা প্রচলিত হয় ; পুরাতন ধর্ম, সংস্কৃতি ও ভাষা লোপ পায়।...ফতেমীয় খলিফগণের রাজত্বকাল ৯৬৮–১১৬৯। তুর্কী সেলজুকগণ ১১৭০-১২৫০। মামেলুক বংশ ১২৫০-১৫১৭। কন্‌স্টান্টিনোপলের তুর্কী সুলতানরা মিশর জয় করেন ১৫৬৭ অব্দে। সেই হইতে ১৯১৪ পর্যন্ত নামত তাহারাই অধীশ্বর ছিলেন। ইতিমধ্যে ১৭৯৮-এ ফরাসীরা মিশর আক্রমণ করে। কিন্তু স্থায়ীভাবে দখল করিতে পারে নাই। ১৮ শতকের গোড়ায় মহম্মদ আলি (Mehemet Ali) নামে আলবেনিয়ান মিশর জয় করেন ও তুর্কীসুলতান কর্তৃক খেদিভ বা রাজ-প্রতিনিধি উপাধি পান (১৮৩৯)। ১৮৩৯ হইতে ১৯১৪ পর্যন্ত মিশর খেদিভদের শাসনাধীন ছিল। মহম্মদ আলির মৃত্যুর পর ( ১৮৪৯ ) এই খেদিভপদ বংশপরম্পরায় চলিয়া আসে। ৩য় খেদিভ মহ. সৈয়দ (১৮৫৪-৬৩) অত্যন্ত অপব্যয়ী ছিলেন ও বৈদেশিক ব্যাংক হইতে ৩০ লক্ষ পা. কর্জ করেন। ইতিমধ্যে ১৮৫৯-এ সুয়েজ খাল খনন আরম্ভ হয়। খেদিভ ইসমাইলের সময় ( ১৮৬৩-৭৯ ) মিশরের আধুনিককরণের সূত্রপাত। মার্কিন যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধের ফলে মিশরীয় তুলার চাহিদা বৃদ্ধি পাইল। খে. তেওফিক-এর সময় (১৮৭৯-৯২) নূতন জাতীয় আন্দোলন আরম্ভ হয় ; ইহার-নেতা আরবী পাশা। ফরাসী ও ইংরেজরা খেদিভের পক্ষ লইয়া জাতীয় আন্দোলন ধ্বংস করে। আলেকজেন্দ্রিয়ার বন্দর জাহাজ হইতে তোপ দিয়া বিধ্বস্ত করে, কারণ সেখানে ছিল বিপ্লবীদের কেন্দ্র।...ইতিমধ্যে ব্রিটিশরা সুদান জয় করিল। খে. আব্বাস হালিম (১৮৯২-১৯১৪) ব্রিটিশ আধিপত্য হইতে মুক্ত হইতে চেষ্টা করেন। ১ম মহাযুদ্ধ আরম্ভ হইলে মিশরকে মিত্র-গোষ্ঠির মধ্যে রাখা নিতান্ত প্রয়োজনীয় হইয়া পড়িল, কারণ সুয়েজ খাল দিয়া ভারত, অস্ট্রেলিয়া প্রভৃতির সহিত ইংলণ্ডের সম্বন্ধ অক্ষুন্ন রাখা দরকার। ১৯১৪ ডিসম্বর ১৯-এ ব্রিটিশরা আব্বাস হালিমকে পদচ্যুত করিয়া হুসেন কমালকে মিশরের রাজা করিয়া দিলেন ; তুর্কীদের খেদিভ উপাধি রদ হইল। মিশর ব্রিটিশের রক্ষিত দেশ (Protectorate) হইল। ১৯২২-এ প্রোটেক্‌টোরেটত্বের অবসান হয়। ১৯৩৬-এ ইংলন্ড ও মিশরের মধ্যে ২০ বৎসরের চুক্তি সম্পাদিত হয় ; তদনুসারে ব্রিটিশ সৈন্য সুয়েজ খাল অঞ্চলে মোতায়েন থাকিবার শর্ত গৃহীত হয়। ব্রিটিশদের আধিপত্য হইতে মুক্ত হইবার আন্দোলনের নেতা জগলুল পাশা ১ম মহাযুদ্ধের পরে নির্বাসিত হইলেন। দেশের তীব্র আন্দোলনের ফলে জগলুলকে ফিরাইয়া আনিতে হয়। অবশেষে ব্রিটিশ খবরদারীর ( প্রোটেক্‌টোরেট শাসন )

অবসান (১৯২২ ফ্রেব্রু. ২৮) ও ১৯২২ এপ্রিল ১৯-এ নূতন সংবিধান গৃহীত হইল। ...১৯৩৬-এ ফারুখ রাজা হইলেন। ২য় মহাযুদ্ধের সময় মিশর মিত্রপক্ষে ছিল। ১৯৪৫ হইতে ব্রিটিশ-বিদ্বেষ দেশব্যাপী হইয়া উঠে। ১৯৫২ জুলাই ২২-এ সেনপতি মহ. নেজিব (Neguib) রাজশক্তি জোর করিয়া অধিকার করিলে রাজা ফুয়াদকে সিংহাসনের দাবী ত্যাগ করিয়া নির্বাসনে যাইতে হয়। ১৯৫৩ ফেব্রু ১২ই মিশর রিপাবলিক ঘোষিত হইল; নেজিব প্রথম সভাপতি। কিন্তু বিরোধী নেতা নাসের (Gamal Abdel Nasser) ১৯৫৪ নভেম্বর ১৪ই নেজিবকে অপসারিত করিয়া স্বয়ং সর্বময় কর্তা হইলেন। ১৯৫৩ জুন মাসে ব্রিটিশ সৈন্য সুয়েজ হইতে অপসারিত হইল। ঐ মাসে নাসের মিশর রিপাবলিকের প্রেসিডেণ্ট হইলেন। মিশর আরব লীগের অন্যতম প্রধান। আরবদের সহিত ইসরাইলের বিবাদ চলিতেছে। ১৯৫৬ অক্টোবরে ব্রিটিশ, ফরাসী ও ইসরাইলীরা অতর্কিতভাবে মিশরের বন্দর পোর্ট সৈয়দ ও সুয়েজ খাল অঞ্চল আক্রমণ ও দখল করে। অবশেষে রাষ্ট্র সংঘের (UNO) চাপে তাহাদিগকে মিশর ত্যাগ করিতে হয়। (দ্র. সুয়েজ খাল)।

**মিশিগান** (Michigan): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৬৫০ প্রথম উপনিবেশ; ১৮৩৭ ইউনিয়ন ভুক্ত হয়। আ. ৫৭,৯৮০ ব মা; জন. ৬৪ লক্ষ। নিগ্রো জনসংখ্যায় দ্বিতীয় স্টেট। রাজধানী লানসিং (Lansing)। হেনরী ফোর্ড.-এর মোটর নগর ডেট্রইট (দ্র.) রাষ্ট্রের বৃহত্তম শহর। মিশিগান রেড্ ইন্ডিয়ান শব্দ, অর্থ বৃহৎ হ্রদ।

**মিশিগান হ্রদ** (Lake Michigan): মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম হ্রদ। আ. ২২,৪৫০ ব মা। শিকাগো, মিলবোকী এই হ্রদের তীরস্থ নগর। এই হ্রদে ভীষণ ঝড় হয় বলিয়া নৌচলাচল সহজ নহে।

**মিসিসিপি** (Mississipi): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৭১৬ উপনিবেশ। ১৮১৭ ইউনিয়ন ভুক্ত। আ. ৪৬, ৮৬৫ ব মা; জন. ২১·৮০ লক্ষ। মি. নদী প্রবাহিত কৃষিপ্রধান দেশ; পৃথিবীর বৃহত্তম তুলার ক্ষেত (৩৫,০০০ একর)।...রাজধানী জাকসন। মি. রেড্-ইন. শব্দ, অর্থ জন্মদেবতা।

**মিসিসিপি মিসৌরি** (Mississipi-Missouri): মার্কিন যুক্তরাষ্ট্রের দুইটি নদী; মিসিসিপি নদী হ্রদ হইতে উঠিয়া মেক্সিকো উপসাগরে পড়িতেছে; মিসৌরি নদী রকি পর্বতে উঠিয়া পশ্চিম হইতে মিসিসিপির সহিত মিলিয়াছে। এই যুক্ত নদীতে পশ্চিম দিক হইতে আরকানসাস ও পূর্ব হইতে টেনেসি (Tennessee) মিশিয়া বিশাল জলধারা হইয়াছে। যুক্তরাষ্ট্রের ৪০% ইহাদের অববাহিকা মণ্ডল (১২,৫৭,৫৪৭ ব মা) মিসি.-মিসৌ. নদীদ্বয় দৈর্ঘ্যে পৃথিবীর দ্বিতীয় নদী (৩,৯৮৮ মা); নদীগুলি বহুদূর নাব্য। নদীতে ভীষণ বন্যা হয় এবং দ. রাষ্ট্রগুলির বিশেষ ক্ষতি করে; এই নদীদ্বয় নিয়ন্ত্রণ ব্যবস্থা হইতেছে (দ্র. টেনেসি নদী)।

**মিসৌরি** (Missouri): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। প্রায় ১০,০০০ স্রোতস্বিনী (Streamlet)-র দ্বারা জলসিঞ্চিত। গম, ওট, তুলা উৎপন্ন হয়। খনিজের মধ্যে কয়লা প্রধান। আ ৬৯,৪২০ ব মা; জন. ৩৯·৫৪ লক্ষ। ...রাজধানী জেফারসন। বৃহত্তম নগর সেণ্ট লুইস, কানসাস সিটি। —মিসৌরি নদীর দৈর্ঘ্য ২,৫০০ মা; রকি পর্বত হইতে উঠিয়া মিসিসিপিতে মিলিয়াছে।

**মীরগঞ্জ** (Mirganj): বিহার; সারন জেলা, গোপালগঞ্জ মহ.র থানা ও শহর। থানার আ. ১৪৩ ব মা; জন. ১·৭১ লক্ষ। শহর (জন ১৩,৬৯০) সিবান হইতে ১০ মা উ.-পূর্বে।

**মীরাট** (Meerut): দ্র. মেরঠ।

**মীরপুর** (Mirpur): কাশ্মীর রাজ্য; জম্মুর জেলা। আ. ১,৬২৭ ব মা; জন. ৩,৮৬,৬৫৫। পুঞ্চ নদী ঝিলামে পড়িতেছে। ১৯৪৭-এ পাকিস্তানীরা এই জেলার পশ্চিমাংশ দখল করে।...মীরপুর শহর (জন. ৮,৫৫৬) পাকিস্তানীদের দখলে আছে।

**মীরপুর** (Mirpur): পূ. পাক.; কুষ্ঠিয়া জেলা, সদর মহর থানা। আ ১২৫ ব মা। গ্রাম, ডাকঘর। পোড়াদহের পরের স্টেশন।

**মীরসরাই** (Mirsarai): পূ. পাক.; চট্টগ্রাম জেলার থানা। আ. ১৭২ ব মা। বাজার ও ডাকঘর। রেজি. অপিস (১৮৯২)। লাকসাম-চট্টগ্রাম রেলপথের স্টেশন (৪২ মা); চট্টগ্রাম ৩২ মা। কলিকাতা ৩৩০ মা।

**মুকডেন** ( Mukden ): পূর্বতন মানচুরিয়ার প্রধান শহর। মু. রুশীয় শব্দ। চীনা নাম ফেঙ-তিয়েন ফু; বর্তমান নাম শেন্-ইয়াঙ ( Shen-yang )। ···এখন এই শহর চীন জনরাজতন্ত্রের উ.-পূ. শাসনকেন্দ্রিক অঞ্চলের মধ্যে অবস্থিত। জন. ১৫ লক্ষ। বহু শিল্পের কেন্দ্র ও রেল জংশন।

**মুকুন্দপুর** ( Mukundapur ): পূ. পাক.; রাজসাহী জেলার পাটনীটোলা থানার গ্রাম। জয়পুরহাট স্টেশনের ( কলিকাতা ১৯৫ মা ) পশ্চিমে এই গ্রাম দিব্য-স্মৃতি জড়িত। হরগৌরী মন্দির, গরুড়স্তম্ভ বা বাদলস্তম্ভ প্রভৃতি নিকটেই বিদ্যমান।

**মুক্তসর** ( Muktasar ): পূ. পঞ্জাব ; ফিরোজপুর জেলার তহশীল ও শহর ; ফজিলকা হইতে ৩৪ মা পশ্চিমে। জন. ২২,০৯১। স্টেট, প. ন্যাশনাল ব্যাংক। শিখদের বাৎসরিক মেলা হয়।

**মুক্তাগাছা** ( Muktagacha ): পূ. পাক.; ময়মনসিংহ জেলার সদর মহকুমার গণ্ড গ্রাম ; শহর হইতে ৮ মা। এখানকার আচার্য-চৌধুরী জমিদারগণ বিখ্যাত ছিলেন। —থানার আ. ১১২ ব মা।

**মুক্তেশ্বর** ( Mukteswar ): উত্তর প্রদেশ ; নৈনিতাল জেলার শহর। এখানে ১৮৯৩ অব্দে ভারত সরকারের পশুচিকিৎসার গবেষণাগার ( Indian Veterinary Research Institute ) স্থাপিত হয়। গবেষণা কার্য ব্যতীত নানা রোগ-প্রতিশেধক সেরা ( Sera ) ও ভ্যাক্‌সিন ( Vaccine ) প্রস্তুত হয়। বরেলির নিকট ইজ্জৎনগরে শাখা ইনস্টিটিউট আছে।

**মুঘলসরাই, মোগলসরাই** ( Mughalsarai, Moghalsarai) : উত্তরপ্রদেশ ; বারাণসী জেলার শহর ( জন. প্রায় ৬ হা. )। গঙ্গা অদূরে, কাশী শহর এখান হইতে ৭ মা উ.-পশ্চিমে গঙ্গার অপর তীরে।··· বড় রেল জংশন। কলিকাতা ৪১১ মা।

**মুঙগের** ( Monghyr ): বিহার ; ভাগলপুর বিভাগের জেলা। জেলার মধ্যভাগ দিয়া গঙ্গা ও উত্তরাংশ দিয়া ঘর্ঘরা প্রবাহিত। দক্ষিণাংশ পার্বত্য।··· আ. ৩,৯৭৬ ব মা ; জন ২৮·৫০ লক্ষ। গ্রাম ৩০৭৩, শহর ১৩। ঘন. ৭২২। মহকুমা—মুঙগের, খাগারিয়া, বেগুসরাই, জামুই।

**মুঙগের** ( Mongbyr ): মুঙগের জেলার সদর মিউনি. শহর ; গঙ্গার বামতটে, লুপলাইনের জামালপুর জং. ( ২৯৬ মা ) হইতে শাখা-লাইনে ৬ মা। ইহা প্রাচীন মুদ্‌গগিরি, পালরাজাদের স্কন্ধাবার।··· মুঘল যুগের দুর্গ আছে। ১৭৬২ মীরকাসেম মুর্শিদাবাদ হইতে রাজধানী এইখানে স্থানান্তরিত করিয়া আনেন। এককালে মুঙগের গাদা-বন্দুক ( muzzle-loading ) ও অন্যান্য অস্ত্রশস্ত্র নির্মাণের জন্য বিখ্যাত ছিল।··· এখন ইমপিরিয়াল টোবাকো কোং-র সিগারেট ফ্যাকটরীর জন্য খ্যাত।···সীতাকুণ্ড উষ্ণ প্রস্রবণ নিকটে। ১৯৩৫ জানুয়ারি বিহার ভূমিকম্পে মুঙগেরের বহু ক্ষতি ও লোক ক্ষয় হয়।···মুঙগের শহরের জন. ৭৪,৩৪৮। ব্যাংক : বিহার, স্টেট, সেন্ট্রাল, প. ন্যাশ। ডিগ্রী কলেজ।

**মুজফ্‌ফরনগর** ( Muzaffarnagar ): উত্তর প্রদেশ ; মেরাঠ বিভাগের জেলা। উ.—সহারনপুর ; প.—যমুনা; পূ.—গঙ্গা। জেলার মধ্যে বহু উপনদী ও খাল। আ. ২,৬৬৬ ব মা ; জন. ১২,২১,৭৮৬। এই জেলায় প্রচুর চিনি প্রস্তুত হয়। —সদর শহর বহু শিল্পের কেন্দ্র (জন. ৬৪,২১৩,। ব্যাংক : ইলা., বিকানীর, সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশ.। জলবিদ্যুৎ কারখানা।

**মুজফ্‌ফরপুর** ( Muzaffarpur ): বিহার ; তিরহুত বিভাগের জেলা। গঙ্গা জেলার দক্ষিণে, গণ্ডকী, বাঘমতী নদী মধ্যভাগে প্রবাহিত।··· আ. ৩০১৮ ব মা ; জন. ৩৫,২০,৭৩৯। ঘনবসতি ১,১৬৮। গ্রাম ৪,১১১ ; শহর ৬। মহকুমা— সীতামঢ়ী, মুজফ্‌ফরপুর ও হাজিপুর। এই জেলার লিচু, আম বিখ্যাত। ইক্ষুর চাষ বৃদ্ধি পাওয়ায় চিনির কল হইয়াছে। চিনি ও চিটাগুড় প্রচুর রপ্তানি হয়। মুজফ্‌ফরপুর সদর মহকুমার আ. ১,২২২ ব মা ; জন. ১৩,৭৭,১৮১ ; ঘনতা ১,১২৮। ১০টি থানা। মুজফ্‌ফরপুর বিভাগের কমিশনরের সদর অপিস ; জেলার সদর ও মিউনি. শহর। ব্যবসায়ের কেন্দ্র। জন. ৭৩,৫৯৪। ব্যাংক : বিহার, সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশনাল। মহিলা ডিগ্রী কলেজ, সাধারণ কলেজ—এম.এ ও এম.এস-সি পর্যন্ত অধ্যাপনা হয়। কাটিহার হইতে পশ্চিমে ১৩২ মা।

**মুজফ্‌ফরাবাদ** ( Muzaffarabad ) : কাশ্মীর রাজ্যের জেলা। আ. ২,৪০৮ ব মা ; জন. ২,৬৪,৬৭১। এই জেলার পশ্চিমাংশের মুজফ্‌ফরাবাদ উরী প্রভৃতি স্থান পাকিস্তান অধিকৃত 'আজাদ কাশ্মীর' অন্তর্গত।...

**মুড়ওয়ারা** (Murwara) : কাটনির পুরাতন নাম ; পুনরায় চালু হইতেছে। ( দ্র. কাটনি )। জবলপুর জেলার মহকুমা।

**মুদকী** (Mudki) : পূ. পঞ্জাবের ফিরোজপুর জেলার গ্রাম। ফিরোজপুর শহর হইতে ২১ মা দ.-প.। এখানে ১৮৪৫, ১৮ ডিসেম্বর স্যর হিউ গাফ্‌ (Gough) শিখদের পরাভূত করেন। ১১ মা পূর্বে ফিরোজশাহ গ্রামে ২১-২২ ডিসেম্বর ও ২২ মা দূরে সোবরাও ১৮৪৬ ১০ ফেব্রুয়ারির যুদ্ধেও শিখরা হারিয়া যায়। এই তিনটি যুদ্ধক্ষেত্র খুব কাছাকাছি।

**মুদ্‌গগিরি, মুদ্‌গলগিরি** ( Mudgagiri ) : বর্তমান মুঙ্গের। বুদ্ধদেব এই স্থানে মুদ্‌গলপুত্র শ্রুতবিংশতি-কোটি নামক ধনী বণিককে সদ্ধর্মে দীক্ষিত করেন ; ইনিই মৌদগাল্যায়ন।...মৌদ্‌গল্য ঋষির আশ্রম ছিল বলিয়া কিংবদন্তী।...পালরাজরা মুদ্‌গিরি স্কন্ধাবার হইতে শিলালেখ দিতেন বলিয়া জানা যায়! ধর্মপাল পুত্র দেবপালদেবের তাম্রশাসনে মু.-র উল্লেখ আছে।

**মুদবিদরী** (Mudbidri) : মদ্রাজ ( বর্তমান মহীশূর ); দক্ষিণ কানাড়া জেলার শহর ; মঙ্গলুর হইতে উ.-পূর্বে, মোটর পথে ২২ মা ; এখানে ও নিকটস্থ করকাল ও বেলুর নামক স্থানে জৈন স্থাপত্যের উৎকৃষ্ট নিদর্শন আছে। বেলুরের বিরাট জৈনমূর্তি শ্রবণ বেলগোলার সহিত তুলনা হয়।...এখানে ১৬টি জৈন মন্দির ; প্রাচীনতমটি ১২ শতকে ও অপরগুলি পরবর্তী ৪ শত বৎসরের মধ্যে নির্মিত। মূদবিদরীর শ্রেষ্ঠ স্থাপত্য নিদর্শন চন্দ্রনাথ মন্দির ; মণ্ডপের স্তম্ভগুলি অতিমাত্রায় বিভূষিত ; শিল্পীদের কারুকার্য 'incredible precision, patience and skill-এর পরিচায়ক (Brown p 160)। মূদবিদরীর জন. ৭,৪৬০। মঙ্গলুর ব্যা. কানাড়া ইনডাস্ট্রি ব্যাংক।

**মুধোল** (Mudhol) : বোম্বাই-এর পূর্বতন করদরাজ্য। আ. ৩৫০ ব মা ; জন. ৭২,৪৪৭। রাজ্যের আয় ছিল ৩,৮০,০০০৲। রাজা মহারাষ্ট্র, ৯ তোপ সম্মানাধিকারী ও নরেন্দ্রমণ্ডলের সদস্য ছিলেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৫৫,৩০০ টা. ভাতা দেওয়া হয়। বর্তমানে ইহা বিজাপুর জেলার তালুক। শহর কৃষ্ণা-নদীর এক শাখার উপর। রেলপথ নাই। জন. ৯,৮৮৬। বিজাপুর সমবায় ও মু. স্টেট ব্যাংক।

**মুনীরাবাদ** (Munirabad) : হায়দরাবাদ রাজ্য ( মহীশূর ) ; রায়চুর জেলার দ.-প. সীমান্তের শহর, গদগ-গুনটকল রেলপথের স্টে. (১২২ মা)। বিজয়ওয়াডা হইতে ৩৬৪ মা।...জন. ২৮,২৯৭। হা. স্টেট ও সমবায় ব্যাংক।

**মুন্সীগঞ্জ** (Munshiganj) : পূ. পাক. ; ঢাকা জেলার মহকুমা ও শহর ; ধলেশ্বরী নদীতীরে, নারায়ণগঞ্জের ৬ মা দক্ষিণে অবস্থিত। গোয়ালন্দ-নারায়ণগঞ্জ স্টীমার পথের স্টেশন। এখানে কলেজ, রেজি. অপিস ( ১৮৬৫ ) আছে।...বিক্রমপুর পরগনা এই মহকুমার অন্তর্গত।

**মুয়ার** (Muar) : মালয় উপদ্বীপের জোহোর রাজ্যের বন্দর ; মুয়ার নদীর মুখে মালাক্কা প্রণালীর উপর। রবার রপ্তানির কেন্দ্র। জন. ৪০ হা.। ইহার বর্তমান বন্দর মহারানী।

**মুরমনস্ক** (Murmansk) : সোবিয়েত রুশের ওবলাস্ট ও শহর। রুশিয়ার কোলা উপদ্বীপের উত্তরে আরক্‌টিক মহাসাগর তীরস্থ বন্দর ; আরক্‌টিক বৃত্তের উত্তরে বৃহত্তম নগর। জন. ১,১৭,০৫৪ ('৩৯)। লেলিনগ্রাড হইতে রেলপথে ৬২৫ মা।

**মুরাদনগর** (Muradnagar) : পূ. পাক. ; ত্রিপুরা জেলা, কুমিল্লা সদর মহ.র থানা। আ. ১৩৩ ব মা ; গ্রাম, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭৩ )।

**মুরাদাবাদ** (Muradabad) : উত্তরপ্রদেশ ; রোহিলখণ্ড বিভাগের জেলা। গঙ্গা ও রামগঙ্গা নদী প্রবাহিত ; পলিমাটির দেশ, উর্বর ; প্রচুর ফসল জন্মে ; ইক্ষুর চাষ প্রধান বলিয়া জেলায় চিনির কল অনেক। আ. ২,২৯৩ ব মা ; জন. ১৬·৬৩ লক্ষ। —সদর শহর রামগঙ্গা নদীর উপর। এখানকার পিতলের বাসনপত্র ও বিশেষভাবে এখানকার বিদরীর কাজকরা বাসন

বিখ্যাত। জন. ১,৬১,৮৫৪। ব্যাংক: ইলাহাবাদ, সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশন্যাল, বরেলী, বরেলী কর্পো., সমবায়।

**মুরারই** ( Mararai ): বীরভূম জেলার রামপুরহাট মহকুমার থানা। আ. ১৩৮ ব মা ; জন. ১,০৩,৪৭০ ; ঘনতা ৭৫১। গ্রাম ১৪৩। কলিকাতা হইতে লুপ লাইনে ১৪৭ মা।

**মুরী** ( Muri ): বিহার ; রাঁচি জেলা, সদর মহ.র সিলী থানার শহর ও জং. স্টেশন ( ২১৫ মা )। পুরুলিয়া ৩৮ মা, রাঁচি ৩৬ মা। মুরী স্টেশনের নিকট এক বিরাট আলুমিনিয়াম কারখানা আছে।

**মুরুণ্ডদেশ** ( Murundadesa ): গ্রীক ভৌগোলিক প্টলেমি ( খ্রী. ২ শ ) মরুণ্ডাই (Moroundai)-এর উল্লেখ করিয়াছেন। এই মুরুণ্ড জাতির লোকে উত্তর বিহার হইতে গঙ্গার বদ্বীপ পর্যন্ত ভূভাগে বাস করিত বলিয়া মনে হয়। গঙ্গার উপর এই দেশের ৬টি বন্দরের নাম উল্লিখিত আছে।

**মুর্শিদাবাদ** ( Murshidabad ): প. বঙ্গের প্রেসিডেন্সি বিভাগের জেলা। উ.—মালদহের কিয়দংশ ও উ.-পূ. রাজসাহী। পদ্মা নদী পার হইলে মালদহ; এই পদ্মার বেশির ভাগ পাকিস্তান ও হিন্দুস্থানের সীমান্ত। দক্ষিণে নদীয়া ও বর্ধমান ; প.—বীরভূম ও সাঁওতাল পরগনার কিয়দংশ। ভাগীরথী-গঙ্গা জেলার মধ্যস্থল দিয়া দক্ষিণগামিনী। নদীর পশ্চিমাংশ শুষ্ক রাঢ়, পূর্ব অংশ বগড়ি ; বগড়ি পলি গঠিত বন্যাপ্লাবিত নিম্নভূমি, অতি উর্বর ; এখানে আউসধান ও পাট প্রধান শস্য। রাঢ় অঞ্চল উচ্চ, মাঝে মাঝে বিল ও নদীর পুরাতন খাত দেখা যায়। ধান, আখ, তুঁত, তামাক, আলু প্রভৃতির চাষ হয়। রাঢ়ের নদী বাঁশলাই, ব্রাহ্মণী, দ্বারকা ও ময়ূরাক্ষী ; বগড়ির নদী ভৈরব ও জলংগী। কৃষিজীবী ৭১%। রেশমের বস্ত্র, কাঁসার বাসন প্রভৃতি শিল্পের জন্য বিখ্যাত। আ. ২০৯৫ ব মা ; জন. ১৭,১৫,৭৫৯ ; ঘন বসতি ৮২৮। হিন্দু ৭.৬৫ লক্ষ ( ৪৪.৬% ) ; মুসলমান ৯.৪৭ লক্ষ ; ( ৫৫.২৫% )। প্রধান শহর বহরমপুর।

**মুর্শিদাবাদ** ( Murshidabad ): মু. জেলার লালবাগ মহকুমার থানা। আ ৬০ ব মা ; জন. ৪৪,৫৭১। থানার এলাকায় ৭০ গ্রাম। শহরে একটি মাত্র উচ্চ ইংরেজি বিদ্যালয়। মু. মিউনি. শহর ধ্বংসোন্মুখ ; পঞ্চাশ বৎসরে জনসংখ্যা প্রায় সাড়ে চার হাজার কমিয়াছে, বর্তমানে ১০,৭৫৬। —কলিকাতা হইতে লালগোলাঘাট রেলপথের স্টেশন ( ১২২ মা )।

**মুর্শিদাবাদ** ( Murshidabad ): মু. জেলার লালবাগ মহকুমার শহর ; নবাবী আমলের রাজধানী।...মুর্শিদা-বাদের কাহিনী বঙ্গদেশের ইতিহাসের সহিত অভিন্ন। ১৭০৪-১৭৭২ পর্যন্ত পর্ব হইতেছে মু.র ইতিহাস। মুর্শিদ কুলীখাঁ কর্তৃক স্থাপিত ; ১৭৪০ হইতে ১৭৬১ বাংলার নবাবদের রাজধানী। শেষ সালে মীরকাসেম মু. হইতে রাজধানী মুঙ্গেরে স্থানান্তরিত করেন। ১৭৬৫ ঈ. ই. কোম্পানি বঙ্গ-বিহার-ওড়িশার দেওয়ানী লাভ করিলে রাজধানী এইখানে থাকে। ১৭৭২-এ ও. হেস্টিংস দেওয়ানী ও ফৌজদারী আদালত, কলিকাতায় স্থানান্তরিত করেন ; ১৭৯০ লর্ড কর্ণওয়ালিস অন্যান্য বিভাগ কলিকাতায় লইয়া যান ; সেই হইতে মু.র বৈশিষ্ট্য দূর হয়। এই শহরে নবাবদের প্রাসাদ, ইমামবারা প্রভৃতি দেখিবার মতো। এই প্রাসাদ ১৮৩৭ অব্দে ইতালীয় স্থাপত্যাদর্শে নির্মিত হয়। গঙ্গার অপর পারে আলিবর্দী খাঁ, সিরাজের কবর। নবাবরা এখনো মু.তে বাস করেন। ইহারা শিয়া মুসলমান।

**মুলঘর** ( Mulghar ): পূ. পাক. ; খুলনা জেলার প্রসিদ্ধ গ্রাম। খুলনার অপর পারে পূর্ব-রূপসা-বাগেরহাট লাইট রেলওয়ের স্টেশন। হিন্দুদের বহু ঘরবাড়ি এখন পরিত্যক্ত ; উচ্চ বিদ্যালয়, মেয়েদের স্কুল।

**মুলতান বিভাগ** ( Multan Division ): পাক-পঞ্জাবের বিভাগ। ৬ জেলা: মুলতান, মন্টগোমারি, লয়ালপুর, মজঃফরপুর, ডেরাগাজি খাঁ। আ ২৮,৬৫২ ব মা।

**মুলতান** ( Multan ): পাক-পঞ্জাবের জেলা ; চন্দ্রভাগা ও শতদ্রু নদের মধ্যে অবস্থিত ; দক্ষিণে বহবলপুর। আ. ৫,৬৬৩ ব মা ; জন. ২১,০৫,০০০। ইহা প্রাচীন মল্লস্থান বা Malloi বা মালবদের বাসভূমি ছিল বলিয়া

অনুমিত হয়। সদর শহর চন্দ্রভাগা নদীর নিকট; লাহোর রেলে ২০৭ মা ও করাচি ৫৭৫ মা। জন. ১,৯০,০০০। বয়ন, মৃৎ, চর্ম ও এনামেল শিল্পের কেন্দ্র। আফগনিস্তান হইতে খিলজাই বণিকরা এখানে আসিয়া জিনিসপত্র বিনিময় করে।

**মুলন্দ** (Muland): বোম্বাই; থানা জেলায় উদ্‌বাস্তু পল্লী। জন. ২৭,১৪৮

**মুলমেন** (Moulmein): বর্মা; তেনাসেরিম বিভাগের আমহার্স্ট জেলার সদর শহর। জন. হা. ৬৫।

**মুলাদি** (Muladi): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, সদর মহ.র থানা। আ. ৬৮ ব মা। গ্রাম, ডাকঘর।

**মুলাযোড়** (Mulajor:) কলিকাতা হইতে উত্তরে ১৯ মা দূরে শ্যামনগর স্টেশনের নিকট গঙ্গার তীরের গ্রাম। সংস্কৃত টোলের জন্য খ্যাত। এখানকার কালীবাড়ি ও দ্বাদশ শিবমন্দির পাথুরিয়াঘাটার গোপী মোহন ঠাকুর কর্তৃক নির্মিত। কবি ভারতচন্দ্র শেষ জীবনে এখানে বাস করেন; মহারাজা কৃষ্ণচন্দ্র রায়ের নিকট হইতে মুলাযোড় ব্রহ্মোত্তর পাইয়াছিলেন।

**মুলি** (Muli): সৌরাষ্ট্র (বোম্বাই) অন্তর্গত পূর্বতন করদ-রাজ্য। আ. ১৩৩ ব মা; জন. ১৭ হা.। রাজা ব্রিটিশ ও জুনাগড় সরকারকে কর দিতেন।…রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫৩,০০০ টা. ভাতা দেওয়া হয়।...শহর (জন. ৫,৬০২) ওয়াধান হইতে ১৫ মা।

**মুষিক** (Musika): প্রাচীন ভারতের জাতি ও দেশ। আলকজেন্দরের ঐতিহাসিকগণ ইহাদের মৌউস-কানোস (Mausikanos) বলিয়াছেন। ...সংস্কৃতে মূষিক, মৌষিকার মূষিক হইতে অভিন্ন। ...পাক সিন্ধুদেশে সক্কার জেলার আলোর (Alor) নামক স্থানে ইহাদের রাজধানী ছিল।

**মেকলেনবুর্গ** (Mecklenburg): জারমানির রাজ্য ও দেশ; ১৩৪৮ অব্দে একটি ডাচি প্রতিষ্ঠিত হয়।১৭০১-এ ডাচিটি দুই রাজ্যে বিভক্ত হয়। হিটলারের সময় ডাচি দুইটিকে একটি স্টেটে পরিণত করা হয় (১৯৩৪-৪৫)। ১৯৪৫-৫২ সোবিয়েত শাসিত পূ. জারমানির অন্তর্গত প্রদেশ বা লানড্ (Land)। ১৯৫২-এ এই প্রদেশকে ৩টি জেলায় (bezirke) বিভক্ত করা হয়: রস্‌টক, শোয়েরিন ও নয়-ব্রানডেনবুর্গ। ১৯৫১-এ জন. ছিল ২১·৩৯ লক্ষ।

**মেক্সিকো** (Mexico): উ. আমেরিকার দেশ; মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণে। দেশের একাংশ মরুভূমিসদৃশ। মালভূমিতে অনেকগুলি আগ্নেয়গিরি আছে, সেইজন্য প্রায়ই ভূমিকম্প হয়। বনভূমিতে মেহগনি, আবলুস প্রভৃতি দামী গাছ আছে। খনিজ সম্পদ মধ্যে রৌপ্য সীসা, তামা, দস্তা, আন্টিমনি, পারদ, আরসেনিক পাওয়া যায়। পেট্রোলিয়াম ও রৌপ্য পৃথিবীর মোট উৎপন্নের শতকরা ৫৭ ও ৮ ভাগ। আ. ৭·৬৭ লক্ষ ব মা; জন ২ কোটি ৫৫ লক্ষ। এখানকার প্রাচীন সভ্যতা ইতিহাসে আজতেক ও ইন্‌কা নামে খ্যাত। তেজকুকো (Tezcoco) হ্রদের তীরে আজতেক মহা-নগরী স্পেনীশরা ধ্বংস করিয়া মেক্সিকো নগর পত্তন করে। আজতেকরা সভ্য জাতি ছিল।...স্পেনীশরা ১৫২১-এ মে. জয় করে ও তিন শত বৎসরের মধ্যে দেশ সম্পূর্ণভাবে স্পেনীশ হইয়া গেলেও এখানকার সভ্যতা ও সংস্কৃতির মধ্যে স্পেনীশ-আজটেক-ইনকা জাতির সংমিশ্রণের বৈশিষ্ট্য প্রকাশ পায়। স্থাপত্যে, চিত্রকলায় ও নানা শিল্পে মেক্সিকান ছাপ আছে, তাহা কেবলমাত্র স্পেনের পুনরাবৃত্তি নহে।...তিন শত বৎসর পরে মেক্সিকানরা ১৮২২-এ স্বাধীন হইয়া ফেডারেল রিপাবলিক গঠন করে। টেক্সাস (Texas) অংশ ১৮৩৫-এ স্বাধীন হয়। কালিফোর্নিয়ার উত্তরাংশ ও নিউ মেক্সিকো ১৮৪৮-এ মার্কিনদের সপক্ষে ছাড়িয়া দিতে হয়। পরে টেক্সাস প্রমুখ তিনটি দেশ মা. যুক্তরাষ্ট্র অন্তর্গত হয়।…আভ্যন্তরীণ শাসন বহুকাল সুব্যবস্থিত হয় নাই; প্রেসি. ডিআজ (Diaz) ১৮৭৬-৮০ ও পুনরায় ১৮৮৪ হইতে ১৯১১ পর্যন্ত ভালরূপে দেশ শাসন করেন।—রাজধানী মেক্সিকো (জন ১৫ লক্ষ)

**মেখলিগঞ্জ** (Mekhliganj): কোচবিহার জেলার মহকুমা। আ. ১৯৯ ব মা; জন ৯১,৮৩৫; ঘ ৪০২। —শহর তিস্তাতীরে। কোচবিহারের ৩০ মা পশ্চিমে, হলদিবাড়ির পূর্ব দিকে।

**মেঘনা** (Meghna): পূর্ববঙ্গের নদী। সুরমা প্রভৃতি

বিখ্যাত। জন. ১,৬১,৮৫৪। ব্যাংক: ইলাহাবাদ, সেন্ট্রাল, স্টেট, প. ন্যাশন্যাল, বরেলী, বরেলী কর্পো., সমবায়।

**মুরারই** ( Mararai ): বীরভূম জেলার রামপুরহাট মহকুমার থানা। আ. ১৩৮ ব মা; জন. ১,০৩,৪৭০; ঘনতা ৭৫১। গ্রাম ১৪৩। কলিকাতা হইতে লুপ লাইনে ১৪৭ মা।

**মুরী** ( Muri ): বিহার; রাঁচি জেলা, সদর মহ.র সিলী থানার শহর ও জং. স্টেশন ( ২১৫ মা )। পুরুলিয়া ৩৮ মা, রাঁচি ৩৬ মা। মুরী স্টেশনের নিকট এক বিরাট আলুমিনিয়াম কারখানা আছে।

**মুরুণ্ডদেশ** ( Murundadesa ): গ্রীক ভৌগোলিক প্‌টলেমি ( খ্রী. ২ শ ) মরুণ্ডাই (Moroundai)-এর উল্লেখ করিয়াছেন। এই মুরুণ্ড জাতির লোকে উত্তর বিহার হইতে গঙ্গার বদ্বীপ পর্যন্ত ভূভাগে বাস করিত বলিয়া মনে হয়। গঙ্গার উপর এই দেশের ৬টি বন্দরের নাম উল্লিখিত আছে।

**মুর্শিদাবাদ** ( Murshidabad ): প. বঙ্গের প্রেসিডেন্সি বিভাগের জেলা। উ.—মালদহের কিয়দংশ ও উ.-পূ. রাজসাহী। পদ্মা নদী পার হইলে মালদহ; এই পদ্মার বেশির ভাগ পাকিস্তান ও হিন্দুস্থানের সীমান্ত। দক্ষিণে নদীয়া ও বর্ধমান; প.—বীরভূম ও সাঁওতাল পরগনার কিয়দংশ। ভাগীরথী-গঙ্গা জেলার মধ্যস্থল দিয়া দক্ষিণগামিনী। নদীর পশ্চিমাংশ শুষ্ক রাঢ়, পূর্ব অংশ বগড়ি; বগড়ি পলি গঠিত বন্যাপ্লাবিত নিম্নভূমি, অতি উর্বর; এখানে আউসধান ও পাট প্রধান শস্য। রাঢ় অঞ্চল উচ্চ, মাঝে মাঝে বিল ও নদীর পুরাতন খাত দেখা যায়। ধান, আখ, তুঁত, তামাক, আলু প্রভৃতির চাষ হয়। রাঢ়ের নদী বাঁশলাই, ব্রাহ্মণী, দ্বারকা ও ময়ূরাক্ষী; বগড়ির নদী ভৈরব ও জলংগী। কৃষিজীবী ৭১%। রেশমের বস্ত্র, কাঁসার বাসন প্রভৃতি শিল্পের জন্য বিখ্যাত। আ. ২০৯৫ ব মা; জন. ১৭,১৫,৭৫৯; ঘন বসতি ৮২৮। হিন্দু ৭.৬৫ লক্ষ (৪৪.৬%); মুসলমান ৯.৪৭ লক্ষ; (৫৫.২৫%)। প্রধান শহর বহরমপুর।

**মুর্শিদাবাদ** ( Murshidabad ): মু. জেলার লালবাগ মহকুমার থানা। আ ৬০ ব মা; জন. ৪৪,৫৭১। থানার এলাকায় ৭০ গ্রাম। শহরে একটি মাত্র উচ্চ ইংরেজি বিদ্যালয়। মু. মিউনি. শহর ধ্বংসোন্মুখ; পঞ্চাশ বৎসরে জনসংখ্যা প্রায় সাড়ে চার হাজার কমিয়াছে, বর্তমানে ১০,১৫৬। —কলিকাতা হইতে লালগোলাঘাট রেলপথের স্টেশন ( ১২২ মা )।

**মুর্শিদাবাদ** ( Murshidabad ): মু. জেলার লালবাগ মহকুমার শহর; নবাবী আমলের রাজধানী।...মুর্শিদা-বাদের কাহিনী বঙ্গদেশের ইতিহাসের সহিত অভিন্ন। ১৭০৪-১৭৭২ পর্যন্ত পর্ব হইতেছে মু.র ইতিহাস। মুর্শিদ কুলীখাঁ কর্তৃক স্থাপিত; ১৭৪০ হইতে ১৭৬১ বাংলার নবাবদের রাজধানী। শেষ সালে মীরকাসেম মু. হইতে রাজধানী মুঙ্গেরে স্থানান্তরিত করেন। ১৭৬৫ ঈ. ই. কোম্পানি বঙ্গ-বিহার-ওড়িশার দেওয়ানী লাভ করিলে রাজধানী এইখানে থাকে। ১৭৭২-এ ও. হেস্টিংস দেওয়ানী ও ফৌজদারী আদালত, কলিকাতায় স্থানান্তরিত করেন; ১৭৯০ লর্ড কর্ণওয়ালিস অন্যান্য বিভাগ কলিকাতায় লইয়া যান; সেই হইতে মু.র বৈশিষ্ট্য দূর হয়। এই শহরে নবাবদের প্রাসাদ, ইমামবারা প্রভৃতি দেখিবার মতো। এই প্রাসাদ ১৮৩৭ অব্দে ইতালীয় স্থাপত্যাদর্শে নির্মিত হয়। গঙ্গার অপর পারে আলিবর্দী খাঁ, সিরাজের কবর। নবাবরা এখনো মু.তে বাস করেন। ইঁহারা শিয়া মুসলমান।

**মুলঘর** ( Mulghar ): পূ. পাক.; খুলনা জেলার প্রসিদ্ধ গ্রাম। খুলনার অপর পারে পূর্ব-রূপসা-বাগেরহাট লাইট রেলওয়ের স্টেশন। হিন্দুদের বহু ঘরবাড়ি এখন পরিত্যক্ত; উচ্চ বিদ্যালয়, মেয়েদের স্কুল।

**মুলতান বিভাগ** ( Multan Division ): পাক-পঞ্জাবের বিভাগ। ৬ জেলা: মুলতান, মন্টগোমারি, লয়ালপুর, মজঃফরপুর, ডেরাগাজি খাঁ। আ ২৮,৬৫২ ব মা।

**মুলতান** ( Multan ): পাক-পঞ্জাবের জেলা; চন্দ্রভাগা ও শতদ্রু নদের মধ্যে অবস্থিত; দক্ষিণে বহবলপুর। আ. ৫,৬৬৩ ব মা; জন. ২১,০৫,০০০। ইহা প্রাচীন মল্লস্থান বা Malloi বা মালবদের বাসভূমি ছিল বলিয়া

অনুমিত হয়। সদর শহর চন্দ্রভাগা নদীর নিকট; লাহোর রেলে ২০৭ মা ও করাচি ৫৭৫ মা। জন. ১,৯০,০০০। বয়ন, মৃৎ, চর্ম ও এনামেল শিল্পের কেন্দ্র। আফগনিস্তান হইতে খিলজাই বণিকরা এখানে আসিয়া জিনিসপত্র বিনিময় করে।

**মুলন্দ** (Muland): বোম্বাই; থানা জেলায় উদ্‌বাস্তু পল্লী। জন. ২৭,১৪৮

**মুলমেন** (Moulmein): বর্মা; তেনাসেরিম বিভাগের আমহার্স্ট জেলার সদর শহর। জন. হা. ৬৫।

**মুলাদি** (Muladi): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, সদর মহ.র থানা। আ. ৬৮ ব মা। গ্রাম, ডাকঘর।

**মুলাযোড়** (Mulajor:) কলিকাতা হইতে উত্তরে ১৯ মা দূরে শ্যামনগর স্টেশনের নিকট গঙ্গার তীরের গ্রাম। সংস্কৃত টোলের জন্য খ্যাত। এখানকার কালীবাড়ি ও দ্বাদশ শিবমন্দির পাথুরিয়াঘাটার গোপী মোহন ঠাকুর কর্তৃক নির্মিত। কবি ভারতচন্দ্র শেষ জীবনে এখানে বাস করেন; মহারাজা কৃষ্ণচন্দ্র রায়ের নিকট হইতে মূলাযোড় ব্রহ্মোত্তর পাইয়াছিলেন।

**মুলি** (Muli): সৌরাষ্ট্র (বোম্বাই) অন্তর্গত পূর্বতন করদ-রাজ্য। আ. ১৩৩ ব মা; জন. ১৭ হা.। রাজা ব্রিটিশ ও জুনাগড় সরকারকে কর দিতেন।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৫৩,০০০ টা. ভাতা দেওয়া হয়।...শহর (জন. ৫,৬০২) ওয়াধান হইতে ১৫ মা।

**মূষিক** (Musika): প্রাচীন ভারতের জাতি ও দেশ। আলকজেন্দরের ঐতিহাসিকগণ ইহাদের মৌউস-কানোস (Mausikanos) বলিয়াছেন। ...সংস্কৃতে মূষিক, মৌষিকার মূষিক হইতে অভিন্ন। ...পাক সিন্ধুদেশে সক্কার জেলার আলোর (Alor) নামক স্থানে ইহাদের রাজধানী ছিল।

**মেকলেনবুর্গ** (Mecklenburg): জারমানির রাজ্য ও দেশ; ১৩৪৮ অব্দে একটি ডাচি প্রতিষ্ঠিত হয়। ১৭০১-এ ডাচিটি দুই রাজ্যে বিভক্ত হয়। হিটলারের সময় ডাচি দুইটিকে একটি স্টেটে পরিণত করা হয় (১৯৩৪-৪৫)। ১৯৪৫-৫২ সোবিয়েত শাসিত পূ. জারমানির অন্তর্গত প্রদেশ বা লানড্ (Land)। ১৯৫২-এ এই প্রদেশকে ৩টি জেলায় (bezirke) বিভক্ত করা হয়: রস্‌টক, শোয়েরিন ও নয়-ব্রানডেনবুর্গ। ১৯৫১-এ জন. ছিল ২১·৩৯ লক্ষ।

**মেক্‌সিকো** (Mexico): উ. আমেরিকার দেশ; মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণে। দেশের একাংশ মরুভূমিসদৃশ। মালভূমিতে অনেকগুলি আগ্নেয়গিরি আছে, সেইজন্য প্রায়ই ভূমিকম্প হয়। বনভূমিতে মেহগনি, আবলুস প্রভৃতি দামী গাছ আছে। খনিজ সম্পদ মধ্যে রৌপ্য সীসা, তামা, দস্তা, আন্টিমনি, পারদ, আরসেনিক পাওয়া যায়। পেট্রোলিয়াম ও রৌপ্য পৃথিবীর মোট উৎপন্নের শতকরা ৫৭ ও ৮ ভাগ। আ. ৭·৬৭ লক্ষ ব মা; জন ২ কোটি ৫৫ লক্ষ। এখানকার প্রাচীন সভ্যতা ইতিহাসে আজতেক ও ইন্‌কা নামে খ্যাত। তেজকুকো (Tezcoco) হ্রদের তীরে আজতেক মহা-নগরী স্পেনীশরা ধ্বংস করিয়া মেক্‌সিকো নগর পত্তন করে। আজতেকরা সভ্য জাতি ছিল।...স্পেনীশরা ১৫২১-এ মে. জয় করে ও তিন শত বৎসরের মধ্যে দেশ সম্পূর্ণভাবে স্পেনীশ হইয়া গেলেও এখানকার সভ্যতা ও সংস্কৃতির মধ্যে স্পেনীশ-আজটেক-ইনকা জাতির সংমিশ্রণের বৈশিষ্ট্য প্রকাশ পায়। স্থাপত্যে, চিত্রকলায় ও নানা শিল্পে মেক্‌সিকান ছাপ আছে, তাহা কেবলমাত্র স্পেনের পুনরাবৃত্তি নহে।...তিন শত বৎসর পরে মেক্‌সিকানরা ১৮২২-এ স্বাধীন হইয়া ফেডারেল রিপাবলিক গঠন করে। টেক্‌সাস (Texas) অংশ ১৮৩৫-এ স্বাধীন হয়। কালিফোর্নিয়ার উত্তরাংশ ও নিউ মেক্‌সিকো ১৮৪৮-এ মার্কিনদের সপক্ষে ছাড়িয়া দিতে হয়। পরে টেক্‌সাস প্রমুখ তিনটি দেশ মা. যুক্তরাষ্ট্রে অন্তর্গত হয়।...আভ্যন্তরীণ শাসন বহুকাল সুব্যবস্থিত হয় নাই; প্রেসি. ডিআজ (Diaz) ১৮৭৬-৮০ ও পুনরায় ১৮৮৪ হইতে ১৯১১ পর্যন্ত ভালরূপে দেশ শাসন করেন।—রাজধানী মেক্‌সিকো (জন ১৫ লক্ষ)

**মেখলিগঞ্জ** (Mekhliganj): কোচবিহার জেলার মহকুমা। আ. ১৯৯ ব মা; জন ৯১,৮৩৫; ঘ ৪০২। —শহর তিস্তাতীরে। কোচবিহারের ৩০ মা পশ্চিমে, হলদিবাড়ির পূর্ব দিকে।

**মেঘনা** (Meghna): পূর্ববঙ্গের নদী। সুরমা প্রভৃতি

নদী যমুনা-ব্রহ্মপুত্রের সহিত মিলিত হইয়া কালনী, ভেড়ামোহনা, ধলেশ্বরী ও শেষে মেঘনা নামে পরিচিত। সবগুলিই পূ. পাকিস্তানের নদী। সমুদ্রে মেঘনা চতুরধা হইয়া মিশিতেছে। তেঁতুলিয়া, শাহবাজপুর, হাতিয়া ও সন্দীপ শাখা।

**মেজিয়া** ( Mejia ): বাঁকুড়া জেলার সদর মহকুমার থানা; দামোদর নদীর দক্ষিণে। আ. ৬৩ ব মা; জন. ৩৪,০৬৮; ঘনতা ৫৪২। ...গ্রাম রানীগঞ্জের পশ্চিম পারে। এখানে প্রচুর গালা প্রস্তুত হয়। বাঁকুড়া যাইবার ভাল শড়ক আছে; ৩ মা পশ্চিমে ভুলুই গ্রাম।

**মেটিয়াবুরুজ** ( Metiabruz): ২৪-পরগনা জেলার আলিপুর মহকুমার থানা। আ ৪ ব মা; জন. ১,২৯,০৩১; ঘনতা ৩৪,৮৭৩; ২৪-পরগণার ঘনতম বসতি। শিল্পাঞ্চল; গার্ডেন রীচ (দ্র.) নগর এই থানায়। খিদিরপুরের দক্ষিণ হইতে মেটিয়া. পর্যন্ত ছোট ছোট জাহাজ মেরামতের অনেকগুলি ডক আছে।

**মেত্তুর বাঁধ** ( Mettur): মদ্রাজ; সালেম জেলার শহর. ( জন. ৮,৬৭০ )। সালেম হইতে মে. পর্যন্ত শাখা রেল ( ২৫ মা )। কাবেরী নদীর উৎপত্তিস্থল হইতে ২০ মা নিচে নদীতে প্রায় এক মাইল দীর্ঘ বাঁধ ( ১৭৬ ফুট উচ্চ ) দিয়া জল আটকানো হইয়াছে। নয় বৎসর ধরিয়া কাজ চলে ও ১৯৩৪-এ কাজ চালু হয়। ১৩ লক্ষ একর জমিতে সেচ হয়। জলবিদ্যুৎ কারখানা হইতে প্রচুর বিদ্যুৎ উৎপাদন হয়; মদ্রাজের থার্মাল পাওয়ার স্টেশন-এর সহিত ইহাকে যোগ করা হইয়াছে। প্রায় ১২টি জেলায় বিজলী সরবরাহ হয়।

**মেত্তুপালায়েম** ( Mettupalaiyam ): মদ্রাজ; কোয়াম্বতুর জেলার শহর; কো. হইতে রেলপথে ২২ মা। এখান হইতে উটি ৯১ মা। শহরের জন. ২৬,৬৫৫। কানাড়া ব্যাংক কর্পো., মেত্তুর লক্ষ্মী-বিলাস, শ্রীরঙ্গরাজ ব্যাংক।

**মেদাক** ( Medak ): হায়দরাবাদের ( বর্তমান অন্ধ্র ) মধ্যভাগে অবস্থিত জেলা। জন. ১০,২৭,৬৪৮। — মেদাক শহরে কোনো রেলপথ নাই। জন. ১৪,৯১১।

**মেদান** ( Medan ): ইন্দোনেশিয়া; সুমাত্রা দ্বীপের শহর। জন. ৭৬,৫৮৪। তামাক গবেষণা কেন্দ্র। সুলতানের প্রাসাদ ও বিশাল মসজিদ দর্শনীয়; ইহার বন্দর বেলাওয়ান ( Belawan ) ১৫ মা উত্তরে।

**মেদিনীপুর** ( Midnapore ): প. বঙ্গের জেলা। উ.—বাঁকুড়া। জেলায় দীর্ঘ সাগরতট আছে। আ. ৫,২৫৮ ব মা; জন ৩৩,৫৯,০২২; ঘনতা ৬৩৯। জেলার প্রধান নদী রূপনারায়ণ, রসুলপুর, কালিঘাই, হলদি, শিলাই, কাঁসাই ও সুবর্ণরেখা। জেলার ভূপ্রকৃতির মধ্যে পশ্চিমাংশে লালমাটি বা ল্যাটেরাইট মৃত্তিকা; পূর্বাংশ পলিমাটির দেশ। বৃষ্টি ৫৯´´। জেলায় ঝড়; বন্যা, সমুদ্র হইতে আকস্মিক জোয়ার (tidal bore) খুবই ক্ষতি করে। জেলার প্রধান উৎপন্ন শস্য ধান ও পান। পশ্চিমের বনাঞ্চলে শাল, মহুয়া, ঢাক গাছ জন্মে; হিজলী বা কাজুবাদাম অর্থকরী ফসল—সুপর্যাপ্ত জন্মে। ...জেলার ৮০% লোক কৃষিজীবী। অধিবাসীদের মধ্যে ৩০·৮২ লক্ষ ( ৯১·৭% ) হিন্দু; মুসলমান ২·৪০ লক্ষ ( ৭·১% ), সাঁওতাল প্রায় এক লক্ষ। জেলায় ৫ মহকুমা: মেদিনীপুর, ঝাড়গ্রাম, ঘাটাল, তমলুক ও কাঁথি।... গ্রাম ১০,৫২৮; শহর ১১; থানা ৩৪। .. ১৭৬৫ অব্দে বাংলা-বিহার ওড়িশার দেওয়ানী লাভের সময় এই জেলা ঈ. ইন্ডিয়া কোম্পানি পাইয়াছিল। ...জেলার মধ্যে খড়গপুর জং. ও নিকটস্থ ইনজিনীয়ারিং কলেজ ভারতবিখ্যাত প্রতিষ্ঠান। বলরামপুর বুনিয়াদি শিক্ষা-শিক্ষণ কেন্দ্র।

**মেদিনীপুর** ( Midnapore ): মে. জেলার সদর শহর। কাঁসাই নদীতীরে। কলিকাতা হইতে রেলপথে ৮০ মা। খড়গপুর জং. হইতে ৮ মা। বহু রাস্তা নানাদিকে গিয়াছে।...মে. প্রাচীন শহর; আইন-ই-অকবরী গ্রন্থে মে. সুবৃহৎ নগরী বলিয়া উল্লিখিত।. জন. ৪৫,৪৭৬। ইউনাইটেড, স্টেট, ও মে. ব্যাংক, সমবায় ব্যাংক। কলেজ ( ১৮৭৫ )। গ্রন্থাগার শতাব্দীকাল পুরাতন।

**মেন্** ( Maine ): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ১৬২৪ উপনিবেশ, ১৮২০ ইউনিয়ন ভুক্ত। আ. ৩৩,২১৫ ব মা; জন. ৯·১৩ লক্ষ। রাজধানী আগস্টা; বৃহত্তম বন্দর পোর্টলন্ড।

**মেবার** ( Mewar ): পূর্বতন রাজপুতানার করদরাজ্য। এখানকার রাজারা সূর্যবংশীয় ও রামচন্দ্রের বংশধর

বলিয়া দাবী করেন। এই বংশের মহারানারা মুসলমান বাদশাহদের সহিত কখনো বিবাহাদিসূত্রে আবদ্ধ হন নাই; কৌলীন্য গৌরবে ইহারা রাজপুতদের মধ্যে শ্রেষ্ঠ। ৮ শতকে গহলট বংশীয় বাপ্পাদিত্য ভীলদের মধ্যে প্রথম রাজ্য স্থাপয়িতা। তিরোরির যুদ্ধে মে. রানা সমর সিংহ প্রাণ দেন (১১৯২)। ১৩০৩ আলা-উদ্দীন চিতোর জয় করেন; কিন্তু বীর হাম্বীর কর্তৃক উদ্ধার প্রাপ্ত হয়। এই বংশের রানা কুম্ভের (১৪১৯-৬৯) পত্নী মীরাবাঈ ভারতবিখ্যাত সাধিকা। কুম্ভের পৌত্র রানা সংগ বা সংগ্রাম সিংহ খানুয়ার যুদ্ধে (১৫২৭) বাবরের নিকট পরাভূত হন। অকবর চিতোর জয় করিলে রানা উদয়সিংহ উদয়পুর পত্তন করেন। উদয়সিংহের পুত্র প্রতাপসিংহ (১৫৭২-৯৭) ভারতবিখ্যাত বীর। এই বংশের শেষ উল্লেখযোগ্য রানা রাজসিংহ অউরংজেবের সহিত যুদ্ধ করেন।…মারাঠারা প্রবল হইয়া উঠিলে রাজপুতরা সহজেই তাহাদের প্রভুত্ব মানিয়া লয়। ১৮১৮ রানা ভীমসিংহ ইংরেজদের সঙ্গে সন্ধি করেন। সেই হইতে ১৯৪৭ পর্যন্ত উল্লেখযোগ্য ঘটনা নাই বলিলেই চলে। মেবারের আ. ছিল ১৩,১৭০ ব মা; জন. ১৯,২৬,৬৯৮ ('৪১)। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে মহারানাকে ১০ লক্ষ টাকা ভাতা দেওয়া হয়। ইনি ১৯ তোপের সম্মানাধিকারী ছিলেন।…বর্তমানে মেবার নাম অচলিত; রাজস্থান ইউনিয়নের পার্বত্য বিভাগের অন্তর্গত জেলার নাম উদয়পুর ও মালভূম বিভাগের অন্তর্গত জেলার নাম চিতোরগড়, সুতরাং মেবার নাম কোথায়ও নাই।

**মেবার স্টেট রেলওয়ে** (Mewar State Railway): ১৮৯৫-এ এই স্টেট রেলপথ খোলা হয়। ১৯৪৮-এ সৌরাষ্ট্র রেলওয়ের ও ১৯৫১ ওয়েস্টার্ন বা পশ্চিম রেলওয়ে জোন অন্তর্গত হইয়াছে।

**মেম্‌ফিস** (Memphis): (১) প্রাচীন মিশরের নগর ও রাজধানী। কাইরো হইতে ১৪ মা দক্ষিণে নীলনদের পশ্চীমতীরে অবস্থিত; এই রাজধানীর স্থাপত্য-শিল্পের কারুতা অতুলনীয়। বর্তমান নাম মিত্‌ রহীনা. (Mith Rahina)। নিকটে পিরামিড আছে।

(২) মা. যুক্তরাষ্ট্রের টেনিসি স্টেটের বৃহত্তম নগরী ও শিল্পকেন্দ্র। জন প্রায় ৪ লক্ষ।

**মেমারী** (Memari): বর্ধমান জেলার সদর মহকুমার থানা। আ. ১৬৫ ব মা; জন. ১,১৫,২২৩; ঘনতা ৬৯৯। শান্তিগড় সমাজ উন্নয়ন ব্লকের অন্তর্গত। — শহর (জন. ৫০০৫) কলিকাতা রেলপথে ৫১ মা। শেরশাহ সড়ক নিকট দিয়া গিয়াছে। ডাকঘর, টেলিগ্রাফ, রেজি. অপিস (১৮৯৩), ডিস্‌পেন্সারি, পল্লী স্বাস্থ্যকেন্দ্র। উচ্চ বিদ্যালয়।

**মেমিও** (Maymyo): বর্মা; মান্দালয় জেলার শৈলশহর (৩,৫৩৮ ফুট); গবর্নমেন্টের গ্রীষ্মাবাস ছিল। জন. ১৬,৫৮৬। রেশম ফার্ম; ক্যান্টনমেন্ট।

**মেমেল** (Memel): সোবিয়েত রুশের নদী ও বন্দর। নদীর জারমান নাম মেমেল; পোলীশ নাম নীমেন (Niemen)। এখন মে. লিথুনিয়া সো. সো. রিপাবলিকের অন্তর্গত বন্দর, নূতন নাম ক্লাইপেডা (Klaipeda)।

**মেরকারা, মহাদেশ পেট** (Merkara, Mercara): দ. ভারত; কুর্গ-এর রাজধানী, মালভূমের উপর অবস্থিত। ১৮৩৪-এ ব্রিটিশ অধিকৃত। হায়দার ও টিপু সুলতানের উপদ্রবে রাজধানী পেরিয়াপাটম হইতে মেরকারায় স্থানান্তরিত হয় (১৭৮৩)। জন. ১০,১১৭। ভারতের প্রথম সৈন্যধ্যক্ষ কারিয়াপ্পার জন্মস্থান (১৯০০)।

**মেরঠ বিভাগ** (Meerut): উত্তর প্রদেশের বিভাগ। জেলা ৫টি: মেরঠ, বুলন্দশহর, দেরাদুন, সাহারনপুর, মুজাফ্‌ফরনগর। আ. ২,৩৪৫ ব মা; জন. ৬৭,৩৩,৮০০।—উত্তর প্রদেশের জেলা। গঙ্গা ও যমুনা জেলার পূ. ও প. সীমান্তে। .. আ. ২,৩৫৪ ব মা, জন. ২২,৮১,২১৭। —মেরঠ জেলার সদর শহর ও বড় জংশন। নিকটে সৈন্যনিবাস। এখানে ১৮৫৭, ১০ মে সিপাহীরা বিদ্রোহী হয়। …দিল্লীতে যে ২টি অশোক স্তম্ভ আছে, তার একটি মেরঠ হইতে প্রাপ্ত। —জন.. ২,৩৩,১৮৩। এখানে ৯টি ব্যাংক।

**মেরিলন্‌ড** (Maryland): মার্কিন রাষ্ট্রের স্টেট। ১৬৩৪ প্রথম উপনিবেশ। ১ম চার্লসের স্ত্রী মারিয়ার-নামানুসারে নামকরণ হয়। আদি ত্রয়োদশ্‌ ইউনিয়নের

অন্যতম। আ. ৯,৯৪০ ব মা; জন. ২৩'৪৩ লক্ষ রাজধানী আনোপোলিস। বৃহত্তম নগর বালটিমোর।

**মেরতা** (Merta): রাজস্থান; পূর্বতন জোধপুর রাজ্যের ও বর্তমান নগৌর জেলার শহর; মেরতা রোড স্টেশন হইতে ৯ মা দ.-পূর্বে অবস্থিত। জন. ৭,১০২। বিকানীর, জোধপুর কমার্স ব্যাংক। ১৫৬২ অব্দে অকবর কর্তৃক অধিকৃত। মারাঠারা ১৭৯০-এ এই শহরের অদূরে এক যুদ্ধে জোধপুর ও জয়পুরের মিলিত সৈন্যদের পরাভূত করে।

**মেরু** (Meru): প্রাচীনকালের ভারতীয়দের মতে মেরু গঢ়ওয়াল জেলার রুদ্র-হিমালয় হইতে অভিন্ন। গঙ্গা ইহার নিকটে উঠিয়াছে। গ্রীকদের মেরোস (Meros)।

**মেলবোর্ন** (Melbourne): অস্ট্রেলিয়ার স্টেট ভিক্টোরিয়ার রাজধানী। ১৮৩৭-এ স্থাপিত। জন. ১৩'২৬ লক্ষ; স্টেটের মোট জনসংখ্যার ষাট ভাগ এই নগরীর বাসিন্দা। কানবেরা রাজধানী হইবার পূর্বে মে. রাজধানী ছিল (১৯০১-২৭)। বিশ্ববিদ্যালয় (১৮৫৪) দ. গোলার্ধের অন্যতম শ্রেষ্ঠ বিদ্যাকেন্দ্র।১৯৫৬-এ এখানে বিশ্বক্রীড়া প্রতিযোগিতা (Olympic) হইয়াছিল।

**মেলানদহ** (Melandaha): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, জামালপুর মহ.র থানা। আ. ৮৯ ব মা।...গ্রাম, ডাকঘর। ময়.-তিস্তামুখ রেলপথের বামদিকে পড়ে।

**মেলানেশিয়া** (Melanasia): প্রশান্ত মহাসাগরের বহু দ্বীপের সাধারণ নাম; অর্থ কৃষ্ণ দ্বীপ। অধিবাসীরা কৃষ্ণকায় বলিয়া এই নাম। বিস্মার্ক দ্বীপপুঞ্জ, সলোমন, সান্টাক্রুজ, নিউ হেবরাইডিস, নিউ কালিডোনিয়া, লয়ালটি প্রভৃতি দ্বীপ লইয়া ফিজি দ্বীপ পর্যন্ত বিরাট অংশকে মে. বলা হয়।

**মেহসানা** (Mehsana): বোম্বাই রাজ্যের জেলা। পূর্বতন বড়োদা রাজ্যের মে. বিভাগের অধিকাংশ ও পশ্চিম ভারতীয় স্টেটসের রাধনপুর ও ইদর করদরাজ্যদ্বয় এক করিয়া ১৯৪৯-এ এই জেলা গঠিত হইয়াছে; ইহা গুজরাটী অঞ্চল। ...আ. ৪,৩১২ ব মা; জন. ১৪,৭১,৬৭২; ১০ তালুক; ২ মহল। জেলার শিল্পপ্রধান শহর পাটন, সিধপুর, কাদি, কালোল প্রভৃতি স্থানে কাপড়ের কল আছে। প্রধান শহর—মেহসানা (জন. ২১,৮০৪) অহমদাবাদ হইতে ৪৫ মা। মে. বড় জংশন; এখান হইতে বিরামগাঁও ৪০ মা; পাটন ২৩ মা। ...বহু প্রকার শিল্পের ও ব্যবসায়ের কেন্দ্র। বড়োদা ব্যাংক।

**মেসোপটেমিয়া** (Mesopotamia): ইরাক রাজ্যে ইউফ্রাতেস ও তাইগ্রিস নদীদ্বয়ের মধ্যস্থিত দোয়াবের গ্রীক নাম। প্রাচীন বাবিলন, অসীরিয়া প্রভৃতির ধ্বংসাবশেষ এই দোয়াব মধ্যে বিদ্যমান। নদীদ্বয় পূর্বকালে পৃথক ভাবে পারস্যসাগরে পড়িত; কালে পলি পড়িয়া সাগর ভরিতে থাকে ও নদী দুইটির জল মিলিয়া শাত-অল-আরব নামে নদী হয়।

**মেহেদিগঞ্জ** (Mehdiganj): পূ. পাক.; বাখরগঞ্জ জেলা, বরিশাল মহ.র থানা। আ. ১২৩ ব মা। ডাকঘর ও বাজার। বরিশালের উ.-পূর্ব দিকে অবস্থিত। পাভারহাট নিকটস্থ বড় গঞ্জ।

**মেহের** (Meher), **মেহের গ্রাম**: পূ. পাক.; ত্রিপুরা জেলার গ্রাম। চাঁদপুর হইতে ২০ মা দূরে মেহের কালীবাড়ি বিখ্যাত তীর্থস্থান। মেহের গ্রামের সর্বানন্দ ঠাকুর দশমহাবিদ্যা-সিদ্ধ হন বলিয়া লোকবিশ্বাস। পৌষ সংক্রান্তি ও শারদীয় ছুটির সময় মেলা হয়।...দামোদরদেবের তাম্রশাসন এইখানে পাওয়া গিয়াছে। সমতট মণ্ডলে পরলায়ী বিষয়ে বাইশ-গ্রাম বিভাগে মেহেরগ্রাম নামে উল্লিখিত।

**মেহেরপুর** (Meherpur): পূ. পাক.; কুষ্টিয়া জেলার মহকুমা ও সদর শহর, ভৈরবী নদীতীরে। মহর. আ. ৬২৩ ব মা। থানা ১৪৪ ব মা। চুয়াডাংগা (৮৪ মা) হইতে মোটরপথ ১৮ মা। ...পলাশী ও কৃষ্ণনগরে যাইবার পৃথক সড়ক আছে। মেহেরপুর পাকিস্তানের সীমান্ত শহর। ...এখানে 'বলরামভজা' সম্প্রদায়ের প্রবর্তক বলরাম হাড়ীর আখড়া আছে।

**মেহেরৌলি** (Meherauli): দিল্লী হইতে ৯ মা দক্ষিণে গ্রাম (পূর্ব নাম মিহিরপুরী অনুমিত)। মে. লৌহস্তম্ভ (Iron pillar) চন্দ্র নামে কোনো রাজার দ্বারা নির্মিত; বিষ্ণুর উদ্দেশ্যে এই ধ্বজা স্থাপিত হয়। ...প্রায় দেড় হাজার বৎসর এই স্তম্ভ খাড়া আছে অথচ লৌহের গায়ে মরিচা পড়ে নাই।

**মেহসী** ( Mehsi ) : বিহার ; চম্পারন জেলার শহর। এখানে বোতাম তৈয়ারির কয়েকটি কারখানা আছে।

**মৈনপুরী** ( Mainpuri ) : উত্তর প্রদেশ ; আগরা বিভাগের জেলা। গঙ্গা ও যমুনার খালের দ্বারা সেচিত। আ. ১,৬৭৪ ব মা ; জন ৯,৯৩,৮০০। —শহর ( জন. ২২,৯৩৯ ) কলিকাতা হইতে শিকোবাবাদ হইয়া ৭৭৫ মা। স্টেট, সেন্ট্রাল, সমবায় ব্যাংক।

**মৈনাকগিরি** ( Mainakagiri ) : প্রাচীন ভারতের পৌরাণিক পর্বত। সিবালিক ( দ্র. ) পর্বত প্রাচীন মৈনাক বলিয়া অনুমিত।

**মোআব** ( Moab ) : বর্তমান জর্দন রাজ্যের ডেড্‌সীর পূর্বদিকে মোআব নামে এক সেমেটিক ( হীব্রু ) উপজাতির বাস ছিল। খ্রী. পূ. ৮৫০-এ উৎকীর্ণ এক শিলালেখ প. এশিয়ার প্রাচীনতম লিপি বলিয়া জ্ঞাত ছিল ; ইহা মোআবের রাজা মেশা-( Mesha of Moab ) কৃত প্রশস্তি, ১৮৬৮ তে ডেড্‌সীর নিকট ডিবন (Dibon) নামক স্থানে আবিষ্কৃত হয়। ১৯২৩ এ বিবলোস-এ আখিরাম ( Akhiram ) শিলালেখ আবিষ্কৃত হইবার পূর্ব-পর্যন্ত মোআব পাথরের লিপিকে প্রাচীনতম 'অক্ষর' বলিয়া বিবেচিত হইত। এই সব লিপি গ্রীক লিপির অগ্রদূত।

**মোকামা** ( Mokameh ) : বিহার ; পাটনা জেলার বাঢ় মহকুমার থানা ও শহর, গঙ্গাতীরে ; কলিকাতা হইতে ২৮১ মা। ঘাটের অপর পারে সেমেরিয়া ঘাট ; সেখানে ন. ঈ. রেলওয়ে। উত্তর-বিহারে যাইবার অন্যতম প্রধান পথ এই মোকামা ঘাট। এখানে গঙ্গার উপর রেল তথা অন্যান্য পরিবাহন উপযোগী সেতু নির্মিত হইতেছে। জন. ১·২ হা.। প. ন্যাশনাল ব্যাংক। ··—মোকামা থানার আ. ১৩০ ব মা ; জন. ৮২,৬৫৮ ; ঘনতা ৬৩৫।

**মোকোকচুঙ** ( Mokokchung ) : আসামের জেলা নাগা পাহাড়-এর মহকুমা। আ. ১,৯১৪ ব মা ; জন. ১,০৭,৮৯১ ; ঘনতা ৭১। ···কোহিমা হইতে ৫৭ মা উ.-পূর্বে মোকোকচুঙ গ্রাম।

**মোগলহাট** ( Moghulhat ) : পূ. পাক. ; রঙপুর জেলা, কুড়িগ্রাম মহ.র লালমনিরহাট থানার এলাকায় গ্রাম ও রেল স্টেশন ; লাল. হইতে গীতলদহ ( প. বঙ্গ ) হইয়া যে রেলপথ ধুবড়ী. পর্যন্ত আছে তাহার পাকিস্তান অংশের শেষ সীমান্ত স্টেশন মোগলহাট।

**মোগা** ( Moga ) : পূ. পঞ্জাব ; ফিরোজপুর জেলার তহশীল। মোগা শহর—লুধিয়ানা-ফিরোজপুর রেলপথের স্টেশন ( ৪৩ মা )। এইখানে খ্রীষ্টান মিশনারীদের প্রতিষ্ঠিত গ্রাম্য শিক্ষক-শিক্ষণ বিদ্যালয় ( Training School for Village Teachers ) আছে।··· জন. ৩৫,৫৯৮। ব্যাংক : প. ন্যাশনাল, ইউনা. কমার্স, সেন্ট্রাল ও স্টেট ব্যাংক; মোগা কেন্দ্রীয় সমবায়ব্যাংক।

**মোগোক** ( Mogok ) : বর্মার কথা ( Katha ) জেলার শহর ; এইখানে বিখ্যাত বৈদুর্য ( Ruby ) খনি ছিল। উচ্চতা ৩,৭৬১ ফুট।

**মোজাম্বিক, মোশাম্বিকী** (Mozambique, Mocambique) : পোর্তুগীজ পূর্ব আফ্রিকার নাম ; ভারত মহাসাগরের তীরে অবস্থিত ; উপকূলাংশ ১,৫৭৫ মা। আ. ২,৯৭,৭৩১ ব মা ; জন. ৫৭·৩৩ লক্ষ ( '৫০ )। প্রধান নদী জাম্বেসি। খনিজ ও বনজ সম্পদ প্রচুর। বাইরা ( Beira ) প্রধান বন্দর। মোজাম্বিক ( জন. ১২,৫১০ ) বন্দর, মো. প্রণালীতে প্রবাল দ্বীপের শহর ; ১৪৯৮-এ ভাস্কোডাগামা এখানে প্রথম আসেন ; ১৫০৮-এ দুর্গাদি নির্মিত হয়। ১৮৭৮ পর্যন্ত দাস ব্যবসায়ের আড্ডা ছিল। ১৯০৭ পর্যন্ত পোর্তু. পূর্ব আফ্রিকার রাজধানী ছিল। বাইরা হইতে ৫২৫ মা উ.-পূর্বে। এখন রাজধানী লুরেনশো-মারকুইস।

**মোতিহারী** ( Motihari ) : বিহার ; চম্পারন জেলার সদর মহকুমার নাম। ···শহর ( জন. ২৪,৪৮৯ ) ব্যবসায়ের কেন্দ্র ; তামাক বিখ্যাত। বিহার সেন্ট্রাল ব্যাংক। ···ডিগ্রী কলেজ। মজফ্‌ফরপুর ৫০ মা।

**মোধেরা** ( Modhera ) : বোম্বাই ; মেহসানা জেলার গ্রাম। এখানকার বিখ্যাত সূর্যমন্দিরের স্থাপত্যকলা ( ১১ শতক ) বিখ্যাত। ইহা সোলাংকি রাজাদের সময়ে নির্মিত। মন্দির-বিন্যাস ও কারুকার্য এখনো প্রায় অটুট রহিয়াছে।

**মোনাকো** ( Monco ) : ফ্রান্সের দক্ষিণে ভূমধ্যসাগর তীরের রাজ্য ; পৃথিবীর ক্ষুদ্রতম রাষ্ট্র। আ. ৮ ব মা।

দৈর্ঘ্য ২ মা ; প্রস্থ ১৫০-১০০০ গজ। জন. ২০ হা.। প্রধান শহর মন্টিকার্লো বিশ্বজুয়ারীর আড্ডা।

**মোয়ার নদী** ( Moyar river ): মদ্রাজ ; নীলগিরি ও কোয়াম্বতুর জেলার নদী। নীলগিরি পাহাড়ের মুকুরটির নিকট উৎপত্তি। নদী পূর্বগামী হইয়া ভবানী নদীতে পড়িতেছে ; এই সঙ্গমস্থলে বাঁধ দিয়া বিশাল জলাশয় (৫০ মা) নির্মিত হওয়ায় প্রায় ২ লক্ষ একর জমিতে জলসেচন হইবে। মোয়ার জলবিদ্যুৎ কারখানার জন্য ৪·৬৪ কোটি টাকা বরাদ্দ হইয়াছে।

**মোরবী** ( Morvi ) : পূর্বতন কাঠিয়াবাড়ের স্টেটস এজেন্সির করদরাজ্য। এই দেশে পূর্বকালে জেঠোয়া রাজপুতরা উপনিবেশ স্থাপন করে। গুজরাটের সুলতান এই দেশ অধিকার করিয়া নবনগরের জাম সাহেবের এক আত্মীয়কে দান করেন। কথিত আছে সুলতান শিকার করিতে আসিয়া বাঘের দ্বারা আক্রান্ত হন ; তখন এই লোকটি তাঁহাকে রক্ষা করে।...রাজ্যের আ. ৮২২ ব মা ; জন. ১৪১,৭৬১ ('৪১)। রাজ্যের আয় ছিল ৫৬·৪০ লক্ষ টাকা ; ব্রিটিশ ও গায়াকাবাড়কে ৯,২৬৩ টাকা কর দিতে হইত। রাজার উপাধি ঠাকুর সাহেব ; তিনি ১১ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৮ লক্ষ টাকা ভাতা দেওয়া হয়।...মোরবী সৌরাষ্ট্র ইউনিয়ন অন্তর্গত হয় ; এখন বোম্বাই রাজ্যভুক্ত। ...শহর (জন. ৪০,৭২২) বহু শিল্পের কেন্দ্র। সেন্ট্রাল, দেবকরণ প্রভৃতি ব্যাংক। ...বীরমগাঁব জং. হইতে ওয়ানকানর (৮৮ মা) হইয়া ২৪ মা। নবলাখী বন্দর ২৮ মা দূরে।

**মোরাবিয়া** ( Moravia ): চেকোস্লোভাকিয়া রিপাবলিকের অংশ ; বোহেমিয়া প্রদেশের মধ্যস্থিত। প্রধান শহর ব্রুন (Brunn)। জন্ হুস (John Huss, ১৩৭০-১৪১৫) নামে ধর্মসংস্কারকের শিষ্যেরা মোরাবিয়ান চার্চের পক্ষে ধর্মপ্রচার করেন ; ভারতেও ইহাদের মিশন আছে।

**মোরার** ( Morar ): মধ্যভারত ইউনিয়ন ( বর্তমান মধ্যপ্রদেশ ) ; লস্কর জেলার শহর। জন. ১৫,৭০০।

**মোরেনা** ( Morena ): মধ্যভারত ইউনিয়ন ( বর্তমান মধ্যপ্রদেশ ) ; চৈনারগড় বিভাগের শহর ; জন ১৮, ১২৪। আগ্রা হইতে ৫০ মা।

**মোরেলগঞ্জ** (Morelganj) : পূ. পাক. ; খুলনা জেলা, বাগেরহাট মহ.র থানা। আ. ১৬৯ ব মা। ইহা নদীবহুল অঞ্চল। এই এলাকায় রিজার্ভ বন আছে। গ্রাম, বাজার, ডাকঘর।...বাগেরহাট-হুলারহাট স্টীমার-পথের স্টেশন। ১৮৪৯ অব্দে 'মোরেল' সাহেবরা (২ জন) এখানে বসতি স্থাপন করেন। ১৮৬৯-এ বাংলা সরকার ইহাকে বন্দর বলিয়া ঘোষণা করিলেও ইহা বন্দরে পরিণত হয় নাই।

**মোলদাবিয়া** (Moldavia) : রুমানিয়া রাজ্যের অংশ ; মোলদ নদী হইতে দেশের নাম। ১৩-১৪ শতকে স্বাধীন রাজ্য ছিল ; ১৫১১ তুর্কী কর্তৃক অধিকৃত। ১৮৬১ ওয়ালেশিয়া (Wallachia) ও মো. একত্র করিয়া রুমানিয়া রাজ্য গঠিত হয়।

**মোলদাভিয়া** (Moldavia) : দ. ইউরোপের সোবিয়েত সো. রিপাবলিক। রুমানিয়ান্-মোলদাবিয়া ও সোবিয়েত মো.র মধ্যে প্রুত (Prut) নদী প্রবাহিত। নীস্তার ( Dniester ) নদী দেশের পূর্ব দিকে। আ. ১৩,২০০ ব মা ; জন. ২১ লক্ষ ('৫৩)। রাজধানী—কিশিনেফ্ (Kishinev)।

**মোল্লাহাট** (Mollahat) : পূ. পাক. ; খুলনা জেলা, বাগেরহাট মহ.র থানা। আ. ১১০ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৭২)। মধুমতী নদীর অপর পারে ফরিদপুর জেলার গোপালগঞ্জ শহর।

**মোসাবনী** ( Mosabani ): বিহার ; সিংহভূম জেলা, ধলভূম মহ.র ঘাটশিলা থানার অন্তর্গত স্থান ; এখানে পাহাড়ে তাম্র আকর আছে। দড়িপথে ( ৬ মা ) তাম্রচুর ঘাটশিলার নিকট মৌভাণ্ডারে নীত হয় ও সেখানে উহা গলাইয়া দস্তার সহিত মিশ্রিত করিয়া পিতল-কাঁসা তৈয়ারি হয়। ১৯৫১-এ ৩·৭ লক্ষ টন চুর ( মূল্য ১·৯৪ কোটি টাকা ) গালাই হয়।

**মোসাল** (Mosul) : আরবী অল্‌মুজিল। ইরাকের প্রদেশ।—শহর তাইগ্রিস নদীতীরে ; অপর পারে প্রাচীন নিনেভার ধ্বংসাবশেষ। আরব খলিফাদের সময় ( ৯-১২ শতক ) শিল্পপ্রধান নগরী ছিল। মংগোলদের

দ্বারা নগর ধ্বংসিত হয়। এখানকার সূক্ষ্মবস্ত্র হইতে মসলীন (muslin) শব্দ আসিয়াছে।…১৯২০ হইতে এখানে পেট্রোলিয়াম তৈলখনির কাজ আরম্ভ হয়। খনিক্ষেত্র হইতে পাইপ-লাইন ভূমধ্যসাগর তীর পর্যন্ত গিয়াছে।…জন. ৩-৪ লক্ষ;

**মোহনগঞ্জ** (Mohanganj): পূ. পাক.; ময়মনসিংহ জেলা, নেত্রকোনা মহ.র থানা। আ. ৯৪ ব মা।…ময়.-নেত্র.-মোহনগঞ্জ রেলপথের স্টেশন (৫৫ মা)। ইহার পর শ্রীহট্ট জেলা।

**মোহনপুর** (Mohanpur): পূ. পাক.; রাজসাহী জেলা, সদর মহ.র থানা। আ. ৬৩ ব মা। গ্রাম, বাজার ও ডাকঘর। রাজ.র উত্তরে সড়ক দিয়া যুক্ত।

**মোহনপুর** (Mohanpur): মেদিনীপুর জেলার সদর মহ.র থানা। আ. ৫৪ ব মা। জন. ৩০,৫৫০; ঘনতা ৫৬৩। গ্রাম—এগ্‌রা হইতে পথ। ওড়িশার সীমান্তে।

**মোহনবাড়ি** (Mohanbari): আসাম; ডিব্রুগড়ের সন্নিকটস্থ বিমান বন্দর। গৌহাটি হইতে বিমানপথে ২৩২ মা; কলিকাতা ৫৪২ মা। মো. হইতে লীলাবাড়ি ও পাসিঘাট বিমান সার্বিস আছে।

**মৌজাদিবর** (Moujadibar): বালুরঘাট হইতে প্রায় ১৬ মা দ.-পশ্চিমে অবস্থিত বর্তমান রাজসাহী-নওগাঁর অন্তর্গত গ্রাম; এখানে অর্ধমাইল দীর্ঘ প্রাচীন দীর্ঘিকা আছে। এই দীঘির মধ্যে ৪১ ফুট উচ্চ ১০ ফুট ব্যাস অষ্টকোণ গ্রানাইট প্রস্তরের স্তম্ভ আছে। ইহা মহারাজ দিব্যের জয়স্তম্ভ।

**মৌড়িগ্রাম, মহীয়াড়ি** (Mourigram): হাওড়া জেলার শিল্প শহর; কাপড়ের ও অন্যান্য কলকারখানা আছে। কলিকাতা হইতে ৭ মা।

**মৌলবীবাজার** (Moulavi Bazar): পূ. পাক.; শ্রীহট্ট (সিলেট) জেলার মহকুমা ও সদর শহর। আখাউড়া জংশন হইতে ৫৫ মা দূরে অবস্থিত শ্রীমঙ্গল স্টেশন হইতে ১৮ মা উত্তরে মৌলবীবাজার শহর; মনু নদীর উপর।

**মৌভাণ্ডার:** দ্র. মোসাবনী।

**যমুনা নদী** (Jamuna, Jumna river): উত্তর ভারতের নদী; হিমালয়ের মধ্যে ১০,৮৫০ ফুট উচ্চ স্থানে (যমুনোত্রী) উঠিয়া টেহরি অতিক্রম করিয়া পঞ্জাব, দিল্লী ও উত্তর প্রদেশের মধ্য দিয়া আসিয়া গঙ্গার সহিত প্রয়াগ বা ইলাহাবাদে মিলিয়াছে। দৈর্ঘ্য (৮৬০ মা)। অববাহিকা প্রায় ১,১৮,০০০ ব মা। বৈষ্ণবদের তীর্থস্থান বৃন্দাবন ও মথুরা ইহার উপর অবস্থিত। মুগল যুগের রাজধানী দিল্লী ও আগরা ইহার দক্ষিণ তটে। এই নদীর উপর চারিটি সেতু: দিল্লী, মথুরা, আগরা ও ইলাহাবাদ।

**যমুনা** (Jamuna): (১) পূর্ববঙ্গে ব্রহ্মপুত্রের একাংশ যমুনা নামে খ্যাত; গোয়ালন্দের নিকট মিলিয়াছে। (২) আত্রাই নদীর শাখা। (৩) জলাঙ্গীর শাখা।

**যমুনা খাল** (Jamuna Canal): যমুনা নদী হইতে খাল কাটিয়া জলসেচনের ব্যবস্থা প্রথম করেন ফিরোজ শাহ তুঘলক; ১৫৬৮ অব্দে আকবর শাহ তাহার সংস্কার করেন।…পঞ্জাবের অম্বালা জেলায় তাজেবালা নামক স্থান হইতে কাটা খাল যমুনার পূর্বদিকে প্রায় সমান্তরালে দিল্লীর কাছ পর্যন্ত আসিয়াছে। যমুনার পশ্চিমেও অনুরূপ খাল আছে।

**যশোহর** (Jessore): পূ. পাকিস্তানের জেলা; উ.—কুষ্টিয়া জেলা; পার্টিশনের পূর্বে জেলার আয়তন ছিল ২,৯০২ ব মা, ১৯৪৭-এ বনগাঁও ও গাইঘাটা থানা দুইটি (আ. ৩২০ ব মা) ২৪-পরগনা ভুক্ত হয়। এখন যশোহরের আয়তন আন্দাজ ২,৫৮২ ব মা; জন. ১৭·০৮ লক্ষ। জেলার মহকুমা: যশোহর, নড়াইল, মাগুরা ও ঝিনাইদহ।…যশোহর শহর কলিকাতা হইতে ৭৪ মা। ভাল রাস্তা আছে।

**যাদবপুর** (Jadavpur): ২৪-পরগনার টালিগঞ্জ থানার শহর। কলিকাতার বেলেঘাটা স্টেশন হইতে ৫ মা। বাস সার্বিস আছে। বঙ্গীয় জাতীয় শিক্ষা পরিষদ (National Council of Education) এইখানে কলেজ অব্ ইনজিনীয়ারিং প্রতিষ্ঠিত করেন। ১৯৫৪, ডিসেম্বর ২৪-এ ঐখানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পত্তন হয়। ইহা আবাসিক বিশ্ববিদ্যালয়। এখানে কুমুদশঙ্কর যক্ষ্মা হাসপাতাল, গ্লাস ও সিরামিকস ল্যাবরেটরী, সায়েন্স এসোসিএশন, বেঙ্গল

বালব ( Bulb ) কারখানা প্রভৃতি আছে।...যাদবপুরের নিকট উদ্‌বাস্তুদের বহু কলোনী গড়িয়া উঠিয়াছে। জন. ৩,৭৯১।

**যারবাদা জেল** (Yarvada) : পুণা নগরীর জেলের নাম। মহাত্মা গান্ধী বন্দী অবস্থায় ১৯৩২, ২০ সেপ্টেম্বর অনশন করেন।

**যুক্তরাজ্য** (United Kingdom, U. K.) : দ্র. ইংলন্ড, গ্রেট ব্রিটেন, ব্রিটিশ যুক্তরাজ্য।

**যুক্তপ্রদেশ** ( United Provinces, U. P. ) : বর্তমান উত্তর প্রদেশের ( দ্র. ) পূর্ব নাম। ১৮৩৩ পর্যন্ত উত্তর ভারতের যাবতীয় ব্রিটিশ অধিকৃত দেশ বেঙ্গল প্রেসিডেন্সির অন্তর্গত ছিল। ১৮৩৩ হইতে 'আগরা প্রদেশ' পৃথক করিয়া গঠিত হয়। ১৮৫৬ অব্দে অযোধ্যা অধিকার করিয়া ঐ দেশ চীফ্ কমিশনারের শাসনাধীনে আনা হয়। লখনৌ নগরে চীফ্ কোর্টও স্থাপিত হয়। ১৮৭৭-এ অযোধ্যার সহিত আগরা প্রদেশকে এক করিয়া North-West Provinces বা উত্তর-পশ্চিম প্রদেশ নাম দিয়া লেফ.-গবর্নরের শাসনাধীন প্রভিন্স গঠন করা হয়। ১৯০১ এ উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ( North-West Frontier Province ) নামে নূতন প্রদেশ গঠন করায় উত্তর প্রদেশের নাম দেওয়া হয় United Provinces of Agra and Oudh। ১৯৩৭ এপ্রিল হইতে নাম হইল United Provinces বা যুক্তপ্রদেশ। ১৯৩৭ হইতে ১৯৪৭ পর্যন্ত এই নাম চলে। ভারত স্বাধীন হইবার পর পুনরায় নাম পরিবর্তন করিয়া 'উত্তর প্রদেশ' (Uttara Pradesh, U. P. ) নাম দেওয়া হয়।

**যুগোস্লাভিয়া** ( Yugoslavia ; Federtiuna Narodna Republica Jugo-slavija ) : প্রথম মহাযুদ্ধের পর (১৯১৮) সার্বিয়া, মন্টিনিগ্রো, বসনিয়া-হারজোগবিনা এবং বুলগেরিয়া ও তুর্কীরাজ্যদ্বয়ের নিকট হইতে অধিকৃত অংশ লইয়া নূতন রাজ্য সৃজিত হইল ( ১৯১৮ ডিসেম্বর )। রাজ্যের আ. ৯৬,২৬৫ ব মা; জন. ১·৭০ কোটি। যুগো. রাজ্য পার্বত্য। অর্ধেক মাত্র জমি কৃষিযোগ্য। দেশে লৌহ, সীসা, স্বর্ণ, তাম্র, এন্টিমনি প্রভৃতি খনিজ পাওয়া যায়।...রাজধানী বেলগ্রেড্—দানিয়ুব ও সেভ্ নদীর সঙ্গমে অবস্থিত। জাগরেব ( Zagreb ) ও সারাজিভো ( Sarajevo ) অন্যান্য শহর।

**যেনা** ( Jena ) : প. জারমানি শহর, সালে ( Saale ) নদীতীরে। এখানকার বিশ্ববিদ্যালয় ১৫৪৮ অব্দে স্থাপিত। হুমবোলড, হেগেল, ফিক্‌টে, শিলার, হেইকেল, অয়কেন প্রভৃতি অধ্যাপক ছিলেন। এখানকার আতস কাঁচশিল্প বিখ্যাত।

**যোগীমারা** ( Yogimara ) : সুরগুজা স্টেটের ( মধ্যপ্রদেশ ) রামগড় পাহাড়ে যোগীমারা গুহার ছাদে (১০´×৬´) আদি-মানবদের অঙ্কিত ছবি আছে। খ্রী. পূ. ৩০০ অব্দে অঙ্কিত বলিয়া অনুমিত।

**যোগেশ্বর গুহা** ( Jogeswar Caves ) : বোম্বাই নগরের উপকণ্ঠ আন্ধেরি ( Andheri ) হইতে ২ মা দূরে পর্বতগাত্রে কতকগুলি প্রাচীন গুহা আছে। অনুমান ৮ শতকে নির্মিত। কৈলাস গুহা মন্দিরের পরেই হিন্দুদের দ্বারা নির্মিত এত বড় গুহা আর কোথাও নাই। গুহার দক্ষিণস্থিত বারান্দা ১২২ ফুট লম্বা ও ১০টি স্তম্ভ দ্বারা শোভিত। মধ্যের গৃহে বা গর্ভগৃহে শিবলিঙ্গ আছে।

**যোগ্যকর্তা** (Jogjakarta): ইন্দোনেশিয়া; যবদ্বীপের নগর ও যোগ্য. নামে রাজ্যের রাজধানী। বিশ্ববিদ্যালয় অবস্থিত। বরোবুদর নিকটে।...জন. ১,৩৭,০০০।

**যোশীমঠ** ( Joshi Math ) : শঙ্করাচার্য যে চারিটি বেদান্ত মঠ স্থাপন করেন, তাহাদের অন্যতম। হিমালয়ের বদরিকাশ্রম হইতে ১৬ মা নিচে অবস্থিত।

**রকসৌল** (Raxaul) : বিহার; চম্পারন জেলার সীমান্ত শহর; মোতিহারি মহ.র থানা ও শহর, আ. ১১৫ ব মা; জন. ১,১৬,৬৮২; ঘনতা ১,০১০। মোতি হইতে ২৩ মা. উত্তরে। নেপালের সহিত বাণিজ্যের শুল্ক ঘাঁটি। সেন্ট্রাল ব্যাংক।

**রকি পর্বত** (Rockey Mountains or Rockies): উত্তর আমেরিকার পশ্চিম দিকে আলাস্কা হইতে মেকসিকো পর্যন্ত প্রায় ৩০০০ মা. বিস্তারিত পর্বতমালা।

**রঙপুর** (Rangpur) : পূ. পাক; রাজসাহী বিভাগের

জেলা; আ. ৩৬০৬ ব মা; জন. ২৯·৩১ লক্ষ। এই জেলার তামাক পাতা বিখ্যাত; ভারতের সর্বত্র এই পাতার চাহিদা।...জেলার ৪টি মহকুমা: রঙপুর, গাইবাঁধা, কুড়িগ্রাম ও নীলফামারি।...রঙপুর শহর (জন. ৩৪,০৩৯)। ঢাকা হইতে ২১২ মা, কলিকাতা হইতে ২৫৭ মা। কারমাইকাল কলেজ, টেকনিকাল স্কুল।

**রজৌলী** (Rajauli): বিহার; গয়া জেলা, নবাদা মহ.র থানা; আ. ২৭০ ব মা; জন. ১,০৭,৪১৫। ঘনত্ব ৩৯৮।

**রঘুনাথগঞ্জ** (Raghunathganj): মুর্শিদাবাদ জেলা, জঙ্গীপুর মহ.র থানা। আ. ১০২ ব মা; জন. ১৩২,৬৩৩; ঘনত্ব ৩০০।...মিউনি. শহর (জন. ১৮ হা.)।

**রঘুনাথবাড়ি** (Raghunathbari): মেদিনীপুর জেলা, তমলুক মহ. পাঁশকুড়ার ৪ মা. দ.-পূর্বে গ্রাম। রামচন্দ্র বা রঘুনাথ জীউ-এর মন্দির। বিজয়া দশমীর দিন হইতে ৭ দিন মেলা হয়। মন্দির প্রাঙ্গণে কাশী-জোড়ার ক্ষত্রিয় রাজগণের প্রাচীন কামান আছে। মূল্যবান মাদুর বা মছলন্দ প্রস্তুত হয়।...উচ্চ বিদ্যালয়; ডাকঘর। জন. ৭৪৯।

**রঘুনাথপুর** (Raghunathpur): পুরুলিয়া জেলার থানা ও মিউনি. শহর। দামোদর দক্ষিণে। জন. ৯,০২৮।

**রটারডাম** (Rotherdam): নেদারলান্ডসের প্রধান বন্দর, বাণিজ্য ও বহু শিল্পের কেন্দ্র। মাস্ (Maas) নদীর উপর অবস্থিত। জন. ৬·৮৫ লক্ষ ('৫১)।

**রণথম্ভোর, রণস্তম্ভপুর** (Ranthambor): রাজস্থানের জয়পুর রাজ্য অন্তর্গত দুর্গ-নগর। আলাউদ্দীন খলজি ১৩০০-এ এই দুর্গ দখল করেন। চৌহানবংশীয় হাম্বীর দুর্গাধিপতি ছিলেন; তাঁহার নিজ সেনাপতিদের বিশ্বাসঘাতকতার জন্য দুর্গের পতন হয়।

**রণপুর** (Ranpur): ওড়িশা স্টেটস এজেন্সির করদ-রাজ্য; আ. ২০৪ ব মা; জন. ৫১,৩৬৬ ('৪১)। রাজ্যের দ-পূর্বাংশ পার্বত্য ও অরণ্যময়।...বর্তমানে ইহা পুরী জেলাভুক্ত, নয়াগড় মহকুমার থানা। আ. ২০৪ ব মা; জন. ৫৮,৯৬৮। গ্রামের সংখ্যা ২৫১।

**রতনগড়** (Ratangarh): রাজস্থান, চুরু জেলার মিউনি. শহর। জন. ২৭,৪৩১। দিল্লী ২০১ মা।

**রতনপুর** (Ratanpur): মধ্যপ্রদেশ; ছত্রিশগড়-এর প্রাচীন রাজ্যের রাজধানী; ১৮১৮ হইতে রাজধানী উঠিয়া যায় ও সেই হইতে নগর ধ্বংসোন্মুখ; কয়েক হাজার মাত্র লোক বাস করে।...প্রায় ১৫ মা. ব্যাপিয়া অসংখ্য ক্ষুদ্র মন্দির ও কতকগুলি সতীস্তম্ভ আছে। ১৭ শতকে রাজা লক্ষ্মণসাহীর ২০ জন রাণী 'সতী' হন; তাঁহাদের উদ্দেশ্যে স্তম্ভ আছে।...বিলাসপুর-কাটনী রেলপথের কারগী রোড স্টেশন (২০ মা) হইতে কয়েক মা. দূরে রতনপুর।

**রতনপুরা** (Ratanpura): সিংহলের সবরগমুয়া প্রদেশের জেলা; আ. ১২৫ ব মা। জন. ৩,৪৩,৬২০।

**রতুয়া** (Ratua): মালদহ জেলার থানা; আ ১৫৫ ব মা; জন. ১,১৫,৮৩৪; ঘনত্ব ৭৫৪।..কালিন্দী নদী প্রবাহিত। কাটিহার-সিংহবাদ লাইনের সামসী (৪১ মা) স্টেশনের পশ্চিমে।

**রত্নগিরি** (Ratnagiri): বোম্বাই রাজ্যের জেলা; জেলা লম্বায় ২৩০ মা; প্রস্থে ৩০-৪০ মা। সবন্তওয়াড়ি ও কোলহাপুরের কিয়দংশ এই জেলা ভুক্ত হওয়ায় আ. ৫০২০ ব মা। জন. ১৭,১১,৯৬৪ ('৫১)। পূর্বে আ. ছিল ৩৯৮৯ ব মা। দেশ পার্বত্য ও শিলাময়; নদী-তট উর্বর; পাহাড়ের ঢালুতে সর্বোৎকৃষ্ট আম আল-ফানসোর চাষ হয়।...শহর আরব সমুদ্রতীরে; জন. ২৭,০৮২।

**রবাট** (Rabat): ফরাসী মরোক্কোর শহর ও অতলান্তিক বন্দর। মরোক্কোর সুলতান, ফরাসী রেসিডেন্ট-জেনা-রেলের বাসস্থান। জন. ১.৬১ লক্ষ (য়ুরোপীয় ৪০ হা.)।

**রবার্টসেনপেট** (Robertsonpet): মহীশূর, কোলার জেলার শহর, জন. ৪৫,৯৮১।

**রমতি** (Ramati): ঘনরামের 'ধর্মমঙ্গলে' রামাবতী। মালদহ গৌড় নগরের নিকটবর্তী ভাগীরথীতীরস্থ স্থান। আইন-ই-আকবরে 'রমৌতি' আছে।

**রমনা** (Ramna): ঢাকা নগরের শহরতলী। এখানে বুড়াশিব ও রমনা কালী মন্দির আছে। কালী বাড়ির নিকট একটি শিখ সঙ্গত সম্বন্ধে প্রবাদ আছে যে গুরু নানক এইখানে আসেন, কেহ বলেন, নবম গুরু তেগ

বাহাদুর, কেহ বলেন গুরু হরগোবিন্দ আসিয়াছিলেন। ১৬৭৮-এ নির্মিত একটি মসজিদ ও ১৮২১-নির্মিত আর্মানী খ্রীস্টানদের গির্জা আছে। রমনার এলাকায় ঢাকা বিশ্ববিদ্যালয় অবস্থিত।

**রসুলপুর নদী** (Rasulpur river) : মেদিনীপুরের নদী ; হিজলী ইহার তীরে অবস্থিত। হিজলীর নিকট কপাল-কুণ্ডলার দরিয়ারপুর। দরিয়ারপুরে ২৬ চৈত্র বঙ্কিম-চন্দ্রের মৃত্যুদিন উপলক্ষে সাহিত্য-সভা ও মেলা হয়।

**রাইজউইক** ( Ryswick ) : নেদারলনডসের গ্রাম ; লা-হে ( The Hague ) হইতে ২ মা দূরে। এখানে সেপ ২০-এ ১৬৯৭, ইংলণ্ড, অস্ট্রিয়া, স্পেন এর সহিত ফ্রান্সের যুদ্ধের অবসানে সন্ধি হয়।

**রাইন নদী** ( Rhine ) : ইউরোপের নদী। আল্পস পর্বতে উঠিয়া কনসটান্স হ্রদের মধ্য দিয়া প্রথমে জারমানি ও সুইজারলনড ( ২৫০ মা ) পরে ফ্রান্সের ( ৪৫০ মা ) সীমা নির্দেশ করিয়া, শেষে হলনডের মধ্যে দিয়া ( ১০০ মা ) জাইডার জী (Zuider Zee) বা নর্থ সীতে পড়িয়াছে। ইহা বহুদূর নাব্য। ...রোন (Rhone) নদী ও দানিয়ুব হইতে রাইনে খাল আছে।

**রাউরকেলা** ( Rourkela ) : ওড়িশা রাজ্যের সুন্দরগড় জেলার শহর। পূর্বে গাংপুর করদ রাজ্যের শহর ছিল। কলিকাতা-নাগপুর রেলপথের জং. স্টে. ( ২৫৭ মা )। রাউর. হইতে তালচের পর্যন্ত রেলপথ নির্মিত হইতেছে। এই রেলপথ নির্মাণকার্য শেষ হইলে রাউর. হইতে কটক আসা-যাওয়া সহজ হইবে। রাউর-কেলাতে হিন্দুস্থান স্টীল কোম্পানি লৌহ-ইস্পাত কারখানার কার্য সুরু করিয়াছে ( ১৯৫৩ )। হীরাকড় জল-বিদ্যুৎ কেন্দ্র হইতে বিজলী শক্তি আসিবে।

**রাওয়ালপিণ্ডি** ( Rawalpindi ) : পাক. পঞ্জাবের তিনটি বিভাগের অন্যতম। বিভাগের জেলা—রাওয়াল-পিণ্ডি, গুজরাট, ঝিলাম, আটোক, মিয়ানওয়ালি, সাহাপুর।

**রাওয়ালপিণ্ডি** ( Rawalpindi ) : পাক. পঞ্জাবের জেলা ; হিমালয়ের একটি শাখা পর্বতমালা উত্তর দিকে বিস্তারিত ; এই পর্বতে মারী শহর। জেলায় খনিজ তৈল আছে। তক্ষশিলার প্রাচীন ধ্বংসাবশেষ ও অন্যান্য বৌদ্ধ কীর্তি বিদ্যমান। ...আ. ২,০২২ ব মা ; জন. ৮,৭২,০০০। ...ব্যাংক—হবীব, লয়েডস্, মুসলীম কমার্শিয়াল, সমবায়।

**রাকা মাইনস** ( Raka Mines ) : বিহার, সিংহভূম জেলার শহর। তাম্রখনি আবিষ্কৃত হইলে শিল্প-নগর গড়িয়া উঠে ; এখন পরিত্যক্ত।

**রাক্ষসতাল** ( Rakas Tal ; Rakshas Tal ) : তিব্বতী লন্‌দক-ৎসো। মানসসরোবরের দক্ষিণে অবস্থিত তিব্বতের হ্রদ আ. ১৪০ ব মা ; ১৮ মা দীর্ঘ ও ৩-১৩ মা প্রস্থ। ১৪,৯০০ ফুট উচ্চ মালভূমে অবস্থিত। মানস-সরোবরের সহিত নদীর ( ৬ মা ) দ্বারা যুক্ত। এই হ্রদ হইতে শতদ্রু নদ বাহির হইয়াছে।

**রাঙামাটি** ( Rangamati ) : পূ. পাকিস্তান, চট্টগ্রাম পার্বত্য জেলার কর্ণফুলি তীরস্থ প্রধান শহর ; চট্টগ্রাম হইতে ৬৫ মা। শহরে চাকমা জাতির রাজার প্রাসাদ আছে। এখানে কাগজের কল বসিয়াছে।

**রাঙামাটি** ( Rangamati ) : মুর্শিদাবাদ জেলার গ্রাম চিরতী ; ইহা প্রাচীন কর্ণসুবর্ণ, রাজা শশাঙ্কের রাজধানী ; ভাগীরথীর পশ্চিমতীরে অবস্থিত। দ্রঃ কর্ণসুবর্ণ )।

**রাঁচি** ( Ranchi ) : বিহার, ছোটনাগপুর বিভাগের জেলা, ওড়িশার সুন্দরগড় জেলার সংলগ্ন ; দেশ পার্বত্য, শুষ্ক। আ ৭১০২ ব মা। জন ১৮,৬১ লক্ষ। ঘনতা ২৬৯। অধিবাসীরা অধিকাংশ মুন্ডারী জাতীয় ; গ্রামের সংখ্যা ৩৯৩০ ; শহর ৩। হিন্দু ১০·১৬ লক্ষ ; খ্রীষ্টান ৩,৩৬,৬০০। মুসলমান ৯৯ হাজার। জেলায় ৪ মহকুমা ; রাঁচি, খুনটি, গুমলা ও সিম্‌ডেগা। —রাঁচি শহর ; পার্বত্য মালভূমের উপর অবস্থিত, উচ্চতা দুই হাজার ফুটের উপর। হুড্রু জলপ্রপাত দর্শনীয়। এখান হইতে বিহারের নানা শহরের সহিত মোটর-সার্বিস আছে। ...বিহারের রাজ্যপালের গ্রীষ্মাবাস। ...পূর্বে ঈস্টার্ন কমানড্ সামরিক বিভাগের কেন্দ্র ছিল।... ভারতীয় লাক্ষা গবেষণা কেন্দ্র নামক বিশিষ্ট প্রতিষ্ঠান শহরের উপকণ্ঠে অবস্থিত।...পূর্ব ভারতে বিখ্যাত উন্মাদাশ্রম বা মেন্টাল হসপিটাল কয়েক মা. দূরে কাঁকে গ্রামে প্রতিষ্ঠিত।

রামকৃষ্ণ মিশনের যক্ষ্মাহাসপাতাল শহর হইতে ১০ মা দূরে স্থাপিত। ...রাঁচি ক্যাথলিক খ্রীষ্টান মিশনারীদের স্কুল, কলেজ, হাসপাতাল, শিল্প ও শিক্ষা নিকেতন প্রভৃতি বহু প্রতিষ্ঠান আছে; জন. ১,০৬,৮৪৯। ডিগ্রীকলেজ; এম. এ, বি. এস্-সি।

**রাজ আঠগড়** ( Raj Athgarh ): পূর্বতন করদ রাজ্য আঠগড়ের রাজধানী। কটক-তালচের রেলপথের স্টেশন ( ১৯ মা )। কলিকাতা ২৭৩ মা।

**রাজকোট** (Rajkot): পূর্বতন কাঠিয়াবাড়ের (Western India States Agency) করদ রাজ্য; আ. ২৮২ ব মা; জন. ১,০২,৯৫১ ('৪১)। রাজ্যের বার্ষিক আয় ছিল প্রায় ১৫ লক্ষ টাকা; দেয় কর ছিল ১৮,৯৯১ টাকা। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ২,৮৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়।...সৌরাষ্ট্র ইউনিয়ন ( বর্তমানে বোম্বাই রাজ্যভুক্ত ) অন্তর্গত মধ্য-সৌরাষ্ট্র জেলার তালুক; আ ৩৪৪ ব মা; জন. ১,৮১,৬১৯ ('৫১)। রাজকোট ( জন. ১,৩২,০৬৯ ) পশ্চিম ভারতীয় স্টেটস এজেন্সির সদর অপিস ছিল। পরে সৌরাষ্ট্রের রাজধানী, এই নগরে পঞ্জাব হইতে আগত বহু সহস্র উদ্‌বাস্তু আসিয়া বাস করিতেছে। ১৯৪১ হইতে ১৯৫১-এ জন সংখ্যা ৬৫,৭১৬ বৃদ্ধি পায়। কাঠিয়াবাড়ের রাজকুমারদের জন্য বিশেষ ভাবে নির্দিষ্ট কলেজ ( ১৮৭০ ) এখন সাধারণের জন্য উন্মুক্ত! ...মহাত্মা গান্ধীর জন্মস্থান। ...অহমদাবাদ হইতে ১১৬ মা। বিমান বন্দর। রেডিও স্টেশন ( ১৯৫৩ )।

**রাজ-খরসওয়ান** ( Raj-kharsawan ): পূর্বতন খরসওয়ান করদ রাজ্যের রাজধানীর নাম। বর্তমানে সিংভূম জেলা, বিহার রাজ্যের শহর ও কলিকাতা-নাগপুর রেলপথের স্টেশন ১৮২ মা।

**রাজগড়** ( Rajgarh ): মধ্যভারতের ভুপাল এজেন্সির অন্তর্গত করদ রাজ্য। আ. ৯২৬ ব মা। জন. ১,৪৮,৬০৯ ('৪১)। রাজ্যের আয় ১০·৮০ লক্ষ টাকা। রাজা ১১ তোপ সম্মানাধিকারী ছিলেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,৪০,০০০ টাকা ভাতা দেওয়া হয়।... মধ্যভারত ইউনিয়নের ( বর্তমান মধ্যপ্রদেশ ) উত্তর বিভাগের জেলা। শহর ঝালোয়ারের দক্ষিণে অবস্থিত।

**রাজগঞ্জ** (Rajganj): জলপাইগুড়ি জেলার থানা। আ. ২৪৬ ব মা; জন. ৫১,৭২৩; ঘনতা ২১০। জলপাইগুড়ি ও শিলিগুড়ির মধ্যে রাস্তার উপর গ্রাম।

**রাজগাঙপুর** ( Raj-Gangpur ): ওড়িশা, সুন্দরগড় জেলার থানা ও শহর। ইহা গাঙপুর ( দ্র. ) করদরাজ্যের রাজধানী ছিল।...নিকটে বহুবিধ খনি। ফায়ারক্লে কারখানা নির্মিত হইতেছে।... থানার আ. ২৮২ ব মা; জন. ৫৭,৭৫৩; ৯৭ গ্রাম থানার অন্তর্গত। ...শহর, কলিকাতা-নাগপুর রেলের স্টেশন (২৭৫ মা)।

**রাজগীর** (Rajgir): বিহার, পাটনা জেলা, বিহার মহ.র সিলাও থানার শহর। জন. ৩৮৭০। বখতিয়ারপুর-রাজগীর কুণ্ড ছোট রেলপথের শেষ স্টেশন ( ৩৩ মা )। বখতিয়ারপুর, বিহার শরীফ হইতে বাস্ সার্বিস আছে। নালন্দা ৭ মা দূরে। রাজগীরে বহু উষ্ণ প্রস্রবণ আছে।

**রাজগৃহ** ( Rajagriha ): বর্তমান রাজগীর ( দ্র. )। মহাভারত যুগের জরাসন্ধের রাজধানী গিরিব্রজ রাজগৃহের অংশ ছিল। পর্বত-বেষ্টিত গিরিব্রজে কালে বিম্বিসার তাঁহার 'রাজগৃহ' স্থাপন করেন। প্রাচীনকালের বহু স্তূপাদির ভগ্নচিহ্ন দেখা যায়। বিম্বিসার বৌদ্ধধর্ম গ্রহণ না করিলেও বুদ্ধভক্ত ছিলেন; সেই জন্য বুদ্ধদেব এখানে আসিতেন, গৃধ্রকূট পর্বতে তিনি বাস করিতেন। রাজগৃহেই বুদ্ধ প্রথম ভিক্ষায় বাহির হন; বুদ্ধের মৃত্যুর পর তাঁহার শিষ্যরা সপ্তপর্ণী গুহায় প্রথম সমবেত হন বলিয়া কিম্বদন্তী আছে।

**রাজঘাট** ( Rajghat ): কাশী বা বারাণসীর নিকটবর্তী স্থান; এখানে গোবিন্দচন্দ্রদেবের দুইখানি তাম্রশাসন পাওয়া যায়। কাশীর শিশুবিদ্যালয় এখানে প্রতিষ্ঠিত।

**রাজদিয়াঙগান** ( Rajdiangan Pass ): কাশ্মীর উপত্যকা হইতে গিলগিট ও অকসাস বা মধ্য-এসিয়ায় যাইতে হইলে রাজদিয়াঙগান গিরিপথ (১১,৮০০) অতিক্রম করিতে হয়।

**রাজনগর** ( Rajnagar ): বীরভূম জিলা, সিউরী সদর মহ.র থানা ও গ্রাম। থানার আ. ৮৫·২ ব মা। জন. ৩৩,৫২৬। ঘনতা ৩৯৩। গ্রাম সংখ্যা ৮৬।... রাজনগর মধ্যযুগে মুসলমান রাজাদের রাজধানী

ছিল। সে যুগের প্রাসাদাদির ভগ্নচিহ্ন আছে। মুসলমানদের পূর্বে 'বীররাজ'গণের বাসভূমি বলিয়া এই স্থানের নাম হয় রাজনগর। মুসলমান লেখকরা ইহাকে 'লখনোর' বলিত; গৌড়ের সহিত রাজপথের দ্বারা যুক্ত ছিল। গ্রামের জন. ৪০৯৭। তাঁতিপাড়ায় একটীমাত্র উচ্চ বিদ্যালয় (১৯২৮) আছে।

**রাজনগর** (Rajnagar): পূ. পাক. ফরিদপুর জেলার গ্রাম; এখানে রাজা রাজবল্লভের প্রাসাদ ছিল; পদ্মার জলে সে সব কীর্তি নষ্ট হইয়াছে। প্রাচীন কীর্তি নষ্ট করে বলিয়া পদ্মার অপর নাম কীর্তিনাশা।

**রাজনন্দনগাঁও** (Rajnandangaon): মধ্যপ্রদেশ, দুরগ জেলার তালুক ও শহর; কলিকাতা-নাগপুর রেলপথের স্টে. ৫৫৭ মা। জন. ২৩,৩০০। নন্দনগাঁও (দ্র.) করদরাজ্যের রাজধানী ছিল।

**রাজপালয়ম** (Rajapalaiyam): মদ্রাজরাজ্য, রামনাদ জেলার শহর। জন. ৬০,৯১৭। বিজয়নগর ধ্বংস হইলে বহু অন্ধ্র এখানে আসে; ইহাদের রাজু বলে।

**রাজপিপলা** (Rajpipla): বোম্বাই প্রদেশের গুজরাট স্টেট্‌স এজেন্সির করদ রাজ্য; আ. ১৫১৫ ব মা; জন. ২.৫০ লক্ষ ('৪১)। রাজ্যের আয় প্রায় ২৪-২৫ লক্ষ টাকা; রাজা ৯ তোপ পাইতেন ও নরেন্দ্র-মণ্ডলের সদস্য ছিলেন। ১৯৪৯-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৩,৯৭,৯৪৭ টাকা ভাতা দেওয়া হয়।...বর্তমান বোম্বাই স্টেটের বরোচ জেলার অন্তর্গত মিউনি. শহর (জন. ১৭,৪২০)। তুলার জন্য খ্যাত স্থান।

**রাজপুতানা** (Rajputana): ব্রিটিশ যুগে রা. এজেন্সি ছিল ছোট বড় ২৩ করদ রাজ্য লইয়া গঠিত। আয়তন ছিল, ১,৩৩,৮৮৬ ব মা। জন. ১.৩৭ কোটি ('৪১)। আরাবল্লী পর্বতমালা রা. কে প্রায় দ্বিখণ্ডিত করিয়াছে। পশ্চিমাংশ মরুময়। পূর্বভাগে চম্বল প্রভৃতি কয়েকটি নদী উপনদী প্রবাহিত। বৃষ্টিপাত ১০"-রও কম। সাধারণভাবে খাদ্য ফসল কম উৎপন্ন হয়।...রাজপুতানার ইতিহাস পৃথক পৃথক রাজ্যের ইতিহাস। ...রাজস্থান রাজ্য গঠিত হইবার পূর্বে রাজপুতানায় ২১ করদ রাজ্য, ১ সর্দার রাজ্য, ১ জমিদারী ছিল। শাসন সুবিধার জন্য কয়েকটি রেসিডেন্সিতে রাজপুতানা বিভক্ত ছিল। পূর্ব রাজ. এজেন্সির (Eastern Rajputana Agency) অন্তর্গত ৬ রাজ্য—ভরতপুর, বুন্দি, ধোলপুর, ঝলবার, করৌলি, কোটা। ভরতপুরে রেসিডেন্ট বাস করিতেন। (খ) জয়পুর রেসিডেন্সিতে (Jaipur Agency) ৬ রাজ্য—জয়পুর, আলোয়ার, কিষণগড়, টংক, সাহপুরা, লওয়া জমিদারী। জয়পুরে রেসিডেন্টের অপিস। (গ) মেবার রেসিডেন্সিতে (Mewar & Southern Raj. States Agency) ৫ রাজ্য—মেবার, ডুঙ্গারপুর, বাঁসোয়ারা, প্রতাপগড় ও কুশলগড় সর্দারী। উদয়পুরে রেসিডেন্টের অপিস। (ঘ) (পশ্চিম রাজ. স্টেটস্ এজেন্সিতে (Western Raj. States Agency) ৪ রাজ্য—যোধপুর, জসলমীর, পালনপুর, দাঁড়া। যোধপুর রেসিডেন্টের অপিস। বিকানীর ও সিরোহি রাজ্যদ্বয় বড়লাটের প্রত্যক্ষ এজেন্টের তদারকে ছিল।.. ভারত স্বাধীন হইবার পর এইসব রাজ্য ১৯৪৮ হইতে ১৯৫০-এর মধ্যে ভারতভুক্ত হয়। রাজাদের রাজ্য শাসন বিষয়ে এখন আর কোন অধিকার নাই, তাহাদের জন্য পেনশনের ব্যবস্থা হইয়াছে (দ্র. রাজস্থান)।

**রাজপুর** (Rajpur): ২৪-পরগনা জেলা, আলিপুর সদর মহ.র সোনারপুর থানার অন্তর্গত শহর; কলিকাতা হইতে ১১ মা। ধানের কল; চাউল, পাট প্রভৃতি ব্যবসায়ের কেন্দ্র।...জন ১৬,৩১০।

**রাজপুরা** (Rajpura): পে-প-স্থ (বর্তমান পঞ্জাব) রাজ্যের শহর। জন. ২৩,৩১০। দিল্লী ১৮১ মা।

**রাজবলহাট** (Rajbalhat): হুগলি জেলা, শ্রীরামপুর মহ., জঙ্গীপাড়া থানার গ্রাম, দামোদর নদীতীরে। জন. ৫,২২৫। এই গ্রামের অধিকাংশ লোক তাঁতি। ডিসপেন্সারি, স্কুল, পাঠশালা, ডাকঘর। রাজবল্লভী দেবীর মন্দির আছে।...কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

**রাজমহল** (Rajmahal): বিহার, সাঁওতাল পরগনা জেলার মহকুমা; আ. ৮৪৬ ব মা; জন. ৩,৪৬,৬১৫; ঘনত্ব ৪১০। শহর (জন. ৪,৮৭৬) গঙ্গাতীরে, লুপলাইনের তিলপাহাড় (১৮৮ মা) জং. হইতে শাখা

রেলপথে ৭ মা। মালদহ যাইবার পথ। ...১৫৯২ রাজা মানসিংহ ওড়িশা জয় করিয়া এইখানে আসিয়া রাজধানী স্থাপন করেন ও পূর্বনাম আগমহল পরিবর্তন করিয়া রাজমহল রাখেন। ১৬০৭ পর্যন্ত মুগল সুবাদারের রাজধানী ছিল; এই সময়ে ঢাকায় রাজধানী বদল হয়। পুনরায় ১৬৩৯-এ এখানে দপ্তর ফিরিয়া আসে; সেই হইতে মুর্শিদকুলি খাঁর সময় পর্যন্ত রাজমহল রাজধানী ছিল। পুরাতন কয়েকটি স্থাপত্য নিদর্শন আছে। শাহজাহানের পুত্র শাহ সুজার সুবেদারী কালে এখানে 'সঙ্গি দালান' নির্মিত হয়।

**রাজসাহী বিভাগ** ( Rajshahi Division ): অখণ্ড বঙ্গে এই বিভাগের অন্তর্গত জেলা ছিল রাজসাহী, দিনাজপুর, জলপাইগুড়ি, দার্জিলিং, রংপুর, বগুড়া, পাবনা, মালদহ। বর্তমানে পূর্ব পাকিস্তানের বিভাগ, অন্তর্গত জেলা ৮টি— দিনাজপুর, রংপুর, বগুড়া, পাবনা, রাজসাহী, কুষ্ঠিয়া, যশোহর ও খুলনা।

**রাজসাহী** ( Rajshahi district ): পূ. পাকিস্তানের জেলা; আ. ৩১৩৯ ব মা; জন. ২২.১৪ লক্ষ। ১৯৪৭ পার্টিশনের পূর্বে আয়তন ছিল ২৬০৯ ব মা; পার্টিশনের ফলে মালদহ জেলার প্রায় এক-তৃতীয়াংশ ভোলাহাট, নবাবগঞ্জ, নাচোল, শিবগঞ্জ, গোমস্তাপুর থানা এবং দিনাজপুর জেলার বালুরঘাট মহকুমার পাটনীটোলা, ধামইরহাট, পোরশা, ফুলবাড়ি থানা রাজসাহী ভুক্ত হইয়াছে। ...মহানন্দা, বড়াল ও আত্রাই প্রধান নদী। খাদ্য শস্য ছাড়া, পাট ও গাঁজার চাষ হয়। নওগাঁ মহকুমা গাঁজার চাষের জন্য খ্যাত। রেশম চাষ ও রেশমের বস্ত্র বয়ন এ জেলার বৈশিষ্ট্য।

**রাজসাহী** (Rajshahi): রাজশাহী বিভাগ ও জেলার প্রধান শহর, পদ্মাতীরে কলিকাতা হইতে ১৭৯ মা। ১৮ শতকের মধ্যভাগে রামপুরের রেশমের কারবারে ওলন্দাজ, ইংরেজ, ফরাসীরা অংশ গ্রহণ করে। ... রা. কলেজ, বরেন্দ্র অনুসন্ধান সমিতি, সংস্কৃত কলেজ প্রভৃতি জ্ঞানকেন্দ্র বিখ্যাত। বর্তমানে পাকিস্তান সরকার রাজসাহী কলেজকে কেন্দ্র করিয়া বিশ্ববিদ্যালয় স্থাপন করিয়াছে। জন. প্রায় ৫০ হা। অন্য নাম রামপুর বোয়ালিয়া।

**রাজস্থান** ( Rajasthan ): রাজস্থান ভারতের অন্যতম 'রাজপ্রমুখ' রাজ্য; ১৯৪৮, ৩০ মার্চ বল্লভভাই প্যাটেল কর্তৃক একক রাজ্যরূপে গঠিত হয়। সমতলাংশ মাত্র ২৩·৩ ভাগ। চম্বল ও কয়েকটি শীর্ণকায় পার্বত্য নদী ছাড়া উল্লেখযোগ্য স্রোতস্বিনী নাই। রাজস্থানের আয়তন ১৩০,২০৬ ব মা; অজমের ২৪১৬ ব মা। জনসংখ্যা ১,৫৯,৮৪,১৬৯ ( অজমের সমেত ), ঘনতা ১২১। রাজস্থান বিভাগীয় কমিশনদের শাসনে ৫ বিভাগ —অজমের, বিকানীর, যোধপুর, উদয়পুর, ও কোটা। ২৬ জেলা অজমের সমেত। ৮২ মহকুমা বা সাবডিভিশন। ২০৭ তহশীল।—রাজস্ব ২৫ কোটি টাকা।...১৯৫৬ নভেম্বরে রাজ্যপুনর্গঠন বিধি চলিত হইলে রাজস্থান আর 'রাজপ্রমুখ' রাজ্য থাকিল না, এখন সেখানে সাধারণভাবে শাসন ব্যবস্থা প্রবর্তিত হইয়াছে। রাজ্য পুনর্গঠন ব্যবস্থায় সিরোঞ্জ (Sironj) নূতন মধ্যপ্রদেশ ভুক্ত হইয়াছে। রাজস্থানের সহিত অজমের যুক্ত হইয়াছে। বোম্বাই-এর বনসকণ্ঠ জেলার আবু তালুক, মধ্যভারতের মন্দসোর জেলার সুনেল টপ্পা রাজস্থান অন্তর্গত হইয়াছে। আয়তন ছিল ১৩০,২০৬ ব মা; এখন হইয়াছে ১৩২,৩০০ ব মা।

**রাজাবাড়ি** ( Rajabari ): পূ. পাক. গোয়ালন্দ হইতে ষ্টীমারযোগে নারায়ণগঞ্জ যাইবার পথের ঘাট; এখানে বিক্রমপুরের কেদার রায়ের মাতার চিতার উপর মঠ স্থাপিত হয়। এরূপ কারুকার্য শোভিত মঠ কমই ছিল। উহা পদ্মার পাড় ভাঙিয়া অদৃশ্য হইয়াছে।

**রাজাভাত খাওয়া** ( Rajabhat Khawa,—Khoa ): জলপাইগুড়ি জেলা, আলিপুর দুয়ার মহ.র কালচিনি থানার গ্রাম। জন. ৩,৫৬৭। এই অঞ্চল বকসা বনবিভাগের অন্তর্গত স্থান; শাল, সিমুল, খয়ের প্রভৃতি আরণ্যকাষ্ঠ চালানের বড় কেন্দ্র; বনবিভাগের দপ্তর। ...মনিহারি-পাণ্ডু রেলপথের স্টে. ( ২৪৫ মা )।

**রাজামহেন্দ্রী, রাজমুংড্রী** ( Rajamundry ): অন্ধ্র. পূ. গোদাবরী জেলার তালুক ও শহর। প্রাচীনকালে ওড়িশার বেঙ্গী বংশীয় রাজাদের রাজধানী ছিল; অন্ধ্রদের বিশেষ নগররূপে পরিগণিত হইত। স্থানীয় মিউজিয়ামে দর্শনীয় বহু কিছু আছে। কলেজ

পুরাতন। গোদাবরী নদীতে জলসেচনের বহু বিস্তারিত খাল ও ব্যারাজ ব্যবস্থা আছে।...ভারত কেন্দ্রীয় সরকারের তামাক গবেষণাগার প্রতিষ্ঠিত হইয়াছে।...জন. ১,০৫,৩০০। কলিকাতা ৬৭২ মা।

**রাজারহাট** (Rajarhat): ২৪ পরগনা জেলা, বারাসাত মহ.র থানা; আ. ৪০ ব মা; জন. ৫০,৬৫৬; ঘনতা ১,২৭৯। দমদম হইতে ৬ মা।

**রাড়ুলি-কাটিপাড়া** (Raruli-Katipara): পূ. পাক, খুলনা জেলার সদর মহকুমার পাইকগাছা থানার গ্রাম। প্রফুল্লচন্দ্র রায়ের জন্মস্থান। কপোতাক্ষ নদীতীরে অবস্থিত গ্রাম। রেজি. অপিস (১৮৭৪);

**রাঢ়** (Rarh): প্রাচীন পশ্চিমবঙ্গের একাংশের নাম। পালিগ্রন্থ মহাবংশে আছে রালরউ বা রাঢ়দেশের সিংহপুরে বিজয়সিংহের পিতা সিংহবাহু রাজত্ব করিতেন। জৈন গ্রন্থে 'লাঢ়' দেশ তীর্থঙ্কর বর্ধমানের তপস্যা ক্ষেত্র বলিয়া উল্লিখিত। বঙ্গদেশের পশ্চিমাংশ অর্থাৎ বীরভূম, বর্ধমান প্রভৃতি স্থান উত্তররাঢ়; এবং দামোদর নদের দক্ষিণাংশ দক্ষিণরাঢ় নামে পরিচিত। দ. রাঢ়ের প্রাচীন নাম সুহ্মদেশ ছিল বলিয়া কেহ কেহ মনে করেন। ১১ শতকের রাজেন্দ্রচোলের তিরুমলয়-লিপিতে উত্তীর-লাঢ়ম ও তক্কণ-লাঢ়ম নামের উল্লেখ আছে।

**রাঢ়িখাল** (Rarhikhal): ঢাকা জেলার গ্রাম। ভাগ্যকূল স্টেশন ঘাট হইতে রাঢ়িখাল ২ মা. দূরে। ইহা আচার্য জগদীশচন্দ্র বসুর জন্মস্থান (১৮৫৬)।

**রতলাম** (Ratlam): পূর্বতন মধ্যভারতের মালব এজেন্সির করদরাজ্য; আ. ৬৮৭ ব মা; জন. ১,২৬,১১৭ ('৪১)। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে দেড় লক্ষ টাকা ভাতা দেওয়া হয়। ১৬৫২ অব্দে যোধপুর মহারাজা উদয়সিংহের পৌত্র রতনসিংহ এইখানে রাজ্য স্থাপন করেন। রতলাম-রাজ মালব রাজপুতদের ধর্ম ও সমাজসংক্রান্ত বিষয়ের নায়ক। মধ্যভারত ইউনিয়নের জেলা; বর্তমানে মধ্যপ্রদেশ রাজ্য অন্তর্গত। ...রতলাম শহর (জন. ৪৫ হা) বড় জংশন স্টেশন। দিল্লী ৩৬৭ মা।

**রাতুয়া** (Ratua): মালদহ জেলার থানা। আ. ১৫৪ ব মা। জন. ৫৮,৬৫১। ঘনতা ৭৫৪। গ্রাম (জন. ১৮৬৯) কালিন্দী নদীতীরে। ডাকঘর, স্কুল, চিকিৎসালয়; রেজি. অপিস প্রভৃতি।

**রাধনপুর** (Radhanpur): পূর্বতন পশ্চিম ভারত স্টেটস এজেন্সির অন্যতম রাজ্য; আ. ১১৫০ ব মা; জন. ৬৭,৬৯১ ('৪১)। শাসক মুসলমান। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে নবাবকে ১,২৯ লক্ষ টাকা ভাতা দেওয়া হয়।...বর্তমানে বোম্বাই রাজ্যের মেহসানা জেলার তালুক।...রাধনপুর শহর (জন. প্রায় ১২ হা) পালনপুর স্টে. হইতে রেলপথে ৭১ মা। নিকটে বহু জৈন মন্দির ও প্রাচীনকালের কীর্তির ধ্বংসাবশেষ দেখা যায়। সঙ্খেশ্বর জৈনতীর্থ।

**রানপুর** (Ranpur): রাজস্থান, যোধপুর বিভাগ; পালি জেলার দেসুরি তহশীল অন্তর্গত সাদ্রি (Sadri) শহরের নিকট গ্রাম; এখানে আদিনাথের চৌমুখো বিশাল জৈন মন্দির আছে; উহা অনুমান ১৪৫০ অব্দে নির্মিত।

**রানাঘাট** (Ranaghat): নদিয়া জেলার মহকুমা; আ. ৫৪০ ব মা; জন. ৪,৪২,০৫৩; ঘনতা ৮১৮। এই মহকুমার উত্তর-পূর্ব কোণে পাকিস্তান; —থানার আ. ১৭১ ব মা; জন ১,৫১,৮৫২; ঘ. ৮৮৮। এই থানার একাংশ ফুলিয়া সমাজ উন্নয়ন পরিকল্পনা ব্লকের অন্তর্গত। —শহর (জন. ২৭,২৭১)। চুর্নী নদীতীরে কলিকাতা হইতে ৪৬ মা। নিকটতম পাকিস্তান সীমান্ত ১১ মা.র মধ্যে। ২ উচ্চ বিদ্যালয়, বালিকা বিদ্যালয়; হাসপাতাল; ইণ্টার কলেজ (১৯৫০) বিজলী। গবর্মেণ্ট এই শহরে পোলট্রি বহুগুণিত করিবার কেন্দ্র (Poultory multiplication centre) স্থাপন করিয়াছেন। ...উদ্‌বাস্তুদের বহু কলোনী ও ক্যাম্প শহরের নিকটে।

**রানীখেত** (Ranikhet): উত্তরপ্রদেশ, নৈনীতাল জেলার পার্বত্য শহর। কাঠগোদাম (৮৬২ মা) হইতে পার্বত্য মোটর পথে নৈনীতাল হইয়া রানীখেত ৪১ মা। অলমোড়া ২৯ মা। উচ্চতা ৬-৭ হাজার ফুট। শহরের জন. ৮,৯৩৭। চৌবাটিয়া সৈন্য ছাউনী ২ মা দূরে।...

**রানীগঞ্জ** (Ranigunj): বর্ধমান জেলা, আসানসোল

মহ.র শহর, দামোদর নদী হইতে ৩ মা উত্তরে; কলিকাতা ১২১ মা।... ১৮৫৫ ফেব্রু কলিকাতা হইতে এই পর্যন্ত প্রথম রেলপথ নির্মিত হয়, ১৯০৬ পর্যন্ত মহকুমার কেন্দ্র ছিল। ব্যবসায় ও নানা শিল্পের কেন্দ্র। কাগজের কল, এনামেল-করা মাটির নানারূপ সামগ্রী প্রস্তুতের কারখানা প্রভৃতি বিখ্যাত। গত কয়েক বৎসরের মধ্যে রানীগঞ্জ ও আসানসোলের মধ্যে বহু শিল্প প্রতিষ্ঠান গড়িয়া উঠিয়াছে, যেমন সেন-র‍্যালে কো. র সাইকেল ফ্যাকটরী, জেকেনগরের আলুমিনিয়াম কারখানা প্রভৃতি। বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র।...শেরশাহ সড়ক উপকণ্ঠ দিয়া গিয়াছে; মিউনি. শহরের জন. ২৫,৬৫৬। রেজি. অপিস (১৮৬৪)।...নিকটে বহু কয়লাখনি।

**রানীনগর** (Raninagar): মুর্শিদাবাদ জেলা; লালবাগ মহ.র থানা। আ. ১২৩ ব মা; জন ৯১,৬৭২; ঘ. ৭৫০। এলাকায় ৭৯ গ্রাম; ৩টি উচ্চ ইং. বিদ্যালয়।

**রানীবাঁধ** (Ranibandh): বাঁকুড়া জেলার থানা। আ. ১৬৫ ব মা; জন ৫৭,৮৫০; ঘনতা ৩৫০।

**রামকেলি** (Ramkeli): মালদহ হইতে গৌড় যাইবার পথে পিয়াসবাড়ি (সরকারী রেশম কুঠি) হইতে আধ মাইলের মধ্যে রামকেলি গ্রাম। প্রবাদ শ্রীচৈতন্য জ্যৈষ্ঠ মাসের সংক্রান্তির দিন এই গ্রামে এক তমাল বৃক্ষতলে উপবেশন করেন। এই গ্রামের প্রবেশপথেই রূপ-সনাতন-সেবিত মদনমোহনের ঠাকুরবাড়ি ও কেলি-কদম্ব বৃক্ষ। একটি বেদীর মধ্যে দুইটি কদম্ব ও দুইটি তমাল গাছ। গ্রামের সহিত রূপ-সনাতন ও জীব গোস্বামীর স্মৃতি বিজড়িত; তজ্জন্য বৈষ্ণবদের পবিত্র তীর্থ। রামকেলির অপর নাম গুপ্ত বৃন্দাবন। জ্যৈষ্ঠ সংক্রান্তি মেলা হয়।

**রামগড়** (Ramgarh): বিহার; হাজারিবাগ জেলার সদর মহ.র থানা। আ. ৩৬৩ ব মা.; জন. ১,১২,১০২; ঘনতা ৪৮২। শহর, (জন. ১৪ ৭৭৫) কলিকাতা হইতে ২৫৬ মা। নিকটে কয়লাখনি অঞ্চল।

**রামগড়** (Ramgarh): মধ্যপ্রদেশ রাজ্যে সুরগুজা জেলা (পূর্বে করদরাজ্য)-র এক পর্বতে বহু গুহামধ্যে প্রাচীন যুগের কীর্তি আবিষ্কৃত হইয়াছে। গুহা প্রাচীরে চিত্র অঙ্কিত আছে।

**রামগড়** (Ramgarh): উত্তরপ্রদেশ; আলমোড়া হইতে ২০ মা দূরে শৈলনিবাস। রবীন্দ্রনাথ এইখানে বাস কালে (১৯১৪) বলাকার কয়েকটি কবিতা লেখেন।

**রামগতি** (Ramgati): পূ. পাক.; নোয়াখালি জেলা; সদর মহ.র অন্তর্গত দ্বীপ, মেঘনার মুখে। আ. ১২২ ব মা।

**রামগিরি** (Ramgiri): বুন্দেলখণ্ডের পর্বত; কালিদাসের 'মেঘদূত' কাব্যে বর্ণিত। রামায়ণের চিত্রকূট পর্বত বলিয়াও অনুমিত।

**রামটেক** (Ramtek): মধ্যপ্রদেশ (বর্তমান বোম্বাই রাজ্য); নাগপুর জেলার মহকুমা ও শহর। ম্যাংগানিস খনিজের কেন্দ্র। নাগপুর হইতে রেলপথে ২৬ মা। প্রাচীন মন্দির ও বহু বৃহৎ জলাশয়ের কয়েকটি তীর্থস্থান আছে; এখানে কার্তিক সংক্রান্তিতে পক্ষকালব্যাপী মেলা ও উৎসবে বহু সহস্র লোক সমাগম হয়। শহরের জন. ৯,৮৬১।

**রামদুর্গ** (Ramdurg): ডেকান স্টেটস এজেন্সির করদরাজ্য। আ. ১৬৬ ব মা; জন. ৪০,১১৪ ('৪১)। রাজ্যের আয় ছিল প্রায় ৩ লক্ষ টাকা; ব্রিটিশ সরকারকে কর দিতে হইত না। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজা ৩২,৪৮৬ টাকা ভাতা পান।... রাজ্য বিজাপুর, ধারবার, বেলগাঁও জেলাত্রয়ের মধ্যে ভাগ হইয়া গিয়াছে।...রামদুর্গ শহর (জন. ১৩,২২৭) মারাঠাদের ১৭ শতকের একটি দুর্গ আছে।

**রামনগর** (Ramnagar): কাশী রাজ্যের রাজধানী। বারানসীর অপর পারে গঙ্গাতীরে অবস্থিত। জন. ১৪,০২২। রাজার প্রাসাদাদি দর্শনীয়।... (দ্র. কাশীরাজ্য)।

**রামনগর** (Ramnagar): মেদিনীপুর জেলা; কাঁথি মহ.র থানা। আ ১১৭ ব মা; জন. ১,০৩,৬০২; ঘনতা ৮৮৬। সমুদ্র তীরবর্তী, ওড়িশা সীমান্তে অবস্থিত দীঘা এই থানার মধ্যে। গ্রামের নাম মৌজা নরিহা; জন. ৫৩১। কাঁথি রোড স্টেশন হইতে ৫১ মা। ডাকঘর, স্কুল, রেজি. অপিস।

**রামনাদ, রামনাথপুরম্** ( Ramnad, Ramanathpuram ) : মদ্রাজ রাজ্যের জেলা ; পশ্চিমে কেরল রাজ্য। আ. ৪৮৩৮ ব মা ; জন. ২০'৮০ লক্ষ। রামনাদের জমিদার জেলার অর্ধেকের মালিক ছিলেন। জমিদারীর আ. ২,১১২ ব মা ; জন. প্রায় ৫ লক্ষ। জমিদারের রাজা উপাধি ছিল। রাজস্ব ৭'৫০ লক্ষ টাকা। কর দিতে হইত ৩'১৪ লক্ষ টা.। ...এইসব স্থান ১৭৭২-এ ইংরেজের অধীনে আসে। —রামনাদ শহর ( জন. ২৩,৯১১ ) মদ্রাজ হইতে ৩৪০ মা।

**রামপদসাগর** ( Rampadasagar Project ) : মদ্রাজে গোদাবরী নদীর ব-দ্বীপ-অঞ্চলে রামপদসাগর বাঁধ নির্মাণের যে-পরিকল্পনা গ্রহণ করা হইযাছে, তাহাতে ৬ লক্ষ একর জমিতে জল সেচন করা চলিবে এবং ৭৫ হাজার কিলোওয়াট জলবিদ্যুৎ উৎপন্ন হইবে।

**রামপাল** ( Rampal ) : পূ. পাক.; ঢাকা জেলা, মুন্সীগঞ্জ শহর হইতে ৩ মা পশ্চিমে ঢাকা হইতে ২০ মা দ.-পূর্বে বিক্রমপুরের প্রাচীন রাজধানী। পালবংশীয় রাজা রামপালদেবের নামানুসারে নগরীর নাম। রামপালের ( দ্র. বিক্রমপুর ) দীঘি ও এখানকার কলা বিখ্যাত।

**রামপুর** ( Rampur ) : উত্তর প্রদেশের করদরাজ্য। ১৮ শতকে আলি মহম্মদ খান নামে এক রোহিলা-আফগান সাহাসিক উত্তর ভারতের যে অংশে রাজ্যস্থাপন করেন, তাহা বর্তমানে উত্তর প্রদেশ রাজ্যের রোহিলখণ্ড বিভাগ। রাজ্যের রাজস্ব ছিল ১০ লক্ষ টাকা। ..নবাব ১৫ তোপের সম্মান পাইতেন। ১৯৪৯ জুলাই ইহা ভারত ভুক্ত হয় ; নবাব বার্ষিক ৭ লক্ষ টাকা ভাতা পান।

**রামপুর** ( Rampur ) : পূর্বতন যুক্ত প্রদেশের করদরাজ্য। বর্তমানে উত্তর প্রদেশের রোহিলখণ্ড বিভাগের জেলা। উ.-হিমালয়ের তরাই বন ; দ.—বরেলি জেলা। আ. ৮৯৪ ব মা। জন. ৪'৭৭ লক্ষ। নবাবের রাজধানী রামপুরে বিখ্যাত গ্রন্থাগারে বহু সহস্র আরবী-পারসি পুঁথি আছে। :৬-১৮ শতকের চিত্র-সংগ্রহ বিখ্যাত। একখানি তুর্কী কবিতার পুথিতে বাবর ও শাহজহানের স্বাক্ষর আছে। ...শহরের জন. ১,৩৪,২২৭।

**রামপুর-বোয়ালিয়া** ( Rampur-Boalia ) : রাজসাহী শহর রামপুর ও বোয়ালিয়া নামে দুইটি পল্লী লইয়া গঠিত। ১৮ শতকে রামপুরে রেশমের কারবার বিখ্যাত ছিল ; ওলন্দাজ, ফরাসী, ইংরেজদের কুঠি ছিল ( দ্র. রাজসাহী )।

**রামপুরহাট** ( Rampurhat ) : বীরভূম জেলার মহকুমা ; ১৮৭৯-এর পূর্বে মুর্শিদাবাদের মধ্যে ছিল। বর্তমান আ. ৬০৬ ব মা ; জন. ৪,২৮,৭৩০ ; ঘ. ৭০৭। ...থানার আ. ১৮২ ব মা ; জন. ১,৩১,৩০৯ ; ঘ. ৭২০। ...মিউনি. শহর ( জন. ১৫,১৪৪ ) ; এখানকার রেলওয়ে কলোনী খুব বড় ও পুরাতন।...তসর ও কার্পাস বস্ত্র বয়ন কেন্দ্র। চাউলের বাজার ও কল। রেজি. অপিস ( ১৮৭৭ ) ; স্কুল ( ১৮৮৬ ) ; বালিকা বিদ্যালয় ( ১৯৪৮ ) ; ইণ্টার কলেজ ( ১৯৫০ ) ; মিউনি. ( ১৯৫২ )। শহরের ৩ মা দূরে দ্বারকানদী তীরে তারাপুর বা তারাপীঠ।

**রামাবতী, রমতি** ( Ramavati ) : ঘনরামের ধর্মমঙ্গলে রামাবতী নগরের উল্লেখ আছে। মালদহ জেলার গৌড় নগরের সন্নিহিত স্থান ; আইনী-অকবর গ্রন্থে রমৌতি মহল এর উল্লেখ আছে।

**রামু** (Ramu) : পূ. পাক ; চট্টগ্রাম জেলা, কক্সবাজার মহর থানা। আ. ৭৭ ব মা। গ্রাম, ডাকঘর। কক্সবাজার হইতে নদীপথে রামু যাইতে হয়। এখানে কয়েকটি অতি সুন্দর বৌদ্ধবিহার বা ক্যাং আছে। এই স্থানে বর্মা যুদ্ধ হয়।

**রামেশ্বরম্** (Ramesvara) : মদ্রাজরাজ্য ; মদুরা জেলার মধ্যস্থিত রামনাদ জমিদারীর অন্তর্গত পক প্রণালীর একটি দ্বীপ। এখানকার গোপুরম শোভিত শিবমন্দির দ্রাবিড় স্থাপত্যের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। মন্দিরের বারান্দা ৭০০ ফুট দীর্ঘ। এই তীর্থে বহু শত হিন্দু যাত্রী আসে। রামায়ণোক্ত সেতুবন্ধ এখানেই ছিল বলিয়া লোকবিশ্বাস। মদ্রাজ (এগমোর) স্টেশন হইতে ধনুষ্কোটির পথে পেমবন জং.-এ নামিয়া রামেশ্বরম্ যাইতে হয় ( ৪০৬ মা )। কলিকাতা ১,৩০৫ মা।

**রায়গঞ্জ** (Raiganj) : প. দিনাজপুর জেলার মহকুমা ; এই মহ. ১৯৪৭-এ গঠিত। আ. ৮০০ ব মা ; জন. ৩,৯২, ৪৬৯ ; ঘনতা ৪৯১। —থানার আ. ১৮৬ ব মা ; জন

১,০১,৮৭০ ; ঘনতা ৫৪৭।—শহর (জন. ১৫, ৪৭৩) কুলিক নদীতীরে, পাট ও অন্যান্য ফসলের বাজার। পূর্বে রায়গঞ্জ চৌকী ছিল, ১৯৪৬ হইতে মহকুমার সদর। ...কাটিহার ৩৮ মা ; পাক. সীমান্ত ২০ মা।

**রায়গড়** ( Raigarh ) : শিবাজীর দুর্গ ও রাজধানী। বোম্বাই রাজ্য, থানা জেলার শহর ; পুণা হইতে ৩২ মা দ.-পূর্বে। স্থানটি পার্বত্য।

**রায়গড়** ( Raigarh ) : মধ্যপ্রদেশের অন্তর্গত পূর্বতন ছত্রিশগড় স্টেটস এজেন্সির করদরাজ্য ; দক্ষিণে মহানদী ও সম্বলপুর। আ. ছিল প্রায় ১,৪৪৪ ব মা ; জন. ৩,১২,৬৪৩ ( '৪১ )। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১,৭২,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে রায়গড় মধ্যপ্রদেশের জেলা ; কতকগুলি করদরাজ্য লইয়া গঠিত। আ. ৫,১২১ ব মা ; জন. ৮,৪৯,৮৮৮। শহর ( জন. ২৯,৬৮৪ ) কলিকাতা হইতে ৩৬৪ মা। জেলায় গভীর জঙ্গল ; ধরমজয়গড় ও শক্তিতে কয়লার খাদ আছে।

**রায়গড়** ( Rayaghada ) : ওড়িশা, কোরাপুট জেলার মহকুমা। আ. ২,২০৩ ব মা ; জন. ২,৮৮,১৩৬। ১০ থানা। —থানার আ. ৩৫০ ব মা ; জন. ৭৭,৪৮১। গ্রাম ৪১০।—শহরের জন. ৯,৩৮৬। ওয়ালটেয়ার ১১৫ মা।

**রায়চুর** (Raichur) : হায়দরাবাদ রাজ্যের জেলা ছিল। উ.—কৃষ্ণা ও দ.—তুঙ্গভদ্রা নদী। জমি উর্বর। আ. ৬,৬৩০ ব মা ; জন. ১১·৫১ লক্ষ। জেলায় শহর ১৬, গ্রাম ১,৭৪৮। ১৯৫৬ নভেম্বর হইতে জেলা মহীশূর রাজ্যভুক্ত। —শহরের জন. ৫৩,৮৫৮। বিশিষ্ট রেল কেন্দ্র।

**রায়ডাক** ( Raidhak river ) : উত্তর বঙ্গের নদী ; ভুটানের উ.-প. হিমালয়ে উৎপত্তি ; প. বঙ্গে প্রবেশমাত্র দ্বিধা বিভক্ত হইয়াছে ; প. শাখা তুফানগঞ্জ হইয়া তোরসা নদীর সহিত মিলিয়াছে ও পূ. শাখা সংকোশের সহিত মিলিয়া ব্রহ্মপুত্রে পড়িয়াছে। মোট দৈর্ঘ্য প্রায় ১৫০ মা। প্রায়ই প্লাবন হয়।

**রায়দুর্গ** ( Rayadurg ) : অন্ধ্ররাজ্য ; অনন্তপুর জেলার শহর। জন. ১৯,৬৯৫। ...নিকটবর্তী শৈলদুর্গে জৈন ভাস্কর্য আছে। বেলারী হইতে ৩০ মা।

**রায়না** (Raina) : বর্ধমান জেলার থানা। আ. ১৮৭ ব মা ; জন. ১,১১,১৬৯ ; ঘ. ৫৯৪। দামোদর নদের দক্ষিণে। রায়না গ্রাম বর্ধমান হইতে ১৬ মা। ডাকঘর, টেলিগ্রাফ, রেজি. অপিস ( ১৮৭৫ )।...এই অঞ্চল ১৯ শতকের গোড়ার দিকে ঠগীদের আড্ডা ছিল

**রায়পুর** (Raipur) : মধ্যপ্রদেশ ; ছত্রিশগড় বিভাগের জেলা, মহানদী অববাহিকায় অবস্থিত ; পার্বত্য পূর্বাংশ গভীর অরণ্যময়, শাল, বাঁশ, হরিতকী, খয়ের গাছের জঙ্গল। উপত্যকা উর্বর। ...আ. ৯,৭১৭ ব মা ; জন. ১৬·৪০ লক্ষ। উপজাতি শতকরা ১৮। ...শহর ( জন. ৮৯,৮০৪ ) কলিকাতা হইতে ৫১৫ মা। পূর্বতন ছত্রিশগড় স্টেটস এজেন্সির সদর অফিস ছিল। এখানকার রাজকুমার কলেজ এখন সাধারণ কলেজ হইয়াছে।

**রায়পুর বা রাইপুর** (Raipur) : বাঁকুড়া জেলার থানা। আ. ২২৭ ব মা ; জন. ১,১০,০২৮ ; ঘ. ৪৮৪। গ্রাম কাঁসাই নদীর দ. তীরে। গ্রামে থানা, সাব্-রেজি. অপিস ( ১৮৮৪ ), দাতব্য চিকিৎসালয় প্রভৃতি আছে। এখানে চৌহান রাজপুত বংশীয় জমিদার ছিল ; ইহারা শিখররাজা নামে পরিচিত।...শিখরগড় নামে প্রাচীন রাজধানীর ধ্বংসাবশেষ দেখা যায়। বাঁকুড়া ৪৫ মা।

**রায়পুর বা রাইপুর** (Raipur) : বীরভূম জেলা ; সিউরী সদর মহকুমার বোলপুর থানার অন্তর্গত অজয় নদের তীরস্থ গ্রাম। বোলপুর হইতে ৪ ক্রোশ, ভাল সড়ক আছে। জন. ১,১০৫। ...লর্ড সত্যেন্দ্রপ্রসন্ন সিংহের জন্মভূমি। ১৯ শতকের মধ্যভাগে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর রায়পুরে আসা-যাওয়া কালে বোলপুরের নিকট ডাঙ্গা দেখিয়া মুগ্ধ হন ও পরে সেখানে শান্তিনিকেতন স্থাপন করেন। রায়পুরের সহিত শান্তিনিকেতনের ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল।

**রায়পুর** ( Raipur ) : পূ. পাক. ; নোয়াখালি জেলা ; সদর মহ. র থানা। আ ৫৫ ব মা। গ্রাম, ডাকঘর।

**রায়পুরা** (Raipura) : পূ. পাক. ; ঢাকা জেলা, নারায়ণগঞ্জ মহ. র থানা। আ. ১২০ ব মা। বাজার ও ডাকঘর।

**রায়লসীমা** (Raiyalsima) : অন্ধ্ররাজ্যের দ.-পশ্চিম অংশের অপেক্ষাকৃত শুষ্ক ও অনগ্রসর ভূখণ্ড ; অনন্তপুর, কুড্‌ডাপ্পা ও কুরনুল জেলাত্রয়ের সাধারণ নাম।

**রায়বরেলী** ( Rae Bareli ) : উত্তরপ্রদেশ ; লখনৌ বিভাগের জেলা। উত্তর ভারতের মধ্যে সেরা উর্বরা ভূখণ্ড। আ. ১,৭৪৯ ব মা ; জন. ১১·৫৬ লক্ষ। ৪ মহকুমা ( তহশীল )।...শহর (জন. ২৪,৯৫৮) সাই নদী তীরে ; কলিকাতা হইতে ৫৬৮ মা।

**রাষ্ট্রকূট রাজ্য** (Rashtrakuta) : অউরঙ্গাবাদ, নাসিক ও খান্দেশ জেলায় বিস্তৃত প্রাচীন রাজ্য। ৬৩১ অব্দে উ. বেরারে রাষ্ট্রকূটদের অভ্যুদয়। দন্তিদুর্গ নামে রাষ্ট্রকূট বংশীয় একব্যক্তি চালুক্যদের ধ্বংস করিয়া প্রবল হন ( ৭৫৩ অব্দ )। পরবর্তী রাজা কৃষ্ণের সময়ে রাজ্য বহুদূর বিস্তৃত হয়। ইলোরার কৈলাস মন্দির তাঁহার সময়ে খোদিত। এই বংশের ধ্রুবধারাবর্ষ ( ৭৮৩ ) পল্লবরাজ ২য় নন্দীবর্মন ও গুর্জর বৎসরাজকে পরাজিত করিয়া রাজ্য বিস্তার করেন। ইহার পৌত্র অমোঘবর্ষ রাজধানী বাতাপি হইতে মান্যখেট ( মালখেড )-এ পরিবর্তন করেন। ইনি জৈনধর্মাবলম্বী ছিলেন। ... রাষ্ট্রকূট সাম্রাজ্য ২০০ বৎসরের ( ৭৫৩—৯৭৩ ) অধিককাল ছিল ; শেষ রাজা কক্ক প্রাচীন বাতাপির চালুক্য-বংশের করদরাজা ২য় তৈলা কর্তৃক সিংহাসনচ্যুত হন।

**রিইউনিয়ন** (Reunion) : ফ্রান্সের অধিকৃত দ্বীপ ; পূর্ব নাম বুরবন (Bourbon)। ভারত মহাসাগরের মাদাগাস্কার দ্বীপ হইতে ৪২০ মা পূর্বে অবস্থিত। জন. ২·৬২ লক্ষ ( '৫০ )। রাজধানী সেণ্ট ডেনিস (Denis) জন. প্রায় ২ লক্ষ। ১৯৪৬ হইতে ফরাসী ইউনিয়নের একটি জেলা। পৃথক স্ট্যাম্প ১৮৫২।

**রিউকিউ** ( Ryukyu Archipelago ) : জাপান ও ফরমোসা ( তাইওয়ান ) দ্বীপের মধ্যস্থিত দ্বীপপুঞ্জ ; চীনা নাম লু-চু। ১৮৭৪ হইতে জাপানীদের দখলে। আ. ৯৩৫ ব মা ; জন. প্রায় ৫ লক্ষ। এই দ্বীপপুঞ্জের অন্তর্গত ওকিনাবা ( Okinawa ) ১৯৪৫ হইতে মার্কিনদের সমর ঘাঁটি।

**রিও ডি জানেরো** (Rio de Janeiro) : দ. আমেরিকা ; ব্রাজিল যুক্তরাষ্ট্রের রাজধানী ; অতলান্তিক মহাসাগর তীরের বন্দর, পৃথিবীর সেরা পোতাশ্রয়ের অন্যতম। জন. ২৩,৩৫,৯৩১ ( '৫০ )। জনসংখ্যায় পৃথিবীর ১৪শ নগরী। বহু শিল্পের কেন্দ্র। কফী, চিনি, চামড়া, তামাক, নানা খনিজ ও কাষ্ঠ প্রভৃতি রপ্তানি হয়। ব্রাজিল বিশ্ববিদ্যালয়, কৃষি বি. বি. ক্যাথলিক বি. বি. ছাড়া পোর্তুগীজ সংস্কৃতির বহু শিক্ষা প্রতিষ্ঠান আছে। ফেডারেল ডিস্ট্রিক্ট। আ. ৫৪২ ব মা।

**রিও মুনি** ( Rio Muni ) : স্পেনীশ গিনী। আ. ১০,০৪০ ব মা ; জন. ১·৩৯ লক্ষ। আফ্রিকার পশ্চিম দিকে নিরক্ষ দেশে সমুদ্র তীরে স্পেনীশ কলোনী, তিনদিকে ফরাসীদের নিরক্ষীয় আফ্রিকা। অধিবাসীরা বান্টু। বন্দর বাটা ( Bata )।

**রিগা** ( Riga ) : সোবিয়েত লাটবিয়ার রাজধানী ও বন্দর। দুইনা নদীর তীরে সমুদ্র হইতে ৭ মা ভিতরে অবস্থিত। ১৭১০-এ রুশিয়ার অধীন হয়। ১৯১৯-এ লাটবিয়া রিপাবলিকের রাজধানী হয়। ...জন. ৩·৮৫ লক্ষ ( '৩৫ )।

**রিচমণ্ড** ( Richmond ) : মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া স্টেটের রাজধানী ও অতলান্তিকের বন্দর। তামাক শিল্পের কেন্দ্র। এখানে লিন্‌কলন, ওয়াশিংটনের স্মৃতিস্তম্ভ আছে। জন. ২·৩০ লক্ষ ( '৫০ )।

**রিফ** ( Rif, Riff ) : আফ্রিকার উ.-পশ্চিমে মরোক্কোর পার্বত্য অঞ্চল ; জিবরালটার প্রণালীর দক্ষিণে।

**রিভিয়ারা** ( Riviera ) : ভূমধ্য সাগরতীরে ফ্রান্স ও ইতালির সঙ্কীর্ণ উপকূলের সাধারণ নাম ( ১৪০ মা )। এখানকার স্বাস্থ্য ও প্রাকৃতিক দৃশ্য খুবই ভাল বলিয়া কয়েকটি শহরে বহু লোক সমাগম হয়। কান্ ( Cannes ), নীস্ ( Nice ), মণ্টিকার্লো, রাপাল্লো ( ইতালি ) শহর এই রিভিয়ারাতে অবস্থিত।

**রিয়াং** ( Riyang river ) : শিলিগুড়ি-কালিম্পং পথে রিয়াং নদী প্রবাহিত। এই নদীর নিকট মংপু।

**রিয়াদ** ( Riyadh ) : সউদি আরাবিয়ার অন্তর্গত নেজ্‌দ-এর শহর ; পারস্য সাগর হইতে মক্কা যাইবার পথের উপর অবস্থিত। মক্কা ও রিয়াদ দুইটি স্থানকে রাজধানী বলা হয়। বিমান-বন্দর। মক্কা হইতে ৪৮০ মা উ.-পূর্বে ; মোটর পথ আছে। জন. প্রায় ১ লক্ষ।

**রিসড়া** ( Rishra ) : হুগলি জেলা ; শ্রীরামপুর মহ. ও থানার মিউনি. শহর। জন. ২৭,৪৬৫। (নারী হাজার-

করা ৫৬৭)। গঙ্গাতীরের গণ্ডগ্রাম, কলিকাতা হইতে ১১ মা উত্তরে; এখানে ওয়ারেন হেস্‌টিংসের বাগানবাড়ি ছিল। এখন সেখানে হেস্‌টিংস চটকল। বঙ্গেশ্বরী কটন মিলস ও আরও কল কারখানা আছে। ১৮৫৫-এ প্রথম চটকল এখানে স্থাপিত হয়।

**রিমস** (Rheims), **রাঁস** (Reims): ফ্রান্সের প্রাচীন শহর; প্যারিস হইতে প্রায় ১০০ মা। এখানকার খ্রীষ্টীয় চার্চ 'নোত্র ডাম' (Notre Dame)-এর নির্মাণ কার্য সুরু হয় ১২১২ খ্রীষ্টাব্দে। গথিক স্থাপত্য শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন। ফরাসী রাজারা ১৮২৫ পর্যন্ত (৪র্থ হেনরী ও ১৮শ লুই ব্যতীত) সকলেই এখানে অভিষিক্ত হন। জন ১'১লক্ষ ('৫৬)।

**রিহান্দ নদী** (Rihand river): মধ্যপ্রদেশে অমরকণ্টক পাহাড়ে উঠিয়া গ্রানাইট শিলাস্তর অতিক্রম করিয়া এই নদী মির্জাপুর জেলায় (উত্তরপ্রদেশ) আসিয়া শোণ নদে পড়িয়াছে। ৩'৫০ কোটি টাকা ব্যয় করিয়া রিহান্দ-বাঁধ নির্মাণের পরিকল্পনা (১৯৫৪) হইয়াছে।

**রুআন্ডা** (Ruanda: Territoire du Ruanda-Urundi): আফ্রিকার বেলজিয়ান কঙ্গোর অন্তর্গত টেরিটরি। ১ম মহাযুদ্ধে জারমানদের পরাভবের পর ম্যানডেটরি দেশরূপে ছিল। ২য় মহাযুদ্ধের পর UNO বেলজিয়ানরদেরই 'ট্রাস্টি' করিয়াছে। —আ. ২০,৯০০ ব মা। জন. আফ্রিকান ৪০'০৫ লক্ষ ('৫২)। ...রাজধানী উসুমবুরা (Usumbura)।

**রুড়কী** (Roorkee): উত্তর প্রদেশ; সহারনপুর জেলার মহকুমা ও সদর শহর। এখানকার টমসন (Thomason) ইন্‌জিনীয়ারিং কলেজকে কেন্দ্র করিয়া ইন্. বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে (১৯৪৯, নভে. ২৫)। ভারত সরকারের অন্যতম ন্যাশনাল ল্যাবরেটরী—Central Building Research Institute এখানে ১৯৫৩ এপ্রিল ১৩ স্থাপিত হয়।...শহর (জন. ২৩,২৩৯) কলিকাতা হইতে ৯০৯ মা।

**রুদ্রপ্রয়াগ** (Rudraprayag): হিমালয়ের বদরিকাশ্রমে যাইবার পথে পড়ে। গড়বাল জেলার শ্রীনগর বিশ্বকেদার হইতে ২৩ মা চড়াই মন্দাকিনী ও অলকনন্দার সঙ্গমস্থলকে রুদ্রপ্রযাগ বলে। এখান হইতে একটি পথ কর্ণপ্রয়াগ হইয়া বদরিকায় ও অন্যপথ গুপ্তকাশী হইয়া কেদারনাথ তীর্থে গিয়াছে।

**রুমানিয়া** (Rumania: Republica Populara Romana): দ.-প. ইউরোপের রিপাবলিক। ১৯৪৫-এ আ. ৯১,৬০০ ব মা, জন. ১'৭০ কোটি ('৫৩)। ১৪৫৬-এ এই দেশ তুর্কীদের দ্বারা অধিকৃত হয়। ১৮৭৮ বার্লিন সন্ধিকালে সর্ববাদিসম্মতি ক্রমে ইহা স্বাধীন রাজ্য বলিয়া স্বীকৃত হইয়াছিল।... ১৯৪৭-এর শেষে রাজা মাইকেল সিংহাসন ত্যাগ করিলে লোকে জনরাজতন্ত্র ঘোষণা করে। বৃহত্তর রুমানিয়ার অনেকখানি অংশ রুশ, বুলগেরিয়া, হাঙ্গেরির ভাগে পড়িল। রুমানিয়ার পেট্রোল. খনি বিখ্যাত; খনির নিকটে প্লোএস্টি (Ploesti) শহরে তৈল সাফাই হয়। এই তৈল পাইপ-লাইন করিয়া দানিয়ুব নদীর বন্দর ও কৃষ্ণসাগরের বন্দর কন্সটান্টায় যায়। পৃথিবীর দুই শতাংশ তৈল রুমানিয়ায় পাওয়া যায়। প্রাকৃতিক গ্যাসও আছে।...নদীর সমতলে প্রচুর খাদ্যশস্য উৎপন্ন হয়। মহাযুদ্ধের পর শিল্পেরও উন্নতি হইতেছে।...রুমা. ভাষা লাতিন ভাষা বর্গের অন্তর্গত; ১৯ শতক হইতে সাহিত্য সৃষ্টি হইতেছে।...রাজধানী বুখারেস্ট।

**রুমেনদাই, রুম্মিনদেবী** (Rummindei): (দ্র. লুম্বিনী)। বুদ্ধের জন্মস্থান লুম্বিনী গ্রামে অশোক এক স্তম্ভ প্রোথিত করেন।

**রুয়াঁ** (Rouen): ফ্রান্সের নগর। সাইন নদীতীরে। মধ্যযুগে নর্মানডির রাজধানী; গথিক চার্চ বিখ্যাত (১২০১-২০ মধ্যে নির্মিত) বর্তমানে পেট্রোলিয়াম ও কয়লা আমদানির বিশিষ্ট বন্দর। তৈল নিষ্কাশন ও অন্য বহু ভারী শিল্পের কেন্দ্র। জন. ১'১০ লক্ষ।

**রুশদেশ** (Russia): বর্তমানে রুশদেশ বলিতে পশ্চিমে বাল্‌টিক সাগর হইতে পূর্বে বেরিং প্রণালী পর্যন্ত ও উত্তরে মেরুদেশ হইতে দক্ষিণে চীন সীমান্ত পর্যন্ত বিশাল ভূখণ্ডকে বুঝায় (দ্র. সোবিয়েত রুশ)।

কথিত আছে যে নর্সম্যান রুরিক (Rurik) ৮৬২ খ্রীষ্টাব্দে স্কান্‌দিনেভিয়ার 'রুশ' নামক স্থান হইতে বর্তমান রুশদেশে আসিয়া নবগরোদে [ গর্কিনগর ]

প্রথম রাজ্য স্থাপন করেন। ১০ ও ১২ শতকে নানা উপজাতি খ্রীষ্টান ধর্মের প্রভাবে ঐক্যবদ্ধ হয়। ১২৪০-এ কিয়েফ ( Kiev ) মঙগোল আক্রমণে বিধ্বস্ত হয় এবং রুশ ভূমি ছোট ছোট ৮৫টি ডিউক রাজ্যে বিভক্ত হয়। এই বিভক্ত রাজ্যগুলির মধ্য হইতে ৩টি বৃহৎ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়—গালিসিয়া, মসকৌ ও নবগরোদ। ১৫ শতকের শেষভাগে মসকৌর ডিউক তৃতীয় ইবান ( Ivan ) বিরোধী রাজাদের রাজ্য অধিকার এবং মঙগোলদের পরাজিত করেন। ৪র্থ ইবান ( Ivan the Terrible, ১৫৩৩-৮৪ ) প্রথম জার ( Tsar ) উপাধি গ্রহণ করেন। ইনিই যথার্থ রুশ রাষ্ট্রের স্রস্টা। পিটারের ( Peter the Great, ১৬৮২-১৭২৫ )-এর রাজত্বের সময়ে রুশে পশ্চিম ইউরোপের জ্ঞানবিজ্ঞান প্রবর্তিত হয়। ...২য় আলেকজান্দারের রাজত্বকালে ( ১৮৫৫-৮১ ) রুশ সীমান্ত প্রশান্ত মহাসাগর ও মধ্য-এসিয়া পর্যন্ত বিস্তৃত হয়। বিভিন্ন অঞ্চলে কল-কারখানা ও রেলপথ গড়িয়া উঠে। ১৮৬৫-তে এই প্রতিষ্ঠানগুলিতে শ্রমিকের সংখ্যা ছিল ৭ লক্ষের কিছু উপরে ; ১৯ শতকের শেষে দাঁড়ায় প্রায় ২৮ লক্ষ। ১৮৮১-তে এক নিহিলবাদীর বোমার আঘাতে ২য় আলেকজান্দারের মৃত্যু হয়। দ্বিতীয় নিকোলাসের ( Nicholas ) রাজত্বকালে ( ১৮৯৪-১৯১৭ ) রুশ-শ্রমিকদের বিপ্লবী সংঘ গঠিত হয়। ১৯০৪-এ রুশ-জাপান যুদ্ধে রুশিয়ার পরাজয় ঘটে। ১৯০৫ জানুয়ারিতে জার-বিরোধী ও জমিদার-বিরোধী বিপ্লবের সূত্রপাত হয় ; ১৯০৬-এ প্রথম নির্বাচিত লোকসভা ( Duma ) বসে। ১৯১৪ এর জুলাই-এ ১ম মহাযুদ্ধ আরম্ভ হইল। ১৯১৭-এর প্রথম হইতেই বলশেভিকদের নেতৃত্বে দেশের সর্বত্র বিপ্লব সুরু হইয়া যায় ও নানাস্থানে সোবিএত বা স্থানিক সভা গঠিত হয়। এই বৎসর মার্চ মাসে সেনাবাহিনী, শ্রমিক ও কৃষকগণের মিলিত প্রচেষ্টায় জার-প্রথার অবসান ঘটে। নভেম্বরের ( ১৯১৭ ) প্রথম দিকে লেনিনের নেতৃত্বে বলশেভিক দল দ্রুত সোবিএতগুলিকে অধিকার করিয়া লয় এবং ৭ নবেম্বর কেন্দ্রের কেরেন্‌সকি সরকার হটাইয়া কৃষক-শ্রমিক সরকার গঠন করে। এই বিপ্লব ইতিহাসে রুশীয় সমাজবাদী বিপ্লব নামে খ্যাত। ( আধুনিক যুগের জন্য দ্র. সোবিএত দেশ, সোবিএত রুশ )।

**রুহর** ( Ruhr river ) : জারমানির পশ্চিমের নদীর নাম (১৪৫ মা) ; ডুইসেলডোরফ-এর নিকট রাইনে পড়িয়াছে। এই অঞ্চলে বহু কয়লার খনি ও বৃহৎ শিল্পনগরী আছে।

**রূপগঞ্জ** (Rupganj) : পূ. পাক. ; ঢাকা জেলা, নারায়ণগঞ্জ মহ.র থানা। আ. ৯০ ব মা। গ্রাম, ডাকঘর ; রেজি. অপিস ( ১৯০৭ )। গ্রাম, শীতলক্ষা নদীতীরে।

**রূপনাথ** ( Rupnath ) : মধ্যপ্রদেশ রাজ্যের জবলপুর জেলার গ্রাম ও প্রাচীন তীর্থ। এখানে অশোকের ছোট শিলানুশাসন ( Rock edict ) আছে। সিহোরার নিকট ১৯ মা দূরে ভাণ্ডরার পাহাড়ের গায়ে এই লেখ আছে। ( দ্র. সিহোরা )।

**রূপনারায়ণ** ( Rupnarayan river ) : বিহার ও প. বঙ্গের নদী ; ধলকিশোর ও শিলাই নদী মিলিত হইবার পর নদীর নাম রূপ.। হাওড়া ও মেদিনীপুর জেলার মধ্য দিয়া ভাগীরথীতে পড়িয়াছে ( ১৫০ মা )। কোলাঘাটের নিকট বিরাট রেল সেতুর উপর দিয়া দ.-পূর্ব রেলওয়ে গিয়াছে।

**রূপনারায়ণপুর** ( Rupnarayanpur ) : বর্ধমান জেলা; আসানসোল মহ.র সালানপুর থানার গ্রাম। কয়লা অঞ্চল। কেব্‌ল, মেশিনটুল কারখানা। ইহার ৪ মা পরে চিত্তরঞ্জন বঙ্গের শেষ রেল স্টেশন।

**রূপার** ( Rupar ) : পূ. পঞ্জাব ; অম্বালা জেলার তহশীল ও শহর ; শতদ্রু নদীতীরে। অম্বলা-সিরহিন্দ জং. হইয়া নাঙ্গাল বাঁধ (৯৭ মা) স্টেশন পর্যন্ত যে বড় লাইন গিয়াছে তাহার স্টে. ( ৬৩ মা )। জন. ১৪,২১৩। প্রত্নতত্ত্ব বিভাগ এখানে খননকার্য করিয়া হারাপ্পার সমকালীন প্রাচীন সভ্যতার চিহ্ন পাইয়াছেন।

**রেকনা, রেচনা দোয়াব** ( Rechna Doab ) : পাক. পঞ্জাবের চন্দ্রভাগা ( চেনাব ) ও ইরাবতী ( রাবি ) নদীদ্বয়ের মধ্যস্থিত ভূভাগের নাম। শিয়ালকোট, গুজরনবালা, সায়েখপুরা, লায়ালপুর ও ঝাঙ্গ জেলার অংশ এই দোয়াব অন্তর্গত।

**রেকিয়াভিক** ( Reykjavik ) : আইস্‌লন্‌ড রাজ্যের রাজধানী ও বন্দর। নামের অর্থ 'ধূমায়িত সাগর'।

১৯১১-এ এখানে বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। জন. ৫৮ হা.। লনডন হইতে বিমানপথে যুক্ত।

**রেঙগুন, ইয়াঙগুন** ( Rangoon ): বর্মা ইউনিয়নের রাজধানী; ইরাবতী নদীর এক গভীর খাড়ির ( Hliang ) উপর বন্দর, সমুদ্র হইতে ২০ মা উত্তরে অবস্থিত। ১৭৫৫-এ বর্মারাজ অলংপয়া তলাইংদের যুদ্ধে হারাইয়া এখানে 'যুদ্ধ শেষ' ইয়াংগুন নামে নগর পত্তন করেন। ১৭৯০-এ ইংরেজরা ব্যবসায়ের জন্য ফ্যাক্টরী খোলে। ১৮৫২-এ ২য় বর্মা যুদ্ধে ইংরেজদের অধিকৃত হয়। বহু সহস্র ভারতীয় এখানে গিয়া বাস করিতে থাকে। ১৯৩১-এ রেঙগুনের ৪ লক্ষ লোকের মধ্যে ভারতীয় ছিল ২·১৩ লক্ষ ( বাঙালী ১৩,০৬৭ )। ইউরোপীয় ৪,৪২৬। এখন এসব সংখ্যার পরিবর্তন হইয়া গিয়াছে। নগরে বহু অট্টালিকা, বৌদ্ধমন্দির, চার্চ, মসজিদ আছে, শোয়ে ডাগন পাগোডা নামে বৌদ্ধমন্দির বিখ্যাত; ৩৬৮ ফুট উচ্চ বিশাল মন্দির ১৫৬৪ অব্দ হইতে গড়িয়া উঠিয়াছে; ইহার পরে সুলে পাগোডার খ্যাতি। রেঙগুন বিশ্ববিদ্যালয় ১৯২০-এ স্থাপিত। নগরের জন. ৫ লক্ষ ('৪১)।

**রেড্ সী** (Red Sea): দ্র. লোহিত সাগর। আরাবিক—অলবাহর অল আহমর। লাতিন—Sinus Arabicus.

**রেড়াখোল** (Rairakhol): পূর্বতন ঈ. স্টেট এজেন্সির করদরাজ্য। আ. ৮৫৬ ব মা; জন. ৩,৮১,১৮৫ ('৪১)। রাজ্যের দক্ষিণ দিয়া মহানদী প্রবাহিত। ১৯৪৭-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২৯,৭০০ টাকা ভাতা দেওয়ার ব্যবস্থা হয়।···বর্তমানে ইহা সম্বলপুর জেলার মহকুমা। আ. ৮৫৩ ব মা; জন. ৪২,৬২৪। ৩ থানা।—থানার আ. ৩০৩ ব মা; জন ১৫,৩৪৬। গ্রাম ১২৯। —শহরের পূর্বনাম রামপুর ছিল; সম্বলপুর হইতে মোটরে ৪২ মা।

**রেবা, রেওয়া** ( Rewa ): মধ্যভারতের পূর্বতন করদ-রাজ্য। আ. ১২,৮৩০ ব মা; জন. ১৮,২০ ৪৪৫ ('৪১)। ১৪ শতকে বাঘেল বংশীয় রাজপুতরা রাজ্য স্থাপন করে। তৎপূর্বে ১০-১৩ শতকে গুজরাটের সোলাং-করা রাজত্ব করিয়াছিল।···১৮১২-এ রাজা ব্রিটিশদের সহিত সন্ধিসূত্রে আবদ্ধ হয়। ১৮৭১-১৯৩১ পর্যন্ত বাঘেলখণ্ড এজেন্সির অন্তর্গত; শেষ বৎসরে বুন্দেল-খণ্ড এজেন্সির মধ্যে যায়। ১৯৩৩ হইতে মধ্যভারত স্টেটস এজেন্সিভুক্ত ছিল। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজা ১০ লক্ষ টাকা ভাতা পান।...বিন্ধ্য প্রদেশ ইউনিয়ন ভুক্ত জেলা; ১৯৫৬ নবেম্বর হইতে রাজ্য পুন-র্গঠন ব্যবস্থায় মধ্যপ্রদেশের অন্তর্গত হইয়াছে। জন. ৬·৩৪ লক্ষ ('৫১)। এই অঞ্চলে কয়লা ও লৌহ আকর আছে। ···শহর ( জন. ২৯,৬২৩ ) বিন্ধ্য প্রদেশের রাজধানী ছিল। সাতনা হইতে ৫২ মা মোটরে।

**রেবাকণ্ঠ** (Rewakantha): বোম্বাই প্রদেশের গুজরাট স্টেট এজেন্সির অন্তর্গত ৬০ করদরাজ্যের সাধারণ নাম। আ. ছিল ৪,৯৫৬ ব মা। জন. ৬·৬৫ লক্ষ ('৩১)। ১৯৪৭-এ এই নামে কোনো এজেন্সি ছিল না। হিন্দুশাস্ত্রে রেবাকণ্ঠ পুণ্যভূমি; নর্মদার এক নাম রেবা।

**রেবাড়ী বা রেওয়ারি** (Rewari): উত্তর প্রদেশ; গুর-গাঁও জেলার তহশীল, শহর, ব্যবসায়ের কেন্দ্র। দিল্লী-অজমের রেলপথের স্টে. (৫২ মা)। জন. ৩৪,০৮২।

**রেভাল, রেভেল** ( Reval, Revel ): এসথোনিয়ার রাজধানী তালিনের ( Tallinn ) রুশীয় নাম।

**রৈবতক** ( Raibatak ): (১) বিন্ধ্যগিরির পশ্চিমস্থিত গির্ণার্ক পর্বতের নাম। (২) কাঠিয়াবাড়ের ( সৌরাষ্ট্র ) অন্তর্গত দ্বারকার সমীপবর্তী শৈল। শ্রীকৃষ্ণের দ্বারকা বাসকালীন জীবন-কথা নবীনচন্দ্র রৈবতক কাব্যে প্রকাশ করিয়াছেন।

**রোজেটা** (Rosetta : আরবী—রসিদ): মিশরের নীল-নদের বদ্বীপের মোহনার ক্ষয়িষ্ণু শহর। জন. ২৪ হা.। ১৭৯৯-এ নেপোলিয়নের এক সামরিক কর্মচারী এইখানে একটি শিলালিপি আবিষ্কার করেন। প্রাচীন মিশরীয় ভাষা ও লিপির উদ্ধার ইহার সাহায্যে আরম্ভ হয়। এই শিলালেখ ব্রিটিশ মিউজিয়ামে আছে। ইহা রোজেটা স্টোন নামে খ্যাত। এই শিলালিপি প্টলেমি বংশীয় এক রাজার ঘোষণা, তিনটি ভাষায় খোদিত।

**রোন** (Rhone river): ইউরোপের নদী; সুইট্জারলনডের পর্বত মধ্যে উঠিয়া জেনেভা হ্রদের মধ্য দিয়া আসিয়া ফ্রান্সের লিওনস (Lyons) শহর হইতে দক্ষিণগামী;

এখান হইতে ভূমধ্যসাগর পর্যন্ত নাব্য। ইহা ৫০০ মা দীর্ঘ ও ইহার অববাহিকামণ্ডল ৩৮,১৭০ ব মা।

**রোম** ( Rome ) : ইতালির রাজধানী ; টাইবার নদীর উভয় তীরে সমুদ্র হইতে ১৭ মা ভিতরে। জন. ১৬·৮৮ লক্ষ ( '৫১ )। রোম বিশ্ববিদ্যালয় ও বহু জ্ঞান-বিজ্ঞান পরিষদের কেন্দ্র। রোমের একাংশ পোপের স্বাধীন নগরী ভাটিকান। এই ভাটিকান-রোম পৃথিবীর ক্যাথলিক সম্প্রদায়ভুক্ত সকল খ্রীষ্টানের পবিত্র নগরী। প্রতি বৎসর বহু সহস্র ভক্ত পোপের দর্শনপ্রার্থী হইয়া আসে।...প্রাচীন রোমের প্রবাদ মতে খ্রী. পূ. ৭৫৩-এ নগর পত্তন হয়। খ্রী পূ. ২৬৪ অব্দে ভূমধ্যসাগরের অপর তীরস্থ ফিনিকদের উপনিবেশ কার্থেজের সহিত বাণিজ্য ও উপনিবেশ লইয়া দ্বন্দ্ব আরম্ভ হয় ; প্রায় শতাব্দীকাল তিন দফায় যুদ্ধ চলে ; অবশেষে কার্থেজ ধ্বংস হইল। ক্রমশ প্রথমে গ্রীসে ও পরে গ্রীকদের বৃহত্তর রাজ্য এশিয়ায় রোমানরা প্রবেশ করিল।...কালে জুলিয়াস সীজার নামে এক সেনাপতি এক-নায়ক ও সর্বেসর্বা হইয়া বিরুদ্ধদলের দ্বারা নিহত হন।...ইহা হইতে রোমের রিপাবলিক শাসনতন্ত্রের অবসান ঘটিল। ইহার পর রোমার সম্রাট হন অগস্টাস। অগস্টাসের মৃত্যুর পর ব্রিটেন অধিকৃত হয় ( খ্রী. ৪৩-৪৫ ) ; সম্রাট ট্রাজানের সময় (খ্রী. ৯৮-১১৭ ) রো. সাম্রাজ্য চরম বিস্তার লাভ করে—পূর্বে এশিয়ার পশ্চিমাংশ, দক্ষিণে আফ্রিকার উত্তরাংশ, উত্তরে রাইন নদী পর্যন্ত ; পশ্চিমে গালিয়া (ফ্রান্স), হিসপেনিয়া (স্পেন)। ... সম্রাট কনস্টান্টাইনের সময়ে ( ৩২৩ খ্রী. )। সাম্রাজ্যের রাজধানী রোম হইতে বস্‌পরাস তীরে বৈজয়ন্তীয়মে ( Byzantium ) স্থানান্তরিত হয়। ইনি খ্রীষ্টধর্মও গ্রহণ করিয়াছিলেন ; খ্রীষ্টধর্ম রাজধর্ম রূপে স্বীকৃত হইল। রোমে খ্রীষ্টীয় ধর্মসমাজের গুরু বা বাবাজিকে পোপ বলিত। ৫ শতকে গথ জাতির সর্দার আলারিক রোম লুণ্ঠন করিল ; রোমের রাজনৈতিক শ্রেষ্ঠতার অবসান হইল ( ৪৫৫ খ্রী. )।

**রোশাঙ্গ** ( Roshang ) : মধ্যযুগে আরাকানের নগরের নাম। বর্তমান Myohaung আকিয়াবের ৫০ মা উ.-পূর্বে। আরাকানী উচ্চারণ রাখাইঙগা হইতে রো হইয়াছে।

**রোহতক** ( Rohtak ) : পূ. পঞ্জাব ; অম্বলা বিভাগের জেলা ; পূর্বতন দুজনা ( Dujana ) করদরাজ্য এই জেলাভুক্ত হওয়াতে এখন আ ২,৩৩৭ ব মা ; জন. ১১·২৩ লক্ষ। বৃষ্টি ২০"। ৪ তহশীল। শহর ( জন. ৭১,৯০২ ) দিল্লী হইতে ৪৪ মা।

**রোহতাস** Rohtas ) : বিহার ; সাহাবাদ জেলার শোণ নদের তীরে ডিহিরি স্টে. ( ৩৩৮ মা ) হইতে ছোট রেলপথ রোহতাস পর্যন্ত ( ২৩ মা ) গিয়াছে। এখানে ডালমিয়া কোং.র সিমেন্ট কারখানা আছে। ...নিকটে এক পার্বত্য দুর্গ প্রাচীন রোহিতাশ্বগড় বা রোটাস্‌ নামে খ্যাত। শেরশাহ এই দুর্গ হিন্দুরাজার নিকট হইতে যুদ্ধ করিয়া দখল করেন। ১৭৬৪ অব্দে ইহা ইংরেজ দখলে আসে। ...দুর্গ মধ্যে মুঘল যুগের সুরক্ষিত প্রাসাদ বিদ্যমান।

**রোহড্‌ আইলন্‌ড** ( Rhode Island ) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ; আদি ১৩ স্টেটের অন্যতম। ১৬৩৬ খ্রী. প্রথম উপনিবেশ। আ. ১,২১৪ ব মা ; জন. ৭৯২ লক্ষ ( '৫০ )। স্টেটের ৯০% লোক শহর-বাসিন্দা। রাজধানী প্রভিডেন্স ( জন. ২·৪৭ লক্ষ )। শহরগুলি নানা শিল্পের কেন্দ্র।

**রোহডস্‌** ( Rhodos ) : ভূমধ্যসাগরে তুর্কীর উপকূল হইতে ১২ মা দূরে দ্বাদশ দ্বীপের ( Dodecanese ) অন্যতম। রো. ৪৬ মা×২৪ মা। দোদেকানেসের জন. ১·২১ লক্ষ। রাজধানী রোহডস ( জন. ২৫ হা. )। প্রাচীন কালে গ্রীকদের উপনিবেশ। ১৫২২-এ তুর্কীদের দখলে আসে ; ইতালি-তুর্কী যুদ্ধের সময় ( ১৯১২ ) ইতালির দখলে আসে। ২য় মহাযুদ্ধের পর গ্রীস ইহার দখলদার। রো. পোতাশ্রয়ের প্রবেশমুখে পৃথিবীর সপ্তাশ্চর্যের অন্যতম বিরাট ব্রোন্‌জ মূর্তি আলোকস্তম্ভরূপে ব্যবহৃত হইত ; খ্রী. ১৫৭ ধ্বংস হয়।

**রোহডেশিয়া ও নায়সালন্‌ড ফেডারেশন** ( Federation of Rhodesia and Nysaland) : ব্রিটিশ দক্ষিণ-কেন্দ্রীয়-আফ্রিকার রো. না.-এর যুক্তরাষ্ট্র ; ১৯৫৩ সেপ্টেম্বর ৪ গঠিত হইয়াছে। আ. ১২,০০০ ব মা। জন

সমেত ৪,৮৬,৯১৩ ব মা। জন. ৬১·০১ লক্ষ ('৫৩)। উ. রোহডেশিয়া, দ. রোহডেশিয়া ও নায়সাল্যন্ড লইয়া গঠিত। দেশের অধিকাংশই ৩-৫ হা. ফুট উচ্চ মালভূমি। ... গ্রীষ্মমণ্ডলের মধ্যে অবস্থিত হইলেও উচ্চতার জন্য নাতিশীতোষ্ণ মণ্ডলের আবহাওয়া। জামবেসি নদী ও নায়সা হ্রদ। সিসিল রোহডস (Rhodes, ১৮৫৩-১৯০২), যিনি জুলু সর্দার লোবেঙ-গুলার নিকট হইতে এতদঞ্চলের খনিজ সন্ধান করিবার সর্ত লাভ করেন (১৮৮৮), তাঁহার নাম হইতে দেশের নাম হইয়াছে। এই দেশের প্রধান উৎপন্ন তামাক, তুলা, চা। গবাদি পশু সম্পদ বিশেষ অর্থকরী। খনিজ সম্পদের মধ্যে তাম্র, স্বর্ণ, আসবেস্টস, ক্রোমিয়াম, দস্তা, কয়লা, সীসা প্রভৃতির মূল্য ১১·৪৫ কোটি পা.। রাজধানী সালিসবেরি (জন. প্রায় ১·৭০ লক্ষ। ইহার মধ্যে আফ্রিকান ১·১৫ লক্ষ)। **দক্ষিণ-রোহডেশিয়া** (Southern Rhodesia): মাটাবেলা, মাসোনা, মনিকা প্রভৃতি বানটু (Bantu) উপজাতিদের দেশ লইয়া গঠিত। আ. ১,৫০,৩৩৩ ব মা। জন. আফ্রিকান ২০ লক্ষ, শ্বেতাঙ্গ ১·৩৬ লক্ষ, এশিয়ান ৪,২৯২। ১৯২৩ হইতে স্বায়ত্ব শাসন লাভ করে। বর্তমানে ফেডারেশনের অন্তর্গত দেশ। **উত্তর রোহডেশিয়া** (Northern Rhodesia): এই প্রোটেক্টোরেট রাজ্য মধ্য আফ্রিকার মালদেশে অবস্থিত। আ. ২,৯০,৩২৩ ব মা জলাভূমি সমেত; জন. আফ্রিকান ১৭ লক্ষ, শ্বেতাঙ্গ ৩৭·২ হা., এশিয়ান ২,৫২৯ ('৫১)। রাজধানী লুয়াকা (Luaka)। **নায়সাল্যন্ড** (Nysaland): এই প্রোটেক্টোরেট নায়সা হ্রদের পশ্চিমে; উচ্চ মালভূমি। আ. ৪৯,১৭৭ ব মা; জন. আফ্রিকান ২৫ লক্ষ, শ্বেতাঙ্গ ৪,৩৮৭, এশিয়ান ৬ হা.। রাজধানী জোম্বা (Zomba)।

**রোহরি** (Rohri): পূ. পাকিস্তান; সিন্ধু প্রদেশের খয়েরপুর জেলার শহর। উ.-প. রেলওয়ের বড় জংশন। লাহোর হইতে ৪৭০ মা; করাচি ২৬৯ মা।

**রোহিলখণ্ড** (Rohilkhand): উত্তর প্রদেশের বিভাগ। ৭ জেলা—মোরাদাবাদ, সাহাজাহানপুর, বিজনোর, বেরৈলি, পিলীভীত, বদাউন ও রামপুর (পূর্বে করদরাজ্য ছিল)।...রোহিলা নামে এক পাঠান উপজাতি কর্তৃক ১৮ শতকে রাজ্য স্থাপিত হয়। ওয়ারেন হেস্‌টিংসের সহায়তায় অযোধ্যার নবাব ইহাদিগকে দূর করেন। এই রোহিলাদের বংশধর রামপুরের (দ্র.) করদরাজ্যে নবাব ছিলেন। বিভাগের আ. পূর্বের ১০,৮২৯ ব মা + রামপুর ৮৯২ ব মা।

**রোহিলখণ্ড-কুমায়ুন রেলওয়ে** (Rohilkhand-Kumaun Railway): ১৮৮২ সালে এক কোম্পানি গঠিত হয় ও ১৮৮৫ হইতে রেল চলাচল সুরু হয়। পরে এই লাইন আউধ-তিরুহুত রেলওয়ের সহিত যুক্ত হয়; বর্তমানে উত্তর রেলওয়ে পরিমণ্ডলে।

**লওয়া, লব** (Lawa): পূর্বতন রাজপুতানার জয়পুর রেসিডেন্সির অন্তর্গত ক্ষুদ্র করদরাজ্য। আ. ২০ ব মা; জন. ২,৮০৮। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ১২,০০০ টাকা ভাতা দেওয়া হয়। এই রাজ্য বর্তমানে রাজস্থানের টংক জেলার অন্তর্ভুক্ত।

**লক্ষাদ্বীপ** (Laccadive): ভারতের মালাবার উপকূল হইতে ২০০ মা দূরে ভারত মহাসাগরের ১৪টি দ্বীপ (৪টি জনশূন্য)। আয়তন ভারতীয় সেন্সাস মতে ১০ ব মা। পূর্বের হিসাবে ৮০ ব মা। অধিবাসীরা অধিকাংশ মুসলমান, মালায়ালাম ভাষী (২০ হা.)। শাসন বিষয়ে মদ্রাজ গবর্নমেন্টের তত্ত্বাবধানে। একটি দ্বীপের অধিবাসীরা 'মাল' (Mahl) নামে ভাষা বলে।

**লকখীসরায়, লখীসরায়** (Lakhisarai): বিহার; মুঙ্গের জেলা, সদর মহ.র শহর। জন. ১৭,৩২৯। এক মা পূর্বে কিউল জং.। ব্যবসায়ের কেন্দ্র।

**লক্ষ্মণাবতী, লখনৌতি** (Lakshanavati): প্রাচীন গৌড়ের নিকটস্থ নগর। লক্ষ্মণসেন কর্তৃক প্রতিষ্ঠিত। রাজমহল হইতে ২৫ মা ভাটিতে গঙ্গা-মহানন্দার সঙ্গম স্থলে গঙ্গার তীর ধরিয়া প্রায় ১৪-১৫ মা জুড়িয়া এই নগর বিস্তৃত ছিল। গঙ্গার ও মহানন্দার খাত সরিয়া গিয়াছে। এখন ল.র ধ্বংসাবশেষ রাজমহল হইতে মালদহের রাস্তার পার্শ্বে দেখা যায়।

**লক্ষ্মীকান্তপুর** (Lakshmikantapur): চব্বিশ-পরগনা জেলার ডায়মণ্ড হারবার মহকুমার গ্রাম।

শিয়ালদহ (বেলেঘাটা) হইতে দক্ষিণ রেলপথের শেষ স্টেশন (৩৯ মা)। ...নিকটে সুন্দরবনে প্রাচীন সময়ের দেবমন্দির, গড় প্রভৃতি দেখা যায়।

**লক্ষ্মীপুর** (Lakshmipur): পূ. পাক.; নোয়াখালি জেলা, সদর মহ.র থানা। আ. ১৪০ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস (১৮৮৪)।

**লখতার** (Lakhtar): সৌরাষ্ট্র রাজ্যভুক্ত (বর্তমানে বোম্বাই) পূর্বতন কাঠিয়াবাড়ের করদরাজ্য। আ. ২৪৭ ব মা; জন. ২৬,৭৮০, ('৪১)। রাজধানী লখতার (জন. ৬,৭৪১)। সুরেন্দ্রনগর-বীরমগাঁ-এর রেলপথের স্টেশন (১৪ মা)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৬১,০০০ টাকা ভাতা দেওয়া হয়।

**লখনৌ, লখনউ** (Lucknow): উত্তরপ্রদেশের বিভাগ; ৬ জেলা—লখনৌ, উনাও, রায়বরেলী, সীতাপুর, হারদোই ও খীরী। আ. ১২,০৫১ ব মা। জেলার আ. ৯৭৬ ব মা; জন. ১১'২৮ লক্ষ। গোমতী নদী জেলার মধ্যস্থল দিয়া প্রবাহিত। —সদর শহর (জন. ৪'৯৮ লক্ষ) গোমতী নদীতীরে। উত্তর প্রদেশের রাজধানী। কলিকাতা ৬০৯ মা। বড় জংসন। ...জনপ্রবাদ শ্রীরামচন্দ্রের ভ্রাতা লক্ষ্মণ এই নগরের প্রতিষ্ঠাতা। ১৭৩২ অযোধ্যার সুবাদার সাদাৎ খান এখানে রাজধানী করেন। জুমা মসজিদ, ছত্রমনজিল, হাজার দুয়ারী প্রভৃতি দর্শনীয়। ...সিপাহী যুদ্ধের সময় রেসিডেন্টের বাড়ি সিপাহীরা ধ্বংস করে; উহা এখনো সেই ভাবে আছে। বিশ্ববিদ্যালয় (১৯২১-এ স্থাপিত) আবাসিক। মেডিক্যাল কলেজ, লা মার্তিনের স্কুল; ন্যাশনাল আকাদামি অব হিন্দুস্থানী মিউজিক (পূর্বে ম্যারিস কলেজ; পরে ভাতখণ্ড সংগীত মহাবিদ্যালয়); কলা ও শিল্প বিদ্যালয়; টেকনিক্যাল স্কুল; কেন্দ্রীয় ভেষজ গবেষণাগার (Central Drug Research Inst.); স্কুল অব প্যালিওবোটানী (Paleobotany) প্রভৃতি। এখানকার মিউজিয়াম ১৮৬৩-এ প্রতিষ্ঠিত।

**লখীমপুর** (Lakimpur): আসামের উত্তর-পূর্ব কোণের জেলা; ব্রহ্মপুত্র ও তাহার উপনদী জেলার মধ্যে প্রবাহিত। জেলার তিন দিকে নে-ফার উপজাতিদের বাস। প.—শিবসাগর ও দরং জেলা। এই জেলার উত্তরাংশ বা উ. লখীমপুর মহকুমা নিম্নভূমি ও সমতল; এখানে প্লাবনের উৎপাত প্রায়ই হয়। ... ডিব্রুগড় মহকুমার ডিগবয় পেট্রোলিয়াম ও মার্গেরিটা কয়লা জন্য বিখ্যাত। আ. ৩,৭৫৭ ব মা; জন. ১০'৭৮ লক্ষ। ১৯০১-এ ছিল ৩'৫৪ লক্ষ। ...প্রধান শহর ডিব্রুগড়। ...লখীমপুর জেলার মহকুমা উত্তর-লখীমপুরের শহর, গড়িয়াজান নদীর উপর অবস্থিত; এই উপনদী সুবনসিরি (সুবর্ণশ্রী) নদীতে পড়িতেছে।... জন. ৩,৫০০।

**লঙ্কা দ্বীপ** (Lanka): রামায়ণে আছে রাক্ষসরাজ রাবণের দেশ লঙ্কা। উহা বর্তমান সিংহল (Ceylon)। বিজয়-সিংহের দ্বারা অধিকৃত হইবার পর লঙ্কার নাম হয় সিংহল, এইরূপ প্রবাদ প্রচলিত।

**লঙকাসুখ** (Langkasuka): দ.-পূর্ব এশিয়ার মালয় উপদ্বীপের প্রাচীন হিন্দুরাজ্য। কেদা. (দ্র.)-র নিকট।

**লছমনঝোলা** (Lachmanjhola): উত্তরপ্রদেশ; দেহরাদুন জেলার গ্রাম; হরিদ্বার হইতে কেদারনাথ-বদরীনাথের পথে হৃষীকেশ হইতে কিছুদূরে একটি নদী-খাদের উপর ঝুলানো সেতু; পূর্বের ঝোলাসেতু বন্যায় ভাসিয়া যায়; পরে সুদৃঢ়ভাবে নির্মিত হইয়াছে।

**লতেহর** (Latehar): বিহার; পলামু জেলার মহকুমা। আ. ১,৬৭১ ব মা; জন. ২,০১,৫৬০; ঘনতা ১২১। লতেহর ক্ষুদ্র শহর; গোমো-ডিহরী রেলপথের স্টে. (১৩৬ মা)। কলিকাতা ৩১৫ মা।

**লন্ডন** (London): ইংলন্ডের সুপ্রাচীন নগরী। গ্রেট ব্রিটেন ও কমনওয়েলথ অব্ নেশনসের রাজধানী। পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা জনপূর্ণ মহানগরী। জন. ৮৩,৪৬,১৩৭ ('৫১)। টেমস নদীর উভয় তীরে অবস্থিত। ২৮ মেট্রোপলিটন বরো-তে বিভক্ত। মিউনিসিপাল বা পৌর কাজকর্ম ল. কাউন্টি কাউন্সিল দ্বারা নির্বাহিত হয়। এই পৌরসভার আয় ছিল (১৯৫০-এ) ৬৫ লক্ষ পাউণ্ড। বহু দর্শনীয় স্থান আছে: বাকিংহাম প্যালেস বা রাজারানীদের প্রাসাদ, ব্রিটিশ মিউজিয়াম ও গ্রন্থাগার, পার্লামেণ্ট গৃহ, ইন্ডিয়া অপিস ও দূতাবাস, ওয়েস্টমিনিস্টার অ্যাবি, লন্ডন টাওয়ার প্রভৃতি। পৃথিবীর ব্যাংকিং-এর কেন্দ্র। বাণিজ্যের

আমদানি-রপ্তানি ব্যাপারে লন্ডন বন্দর প্রসিদ্ধ।...ল. বিশ্ববিদ্যালয় ১৮৩৬-এ প্রতিষ্ঠিত। লন্ডন স্কুল অব ইকনমিকস বিশিষ্ট প্রতিষ্ঠান। বহু আর্ট গ্যালারি।

**লন্ডি কোটাল** (Landi Kotal) : প. পাকিস্তান ; উ-প.-সীমান্ত প্রদেশের পশ্চিমে খাইবার গিরিপথের প্রবেশমুখে রেলস্টেশন ও সুদৃঢ় স্থান ; পেশাবার হইতে ৩২ মা।

**লদাক** (Ladak) : হিমালয় ও কারাকোরাম পর্বতের মধ্যে কাশ্মীরের জেলা ; উত্তরে চীনের সিংকিয়াং প্রদেশ। আ. ৪৫,৭৬২ ব মা ; জন. ১,৯৫,৪৩১। গন্ধক ও অন্যান্য খনিজ সম্পদ বিদ্যমান। এ স্থানকে এখনো Little Tibet বলা হয়। ১৯ শতকের মধ্যভাগে ইহা কাশ্মীর ভুক্ত হয়। এই অঞ্চলের লোকেরা বৌদ্ধ। জেলার ৩টি তহশীল—লদাক, স্কারদু ও করগিল। করগিল তহশীল ১৯৪৮-এ পাকিস্তান কর্তৃক আক্রান্ত হয়। জেলার অধিবাসীদের মধ্যে মুসলমান ৭০ ও বৌদ্ধ ২০ শতাংশ।...প্রধান শহর লীহ ও স্কারদু।

**লপ-নর বা লব-নর** (Lopnor) : চীনের সিংকিয়াং প্রদেশের তারিম অববাহিকার মরুসমতলে লবণাক্ত অগভীর জলাশয় বা হ্রদগুচ্ছ ; ক্রমেই মজিয়া আসিতেছে।

**লম্পাকা** ( Lampaka ) : প্রাচীন ভারতের নগর ; পেশাবারের নিকটবর্তী কাবুল ( প্রাচীন কুভা ) নদীর উত্তরস্থিত লমঘান (Lamghan), প্টলেমির Lambatae ; জেলালাবাদ হইতে ২০ মা উ.-প.।

**লমবার্ডি** ( Lombardy ) : ইতালির উত্তরাংশে পো ( Po ) নদীর অববাহিকার দেশ ; প্রধান শহর মিলান ( Milan )।

**লয়ার** ( Loire river ) : ফ্রান্সের প্রধান নদী ; ৬৭০ মা দীর্ঘ, বিস্কে উপসাগরে পড়িতেছে।

**লয়েড্ ব্যারাজ** ( Lloyd Barrage ) : বোম্বাই প্রদেশের গবর্নর স্যার জর্জ লয়েড-এর নামে তৎকালীন বোম্বাইর অন্তর্গত সিন্ধুবিভাগে সিন্ধুনদের সক্কর নামক স্থানে ২৪ কোটি টাকা ব্যয়ে নির্মিত বাঁধ (১৯২৩-৩২)। প্রায় এক মাইল দীর্ঘ ; প্রতি সেকেনডে ৪,৫৭,০০০ গ্যালন জল নির্গত হয়। প্রায় ৫০ লক্ষ একর সেচের জমি। বর্তমানে পশ্চিম পাকিস্তানের সিন্ধুপ্রদেশের তত্ত্বাবধানে।

**ললিত-পাটন** ( Lalita-Patan ) : নেপালের নগর ; অশোক কর্তৃক স্থাপিত বলিয়া কিংবদন্তী ( দ্র. পাটন )।

**ললিতপুর** ( Lalitapur ) : উত্তর প্রদেশ ; ঝাঁসী জেলার তালুক ও শহর। জন. ২০,৭১২। দিল্লী ৩১২ মা।

**লস্ এনজেলিস** ( Los Angeles ) : মার্কিন যুক্তরাষ্ট্রের কালিফোর্নিয়া স্টেটের প্রশান্ত মহাসাগর তীরস্থ বন্দর ও নগর। ২ বিশ্ববিদ্যালয়। ১৯৩২-এ এখানে অলিম্পিক ক্রীড়া প্রদর্শনী হয়।...জন. ১৯'৭০ লক্ষ ('৫০)। এই নগরের উপকণ্ঠে হলিউড্ ফিল্মনগর।

**লসকর** ( Lashkar ) : মধ্যভারত ইউনিয়ন ( বর্তমান মধ্যপ্রদেশ ) ; গবালিয়র নগরের উপকণ্ঠস্থিত শহর। ১৯ শতকের গোড়ায় সিন্ধিয়া এখানে নগর পত্তন করেন। এখন প্রাচীন গবালিয়র নিষ্প্রভ।...নিকটে একটি তেঁতুল গাছের তলায় তানসেনের কবরের কাছে কালোয়াৎগণ জমায়েত হন।

**লিখটেনস্টাইন** (Liechtenstein) : অস্ট্রিয়া ও সুইটজারলন্ডের মধ্যে ক্ষুদ্র স্বাধীন রাজ্য ; রাইন নদীর তীরে। ১৭১৯ জারমান সম্রাট কর্তৃক লি. 'প্রিন্সের রাজ্য' বলিয়া ঘোষিত হয়। ১৮৬৬ হইতে স্বাধীন রাজ্য। এই দেশ সুইস শুল্ক সমবায়ের অন্তর্ভুক্ত, সুইস টাকাই চলতি ; অধিবাসীরা জারমান। আ. ৬২ ব মা ; জন. ১৩,৫৭১ ('৫১)। রাজ্যের সৈন্যবাহিনী নাই।

**লাইডেন** ( Leyden ; Leiden ) : নেদারলন্ডের নগর ; বয়নশিল্প, সুগন্ধি, তামাক, মেশিনারি প্রভৃতির কারখানা। বিশ্ববিদ্যালয় ( ১৫৭৫ ) বিখ্যাত ছিল। এই নগর পুস্তক প্রকাশনের জন্য সুপরিচিত। জন. ৭২ হা.।

**লাইপৎসিগ্** ( Leipzig ) : পূর্ব জারমানির অন্তর্গত স্যাকসনি জেলার শহর। জন. ৬'০৭ লক্ষ ( '৫০ )। শিল্পের ও গ্রন্থ প্রকাশনের কেন্দ্র। বিশ্ববিদ্যালয় ১৪০৯-এ স্থাপিত। লা.-এর মেলা ( ১২৬৮ অব্দ ) বিখ্যাত। বহু দেশ হইতে শিল্পীরা আসেন।...১৫৪৫ হইতে গ্রন্থমেলা হইতেছে। বর্তমানে মেলা ও প্রদর্শনী পূর্ববৎ আরম্ভ হইয়াছে।...দার্শনিক লাইবনিৎজ ও সঙ্গীতকার রিচার্ড ওগনার ( Wagner )-এর জন্মস্থান ; সঙ্গীতকার

বাক, মেনডেলসোন, শুমান এখানে বাস করিতেন। ১৮১৩ এইখানে Battle of the Nations নামক যুদ্ধে নেপোলিওন পরাভূত হন।

**লাইবীরিয়া** (Liberia) : আফ্রিকার পশ্চিমে অতলান্তিক মহাসাগর তীরের নিগ্রোদের রিপাবলিক দেশ; ৩৮০ মা উপকূল; আইভরি কোস্ট ও সিএরা লিওনের মধ্যে অবস্থিত। জলবায়ু গ্রীষ্মমণ্ডলীয়; বৃষ্টিপাত ১৬০″ পর্যন্ত হয়। আয়তন প্রায় ৪৩ হা. ব মা। জন. ১৬ লক্ষ। সরকারী ভাষা ইংরেজি। রাজধানী ও একমাত্র বন্দর মনরোবিয়া (Monrovia)। রবার ও পাম তৈলাদি রপ্তানি হয়।…১৮৪৭ জুলাই হইতে আমেরিকান-নিগ্রোর সভাপতিত্বে নূতন রাষ্ট্র চালু হয়। বরাবর মার্কিনী পৃষ্ঠপোষকতা ইহারা পাইয়া আসিয়াছে। আমদানি (৭১%) ও রপ্তানির (৮২%) বেশির ভাগ কাজ চলে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে। বৎসরে প্রায় ২২,০০০ টন রবার রপ্তানি হয়।…পৃথিবীর মোট বাণিজ্য-জাহাজের টনেজের ১০ম স্থান লাইবীরিয়ার (২·৬); মুষ্টিমেয় মার্কিনী নিগ্রো শিক্ষায়, সংস্কৃতিতে অগ্রসর। প্রায় ৯০ শতাংশ স্থানীয় নিগ্রো ইহাদের অ,জ্ঞাবহ। বুকার টি. ওয়াশিংটনের নামে টেকনিক্যাল স্কুল আছে।

**লাউড়** (Lour) : শ্রীহট্টের প্রাচীন রাজ্য; বানিয়াচঙ্গের উত্তরে অবস্থিত ছিল।

**লাওস্** (Laos) : দ.-পূর্ব এশিয়ায় পূর্বতন ফরাসী উপনিবেশ ইন্দোচীনের অন্যতম দেশ। অরণ্য ও পর্বত-সঙ্কুল দেশ। উচ্চ পার্বত্য ভূমি হইতে বহু নদী মেকং নদীতে পড়িতেছে। পার্বত্য অঞ্চলে অবস্থিত উত্তর প্রদেশে কোংশালি ও সামনুত্যা জেলায় মিও (Moi) নামে পার্বত্য জাতির বাস; ইহারা 'জুম' চাষী। সমতল ভূমির অধিবাসীরা থাই বংশীয়, তিব্বতী-মঙ্গোলীয় জাতির অন্তর্গত। ইহাদের ভাষা লাওশিয়ান, থাইভাষার অনুরূপ। শহর অঞ্চলে মুষ্টিমেয় লোক ফরাসী বলিতে পারে। একমাত্র নদীই যাতায়তের পথ; দেশে রেলপথ নাই; বর্তমানে ত্রিশটি এরোড্রোম আছে। কৃষি-প্রধান দেশ; চাউল, তুলা ও রেশম উৎপন্ন হয়। সুতাকাটা ও তাঁতবোনার প্রচলন আছে। কাঠ, লাক্ষা, এলাইচ, সিংকোনা রপ্তানি সামগ্রী। ২টি টিনের খনি আছে। লাওস ১২টি জেলায় বিভক্ত। আয়তন ৯১,৪০৫ ব মা; জন. ১২·৬০ লক্ষ; …ঘনতা ১৩৮। অধিবাসীরা হীনযানী বৌদ্ধ। শহরে ও গ্রামে বৌদ্ধ মন্দির অসংখ্য। শিক্ষার ব্যবস্থা এইসব মন্দিরের ভিক্ষুরাই করিয়া থাকেন। প্রতিবেশী সিয়ামের সহিত বিবাদের সূত্র ধরিয়া ফরাসীরা এ দেশে প্রবেশ করে ও ১৮৯৩-এ ফরাসী প্রোটেক্টোরেট রাজ্যে পরিণত করে। ১৯৪৬ পর্যন্ত ফরাসীরাই কর্তা ছিল।…২য় মহাযুদ্ধের শেষে জাতীয় আন্দোলনে লাওশিয়ানরা যোগদান করে। ফরাসীরা ১৯৪৯-জুলাই-এ লাওস-এর স্বাধীনতা স্বীকার করে, কিন্তু উহা ফরাসী ইউনিয়নের অংশ রূপেই থাকিয়া যায়। ১৯৫৩-এ কম্যুনিস্ট ভিয়েৎনাম এই দেশকে আক্রমণ করে। জেনেভার চুক্তির বলে ১৯৫৪ জুলাই-এ যুদ্ধ-বিরতি ঘোষিত হয়। আন্তর্জাতিক যুদ্ধবিরতি কমিশনের চেষ্টার ফলে বিবদমান দলের মধ্যে একটা আপস মীমাংসার সম্ভাবনা দেখা দিয়াছে। মনে হয়, অচিরে লাওস গণতান্ত্রিক স্বাধীন রাষ্ট্রে পরিণত হইবে। … দেশের রাজা শিবভাং ভং (Sivavang Vong)। রাজ্যের রাজধানী লুয়াং প্রবাং; কিন্তু রাষ্ট্র ব্যবস্থার কেন্দ্র হইল ভিয়েন-তিয়েন (জন. ১৩,১০০)।

**লাংকাশায়ার** (Lancashire), **লাংকাস্টার** : ইংলন্ডের কাউন্টি; এই কাউন্টির জনঘনতা সর্বাপেক্ষা বেশি। জন ৫১·১৬ লক্ষ। লাঙকাস্টার শহরে বহু বিচিত্র সামগ্রী প্রস্তুতের কারখানা আছে : সূতী, রেশমী, রেয়ন কাপড়; লিনোলিয়াম বুনটদ্রব্য, কলকব্জা, রেলওয়ের জিনিসপত্র প্রভৃতি।

**লাকসাম** (Laksam) : পূ. পাক.; ত্রিপুরা জেলা, কুমিল্লা সদর মহ.র থানা। আ. ১১৭ ব মা। শহরে ডাক, তারঘর; রেজি. অপিস (১৮৭৮)। রেল জংশন। চট্টগ্রাম ৮০ মা। কলিকাতা ২৮২ মা।

**লাগোস** (Lagos) : আফ্রিকা; নাইজেরিয়ার রাজধানী ও অতলান্তিক-গিনী উপসাগরের বন্দর। বহু শিল্পের কেন্দ্র; পাম তৈল, কোকো, রবার, তুলা, চামড়া, টিন প্রভৃতি কাঁচামাল রপ্তানি হয়। কিংস কলেজ, কুইনস কলেজ। জন. ১·৭৬ লক্ষ।

**লাঙ্গলবন্ধ** ( Langalbandha ) : পূ. পাক. ; ঢাকা জেলার গ্রাম, হিন্দু তীর্থস্থান। অশোকাষ্টমী তিথিতে ব্রহ্মপুত্র-স্নান উপলক্ষে চৈত্র-বারুণীর মেলা হয়। নারায়ণগঞ্জ হইতে ৪ মা দূরে পুরাতন ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত।

**লাটদেশ** ( Latadesa ) : প্রাচীন দেশ। দ. গুজরাট ও খান্দেশের অংশ, মাহী ও তাপ্তি নদীর মধ্যভাগস্থ ভূভাগকে প্‌টলেমি লারিক ( Larike ) বলিয়াছেন। অশোকের শিলালিপিতে লাঠিকা ও রাসিটকা নাম পাওয়া যায়।...রাঢ়দেশের অপর নাম।

**লাটবিয়া** (Latvia) : লাটবিয়ান সোবিয়েত সমাজবাদী প্রজাতন্ত্র (Latvijas Radomja Socialistiska Respublika) : সোবিয়েত যুক্তরাষ্ট্রের অন্যতম দেশ। আ. ২৪,৯০০ ব মা ; জন. ২১ লক্ষ ( '৫৪ )। প.—বাল্‌টিক সাগর, পূ—রুশিয়ান সোবিয়েত রাজ্য। দেশ সমতল, সমুদ্র উপকূল প্রায় ৩৪০ মা ; দেশের মধ্যে ৩০০-র অধিক হ্রদ। পাইন অরণ্য রাজ্যের এক-তৃতীয়াংশ। কৃষি ও পশুপালন প্রধান জীবনোপায়। রাজধানী রিগা (Riga)। অধিবাসীরা লেট (Lett) ; লেটিশ ভাষা ইন্দো-ইউরোপীয় ভাষাবর্গের অন্তর্গত।

**লাটুর** (Latur) : হায়দরাবাদ ( বর্তমান বোম্বাই, মারাঠা-ওয়াডা ) ; তালুক ও শহর। জন. ৩৫,৩৬৩।

**লাঠী** (Lathi) : সৌরাষ্ট্র রাজ্যের ( বর্তমানে বোম্বাই ) অন্তর্গত পূর্বতন করদরাজ্য। আ. ৪৮ ব মা ; জন. ১০,৮১২। রাজা বড়োদা ও জুনাগড়কে কর দিতেন।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৭৭,৫০০ টা ভাতা দেওয়া হয়।—শহর ( জন. ৬,৬০৩ )।

**লাডোগা** (Ladoga, Ladozhskoe) : সোবিয়েত রুশ ও ফিন্‌লন্‌ডের মধ্যবর্তী হ্রদ ; ইউরোপের বৃহত্তম হ্রদ। আ. ৭,১৩৫ ব মা। গভীরতা ৭৩৫ ফুট। ফিন্‌লন্‌ড উপসাগরের সহিত খালের দ্বারা যুক্ত। বর্তমানে হ্রদটি সম্পূর্ণভাবে সোবিয়েত রাষ্ট্রের অন্তর্গত।

**লাতিন আমেরিকা** (Latin America) : উত্তর-আমেরিকার অন্তর্গত মেক্সিকো, মধ্য-আমেরিকার ক্ষুদ্র রিপাবলিকগুলি এবং দ. আমেরিকার রাজ্যগুলিতে স্পেনীশভাষা ও একমাত্র ব্রাজিলে পোর্তুগীজ ভাষা চলিত। মেক্সিকো হইতে আর্জেন্টিনা পর্যন্ত ভূভাগকে লা. আ. বলে। লা. আ.-র জন. ১৯৫০-এ ১৬'২০ কোটি ; ১৬৫০-এ ছিল ৭০ লক্ষ। পৃথিবীর মোট স্পেনীশ ( ১৫ কোটি ) ও পোর্তুগীজ ( ৬'৩০ কোটি ) বা মোট ২১'৩০ কোটি এই ভাষাভাষীর মধ্যে ১৬'২০ কোটি লা. আ.-য় বাস করিতেছে।

**লান্‌ডোর** (Landour) : উত্তর প্রদেশের শহর ও স্বাস্থ্য-নিবাস। মুসুরির দক্ষিণ-পূর্বে অবস্থিত। ( দ্র. মুসুরি)।

**লান্‌সডাউন** (Lansdowne) : উত্তর প্রদেশ ; গঢ়বাল জেলার পার্বত্য শহর ; কোটদ্বার (দ্র.) মোটরে ২৬ মা।

**লাপলন্‌ড** (Lapland) : ইউরোপের উত্তরে নরওয়ে, সুইডেন ও ফিন্‌লন্‌ডের উ. মেরুবৃত্তের মধ্যে বিস্তৃত অনির্দিষ্ট ভূভাগ। এখানে লাপ (Lapp) নামে অর্ধ-যাযাবর জাতির বাস। আলাস্কাতেও ইহাদের উপ-নিবেশ আছে ; ইউরোপে লাপদের সংখ্যা ৩১ হা.।

**লা পাজ** (La Paz) : দ. আমেরিকার বলিবিয়া রাজ্যের রাজধানী, ১২,৪০০ ফুট উচ্চে পার্বত্য অধিত্যকায় অবস্থিত ; পৃথিবীর মধ্যে সর্বোচ্চ স্থানে অবস্থিত নগরী। প্রশান্ত মহাসাগরীয় বন্দর আরিকা রেল দ্বারা যুক্ত। ১৫৪৮ স্পেনীশদের দ্বারা স্থাপিত। জন. ৩ লক্ষ।

**লা প্লাটা** (La Plata) : দ. আমেরিকার উরুগয়ে ও পারানা নদীদ্বয়ের মিলিত ধারার নাম ; দৈর্ঘ্য ২০০ মা, প্রস্থ ১৫০ মা।...আর্জেন্টিনার শহর, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র। জন. ৩'২৫ লক্ষ ( '৪৭ )। এই নগরের নাম ১৯৫২ হইতে ইভা পেরন (Eva Peron)—আর্জেন্টিনার ভূতপূর্ব প্রেসিডেন্টের পত্নীর নামানুসারে।

**লাবরাডোর** ( Labrador ) : কানাডার ১০ম প্রদেশ নিউফাউন্‌ডলন্‌ড এর উত্তরতম জেলা। অতি শীত-প্রধান দেশ। আ. ১'১০ লক্ষ ব মা ; জন. ৭,৮৯০ ( '৫১ )। মৎস্য ব্যবসায় প্রধানতম জীবিকা। বহু কোটি টন লৌহচূরের সন্ধান পাওয়া গিয়াছে ; রাজধানী ব্যাটল হারবার (Battle Harbour)-এর জন. মাত্র ১০৮।...নরওয়েবাসী লাইফ এরিকসন কর্তৃক খ্রী. ১০০০ অব্দে লা আবিষ্কৃত হয় বলিয়া কিংবদন্তী।

**লাভপুর** (Labpur) : বীরভূম জেলা ; সিউরী সদর মহ.র থানা ও গ্রাম। থানার আ. ১০৪'৬৮ ব মা ; জন.

৬৬,৭৭৮ ; গ্রামের সংখ্যা ১৬০। মৌজা ১৮৩। থানার সমাজ-উন্নয়ন পরিকল্পনার আহমদপুর ব্লকের একটি সাব্-ব্লক এই থানায় অন্তর্গত। ...থানায় ৩ উচ্চ বিদ্যালয়। . গ্রাম—সিউরী, আহমদপুর, রামজীবনপুর সড়কের উপর অবস্থিত ; আহম. দ.-কাটোয়া রেলপথের স্টেশন ( ৮ মা ) ; কলিকাতা হইতে ১২০ মা। গ্রামে উচ্চ বিদ্যালয় ( ১৯০২ ), সরকারী হাসপাতাল, রেজি. অপিস ( ১৮৯২ ), পুলিশ স্টেশন, ধানকল প্রভৃতি আছে। এখানে সাহিত্য নাট্যাদি চর্চার কেন্দ্র ছিল। নাট্যকার নির্মলশিব বন্দ্যোপাধ্যায় ও ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় এই গ্রামের লোক।

**লামডিং** ( Lumding ) : আসাম ; নওগাঁ জেলার সদর মহ.র থানা ও শহর। থানার আ. ১৭৮ ব মা ; জন. ১৮,৬২৪। গ্রাম অঞ্চলের ঘনতা ১৯ মাত্র। শহরের জন. ১৫,২৭৮। পাণ্ডু হইতে ১১৮ মা।

**লায়ালপুর** (Lyallpur) : পাক-পঞ্জাব ; মুলতান বিভাগের জেলা, রেকনা দোয়াব মধ্যে অবস্থিত ; দ.—রাবি নদী। তুলা ও গম প্রধান উৎপন্ন ফসল। আ. ৩,৫২২ ব মা ; জন. ২১·৫৭ লক্ষ। জন সংখ্যা ১৯৩১-এ ছিল ৪·৫৭ লক্ষ। —শহর ( জন. ১,৮০,০০০ ) লাহোর হইতে ৯০ মা। এখানকার কৃষি কলেজ বিখ্যাত।

**লারকানা** ( Larkana ) : পাকিস্তান ; সিন্ধু প্রদেশের জেলা। সিন্ধুনদের দক্ষিণতটে সুজলা দেশ। আ. ৫০৯১ ব মা ; জন. ৭ লক্ষ। মহেঞ্জোদাড়োর ধ্বংস এই শহরের নিকটে। করাচি ২৮৪ মা।

**লা রোশেল** (La Rochelle) : ফ্রান্সের নগর ও বিসকে উপসাগর তীরস্থ বন্দর। ১৬-১৭ শতকে ফরাসী প্রোটেস্টান্ট বা হিউগোনটদের বিশিষ্ট নগর ছিল। জন. ৪৮ হা.।

**লালগোলা** ( Lalgola ) : মুর্শিবাবাদ জেলা ; লালবাগ মহকুমার থানা। আ. ৮৩·৫ ব মা ; জন. ৭৮,২৪৭ ; ঘনতা ৯৪৭। থানার এলাকার ৮৩ গ্রাম ; একটি মাত্র উচ্চ ইং. বিদ্যালয়। —শহর পদ্মাতীরে। অপর পারে পাকিস্তানের রাজসাহী জেলার গোদাগাড়ি ঘাট। কলিকাতা হইতে ১৪৫ মা ; এই লাইনের শেষ স্টেশন।

**লালবাগ** ( Lalbag ) : মুর্শিদাবাদ জেলার মহকুমা। থানা ৬টি ; মুর্শিদাবাদ, লালবাগ, ভগবানগোলা, রানীনগর, জিয়াগঞ্জ ও নবগ্রাম। মহকুমার আ. ৫২১ ব মা ; জন. ৩,৯৩,৮৭১ ; ঘনতা ৭৫৫। এই মহকুমার সদর লালবাগ মুর্শিদাবাদের নিকট। —লালবাগ কোর্ট রোড স্টেশন গঙ্গার পশ্চিমতীরে, কলি.-বারহারোয়া লাইনের স্টে. ১৩১ মা।

**লালমনির হাট** (Lalmanir Hat) : পূ. পাক. ; রংপুর জেলা, কুড়িগ্রাম মহ.র থানা ও শহর ; লালমনির হাট বড় রেলওয়ে কলোনী। পার্বতীপুর হইতে ৪৪ মা।

**লাশিও** (Lashio) : বর্মার উত্তর শান স্টেটের রাজধানী। পার্বত্য দেশের মধ্যে বর্মার ইহাই পূর্বতম রেল স্টেশন। ২য় মহাযুদ্ধের সময় লাশিও হইতে চীনের কুনমিং পর্যন্ত ৭০০ মা সড়ক নির্মিত হয়। উহাই 'বর্মা রোড়'। রেঙ্গুন হইতে ৫৬১ মা।

**লাসবেলা** ( Las Bela ) : পাকিস্তান ; বলুচিস্তানের অন্তর্গত করদরাজ্য। আ. ৭০৪৩ ব মা ; জন. প্রায় ৭৬ হা.। ১৯৪৮ মার্চে পাকিস্তানভুক্ত হয়।...রাজধানী লাসবেলার পশ্চিমে হিন্দুতীর্থ হিঙ্গলাজ ; প্রতি বৎসর বহু সাধু সন্ন্যাসীর সমাবেশ হয়।

**লাসোয়ারি** (Laswari) : রাজস্থান ; আলোয়ার হইতে ১২ মা পূর্বে গ্রাম। ২য় মরাঠাযুদ্ধে সেনাপতি লেক্ এইখানে সিন্ধিয়ার সৈন্যদলকে পরাভূত করেন ( ১৮০৩ নবেম্বর ১ )।

**লাহসা** (Lahsa) : তিব্বতের রাজধানী ; শব্দের অর্থ 'দেবভূমি'। ১২,০০০ ফুট উচ্চ মালভূমির উপর নগর অবস্থিত ; বিংশ শতকের গোড়ায় শরৎচন্দ্র দাস ছদ্মবেশে লাহসায় প্রবেশ করিয়া বহু তথ্য সংগ্রহ করেন। ইহার পর ইয়ংহাস্‌ব্যান্ড নামে ইংরেজের নেতৃত্বে ব্রিটিশ অভিযান লাহসায় প্রবেশ করিয়া বহু বাণিজ্যবিষয়ক সুবিধা করিয়া আসেন। কম্যুনিস্ট চীন পুনরায় তিব্বতে আপনার আধিপত্য বিস্তার করিয়াছেন। লাহসা এখন বহুল পরিমাণে আধুনিক ; বিদ্যুৎ-আলো, রেডিও স্টেশন, সিনেমা প্রভৃতি হইয়াছে। জন. ২০ হা.। দার্জিলিং হইতে পার্বত্য পথে ২৬০ মা।

**লাহিনীপাড়া** ( Lahinipara ) : পূ. পাক. ; কুষ্টিয়ার

নিকটবর্তী গ্রাম। মীর মসরফ হোসেনের জন্মভূমি। গোড়াই নদীর তীরে অবস্থিত।

**লাহেরিয়া সরাই** (Laheri Sarai): বিহার; দ্বারভাঙ্গা জেলার সদর শহর। নারকটিয়াগঞ্জ লাইনের স্টেশন। ব্যবসায়ের কেন্দ্র। দ্বারভাঙ্গা শহর ৩ মা দূরে। জন ৮৪,৮১৬। ঘৃতের মোকাম রূপে খ্যাত ছিল।

**লাহোর** (Lahore): (১) পাকিস্তান; প. পঞ্জাবের বিভাগ। পার্টিশনে লা. জেলার কসুর তহশীলের অর্ধাংশ ও গুরুদাসপুর জেলার শকরগড়া তহশীল পূর্ব-পঞ্জাবের অন্তর্গত হইয়াছে; এখন অমৃতসর ও গুরুদাসপুর জেলাদ্বয় লাহোর বিভাগ হইতে বাহির হইয়া গিয়াছে। বর্তমানে ৪ জেলা—লাহোর, শিয়ালকোট, গুজরনওয়ালা ও সায়েখপুরা। (২) পাক. পঞ্জাবের জেলা। তিনটি তহশীলের মধ্যে কসুরের অর্ধাংশ ভারতের মধ্যে আছে। আ. ২,১৯১ ব মা; জন. ১৮.৯৪ লক্ষ। পূর্বে আয়তন ছিল ২,৫৯৫ ব মা। (৩) শহর। প. পাকিস্তানের রাজধানী; ইরাবতী নদীতীরে। হিন্দু, শিখ, মুসলমানদের বহু প্রতিষ্ঠান শোভিত সুন্দর নগরী। প. পঞ্জাব বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র। পাঠান ও মুঘল যুগের বহু মসজিদ ও ইমারত আছে। জন. ৮.৫০ লক্ষ। দিল্লী ২৯৭ মা, করাচি ৭৫৫ মা।

**লিআও-নিঙ** (Liao-ning): চীন জনরাষ্ট্রের প্রদেশ; পূর্বতন লিআওটুঙ ও লিআও-সি নামে দুইটি প্রদেশ একত্র করিয়া ১৯৫৪ জুন মাসে এই নূতন প্রদেশ গঠিত হইয়াছে। রাজধানী শেন-ইয়াঙ (Shen-yang) বা মুকদেন। পোর্ট আর্থার এই দেশের মধ্যে। আ. ২৯,২০০ ব মা; জন. ১.২৫ কোটি।

**লিউবেক** (Lubeck): পশ্চিম জারমানির শ্লেজবিগ-হোল্‌স্টাইন প্রদেশের প্রধান শহর। জন. ২.৩৮ লক্ষ ('৫০)। ইহা ক্ষুদ্র রিপাবলিক ছিল।

**লিওপোল্ড্‌ভিল** (Leopoldville): আফ্রিকার বেলজিয়ান কংগোর রাজধানী ১৯২৩ হইতে। জন. ১.৯৭ লক্ষ (আফ্রিকান): বিদেশী ১০,৯৯৩ ('৫০)।

**লিচ্ছবি** (Licchavi): লিচ্ছবিদের দেশ। বর্তমান বিহারের মুজফ্‌ফরপুর জেলা। (দ্র. বৈশালী)।

**লিডিয়া** (Lydia): পশ্চিম এশিয়ার প্রাচীন রাজ্য। বর্তমান তুর্কী (বা এশিয়া মাইনর)-র মধ্যে অবস্থিত ছিল। আইওনীও গ্রীকরা ও ফ্রিজিয়ানরা রাজ্যের দুই দিকে বাস করিত। অতি প্রাচীন কাল হইতে লিডিয়ানরা সুদক্ষ নাবিক ও বণিক। মুদ্রার ব্যবহার তাহাদের দ্বারাই প্রথম প্রচলিত হয়। এখানকার রাজা ক্রোসাস (খ্রী. পূ. ৫৪৬) পারসিক সম্রাট কাইরুসের নিকট পরাভূত হইলে রাজ্য পা. সাম্রাজ্যভুক্ত হয়। খ্রী. পূ. ১৩৩-এ রোমান সাম্রাজ্যের অন্তর্গত হয়।

**লিডো** (Ledo): আসামের লখীমপুর জেলার শহর। এই স্থান হইতে ২য় মহাযুদ্ধের সময় বর্মায় যাইবার পথ নির্মিত হয়। ডিব্রুগড় হইতে রেলপথে ৬৪ মা।

**লিথুনিয়া** (Lithunia: Lictuva; Lietuvos Tarybine Socialistire Respublika): ইউরোপের বাল্‌টিক সাগর তীরস্থ পূর্বতন স্বাধীন রাষ্ট্র; ১৯৪০ হইতে সোবিয়েত রাষ্ট্রসমূহের অন্যতম স্টেট। আ. ২৫,২০০ ব মা; জন. ২৭-২৮ লক্ষ।...লিথুনীয়দের ভাষার সহিত সংস্কৃতের সাদৃশ্য দেখা যায়। রাজধানী ছিল কোভনো (Kaunos, Kovno); পোলন্‌ডের নিকট হইতে ভিলনা লইয়া সেখানে রাজধানী হইয়াছে।

**লিপারি** (Lipari Islands): ভূমধ্যসাগরে সিসিলির উত্তরে দ্বীপগুচ্ছ; ইতালীর রাজ্যাংশ। আ. ৪৫ ব মা; জন. ১৪ হা.। স্ট্রম্‌বলি জীবন্ত আগ্নেয়গিরি এই দ্বীপ মধ্যে। লিপারি একটি উত্তম পোতাশ্রয়।

**লিবিয়া** (Libya): উত্তর আফ্রিকার স্বাধীন মুসলীম স্টেট; টিউনিস ও মিশরের মধ্যে ভূমধ্যসাগর তীরে অবস্থিত। প্রাকৃতিক ৩টি অঞ্চল—উপকূল, অর্ধমরু ও মরু; রাজ্যের দক্ষিণাংশ মরুময়। উপকূলে তামাক, যব, গম, কমলালেবু, জলপাই-এর চাষ হয়। উটপাখীর পালক, হস্তিদন্ত, পশুচর্ম প্রভৃতি দক্ষিণ দেশ হইতে রপ্তানির জন্য আসে।...রেললাইন ২৫০ মা। আ. ৬,৭৯,৩৮৮ ব মা; জন. প্রায় ১১ লক্ষ। অধিবাসীর মধ্যে আরব মুসলমান অধিক। তবে বার্বার ও নিগ্রোদ্ভব জনতাও কম নহে।...১৬ শতকে তুর্কীদের দ্বারা এই দেশ অধিকৃত হয়। ১৯১৩ পর্যন্ত উহা তুর্কীদের বিলায়েৎ (প্রদেশ) রূপে শাসিত হয়। তৎপরে ইতালির অধিকৃত দেশ। ইতালীয়দেরই সময়

এই রাজ্য ত্রিপোলিটনিয়া ও সাইরিনিকা প্রদেশে বিভক্ত ছিল। ১৯৫১-ডিসেম্বর সাইরিনিকার আমীরকে সমগ্র লিবিয়ার রাজা করিয়া দেওয়া হয়। রাজধানী ত্রিপোলি ও বেন্‌গাজি; বেন্‌গাজি রাজ্যের বন্দর।

**লিভারপুর** ( Liverpool ): ইংলন্‌ডের বন্দর ও নগর; মারসি (Mersey) নদীর খাড়িতে বহু দূর বিস্তৃত ডক্; গ্রেট ব্রিটেনের সিকি আমদানি ও অর্ধেকের উপর রপ্তানি এই বন্দর মারফত চলে। বহু শিল্পের কেন্দ্র। লবণ রপ্তানির প্রধান বন্দর। জন. ৭·২৫ লক্ষ ('৫২)। বিশ্ববিদ্যালয় ( ১৯০৩ )।

**লিভিংস্টোন** ( Livingstone ): আফ্রিকার উত্তর রোহ্‌ডেশিয়ার নগর; পূর্বে রাজধানী ছিল। দ. আফ্রিকার বৃহত্তম ও আধুনিকতম বিমান বন্দর এইখানে অবস্থিত। নিকটে ভিক্টোরিয়া জলপ্রপাত।

**লিমডী** ( Limbdi ): পূর্বতন পশ্চিম ভারত স্টেটস এজেন্সির বা কাঠিয়াবাড়ের করদরাজ্য। আ. ৩৪৪ ব মা; জন. ৪৪,০২৪। রাজ্যের আয় ছিল প্রায় ৮ লক্ষ টাকা; কর দিতে হইত ৫৪,৫৭১ টাকা। ১৯৪৮ এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজা ( ঠাকুর সাহেব )-কে ২,৩০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...সৌরাষ্ট্র ইউ-নিয়নের জলওয়াড ( Zalawad ) বিভাগের জেলা, বর্তমান বোম্বাই রাজ্যের অন্তর্গত। ... শহর বা পূর্বতন রাজধানীর জন. ১৮,২৯২। অহমদাবাদ হইতে ১০২ মা।

**লিমা** (Lima): দ. আমেরিকার পেরু রাজ্যের রাজধানী। ১৫৫৫-এ স্পেনীশ সাহসিক পিজারো কর্তৃক স্থাপিত। এখানে পিজারোর কবর আছে। জন. ৮·৩৬ লক্ষ ( ৫১ )। প্রশান্তসাগরীয় বন্দর কালাও হইতে ৭ মা।

**লিলুয়া** ( Lillooah ; Lilua ): হাওড়া নগরীর উত্তরে ৩ মা. দূরে বালি থানার শহর। পূর্বভারত রেলপথের বিরাট ওয়ার্কশপ ও রেলকলোনী। জন. ৭,৬৮০।

**লিসবন** ( Lisbon ): পোর্তুগলের রাজধানী; টাগাস নদীর উপর অতলান্তিকের পোতাশ্রয়। ১৭৫৫-এ ভূমিকম্পে নগর প্রায় নিশ্চিহ্ন হইয়াছিল। ইহার পর আধুনিক নগরের পত্তন হয়। জন. ৭·৮৪ লক্ষ ('৫০)।

**লিয়াও-টুঙ্** ( Liao-Tung ): চীন জনরাজতন্ত্রের ৩২ প্রদেশের অন্যতম। জন. ৮৫·৬০ লক্ষ। ...রাজধানী আন-টুঙ্। ইয়ালু ( Yalu ) নদী এই প্রদেশের মধ্য দিয়া প্রবাহিত। পোর্ট আর্থার বন্দর এই প্রদেশে অবস্থিত। রুশ জাপানের যুদ্ধের পর ১৯০৫-৪৫ পর্যন্ত জাপান এই অঞ্চলের মালিক ছিল।

**লীওয়ার্ড দ্বীপপুঞ্জ** ( Leeward Island ): পশ্চিম ইন্‌ডিসের দ্বীপাবলী; ফেডারেশন লইয়া ব্রিটিশ কলোনী; আন্‌টিগুআ, ভার্জিন, সেণ্ট ক্রিসটোফর, নেভিস, মনটেসেরাট প্রভৃতি। সমগ্র ফেডারেশনের আ. ৪২৩ ব মা; জন. ১·০৮ লক্ষ।

**লীড্‌স** ( Leeds ): ইংলন্‌ডের ইয়র্কশায়ারের শিল্প নগর; পশম বয়নের বিশিষ্ট কেন্দ্র। জন. ৫·০৪ লক্ষ ('৫১)। বিশ্ববিদ্যালয়, গ্রন্থাগার ও মিউজিয়াম।

**লীজ** ( Liege ): বেলজিয়ামের শহর; শিল্প কেন্দ্র। বিশ্ব-বিদ্যালয়। জন. ১·৫৬ লক্ষ ( '৫২ )।

**লুইজিয়ানা** ( Louisiana ): মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট। ফ্রান্‌সের কলোনী ( ১৬৮২ ) ছিল; ১৮০৩-এ নেপো-লিওন যুক্তরাষ্ট্রের নিকট ৩০ লক্ষ পাউণ্ড মূল্য নিয়া বিক্রয় করে। আ. ৪৫,৫০৬ ব মা। জন. ২৬·৮৩ লক্ষ ('৫০)। এই স্টেটে ৮ লক্ষ নিগ্রোর বাস। রাজধানী বাতোন রুজ; নিউ অরলিনস বৃহত্তম নগর।

**লুক্‌সেমবুর্গ** ( Luxemburg ): ইউরোপের স্বাধীন দেশ। বেলজিয়াম, ফ্রান্‌স ও জারমানির মধ্যে অবস্থিত। আ. ১ হা. ব মা; জন. ৩ লক্ষ। লোহের খনি ও ইস্পাতের কারখানা আছে। ১৯৪৮-এ বেলজিয়াম, নেদারলন্‌ড্ ও লুক্‌সেমবুর্গ-এর মধ্যে অর্থনৈতিক বন্ধন হয়; উহার সাংকেতিক নাম Be-Ne-Lux।

**লুগাসি** ( Lugasi, Lughasi ): পূর্বতন মধ্যভারত বুন্দেলখণ্ড এজেন্সির করদরাজ্য। আ. ৪৫ ব মা; জন. ৭,১৫২। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১০,১০০ টাকা ভাতা দেওয়া হয়।...বিন্ধ্যপ্রদেশের অন্তর্গত ( বর্তমান মধ্যপ্রদেশ ) শহর। নওগাঁও-এর ৮ মা পূর্বে।

**লুঙলে** ( Lungleh ): আসাম; লুসাই পার্বত্য জেলার মহ.। আ. ৩,২৮২ ব মা; জন. ৬০,২১৭; ঘ. ১৮।

**লুধিয়ানা** ( Ludhiana ): পূ.-পঞ্জাব; জলন্ধর বিভাগের জেলা। আ. ১,৩৯৯ ব মা; জন. ৮·১৮ লক্ষ। এখানে গবর্নমেন্ট হোসিয়ারী ইনস্টিটিউট, মেডিকাল স্কুল,

সাধারণ ও ইনজিনীয়ারিং কলেজ প্রভৃতি আছে। বয়নশিল্পের জন্য প্রসিদ্ধ স্থান। —শহর শতদ্রুর নিকট; জন. ১,৫৩,৭০৫। দিল্লী হইতে ১৪৯।

**লুনাওয়াড়া** (Lunavada,—wada): পূর্বতন গুজরাট স্টেটস এজেন্সির করদরাজ্য। আ. ৪১৯ ব মা; জন. ১,০৫,৩১৮। রাজ্যের আয় ছিল প্রায় ৬ লক্ষ টাকা। রাজারা সোলাংকি বংশীয় রাজপুত। রাজা নরেন্দ্র-মণ্ডলের সদস্য ও ৯ তোপের সম্মান পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১,৩১,০০০ টাকা ভাতা দেওয়া হয়।...বর্তমানে বোম্বাই রাজ্যের পঞ্চমহল জেলার তালুক। আ. ৩৬০ ব মা; জন. ১,১৪,০৮৩। মিউনি—শহর (জন. ১৪,৭৩২), দিল্লী ৭৪ মা।

**লুম্বিনী** (Lumbini): সিদ্ধার্থ গৌতম বুদ্ধের জন্মস্থান। নেপাল-তরাইএর রুম্মিনদাই (দ্র.); কপিলবাস্তু (দ্র.) হইতে ১০ মা পূর্বদিকে। উ. প্রদেশ, বস্তি জেলার পাদেরিয়া গ্রামের সন্নিহিত স্থান।

**লুর্দ** (Lourdes): ফ্রান্সের দ. পশ্চিমে পীরিনীস পর্বতের পাদদেশের এক গ্রামে ১৮৫৮ অব্দে একটি বালিকার কাছে খ্রীষ্টমাতা ভার্জিন মেরী আবির্ভূত হন। যে গুহার নিকট এই আবির্ভাব হয় সেখানে বিরাট চার্চ নির্মিত হইয়াছে; প্রতি বৎসর প্রায় ৬ লক্ষ ভক্ত এই তীর্থে উপস্থিত হয়; নিকটে কুণ্ডে লোকে স্নান করে; ২০ আগস্ট মহোৎসব হয়।

**লুরেনশো মারকোএস** (Lourenso Marques): পোর্তুগীজ পূর্ব-আফ্রিকা বা মোজাম্বিকের রাজধানী। বর্তমান নগর ১৮৫০-এ স্থাপিত। বিমান বন্দর। জন. ৯৩ হা.।

**লুসাই পর্বত** (Lushai Hills): আসাম রাজ্যের পার্বত্য জেলা; বর্তমানে মিজো (Mizo) নামও চলিত। ২ মহকুমা—আইজল ও লুংলে। লুসাইরা পার্বত্য উপজাতি, যুদ্ধপ্রিয় ছিল। ইহাদের বিরুদ্ধে ইংরেজরা ১৮৭১-এ সামরিক অভিযান পাঠাইয়াছিল। ১৮৯০-এ ভারতভুক্ত হয়।...আ. ৮,১৪৩ ব মা; জন. ১·৯৫ লক্ষ।...রাজধানী আইজল (দ্র.)। ১৯৫১-এ হিন্দু ৬,৪৭০; মুসলমান ১৩১। খ্রীষ্টান ১,৭৭,৫৭৫।

**লুসার্ন** (Lucerne; Luzern): সুইট্‌জরলন্‌ড-এর হ্রদ। দীর্ঘ ২৩ মা; প্রস্থ ২-৩ মা। উরী প্রভৃতি কয়েকটি হ্রদ ইহার সহিত যুক্ত; এই হ্রদতীরে সুইস্-দের প্রথম স্বাধীনতা ঘোষিত হয়।—শহর (জন. ৬১ হা.) পর্যটকদের প্রিয় স্থান। লু. হ্রদের সহিত সুইস বীর উইলিয়াম টেলের (Tell) রোমাঞ্চকর জীবন-কাহিনী যুক্ত। অধিবাসীরা জারমানভাষী।

**লে** (Leh): কাশ্মীর রাজ্যের জেলা লদাকের প্রধান শহর, সিন্ধুনদের তীরে, ১১,৫০০ ফুট উচ্চ পার্বত্য দেশে অবস্থিত। অধিবাসীরা তিব্বতী ও বৌদ্ধধর্মী। জন. ৩,৩৭২।...শ্রীনগর হইতে ১৫০ মা পূর্বে।

**লেক ডিস্‌ট্রিক্‌ট** (Lake District): ইংলন্‌ডের কম্ব্যারলন্‌ড ও ওয়েস্টমোরলন্‌ড কাউন্টিদ্বয়ের সাধারণ নাম। ইংরেজি সাহিত্যের ইতিহাসে এই অঞ্চল বিখ্যাত। ওয়ার্ডসওয়ার্থ, কোলরীজ, সাউদি ও আধুনিক যুগে ভার্জিনিয়া উলফ প্রভৃতির জীবনের সহিত এই স্থানগুলি যুক্ত। ওয়ার্ডসওয়ার্থের একস্‌কারশন (The Excursion) নামে কাব্য এই জেলার বর্ণনা।

**লেক সাক্‌সেস** (Lake Success): মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক মহানগরের শহরতলী; মানহাটানের নিকটে ইউনাইটেড নেশনসের অপিস; ১৯৫২-এ ৬৫ মিলিয়ন ডলার ব্যয়ে নির্মিত হইয়াছে।

**লেগহর্ন** (Leghorn; Livorno): ইতালি, পশ্চিম টাস্‌কানির সমুদ্র বন্দর ও ভ্রমণ স্থান। জন. ১·১০ লক্ষ।

**লেনা** (Lena): সোবিয়েত সাইবীরিয়ার নদী (২,৯০০ মা)। বহু উপনদীপুষ্ট লেনার অববাহিকার ক্ষেত্রফল প্রায় ১০ লক্ষ বর্গ মাইল। বৈকাল হ্রদের নিকট পর্বতে উঠিয়া আরক্‌টিক মহাসাগরে পড়িতেছে। নদীমুখ ২-৪ মাস বরফাবৃত থাকে। মে-নবেম্বর মোহনা হইতে স্টীমার ২,১৩৫ মা. ভিতরে যাওয়া-আসা করে।

**লেনিনগ্রাড** (Leningrad): সোবিয়েত রুশের নগর ও বন্দর। নেভা নদীর মোহনায়, বাল্‌টিক সাগরের শাখা ফিন্‌লন্‌ড উপসাগরের মুখে অবস্থিত। ১৭০৬ সম্রাট পিটার এইখানে রাজধানী নির্মাণ করেন। তখন হইতে ১ম মহাযুদ্ধের পূর্ব পর্যন্ত নগরের নাম ছিল সেন্ট-পিটার্সবার্গ। ১৭০৩ হইতে ১৯১৮ পর্যন্ত রুশিয়ার রাজধানী। ১৯১৪-এ যুদ্ধ আরম্ভ হইলে এই নগরের

নাম হয় পেট্রোগ্রাদ। ১৯২৪ জানুয়ারি মাসে লেনিনের মৃত্যুর পর নগরের লেনিনগ্রাড নাম দেওয়া হয়।... ১৭২৫ রুশীয় বিজ্ঞান আকাদেমি, ১৮১৯-এ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। আকাদেমির গ্রন্থাগারে ১ কোটি ১০ লক্ষ গ্রন্থাদি আছে। পাবলিক লাইব্রেরিতে ৬০ লক্ষ বই আছে। জন. ৩১·০১ লক্ষ ('৩৯)।

**লেবানন** ( Lebanon ; al-Jamouriya al-Lubana-niya ) : এশিয়ার পশ্চিমে ভূমধ্যসাগর তীরস্থ রিপাবলিক রাষ্ট্র। পার্বত্য। দেশ দৈর্ঘ্যে ১৩৫ মা, প্রস্থে ২৫-৫০ মা। রাষ্ট্রের আ. ৩,৪৭৫ ব মা ; জন. ১৪·৫০ লক্ষ ; ঘনতা ৪১৭। অধিবাসীদের প্রায় ৭ লক্ষ খ্রীষ্টান, ৬ লক্ষ মুসলমান। প্রাচীন ফিনিশিয়া ইহারই উপকূলে ছিল। ১ম মহাযুদ্ধের পর ফরাসীরা লেবাননের সীমানা ( ১৯২০ ) নির্ধারিত করিয়া ১৯২৬-এ লেবানন রিপাবলিক সৃষ্টি করে। ২য় মহাযুদ্ধের সময় ( ১৯৪১, নবেম্বর ২৬ ) লেবানন স্বাধীনতা ঘোষণা করে। রাজধানী বেরুত ( Beirut )। এখানকার বন্দর ত্রিপোলিতে ইরাকের পেট্রোলিয়াম খনি হইতে পাইপ-লাইন আসিয়াছে। সাইদা নামে অন্য বন্দরে সাউদি আরাবিয়ার তৈল অন্য পাইপ-লাইন দিয়া আসে ; বন্দরে তৈল সাফাই-এর কারখানা আছে। বেরুত আন্তর্জাতিক বিমানপথের বিশিষ্ট বন্দর। এই রিপাবলিকের সভাপতি খ্রীষ্টান ও প্রধানমন্ত্রী মুসলমান হইয়া থাকে।

**লেভান্ট** ( Levant ) : ভূমধ্যসাগরের পূর্বাংশের নাম।

**লোকার্নো** ( Locarno ) : সুইট্জরলনডের শহর ; মাজ্জিওর ( Maggiore ) হ্রদের তীরে, সেন্ট গোথার্ড সুরঙ্গের পূর্বে রেল-স্টেশন ; এইখানে ১৯২৫ অক্টোবরে ইউরোপীয় প্রধান শক্তিসমূহের বৈঠক বসে।

**লোজান** (Lausanne) : সুইট্‌জরলন্ডের শহর ; জেনেভা হ্রদের তীরে ; পুরাতন শহর, ২ বিশ্ববিদ্যালয় ( ১৫৩৭ ; ১৮৯০ )। জন. ১·০৬ লক্ষ। ১৯২৩, জুলাই ২৪ এইখানে ১ম মহাযুদ্ধের পর তুর্কীর সহিত মিত্রশক্তির সন্ধিপত্র সহি হয়। ...১৯৩২-এ জারমানির ক্ষতিপূরণের অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থার জন্য ইউরোপীয় শক্তিপুঞ্জের সভা বসে।

**লোদি** ( Lodi ) : ইতালি ; লম্বার্ডি প্রদেশের মিলান হইতে ১৮ মা দ.-পূর্বে অবস্থিত শহর ; ১৭৯৬-এ নিকটস্থ নদীতীরে যুদ্ধে নেপোলিয়ন অস্ট্রিয়ান সৈন্যদের পরাভূত করেন।

**লোণাবলা** (Lonavla ) : বোম্বাই ; পুণা জেলার শহর ; ভোর গিরিপথের পরে পার্বত্য মালভূমির উপর অবস্থিত ( ২০২৭ ফুট )। রেলের বিরাট কলোনী। জন. ১৬,৭৭১। কুবলয়ানন্দের যৌগিক আশ্রম ও স্বাস্থ্যকেন্দ্র আছে।

**লোপবুরি** ( Lopburi ) : প্রদেশ থাই ( সিয়াম )-এর শহর ; ব্যাংকক হইতে রেলপথে ৭৫ মা উত্তরে লোপ. নদীতীরে অবস্থিত। ইহা প্রাচীনকালের লাবো ( Lavo ); এখানে ৭-৮ শতকে মন্‌বংশীয় রাজারা ও ১০-১৩ শতকে খ্‌মের জাতীয় রাজারা রাজত্ব করিতেন। প্রাচীন যুগের বহু ধ্বংসাবশেষ আছে। ১৭ শতকে নির্মিত এক প্রাসাদ এখন স্থানীয় মিউজিয়াম। ... জন. ৮ হা.।

**লোমে** ( Lome ) : ফরাসী পশ্চিম আফ্রিকার টোগো উপনিবেশের রাজধানী ও সমুদ্র বন্দর। জন ৩০ হা.।

**লোয়ানডা, লুয়ানডা** ( Loanda, Luanda, Sao Paolo de Luanda ) : আঙগোলা বা পোর্তুগীজ পশ্চিম আফ্রিকার অতলান্তিক মহাসাগর তীরস্থ বন্দর ও রাজধানী ; বিমান বন্দর। জন. ১৬ হা.।

**লোরেন** ( Lorraine ) : ফ্রান্সের পূর্বতন প্রদেশ ; বর্তমানে এই নাম চলিত নাই। ১৮৭১ ফ্রাংকো-প্রুশিয়ান যুদ্ধের পর আলসেস (দ্র.) ও লোরেন জারমান সাম্রাজ্যভুক্ত হয়। ১ম মহাযুদ্ধের পর ভার্সাই সন্ধি ( ১৯১৯ ) অনুসারে উহা ফ্রান্স ফিরিয়া পায়।

**লোহারু** ( Loharu ) : পঞ্জাবের করদরাজ্য। আ. ২২৬ ব মা ; জন. ২৮ হা. ( '৪১ )। রাজ্যের আয় ছিল ১·৬৯ লক্ষ। ১৯৪৮ ফেব্রু. এই রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৫০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। —দিল্লী-বিকানীর রেলপথের স্টেশন ( ১০৯ মা )। —পঞ্জাব হিসার জেলার শহর ছিল ; ১৯৫৬ রাজ্য-পুনর্গঠন ব্যবস্থায় এই তহশীল রাজস্থানের ঝুনঝুনু জেলাভুক্ত হইয়াছে।

**লোহিত** ( Lohit ) : ব্রহ্মপুত্রনদের উপনদী। আসাম ও নে-ফার মধ্য দিয়া সাইখোয়া ঘাটের পাশ দিয়া দিব্রুং-এর সহিত মিশিয়া ব্রহ্মপুত্রে পড়িতেছে।

**লোহিত সীমান্ত বিভাগ** ( Lohit Frontier Division ) : নে-ফা ( NEFA )-র বিভাগ; দিব্রুং ও লোহিত নদীর অববাহিকামণ্ডল লইয়া গঠিত। শাসনকেন্দ্র তেজু ( Tezu )। দিব্রুং-এর তীরে নিজামঘাট ব্যবসায়ের কেন্দ্র। এই অঞ্চলের লৌকিক নাম মিশ্‌মি পাহাড়; এখানকার উপজাতিদের নাম — মিজু, দিগারু, পদম্‌, খামতি, সিংফো। ইহাদের মধ্যে কয়েকটি জাতি বয়নশিল্পে পারদর্শী।

**লোহিত সমুদ্র** ( Red Sea ) : আফ্রিকার মিশর, সুদান, ইরিত্রিয়া ও এশিয়ার আরাবিয়ার মধ্যস্থিত সাগর; ভারত মহাসাগর হইতে প্রবেশ পথ বাবলমনডব প্রণালী। উত্তরে মিশরের সিনাই উপদ্বীপ। সুয়েজ খাল কাটা হওয়ায় (১৮৫৯-১৮৬৯) ভূমধ্যসাগরের সহিত এখন উহা যুক্ত। এই সাগরের গড় গভীরতা ১,৬১১ ফুট, গভীরতম অংশ ৭,২৫৪ ফুট ( পোর্ট সুদানের নিকট )। দীর্ঘ ১২০০ মা; ১০০-২০০ মা প্রস্থ। ইউরোপ হইতে এশিয়া, অস্ট্রেলিয়ায় জলপথে আসিবার হ্রস্বতম পথ।...মক্কায় হজ করিতে যাইবার প্রধান জলপথ; জিদ্দা বন্দর হইতে যাইতে হয়। লোহিত সাগরতীরস্থ বন্দর—ইয়েমেন রাজ্যের মোচা, সউদি আরাবিয়ার জিদ্দা, সুদানের সুয়াকিন ও পোর্ট সুদান, ইরিত্রিয়ার মাসোয়া, মিশরের কুসির ও সুয়েজ, ইসরেইলের আকাবা।

**লৌরিয়া নন্দনগড়** ( Lauriya-Nandangarh ) : বিহারের চম্পারন জেলার বেতিয়া মহকুমার গ্রাম, গণ্ডক নদের বামতটে। বেতিয়া শহর হইতে ১৬ মা উ.-পশ্চিমে অবস্থিত। এইখানে অশোকের শিলাস্তম্ভ আছে।

**লৌহজঙ্গ, লোজং** ( Lohajang ) : পূ. পাক.; ঢাকা জেলা, মুন্সীগঞ্জ মহ.র থানা। আ. ৪৭ ব মা। গ্রাম, ডাকঘর পদ্মাতীরে। গোয়ালন্দ-নারায়ণগঞ্জ স্টীমার পথের স্টেশন।

**শতদ্রু** (Satradru, Sutlej river) : সপ্তসিন্ধুর অন্যতম; বর্তমান সাট্‌লেজ (Sutlej); প্‌টলেমির Zaradros ও প্লিনির Hesydrus। এক সময়ে ইহা স্বাধীনভাবে কচ্ছ উপসাগরে পড়িত; এখন সিন্ধুনদে পড়িতেছে। ভারত সীমান্তের বাহিরে তিব্বতে কৈলাস পর্বতের নিকটস্থ মানস সরোবরের দক্ষিণে রাক্ষসতাল হ্রদ ( উচ্চতা ১৫,০০০ ফুট ) হইতে নির্গত হইয়া শিপকী (Shipki) গিরিপথ ভেদ করিয়া ভারত মধ্যে প্রবেশ করিয়াছে। গিরিপথের পরেও ভারত প্রবেশের পূর্বে, পশ্চিম হইতে সংপীতি নদীর ধারা আসিয়া শতদ্রুতে পড়িয়াছে।... বিপাশা, চেনাব (চন্দ্রভাগা) নদীদ্বয় শতদ্রুতে মিশিয়াছে। অনেকগুলি খাল জলসেচনের জন্য এই নদী হইতে কাটা হইয়াছে। সিরহিন্দ খাল হিসার, নাভা ও লুধিয়ানা অঞ্চলের কৃষিক্ষেত্রে জলসেচন করিতেছে। শতদ্রুর জল পূর্বপঞ্জাব ও পাক-পঞ্জাবাংশের মধ্য দিয়া প্রবাহিত। ভাকরা বাঁধ এই নদীর উপর নির্মিত।

**শবরদেশ** (Sabaradesa) : প্রাচীন ভারতের আদিবাসীদের বাসভূমি; প্‌টলেমির Sabarai ও প্লিনির Suari বলিয়া অনুমিত। দ. ভারতে পেন্নার নদীর দক্ষিণাংশে ও ওড়িশার মধ্যে শবরদের বাস আছে।

**শম্ভল, সম্ভল** (Sambhal) : পুরাণ মতে কল্কি অবতার এখানে আবির্ভূত হইবেন।.. উত্তর প্রদেশ, মুরাদাবাদের অন্তর্গত স্থান।

**শলাতুর** (Salatore) : মহাবৈয়াকরণ পাণিনীর জন্মস্থান। প. পঞ্জাবের ওহিন্দ শহরের উ.-প.-এ লাহুর নামক গ্রাম প্রাচীন শলাতুর বলিয়া সনাক্ত করা হইয়াছে। ৭ শতকে হুয়েনৎসাঙ এইখানে পাণিনীর মূর্তি দেখিয়াছিলেন। ওহিন্দ প্রাচীন উদভাণ্ডপুর (দ্র.)।

**শাকল, সাগল** (Sakala, Sagal) : প্রাচীন ভারতের দেশ। মহাভারতমতে মদ্রদের রাজধানী। ..বক্ত্রিয়া (Bactria) হইতে বিতাড়িত গ্রীক্ রাজা ডেমেট্রিয়াস এখানে রাজধানী করেন। পিতার নাম স্মরণে নগরের নাম দেন Euthydemia। ৬ শতকে হুন সর্দার মিহিরকুলের রাজধানী। পাক-পঞ্জাবের শিয়ালকোট প্রাচীন শাকল বলিয়া অনুমিত হয়।

**শাঁখহাটি, শেখহাটি** (Sankhati) : পূ. পাকিস্তানের

গ্রাম; কলিকাতা-খুলনা রেলপথের সিঙগিয়া স্টেশনের (৮৪ মা) নিকট ভৈরব নদের তীরে পুরাতন স্থান। বল্লালসেনের রাজ্যের পঞ্চভুক্তির অন্যতম বগড়ির রাজধানী ছিল (দ্র. বগড়ি)।

**শাং-হাই** (Shang-hai): চীনের নগর; বহুবিধ শিল্পের কেন্দ্র ও বন্দর; এশিয়ার অন্যতম বৃহৎ শহর (জন. ৫৪·০৭ লক্ষ)। ইয়াংসে নদীর মোহনায় প্রশান্ত মহাসাগরের তীরে অবস্থিত।... ১৯ শতকের মধ্যভাগে এই স্থান ইউরোপীয়দের দৃষ্টি আকর্ষণ করে। ১৮৪২ হইতে শাং. চীনের অন্যতম ট্রিটী পোর্ট। শতাধিক বৎসর বিদেশী শক্তিরা এখানে প্রভুত্ব করে। ২য় মহাযুদ্ধের সময়ে জাপানীদের দখলে ছিল। ১৯৪৫ হইতে চীনের দখলে আসে। চীনের বৈদেশিক বাণিজ্যের অর্ধেক এই বন্দর মারফত চলে।

**শান্-টুং** (Shan-tung): চীনের প্রদেশ। তাই-শান নামে পবিত্র পর্বতের পূর্বে (তাই) অবস্থিত বলিয়া নাম শান-টুং। এই প্রদেশ কুংফুৎসু ও মাওৎসু (Mencius)-এর জন্মস্থান। .. কয়লা, লৌহ, তামা, সীসা, সোনা প্রভৃতি খনিজ সম্পদপূর্ণ দেশ।...আ. ৫৫,৮৫৫ ব মা; জন. ৪·০৫ কোটি। রাজধানী ৎসি-নান (Tsi-nan)।

**শানন** (Shannon): আয়ার-এর দীর্ঘতম নদী (২৪০ মা); ডাবলিনের সহিত খালের দ্বারা যুক্ত। পার-অতলান্তিকের অন্যতম শ্রেষ্ঠ বিমানবন্দর শাননের তীরে।

**শান-সি** (Shan-si): চীনের প্রদেশ। চীনের পবিত্র পর্বত তাই-শান-এর পশ্চিমে (সি) অবস্থিত বলিয়া শান-সি নাম। মহাপ্রাচীর প্রদেশের মধ্য দিয়া গিয়াছে। বহু খনিজ সম্পদপূর্ণ, বিশেষভাবে কয়লা। হোয়াং হো পশ্চিমে প্রবাহিত; প্রচুর তুলার চাষ হয়।...আ. ৮১,৮৫৮ ব মা; জন. ১·০৮কোটি। রাজধানী তা'ই-ইউয়ান।

**শান্-স্টেটস্** (Shan States): বর্মা, সিয়াম, লাওস ও চীনের ইউনান প্রদেশে শান্ বা থাই (অর্থাৎ স্বাধীন লোক) নামে মংগোলীয় উপজাতির অনেকগুলি অর্ধ-স্বাধীন স্টেট আছে। তাউংগজি (Taunggyi)-তে শাসন কেন্দ্র স্থাপন করিয়া ফেডারেটেড্ শান রাজ্য গঠিত হয়। উত্তর-শান রাজ্যের আয়তন ২০,১৫৬ ব মা; জন. ৬·৯০ লক্ষ ('৪১)। দক্ষিণ-শান রাজ্যের আ. ৩৬,:৫৭ ব মা; জন. ৯·২৭ লক্ষ ('৪১)। ইউনানের পশ্চিমে ওআ (Wa) নামে শানদের সংখ্যা ৮·২৭ লক্ষ ('৪১)। বর্মা স্বাধীন রাজ্য হইবার পর ইহাদের সহিত নূতন ব্যবস্থা হইতেছে।

**শান্তিনিকেতন** (Santiniketan): বীরভূম জেলার সদর সিউরী মহকুমার বোলপুর থানার অন্তর্গত স্থান। বোলপুর হইতে দেড় মা উত্তরে। ১৮৬৩, ১ মার্চ (১২৬৯, ১৮ ফাল্গুন) রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা দেবেন্দ্রনাথ এইখানে ২০ বিঘা জমি রায়পুরের জমিদার সিংহদের নিকট হইতে ক্রয় করেন। দেবেন্দ্রনাথ ১৮৮৭ ট্রাস্ট ডীড করিয়া শান্তিনিকেতনের বাড়ি ও জমি উৎসর্গ করেন ও পরিপোষণের জন্য নিজ জমিদারীর কিয়দংশ দেবত্র করেন। ১৮৯১-এ ব্রহ্মমন্দির নির্মিত হয়।... ১৯০১, ২২ ডিসেম্বর রবীন্দ্রনাথ এইস্থানে ব্রহ্মচর্যাশ্রম নামে স্কুল স্থাপন করেন। সেখানে পরে বিশ্বভারতী স্থাপিত হয়। ১৯৫১ হইতে সেখানে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় চলিতেছে। ...১৯১০ শান্তিনিকেতনে পোস্টাপিস স্থাপিত হইলে শান্তিনিকেতন নাম ব্যাপক স্থলে ও অন্য অর্থে প্রযুক্ত হয়। শান্তিনিকেতন ইউনিয়ন বোর্ড স্থাপিত হইয়াছে। বর্তমানে বোলপুর স্টেশনের নাম হইয়াছে বোলপুর-শান্তিনিকেতন।...এখানে প্রতি বৎসর ৭ই পৌষ, মহর্ষি দেবেন্দ্রনাথের ব্রাহ্মধর্মে দীক্ষাদিনের উৎসব হয়; মেলা, প্রদর্শনী প্রভৃতি ৩।৪ দিন থাকে। এখানে বিজলী বাতি, জলের কল, টেলিফোন আছে।

**শান্তিপুর** (Santipur): নদীয়া জেলার রানাঘাট মহকুমার থানা ও মিউনিসিপাল শহর। বৈষ্ণব গোস্বামীদের নিবাস; শ্রীচৈতন্য এখানে আসেন; অদ্বৈত মহাপ্রভুর নিবাসভূমি। শহরে বহু প্রাচীন মন্দির ধ্বংসাবস্থায় বিদ্যমান। ...এখানকার তন্তুবায়রা সূক্ষ্ম বস্ত্র বয়নের জন্য বিখ্যাত।... বহু সহস্র উদ্বাস্তু এখানে ও কাছাকাছি গ্রামে বাস করিতেছে।... স্কুল, ইণ্টার কলেজ (১৯৪৮), গ্রন্থাগার প্রভৃতি আছে। শা. থানার আ. ৭৫ ব মা; জন ৭৯,৬৬৪; ঘনতা ১,০৬২। শহরের জন. ৪২,৪১৩। রানাঘাট হইতে ১২ মা।

**শায়েখপুরা** ( Sheikhupura ) : পাক-পঞ্জাবের জেলা ; রেকনা দোয়াব মধ্যে ; জেলার মধ্যে শিখদের বিখ্যাত তীর্থ নানকানা সাহেবে প্রতি বৎসর বহু সহস্র শিখ জাঠা তীর্থ দর্শন উপলক্ষে এখনো যায়। জেলার আ. ২,৩০৩ ব মা ; জন. ৯.২২ লক্ষ। শহর, ( ১৯৪১-এ জন. ২২,২৭২ ) লাহোর হইতে ৪৬ মা।

**শালতোড়া** (Saltora) : বাঁকুড়া জেলার সদর মহ.র থানা। আ. ১২১ ব মা। গ্রাম ১৪৩। জন. ৫৯,৪৯৪। ঘনত্ব ৪৮৮। রেজি. অপিস।

**শালিমার** (Shalimar) : হাওড়া জেলার গঙ্গাতীরের শিল্পশহর। কাঠের বড আড়ত, বিলাতী কোম্পানির রঙ্ ( Paint ) কারখানা। হা. হইতে সাঁতরাগাছি হইয়া ১৭ মা।

**শাল্ব দেশ** ( Salva Desa ) : মহাভারতোক্ত রাজ্য। পাণিনীতে শাল্ব জনপদ-এর উল্লেখ আছে। সাবিত্রীর স্বামী সত্যবান এখানকার রাজা ছিলেন।...আলওয়ার (Alwar) রাজ্যকে শাল্বদেশ বলিয়া সনাক্ত করা হয়।

**শাহজহানপুর** ( Shahjahanpur ) : উত্তর প্রদেশ ; রোহিলখণ্ড বিভাগের জেলা। গোমতী, রামগঙ্গা প্রভৃতি নদী। জেলার আ. ১,৭৪৪ ব মা ; জন. ১০.০৪ লক্ষ। শহর ( জন. ১,০৪,৮৩৫ ) বাণিজ্যের ও বহু শিল্পের কেন্দ্র ; চিনির কল, কার্পেট কারখানা। ১৬৪৭ অব্দে শহর স্থাপিত হয়। কলিকাতা হইতে ৭১১ মা।

**শাহজাদপুর** (Shahjadpur) : পূ. পাকিস্তান ; পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার থানা। আ. ১৭০ ব মা ; গ্রাম, ডাকঘর। রেজি. অপিস ( ১৯০৭ )। ঈশ্বরদি-সিরাজগঞ্জ রেলপথের উল্লাপাড়া স্টেশন হইতে ৮ মা। নদীপথে যাওয়া-আসা চলে। আরব দেশের ইয়েমেনের রাজপুত্র মখদুম শাহ ধর্মপ্রচারে আসেন। তাঁহার নির্মিত মসজিদ আছে। হিন্দু-মুসলমান সকলেই এই পীরস্থানকে শ্রদ্ধা করে। মখদুম শাহ শাহজাদা বা রাজপুত্র ছিলেন বলিয়া স্থানের নাম শাহজাদপুর হয়।...রবীন্দ্রনাথের সাহিত্যে এই স্থানের বহু উল্লেখ আছে।

**শাহদারা** (Shahdara) : (১) পাক-পঞ্জাব ; লাহোর হইতে ৫ মা। রাবি নদীর পশ্চিম তীরস্থ শহর। এখানে নূরজহান ও জহাঙগীরের কবর আছে। (২) দিল্লীর উপকণ্ঠস্থিত শহর। জন. ৩০,৮০২।

**শাহদারা-সাহারনপুর লাইট রেলওয়ে** (Shahdara-Saharanpur Light Railway) : দিল্লী-শাহদারা স্টেশন হইতে সাহারনপুর পর্যন্ত রেলওয়ে ( ৯৩ মা )।

**শাহদোল** ( Shahdol ) : বিন্ধ্য প্রদেশের ( বর্তমানে মধ্যপ্রদেশ ) অন্যতম জেলা। জন. ৬.৫০ লক্ষ ('৫১)। ...শহরের জন. ৬,৫২০।

**শাহপুর** ( Shahpur ) : বাণ্ডেল শহরের কাছে ডান্‌লোপ টায়ার কোম্পানির বিরাট কারখানা।

**শাহপুরা** ( Shahpura ) : পূর্বতন রাজস্থানের করদ-রাজ্য। আ. ৪০৫ ব মা ; জন. ৬১,১৭৩ ( '৪১ )। রাজ-বংশ শিশোদিয়া রাজপুত। ১৬২৯-এ বাদশাহ শাহ-জহানের নিকট হইতে উদয়পুরের রানা অমরসিংহের ২য় পুত্র সুজন সিংহ ফুলিয়া পরগনা প্রাপ্ত হন ; পরে রানার নিকট হইতে কছোলা পরগনা পাইয়া বর্তমান রাজ্য গঠন করেন। অজমের ও উদয়পুরের মধ্যে অবস্থিত এই রাজ্যের আয় ছিল প্রায় সাড়ে চার লক্ষ টাকা ; কর ছিল ১০ হা.। ...রাজা ব্রিটিশ আমলে ৯ তোপ পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৯০ হা. টাকা ভাতা দেওয়া হয়। রাজস্থান ইউনিয়নের ভিলওয়ারা জেলার মহকুমা। আ. ৮১১ ব মা ; জন. ১,৪১,৮৮২ ; ঘনত্ব ১৭৫। —শহরের জন. ১১,৬০৯।

**শাহাবাজগড়ী** ( Shahbazgarhi ) : পাকিস্তান ; উ.-প.-সীমান্ত প্রদেশের পেশাবার হইতে ৪০ মা উ.-পূর্বে ও মরদান হইতে ৭ মা প.-দক্ষিণে। পর্বতগাত্রে অশোকের উৎকীর্ণ শিলালিপি আছে। এই শিলালিপি খরোষ্ট্রি লিপিতে খোদিত।

**শাহাবাদ** ( Shahabad ) : বিহার ; পাটনা বিভাগের জেলা। আ. ৪,৪০৬ ব মা ; জন. ২৬,৮৮,৪৪০। গ্রাম ৪,৭২৯ , শহর ৮। আরা, বক্সার, সসরাম ও ভাভুআ মহকুমা। —সদর শহর আরা (দ্র.)। রোটাস সিমেন্ট কারখানা এই জেলার মধ্যে।

**শিকাগো** ( Chicago ) : ইলিনয়স ( দ্র. )-এর প্রধান নগর ; মিশিগান হ্রদের তীরে অবস্থিত। মা. যুক্তরাষ্ট্রের দ্বিতীয় বৃহত্তম নগর ও পৃথিবীর শ্রেষ্ঠ ব্যবসায়কেন্দ্রিক

নগরীর অন্যতম। ২ বিশ্ববিদ্যালয়। ফীল্ড মিউজিয়াম সংগ্রহালয় বিখ্যাত। আমেরিকান লাইব্রেরি অ্যাসোসিএশনের ( A. L. A. ) কেন্দ্র। জন. ৩৬,২০,৯৬২।

**শিকারপুর** ( Shikarpur ): পূ. পাক ; বরিশাল শহর হইতে ১৩ মা উত্তরে গ্রাম, ৫১ পীঠের অন্যতম। এখানে সতীর নাসিকা পড়িয়াছিল ; দেবীর নাম সুগন্ধা বা উগ্রতারা ; দেবীর ভৈরব ত্র্যম্বকেশ্বর ঝালকাটির নিকট পোনাবালিয়া-সামরাইল গ্রামে অবস্থিত। শিবরাত্রির সময় মেলা হয়।

**শিগাৎসে** ( Shigatse ): তিব্বতের শহর, সাঙপো নদী ও ঞ্যাং (Nyangchu) নদীর সঙ্গম স্থলে। নিকটে তাশি লুমপো লামা-মঠ।

**শিপ্রা, সিপ্রা** (Sipra ): মালবের নদী ; চম্বল নদীতে পড়িতেছে। উজ্জয়িনী এই নদীতীরে।

**শিবগঞ্জ** ( Sivaganj ): পূ. পাক. ; রাজসাহী জেলা, নবাবগঞ্জ মহ.র থানা, বাজার, ডাকঘর। এখানকার সূক্ষ্ম রেশম কাপড় বিখ্যাত। পূর্বে মালদহ জেলার মধ্যে ছিল, ১৯৪৭-এ পার্টিশনের সময় পাকিস্তানভুক্ত হয়।

**শিবনিবাস** ( Sivanivasa ): নদীয়া জেলার মাজদিয়া (দ্র.) স্টেশনের (৬৬ মা) পূর্বনাম। রাজা কৃষ্ণচন্দ্র এখানে নগর পত্তন করেন ; তাঁহার সময়ে এখানে ১০৮টি শিবমন্দির ছিল। বর্তমানে ৩টি মাত্র আছে। বুড়ো শিবমন্দিরের শিবলিঙ্গটি ৯ ফুট উচ্চ। শিবরাত্রি, চড়ক ও ভৈমী একাদশীর সময় বহু লোক সমাগম হয়।

**শিবপুর** ( Shibpur ) : হাওড়ার শহরতলী। জন. ৪২,০১৪। শিবপুর বোটানিক্যাল গার্ডেনস গঙ্গাতীরে ২৭২ একর জমির উপর অবস্থিত। ১৭৮৬-এ কর্নেল কিড্ কর্তৃক প্রতিষ্ঠিত। প্রায় ২ শত বৎসরের প্রাচীন এক বটবৃক্ষ ( ১০০ ফুট ব্যাস ) দর্শনীয়। বেঙ্গল ইনজিনীয়ারিং কলেজ ( ১৮৮০ ); দীনবন্ধু ইনস্টিটিউশন ( B. A. পর্যন্ত, ১৯৪৮ )।

**শিবসমুদ্রম্** ( Sivasamudram ): মহীশূরের ৩৫ মা পূর্বে কাবেরী নদীর মধ্যস্থিত দ্বীপ ; এইখানে কাবেরী জলপ্রপাত ৩২০ ফুট উচ্চ হইতে পড়িতেছে, প্রপাতের নিচে বাঁধ দিয়া বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হইয়াছে। ( দ্র. কাবেরী )।

**শিবসাগর** ( Sibsagar ): আসাম ; ব্রহ্মপুত্র উপত্যকার জেলা। আ. ৫০০৩ ব মা ; পূর্বে ৫,১৩৮ ব মা ছিল ; ১৯৫০-এ জেলার কিয়দংশ মিকির পার্বত্য জেলা ভুক্ত হয়। জেলা কৃষি-প্রধান ; চা-বাগান বহু। পাট, ধান, চাষ পর্যাপ্ত। চা-তৈয়ারির কারখানা অনেক। নাজিরার নিকট কয়লার খাদ ; টিটাবারে রেশম ও চাউল গবেষণাগার। এই জেলা মধ্যে অহোম রাজাদের রাজধানী ছিল। ... ৩ মহকুমা—জোরহাট, শিবসাগর ও গোলাঘাট। জেলার সদর শহর জোরহাট (দ্র.)। জেলার জন. ১২·১২ লক্ষ। শিবসাগর শহর ( জন. ১০,৬২২), ব্রহ্মপুর তীরস্থ দিসাঙমুখ হইতে ৯ মা দূরে ব্রহ্মপুত্রের এক উপনদীর ধারে। এখানে অহোমদের রাজধানী ১৬৯৯-১৭৮৬ ; এই সময়ের বহু অহোম মন্দির আছে। ...শিবসাগর, জোরহাট প্রভৃতি স্থান অহমিয়া সংস্কৃতি প্রচারের কেন্দ্র।

**শিবালিক পর্বত** (Siwalik Range) : হিমালয় পর্বতের দক্ষিণে, উহার প্রায় সমান্তরালে, সমতল ক্ষেত্রে ৩-৪ হাজার ফুট উচ্চ—প্রায় ১০৫০ মা বিস্তারিত পর্বতমালা ; প্রস্থে ৩০ মা। এই অঞ্চল দেড় হইতে তিন কোটি বৎসর পূর্বে সমুদ্রতলে ছিল বলিয়া আদিম যুগের সামুদ্র প্রাণীর কঙ্কালাদি পাওয়া গিয়াছে।

**শিবি** ( Sibi ): প্রাচীন ভারতের রাজ্য। এখানে ভূর্জ গাছ হইত। ...আলেকজেন্দার পঞ্জাবে Siboi নামে জাতির সহিত যুদ্ধ করেন। ইহারা বন্যজন্তুর চর্ম পরিধান করিত ও অর্ধসভ্য ছিল। মল্ল জাতিরা উত্তরে চন্দ্রভাগা ও ইরাবতীর মধ্যভাগে বাস করিত ; বর্তমান মুলতান হইতেছে মল্লস্থান।

**শিমোগা** ( Shimoga ): মহীশূর রাজ্যের জেলা ; পশ্চিম সীমান্তে প. ঘাট পর্বতমালা প্রায় ৪ হা. ফুট উঠিয়াছে। আ. ৪,০৪৮ ব মা ; জন. ৬,৬৩,৩১৫। ৯টি তালুক।—শহর, ( জন. ৪৬,৫২৪ ) তুঙ্গা নদীতীরে। বোম্বাই ৬৫৪ মা।

**শিয়াখালা** ( Sheakhala ) : হুগলি জেলা ; শ্রীরামপুর মহ., চণ্ডীতলা থানার গ্রাম। জন. ২,৩৬৭ ; স্কুল, ডিসপেন্সারি আছে। পূর্ব নাম শিবাক্ষেত্র। এই স্থানের নিকট দিয়া কৌষকী বা কানা নদী প্রবাহিত

হইত; তখন উহা গণ্ডগ্রাম ছিল। হোসেন শাহের উজীর গোপীনাথ বা পুরন্দর খাঁ (১৬ শতক) এই গ্রামবাসী ছিলেন; পুরন্দরগড় নামে স্থানের চিহ্ন দেখা যায়।...শিয়াখালার নিকট মুসলমানদের বিখ্যাত পীরস্থান ফুরফুরা।

**শিয়ালদহ** (Scaldah): কলিকাতার এক অংশের নাম। এইখানকার স্টেশন হইতে পূর্বে ঈ. বি. রেলওয়ের সমস্ত গাড়ি যাত্রা করিত। এখন ভারত সরকারের নূতন রেলমণ্ডল পরিকল্পনায় পূর্ব রেলপথের অন্যতম টারমিনাস। পাশে বেলেঘাটা স্টেশন হইতে দক্ষিণ বঙ্গে রেলপথ গিয়াছে।

**শিলং** (Shillong): আসামের রাজধানী। খাশিয়া পাহাড়ের উপর ৫০০০ ফুট উচ্চে অবস্থিত। ১৮৬৪ হইতে খাশিয়া দেশের রাজধানী; তৎপূর্বে ছিল চেরাপুঞ্জী। ১৮৭৪-এ আসাম পৃথক প্রদেশ হইলে শিলং রাজধানী হয়। ১৯০৫-১২ পূর্ববঙ্গ-আসামের গবর্নরের গ্রীষ্মাবাস।...অধিবাসীদের মধ্যে খাশিয়া প্রধান; আসামী ও বাঙালীও অনেক। জন. ৫৩,৭৫৬ (ক্যানটনমেণ্ট অঞ্চলে আরও ৪,৭৫৬)। শিলঙে যাইবার রেলপথ নাই; পাণ্ডু হইতে ৬৮ মা মোটর পথ। অনেকগুলি স্কুল ও ৪টি কলেজ আছে; ইহার মধ্যে মিশনারীদের অনেকগুলি।...রোমান ক্যাথলিকদের ডন বস্কো (Don Bosco) শিল্প-বিদ্যালয় বিখ্যাত প্রতিষ্ঠান।...নিকটে কয়েকটি জলপ্রপাত আছে। একটি হইতে জলবিদ্যুত উৎপন্ন হয়।

**শিলচর** (Silchar): আসাম; কাছাড় জেলার মহকুমা থানা ও শহর। মহকুমার আ. ১,৪৫৯ ব মা; জন. ৫,৪১,৮৯১; ঘনতা ৩৭১। ৬টি থানা।—থানার আ. ২৪৮ ব মা; জন. ১,৮৪,৭০৪; ঘনতা ৭৪৫।—শহর; জন. ৩৪,০৫৯; ঘনতা ৯,৭৩১। বরাক নদীতীরে অবস্থিত অতি সুন্দর শহর। কাছাড়ী রাজাদের রাজধানী মাইবং শিলচরের ১০ মা উত্তরে; পরে খাসপুরে স্থানান্তরিত হয়; রাজপ্রাসাদাদির ভগ্নাবশেষ এখনো দেখা যায়।

**শিলাইদহ** (Selaidah): পূ. পাক.; পাবনা জেলার গ্রাম। কুষ্টিয়া জেলার কুমারখালি স্টেশন হইতে ৫ মাইল দূরে পদ্মা ও গড়াই নদীর সঙ্গমস্থলের কাছে, পদ্মার তীরের গ্রাম। রবীন্দ্রনাথ দীর্ঘকাল এই গ্রামের সহিত জমিদারী তদারকী সূত্রে আবদ্ধ ছিলেন। তাঁহার বহু রচনা এই গ্রামের কুঠি বাড়িতে বা নৌকায় রচিত।... পূর্বে এখানে নীলকুঠি ছিল।

**শিলাঘাট** (Silaghat): আসাম; নওগাঁ জেলার শহর; ব্রহ্মপুত্র নদীর বামতটে, তেজপুর শহরের অপর পারে অবস্থিত। স্টীমার ঘাট। ব্যবসা ও চা-রপ্তানির কেন্দ্র। এখানে একটি টেকনিক্যাল স্কুল আছে। চাপারমুখ হইতে রেলপথে ৫০ মা।

**শিলিগুড়ি** (Siliguri): দার্জিলিঙ জেলার মহকুমা। আ. ২০৬ ব মা; জন. ১,১৬,৪৭৫; ঘনতা ৪৩৭। এই অঞ্চল দা.-তরাই অন্তর্গত।—থানার আ. ১২৪ ব মা; জন. ৬৮,২৮০, ঘ. ৫৪৯।—শহর (জন. ৩২,৪৮০) মহানন্দার তীরে জলপাইগুড়ি জেলার সীমান্তে অবস্থিত। দেশ ভাগের পর জনসংখ্যা প্রায় ৪ গুণ বাড়িয়াছে। দেশভাগ হইয়া গেলে শিলিগুড়ি হইতে হলদিবাড়ি সীমান্ত শহর পর্যন্ত ব্রডগেজ লাইন বদলাইয়া উত্তর-পূর্ব রেলপথের মিটার গেজ করা হইয়াছে। এখন কলিকাতা হইতে মনিহারী-কাটিহার লাইন শিলিগুড়ি হইয়া (৩৩৬ মা) আসামের দিকে গিয়াছে। এখান হইতে দার্জিলিঙ ছোট রেলপথে ৫০ মা।

**শিশুপালগড়** (Sisupalgarh): ওড়িশা; ভুবনেশ্বরের দেড় মা দ.-পূর্বে প্রাচীন নগরের চিহ্ন খনন করিয়া প্রত্নতত্ত্ব বিভাগ বহু মূল্যবান তথ্য আবিষ্কার করিয়াছেন (১৯৪৮-৫১)। এই স্থান কলিঙ্গ রাজাদের রাজধানী ছিল বলিয়া অনুমিত। ৩ মা দূরে ধৌলির পাহাড়ে অশোকের শিলালিপি আছে। এই স্থান খণ্ডগিরি উদয়গিরি হইতে ৬ মা।

**শীতলকুচি** (Sitalkuchi): কোচবিহার জেলার মাথাভাঙ্গা মহকুমার থানা; পূর্ব পাক. সংলগ্ন। আ. ১০১ ব মা; জন. ৪৫,৭৫৫; ঘনতা ৪৫৩।

**শীতলাখ্যা, শীতল লক্ষ্মী নদী** (Sitalakhya river): পূর্ব পাকিস্থান; ঢাকা জেলার নারায়ণগঞ্জ শহর এই শীতলাখ্যা নদীর উপর। ইহা নারায়ণগঞ্জের কয়েক

মাইল দূরে ধলেশ্বরীর সহিত মিশিয়াছে এবং পূর্বদিকে আরও কিছুদূর গিয়া পুরাতন ব্রহ্মপুত্র ও মেঘনার সহিত মিলিত হইয়াছে। এই মোহনা কলাগাছিয়া নামে খ্যাত।

**শুশুনিয়া** (Susunia hills) : বাঁকুড়া জেলার ছাতনা হইতে ৬ মা উত্তরে পাহাড়। এই পাহাড়ে চন্দ্রবর্মা নামে এক রাজার শিলালিপি খোদিত আছে।...শু. গ্রামে পিতল-কাঁসার বাসনপত্র, ও পাথরের শিল, নোড়া, চাকি প্রভৃতি তৈয়ারি হয়।

**শৃঙ্গবেরপুর** ( Sringaberapur ) : রামায়ণোক্ত স্থান, নিষাদরাজ গুহকের রাজধানী। আধুনিক শিঙ্গরুর বা সাঙ্গার। প্রয়াগ ( ইলাহাবাদ ) হইতে ২২ মা উ.-পশ্চিমে অবস্থিত।

**শৃঙ্গেরী** (Sringeri) : মহীশূর রাজ্যের কাদুর জেলার শহর। তুঙ্গভদ্রা নদীতীরে, শঙ্করাচার্য কর্তৃক প্রতিষ্ঠিত মঠ। মঠাধ্যক্ষকে 'জগৎগুরু' বলা হয়; শৃঙ্গেরীর মঠে সরস্বতীর মূর্তি আছে।...জন. ২,১৭৪।

**শেন-সি** (Shen-Si) : চীন গণরাজতন্ত্রের অভ্যন্তরস্থিত একটি প্রদেশ। পার্বত্য দেশ; কয়লা, পেট্রোলিয়াম খনিজ প্রচুর। চীনের মোট পেট্রোলিয়ামের ⅔ শ.। আ. ৭৫,২০০; জন. ১·০৫ কোটি ('৫২)। রাজধানী সি-আন (Sian)। মুসলমান সংখ্যা-গরিষ্ঠ।

**শেফীল্ড** (Shefield) : ইংলন্ডের শহর। লৌহ ও ইস্পাতের প্রস্তুত বহুপ্রকার সামগ্রী উৎপন্নের কারখানার জন্য বিখ্যাত। জন. ৫·০৭ লক্ষ ('৫৩)। শেফীল্ড বিশ্ববিদ্যালয় ১৯০৮-এ স্থাপিত।

**শেবা** (Sheba) : আধুনিক সবা (Saba); আরাবিয়ার দ.-পশ্চিমে ইয়েমেন প্রভৃতি দেশের প্রাচীন নাম। খ্রী. পূ. ৮-৬ শতক সাবাইয়ান (Sabaeans)-দের রাজ্য ছিল। বাইবেলে শেবার রানীর উল্লেখ আছে।

**শোন নদ** (Sone river): মধ্যপ্রদেশের পার্বত্য অঞ্চলে উঠিয়া উ.-পূর্বমুখী হইয়া পাটনার পশ্চিমে গঙ্গায় পড়িয়াছে। এই সঙ্গমের নিকট প্রাচীন পাটলিপুত্র ছিল। ...অববাহিকামণ্ডল প্রায় ২৩ হা ব মা। এক শত মাইল নদীধারার প্রস্থ ২ মাইলের উপর; অধিকাংশ বালুকা; ৮।৯ মাস ক্ষীণধারা; বর্ষাকালে প্রবল স্রোতস্বিনী। ঈ. রেল. গ্রান্ড কর্ড অংশের রেলপথ শোন সেতুর উপর দিয়া গিয়াছে। এই সেতু ভারতের দীর্ঘতম ১০,০৫২ ফুট বা ১·৯০৪ মা। ৯৩ ফোকর—প্রত্যেকটি ১০০ ফুট করিয়া। ১৯০০-এ নির্মিত হয়। আরার নিকট আর একটি সেতু আছে।

**শোন খাল** (Sone canals) : বিহারের শোন নদীর খাল; ডেহরীর নিকট নদীতে বাঁধ দিয়া ৩টি খাল কাটা হইয়াছে; আরা খাল ( ৬০ মা ) বাম দিক দিয়া বাহির হইয়া গঙ্গা পর্যন্ত গিয়াছে; পাটনা খাল (৭৯ মা ) উ.-পূর্ব দিকে পাটনা পর্যন্ত। ১৮৬৯ এ এই পরিকল্পনার কাজ আরম্ভ হয়; প্রায় ৫ লক্ষ একর জমিতে সেচের জল পায়।

**শোনপুর** (Sonepur) : পূর্বতন ওড়িশা স্টেটস্ এজেন্সির করদরাজ্য। আয়তন ছিল ৯৪৮ ব মা; জন. ২,৪৮,৮৭৩ ('৪১)।...১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে ওড়িশার নূতন জেলা বোলংগীরভুক্ত করা হয়। রাজাকে ৭৬, ১০০্ বাৎসরিক ভাতার ব্যবস্থা হয়।...শোনপুর বর্তমানে বোলংগীরের মহকুমা। আ. ৮৮২ ব মা; জন. ৭,৪১,৪১৩। থানা ৬।—থানার আ. ৯০ ব মা; জন. ২১,৭৯১। গ্রাম ৬২।—শহর ( জন. ৭,৩৫৫ ) মহানদী ও ডেল নদীর সঙ্গমের কাছে অবস্থিত। সম্বলপুর হইতে মোটর পথে ৫২ মা।

**শোণিতপুর** (Sonitpur) : অসুররাজ বাণের রাজধানী,; অপর নাম বাণগড়।

**শোরকোট** ( Shorkot ) : পাক-পঞ্জাবের ঝাঁঙ্গ জেলার তহশীল ও শহর; বড় জংশন স্টেশন। লাহোর হইতে ১৫৬ মা। বিতস্তা ও চন্দ্রভাগা নদীদ্বয়ের সঙ্গমস্থলে অবস্থিত প্রাচীন স্থান। ইতস্তত স্তূপ হইতে প্রাচীন মুদ্রাদি পাওয়া গিয়াছে। এখানে প্রাপ্ত শিলালেখ হইতে জানা যায় এই স্থানের প্রাচীন নাম ছিল শিবিপুরী বা শিবপুরী। ইহা শিবিদের ( Sibi ) রাজধানী ছিল। প্রাচীন গ্রীক লেখকরা এই স্থানের নাম Siboi লিখিয়াছেন।

**শ্যামনগর** (Shyamnagar ; Shamnagar) : ২৪-পরগনা জেলা; বারাকপুর মহ.র শহর; গঙ্গাতীরে। কলিকাতা ( শিয়ালদহ ) হইতে ১৯ মা উত্তরে। এখানে বহু মিল

ও কারখানা আছে। ক্লোরাইড ও এক্সাইড্ ব্যাটারি কোম্পানির কারখানা।

**শ্যামপুর** ( Shyampur ): হাওড়া জেলা ; উলুবেড়িয়া মহ.র থানা। আ. ১০০ ব মা ; জন. ১,৩৮,১৯৫ ; ঘ. ১,৩৪২। এই থানা দামোদর ও রূপনারায়ণ নদী-দ্বয়ের সঙ্গমে অবস্থিত।—গ্রামের জন. ২,৪৫৭।

**শ্যামবাজার** (Shambazar ): কলিকাতার উত্তরাংশ বা পল্লীর নাম।

**শ্রবণ বেলগোলা** ( Sravana Belgola ): মহীশূর রাজ্যের হাসান জেলার গ্রাম। আর্সিকিরে হইতে ৪০ মা দক্ষিণে। এককালে জৈনধর্ম ও শিক্ষার কেন্দ্র ছিল। জনশ্রুতি মহাবীরের ৬ জন 'শ্রুত কেবল'দের অন্যতম ভদ্রবাহু উজ্জয়িনী ত্যাগ করিয়া এইখানে আসেন ( মৃ. ৩৭৫ খ্রী. পূ. )। মৌর্য চন্দ্রগুপ্ত শেষ জীবনে ভদ্রবাহুর সংস্পর্শে আসিয়া জৈনধর্ম গ্রহণ করেন বলিয়া স্থানীয় শিলালেখে উল্লিখিত আছে; ইন্দ্রবেটা নামে পাহাড়ের উপর ( ৪৭০ ফুট উচ্চে ) গোমতরায়ের ৭০ ফুট ৩ ইঞ্চি উচ্চ নগ্ন প্রস্তর মূর্তি, শিলালিপি অনু-সারে চামুণ্ডরায় কর্তৃক নির্মিত ( ৯৮৩ অব্দ )। পঁচিশ বৎসর অন্তর প্রচুর ঘৃতাদির দ্বারা অভিষেক হয় বলিয়া মূর্তিটিকে সর্বদা নূতন দেখিতে লাগে। ইহা গোমতেশ্বর নামে পরিচিত

**শ্রাবস্তী** ( Sravasti ): প্রাচীন ভারতের নগর ; উত্তর কোশলের রাজধানী। নগরের উপকণ্ঠে জেতবন বিহারে বুদ্ধদেব বহুকাল বাস করিয়াছিলেন।...উত্তর প্রদেশের গোন্‌ডা জেলায় রাপ্তি নদী যেখানে পাহাড় হইতে সমতলে নামিয়াছে সেই স্থানটিতে প্রাচীন শ্রাবস্তী ছিল বলিয়া অনুমান করা হয়। বর্তমান সাহেথ-মাহেথ। প্রাচীনযুগের বিশিষ্ট বাণিজ্য কেন্দ্র ছিল, সেই জন্য বৌদ্ধ ও জৈনরা এই নগরে প্রচার কেন্দ্র স্থাপন করেন ; মহাবীরও এখানে আসিয়াছিলেন।

**শ্রীকাকুলম** ( Srikakulam ; Chicacole ): অন্ধ্র-রাজ্যের নূতন জেলা। আ. ৩,৯০২ ব মা ; জন. ২১·২৩ লক্ষ। —সদর শহর ( জন. ২৪,২১৬ ) বঙ্গোপসাগর তীরে, নগরবলী নদী মোহনায়। কলিকাতা ৪৬৬ মা।

**শ্রীক্ষেত্র** ( Srikshetra ): পুরীর অপর নাম।

**শ্রীক্ষেত্র, থেরকেত্তর** ( Srikshetra : Thare Khet-tara ): বর্মার প্রোমের নিকট থেরকেত্তর শহর। এখানে পিউ (Pyu) নামে জাতি হিন্দু ভাবাপন্ন হয়। ইহাদের বিপুল সাম্রাজ্য ছিল। ৯ শতকের পর উহারা ইতিহাস হইতে লুপ্ত।

**শ্রীখণ্ড** ( Srikhanda ): বৈষ্ণব ইতিহাস সাহিত্যে শ্রীখণ্ড সুপরিচিত নাম। কাটোয়া-বর্ধমান সরু রেলপথের স্টেশন ( ৫ মা )। ইহা বৈষ্ণবতীর্থ সদৃশ স্থান। শ্রীচৈতন্যদেবের পার্ষদ নরহরি সরকার (১৪৭৮-১৫৪৩), ভক্ত রঘুনন্দন ও মুকুন্দের নিবাসভূমি। কার্তিক কৃষ্ণা-দ্বাদশীতে মধুমতী উৎসব নামে মেলা।

**শ্রীনগর** (Srinagar): কাশ্মীর রাজ্যের রাজধানী ; ঝিলাম নদীর তীরে ৫,২১৬ ফুট উচ্চে সমতল ভূমে অবস্থিত। মুঘল যুগে এখানে অতি সুন্দর সৌধাদি নির্মিত হয়। বাদসাহদের গ্রীষ্মাবাস ছিল। রেশম, পশম, কাঠ, তামা, সোনা, রূপাদির অতি সূক্ষ্ম জিনিসপত্র এখানে তৈয়ারি হয়। পার্টিশনের পর কাশ্মীর ভারতভুক্ত হওয়ায় এখন পাঠানকোট-জম্মু হইয়া মোটরের পথ ( দ্র. বানিহাল )। প্রতি বৎসর বহু সহস্র ভ্রমণ-বিলাসী এখানে আসেন।— শ্রীনগর বিশ্ববিদ্যালয় ১৯৪৯-এ স্থাপিত হইয়াছে। ঝিলাম নদীতে বহু গৃহ-নৌকা আছে; ভ্রমণ-বিলাসীরা এইখানে অনেক সময় থাকেন। পাঠানকোট হইতে বিমান পথে ( ১৩০ মা ) শ্রীনগর যাওয়া-আসার সার্ভিস হইয়াছে। দিল্লী হইতে বিমান পথে ৪৩০ মা ; ৫ ঘণ্টার কম পথ। শ্রীনগরের জন. ২,৩০,১৮৬।

**শ্রীনিকেতন** (Sriniketan): বিশ্বভারতীর পল্লীসংগঠন কেন্দ্র (Rural Reconstruction Department)। শান্তিনিকেতন ও বোলপুর হইতে ২ মা দূরে সুরুল গ্রামের নিকট অবস্থিত। ১৯১২-এ বিলাতে রবীন্দ্রনাথ এখানকার এক বাড়ি ও জমি ক্রয় করেন। ১৯১৪-এ শ্রীনিকেতন নাম প্রদত্ত হয়।...১৯২২, ৬ ফেব্রুয়ারী এখানে বিশ্বভারতী পল্লীসংগঠন কেন্দ্র প্রতিষ্ঠিত হয়। এল. কে. এলমহার্স্ট নামে এক ইংরেজ যুবক আমেরিকা হইতে অর্থ সংগ্রহ করিয়া কার্য আরম্ভ করেন। এখন শ্রীনিকেতন বিবিধ কর্ম প্রতিষ্ঠানের

কেন্দ্র। শিল্পবিদ্যালয়, শিক্ষাসত্র ( সাধারণ ), সমাজ উন্নয়ন পরিকল্পনার কেন্দ্র, রুরাল ইন্‌স্টিটিউট, কেন্দ্রীয় সমবায় ব্যাংক প্রভৃতি।... নিকটে চীপ্‌ সাহেবের কুঠিতে সমাজ-শিক্ষা-শিক্ষণ প্রতিষ্ঠান ( ১৯৫৬ )।

**শ্রীপর্বত** (Sriparvata) : (১) কাশ্মীরের লদাকের নিকট পর্বতে একটি পীঠস্থান। সতীর দক্ষিণ গুল্‌ফ পড়িয়াছিল বলিয়া হিন্দুদের বিশ্বাস। (২) দ. ভারতে করনুল জেলার কৃষ্ণা নদীতীরস্থ শৈল ; অপর নাম শ্রীশৈল। এখানে মল্লিকার্জুন মন্দিরস্থিত শিবলিঙ্গ বিখ্যাত।

**শ্রীপুর** (Sripur) : পূ. পাক. ; ঢাকা-বিক্রমপুরের পদ্মাতীরস্থ প্রাচীন নগর। চাঁদরায় ও কেদাররায়ের রাজধানী। এখানে বড় পোতাশ্রয় ছিল ; পোতু´গীজরা জাহাজ মেরামতের জন্য এইখানে আসিত। মানসিংহের সহিত শেষ যুদ্ধে কেদাররায়ের মৃত্যু হয় ; মানসিংহ শ্রীপুরের শিলাময়ী দেবী ও পুরোহিত কমলাকান্ত ভট্টাচার্যকে জয়পুর ( আম্বের ) লইয়া যান। বিগ্রহ সল্লাদেবী নামে এখনো আম্বেরে পূজিত হয়।...চাঁদরায়ের শ্রীপুর এখন পদ্মাগর্ভে বিলীন।...ঢাকা জেলার সদর মহ.র থানা। আ. ১৭৪ ব মা। নারায়ণগঞ্জ হইতে রেলে ৪৫ মা।

**শ্রীবিজয়** (Srivijaya) : সুমাত্রা দ্বীপে খ্রীষ্টীয় ৫ শতকে একটি হিন্দু রাজ্য ছিল ; বর্তমান পালেমবঙ শ্রীবিজয়ের রাজধানী ছিল বলিয়া অনুমিত হয়। ৭ শতকে চীন পরিব্রাজক ইৎ-সিং ভারতে আসিবার পূর্বে সংস্কৃত ভাষা এই সুমাত্রায় শিক্ষা করেন ; শ্রীবিজয়ের রাজাদের সহিত বঙ্গের পালরাজাদের মিত্রতা স্থাপিত হয়। নালন্দার মঠের জন্য শ্রীবিজয়ের রাজার দানের কথা শিলালিপি হইতে জানা গিয়াছে। ১৪ শতকে জাভার মজপহিত রাজবংশের অধীন হয়।

**শ্রীবিল্লীপাথার, শ্রীবিল্লিপুত্তুর** (Srivilliputhur) : মদ্রাজ ; রামনাথপুরম জেলার তালুক ও শহর। জন. ৪০,৪৮৭। মদ্রাজ হইতে ৩৫৮ মা।

**শ্রীরঙ্গপাটন,** ( Srirangapatan, Seringapatam ) : মহীশূর রাজ্য ; মানড্য জেলার শহর ( জন. ৮ হা. ) ; কাবেরী নদীর একটি দ্বীপে, মহীশূর হইতে ৭ মা উ.-পূর্বে অবস্থিত। শ্রীরঙ্গের মন্দির ১২ শতকে নির্মিত। দুর্গাদির দ্বারা নগর সুদৃঢ়। ১৬১০ অব্দে হিন্দুরাজারা এইখানে মহীশূরের রাজধানী করেন ; ১৭৬১-৯৯ পর্যন্ত হায়দার ও টিপুসুলতানের রাজধানী। টিপুর বিশাল মসজিদ আছে। ...টিপু এইখানে যুদ্ধে পরাজিত ও নিহত হন।

**শ্রীরঙ্গম** (Srirangam) : মদ্রাজ রাজ্যের তিরুচিনবেলী জেলার শহর (জন. ৩৬,৮৪৬)। দ. রেলপথে তিরু. হইতে ৮ মা। শ্রীরঙ্গমের শিবমন্দির বিখ্যাত। ২,৪৭৫ ফুট দীর্ঘ ও ২,৮৮০ ফুট প্রস্থ স্থান প্রাচীর দ্বারা বেষ্টিত ; ইহার মধ্যে ২০ ফুট উচ্চ আর একটি প্রাচীর। ১০ হইতে ১৬ শতকের মধ্যে নির্মিত বলিয়া অনুমিত।

**শ্রীরামপুর** (Srirampur, Serampur) : হুগলি জেলার মহকুমা, থানা ও শহর। মহকুমার আ. ৩৫০ ব মা ; জন. ৭,৩০,০০০।—থানার আ. ২২ ব মা ; জন. ১,৪১,০৭১ ; ঘনতা ২০৮৫। শ্রীরামপুর, রিসড়া ও বৈদ্যবাটী শিল্পাঞ্চল এই থানা ভুক্ত। —শহর কলিকাতা হইতে রেলে ১২ মা ; ভাগীরথীতীরে অবস্থিত। জন. ৭৪,৩২৪। হাজার পুরুষের মধ্যে নারী ৬৪০।...পূর্বে এই স্থান দিনেমারদের অধিকারে আসে। পরে উহা ইংরেজদের নিকট বিক্রীত হয়। এখানে খ্রীষ্টান পাদরী কেরী, মার্শমান, ওয়ার্ড আসিয়া বাস করেন। প্রথম বাংলা সংবাদপত্র সমাচারদর্পণ এখান হইতে প্রকাশিত হয়। ১৮০১-এ বাংলা বাইবেল এখানে প্রথম মুদ্রিত হয়। এখানকার কলেজ খুবই পুরাতন (১৮২১)। খ্রীষ্টান ধর্ম-শিক্ষা ও ডিগ্রি দিবার একমাত্র কলেজ। কলেজ গ্রন্থাগারে বহু পুরাতন গ্রন্থ ও পত্রিকা আছে।...বঙ্গীয় সরকারের বয়ন বিদ্যালয়ে বহু ছাত্র শিক্ষা পায়।... নিকটে কাপড়ের ও পাটের কল আছে। শ্রীরামপুরের নিকট মাহেশের রথ বিখ্যাত ( দ্র. মাহেশ )।

**শ্রীহট্ট, সিলেট** ( Srihatta, Sylhet ) : ১৯৪৭-এর পূর্বে আসামের জেলা, এখন পূর্বপাকিস্তান অন্তর্ভুক্ত ( দ্র. সিলেট )। মধ্যযুগে এখানে হিন্দু রাজারা বাস করিতেন। ১৪ শতকের শেষ ভাগে তুর্কী মুসলমানরা এই অঞ্চল আক্রমণ করে ; শ্রীহট্টের শেষ হিন্দু রাজা গৌরগোবিন্দ পরাভূত হন। এই সময়ে শাহ জলাল

নামে এক আরব দেশীয় মুসলমান সাধক এখানে আসেন এবং তাঁহারই চেষ্টায় দেশ বিজিত হয়। শাহ্ জলালের দরগা সিলেট শহরে এখনো আছে। মুসলমানদের নিকট অতি পবিত্র স্থান।...শ্রীচৈতন্য মহাপ্রভুর পিতা জগন্নাথ মিশ্র প্রথমে শ্রীহট্টের বাসিন্দা ছিলেন।...১৭৬৫ অব্দে এই জেলা বঙ্গের অঙ্গ হিসাবেই ঈ. ই. কোম্পানির দেওয়ানীভুক্ত হয়। ১৮৭৪-এ আসাম প্রদেশ গঠিত হয় ও সিলেট-কাছাড় আসাম-ভুক্ত করা হয়। ১৯৪৭-এ পাকিস্তান সৃষ্টি হয়; সেই সময়ে শ্রীহট্টের মুসলমান গরিষ্ঠ দল পাকিস্তান অন্তর্গত হইবার জন্য জনমত দেয়।...শ্রীহট্টে বহু টোল, চতুষ্পাটি, মন্দির, দেবত্র ছিল। সিলেঠী নাগরী নামে একপ্রকার হরপ চলিত ছিল; এই লিপিতে মুসলমানী বাংলায় বহু কিতাব ছাপা হইত।

**শ্লেজউইগ-হোলস্টাইন** (Schleswig-Holstein): জারমানির উত্তরে ও ডেনমার্কের দক্ষিণের প্রদেশ; ১৮৬৬ হইতে জা.র অংশ। কীল (Kiel) নগর ও বন্দর এবং কীল খাল এই প্রদেশের মধ্যে। আ. ৫,৮১৫ ব মা; জন. ২৬·৫০ লক্ষ ('৪৬)

**শ্বেত রুশিয়া** (White Russia, Byelorussia, Byelaruskaya Sovietskaya Sotsyialistychnaya Respublika): সোবিয়েত উইনিয়নের অন্তর্গত রিপাবলিক। ১৯১৯ জানুয়ারি এই সোবিয়েত গঠিত। ১৯৪৫ হইতে সংযুক্ত (U.N.) রাষ্ট্রের সদস্য। আ. ৮১,০৯০ ব মা; জন. ৯৩ লক্ষ ('৫৪)। রাজধানী মিনস্ক (Minsk)।

**শ্বেত সাগর** (White Sea): আরকটিক মহাসাগরের অংশ। উত্তর রুশিয়ার মধ্যে প্রবিষ্ট; আর্খাংগল (দ্র.) প্রধান বন্দর। খাল ও নদী পথের দ্বারা বাল্‌টিক সাগর, কৃষ্ণ সাগর ও কাস্‌পিয়ান হ্রদের সহিত যুক্ত।

**ষাটগম্বুজ** (Satgambuj): খুলনা জেলার বাগেরহাট মহকুমার গ্রাম। খুলনা-বাগেরহাট ছোট রেলের স্টে. (১৭ মা)। বাগেরহাট হইতে ৩ মা দূরে অবস্থিত তথা-কথিত ষাটগম্বুজের মসজিদ; নামে ষাট হইলেও আসলে ৭৭টি গম্বুজ আছে, স্তম্ভ আছে ৬০টি। মসজিদের চারি কোণে ৪ মিনার। দৈর্ঘ্য ১৬০ ফুট, প্রস্থ ১০৫ ফুট, উচ্চ ২২ ফুট। ...১৫ শতকে উলুগ খাঁ-জাহান নামক ধর্মপ্রচারক শহর পত্তন করেন। ইহার প্রধান শিষ্য পীরআলি (দ্র.) বা মহম্মদ তাহির। ...মসজিদের পাশে খাঁ-জাহান আলির মৃত্যুতিথি উপলক্ষে চৈত্র পূর্ণিমায় মেলা হয়।

**সউদি আরাবিয়া** (Saudi Arabia; al-mamlaka al-Arabiya as-Sa'audiya): ১৮ শতকে আরাবিয়ার নেজ্‌দ নামক ভূখণ্ডে ইসলামের মধ্যে ওহাবিয়া নামে এক সংস্কারকের অভ্যুদয় হয়। সউদি পরিবার নেজ্‌দের বাসিন্দা; ইহারা ওহাবিয়া সমাজের নেতা হয়। ১৯০০ অব্দে ইবন সউদ নেজ্‌দের প্রধান শহর রিয়াদা ও ক্রমে সমস্ত দেশ দখল করেন। ১ম মহাযুদ্ধের সময় মক্কার শরীফ হুসেন ও ইংরেজদের লরেন্সের চেষ্টায় তুর্কীরা আরাবিয়া হইতে বিতাড়িত হয় (১৯১৬-১৭)। মক্কা অধিকার (১৯২৪ অক্টো.) করিবার পর ১৯২৬ জানু. ৮ ইবন সউদ হেজাজের রাজা (মমলক) ও নেজ্‌দ-এর সুলতান, এবং ১৯২৭ ফেব্রু. মাস হইতে যুক্ত হেজাজ ও নেজ্‌দের রাজা ঘোষিত হইলেন। ১৯৩২ সেপ. ২২-এ হেজাজ ও নেজ্‌দ রাজ্যদ্বয় 'সউদি আরাবিয়া' নাম প্রাপ্ত হয়। ইহা রাষ্ট্রসংঘের (U. N.) সদস্য ও ১৯৪৮ হইতে আরব লীগের সভ্য। ইবন সউদের মৃত্যুর (১৯৫৩ নভে. ৯) পর তাঁহার পুত্র সউদ (জ. ১৯০৫) রাজা হন। ইহাদের আয়ের দুইটি প্রধান উৎস: হজ-যাত্রীদের নিকট হইতে প্রাপ্ত অর্থ ও নেজ্‌দের পেট্রো. তৈলখনির ইজারালব্ধ আয়। ১৯৪৮-৫০-এর মধ্যে প্রতি বৎসর হজযাত্রীদের নিকট হইতে গড়ে ১৫০ কোটি টাকা পাওয়া যায়। ১৯৫১-এ পেট্রোলিয়াম-এর খাজনা হিসাবে সরকার ৫·৫০ কোটি পা. পাইয়াছিল। জেদ্দা হজযাত্রীদের প্রধান বন্দর। পারস্য সাগরে দাম্মান হইতে রিয়াদা পর্যন্ত রেলপথ (৩৪৫ মা) ১৯৫১-এ নির্মিত হয়; ঐ রেলপথ মদিনা হইয়া জেদ্দা পর্যন্ত যাইতেছে। স্টেটের বিমান-সার্বিস আছে। রাজ্যের আ. ৫,৯৭,০০০ ব মা (১,৯৩,০০০ ব মা)

বাদে ); জন. প্রায় ৭০ লক্ষ ; ঘনতা ১১·৭। রাজধানী মক্‌কা ও রিয়াদ।

**সাওন্তওয়াড়ি, সাবংতবাডী** ( Sawantawadi ) : ডেকান স্টেটসের করদরাজ্য। আ. ৯৩৭ ব মা ; জন. ২,৫২,০৫০। রাজা মহারাষ্ট্র, ৯ তোপ পাইতেন। ১৯৪৮ মার্চে রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১,০৭,৫০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে বোম্বাই রাজ্যের রত্নগিরি জেলার তালুক। ...শহর ( জন. ১২,৪৫১ ) গোআ রাজ্যের প্রায় সীমান্তে অবস্থিত।

**সওয়ানর, সবণর** ( Savanur ) : ডেকান স্টেটসের করদরাজ্য। আ. ৭০ ব মা ; জন. ২২,৪৪০। রাজ্যের আয় ছিল ২,৩৫,০০০ টাকা। ১৯৪৮ মার্চে ভারতভুক্ত হইলে মুসলমান রাজাকে ৩০,৩১৬ টাকা ভাতা দেওয়া হয়। ···বর্তমানে বোম্বাই, ধারবার জেলার অন্তর্ভূত। শহর ( জন. ১৪,৭৮৪ ) পুণা হইতে ৩৬৮ মা।

**সক্কর, সাক্কার** ( Sukkur ) : পূ. পাকিস্তান। সিন্ধু দেশের জেলা ; সিন্ধু নদের জলে কৃষিকার্য চলে। আ. ৫,৫৫০ ব মা ; জন. ৬,৯২,৫৫৬। ···শহর ( জন. ৬৬,৪৬৬ ) সিন্ধুনদের দ. তটে। এই খানে সক্কর ব্যারাজ রেল সেতু (দ্র. লয়েডস ব্যারাজ)। করাচি ৩০০ মা।

**স-ক্য** ( Sa-kya ) : তিব্বতের চাঙগ ( গ্‌চঙ্গ ) প্রদেশের বিহার। ১২২২ অব্দে এখানকার সংঘরাজ আনন্দ-ধ্বজ সর্বপ্রথম মাংগোলিয়ায় গিয়া বুদ্ধের ধর্ম প্রচার করেন। ১০৭৩-এ মঠ প্রতিষ্ঠিত হয়।

**সগদিয়ানা** ( Sogdiana ) : প্রাচীন ভারতীয় সাহিত্যের শকদ্বীপ ; মধ্য-এশিয়ার প্রাচীন দেশ ; অক্ষু ও জাক্ষত-রাস ( আমু ও সরদরিয়া নদী ) নদীদ্বয়ের মধ্যে অবস্থিত। খ্রী. ৪ শতকে সগদিয়ানার ভাষায় লিখিত বহু পত্রাদি এবং ৭-৯ শতকের মধ্যে অনুদিত বৌদ্ধ গ্রন্থাদির খণ্ডিতাংশ আবিষ্কৃত ও প্রকাশিত হইয়াছে।

**সগৌলী, সুগৌলী** ( Sagauli ) : বিহার ; চম্পারন জেলার মোতিহারী মহ.র থানা। আ. ৬৫ ব মা ; জন. ৬৬,৯৪১ ; ঘনতা ১,০৩০। শহর ( জন. ৯,১০৬ ) হইতে রকসৌল শাখা রেল নেপাল সীমান্তে গিয়াছে। ...সগৌলীতে ১৮১৬-অব্দে গুরখা যুদ্ধের ( ১৮১৪-১৬ ) [illegible]ান ইংরেজদের সহিত নেপালের সন্ধিপত্র সহি হয়।

**সংকাস্য** ( Sainkasya ) : সাংকাস্যাপুরী প্রাচীন ভারতের দেশ ; জনক রাজার ভ্রাতা কুশধ্বজের রাজধানী। অশোক এখানে একটি স্তূপ নির্মাণ করেন। ইহা বৌদ্ধদের একটি তীর্থস্থান বলিয়া পরিগণিত। চীন পরিব্রাজক ফা-হিয়ান ( ৪ শতকে ) ও হুয়েনৎসাঙ ( ৭ শতকে ) এইস্থান ( Sengkia-she ) দেখিতে আসেন। ...বর্তমানে উত্তর প্রদেশ রাজ্যে কালী নদীর ( ইক্ষুমতীর ) উত্তর তীরে মইনীপুরীর নিকট অবস্থিত সঙকীস বা সঙকীস-বসন্তপুর গ্রাম। অন্যমতে ফররুখাবাদের সংকীস গ্রাম ; মোটা স্টে. হইতে ৩ মা ; সেখানে স্তূপ ও অশোকস্তম্ভের ভগ্নাবশেষ দেখা যায়।

**সংকোশ** ( Sankosh ) : উত্তর বঙ্গের নদী। ভুটান সীমান্তে চোমলহরি পর্বতের নিকট উঠিয়া ধুবড়ির ৯ মা পশ্চিমে ব্রহ্মপুত্রে পড়িয়াছে। প্রায় ২০০ মা দৈর্ঘ্য।

**সদানিরা** ( Sadanira ) : সংস্কৃত সাহিত্যে এই নদীর উল্লেখ আছে। শতপথ ব্রাহ্মণে বলা হইয়াছে যে আর্য-সভ্যতার পূর্ব সীমান্ত এই নদী। গণ্ডক বা করতোয়ার সহিত সনাক্ত করা হয়।

**সন্ত** ( Sant, Sunth ) : বোম্বাই ; পঞ্চমহল জেলার অন্তর্ভুক্ত ; পূর্বতন গুজরাট স্টেট্‌সের করদরাজ্য। পরামর রাজপুত বংশীয় রাজারা রাজত্ব করিতেন। ১৯৪৮-এ ভারতভুক্ত হয়। আ ৩৯০ ব মা ; জন. ৯৪,২৫৬। রাজ্যের আয় ছিল ৫½ লক্ষ টাকা। রাজা নরেন্দ্রমণ্ডলের সদস্য ও ৯ তোপের সম্মান অধিকারী ছিলেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজা বাৎসরিক ১,১২,০০০ টা. ভাতা পান। বোম্বাই-রাতলাম-দিল্লী পথের সন্ত রোড স্টেশন ( ৩০২ মা ) হইতে রাজধানী সন্তরামপুর ( জন. ৫,৫৯৭ )।

**সন্তোষ** ( Santosh ) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, টাঙ্গাইল মহকুমার অন্তর্গত বিশিষ্ট গ্রাম ; টাঙ্গাইল হইতে ২ মা পশ্চিমে। হিন্দু জমিদাররা খ্যাত ছিলেন।

**সন্দীপ, সোনাদ্বীপ, স্বর্ণদ্বীপ** ( Sandwip ) : পূ. পাক. ; নোয়াখালি জেলার অন্তর্গত দ্বীপ। মেঘনার মোহনায় অবস্থিত ; চট্টগ্রাম হইতে জাহাজে করিয়া যাইতে হয়। দ্বীপের আ. ১২৬ ব মা। রেজি. অপিস ( ১৮৭১ )।...পাঠান আমলের শেষভাগে এই দ্বীপ

আরাকানী, মগ ও পোর্তুগীজ জলদস্যুদের আড্ডা ছিল। ১৬ শতকে পোর্তুগীজ জলদস্যু সিবাস্টিন গনজলিস্ এখানে কিছুকাল রাজত্ব করে।

**সন্দুর** ( Sandur ) : মদ্রাজের পূর্বতন করদরাজ্য। আ. ১৫৮ ব মা; জন. ১৫,৮১৪। রাজা মারাঠা বংশীয়; ১৮১৮-এ ব্রিটিশ সরকারের আওতায় আসে। অধিবাসীরা কানাড়ীভাষী। রাজ্যের আয় ছিল প্রায় শোয়া দুই লক্ষ টাকা। ১৯৪৯-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৯০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। এই রাজ্যে ম্যাঙ্গানিজ ও চন্দনাদি বৃক্ষ আছে।... ১৯৪৯-এ সন্দুর মহীশূর রাজ্যের বেলারী জেলা ভুক্ত হয়।...শহরের জন. ৫,৫২৯।

**সন্ধ্যাদেশ** ( Sandhya country ) : বঙ্গদেশের পশ্চিমে বীরভূম ও সাঁওতাল পরগনার অংশ।

**সন্দেশখালি** ( Sandeskhali ) : ২৪-পরগনা জেলা; বসিরহাট মহ.র থানা। আ. ২১৬ ব মা; জন. ১,১৬, ২৬৬; ঘনতা ৬৩৯। ১০০ গ্রাম বা মৌজা। হাসনাবাদ হইতে নদীপথে যাইতে হয়।

**সপ্তগ্রাম** ( Saptagram ) : হুগলি জেলার মগরা থানার গ্রাম। হাওড়া হইতে ২৪ মা উত্তরে বান্দেল স্টেশনের পরে আদি-সপ্তগ্রাম নামে স্টেশন আছে; পূর্বে ইহার নাম ছিল ত্রিশবিঘা। প্রাচীন সরস্বতী নদীর খাতে পূর্বে ভাগীরথীর প্রধান খাত ছিল। ইহার তীরে ছিল সপ্তগ্রাম, বর্তমান সাতগাঁ। এই সপ্ত গ্রাম—বাঁশবেড়িয়া, কৃষ্ণপুর, বাসুদেবপুর, নিত্যানন্দপুর, শিবপুর, সম্বচোরা, বলদঘাটি। হিন্দু রাজাদের সময় ইহার উত্থান হইলেও মুসলমানদের সময়ে এখানকার গৌরবময় যুগ। শেরশাহ সপ্তগ্রাম হইতে দিল্লী পর্যন্ত একটি রাজসড়ক নির্মাণ করেন। তাহা এখন গ্রানড ট্রাংক রোড নামে পরিচিত। সরস্বতীর খাত দিয়া ভাগীরথীর অধিকাংশ জলরাশি প্রবাহিত হইত বলিয়া দেশের সামুদ্রিক বাণিজ্যেরও ইহাই ছিল পথ। ১৬৩০-এ নদী সরিয়া যায় ও সপ্তগ্রামের ফৌজদার হুগলিতে দপ্তর উঠাইয়া লইয়া যান। ১৭ শতকের মধ্যভাগ হইতে সপ্তগ্রামের বৈশিষ্ট্য নষ্ট হয়।

( Saptaparni ) : রাজগৃহ পার্বত্য অঞ্চলে বৈভার বা বেভার পর্বতে সপ্তপর্ণ গুহায় মহাকাশ্যপের নেতৃত্বে প্রথম বৌদ্ধ সংগীতি আহূত হয়। রাজগৃহ শহর হইতে অদূরে এই গুহা অবস্থিত।

**সপ্তসিন্ধু** (Saptasindhu) : প্রাচীন ভারতের দেশ; ঋকবেদে আর্যদের বাসস্থান বলিয়া উল্লিখিত। সপ্তসিন্ধু বা নদী—ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা, বিপাশা, শতদ্রু, সরস্বতী ও দৃষদ্বতী। সকল নদীর জল সিন্ধু নদে যাইত। পারসিক শিলালেখে হপ্তহেন্দু।

**সফেদ কোহ** (Safed Koh) : প. পাকিস্তান; উ-প. সীমান্ত প্রদেশের পর্বত, কাবুল নদীর দক্ষিণে সমান্তরালে অবস্থিত। উচ্চতম শৃঙ্গ, শিখরম ( ১৫,৬০০ ফুট )।

**সবঙ্গ** (Sabang) : মেদিনীপুর সদর মহ.র থানা। আ. ১২০ ব মা। জন. ৭৪,১৭৭; ঘনতা ৬১৬। দক্ষিণে কালিয়াঘাই নদী। বালিচক স্টেশন ( ৫৭ মা ) হইতে দক্ষিণে পথ। এই স্থান মাদুরের জন্য বিখ্যাত; গ্রামে ( জন. ২,৮৬৮ ) ডাকঘর, উচ্চ বিদ্যালয়, হাসপাতাল, ডিসপেন্সারী প্রভৃতি আছে।

**সবরকণ্ঠ** (Sabarkantha) : বোম্বাই রাজ্যের জেলা। আ. প্রায় ২,৪৪৭ ব মা; জন. ৬,৮৪,০১৭। ইদর ও ক্ষুদ্র ২৬টি করদরাজ্য লইয়া গঠিত সবরকণ্ঠ এজেন্সির সহিত আহমদাবাদের কয়েকটি তালুক নিয়া নূতন জেলা হইয়াছে। সবরমতি প্রভৃতি নদী। বৃষ্টি ২৫"-৩০"। হিম্মতনগর ( পূর্বে ইদরের রাজধানী ছিল ) জেলার প্রধান শহর।

**সবরকণ্ঠ এজেন্সি** (Sabarkantha Agency) : পশ্চিম ভারতীয় করদরাজ্যের একটি সাব্ এজেন্সি; ২৬টি রাজ্য লইয়া গঠিত ছিল।

**সবরমতী** (Sabarmati) : সবরমতী নদী আবু পর্বত অঞ্চল হইতে উঠিয়া বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের মধ্য দিয়া আসিয়া কাম্বে উপসাগরে পড়িতেছে। অহমদাবাদের উপকণ্ঠে ( ৪ মা ) সবরমতী নদীর অপর পারে মহাত্মা গান্ধী প্রতিষ্ঠিত আশ্রম। ১৯৩৩-এ আশ্রম উঠাইয়া দেওয়া হয়। ...পরে সেখানে হরিজন শিক্ষা শিবির হয়। ১৯৫৫-৫৬ তে আশ্রমবাসীরা ভূদান-যজ্ঞে ব্রতী হইয়াছেন।

**সমতট** (Samatata) : প্রাচীন ভারতের দেশ; বর্তমান

পূর্ববঙ্গের দক্ষিণাংশ। ৪ শতকে সমুদ্রগুপ্তের স্তম্ভলিপি মেহেরগ্রাম তাম্রলিপি প্রভৃতিতে সমতটের উল্লেখ আছে।...কুমিল্লা হইতে ১২ মা পশ্চিমে বড়-কামতা গ্রামে—প্রাচীন কর্মান্ত—সমতটের রাজধানী ছিল। হুয়েনৎসাঙ ৭ শতকে এখানে নিষ্ঠাবান বৌদ্ধ রাজাও ৪ হাজার ভিক্ষু-ভিক্ষুণীর সঙ্ঘারামাদি দেখিয়াছিলেন।

**সমৃতার** (Samthar): পূর্বতন মধ্যভারত এজেন্সি (বুন্দেলখণ্ড)-র করদরাজ্য। আ. ১৮৯ ব মা; জন. ৩৮,২৭১। রাজ্যের আয় ছিল প্রায় সাড়ে তিন লক্ষ টাকা। রাজা ১১ তোপ পাইতেন। রাজ্য ভারত-ভুক্ত হইলে রাজাকে ৫১,৮০০ টাকা ভাতা দেওয়া হয়। ...১৯৪৮-এ বিন্ধ্যপ্রদেশভুক্ত ও পরে ১৯৫০-এ উত্তরপ্রদেশের অন্তর্গত হয়। বর্তমানে সমতার উত্তর-প্রদেশ রাজ্যের ঝাঁসী জেলার শহর (জন. ৮,১৯৬)। বেত্তোয়া খাল নিকট দিয়া গিয়াছে; ঝাঁসী ৩৩ মা।

**সমরখন্দ** (Samarkhand): মধ্য এশিয়া, সোবিয়েত উজবেকিস্তানের নগর। কাস্পিয়ান হ্রদের সহিত রেলের দ্বারা যুক্ত। রেশম কারখানা, বিদ্যুৎ শক্তিকেন্দ্র, বিশ্ববিদ্যালয়। জন. প্রায় দেড় লক্ষ। প্রাচীন যুগে শকদ্বীপের নগর—মারকণ্ড (Maracanda) নামে খ্যাত। ৭০৭-এ আরব মুসলীমদের দ্বারা অধিকৃত। বিখ্যাত সামানিদ বংশের রাজধানী ৯০০ ১০০০। ১২১৯ চেংগীস খানের দ্বারা লুণ্ঠিত। ১৩৬৯ তৈমুরলঙের রাজধানী; এইখানে তাহার সমাধি সৌধ আছে। ১৫০৪ উজবেক নামে তাতার জাতীয় লোকের দ্বারা অধিকৃত। ১৮৬৮ হইতে রুশিয়ার অধীন।

**সমসেরগঞ্জ** (Samsergan): মুর্শিদাবাদ জেলা; জঙ্গীপুর মহ.র থানা। আ. ৪২ ব মা; জন. ৭৪,৩২৪; ঘনতা ১,৭৭৪। গঙ্গার অপর পারে রাজসাহী (পাক.)।

**সমস্তীপুর** (Samastipur): বিহার; দ্বারবঙ্গ (দরভংগা) জেলার মহকুমা। আ. ১,১২৬ ব মা; জন. ১৩,২৯,৭৪৬; ঘনতা ১,১৮০। সদর শহর (জন. ১৯,৩৬৬) বুড়ী-গণ্ডক নদীর দক্ষিণে অবস্থিত বড় রেল জংশন।

**সমালকোট** (Samalkot): অন্ধ্র; পূর্বগোদাবরী জেলার শহর ও জং.। কলিকাতা-মাদ্রাজ রেলপথের স্টে. (৬৮০ মা)। জন. ২৭,৫৯৪। কাকিনাড়া নিকটে।

**সমুদ্রগড়** (Samudragarh): বর্ধমান জেলার কালনা মহকুমার পূর্বস্থলী থানার গ্রাম (জন. ১,৫৩০); ভাগীরথী-তীরে অবস্থিত এককালীন গণ্ডগ্রাম। চৈতন্য ভাগবত, কবি কঙ্কণ চণ্ডী প্রভৃতি গ্রন্থে উল্লেখ আছে। ... কলিকাতা হইতে ৬১ মা।

**সম্বর হ্রদ**: (দ্র. সাংভর)

**সম্বলপুর** (Sambalpur): ওড়িশার জেলা; পূর্বে মধ্য-প্রদেশের ছত্রিশগড় বিভাগে ছিল। ১৯১২-এ বিহার-ওড়িশা গঠিত হইবার সময় নূতন প্রদেশভুক্ত হয়। ১৯৩৬-এ ওড়িশার নূতন প্রদেশ মধ্যেই থাকিয়া যায়। ১৯৪৮-এ করদরাজ্য বামড়া, রায়ড়াখোল ও শোনপুরের অংশ এই জেলার অন্তর্গত করা হয়। পূর্বে জেলার আয়. ছিল ৩,৮২৪ ব মা; এখন ৬,৭৪৫ ব মা; জন. ১৩.০১ লক্ষ ('৫১)। এই সময়ে দক্ষিণের কিয়দংশ (৪২৯ ব মা) কালাহাণ্ডী নামে নূতন জেলার মধ্যে দেওয়া হয়। জেলায় ৫ মহকুমা। স. মহকুমার আ. ১,৬৯২ ব মা; জন. ৪,৪৮,৮২১; স. থানার আ. ১৪৪ ব মা; জন. ৮৮,১৪৫। জেলা পার্বত্য, অরণ্যপূর্ণ, মহানদী প্লাবিত। এই মহানদী বাঁধিয়া সম্বলপুরের নিকট (৯ মা পূর্বে) হীরাকুড় বাঁধ ও জলবিদ্যুৎ কেন্দ্র নির্মিত হইতেছে।

**সম্ভল** (Sambhal): উত্তরপ্রদেশ; মুরাদাবাদ জে.র তহশীল ও শহর। জন. ৬১,৪২৯। এখানকার মসজিদ বাবর কর্তৃক নির্মিত বলিয়া প্রবাদ। পিণ্ডারী-সর্দার আমীর খানের জন্মস্থান। কলিকাতা হইতে ৮৪১ মা।

**সয়লা** (Sayla): পূর্বতন কাথিওয়াড়ের করদরাজ্য; ব্রিটিশ ও জুনাগড় সরকারকে কর দিতে হইত। আ. ২২২ ব মা; জন. ১৫,৩৫২ ('৪১)।...রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৬২,৫০০ টাকা ভাতা দেওয়া হয়।... সৌরাষ্ট্র (বর্তমান বোম্বাই রাজ্য)-র জলওয়াড জেলার তালুক। আ. ৩১১ ব মা; জন. ৩০,৫০২। শহরের জন. প্রায় ১০ হা.।

**সরগোধা** (Sargodha): পাক. পঞ্জাব; শাহপুর জেলার তহশীল ও শহর। বড় জংশন। লায়ালপুর ৬৮ মা।

**সরযূ** (Sarayu): রামায়ণপ্রসিদ্ধ নদী; অযোধ্যা ইহার তীরে অবস্থিত ছিল। প্‌টলেমি ইহাকে Sarabos

বলিয়াছেন। ঘাঘরা নদীর (Ghagra বা Gogra)। একাংশ সরযূ বা রামগঙ্গা নামে উক্ত হয়।

**সরস্বতী** ( Sarasvati ) : বেদে এই নদীর নাম বহুবার পাওয়া যায়। আর্যরা সরস্বতীতীরে উপনিবেশ স্থাপন করেন, তখন উহা স্রোতস্বতী ছিল। মনুসংহিতা ও মহাভারতে ইহা বালুকার মধ্যে লুপ্ত বলিয়া বর্ণিত। সরস্বতী হিমালয়ে উঠিয়া অম্বালা জেলার মধ্য দিয়া প্রবাহিত ছিল।...কুরুক্ষেত্রের নিকট সরস্বতী নামে নদী ছিল। ...প্রাচীন সরস্বতী বর্তমান ঘাগ্‌গর ( দ্র.) (Ghaggar)। স্থানীয় ব্রাহ্মণরা সারস্বত নামে খ্যাত।

**সরস্বতী** (Sarasvati) : বাংলার নদী ; ভাগীরথী হইতে ত্রিবেণীর নিকট ভাঙিয়া হুগলী জেলার মধ্যে প্রবাহিত হইয়া হাওড়া জেলায় পুনরায় ভাগীরথীর সহিত মিলিত হইত। পূর্বে ইহা বৃহৎ ও নাব্য নদী ছিল, বর্তমানে মজিয়া গিয়াছে। সপ্তগ্রাম (দ্র.) ইহার উপর অবস্থিত ছিল।

**সরাইল** (Sarail) : পূ. পাক. ; ত্রিপুরা জেলা, ব্রাহ্মণ-বেড়িয়া মহ.র থানা। আ ৮২ ব মা। গ্রাম, ডাকঘর। সরাইলের জঙ্গলের কুকুর এককালে বিখ্যাত ছিল।

**সরায়কেলা** (Saraikela) : পূর্বতন ঈ. স্টেটস এজেন্‌সির করদরাজ্য। আ. ৪৪৬ ব মা; জন. ১,৫৪,৮৪৪। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৮৮,৯০০ টাকা ভাতা দেওয়া হয়। এই রাজ্য বিহারভুক্ত করা হইয়াছে। সরায়কেলা শহর ( জন. ৪,৭৭৭ ) জামসেদপুর হইতে ১৮ মা দ.-পশ্চিমে। এখানকার ছাউ লোকনৃত্য প্রসিদ্ধ।

**সরায়কেলা** ( Saraikela ) : বিহার ; সিংহভূম জেলার মহকুমা। আ. ৫৯০ ব মা ; জন. ১,৯৯,৯২২ ; ঘনতা ৩৩৯। খরসান রাজ্য এই মহ.র অন্তর্গত।

**সরিলা** ( Sarila ) : পূর্বতন মধ্যভারত স্টেটস ( বুন্দেল-খণ্ড ) এজেন্‌সির করদরাজ্য। আ. ৩৫ ব মা ; জন. ৭,২৫০। ১৯৪৮-এ প্রথমে বিন্ধ্যপ্রদেশ ভুক্ত ও পরে ১৯৫০-এ উত্তরপ্রদেশ ভুক্ত হইয়াছে। রাজা ১৮,৬৫০ টাকা ভাতা পান। ...সরিলা, হামীরপুর জেলার শহর।

**সরিষা** ( Sarisha ) : ২৪-পরগনা জেলার ডায়মণ্ড হারবার থানার গ্রাম। জন. ১,৭১০।

**সরিষাবাড়ি** ( Sarishabari ) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, টাঙ্গাইল ম.হর থানা। আ. ৬৭ ব মা।...ইহা বড় গঞ্জ। ব্রহ্মপুত্র নিকটে।

**সলউইন** ( Salween ) : (১) বর্মার নদী (১,৮০০ মা) ; তিব্বতে উঠিয়া উত্তর-বর্মা ও শান্ স্টেটসের মধ্য দিয়া প্রবাহিত ; অ-নাব্য ; মার্তাবান উপসাগরে পড়িতেছে। (২) বর্মার জেলা। আ. ২,৬৭০ ব মা ; জন. ৫০ হা.। জেলা পার্বত্য।

**সল্ট লেক সিটি** ( Salt Lake City ) : মার্কিন যুক্ত-রাষ্ট্রে উটা স্টেটের রাজধানী। জন. ১.৫০ লক্ষ। মরমন ( Mormon ) সম্প্রদায়ের গুরু ব্রিগহাম ইয়ং কর্তৃক নগর পত্তন হয় ( ১৮৪৭ )। বিশাল মন্দির ; বিশ্ববিদ্যালয় আছে ও শিল্পকেন্দ্র আছে।

**সলবাই** ( Salbai ) : বোম্বাই রাজ্য ; পূর্বতন গবালিয়র রাজ্যের গ্রাম ; গ. দুর্গ হইতে ৩২ মা দ.-পূর্বে অবস্থিত। ১ম ইঙ্গ-মারাঠা যুদ্ধের (১৭৭৫) পর সলবাই-এ সন্ধি হয় (১৭৮২)। ইংরেজ সালসিটি দ্বীপ পায়।

**সলিসবারি** ( Salisbury ) : (১) ইংলন্ডের শহর। জন. ২৭ হা.। (২) রোডেশিয়ার রাজধানী।

**সলোমন দ্বীপপুঞ্জ** ( Solomon Islands ) : পশ্চিম প্রশান্ত মহাসাগরে নিউগিনী দ্বীপের পূর্বদিকে ( ৫০০ মা ) কয়েকটি দ্বীপের সাধারণ নাম। ১৮৮৬-এ কয়েকটি জারমানির,...১৮৯৩-৯৯-এর মধ্যে কয়েকটি দ্বীপ ব্রিটিশের দখলে আসে।...১৯২১ হইতে জারমান অধিকৃত দ্বীপগুলি অস্ট্রেলিয়াকে দেওয়া হয়। দ্বীপগুলি পার্বত্য ও আগ্নেয়। রপ্তানি সামগ্রীর মধ্যে নারিকেল শাঁস ( Copra ) প্রধান। ...অস্ট্রেলিয়ার অংশের আ. ৪,০৮০ ব মা ; জন. ৪৫ হা.। ব্রিটিশ প্রোটেক. অংশের আ. ১১,৫০০ ব মা ; জন. আদিম প্রায় এক লক্ষ, শ্বেতাঙ্গ ৪৩৮ মাত্র।

**সহরসা** ( Saharsa ) : বিহার রাজ্যের নূতন জেলা। ভাগলপুর জেলার গঙ্গার উত্তরের অংশ লইয়া গঠিত। আ. ২,১১০ ব মা ; জন. ১৩.০৮ লক্ষ ; ঘনতা ৬১৮। জেলায় ২ মহকুমা : সুপৌল ও মাধেপুর। কাটিহার হইতে ১০০ মা।

**সহারনপুর** ( Saharanpur ) : উত্তরপ্রদেশ ; মীরাট বিভাগের জেলা। উ.-পূর্বে শিবালিক পর্বত ও দেহরা-

হুন জেলা। আ. ২,১৩৩ ব মা; জন. ১৩,৫৩, ৬৩৬। এই জেলার মধ্যে রুড়কী বিশ্ববিদ্যালয় (ইনজিনীয়ারিং)। —শহর, এই শহর মহম্মদ তুঘলকের সময়ে ১৩৪০-এ স্থাপিত ও সাহ হারান চিস্তীর নামানুসারে সহহারনপুর হয়; ইহার দরগায় হিন্দু-মুসলমান সকলেই যায়। সাহজহানের সময় ইহা মৃগয়াভূমি ছিল; এই সময়ে আলিমর্দন খা যমুনা খাল খনন করান। ...১৮১৭-এ গবর্নমেণ্ট উদ্ভিদ্ উদ্যান (Botanical Gardens) স্থাপন করেন। শহরের জন. ১,৪৮,৪৩৫। সেনট্রাল, প. ন্যাশ., স্টেট ব্যা.।

**সহ্যাদ্রি** (Sahyadri): পশ্চিমঘাট পর্বতশ্রেণীর স্থানিক নাম। গড় উচ্চতা ৪০০০ ফুট। পাহাড়ের মধ্যে মধ্যে 'ঘাট' বা গিরিপথ আছে; নাসিকের নিকট থলঘাট, পুণার নিকট ভোরঘাট।

**সাইখোয়া** (Saikhoa Ghat): আসামে উ.-পূর্ব সীমান্তের শহর; লোহিত নদীর বামতটে; অপর পারে সদিয়া। তিনসুখিয়া জং. হইতে শাখা রেলপথের শেষ স্টেশন (২৯ মা)।

**সাইগন** (Saigon): দক্ষিণ ভিয়েৎ-নাম (Viet Nam) বা পূর্ববর্তী ফরাসী ইন্দোচীনের কলোনী কোচিন-চীনের রাজধানী। জন. ১১·৮০ লক্ষ।

**সাঁইথিয়া** (Sainthia): বীরভূম জেলা; সদর মহ.র থানা। আ. ১২০ ব মা; জন ৭০,৭৭০; ঘ. ৫৮৯। গ্রাম ২১০ অহামদপুর সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্গত। —শহর, ময়ূরাক্ষী তীরে, লুপ লাইনে ১১৮ মা। ব্যবসায় কেন্দ্র; ধানকল, তেলকল। উচ্চ বিদ্যালয়, ডাকঘর, টেলিফোন প্রভৃতি আছে।... জন. ৮,৭০৭। ...নিকটে নন্দীপুর নামে উপপীঠ।

**সাঁইথিয়া** (Santhia): পূ. পাক.; পাবনা জেলা, সদর মহ.র থানা। আ ১২৮ ব মা। গ্রাম, ডাকঘর।

**সাইপ্রাস** (Cyprus): গ্রীক—কাইপ্রস; তুর্কী—কিবরিস। ভূমধ্যসাগরের দ্বীপ; ব্রিটিশ অধিকৃত। এশিয়া মাইনর ও সিরীয়া হইতে প্রায় সমান দূরে অবস্থিত। আ. ৩,৫৭২ ব মা; জন ৪·৮০ লক্ষ। নানা সম্প্রদায়ের লোকের বাস—খ্রীষ্টান, ইহুদী, মুসলমান; ইহারা গ্রীক ও তুর্কী ভাষী। সাইপ্রাসের রাজধানী —নিকোসিয়া বা লেফ্‌কোসিয়া। প্রধান ও একমাত্র বন্দর ও পোতাশ্রয় ফামাগুস্তা (Famagusta)।... এই দ্বীপে প্রচুর তাম্র, লৌহ, আস্‌বেসটস, জিপসাম, লবণ, ক্রোমিয়াম প্রভৃতি খনিজ আছে। পাহাড়ের অরণ্য প্রায় নিঃশেষ হওয়ায় ভূমিক্ষয় প্রভৃতির সমস্যা দেখা দেয়। বর্তমানে অরণ্যীকরণের চেষ্টা হইতেছে। ...প্রাচীনকাল হইতে এই দ্বীপ মিশর, অসীরিয়া, পারসিক, গ্রীক, রোমান, বৈজয়ন্তীয়ম সাম্রাজ্যের অন্তর্গত ছিল; এখানকার তাম্র ও লৌহ ছিল প্রধান আকর্ষণ। ...১৩৭৩-এ জেনোয়াবাসীরা আধিপত্য করে। ১৫৭৩ হইতে ১৮৭৮ তুর্কীর অধীন। তৎপরে ব্রিটিশের আওতায় আসে। ১ম মহাযুদ্ধের পর পুরাপুরি ব্রিটিশের অধীন। সাইপ্রাসবাসী গ্রীকরা গ্রীকের সহিত যুক্ত হইবার জন্য সংগ্রাম করিতেছে। তুর্কী মুসলমানরা ইহার বিরোধী।

**সাইবিরিয়া** (Siberia): এশিয়ার উত্তরে সোবিয়েত রুশ অন্তর্গত দেশ। উরাল পর্বত হইতে প্রশান্ত মহাসাগর ও আরকটিক মহাসাগর হইতে মংগোলিয়া পর্যন্ত বিস্তৃত ভূভাগ; এশিয়ার এক তৃতীয়াংশের অধিক। রুশীয় সোবিয়েতের অংশ (R S F S R)। দক্ষিণ ও পূর্বে মালভূমি ছাড়া সা.-র অধিকাংশই সমভূমি; সমভূমির উত্তর ভাগ তুন্দ্রা ও দক্ষিণ ভাগ সরলবর্গীয় বৃক্ষের অরণ্যভূমি এবং দ.-পশ্চিম ভাগ স্টেপ বা তৃণভূমি। সা.-র. বৃহত্তম হ্রদ বৈকাল (Baikal) সমুদ্রপৃষ্ঠ হইতে ১,৩১২ ফুট উচ্চে অবস্থিত; পৃথিবীর গভীরতম হ্রদ (৪,৫০০ ফুট গভীর)।...জলবায়ু অত্যন্ত শীতল ও শুষ্ক; শীত ৯ মাস থাকে, তখন দেশের অধিকাংশই তুষারাবৃত। মৎস্য শিকার, পশুলোম সংগ্রহ প্রধান ব্যবসায়।... পার-সাইবিরিয়ান (Trans Siberian) রেলপথ খোলা হইবার পর হইতে এখানে বহু শহর স্থাপিত হইয়াছে (১৮৯১-১৯০১)। এই দেশ সামোয়েদ, বুরিয়াৎ প্রভৃতি বহু অর্ধ-যাযাবর জাতির বাসভূমি। সেসব জাতিদের জন্য আত্মশাসিত স্টেট গঠিত হইয়াছে। এই ভূভাগের আ. ৬৬·৪০ লক্ষ ব মা; জনসংখ্যা প্রায় ২ কোটি।

**সাইরেনাইকা** (Cyrenaica): উ. আফ্রিকা; লিবিয়া

রাজ্যের পূর্বাংশ ও লিবিয়ার ৩টি প্রদেশের অন্যতম। ইহা দক্ষিণে ফরাসী চাড্ টেরিটোরি পর্যন্ত বিস্তৃত। আ. প্রায় ৮'৫০ ব মা; জন ৩'০৫ লক্ষ। প্রধান শহর বেনগাজি (Benghazi)। প্রাচীন গ্রীকদের উপনিবেশ সাইরিনী (Cyrene) হইতে এই দেশের নামাকরণ।

**সাইলানা** (Sailana): রাতলাম ও জাওরা রাজ্যের মধ্যে ক্ষুদ্র করদরাজ্য। আ. ৩০০ ব মা; জন. ৪০, ২৮৮। রাজ্যের আয় ছিল ২'৬১ লক্ষ টাকা; কর ২১ হা.। রাজা ১১ তোপ সম্মানাধিকারী ছিলেন। রাজা বার্ষিক ৭০,০০০ টাকা ভাতা পান। ...প্রথমে মধ্যভারত ইউনিয়ন ও ১৯৫৬ নবেম্বর হইতে মধ্যপ্রদেশ রাজ্য অন্তর্গত। ...শহর, রাতলাম হইতে ১২ মা।

**সাইলিশা** (Silesia): জারমান Schlesien, পোল Slosk. পূর্ব-মধ্য ইউরোপের দেশ। ২য় মহাযুদ্ধের পর (১৯৪৬, আগস্ট ২) পটস্ডামের ঘোষণায় সাইলিশা পোলন্ডের অন্তর্গত করা হয়। সেই প্রদেশের নাম এখন Wroclaw (Breslau)। সা.-র যে সামান্য অংশ জারমানির মধ্যে থাকিল তাহা এখন স্যাকসনি বিভাগের অন্তর্গত। পোলন্ডের মধ্যস্থিত সা.-র সমস্ত জারমানদের পোল্‌রা দেশ হইতে তাড়াইয়া পোল্‌দের দ্বারা পুনর্বসতি করাইয়াছে। এই অঞ্চলে কয়লাখনি প্রচুর। তাছাড়া সীসা, লৌহ, মার্বেল প্রভৃতির খনি আছে।

**সাউথ অস্ট্রেলিয়া** (South Australia): অস্ট্রেলিয়া যুক্তরাষ্ট্রের প্রদেশ। ১৮৩৬-এ প্রথম উপনিবেশ। আ. ৩,৮০,০৭০ ব মা; জন. ৭'২০ লক্ষ ('৫০)। রাজধানী আডিলেড্ (Adelaide, জন. ৪'৩০ লক্ষ)। গোপালন, কৃষি ও মেষপালন অধিবাসীদের প্রধান উপজীবিকা। প্রচুর পশম উৎপন্ন হয়।

**সাউথ আফ্রিকা** (South Africa): দ্র. দক্ষিণ আফ্রিকা ইউনিয়ন।

**সাউথ ইন্‌ডিয়া রেলওয়ে** (South India Railway): ১৮৬০ সালে রেল লাইন খোলা হয়। ব্রড গেজ ৫৫৯ মা; ১,৪৭৯ মা মি. গেজ। মূলধন ৪৯'৯১ কোটি টাকা। মোট আয় ১৭'৭৩ কোটি। নেট আয় ৩'৩৮ কোটি। যাত্রী ১৫,৭০,৫১,০০০। বর্তমান সাদার্ন রেলওয়ে জোনের অন্তর্গত।

**সাউথ ঈস্‌টার্ন রেলওয়ে** (South-Eastern Railway): দ্র. পূর্ব রেলওয়ে।

**সাউথ কারোলিনা** (South Carolina): মার্কিন যুক্ত রাষ্ট্রের স্টেট। আদি ১৩টি বিদ্রোহী স্টেটের অন্যতম। আ. ৩১,০৫৫ ব মা; জন. ২১'১৭ লক্ষ ('৫০)। রাজধানী কলম্বিয়া। স্টেট কৃষিপ্রধান।

**সাউথ ডাকোটা** (South Dakota): মার্কিন যুক্ত-রাষ্ট্রের স্টেট। ১৮৮৯-এ যুক্তরাষ্ট্রভুক্ত হয়। আ. ৭৭,৬১৫ ব মা; জন. ৬'৫২ লক্ষ। স্বর্ণখনি সম্পদে শ্রেষ্ঠ স্টেট। রাজধানী পিয়ারে (Pierre)।...রাসমোর পর্বতগাত্রে শিল্পী Gutzon Borgium আমেরিকার তিনজন প্রেসিডেণ্ট ওয়াশিংটন, লিনকলন ও থিওডোর রুজভেল্টের বিরাট মূর্তি খোদাই করিয়াছেন।

**সাউথ সুবারবন** (South Suberbun): ২৪-পরগনা জেলার আলিপুর সদর মহ.র মেটিয়াবুরুজ থানার অন্তর্গত নগর; কলিকাতা হইতে প্রায় ৫ মা দ.-পশ্চিমে; টালিগঞ্জ ও গার্ডেনরীচ হইতে পৃথক করিয়া ১৯০১-এ এই নগর গঠিত হয়। বেহালা ও বড়িষা প্রধান অঞ্চল। এই এলাকায় বহু ধানের কল আছে। ভারতের অন্যতম টাকশাল (mint) এই অঞ্চলে নূতন নির্মিত হইয়াছে। আ. ১২'২৫ ব মা; জন. ১,০৪, ০৫৫। উদ্‌বাস্তু ২০,০১৬। নারীর অনুপাত ৭১২।

**সাউন্‌ড** (The Sound; সুইডিশ Sund): বাল্‌টিকসাগরে প্রবেশের সংকীর্ণ প্রণালী; ৫০ মা দীর্ঘ ও ৩ মা প্রস্থ এই প্রণালী বাল্‌টিকের সমস্ত নৌচলাচলের প্রধান জলপথ। সুইডেন ও ডেনমার্কের মধ্যে সংকীর্ণতম পথ, ৩ মা মাত্র। কোপেনহাগেন এই প্রণালীর তীরে।

**সাঁওতাল পরগনা** (Santal Pargana): বিহার; ভাগলপুর বিভাগের জেলা; স্থানে স্থানে পার্বত্য, অধিকাংশ শুষ্ক; শাল, মহুয়া প্রভৃতির জঙ্গলপূর্ণ। প্রধানত সাঁওতালদের বাস। দুমকা প্রধান শহর। জেলার আ. ৫,৪৭৯ ব মা; জন. ২৩'২২ লক্ষ। তন্মধ্যে ১০'৩৭ লক্ষ সাঁওতাল ও উপজাতীয় লোক; তপশীল জাতি ১'৪৪ লক্ষ। দুমকা-সিউরীর পথে ময়ূরাক্ষী

নদীর দুই পার্শ্বে পাহাড় বাঁধিয়া মশানজোড় বাঁধ (দ্র.) ও জলবিদ্যুৎ সরবরাহ কেন্দ্র হইয়াছে। এই জেলায় খ্রীষ্টান মিশনারীদের বহু কেন্দ্র আছে ; দুমকা, পাকুড়, বেনাগড়িয়া বিখ্যাত।

**সাও পাউলো** (Sao Paulo) : দ. আমেরিকা ; ব্রাজিলের প্রদেশ ও নগর।—নগর (জন. ২০'১৭ লক্ষ) ব্রাজিলের ২য় নগর ; পৃথিবীর শ্রেষ্ঠ নগরের ১৬শ। কফি-সংগ্রহের, তুলার ও বয়নশিল্পের প্রধান কেন্দ্র। রাজ্যের ৫০% কারখানা এই নগরে।

**সাঁকরাইল** (Sankrail) : মেদিনীপুর ; ঝাড়গ্রাম মহ.র থানা। আ. ১০৬ ব মা ; জন. ৪৭,০০০।

**সাঁকরাইল** (Sankrail) : হাওড়া জেলার সদর মহ.র থানা। আ. ২৫ ব মা ; জন. ১৯,৩৪৮ ; ঘনতা ৪,০০৭। ভাগীরথী দক্ষিণ-পূর্বে।—শহর (জন. ১০,১৮৯) কলিকাতা হইতে ১০ মা ; স্টেশন ও গঙ্গার মধ্যভাগে বহু পাটকল। স্থানীয় বিশালাক্ষীদেবীর প্রাচীন মন্দির বিখ্যাত।

**সাংগরি** (Sangri) : হিমাচল প্রদেশ অন্তর্গত পূর্বতন পঞ্জাব পার্বত্য করদরাজ্য। আ. ২১ ব মা ; জন. ৩,৮৩৯। রাজা ৪,২০০ টাকা ভাতা পান।

**সাংগলি** (Sangli) : দাক্ষিণাত্যে মহারাষ্ট্র করদরাজ্য ; আ. ১,১৪৬ ব মা ; জন. ২,৯৩,৩৮১ ('৪১)। রাজ্যের আয় ছিল ১৫-১৬ লক্ষ টাকা। রাজা ৯ তোপ পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ২,৬২, ৫০৯ টাকা ভাতা দেওয়া হয়।…এই রাজ্য এখন বোম্বাই ও মহীশূর রাজ্যের ধারওয়ার, বেলগাঁও, উ.-সাতারা, দ.-সাতারা, সোলাপুর ও বিজাপুর জেলাসমূহের মধ্যে বিভক্ত হইয়াছে।… সাংগলি (জন. ৫০,২৮৭) দক্ষিণ-সাতারা জেলার মিউনি. শহর ; সংস্কৃতি ও বিবিধ শিল্পের কেন্দ্র ; দক্ষিণ-সাতারা জেলার অপর নাম সাংগলি। দ্র. সাতারা, দক্ষিণ।

**সাংভর** (Sambhar) : রাজস্থান ; জয়পুর জেলার মহকুমা (পূর্বের নাম ফুলেরা)। তিনটি তহশীল, ৪ মিউনি. শহর। আ. ১,৪৫৯ ব মা ; জন. ২,৪০ ৮৮৮ ; ঘনতা ১৬৫।—শহর মিউনি. (জন. ১৪,৩০১)। শহরের অদূরে সাংভর লবণ হ্রদ।

**সাংভর, সম্বর হ্রদ** (Sambhar Lake) : রাজস্থানের মধ্যভাগে অগভীর লবণ হ্রদ। পূর্বতন উদয়পুর ও জয়পুর রাজ্যের মধ্যে অবস্থিত ; ইহা ১৯-২০ মা দীর্ঘ ও ৩-৬ মা প্রস্থ ; বৎসরে প্রায় ২'৫০ লক্ষ টন লবণ প্রস্তুত হয়।…যতদূর জানা যায় ১৬ শতক হইতে এখানে লবণের কাজ চলিতেছে। এই হ্রদ পূর্বে উদয়পুরও জয়পুর রাজ্যের ছিল। রাজারা রয়ালটি বা খাজনা পাইতেন।

**সাক্‌সনি** (Saxony, সাক্‌সেন Sachsen) : পূর্ব জারমানির প্রদেশ (Land)। এককালে সাক্‌সনি বলিতে রাইন হইতে এল্‌বে নদী পর্যন্ত ভূভাগ বুঝাইত। বর্তমান সাক্‌সনি বলিতে এর্‌জ পর্বতের (Erzgebirge) উ.-প. স্থিত পূর্ব-জারমানি অন্তর্ভুক্ত প্রদেশ বুঝায়। আ. ৬,৫৬২ বমা ; প্রধান শহর ড্রেসডেন।

**সাক্‌স-কোবুর্গ-গোঠা** (Saxe-Coburg-Gotha) : পূর্ব জারমানির থুরিঙ্গিয়া প্রদেশ অন্তর্গত। পূর্বে ইহা ডাচি ছিল। আ. ৭৬৪ ব মা। এই বংশের প্রিন্স কন্‌সর্ট আলবার্ট-এর সহিত ইংলন্‌ডের মহারানী ভিক্‌টোরিয়ার বিবাহ হয়।

**সাকেত** (Saket) : প্রাচীন ভারতের দেশ ; উত্তর-কোশলের রাজধানী ছিল। পট্‌লেমি ইহাকে Sogeda বলিয়াছেন। সাকেত হইতে শ্রাবস্তী পর্যন্ত রথ্যা (রাস্তা) ছিল, সাত ঘোড়ার-ডাকে পৌছানো যাইত। …উত্তর প্রদেশে এটা জেলায় এটা নগর হইতে ১২ মা পূ.-দক্ষিণে সাকিত নামে শহর আছে। এখানে প্রাচীন কালের একটি অসমাপ্ত মন্দির দেখা যায়।

**সাখালিন** (Sakhalin) : প্রশান্ত মহাসাগরের দ্বীপ ; সাইবিরিয়ার পূর্বদিকে আমুর নদের মোহনার অদূরে। আ ৫৬,০০০ ব মা। তীব্র শীত। দেশ অরণ্যময়। ১৮৭৫-এ জাপান এই দ্বীপ রুশকে দেয়। রুশো-জাপানী যুদ্ধের পর (১৯০৪) জাপান দ্বীপের দক্ষিণাংশ অধিকার করে। ২য় মহাযুদ্ধের পর সমগ্র দ্বীপ রুশিয়ার দখলে আসে (১৯৪৫)। জন. ৩'৪০ লক্ষ ('৩৮)।

**সাগর** (Sagar) : ২৪-পরগনা জেলা ; ডায়মণ্ড হারবার মহ.র থানা। আ ২২৪ ব মা ; জন ৫১,৪৬৩ ; ঘনতা

২২৯। সাগর দ্বীপ ভাগীরথীর মোহনায় অবস্থিত ; ১৮ মা দীর্ঘ ও এক হইতে সাত মা প্রশস্ত। দ্বীপের দক্ষিণে 'সাগর' গ্রাম। পৌষসংক্রান্তির সময় এই 'সাগর' দ্বীপে মেলা হয়। ইহা গঙ্গাসাগরের মেলা নামে পরিচিত। হিন্দুরা তিন দিন এইখানে স্নান, পিতৃপুরুষের উদ্দেশে তর্পণাদি কর্ম করে। পুরাণ-মতে সগর রাজার ষাট হাজার পুত্রকে অশ্বমেধের অশ্ব উদ্ধার করিবার জন্য পাতালে যাইতে হয়। সগর সেইজন্য প্রত্যেক পুত্রকে দীর্ঘে প্রস্থে একযোজন স্থান খনন করিতে বলেন। এই খাত জলপূর্ণ হইলে 'সাগর' নাম প্রাপ্ত হয়। ...দ্বীপের একাংশে আলোকস্তম্ভ ও টেলিগ্রাফ অপিস আছে। ডা. হা. হইতে স্টীমারে বা লক্ষ্মীকান্তপুর হইতে কাকদ্বীপ হইয়া মোটরবাসে যাওয়া যায়।

**সাগর** ( Sagara ): মহীশূর রাজ্য ; শিমোগা জেলার তালুক ও শহর। জন. ১২,৫৩৭।

**সাগর** ( Sagar, Saugor ): মধ্যপ্রদেশ ; জবলপুর বিভাগের জেলা। দেশ ১.৮০০ ফুট উচ্চ মালভূমি। বিড়ির পাতা ও বিড়ি রপ্তানি হয়। বনজ ও খনিজ সম্পদে সমৃদ্ধ জেলা। আ. ৬,৭৭১ ব মা, জন. ৯·৯৪ লক্ষ ( '৫১ )। হিন্দীভাষী অধিবাসী।

সদর শহরের জন. ৮০,০৬৮। সা. বিশ্ববিদ্যালয় ১৯৪৬-এ প্রতিষ্ঠিত হয়। ৪১ কলেজ ইহার সহিত যুক্ত।

**সাগরদাঁড়ি** (Sagardanri): পূ. পাক. ; যশোহর জেলার গ্রাম। কলিকাতা-বেনাপোল-খুলনা রেলপথের ঝিকার-গাছা (৬৭ মা) হইতে স্টীমারে কপোতাক্ষী নদী দিয়া ২০ মা গেলে সাগরদাঁড়ি গ্রাম। এই স্থান মাইকেল মধুসূদন দত্তের জন্মভূমি।

**সাগরদীঘি** ( Sagardighi ): মুর্শিদাবাদ জেলা। জঙ্গীপুর মহ.র থানা। আ ১৩৩ ব মা ; জন. ৭৪,৫৪৫ ; ঘনতা ৫৫৯। এলাকায় ১৬৬ গ্রাম। ...এখানে সা. নামে বড় দীঘি আছে। উৎপত্তি সম্বন্ধে নানা কিংবদন্তীর অন্যতম হইতেছে যে, পালবংশীয় মহীপাল ইহার প্রতিষ্ঠাতা। দীঘির তীরে শিলালেখ হইতে জানা যায় যে পালবংশীয় রাজা ব্রহ্মহত্যা করার প্রায়শ্চিত্ত স্বরূপ এই দীঘি খনন করান। দশটি বাঁধা ঘাট আছে।

**সাজাপুর** (Shajapur): মধ্যভারত ইউনিয়নের ( বর্তমান মধ্যপ্রদেশ ) উ. বিভাগীয় জেলা। জন. প্রায় ৪ লক্ষ ; ঘনতা ১৫৫। শহরের জন. ১৩,৮৩২। তুলার বাজার। ১৬৪০-এ শাহজহান কর্তৃক স্থাপিত।

**সাচীন, সচীন** (Sachin): পূর্বতন গুজরাট স্টেটসের করদরাজ্য। আ. ৪৯ ব মা ; জন. ২৬ হা.। মুসলমান নবাব ৯ তোপের সম্মানাধিকারী ছিলেন। ১৯৪৮-এ ভারতভুক্ত হয়। নবাবকে বাৎসরিক ৭২,০০০ টাকা ভাতা দেওয়া হয়। এখন বোম্বাই—সুরাট জেলার অন্তর্গত।

**সাঁচী, সাঞ্চি** (Sanchi): ভূপাল রাজ্যের ( বর্তমান মধ্যপ্রদেশ ) গ্রাম ; ভূপাল হইতে ২৬ মা উ.-পূর্বে ও ভিলসা হইতে ৬ মা দ.-পূর্বে অবস্থিত। প্রায় ৩০০ ফুট উচ্চ টিলার উপর সাঁচীর বিখ্যাত বৌদ্ধ স্তূপ আছে। অনুমান করা হয় মহারাজ অশোক ইহার সূচনা করিয়াছিলেন। পরে ১৮৮ খ্রী. পূ. অব্দে সুঙ্গ বংশীয় কোনো রাজা স্তূপটি প্রস্তর দ্বারা আচ্ছাদিত করেন। স্তূপের চতুর্দিকে যে চারটি প্রবেশ দ্বার আছে তাহা খ্রী.পূ. ১ম শতকে নির্মিত হয়। স্তূপটির তলদেশ ১২০ ফুট, উচ্চতা ৫৪ ফুট। এই স্তূপের মধ্যে বুদ্ধশিষ্য সারিপুত্র ও মৌদগলায়নের চিতাভস্ম ছিল বলিয়া লোক-বিশ্বাস। কয়েক বৎসর পূর্বে উহা আবিষ্কৃত হয়। মহাসমারোহে সেই ভস্ম পৃথিবীর সকল বৌদ্ধদেশে দেখাইয়া আনা হইয়াছিল। তদনন্তর সাঁচীর নিকট নূতন মন্দির নির্মাণ করিয়া উহা প্রতিষ্ঠিত হইয়াছে।

**সাঁটোস** (Santos): ব্রাজিলের ২য় বন্দর ও পোতাশ্রয়। জন. ১·৫৮ লক্ষ ( '৪০ )। কফী রপ্তানির কেন্দ্র।

**সাতখিরা, সাতক্ষীরা** (Satkhira): পূ. পাক. ; খুলনা জেলার মহকুমা ও শহর। জন. ১৪,৭৬৯।

**সাতনা** (Satna): বিন্ধ্যপ্রদেশের ( বর্তমান মধ্যপ্রদেশ ) জেলা। জন. ৫·৫৯ লক্ষ। শহর ( জন. ২০,১৮৩ ) বাণিজ্যকেন্দ্র ; রেওয়া হইতে মোটরপথে ৫২ মা। নিকটে বরহুত গ্রাম। এখানে ১৮৭৩-এ খ্রী.পূ. ২ শতকের বৌদ্ধ স্তূপের ধ্বংসাবেশ আবিষ্কৃত হয়। ভাস্কর্য শোভিত স্তূপদ্বারগুলি কলিকাতা মিউজিয়ামে ১৮৭৬-এ স্থানান্তরিত করা হয়।

**সাতপুড়া** (Satpura): বোম্বাই ও মধ্যপ্রদেশের পর্বত-

মালা ও মালভূমি। কাম্বে উপসাগর হইতে মইকাল পর্বত পর্যন্ত বিস্তৃত। নর্মদা ও তাপ্তি নদীর জলচ্ছেদক; পূর্ব-পশ্চিমে ৬০০ মা দীর্ঘ; চরম প্রস্থ ১০০ মা। উচ্চতম স্থান ৪,৫০০ ফুট। পর্বত অরণ্যময়। পঞ্চমঢ়ী শহর এই পর্বত অধিত্যকায় অবস্থিত।

**সাতবাহন রাজ্য** (Satavahana Kingdom): দক্ষিণাপথের রাজ্য; রাজাদের 'দক্ষিণাপথেশ্বর' বলিত। রাজধানী ছিল গোদাবরী তটস্থ প্রতিষ্ঠান, অউরঙ্গাবাদ জেলার পৈঠান। খ্রী. ৩ শতকে রাজ্যের অধঃপতন সুরু হয়।

**সাঁতরাগাছি** (Santragachi): হাওড়া জে.র জগাছা থানার গ্রাম (জন. ৫,২০৫), দক্ষিণ রেলপথের প্রধান ইয়ার্ড। শালিমার পর্যন্ত শাখা রেলপথ ৭ মা।

**সাতারা, উত্তর** (North Satara): বোম্বাই রাজ্যের জেলা; ভীমা ও কৃষ্ণা নদী ধৌত। পর্বত ও অরণ্যময় দেশ। আ. ৪,০৩৪ ব মা; পূর্বে আ. ৪,৮২৫ ব মা ছিল; ইহার কয়েকটি তালুক দক্ষিণ সাতারা (সাংগলি) জেলার অন্তর্গত হইয়াছে। জন. ১১'৭৫ লক্ষ ('৫১)। অধিবাসীরা মারাঠী।...কোয়ানা (Koyana) নদীর বাঁধ দিয়া জলসেচনের ও জলবিদ্যুতের ব্যবস্থা হইতেছে। সাতারা, জেলার প্রধান শহর; শিবাজীর অন্যতম রাজধানী। পুণা হইতে ৬০ মা। জন. ৩৮,৫২১। এই জেলায় শৈলনগর মহাবালেশ্বর (দ্র.) ও পঞ্চগনি অবস্থিত। পঞ্চগনি পুণা হইতে ৬৩ মা, স্থানীয় স্বাস্থ্যনিবাস ও যক্ষ্মা হাসপাতাল খুবই বিখ্যাত। বাহাই ধর্ম সম্প্রদায়ের কেন্দ্রীয় অপিস।

**সাতারা, দক্ষিণ** (South Satara): বোম্বাই-এর এই জেলাটি ১৯৪৯, অগস্ট মাসে নূতন গঠিত হয়। পূর্বতন সাংগলি, মিরাজ (বড় ও ছোট তরপ), অউন্ধ, জাঠ করদরাজ্যের অংশ, পুরাতন সাতরা জেলার ৩টি তালুক ও ১ মহল লইয়া গঠিত। জেলার আ. ৩,৪৩৪ ব মা; জন. ১০ লক্ষ। প্রধান শহর সাংগলি (দ্র.)।

**সাদাম্‌পটন** (Southampton): ইংলন্‌ডের হাম্পশায়ার কাউন্টির সামুদ্র বন্দর ও পোতাশ্রয়। ই.র তৃতীয় বন্দর। জন. ১'৭৮ লক্ষ ('৫১)। বিশ্ববিদ্যালয় (১৮৫০)।

**সাদার্ন রেলওয়ে** (Southern Railway): ভারতের রেলওয়ে ৬ জোনের অন্যতম। পূর্বের মদ্রাজ ও দ. মারাঠা রেল (M. S. M. Ry.), হায়দরাবাদ স্টেট রেলওয়ে, মহীশূর স্টেট রেলওয়ে, সাউথ ইন্‌ডিয়ান (S. I. Ry.) এই জোনের অন্তর্গত হইয়াছে।...প্রধান অপিস মদ্রাজ। মদ্রাজের অধীন তিনটি বিভাগ: মহীশূর, মদ্রাজ, তিরুচিনপল্লী। মোট দৈর্ঘ্য ৬,০২৪ মা (ব্র. গেজ ১,৭৬৩ মা; মি. গেজ, ৪,১৫৯ মা; ছোট রেল. ১০২ মা)। মূলধন ১১৯'১৬ কোটি। মোট আয় ৪৭'৩৮ কো.। মোট ব্যয় ২৫'২৮ কো.। নেট আয় ১২'১৫ কো.। মোট কর্মচারী ১'৩৩ লক্ষ।

**সাদিয়া** (Sadiya): আসাম; মিশমি পর্বত জেলার সদর, উত্তর-পূর্ব সীমান্ত প্রদেশের নিকটস্থ সৈন্য-ছাউনি। ব্রহ্মপুত্রের উপনদী লোহিতের উপর অবস্থিত (জন. ৫,০৪৪)। ডিব্রুগড় হইতে ৫৩ মা।

**সানডোয়ে**, বর্মী **থানডোয়ে** (Sandoway): বর্মার আরাকান বিভাগের জেলা। বৃষ্টি ২০০"। আ. ৪,১৫০ ব মা; জন. ১,৩৯,১৪৭ ('৪১)। —শহর (জন.৪,০৭০) আকিয়াব হইতে ১৫০ মা দ.-পূর্বে। নিকটে ৮ শতকের সংস্কৃত শিলালেখ আছে।

**সান্‌ডহার্স্ট** (Sandhurst): ইংলন্‌ড, বার্কশায়ারের গ্রাম। ১৮১২-এ রয়েল মিলিটারি কলেজ স্থাপিত হয়। অশ্বারোহী ও পদাতিক সৈনিক কর্মচারীদের শিক্ষা কেন্দ্র। ভারতীয় সৈনিক বিভাগের কর্মচারীদের শিক্ষা ১৯৩২ পর্যন্ত এখানে হইত।

**সান্‌ জোস** (San Jose): মধ্য আমেরিকার রিপাবলিক কস্‌টারিকোর রাজধানী। জন. ১'১২ লক্ষ।

**সান্‌টা ক্রুজ** (Santa Cruz): বোম্বাই-এর উপকণ্ঠে শহরতলী ও বিমানবন্দর। এখানকার অবতরণ ভূমি পশ্চিম ভারতের বৃহত্তম।

**সান্‌টিআগো** (Santiago): দ. আমেরিকার চিলী রাজ্যের রাজধানী। ১৮৬০ ফুট উচ্চে, আন্দিস পর্বতের সানুদেশে নগর (জন. ১৫'০৭ লক্ষ)।

**সান্‌টো ডোমিংগো** (Santo Domingo; Ciudad Trujillo): মধ্য আমেরিকার ডোমিনিকান রিপাবলিকের রাজধানী; ১৯৩৬-এ প্রেসিডেন্ট ক্রুহিল্লোর নামানুসারে নগরের নাম বদলাইয়া সিউদাদ ক্রুহিল্লো জন. ১'৮১ লক্ষ।

৫

**সান্তাহার** ( Santahar ) : পূ. পাক. ; বগুড়া জেলার গ্রাম ; পুরাতন নাম সুলতানগঞ্জ। ঈ. বি. রেলপথের স্টেশন ; কলিকাতা হইতে ১৭৪ মা। সান্তাহার হইতে ১২ মা পশ্চিমে ভীমের জাঙ্গাল ও ভীমসাগরদীঘি অবস্থিত। এগুলি জননায়ক দিব্যর ভ্রাতুষ্পুত্র ভীমের কীর্তি।

**সান্-পো** ( Tsans-po ) : তিব্বতের দক্ষিণাংশে পূর্বাভিমুখী নদী ; ভারতে ব্রহ্মপুত্র নামে পরিচিত।

**সান্ ফ্রানসিস্কো** ( San Francisco ) : প্রশান্ত মহাসাগর। তীরে মার্কিন যুক্তরাষ্ট্রের কালিফোর্নিয়া স্টেটের নগর ও বন্দর। জন. ৭·৬০ লক্ষ ( '৫০ )।··· পৃথিবীর দীর্ঘতম এক-খাটালী ( One-span ) সেতু (৮,৯৪০ ফুট ) গোলডেন গেট নামে পরিচিত। অপর একটি সেতু ৮½ মা লম্বা।

**সান্ মারিনো** ( San Marino ) : ইউরোপের প্রাচীন রিপাবলিক। ইতালির আপিনাইনস পর্বতের অধিত্যকায় ৩৮ ব মা আয়তন। জন. ১৩,৫০০ ( '৫৩ )। ১৬৩১-এ পোপ এই রাজ্যের স্বাধীনতা স্বীকার করেন।

**সান্ সালভাদোর** ( San Salvador ) : দ্রঃ সালভাদোর।

**সাঁপ্লোন, সিমপ্লোন** ( Simplon ) : দ. সুইট্জারলন্ডের আলপ্স পর্বতের গিরিপথ। ২,৩০০ ফুট উচ্চে, শিখর হইতে ৭ হাজার ফুট নিচু দিয়া সুড়ঙ্গ কাটা হয়। দীর্ঘতম রেলসুড়ঙ্গ ১২½ মা। ১৯০৫-এ কাজ শেষ হইলে রেল চলাচল সুরু হয়। ১৮০৭-এ নেপোলিয়ন এই গিরিপথ নির্মাণ করেন।

**সাভার** ( Sabhar ) : পূ. পাক. ; ঢাকা জেলা, সদর মহ.র থানা। আ. ১৩৭ ব মা। গ্রাম ঢাকা হইতে ১৮ মা। উহা ধলেশ্বরী ও বংশী নদীর সঙ্গমস্থলে বাণিজ্য কেন্দ্র। প্রাচীন নাম সম্ভার বা সম্ভাগ বা সাহোর। কিংবদন্তী এখানকার রাজা হরিশ্চন্দ্রের দুই কন্যা অদুনা ও পদুনার সহিত গোপীচন্দ্রের বিবাহ হয়। মানিকগাঙ্গুলির ধর্মমঙ্গলে এই কাহিনী বিবৃত। তিব্বত-প্রবাসী বৌদ্ধ পণ্ডিত শান্তরক্ষিতের জন্মভূমি ; অতীশ দীপঙ্কর সাহোর রাজবংশোদ্ভব। স্মার্ত পণ্ডিত শূলপানি (১৪ শতক) 'সাহুরিয়ান' বলিয়া আত্মপরিচয় দিয়াছেন।

**সামন্তাবেড় বা বাজেশিবপুর :** দ্র. দেউলটি।

**সায়েস্তাগঞ্জ** ( Saistaganj ) : পূ. পাক. ; সিলেট জেলার গ্রাম। নিকটস্থ খোয়াই নদীর তীরে তুঙ্গেশ্বর শিব প্রসিদ্ধ ; ইহা নবরত্ন উপপীঠ নামে পরিচিত। মন্দির নাই। চট্টগ্রাম হইতে ১৬০ মা।

**সামোআ** ( Samoa ) : প্রশান্ত মহাসাগরে ফিজি দ্বীপ হইতে ৪৫০ মা উ.-পূর্বে ১৪ দ্বীপের সমষ্টি। ১৭২২-এ ওলন্দাজদের দ্বারা আবিষ্কৃত। ইংরেজ লেখক স্টিভেনসন (R. L. Stevenson) সমোআর একটি দ্বীপে বাস করিতেন। প্রথম মহাযুদ্ধের পর কয়েকটি দ্বীপ নিউজীলন্ডের, কতকগুলি মার্কিনদের ভাগে পড়ে। মার্কিনী সামোআর আ. ৭৩ ব মা ; জন. ১৯ হা.। রাজধানী পাগো-পাগো। নিউজীলন্ডী অংশের আ. ১,১৩০ ব মা ; জন. ৯২ হা.। রাজধানী আপিআ ( Apia )। অধিবাসীরা খ্রীষ্টান, পলিনেশিয়ান।

**সার** ( Saar ) : জারমানির পশ্চিমে সার নদীর অববাহিকা। এই ভাগ ১ম মহাযুদ্ধের পূর্বে জারমান সাম্রাজ্যের অংশ ছিল। কয়লা ও লৌহখনি সম্পদে অতীব সমৃদ্ধ ; বহুবিধ ভারি শিল্পের কেন্দ্র। অধিবাসীরা জারমান। ভার্সাই সন্ধির পর এই অঞ্চল লীগ অব নেশনসের তত্ত্বাবধানে ১৫ বৎসর ছিল। ১৯৩৫-এ জনমতানুসারে জা. ভুক্ত হয়। ১৯৩৫-৪৫ পর্যন্ত জারমান রাজ্যভুক্ত থাকে। ২য় মহাযুদ্ধে জারমানদের পরাজয় হইলে সার প্রদেশকে স্বতন্ত্র রাষ্ট্রত্ব দান করা হয়। জন. ৯·৭৫ লক্ষ ( '৫৩ )। রাজধানী সারব্রুকেন ( Saarbrucken )। জন ১·১৫ লক্ষ। ···১৯৫৬-এ পশ্চিম জারমানির অন্তর্গত হইয়াছে।

**সারংগড়** ( Sarangarh ) : পূর্বতন ঈ. স্টেটস ( ছত্রিশগড় ) এজেন্সির করদরাজ্য ; রাজ্যের উত্তরে মহানদী। আ. ৫৪০ ব মা ; জন. ১,৪০,৭৮৫ ( '৪১ )। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৬৩ হা. টাকা ভাতা দেওয়া হয়। বর্তমানে মধ্যপ্রদেশের রায়গড় জেলাভুক্ত। শহর ( জন. ৮ হা. ) রায়গড় হইতে ৩০ মা।

**সারদা** ( Sarda ) : পূ. পাক. ; রাজশাহী জেলার গ্রাম, পদ্মাতীরে। এখানে বঙ্গদেশের পুলিস ট্রেনিং বিদ্যালয় ছিল। এখন পাকিস্তানের পুলিস শিক্ষা কেন্দ্র।

**সারদিনিয়া** (Sardinia) : ভূমধ্যসাগরের দ্বীপ ; ইতালির অন্তর্গত প্রদেশ। উপকূল হইতে ১৩৮ মা। আ. ৯,২৯৯ ব মা ; জন. ১২·৭৩ লক্ষ। অধিবাসী ইতালীয়ান। প্রধান শহর কাল্‌ইআরি (Cagliari)। ইতালি স্বাধীন হইলে সারদিনিয়ার রাজা ইতালির রাজা হন (১৮৬১)। ১৯৪৬ এই রাজবংশের শাসন অবসান হয়।

**সারদিস** ( Sardis ) : প্রাচীন যুগের লীডিয়ার রাজধানী ( খ্রী. পূ. ৫৪৬ পর্যন্ত )। তুর্কী-এশিয়ামাইনরের স্মারনা ( Smyrna )-র নিকটবর্তী। প. এশিয়ায় পারস্যদের বিশিষ্ট নগর। সুসা-র সহিত রাজপথ দ্বারা যুক্ত। আলেকজেন্দার কর্তৃক খ্রী. পূ. ৩৩৪-এ অধিকৃত। হেলেনিক গ্রীকদের সময় সমৃদ্ধ নগর। রোমানদের সময়েও বৈশিষ্ট্য ছিল। তৈমুরলঙ্গ ১৫ শতকে ধ্বংস করেন।

**সারন** ( Saran ) : বিহার ; তিরহুত বিভাগের জেলা। গঙ্গা, গণ্ডকী, ঘর্ঘরা বেষ্টিত। আ. ২,৬৮৩ ব মা ; জন. জন. ৩১·৫৫ লক্ষ। সদর শহর ছাপরা, গঙ্গার উপর।

**সারনাথ** ( Saranath ) : কাশীর ৭ মা দূরে সারনাথ গ্রাম। পথে ধামেক স্তূপ ( ১০৪ ফুট উচ্চ ও ৯৩ ফুট নিম্ন ব্যাস )। সারনাথে বুদ্ধদেব পঞ্চ শিষ্যকে প্রথম উপদেশ দান বা ধর্মচক্র প্রবর্তন করেন। এই স্থানের পুরাতন নাম মৃগদাব। ভারতীয় প্রত্নতত্ত্ববিভাগ এই স্থান খনন করিয়া বহু স্থাপত্য ও ভাস্কর্য নিদর্শন সংগ্রহ করিয়া একটি মিউজিয়মে রক্ষা করিয়াছেন। এইখানে অশোকের চারি সিংহ যুক্ত স্তম্ভ ও ধর্মচক্র পাওয়া যায়। সারনাথের নিকট অধুনা মূলগন্ধী বিহার নির্মিত হইয়াছে। এখানে বৌদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান ও নানা দেশের বৌদ্ধ ভিক্ষুদের থাকিবার স্থান আছে।

**সারবিয়া** ( Sarbia ) : যুগোস্লাভিয়া ইউনিয়নের অন্যতম স্টেট ; বলকান উপদ্বীপের পার্বত্য অঞ্চলে অবস্থিত ; ১৩৮৯-এ তুর্কীরা বৈজয়ন্তীয়ম সাম্রাজ্যের এই অংশ দখল করে ও প্রায় ৪০০ বৎসর সার্বরা তুর্কীর অধীন থাকে। ১৮৭৮-এ বার্লিনের সন্ধির সময়ে তুর্কীরা সার স্বাধীনতা স্বীকার করে। ১৯১২-১৩ বলকান যুদ্ধের ফলে উ. মাকিদনিয়া পাওয়ায় সারবিয়ার রাজ্য প্রায় দ্বিগুণ হইল। প্রথম মহাযুদ্ধের শেষে ১৯১৯ নবেম্বরে ক্রো-আট, স্লোভেন্‌স, মন্টিনিগ্রানরা মিলিত হইয়া যুগোস্লাভ রাজ্য গঠন করেন। ( দ্র. যুগোস্লাবিয়া )।

**সারা, সাঁড়াঘাট** ( Sarahghat ) : পূ. পাকিস্তান ; পাবনা জেলার সদর মহকুমার থানা। আ. ১৫ ব মা। গ্রাম পদ্মানদীতীরে অবস্থিত। সারার নিকটে পদ্মার উপর রেলসেতু, দৈর্ঘ্য ৫,৯০০ ফুট।

**সারাজেভো** (Sarajevo) : যুগোস্লাবিয়া ইউনিয়নের অন্যতম প্রদেশ বস্‌নিয়ার রাজধানী। জন ১·৩৯ লক্ষ ('৫৩)। এই দেশ ১৮৭৮-এ অস্‌ট্রিয়ার অধীন হয়। ১৯১৪, ২৮ জুন এই শহরে অস্‌ট্রিয়ার যুবরাজ ফ্রান্‌সিস্ নিহত হন। এই ঘটনা হইতে প্রথম মহাযুদ্ধের সূত্রপাত।

**সারাবক** (Sarawak) : ব্রিটিশ উত্তর বোর্নিওর স্টেট। আ. ৪৭,০০০ ব মা। সমুদ্রতট ৪৫০ মা। অনেক নদী নাব্য। কয়লা, পেট্রোলিয়াম, সোনা, হীরকাদি খনিজ আছে। ১৯৫৭-এর জনসংখ্যা ৫,৪৩,৩৮৫। ১৯৪৭ হইতে এই দেশ ব্রি. কলোনিয়াল দপ্তরের দ্বারা শাসিত। স্যর জেমস ব্রুক (Brooke) নামে ইংরেজ ১৮৪৭ হইতে এখানকার রাজা। ১৯৪৬-এ ঐ বংশের ভিনার ব্রুক প্রতিষ্ঠিত হন।

**সালভাদোর** (Salvador) : মধ্য আমেরিকার ক্ষুদ্রতম রিপাবলিক ; প্রশান্ত মহাসাগর তীরে ( ১৭০ মা দীর্ঘ ) অবস্থিত। আ. ১৩,১৭৬ ব মা ; জন. ২২ লক্ষ। অধিবাসীরা আদিম লাল মানুষ, নিগ্রো ও স্পেনীশদের সংকর। স্পেনীশভাষী।...রাজধানী সান্ সালভাদোর (জন. ১.০৭০ লক্ষ )। বন্দর অকযুলটা (Acajulta)।

**সালসেট, সাস্‌টি** (Salsette Island) : বোম্বাই ; থানা ( ঠানে ) জেলার দ্বীপ ; দ্বীপের দক্ষিণাংশ বোম্বাই কর্পোরেশন বা বৃহত্তর বোম্বাই অন্তর্গত। মূল দেশ (main land) হইতে উল্লাস নদী ও থানা খাড়ির দ্বারা বিভক্ত। বোম্বাই নগরের সহিত রেলপথের দ্বারা যুক্ত। থানা, বন্দরা (বাংদ্রে), কুর্লা, ঘাটকোপর, অন্ধেরী এই দ্বীপের প্রধান শহর। এখানকার ৩টি জলাধার হইতে বোম্বাই-এর কলের জল সরবরাহ হয়।...দ্বীপ ২৫ মা দীর্ঘ এবং ১৫ মা পর্যন্ত প্রস্থ। আ. ২৪৫ ব মা ; জন. লক্ষাধিক। সলবাই-এর সন্ধির পর ( ১৭৮২ ) সালসেটি ইংরেজের হস্তগত হয়।

**সালমিস** (Salamis) : গ্রীসের সন্নিকটবর্তী দ্বীপ। আ. ৩৬ ব মা। সালমিসের সাগরে খ্রী. পূ. ৪৮০ অব্দে .পারসিক সম্রাট জারক্সেসের নৌবাহিনী আথেনীয় নৌ-সেনাপতি থেমিস্টক্লিসের নেতৃত্বে বিধ্বস্ত হয়।

**সালেম, সেলম** (Salem) : মদ্রাজের জেলা। আ. ৭,২৫৯ ব মা; জন. ৩৩'৭২ লক্ষ। জেলার মধ্যে কাবেরী মেট্টুর বাঁধ ও জলবিদ্যুৎ সরবরাহ কেন্দ্র; এখান হইতে বিজলী শক্তি সালেমের বহু শিল্প প্রতিষ্ঠানে সহবরাহ হয়। জেলায় বহুপ্রকারের মূল্যবান খনিজ আছে।...সালেম, বা সেলম (জন. ২,০৩,৩১২) বস্ত্র বয়নের বিরাট কেন্দ্র। ৩০,০০০ তাঁত আছে। সালেম হইতে মেট্টুর বাঁধ (Mettur Dam) পর্যন্ত রেলশাখা ২৪ মা।

**সালেম** (Salem) : মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট অরিগন (Oregon)-এর রাজধানী। জন. ৪৪ হা.।

**সাসরাম** (Sasaram) : বিহার; শাহাবাদ জেলার মহকুমা। আ. ১,৪৮৩ ব মা; জন. ৮,২৬,২৭৮; ঘনতা ৫৫৭।...সাসরাম থানার আ. ৩০৫ ব মা; জন. ১,৪৫,৮১৯; ঘনতা ৪৭৮।—জেলার সদর শহর। গ্রান্ড কর্ড লাইনের স্টেশন (৩৫৬ মা)। আরা পর্যন্ত লাইট রেল ৬১ মা। এইখানে একটি কৃত্রিম হ্রদের মধ্যে শের-শাহের সমাধিসৌধ আছে।...শহর গ্রান্ড ট্রাংক রোডের উপর। এখানে অশোকের একটি শিলালিপি আছে (Minor Edict)। জন. ২৯,২৬৫।

**সালোনিকী** (Saloniki) : গ্রীসের নগর ও বন্দর, মাকিদোনের মধ্যে। জন. ২'৩৭ লক্ষ। বিশ্ববিদ্যালয়।

**সাস্‌কাচেওয়ান** (Saskatchewan) : কানাডার প্রদেশ। আ. ২,৫১,৭০০ ব মা; জন. ৮'৩১ লক্ষ। রাজধানী রেজিনা। দেশে বহু নদ ও হ্রদ। পশুপালন, কৃষি, মৎস্য চাষ উপজীবিকা।

**সাহারা** (Sahara) : সাহারা শব্দ আরবী, অর্থ মরুভূমি। আফ্রিকার উত্তরাংশের মরুভূমি; আয়তনে প্রায় ইউ-রোপের মত। ভূমধ্যসাগর হইতে সুদান ও অতলান্তিক হইতে লোহিতসাগর পর্যন্ত ব্যাপ্ত। মধ্যস্থলে মালভূমি ও পর্বত; পর্বতের কোনো কোনো স্থানে (৬৫০০-৮০০০ ফুট) কয়েক মাস তুষার জমে। এই বিশাল দেশে বারিপাত নাই বলিলেই হয়। সাহারার উপত্যকায় স্থানে স্থানে মাটির তলদেশে জল পাওয়া যায়; সেই সব স্থান মরূদ্যান। এখন মোটরপথে গাড়ি চলিতেছে। কিন্তু উটই প্রচলিত বাহন। অধিবাসীরা প্রধানত আরব, বার্বার, নিগ্রো প্রভৃতি। সকলেই মুসলমান। সাহারার অধিকাংশ ফরাসীদের অধীন; কিয়দংশ ইংরেজদের।... সোনার ধূলি, খেজুর, লবণ, সোডা, সোরা ও অস্ট্রিচ বা উট পাখীর পালকের ব্যবসায় চলে। আ. ৩৫ লক্ষ ব মাইলের মধ্যে ২৪ লক্ষ ব মা মরুভূমি।

**সাহেথ-মাহেথ** (Saheth-Maheth, Set Mahet) : শ্রাবস্তীর বর্তমান সনাক্ত স্থান। উত্তর প্রদেশের গোন্ডা জেলার গ্রাম; বলরামপুর হইতে ১০ মা উ.-পশ্চিমে। বহুদূর বিস্তৃত বৌদ্ধ স্থাপত্যের ধ্বংসাবশেষ দেখা যায়। অপেক্ষাকৃত মূল্যবান সম্পদ লখনৌ-এর মিউজিয়ামে স্থানান্তরিত করা হইয়াছে।

**সাহেবগঞ্জ** (Sahibganj) : বিহার; সাঁওতাল পরগনা জেলার মহকুমা—রাজমহলের অন্তর্গত শহর (জন. ২৫,৬৬৯); লুপ লাইনের স্টে. (২১৯ মা)। থানার আ. ৭১ ব মা; জন. ৪৮,৩১৮।

**সি আন** (Si-an; Hsi an) : চীন জনরাজতন্ত্রের শেনসি প্রদেশের শহর (জন. ৫ লক্ষাধিক)। এই শহরের নিকট প্রাচীন চীনের হান্ বংশীয় সম্রাটদের (খ্রী. পূ. ২০৬—খ্রী.অ. ২২০) রাজধানী চাং-আন (Chang-an) বহু শতাব্দী বৌদ্ধ সংস্কৃতির কেন্দ্র ছিল।

**সিউরী** (Suri) : বীরভূম জেলার মহকুমা, থানা ও সদর শহর। থানার আ. ১১৩ ব মা; জন. ৮০,৮২৩; ঘনতা ৭১৫। মিউনি., হাই স্কুল, বালিকা বিদ্যালয়, কলেজ, জেলা গ্রন্থাগারের কেন্দ্র, বিজলী, টেলিফোন। জন. ১৮,১৩৫। কলিকাতা ১২৯ মা। শহর হইতে ৩ মা দূরে ময়ূরাক্ষীর তিলপাড়া ব্যারাজ।

**সিউল** (Seoul) : দ. কোরিয়ার রাজধানী। জন. ১১'৪২ লক্ষ। ১৪ শতক হইতে রাজধানী; প্রাচীর বেষ্টিত।

**সিএরা লিওন** (Sierra Leone) : প. আফ্রিকার ব্রিটিশ খাস কলোনী ও আশ্রিত দেশ। দাস জাহাজ হইতে উদ্ধারপ্রাপ্ত দাস সন্তানদের পুনর্বাসনের জন্য এই কলোনী ১৭৮৮-এ খোলা হয়। কলোনীর উত্তরদিকে

আশ্রিতাংশ ১৮৯৬-এ ব্রিটিশদের অধিকারে আসে। মূল কলোনীর আ. ২৬৯ ব মা। আশ্রিতাংশের আ. ২৭,৯২৫ ব মা; জন. ১১·৭৫ লক্ষ। ১৬১টি নিগ্রো সর্দারের রাজ্য আছে। প্লাটিনাম, ক্রোমাইট প্রভৃতি খনিজ; পাম তৈল ও শাস রপ্তানি হয়।... রাজধানী ও বন্দর—ফ্রী টাউন।

**সিং কিয়াং** ( Sin-Kiang ) : চীনের পশ্চিমতম প্রদেশ; এই প্রদেশের অনেক অংশ তাকলামাকান মরুভূমির অন্তর্গত। আ. ৬,৬০,০০০ ব মা; জন ৪০·১২ লক্ষ। রাজধানী তি-হুআ ( Tihwa ), অন্য নাম উরুমচি। অন্যান্য শহর—কাশগড়, ইয়ারকন্দ, খোটান।

**সিংগলীলা** ( Singalila range ) : দার্জিলিঙ জেলার অন্তর্গত পর্বত, অর্থ 'বিষাক্ত পর্বত'; এখানে সেঁকো বিষের গাছ আছে; উচ্চতম শিখরের নিকট সন্দকফুতে সরকারী ইনস্পেকশন বাংলো আছে ( ১১,৯২৯ ফুট )।

**সিংগি** ( Singi ) : বর্ধমান জেলা; কাটোয়ার নিকটবর্তী ইন্দ্রানী পরগনার গ্রাম। বাংলা মহাভারতকার কাশীরাম দাসের জন্মস্থান। গ্রামে কাশীর ভিটে, কেশের পুকুর প্রভৃতি পূর্ব-স্মৃতি বহন করিতেছে।

**সিংগুর** ( Singur ) : হুগলি জেলা; শ্রীরামপুর মহ.র থানা। আ. ৫৭ ব মা; জন ৯৫,৭৫৩; ঘনতা ১,৬৮৩। —গ্রাম ( জন. ৬,২৫২ ) কলিকাতা হইতে ২১ মা। এখানকার গ্রাম স্বাস্থ্যকেন্দ্র ( Rural Health Centre ) নিখিল-ভারত হাইজিন ও পাব্‌লিক হেল্‌থ বিভাগের সহযোগিতা কার্যে ব্রতী। ৬টি ইউনিয়ন বোর্ডের প্রায় ৯৪ হা. অধিবাসী এই কেন্দ্র হইতে উপকৃত। কিংবদন্তী মতে সিংগুর প্রাচীন সিংহপুর,—বঙ্গরাজ সিংহবাহুর রাজধানী; ইহার পুত্র বিজয়সিংহ লঙ্কায় উপনিবেশ গড়েন।... পুরাতন সরস্বতী নদী সিংগুরের পূর্বদিকে ছিল।

**সিংগাপুর, সিংহপুর** ( Singapore ) : মালয় উপদ্বীপের দক্ষিণ-পূর্ব কোণের দ্বীপ। ইহা ব্রিটিশদের খাস কলোনী। কোকোস-কীলিংগ ও খ্রীষ্টমাস দ্বীপ লইয়া গঠিত সি. কলোনীর মোট আ. ২১৭ ব মা; জন. ১০ লক্ষ।... জহোর প্রণালীর উপর সেতু দ্বারা মালয়ের সহিত যুক্ত।... ১৮১৯-এ সুমাত্রার ইংরেজ গবর্নর রাফেলস্ সি.এর পত্তন করেন। ১৯৪২-এ জাপানীরা এই বন্দর দখল করে। ১৯৪৫-এ ব্রিটিশরা সি. উদ্ধার করিয়া পুনর্গঠন করে। ইহা বিরাট নৌবহরের আশ্রয়-বন্দর। জাহাজ নির্মাণের ডক ও বিমানঘাঁটি। বৃহৎ শিল্পকেন্দ্র। মালয়ের টিন নিষ্কাষণের বৃহত্তম স্থান। রবারের বহুবিধ জিনিস, বেতের আসবাব ও সরঞ্জাম তৈয়ারি হয়।... জনসংখ্যার ৮ লক্ষ চীনা; ভারতীয় ৭৪,৭৪০; মালয় ১১ লক্ষ; ইউরোপীয় ১৩ হা.।...সিংগাপুরের পৃথক নয়া শাসন ব্যবস্থা হইয়াছে।

**সিংহগড়** ( Sinhgarh, Singhad ) : বোম্বাই; পুণা নগরের ১২ মা দ.-পশ্চিমে পার্বত্য দুর্গ; ইহা শিবাজী ও পরবর্তী মারাঠা সর্দারদের সুদৃঢ় দুর্গ ছিল। ১৮১৮-এ ব্রিটিশদের হস্তগত হয়।

**সিংহভূম** ( Singbhum ) : বিহার; ছোটনাগপুর বিভাগের জেলা। ওড়িশার সরাইকেলা ও খরসয়ান রাজ্য দুইটি এই জেলাভুক্ত ও সরাইকেলা একটি নয়া মহকুমায় পরিণত হইয়াছে। আ. ৩,৯৩৮ ব মা; জন. ১৪·৮০ লক্ষ ( '৫১ )। অধিবাসীরা ওরাঁও, হো, মুণ্ডা, বাঙালী, ওড়িয়া ও বিহারী। দেশ পার্বত্য। প্রধান শহর চাইবাসা। ৩ মহকুমা : চাইবাসা, ধলভূম ( জামসেদপুর ) ও সরাইকেলা। এই জেলায় প্রচুর কয়লা, তাম্র, কেওলিন মাটি প্রভৃতি খনিজ আছে। প্রাচ্যের বৃহত্তম লৌহ-ইস্পাত কারখানা টাটানগর ( জামসেদপুর ) এই জেলার মধ্যে।

**সিংহল** ( Ceylon ) : ভারতের দক্ষিণে ভারতমহাসাগরের দ্বীপ; ব্রিটিশ কমনওএলথ অব্ নেশনসের অন্যতম রিপাবলিক রাষ্ট্র।...দ্বীপের আ. ২৫,৩৩২ ব মা। চরম দৈর্ঘ্য ২৭০ মা, চরম প্রস্থ ১৪০ মা। দ্বীপের কোনো স্থানই সমুদ্র হইতে ৮০ মা-এর অধিক দূরে নহে। জন. ৮১,০৩,৬৪৮ ( '৫৩ )। জনসংখ্যার মধ্যে ভারতীয় ৯·৮৩ লক্ষ ( ১২% )।

সিংহলী জনশ্রুতিমূলক ইতিহাসমতে বঙ্গদেশের কোনো স্থান হইতে বিজয়সিংহ কয়েক শত লোক লইয়া ঐ দ্বীপে উপনিবেশ স্থাপন করেন। 'সিংহ' হইতে সিংহল নাম প্রচলিত; পূর্ব নাম লঙ্কা। লঙ্কা

নাম পুনর্প্রবর্তনের কথা হইতেছে।... এই বংশের রাজারা প্রায় আড়াই হাজার বৎসর রাজত্ব করেন (১৮১৫ পর্যন্ত)। .. মহাবংশ, দ্বীপবংশ নামে পালি গ্রন্থে সিংহলের ইতিহাস বিবৃত; অসংখ্য শিলালেখ আবিষ্কৃত হইয়াছে।... খ্রী. পূ. ৪ শতকে মগধ হইতে অশোক বৌদ্ধ ভিক্ষু-ভিক্ষুণীদের ধর্ম প্রচারের জন্য প্রেরণ করেন। সিংহলবাসীদের অধিকাংশই বৌদ্ধ। বৌদ্ধ বিহারগুলি বিদ্যার কেন্দ্র। প্রাচীন রাজধানী অনুরাধা-পুর এখন ধ্বংসপ্রাপ্ত। প্রাচীনকালে সিংহলের উত্তরাংশ দ. ভারতের তামিলদের দ্বারা অধিকৃত হয়। এখনো জাফনা অঞ্চল তামিলদের কেন্দ্র।...১৬ শতকে পোর্তুগীজরা এই দ্বীপে আসে ও ১৫০ বৎসর প্রভুত্ব করে; এই সময়ে রোমান ক্যাথলিক খ্রীষ্টান ধর্ম, পোর্তু. আচার-ব্যবহার ও নাম লোকমধ্যে প্রচার লাভ করে। ১৬৫৮ হইতে ১৭৯৬ ওলন্দাজরা আধিপত্য করে। ১৭৯৮-এ সিংহলের উপকূলভাগে ইংরেজদের আবির্ভাব হয়। ১৮০২-এ আমিএনসের সন্ধি (Treaty of Amiens) অনুসারে সিংহল ব্রিটিশ কলোনী হয়। ১৮১৫-এ কান্‌ডির শেষ রাজাকে সিংহাসনচ্যুত করিয়া সমগ্র দ্বীপ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়।

ধান, চা, নারিকেল, রবার, সুপারি, দারুচিনি, তামাক উৎপন্ন হয়।. সিলোন বিশ্ববিদ্যালয় ১৯৪২-এ প্রতিষ্ঠিত। বর্তমানে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা সিংহলী ও তামিল ভাষার মারফত প্রদত্ত হয়।...জন-সংখ্যার মধ্যে বৌদ্ধ ৫২·১৭ লক্ষ। হিন্দু ১৬·১৪ ল.। খ্রীষ্টান ৭·১৫ ল.। মুসলীম ৫·৪১ ল.।

**সিকন্দারাবাদ** (Secunderabad): হায়দরাবাদ রাজ্যের (বর্তমান অন্ধ্র) শহর, হায়দরাবাদ নগরের শহরতলী ৬ মা দূরে; ওসমানিয়া বিশ্ববিদ্যালয় ও বহু প্রতিষ্ঠানের কেন্দ্র। পূর্বে ব্রিটিশ সৈন্যনিবাস ছিল। জন. ১·৬১ লক্ষ। সি. ক্যান্টন্‌মেন্টের জন. ৬৩,৭২২। কলিকাতা ৯৪২ মা।

**সি-কাং** (Si-Kang): চীনের প্রদেশ। পার্বত্য দেশ; ১২ হা. ফুটের উপর উচ্চ স্থান। আ. ৯০ হা. ব মা; জন. ১৭·৫৬ লক্ষ। রাজধানী ইউয়ান (Yuan)।

**সিকিম** (Sikkim): ভারতের রাজ্য। দেশ পার্বত্য ও অরণ্যময়। হিমালয়ের দুই শাখা পর্বতমালা—সিংগলিয়া ও চোলা নেপাল ও ভুটানে তিব্বত হইতে সিকিমকে পৃথক করিয়া রাখিয়াছে। কাঞ্চনজঙ্ঘা (২৮,১৪৬ ফু.) এই রাজ্যের উচ্চতম পর্বত শৃঙ্গ। প্রবাদ মতে তিব্বত হইতে একদল লোক আসিয়া লেপচাদের জয় করিয়া বৌদ্ধধর্মে দীক্ষিত করে। তখন রাজধানী ছিল টুম্‌লং।

বর্তমান রাজধানী গাংটক। ...নেপালের গুর্খারা সিকিম রাজ্যের পশ্চিমাংশ দখল করে। ইংগ-গুর্খা যুদ্ধে (১৮১৪) সিকিমরাজ ইংরেজকে সাহায্য করায় যুদ্ধাবসানে সিকিমের হৃত-রাজ্য সে ফিরিয়া পায়। ১৮৩৫-এ বাৎসরিক ১২ হা. টাকার বিনিময়ে দার্জিলিং জেলা ইংরেজ পায়। ...বর্তমানে ১ লক্ষ টাকা প্রদত্ত হয়। ১৯০৬ হইতে ভারত সরকারের সহিত সিকিমের রাজনৈতিক সম্বন্ধ সরাসরি স্থাপিত হয়; তৎপূর্বে ১৮১৭ হইতে বঙ্গীয় সরকারের সহিত ছিল।...১৯৫০-এর নূতন সন্ধি অনুসারে সিকিম আভ্যন্তরীণ ব্যাপারে স্বাধীন; অন্য সকল বিষয়ে ভারত সরকারের মত সাপেক্ষ। ১৯৫১-এর সেন্সাস বঙ্গদেশের সঙ্গে গৃহীত হয়। .. আ. ২,৭০৫ ব মা গ্রাম ৯৯; শহর ১; জন. ১,৩৭,৭২৫ (পু. ৭২,২১০, স্ত্রী. ৬৫,৫১৫)।—রাজস্ব প্রায় ১৮½ লক্ষ টা.। সিকিমরাজের অনুরোধে ভারত সরকার একজন সরকারী কর্মচারীকে তথাকার দেওয়ান (মন্ত্রী) রূপে পাঠাইয়াছেন (১৯৪৯)।

**সিকিয়াং** (Si-Kiang): চীনের নদী; ইয়ুনান পার্বত্য মালভূমিতে উঠিয়া মাকাও (Macao)-এর নিকট প্রশান্ত মহাসাগরে পড়িয়াছে। দৈর্ঘ্য ১,১০০ মা। ব-দ্বীপের একটি শাখানদীতীরে কাণ্টন নগর।

**সিক্লাদেজ, গ্রীক, কাইক্লাদেশ** (Cyclades): গ্রীসের নিকটবর্তী প্রায় ২২০ দ্বীপের সাধারণ নাম। দ্বীপা-বলীর মধ্যে ডেলস্ (Delos) গ্রীক ইতিহাসে বিখ্যাত।

**সিগিরিয়া** (Sigiria): সিংহলের গ্রাম (জন. ৫০০)। কান্‌ডি হইতে ৪৫ মা উ.-পশ্চিমে বিমানবন্দর।... নিকটের ১,১৪৪ ফুট উচ্চ এক বিচ্ছিন্ন পর্বতের উপর শৈলখোদিত দুর্গে ৫ শতকের অঙ্কিত প্রাচীরচিত্র আছে। অজন্তার লুপ্ত কলা এখানে যেন পুনর্প্রতিষ্ঠিত হইয়াছে। পাহাড়ের উপর উঠিবার সিঁড়ি আছে।

**সিঞ্চুলা** (Sinchula): ভুটানের দ.-প.; কোচবিহারের

৩৫ মা উ.-পূর্বে ভারত-ভুটান প্রধান পথের গিরিপথ, ৫,৭০০ ফুট উচ্চ। ভুটান যুদ্ধের অবসানে (১৮৬৫) এখানে সন্ধি হয়।

**সিডন** (Sidon): লেবানন রাজ্যের ভূমধ্যসাগর তীরস্থ সাইদা (Saida) বন্দরের প্রাচীন নাম। ফিনিকদের বিশিষ্ট নগরী।

**সিড্‌নী** (Sidney): অস্ট্রেলিয়ার প্রদেশ নিউ সাউথ ওএলসের রাজধানী ও বন্দর। অনেকগুলি সেতুর মধ্যে বৃহত্তম এক-ফোকুরে (Single span) সেতু (১,৬৫০ ফুট) বিখ্যাত। বিশ্ববিদ্যালয়। ...জন. ১৪·৮৪ লক্ষ।

**সিদ্দপুর** (Siddapur): মহীশূর; চিটলদুর্গ জেলার গ্রাম; এখানে অশোকের একটি অনুশাসনলিপি আবিষ্কৃত হইয়াছে। এই স্থানটি বেলারী শহর হইতে ৩০ মা দক্ষিণে। ব্রহ্মগিরি শৈল ও নিকটে 'ইসিল' নামে রাজধানী ছিল (দ্র. ব্রহ্মগিরি)।

**সিদ্ধাচল** (Siddhachala): সৌরাষ্ট্রের পলিতানায় জৈনদিগের সর্বপ্রধান তীর্থ স্থান। ৭,৮৭৮ ফুট উচ্চ পর্বতশিখরে প্রধান মন্দির। এছাড়া নিকটে ৮৩৯ মন্দির, ১১,৪৭৪ মূর্তি, ৮,৯৬১ জৈন অর্হতের পদচিহ্ন। ...সুরেন্দ্রনগর-ভাবনগর রেলপথের সিহোর জং. হইতে ১৮ মা দূরে পলিতানা।

**সিনী** (Sini): বিহার; সিংহভূম জেলা, পূর্বতন সরাই-কেলা করদরাজ্যের গ্রাম; সরাই. হইতে ৬ মা উত্তরে। এখানে চুনাপাথরের আকর আছে। বড় রেল জংশন।

**সিন্দরী** (Sindri): বিহার; মানভূম (ধানবাদ) জেলার শহর; দামোদর নদীতীরে ধানবাদ হইতে ১৪ মা নীচে অবস্থিত। এখানে কৃত্রিম সার প্রস্তুতের বিরাট কারখানা প্রায় ২৩ কোটি টাকা ব্যয় করিয়া নির্মিত হইয়াছে। —১৯৫৪ সালে এখানে কোক ওভেন প্লাণ্ট নির্মিত হয়। এই নূতন কারখানা নির্মাণে আড়াই কোটি টাকা ব্যয়িত হইয়াছে। জন. ১৩,০৪৫।

**সিন্ধিয়া স্টেট রেলওয়ে** (Scindia State Railway): পূর্বতন সিন্ধিয়া রাজ্যের রেলপথ (২৯৪ মা)। গেজ ২'-০। (দ্র. গবালিয়র)।

**সিন্ধুদেশ** (Sind): সিন্ধুদেশ ১৮৪৩-এ ইংরেজদের দ্বারা অধিকৃত হয়। ১৯৩৬ পর্যন্ত বোম্বাই প্রেসিডেন্সির বিভাগ। ঐ বৎসরে পৃথক প্রদেশ। ১৯৪৭ হইতে পাকিস্তানের রাজ্য। করাচি বাদে দেশের আ. ৪৭,৫৬৯ ব মা; জন. ৫০ লক্ষ ('৫১)। প্রদেশের ভাষা সিন্ধী; লিপি আরবী। ...অধিবাসীদের প্রায় শতকরা ৩০ জন কৃষিজীবী। কৃষির উন্নতির জন্য সিন্ধু নদ বাঁধিয়া সক্কর ব্যারাজ নির্মিত হইয়াছে (দ্র. সক্কর)।

**সিন্ধুনদ** (The Indus): উত্তর-পশ্চিম ভারতের নদী। হিমালয়ের উত্তরে তিব্বতে কৈলাস পর্বতের নিকট সিন-কা-বাব (সিংহমুখ) নামক তিনটি জলধারা হইতে উৎপন্ন। সিন্ধুর উৎসমুখ প্রায় ১৭,০০০ ফুট উচ্চ স্থানে, কিন্তু ৫৫০ মা-এর মধ্যেই প্রায় ১৬,০০০ ফুট নামিয়াছে। এই অঞ্চলে নদী অত্যন্ত খরস্রোতা। আটক শহরের নিকট প্রায় সমতল ভূমিতে নামিয়াছে; এখান হইতে সমুদ্র প্রায় ৯০০ মা। আরব সাগরে যেখানে সিন্ধু পড়িয়াছে, সেখানে বদ্বীপ হইয়াছে। উপনদী,—শায়ক, কাবুল, সোয়াৎ, সোহান, চৌকি, কুরম, লুনী (এগুলি দক্ষিণ দিকে পড়িতেছে); শতদ্রু, বিপাশা, ইরাবতী, দেঘ, চন্দ্রভাগা, বিতস্তা (বাম দিকে পড়িতেছে)। সিন্ধু ও তাহার অববাহিকার অধিকাংশ প. পাকিস্তান অন্তর্গত। আটক, ডেরা-গাজি খাঁ, সক্কর, হায়দরাবাদ সিন্ধু নদ তীরস্থ পাকিস্তানের শহর। সক্করে (দ্র.) বাঁধ নির্মিত হইয়াছে।

**সিন্ধু-সৌবীর** (Sindhu-Sauvira): পাণিনীর ব্যাকরণে সিন্ধু-সৌবীরের উল্লেখ আছে। সৌবীর বিতস্তা ও সিন্ধুনদের নিকটবর্তী কোনো দেশ। রুদ্রদামন যে সব দেশ জয় করেন তাহার মধ্যে সৌবীরের নাম আছে। সৌবীরের রাজধানী রোরুকের সহিত রাজ-গৃহের বাণিজ্য-সম্বন্ধ ছিল।

**সিপ্রা নদী** (Sipra): দ্র. শিপ্রা।

পুরাণ মতে এই নদীর তটে সন্দীপন মুনির আশ্রমে শ্রীকৃষ্ণ বলরাম প্রভৃতি শিক্ষা লাভ করিতেন।

**সিবাস্তোপোল** (Sebastopol): সোভিয়েত ইউক্রেন; কৃষ্ণসাগর তীরস্থ বন্দর ও নগর। গ্রীক, রোমান ও বৈজয়ন্তীয়ম যুগের বন্দর ছিল। রুশিয়ার ইতিহাসে ক্রিমিয়ান সমরের সময় (১৮৫৪-৫৫) সি. প্রসিদ্ধি লাভ করে। টলস্টয় এই যুদ্ধ অবলম্বনে Sevastopol নামে

উপন্যাস লেখেন ( ১৮৫৫ )। বর্তমানে সামান্য বন্দর। জন. ১'১২ লক্ষ। ( দ্র. বালাক্লাভা )।

**সিমলা** ( Simla ) : পূ. পঞ্জাবের অম্বলা বিভাগের ক্ষুদ্র জেলা। আ. ৮১ ব মা ; জন ৪৬,১৫০। হিমালয়ের একটি শাখার উপর ৭,২২০ ফুট উচ্চে সিমলা শহর অবস্থিত। কালকা হইতে পার্বত্য রেলপথে সিমলা ৬০ মা। ইংগ-গুর্খা যুদ্ধের ( ১৮১৬ ) পর এই অঞ্চল ব্রিটিশ এলাকাভুক্ত হয়। ১৮৬৪ অব্দে লর্ড লরেন্সের সময় এখানে শীতকালে কতকগুলি সরকারী অপিস কলিকাতা হইতে উঠিয়া আসে। ১৯৪৭ পর্যন্ত ইহা বড়লাটদের গ্রীষ্মকালীন শৈলাবাস ছিল। বর্তমানে হিমাচল প্রদেশের রাজধানী। জন. ৪৬,১৫০।

**সিমলা রেলপথ** ( Kalka-Simla Railway ) : কালকা ( দ্র. ) হইতে সিমলা পর্যন্ত ৬০ মা পার্বত্য পথের দৃশ্য অতি মনোহর। কালকা ২,৮০০ ফুট ও সিমলা ৭,২২০ ফুট উচ্চ। রাস্তা ৬০ মা অত্যন্ত জটিল পাকদণ্ডী। পথে ১০৬ সুড়ঙ্গ ; দীর্ঘতম সুড়ঙ্গ ৩,৭৫২ ফুট উচ্চে অবস্থিত।

**সিমলাপাল, শিমলাপাল** ( Simlapol ) : বাঁকুড়া জেলা ; সদর মহ.র থানা। আ. ১৮৯ ব মা ; জন. ৪৯, ৭৮২ ; ঘ. ৪১৭। শিলাই নদীর উত্তরে। বাঁ. ২৪ মা।

**সিয়াং সীমান্ত বিভাগ** (Siang Frontier Division) : নে-ফা ( NEFA )-র বিভাগ। ব্রহ্মপুত্র বা সিয়াং ( দিহং ) নদীর অববাহিকা ও পার্বত্য দেশ লইয়া এই বিভাগ গঠিত। ...পাসিঘাট শহর এই বিভাগ মধ্যে ; শাসনকেন্দ্র আলঙ ( Along )। অসমিয়াদের প্রদত্ত লৌকিক নাম আবোর ( Abor ) বা দুর্ধর্ষ ; আসলে এখানকার উপজাতিদের নাম পদম, মিন্‌য়োঙ, গালঙ, বোকর, বোরি, পৈলিবো, তাগিন, মোন্‌পা।

**সিয়াম** ( Siam ) : দ্র. থাইলনড্।

**সিয়ালকোট** ( Sialkot ) : পাক. পঞ্জাব ; লাহোর বিভাগের জেলা, রেকনা দোয়াবমধ্যে। বর্তমান আ. ২,০৬৩ ব মা ; জন. ১৪'৮০ লক্ষ। ...সিয়ালকোট ( জন. ১'৫২ লক্ষ ) পাক. পঞ্জাবের বিশিষ্ট নগর ; সৈন্যছাউনী। কাশ্মীরের জম্মুনগর ২৫ মা দূরে। গুরু নানকের এক আস্তানা আছে বলিয়া স্থানটি শিখদের নিকট পবিত্র। ...বাদ্যযন্ত্র ও ক্রীড়ার সামগ্রী তৈয়ারির জন্য বিখ্যাত ; ইহা প্রাচীন সাকল বলিয়া অনুমিত হয়।

**সিরকাপ** (Sirkap) : প. পাকিস্তানের গ্রাম। তক্ষশিলার ধ্বংসাবশেষ, গ্রীক ও শক-পার্থিব রাজাদের প্রাসাদ ও নিকটে জন্‌দিআল (Jandial) অগ্নি-মন্দির চিহ্ন পাওয়া গিয়াছে

**সিরদরিয়া** (Syr Darya) ) : গ্রীক নাম Jaxartes ; সোবিয়েত মধ্য এসিয়ার কাজাকাস্থান সো. রিপাব-লিকের নদী ; দৈর্ঘ ১,৩২৭ মা। তিয়েনশান পর্বতে উঠিয়া আরল হ্রদে পড়িতেছে। বহু উপশাখাযুক্ত নদ ; অববাহিকা প্রায় ৩ লক্ষ ব মা। অনাব্য নদী ; নদী হইতে খাল কাটিয়া বিস্তৃত ভূমিতে তুলার চাষ হইতেছে। নদীর একস্থানে জলবিদ্যুত কারখানা নির্মিত হইয়াছে।

**সিরমুর** ( Sirmur) : পূর্বতন পঞ্জাব স্টেটসের করদ-রাজ্য। আ. ১,০৯১ ব মা ; জন. ১'৫৬ লক্ষ। রাজ্যের আয় ছিল প্রায় ৬ লক্ষ টাকা ; মহারাজা ১১ তোপ পাইতেন। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১,৩৫,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে হিমাচল প্রদেশের জেলা ও শহর।

**সিরসি** ( Sirsi ) : বোম্বাই ( বর্তমানে মহীশূর ) ; উ.-কানাড়া জেলার তালুক ও শহর ; দুই বৎসর অন্তর এখানে এক মেলা হয়। জন. ৯৩,২২৬। চন্দন কাঠ ও হাতীর দাঁতের সূক্ষ্ম কারু-শিল্পের জন্য খ্যাত স্থান।

**সিরহিন্দ** ( Sirhind) : পে-প-সুর অন্তর্গত ( বর্তমানে পাঞ্জাব ) পাতিয়ালা স্টেটের শহর। এই অঞ্চলের প্রায় ২০০০ ব মা স্থান শতদ্রুর খাল ( সিরহিন্দ খাল, ১৮৮২-তে কাটা হয় ) দ্বারা সিঞ্চিত হয়। এখান হইতে একটি রেলপথ নাঙ্গাল বাঁধ ( Nangal Dam ) পর্যন্ত গিয়াছে ( ৬৪ মা )। জন. ৭,৮০৬।

**সিইরাকিউস, সিরাকুসা** ( Syracuse, Siracusa ) : ইতালির দক্ষিণস্থ সিসিলি দ্বীপের রাজধানী ; প্রাচীন যুগে গ্রীসদের বিশিষ্ট উপনিবেশ ; সেই সময়কার বহু স্থাপত্য ও ভাস্কর্য নিদর্শন আছে। ৮৭৮ অব্দে আরবদের দ্বারা প্রাচীন নগরী ধ্বংস হয়। বর্তমান জন. ৪৩ হা. ( '৩৬ )।

**সিরাজ** ( Shiraz ) : ইরানের ( পারস্য ) শহর। ইহার উত্তর-পূর্বে প্রাচীন পারসিকদের রাজধানী পার্শিপুরী (Persipolis)-র ধ্বংসাবশেষ। এক কালে এই স্থান জরথুষ্ট্রপন্থীদের কেন্দ্র ছিল। আরবিক কবি হাফিজ ও ও সাদির জন্মভূমি ও কবরস্থান। বাহাই ধর্মের প্রবর্তক বাব-এর জন্মস্থান। জন. ১·২৯ লক্ষ ('৪১)। বিমান বন্দর।

**সিরাজগঞ্জ** ( Sirajganj ) : পূ. পাক. ; পাবনা জেলার মহ., থানা ও শহর। মহ.র আ. ৯৪৩ ব মা। শহর ( জন. ৪২ হা. ) ব্রহ্মপুত্র যমুনা নদীতীরে, পাট ব্যবসায়ের বড় কেন্দ্র।

**সিরিয়াম** ( Syriam ) : বর্মা ; হানথাওয়াড়ি জেলার শহর ( জন. ১৫,০৭০ )। রেঙ্গুন নগরের অপরপারে পেট্রোলিয়াম সাফাই-কেন্দ্র ; ২য় মহাযুদ্ধের সময় ব্রিটিশরা কারখানা ধ্বংস করে। ···ইহা প্রাচীন স্থান ; বর্মার আদি বন্দর। পোর্তুগীজ, ওলন্দাজ, ব্রিটিশ সকলেই এখানে বাণিজ্য কেন্দ্র স্থাপন করে। ১৮৭০ হইতে আধুনিক সিরিয়ামের নবজন্ম।

**সিরীয়া** ( Syria ; al-Jamhouriya as-Souriya ) : পশ্চিম এশিয়ার স্বাধীন রাষ্ট্র। আ. ৭০,৮০০ ব মা ; জন. ৩৩·২৯ লক্ষ ('৫৩)। বেশির ভাগ মুসলীম ( ২৩ লক্ষ )। খ্রীষ্টানের সংখ্যা ৪·৬০ লক্ষ। ভাষা আরাবিক। ইহা প্রাচীন দেশ ; মিশর, আসিরীয়া, পারস্য, মকিদান ও হেলেনিক গ্রীকরা একের পর এক এখানে রাজত্ব করে। এখানকার আরামিক ভাষা ও লিপি আন্তর্জাতিক হইয়া পড়ে। খ্রী. পূ. ৬৩ রোমানদের দ্বারা সি. বিজিত হয়। ৬৩৮-এ মুসলীম-আরবরা রোমানদের নিকট হইতে সি. অধিকার করে। ৬৬০-এ দামাসকাস খলিফার রাজধানী হয়। ১২ শতকে সেলজুক তুর্কদের দ্বারা অধিকৃত ; ১৩-১৪ শতক ক্রুজেদের প্রধান রণভূমি। ১৫১৬ হইতে ওসমান ( Ottoman ) তুর্কীদের সাম্রাজ্যভুক্ত। ১ম মহাযুদ্ধের সময় এই দেশ তুর্কীদের শাসনমুক্ত হয়। লীগ্ অব্ নেশনস ফ্রান্সকে সি.র উপর 'ম্যানডেট' শাসন দান করেন ( ১৯২০-৪১ )। ২য় মহাযুদ্ধ শেষে ১৯৪৬ এপ্রিল ফরাসীরা সি. ত্যাগ করে। ···সিরীয়ার ভাল বন্দর নাই ; লেবাননের বৈরুত বন্দর ব্যবহৃত হয়। ··· ইরাকের পেট্রোলিয়াম-পাইপ-লাইন সি.র মধ্য দিয়া গিয়াছে। —রাজধানী—দামাসকাস।

**সিরোহি** ( Sirohi ) : পূর্বতন রাজপুতানার করদরাজ্য ; ১৪১৫-এ পত্তন হয়। আ. ১,৯৮৮ ব মা ; জন. ২,৩৩, ৮৭৯ ( '৪১ )। আবু পর্বত রাজ্যমধ্যে ( ৫,৬৫০ ফুট ) অবস্থিত। ···রাজধানী সিরোহিতে রেলপথ নাই। ··· রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ২,১২,৬০০ টাকা ভাতা দেওয়া হয়। মহারাজ ১৫ তোপ সম্মান পাইতেন। ১৮২৩ হইতে সি. ব্রিটিশ আশ্রিত পৃথক স্টেট। —সিরোহি রাজ্যের দ. অংশ বোম্বাই রাজ্যের বনসকণ্ঠ জেলা ভুক্ত হইয়াছে ( ১৯৪৯ ) ; অবশিষ্টাংশ রাজস্থানের জেলা।

**সিরোহি** ( Sirohi ) : রাজস্থানের জেলা ; জোধপুর বিভাগের অন্তর্গত। আ. ১,৬৭১ ব মা ; জন. ২,৩৭, ৩৬২। ...সি. শহর ( জন. ১১,৯৫৬ )।

**সিলেট** ( Sylhet ) : পূ. পাকিস্থান ; চট্টগ্রাম বিভাগের অন্তর্গত জেলা। বঙ্গচ্ছেদের পূর্বে ইহা আসাম প্রদেশান্তর্গত সুরমা উপত্যকার জেলা ছিল। ১৮৭৪ অব্দে আসাম নবগঠিত প্রদেশ হইলে, এই জেলাকে আসামভুক্ত করা হয় ; অধিবাসীরা বাঙালী হিন্দু ও মুসলমান। ১৯৪৭-এ ভারত বিভক্ত কালে জনমতবলে এই জেলা পাকিস্তান অন্তর্গত হয়।···পার্টিশনের সময় ৪টি থানা ( পাথরকান্দি, রাটাবাড়ি, করিমপুর, ও বদরপুর ) আসামের কাছাড় জেলার মধ্যে গিয়াছে। বর্তমান সিলেটের আ. ৪,৬২১ ব মা ; জন. ৩০·৭২ লক্ষ। ···সিলেটের মহ. : সিলেট, মৌলবী বাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। জেলার সদর শহর সিলেট সুরমা নদীতীরে, শাহজাহানের দরগা দর্শনীয়। মুরারিচাঁদ কলেজ। চট্টগ্রাম হইতে রেলপথে ২৩৫ মা।

**সিসিলি** ( Sicily ) : ইতালি রাজ্যের প্রদেশ ; ভূমধ্যসাগরের বৃহত্তম দ্বীপ। আ. ৯,৯২৬ ব মা ; জন. ৪৩·৮৩ লক্ষ। রাজধানী পালেরমো ( Palermo, জন. ৫ লক্ষ )। দ্বীপ মালভূমিময়। এটনা আগ্নেয়গিরি এইখানে। গন্ধক সরবরাহের প্রধান স্থান।

**সিস্তান** ( Seistan ) : সংস্কৃত শকস্থান, আরবী সজস্তান

বা সিজিস্তান। ...আফগনিস্তান ও প্. পারস্যের মধ্যে কতকগুলি হ্রদ আছে; স্থানে-স্থানে উর্বর; অপরাংশ তৃণভূমি। আদিম বাসিরা যাযাবর। জন. ২-৩ লক্ষ; আ. ৭ হা. ব মা। বহু বৌদ্ধ নগরীর ধ্বংসাবশেষ।

**সিহোর** (Sihor): সৌরাষ্ট্র ইউনিয়নের (বর্তমানে বোম্বাই রাজ্য) ভাবনগর স্টেটের শহর, এখান হইতে পলিতানা পর্যন্ত শাখা রেল ১৮ মা। ইহা ভাবনগরের প্রচীন রাজধানী সিংহপুর। প্রাচীনতর নাম সারস্বত-পুর। কয়েকটি পুরাতন মন্দির আছে।

**সিহোরা** (Sihora): মধ্যপ্রদেশ; জবলপুর জেলার তালুক ও শহর। ১৭ মা উ.-পশ্চিমে বাহুরিবাঁধ নামক গ্রামে বারো ফুট উচ্চ এক জৈন মূর্তি আছে। এই স্থান প্‌টলেমির Tholobana বলিয়া কেহ কেহ মনে করেন। সিহোরা হইতে ১৫ মা ও বাহুরিবাঁধ হইতে ৩ মা দূরে রূপনাথ গ্রাম; পর্বতগাত্রে (Bhanrer range) অশোকের শৈল-লেখ আছে।

**সিকর, সীকর** (Sikar): রাজস্থান ইউনিয়নের জয়পুর বিভাগের জেলা। আ. ২,৯৪২ ব মা; ঘনতা ২৩০। গ্রাম ও শহর ৮২১। জন. ৬,৭৭,৭৮২; শহরের জন. ৪৪,১৮০; ব্যবসায়ের কেন্দ্র।

**সীতাকুণ্ড** (Sitakunda): বিহার; মুংগের স্টেশন (২৯৬ মা) হইতে ৫ মা দূরে কতকগুলি উষ্ণ কুণ্ড আছে। জলে স্নান ও জলপান স্বাস্থ্যকর। ...নিকটে প্রাচীন যুগের ভগ্নস্তূপকে লোকে বলে জরাসন্ধের দুর্গ।

**সীতাকুণ্ড** (Sitakund): প্‌ পাক.; চট্টগ্রাম জেলার থানা। আ. ১৮৬ ব মা। চট্ট. হইতে ২৩ মা উ. সীতাকুণ্ড স্টে. হইতে এক মা-র মধ্যে চন্দ্রনাথ পাহাড় (১,১৫৫ ফুট), চ. পা.-র পথে বহু তীর্থ; তন্মধ্যে সীতাকুণ্ড অন্যতম। পর্বতগাত্র ভেদ করিয়া মাঝে মাঝে অগ্নিশিখা জ্বলিতে দেখা যায়। ...সী. কু. হইতে কয়েক মা দূরে বাড়বাকুণ্ড; কুণ্ডের জলের উপর সর্বদা অগ্নিশিখা দেখা যায়।

**সীতাপুর** (Sitapur): উত্তর প্রদেশ; লখনৌ বিভাগের জেলা। আ. ২,২৫৩ ব মা; জন. ১৩'৮০ লক্ষ। জেলায় চিনির কল আছে। ...শহর (জন. ৪৪,৩১৭) নানা শস্যের বাজার; ১৪ মা দূরে হরগাঁও-এ চিনির বড় কারখানা। লখনৌ ৫৫ মা দূরে।

**সীতাবলডি** (Sitabaldi): মধ্যপ্রদেশ (বর্তমান বোম্বাই); নাগপুর নগরের শহরতলী; রেল স্টেশনের পশ্চিমে সী. পাহাড়ে ১৮১৭ নবেম্বর (২৬-২৭) ভোঁসলা রাজা আপ্পা সাহেব নাগপুরের ব্রিটিশ রেসিডেণ্টকে আক্রমণ করিয়া পরাজিত হন।

**সীতামঢ়ী** (Sitamarhi): বিহার; মুজফ্‌ফরপুর জেলার মহকুমা। আ. ১০০৭ ব মা; জন. ১২,০১,০৮৬; ঘনতা ১,১৯১। ...সী. থানার আ. ২১৩ ব মা; জন. ২,৫১,৩৬৬। ...সীতামঢ়ী হিন্দুদের তীর্থ; লোক বিশ্বাস সীতার জন্মস্থান। রামনবমীর সময় মেলা হয়; তখন সেখানে বহু গরু বিক্রয় হয়। ...জন. ১৩,২৮৭। সমস্তিপুর জং. হইতে ৬৬ মা।

**সীতামাউ** (Sitamau): মধ্যভারতের মালব এজেন্সির করদরাজ্য। আ. ১৯১ ব মা; জন. ৩৩,৪৬১ ('৪১)। রাজ্যের আয় ২'৭১ লক্ষ টাকা। রাজা ১১ তোপের সম্মানাধিকারী ছিলেন।' রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে বার্ষিক ৪৮,০০০ টা ভাতা দেওয়া হয়। ...শহর (জন. ৭,৬০০) মন্দোসর হইতে ১৮ মা পূর্বে। মধ্যভারত ইউনিয়ন (বর্তমানে মধ্য প্রদেশ) ভুক্ত স্থান।

**সীতারামপুর** (Sitarampur): বর্ধমান জেলা; আসান-সোল মহ.র শহর। আসান. হইতে ৬ মা পশ্চিমে রানীগঞ্জ ও বরাকর কয়লা-অঞ্চলের প্রায় মধ্যস্থলে অবস্থিত; এখানে খনি দুর্ঘটনা প্রতিরোধক ও পরিত্রাণ ব্যবস্থার জন্য ভারত সরকারের বিশিষ্ট প্রতিষ্ঠান আছে। গ্রান্ড কর্ড রেল এখান হইতে সুরু।

**সীবান** (Siwan): বিহার; সারন জেলার মহকুমা। আ. ৮৪৯ ব মা; জন. ১০,৭৫,৯৮৪; ঘনতা ১,২৬৭। মহ.র দ.-পশ্চিমে বালিয়া জেলা ও ঘাঘরা নদী। ...থানার আ. ১৬০ ব মা; জন. ৪,২২,৮৬২; ঘনতা ১৫২৫। ...শহর (জন. ২২,৬২৫)। কাটিহার হইতে ২৭৯ মা।

**সীমান্ত প্রদেশ** (Frontier Province): উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের চলতি নাম। বর্তমানে প. পাকিস্তান।

**সুইট্‌জারলন্ড** (Switzerland: Helvetia): মধ্য ইউরোপের পার্বত্য অঞ্চলের কেন্দ্রস্থলে অবস্থিত ২২

ক্যাণ্টন বা জেলার সঙ্ঘবদ্ধ ( federal ) রিপাবলিক। জারমানি, ফ্রান্স, ইতালি ও অস্ট্রিয়ার দ্বারা বেষ্টিত। আল্পস পর্বতের সুড়ঙ্গ সেণ্ট গথার্ড, সিম্প্লন (Simplon) বিখ্যাত। কৃষিযোগ্য ভূমি অল্প ; খাদ্য বাহির হইতে আমদানি করিতে হয়। পশুপালন প্রধান উপজীবিকা ; দুগ্ধজাত সামগ্রী প্রচুর উৎপন্ন ও রপ্তানি হয়। শিল্পের মধ্যে ঘড়ি-তৈয়ারি প্রধান। দেশে কয়লা না থাকায় জলবিদ্যুৎজাত শক্তি ব্যবহৃত হয়। এই দেশের প্রাকৃতিক দৃশ্য উপভোগের ও পর্বতারোহণের জন্য প্রতি বৎসর বহু সহস্র পর্যটক আসে ; তাহাদের জন্য বহু শত হোটেল আছে ; এই হোটেল ব্যবসায়ও লোকদের অন্যতম উপজীবিকা।

এই দেশে তিনটি ভাষা—জারমান, ফরাসী, ইতালীয়ান ; কিন্তু ইহাদের জাতীয়তাবোধ অত্যন্ত তীব্র।

**সুইডেন** ( Sweden, Suerige ) : স্কান্দিনেভিয়া উপদ্বীপের পশ্চিমাংশের রাজ্য ; বাল্টিক সাগরের দিকে ঢালু, হিমবাহগঠিত সমভূমি। উত্তরাংশে সরলবর্গীয় বৃক্ষের বিস্তীর্ণ অরণ্য, দেশের প্রায় অর্ধভাগ জুড়িয়া ; এক চতুর্থাংশ মাত্র ফসলী জমি। এদেশে উৎকৃষ্ট লৌহখনি প্রচুর। কিরুনাবরা ( Kirunavarra ) লৌহচুর আকরে আন্দাজ দেড় বিলিয়ন টন মাল আছে ; এই চুরের মধ্যে যে লোহা আছে তাহা উৎকৃষ্ট এবং ইহাতে শতকরা ৬৭·৭ ভাগ মূল লৌহ আছে। কিন্তু প্রচুর কয়লা দেশে না থাকায় অধিকাংশ লৌহ ইংলন্ডে রপ্তানি হয়। অন্যান্য খনিজও আছে। তৎসত্ত্বেও কাঠকয়লার সাহায্যে ইস্পাত তৈরী হয় এবং বহুবিধ সামগ্রী প্রস্তুত হইয়া বিদেশে রপ্তানি হয়। এখানকার কাঠের বিরাট কারবার ও বহু করাত-কল আছে। এইসব কল জলবিদ্যুত শক্তিতে চলে। কাঠ, কাগজ ও কাষ্ঠমণ্ড রপ্তানি হয়। শিল্পে শতাব্দীকাল পূর্বে মাত্র দশ জন লোক লিপ্ত ছিল ; এখন শত করা ৬৩ জন শিল্পশ্রমে নিযুক্ত। রাজ্যের আ. ১·৭৩ লক্ষ ব মা। ইহার মধ্যে স্থলভাগ ১·৫৮ লক্ষ ব মা ও জলভাগ ১৪,৯৩৩ ব মা। জন. ৭১·৫০ লক্ষ ( '৫২ )। ডেন রাজাদের যথেচ্ছাচারের বিরুদ্ধে ১৫২০-এ গুসতাফাস ভাসা (Vasa) বিদ্রোহী হন ; ১৫২৩-এ রাজা নির্বাচিত হইয়া বর্তমান সুইডেনের পত্তন করেন। ১৮০৯-এ সুইডেনে যে সংবিধান রচিত হয় তাহা এখনো চালু আছে। ত্রয়োদশ চার্লস (Charles) অপুত্রক থাকায় নেপোলনীয় যুদ্ধের অবসানে কীলের সন্ধি-শর্ত অনুসারে ( ১৮১৪ ) নরওয়ে সুইডেনের অধীনে আসে। ডেনমার্ক পৃথক রাজ্য হয়। নরওয়ে-সুইডেন ১৮১৪ হইতে ১৯০৫ পর্যন্ত এক রাজ্য ছিল। ২য় মহাযুদ্ধের সময়ে সুইডেন নিরপেক্ষ ছিল। সুইডিশ ভাষা ও সাহিত্য উন্নত। এখান হইতে 'নোবেল' পুরস্কার প্রদত্ত হয়। বহু সাহিত্যিক বিশ্বসাহিত্যে নাম করিয়াছেন—স্ট্রীন্ডবার্গ, লাগেরলফ্, হাইডেনস্টাম, কারফেলট প্রভৃতি। বিশ্ববিদ্যালয় : উপসালা ( ১৪৭৭ ), লুন্ড ( ১৬৬৮ ), স্টকহলম ও গোটবের্গ। রাজধানী—স্টকহলম (জন. ৭·৬১ লক্ষ )।

**সুই-যুআন** (Sui-yuan) : ১৯৫৪ সালে চীনের আভ্যন্তরীণ সীমান্ত নির্দেশ কালে সুই-যুআন প্রদেশ অন্তরমঙ্গোলিয়া আত্মশাসিত রিপাবলিকের অন্তর্ভুক্ত করা হইয়াছে। আ. ১·৩৪ লক্ষ ব মা ; জন. ২২ লক্ষ। রাজধানী কোয়াই-সুই ; পেকিং হইতে রেলপথে যুক্ত।

**সুকুল তীর্থ** ( Sukul ) : বোম্বাই ; বরোচ নগর হইতে ১০ মা পূর্বে নর্মদা তীরের তীর্থ ; অগ্রহায়ণে মেলা হয়।

**সুকেত** ( Suket ) : পূর্বতন পঞ্জাব স্টেটসের করদরাজ্য। আ. ৩৯২ ব মা ; জন. ৭১ হা.। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৬০,০০০ টাকা ভাতা দেওয়া হয়। রাজধানীর নাম সুন্দরনগর। ...বর্তমানে হিমাচল প্রদেশের মন্ডি জেলার অন্তর্গত।

**সুজনগড়** (Sujanagarh) : রাজস্থান ইউনিয়ন ; চুরু জেলার শহর। জন. ২৬,২৯৬।

**সুজানগর** ( Sujanagar ) : পূ. পাক. ; পাবনা জেলা, সদর মহ-র থানা। আ. ১৩০ ব মা। গ্রাম, বাজার, ডাকঘর ; পদ্মা নদীর অদূরে অবস্থিত।

**সুতানুটি** (Sutanati) : পুরাতন কলিকাতার উত্তরভাগের গ্রাম ; তাঁতিদের শিল্পকেন্দ্র ছিল। এখানে তাঁতিরা সুতার নুটি প্রস্তুত ও বস্ত্র বয়ন করিয়া হাটখোলায় বিক্রয় করিত। পশ্চিমে গঙ্গার তীরে নিমতলার ঘাট হইতে পূর্বে খাদ পর্যন্ত অংশকে সুতানুটি বলিত। ইংরেজ

আগমনের পূর্বে সুতানুটিতে সুতা বিক্রয়ের বড়হাট ছিল এবং আর্মেনীয় ও পোর্তুগীজগণ তথায় ব্যবসা করিত।

**সুতাহাটা** (Sutahata) : মেদিনীপুর জেলা ; তমলুক মহ-র থানা। আ. ১২১ ব মা ; জন. ৯৯,৩৮২ ; ঘনতা ৭৮১। রূপনারায়ণ, ভাগীরথী ও কালিয়াঘাই নদীর দ্বারা বেষ্টিত। মহিষাদল নিকটতম বিখ্যাত স্থান।... গ্রাম ( জন. ৮৬২ ) পাশকুড়া হইতে ৪০ মা।

**সুতী** (Suti) : মুর্শিদাবাদ জেলা ; জঙ্গীপুর মহ.র থানা। আ. ১০২ ব মা ; জন. ৯১,৬৮৬ ; ঘ. ৮৯৬। ২য় গিরিয়া যুদ্ধ সুতীর যুদ্ধ নামেও অভিহিত ( দ্র. গিরিয়া )। সুতীর নিকট ছাপঘাটিতে বৈষ্ণব পদকর্তা ও সমন্বয়ধর্মী সৈয়দ মর্তুজার আস্তানা আছে। সুতী গ্রাম ভাগীরথী তীরে। এই অঞ্চল প্রাচীন কর্ণসুবর্ণ ( দ্র. ) বলিয়া কেহ কেহ মনে করেন।

**সুদান** (Sudan) : সুদান বলিতে আফ্রিকার সাহারা মরুভূমির দক্ষিণস্থিত ভূভাগ বুঝায়। সমস্তটাই কৃষ্ণাঙ্গের দেশ। পার্বত্য বন্ধুর ভূমি, উচ্চ মালভূমি, তৃণপূর্ণ 'সাভানা', অরণ্যময় ও মরুময় দেশ সবই সুদানের অন্তর্গত। মরুময় মালভূম-সুদানের মালিক ফরাসীরা ( দ্র. ফরাসী পশ্চিম-আফ্রিকা )। ব্রিটিশ ও মিশরীয়দের যুক্ত শাসনে (Condominium) যে অংশ ছিল, তাহা আংলো-ইজিপশিয়ান সুদান নামে পরিচিত ছিল। সুদানের অধিকাংশই নীলনদের অপ্-বাহিকার অন্তর্গত ; এই জলের সেচে কৃষিকার্য হয়। প্রচুর তুলা, বাজরা, ভুট্টা, তিল প্রভৃতি উৎপন্ন হয়। দক্ষিণাংশ বিস্তৃত তৃণভূমি। সেখানে উট পাখী পালন করা হয় ও বাবলা জাতীয় একপ্রকার গাছ হইতে 'আরবী গঁদ' হয়। গঁদ, তুলা, উট পাখীর পালক, হস্তিদন্ত ও ভুট্টা সুদানের প্রধান রপ্তানি সামগ্রী। পৃথিবীর গঁদের অধিকাংশ এখান থেকে সরবরাহ হয়। সুদানের আদিবাসীরা নিগ্রোদ্ভব। আরব সংস্পর্শে ইসলাম ধর্ম, আরবী ভাষা ও সংস্কৃতি প্রসার লাভ করিয়াছে ; কালে ইহা মিশরেরই অংশ হইয়া যায়। মিশর ব্রিটিশ সাম্রাজ্যবাদের আওতায় আসে। মেহদি বিপ্লবের পর হইতে সুদানে মিশর ও ইংরেজের যুগ্ম-শাসনের সূত্রপাত। ১৯৩৬-এ মিশর স্বাধীন রাজ্য হয়। ১৯৫৬ জানুয়ারী হইতে ইংরেজ ও মিশরের শাসনকর্তৃত্বের অবসান হয় ও সুদান স্বাধীন রিপাবলিক হয়। সুদানের আ. ৯,৬৭,৫০০ ব মা ; জন. ৮৭'৬৪ লক্ষ ('৫১)। রেলপথ ২০১০ মা।

**সুদান, ফরাসী** (French Sudan) : ফরাসী পশ্চিম আফ্রিকার অন্যতম টেরিটরি। সাহারা মরুভূমির পশ্চিমাংশ। আ. ৫'৯০ লক্ষ ব মা ; জন. ৩৪ ৫৫ লক্ষ। ('৫১)। রাজধানী বামাকো (Bamako, জন. ১'০১ লক্ষ)। চীনাবাদাম, গঁদ, চামড়া ও গোরু ( ১৯৫০-এ ৩০ লক্ষ ) রপ্তানি হয়।

**সুনামগঞ্জ** (Sunamganj) : পূ. পাক. ; সিলেট জেলার মহকুমা ও শহর। সুরমা নদীর উপর অবস্থিত সিলেট নদীপথে ৬৫ মা দূরে। সুনামগঞ্জের নিকট প্রাচীন লাউড রাজ্যের নবগ্রামে বৈষ্ণবাচার্য অদ্বৈত মহাপ্রভুর জন্মস্থান। নিকটে পর্ণাতীর্থ ; ঈশান নাগরের 'অদ্বৈত প্রকাশ' গ্রন্থে পর্ণাতীর্থের সবিস্তারে বর্ণনা আছে।

**সুন্ডা** (Sunda) : সুমাত্রা ও জাভাদ্বীপের মধ্যস্থিত প্রণালী ; জাভাসাগর ও ভারত মহাসাগরকে যুক্ত করিতেছে। সুন্ডা ট্রেন্চ (Snnda Trench) ভারত মহাসাগরের গভীরতম অংশ ( ২২,৯৬৮ ফুট )।

**সুন্দরগড়** ( Sundargarh ) : ওড়িশা রাজ্যের নূতন জেলা। গাংপুর ও বোনাই করদরাজ্য ভারতভুক্ত হইলে (১৯৪৮) সুন্দরগড় নামে নূতন জেলা সৃষ্টি হয়। ওড়িয়া ছাড়া হিন্দী, মুণ্ডা, ওরাও প্রভৃতি ভাষা প্রচলিত। আ. ৩,৭৮৮ ব মা ; জন. ৫'৫২ লক্ষ ('৫১)। প্রধান শহর—সুন্দরগড়। জেলায় ৩ মহকুমা : সদর, পানপোষ, বোনাই।—শহর ( জন. ৫,৯৫৯ ) ঝাড়-সুগুড়া হইতে মোটরপথে ২০ মা।

**সুন্দরবন** ( Sundarban Forest ) : পূ. পাক. ; খুলনা জেলার দক্ষিণে রিজার্ভ বন। আ. ২,২০২ বর্গ মাইল। এখানে ৫-৬ হাজার লোক বাস করে।

**সুন্দরবন** ( Sundarban ) : বঙ্গদেশের দক্ষিণে সমুদ্র উপকূলে গঙ্গার ও পদ্মার ব-দ্বীপ। প. বঙ্গের ২৪-পরগনা জেলা এবং পূ. পাকিস্তানের খুলনা ও বাকরগঞ্জ ( বরিশাল ) জেলাদ্বয়ের দক্ষিণাংশের সাধারণ নাম। পূর্বদিকে মেঘনা ও পশ্চিমে ভাগীরথী ; সুন্দরবনে

অসংখ্য নদী ও খাড়ি। সুঁদরি গাছের জঙ্গল হইতে 'সুন্দর' বন নাম। এই অঞ্চলে পূর্বে জনবসতি ছিল ; মগ ও পোর্তুগীজদের অত্যাচারে এই সকল লোকালয় উঠিয়া যায়। ইহা ছাড়া সুন্দরবন বসিয়া যাওয়াতে গ্রাম ও শহর মাটির নিয়ে চলিয়া যায়। মাঝে মাঝে ভূগর্ভে পুরাতন পুষ্করিনী, মন্দির এবং অট্টালিকার ধ্বংসাবশেষ দৃষ্ট হয়। কোথাও কোথাও নিমজ্জিত বৃক্ষ শ্রেণী খাড়া দাঁড়াইয়া আছে দেখিতে পাওয়া যায়। ১৭৮৪-এ হেনকেল নামে ইংরেজ প্রথম চাষ-আবাদ শুরু করেন। এখন সেখানে বহু লোকের বাস।

**সুপীরিয়র** (Superior Lake) : উ. আমেরিকার হ্রদ ; পৃথিবীর বৃহত্তম স্বাদু জলের হ্রদ। আ. ৩১,৮০০ ব মা। দৈর্ঘ্য ৪১২ মা। প্রায় ২০০ নদী হ্রদে পড়িতেছে।

**সুপৌল** (Supaul) : বিহার ; সহরসা জেলার মহ. ও শহর। ...সুপৌল মহ.র আ. ৯৮৭ ব মা ; জন. ৪,৩১, ৫৪৭ ; ঘনতা ৪৩৭। থানার আ. ১৯৬ ব মা ; জন. ১,০৭,০৬১ ; ঘনতা ৫৪৬। শহর ধিমলা নদীর উপর।

**সুপারক** (Supparaka), **সূরপারক** : পশ্চিম ভারতের প্রাচীন বন্দর ; অপরান্ত দেশের রাজধানী। পালি সাহিত্যে এই বন্দর-নগরের বহু উল্লেখ আছে ( সোপারগ, সোপারক, সুপ্পারিক )।... বর্তমানে সোপার বা সুপার ; বোম্বাই, থানা জেলার শহর।

**সুবনসিরি সীমান্ত বিভাগ** (Subansiri Frontier Division) : নে-ফার বিভাগ। দরং, লখীমপুর জেলার উত্তরে পার্বত্য প্রদেশ। সুবনসিরি নদী হিমালয় হইতে উঠিয়া সু. সী. বিভাগ ও সিয়াং সী. বিভাগের মধ্যে সীমান্তরূপে প্রবাহিত ( ২২৬ মা ) ; পরে ব্রহ্মপুত্র নদে পড়িতেছে। এই বিভাগের শাসন কেন্দ্র জিরো (Ziro)। দফলা ও আপা-তানি নামে উপজাতিদের বাস। আপা-তানিরা ভাল চাষী ; অন্যদের ন্যায় জুম চাষী নহে। বয়নশিল্পে ও হাতীর দাঁতের অতি সুন্দর হাতিয়ারাদি তৈরী করিতে ইহারা পারদর্শী। ইহারা স্বর্ণ ও লৌহের অস্ত্রাদি প্রস্তুত করে।

**সুবর্ণগ্রাম, সোনার গাঁও** (Suvarnagram) : মধ্যযুগে সেনবংশীয় রাজাদের ও পরে মুসলীম শাসকদের রাজধানী। ঢাকা জেলা, নারায়ণগঞ্জের ৮ মা পূর্বদিকে পুরাতন ব্রহ্মপুত্র ও মেঘনার মধ্যস্থলে পানাম গ্রাম প্রাচীন সোনারগাঁও বলিয়া সনাক্ত হইয়াছে। গৌড় ও পশ্চিমবঙ্গ মহম্মদ বিন বখ্‌তিয়ার খিলজী দ্বারা অধিকৃত হইলে সেনরাজারা সুবর্ণগ্রামে রাজধানী স্থানান্তরিত করিয়া প্রায় একশত বৎসর রাজত্ব করেন। ...১২৯৬ হইতে ১৬০৮ পর্যন্ত মুসলীম শাসকদের রাজধানী ও বাণিজ্যের বিশিষ্ট কেন্দ্র ছিল। এখানে টাকশাল ছিল। ১৪ শতকে এই বন্দর হইতে জাভাদ্বীপে জাহাজ যাইত।

**সুবর্ণদ্বীপ** ( Suvarnadvipa ) : বর্মা, পূর্ব-দ্বীপালী বা ইন্দোনেশিয়া, মালয় প্রভৃতি দেশের সাধারণ নাম ছিল সুবর্ণভূমি ; সুবর্ণদ্বীপ বলিতে সুমাত্রা বুঝাইত।

**সুবর্ণরেখা** ( Suvarnarekha ) : বিহার, প. বঙ্গ ও ওড়িশার নদী. রাঁচির ১০ মা দ.-পশ্চিমে ছোটনাগপুর পার্বত্য মালভূমে উৎপত্তি ; রাঁচি পার হইয়া জামসেদপুরের নিকট খড়কাই-এর সহিত মিলিয়াছে। সিংহভূম, মেদিনীপুর জেলা অতিক্রম করিয়া বালেশ্বরর ২৮ মা পূর্বে বঙ্গোপসাগরে পড়িয়াছে। দৈর্ঘ্য ২৯০ মা।

**সুবা** ( Suva ) : ফিজি দ্বীপের প্রধান শহর ; ভিটি লেভু ( Viti Levu ) দ্বীপে অবস্থিত। জন. ২৬,৩৯৫ ( '৪৬ )। বহু ভারতীয়ের বাস।

**সুভাষনগর** ( Subhasnagar ) : ২৪-পরগনা জেলা ; কলিকাতা-ডায়মণ্ডহারবার রেলপথের পুরাতন চাংড়িপোতা স্টেশনের নূতন নাম। কলিকাতা হইতে ১৩ মা ; সোনারপুরের পরবর্তী স্টেশন।

**সুমাত্রা** ( Sumatra ) : ইন্দোনেশিয়ান রিপাবলিকের বৃহত্তম দ্বীপ। আ. ১,৬৩,০০০ ব মা। পৃথিবীর ষষ্ঠ বৃহৎ দ্বীপ। ৫০-৬০ লক্ষের বেশি লোক নাই। দ্বীপ পার্বত্য ও আগ্নেয়। এখানে শতাধিক আগ্নেয়গিরির মধ্যে ১২টি এখনো জীবন্ত। পার্বত্য অঞ্চলে বহুবিধ খনিজ যথা, কয়লা, পেট্রোলিয়াম, তাম্র, স্বর্ণ, বক্সাইট প্রভৃতি আছে। আরণ্যসম্পদে দ্বীপ সমৃদ্ধ। কৃষিজাত ফসলও বিচিত্র : ধান, পান, কোকো, কফি। সুপারির গাছ অগণিত।...অধিবাসীদের অধিকাংশ মালয় জাতীয় মুসলমান। ...বুকিটিংগি-তে মুসলীম বিশ্ববিদ্যালয় ও পদঙ-এ পঞ্চশীল বিশ্ববিদ্যালয় আছে।

আদিম বাসিন্দাদের মধ্যে প্রধান হইতেছে আচীনী, বাটক, মেঙ্কাবাউ প্রভৃতি। ...ইন্দোনেশিয়ার ১০টি প্রদেশের ৩টি সুমাত্রা দ্বীপে। প্রাচীনকালে শ্রীবিজয় নামে হিন্দুরাজ্য এখানে ছিল; হিন্দু ও বৌদ্ধ যুগের বহু কীর্তি-চিহ্ন আছে। ৭-৮ শতকে সংস্কৃত ও বৌদ্ধ শাস্ত্রাদি আলোচনার কেন্দ্র ছিল। ১৩ শতকে আরবরা, ১৫০৮-এ পোর্তুগীজরা এখানে আসে। ডাচরা ১৬৬৪-এ ইন্দ্রপুর, ১৬৬৬-এ পদঙ্ অধিকার করে। ১৬৮৫ ইংরেজরা এখানে আসে। ডাচ্ ও ইংরেজের মধ্যে দীর্ঘকাল রেশারেশি চলে। অবশেষে বাংলাদেশের চুঁচুড়ার বিনিময়ে ইংরেজরা ডাচদিগকে সুমাত্রা দিয়া পূর্ব দ্বীপালি ত্যাগ করে। ...১৮১৯-এ ডাচরা সমগ্র দ্বীপের মালিক হয় এবং প্রায় অর্ধশতাব্দী পরে দেশ ত্যাগ করে।

**সুমেরু** ( Sumeru, Arctica ): সুমেরু বা উত্তর-মেরু বলিতে ৬৬°-৩০′ উ. অক্ষাংশের উত্তরে অবস্থিত অঞ্চল বুঝায়। উ. আমেরিকার উত্তরাংশ, অর্থাৎ আলাস্কা ও কানাডার উত্তরাংশ, গ্রীনলন্ড, স্কান্ডিনেভিয়ার উত্তরাংশ, সোবিয়েত দেশের উত্তরাংশ এবং স্পিট্‌সবারজেন প্রভৃতি কয়েকটি দ্বীপ ইহার মধ্যে পড়ে। পিয়ারি ( Peary ) ১৯০৯, ৬ এপ্রিল মেরুবিন্দুতে পৌঁছাইতে সক্ষম হন। ১৯৪৫-এ ম্যাককিনলে ( D.C Mckinley ) মেরুবিন্দুর ( magnetic pole) অবস্থিতি নিরূপণ করেন।

**সুমেরু মহাসাগর** (Arctic Ocean): দ্র. আরকটিক বা উত্তর মহাসাগর।

**সুমেরু পর্বত** ( Sumeru Mountain ): হিন্দু পুরাণ মতে দেবভূমি; ভারতের উত্তরে স্থিত পর্বত বলিয়া কল্পিত; হিন্দুকুশাদি পর্বতমালা হইতে পারে।

**সুয়েজ খাল** ( Suez Canal ): মিশর রাজ্যের উ.-পূর্ব কোণে ভূমধ্যসাগরীয় বন্দর সৈয়দ হইতে লোহিত সাগরের সুয়েজ বন্দর পর্যন্ত ১০১ মা দীর্ঘ খাল।... ১৮৫৪-এ লেসেপ্‌স নামে ( Lesseps, Ferdinand, ১৮০৫-৯৪ ) ফরাসী ইনজিনীয়ার অগ্রণী হইয়া মিশরের শাসনকর্তার ( খেদিভ ) নিকট হইতে অনুমতি লইয়া ১৮৫৮-এর মধ্যে মূলধন সংগ্রহ করেন; খেদিভ অর্ধেক শেয়ার ও ফরাসীরা অর্ধেক শেয়ার ক্রয় করে। এই সময়ে ইংরেজরা খাল খননের খুবই বিরোধী ছিল।... ১৮৫৯, ২৫ এপ্রিল খনন কার্য আরম্ভ হয় ও ১৮৬৯, ১৭ নবেম্বর প্রথম জাহাজ খাল দিয়া পার হইয়া আসে।... খেদিভ ইসমাইল ( ১৮৬৯-৭৯ ) ঋণজালে আবদ্ধ হইয়া পড়িলে ইংলন্ডের প্রধানমন্ত্রী ডিসরেলি খেদিভের শেয়ারগুলি ৪০ লক্ষ পাউণ্ড দিয়া কিনিয়া লন। ৮ লক্ষ শেয়ারের মধ্যে ইংরেজের হাতে ৩,৫৩,৫০৪ অংশ আসিল। ভারতবর্ষ ও প্রাচ্যে আসিবার পথ ইংরেজের করায়ত্ত হইল। ইহার অল্পকালের মধ্যেই ( ১৮৮২ ) মিশর ইংরেজের প্রভাবে আসে। সেই হইতে সুয়েজে ব্রিটিশ সৈন্য মোতায়েন হয়। মিশর স্বাধীন হইবার পর হইতে ( ১৯৩৬ ) সুয়েজে ব্রি. সৈন্য রক্ষা সম্বন্ধে মিশর সরকার প্রতিবাদ জানায়। ২য় মহাযুদ্ধের পর এই প্রশ্ন পুনরায় উঠে। বহু অপ্রতিকর ঘটনার পর ব্রিটিশ সৈন্য ১৯৫৫-এ অপসারণ সুরু হয়। ১৯৫৬ জুন মাসে শেষ ব্রি. বাহিনী মিশর ত্যাগ করে। এখন খাল পাহারার দায়িত্ব মিশর সরকারের। ...খাল অতিক্রম করিতে ১৬ ঘণ্টা সময় লাগে। প্রথমে ২০০ ফুট প্রস্থ ছিল, এখন ৪৫০ ফুট। পূর্বে ২০ ফুট গভীর জাহাজ যাইত; এখন ৩৪ ফুট গভীর জাহাজ যাইতে পারে। আরও গভীর করা হইতেছে; ৩৬ ফুট জাহাজও যাইতে পারিবে।

সুয়েজ খালের উপর একটি রেলসেতু আছে; উহা Swing bridge অর্থাৎ যন্ত্র দ্বারা সেতু এক পার্শ্বে লইয়া যাওয়া যায়; উহা ১৯৩৯-এ নির্মিত হয়; কাইরো হইতে সিরীয়ার বন্দর বৈরাজ পর্যন্ত রেলপথের মধ্যে এই সেতু পড়ে। ...১৮৮৮, অকটো. ২৮ সুয়েজ খাল বৈঠকে ( Suez Canal Convention ) স্থির হয় যে এই খাল সর্বজাতির জন্য কি শান্তি, কি যুদ্ধে সর্বদা উন্মুক্ত থাকিবে। কনভেনশনের সদস্য—গ্রেট ব্রিটেন, ফ্রান্স, জারমানি, ইতালি, অস্ট্রিয়া, স্পেন, নেদারলন্ডস, রুশিয়া ও তুর্কী। তবে প্রবল পক্ষের সুবিধার জন্য বহুবার ইহার ব্যত্যয় হইয়াছে। ... সুয়েজ খাল কোম্পানির ৩২ ডিরেক্টর; ইহার মধ্যে ২১ ফরাসী, ৯ ইংরেজ, ৫ মিশরীয়, ১ ডাচ, ১ আমেরিকান। পূর্বে

আমেরিকান ও মিশরীয় ছিল না। যেসব জাহাজ খাল দিয়া যায়-আসে তাহাদের খাজনা দিতে হয়; প্রত্যেক বোম্বাই টনে ৫·৬৫ ফ্রাঁ (Franc) ও খালি জাহাজে ৩·৩ ফ্রা। যাত্রী প্রতি ১০ ফ্রা। খালের হিসাবপত্র প্যারিসে কোম্পানির অপিসে থাকে। শেয়ারের টাকার দশগুণের উপর লভ্যাংশ এ পর্যন্ত বিলি হইয়াছে।

১৯৫৬ অব্দের অক্টোবরে মিশর সুয়েজ খালকে রাষ্ট্রায়ত্ত করে; এই লইয়া ব্রিটেন ও ফ্রান্সের সহিত মনোমালিন্যর সূত্রপাত হয়। অতঃপর ব্রিটিশ, ফরাসী ও ইস্রাইল একত্রে সুয়েজের উপর হানা দেয় এবং বোমা দিয়া কয়েকখানি জাহাজ খালের মধ্যে ডুবাইয়া দিয়া পথ বন্ধ করিয়া দেয়। রাষ্ট্রপুঞ্জের (U N) কঠোর ব্যবস্থায় ব্রিটিশ ও ফরাসীদের ঐ অঞ্চল ত্যাগ করিতে হয়। খাল সাফ হইয়াছে ও জাহাজ স্বাভাবিক ভাবে চলিতেছে; তবে খালের মালিকানা ও নিয়ন্ত্রণ সম্বন্ধে শেষ মীমাংসা হয় নাই।

**সুরগানা** (Surgana): পূর্বতন গুজরাট স্টেটসের করদ-রাজ্য। আ. ১৩১ ব মা; জন. ১৮,২৯২।...বর্তমানে বোম্বাই, নাসিক জেলার অন্তর্গত তালুক। আ. ৩১৬ ব মা; জন. ৪৩,৮২৩।

**সুরগুজা** (Surguja): মধ্যভারতের ছত্রিশগড় স্টেটস এজেন্সির করদরাজ্য। আ. ৬০৬৭ ব মা; জন. ৫,৫১,৭৫২। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ১,৫৩,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে মধ্য-প্রদেশের ছত্রিশগড় বিভাগের জেলা; চাঙভাকর, কোরেয়া ও সুরগুজা রাজ্যত্রয় লইয়া ১৯৪৮-এ নূতন জেলা গঠিত হয়। দেশ পার্বত্য; বহুবিস্তারিত কয়লার আকরের মধ্যে চিরিমিরির খনি বিখ্যাত। লৌহ, বক্সাইট, সীসা, অভ্র প্রভৃতি খনিজ আছে। ...জেলার আ. ৮,৬১৩ ব মা; জন. ৮,২২,০৪১। প্রধান শহর অম্বিকাপুর। সুরগুজা জেলার চিরিমিরি স্টেশনের নিকট কুরাশিয়া কোলিয়ারিতে মাইনিং স্কুল স্থাপিত হইয়াছে।

**সুরজি-অর্জুনগাঁও** (Surji-Arjungao): বোম্বাই রাজ্যের অমরাবতী জেলার গ্রাম। ২য় ইংগ-মারাঠী যুদ্ধের (১৮০৩-০৫) পর সিন্ধিয়া গবর্নর-জেনা. ওএলেসলির নিকট অধীনতা-মূলক মিত্রতায় অবদ্ধ হন এবং গঙ্গা-যমুনার মধ্যবর্তী দোয়াব ইংরেজকে ছাড়িয়া দেন।

**সুরত** (Surat): বোম্বাই রাজ্যের গুজরাট বিভাগের জেলা। বড়োদা ও অন্যান্য করদরাজ্য ভারতভুক্ত হইলে, বড়োদার জেলা নওসরি (Navasari), ধরমপুর, বাঁসদা, ও সাচিন করদরাজ্যগুলি সুরতের অন্তর্গত করা হয়। আ. ৪,৪১৯ ব মা; জন. ১৮·২৮ লক্ষ ('৫১)। পূর্বে এই জেলার আয়তন ছিল ১,৬৬২ ব মা মাত্র। এই জেলায় বরদউলি তালুক।

—সুরত শহর (জন. ২·২৩ লক্ষ) তাপ্তী নদীর উপর, সমুদ্র হইতে ১০ মা। ব্যবসায় ও বিদ্যা-শিক্ষার বড় কেন্দ্র। সোনা ও রূপার সুতা তৈয়ারি, কাপড়ের উপর সোনা, রূপার ফুল তৈয়ারির জন্য এখানকার কারুকররা বিখ্যাত। ১২টি ব্যাংক।

**সুরবায়া** (Surabaya): ইন্দোনেশিয়া; জাভাদ্বীপের বন্দর। গবর্নমেন্ট ডক বা পোতাশ্রয় ও পোতনির্মাণ স্থান ও অস্ত্রশালা; বহু শিল্পের কেন্দ্র। পেট্রোল সাফাই কারখানা। জন. ৩·৪১ লক্ষ।

**সুরমা** (Surma river): কাছাড় ও সিলেট জেলার নদী; উৎপত্তিস্থল নাগা পর্বত। শিলচরের নিকট ইহা বরাক ও সুরমা এই দুই ধারায় বিভক্ত হইয়া পুনরায় মারকুলির নিকট মিলিত হইয়াছে। অতঃপর ভৈরব বাজারের নিকট ব্রহ্মপুত্র নদে পড়িয়াছে।—সুরমা উপত্যকা বা ভ্যালি বলিতে সিলেট-কাছাড় জেলাদ্বয় বুঝায়।

**সুরিনাম** (Surinam): দ্র. গিয়ানা, ডাচ।

**সুরুল** (Surul): বীরভূম জেলার বোলপুর থানার অন্তর্গত ও বোলপুর শহর হইতে ২ মা দূরে অবস্থিত গ্রাম। ১৯ শতকের শেষভাগে এই গ্রামের নিকট মিঃ জন চীপ (Cheap)-এর বিরাট কুঠি বাড়ির ধ্বংস দেখা যায়। তিনি হেস্টিংস কর্তৃক কমার্শিয়াল রেসিডেন্ট নিযুক্ত হইয়া বাস করেন। সুরুল হইতে গুস্কুটিয়া ও সুরুল হইতে কাটোয়া এই দুইটি পথ তাঁহারই চেষ্টায় নির্মিত হয়।...তিনি এখানে নীল ও চিনি প্রস্তুত করিতেন। ঈ. ই. কোম্পানির জাহাজের জন্য পালের

কাপড় বোনার কেন্দ্র হয়। ...১৮৩৫-এ সুরুলের কারবার বন্ধ হয়। চীপের বাড়ি যেখানে ছিল, সেখানে বর্তমানে বিশ্বভারতীর সামাজ শিক্ষণ-শিক্ষা শিবির হইতেছে। সুরুল গ্রামে শ্রীনিকেতন ( দ্র. )। পুরাতন মানচিত্রে সুরুল পাওয়া যায় ; বোলপুর তখন গড়িয়া উঠে নাই।

**সুরেন্দ্রনগর-ওয়াধান** (Surendranagar-Wadhwan) কাঠিয়াবাড়ের ওয়াধান জং. স্টেশনের নূতন নাম। সৌরাষ্ট্রের ( বোম্বাই রাজ্য ) বিশিষ্ট নগর। জলওয়াড বিভাগের ওয়াধান জেলার অন্তর্গত। অহমদাবাদ হইতে ৮০ মা। কাপড়ের কল। জন. ৩৪,৩৫৪।

**সুলতানগঞ্জ** (Sultanganj) : বিহার ; ভাগলপুর জেলার সদর মহকুমার থানা। আ. ৮৫ ব মা ; জন. ৬৩,৭৫২ ; ঘনতা ৮০৮। চারিদিকে বৌদ্ধ বিহারাদির ধ্বংসাবশেষ দেখা যায়। দুইটি সুবৃহৎ গ্রানাইট প্রস্তরের পাহাড়ের একটিতে গৈবীনাথ মহাদেবের মন্দির। হিন্দুদের অতি পবিত্র তীর্থস্থান। শহরের জন. ৪,২১২।

**সুলতানপুর** (Sultanpur) : উত্তর প্রদেশ ; ফয়জাবাদ বিভাগের জেলা। গোমতী নদী প্রবাহিত। বৃষ্টিপাত ৪৪"। আ. ১,৭১০ ব মা ; জন. ১২ ৮২ লক্ষ ('৫১)। ...সদর শহর গোমতীতীরে। জন. ১৭,৪৯৬।

**সুলেমান পর্বত** (Takt-i Sulaiman) : পাকিস্তান ; উ.-প. সীমান্ত প্রদেশের পশ্চিম দিকে উ.-দক্ষিণে লম্বমান পর্বতমালা ( ৩০০ মা ) ; শুষ্ক পর্বত। সর্বোচ্চ জোড়া শিখর তখৎ ই-সুলেমান ১১,০৮৪ ও ১১,২৯০ ফুট। হিন্দুকুশ ও সু. পর্বতের মধ্যে খাইবার গিরিপথ, ডেরাইসমাইল খাঁ শহর হইতে গুমাল গিরিপথ সু. পর্বতের মধ্য দিয়া ওয়াজিরিস্তানে গিয়াছে ; বোলানও ( ৫,৮০০ ফুট উচ্চ ) এই পর্বতের অন্যতম গিরিপথ।

**সুসং** ( Susang ) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, নেত্রকোনা মহাকুমার থানা দুর্গাপুরের অপর নাম; সোমেশ্বরী নদীতীরে। কাকমারী গ্রাম দুর্গাপুরের নিকটে। দুর্গাপুর হইতে আসাম সীমান্ত বাগমারা হইয়া গারো পাহাড় জেলার প্র. শহর তুরা পর্যন্ত পথ আছে।

**সুসা** (Susa), **শুশান** (Shushan) : প্রাচীন পারসিক সাম্রাজ্যের রাজধানী ও শীতাবাস। প্রাচীন নগরের ধ্বংসাবশেষ ইতস্তত বিস্তৃত। পূর্বে ইলাম (Elam) রাজ্যের রাজধানী ছিল। অসুরীয় সম্রাট অসুর-বানিপাল এই নগর ধ্বংস করেন ( ৬৪৫ খ্রী. পূ. )।

**সুহ্মদেশ** (Suhmadesa) : প্রাচীন বঙ্গদেশের কোনো অংশ। মহাভারত টীকাকার নীলকণ্ঠের মতে সুহ্মই রাঢ় দেশ। অন্যমতে ত্রিপুরা, চট্টগ্রাম, আরাকান।

**সূর্য-দ্বীপ** (Surya-dvipa) : পূর্ব-দক্ষিণ বঙ্গে ভৈরব নদীর তীরবর্তী প্রদেশ। ইচ্ছামতী, কপোতাক্ষ, করতোয়া, বুড়িগঙ্গা নদী বেষ্টিত ভূভাগ। প্রধান নগর ছিল মহেশপুর, ইহার নিকটে কৈবর্তবংশীয় রাজাদের বাটি ছিল। রাজধানীর সীমা সূর্যের মাঠ বলিয়া প্রসিদ্ধ।

**সেওড়াপুলি** (Sheorapuli) : হুগলি জেলা ; শ্রীরামপুর মহকুমা ও থানার অন্তর্গত গ্রাম ও ব্যবসায়ের কেন্দ্র ; কলিকাতা হইতে ১৪ মা। জন ৩০,৭৪৪।

**সে-চোয়ান** ( Sze-chwan ) : চীনের বৃহত্তম প্রদেশ ; সি-কিয়াং-এর পূর্বে। নামের অর্থ 'চারি নদীর দেশ' ; ইয়াংৎসে প্রধান নদী। পার্বত্য দেশ ; পশ্চিমের মালভূমি ১৯ হা. ফুট উচ্চ। মধ্যস্থল ও পূর্বাঞ্চল সমভূমি ও উর্বর। আ. ২·১৮ লক্ষ ব মা ; জন ৪·৬৪ কোটি। রাজধানী চেনতু (Chentu)। এই প্রদেশে চুংকিয়াং ( Chung-kiang ) মহাযুদ্ধপর্বে চীনের রাজধানী ছিল।

**সেতুবন্ধ** (Adam's bridge) : সিংহল ও ভারতের মধ্যে বালি ও প্রবালের টিলা ; লম্বা ৩০ মা। লোকপ্রবাদ রামচন্দ্র লঙ্কা আক্রমণের সময় যে সেতু নির্মাণ করেন এগুলি তাহার চিহ্ন।

**সেন্** (Seine river) : ফ্রান্সের নদী ; ৪৮২ মা দীর্ঘ।

**সেণ্ট গোথার্ড** ( Saint Gotthard ) : দ. সুইট্জার-লন্ডের বিখ্যাত আলপীয় গিরিপথ ; ১৮২০-৩০-এ সড়ক ও ১৮৮২-তে রেলপথের সুড়ঙ্গ ( ৯০ মা ) নির্মিত হয়। এই সুড়ঙ্গ ৩,৭৮৮ ফুট উচ্চ স্থানে, শিখর হইতে ৬০০ ফুট নিম্ন দিয়া।

**সেণ্ট জেম্স'স প্যালেস** (St. James's Palace) : লন্ডনের প্রাসাদ। ৮ম হেনরী কর্তৃক নির্মিত। ৩য় জর্জের সময়ে বাকিংহাম প্রাসাদ নির্মিত হইবার

পূর্ব পর্যন্ত প্রায় তিনশত বৎসর ইংলন্ডের রাজাদের প্রাসাদ ছিল।...বর্তমানে বিশেষ সভা-সম্মেলনের জন্য ব্যবহৃত। ১৯৩১-এ রাউন্ড টেবিল কনফারেন্স এই অট্টালিকায় বসিয়াছিল।

**সেণ্ট বার্নার্ড** (St. Bernard) : এই নামে ২ গিরিপথ আল্পস পর্বতে আছে। সুইট্জারলন্ড হইতে ইতালির মধ্যে ৮০০০ ফুট উচ্চে; এই গিরিপথ রোমান যুগ হইতে ব্যবহৃত হইতেছে। অগস্টাইন সাধুদের আশ্রম। সে. বা. কুকুর বিখ্যাত।

**সেণ্ট লুই** ( Saint Louis ) : ফরাসী প. আফ্রিকার সেনেগল উপনিবেশের রাজধানী। জন. '৬৩ হা.।

**সেণ্ট লুইস** (St. Louis) : মার্কিন যুক্তরাষ্ট্রের মিসৌরি স্টেটের বৃহত্তম নগর। মিসিসিপি নদীর উপর অবস্থিত। জন. ৮·৫৩ লক্ষ। বিশ্ববিদ্যালয়।

**সেণ্ট লরেন্স** ( St. Lawrence River ) : কানাডার নদী; অতলান্তিক মহাসাগরের লরেন্স উপসাগরে পড়িতেছে। অতি প্রশান্ত নদীপথ; মুখের কাছে ১০০ মা চওড়া। নদী ৭৫০ মা।

**সেণ্ট হেলেনা** ( St. Helena ) : অতলান্তিক মহাসাগরের দক্ষিণ ভাগে আফ্রিকার উপকূল হইতে ১,২০০ মা দূরে অবস্থিত ব্রিটিশ অধিকৃত দ্বীপ। আ. ৪৭ ব মা; জন. ৪,৭৪৫ ('৫১)। বন্দী হইয়া (১৮১৫-২১) এই দ্বীপে নেপোলিওনের নির্বাসনে মৃত্যু হয়।

**সেন্ট্রাল প্রভিন্সেস এন্ড বেরার** (Central Provinces and Berar) : দ্র. মধ্যপ্রদেশ। ...ইহার পশ্চিমাংশ নাগপুরের মহারাষ্ট্রীয় ভোঁশলেদের রাজ্য ছিল। মারাঠা শক্তির পতনের পর ১৮১৭-১৮তে সাগর ও নর্মদা নদীর পার্শ্বস্থ দেশ ব্রিটিশের হস্তগত হয়। ১৮৫৩ অব্দে ভোঁশলে রাজবংশ লোপ পাইলে বড়লাট ডালহৌসী এই রাজ্য বাজেয়াপ্ত করিয়া ব্রি. রাজ্যভুক্ত করেন। ঐ বৎসর বেরার প্রদেশও নিজামের নিকট হইতে আদায় করা হয় (দ্র. বেরার)। সিপাহী বিদ্রোহের পর মধ্যপ্রদেশ ও বেরার লইয়া প্রদেশ গঠিত হয় (১৮৬১)। এই প্রদেশের আ. ছিল, ৯৮,৫৭৫ ব মা; জন. ছিল ১,৬৮,১৩,৫৮৪।...ভারত স্বাধীন হইবার পর এই প্রদেশের নাম হয় 'মধ্যপ্রদেশ'। ১৯৪৮-এ করদরাজ্যগুলি এই প্রদেশ ভুক্ত হইলে ৩৮,০০০ ব মা স্থান ও ৪০·৬৪ লক্ষ লোকসংখ্যা বৃদ্ধি পায়।

**সেন্ট্রাল রেলওয়ে** ( Central Railway ) : মধ্য রেলপথ। নূতন ছয়টি জোন বা পরিমণ্ডলের অন্যতম। পূর্বের গ্রেট্ ইন্ডিয়ান পেনিনসুলার রেলওয়ে ( G. I. P. ) নিজামের স্টেট রেল. ও ধোলপুর রেল. মিলিত করিয়া এই পরিমণ্ডল গঠিত। প্রধান অপিস বোম্বাই। ৫,৪২৮ মা রেলপথের মধ্যে ৪,০৯২ মা ব্রড্ গেজ; ৭৭৩ মা মিটার গেজ; ৫৬৪ মা ছোট রেল। মোট মূলধন (১৯৫২-৫৩) ১৬৩·৭৩ কোটি টাকা। মোট আয় ৪৬·৭০ কো.। মোট খরচ ৩৮·৩৬ কো.। নেট আয় ৮·৩৪ কো.। কর্মচারী—১,৬৮,০৬৮।

**সেনহাটি** ( Senhati ) : পূ. পাক.; খুলনা জেলা, সদর মহ.র গ্রাম। ভৈরব নদীর উত্তরে। কবি কৃষ্ণচন্দ্র মজুমদারের জন্ম স্থান।

**সেনিগাল** ( Senegal ) : ফরাসী আফ্রিকার টেরিটরি, অতলান্তিক মহাসাগর তীরে। আ. ৭৭,৭৩০ ব মা। জন. ২০ লক্ষ। রাজধানী সেণ্ট লুই (St. Louis)।

**সেরপুর** ( Sherpur ) : পূ. পাকিস্তান; বগুড়া জেলার থানা। আ. ১১৬ ব মা। শহর, রেজি. অপিস (১৮৭৪)। প্রসিদ্ধ পুরাতন স্থান। বাংলার ভুইঞাদের বিদ্রোহ দমনকালে মানসিংহ এখানে বাস করেন; তাঁহার প্রাসাদের ধ্বংসাবশেষ বিদ্যমান আছে। আইনী অকবরীতে এই স্থানের উল্লেখ আছে। বগুড়া শহর হইতে দক্ষিণে ১০ মা দূরে অবস্থিত; মোটর পথ।

**সেরপুর** ( Sherpur ) : পূ. পাক.; ময়মনসিংহ জেলা, জামালপুর মহ.র থানা। আ ১৪৫ ব মা। গ্রাম, ডাকঘর, রেজি. অপিস ( ১৮৭৪ )। জা. হইতে ৯ মা উত্তরে। ৮ মা উত্তরে গড়-জরিপা গ্রামে বৃহৎ গড়ের ধ্বংসাবশেষ দেখা যায়।

**সেরেম্বান** ( Seremban ) : মালয় উপদ্বীপের স্টেট নেগ্রি-সেম্বিলানের রাজধানী। রবার ও টিন অঞ্চলের মধ্যে অবস্থিত শহর। জন. ৩৭ হা.।

**সেলাংগর** ( Selangor ) : মালয় উপদ্বীপের রাজ্য ও মালয় ফেডারেশনের অন্তর্গত স্টেট। কফি, চাউল, মরিচ, রবারের চাষ হয়। কয়লা ও টিন আকর। আ.

৩,১৬৬ ব মা ; জন. ৭'১০ লক্ষ ('৪৭)। রাজধানী কুআলা-লুমপুর (Kuala-Lumpur)।

১৯৪৭-এ মালয় স্বরাজ লাভ করিয়াছে ; সেলাং-গরের সুলতান ইহার প্রধান হইয়াছেন। সুলতানের বাসস্থান ক্লাং নগর।

**সেলেবিস** (Celebes, Sulawesi) : ইন্দোনেশিয়ান রিপাবলিকের দ্বীপ, বোর্নিও হইতে ৯০ মা পূর্বে। মধ্যস্থল পার্বত্য ; বহু হ্রদপূর্ণ ; কয়েকটা জ্বলন্ত আগ্নেয়গিরি আছে। বনজ সম্পদ প্রচুর। অধিবাসীরা মালয়-পলিনেশীয় মিশ্রবর্ণ। গোঁড়া মুসলমান। আ. ৬৯,২৭৭ ব মা ; জন. ৩৭'৮১ লক্ষ। রাজধানী মাকাসার বন্দর।

**সেশেল** (Seychelles) : ভারত মহাসাগরে মরিশাস দ্বীপের উত্তরে ৯২ দ্বীপের সাধারণ নাম। আ. ১৫৬ ব মা ; জন. ৩৬ হা. ('৫১)।

**সৈয়দপুর** (Saidpur) : পূ. পাক. ; রঙপুর জেলা। নীলফামারি মহ.র থানা ও শহর ; ঈ. বি. রেলওয়ের স্টেশন (২৪৩ মা)।

**সৈয়দবন্দর** (Port Said) : মিশরের বন্দর ; ভূমধ্য-সাগরতীরে সুয়েজ খালের প্রবেশের মুখে অবস্থিত নগর। ১৮৫৯-এ খেদিভ সৈয়দ পাশার নামানুসারে। শহরতলী সমেত জনসংখ্যা ১'৭৮ লক্ষ।

**সোদপুর** (Sodepur) : ২৪-পরগনার শহর ; কলিকাতা হইতে ১০ মা। পিঁজরাপোল, খাদি প্রতিষ্ঠান, কাপড়ের কল, কাঁচের কারখানা।

**সোনপত** (Sonepet) : পূ. পঞ্জাব, রোহটক জেলার তহশীল ও শহর। জন. ৩০,১৮৯। প্রাচীন স্থান। সোনীপত, পানীপত, ইন্দ্রপত, তিলপত, বাঘপত, এই পঞ্চপত বা পাট লইয়া প্রাচীন কুরুক্ষেত্র।

**সোনপুর** : দ্র. শোনপুর।

**সোনাতলা** (Sonatala) : পূ. পাক. ; বগুড়া জেলার একটি বড় গঞ্জ। নিকটে ফতেপুর নামে প্রাচীন দুর্গের ধ্বংসাবশেষ দৃষ্ট হয়।

**সোনামুখী** (Sonamukhi) : বাঁকুড়া জেলা ; বিষ্ণুপুর ম.হর থানা। আ. ১৪৭ ব মা ; জন. ৬১,৩০৭ ; ঘ. ৪১৬। সমাজ উন্নয়ন পরিকল্পনার অন্তর্গত থানা।—শহর ; বাঁ.-দামোদর রেলপথের স্টেশন। কলিকাতা হইতে ১৭০ মা ; বাঁকুড়া ২২ মা। তসর ও সুতীর কাপড়ের জন্য খ্যাত। গালা উৎপাদন হয়।—শহরের জন. ১২,৩২৫। ডাক, তারঘর, উচ্চ বিদ্যালয়, রেজি. অপিস (১৮৭৫)

**সোনামুড়া** (Sonamura) : ত্রিপুরা রাজ্যের বিভাগ আ. ২০৫ ব মা ; জন. ৪৪,৫৪৪ ; ঘনতা ২১৭। ...সো. শহর গোমতী নদীতীরে, কুমিল্লার নিকট।

**সোনারগাঁও** : দ্র. সুবর্ণগ্রাম।

**সোনারপুর** (Sonarpur) : ২৪-পরগনা জে. ; সদর আলিপুর মহ.র থানা। আ. ৬৬ ব মা ; জন. ৮৮,৪১৩ ; ঘ. ১,৩৪২। কলিকাতা হইতে ১০ মা দ.-পূর্বে।

**সোপারা** (Sopara) : বোম্বাই ; থানা (Thana) জেলার গ্রাম। এখানে অশোকের চতুর্দশ শিলা অনুশাসনের অন্যতম লেখ আছে। দ্র. সুপ্পারক।

**সোপুর** (Sopur) : কাশ্মীর রাজ্য ; বারমুলা জে.র শহর ; ঝিলাম নদীতীরে, উলার হ্রদ নিকটে ; শ্রীনগর হইতে ৯ মা উ.-পশ্চিমে। জন. ১৫,৮১৫।

**সোফিআ** (Sofia) : বুলগেরিয়ার রাজধানী। ১৪০০ হইতে এই নামে চলিত ; তৎপূর্বে সারদিকা (Serdica) ছিল। বুলগাররা ৮০৯-এ এই রোমান নগর অধিকার করে। ১৩৮২-১৮৭৮ তুর্কদের অধীন ছিল। জন. ৪'৫০ লক্ষ। বিশ্ববিদ্যালয়।

**সোবিয়েত যুক্তরাষ্ট্র** (Soviet Union ; Union of Soviet Sociatist Republic ; U. S. S. R. ; রুশীয় ভাষায় Soyuz Sovyetskikh Sotsialisti, cheskikh Respublik) : সোবিয়েত যুক্তরাষ্ট্র বলিতে সোবিয়েত সমাজ, অর্থনীতি ও শাসনব্যবস্থা-যুক্ত ১৬টি প্রজাতন্ত্রের যুক্তরাষ্ট্র বা সম্মিলনীকে বুঝায়। ইহা পৃথিবীর বৃহত্তম রাষ্ট্রনৈতিক একক। ভূপৃষ্ঠের প্রায় এক-ষষ্ঠাংশ জুড়িয়া য়ুরোপ ও এশিয়া দুই মহাদেশ ব্যাপিয়া ইহা বিস্তৃত। আ. ৮৭,০৮,০৭০ ব মা ; জন. ১৯৫৪ সালে আনুমানিক ২১ কোটি ৪৫ লক্ষ। অধিবাসীর ৫৮'৪১% রুশীয় ; রাজধানী মসকৌ (Moscow)।

১৯১৭, ১২ মার্চ রুশিয়ার বিপ্লবের ফলে জার ২য় নিকোলাস সিংহাসনচ্যুত হন। ৭ নবেম্বর লেনিনের

নেতৃত্বে পেত্রোগ্রাদ সোবিয়েতের কেন্দ্রীয় সরকার দখল করে ( দ্র. রুশদেশ )।

রুশিয়ার এই বিপ্লব সামাজবাদী বিপ্লব নামে জগতে পরিচিত। ১৯০৫ ডিসেম্বর লেনিনের নেতৃত্বে প্রথম শ্রমিক বিপ্লব সংগঠিত হয়, কিন্তু ইহা সাফল্য-মণ্ডিত হইতে পারে নাই ; অবশেষে ৭ নবেম্বর (১৯১৭) তাহারা জয়যুক্ত হয়।

এই বিপ্লবের ফলে পৃথিবীর একাংশে প্রথম কৃষক-শ্রমিকরাজ প্রতিষ্ঠিত হয়। প্রথম মহাযুদ্ধের শেষ দিকে সো. কর্তৃপক্ষ যুদ্ধ বন্ধ করিয়া দিয়া জারমানি ও অসট্রিয়ার সহিত সন্ধি করে ( Brestlitovsk ; ডিসেম্বর ১৯১৭ )। জারমানি এই চুক্তি ভাঙিয়া আবার সোবিয়েত দেশ আক্রমণ করে। ইহার ফলে ১৯১৮ মার্চে সোবিয়েত সরকার আবার এক সন্ধিচুক্তি করিতে বাধ্য হয়। চুক্তি অনুযায়ী পোলন্ড, এস্তোনিয়া, লাতবিয়া ও ইউক্রেইন জারমানদের অধিকার ভুক্ত হয়। ১৯২০-এ পোলন্ডের সহিত সো.-এর সন্ধি হয়। ১৯২০-২২-এ সো. সরকার বিধ্বস্ত দেশে নয়া অর্থনৈতিক পন্থা (New Economic Policy) অবলম্বন করে। ১৯২৪, ২১ জানু. লেনিনের মৃত্যু হইলে স্তালিন দেশের নেতৃত্ব গ্রহণ করেন এবং কৃষক-শ্রমিক মৈত্রী-বন্ধনের উপর ভিত্তি করিয়া প্রথমে শুধু সোবিয়েত দেশেই সমাজবাদ প্রতিষ্ঠায় মন দেন। ১৯২৫-এ দেশের ৮০% শিল্প-উৎপাদন সরকার ও সমবায়ের দ্বারা সাধিত হয়। ১৯২৮, অক্টোবরে-এ প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী গঠন কার্য সুরু হয়, এবং ১৯৩২ সালের শেষে পরিকল্পিত গঠনকার্য সম্পূর্ণ হয়।

সোবিয়েত প্রথম যুগে—রুশীয়, শ্বেত রুশীয়, ইউক্রেনীয় ও ট্রান্সককেসীয়—এই চারিটি রাষ্ট্র লইয়া সো. যুক্তরাষ্ট্র সংগঠিত হয়। বর্তমানে ইহা ১৬টি গণরাষ্ট্রের সম্মিলনী।

সোবিয়েত দেশের অধিকাংশই সমভূমি। উ.-দক্ষিণে বিস্তৃত ইউরাল পর্বত শ্রেণী ইউরোপীয় ও এশীয় এই দুই স্বাভাবিক ভাগে সমগ্র দেশকে ভাগ করিয়াছে। ইউরালের পূর্বভাগ সাইবেরিয়া ( দ্র. ) নামে পরিচিত ; ইহা বেরিং প্রণালী পর্যন্ত বিস্তৃত।

**সোবিয়েত দেশের সংবিধান :** ১৯৩৬-এ গৃহীত সংবিধানে সোবিয়েত সমাজবাদী গণরাষ্ট্রের সম্মেলনী "কৃষক ও শ্রমিকদের সমাজবাদী রাষ্ট্র" বলিয়া ঘোষিত হয়। রাষ্ট্রের সকল ক্ষমতা শ্রমজীবী জনসাধারণের উপর ন্যস্ত এবং "ইহার অর্থনীতি, উৎপাদন-যন্ত্র ও উপায়াদি সমাজবাদী মালিকানার উপর প্রতিষ্ঠিত।" সকল কলকারখানা, ভূমি, খনিজ সম্পদ, রেল, বিমান, রাষ্ট্র-পরিচালিত কৃষি প্রতিষ্ঠান প্রভৃতি রাষ্ট্রের সম্পত্তি। ব্যক্তিগত ছোট শিল্প আইনের দ্বারা সংরক্ষিত ; কিন্তু ইহারা অন্যের শ্রম শোষণ করিতে পারে না। নাগরিকের ব্যক্তিগত সম্পত্তির উপর রাষ্ট্র হাত দেয় না।

রাষ্ট্রের সর্বোচ্চ প্রতিষ্ঠান হইল সুপ্রীম সোবিয়েত, ইহা আইন রচনা করে। ইহার দুইটি অধিবেশনের মধ্যবর্তী সময়ে সুপ্রীম সো. নির্বাচিত সভাপতি মণ্ডলী ( প্রেসিডিয়াম ) ইহার অধিকাংশ কার্য সম্পন্ন করে। শাসন ও আইন কার্যকরী করিবার সর্বোচ্চ ক্ষমতা মন্ত্রিসভার হাতে ; ইহা সু. সো. কর্তৃক নির্বাচিত।

**সোবিয়েত রাষ্ট্রসমূহ :**

সো. রুশ, ( মসকৌ ) ; ইউক্রেইন, ( কিয়েফ ) ; শ্বেতরুশিয়া ( মিনস্ক Minsk ) ; উজবেকিস্তান ( তাশকেনত Tashkent ) ; কাজাকস্তান ( আলমা-আতা Alma-Ata) ; জর্জিয়া (ত্বিলিসি Tbilisi) ; আজারবাইজান ( বাকু Baku ) ; লিথুয়ানিয়া ( বিলনিউস Vilnius ) ; মলদাভিয়া ( কিশিনেফ Kishinev) ; লাতবিয়া (রিগা Riga) ; কিরঘিজিয়া ( ফ্রুনজে Frunze ) ; তাজিকিস্তান ( স্তালিনাবাদ ) আর্মেনিয়া ( এরিবান Erivan ) ; তুর্কমানিস্তান ( আশখাবাদ Ashkhabad ) ; এসতোনিয়া ( তালিন Tallin) ; কারেলো-ফিনিস ( পেত্রোজাবোদ্ Petrozabodsk )। ( প্রত্যেকটি রাষ্ট্র দ্রষ্টব্য )।

**সোবিয়েত রুশিয়া** ( R. S. F. S. R., Rossiskaya Sovietskaya Federativnaya Sotsialisticheskaya Respublika ) **:** রুশীয় সোবিয়েত ফেডারেল সমাজবাদী প্রজাতন্ত্রের লৌকিক নাম। ইহা সমগ্র সোবিয়েত দেশের ভূমির ৭৭% ও জনসংখ্যার ৬৪%।

আ. ৬৬,০৯,০০০ ব মা ; জন. ১০,৮৮,০০, (১৯৩৯)। রাজধানী মসকৌ।

সো. রুশিয়া ১২টি স্বশাসিত প্রজাতন্ত্র, ৬টি স্বশাসিত প্রদেশ, ৫২ সাধারণ প্রদেশ ও ৬টি টেরিটোরি লইয়া গঠিত। খনিজসম্পদে এই দেশ পৃথিবীর শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছে। সমগ্র সো. দেশের ৭/১০ আরণ্যসম্পদ রুশিয়ার অন্তর্গত।

**সোবেতস্ক** ( Sovetsk ) : দ্র. তিলসিট ( Tilsit )

**সোমনাথ** ( Somanath ) প্রভাস পত্তন : সৌরাষ্ট্র ( কাথিবাড়ের )-র দক্ষিণ-সমুদ্রতীরে শিবমন্দিরের জন্য খ্যাত। গজনীর সুলতান মামুদ ১০২৪-এ এই মন্দির লুণ্ঠন করেন। এতদ সম্বন্ধে বহু কিংবদন্তী আছে।... ভারত স্বাধীন হইলে ৯২৪ বৎসর পরে সোমনাথের মন্দির নূতন করিয়া নির্মিত হয় ( ১৯৫১, মে )।

**সোমনাথপুর** ( Somanathpur ) : মহীশূর রাজ্যের প্রাচীন নগর। এখানে হোয়শল রাজা ১২৬৮ অব্দে কেশব মন্দির নির্মাণ করেন। মন্দির বড় নহে ; কিন্তু কারুকার্য ও প্ল্যানিং সুন্দর।

**সোমালিলন্ড** ( Somaliland ) : আফ্রিকার উ.-পূর্ব কোণে ভারত মহাসাগর তীরে সোমালি নামে আদিম আফ্রিকানদের বাস। ১৯ শতকে ইংরেজ, ফরাসী ও ইতালীয়রা এই তটভূমি আপনাদের মধ্যে ভাগাভাগি করিয়া লয়।

**ব্রিটিশ সোমালিলন্ড**—আ. ৬৮,০০০ ব মা। যাযাবর জনতা ৫-৭ লক্ষ ; বন্দর বারবেরা (Berbera)।

**ফরাসী সোমালিলন্ড**—আদন উপসাগর তীরে ক্ষুদ্র রাজ্য। আ. ৯০৭১ ব মা ; জন. ৫৬ হা. ('৫১)। রাজধানী—জিবুতি বন্দর ; এখান হইতে ইথিওপিয়ার রাজধানী আদ্দিস-আবাবা পর্যন্ত ৪৮৫ মা রেলপথ আছে। লবণ প্রস্তুতের কেন্দ্র।

**ইতালীয় সোমালিলন্ড**—আ. ১·৯০ লক্ষ ব মা ; জন. ৯-১০ লক্ষ। ১৮৮৯ এ ইতালির অধীন হয়। ১৯৫০-এ সংযুক্ত রাষ্ট্রের ( U. N. ) নির্দেশে স্থির হয় যে দশ বৎসরের মধ্যে ইহাদের স্বাধীনতা দিতে হইবে। রাজধানী ও বন্দর মোগাদিসিও (Mogadisio)। জন. ৫৫ হা.।

**সোয়াজিলন্ড** (Swaziland) : দ. আফ্রিকার ব্রিটিশ আশ্রিত দেশ ; ট্রান্সভাল, নাটাল, পোতু.পূর্ব আফ্রিকার মধ্যে অবস্থিত। পশ্চিমাংশ শৈলময়, স্বাস্থ্যকর। টিন, স্বর্ণ, গবাদি পশু, আসবেসটস, চামড়া, মাখন, তামাক, তুং তৈল, তুলাবীজ, চাউল রপ্তানি হয়। বৃষ্টিপাত ৩৪"—৫৪"। আ. ৬৭০ ব মা ; জন. ১·৮৬ লক্ষ। রাজধানী—ম্বাবান (Mbabane)।

**সোয়াত** ( Swat ) : পাকিস্তান ; উ.-প. সী. প্রদেশ মধ্যস্থিত মালকন্দ এজেন্সি অন্তর্গত করদরাজ্য ; সোয়াত নদীউপত্যকা ও হিন্দুকুশের একাংশ লইয়া রাজ্য গঠিত। অধিকাংশ পার্বত্য, অধিবাসীরা পাঠান বা পাখতুনী। আম্র,রাদি ফলের চাষ আছে। সোয়াত নদী হইতে খাল কাটাইয়া বহু স্থান কৃষি উপযোগী করা হইয়াছে। রাজ্যের আ. ৪০০০ ব মা ; জন. ৫·৭০ লক্ষ ( '৫১ )। রাজধানী সৈদুশরীফ মালকন্দ হইতে মোটর পথে ৪০ মা।

**সোয়েটনহাম** (Swettenham) : দ্র. পোর্ট সোয়েটনহাম।

**সোরবাঁও** (Sorbaon) : লাহোরের দ.-পূর্বে শতদ্রু নদীতীরে গ্রাম। এইখানে শিখ সৈন্য ব্রিটিশ-সৈন্যদের দ্বারা পরাভূত হয় ( ১৮৪৬, ফেব্রু. ১৬ )। ব্রি. সেনাপতি ছিলেন স্যর হিউ গাফ্ (Gough)।

**সোরাঠ** (Sorath) : সৌরাষ্ট্রের বিভাগ। আ. ৩,৮০১ ব মা ; জন ১০·০১ লক্ষ। ১৫টি তালুক ও পেট-এ বিভক্ত। প্রধান শহর জুনাগড়।

**সোলান** (Solan) : পূ. পঞ্জাব ; সিমলা জেলার পার্বত্য স্বাস্থ্যনিবাস। কালকা হইতে ২৯ মা। জন. ৪,৪৭১। পঞ্জাব বিশ্ববিদ্যালয় ১৯৪৭ হইতে এখানে স্থানান্তরিত হইয়া আসিয়াছে ; পূর্বে লাহোরে ছিল।

**সোলাপুর** ( Sholapur ) : বোম্বাই রাজ্যের জেলা। ১৯৪১-এ জেলার আয়তন ছিল ৪,৫৭২ ব মা ; জন. ১০·১৪ লক্ষ। ১৯৪৯-এ ডেকান স্টেটসের অকলকোট, সাংগলি, কুরুনডবাদ ছোট তরপ, জাত, মিরাজ বড় ও ছোট তরপ এবং ১৯৫০-এ হায়দরাবাদের কয়েকটি টুকরা অংশ (enclaves) এই জেলাভুক্ত করা হইলে ১৯৫১-এ আয়তন হয় ৫,৬৮২ ব মা ; জন. ১৫·০৯ লক্ষ।

এই জেলায় মহারাষ্ট্রদের প্রধান তীর্থক্ষেত্র পণ্ঢারপুর অবস্থিত।...এই জেলায় বৃষ্টি কম ও জমি অনুর্বর। ভীমা নদী প্রবাহিত।— সোলাপুর শহর (জন. ২,৭৭,০৮৭) বোম্বাই রাজ্যের বস্ত্রবয়ন শিল্পের অন্যতম প্রধান কেন্দ্র। শহরে আর্যসমাজের কলেজ, প্রার্থনা-সমাজের অনাথ-আশ্রম, টেকনিক্যাল স্কুল প্রভৃতি। ব্যবসায়ের বিশিষ্ট স্থান। পুণা হইতে ১৪৭ মা।

**সোসাইটি** (Society Islands) : দ. প্রশান্ত মহাসাগরে ফরাসী অধিকৃত পলিনিশিয়ান দ্বীপপুঞ্জ (২০টি)। তাহিটি (দ্র.) প্রধানতম দ্বীপ।...রাজধানী পাপীটে (Papeeta)। মোট আ. ১০০ ব মা; জন. ২৫ হা.।

**সোহাবল** (Sohawal) : বিন্ধ্যপ্রদেশ (বর্তমান মধ্য-প্রদেশ) অন্তর্ভুক্ত পূর্বতন বুন্দেলখণ্ড এজেন্সির করদ-রাজ্য, ২টি খণ্ডে বিভক্ত। রাজ্যের আ. ২৫১ ব মা; জন. ৫০,৪৩৫ ('৪১)। রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ২৫,৯০০ টাকা ভাতা দেওয়া হয়।

**সৌবীর** (Sauvira) : প্রাচীন ভারতের দেশ। বর্তমান রাজস্থানের দক্ষিণভাগস্থ রাজ্য; মতান্তরে হিমালয় প্রদেশে উত্তরখণ্ডস্থ দেশ; অলকনন্দা নদীতীরে অবস্থিত। রাজধানী অলকা। ইহা প্রাচীন নিষধ রাজ্যের অংশ; বর্তমান কুমায়ুনের অন্তর্গত বলিয়াও অনুমিত। কেহ কেহ বলেন, বাইবেলে Ophir বা Sophir নামে যে দেশ হইতে সলোমনের রাজ্যে স্বর্ণাদি আমদানি হইত, তাহা ভারতের সৌবীর। কাঠিয়াবাড, কচ্ছ, সিন্ধু প্রভৃতি দেশের সহিত অভিন্ন বলিয়া মনে করা হয়। অল্ বিরুনীর মতে উহা মূলতান ও তন্নিকটবর্তী দেশ।

**সৌরাষ্ট্র** (Saurashtra) : ভারতের 'খ' শ্রেণীর রাজ্য ছিল। এই দেশের সাধারণ নাম গুজরাট বা কাঠিয়া-বাড়; ইহার তিনদিকেই সমুদ্র ছিল। এই রাজ্যে ২২২টি করদরাজ্য ছিল; ১৯৪৮, ২১শে জানুয়ারি রাজারা ভারত সরকারের মুকাবালায় রাজসম্মান ও অধিকারাদি ত্যাগ করেন; ১৫ এপ্রিল হইতে নূতন সৌ. রাজ্য গঠিত হয়। কেবল মুসলমান রাজ্য জুনাগড় (১৯৪৯, জানু. ২০) পরে রাষ্ট্রভুক্ত হয়। ১৯৫০, জানু.তে ব্যবস্থাপক সভা গঠিত হয়। বর্তমান রাজ্যের আ. ২১,৪৫১ ব মা; জন. ৪১,৩৭,৩৫৯ ('৫১)। রাজধানী রাজকোট।...ভাবনগর, বেদী, নওনখি, পোরবন্দর, ওখা প্রভৃতি বন্দর। কৃষিজাত খাদ্যশস্য: জোয়ার, বাজরা, গম, ধান। অন্য ফসল—তুলা, চীনাবাদাম, তিল, রেড়ি, ইক্ষু। রাষ্ট্র পুনর্গঠন কমি-শনের সুপারিশমতে সৌরাষ্ট্র বোম্বাই রাজ্যভুক্ত হইয়াছে (১৯৫৬, নবেম্বর)।

**সৌরাষ্ট্র রেলওয়ে** (Saurashtra Railway) : কাঠিয়া-ওয়াড়ের রাজাদের পৃথক পৃথক স্টেট রেলওয়ে ছিল, যেমন রাজকোট, জুনাগড়, ভাবনগর, গোন্ডাল প্রভৃতি। ১৯৪৮-এ এই রেলগুলিকে এক করিয়া সৌ. রেল করা হয়। ১৯৫১ সালে ওয়েস্টার্ন বা পশ্চিম রেল জোন অন্তর্গত হইয়াছে।

**স্কটলন্ড** (Scotland) : গ্রেট ব্রিটেনের উত্তরাংশ; দেশের অধিকাংশই পর্বতময়; দেশ সাধারণত ১,৫০০ ফুট উচ্চ; ৪ হা ফুট উচ্চ পর্যন্ত শিখর আছে। দক্ষিণাংশের উপত্যকাভূমি উর্বর; ও কয়লার খনি আছে। আ. ২৯,৭৯৬ ব মা (জলাশয় বাদে); জন. ৫০·৯৬ লক্ষ ('৫১); রাজধানী—এডিনবরা। গ্লাসগো বৃহত্তম নগর ও বস্ত্র শিল্পের কেন্দ্র। বিশ্ববিদ্যালয় সেন্টএনড্রুস (১৪১১): গ্লাসগো (১৪৫০); আবার্ডিন (১৪৯৪); এডিনবরা (১৫৮২)।

**স্কাগাররক** (Skagarrak) : নর্থ সী (অতলান্তিক মহাসাগর) হইতে বাল্টিক সাগরে প্রবেশের মুখে ডেনমার্ক ও নরওয়ের মধ্যে প্রণালী, ৮০ মা প্রস্থ; ইহা কাটেগাটের সহিত মিলিয়াছে।

**স্কান্ডিনেভিয়া** (Scandinavia) : নরওয়ে-সুইডেন যুগ্মদেশের উপদ্বীপের সাধারণ নাম। ইহার পশ্চিমাংশ মালভূমি ও পর্বতময়, পূর্বদিকে ঢালু। নদীগুলি ক্ষুদ্র ও খরস্রোতা। পশ্চিম উপকূল গভীর ও সংকীর্ণ সমুদ্র-খাতে (Fiord) পূর্ণ। ফিয়র্ডগুলির উভয় পার্শ্বে খাড়া পাহাড়। উপকূলে বহু ক্ষুদ্র দ্বীপ থাকায় অতলান্তিকের তরঙ্গ হইতে উপকূল রক্ষা পায়। ইহাদিগকে 'স্কেরিগার্ড' বলে।...এখানে শীতকাল ৮-৯ মাস; শীত তীব্র।

**স্কুটারি** (Scutari; Uskudur) : তুর্কীর শহর। ইস্তামবুল বা কনস্টান্টিনোপলের অপর পারে বসপরাস

প্রণালীর উপর অবস্থিত। ক্রিমিয়ান যুদ্ধের (১৮৫৪-৫৫) সময় ফ্লোরেন্স নাইটেংগেলের সেবাশিবির এইখানে স্থাপিত হয়। জন. ১·২৫ লক্ষ।

**স্কুটারি** (Shkoder): আলবেনিয়ার পূর্বতন রাজধানী। নিকটে ঐ নামের হ্রদ আছে। জন. ৩০ হা.।

**স্টকহোলম** (Stockholm): সুইডেনের রাজধানী ও বন্দর। জন. ৭·৫০ লক্ষ। বিশ্ববিদ্যালয় ও কয়েকটি গবেষণা আকাদেমি আছে। সুইডিস আকাদেমি হইতে নোবেল পুরস্কার প্রদত্ত হয়।

**স্টেটিন** (Stettin): জারমানীর উত্তরে ওডার নদীর উভয় তীরে বাল্‌টিক সাগর হইতে ১৭ মা ভিতরে অবস্থিত বন্দর-নগর। ২য় মহাযুদ্ধের পর এই জারমান নগর পোলন্‌ডের মধ্যে পড়িয়াছে (১৯৪৫); উহার পোলীশ নাম Szczecin, শেৎসীন্। জন. ১·৫৯ লক্ষ।

**স্ট্রম্‌বোলি** (Stromboli): সিসিলির উত্তরে লিপারি দ্বীপের নিকট ক্ষুদ্র দ্বীপ। আ. ৪·৫ ব মা; জন. ১১৯৩। এখানে সদাজ্বলন্ত আগ্নেয়গিরি আছে। ইহাকে লোকে ভূমধ্যসাগরের আলোকস্তম্ভ (lighthouse of the Mediterranean) বলে। উচ্চতা ৩০৩৮ ফুট।

**স্ট্রাসবুর্গ** (Strassbourg): ফ্রান্‌স; আলসেস্ প্রদেশের প্রধান শহর, রাইন নদীর ২ মা পশ্চিমে ইল নদীতীরে বন্দর। নানা শিল্পের কেন্দ্র; বিশেষভাবে আলসে-শিয়ান মদ্য খুবই বিখ্যাত। ...জন. ১·৬৭ লক্ষ।

**স্ট্রেট্‌স সেটলমেন্ট** (Straits Settlement): এশিয়ার পূর্ব-দক্ষিণ কোণে মালয় উপদ্বীপের দক্ষিণ-দিকের ব্রিটিশের পূর্বতন খাশ উপনিবেশ; কলোনী অব্ সিঙাপুর নামে পরিচিত। আ. ২১৭ ব মা; জন ১৪·৩৫ লক্ষ। দ্র. সিঙাপুর, মালয়।

**স্ট্রাটফোর্ড** (Stratford-on-Avon): ইংলন্‌ড; ওয়ারউইকশায়ার-এর শহর, আভন নদীতীরে। জন. প্রায় ১৫ হা.। ...শেকসপীয়রের জন্মস্থান।

**স্তালিন** (Stalin): সোবিয়েত নেতা স্তালিনের জীবিতকালে রুশিয়ায় ও অন্যান্য সোবিয়েত দেশে বহু স্থানের নাম 'স্তালিন' দিয়া রাখা হয়। বহু শহর, উপসাগর, গিরিশৃঙ্গ, নদীর বাঁধ তাঁহার নাম-চিহ্নিত। জীবিতকালে কোনো ব্যক্তির নামে এতগুলি স্থানের নামকরণ ইতিপূর্বে ইতিহাসে দেখা যায় নাই।

**স্তালিনগ্রাদ** (Stalingrad): সোবিয়েত ফেডারেটিভ রিপাবলিকের নগর; ভলগা নদীতীরে। পূর্ব নাম জারিতসিন (Tsaritsyn)। স্তালিনের নামে নাম-করণ। ২য় মহাযুদ্ধের সময় তিন মাস ধরিয়া নাৎসি ও সোবিয়েত সৈন্যদের মধ্যে প্রচণ্ড যুদ্ধ স্তালিনগ্রাদের যুদ্ধ নামে খ্যাত। ইহা সোবিয়েত ইউনিয়নের অন্যতম বৃহৎ শিল্পকেন্দ্র।

**স্তালিন গিরিশৃঙ্গ** (Stalin Peak): মধ্য এসিয়া; তাজিকিস্তান, পামীর মালভূমিতে অবস্থিত উচ্চতম শিখর (২৪,৫৮৫ ফু.); ১৯৩৩-এ ইহাতে আরোহণ করা হয়।

**স্তালিনগ্রাদ** (Stalingrad): সোবিয়েত রুশের নগর; ভলগা নদীতীরে, বহু শিল্পের কেন্দ্র। ২য় মহাযুদ্ধের সময় জারমানরা অবরোধ করিয়া (৬ মাস) নগর প্রায় ধ্বংস করে। অতঃপর রুশ সৈন্য নগর উদ্ধার করিয়া জারমান সৈন্যদের বন্দী করে (১৯৪৩, ফেব্রু. ২)। জন. ৫ লক্ষ।

**স্তালিন্‌স্ক** (Stalinsk): সোবিয়েত ফেডা. রুশিয়া; দক্ষিণ সাইবেরিয়ার শহর, পূর্বনাম নোভো-কুজনেত্‌স্ক (Novo-Kuznetsk); বিরাট শিল্পকেন্দ্র, বৎসরে ২০ লক্ষ টন ইস্পাত ও ২০ লক্ষ টন কাঁচা লোহা উৎপন্ন হয়। জন. ১,৭০,০০০ ('৩৯)।

**স্তালিনাবাদ** (Stalinabad): সোবিয়েত তাজিকিস্তান রিপাবলিকের রাজধানী; তুলা, সুতা ও মাংসব্যবসার কেন্দ্র। জন. ৮৩,০০০ ('৩৯)।

**স্পাইস আইলন্‌ডস; মশলা দ্বীপপুঞ্জ** (Spice Islands): মলক্কা দ্বীপপুঞ্জের দারুচিনি, জৈত্রী, জায়ফল, এলাইচ, লবঙ্গ প্রভৃতি মশলা প্রাচীনকাল হইতে বিদেশে রপ্তানি হইত। ইউরোপে সেইজন্য এই দ্বীপপুঞ্জকে স্পাইস দ্বীপ বলিত।

**স্পার্টা** (Sparta): প্রাচীন গ্রীসের একটি রাষ্ট্র নগর। এখানকার অধিবাসীরা ব্যক্তিগত শৌর্য ও বীরত্বের জন্য ইতিহাসে অমর হইয়াছে। আথেন্সের পতনের জন্য ইহারা দায়ী। পরে মকিদানভুক্ত হয় (খ্রী. পূ. ৩৪৪)। আধুনিক গ্রীসের ক্ষুদ্র নগর। জন. ৬ হা.।

**স্পিট্‌জবারগেন** ( Spitzbergen ; Svalbard ) : আরকৃটিক বা উত্তর মহাসাগরের কয়েকটি দ্বীপ। নরওয়ের অধিকারভুক্ত। রাজধানী লঙয়ারবাই ( Longyearbyen )।

**স্পেন** ( Spain ; Estado Espanol ) : ইউরোপের রাজ্য। আ. ১,৯৪,২০২ ব মা ; জন. ২,৮২,৮৬,৫১৮ ('৫০)। অধিবাসী স্পেনিস, বাস্ক ( Basque ) ও কাটালান ( Catalan ) ; ভাষাও তিনটি। রাজধানী —মাদরিদ।

দেশ মালভূমিময়। দেশ কৃষিপ্রধান হইলেও এখানে খনিজ সম্পদ অপ্রতুল নহে। পৃথিবীর মোট পারদের ৪০% এদেশে উৎপন্ন হয়। বনজ সম্পদের মধ্যে কর্ক প্রধান ; ইহা প্রচুর পরিমাণে রপ্তানি হয়। প্রচীন যুগে স্পেন কার্থেজীয় রাজ্য ছিল। হানিবল এখান হইতে সৈন্য লইয়া ইতালি আক্রমণ করেন ( ৪০৬ )। ছয়শত বৎসর রোমানদের রাজত্বের ফলে তথাকার ভাষা লাতিনঘেঁসা হইয়াছে। গ্রানাডা ও করদোভা নগর দুইটি স্থাপত্য সৌন্দর্যে, শিক্ষা গৌরবে ইউরোপে খ্যাত ছিল। ১৫ শতকে কাসটাইল ও আরাগন রাজ্য দুইটি বিবাহসূত্রে ঐক্যবদ্ধ ( ১৪৭৯ ) হয়। এই যুগ্ম রাজা-রানী ফার্দিনান্দ ও ইসাবেলার সময় কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন ( ১৪৯২ )। ফার্দিনান্দ-এর দৌহিত্র ৫ম চার্লস ( ১৫১৬-৫৬ ) বৃহত্তম সাম্রাজ্যের অধীশ্বর হন। আমেরিকার বিশাল স্পেনিশ উপনিবেশগুলি অধিকারে আসে। ৫ম চার্লসের পুত্র ২য় ফিলিপ ইংরেজদের বিরুদ্ধে আরমাডা বা নৌবাহিনী পাঠান। এই নৌবাহিনী ধ্বংস হইলে স্পেনের অধঃপতনের সূত্রপাত হয়। ...নেপোলিয়ন স্পেন গ্রাস করেন, কিন্তু তাঁহার পতনের পরই স্পেন স্বাধীন হয়। এই সময় হইতে স্পেনিশ আমেরিকার উপনিবেশগুলি একে একে স্বাধীন হইয়া যায় ( ১৮১০-৩০ )। ১৯৩১-এ দেশে বিপ্লব হইলে রাজা দেশ ত্যাগ করিতে বাধ্য হন ও রিপাবলিকতন্ত্র প্রতিষ্ঠিত হয়। ১৯৩১ হইতে '৩৬ পর্যন্ত রিপাবলিকতন্ত্র নির্বিবাদে চলে। ১৯৩৬-এ জেনারেল ফ্রাংকো বিদ্রোহী হইয়া স্পেন আক্রমণ করেন ও ৫ জুন, ১৯৩৯ আনুষ্ঠানিক ভাবে দেশের সর্বেসর্বা হন। বর্তমানে আফ্রিকা ছাড়া অন্য কোথাও স্পেনের রাজ্য বা কলোনী নাই।

স্পেনীশ সাহিত্য বিপুল ; সারভেন্তাসের ডন্ কুইকসট বিশ্বসাহিত্যে স্থান পাইয়াছে। একেগারি, বেনেভেনতো ও মিস্ত্রান নোবেল পুরস্কার প্রাপক।

**স্লোভাকিয়া** ( Slovakia ) : চেকো-স্লোভাকিয়া রাজ্যের স্লাভ বা স্লোভাক জাতির বাসস্থান। ইহারা পশ্চিমা স্লাভ ভাষাভাষী। ১ম মহাযুদ্ধের পর ইহারা স্বাধীন হইয়া চেক্‌দের সহিত মিলিত হইয়া চেকোস্লোভাকিয়া রিপাবলিক গঠন করে। স্লোভাকদের নিজেদের ন্যাশনাল কাউন্সিল ( ১০০ সদস্য ) আছে। আ. ১৮,৮৯৫ ব মা ; জন. ৩৩·৩০ লক্ষ।

**স্বরূপকাটি** ( Sarupkati ) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা, পিরোজপুর মহ.র থানা ও শহর। ডাক, তার, রেজি. অপিস ( ১৮৭৩ ) আছে।

**স্বরূপনগর** ( Svarupnagar ) : ২৪-পরগনা জেলা ; বসিরহাট মহ.র থানা। আ. ৮৩ ব মা ; জন. ৬২ হা. ; ঘ. ৭৪৩। ইচ্ছামতী প্রবাহিত।

**হংকং** (Hong-kong) : চীনের দক্ষিণে ব্রিটিশ কলোনী ; কান্‌টন নদীর মুখে ও কান্‌টন (Canton) নগর হইতে ৯০ মা দূরে অবস্থিত দ্বীপ। আ. ৪৯১ ব মা। ১৯৫২-এ জন. ২২·৫০ লক্ষ। অধিবাসীরা চীনা। ...বহু শিল্পের কেন্দ্র।

**হড্ডা** (Hadda) : আফগনিস্থানের গ্রাম ; জালালুদ্দিন শহরের নিকট। ১৯২০ হইতে এখানে খননকার্য করিয়া বৌদ্ধযুগের বহু চিহ্ন পাওয়া গিয়াছে।

**হনডুরাস** ( Honduras ) : মধ্য আমেরিকার স্বাধীন রিপাবলিক। কারীব সাগর ও প্রশান্ত মহাসাগরের মধ্যে অবস্থিত। কলা, কফি, কোকো, তামাক, প্রভৃতি উৎপন্ন হয়। আ. ৪৩,২২৭ ব মা ; জন. ১৫·১৪ লক্ষ ('৫৩)। অধিবাসী স্পেনীশ ও রেড ইন্ডিয়ান মিশ্রবর্ণ। ভাষা স্পেনীশ। রাজধানী তেগুচিগল্‌পা (Teguchigalpa)।

**হনডুরাস*** (Honduras, British) : মধ্য আমেরিকার

ব্রিটিশ কলোনী ; কারীব সাগর তীরে। আ. ৮,৮৬৭ ব মা ; জন. ৬০ হা.। রাজধানী বেলিজে (Belize)। সিডার, মেহগানি, কলা, কফি, কোকো প্রভৃতি রপ্তানি হয়।

**হনমকোনডা** (Hanaınkonda) : হায়দরাবাদ (বর্তমানে অন্ধ্র) ; ওয়ারঙ্গল জেলার শহর ; কাজিপেট (দ্র.) হইতে ৪ মা দূরে। ১২ শতকের চালুক্য স্থাপত্য রীতিমতে নির্মিত রুদ্রদেবতার মন্দির ভূমিকম্পে ভাঙ্গিয়া গেলেও এখনো দর্শনীয়। দ্র. কোট গুডিয়াম।

**হনোলুলু** (Honolulu) : প্রশান্ত মহাসাগরের হাওয়াই দ্বীপপুঞ্জের রাজধানী (১৮২০ হইতে)। নিকটেই পার্ল হার্বার (দ্র.)। জন. ৩·৪৮ লক্ষ।···এখানকার বাইকিকি (Waikiki) সাগরতটে বহু সহস্র ভ্রমণ-বিলাসী স্নান করিতে আসে।

**হবিগঞ্জ** ( Habiganj ) : পূ. পাক. ; সিলেট জেলার মহকুমা ও সদর শহর। ...খোয়াই নদীর তীরে। জন. ১১,৮৫৬।

**হবিবপুর** (Habibpur) : মালদহ জেলার থানা ও গ্রাম। আ. ১৫৪ ব মা ; জন. ৭২,১১০। ঘনতা ৪৭১।

**হরাপ্পা** (Harappa) : পাকিস্তান ; প. পঞ্জাবের মণ্ট-গোমারি জেলার ইরাবতী ( রাবি ) নদীর তীরে গ্রাম ; লাহোর-খানেবাল রেলপথের স্টে.। এখানে প্রাগৈতি-হাসিক যুগের সমৃদ্ধ নগরের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। ···সিন্ধু বা মহেঞ্জোদাড়ো সভ্যতাকে ঐতিহাসিকগণ হরাপ্পা সংস্কৃতি নামে অভিহিত করিতেছেন।··· খননকার্য করিয়া এখানে বহু স্তরের সভ্যতার নিদর্শন পাওয়া গিয়াছে। এখানে আবিষ্কৃত চিত্রিত বা বিভূষিত মৃৎপাত্রের অনুরূপ সামগ্রী সিন্ধু-উপত্যকার বহু স্থানে পাওয়া গিয়াছে। হরাপ্পার ধ্বংসাবশেষ ৩ মা জুড়িয়া আছে। বেদে হরি-যুপা নামে স্থানের উল্লেখ আছে।

**হরিকেল** (Harikela), **হরিকোলা** : প্রাচীন বঙ্গের দক্ষিণ ও দ.-পূ. ভূভাগের নাম। ···ঐতিহাসিকগণের ধারণা উহা চন্দ্রদ্বীপ বা বাখরগঞ্জের অংশ।

**হরিণঘাটা** (Haringhata) : নদীয়া জেলা ; রানাঘাট মহকুমার থানা ও গ্রাম। থানার জন. ৩৭,৯২৭ ; ঘ. ৫৮৩। এখানে পশ্চিমবঙ্গ সরকারের বিরাট গোশালা ও দুগ্ধ উৎপাদন কেন্দ্র প্রতিষ্ঠিত।

**হরিদ্বার** (Hardwar) : উত্তর প্রদেশের দেহ্‌রাদুন জেলার শহর ; গঙ্গা নদীতীরে অবস্থিত। রেলপথে দেহ্‌রাদুনের ৪৮ মা উত্তরে ; কলিকাতা হইতে ৯১৪ মা। হরিদ্বার হইতে হৃষিকেশ ( Rishikesh ) পর্যন্ত শাখা রেলপথ ( ২০ মা ) আছে। হরিদ্বার হিন্দুদের অন্যতম শ্রেষ্ঠ তীর্থস্থান। এখানে কুম্ভমেলা বসে। জন. ৫৭,৩৩৮।

**হরিনাভি** (Harinabhi) : ২৪-পরগনা জেলা ; আলিপুর সদর মহ.র সোনারপুর থানার অন্তর্গত। ইঙ্গ-সংস্কৃত বিদ্যালয় ১৮৬৬-এ স্থাপিত। ব্রাহ্মসমাজ মন্দির আছে।

**হরিপাল** (Haripal) : হুগলী জেলার শ্রীরামপুর মহ.র থানা ও গ্রাম।—থানার আ. ৭১ ব মা ; জন. ৮৪,৩১২ ; ঘ. ১,১৮৪। তারকেশ্বর শাখা-লাইনে কামারকুণ্ডু জং. হইতে ৮ মা দূরে প্রাচীন গ্রাম। সরস্বতী নদী বহতা-কালে সমৃদ্ধ ছিল।

**হরিরুদ** (Harirud) : আফগানিস্তানের অন্তর্বাহিনী নদী ; হিন্দুকুশ পর্বতে উঠিয়া পশ্চিমগামী ; পরে উত্তর-বাহিনী হইয়া হিন্দুকুশের পশ্চিমে গিরিপথ ভেদ করিয়া মধ্য-এশিয়ায় মারভে (Merv)-এর নিকট মরুভূমিতে লুপ্ত হইয়াছে। হেরাট শহর এই নদীর তীরে।···ইরান ও আফগানিস্তানের সীমান্তে প্রবাহিত।

**হরিশ্চন্দ্রপুর** (Harishchandrapur) : মালদহ জেলার থানা। আ. ১৫০ ব মা ; জন. ১,০১,১৫৬ ; ঘ. ৬৭৫। পূর্ণিয়ার ( বিহার ) সংলগ্ন থানা। —গ্রাম কাটিহার-সিংহাবাদ (গোদাগাড়ি) রেলপথে স্টেশন (২৩ মা)।

**হরিহর** (Harihar) : মহীশূর ; চিটলদুরগ (Chitaldurg) জেলার তালুক ও শহর, তুঙ্গভদ্রা নদীতীরে, বঙ্গলুর হইতে ২১১ মা। প্রাচীন নগর ; ৭ শতকের এক তাম্রলিপি ও ১২ শতকের বহু শিলালিপি পাওয়া গিয়াছে। জন. ১৫,৯২৪।

**হরিহরপাড়া** (Hariharapara) : মুর্শিদাবাদ জেলা ; বহরমপুর সদর মহ.র থানা, বাজার ও ডাকঘর। আ. ৯৮ ব মা ; জন. ৫৮,৫৭০ ; ঘনতা ৬০১।

**হরিহরছত্র-শোনপুর** ( Hariharchhatra ) : বিহার ; সারন জেলার শহর ; স্টেশন শোনপুর, ছাপরা হইতে

৩৩ মা পূর্বে। এতবড় দীর্ঘ স্টেশন-প্লাটফর্ম ভারতে কোথাও নাই। শোনপুরের নিকট গণ্ডক-গঙ্গাসঙ্গম তীরে হরিহরছত্র মেলা বসে। সকল প্রকার পশুপক্ষী জীবজন্তু বিক্রয়ার্থ এখানে আসে।

**হলদিবাড়ি** (Haldibari) : কোচবিহার জেলার মেকলীগঞ্জ মহ.র থানা। আ. ৮৬ ব মা ; জন. ৪৬,৫৮০ ; ঘনতা ৫৪০।...শহরের জন. ৩,১৬২। কলি.-শিলিগুড়ি রেলপথের ব্রড্ গেজ লাইনের শেষ স্টে.।

**হলন্ড** ( Holland ) : ইউরোপের অন্যতম রাষ্ট্র নেদারলন্ডসের ইংরেজি নাম। আসলে হ. নেদারলন্ডস-এর একটি প্রদেশের নাম। শব্দের অর্থ জঙ্গলা (holt) দেশ।

**হলিউড** ( Hollywood ) : মার্কিন যুক্তরাষ্ট্রের কালিফোর্নিয়া স্টেটের লস্ এনগেলিস নগরের উপকণ্ঠস্থিত সিনেমা নগর। জন. ১'৮৫ লক্ষ। ১৯১১-এ এখানে নেস্টর কোম্পানি প্রথম ফিল্ম তৈয়ারি করে ; অতঃপর দ্রুত বাড়িতে থাকে। বহু রঙ্গমঞ্চ ও স্টুডিও আছে।

**হলেবিদ** ( Halebid ; Hallabid ) : হোয়সল রাজাদের রাজধানী দোরসমুদ্রের বর্তমান নাম হলেবিদ ; কানাড়ী ভাষায় 'হলে' অর্থ প্রাচীন ও 'বিদু' ধ্বংসস্তূপ। মহীশূর, হাসান জেলার গ্রাম বেলুর ও হলেবিদ পাশা-পাশি ; ( দ্র. বেলুর )। হোয়সল বংশ মহীশূরে ১১ শতকে প্রতিষ্ঠিত হয়। ১২ ও ১৩ শতকে দোরসমুদ্র রাজধানী নির্মিত হয়; ১৩১০-এ মালিক কফুর এই নগর অধিকার করেন ; ১৩২৬-এ আলাউদ্দীনের দ্বিতীয় অভিযানের ফলে নগর ধ্বংস হয়। হলেবিদে ২টি মন্দির আছে—কেশরেশ্বর ও হোয়সলেশ্বর ; প্রথমটি ১৬-কোণা তারকাকৃতি। দ্বিতীয়টি বৃহত্তর। দ. ভারতের অবশ্য দর্শনীয় স্থানের অন্যতম।

**হস্তিনাপুর** ( Hastinapur ) : প্রাচীন ভারতের নগর। মহাভারত মতে মহারাজা হস্তী কর্তৃক নগর পত্তন হয়। কুরুক্ষেত্রের যুদ্ধের পর পরীক্ষিৎ এইখানে রাজধানী স্থাপন করেন। বর্তমান দিল্লীর সন্নিকটে ছিল বলিয়া লোকবিশ্বাস।

**হসুয়া** ( Hasua ) : বিহার ; গয়া জেলা, নওয়াদা মহ.র থানা। আ. ১১৫ ব মা ; জন. ১,১২,৮০০। —শহর ( জন. ৫৬৭৬ ) গয়া-নওয়াদা সড়কের উত্তরে।

**হাইড্ পার্ক** (Hyde Park ) : লন্ডনের বিখ্যাত উদ্যান ও ময়দান। ৩৬০ একর। ক্রিস্টাল প্যালেস ছিল।

**হাইডেলবেরগ** ( Heidelberg ) : জারমানির শহর। বর্তমানে বাদেন-উরটেমবুর্গ প্রদেশে, নেকার (Necker) নদীর উপর। রাইন পালাটিনেট (Palatinate )-এর রাজধানী ১৩০০-১৭২১। এখানকার বিখ্যাত বিশ্ববিদ্যালয় ১৩৬৮-এ স্থাপিত।...জন. ১'১৭ লক্ষ।

**হাইটি** ( Haiti, Hayti ) : অতলান্তিক মহাসাগরে পশ্চিম ইনডিজ (W. Indies) দ্বীপপুঞ্জের দ্বিতীয় বৃহৎ দ্বীপ। দেশ পার্বত্য, নানা প্রকার মূল্যবান বৃক্ষে আবৃত। উপত্যকায় তুলা, কোকো, তামাক প্রধান উৎপন্ন দ্রব্য। আ. ১০,৭১০ ব মা ; জন. ৩১'৯২ লক্ষ। অধিবাসীরা অধিকাংশ নিগ্রো ও মুলেটো বা ফরাসী-নিগ্রো বর্ণসঙ্কর।...ফরাসীভাষী।

**হাইদাসপেস** ( Hydaspes ) : ঝিলাম বা বিতস্তা নদের গ্রীক নাম।

**হাইড্রাওতেস** ( Hydraotes ) : পঞ্জাবের ইরাবতী নদীর গ্রীক নাম।

**হাই-নান** ( Hai-nan ) : চীনের কোয়াং-টুঙ প্রদেশের দক্ষিণে টং-কিং উপসাগরে বিশাল দ্বীপ। আ. ১৩,০০০ ব মা ; জন সংখ্যা ৩০ লক্ষ ; অধিকাংশই চীনা।

**হাইফা** ( Haifa ) : ইস্রাইল রাজ্যের বন্দর। গত ত্রিশ বৎসরের মধ্যে সমৃদ্ধ নগর ও ব্যবসায়ের কেন্দ্র হইয়াছে। ইরাকের পেট্রোলিয়াম পাইপ দিয়া এই বন্দরে আনা হয়। পেট্র. সাফাই কারখানা। জন. ১'৫৪ লক্ষ ('৫৩)। ইহুদী ও আরব আধাআধি।

**হাইফাসিস** ( Hyphasis ) : পঞ্জাবের বিপাশা বা বিআস নদীর গ্রীক নাম।

**হাইলাকান্দি** (Hailakandi) : আসাম ; কাছাড় জেলার মহকুমা ও শহর। ধলেশ্বরী নদী ( কুশিয়ারার উপনদী ) প্রবাহিত। জন. ৮,২১৯। কলেজ। —মহকুমার আ. ৫১২ ব মা ; জন. ১,৯৫,৬৫০ ; ঘনতা ৩৮২।—থানার আ. ১৮৫ ব মা ; জন ১,৪৪,১২৭ ; ঘনতা ৭৭৯।

**হাওড়া জেলা** ( Howrah Dt. ) : প. বঙ্গের বর্ধমান বিভাগের জেলা। ১৮৪৩ হইতে পৃথক জেলা, তৎপূর্বে কখনো বর্ধমান, কখনো হুগলী এবং কখনো ২৪-পরগনা

ও নদীয়া জেলার এলাকাধীন ছিল। আ. ৫২২ ব মা; জন. ১৬,১১,৩৭৩। ...জেলার ২ মহকুমা: হাওড়া সদর ও উলুবেড়িয়া। মহ.র আ. ১৭৪ ব মা; জন. ৯,২৮, ৪৫৬। ইহার মধ্যে শহরবাসী ৪,৯৬,৭৬০।

**হাওড়া** ( Howrah ): হাওড়া জেলার সদর। বৃহৎ রেলওয়ে স্টেশন। গঙ্গা ( হুগলী ) নদীর দক্ষিণতটে, কলিকাতার অপর পারে বিরাট সেতুর ( ২১৫০ ফুট ) দ্বারা যুক্ত। উত্তর ভারত, বোম্বাই, মদ্রাজ প্রভৃতি যাইবার রেল আরম্ভ এই স্টেশন হইতে। হাওড়া হইতে প্রথম রেলপথ হুগলি পর্যন্ত নির্মিত হয় ১৮৫৪, ১৫ আগস্ট। এখানে বহু স্কুল, কলেজ, গ্রন্থাগার আছে। ...শিবপুর ইনজিনীয়ারিং কলেজ, বোটানিকাল গার্ডেন প্রভৃতি নিকটে। অনেক কারখানা আছে।

**হাওড়া-আমতা লাইট রেলওয়ে** ( Howrah-Amta Light Railway ): মার্টিন-বার্ন কোম্পানি কর্তৃক পরিচালিত। দৈর্ঘ্য ৪৪ মা। গেজ ২'-০।

**হাওড়া-শিয়াখালা লাইট রেলওয়ে** ( Howrah-Sheakhala Light Railway ): মার্টিন-বার্ন কোম্পানি কর্তৃক পরিচালিত। দৈর্ঘ্য ২০ মা।

**হাওয়াই** ( Hawaii ): উত্তর-মধ্য প্রশান্ত মহাসাগরের ২০টি প্রবাল ও আগ্নেয় দ্বীপসমষ্টি। এগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের টেরিটরি। সমস্ত দ্বীপের আ. ৬,৪৪৫ ব মা। হাওয়াই দ্বীপ ৪০৩০ ব মা। অধিবাসীরা পলিনিশিয়ান; নরনারীরা দেখিতে অতি সুন্দর। চিনি প্রধান রপ্তানি সামগ্রী। রাজধানী হনোলুলু।

**হাংগারি** (Hungary ; Magyar Nepkoztarsasag): মধ্য ইউরোপের স্বাধীন রাজ্য। রাষ্ট্রর অধিকাংশই দানিয়ুব অপ্‌বাহিকার উর্বর সমতল ভূমি। বালাতন হ্রদ ( Balaton ২৫০ ব মা ) এতদঞ্চলের বৃহত্তম জলাশয়। পশ্চিমাংশ পার্বত্য। হাংগারি কৃষিপ্রধান দেশ; বক্সাইট ( Bauxite ) নামে খনিজের পৃথিবীর সিকি মজুত এইখানেই ( ২৫ কোটি টন )।

হা. প্রাচীনকালে রোমান প্রভিন্স ছিল। সাম্রাজ্যের পতনের পর হুন ( ৫ শতক ), আবর (৭-৮ শ), স্লাভরা ( ৯-১০ম শতক ) একের পর একে প্রবেশ করে। নবম শতকের শেষভাগে হুন্‌গার ( ম্যাজিয়ার ) নামে উপজাতি এইখানে প্রবেশ করে। ইহারা ফিন্ তুর্কীদের নানা শাখার মিশ্র জাতি। মোহাকের যুদ্ধে ( ১৫২৬ ) হা.রা তুর্কীর নিকট ভীষণভাবে পরাভূত হয়। ইহার পর হইতে হা. অস্ট্রীয়ার হাপসবার্গ বংশীয় সম্রাটদের প্রভাবে আসে। ১৮৬৭-এ হা. স্বরাজ পায়। ১ম মহাযুদ্ধকালে ( ১৯১৮-এ ) রাজতন্ত্র লোপ করিয়া রিপাবলিকতন্ত্র স্থাপিত হয়; কিন্তু উহা স্থায়ী হইতে পারে নাই। ১৯২০, জুন ৪ ত্রিআনানের সন্ধিতে হা. র আয়তন বহুল পরিমাণে হ্রাস পাইয়াছিল। দেশের ৭৫% ও জনসংখ্যার ৫০% পার্শ্বস্থ রাজ্যরা পায়। বর্তমান আয়তন ৩৫,৯১২ ব মা [ বিহার রাজ্যের অর্ধেক ]; জন. ৯৫ লক্ষ ('৫২)। ১৯৪৯ হইতে এখানে সোবিয়েত আদর্শে সংবিধান গহীত হইয়াছে।

**হাঙ-চৌ** ( Hang-Chow ): মধ্য চীনের সমুদ্রতীরস্থ প্রদেশ চে-কিয়াং ( Che-Kiang )-এর রাজধানী; প্রশান্ত মহাসাগরের বন্দর। রেশম শিল্পের প্রসিদ্ধ কেন্দ্র। জন. ৫ লক্ষ। শাং-হাই ১১০ মা।

**হাজরা** ( Hazara ): প. পাকিস্তান; উ.-প. সীমান্ত প্রদেশের জেলা। আ. ৩০০০ ব মা; জন. ৮·৪৫ লক্ষ। প্রধান শহর আবোটাবাদ ( দ্র. )। মনসেরা তালুকের পর্বতগাত্রে অশোকের খরোষ্ঠি শিলালিপি আছে।

**হাজারিবাগ** ( Hazaribagh ): বিহার; ছোটনাগপুর বিভাগের জেলা; পার্বত্য। শাল, মহুয়া, হরীতকীর জঙ্গল। দামোদর অববাহিকা। দামোদর উপত্যকা পরিকল্পনার ( D V C ) কোনার বাঁধ ও জলবিদ্যুৎ সরবরাহ কেন্দ্র এই জেলার মধ্যে অবস্থিত। ...জৈনদের অন্যতম শ্রেষ্ঠ তীর্থস্থান পরেশনাথ পাহাড় প্রতিবৎসর বহু যাত্রী আকর্ষণ করে। জেলার আ. ৬,৯৯৪ ব মা; জন. ১৯,৩৭,২১০; ঘনতা ২৭০। খনিজের মধ্যে কয়লা ( গিরিডি অঞ্চল ) ও অভ্র ( কোরমা ) পর্যাপ্ত উৎপন্ন হয়। ভারতের মধ্যে হা. এ অভ্র সর্বাধিক পরিমাণে পাওয়া যায়। ...হাজারিবাগ শহরে ( জন. ৩৩,৮১২ ) যাইবার রেলপথ নাই; নিকটতম স্টেশন হা. রোড্, মোটর সার্ভিস আছে (৪২ মা)।

**হাজিপুর** ( Hajipur ): বিহার; মুজফফরপুর জেলার মহকুমা। আ. ৭৮৬ ব মা; জন. ৯,৪২,৪৭২; ঘনতা

১,২০১। সদর শহর, উ.-পূর্ব রেলপথের স্টেশন। জন. ২৫,১৪৯।

**হাজো** (Hajo): আসাম; কামরূপ জেলার প্রাচীন বর্দ্ধিষ্ণু গ্রাম; আমিনগাঁও হইতে পশ্চিমে ১৫ মা। এগুলির কাপড়, পিতল-কাঁসার দ্রব্যাদির জন্য খ্যাত। উচ্চ টিলার উপর মাধবের মন্দির অহোম স্থাপত্যের অতি সুন্দর নিদর্শন।

**হাডসন উপসাগর** (Hudson Bay): উ. আমেরিকার উত্তরস্থিত উপসাগর; ইংরেজ নাবিক হাডসন এই সাগর আবিষ্কার করেন (১৬০৯-১০)। আ. ৫,৬৭,০০০ ব মা; দৈর্ঘ্য ১৩০০ ও প্রস্থে ৬০০ মা।

**হাডসন নদী** (Hudson river): মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক স্টেটের নদী। নদীর তলদেশ দিয়া বিরাট সুড়ঙ্গ পথ ১৯২৭-এ নির্মিত হয়।

**হাঁড়িয়াল** (Haudiyal): পূ. প.; পাবনা জেলার গ্রাম; এককালে বর্ধিষ্ণু গ্রাম ছিল।

**হাড়োয়া, হাড়ওয়া** (Haroa): ২৪-পরগনা, বসিরহাট মহ'র থানা। আ. ১২১ ব মা; জন. ১,০২,৩৭৪; ঘ. ৭৪৬। ১২ই ফাল্গুন এখানে মুসলমানদের বড় মেলা হয়।

**হাতিগুম্ফা** (Hathigumpha): উদয়গিরির (দ্র.) স্বাভাবিক গুহা; কলিঙ্গেশ্বর খারবেলের (খ্রী. পূ. ২য় শতক) বিখ্যাত শিলালেখ খোদিত। ইহার লিপি ব্রাহ্মী, ভাষা প্রাকৃত।

**হাতিয়া** (Hatiya): পূ. পাক.; নোয়াখালি জেলা, সদর মহ.র অন্তর্গত দ্বীপ, মেঘনার মুখে, নোয়াখালির ২০ মা দক্ষিণে। আ. ১৭১ ব মা। ডাকঘর, টেলিগ্রাফ।

**হাথরাস** (Hathras): উত্তর প্রদেশ; আলিগড় জেলার তালুক ও সদর শহর (জন. ৫৬,৬১৯); ব্যবসায় বাণিজ্যে উ. প্রদেশের দ্বিতীয় শহর। শস্য, তৈলবীজ, ঘৃতের বাজার সমধিক খ্যাত। কলিকাতা ৭৭১ মা।

**হাধরামাউত** (Hadhramaut): আরাবিয়ার দক্ষিণে আদনের সংলগ্ন ব্রিটিশ আশ্রিত উর্বর উপত্যকাপূর্ণ দেশ। আদন কলোনী (৭৫ ব মা), হাধরামাউথ এবং কয়েকটি ক্ষুদ্র রাজ্য সমেত আ. ৫৮,৫০০ ব মা; জন. দেড় লক্ষ।

**হান-কৌ** (Han-Kow): চীনের হু-পে প্রদেশের নগর ও বন্দর। ইয়াংৎসে ও হান্ নদীর সঙ্গমস্থলে অবস্থিত (৬০০ মা), বন্দরে সমুদ্রগামী জাহাজ আসিতে পারে।

**হান্‌সা শহর** (Hansa Towns; Hanseatic League): মধ্যযুগে ইউরোপে লিউবেক, হামবুর্গ প্রভৃতি শহর বাণিজ্যাদি করিবার জন্য সঙ্ঘবদ্ধ হয় (১২৪১)। ১৬৬৯-এ লীগের শেষ সভা হয়। হান্‌সা লীগের তত্ত্বাবধানে বাণিজ্য নিয়ন্ত্রিত হইত।

**হানসি** (Hansi): পূ. পঞ্জাব; হিসার জে.র তালুক ও শহর। ৮ শতকে দিল্লীর রাজা অনঙ্গপাল তোমর কর্তৃক স্থাপিত; প্রাচীন কালের দুর্গাদির ভগ্নচিহ্ন দেখা যায়। ...জন. ২৫,৮৩৭। যমুনা খাল নিকটে।

**হানোই** (Hanoi): পূর্বতন ফরাসী ইন্দো-চীনের ও টংকিং-এর রাজধানী; বর্তমানে উত্তর-ভিয়েৎনাম-এর প্রধান নগর; সোং-কোই বা লাল নদীর দ. তীরে; বহু শিল্পের কেন্দ্র। নগরের মিউজিয়ামে প্রাচীন হিন্দু-চীনের ঐতিহাসিক কীর্তি-চিহ্নসমূহ সযত্নে রক্ষিত। জন. ১·৬০ লক্ষ। ...বন্দর হাইফঙ ও সাইগনের সহিত রেলপথে যুক্ত।

**হানোভার** (Hanover; Hannover): জারমানির দেশ। ১৪,৯৫৯ ব মা; জন. ৩৪·৫৭ লক্ষ ('৩১)। ৯৭০ হইতে ১৮৬৬ পর্যন্ত পৃথক ডাচি (Duchy) ছিল; ১৮৬৬ সালে প্রুশিয়ার অন্তর্ভুক্ত হয়। এখানকার ইলেকটর জর্জ ১৭১৪-এ ইংলন্ডের রাজা হন।

**হানথাওয়াড্ডি** (Hanthawaddy): বর্মার পেগু বিভাগের জেলা হংসবতী। এই জেলার প্রধান শহর রেঙ্গুন বর্মার রাজধানী। আ. ১,৯২৭ ব মা; জন. ৪·৬০ লক্ষ ('৪১)।

**হাপুর** (Hapur): উত্তর প্রদেশ; মিরাট (মেরট) জেলার তহশীল ও শহর। উ. ভারতের অন্যতম প্রধান শস্যের বাজার; দিল্লী ৫২ মা উত্তরে।...জন. ৪৯,২৬০।

**হাফলং** (Haflong): আসাম; সংযুক্ত মিকির-উত্তর এবং কাছাড় জেলার শহর, পাহাড়ের মধ্যে অবস্থিত। ...লামডিং-বদরপুর (১১৬ মা) রেলপথের স্টেশন। জন. ২,১৬৮।

**হাবরা** (Habra): ২৪-পরগনা; বারাসাত মহ.র থানা। আ. ১০৯ ব মা; জন ১,১১,২৫২; ঘ ১,০২৩। —শহর, কলিকাতা-বনগাঁ রেলপথের স্টেশন (২৮ মা)। হাবরা

কলোনী স্টেশন হইতে কিছু দূরে। বিরাট উদ্বাস্তু কলোনী। বুনিয়াদী শিক্ষা-শিক্ষণ কেন্দ্র এখানকার বিশিষ্ট প্রতিষ্ঠান।

**হাভানা** ( Havanna ) : কিউবা ( Cuba ) দ্বীপের রাজধানী ও সমুদ্রতীরস্থ শহর। পশ্চিম ইন্ডিসের বৃহত্তম নগর ও পৃথিবীর সর্বশ্রেষ্ঠ পোতাশ্রয়। এখানকার প্রধান শিল্প ও বাণিজ্য তামাক লইয়া ; সিগারের শতাধিক ফ্যাকটরি আছে। ১৫১৪-এ স্পেনীশরা এই নগর পত্তন করে। জন. ৬·৭৬ লক্ষ ( '৪৩ )।

**হাম্পি** ( Hampi ) : অন্ধ্র রাজ্যের বেলারী জেলার অন্তর্গত গ্রাম। তুঙ্গাভদ্রা নদীর বামতটে হোসপেট স্টেশনের অদূরে হাম্পিতে প্রাচীন বিজয়নগরের ধ্বংসাবশেষ, হম্পপটন স্টেশন।

**হামবুর্গ** ( Humbrug ) : জারমানির নগর ও বন্দর ; ইউরোপ মহাদেশের শ্রেষ্ঠ ও পৃথিবীর তৃতীয় বৃহত্তম বন্দর। এল্‌বে নদীতীরে সমুদ্র হইতে ৭৫ মা ভিতরে অবস্থিত। ১৯৫০-এ জন. ১৬·০৫ লক্ষ।

**হামীরপুর** ( Hamirpur ) : উত্তর প্রদেশ ; ঝাঁসী বিভাগের জেলা। আ. ২,৫১৫ ব মা ; জন. ৬,৬৫,৪২৯ ( '৫১ )। ..শহর, যমুনা ও বেত্োয়া নদীর সঙ্গমে।

**হায়দারাবাদ—সিন্ধু** ( Hyderabad-Sindh ) : প পাকিস্তান ; সিন্ধু প্রদেশের জেলা। আ. ৮,২৯১ ব মা জন. ৬·৬১ লক্ষ। —সদর শহর সিন্ধু প্রদেশের রাজধানী। জন. ২·২৯ লক্ষ ( '৫১ )।

**হায়দরাবাদ** (Hyderabad) : ভারতের পূর্বতন দেশীয় রাজ্য। ১৯৪৭ হইতে ১৯৫৬ পর্যন্ত ভারতের অন্তর্গত স্টেট। বর্তমানে হা. নামে কোনো রাজ্য নাই। ...এই করদরাজ্য দক্ষিণাপথের মালভূমির মধ্যস্থলে অবস্থিত। উত্তর-পশ্চিম অংশে তুলা ও গোদাবরী, কৃষ্ণার অববাহিকায় ধান্যাদি শস্য উৎপন্ন হয়। ...খনিজ সম্পদ অভ্র, গ্রাফাইট, কয়লা, স্বর্ণ ও হীরক। গোলকুণ্ডার হীরক বিখ্যাত ছিল ; এখন খনিতে কাজ হয় না। এছাড়া নানাপ্রকার প্রস্তর, কেওলিন, সোপ-স্টোন, ( Steatite ) প্রভৃতি আছে। . আ. ৮২,১৬৮ ব মা ; জন. ১·৮৭ কোটি। অধিবাসীর মধ্যে হিন্দু ৮৬% ; তেলেগু ৪৭% ; মারাঠীভাষী ২৪% ; কানাড়ী ভাষী ১১% ; উর্দুভাষী ১৩% ; অবশিষ্ট তামিল প্রভৃতি অন্যান্য ভাষাভাষী। রাজধানী—হায়দরাবাদ।

**হায়দরাবাদ** (Hyderabad) : ভারতের রাজ্য ; পূর্বে নিজামের ডোমিনিয়ন নামে পরিচিত ছিল। ১৯৪৭-এ ভারত স্বাধীন হইলে নিজাম ভারত সরকারের অন্তর্ভুক্ত হইতে (merger) রাজি হইলেন ( ১৯৪৯, ডিসেম্বর )। সেই হইতে হা. ভারতের অন্যতম রাজ্য। নিজামের উপাধি হইল 'রাজপ্রমুখ'।

হায়দরাবাদের ১৬টি জেলা ছিল ; তন্মধ্যে ৯টি জেলা অন্ধ্ররাজ্যভুক্ত হইয়াছে ; ৫টি জেলা বোম্বাই-এর মারাঠাওয়াড়া অঞ্চলভুক্ত হইয়াছে ; ২টি জেলা কানাড়ীভাষী মহীশূরভুক্ত হইয়াছে।

**হায়দরাবাদ** ( Hyderabad ) : পূর্বতন হায়দরাবাদ রাজ্যের রাজধানী ; বর্তমানে অন্ধ্ররাজ্যের রাজধানী। হা. ও সেকন্দরাবাদ নগরদ্বয় প্রায় সংলগ্ন। জন. ১০·৮৫ লক্ষ ( '৫১ )। সে.এ কান্টনমেন্ট বা সৈন্যাবাস আছে। ওসমানিয়া বিশ্ববিদ্যালয় এখানে অবস্থিত।... হা. নিজামের প্রাসাদ, বিচারালয়, আসাফি লাইব্রেরি, ও স্যর সালার জঙ্গের পারিবারিক সংগ্রহালয় প্রভৃতি বহু দর্শনীয় স্থান আছে।... গোলকুণ্ডার দুর্গ হা. হইতে ৫ মা ; পাহাড়ের উপর মধ্যযুগের দুর্গ-নগর দর্শনীয়। বিমান স্টেশন।...কলিকাতা হইতে ৯৮৭ মা।

**হারকুলানিয়াম** ( Herculaneum ) : প্রাচীন ইতালির নগর ; ভিসুভিয়াস আগ্নেয় উৎপাতে প্রোথিত হয় (৭৯ খ্রী. অ.)। ১৭০৯-এ লোকে মার্বেল পাথর খুঁড়িতে গিয়া দৈবক্রমে এই প্রোথিত নগর আবিষ্কার করে। প্রাচীন রোমান যুগের বহু ভাস্কর্য, স্থাপত্যাদির নিদর্শন পাওয়া গিয়াছে।

**হারডিং ব্রীজ** ( Harding Bridge ) : দ্র. সারা।

**হারৎজ** ( Harz ) : জারমানির পর্বত ; দক্ষিণ ঢালু অরণ্যময়। লৌহ, তাম্র, সীসা, রৌপ্য, গন্ধকাদি খনিজ সম্পদপূর্ণ। অসংখ্য খনিজ উৎস ( mineral springs ) আছে। দৈর্ঘ্য ৫৭ মা ; প্রস্থ ২০ মা।

**হারদোই** ( Hardoi ) : উত্তর প্রদেশ ; লখনৌ বিভাগের জেলা। আ ২,৩১৭ ব মা ; জন. ১৩·৬১ লক্ষ ( '৫১ )।

৪ তালুকে বিভক্ত। সদর শহর হারদোই। জন. ২১,৮৮১। কলিকাতা হইতে ৬৭১ মা।

**হারবিন** (Harbin) : চীন রাষ্ট্রের সুংকিয়াং প্রদেশ (পূর্বে মাঞ্চুরিয়ার অংশ)-এর রাজধানী ; সুংগরি নদীর উপর অবস্থিত। রেল জংশন, বিরাট বাণিজ্য ও শিল্পকেন্দ্র। জন ৭·৬০ লক্ষ ('৪৭)।

**হারভার্ড্ বিশ্ববিদ্যালয়** (Harvard) : মার্কিন যুক্ত-রাষ্ট্রের মাসাচুসেট্স স্টেটের বস্টন নগরের শহরতলী কেমব্রিজ নামে শহরে হা. বি. বি. অবস্থিত। ১৬৩৬-এ জন্ হারভার্ড্ ৮০০ ডলার দিয়া একটি স্কুল স্থাপন করেন। বর্তমানে অধ্যাপকাদির সংখ্যা ২,৫০০। ছাত্র ১২,০০০। গ্রন্থাগারে ৫২ লক্ষ গ্রন্থ ও পত্রিকাদি আছে। ...সম্পত্তির মূল্য ১০০ কোটি টাকা।

**হাড়োয়া** (Haroa) : ২৪-পরগনা জেলা ; বসিরহাট মহ.র থানা। আ. ১২১ ব মা ; জন. ১,০২,৩৭৪ ; ঘনতা ৮৪৬।...পীর গোরাচাঁদের 'হাড়' বা কবর থাকায় এই স্থানের নাম হাড়োয়া বলিয়া লোকপ্রবাদ। জন. ৩,৫০৩। হাসপাতাল, ডিসপেন্সারি, ডাকঘর।

**হাম্বার** (Humbar) : ইংলন্ডের উজ (Ouse) ও ট্রেন্ট নদীর খাড়ি (estuary) ; হাল্ শহর ইহার তীরে অবস্থিত।

**হাল্** (Hull) : ইংলন্ডের ইয়র্কসায়ারের নগর ও বন্দর। দাস-ব্যবসায় রদ আন্দোলনের নেতা উইলবার ফোর্স-এর জন্মস্থান। জন. ৩ লক্ষ।

**হালার** (Halar) : সৌরাষ্ট্রের (কাঠিয়াবাড়ের) বিভাগ। আ. ৩,৪১১ ব মা; জন. ৫,৭৪,৪৭২ ; ঘনতা ১৬৮ ; ১টি তালুক ও পেট। প্র. শহর—জামনগর।

**হালিশহর** (Halisahar) : প. বঙ্গ ; ২৪-পরগনা জেলা, বারাকপুর মহকুমার বীজপুর থানার মিউনি. শহর (১৯০৩)। আয়. ৫·৫ ব মা; জন. ৩৪,৬৬৬। কলিকাতা হইতে ২৬ মা। প্রাচীন নাম কুমারহট্ট ; শ্রীচৈতন্যদেবের দীক্ষাগুরু ঈশ্বরপুরী কুমারহট্টের অধিবাসী। সাধক রামপ্রসাদের জন্মভূমি।

**হালেব** (Haleb) : দ্র. আলেপ্পো (Aleppo)।

**হাঁসখালী** (Hanskhali) : নদীয়া জেলা ; রানাঘাট মহ.র থানা। আ. ১০৩ ব মা ; জন. ৫৫,২১৫ ; ঘনতা ৫৩৪। গ্রাম চূর্ণী নদীর পূর্বতীরে ; বগুলা স্টেশনের (৫৮ মা) পশ্চিমে (জন. ৯৫৮) ; ডাকঘর।

**হাসনাবাদ** (Hasnabad) : প. বঙ্গ ; ২৪-পরগনা জেলার বসিরহাট মহকুমার থানা ও গ্রাম। আ. ১৫৬ ব মা জন. ১,৪৫,৪৩৬ ; ঘ. ৯৩২।—গ্রাম (জন. ১,২৫৩) ইচ্ছামতী নদীর তীরে অবস্থিত ও সুন্দরবন অঞ্চলের বড় গঞ্জ। মাছের ব্যবসায়ের কেন্দ্র।

**হাসান** (Hassan) : মহীশূর রাজ্যের জেলা। আ. ২,৭১৫ ব মা ; জন. ৭·১৫ লক্ষ। এই জেলার গাভী বিখ্যাত।

**হিউরন হ্রদ** (Lake Huron) : উ. আমেরিকার পঞ্চ বৃহৎ হ্রদের অন্যতম। আ. ২৩,২০০ ব মা; দৈর্ঘ্য ২০৭ মা। যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যে অবস্থিত। সুপীরিয়র ও হিউরন হ্রদ সু (Soo) খালের দ্বারা যুক্ত।

**হিঙগোলি** (Hingoli) : হায়দরাবাদ রাজ্য (বর্তমানে বোম্বাই) ; পরভানী জেলার তালুক ও শহর। জন. ২১,২০৪।

**হিজলী** (Hijli) : মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার শহর ; রসুলপুর নদীতীরে। হিজলী পূর্বে একটি বাণিজ্য কেন্দ্র ছিল ; তমলুক বন্দরের পতনের পর ইহা বড় হইয়া উঠে। মালাক্কা, সুমাত্রা প্রভৃতি দ্বীপ হইতে বাণিজ্যপোত আসিত।

**হিজলী জোয়ারি খাল** (Hijli Tidal Canal) : মেদিনীপুর জেলার খাল ; রূপনারায়ণ নদীর মোহনার দিকে গেঁয়োখালি হইতে এই কাটা-খাল মহিষাদল হইয়া তমলুক ও কাঁথি মহকুমাদ্বয়ের মধ্য দিয়া উড়িষ্যার উপকূলীয় খালের সহিত মিলিয়াছে।

**হিন্দুকুশ** (Hindukush) : হিমালয় পর্বতের পশ্চিমে আফগানিস্থানের উত্তরস্থিত পর্বতমালা ; মধ্য এশিয়ায় যাইবার প্রধান গিরিপথ ; পর্বতমালার উচ্চতম শিখর তিরাচ মীর (২৫,৪০০ ফু.)।

**হিন্দুপুর** (Hindupur) : অন্ধ্র ; অনন্তপুর জেলার তালুক ও শহর। জন. ২৪,৩৩৪। ...এখান হইতে ৯ মা দূরে লেপাক্ষীতে বীরভদ্র শিবের বড় এক মন্দির আছে ; সম্মুখে ১৫ ফুট উচ্চ ও ২৭ ফুট দীর্ঘ পাথরের এক বিশাল বৃষমূর্তি। মন্দির বিজয়নগর স্থাপত্য শৈলীমতে নির্মিত (১৫৩৮)।

**হিন্দোল** ( Hindol ) : পূর্বতন ওড়িশা স্টেটস এজেন্সির করদরাজ্য। আ. ২৯১ ব মা ; জন. ৫৮,৫০৫ ( '৪১ )। ১৯৪৮-এ রাজ্য ভারতভুক্ত হইলে রাজাকে ৩২,০০০ টাকা ভাতা দেওয়া হয়। ...বর্তমানে ওড়িশা রাজ্যের ঢেঙ্কানাল জেলার মহকুমা। আ. ৩১২ ব মা ; জন ৬৭,১২৬।

**হিমাচল প্রদেশ** ( Himachal Pradesa ) : ভারতের 'গ' শ্রেণীর রাজ্য ; ২২টি স্টেট ও ৯টি সামন্তরাজ্য লইয়া এই ইউনিয়ন ১৯৪৮, ১৫ এপ্রিল গঠিত হয়। দেশ পার্বত্য ; হিমালয়ের বহু শাখা বিস্তারিত। ১৯৫৪ জুলাই হইতে স্টেটগুলি হি. প্র. ভুক্ত। ...ইউনিয়নের আ ১০,৯০৪ ব মা ; জন. ১০·১১ লক্ষ ( '৫১ )। ... কাশ্মীর ও তিব্বত প্রদেশের পথ এই রাজ্যের মধ্য দিয়া। রাষ্ট্রে ৫টি বিভাগ :— মহাসু, সিরমুর, মনডি, চম্বা ও বিলাসপুর।...রাজধানী সিমলা।...পার্বত্য লবণ প্রচুর উৎপন্ন হয় ; পশমের সামগ্রী প্রস্তুত হয়। এই দেশে প্রচুর আলুর চাষ আছে। এই রাজ্যের মন্ডিতে বিপাশা নদী বাঁধিয়া বিশাল জলবিদ্যুৎ কেন্দ্র ও জলসেচনের ব্যাপক ব্যবস্থা করা হইয়াছে।

**হিমালয় পর্বত** ( The Himalayas ) : পৃথিবীর শ্রেষ্ঠ পর্বত ; ভারতের উত্তরে, মধ্য এশিয়া হইতে চীনের সীমান্ত পর্যন্ত বিস্তৃত। দৈর্ঘ্য ১৫০০ মা। বিস্তার ১০০ হইতে ১৫০ মা। গড় উচ্চতা ২০,০০০ ফুট। হিমালয় আদিযুগে সমুদ্রের তলদেশে ছিল ; পৃথিবীর আভ্যন্তরীণ পরিবর্তনের ফলে শিলা মৃত্তিকাদি উৎক্ষিপ্ত হইয়া পর্বতে পরিণত হইয়াছিল। অনুমানিক সাড়ে তিন কোটি বৎসর পূর্বে হিমালয়ের সর্বোচ্চ শ্রেণী এবং পরবর্তী দেড়কোটি বৎসরের মধ্যে অপর দুইটি শ্রেণীর উদ্ভব হয়। শিবালিক পাহাড় ও অন্যত্র সামুদ্রিক প্রাণীর পাথুরে কঙ্কালাদি পাওয়া যাওয়াতে এই সিদ্ধান্তে উপনীত হওয়া গিয়াছে। ...হিমালয় পর্বতমালা তিনটি প্রায় সমান্তরাল পর্বত শ্রেণীর দ্বারা গঠিত। ইহাদের মধ্যে বিস্তীর্ণ উপত্যকা ও মালভূমি আছে। এই তিনটি শ্রেণীর মধ্যে দক্ষিণ দিকের উচ্চতা কম ও দৈর্ঘ্যও বেশি নয়। এই দক্ষিণাংশের পর্বত শ্রেণীর পশ্চিমাংশে শিবালিক পাহাড়। এই অব-হিমালয়ের ( Sub-Himalayan ) নিম্নভূমিকে পশ্চিম দিকে 'ডুন' ও পূর্বদিকে 'মারি' বলে। ডুন ও মারি উপত্যকার উত্তরে ৬-১২ হাজার ফুট উচ্চ হিমালয়ের দ্বিতীয় স্তর বা শ্রেণী বা মধ্য-হিমালয়। কাশ্মীর উপত্যকা, উলার প্রভৃতি হ্রদগুলি এই মধ্য-হিমালয়ে অবস্থিত। ইহার উত্তরে তৃতীয় স্তর বা সর্বোচ্চ শ্রেণী। ...হিমালয়ের নানা উচ্চতায় অসংখ্য প্রকার উদ্ভিদ ও প্রাণী আছে। হিমালয়ের উত্তরস্থিত সর্বোচ্চ শ্রেণীতে পৃথিবীর শ্রেষ্ঠ পর্বতশৃঙ্গগুলি অবস্থিত। সিন্ধুনদের বাঁকের ধারে নঙ্গা পর্বত ( ২৬,৬২৯ ) হইতে কামেৎ-বদ্রিনাথের জটিল শৃঙ্গরাশি ( ২১-২৪,০০০ ) ও নন্দাদেবী-ত্রিশূল মণ্ডল ( ২২-২৬,০০০ ) হইয়া মধ্য-নেপালে ধবলগিরি ( ২৬,৭৯৫ )। এভারেস্ট ( ২৯,০২৮ ), গৌরীশঙ্কর ( ২৩,৪৪০ ), কাঞ্চনজঙ্ঘা ( ২৮,২০০ ), ( ২৮,২০০ ), মাকালু ( ২৭,৭৯০ ), নামচা-বারোয়া ( ২৫,৪৪৫ ) পূর্বদিকে। হিমালয়ের শতদ্রু নদীর উপত্যকা দিয়া তিব্বতে যাইবার শিপ্‌কি গিরিপথ।

**হিরণ্যবাহ** ( Hiranyabaha—গ্রীক Erannobas ) : শোন নদীর নাম। স্বর্ণ বালুকা পাওয়া যাইত।

**হিরোসিমা** ( Hiroshima ) : জাপানের বন্দর ও শিল্পনগর। ১৯৪০-এ জন. ৩·৪৪ লক্ষ। ২য় মহাযুদ্ধের শেষ দিকে মার্কিনী অ্যাটম বোমা ( atom bomb ) এইখানে ফেলা হয় ( ১৯৪৫, অগস্ট ৬ )। ৫০ সহস্র লোক নিহত, বহু সহস্র বিকলাঙ্গ ও রেডিও-অ্যাকটিভ তরঙ্গে ব্যাধিগ্রস্ত হয়। চারি মাইল ব্যাপ্ত শহর এক বোমায় ধূলিসাৎ হয়।

**হিলি** ( Hili ) : অখণ্ড বঙ্গের দিনাজপুর জেলার শহর ; বর্তমানে শহরাংশ পশ্চিম-দিনাজপুর ও স্টেশন পূ. পাকিস্তানের দিনাজপুর জেলার মধ্যে পড়িয়াছে। হিলি শহর ( জন. ৮,৩৪৬ ) আত্রাই-এর উপনদী যমুনাতীরে। ধান, পাট, ইক্ষু, সরিষার বাজার।

**হিসপানিওলা, হাইতি** ( Hispaniola, Haiti ) : পশ্চিম ইন্ডিসের দ্বিতীয় বৃহৎ দ্বীপ। ১৬ শতকে স্পেনীশরা দখল করে। দৈর্ঘ্য ৪০০ মা ও ১৬০ মা প্রস্থ ; আয়তন ২৮,৮০০ ব মা।

**হিস্‌পানিয়া** ( Hispania ) : স্পেন দেশের নিজস্ব সরকারী নাম।

**হিসার** ( Hisar ) : পূ. পঞ্জাব ; অম্বলা বিভাগের জেলা ; লোহারু করদরাজ্য জেলাভুক্ত হওয়ায় এখন আয়তন ৫,৪৩১ ব মা ; জন. ১০'৪৫ লক্ষ ( '৫১ )। প্রধান শহর হিসার, ভিওয়ানী, হাঁসি, সিরসা।...এই জেলার গরু বিখ্যাত। —জেলার সদর শহর ( জন. ৩৫,২৯৭ ) বড় জংশন। ১৩৫৬ অব্দে ফিরোজ শাহ তুঘলক এই নগর পত্তন করেন।

**হীরাকুড় বাঁধ** ( Hirakud ) : ওড়িশার সম্বলপুর জেলায় মহানদী বাঁধিয়া বিরাট জলসেচন ও জল-বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। ৩ বাঁধ : হীরাকুড, টেকের পাড়া ও নারাজ নামক স্থানে হইবে : তন্মধ্যে হী. বাঁধ নির্মাণ শেষ হইয়াছে। ১৫,৭৪৮ ফুট দীর্ঘ মূল বাঁধ, উচ্চতা ১১৫ ফুট। কাজ শেষ হইলে প্রায় ১৯ লক্ষ একার জমিতে জলসেচন পাইবে ও প্রায় ২ লক্ষ কি. ও. বিদ্যুৎ উৎপন্ন হইবে। বাঁধ ও জলাধারগুলি নির্মিত হইয়া গেলে মহানদীর বন্যা নিয়ন্ত্রিত হইবে।

**হীরাপুর** (Hirapur) : বর্ধমান জেলা ; আসানসোল, মহ.ব থানা। আ. ২৫ ব মা ; জন. ৫১,৯৩৪ ; ঘ ১,৪৬৬। শিল্প-থানা। এখানে লৌহ ও ইস্পাতের কারখানা আছে।

**হুগলি** ( Hugli, Hoogly, Hooghly ) : বর্ধমান বিভাগের জেলা। দামোদর নদী জেলার মধ্য দিয়া ও পূর্ব-সীমান্ত দিয়া ভাগীরথী প্রবাহিত। আ. ১,২০৯ ব মা ; জন. ১৫,৫৪,৩২০ ( '৫১ )। হিন্দু ৮৬'৫% ; মুসলমান ১৩'২%। জেলায় পূর্বে ৩ মহকুমা ছিল : হুগলি, শ্রীরামপুর, আরামবাগ ; ১৯৫৪ হইতে চন্দন-নগর ৪র্থ মহাকুমা। ...জেলার সদর চুঁচুড়া, গঙ্গাতীরে ; অপর পারে নৈহাটি। হুগলি ও চুঁচুড়া পাশাপাশি শহর। হুগলি রেলপথে কলিকাতা হইতে ২৪ মা। গঙ্গা শহরের নিম্ন দিয়া প্রবাহিত। মহম্মদ মহসিন কলেজ ( ১৮৩৬ )। বাংলার সর্বপ্রথম মুদ্রাযন্ত্র এই শহরে স্থাপিত হয়। পঞ্চানন কর্মকার ও মনোহর দাসের সহযোগিতায় উইলকিন্স সাহেব প্রথম বাংলা হরফ তৈয়ারি করেন। হুগলির ইমামবাড়ি ও মসজিদ শিয়া সম্প্রদায়ের প্রতিষ্ঠান। জন. ৫৬,৮০৫।

**হুগলি নদী** ( The Hooghly ) : ভাগীরথী গঙ্গার দক্ষিণাংশকে সাধারণভাবে হুগলী নদী বলা হয় ; জলঙ্গীর সঙ্গমস্থল হইতে এই নাম। সমস্ত শাখার দৈর্ঘ্য ৩২০ মা ; হুগলি অংশ ১৬০ মা। নদীমুখের খাড়ির পরিসর ৩ হইতে ২০ মা। ...হুগলী নদীর পূর্বতীরে কলিকাতা ও পশ্চিম তীরে হাওড়া। নদীর উভয় তীরে অনেকগুলি শিল্পনগর গত একশত বৎসরের মধ্যে গড়িয়া উঠিয়াছে। ( দ্র. ভাগীরথী )।

**হুনান** (Hunan) : চীনের প্রদেশ ; মধ্য ইয়াঙ-ৎসে নদীর অববাহিকায় অবস্থিত। কয়লা, আন্টিমনি, টাঙ্-স্টান, টিন, ম্যাঙ্গানিস, পারদ প্রভৃতির আকর আছে। খাদ্যশস্য প্রচুর উৎপন্ন হয়। আ. ৭৯৫০০ ব মা ; জন. ৩ কোটি। রাজধানী চাংসা (Changsha)।

**হু-পে** (Hu-peh, Hu-pei) : চীনের প্রদেশ ; ইয়াঙ ৎসে ও হান নদী প্রবাহিত। আ. ৭১,৪২৮ ব মা ; জন. ২,১৪,৭০,০০০ ( '৫২ )। রাজধানী উ-চঙ (Wu-Chang)। দেশ কৃষিপ্রধান। কয়লা সম্পদ প্রচুর।

**হুবলী** (Hubli) : বোম্বাই ( বর্তমান মহীশূর ), ধারওয়ার জেলার তালুক, হুবলী জেলার বৃহত্তম নগর, দক্ষিণ রেলপথের বিশিষ্ট কেন্দ্র ও জংশন।

**হু-য়ে** (Hue) : ভিয়েৎ-নাম বা ইন্দোচীনের মধ্যাংশ বা আন-নামের প্রধান শহর। জন. ১'১০ লক্ষ। প্রাচীর-বেষ্টিত সুদৃশ্য বৌদ্ধমন্দির ও কুংফুৎসুর মন্দিরে শোভিত। বহুকাল আনামের রাজধানী ছিল।

**হুলার হাট** (Hular Hat) : পূ. পাক. ; বাখরগঞ্জ জেলা ; পিরোজপুর মহ-র নদীতীরস্থ বন্দর ; ব্যবসায়ের গঞ্জ।

**হেকলা** (Hekla) : আইসলন্ড দ্বীপরাজ্যের জীবন্ত আগ্নেয়গিরি। ৫,১০৮ ফুট উচ্চ। বৃহত্তম গহ্বরমুখ আধ ক্রোশের উপর ; ২-৩ শত ফুট গভীর।

**হেগ** ( The Hague's Graven hage, ফরাসী La Haye ) : নেদারলন্ডস বা হলন্ডের রাজধানী। জন. ৫'৭২ লক্ষ ( '৫১ )। নগরের মধ্যে বহু খাল। নানা-রকম শিল্পের কেন্দ্র।...আন্তর্জাতিক বিবাদ মীমাংসার জন্য এখানে ১৯১৩-এ একটি আদালত স্থাপিত হয়।

**হৃষীকেশ** (Rishikesh, Rikhikesh) : হরিদ্বারের পর-বর্তী স্টেশন রাইওয়ালা (Raiwala) হইতে হৃষীকেশ ১২ মা। গঙ্গার দ. তীরে, এখানে সনাতনী হিন্দুদের ঋষিকুল আশ্রম অবস্থিত। বহু মন্দির ও ধর্মশালা

আছে। বাবা কালিকমলিওয়ালা রামনাথজীর আশ্রম হইতে সাধু ও তীর্থযাত্রীদের খাদ্যাদি দেওয়া হয়।

**হেজাজ** (Hejaj) : আরাবিয়ার পশ্চিমে লোহিত সাগরের বরাবর ২০০ মা প্রস্থ ও ৮০০ মা দীর্ঘ ভূখণ্ড ; আ. ১·৫০ লক্ষ ব মা ; জন. ৬০ লক্ষ। (দ্র. সউদি আরাবিয়া)।

**হেবরাইডিজ** (Hebrides) : স্কটলন্ডের পশ্চিমে প্রায় ২০০ মা বিস্তারিত প্রায় ৫০০ দ্বীপের পুঞ্জ। আ. প্রায় ৩ হা. ব মা ; জন শতাধিক।

**হেমতাবাদ** (Hemtabad) : প. দিনাজপুর জেলা; রায়গঞ্জ মহ.র থানা। আ. ৭৪ ব মা ; জন. ৩৪,৬৮০ ; ঘনতা ৪৬৯। এই থানা পাকিস্তানী দিনাজপুরের সংলগ্ন।··· এই স্থানের চতুর্দিকে প্রাচীন ও মধ্যযুগের বহু কীর্তির ধ্বংসচিহ্ন দেখা যায়।

**হের্ৎসেগোভিনা** (Herzegovina) : যুগোস্লাভিয়ার প্রদেশ। হে. অংশ শিলাময়, শুষ্ক দেশ। পূর্বে তুর্কী সাম্রাজ্যভুক্ত ছিল। ১৮৭৮ হইতে অস্ট্রিয়ার দ্বারা শাসিত ও ১৯০৮ এ অধিকৃত হয়। ১৯১৮ হইতে যুগো. ভুক্ত। দ্র. বসনিয়া।

**হেরাট** (Herat, Harat) : আফগনিস্তানের প্রদেশ ও হরিরুদ নদীর উপত্যকার চতুর্দিকস্থ দেশ। পেট্রোলিয়াম, কয়লা, লৌহ, রৌপ্যাদি খনিজ পাওয়া গিয়াছে। প্রদেশের আনু. আ. ৫০,০০০ ব মা ; জন. ১১·৫০ লক্ষ। ···হেরাট, আফগনিস্তানের উ.-প. সীমান্তে অবস্থিত বিশিষ্ট নগর। আফগনিস্তানের ব্যবসায় ও আন্তর্জাতিক বাণিজ্যের কেন্দ্র। রেডিও স্টেশন। জন. প্রায় ৯০ হা.।

**হেলভেশিয়া** (Helvetia) : সুইট্‌জারলন্ডের নিজস্ব সরকারী নাম। হে. রিপাবলিক ১৭৯৮-১৮০৩।

**হেলসিংগফোরস্** (Helsingfors) : ফিন্‌লন্ড-এর সামুদ্র বন্দর ও রাজধানী। দ্র. হেলসেংকি।

**হেলসিংগোর** (Helsingor) : ডেনমার্কের শহর ও সাউন্ড প্রণালীর বন্দর। জন. ১৮ হা.। ইহা সেক্সপীয়রের হ্যামলেট-এর দেশ। শহরের অপর পারে সুইডিস শহর হেলসিংবোর্গ (দ্র.)। দ্র. এলসিনোর।

**হেলসিংবোর্গ** (Helsingborg) : সাউন্ড (The Sound) প্রণালীর উপর সুইডিশ শহর ও বন্দর। অপর পারে ডেনমার্কের হেলসিংগোর বা এলসিনোর।

**হেলসেংকি** (Helseinki ; Helsingfors) : ফিনলন্ডের রাজধানী ও বন্দর। ১৫৫০-এ সুইডিস রাজা গুসতাভাস ভাসা (Vasa) কর্তৃক এই নগরের পত্তন হয়। বিশ্ববিদ্যালয় বিখ্যাত। ১৯৫২ অগস্ট মাসে এখানে অলিম্পিক ক্রীড়াপ্রদর্শনী অনুষ্ঠিত হয়। জন. ৩·৬৪ লক্ষ।

**হেলাস** (Hellas) : গ্রীসের সরকারী নিজস্ব নাম।··· আদিযুগে থেসালি প্রদেশের একটি জনপদের নাম ছিল ; কালে সমস্ত গ্রীকের জাতীয় নাম হয়।

**হেলিওপোলিস** (Heliopolis) : মিশর ; দক্ষিণ ব-দ্বীপের প্রাচীন নগর, কাইরোর ৬ মা উত্তরে। সূর্য (রা দেবতা) পজার স্থান (খ্রী. প. ২৬০০)। রেসকোর্স, বিমান বন্দর প্রভৃতি। জন. ১·৬৫ লক্ষ।

**হেলিগোলন্ড** (Helgoland ; Heligoland) : জারমানির এল্‌বে নদীর মোহনা হইতে ৪০ মা দূরে নর্থ সী-র ক্ষুদ্র দ্বীপ। আ. ১৫০ একর।

**হেলুঙ-কিয়াং** (Hai-lung-kiang) : চীন রাষ্ট্রের প্রদেশ ; উত্তরে সোবিয়েত-সাইবেরিয়া। দেশ পার্বত্য। আ. ১·০৯ লক্ষ ব মা ; জন. ৫৫ লক্ষ। রাজধানী ৎসিত্‌সিহার (Tsitsiha)। পূর্ব নাম—লুং কিয়াং। সীমান্তের ও আয়তনের বহু পরিবর্তন হইয়াছে।

**হেলেসপণ্ট** (Hellespont) : দারদানেলিসের পুরাতন নাম (দ্র.)। গ্রীক পাণ্টস-সাগর।

**হেস্** (Hesse) : প. জারমানির একটি প্রদেশ। আ. ৮,১৫১ ব মা ; জন. ৪০·৬৪ লক্ষ ('৪৭)। পূর্বে ডাচি ছিল। প্রধান শহর Wiesbaden (জন. ২·২০ লক্ষ)।

**হোকাইদো** (Hokkaido) : জাপানের উত্তরতম দ্বীপ ; নিকটবর্তী দ্বীপগুলি লইয়া আ. ৩৪,২৭৬ ব মা। জন. ৩০·৬৮ লক্ষ। প্রধান শহর সাপোরো (Sapporo)। ...মাছের ব্যবসায়ের জন্য এই দ্বীপবাসীদের খ্যাতি।

**হোনসু** (Honshu) : জাপানের প্রধানতম দ্বীপ। নিকটস্থ ৩৮২টি দ্বীপ লইয়া হোনসুর আ. ৮৯,৯১৯ ব মা ; জন. ৫·৬০ কোটি। (দ্র. জাপান)।

**হো-নান** (Ho-nan) : চীনের প্রদেশ। আ. ৬৭,৯৫৪ ব মা ; জন. ৩·০৫ কোটি ('৫৩) ; ঘনতা ৫২২। প্রদেশ চীন সভ্যতার কেন্দ্র ; লোয়াং (Loyang) বৌদ্ধ সংস্কৃতির জন্য খ্যাত। কাই-ফেং (Kaifeng) বর্তমানে রাজধানী।

**হোপাই** (Hopei) : চীনের প্রদেশ ; হোয়াং-হো দক্ষিণ-দিকে প্রবাহিত। সমতলভূমি, কৃষিপ্রধান দেশ। আ. ১'৪২ লক্ষ বর্গ কি: মি: ; জন. ২'৯৭ কোটি ('৫১)। ...রাজধানী পাও-তিঙ (Pao-Ting)।

**হোবার্ট** (Hobart) : অস্ট্রেলিয়ার স্টেট টাস্‌মেনিয়ার রাজধানী ও বন্দর। জন. ৮৭,১২০ ('৫০)।

**হোয়াং-হো** (Hoang-ho) : চীন দেশের নদী (২,৬০০ মা)। এই নদী তিব্বতের অন্তর্গত জরীন নর্‌ ও নরীন নর্‌ নামক হ্রদদ্বয় হইতে উদ্ভূত। হো.র অববাহিকার আয়তন ৬ লক্ষ ব মা। পূর্বে ইহা পীতসাগরে পড়িত ; পরে ১৮৫২ অব্দে গতি পরিবর্তন করিয়া পো-হাই উপসাগরে পড়ে। ১৯৪৭ হইতে পুনরায় পুরাতন খাদে প্রবাহিত হইতেছে। বন্যার জন্য এই নদী কুখ্যাত ; সেই জন্য ইহাকে বলে 'চীনের দুঃখ'।

**হোলকার রাজ্য** (Holkar Dominions) : দ্র. ইন্দোর।

**হোলস্‌টাইন** ( Holstein ) : দ্র. শ্লেজউইগ-হোলস্‌-টাইন।

**হোলি রোমান এম্‌পায়ার** (Holy Roman Empire) : পোপ ৩য় লিও ( Leo ) ফ্রাংকদের রাজা চার্লস ( শার্লামেন )-কে রোমে আহ্বান করিয়া আনিয়া সম্রাটের মুকুটে অভিষেক করেন। ৯৬২ অব্দ হইতে জারমান সম্রাটগণ ( ফ্রাংকরা জারমান ছিল ) 'পবিত্র রোমের সম্রাট' নামে পরিচিত হইলেন। কালে জারমান সম্রাট ও পোপদের মধ্যে কে অধিক শক্তিশালী তাহা লইয়া দীর্ঘকাল বিবাদ চলে। ১৮০৬-এ নেপোলিওন এই পদ উঠাইয়া দেন।

**হোস্‌পেট** (Hospet) : মহীশূর ; বেলারী জেলার তালুক ও শহর। হুবলী-গদগ-গুনটকল রেলপথের স্টে.। তুঙ্গাভদ্রার একটি বাঁধ হোস্‌পেট তালুকের মধ্যে পরিকল্পিত হইয়াছে। ...জন. ৩৮,৬৩৩।

**হোসাঙগাবাদ** ( Hoshangabad ) : মধ্যপ্রদেশ রাজ্যের জেলা। আ. ৫,৬২২ ব মা ; জন. ৮'৪৮ লক্ষ ('৫১)। —সদর শহর ( জন. ১৫ হা. ) কাঁসা-পিতলের বাসন-পত্রের জন্য খ্যাত।

**হোসিয়ারপুর** ( Hoshiarpur ) : পূ. পঞ্জাব ; জলান্ধর বিভাগের জেলা। জেলার উ.-পূ. অংশ পার্বত্য। আ. ২,১৮০ ব মা ; জন. ১০'৯২ লক্ষ। —সদর শহর ( জন. ৪৫,২৯১ ) সুতির কাপড়, কাঠের, বিদরী ও Lacquer কাজের জন্য বিখ্যাত।

**হোসেনপুর** ( Hossainpur ) : পূ. পাক. ; ময়মনসিংহ জেলা, কিশোরগঞ্জ ম.হর থানা ; আ. ৪৫ ব মা।

## হ্রদ, পৃথিবীর প্রধান ( Lakes )

| নাম | ব-মা | দৈর্ঘ্য | গভীরতা | উচ্চতা |
|---|---|---|---|---|
| কাস্পিয়ান ( সোবিয়েত ) | ১৬৯,৩০০ | ৭৯৫ | ৩৬১২ | -৬৬ |
| সুপিরিওর ( কানাডা ) | ৩১,৮০২ | ৩৮২ | ১,২৯০ | ৬০২ |
| আরল ( সোবিয়েত) | ২৬,২৩৩ | ২৮০ | ২২২ | ১৫৫ |
| ভিক্‌টোরিয়া ( আফ্রিকা ) | ২৬,২০০ | ২৫০ | ২৭০ | ৩,৭২০ |
| হুরোন ( কানাডা ) | ২৩,০১০ | ২৪৭ | ৭৫০ | ৫৮০ |
| মিশিগান ( মার্কিন ) | ২২,৪০০ | ৩২১ | ৯২৩ | ৫৮০ |
| বৈকাল ( সাইবেরিয়া ) | ১৩,৩০০ | ৪১১ | ৫,৪১৩ | ১,৫১৫ |
| টাংগানিকা ( আফ্রিকা ) | ১২,৭০০ | ৪৫০ | ৪,৭০৮ | ২,৫৩৬ |
| নাইসা ( আফ্রিকা ) | ১১,০০০ | ৩৫০ | ২,৫৮০ | ১,৬৫০ |
| ঈরী ( কানাডা ) | ৯,৯৪০ | ২৪১ | ২১০ | ৫৭২ |
| বল্‌খস ( সাইবেরিয়া ) | ৭,১১৫ | ৪৩০ | ৩৬ | ৯০০ |
| লাডোগা ( সোবিয়েত ) | ৭০০০ | ১২৫ | ৭৩০ | ৫৫ |
| টিটিককা ( পেরু ) | ৩,২০০ | ১২৫ | ৮৯২ | ১২,৫০৭ |
| ইসিককুল ( সোবিয়েত ) | ২,৪৪৪ | ১৫৫ | ২,৩০০ | ৫,৪০০ |
| ভেনার্ন ( সুইডেন ) | ২,১৪৩ | ৮৭ | ২৯২ | ১৪৪ |
| কোকোনর্‌ ( চীন ) | ২,২০০ | ৬৬ | — | ১০,০০০ |
| মানিটোবা ( কানাডা ) | ১,৮১৭ | ১২০ | ১২ | ৮১৩ |
| উরমিয়া ( ইরান ) | ১,৭৫০ | ৮০-৯০ | ১৬ | ৪,১৮৪ |
| গ্রেট সল্‌ট ( মার্কিন ) | ১,৫০০ | ৭৮ | ১৫-২৫ | ৪,২০০ |
| ভ্যান ( তুর্কী ) | ১,৪৫৩ | ৮০ | | ৫,৬৪৩ |

উলার ( কাশ্মীর ) ১০ মা লম্বা, ১৫ মা প্রস্থ।